শব্দার্থ মুক্তাবলী

কোষ হইতে সঙ্কলিত [illegible] শব্দ ও তদিন্ন
এবং [illegible] নানার্থ পর্য্যায় [illegible]
গৌড়ীয় সাধুভাষা [illegible]
শব্দের অর্থ প্রকাশক [illegible]।

শ্রীযুক্ত বেণীমাধব দের অনুমত্যনুসারে

এবং

শ্রীযুক্ত [illegible]কুমার কবিরত্ন ভট্টাচার্য্য মহাশয়ের

সাহায্যে

শ্রীযুক্ত বাবু বেণীমাধব দাস মহাশয় কর্ত্তৃক

সংগৃহীত হইয়া

কলিকাতা

চিৎপুর রোড ২৪৬ নম্বর বটতলা

বিদ্যারত্ন যন্ত্রে

শ্রী[illegible] ঘোষ [illegible] মুদ্রিত এবং প্রকাশিত

শকাব্দাঃ ১৭৮৫ [illegible] আষাঢ়।

উপক্রমণিকা।

ভাষার বিবরণ।

কণ্ঠ, তালু, দন্ত ও ওষ্ঠপ্রভৃতি স্থানেতে কোষ্ঠস্থ বায়ুর অভিঘাত দ্বারা যে সকল বর্ণের উৎপত্তি হয়, এবং যাহা দেশ বিশেষে বিকারী হইয়া নানারূপে উচ্চারিত হয়, এবং যে সকল বর্ণ যথা নিয়মে পরিগ্রথিত হইয়া একৈক পদরূপে পরস্পর মনুষ্যের মনোগত ভাব প্রকাশ পায়, তাহাকেই ভাষা কহে। ইহাতে এই অনুমান সিদ্ধ হইতেছে যে পূর্ব্বে এরূপ ভাষা সঙ্কেত সৃষ্টি না হইলে কোন ক্রমেই কেহ কাহার সাহায্য বা বিহিত কর্ম্ম সাধনে সক্ষম হইতে পারিতেন না, সুতরাং তাহাতে জন সকলের সুখসমৃদ্ধি এবং সভ্যতার সম্বর্দ্ধন করা অতিশয় দুষ্কর হইত। যদ্যপি লিপি সঙ্কেত সৃষ্টি না হইয়া, কেবল বাচনিক শব্দোচ্চারণ মাত্র প্রসিদ্ধ থাকিত, তবে সন্নিহিত ব্যক্তিকে যথাকথঞ্চিৎ আত্ম মনোগত ভাবাদি ব্যক্ত করিতে কোন ব্যাঘাত জন্মিত না, কিন্তু দূরদেশস্থ ব্যক্তিকে সে ভাব ব্যক্ত করার সম্যক্রূপ সঙ্গতি বিরহ হইত। একারণ আমরা পরমেশ্বরকে ধন্যবাদ করি, যেহেতু তৎসৃষ্ট এই জগতীতলে মনুষ্যগণেরা লিপি সঙ্কেতানুসারে বাক্যাদি বিন্যাসের কৌশল জানিয়া সর্ব্ববিষয়ে দক্ষতা প্রকাশ করিয়া থাকেন। তাহা না হইলে পূর্ব্বকালীন মহর্ষিদিগের নীতিগর্ভ উপদেশ সকল এবং প্রাচীন লোকদিগের রীতি নীতি আচার ব্যবহার, আয় ব্যয় ও রাজ্যরক্ষাদি ব্যবস্থার কখনই পরিজ্ঞান জন্মিত না। যদিও আমরা দেশদেশান্তরাদিতে সম্যক্ গমনপটু না হই, তথাপি লিপি সঙ্কেত প্রসাদে পুরাবৃত্তেতিহাসানুসন্ধানদ্বারা সমস্ত লোকের আচার ব্যবহারাদি নখ দর্পণের ন্যায় অনুদর্শন করিতে সক্ষম হইতেছি। এবং সত্য ত্রেতা দ্বাপর কলি এতৎযুগ চতুষ্টয়ের অতীতানাগত বর্ত্তমান বার্ত্তাদি পুরাবৃত্তানুসন্ধানদ্বারা সম্যক্ রূপ জানিতে শক্ত হইতেছি। বিশেষতঃ ব্যাস বাল্মীকি মন্বাদি মহানুভবদিগের প্রণীত এই পৃথিবীর মধ্যস্থ ভারতবর্ষাদি অন্যান্য বর্ষ সকলের সম্যক্ বৃত্তান্ত, ও লোক যাত্রা বিধানানুসারে ধর্ম্মনীতি, কৃষি, বাণিজ্য, ভৈষজ্য ও শিল্পনৈপুণ্য শাস্ত্রাদির পরিজ্ঞানে জ্ঞানীরূপে বিখ্যাত হইতেছি। অতএব লিপিকার্য্য যে আমাদিগের অতুল্য উপকারী ইহা ধরণীতলস্থ মনুষ্যমাত্রকে অবশ্যই স্বীকার করিতে হইবে।

প্রাচীন শাস্ত্রোদিত লিপিকার্য্যের প্রমাণানুসারে আম্লেচ্ছাদি দেশজাত বুদ্ধিমান মানবগণেরা দেশকালভেদে এক এক প্রকার সাঙ্কেতিক বর্ণ সর্জ্জনপূর্ব্বক লিপি কার্য্যের সম্পাদনা করিয়াছেন। পূর্ব্বে মিশ্রদেশীয় ধর্ম্মাধ্যক্ষেরা মনোগত অভিপ্রায় বোধার্থে তদনুকরণ চিহ্ন সকল চিত্রপটে চিত্রিত করিয়া বহু আয়াসে তাহা প্রকাশ করিত, এবং মেক্সিকোদেশের প্রাচীন লোকেরা আপন আপন অভিপ্রায় ব্যক্ত

করিবার নিমিত্ত তল্লক্ষণাদিসূচক অবয়ব সকল চিত্রিত করিত, এইরূপে বহু আয়াস সাধ্য চিত্র লিপিদ্বারা তাহাদিগকে স্বস্ব হৃদ্গত ভাব প্রকাশ করিতে হইত। চীন দেশীয়েরা প্রত্যেক শব্দের বোধার্থে এক একটী বিশেষ চিহ্ন ব্যবহার করিয়া থাকেন, সুতরাং চীনদেশীয় ভাষাভ্যাসের অগ্রে তৎচিহ্নগুলিনকে সমুদয় অভ্যস্ত করিতে হয়, এবং তাহাও অনায়াস সাধ্য নহে, তদভ্যাসে বহুকাল ক্ষেপ হইয়া যায়। এতদ্বিবেচনায় উপান্তবাসী কোন কোন দেশীয় বুদ্ধিমানেরা এই আয়াস সাধ্য চিত্রিত চিহ্ন নিরাকরণার্থ প্রাচীন সভ্য জাতীয়দিগের বর্ণবিন্যাসানুক্রম দৃষ্টে এক এক প্রকার সাঙ্কেতিক বর্ণসৃষ্টি করেন।

প্রথম সৃজনকালে ভগবান প্রজাপতি যদ্রূপ অকারাদি ক্ষকার পর্য্যন্ত পঞ্চাশবর্ণ সৃষ্টি করিয়া পরে পরস্পর মিলিতানুক্রমে ভাষাবোধার্থ পদবিন্যাস করিয়াছিলেন, তদ্রূপ বুদ্ধিমান লোকেরা প্রকারবিশেষে বর্ণের তন্ত্রতা করিয়া এক এক প্রকার অবয়বে বর্ণ কল্পনা করিয়াছেন, ফলতঃ সংস্কৃত শাস্ত্রোদিত বর্ণই তাহার মূলকারণ ইহা স্পষ্টই বোধ হইতেছে। কেননা সেই অপৌরুষেয় বর্ণের সংমিলন ভিন্ন কোন বর্ণই উচ্চারিত হইতে পারে না। এক্ষণে সেই সকল কল্পিত চিহ্নকে দুই তিন বা ততোধিক একত্রে সংশ্লিষ্ট করিলে এক এক প্রকার অর্থবোধক শব্দ নিষ্পন্ন হয়। যেমন সার্থক ক, ম, ল এই তিন অক্ষরের যোগে অর্থ বোধক "কমল" শব্দ উচ্চারিত হয়, সেইরূপ অন্যান্য জাতীয় ভাষাভ্যাসী জনসকলে নিরর্থক বর্ণ সংযোগে শব্দ উচ্চারণ করিয়া থাকেন। এই প্রকার যে সকল রূঢ়ি যৌগিক যোগরূঢ়ি শব্দবোধক চিহ্ন তাহার সমষ্টির নাম বর্ণমালা। এইরূপ সুবুদ্ধিমান উপান্তবাসীদিগের রচিত বর্ণমালা সহকারে পারসী, আরবী, গ্রীক, ল্যাটিন, ইংরাজিপ্রভৃতি ভিন্ন ভিন্ন ভাষার বৈচিত্র্য ও রচনার চাতুর্য্য লোকতঃ ও শাস্ত্রতঃ প্রসিদ্ধি আছে।

এই ভারতবর্ষের মধ্যে ব্রহ্মাবর্ত্তাদি সর্ব্বশস্যোৎপাদক প্রাচীন দেশে সকলকালে সংস্কৃতভাষা প্রচলিতা ছিল; অদ্যাপিও প্রগাঢ়রূপে প্রচলিত আছে। অতএব এ ভাষা অতি প্রাচীনা সর্ব্বদেশীয় ভাষার জননী হয়েন, ইহা ইদানীন্তন অনেকানেক বিজাতীয় গ্রন্থকর্ত্তারাও স্বীকার করতঃ স্বস্বকৃত পুস্তকে লিপিবদ্ধ করিয়া গিয়াছেন। এই মহীয়সী সংস্কৃত ভাষা অতি বর্ষীয়সী, এ ভাষার প্রতিরূপ ভাষা নাই, এ ভাষাকে দৈবী ভাষা বলিয়া স্বীকার করা যায়, যেহেতু ইহা কোন দেশ ভাষার মধ্যে গণ্য নহে। এতদ্দেশীয় বা ভিন্নং দেশীয় প্রচলিতা যে সকল দেশ ভাষা, সে সকল ভাষাই সংস্কৃত ভাষার উচ্চারণ বৈগুণ্যজন্য বিকৃতাকাররূপে উৎপন্না হইয়াছে। যথা।—প্রাকৃত, উদীচী, মহারাষ্ট্রী, মাগধী, মিশ্রার্দ্ধমাগধী, শকাভীরী, শ্রবন্তী, দ্রাবিড়ী, উড্রী, পাশ্চাত্যা, প্রাচ্যা, বাহ্লীকা, রন্তিকা, দাক্ষিণাত্যা, পৈশাচী, আবন্তী, শৌরসেনী এতদ্ভিন্ন লাঙ্কেশ্বরী, প্রাকৃতলাঙ্কেশ্বরী, বৈষিচ্যা, পিঙ্গলফণিভাষাপ্রভৃতি সকল ভাষাই সংস্কৃতমূলিকা হয়। বিবেচনা করিয়া দেখিলে বোধ হয়, যে এই সকল ভাষার কিঞ্চিৎ কিঞ্চিৎ অংশ মিলিতরূপে ম্লেচ্ছাদি দেশীয় নানাভাষার উৎপত্তি হইয়াছে, পূর্ব্বতন প্রাচীন পণ্ডিতগণেরা ঐ সংস্কৃত ভাষায় নানাপ্রণালীতে নানাবিধ গ্রন্থ প্রণয়ন

করিয়া ভাষা দেবীকে সম্যক্ অলঙ্কারে অলঙ্কৃতা করিয়া গিয়াছেন। ধরাতলে এমন বিষয় কিছু মাত্র নাই, যে সংস্কৃত ভাষাতে তাহাকে অনায়াসে সুন্দররূপে লিপিবদ্ধ করিতে না পারা যায়।

যাবনিক দেশীয় ভাষাবিদভিমানী কোন কোন ব্যক্তি স্বীয় স্বীয় বুদ্ধির অনুসারে ভাষাবিষয়ের একপ্রকার নির্দ্দেশ করিয়া গিয়াছেন, যে এতৎসময়াপেক্ষা পূর্ব্বে ইরাণ প্রদেশে এক আদিম ভাষা প্রচলিত ছিল, এবং ঐ ভাষার অপভ্রংশে বা পরিবর্ত্তনে গ্রীক, ল্যাটিন, জর্ম্মন্, রুসিয়া প্রভৃতি কতকগুলিন ভাষা উৎপন্না হয়, এবং ইহার পূর্ব্বে আসিয়াখণ্ডে সংস্কৃত ও জেন্দ ভাষার সৃষ্টি হয়। ইহাতে অস্মদাদির বোধ হইতেছে, যে ইরাণদেশের ভাষাই সমস্ত যাবনিক দেশভাষার জননী হইতে পারিবেন, যেহেতু পূর্ব্বে ইরাণ দেশও এই আসিয়াখণ্ডে ভুক্ত ছিল, তাহাতে পূর্ব্বযবনেরা বাস করিত, তাহাদিগের ভাষা হইতে পরম্পরা সম্বন্ধে উচ্চারণ বৈষম্যে গ্রীকাদি ভাষার উৎপত্তি বিষয়ে সন্দেহ করি না।

তবে আসিয়াখণ্ডে সমকালে সংস্কৃত ও জেন্দ এই দুই ভাষার সৃষ্টি হয়, যে কহিয়াছেন, তাহার অভিপ্রায় কি, তাহা তাঁহারাই বলিতে পারেন। যাহাকে জেন্দ ভাষা বলিয়া খ্যাতা করেন, অনুমান করি সেই ভাষাই পূর্ব্ব যাবনিক ভাষা হইলেও হইতে পারে। পুরাবৃত্তেতিহাসে দেখা যায় যে পূর্ব্বে সগর রাজা যখন যবনত্ব প্রাপ্ত পৃথধ্বংশীয় ক্ষত্রিয় গণকে বেদব্রাহ্মণ বর্জ্জিতরূপে অরণ্যপ্রদেশে প্রেরণ করেন, তখন তাহারা ক্রমে শাস্ত্র ও ব্রাহ্মণ দর্শনাভাবে স্বীয় বুদ্ধিকৃত বেদবিপরীত যে ভাষায় কথা বার্ত্তা কহিত, ভাষাবিৎ পণ্ডিতেরা তাহাকেই জেন্দ ভাষা বলিয়া থাকিবেন। এবং মহাভারতে বিদুর মহাশয় যুধিষ্ঠিরকে ঐ ভাষাতেই সঙ্কেত করিয়াছিলেন এমতও অনুমান হয়। ভাষাবিৎজনেরা আরও কহিয়াছেন। যে " আসিয়াখণ্ডের মধ্যভূভাগে এক জাতি বাস করিত, এবং ইহারা আপনাদিগকে আর্য্য জাতি বলিয়া পরিচয় দিত। তাহারা কৃষিকর্ম্মদ্বারা জীবিকানির্ব্বাহ করিত, এবং বস্ত্রাদি বপন করিয়া আপনাদিগের অঙ্গকে আচ্ছাদিত রাখিত। তাহারা অগ্নি ও ধাতু সকলের ব্যবহার জানিত, এবং শিল্পনৈপুণ্য প্রযুক্ত যন্ত্রবিজ্ঞান ও রথাদি প্রস্তুত করিতে পারিত। তাহারা ভদ্রাভদ্র ও ন্যায্যান্যায্যের বিবেচনা করিত, এবং যথাশাস্ত্রবিহিত পুত্র কন্যাদির বিবাহ দিত, ও আত্মীয় স্বজনের যথাবিধি সম্মান রাখিত। তাহারা ধর্ম্মনীতি, রাজনীতি ও সামাজিক ব্যবস্থার অনুগামী ছিল, এবং ঈশ্বরের সত্তা স্বীকার করতঃ সর্ব্বদা তাঁহার আরাধনা করিত। সেই আর্য্যপুরুষদিগের মধ্যে কতকগুলি দুরদেশাধিবাসনার্থ জন্মভূমি পরিত্যাগ করিয়া নানা স্থানে আসিয়া বসবাস করিয়া ছিল। পূর্ব্বে তাহারা সকলেই এক ভাষায় কথাবার্ত্তা কহিত, কিন্তু দেশান্তরিত হওয়াতে এবং কালসহকারে আচারভেদে ঐ ভাষাই ভিন্ন ভিন্ন আকার ধারণ করিয়াছে। ঐ আর্য্য পুরুষেরা সংস্কৃতভাষী ভারতবর্ষীয় এবং সকল জাতির আদিপুরুষ "।

এই ভাষাবিৎ পণ্ডিতদিগের বাক্যকে স্বীকার করিলে বর্ত্তমান হিন্দুস্থানীয় ব্রাহ্মণ, ক্ষত্রিয়, বৈশ্য ও শূদ্রাদি জাতিকেই আর্য্যজাতি বলিতে সন্দেহ হয় না, যেহেতু ইহারাই সংস্কৃতভাষী, শিল্পশাস্ত্রাদির পরিজ্ঞাতা ও কৃষি বাণিজ্যাদিদ্বারা জীবিকা নির্ব্বাহ করিতেন। ইহাঁরা অদ্যাপিও শাস্ত্রসিদ্ধ কন্যাপুত্রাদির বিবাহাদি সংস্কার করিয়া থাকেন, এবং ঈশ্বরের সত্তার প্রতি নির্ভর করিয়া কালেকালে তাঁহার আরাধনাও করেন। অপর অবশ্যপোষ্য স্বজন আত্মীয় প্রতিপালন ও ন্যায্যান্যায্য বিবেচনা এবং যথোচিত সামাজিক ব্যবহারের অনুগত হইয়া সকলকার্য্যই সম্পন্ন করেন। পূর্ব্বে উক্ত হইয়াছে যে সগররাজা কর্ত্তৃক কতকগুলিন দুষ্টাচারী ক্ষত্রিয়কুল স্বস্থানভ্রষ্ট হইয়া দূর দেশে অরণ্যপ্রায়ে অধিবাস করাতে তাহাদিগের আচার ব্যবহার ও ভাষাদির অনেক ব্যত্যয় হইয়া গিয়াছে, এবং অশিষ্টসম্মত নিকৃষ্ট কার্য্যতৎপরতা জন্য জঘন্যরূপে পরিবর্জ্জনীয় হুইয়াছে। পরে বহুকালে তাহাদিগের বংশবৃদ্ধি হওয়াতে নানা স্থানে বসবাসজন্য তাহারাই যবন ম্লেচ্ছরূপে এক্ষণে অনেক জাতি হইয়া থাকিবেক। অভিমানপরবশে তন্মধ্যে কোন কোন দেশীয় যবনেরা অদ্যাপিও সেই আর্য্যজাতি বলিয়া আপনাদিগের পরিচয় দেয়, তাহার এক প্রমাণ দেখাইতেছি যে পিরুদেশীয় ম্লেচ্ছ রাজারা কহিয়া থাকেন যে আমরা সূর্য্যবংশীয়; চীনদেশীয়েরা কহিয়া থাকেন যে আমরা চন্দ্রবংশীয়; ইরাণীয় পরাসীকেরা কহিয়া থাকেন যে আমরা অগ্নিহোত্রীয় দ্বিজসন্তান। কিন্তু আচার ব্যবহার ও ভাষার বিস্তর প্রভেদ হইয়া গিয়াছে, এমতে তাহাদিগকে যবন ম্লেচ্ছের আদিপুরুষ বলা সঙ্গত হয়। অর্থাৎ তাহাদিগেরদ্বারা অন্যান্য দেশীয় লোকের উৎপত্তির সম্ভাবনা হইতে পারে। ফলিতার্থ বেদোদিত ক্রিয়াবান লোকেরাই আর্য্যজাতি, এই আর্য্যপুরুষেরাই তাহাদিগের আদিপুরুষ, যেহেতু তাহারা পূর্ব্ব পরিত্যক্ত, পতিত, স্বদেশভ্রষ্ট ও কদর্য্যাচারীরূপে দূরদেশে অধিবাস করিতেছে।

সংস্কৃতভাষায় কোন্ সময়ে যে কোন্ কোন্ গ্রন্থ বিরচিত ও প্রচারিত হইয়াছিল, তাহা জানিবার জন্য স্বভাবতঃ অনেকেরই অন্তঃকরণে ইচ্ছা জন্মে, কিন্তু বহুকালীয় কথাপ্রসঙ্গের নিদর্শনাভাবে এক্ষণে জানিতে ইচ্ছা করিলেও সে ইচ্ছার পূর্ত্তি হয় না। অনেকানেক রাজপরিবর্ত্তনে অনেকানেক প্রাচীন গ্রন্থ প্রায় বিলোপ হইয়াছে, বিশেষতঃ মুসল্মানদিগের রাজ্যকালীন অনেক গ্রন্থ অগ্নিজ্বালায় ভস্মসাৎ হইয়া গিয়াছে, তাহার কিঞ্চিৎ কিঞ্চিৎ ভাগমাত্র অন্বেষণা দ্বারা কোথাও কোথাও এক্ষণে প্রাপ্ত হওয়া যায় এই মাত্র। কিন্তু সর্ব্বদেশে এই কথা চিরকাল প্রথিতা আছে, যে হিন্দু অতি প্রাচীনজাতি, এই জাতিই প্রায় অন্যান্য সকল জাতির উৎপাদক, ইহাদিগের ভাষা ও শাস্ত্র অতি প্রাচীন, তদ্ভিন্ন সকল জাতি ও তত্তদ্ভাষা শাস্ত্রাদির নব্যতাব্যতীত অনব্যতাস্বীকার করা যায় না। আদিভাষা সংস্কৃতা বাণী, সেই ভাষায় যে যে সকল গ্রন্থ দেখিতে পাওয়া যায়, তন্মধ্যে বেদই সকলের প্রথম, বেদসংহিতা যেরূপ গাঢ় সংস্কৃত ভাষায় অন্বিত, তদ্রূপ সংস্কৃত ভাষায় অন্যান্য গ্রন্থ দেখিতে পাওয়া যায় না, ইহাতে কোন কোন ব্যক্তিরা এমত সন্দেহ

সরিয়া থাকেন, যে কালে কালে সংস্কৃতভাষার পরিবর্ত্তন হইয়া আসিতেছে, যেমন ব্যোবসায়ী জাতীয়দিগের প্রকল্পিতা ভাষার অনুদিন পরিবর্ত্তন হইয়া থাকে। অনভিজ্ঞতাজন্য আরো অনেকে এইরূপ কহেন, যে ঋগ্বেদ সংহিতা যেরূপ সংস্কৃত দৃষ্ট হয়, তাহা মনুসংহিতা ও রামায়ণে দৃষ্ট হয় না, মনু ও রামায়ণে যে প্রকার সংস্কৃত শব্দ দৃষ্ট হয়, তাহা মহাভারতাদিতে দৃষ্টি করিলে প্রাপ্ত হওয়া যায় না, সুতরাং রামায়ণের পর মহাভারত রচনার প্রাক্কালপর্য্যন্ত যে সময় গত হয়, তাহাতে সংস্কৃতের অনেক পরিবর্ত্তন হইয়াছিল। ফলিতার্থ সংস্কৃত ভাষায় বিরচিত পর পর গ্রন্থ দৃষ্টে যে সংস্কৃত ভাষার পরিবর্ত্তে নূতনং এক এক প্রকার সংস্কৃতভাষার সৃষ্টি হইয়াছে বলিয়া যাঁহারা বিবেচনা করেন, সে তাঁহাদিগের ভ্রমমাত্র। আমাদিগের প্রাচীন শাস্ত্র বেদ, বেদই সকল শাস্ত্রের মূল, তদ্ভাষার পরিবর্ত্তে অন্যরূপ সংস্কৃতভাষায় যে পর পর গ্রন্থ সকল বিরচিত হইয়াছে, তাহাতে এরূপ তাৎপর্য্য গ্রহণ করিতে হইবে না।

ক্রমেক্রমে মনুষ্য সকলের বুদ্ধির হ্রাসতাপ্রযুক্ত বেদান্তঃস্থ অতিগাঢ় সংস্কৃত বাক্যের দুরবগাহত্বজন্য মনুমহাশয়কর্ত্তৃক বেদপ্রণীত সংস্কৃত ভাষার আশু সর্ব্ববোধার্থে ধর্ম্ম শাস্ত্র প্রকাশিত হয়। তৎপরে তদভিপ্রায়জ্ঞ মহর্ষি বাল্মীকি রামায়ণ, ও বেদব্যাসও মহাভারতাদি ইতিহাস প্রকাশ করিয়াগিয়াছেন, কিন্তু কবিতাদি রচনার বিচিত্রতাজন্য যে সংস্কৃত ভাষার বৈচিত্র অঙ্গীকার করা হইতে পারে না। বেদের মধ্যে এক প্রকারই সংস্কৃতশব্দ যে বিন্যস্ত আছে এমত নহে, গাঢ় ও কোমলরূপে অনেক প্রকার শব্দ বেদে দেখিতে পাওয়া যায়। দুরূহভাবের বোধার্থে ঋগাদি বেদসংহিতা প্রণেতা কৃষ্ণদ্বৈপায়ন, জনসকলের ভাবি মন্দবুদ্ধিতানুস্মরণে জনগণের আশুবোধার্থে অতি কোমল ভাষায় ইতিহাস ও পুরাণাদি প্রকাশ করেন। এক্ষণকার ব্যক্তি সকল ব্যাকরণানুশীলনের শিথিলতা প্রযুক্ত ক্ষুদ্রক্ষুদ্র ব্যাকরণ অধ্যয়ন করেন, তাঁহারা ইতিহাস পুরাণাদির মধ্যে মধ্যেও যে সকল কঠিন কঠিন শব্দকে ব্যাকরণসাধ্য করিতে না পারিয়া "বেদপ্রচুর প্রয়োগ বা আর্ষ" বলিয়া তৎসাধনায় নিবৃত্ত থাকেন। তন্নিমিত্ত সংস্কৃত ভাষার যে পরিবর্ত্তন এমত নহে। কবিতাদি রচনা প্রণালী দৃষ্টে যে সংস্কৃত ভাষার পরিবর্ত্তন হইয়াছে এমত কথা কখনই বলা যাইতে পারে না, তাহা হইলে প্রগাঢ় প্রগাঢ় গ্রন্থের টীকাকার মহাশয়গণকেও এক্ষণে পদে পদে সংস্কৃত ভাষার পরিবর্ত্তক রূপে গ্রহণ করিতে হয়।

উচ্চারণ সৌকর্য্য চেষ্টাকেই যদি ভাষা পরিবর্ত্তনের কারণ মান্য করা যায়, তবে কোন ভাষারই কিছু স্থির না থাকিয়া ভাষা সঙ্করতা প্রযুক্ত অনেক প্রকার গোলযোগ উপস্থিত হইতে পারে। এবং কোন গ্রন্থার্থবোধের নিমিত্ত কোন টীকাদিরও আকাঙ্ক্ষা করে না, আপন আপন মতে সকলেই সুকরতা সাধনার্থে গ্রন্থস্থ শব্দের ও ভাষার পরিবর্ত্ত করিয়া একপ্রকার নূতন ভাষার সংযোজনা করিতে পারেন, তন্নিবন্ধন কোষাদি দেখিবারও প্রয়োজনাভাব হয়।

"বৈদিক শব্দের মধ্যে অনেক স্থানে তিন চারি বর্ণের সংযোগ জন্য কা দুরুচ্চার্য্য বোধ হয়, উৎপ্রযুক্ত শব্দের উচ্চারণ মাধুর্য্য চেষ্টাতে ক্রম অ মৃদুতা সাধিত হইতে থাকে, তাহাতেই ভাষার পরিবর্ত্তন ঘটে" ইহাকেও যে ভাষা পরিবর্ত্তন বলিয়া স্বীকার করা যায় না, বরং অনুচ্চার্য্য বিধায় অশুদ্ধপ্রয়োগ বলিতে হয়। কেননা বেদমন্ত্রাদি উচ্চারণ বিষয়ের অনেক বৈষম্য হয়, শ্রাদ্ধাদির ও যজ্ঞাদির মন্ত্র সকলই বেদোক্ত, তাহার উচ্চারণ মাধুর্য্য জন্য কদাপি কোন পণ্ডিতকর্ত্তৃক তাহার মৃদুতা সম্পাদিত হয় নাই, স্খলিত পদ হইলে বরঞ্চ অশুদ্ধ উচ্চারণ বলা সঙ্গত।

সংপ্রসারণ, ও বিকর্ষণ দ্বারা সংযুক্ত হলাদির পৃথক করণ দ্বারা সংস্কৃত শব্দের যে রূপান্তর হয়, তাহাকে এক প্রকার ভাষা বলিতে হইবে, কিন্তু তাহাকে সংস্কৃত ভাষার পরিবর্ত্তন বলা হয় না, অর্থাৎ সংস্কৃত ভাষা হইতে যে অন্যান্য ভাষার উৎপত্তি হইয়াছে তাহাতে তাহার প্রমাণসিদ্ধি করা যায়। পূর্ব্বে সংস্কৃতভাষার সম্প্রসারণ ও বিকর্ষণ কার্য্য ব্যবহারদ্বারা এক নূতন ভাষার প্রচার হইয়াছে, তাহার নাম "গাথা" ঐ ভাষা বুদ্ধাবতার সময়ে প্রচলিতা হইয়াছিল। তাহার পর অশোক নামে কোন রাজার সময় তদ্ভাষার বিপরীত হইয়া "পালী" নামে আর এক ভাষা হয়, সুমাত্র ও সিংহল দ্বীপে ঐ পালী ভাষা এ পর্য্যন্তও প্রচলিতা আছে। এইরূপ ক্রমেক্রমে সংস্কৃত ভাষার অপভ্রংশেই প্রাকৃত ভাষার উৎপত্তি হয়, কিন্তু ঐভাষা সর্ব্বত্রে সমরূপে প্রচলিতা নহে, কেবল মহারাষ্ট্র ও মগধাদি দেশে তাহার প্রাচুর্য্য, কিন্তু মহারাষ্ট্র হইতে মগধাদি দেশেও ঐ ভাষার অনেক বিভিন্ন বোধ হয়। এবম্প্রকারে নানা দেশে নানা ভাষা প্রকাশিত হইয়াছে, ইহা অনুভব সিদ্ধ।

গৌড়ীয় ভাষাও তদ্রূপ সংস্কৃত শব্দের দ্রুত ব্যবহার বিধায় তদপভ্রংশে পূর্ব্বে উৎপন্না হইয়াছে, কিন্তু যত দেশভাষা থাকুক্ তন্মধ্যে বঙ্গদেশীয় ভাষাকেই সাধু ভাষা বলা যায়, যেহেতু এই ভাষাতে ভূরিশঃ সংস্কৃত শব্দের ব্যবহার দৃষ্ট হইতেছে। অন্যান্য ভাষাতে যথাকথঞ্চিৎ বিকৃতিরূপে সংস্কৃত শব্দ উচ্চারিত হইয়া থাকে, কিন্তু বঙ্গভাষায় অর্থাৎ গৌড়ীয় ভাষায় প্রায়ই অনেক শব্দ অবিকল সংস্কৃতবৎ উচ্চার্য্যমাণ হয়।

এই বঙ্গভাষা যে কতদিন উৎপন্ন হইয়াছে, এক্ষণে তাহার নির্দ্দেশ করা সুদূর-পরাহত। যেহেতু এই বঙ্গদেশ বহুকাল প্রস্থাপিত হইয়াছে, যে যুগে বলিরাজার পৌত্রত্রয় রাজা হইয়াছিল, অর্থাৎ অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, এই তিন জনে তিন দেশ স্থাপন করেন, অনুমান তৎকালাবধিই এদেশে এই ভাষা প্রচলিতা হইয়াছে। পূর্ব্বে এই বঙ্গ দেশ বিরাটরাজ্যে ভুক্ত ছিল। বঙ্গদেশের পশ্চিমসীমা রাজমহল, পূর্ব্বসীমা আসাম ও কামরূপ, দক্ষিণ সীমা সুবর্ণরেখা নদী, উত্তরসীমা রঙ্গপুর ও কোঁচবেহারাদি দেশ, ইহার মধ্যে প্রকৃত বিকৃত রূপ যাহাহউক্ কিন্তু বঙ্গভাষাই ব্যবহার হইয়া আসিতেছে। এতদ্ভিন্ন ম্লেচ্ছাদি দেশে ঐ সংস্কৃত ভাষা অধিকরূপ বিকৃতাকারে উচ্চারিত হয়, কোন কোন শব্দও প্রকৃত সংস্কৃত রূপ আছে। কিন্তু বঙ্গভাষা যে সংস্কৃত হইতে প্রথমোৎ-পন্না হইয়াছে ইহা অবশ্য স্বীকার করিতে হইবে, যেহেতু এভাষায় অবিকল প্রভূত

সংস্কৃত শব্দ অন্বিত আছে। তাহার সহিত সংস্কৃত ভাষার কোন বৈলক্ষণ্য নাই, কেবল বিচক্ষণেরা তদপভ্রংশে অন্যান্য ভাষার উৎপত্তি নির্ণয় করিয়া গিয়াছেন।

বঙ্গভাষা আমাদিগের মাতৃভাষা, তাহা যেরূপ সংস্কৃত শব্দের বিকৃতোচ্চারণ বশতঃ উৎপন্না হইয়াছে, তাহার কিঞ্চিৎ নিদর্শন লিখিয়া জানাইতেছি। যথা—

ঘর্ম্ম হইতে ঘাম, চর্ম্ম হইতে চাম, এইরূপ কর্ণে—কান, পর্ণে—পাণ, চক্ষুতে—চোক্, নাসায়—নাক, দর্পে—দাপ, সর্পে—সাপ, পদে—পা, ঘট্টে—ঘাট, হট্টে—হাট ভট্টে—ভাট, বর্ক্সে—বাট, কাষ্ঠে—কাঠ, ভর্ত্তায়—ভাতার, ভক্তে—ভাত, পত্রে—পাত, ভ্রাতায়—ভাই, গাভীতে—গাই, নপ্তৃতে—নাতি, বপ্তৃতে—বাপা, ভ্রাতুষ্পুত্রে—ভাইপো, হস্তে—হাত, ইত্যাদি। অর্থাৎ বঙ্গভাষায় প্রাকৃত ও সংস্কৃত এই উভয়রূপ শব্দই উচ্চার্য্যমাণ হয়। কোন কোন স্থলে অনুনাসিক বর্ণ পরিত্যক্ত হইয়া তৎচিহ্ন সূচক চন্দ্রবিন্দুযুক্ত শব্দ ভাষায় ব্যবহার হইয়া থাকে, যেমত কংসে—কাঁসা, কন্থায়—কাঁথা, চন্দ্রে—চাঁদ, দন্তে—দাঁত, বংশে—বাঁশ, বন্ধুতে—বঁধু, বঙ্কে—বাঁকা, পঞ্জরে—পাঁজর, পঙ্কে—পাঁক, পঙ্ক্তিতে-পাঁইত, পাংশুতে-পাঁশ, কঙ্কণে—কাঁকণ, খণ্ডে—খাঁড়, গ্রন্থিতে—গাঁটি, চম্পকে—চাঁপা, জঙ্ঘায়—জাঁঘ, তন্ত্রে—তাঁত, ভাণ্ডে—ভাঁড়, হংসে—হাঁস ইত্যাদি। এবং অনেক শব্দের পূর্ব্বাক্ষর পরিত্যক্ত হইয়া কেবল শেষ যৌগিক স্বর মাত্র ভাষায় ব্যবহার করা হয়, যেমত বধূতে—বউ, মধুতে—মউ, ফেরুতে—ফেউ, লাবুতে—লাউ, ধাত্রীতে—ধাঈ, সখীতে—সঈ, কবরীতে—কঈ, ভূমিতে—ভুঁই, দধিতে—দই, ইত্যাদি। এবং সংস্কৃত শব্দের উচ্চারণ সৌকর্য্য হেতুও বাক্যের দ্রুততা প্রযুক্ত বহুল সংস্কৃত শব্দ অপভ্রংশরূপে ভাষায় ব্যবহার হইতেছে, যথা—উদূখলে—উখলি, কারবেল্লে—করলা, কিঞ্চুলুকে—কেঁচো, গর্গরীতে—গাগরী, গুচ্ছে—গোছা, অবগুণ্ঠিকাতে—ঘোমটা, চন্দ্রাতপে—চাঁদোয়া, চর্ম্মচটিকাতে—চামচিকা, কঙ্কতিকায়—কাঁকই, চুল্লিতে—চুলা, চতুষ্কোণে—চৌকা, চতুর্থে—চৌট, চতুরশীতিতে—চৌরাশী, ষট্টাঙ্কে—ছটাক, ছুছুন্দরীতে—ছুঁচা, সূত্রধারে—ছুতার, ছুরিকাতে—ছোরা, জামাতৃতে—জামাই, জম্বীরে—জাম্বির, জ্যেষ্ঠীতে—জেঠী, জ্যেষ্ঠতাতে—জেঠা, খুল্লতাতে—খুড়া, জ্যোতিরিঙ্গণে—জোনাকি, ডিম্বে—ডিম, তুত্থকে—তুতিয়া, তিন্তিড়ীতে—তেঁতুল, দক্রতে—দাদু, ধুস্তূরে—ধুতূরা, ননন্দৃতে—ননদ, নিম্বে—নিম, পুষ্করিণীতে—পুকুর, পরশ্বে—পরশু, পক্ষতে—পাখা, পিতৃষ্বসায়—পিসী, পৃষ্ঠে—পীঠ, প্লীহাতে—পীলা, পুত্তলিকায়—পুতুল, পুস্তকে—পুতী, পুতিকায়—পুঁই, মৃত্তিকায়—মাটী, মুদ্গে—মুগ, মুদ্গরে—মুগুর, মুষ্টিতে—মুটগ, মস্তকে—মাথা, পুত্রবতীতে—পোয়াতী, পুঙ্কে—পোকা, বন্ধ্যাতে—বাঁঝা, মঞ্চে—মাচা, মৎস্যতে—মাৎ, মাতৃষ্বসাতে—মাসী, মিত্রে—মিতা, মেঢ্রতে—মেড়া, যোক্ত্রে—যোত, শোভাঞ্জনে—শজিনা, শৃঙ্গাটকে—শিঙ্গারা, স্তম্ভে—থাম, হস্তীতে—হাতী, হৃদয়ে—হিয়া ইত্যাদি। এইরূপে বহুল সংস্কৃত শব্দ অপভ্রংশরূপে বঙ্গভাষায় ব্যবহার হইতেছে, এবং এই সকল প্রাকৃত ও সংস্কৃত এ উভয় ভাষাই বঙ্গভাষাতে উচ্চারিত হইয়া থাকে।

কিয়ৎকাল হইল মুসলমানদিগের সাম্রাজ্য কালীন ভূরি২ যাবনিক শব্দ এবং পর্ত্তুগিজ্‌দিগের এই ভারত ভূমিতে বাণিজ্যার্থ আগমন প্রযুক্ত তাহাদিগের দেশীয় ভাষারও অনেক শব্দ ভাষান্তর হইয়া বঙ্গভাষায় সন্নিবেশিত হইয়াছে, এবং ইংরাজ ও অপর বিভিন্ন জাতির সংশ্রবে অনেক বিজাতীয় শব্দও এক্ষণে বঙ্গ ভাষার সহিত ব্যবহৃত হইয়া থাকে; তাহাতে আমাদিগের কথিত ভাষা বঙ্গদেশের লিখিত ভাষা হইতে অনেক প্রার্থক্য বোধ হয়।

এইক্ষণে ইংরাজ বাহাদুরদিগের রাজকার্য্যের সুচারু নিয়ম সংস্থাপনে এবং বিদ্যা বিষয়ে বিশেষ উৎসাহ প্রদানে পুর্ব্ব বিলুপ্ত বঙ্গভাষা দিন২ শশিকলার ন্যায় বৃদ্ধি পাইতেছে, অতএব আমারদিগের বঙ্গভাষাকে মাতৃ ভাষা বলিয়া গ্রহণ করিতে যে মহাশয়দিগের বিজাতীয় বিদ্বেষ ছিল, এক্ষণে তাঁহারা অকারণ বিদ্বেষ পরিহার পুর্ব্বক মাতৃভাষায় যত্ন প্রদর্শন করিয়া তাহার উন্নতিকল্পে বিলক্ষণ কায়িক ও মানসিক পরিশ্রম স্বীকার করিতেছেন।

সুবিস্তীর্ণ সংস্কৃত ভাষাই বঙ্গভাষার মূল তাহার প্রমাণ স্বরূপ বহুল সংস্কৃত শব্দ তন্মধ্যে ব্যবহার হইয়া থাকে। এবং সময় ক্রমে যে ইহা আরো বিস্তীর্ণ হইবেক এমত সম্ভাবনাও সম্পূর্ণরূপে দৃষ্ট হইতেছে। যদিও সংস্কৃতজ্ঞ সুপণ্ডিত ব্যক্তিদিগের পক্ষে সংস্কৃত শব্দের অর্থ, ধাতু ও লিঙ্গ অনায়াসে বোধগম্য হইতে পারে, তথাচ কোন প্রকার অভিধানের আশ্রয় ব্যতিরেকে বৃদ্ধিশীল কোন ভাষাই আপামর সাধারণের সুবোধ্য হইতে পারে না, এবং অভিধান বিনাও শব্দ সকলের নানার্থ ও পর্য্যায়িক শব্দ অবগত হওয়া দুঃসাধ্য। এতদ্বিবেচনায় ও সহৃদয়ব্যক্তিদিগের বিশেষ অনুরোধে এতদ্দেশীয় প্রাপ্য সমস্ত সংস্কৃত ও বাঙ্গালা অভিধান হইতে বহুল শব্দ সমাকর্ষণ পুর্ব্বক অভিধানের যাবতীয় শব্দ সঙ্কলনার্থ “শব্দার্থ মুক্তাবলী” নামে এই সুবিস্তীর্ণ অভিধান সংগৃহীত হইল।

নিখিল শাস্ত্রীয় ও লৌকিক ব্যবহারিক শব্দ ঝটিতি বাহির করিতে পারা যায় একারণ অকারাদি ক্ষকারান্ত পঞ্চাশদ্বর্ণ যথাক্রমে শব্দের আদিতে বিন্যস্ত করা হইয়াছে। প্রথমতঃ অসংযুক্ত বর্ণের শব্দ সঙ্কলন করিয়া তৎপরে যুক্তাক্ষরের শব্দ যথা পর্য্যায় ক্রমে সংস্থাপিত করা গিয়াছে। বঙ্গভাষায় বর্গীয় (ব) ও অন্তঃস্থ (ব) এই দুই বর্ণের উচ্চারণে ও লিখনে কোন প্রভেদ নাই, এ বিধায় অভিধানে তাহার ভিন্ন না করিয়া প বর্গের দ্বিতীয় বর্ণের পরেই যাবতীয় বকারাদি শব্দ সংগ্রহ করা হইল।

সর্ব্বাগ্রে মুলশব্দ, তৎপরে তাহার লিঙ্গ, তৎপশ্চাৎ তাহার শব্দবিভাগ কদাপি ধাতু ও প্রত্যয়, এবং অবশেষে মুল শব্দের যাবতীয় প্রসিদ্ধ অর্থ ও তৎপর্য্যায়িক শব্দ সকল প্রকাশিত হইয়াছে। কেবল যাবনিক, প্রাকৃত, হিন্দী, ও ইংরাজী শব্দের লিঙ্গ, শব্দ বিভাগ, ও ধাতু প্রকাশ করা হইল না, কারণ সে সকল শব্দে সংস্কৃতানুযায়ি লিঙ্গ ভেদাদির বিশেষ নিদর্শন নাই।

এবং অনেকানেক সংস্কৃত শব্দের প্রকৃতার্থানুযায়ি সমাস ও ব্যুৎপত্তির দ্বারা পদ বিভাগ করা হয় নাই, তৎকারণ গ্রন্থ বাহুল্য ভীতিপ্রযুক্ত এক রূপ শব্দ বিভাগে

ব্যুৎপত্তি লভ্যে ভিন্ন ভিন্ন ব্যুৎপত্তি লভ্য শব্দের অর্থ লিখিত হইয়াছে। যেমত অজপ শব্দের [অ+জপ] যদ্যপি এইরূপে বিভাগ করা হয়, তাহা হইলে জপরহিত অর্থ নিষ্পন্ন হয়; এবং [অজ+প] এইরূপ বিভাগে মেষপালক হয়। অতএব প্রতি শব্দের দুই কিম্বা ততোধিক বিভাগ না করিয়া এক স্থানেই পৃথক্ পৃথক্ অর্থ লিখিত হইয়াছে।

সংস্কৃত শব্দের ধাতু ও প্রত্যয়ের বিভাগ সংস্কৃতানুযায়ী করা হয় নাই, যেহেতু অনট, অল, ণক, শিন্ প্রভৃতি যে সংস্কৃত প্রত্যয় তাহা কার্য্যকালে ট ল ণ এই সকল বর্ণ ইৎ গিয়া ধাতুর অবয়ব অধিকাংশে পরিবর্ত্তিত হয় এবং কোন২ স্থানে অনেক বর্ণ আদেশ করিয়া লইতে হয়। অতএব সর্ব্বসাধারণের অনায়াসে বোধ গম্য হইবার নিমিত্ত, বঙ্গভাষায় ঐ সকল নিয়মের কিঞ্চিৎ ব্যতিক্রম করিয়া আদেশিত বর্ণের সহিত ধাতু ও প্রত্যয় প্রকাশ করা হইল।

এই সুবিস্তীর্ণ অভিধান মধ্যে সংস্কৃত শব্দ সমূহ সঙ্কলন কালে নানার্থ শব্দের যেহ অর্থ প্রসিদ্ধ তাবন্মাত্রই স্থাপিত হইয়াছে, এবং যে শব্দের স্থানে এক প্রকার অর্থ তথায় অন্যূন দুইটী কিম্বা তিনটী প্রতি শব্দ দিয়া সেই প্রত্যেক শব্দের অন্তে কমা (,) এই প্রকার চিহ্ন প্রদত্ত হইয়াছে, এবং যে স্থলে অধিক প্রতি শব্দ লিখনে মানস হইয়াছে তথায় (তৎপর্য্যায়।—) এইরূপ নির্দ্দিষ্ট করা গিয়াছে। কিন্তু যে স্থলে ভিন্নার্থ শব্দ সকল প্রকাশ করা হইয়াছে তথায় প্রত্যেক শব্দের পর সেমিকোলন (;) এই প্রকার চিহ্ন প্রদর্শন করা হইল।

সংস্কৃত শব্দের কোন প্রকৃত অর্থ ও ব্যুৎপত্তি জানিতে ঔৎসক্য জন্মিলে ধাতু সকলের প্রকরণ অভ্যাস করা অত্যাবশ্যক, যেহেতু ধাতু অভ্যাস ব্যতিরেকে কখনই শব্দ সকলের প্রকৃত অর্থ ও তাৎপর্য্য গ্রহণ করিতে পারা যায় না। এই হেতু কোষকারেরা " শব্দ যোনিশ্চ ধাতবঃ " ব্যাখ্যা করিয়া থাকেন। অতএব বহু পরিশ্রম সহকারে সমস্ত ধাতু অর্থের সহিত অকারাদি পর্য্যায় ক্রমে এই অভিধানের পরিশেষে সংযুক্ত করা হইল।

শব্দ প্রকরণ।

শব্দ প্রথমতঃ দুই প্রকার হয় ধ্বন্যাত্মক ও বর্ণাত্মক। মৃদঙ্গ কাংস্য নূপুর বীণা প্রভৃতি শব্দ ধ্বন্যাত্মক। বর্ণাত্মক শব্দ দুই প্রকার হয় অব্যক্ত বর্ণ ও ব্যক্ত বর্ণ। অব্যক্ত বর্ণাত্মক শব্দ পশু পক্ষ্যাদির, আর ব্যক্ত বর্ণাত্মক শব্দ মনুষ্য জাতির। ব্যক্ত বর্ণাত্মক শব্দ যাহা অর্থ বাচক লৌকিক ও শাস্ত্রীয় ব্যবহারোপযুক্ত তাহা পদ শব্দে প্রসিদ্ধ আছে, কিন্তু ব্যাকরণ প্রকরণে ধাতু ও প্রাতিপদিক বিভক্তিযুক্ত হইলে তাহাদিগকে পদ বলে।

পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ, ক্লীবলিঙ্গ ও অব্যয়ভেদে শব্দ পুনর্ব্বার চারি প্রকার হয়। অকারান্ত ও হ্রস্ব ইকারান্ত শব্দ প্রায় পুং ও ক্লীব লিঙ্গ হয়, এবং কোন২ শব্দ স্ত্রীলিঙ্গও

হয়। যথা—মতি, স্মৃতি, গতি, বৃত্তি, বুদ্ধি ইত্যাদি। দীর্ঘ ঈকারান্ত ও ঊকারান্ত শব্দ এবং আকারান্ত শব্দ প্রায়ই স্ত্রী লিঙ্গ হয়। সংস্কৃত শব্দের লিঙ্গ প্রভেদ পুরুষ ভেদে উপলক্ষিত হইতে পারে না, অর্থাৎ যে সকল শব্দ স্ত্রী বোধক তাঃ স্ত্রীলিঙ্গ হইবেক, এবং যে সকল শব্দ পুরুষ বোধক তাহারা পুংলিঙ্গ হইবেক, আর যে সকল শব্দ স্ত্রী ও পুরুষ বোধক নহে তাহারা ক্লীবলিঙ্গ হইবেক এমত নহে, কেবল শব্দের প্রত্যয় দ্বারা লিঙ্গ সকল নির্দ্দিষ্ট করা হয়। যেমত দার ও কলত্র শব্দ ইহারা দুইটী স্ত্রী বোধক, কিন্তু লিঙ্গ প্রভেদ করিতে হইলে প্রথমটী পুংলিঙ্গ ও দ্বিতীয়টী ক্লীবলিঙ্গ হইবেক, অতএব সংস্কৃত প্রথানুসারে গ্রীক্ ও লাটিনাদি ভাষা ইদানীন্তন ইংরাজি ভাষার ন্যায় স্ত্রী পুরুষ ভেদে লিঙ্গ অবধারিত নহে।

যাহাদিগের উত্তর কোন বিভক্তি যোগে রূপান্তর হয় না, এমত যে শব্দ, তাহাদিগকে অব্যয় বলে যথা।—বরং, কিন্তু, যদ্যপি, এবং, বস্তুতঃ, এমতঃ, পুনঃপুনঃ, মুহুর্মুহুঃ, অলং ইত্যাদি। শব্দ প্রধানতঃ তিন প্রকারে বিভক্ত হয়, বিশেষ্য, বিশেষণ ও সর্ব্বনাম। বিশেষ্য শব্দ পুনর্ব্বার পাঁচ ভাগে বিভক্ত হয়। যথা—জাতিবাচক, দ্রব্যবাচক, সংজ্ঞাবাচক, গুণবাচক এবং ক্রিয়াবাচক, যাহা দ্বারা এক এক জাতিকে বুঝায় তাহাকে জাতিবাচক শব্দ কহে যেমত মনুষ্য, গো, পক্ষ্যাদি। অগ্নি, জল, বায়ু, প্রস্তর, কাষ্ঠ প্রভৃতি এক এক বস্তু বোধক শব্দকে দ্রব্যবাচক বলে। এক বস্তু মাত্রের বোধক শব্দকে সংজ্ঞাবাচক কহে, যেমত রাম, কৃষ্ণ, শ্যাম ইত্যাদি। যাহাদ্বারা গুণ প্রকাশ হয় তাদৃশ শব্দকে গুণবাচক বলে, যেমত শুক্ল, নীল, পীত ইত্যাদি। পান, ভোজন, গমন ইত্যাদি ক্রিয়া ঘটিত শব্দকে ক্রিয়াবাচক বলে।

যাহারদ্বারা বিশেষ্যের গুণ কিম্বা অবস্থা প্রকাশ হয় তাহাকে বিশেষণ কহে। বিশেষণ শব্দ প্রায় বিশেষ্যের পুর্ব্বে থাকে, কদাচিৎ পরেও হয়। যেমত ফলবান বৃক্ষ, গুণবান পুরুষ, গুণবতী স্ত্রী এবং ব্রহ্মময় দেব, ব্রহ্মময়ী দেবী ইত্যাদি।

এই সকল বাচক শব্দের উচ্চারণগত বস্তু বোধার্থ প্রয়োগ দর্শন করাইতেছি। যথা ব্যাকরণে গয়ীচন্দ্র কৃত কারিকা—"মুখ্যোলাক্ষণিকো গৌণঃ শব্দস্যাদৌপচারিকঃ। যৌগিকো যোগরূঢ়শ্চ শব্দঃ ষোঢ়া নিগদ্যতে॥" মুখ্য, লাক্ষণিক, গৌণ, ঔপচারিক, যৌগিক, যোগরূঢ়ি, রূঢ়ি এই কয়েক প্রকার হয়।

প্রকৃতার্থ বোধক শব্দের নাম মুখ্য। লক্ষণাদ্বারা অর্থবোধক শব্দের নাম লাক্ষণিক। যথা—গঙ্গাবাসী ব্রাহ্মণ, গঙ্গাবাসীর অর্থ জলপ্রবাহস্থিত তাহাতে ব্রাহ্মণের বাস সম্ভবেনা, সুতরাং মুখ্যার্থ গঙ্গা শব্দের বাধপ্রযুক্ত প্রয়োগকর্ত্তার তাৎপর্য্যাধীন লক্ষণায় গঙ্গাতীর বাসী ব্রাহ্মণকে বুঝাইবে।

আর তটস্থ লক্ষণদ্বারা অর্থবোধক শব্দকে গৌণ বলে অর্থাৎ তাহাতে প্রকৃতিনিষ্ঠ বস্তুকে প্রকারান্তরে বোধ করা যায়। উপচারদ্বারা অর্থবোধক শব্দের নাম ঔপচারিক। যথা গৌরবসূচক ঋষিবৎ মনুষ্য বা শিবতুল্য বলা, ফলিতার্থ প্রকৃত নহে কেবল গৌরবান্বিত করা।

প্রকৃতি ও প্রত্যয়ের যোগ ব্যতীত যে শব্দ কেবল প্রাচীন সঙ্কেতানুসারে বস্তুকে বুঝায়, তাহার নাম রূঢ়ি। যথা—গো, মহিষ, অশ্ব, ঘট, পট, সরাবাদি। যাহা প্রকৃতি ও প্রত্যয়ের অর্থানুসারে বস্তুবোধক হয়, তাহাকে যৌগিক বলে। যথা—অব্জাসন, পদ্মাশন ইত্যাদি, অর্থাৎ পদ্মে অবস্থিতি, মাংসভোজী ইত্যাদি। অপর প্রকৃতি ও প্রত্যয়ের যোগে অনেক বস্তুকে বুঝায়, তন্মধ্যে এক মাত্র বস্তুনিষ্ঠ শব্দকে যোগরূঢ়ি বলে। যথা—অন্ন ও পঙ্কজ ইত্যাদি অর্থাৎ অশনীয় দ্রব্য মাত্রই অন্ন, তন্মধ্যে তণ্ডুল, পঙ্কজাত বস্তুমাত্রই পঙ্কজ, তন্মধ্যে পদ্মই তাহার একনিষ্ঠ হয়।

বিশেষ্য শব্দের পরিবর্ত্তে যে শব্দ ব্যবহৃত হয় তাহাকে সর্ব্বনাম কহে। যথা—অস্মদ্, যুষ্মদ্, যদ, তদ্, ইদম, অদস্, সর্ব্ব ইত্যাদি।

ব্যঞ্জনান্ত শব্দ।

প্রথমার এক বচনের প্রয়োগ।

চকারান্ত শব্দ———জলমুচ্—জলমুক্, বাচ্—বাক্, ত্বচ্—ত্বক্, রুচ্—রুক্, ঋচ্—ঋক্।

জকারান্ত শব্দ———বণিজ্—বণিক্, ভিষজ্-ভিষক্, ঋত্বিজ্—ঋত্বিক্, বলিভুজ্—বলিভুক্।
সম্রাজ্—সম্রাট্, দেবরাজ—দেবরাট্, পরিব্রাজ্—পরিব্রাট্।

মৎপ্রত্যয়ান্ত শব্দ—-শ্রীমৎ—শ্রীমান্, ধীমৎ—ধীমান্, বুদ্ধিমৎ—বুদ্ধিমান্, অংশুমৎ—অংশুমান্, ভানুমৎ-ভানুমান্, ধনুষ্মৎ-ধনুষ্মান্, আয়ুষ্মৎ-আয়ুষ্মান্

বৎপ্রত্যয়ান্ত শব্দ—-জ্ঞানবৎ—জ্ঞানবান্, প্রজ্ঞাবৎ—প্রজ্ঞাবান্, মঘবৎ—মঘবান্, ভগবৎ—ভগবান্, লজ্জাবৎ—লজ্জাবান্, বিদ্যাবৎ—বিদ্যাবান্।

তবৎপ্রত্যয়ান্তশব্দ—-শ্রুতবৎ—শ্রুতবান্, কৃতবৎ—কৃতবান্, স্থিতবৎ—স্থিতবান্, জ্ঞাতবৎ—জ্ঞাতবান্, জিতবৎ—জিতবান্, দৃষ্টবৎ—দৃষ্টবান্।

দকারান্ত শব্দ———সুহৃদ্—সুহৃৎ, নিরাপদ্—নিরাপৎ, দিবিষদ্—দিবিষৎ, উপনিষদ্—উপনিষৎ, শরদ্—শরৎ, মৃদ্—মৃৎ, সংবিদ্—সংবিৎ।

ধকারান্ত শব্দ———বীরুধ্—বীরুৎ, ক্ষুধ্—ক্ষুৎ, যুধ্—যুৎ, সমিধ্—সমিৎ।

নকারান্ত শব্দ———গুণিন্—গুণী, বলিন্—বলী, জ্ঞানিন্—জ্ঞানী, মেধাবিন্—মেধাবী, করিন্—করী, পক্ষিন্—পক্ষী, (ইনভাগান্ত)।

অনভাগান্ত———-মহিমন্—মহিমা, আত্মন্—আত্মা, যুবন্—যুবা, মঘবন্—মঘবা, গরিমন্—গরিমা, মূর্দ্ধন্—মূর্দ্ধা, রাজন্—রাজা, সীমন্—সীমা।

হন্ভাগান্ত———-বৃত্রহন্—বৃত্রহা।

ভকারান্ত শব্দ———ককুভ্—ককুপ্, অনুষ্টুভ্—অনুষ্টুপ্, ত্রিষ্টুভ্—ত্রিষ্টুপ্।

রকান্ত শব্দ———গির্—গীঃ, পুর্—পূঃ, ধুর্—ধূঃ।

শকারান্ত শব্দ———বিশ্—বিট্, দিশ্—দিক্, ঈদৃশ্—ঈদৃক্।

ষকারান্ত শব্দ———দ্বিষ্—দ্বিট্, দোষ্—দোঃ।

সকারান্ত শব্দ———বেধস্—বেধাঃ, চন্দ্রমস্—চন্দ্রমাঃ, প্রচেতস্—প্রচেতাঃ, দুর্ম্মনস্—দুর্ম্মণা, অপ্সরস্—অপ্সরাঃ, প্রচেতস্—প্রচেতাঃ, দুর্ব্বাসস্—দুর্ব্বাসা, বিদ্বস্—বিদ্বান, লঘীয়স্—লঘীয়ান, গরীয়স্—গরীয়ান, কনীয়স্—কনীয়ান, আশিস্—আশী।

সকারান্ত ক্লীবলিঙ্গ শব্দ ত্রিবিধ হয়। যথা—অস্ভাগান্ত, ইস্ ভাগান্ত, এবং উস্ ভাগান্ত।

অস্ভাগান্ত———পয়স্—পয়ঃ, অন্তস্—অন্তঃ, উরস্—উরঃ ছন্দস্—ছন্দঃ।

ইস্ভাগান্ত———হবিস্—হবিঃ, জ্যোতিস্—জ্যোতিঃ, সর্পিস্—সর্পিঃ।

উস্ভাগান্ত———ধনুস্—ধনুঃ, আয়ুস্—আয়ুঃ, চক্ষুস্—চক্ষুঃ, যজুস্—যজুঃ।

প্রত্যয় প্রকরণ।

অ প্রত্যয় (অল্)।

১। প্রায় সমস্ত ধাতুর উত্তর ভাব বাচ্যে অল্ প্রত্যয় হয়, তাহার ল গিয়া অ থাকে। অ প্রত্যয়ের যোগে ধাতুর অন্ত্যবর্ণের পূর্ব্ববর্ত্তি ই উ ঋ স্থানে এ ও অর্ হয়; এবং ধাতুর অন্তস্থিত ই ঈ স্থানে অয়্, উ ঊ স্থানে ও, ঋ ৠ স্থানে অর হয়। যথা—আ-ক্ষিপ+অ আক্ষেপ, সং-চি+অ সঞ্চয়, আ-বৃত+অ আবর্ত্ত ইত্যাদি।

অ প্রত্যয় (ঘঞ্)।

২। ধাতুর উত্তর ভাববাচ্যে ঘঞ প্রত্যয় হয়, ঘঞের ঘ ঞ গিয়া অ থাকে। অ প্রত্যয়ের যোগে ধাতুর অন্ত্য বর্ণের পূর্ব্বস্থ অ আ হয়, ই উ স্থানে এ ও হয় এবং ঋ স্থানে আর হয়। অন্ত্য ইকারের বৃদ্ধি হইয়া পরে আয়্, অন্ত্য উকারের বৃদ্ধি হইয়া পরে আব্ এরং অন্ত্য ঋকারের বৃদ্ধি হইয়া আর হয়। যথা বদ+অ বাদ, যুজ+অ যোগ, পচ+অ পাক, অধি-ই+অ অধ্যায়, স্মৃ+অ স্মার ইত্যাদি।

অ প্রত্যয় (অচ্)।

৩। ভাব বাচ্যে ও কর্ত্তৃ ভিন্ন কারক বাচ্যে ধাতুর উত্তর অচ হয়, অচের চ গিয়া অ থাকে। যথা—জি+অ জয়, লী+অ লয়, নী+অ নয়, ভী+অ ভয়, চি+অ চয়, মুদ+অ মোদ, খিদ+অ খেদ, কুপ+অ কোপ, মৃশ+অ মর্শ ইত্যাদি।

অ প্রত্যয় (ষণ্)।

৪। বিশেষ্য, বিশেষণ কিম্বা অব্যয় শব্দের পূর্ব্ববর্ত্তি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ষণ্ প্রত্যয় হয়, ষণের ষ ণ গিয়া অ থাকে। অ প্রত্যয় কয়েক ধাতুর সহিত সংযুক্ত হয়।

এবং অ প্রত্যয়ের পরে কএক ধাতুর অন্ত্য ইকারাদি একারাদিতে পরিবর্ত্তিত হয়, এবং কতিপয় ধাতুর অন্ত্য বর্ণ ও তৎপূর্ব্ববর্ত্তি স্বরের লোপ হয় কিম্বা অন্ত্য অকার লুপ্ত হয়। যথা—মনস-রম+অ মনোরম, কুম্ভ-কৃ+অ কুম্ভকার, পঙ্ক-জন+অ পঙ্কজ, সুখ-দা+অ সুখদ ইত্যাদি।

অৎ প্রত্যয় (শতৃ)।

৫। কতকগুলি ধাতুর উত্তর কার্দ্দন্তিক শতৃ প্রত্যয় হয়, শতৃ স্থানে অৎ থাকে। যথা—ধাব+অৎ ধাবৎ, বদ+অৎ বদৎ, বস+অৎ বসৎ, চল+অৎ চলৎ, পত+অৎ পতৎ ইত্যাদি।

অক প্রত্যয় (ণক)।

৬। ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণক হয়, ণকের ণ গিয়া অক থাকে। অক প্রত্যয় যোগে ধাতুর ইকারাদি অন্ত্য স্বরের বৃদ্ধিযোগে আয়, আব, আর, আল ইত্যাদি আদেশ হয়, এবং উপান্তের অ আ হয়, ও ইকারাদি স্থানে একারাদি হয়। এবং আকারান্ত ধাতুর পর অক প্রত্যয়ের পূর্ব্বে যকারের আগম হয়। যথা—নী+অক নায়ক, শ্রু+অক শ্রাবক, পূ+অক পাবক, কৃ+অক কারক, নশ+অক নাশক, পচ+অক পাচক, সিচ+অক সেচক, রুধ+অক রোধক, বুধ+অক বোধক, নৃত+অক নর্ত্তক ইত্যাদি।

অন প্রত্যয় (অনট্)

৭। সকল ধাতুর পরে প্রায় ভাব বাচ্যে অনট্ প্রত্যয় হয়, অনটের ট গিয়া অন থাকে। অন প্রত্যয়ের যোগে ধাতুর উপান্ত স্থিত ই ঈ উ ঊ ঋ ৠ থাকিলে তাহার গুণ হয় অর্থাৎ ই ঈ স্থানে এ, উ ঊ স্থানে ও, এবং ঋ ৠ স্থানে অর হয়। এবং ধাতুর অন্তস্থিত ই ঈর গুণ হইয়া তাহার স্থানে অয্ হয়, উ ঊর গুণ হইয়া তাহার স্থানে অব্ হয়, এবং ঋ ৠর গুণ হইয়া তাহার স্থানে অর হয়। যথা—ক্ষিপ+অন ক্ষেপণ, চি+অন চয়ন, নী+অন নয়ন, বৃধ+অন বর্দ্ধন, হৃ+অন হরণ ইত্যাদি।

কতকগুলি ণ্যন্ত ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে অন প্রত্যয় হয়। কোনং অন প্রত্যয়ান্ত শব্দ স্ত্রীলিঙ্গ শব্দের ন্যায় আকার যুক্ত হইয়া ব্যবহৃত হয়। যথা—নন্দ+অন নন্দন, নশ+অন নাশন, বিদ+অন বেদনা, গৈ+অন গায়ন ইত্যাদি।

অনীয় প্রত্যয়।

৮। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতুর উত্তর অনীয় হয়। অনীয় প্রত্যয়ের যোগে ধাতুর অন্ত্য ই ঈ স্থানে অয়, উ ঊ স্থানে অব, ঋ স্থানে অর, এবং উপান্তের ইকারাদি স্থানে একারাদি হয়। যথা—পা+অনীয় পানীয়, চি+অনীয় চয়নীয়, শী+অনীয় শয়নীয়, শ্রু+অনীয় শ্রবণীয়, হৃ+অনীয় হরণীয়, সিচ+অনীয় সেচনীয়, শুচ+অনীয় শোচনীয় ইত্যাদি।

আ প্রত্যয়।

৯। গুরুস্বর বিশিষ্ট ব্যঞ্জনান্ত ধাতুর উত্তর ভাববাচ্যে আ হয়। যথা।—ভিক্ষ+আ ভিক্ষা, সেব+আ সেবা, নিন্দ+আ নিন্দা, খেল+আ খেলা, রক্ষ+আ রক্ষা, শঙ্ক+আ শঙ্কা, মূর্চ্ছ+আ মূর্চ্ছা ইত্যাদি।

আন প্রত্যয় (শান)

১০। কতিপয় ধাতুর উত্তর বর্ত্তমান কালে কর্ত্তৃবাচ্যে শান প্রত্যয় হয়, শান শ গিয়া আন থাকে। যে ধাতুর অকারের আগম হয়, তদুত্তর আন স্থানে মান হয়। অন্য প্রকার ধাতুর উত্তর কেবল আন প্রত্যয়ই থাকে, এবং কর্ম্ম ও ভাববাচ্যে ধাতুর উত্তর য কারের আগম হয় ও আন স্থানে মান হয়। যথা।—ধাব+আন ধাবমান, শী+আন শয়ান, বৃধ+আন বর্দ্ধমান, কৃ+আন ক্রিয়মাণ, দৃশ+আন দৃশ্যমান, বিদ+আন বিদ্যমান, দা+আন দীয়মান্ ইত্যাদি।

আলু প্রত্যয়।

১১। কতকগুলি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে আলু প্রত্যয় হয়। যথা—দয়া+আলু দয়ালু, নিদ্রা+আলু নিদ্রালু, তন্দ্রা+আলু তন্দ্রালু, শ্রদ্ধা+আলু শ্রাদ্ধালু, শী+আলু শয়ালু, স্পৃহি+আলু স্পৃহয়ালু ইত্যাদি।

ইন্ প্রত্যয় (ণিন্)

১২। ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ণিন্ হয়, ণ গিয়া ইন্ থাকে। ইন্ প্রত্যয়ের যোগে ধাতুর ইকারাদি অন্ত্যস্বর স্থানে আয় প্রভৃতি হয়, এবং উপান্তের অ আ হয়, ও ইকারাদির গুণ হয়, এবং আকারান্ত ধাতুর ইন্ প্রত্যয় পরে য কারের আগম হয়। যথা—বদ+ইন বাদী, বস+ইন বাসী, স্থা+ইন্ স্থায়ী, দ্বিষ+ইন্ দ্বেষী, শী+ইন্ শায়ী, ভূ+ইন ভাবী, দ্রুহ+ইন দ্রোহী ইত্যাদি।

ইত্নু প্রত্যয়।

১৩। কতিপয় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ইত্নু প্রত্যয় হয়। যথা—মদ+ইত্নু মদয়িত্নু, দূষ+ইত্নু দূষয়িত্নু, গদ+ইত্নু গদয়িত্নু, হ্লদ+ইত্নু হ্লদয়িত্নু, স্তন+ইত্নু স্তনয়িত্নু, ইত্যাদি।

ইষ্ণু প্রত্যয়।

১৪। কতকগুলি ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ইষ্ণু প্রত্যয় হয়। যথা—সহ+ইষ্ণু সহিষ্ণু, রুচ+ইষ্ণু রোচিষ্ণু, বৃধ+ইষ্ণু বর্দ্ধিষ্ণু, চর+ইষ্ণু চরিষ্ণু ইত্যাদি।

উক প্রত্যয়।

১৫। কতিপয় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে উক হয়। যথা—কম+উক কামুক, লষ+উক লাষুক, পত+উক পাতুক, পদ+উক পাদুক, স্থা+উক স্থায়ুক, ভূ+উক ভাবুক, বৃষ+উক বর্ষুক, গম+উক গামুক, শৃ+উক শারুক ইত্যাদি।

উর প্রত্যয়।

১৬। কতিপয় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে উর প্রত্যয় হয়। যথা—ভঞ্জ+উর ভঙ্গুর, ভাস+উর ভাস্বর, মিদ+উর মেদুর ইত্যাদি।

ত প্রত্যয় (ক্ত)

১৭। ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে ও কর্ম্মবাচ্যে এবং ভাববাচ্যে ক্ত প্রত্যয় হয়, ক্তর ক গিয়া ত থাকে। ত প্রত্যয় যোগে মকারান্ত ও নকারান্ত ধাতুর ম্ এবং ন্ লুপ্ত হয়, এবং মকারান্ত ধাতুর ম স্থানে নকার হয়। যথা—গম+ত গত, হন+ত হত, ভ্রম্+ত ভ্রান্ত ইত্যাদি।

ত প্রত্যয় যোগে ধাতুর অন্ত্য হ ও প্রত্যয়ের ত উভয় যোগে দ্ধ হয়, এবং কোন২ স্থানে ঢ কারও হয়। যথা—মুহ+ত মুগ্ধ, মুহ+ত মূঢ় ইত্যাদি।

ত প্রত্যয়েয় যোগে মদ্ ধাতু ভিন্ন দকারান্ত ধাতুর দ স্থানে ন, এবং ত প্রত্যয়ের ত স্থানে ন হয়। যথা—ছিদ্+ত ছিন্ন, ভিদ+ত ভিন্ন ইত্যাদি।

শুচ ও পচ ধাতুর উত্তর ত প্রত্যয়ের ত স্থানে যথাক্রমে ক ও ব হয়। যথা—শুষ+ত শুষ্ক, পচ+ত পক্ক।

ত প্রত্যয়ের যোগ ঋ কারান্ত ধাতুর ঋ ঈর হয়, এবং ত প্রত্যয়ের ত স্থানে ন হয়। যথা।—আ-কৃ+ত আকীর্ণ, উৎ-তৃ+ত উত্তীর্ণ ইত্যাদি।

তব্য প্রত্যয়।

১৮। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ধাতুর উত্তর তব্য হয়। তব্য প্রত্যয়ের যোগে ধাতুর অন্ত্য কিম্বা উপান্তস্থিত ইকারাদি স্থানে একারাদি হয়, এবং কোথায় বা প্রত্যয়ের পূর্ব্বে ইকার আগম হয়। যথা—দা+তব্য দাতব্য, চি+তব্য চেতব্য, শী+তব্য শয়িতব্য, শ্রু+তব্য শ্রোতব্য, ভূ + তব্য ভবিতব্য, কৃ + তব্য কর্ত্তব্য, বচ + তব্য বক্তব্য, প্রচ্ছ+তব্য প্রষ্টব্য, সৃজ+তব্য স্রষ্টব্য, ভুজ+তব্য ভোক্তব্য, বুধ+তব্য বোদ্ধব্য, হন+তব্য হন্তব্য, সেব+তব্য সেবিতব্য ইত্যাদি।

তি প্রত্যয় (ক্তি)।

১৯। প্রায় সকল ধাতুর উত্তর ভাববাচ্যে ক্তি প্রত্যয় হয়, ক্তির ক গিয়া তি থাকে। তি কখন২ ধাতুর সহিত যুক্ত হইয়া ব্যবহৃত হয়। যথা—গুপ+তি গুপ্তি, তৃপ+তি তৃপ্তি, দীপ+তি দীপ্তি, শক+তি শক্তি ইত্যাদি।

কখন তি পরে ধাতুর অন্ত্য ম এবং ন্ লুপ্ত হয়। যথা—গম+তি গতি, নম+তি নতি, মন+তি মতি ইত্যাদি।

কখন বা তি পরে ধাতুর ম্ নকারে পরিবর্ত্তিত হয়। যথা—ক্রম্+তি ক্রান্তি, ভ্রম্+তি ভ্রান্তি, শ্রম্+তি শ্রান্তি ইত্যাদি।

তৃ প্রত্যয় (তৃন্)।

২০। ধাতুর উত্তর কর্তৃবাচ্যে তৃন্ প্রত্যয় হয়, তৃণের ন গিয়া তৃ থাকে। তৃপ্রত্যয় যোগে ধাতুর অন্ত্য ও উপান্তিম ইকারাদি স্থানে একারাদি হয়। যথা—জি+তৃ জেতা, নী+তৃ নেতা, স্তু+তৃ স্তোতা, কৃ+তৃ কর্ত্তা, হৃ+তৃ হর্ত্তা ইত্যাদি।

নু প্রত্যয় (ক্নু)।

২১। কতিপয় ধাতুর উত্তর কর্তৃবাচ্যে ক্নু প্রত্যয় হয়, ক্নুর ক গিয়া নু থাকে। যথা—এস+নু এস্নু, গৃধ+নু গৃধ্নু, ধৃষ+নু ধৃষ্ণু, ক্ষিপ+নু ক্ষিপ্নু ইত্যাদি।

য প্রত্যয় (যৎ)।

২২। ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে যৎ প্রত্যয় হয়, যৎ ত গিয়া য থাকে। য প্রত্যয়ের যোগে তব্য প্রত্যয়ান্ত ধাতুর ন্যায় স্বরের পরিবর্ত্ত হয়, এবং ধাতুর অন্ত্য আ একারে পরিবর্ত্তিত হয়। যথা—চি+য় চেয়, জি+য় জেয়, নী+য় নেয়, দা+য় দেয়, স্থা+য় স্থেয়, সহ+য সহ্য ইত্যাদি।

য প্রত্যয় (ণ্যৎ)।

২৩। কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ঋ কারান্ত ও ব্যঞ্জন বর্ণান্ত ধাতুর উত্তর ণ্যৎ হয়, ণ্যৎ ণ ত গিয়া য থাকে। যথা—ঋকারান্ত-কৃ+য কার্য্য, ধৃ+য ধার্য্য। ব্যঞ্জনান্ত-বচ+য বাচ্য, সিচ+য সেচ্য, ত্যজ+য ত্যাজ্য, যজ+য যাজ্য ইত্যাদি।

য পরে পচ রুজ প্রভৃতি ধাতুর চ ও জ স্থানে ক ও গ হয়। যথা—পচ+য পাক্য, রুজ+য রোগ্য ইত্যাদি।

অর্থ-বিশেষে য প্রত্যয় পরে বচ ভুজ যুজ প্রভৃতি ধাতুর চ স্থানে ক এবং জ স্থানে গ হয়। যথা—বচ+য বাক্য, ভুজ+য ভোগ্য, যুজ+য যোগ্য ইত্যাদি।

য প্রত্যয় (ক্যপ্)।

২৪। কতকগুলি ধাতুর উত্তর কর্ম্মবাচ্যে ও ভাববাচ্যে ক্যপ্ হয়, ক্যপের ক প গিয়া য থাকে। এবং দৃ ভৃ ও স্বাদি প্রভৃতি কতিপয় ধাতুর উত্তর য প্রত্যয়ের পূর্ব্বে তকারের আগম হয়। যথা—দৃ+য দৃত্য, ভৃ+য ভৃত্য, হন+য হত্যা ইত্যাদি।

র প্রত্যয়।

২৫। কতকগুলি ধাতুর উত্তর কর্তৃবাচ্যে র প্রত্যয় হয়। যথা—হিংস+র হিংস্র, নম+র নম্র, চদি+র চন্দ্র ইত্যাদি।

বর প্রত্যয়।

২৬। কতিপয় ধাতুর উত্তর কর্তৃবাচ্যে বর প্রত্যয় হয়। যথা—নশ+বর নশ্বর, ভাস+বর ভাস্বর, ঈশ+বর ঈশ্বর ইত্যাদি।

স প্রত্যয় (সন্)।

২৭। ধাতুর পর ইচ্ছার্থে সন্ প্রত্যয় হয়, সনের ন গিয়া স থাকে। স প্রত্যয় করিলে আরো এক প্রত্যয় যোগ হইয়া থাকে। স প্রত্যয় পরে ধাতুর এক স্বরের সহিত আদ্য অক্ষরের দ্বিত্ব হয়। সেই দ্বিত্বের ঋ স্থানে অ, ক স্থানে চ, গ স্থানে জ, ত স্থানে র, এবং ধ স্থানে দ হয়। বিশেষতঃ স প্রত্যয় পরে দা ধাতুর পরিবর্ত্তে দিৎ, লভ ধাতুর স্থানে লীপ এবং আপ ধাতুর স্থানে ঈপ হয়। যথা—পা+স-আ পিপাসা, কু+স-আ জুগুপ্সা, জ্ঞা+স-আ জিজ্ঞাসা, ভুজ+স-আ বুভুক্ষা, হন+স-আ জিঘাংসা, দা+স-আ দিৎসা, লভ+স-আ লীপ্সা ইত্যাদি।

স্যমান প্রত্যয়।

২৮। কর্ত্তৃবাচ্যে এবং কর্ম্মবাচ্যে ভবিষ্যৎকালার্থ ধাতুর উত্তর স্যমান প্রত্যয় হয়। যথা—দা+স্যমান দাস্যমান, জন+স্যমান জনিষ্যমাণ, বচ+স্যমান বক্ষ্যমাণ, কৃ+স্যমান করিষ্যমাণ ইত্যাদি।

স্নু প্রত্যয়।

২৯। কতিপয় ধাতুর উত্তর কর্ত্তৃবাচ্যে স্নুপ্রত্যয় হয়। যথা—জি+স্নু জিষ্ণু, ভূ+স্নু ভূষ্ণু, স্থা+স্নু স্থাস্নু, গ্লা+স্নু গ্লাস্নু ইত্যাদি।

তদ্ধিত প্রকরণ।

১। অপত্য অর্থে অকারান্ত প্রাতিপদিকের উত্তর ষিণ্ হয়। ষিণ্ প্রত্যয়ের ষ ণ ইৎগিয়া আদি অচের বৃদ্ধি পায়। যথা—শূরের অপত্য শৌরি, দশরথের অপত্য দাশরথি, দ্রোণের অপত্য দ্রৌণি, অর্জ্জুনের অপত্য আর্জ্জুনি, বিকর্ণের অপত্য বৈকর্ণি, কুষীতকের অপত্য কৌষীতকি, মণ্ডূকের অপত্য মাণ্ডূকি, কৃষ্ণের অপত্য কার্ষ্ণি, প্রদ্যুম্নের অপত্য প্রাদ্যুম্নি ইত্যাদি। বাহু প্রভৃতি কতিপয় প্রাতিপদিকের উত্তর ষিণ্ হয়, ষ ণ ইৎগিয়া ই থাকে। যথা—বাহুর অপত্য বাহবি, উপবাহুর অপত্য ঔপবাহবি কৃকলার অপত্য কার্কলি, সুমিত্রার অপত্য সৌমিত্রি ইত্যাদি।

২। অপত্য অর্থে স্ত্রী প্রত্যয়ান্ত প্রাতিপদিকের উত্তর ষেয়ণ্ হয়, ষ ণ ইৎ গিয়া এয় থাকে। যথা—গঙ্গার অপত্য গাঙ্গেয়, রাধার অপত্য রাধেয়, বিনতার অপত্য বৈনতেয়, তাড়কার অপত্য তাড়কেয়, সরমার অপত্য সারমেয়, সুপর্ণার অপত্য সৌপর্ণেয়, ভগিনীর অপত্য ভাগিনেয়, কুন্তীর অপত্য কৌন্তেয়, রোহিণীর অপত্য রৌহিণেয়, রুক্মিণীর অপত্য রৌক্মিণেয়, অম্বিকার অপত্য আম্বিকেয় ইত্যাদি। শুভ্র প্রভৃতি কতিপয় প্রাতিপদিকের উত্তর অপত্য অর্থে ষেয়ণ্ প্রত্যয় হয়। যথা—শুভ্রের অপত্য শৌভ্রেয়, বিমাতার অপত্য বৈমাত্রেয় ইত্যাদি। সুভগা প্রভৃতি কতিপয় ...াতিপদিকের উত্তর ইনৃ হয়। যথা—সুভগার অপত্য সৌভাগিনেয়, দুর্ভগার ...পত্য দৌর্ভাগিনেয়, কনিষ্ঠার অপত্য কানিষ্ঠিনেয় ইত্যাদি।

৩। অপত্য অর্থে গর্গ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষ্যণ্ হয়, ষ ণ ইৎ গিয়া য থাকে। যথা—গর্গের অপত্য গার্গ্য, বৎসের অপত্য বাৎস্য, অগস্তের অপত্য আগস্ত্য, পুলস্তের অপত্য পৌলস্ত্য, মাধবের অপত্য মাধব্য, যজ্ঞবল্কের অপত্য যাজ্ঞবল্ক্য, চণকের অপত্য চাণক্য, জমদগ্নির অপত্য জামদগ্ন্য, পরাশরের অপত্য পারাশর্য্য, উলূকের অপত্য ঔলূক্য, অদিতির অপত্য আদিত্য, প্রজাপতির অপত্য প্রাজাপত্য ইত্যাদি।

৪। অপত্য অর্থে নড় প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষায়নণ্ প্রত্যয় হয়, ষ ণ ইৎ গিয়া আয়ন থাকে। যথা—নড়ের অপত্য নাড়ায়ন, চরের অপত্য চারায়ণ, মুঞ্জের অপত্য মৌঞ্জায়ন, দাসের অপত্য দাসায়ন, শকটের অপত্য শাকটায়ন, নরের অপত্য নারায়ণ, পর্ব্বতের অপত্য পার্ব্বতায়ন, যুগন্ধরের অপত্য যৌগন্ধরায়ণ, উদুম্বরের অপত্য ঔদুম্বরায়ণ ইত্যাদি।

৫। অপত্য অর্থে স্বস্ প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষীয়ণ্ হয়, ষ ণ ইৎ গিয়া ঈয় থাকে। যথা—স্বসার অপত্য স্বস্রীয় ইত্যাদি। পিতৃষ্বসা ও মাতৃষ্বসার উত্তর বিকল্পে ষীয়ণ হয়। যথা—পিতৃষ্বসার অপত্য পৈতৃষ্বস্রীয়-পৈতৃষ্বসেয়, মাতৃষ্বসার অপত্য মাতৃষ্বস্রীয়-মাতৃষ্বসেয় ইত্যাদি।

৬। অপত্য অর্থে রেবতী প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষিকণ্ হয়, ষ ণ ইৎ গিয়া ইক থাকে। যথা—রেবতীর অপত্য রৈবতিক, অশ্বপালের অপত্য আশ্বপালিক, কর্ণগ্রাহের অপত্য কার্ণগ্রাহিক ইত্যাদি।

৭। অপত্য অর্থে ভৃগু প্রভৃতি প্রাতিপদিকের উত্তর ষণ্ হয়, ষ ণ ইৎ গিয়া অ থাকে। যথা—ভৃগুর অপত্য ভার্গব, ধৃতরাষ্ট্রের অপত্য ধার্ত্তরাষ্ট্র, পাণ্ডুর অপত্য পাণ্ডব, বসুদেবের অপত্য বাসুদেব, যদুর অপত্য যাদব, পুরুর অপত্য পৌরব, রঘুর অপত্য রাঘব, কুরুর অপত্য কৌরব, শিবের অপত্য শৈব, বিশ্রবণের অপত্য বৈশ্রবণ, ভরদ্বাজের অপত্য ভারদ্বাজ ইত্যাদি।

৮। অপত্য অর্থে যে সকল প্রত্যয় বিহিত হইল তৎসমুদয় এবং কণ্, ণীন, ষীকণ, এই সকল প্রত্যয় অর্থ বিশেষে হইয়া থাকে। যথা—তর্ক শাস্ত্র জানেন্ যিনি তিনি তার্কিক, ন্যায় শাস্ত্র জানেন্ যিনি তিনি নৈয়ায়িক, বেদান্ত জানেন্ যিনি তিনি বৈদান্তিক, পুরাণ জানেন্ যিনি তিনি পৌরাণিক, অলঙ্কার জানেন্ যিনি তিনি আলঙ্কারিক, ব্যাকরণ জানেন্ যিনি তিনি বৈয়াকরণ, জ্যোতিষ জানেন্ যিনি তিনি জ্যৌতিষিক ইত্যাদি। বাক্যের দ্বারা যা কৃত সে বাচিক, কায়াদ্বারা যা কৃত সে কায়িক, অঙ্গের দ্বারা যা কৃত সে আঙ্গিক, মনের দ্বারা যা কৃত সে মানসিক ইত্যাদি। মথুরায় ভব এই অর্থে মাথুর, কলিঙ্গে ভব এই অর্থে কালিঙ্গ, গ্রামে ভব এই অর্থে গ্রাম্য-গ্রামীণ, বসন্তে ভব এই অর্থে বাসন্তিক, নগরে ভব এই অর্থে নাগরিক, কুলে ভব এই অর্থে কুলীন, অরণ্যে ভব এই অর্থে আরণ্য ইত্যাদি। যজ্ঞের নিমিত্ত সাধু ইহাতে যজ্ঞিয়, সমাজ নিমিত্ত সাধু ইহাতে সামাজিক ইত্যাদি। মাসে দেয় এই অর্থে মাসিক, বর্ষেই দেয় এ অর্থে বার্ষিক, শ্রাবণে দেয় এই অর্থে শ্রাবণিক ইত্যাদি।

সুবর্ণের বিকার সৌবর্ণ, রজতের বিকার রাজত, সীসকের বিকার সৈস, হেমের বিকার হৈম ইত্যাদি। ধুর বহিত ধুর্য্য-ধৌরেয়, সর্ব্বধুরা বহতি সর্ব্বধুরীণ, চতুর্ধুরা বহতি চতুর্ধুরীণ, হল বহতি হালিক ইত্যাদি। বিশাখা নক্ষত্র যুক্ত মাস বৈশাখ, জ্যেষ্ঠানক্ষত্রযুক্ত মাস জৈষ্ঠ, শ্রবণানক্ষত্রযুক্ত মাস শ্রাবণ ইত্যাদি। বেতনের দ্বারা জীবন ধারণ করেন যিনি তিনি বৈতনিক, জালের দ্বারা জীবন ধারণ করেন যিনি তিনি জালিক, আয়ুধের দ্বারা জীবন ধারণ করেন যিনি তিনি আয়ুধিক ইত্যাদি। মনুষ্যের সমূহ মানুষ্য, ময়ূরের সমূহ মায়ূর, গণিকার সমূহ গাণিক্য ইত্যাদি। বিষ্ণুর সম্বন্ধী বৈষ্ণব, শক্তি সম্বন্ধী শাক্ত, কিম্বা শাক্তেয় ইত্যাদি। চোর এব এই অর্থে (অর্থাৎ স্বার্থে) চৌর, বন্ধু এব বান্ধব, চণ্ডাল এব চাণ্ডাল, দেবতা এব দৈবত ইত্যাদি। কুমারের ভাব এই অর্থে কৌমার, শিশুর ভাব শৈশব, লঘুর ভাব লাঘব, ধীরের ভাব ধৈর্য্য, মধুর ভাব মাধুর্য্য ইত্যাদি।

ঋষিণা প্রোক্ত এই অর্থে আর্ষ, বিষ্ণুনা প্রোক্ত ইহাতে বৈষ্ণব, মনুনা প্রোক্ত ইহাতে মানব, পতঞ্জলিনা প্রোক্ত ইহাতে পাতঞ্জল, পাণিনা প্রোক্ত ইহাতে পাণিনীয়, পরাশরেণ প্রোক্ত ইহাতে পারাশর ইত্যাদি। কুসুম্ভেন রক্ত এই অর্থে কৌসুম্ভ, হরিদ্রয়া রক্ত এই অর্থে হারিদ্র, মঞ্জিষ্ঠয়া রক্ত এই অর্থে মাঞ্জিষ্ঠ, লাক্ষয়া রক্ত এই অর্থে লাক্ষিক ইত্যাদি। বিষ্ণুরস্য দেবতা এই অর্থে বৈষ্ণব, শক্তিরস্য দেবতা এই অর্থে শাক্ত, গণপতিরস্য দেবতা এই অর্থে গাণপত্য, শিবোঽস্য দেবতা এই অর্থে শৈব, বায়ুরস্য দেবতা এই অর্থে বায়ব্য, অগ্নিরস্য দেবতা এই অর্থে আগ্নেয় ইত্যাদি।

শত মর্হতি এই অর্থে শতিক, সহস্র মর্হতি এই অর্থে সাহস্রিক, বধমর্হতি এই অর্থে বধ্য, যজ্ঞমর্হতি, এই অর্থে যজ্ঞিয় ইত্যাদি। তৈলমস্য পণ্য এই অর্থে তৈলিক, অপূপ অস্যপণ্য এই অর্থে আপূপিক, তণ্ডুলমস্যপণ্য এই অর্থে তাণ্ডুলিক ইত্যাদি। ধনুরস্য প্রহরণ এই অর্থে ধানুষ্ক, অসিরস্য প্রহরণ এই অর্থে আসিক, শক্তিরস্য প্রহরণ এই অর্থে শাক্তীক ইত্যাদি। তপোঽস্য শীল এই অর্থে তাপস, ছত্রমস্য শীল এই অর্থে ছাত্র, শিক্ষাস্য শীল শৈক্ষ ইত্যাদি। রামমধিকৃত্যাকৃত এই অর্থে রামায়ণ, ভগবন্তমধিকৃত্য কৃত এই অর্থে ভাগবত, ভরতানধিকৃত্য কৃত এইঅর্থে ভারত ইত্যাদি। কশ্মীরস্য রাজা এই অর্থে কাশ্মীর, কলিঙ্গস্য রাজা এই অর্থে কালিঙ্গ, মগধস্য রাজা এই অর্থে মাগধ, বিদেহস্য রাজা এই অর্থে বৈদেহ, পঞ্চালস্য রাজা এই অর্থে পাঞ্চাল ইত্যাদি।

৯। ষ্ণিণ্ প্রভৃতি যে সকল প্রত্যয় অপত্যাদি অর্থে প্রদর্শিত হইল তদ্ভিন্ন নানা অর্থে দেখিতে পাওয়া যায় যথা। পৃথিবীর ঈশ্বর পার্থিব, সর্ব্বভূমির ঈশ্বর সার্ব্বভৌম, স্ত্রিরাজিত স্ত্রৈণ, দ্বারে নিযুক্ত দৌবারিক, হিমবতঃ প্রভবতি হৈমবতী, বয়সা তুল্য বয়স্য শকুনীন্ হন্তি শাকুনিক, লোকে বিদিত লৌকিক, পরদারান্ গচ্ছতি পারদারিক ইত্যাদি।

পরিভাষা

পুং..........পুংলিঙ্গ।

স্ত্রী..........স্ত্রীলিঙ্গ।

ত্রি............ত্রিলিঙ্গ অর্থাৎ পুংলিঙ্গ, স্ত্রীলিঙ্গ এবং নপুংসকলিঙ্গ

ন............নপুংসকলিঙ্গ অর্থাৎ ক্লীবলিঙ্গ।

ব্য............অব্যয়।

(প্রা)........প্রাকৃত।

(যাং)........যাবনিক।

(হি)..........হিন্দী।

(ইং)..........ইংরাজী।

শব্দার্থমুক্তাবলী।

নত্বা দেবগুরুং বিবিচ্য সকলাং বিশ্বাদি কোষাবলীং।
জ্ঞানাসার বিলোক্য খেড়সদৃশামুন্মুচ্য শব্দাবলীং॥
পদ্যৈনৈব প্রিয়া কৃতা সুললিতা কোষোক্ত হারাবলী।
বেণীমাধব দেব দাস কৃতিনা শব্দার্থ মুক্তাবলী॥

অ আদ্য স্বরবর্ণ। ইহার উচ্চারণ স্থান কণ্ঠ। অন্যান্য সমান স্বরের ন্যায় ইহার মাত্রা-ভেদে দীর্ঘ হ্রস্ব প্লুত ও স্বরভেদে উদাত্ত অনুদাত্ত স্বরিত এবং উচ্চারণভেদে অনুনাসিক নিরনুনাসিক প্রতীত হয়। অ শব্দ নঞ্স্থানে আদিষ্ট হইলে সাদৃশ্য প্রভৃতি যে ছয়প্রকার নঞর্থ তাহাই ইহার অর্থ হয়। তৎসাদৃশ্য, অভাব, অন্যত্ব, অল্পতা, অপ্রাশস্ত্য, বিরোধ। যথা ব্রাহ্মণসদৃশ অব্রাহ্মণ ॥ ১ ॥ করণাভাব, অকরণ ॥ ২ ॥ বিদ্বান্‌ভিন্ন, অবিদ্বান্ ॥ ৩ ॥ অল্পকেশী, অকেশী ॥ ৪ ॥ অপ্রশস্ত ধন, অধন ॥ ৫ ॥ অসুর, সুরবিরোধী ॥ ৬ ॥

অ, ব্য. অভাব; অল্প; নিষেধ; অনুকম্পা।

অ, পুং. বিষ্ণু।

অই, [অদস্] পূর্ব্বস্মৃত, সম্মুখস্থিত, দৃষ্টি-গোচর, ঈষৎদূরে, ওখানে।

অইল, (প্রা) অল্পকুচীবৃক্ষ।

অএ, (প্রা) ও, ঐ।

অঋণ, ন. [ন+ঋণ] ঋণাভাব।

অঋণী, পুং. [অঋণ+ইন্] অনধমর্ণ, ঋণ-রহিত, যে ঋণগ্রস্ত নহে, দেনারহিত।

অওঘর্ষণ, (প্রা) সঙ্গীতে স্বরের ঐক্যতা।

অওরো, (প্রা) অষ্টম স্বরহইতে ক্রমশঃ নিম্নকরণ অর্থাৎ নামান।

অংশ, পুং. [অংশ+অ] ভাগ, বণ্টন, বিলী, পৃথক্; স্কন্ধ; (ন.) দিন; ভুপরিধির তিনশত ষষ্টিভাগের এক ভাগ।

অংশক, পুং. [অংশ+ক] জ্ঞাতি, দায়াদ, অংশাধিকারী; (ন,) ভাগ; দিন।

অংশকরণ, ন. [অংশ+করণ] বিভাগকরণ, ভাগনির্দ্দেশকরণ।

অংশকরা, (প্রা) বিভক্তাবস্থা, ভাগ করা।

অংশকর্ত্তা, পুং. [অংশ+কর্ত্তা] অংশকারক, বিভাগকর্ত্তা, অংশকারী।

অংশকলা, স্ত্রী. [অংশ+কলা] অংশাংশ পৃথক্ পৃথক্ ভাগ।

অংশকারক, পুং. [অংশ+কারক] অংশ-কারী, বিভাগকারী, বণ্টনকারী।

অংশকারী, পুং. [অংশ+কারী] অংশ কারক, বিভাগকর্ত্তা।

অংশকুট, পুং. [অংশ+কুট] ককুদ, ষাঁড়ের ঝুঁট্।

অংশগত, ত্রি. [অংশ+গত] ভাগযুক্ত. প্রবি-ভাগ, অংশনিষ্ঠ, ভাগসম্বন্ধীয়।

অংশগ্রহণ, ন. [অংশ+গ্রহণ] ভাগগ্রহণ, ভাগহরণ।

অংশগ্রাহক, ত্রি. [অংশ+গ্রাহক] অংশ-গ্রহণকর্ত্তা, বিভাগী, বিভাজনশীল।

অংশত, ত্রি. [অংশ+ত] ভাগত, খণ্ডিত।

অংশন, ন. [অংশ+ন] পার্থক্য, বণ্টন, বিভিন্নতা, ভাজন, বিভাগ।

অংশনির্ণয়, ন. [অংশ+নির্ণয়] বিভাগ-করণ, ভাগনিরূপণ, ভাগনির্দ্দেশ।

অংশনীয়, ত্রি. [অংশ+অনীয়] ভাগযোগ্য, অংশয়িতব্য, বিভাজ্য।

অংশপ্রতীক্ষা, স্ত্রী. [অংশ+প্রতি+ঈক্ষা] বিভাগপ্রতীক্ষা।

অংশভাক্, ত্রি. [অংশ+ভাজ] উত্তরাধি-কারী, ভাগী, অংশী।

অংশবান্, ত্রি. [অংশ+বৎ] পার্থক্য, বিভিন্নতা, অংশয়িতা।

অংশল, ত্রি. [অংশ+ল] বলবান, মাংসল, শক্তিমান, হৃষ্টপুষ্ট।

অংশহর, ত্রি. [অংশ+হর] ভাগী, অংশের অধিকারী; অংশহরণকারী, অংশ লোপকারী।

অংশাংশ, পুং.[অংশ+অংশ]অংশেরঅংশ; ভিন্ন ভিন্ন অংশ, পৃথক্ পৃথক্ ভাগ।

অংশাংশী, ত্রি. [অংশ+অংশী] পরস্পর অংশ করণ, বণ্টন, বিভাগকরণ।

অংশাকাঙ্ক্ষক, ন. [অংশ+আকাঙ্ক্ষক] অংশাভিলাষী, অংশপ্রাপ্তেচ্ছু।

অংশাপহার, ত্রি. [অংশ+অপ+হার] অংশ অপহরণ।

অংশাপহারী, পুং. [অংশ+অপহারী] অংশ অপহর্ত্তা, অংশাপহারক, অংশা-পহরণকর্ত্তা।

অংশাপহারক, পুং. [অংশ+অপ+হারক] অংশঅপহারী, অংশ হরণকারী।

অংশাপেক্ষক, ত্রি. [অংশ+অপেক্ষক] অংশ প্রতীক্ষক, ভাগ প্রাপ্তেচ্ছুক।

অংশাপেক্ষী, ত্রি. [অংশ+অপেক্ষী] বিভাগাকাঙ্ক্ষী।

অংশাভিলাষ, ত্রি. [অংশ+অভিলাষ] বিভাগকরণাকাঙ্ক্ষা।

অংশাভিলাষী, ত্রি. [অংশ+অভিলাষী] ভাগপ্রাপ্তেচ্ছুক, অংশাকাঙ্ক্ষী।

অংশিত, ত্রি. [অংশ+ইত] বিভক্ত, পৃথক্কৃত, বিভিন্ন,প্রাপ্তবিভাগ, কৃতাংশ।

অংশিতা, স্ত্রী. [অংশিন্+তা] ভাগিতা, বিভাগিত্ব, ভাগাধিকার, অংশহরণে-ক্ষমতা, অংশিত্ব

অংশিত্ব, ত্রি. [অংশিন্+ত্ব] অংশিতা, ভাগাধিকারিত্ব।

অংশী, ত্রি. [অংশ+ইন্] ভাগী, অংশার্হ।

অংশু, পুং. [অংশ+উ] সূর্য্য; কিরণ, প্রভা, রশ্মি, দীপ্তি, জ্যোতি; রেশ; লেশ; সূত্রাদির সূক্ষ্মাংশ, আঁশ।

অংশুক, ন. [অংশু+ক] বসনমাত্র; সূক্ষ্ম-বস্ত্র; শুক্লবস্ত্র; উত্তরীয়বস্ত্র; তেজপত্র।

অংশুধর, পুং. [অংশু+ধর] সূর্য্য; সূর্য্য-বংশীয় অসমঞ্জ রাজা।

অংশুবাণ, পুং. [অংশু+বাণ] সূর্য্য।

অংশুভর্ত্তৃ, পুং. [অংশু+ভর্ত্তৃ] অংশু-ভর্ত্তা, সূর্য্য। [কিরণ বিশিষ্ট

অংশুমৎ, ত্রি. [অংশু+মৎ] দীপ্তিমান্,

অংশুমতী, স্ত্রী. [অংশুমৎ+ঈ] শালপর্ণী বৃক্ষ, শালপাণী গাছ। [বৃক্ষ।

অংশুমৎফলা, স্ত্রী. [অংশুমৎ+ফলা] কদলী-

অংশুমান্, পুং. [অংশু+মৎ] সূর্য্য; কিরণ-বিশিষ্ট, দীপ্তিমান; অসমঞ্জ রাজপুত্র, সগর রাজার পৌত্র।

অংশুমালা, স্ত্রী. [অংশু+মালা] জ্যোতি-র্মালা, নক্ষত্রমালা, নক্ষত্র ও জ্যোতিঃ-সমূহ। [(ত্রি.) দ্যুতিমালী।

অংশুমালী, পুং. [অংশু+মালিন্] সূর্য্য;

অংশুল, পুং. [অংশু+ল] চাণক্যমুনি; উজ্জ্বল, সুন্দর, জ্যোতির্যুক্ত, প্রভাযুক্ত।

অংশুহস্ত, পুং. [অংশু+হস্ত] সূর্য্য।

অংশেচ্ছা, পুং. [অংশ+ইচ্ছা] বণ্টন-ইচ্ছা, বিভাগেচ্ছা। [লাষী।

অংশেচ্ছুক, পুং. [অংশ+ইচ্ছুক] ভাগাভি-

অংস, পুং. [অংস+অ] স্কন্ধ, কন্ধর, কাঁধ; পৃথক, ভাগ, বিভাগ, বণ্টন, বিভাজন।

অংসকূট, পুং. [অংস+কূট] ককুদ, ষাঁড়ের ঝুঁট।
অংসল, ত্রি. [অংস+ল] বলবান, মাংসল, হৃষ্টপুষ্ট, শক্তিমান।
অংহঃ, ন. [অংহস্] পাপ, পাতক, দুষ্কৃত, কলুষ।
অংহতি, স্ত্রী. [অংহ+তি] দান; ত্যাগ; উপহার; পীড়া। [খয়রাৎ।
অংহতী, স্ত্রী. [অংহ+তী] দান, বিতরণ,
অংহিতি, স্ত্রী. [অংহি+তি] বিতরণ, দান; অন্যের উদ্দেশে স্বত্বত্যাগ।
অংঘ্রি, পুং. [অংহ+র+ই] পাদ, পদ, চরণ; চতুর্থাংশ; বৃক্ষমূল।
অংঘ্রিপ, পুং. [অংঘ্রি+পা] বৃক্ষ, দ্রুম, শাখী, বিটপী, গাছ।
অংঘ্রিস্কন্ধ, পুং. [অংঘ্রি+স্কন্ধ] গুল্ফ, অর্থাৎ পায়ের গোড়ালী।
অঁকোল, (প্রা) অঙ্কোঠ, আঁকড়বৃক্ষ।
অক, ত্রি. বক্রগতি, বক্রগমন, কুটিলগতি, (ন.) পাপ; দুঃখ। [রহিত।
অকঙ্কর, [ন+কঙ্কর] কঙ্করহীন, কাঁকর
অকচ, .. [ন+কচ] কেতুগ্রহ; (ত্রি) কেশশূন্য মুণ্ড, মুণ্ডিতমস্তক, নেড়া মাথা; ক্রান্তিপাত চিহ্ন; (স্ত্রী.) পৃথিবীর ঊর্দ্ধগামিনী ছায়া।
অকটাক্ষ, স্ত্রী. [ন+কটাক্ষ] অপাঙ্গ, এক দৃষ্টে দেখন; ঈষদবলোকন; করুণাদৃষ্টি।
অকটু, ত্রি. [ন+কটু] সুস্বাদু, কটুতারহিত।
অকট্‌কিনা, (প্রা) অপ্রতিবন্ধক।
অকঠিন, ত্রি. [ন+কঠিন] কোমল, মৃদু, সুকুমার। [অকঠিন.
অকঠোর, ত্রি. [ন+কঠোর] অকর্কশ,
অকড়িয়া, (প্রা) বিত্তহীন, ধনহীন, দরিদ্র।
অকণ্টক, ত্রি. [ন+কণ্টক] নিষ্কণ্টক; নিঃসপত্ন, শত্রুরহিত; নিরুপদ্রব।
অকণ্ঠস্থ, ত্রি. [ন+কণ্ঠস্থ] অনভ্যস্ত, অনুচ্চারিত, মুখস্থ না করা।
অকণ্ডূয়ন, ন. [ন+কণ্ডূয়ন] নখাঘাত না করণ, না চুল্‌কান।

অকথ, ত্রি. [ন+কথ] অকথ্য, অকথনীয়, অবক্তব্য; নিষ্কথন বিষয়। [অবক্তা।
অকথক ত্রি. [ন+কথক] অকথনশীল,
অকথা, স্ত্রী. [ন+কথা] কুকথা, মন্দকথা, অপভাষা।
অকথ্য, ত্রি. [ন+কথ্য] অবক্তব্য, ব্যক্তকরণানর্হ, অনির্ব্বচনীয়, অনিবেদ্য।
অকথন, ন. [ন+কথন] অবক্তৃতা, বাক্যব্যয়াভাব, অবলন, (ত্রি) নীরব, মৌন।
অকথনীয়, ত্রি. [ন+কথনীয়] অবাচ্য, অবক্তব্য, কথনাযোগ্য।
অকথয়িতব্য, ত্রি. [ন+কথয়িতব্য] অবক্তব্য।
অকথিত, ত্রি. [ন+কথিত] অপ্রচারিত, অপ্রকাশিত, অপ্রকটিত, অকথনীয়।
অকথোপকথন, ন. [ন+কথা+উপ+কথন] কথোপকথন রহিত, প্রশ্নোত্তর হীন, অনালাপ। [জ্যেষ্ঠ; প্রধান, শ্রেষ্ঠ।
অকনিষ্ঠ, ত্রি. [ন+কনিষ্ঠ] কনিষ্ঠ ভিন্ন,
অকনিষ্ঠগ, পুং. [ন+কনিষ্ঠগ] বুদ্ধ।
অকপট, ত্রি. [ন+কপট] চাতুর্য্যহীন, অচ্ছল, সরল, কপটতাশূন্য।
অকদক্ষর, ত্রি. [ন+কদক্ষর] উত্তমাক্ষর; সুচ্ছন্দযুক্ত অক্ষর, স্পষ্টাক্ষর; শোভনবাক্য; নিষ্কুটুক বচন।
অকবজ, (যাং) অনধিকার, অনায়ত্ত।
অকবি, ত্রি. [ন+কবি] কবিত্বশূন্য; কবিতাশক্তি রহিত; (পুং.) অপ্রশস্ত কবি।
অকম্প, ত্রি. [ন+কম্প] কম্পনশূন্য, স্থির।
অকম্পন, ত্রি. [ন+কম্পন] কম্পরহিত. (পুং) রাবণের সেনাপতি
অকম্পজ্বর, ন. [ন+কম্পজ্বর] কম্পশূন্য জ্বর, যে জ্বরেতে কম্প না হয়।
অকম্পিত, ত্রি. [ন+কম্পিত] নিষ্কম্পিত, বেপথুশূন্য, কম্পহীন; (পুং) বৌদ্ধগণাধিপ।
অকর, ত্রি. [ন+কর] হস্তহীন; নিষ্কর, কররহিত।
অকপটতা, স্ত্রী. [ন+কপট+তা] উদারতা, সারল্য, অবক্রতা, নিষ্কপটতা, কাপট্যশূন্য, অকাপট্য।

অকরণি. পুং. [ন+করণি] আক্রোশ; শাপ, অভিসম্পাত; নৈরাশ্য।
অকরণীয়, ত্রি. [ন+করণীয়] করণাযোগ্য, করণের উপযুক্ত নহে; অশক্য, যাহা হইতে পারে না।
অকরণ, ত্রি. [ন+করণ] করণীয়াভাব; অতীন্দ্রিয়। [কররহিত।
অকরা, স্ত্রী. [ন+করা] আমলকী, (ত্রি)
অকরুণ, ত্রি. [ন+করুণ] করুণাশূন্য, নির্দয়, নিষ্ঠুর, অকৃপ।
অকর্কশ, ত্রি. [ন+কর্কশ] কার্কশ্যরহিত, কোমল, মসৃণ, নরম।
অকর্জ্জ, (ষা) অঋণ, কর্জ্জরহিত, ধাররহিত।
অকর্ণ, ত্রি. [ন+কর্ণ] কর্ণেন্দ্রিয় রহিত, বধির, কালা; হালিশূন্য।
অকর্ণধার, ত্রি. [ন+কর্ণধার] কর্ণধারণাযোগ্য, অজ্ঞমাঝী। [ব্যশ্রবণ।
অকর্ণন, ন. [ন+কর্ণন] শ্রবণশূন্য; অশ্রা-
অকর্ণবেধ, ত্রি. [ন+কর্ণবেধ] অবিদ্ধকর্ণ, কর্ণবিদ্ধরহিত; যবনাদি।
অকর্ত্তন, ত্রি. [ন+কর্ত্তন] কর্ত্তনশূন্য, (পুং.) বামন, খর্ব্ব, খাট, বেঁটে।
অকর্ত্তব্য, ত্রি. [ন+কর্ত্তব্য] অকরণীয়, অকার্য্য, অকরণার্হ্য, অকর্ম্মণ্য, অনুচিত, করণের উপযুক্ত নহে।
অকর্ত্তব্যতা, স্ত্রী. [ন+কর্ত্তব্য+তা] কর্ত্তব্যরহিতত্ব, অনুপযুক্ততা, অন্যায্যকরণতা।
অকর্ত্তা, পুং. [ন+কর্ত্তা] কর্ত্তৃত্বরহিত, কর্ত্তা নহে, কারক নহে।
অকর্ত্তৃক, ত্রি. [ন+কর্ত্তৃক] কর্ত্তারহিত, অর্থাৎ যাহার কর্ত্তা নাই; বিশৃঙ্খল, অশাসন।
অকর্ত্তৃতা, স্ত্রী. [ন+কর্ত্তৃতা] অকর্ত্তৃত্ব, প্রভুত্বরাহিত্য, অরাজকতা, অনধীনতা, পরস্পর কর্ত্তৃত্ব, স্বস্ব প্রধানতা।
অকর্ত্তৃবাচ্য, ত্রি. [ন+কর্ত্তৃ+বাচ্য] সকর্ম্মক ভিন্ন অকর্ম্মকক্রিয়া।
অকর্দ্দম, ত্রি. [ন+কর্দ্দম] কর্দ্দমশূন্য, নির্ম্মল, পরিষ্কার।
অকর্ম্ম, ন. [ন+কর্ম্ম] কুক্রিয়া, কদর্য্যকার্য্য, কুৎসিতকর্ম্ম, নিরর্থককর্ম্ম; ফলাভিসন্ধিরহিত কর্ম্ম।
অকর্ম্মক, ত্রি. [ন+কর্ম্ম+ক] কর্ম্মশূন্য, ব্যর্থ, অনুপযুক্ত, অযোগ্য।
অকর্ম্মকক্রিয়া, স্ত্রী. [ন+কর্ম্ম+ক্রিয়া] যে ক্রিয়ার কর্ম্ম নাই, কর্ম্মশূন্য ধাতু।
অকর্ম্মণ্য, ত্রি. [ন+কর্ম্মণ+য] কার্য্যাক্ষম, কর্ম্মের অযোগ্য, ক্রিয়ানুপযুক্ত, নিষ্কর্ম্ম, অকেয়ুয়া। [ভোগরাহিত্য।
অকর্ম্মভোগ, ত্রি. [ন+কর্ম্মভোগ] কর্ম্ম-
অকর্ম্মা, ত্রি. [ন+কর্ম্মন্] কার্য্যাক্ষম; নিষ্কর্ম্মা; বিপরীত কর্ম্মকারী।
অকর্ম্মান্বিত, [ন+কর্ম্ম+অন্বিত] দুষ্কর্ম্মযুক্ত, কুকর্ম্মবিশিষ্ট, নিষ্কর্ম্মান্বিত।
অকল, [যাং] বুদ্ধি, জ্ঞান।
অকলঙ্ক, ত্রি. [ন+কলঙ্ক] দুশ্চিহ্নরহিত, নির্দ্দোষ, নির্ম্মল, স্বচ্ছ।
অকলহ, ত্রি. [ন+কলহ] কলহশূন্য, নির্ব্বিরোধ; বিবাদশূন্য, সৌহার্দ্য।
অকল্ক, ত্রি. [ন+কল্ক] ফেণারহিত, পাকার্থ উষ্ণীকৃত তৈলাদির ফেন বিগম।
অকল্কা, স্ত্রী. [ন+কল্কা] জ্যোৎস্না; কল্করহিত, ফেনাহীন।
অকল্কন, ত্রি. [ন+কল্কন] দম্ভরহিত।
অকল্প, ত্রি. [ন+কল্প] কল্পরহিত, মানসশূন্য।
অকল্পন, ত্রি. [ন+কল্পন] প্রকৃত, যথার্থ, কল্পনাশূন্য, অনারোপিত, অকৃত্রিম।
অকল্পনা, স্ত্রী. [ন+কল্পনা] যথার্থ।
অকল্পিত, ত্রি. [ন + কল্পিত] কল্পনারহিত, অকাল্পনিক, অকৃত্রিম, যথার্থ, সত্য; বাস্তব। [অসমর্থ।
অকল্য, ত্রি. [ন+কল্য] রোগী, পীড়িত;
অকল্যাণ, ত্রি. [ন+কল্যাণ] অমঙ্গল, অভাগ্য, মন্দভাগ্য, দুর্ভাগ্য।
অকষায়-অকষায়ক ত্রি. [ন+কষায়+ক] কটুত্বাভাব, সুস্বাদু, সুমধুর।
অকষ্ট, ত্রি. [ন+কষ্ট] কষ্টরহিত, ক্লেশহীন; স্বচ্ছন্দ।

অকষ্টকল্পনা, স্ত্রী. [ন+কষ্ট+কল্পনা] উপশান্তি, মানসস্থৈর্য্যভাব, স্বচ্ছন্দতা; সুখ।

অকষ্টবন্ধ, ত্রি. [ন + কষ্টবন্ধ] অপ্রতি-কার্য্য আপদ; অতিশয় সঙ্কট।

অকস্মাৎ, ব্য. [ন+কস্মাৎ] দৈবাৎ, সহসা, হঠাৎ; বিনাকারণে, অতর্কিত; সদ্য; সপদি; তৎক্ষণে; একপদে।

অকা, (প্রা) নির্ব্বোধ, জড়; ছেমো, পাগলাট্যা; মূর্খ; ভূতে পাওয়া বালক।

অকাটা, (প্রা) অচ্ছিন্ন, অভিন্ন, গোটা।

অকাঠিন্য, ন. [ন + কাঠিন্য] মৃদুতা; অকার্কশ্য।

অকাণ্ড, ত্রি. [ন+কাণ্ড] অকস্মাৎ, হঠাৎ, আকস্মিক; অকাল, (ন.) কাণ্ডরহিত; তৃণাদির দণ্ডশূন্য।

অকাতর, ত্রি. [ন+কাতর] কাতরতাশূন্য, দুঃখবোধহীন; অনায়াস।

অকাপট্য, ন. [ন+কাপট্য] কপটতাশূন্য, অচ্ছল, সরল।

অকাম, ত্রি. [ন+কাম] অনিচ্ছুক, নিষ্কাম, অনিন্দ্রিয়পরায়ণ, কামনাশূন্য।

অকামকার, পুং. [ন+কামকার] অনিচ্ছাপূর্ব্বক করণ। [অনভিলষণীয়।

অকাম্য, ত্রি. [ন+কাম্য] অনিচ্ছনীয়,

অকায, (প্রা) কুক্রিয়া, কুকর্ম্ম, মন্দকার্য্য।

অকার, পুং. [অ+কার] অ অক্ষর, আদ্যস্বর।

অকারণ, ত্রি. [ন+কারণ] কারণশূন্য, নির্হেতু, ব্যর্থ। [প্রথম করে।

অকারাদি, ত্রি. [অকার+আদি] অকারারকে

অকারান্ত, ত্রি. [অকার+অন্ত] যে শব্দের শেষে অ আছে।

অকার্কশ্য, ত্রি. [ন+কার্কশ্য] কোমলতা মৃদুতা, কঠিনতা হীন।

অকার্পণ্য, ন. [ন+কার্পণ্য] কৃপণতারহিত, দাতৃত্ব।

অকার্য্য, ন. [ন+কার্য্য] কার্য্যাভাব, কুৎসিত বা নিন্দিত কর্ম্ম, অপকার্য্য, কার্য্যের অযোগ্য।

অকার্য্যকর্ত্তা, পুং. [ন+কার্য্য+কর্ত্তা] অকর্ম্মকর্ত্তা; কুকার্য্যকর্ত্তা।

অকার্য্যকারক, ন. [ন+কার্য্য+কারক] অব্যবহারক, মন্দকর্ম্ম কারক।

অকার্য্যকারী, ত্রি. [ন+কার্য্য+কারী] মন্দকর্ম্মকারী, অনিষ্টকর্ম্মকারী, অশুভজনক কার্য্যকর্ত্তা; জিঘাংসু, হননেচ্ছু।

অকার্য্যক্ষম, ত্রি. [ন+কার্য্য+ক্ষম] কর্ম্মাযোগ্য, অকর্ম্মণ্য, কর্ম্মেতে উপযুক্ত নহে; কুকার্য্য নিপুণ।

অকার্য্যচিন্তক, ত্রি. [ন+কার্য্য+চিন্তক] কুকল্পনাকারী; হিংস্রক; শঠ; ধূর্ত্ত, অনিষ্টকর্ম্মকরণশীল।

অকার্য্যচিন্তা, স্ত্রী. [ন+কার্য্য+চিন্তা] অসচ্চিন্তা, অসম্ভাবনা, অনিষ্ট কর্ম্মেরকল্পনা।

অকাল, পুং. [ন+কাল] অসময়; সময়োপযুক্ত নহে; অপ্রশস্তকাল, অশুদ্ধকাল অর্থাৎ গুরু শুক্রের বৃদ্ধাস্তবাল্যাদিকাল।

অকালকুষ্মাণ্ড, ন. [অকাল+কুষ্মাণ্ড] দুষ্কর্ম্মা; অকালজাত কুমড়া; দুর্লক্ষণাক্রান্ত।

অকালকুসুম, পুং. ন. [ন+কাল+কুসুম] অকালজাতপুষ্প; অসময়োৎপন্ন ফুল।

অকালজ, ত্রি. [ন+কাল+জ] অকালে জাত, অসময়োৎপন্ন; অপূর্ণকালোদ্ভব।

অকালজলদোদয়, পুং. [ন+কালে+জলদ+উদয়] কুজ্ঝটিকা, কুয়াশা; অকাল মেঘোদয়। [জাত।

অকালজাত, ত্রি. [ন+কালে+জাত] অসময়

অকালসহ, ত্রি. [ন+কাল+সহ] অধৈর্য্য, অসহমান্; অপক্ক।

অকালে, ব্য. [ন+কালে] অসময়ে, অতিত্বরায়; উপযুক্ত বা যথার্থকালের পূর্ব্বে।

অকাল্পনিক, ত্রি. [ন+কাল্পনিক] কল্পিতাভাব; ভণ্ডত্বহীন; অশাঠ্য; অকাপট্য।

অকিঙ্কর, পুং. [ন+কিঙ্কর] উত্তমভৃত্য নহে, কুভৃত্য, (ত্রি) ভৃত্যহীন; দাস্যভাবরহিত।

অকিঞ্চন, ত্রি. [ন+কিঞ্চন] দীন, দরিদ্র, দুঃখী, নির্দ্ধন, নিঃস্ব, কাঙ্গালি।

অকিঞ্চনতা, স্ত্রী. [অকিঞ্চন+তা] পরিগ্রহ-ত্যাগরূপ যমবিশেষ; নিঃস্বতা, নির্দ্ধনতা, দরিদ্রতা, দৈন্য।

অকিঞ্চনত্ব, ন. [অকিঞ্চন + ত্ব] দৈন্য, সম্পত্ত্যভাবত্ব, দরিদ্রেরভাব, অসাঙ্গত্য; দুর্ভাগ্যত্ব।   [কিছুই নয়।

অকিঞ্চিৎ, ন. [ন+কিঞ্চিৎ] তুচ্ছ, সামান্য,

অকিঞ্চিৎকর, ত্রি. [নকিঞ্চিৎ+কর] যৎ-সামান্য, যাহাতে কিছুই হয় না।

অকিল্বিষ, ত্রি. [ন+কিল্বিষ] কিল্বিষশূন্য, নিষ্পাপ, পাপ রহিত।

অকীর্ত্তি, ত্রি. [ন+কীর্ত্তি] অপযশঃ, কলঙ্ক, দুর্নাম। (স্ত্রী) অখ্যাতি, অপ্রতিষ্ঠা।

অকীর্ত্তিকর, ত্রি. [ন+কীর্ত্তি+কর] অযশস্কর, দুর্নামজনক, অখ্যাতিকারক।

অকু, স্ত্রী. [ন+কু] কুৎসিতা ভূমি।

অকুটিল, ত্রি. [ন+কুটিল] কুটিলতারহিত, অবক্র; সরল, খল নহে।

অকুণ্ঠ, ত্রি. [ন+কুণ্ঠ] কুণ্ঠতাশূন্য, অসঙ্কুচিত, অক্ষুব্ধ।   [অক্ষুব্ধ।

অকুণ্ঠিত, ত্রি. [ন+কুণ্ঠিত] অসঙ্কুচিত,

অকুতোভয়, ত্রি. [ন+কুতঃ+ভয়] নিঃশঙ্ক, নির্ভয়, সাহসী, কোন বিষয়ে ভীত নহে।

অকুৎসা, স্ত্রী. [ন+কুৎসা] দোষহীনতা নির্দ্দোষিতা, কুৎসাভাব; নিরপরাধিত্ব।

অকুৎসিত, ত্রি. [ন+কুৎসিত] অনিন্দিত; সুন্দর; সম্ভ্রান্ত।

অকুৎসনা, স্ত্রী. [ন+কুৎসনা] কুৎসারহিত, কুৎসাভাবরহিত।

অকুপিত, ত্রি. [ন+কুপিত] অক্রোধিত; শান্ত, অনুগ্রভাব, উগ্রতাশূন্য।

অকুপ্য, ন. [ন+কুপ্য] স্বর্ণ। রৌপ্য।

অকুমারী, স্ত্রী. [ন+কুমারী] যে বালিকা দশ কিম্বা দ্বাদশ বৎসর বয়স অতিক্রম করিয়াছে, অকুমারিকা।

অকুল, ত্রি. [ন+কুল] দুষ্টযোনি; মন্দ-বংশ, ইতরবংশ।

অকুলন, ত্রি. [ন+কুলন] অপ্রতুল, অভাব, অনাটন, কুলায় না।

অকুলীন, ত্রি. [ন+কুলীন] কুলমর্য্যাদাহীন, জঘন্য, ইতর, মন্দবংশপ্রসূত; অকুলভব।

অকুশল, ন. [ন+কুশল] বিপত্তি, আপদ, দুর্দ্দশা, দুর্ভাগ্য, (ত্রি.) অশুভ, অমঙ্গল, মন্দ; অনিপুণ।   [পীড়িত।

অকুশলী, ত্রি. [অকুশল+ইন্] অমঙ্গলযুক্ত;

অকুপার, পুং. [ন+কুপার] কূর্ম্মরাজ; সমুদ্র; পাষাণ।

অকুট, ত্রি. [ন+কুট] অকৃত্রিম, যথার্থ।

অকূপার, পুং. [ন+কূপার] জলধি, সাগর, সমুদ্র; কূর্ম্ম; পাষাণ।

অকুফ, (যাং) বুদ্ধি, জ্ঞান।

অকূর্চ্চ, পুং. [ন+কূর্চ্চ] বুদ্ধ (ত্রি) কৈতবশূন্য, কাপট্য রহিত, অচ্ছল; অকুঞ্চিত।

অকূল, ত্রি. [ন+কূল] কূলহীন, অপার, দুষ্পার, কিনারা রহিত।

অকূলপাথার, (প্রা) অগাধজল, যাহার কূল পাওয়া যায় না; মহাবিপদ।

অকৃত, ত্রি. [ন+কৃত] অনিষ্পাদিত, অ-সম্পন্ন, অনিষ্পন্ন; নিরর্থক, বৃথা।

অকৃতকর্ম্মা, ত্রি, [ন+কৃত+কর্ম্মন্] অকৃতার্থ, অকৃতকার্য্য; নিষ্ফল কর্ম্ম।

অকৃতকার্য্য, ত্রি. [ন+কৃত+কার্য্য] নিষ্ফল; অসাফল্য; কৃতকার্য্যাভাব।

অকৃতঘ্ন, ত্রি. [ন+কৃতঘ্ন] কৃতজ্ঞ, উপকার অস্বীকার যে ব্যক্তি না করে। অর্থাৎ নিমকহারাম নহে।

অকৃতজ্ঞ, ত্রি. [ন+কৃত+জ্ঞ] কৃতঘ্ন, প্রত্যুপ-কার স্বীকার বোধশূন্য।

অকৃতদার, পুং. [ন+কৃত+দার] দারাগ্রহণা-ভাব, অবিবাহিত পুরুষ।

অকৃতবিবাহ, পুং. [ন+কৃত+বিবাহ] অনূঢ়, অবিবাহিত, আইবড়।

অকৃতাপরাধ, ত্রি. [ন+কৃত+অপরাধ] অন-পরাধ, অনাগস, নিরপরাধ; নির্দ্দোষ।

অকৃতার্থ, ত্রি. [ন+কৃতার্থ] কৃতার্থতাশূন্য, ইচ্ছিত বিষয়ের অসম্পন্ন, অকৃতকার্য্য।

অকৃতি, ত্রি. [ন+কৃতি] কর্ম্মাক্ষম, ক্রিয়ানুপ-যুক্ত, কার্য্যাকুশল, অনিপুণ।

..তিত্ব, ন. [ন+কৃতিত্ব] অক্ষমতা, অপটুতা, অযোগ্যতা, অনৈপুণ্য, অকুশলত্ব।

অকৃতোত্তর, ত্রি. [ন+কৃত+উত্তর] অনুত্তরিত; অখণ্ডিত; অপরিহারিত; অপ্রতিবাচিত।

অকৃতোদ্বাহ, পুং. [ন + কৃত + উদ্বাহ] অকৃতবিবাহ, অকৃতদার, অবিবাহিত, অমূঢ়, আইবড়।

অকৃতোদ্যোগী, ত্রি. [ন+কৃত+উদ্যোগী] অচেষ্টিত, অযত্নশীল; কার্য্যচেষ্টা শূন্য।

অকৃত্রিম, ত্রি. [ন+কৃত্রিম] যথার্থ, অকাল্পনিক; অকারণজ; অজন্যসিদ্ধ; প্রকৃত, সত্য; বাস্তব। [নির্দ্দয়, নিষ্ঠুর।

অকৃপ, ত্রি. [ন+কৃপ] কৃপাশূন্য, অকরুণ,

অকৃপণ, ত্রি. [ন+কৃপণ] কার্পণ্যরহিত, দানশীল; দীনতাশূন্য; অকাতর।

অকৃপা, স্ত্রী. [ন+কৃপা] ক্রূরতা, নির্দ্দয়তা, নিষ্ঠুরতা, অকরুণত্ব।

অকৃষ্ণকর্ম্মা, ত্রি. [ন+কৃষ্ণ+কর্ম্মা] দুষ্কর্ম্মরহিত, নিষ্পাপ, শুদ্ধাচার

অকেযুয়া, (প্রা) অকর্ম্মণ্য, কর্ম্মানর্হ, অনাবশ্যক, বৃথা। [অকার্য্য।

অকেযো (প্রা) অযোগ্য, অনুচিত, অনুপযুক্ত;

অকেশ, ত্রি. [ন+কেশ] কেশরহিত; অল্পকেশযুক্ত; কুৎসিতকেশবিশিষ্ট।

অকৈতব, ন. [ন+কৈতব] কৈতবাভাব, অকপট, কপটতাশূন্য, অধূর্ত্ততা; বঞ্চনাশূন্য; সরল; অচ্ছল।

অকৈবল্য, ত্রি. [ন+কেবল+য] নির্মুক্তি, অমোক্ষ, অপরিত্রাণ, নিস্ত্রাণ; কেবল ভাবরহিত।

অকোট, পুং. [ন+কোট] গুবাক, সুপারি।

অকোপ, পুং. [ন+কোপ] অক্ষুণ্ণতা; অক্রোধ, (ত্রি) কোপরহিত, রোষহীন।

..াবিদ, ত্রি. [ন+কোবিদ] অপণ্ডিত, মূর্খ, অবিপশ্চিৎ, নির্ব্বোধ, অবোধ, মেধাহীন, অবিচক্ষণ।

..কামল, ব্য. [ন+কোমল] কোমলতাশূন্য, কঠিন, পরুষ, শক্ত।

অকৌটিল্য, ন. [ন+কুটিল+য] কৌটিল্যাভাব। (পুং) সরলতা, ঋজুতা, অবক্রতা।

অকৌশল, ন. [ন+কৌশল] কুশলাভাব; অপ্রণয়, মনোমালিন্য, অসম্প্রীতি, মনোভঙ্গ, (পুং.) অনৈপুণ্য; ঘৃণিত।

অকৌসীদ্য, ন. [ন+কুসীদ+য] ধনলোভে; বাণিজ্যাভাবে।

অক্কা, ত্রি. ! মাতা, জননী, মা।

অক্ত, ত্রি. অন্বিত, যুক্ত; গত; ব্যক্ত; অক্ত; মিশ্রিত, মিশান, লিপ্ত, ম্রক্ষিত।

অক্তু, স্ত্রী· বেদপ্রচুরপ্রয়োগ; নিশা, রজনী, যামিনী, রাত্রি।

অক্রম, পুং. [ন+ক্রম] অসঞ্চরণ, গতিরহিত, ক্রমরহিত, ব্যতিক্রম; বিশৃঙ্খল; অনিয়মিত।

অক্রান্ত, ত্রি· [ন+ক্রান্ত] অনতিবাহিত; অপরাজিত; উপস্থিত।

অক্রান্তা, স্ত্রী. [ন+ক্রান্তা] অনাক্রান্তা, বৃহতীবৃক্ষ, সিংহিকা, বার্ত্তাকী, রাষ্ট্রনাকুলী, বিষদা, স্থূলভণ্টাকী; অনাকৃষ্টা; (ত্রি) অনতিক্রান্ত, অজিত, অনভিভূত।

অক্রিয়, ত্রি. [ন+ক্রিয়] ক্রিয়ারহিত, কুকার্য্যান্বিত, কুকর্ম্মবিশিষ্ট; জড়।

অক্রিয়মাণ, ত্রি. [ন+ক্রিয়মাণ] অকৃতকার্য্যবিশিষ্ট, অসম্পূর্ণকার্য্য, যে কর্ম্ম সম্পূর্ণরূপে শেষ না হয়।

অক্রিয়া, স্ত্রী· [ন+ক্রিয়া] ক্রিয়ারহিত; বিরুদ্ধক্রিয়া, কুকর্ম্ম, কুৎসিতব্যাপার।

অক্রিয়ান্বিত, ত্রি. [ন+ক্রিয়+অন্বিত] কুকর্ম্মশালী, কুৎসিতক্রিয়াযুক্ত, মন্দকার্য্যেরত।

অক্রীড়া, স্ত্রী. [ন+ক্রীড়া] অযোগ্যক্রীড়া, অনুপযুক্ত খেলা।

অক্রীত, ত্রি. [ন+ক্রীত] ক্রয়ানর্হ, ক্রয়াভাব যাহা ক্রয় করা নহে; বিনা মূল্যে প্রাপ্ত।

অক্রুদ্ধ, ত্রি. [ন+ক্রুদ্ধ] অকোপিত, অকোপন, রোষহীন, অক্রোধী।

অক্রূর, পুং. [ন+ক্রূর] গান্দিনীপুত্র শ্রীকৃষ্ণের পিতৃব্য। (ত্রি) ক্রূরতাশূন্য; ক্রূরতারহিত।

অক্রূরতা, স্ত্রী. [ন+ক্রূর+তা] খলতাভাব; দুষ্টতার অভাব, শিষ্টতা।

অক্রেয়, ত্রি. [ন+ক্রেয়] অধিকমূল্য; ক্রয়াযোগ্য; মাহার্ঘ্য, আক্রা।

অক্রোধ, ত্রি. [ন+ক্রোধ] ক্রোধরহিত, নির্ব্বিকার; প্রশান্ত; দশধর্ম্মান্তর্গত ধর্ম্মবিশেষঃ। [ক্লেশহীন।

অক্লম, পুং. [ন+ক্লম] শ্রান্তিহীন, বিশ্রম;

অক্লান্ত, ত্রি. [ন+ক্লান্ত] ক্লান্তিরহিত, অনবসন্ন, অগ্লান, শ্রান্তিহীন।

অক্লিকা, স্ত্রী. নীলীকা, নীলগাছ। গ্রামীণা, মধুপর্ণিকা, রঞ্জনা, শ্রীফলী, তুত্থা, তুলী, দোলা, নীলিনী, মেঘবর্ণা, বন্যবন্ধু, রসিতা, কুৎসনা। [অতিশ্রমী

অক্লিষ্ট, ত্রি. [ন+ক্লিষ্ট] অক্লান্ত, অশ্রান্ত,

অক্লিষ্টকর্ম্মা, ত্রি. [ন+ক্লিষ্ট+কর্ম্মন্] কর্ম্মেতে শ্রান্তিযুক্ত নহে, অশ্রান্ত, অপরিশ্রান্ত, অক্লান্ত, অক্লেশে কর্ম্মকর্ত্তা।

অক্লেদ্য, ত্রি. [ন+ক্লেদ+য] ক্লেদ রহিতাভাব, অপচ্য; ক্লেশের অযোগ্য, অনায়াসসাধ্য। [অনায়াস।

অক্লেশ, ত্রি. [ন+ক্লেশ] ক্লেশশূন্য, অকষ্ট,

অক্লেশে, ব্য. [ন+ক্লেশে] অনায়াসে।

অখট্ট, পুং. [ন+খট্ট] প্রিয়ালবৃক্ষ।

অখট্টি, পুং. [ন+খট্ট+ই] অসদ্ব্যবহার; অসদ্বাসনা; ব্যাধ, আখুটি; বিষয়ে অনাস্থাবিশিষ্ট।

অখণ্ড, ত্রি. [ন+খণ্ড] খণ্ডরহিত, সম, সর্ব্ব, কৃৎস্ন, সমগ্র, নিখিল, অখিল, সমুদয়, সমস্ত, বিশ্ব, অশেষ, নিঃশেষ, অন্যূন, অন্যূন, পূর্ণ, সম্পূর্ণ।

অখণ্ডন, পুং. [ন+খণ্ডন] সময়, কাল, দিষ্ট; অনেহা, (ত্রি) অনিবারণ, অলজ্বিত: অভগ্ন, অখণ্ডিত, সকল, তাবৎ।

অখণ্ডনীয়, ত্রি. [ন+খণ্ডনীয়] খণ্ডনাযোগ্য অর্থাৎ যাহা খণ্ডন করা যায় না।

অখণ্ডদ্বাদশী, স্ত্রী. [ন+খণ্ড+দ্বাদশী] আগ্রহায়ণিক শুক্লাদ্বাদশী। [ছিন্ন।

অখণ্ডিত, ত্রি. [ন+খণ্ডিত] সম্পূর্ণ, অবি-

অখণ্ডিতর্ত্তু, ত্রি. [ন+খণ্ডিত+ঋতু] ঋতুপ্রাপ্ত সফলবৃক্ষাদি।

অখনন, ত্রি. [ন+খনন] অখনিত, নিষ্খনন, খোঁড়া নহে। [বিশেষ।

অখ্রোট, (প্রা) পীলু, কঠিনত্বক্‌যুক্ত ফল

অখর্ব্ব, ত্রি. [ন+খর্ব্ব] তুঙ্গ, বামন নহে, লম্বা, দীর্ঘ।

অখাত, পুং. [ন+খাত] দেবখাত, অকৃত্রিম জলাশয়; সমুদ্রের অংশ বিশেষ।

অখাদ্য, ত্রি. [ন+খাদ্য] খাদ্যানর্হ, অভক্ষ্য, খাইবার যোগ্য নহে। [রহিত।

অখিদ্য, ত্রি. [ন+খিদ+য] অশোচ্য, খেদ-

অখিদ্যমান, ত্রি. [ন+খিদ্য+মৎ] অননুশোচ, অম্লানযুক্ত।

অখিন্ন, ত্রি. [ন+খিন্ন] অদুঃখিত, খেদহীন, অশ্রান্ত। [সকল।

অখিল, ত্রি. [ন+খিল] সর্ব্ব, সমস্ত, সমুদায়,

অখিলেন, ব্য. [ন+খিলেন] সমুদায়ে, সম্পূর্ণরূপে, সর্ব্বতোভাবে; একাদিক্রমে

অখেদ, ত্রি. [ন+খেদ] খেদাভাব অনুতাপিত নহে।

অখ্যাত, ত্রি. [ন+খ্যাত] অখ্যাতিবিশিষ্ট, অপ্রসিদ্ধ, অযশস্কর, অপকৃষ্ট।

অখ্যাতি, স্ত্রী. [ন+খ্যাতি] অযশঃ, অপযশঃ, অপবাদ, অকীর্ত্তি, অপকীর্ত্তি, অপকর্ষ, অপকলঙ্ক, অপ্রতিষ্ঠা, অপধ্বংস, অঙ্কন, অসম্ভ্রম, অসম্মান, অমর্য্যাদা, কলঙ্ক, কুখ্যাতি, কুকীর্ত্তি, কুৎসা, গর্হা, দোষ, দুষ্কীর্ত্তি, দুর্নাম, নিন্দা, নিন্দোক্তি, পরুষোক্তি, পরীবাদ, পরিভাষণ, বাচ্যতা, মর্য্যাদাহানি, লোকরব, লোকবাদ, (প্রা) বদনাম, কুচ্ছা, ঢেঁসা, খোঁটা।

অখ্যাতিকর, পুং. [ন+খ্যাতি+কর] অযশস্কর, দুর্নামজনক।

অখ্যাতিকারক, ত্রি. [ন+খ্যাতি+কারক] নিন্দাকারক, অপযশকারক।

অখ্যাতিবোধ, পুং. [ন+খ্যাতি+বোধ] অমর্য্যাদাবোধ, অগৌরবান্বিত, নিন্দাজ্ঞান, অপ্রতিষ্ঠাজনক

অগ, পুং· [ন+গ] পর্ব্বত; বৃক্ষ; সর্প; সূর্য্য; (ত্রি) বক্রগতি; অচল, গমনরহিত।
অগই, (প্রা.) একজাতীয় ফলবানবৃক্ষবিশেষ।
অগঙ্গ, ত্রি· [ন+গঙ্গা] গঙ্গাহীন দেশ।
অগচ্ছ, পুং· [ন+গচ্ছ] বৃক্ষ; পর্ব্বত।
অগচ্ছিত, (প্রা) অন্যস্ত, গছান হয় নাই।
অগজ, ন· [অগ+জ] পর্ব্বতজাতোপধাতু বিশেষ, শিলাজতু, (ত্রি) পর্ব্বত জাত; বৃক্ষজাত।
অগঠন, ত্রি· [ন+গঠন] অনির্ম্মিত, অগঠিত, অরচিত, অকৃতনির্ম্মাণ।
অগড়বগড়, (প্রা.) ভালমন্দমিশ্রিতকথা; অসংলগ্ন বাক্য।
অগণক ত্রি· [ন+গণ+ক] অদৈবজ্ঞ, অজ্যোতিষিক; অঙ্কশাস্ত্রানভিজ্ঞ।
অগণতা, স্ত্রী. [ন+গণ+তা] গণতাশূন্য, একদলভুক্ত নহে।
অগণন, ন. [ন+গণন] মন্দগণনা। (ত্রি.) অসংখ্য, সংখ্যারহিত, যাহার সংখ্যা করা যায় না।
অগণনীয়, ত্রি· [ন+গণনীয়] অগণ্য, যাহার গণনা হয় না, গণনীয় নহে।
অগণিত, ত্রি. [ন+গণিত] গণিত নহে, সংখ্যাহীন, অসংখ্য।
অগণ্য, ত্রি. [ন+গণ+য] অগণনীয়, অসংখ্য, অগণেয়, অগণিতব্য।　[উপস্থিত।
অগত, ত্রি. [ন+গত] বিদ্যমান, বর্ত্তমান,
অগতায়াত, ত্রি· [ন+গত+আয়াত] অগম্য, দুর্গম্য, অপ্রবেশনীয়, গমনাগমনের অযোগ্য।　[হীন; অনুপায়।
অগতি, ত্রি. [ন+গতি] গতিহীন, আশ্রয়-
অগতিক, ত্রি. [ন+গতি+ক] নিরাশ্রয়, নিরুপায়, অনাশ্রিত, নিষ্পালক, অনাথ।
অগতিক্রিয়া, স্ত্রী. [ন+গতি+ক্রিয়া] সত্বরতা, অবিলম্ব, ঝটিতি; ঔৎসুক্য।
অগতিকগতি, স্ত্রী. [ন+গতিক+গতি] চরমোপায়, চরমগতি, নিরাশ্রয়ের আশ্রয়।
অগত্যা, ব্য. [ন + গত্যা] অনুপায়ে, সুতরাং।
অগত্যাস্বীকার, পুং. [অগত্যা+স্বীকার] অপার্য্যমাণে সম্মত।
অগদ, পুং. [ন+গদ] ঔষধ, ভেষজ, ঔষধের মশলা। (ত্রি) অরোগী, নির্ব্যাধি, সুস্থ, নিষ্পীড়, নীরুক্।
অগদঙ্কার, পুং. [অগদং+কার] চিকিৎসক, বৈদ্য, রোগহারী, ভিষক্, কবিরাজ।
অগদ্য, ন. [ন+গদ্য] দোষযুক্ত গদ্য, (ত্রি.) গদ্যভিন্ন কবিতাযুক্ত।
অগন্তব্য, ত্রি· [ন+গন্তব্য] গমনের অনুপযোগী, অগমনীয়।
অগভীর, ত্রি· [ন+গভীর] গভীর নহে, অগম্ভীর, অল্পজলবিশিষ্ট।
অগম, পুং· [ন+গম] বৃক্ষ; পর্ব্বত; (ত্রি.) দুর্গম; অপমান।
অগমতা, স্ত্রী. [ন+গম+তা] অপমান, অমর্য্যাদা, অসম্ভ্রম, মানহানি।
অগমন, ন. [ন+গমন] গতিহীন, গত্যভাব।
অগমনীয়, ত্রি. [ন+গমনীয়] অগম্য, দুর্গম্য, অপ্রবেশনীয়, গমনাযোগ্য।
অগম্ভীর, ত্রি. [ন+গম্ভীর] অগভীর, সমান স্থল, অল্পজলবিশিষ্ট স্থান।
অগম্য, ত্রি. [ন+গম্য] গমনাসাধ্য, অগমনীয়, দুর্গম; অতুল্য।
অগম্যরূপ, ত্রি. [অগম্য+রূপ] অতুল্যরূপ, নিরুপম রূপ।
অগম্যা, স্ত্রী. [ন+গম্যা] গমনাযোগ্যা, যে স্ত্রীর সহিত সংসর্গে মহাপাতকাদি হয়।
অগম্যাগমন, ন. [অগম্যা+গমন] ব্যভিচার, সগোত্রা বা স্বজাতীয়া নিষিদ্ধা স্ত্রীতে অভিগমন।
অগম্যাগামী, ত্রি. [অগম্যা+গামিন্] অগম্যাগমনকারী, যেব্যক্তি গৌরব সম্বন্ধ বাছে না, পশুবৎ ব্যবহারী।　[নাশন।
অগরী, স্ত্রী. [ন+গরী] দেবতাড়বৃক্ষ; বিষ-
অগরু, ন. পুং. [ন+গরু] অগুরু, সুগন্ধিকাষ্ঠ বিশেষ।
অগর্ব্ব ত্রি. [ন+গর্ব্ব] গর্ব্বহীন, অনহঙ্কার, অহঙ্কার রহিত।

অগর্ব্বিত, ত্রি. [ন+গর্ব্বিত] নিরহঙ্কারী, অনভিমানী, নির্মৎসর। [রহিত।
অগর্ত্ত, ত্রি. [ন+গর্ত্ত] গর্ত্তশূন্য, অন্তরাপত্য
অগর্ত্তবতী, স্ত্রী. [ন+গর্ত্ত+বতী] গর্ত্তিণী নহে, গর্ত্তযুক্তা নহে, অফলবতী।
অগর্ত্তিণী, স্ত্রী. [ন+গর্ত্তিণী] গর্ত্তিণী নহে, অফলবতী। [দূষণীয় নহে।
অগর্হিত, ত্রি. [ন+গর্হিত] অনিন্দিত,
অগলগ্রহ, ত্রি. [ন+গলগ্রহ] শত্রুহীন, অপ্রতিপক্ষ, বিগ্রহ হীন; অত্যজ বিপৎ।
অগলন, ত্রি. [ন+গলন] গলিত নহে, আর্দ্রিত নহে।
অগস্তি, পুং. [অগ+স্তি] কুম্ভসম্ভব মুনি, অগস্ত্য; বঙ্গসেনবৃক্ষ, বক পুষ্পবৃক্ষ।
অগস্তিদ্রু, পুং. [অগস্তি+দ্রু] বকপুষ্পবৃক্ষ, বঙ্গসেনবৃক্ষ, মণিপুষ্পবৃক্ষ।
অগস্ত্য, পুং. [অগ+স্ত্য] বঙ্গসেন বৃক্ষ, বকপুষ্পবৃক্ষ; স্বনাম প্রসিদ্ধ মুনিবিশেষ। তৎপর্য্যায়।—অগস্তি,আগ্নিমারুত,অগ্নিমারুতি, আগ্নেয়, ঔর্ব্বশীয়, কুম্ভসম্ভব, ঘটোদ্ভব, পীতাব্ধি, মৈত্রাবরুণি, বাতাপিদ্বিট্।
অগস্ত্যোদয়, পুং. [অগস্ত্য+উদয়] ভাদ্রমাসে সপ্তদশ দিবসে আকাশে নক্ষত্ররূপে অগস্ত্যমুনির উদয়।
অগাড়ী. (প্রা) অগ্রবর্ত্তী স্থানবিশেষ; অগ্রে; অশ্বের পদবন্ধন রজ্জুবিশেষ।
অগাত্মজা, স্ত্রী. [অগ+আত্মজা] পার্ব্বতী, দুর্গা, গিরিকন্যা; বৃক্ষকন্যা; মারিষা প্রচেতসঃপত্নী।
অগাধ, ত্রি. [ন+গাধ] অতলস্পর্শ, অতিগভীর, গম্ভীর, (ন.) ছিদ্র।
অগাধতা, স্ত্রী. [অগাধ+তা] অগভীরতা, অগভীরত্ব।
অগাধা, স্ত্রী. [অগাধ+আ] অতলস্পর্শানদী।
অগাধজল, ন. [অগাধ+জল] গভীর জল, অতলস্পর্শ জল, যে জলের তল পাওয়া যায় না; হ্রদ।
অগার. ন. [অগ+ঋ] গৃহ, ঘর, বাসস্থল, আগার, বেশ্ম, পুর, নিশান্ত, মন্দির; পর্ব্বতের ন্যায় উত্থিত।
অগিন, পুং. [অগ+ইন] সূর্য্য, রবি, ভানু।
অগির, পুং. [অগ+ইর] অগ্নি; সূর্য্য; রাক্ষস; অগুজ।
অগু, পুং. [ন+গু] রাহুগ্রহ; দীপিকা, [ত্রি] কিরণ রহিত, প্রভাহীন,।
অগুণ, ত্রি. [ন+গুণ] গুণহীন, মন্দগুণ, অনুপকার। [শূন্যতা।
অগুণতা, স্ত্রী. [অগুণ+তা] নির্গুণতা গুণ-
অগুণবাচক, ত্রি, [ন+গুণ+বাচক] অন্যের দোষ কথন, গুণবাচ্য নহে।
অগুণবাদী, ত্রি. [অগুণ+বাদিন্] দোষ প্রকাশক। [স্থায়িত।
অগুপ্ত, ত্রি. [ন+গুপ্ত] অগোপনীয়, অনু-
অগুরু, ত্রি. [ন+গুরু] শিংশপাবৃক্ষ; কালাগুরু; সুগন্ধি কাষ্ঠবিশেষ। তৎপর্য্যায়—অনার্য্যক, অসার, কাষ্ঠক, কৃমিজগ্ধ, কৃমিজ, কৃষ্ণ, জোঙ্গক, পিচ্ছিল, পীতক, বর্ণপ্রসাদন, বংশিক, রাজার্হ, লোহ, লোহাখ্য, শৃঙ্গজ, (ত্রি.) গুরু ভিন্ন, লঘু।
অগুরুগন্ধ, ন. [অগুরু+গন্ধ] হিঙ্গু।
অগুরুশিংশপা, স্ত্রী. [অগুরু+শিংশপা] শিংশপা বৃক্ষ, শিমুলগাছ।
অগূঢ়, ত্রি. [ন+গূঢ়] অগোপন, প্রকাশ।
অগূঢ়গন্ধ, ন. [অগূঢ়+গন্ধ] হিঙ্গু; মৃগনাভি; পলাণ্ডু; লশুন।
অগূঢ়ভাব, ত্রি. [ন+গূঢ়+ভাব] সৎ; সরল অখল। [সম্বোধন।
অগো. (প্রা) সম্বোধনার্থ অব্যয় শব্দ, প্রধানের;
অগোচর, ত্রি. [ন+গোচর] ইন্দ্রিয় জন্য প্রত্যক্ষাবিষয়, অজ্ঞাত, অজ্ঞানতবিষয়; ব্রহ্ম।
অগোত্র, ত্রি. [ন+গোত্র] গোত্রহীন, কুলরহিত, নির্ব্বংশ, পরিবার রহিত।
অগোপন, ত্রি. [ন+গোপন] অগুপ্ত, প্রকাশ্য, গোপনাভাব।
অগোর, (প্রা) অগুরু, সুগন্ধি কাষ্ঠবিশেষ

অগৌকস্, পুং. [অগ+ওকস্] সিংহ; শরভ; পক্ষী।

অগৌণ, ত্রি, [ন+গৌণ] অবিলম্ব, শীঘ্র, আশু, ক্ষিপ্র, দ্রুত।

অগ্নায়ী, স্ত্রী. [অগ্নি+আয়+ঈ] অগ্নিভার্য্যা স্বাহা, হুতভুক্প্রিয়া; ত্রেতাযুগ।

অগ্নি. পুং. [অগ্+নি] পঞ্চভূতান্তর্গত ভূত বিশেষ, আগুন। তৎপর্য্যায়—অগির, অগ্মনি, অনল, অনিলসখা, অন্ধক-রিপু, অঙ্কতি, অঙ্গতি, অপপারিক, অপ্পিত্ত, অপাম্পিত্ত, অগ্নিহোত্র, অরণি, অর্চ্চিষ্মান্, অশির, অসিতার্চ্চিঃ, আশর, আশয়াশ. আশির, আশুশুক্ষণি, আশ্র-য়াশ, আশ্রয়ধ্বংসী, আশ্রয়ভুক্, উদর্চ্চিঃ, উশিক, উষপ, উষর্বুধ, কতমাল, কণক, কপিল, কব্যবাহন, কব্যবাহ, কুতপ, কুশাকর, কৃষাকু, কৃপীটযোনি, কৃশানু, কৃষ্ণার্চ্চিঃ, কৃষ্ণবর্ত্মা, ঘাসি, ঘৃতদীধিতি, ঘোর, চিত্য, চন্দ্র, চিত্রভানু, ছাগরথ, ছাগবাহন, ছিদির, জগনু, জগন্নু, জন্যু, জন্তারি, জাগৃবি, জাতবেদা, জুহূবাল, জুহূবান, জুহবান্, জলপিত্ত, জ্বলন, জ্বালাজিহ্ব, তনূনপা, তনূনপাৎ, তপুঃ, তমোনুৎ, তমোনুদ, তমোপহ, তিথ, ত্রিধামা, তেজঃ, তোমরধর, দমুনা, দমূনা, দমুল, দব, দস্ম, দহন, দহনবহুল, দাব, দিক্ষু, দেববক্ত্র, দ্রবিণদ, দ্রবিণোদা, ধনঞ্জয়, ধনদায়ী, ধুবন, ধূমল, ধূমকেতু, ধূমকেতন, ধূমধ্বজ, নাবিকেতু, পচত, পচি, পচন, পাচেলিম, পরিজন্মা, পরি-জবা, পবন, পবমান, পর্প্পরীক, পাকল, পাচন, পাচল. পাত্রটীর, পাথ, পাবক, পাবন, পারু, প্লিঙ্গল, পীতু, পীথ, পেরু, প্রভাকর, প্রভাস্কর, ফৃৎ-কর, বনি, বভ্রু, বহ্নি, বসু, বর্হিঃ, বর্হি-র্জ্যোতি, বর্হিঃশুষ্মা, বর্হিষ্কেশ, বার্হ, বাতসারথি, বাশি, বায়ুসখা, বাহুল, বিভাবসু, বিশ্বপ্সা, বায়ুসখ, বীতিহোত্র, বেশন্ত, বৈশ্বানর, বৃষাকপি, বৃহদ্ভানু, ভরণ্যু, ভাস্কর, ভুজি, ভুবন্যু, মহাতেজা, মন্ত্রজিহ্ব, মন্ত্রদীধিতি, মন্দসান, মরুদ্বাহ, মলিম্লুচ, রাজন্য, রোহিতাশ্ব, শমিগর্ভ, শিখাবান্, শিখী, শিশিরাপহ, শুচি, শুন্ধ্যু, শুষির, শুক্ষ, শুক্র, শুষ্ম, শোচি-ষ্কেশ, শুষ্মা, সধি, সপ্তজিহ্ব, সপ্তদীধিতি, সপ্তজ্বাল, সপ্তার্চ্চিঃ, সমন্তভুক্, সমিথ, সমিধ, সরণ্যু, সর্ব্বতোমুখ, সর্ব্বদেবমুখ, সর্ব্বভক্ষ, সুবন, সুবৃত্ত, সুশিখ, স্ফূৎকর, সৃদাঙ্গ, স্বর্ণদীধিতি, স্বাহাপ্রিয়, স্বাহা-পতি, হবিরশন, হব্যাশ, হব্যাশন, হব্য-বাহ, হব্যবাহন, হবির্ভুক্, হবনায়ু, হব্যভুক্, হুতবহ, হসনীমণি, হিমারাতি, হিরণ্যরেতা, হুতভুক্, হুতাশ, হুতাশন, হুতপ্রিয়।—অর্থান্তরে। অগ্নিকোণাধি-পতি; চিত্রকবৃক্ষ; ভল্লাতক; নিম্বক; পিত্ত; স্বর্ণ রোচক; অঞ্জন।

অগ্নিক, পুং. [অগ্নি+ক] ইন্দ্রগোপকীট, অগ্নিরজঃ, বৈরাট; ত্রিতিভ।

অগ্নিকণ, পুং. [অগ্নি+কণ] অগ্নিকণা, স্ফুলিঙ্গ, বিস্ফুলিঙ্গ, অগ্নির ফিন্কী।

অগ্নিকল্প, ত্রি. [অগ্নি+কল্প] অগ্নিময়, অগ্নি-তুল্য উষ্ণ, প্রজ্বলিত; উগ্র, ক্রোধান্বিত।

অগ্নিকারক, ত্রি.[অগ্নি+কার+ক] অগ্ন্যুৎপত্তি, অগ্নিকর দ্রব্য বিশেষ, উত্তপ্তকরণ।

অগ্নিকারিকা. স্ত্রী. [অগ্নি+কারি+কা] অগ্নী-ন্ধন. অগ্নিকার্য্য, অগ্নিধ্র। [কৃত।

অগ্নিকারিত, ত্রি. [অগ্নি+কারিত] অগ্নিদ্বারা-

অগ্নিকার্য্য. ন. [অগ্নি+কার্য্য] অগ্নিসং-স্কার, অগ্নিহোত্রাদি যজ্ঞকার্য্য; সৎ-কার্য্য, শবদাহ।

অগ্নিকাষ্ঠ, ন. [অগ্নি+কাষ্ঠ] অগুরু কাষ্ঠ; অলাত।

অগ্নিকীল, পুং. [অগ্নি+কীল] অগ্নিশিখা; অগ্নিজ্বালা।

অগ্নিকুক্কুট পুং. [অগ্নি+কুক্কুট] জ্বলদগ্নি, তৃণোল্কা, অগ্নিসংযুক্ত তৃণ, জ্বলন্ত কাষ্ঠ।

অগ্নিকুণ্ড, ন. [অগ্নি+কুণ্ড] চুল্লী, অগ্নিজ্বা-লনার্থ গর্ত্ত; যজ্ঞ কুণ্ড;

অগ্নিকুমার, পুং. [অগ্নি+কুমার] অগ্নিবর্দ্ধক, পাচক ঔষধি বিশেষ। [কোণ।

অগ্নিকোণ, পুং. [অগ্নি+কোণ] পূর্ব্ব দক্ষিণ

অগ্নিকৃত, ত্রি. [অগ্নি+কৃত] অগ্নিদ্বারা কৃত; অগ্নিদাহ, সঞ্চয়।

অগ্নিক্রিয়া, স্ত্রী. [অগ্নি+ক্রিয়া] অগ্নিকার্য্য; সৎকার, শবদাহ।

অগ্নিক্রীড়া, স্ত্রী. [অগ্নি+ক্রীড়া] অগ্নিদ্বারা খেলা, আতসবাজী।

অগ্নিগড়, পুং, [অগ্নি+গড়] বাণপুরী, নীলধ্বজ রাজার দুর্গবিশেষ।

অগ্নিগর্ভ, পুং. [অগ্নি+গর্ভ] অগ্নিজার বৃক্ষ; সূর্য্যকান্ত মণি, আতসীপাথর, কাচমণি।

অগ্নিগর্ভা, স্ত্রী. [অগ্নি+গর্ভা] মহাজ্যোতিষ্মতীলতা; চিতা; ভেলা

অগ্নিচিৎ, পুং. [অগ্নি+চিৎ] অগ্নিহোত্রী, সাগ্নিক। [সংস্থাপন।

অগ্নিচিত্যা, স্ত্রী. [অগ্নি+চিত্যা] যজ্ঞাগ্নি-

অগ্নিজ, পুং. [অগ্নি+জ] অগ্নিজার বৃক্ষ অগ্নিজাত; কার্ত্তিকেয়।

অগ্নিজার, পুং. [অগ্নি+জার] ঔষধি-বৃক্ষ বিশেষ; তৎপর্য্যায়—অগ্নিনির্য্যাস, অগ্নিগর্ভ, অগ্নিজ, বড়বাগ্নিমল, অর্ণবোদ্ভব, অগ্নিজাত, অগ্নিজাল, সিন্ধুকল, জরায়ুঃ।

অগ্নিজাল, পুং. [অগ্নি+জাল] অগ্নিকারক ঔষধ; বৃক্ষ বিশেষ।

অগ্নিজিহ্বা, স্ত্রী. [অগ্নি+জিহ্বা] লাঙ্গলীবৃক্ষ; অগ্নিশিখা।

অগ্নিজ্বালা, স্ত্রী. [অগ্নি+জ্বালা] জলপিপ্পলী; ধাতকীবৃক্ষ; অগ্নিশিখা।

অগ্নিত্রেতা, স্ত্রী. [অগ্নি+ত্রেতা] গার্হপত্য, আহবনীয়, দাক্ষিণ্য, এই ত্রিবিধ অগ্নি সংস্থাপন।

অগ্নিদ, ত্রি. [অগ্নি+দ] অগ্নিদাতা, অগ্নিদাহে অধিকারী, শবদাহক; গৃহদাহক।

অগ্নিদগ্ধ, পুং. [অগ্নি+দগ্ধ] যে পিতৃলোকের অগ্নি সংস্কার হইয়াছে। (ত্রি) সন্তপ্ত, জ্বলিত; অকিঞ্চন; অগ্নিতে দগ্ধ; এবং অপ্রিয়বাদিনীপতিও অগ্নিদগ্ধ।

অগ্নিদমনী, স্ত্রী. [অগ্নি+দমনী] ক্ষুপবিশেষ। তৎপর্য্যায়। কণ্টকারিকা, বহ্নিদমনী, বহ্নিকণ্টারিকা, গুচ্ছফলা, ক্ষুদ্রফলা, ক্ষুদ্রদুঃস্পর্শা, ক্ষুদ্রকণ্টকারিকা, মর্ত্যেন্দ্রমাতা, দমনী, বহুকণ্টকা।

অগ্নিদাতা, পুং. [অগ্নি+দাতৃ] যে সন্তানেরা পিতামাতার অন্তিমকালে অগ্নি কার্য্য করে। [বর্দ্ধকা।

অগ্নিদীপনী, স্ত্রী. [অগ্নি+দীপনী] অগ্নি-

অগ্নিদীপ্ত, ত্রি. [অগ্নি+দীপ্ত] অগ্নি জ্যোতির্বিশিষ্ট; পাচক। [তিষ্মতীলতা।

অগ্নিদীপ্তা, স্ত্রী. [অগ্নি+দীপ্তা] মহাজ্যো-

অগ্নিদেব, পুং [অগ্নি+দেব] অগ্নির অধিপতি, অগ্নিদেবতা; অগ্নিপূজক।

অগ্নিদেবা, স্ত্রী. [অগ্নি+দেবা] কৃত্তিকানক্ষত্র। [নল; মন্দাগ্নি।

অগ্নিধ্বংস, পুং. [অগ্নি+ধ্বংস] নির্ব্বাণা-

অগ্নিনির্য্যাস, পুং. [অগ্নি+নির্য্যাস] অগ্নিজারবৃক্ষ।

অগ্নিনিষ্ঠোৎপাত, পুং. [অগ্নি+নিষ্ঠ+উৎপাত] উপাহিত; মন্ত্রৌষধিদ্বারা অগ্নির দাহিকাশক্তি নিবারণ।

অগ্নিপক্ক, ত্রি. [অগ্নি+পক্ক] রন্ধনকরা, পাককরা; বহ্নিপক্ক।

অগ্নিপরিচ্ছদ, ন. [অগ্নি+পরিচ্ছদ] অগ্ন্যাহুতিক সাধন দ্রব্যাদি বিশেষ।

অগ্নিপরীক্ষা স্ত্রী. [অগ্নি+পরীক্ষা] পরীক্ষাবিশেষ, যথা বিধি অগ্নিহাতে করাইয়া শুদ্ধ বা অশুদ্ধ নির্ণয়করণ।

অগ্নিপুরোগম, ত্রি. [অগ্নি+পুরোগম] অগ্নির অগ্রগমন।

অগ্নিপ্রস্তর, পুং. [অগ্নি+প্রস্তর] অগ্নিজনক পাষাণ, চকমকির পাথর।

অগ্নিবর্দ্ধক, ত্রি. [অগ্নি+বর্দ্ধক] আগ্নেয়, অগ্নি বৃদ্ধিকারী. ক্ষুধাবর্দ্ধক।

অগ্নিবল্লভ, পুং. [অগ্নি+বল্লভ] শালবৃক্ষ; ধুনা; রাল।

অগ্নিবাণ, পুং. [অগ্নি+বাণ] অগ্ন্যাস্ত্র, বাণ বিশেম, যে বাণে অগ্নিবর্ষণ হয়।

অগ্নিবাহ, পুং. [অগ্নি+বাহ] ধুম, ধুঁয়া (ন) যন্ত্রবিশেষ, যাহা অগ্নিতে বহন করে।
অগ্নিবাহু, পুং. [অগ্নি+বাহু] ধুম; আর্দ্র-কাষ্ঠ সংযোগে অগ্নি হইতে নিঃসৃত পরমাণুপুঞ্জ। [উল্কাপাত।
অগ্নিবিকার, পুং. [অগ্নি+বিকার] ধুমকেতু,
অগ্নিবিৎ, পুং. [অগ্নি+বিৎ] অগ্নিচিৎ, অগ্নি হোত্রী, সাগ্নিক।
অগ্নিবিসর্প-অগ্নিবীসর্প, পুং. [অগ্নি+বিসর্প] স্ফোটক জন্য ক্লেশ।
অগ্নিবীজ, ন. [অগ্নি+বীজ] স্বর্ণ, সোণা।
অগ্নিবীর্য্য, ন. [অগ্নি+বীর্য্য] হেম, সুবর্ণ, সোণা, (পুং) কার্ত্তিকেয়।
অগ্নিবৃষ্টি, স্ত্রী. [অগ্নি+বৃষ্টি] অগ্নিবর্ষণ।
অগ্নিভ, ন. [অগ্নি+ভ] হেম, স্বর্ণ, সোণা; অগ্নিবর্ণ। [পদ্ম (ন) জল।
অগ্নিভূ, পুং. [অগ্নি+ভূ]কার্ত্তিকেয়; অগ্ন্যুৎ
অগ্নিভূতি, পুং. [অগ্নি+ভূতি] বৌদ্ধভেদ; জৈনের শেষাচার্য্য।
অগ্নিমণি, পুং. [অগ্নি+মণি] সূর্য্যকান্তমণি।
অগ্নিমন্থ, পুং. [অগ্নি+মন্থ] গণিকারিকা বৃক্ষ, গণেরির গাছ। [অগ্নিবিশিষ্ট।
অগ্নিময়, ত্রি. [অগ্নি+ময়] অগ্নিবৎ, আগ্নেয়,
অগ্নিমান্, স্ত্রী. [অগ্নি+মৎ] অগ্নিবিশিষ্ট অগ্নিময়।
অগ্নিমান্দ্য, ন. [অগ্নি+মান্দ্য] অজীর্ণতা, অপাক। [মুনি।
অগ্নিমারুতি, পুং. [অগ্নি+মারুতি] অগস্ত্য
অগ্নিমুখ, পুং. [অগ্নি+মুখ] দেবতা; ব্রাহ্মণ; ভল্লাতক; চিত্রক বৃক্ষ, চিতাগাছ।
অগ্নিমুখী, স্ত্রী. [অগ্নি+মুখী] ভল্লাতকী, ভেলা৺ [কামান, বন্দুক।
অগ্নিযন্ত্র, ন. [অগ্নি+যন্ত্র] আগ্নেয় যন্ত্র,
অগ্নিরজা, পুং. [অগ্নি+রজস্] ইন্দ্রগোপ নামক কীটবিশেষ।
অগ্নিরক্ষণ, ন. [অগ্নি+রক্ষণ] অগ্ন্যাধান, অগ্নিহোত্র।
অগ্নিরহস্য, ন. [অগ্নি+রহস্য] আগ্নেয়মন্ত্র অগ্নিসংহিতা।
অগ্নিরুহা, স্ত্রী. [অগ্নি+রুহা] মাংসরোহিণী নাড়ী বিশেষ; বৃক্ষবিশেষ।
অগ্নিশর্ম্মা, পুং. [অগ্নি+শর্ম্মন্] মহাক্রোধী, উদ্দীপ্ত, ক্রোধান্বিত, ক্রোধে অগ্নিতুল্য; মুনিবিশেষ।
অগ্নিশিখ, পুং. [অগ্নি+শিখ] দীপ; বাণ, কুঙ্কুম, কুসুম্ভবৃক্ষ। (ন) স্বর্ণকুসুম্ভ পুষ্প।
অগ্নিশিখা, স্ত্রী. [অগ্নি+শিখা] জ্বালা, অগ্নি-জিহ্বা; লাঙ্গলিকীবৃক্ষ, বিষলাঙ্গলা বৃক্ষ-বিশেষ, বিশল্যা, অনন্তা, কলিনী, শক্রপুষ্পী।
অগ্নিশেখর, ন. [অগ্নি+শেখর] কুঙ্কুম।
অগ্নিষ্টুৎ, ন. [অগ্নি+স্তুৎ] অজ্ঞাতপূর্ব্বক গো ব্রাহ্মণাদি হত্যার প্রায়শ্চিত্ত বিশেষ।
অগ্নিষ্টোম, পুং. [অগ্নি+স্তোম] যজ্ঞবিশেষ, যাগবিশেষ; অগ্নি সম্বন্ধীয় বেদোক্ত অগ্নিস্তব।
অগ্নিষ্ঠ, ন. [অগ্নি+স্থ] লৌহময় তণ্ডুলাদি ভর্জ্জনপাত্র, কড়া, কটাহ; ভাজনাখোলা বিশেষ। (ত্রি) অগ্নিস্থিত।
অগ্নিষ্বাত্তা, পুং. [অগ্নি+স্ব+আত্তা] মরীচি পুত্র, পিতৃগণ বিশেষ। [কর্ম্ম।
অগ্নিসংস্কার, পুং. [অগ্নি+সংস্কার] দাহাদি
অগ্নিসখ, পুং. [অগ্নি+সখি] বায়ু, পবন, বাতাস।
অগ্নিসম্ভব, পুং. [অগ্নি+সম্ভব] অরণ্যকুসুম্ভ, বনপুষ্প বিশেষ। (ত্রি) অগ্নি হইতে উৎপন্ন।
অগ্নিসহায়, পুং. [অগ্নি+সহায়] বন-কপোত; বনপায়রা; বায়ু, পবন, বাতাস।
অগ্নিসার, ন. [অগ্নি+সার] চক্ষুর ঔষধ, অঞ্জন।
অগ্নিস্বাত্তা, পুং. [অগ্নি+স্ব+আত্তা] মরীচি পুত্র পিতৃগণ বিশেষ।
অগ্নিহোত্র, ন. [অগ্নি+হোত্র] যজ্ঞবিশেষ; যজ্ঞাগ্নি সঞ্চয়। (পুং) অগ্নি; ঘৃত।
অগ্নিহোত্রী, পুং. [অগ্নি+হোত্রিন্] অগ্নিতে হোমকর্ত্তা, যজ্ঞে দীক্ষিত, অগ্নিবিৎ, আহিতাগ্নি। [পুরোহিত।
অগ্নীধ্, পু. [অগ্নি+ইন্ধ] অগ্নিহোতা, অগ্নি-

অগ্নীধ্র, পুং. [অগ্নি+ইধ্র] ঋত্বিগ্‌বিশেষ; অগ্নিহোত্রকারী, পুরোহিত।
অগ্নীধ্রা, স্ত্রী. [অগ্নি+ইধ্রা] অগ্নিকার্য্য; হবির্দানাদি পূর্ব্বক অগ্নিজ্বালন।
অগ্নীন্ধন, ন. [অগ্নি+ইন্ধন] অগ্নি প্রজ্জ্বলিত করণ; অগ্নিজ্বালন কাষ্ঠ।
অগ্নীশ্বর, পুং. [অগ্নি+ঈশ্বর] বিশাল্যা, শক্রপুষ্পী, অগ্নিদেব।
অগ্নীসোমীয়ৈকাদশকপাল, পুং. ন. [অগ্নি+সোম+ঈয়+একাদশ+কপাল] একাদশ পাত্রে কল্পুপক্ক পিষ্টকাদি যাহা সোম ও অগ্নিকে উপহার দেওয়া যায়।
অগ্ন্যবতার, ত্রি. [অগ্নি+অবতার] অতি কোপান্বিত; শীঘ্রক্রোধী, ক্রোধিষ্ঠ; অগ্ন্যবতরণ; অগ্নি বিস্তার কারক।
অগ্ন্যভাব, পুং [অগ্নি+অভাব] অগ্নিরহিত, মন্দাগ্নি।
অগ্ন্যস্ত্র, ন. [অগ্নি+অস্ত্র] আগ্নেয়াস্ত্র; বাণ; অগ্নিঘটিতাস্ত্র, বন্দুক, কামান, পিস্তল।
অগ্ন্যাগার, পুং. [অগ্নি+আগার] যজ্ঞমন্দির, অগ্নিগৃহ, যে মন্দিরে যজ্ঞাগ্নি রক্ষিত হয়।
অগ্ন্যাধান, ন. [অগ্নি+আধান] শ্রুতি বিহিতাগ্নি সংস্কার; অগ্নিরক্ষণ; অগ্নিহোত্র।
অগ্ন্যাধেয়, ন. [অগ্নি+আধেয়] অগ্নিসংস্কার, যজ্ঞে মন্ত্র পাঠ পূর্ব্বক বহ্নি স্থাপন।
অগ্ন্যালয়, পুং. [অগ্নি+আলয়] যজ্ঞালয়, যজ্ঞাগ্ন্যাধারকুণ্ড।
অগ্ন্যাহিত, পুং. [অগ্নি+আহিত] যে গৃহস্থ যজ্ঞাগ্নি রক্ষা করিয়া রাখে।
অগ্ন্যুত্তাপ, পুং. [অগ্নি+উত্তাপ] অত্যন্ত উত্তাপ, অত্যুষ্ণ, অগ্নি সদৃশ উত্তাপ।
অগ্ন্যুৎপাত, পুং. [অগ্নি+উৎপাত] আকাশাদি হইতে অগ্নি বিকার, ধূমকেতু; উল্কাপাত।
অগ্ন্যুৎসব, পুং. [অগ্নি+উৎসব] জয়াগ্নি, উৎসবে অগ্নিক্রীড়া, হর্ষ সূচনার্থ মহোজ্জ্বলাগ্নি, দোলে চাঁচর।
অগ্র, ন. [অগ্‌+র] উপরিভাগ, শিরঃ, শিখর, পুরস্তাৎ অবলম্বন; পরিমাণ; প্রান্ত; সমূহ; আদ্য; প্রথম, (ত্রি.) উত্তম, প্রধান, শ্রেষ্ঠ; অধিক।
অগ্রকথক, ত্রি. [অগ্র+কথ+ক] উদ্বোধক; কথনশীল
অগ্রকর, পুং. [অগ্র+কর] দক্ষিণহস্ত; রশ্মির শেষভাগ। [পুরঃসর।
অগ্রগ, ত্রি. [অগ্র+গ] অগ্রগামী, অগ্রসর,
অগ্রগণ্য, ত্রি. [অগ্র+গণ্য] অগ্রগণনীয়; প্রধানতা।
অগ্রগামী, ত্রি. [অগ্র+গামিন্] অগ্রেগমনকর্ত্তা, অগ্রেসর, অগ্রসর।
অগ্রজ, পুং. [অগ্র+জ] জ্যেষ্ঠভ্রাতা, পূর্ব্বজ, প্রথমজাতসন্তান, অগ্রিয়, অগ্রিম; ব্রাহ্মণ জাতি; (ত্রি.) অগ্রজাত।
অগ্রজঙ্ঘা, স্ত্রী. [অগ্র+জংঘা] প্রতিজঙ্ঘা, জঙ্ঘার অগ্রভাগ।
অগ্রজন্মা, পুং. [অগ্র+জন্মন্] ব্রাহ্মণ; পুরোহিত; জ্যেষ্ঠ ভ্রাতা; ব্রহ্মা।
অগ্রজাতক, পুং. [অগ্র+জাত+ক] ব্রাহ্মণ; অগ্রজন্মা। [শ্রেষ্ঠজাতি।
অগ্রজাতি, পুং. [অগ্র+জাতি] ব্রাহ্মণজাতি;
অগ্রজ্যা, স্ত্রী. [অগ্র+জ্যা] সূর্য্যের বক্রাতিচার গতি।
অগ্রণী, পু. [অগ্র+নী] যে অগ্রে লইয়া যায়; প্রধান সেনাপতি। (ত্রি.) শ্রেষ্ঠ, প্রধান।
অগ্রতঃ, ব্য. [অগ্র+তস্] অগ্রত, অগ্রে, প্রথমে; পুরতঃ, পুরঃ।
অগ্রতঃসর, ত্রি. [অগ্রতস্+সর] অগ্রগামী, পুরোবর্ত্তী; অগ্রগ, অগ্রেসর।
অগ্রদানী, পুং. [অগ্র+দানিন্] আগ্রহারিক, পতিতব্রাহ্মণ বিশেষ।
অগ্রনিরূপণ, ত্রি. [অগ্র+নিরূপণ] অগ্রে স্থিরকরণ, ভবিষ্যৎ কথন।
অগ্রপর্ণী, স্ত্রী. [অগ্র+পর্ণী] অজলোমাবৃক্ষ; আলকুশী।
অগ্রপশ্চাৎ, ব্য. [অগ্র+পশ্চাৎ] পূর্ব্বাপর; বহুকালীন, চিরকাল, আবহমান কাল।

অগ্রপাণি, ত্রি. [অগ্র+পাণি] হস্তেরঅগ্রভাগ; দক্ষিণহস্ত।

অগ্রপ্রবর্ত্তিত, ত্রি. [অগ্র+প্রবর্ত্তিত] উন্মুখ।

অগ্রবাদী, পুং. [অগ্র+বাদিন্] অনাগতদর্শক, ভাবিবক্তা, ভবিষ্যদ্বক্তা, ভাবিকথক। [বীজাগ্র।

অগ্রবীজ, ত্রি. [অগ্র+বীজ] বৃক্ষের অঙ্কুর,

অগ্রভাগ পুং. [অগ্র+ভাগ] অগ্রাংশ।

অগ্রভূত, ত্রি. [অগ্র+ভূত] পূর্ব্বভূত, পূর্ব্ববক্তৃ; প্রথম।

অগ্রভূমি স্ত্রী. [অগ্র+ভূমি] পূর্ব্বস্থান: শ্রেষ্ঠাভূমি।

অগ্রমাংস, ন. [অগ্র+মাংস] অগ্রমাস, হৃদয় ও উদরমধ্যবর্ত্তি মাংসবর্দ্ধক রোগ বিশেষ।

অগ্রমৃত, ত্রি. [অগ্র+মৃত] পূর্ব্বে মৃত, প্রথমাপগত; পূর্ব্বে যে মরিয়াছে।

অগ্রযান, ন. [অগ্র+যান] নাসীর, সেনার অগ্রগমন।

অগ্রলক্ষণ, ন. [অগ্র+লক্ষণ] পূর্ব্বচিহ্ন, পূর্ব্বলিঙ্গ। [শাক।

অগ্রলোহিতা, স্ত্রী. [অগ্র+লোহিতা] চিল্লি-

অগ্রসন্ধানী, স্ত্রী. [অগ্র+সন্ধান+ইন্] যমপঞ্জিকা অর্থাৎ জীবের শুভাশুভ কর্ম্ম লিখিত যমের পুস্তিকা; নখরঞ্জনী।

অগ্রসর, ত্রি. [অগ্র+সর] অগ্রগামী, অগ্রগ।

অগ্রসরণ, পুং. [অগ্র+সরণ] অগ্রগমন, অগ্রগামী; প্রাধান্য। [অগ্রগামী।

অগ্রসার, ত্রি. [অগ্র+সার] অগ্রবর্ত্তী,

অগ্রসূক্ষ্মীকৃত, ত্রি. [অগ্র+সূক্ষ্মীকৃত] নিশিত, তেজিত, ক্ষুত, শাণিত, তীক্ষ্মীকৃত।

অগ্রসূচক, ত্রি. [অগ্র+সূচক] পূর্ব্বদর্শক, অগ্রবোধক, পূর্ব্বনির্দ্দেশিক।

অগ্রসূচনা, স্ত্রী. [অগ্র+সূচনা] অগ্রজ্ঞান, অগ্রনিরূপণ, ভাবিজ্ঞান, পূর্ব্বজ্ঞান।

অগ্রস্থ, ত্রি. [অগ্র+স্থ] বানপ্রস্থ, অগৃহ, গৃহিণীশূন্যগৃহ; গৃহস্থাশ্রমভাগী, বনবাসী।

অগ্রহ, পুং. [ন+গ্রহ] গ্রহশূন্য, বিরুদ্ধ গ্রহের অদর্শন।

অগ্রহণ, ন. [ন+গ্রহণ] অনাদান, অপ্রতিগ্রহণ; অপ্রাপ্তি, অপ্রাপণ।

অগ্রহণীয়, ত্রি. [ন+গ্রহণীয়] অগ্রাহ্য, অনাদেয়; অস্বীকার্য্য। [হস্তীশুণ্ডাগ্র।

অগ্রহস্ত, পুং [অগ্র+হস্ত] দক্ষিণহস্ত;

অগ্রহায়ণ, পুং. [অগ্র+হায়ন] মার্গশীর্ষমাস, হেমন্তের প্রথম মাস।

অগ্রহার, পুং. [অগ্র+হার] দেবস্ব। ব্রহ্মস্ব; শস্যপূর্ণক্ষেত্র।

অগ্রাহ্য, ত্রি, [ন+গ্রাহ্য] অগ্রহণীয়, গ্রহণাযোগ্য, অনাদেয়, অস্বীকার্য্য, অপ্রতিগ্রাহ্য; শিবনির্ম্মাল্য।

অগ্রিম, ত্রি, [অগ্র+ইম] প্রধান, উত্তম; জ্যেষ্ঠ; অগ্র।

অগ্রিমা, স্ত্রী, [অগ্র+ইম+আ] লবণীফল, লোণা। [জ্যেষ্ঠভ্রাতা।

অগ্রিয়, ত্রি. [অগ্র+ইয়] প্রধান। (পুং.)

অগ্রীয়, ত্রি. [অগ্র+ঈয়] প্রধান, উত্তম; (পুং.) জ্যেষ্ঠ ভ্রাতা, অগ্রজ।

অগ্রেগ, পুং. [অগ্রে+গ] অগ্রগামী, অগ্রসর; পুরোগ।

অগ্রেগা, পুং. [অগ্রে+গা] অগ্রগামী।

অগ্রেগূ পুং. [অগ্রে+গ+উ] অগ্রগামী।

অগ্রেদিধিষু, পুং. [অগ্রে+দিধিষু] দ্বিবিবাহিতাস্ত্রী যাহার গৃহিণী, পুনর্ভূপতি। -ষূ (স্ত্রী.) অবিবাহিতা জ্যেষ্ঠা ভগিনী বিদ্যমানে বিবাহিতা কনিষ্ঠাভগিনী।

অগ্রেবণ, ন. [অগ্রে+বন] বনের অগ্রভাগ, অর্থাৎ বনান্তভাগ। [প্রাগুক্ত।

অগ্রেকথন ন. [অগ্রে+কথন] পূর্ব্বোক্ত,

অগ্রেসর, ন. [অগ্রে+সর] অগ্রগামী, অগ্রবর্ত্তী, অগ্রগ, পুরোগ, অগ্রতঃসরঃ, পুরঃসর, অগ্রসর, পুরোগম, পুরোগামী, অগ্রে গমনকর্ত্তা; শ্রেষ্ঠ।

অগ্রেসরিক, পুং. [অগ্রে+সর+ইক] অগ্রগামী; অগ্রণী, সরদার।

অগ্র্য, ত্রি. [অগ্র+য] প্রধান, উত্তম। (পুং.) জ্যেষ্ঠভ্রাতা, অগ্রজ। (ত্রি.) প্রধান, প্রমুখ, প্রবেক, অনুত্তম, উত্তম,

মুখ্য, বর্য্য, বরেণ্য, প্রবর্হ, অনবরার্দ্ধ্য-বান, পরার্দ্ধ্যাগ্র, প্রাগ্রিয়ার্হ, অগ্রীয়, অগ্রাগ্য, অগ্রিম।

অগ্রু, স্ত্রী. [অগ্র+উ]অঙ্গুলী, করপল্লব। বেদপ্রচুর প্রয়োগ।

অগ্রুব, পুং. [অগ্র+উব] নদী, সরিৎ।

অগ্লানি, ত্রি. [ন+গ্লানি] অশ্রান্ত, অক্লান্ত; অবিরক্ত।

অঘ, পুং. [ন+ঘ] পিশাচ, প্রেত। (ন) পাপ, দুঃখ, ব্যসন।

অঘটন ন. [ন+ঘটন] ঘটনা রহিত।

অঘটনা, স্ত্রী. [ন+ঘটনা] অসঙ্গত, অসম্ভব। [অসাধনীয়, অসাধ্য।

অঘটনীয়, ত্রি. [ন+ঘটনীয়] অসম্ভাব্য;

অঘটিত ন. [ন+ঘটিত] ঘটনা রহিত।

অঘন, ত্রি. [ন+ঘন] মেঘশূন্য, গততোয়দ; ঘনাভাব; পাতলা।

অঘনাশক, ত্রি. [অঘ+নাশক] পাপনাশক, কিল্বিষনাশক।] বিষ্ণু।

অঘনাশন, ত্রি, [অঘ+নাশন] পাপনাশন

অঘবান্, ত্রি. [অঘ+বৎ] দুষ্কৃতি, পাপী।

অঘময়, ত্রি. [অঘ+ময়] পাপময়, পাপ-বিশিষ্ট।

অঘমর্ষণ, ত্রি. [অঘ+মর্ষণ] পাপনাশন, সর্ব্ব পাপ ধ্বংসন; জপনীয়; সন্ধ্যাদি বৈদিক মন্ত্রপ্রয়োগ।

অঘর্ম্ম, ত্রি. [ন+ঘর্ম্ম] ঘর্ম্মাভাব, নিঃস্বেদ

অঘাতক, ত্রি. [ন+ঘাতক] অবধকারী, অসংহারক, অহিংসক।

অঘাতী, ত্রি. [ন+ঘাতিন্] অনপকারক, অপ্রাণান্তক।

অঘাতুক, ত্রি. [ন+ঘাতুক] অবধকারী, অনন্তক, অবিনাশক।

অঘাসুর, পুং. [অঘ+অসুর] অঘনামক অসুর, কংসরাজ সেনাপতি।

অঘাহ, ন. [অঘ+অহস্] মৃতাশৌচ সময়

অঘূর্ণ, ত্রি. [অঘ+ঊর্ণ] অভ্রান্ত; ভ্রমর।

অঘৃণ, ত্রি. [অঘ+ঘৃণ] ঘৃণারহিত, নির্ঘৃণ।

অঘো, ব্য. সম্বোধনার্থ শব্দবিশেষ।

অঘোর, পুং. [ন+ঘোর] মহাদেব, শিব। (ত্রি) অতি ভয়ানক; অভয়ানক।

অঘোরপন্থী, ত্রি. [অঘোর+পন্থিন্] শৈব সম্প্রদায় বিশেষ; কুপথগামী।

অঘোরা, স্ত্রী. [অঘোর+আ] ভাদ্র কৃষ্ণা-

অঘোষ, ত্রি. [ন+ঘোষ] আভীর শূন্য দেশাদি; শব্দ রহিত; মন্দশব্দ, অল্প-ধ্বনিযুক্ত; কলাপাদি ব্যাকরণের সংজ্ঞা বিশেষ (পুং) বর্গের প্রথম ও দ্বিতীয়বর্ণ এবং শ ষ স।

অঘোষবর্ণ, ত্রি. [অঘোষ+বর্ণ] কুৎসিত-বর্ণ, অনভ্যস্তাক্ষর; বর্গের প্রথম ও দ্বিতীয়বর্ণ এবং শ ষ স।

অঘ্ন, পুং [ন+হন] ব্রহ্মা, চতুরানন।

অঘ্না, স্ত্রী. [ন+হন+আ] গাভী; অবধ্যা।

অঘ্ন্য, পুং. [ন+হন+য] ব্রহ্মা, চতুরানন।

অঘ্ন্যা, স্ত্রী. [ন+হন+যা] অবধ্যা, অনাশ্যা; স্ত্রীগবী, সুরভী।

অঙ্ক, পু. [অঙ্ক্+অ] চিহ্ন; ক্রোড়; রূপক বিশেষ; অপবাদ; অপরাধ; রেখা; ভূষণ; সামীপ্য; স্থান; নাটকাংশ; চিত্রযুদ্ধ; শরীর; নবসংখ্যা।

অঙ্কক, ত্রি. [অঙ্ক+ক] অঙ্ক বিশিষ্ট, সংখ্যাবিশিষ্ট।

অঙ্কতি, পুং. [অঙ্ক+তি] ব্রহ্মা; অগ্নি, অগ্নিহোত্রী; বায়ু।

অঙ্কথনী, স্ত্রী. [অঙ্কৎ+থন+ঈ] বরাসী; স্লানবসন।

অঙ্কন, ন. [অঙ্ক্+অন] সংখ্যা; সংস্থান, চিহ্ন যুক্ত করণ, আঁকন, দাগন

অঙ্কনীয়, ত্রি. [অঙ্ক্+অনীয়] অঙ্কার্হ, চিহ্ন-করণযোগ্য। [বিনিময়।

অঙ্কপরিবর্ত্তন, ন. [অঙ্ক+পরিবর্ত্তন] অঙ্ক-

অঙ্কপাত, পুং. [অঙ্ক+পাত] অঙ্কপাতন, কোন হিসাব করণার্থ সংখ্যা সংস্থাপন।

অঙ্কপাশাধ্যায়, পুং. [অঙ্ক+পাশ+অধ্যায়] সুশৃঙ্খলাপূর্ব্বক অঙ্ক সকলকে পরস্পর বিন্যস্তকরণ।

অঙ্কপাশব্যবহার, পুং [অঙ্ক+পাশ+ব্যবহার] অঙ্ক সকলকে পরস্পর শ্রেণী বদ্ধ করণ, অঙ্কপাশাধ্যায়।

অঙ্কপালিকা, স্ত্রী. [অঙ্ক+পালিকা] আলিঙ্গন; পরস্পর অঙ্ক রক্ষণ।

অঙ্কপালী, স্ত্রী.[অঙ্ক+পাল+ঈ] আলিঙ্গন; ধাত্রী; বেদিকাখ্যগন্ধদ্রব্য, ইহার নামান্তর কোটি।

অঙ্কপূরণ, ন. [অঙ্ক+পূরণ] পূরণ, গুণন, অঙ্ক সকলের গুণকরণ।

অঙ্কফোলা, পুং.[অঙ্ক+ফোলা]ব্যঞ্জনবর্ণের সহিত অনুনাসিক বর্ণ সংযোগ।

অঙ্কলোড্য, পুং. [অঙ্ক+লোড্য] চিঞ্চোটক, চেচঁকা; কেহ বলে চিঞ্চোড় মূল।

অঙ্কবিদ্যা, স্ত্রী. [অঙ্ক+বিদ্যা] অঙ্কশাস্ত্র, গণিতবিদ্যা।

অঙ্কবিদ্যাব্যবসায়ী, পুং. [অঙ্ক+বিদ্যা+ব্যবসায়ী] অঙ্কবিৎপণ্ডিত, গণিতশাস্ত্র পণ্ডিত। [বিশারদ।

অঙ্কবিদ্বান্ পুং. [অঙ্ক+বিদ্বস্] অঙ্কশাস্ত্র-

অঙ্কবৃদ্ধি, স্ত্রী. [অঙ্ক+বৃদ্ধি] অঙ্কাধিক্য, অঙ্কের গুণ কিম্বা বৃদ্ধিকরণ।

অঙ্কভাক্, ত্রি. [অঙ্ক+ভাজ্] অঙ্কপার্শ্বেস্থিত; শ্রোণিদেশস্থ।

অঙ্কশাস্ত্র, পুং.[অঙ্ক+শাস্ত্র] অঙ্কবিদ্যা।

অঙ্কহরণ, পুং. [অঙ্ক+হরণ] অঙ্ক ভাগকরণ।

অঙ্কস্থ, ত্রি. [অঙ্ক+স্থ] ক্রোড়স্থিত, ক্রোড়ে প্রতিপালিত, অঙ্কস্থিত।

অঙ্কস্থিত, ত্রি. [অঙ্ক+স্থিত] ক্রোড়স্থিত।

অঙ্কার পুং. [অং+কার] স্বরবিশেষ; সোণা বৃক্ষ; গণক। [কৃতাঙ্ক, লাঞ্ছিত।

অঙ্কিত, ত্রি. [অঙ্ক+ইত] অঙ্কনযুক্ত,চিহ্নিত,

অঙ্কী, স্ত্রী. [অঙ্ক+ঈ] অঙ্ক্য, মৃদঙ্গ বিশেষ বাদ্য। [চাবি, কুলুপকাটী।

অঙ্কুট, পুং.[অঙ্ক্+উট] উদ্ঘাটন; কুঞ্চিকা,

অঙ্কুর, পুং. [অঙ্ক্+উর] অঙ্কুর, বীজোদ্ভব, সুতনোৎপন্ন তৃণাদি. অভিনবোদ্ভিদ্, উদ্ভেদ প্ররোহ, অকুর, রোহ; শোণিত; জল; আকাশ; লোম।

অঙ্কুরক, পুং. [অঙ্কুর+ক] নীড়, কুলায়, খগস্থান,পক্ষীরবাসস্থান, পক্ষীর বাসা।

অঙ্কুরিত, পুং. [অঙ্কুর+ইত] অঙ্কুর বিশিষ্ট, অঙ্কুরজড়িত।

অঙ্কুরিতযৌবনা, স্ত্রী. [অঙ্কুরিত+যৌবনা] যৌবনারম্ভ, যৌবনের প্রথমাবস্থা।

অঙ্কুরায়িত, ত্রি. [অঙ্কুর+অয়িত] অঙ্কুর হওনে উন্মুখ।

অঙ্কুরোদয়, পুং. [অঙ্কুর+উদয়]অঙ্কুরোদ্ভব।

অঙ্কুশ, পুং. ন. [অনুক+উশ] শৃণি, সৃণি হস্তীশাসন বক্রলৌহদণ্ড,ডাঙ্গশ, অঙ্কূষ।

অঙ্কুশবারণ,ন. [অঙ্কুশ+বারণ] অঙ্কুশপাত, হস্তীশাসন। [পক, মাহুত।

অঙ্কুশগ্রহ, পুং. [অঙ্কুশ+গ্রহ] হস্তীপ,হস্তী-

অঙ্কুশদুর্দ্ধর, পুং. [অঙ্কুশ+দুর্দ্ধর] অঙ্কুশাবার্য্য হস্তী, দুরন্ত বারণ, দুর্দ্দমহস্তী।

অঙ্কুশী, স্ত্রী. [অঙ্কুশ+ঈ] জৈনগণ দেবতা ভেদে অশোকা মানবী চণ্ডাদি শাসন দেবী; অঙ্কুশ-ধারণকর্ত্রী।

অঙ্কূর, পুং. [অনুক+ঊর]·বীজোদ্ভব,অঙ্কুর।

অঙ্কূষ, পুং ন. [অনুক+ঊষ] অঙ্কুশ।

অঙ্কোট-অঙ্কোঠ, পুং. [অঙ্ক+ওট-ঠ] বৃক্ষবিশেষ, অকোড়; ধলআঁকুড়া,তৎপর্য্যায়। নিকোচক, নিকোঠক, লিকোচক, অঙ্কোলক, বোধ, নেদিষ্ঠ, দীর্ঘকীলক, রামঠ, কোঠর, রেচী, গূঢ়পত্র, গুপ্তস্নেহ, পীতসার, মদন, গূঢ়বল্লিকা, পীত, তাম্রফল, দীর্ঘকীল, গুণাঢ্যক, কোলক, লম্বকর্ণ, গন্ধপুষ্প, রোচন, বিশাল তৈলগর্ভ।

অঙ্কোল-অঙ্কোলক, পুং. [অঙ্ক+উল+ক] অঙ্কোঠবৃক্ষ, আঁকড় গাছ।

অঙ্কোলিকা, স্ত্রী. [অঙ্কোলিক+আ] আলিঙ্গন, আশ্লেষ। [নির্য্যাস, বিষবিশেষ।

অঙ্কোল্লসার, পুং. [অঙ্কোল্ল+সার] অঙ্কোট-

অঙ্ক্য, পুং. [অনুক+য]হরীতক্যাকৃতি মৃদঙ্গ; আলিঙ্গ্য, পাখওয়াজ। (ত্রি) অঙ্কিত; গণীকৃত।

অঙ্গ, ন. [অনুগ+অ] শরীরাদির এক দেশ, অবয়ব; গাত্র; বেদাঙ্গ; উপায়; মন; বুদ্ধি; জৈন শাস্ত্রবিশেষ; (পুং.) দেশ-

বিশেষ ; ভূমি ; (ব্য) সম্বোধন ; পুনরর্থ; (ত্রি) শরীরস্থ ; সন্নিহিত।
অঙ্গঅবশ, (প্রা) অঙ্গাবশ, পক্ষাঘাত, শরীরাবশ।
অঙ্গক, ন. [অঙ্গ+ক] অবয়ব। [ত্রি] শারীরিক, কায়িক, শরীরজ, অঙ্গবিশিষ্ট।
অঙ্গগ্রহ, পুং, [অঙ্গ+গ্রহ] গাত্রবেদনা।
অঙ্গচ্ছেদ, ত্রি. [অঙ্গ + ছিদ্+অ] ছিন্নাঙ্গ, খণ্ডিত বিগ্রহ।
অঙ্গচ্ছেদক, ত্রি. [অঙ্গ+ছিদ্+অক] নাড়ীচ্ছেদক অস্ত্রাদি বিশেষ।
অঙ্গজ, পুং. [অঙ্গ+জ] পুত্র ; কেশ ; কাম; মদ ; পীড়া ; (ন) রক্ত; (ত্রি) শরীরজাত, দেহজ।
অঙ্গজা, স্ত্রী. [অঙ্গজ+আ] কন্যা (ত্রি) শরীরজাতা।
অঙ্গঠ, (প্রা) আঙটা, অঙ্গার শকটী।
অঙ্গণ, ন. [অনৃগ+অণ] চত্বর, প্রাঙ্গণ, উঠান।
অঙ্গতি, পুং. [অঙ্গ+তি] ব্রহ্মা ; বিষ্ণু ; অগ্নি ; অগ্নিহোত্রী।
অঙ্গদ, পুং, [অঙ্গ+দা+অ] বানররাজবালি পুত্র ; (ন) কেয়ূর, তাড়, বাজু, তাবিচ।
অঙ্গদা, স্ত্রী. [অঙ্গদ+আ] দক্ষিণদিগ্‌হস্তির ভার্য্যা।
অঙ্গন, ন. [অনৃগ+অন] অঙ্গন ভূমি, আঙ্গন্‌, উঠান, তৎপর্য্যায়—চত্বর, অজির, অঙ্গন, প্রাঙ্গণ; যান, গমন।
অঙ্গনা, স্ত্রী. [অঙ্গন+আ] কামিনী ; সুন্দর অঙ্গ বিশিষ্টা স্ত্রী; সার্ব্বভৌম নাম উত্তরদিগ্‌হস্তির পত্নী ; বৃষ, কর্কট, বৃশ্চিক, মকর, মীন, কন্যারাশি।
অঙ্গনাগণ, ন. [অঙ্গনা+গণ] কামিনীগণ।
অঙ্গনাজন, পুং. [অঙ্গনা+জন] স্ত্রীলোক।
অঙ্গনাপ্রিয়, পুং. [অঙ্গনা+প্রিয়] অশোকবৃক্ষ; স্ত্রীলোকের প্রিয় বৃক্ষ।
অঙ্গন্যাস, পুং. [অঙ্গ+ন্যাস] পূজা করণ সময়ে ভিন্ন ভিন্ন প্রত্যঙ্গস্পর্শ।
অঙ্গপালি, পুং. [অঙ্গ+পালি] আলিঙ্গন, আশ্লেষ। [আপাদমস্তক।
অঙ্গপ্রত্যঙ্গ, ব্য. [অঙ্গ+প্রতি+অঙ্গ] সর্ব্বাঙ্গ,
অঙ্গপ্রায়শ্চিত্ত, ন. [অঙ্গ+প্রায়শ্চিত্ত] পাপমোচনার্থ অশুদ্ধ দেহ প্রতিকার, অশৌচান্ত দ্বিতীয় দিনকৃত্য বিশেষ।
অঙ্গব, পুং. [অঙ্গ+ব] শুষ্ক ফল।
অঙ্গবশ, ত্রি. [অঙ্গ+বশ] স্বায়ত্ত হস্তপদাদি।
অঙ্গবিকৃতি, পুং. [অঙ্গ+বিকৃতি] অপস্মাররোগ, মৃগিরোগ বিশেষ।
অঙ্গবিক্ষেপ, পুং. [অঙ্গ+বিক্ষেপ] অঙ্গহার, অঙ্গসঞ্চালন, হস্তপদাদি বিক্ষেপকরণ।
অঙ্গবৈকৃত, ন. [অঙ্গ+বৈকৃত] ইঙ্গিত, আকারভঙ্গি; অঙ্গের বিকার।
অঙ্গভঙ্গি, পুং. [অঙ্গ+ভঙ্গি] অভিনয়, হস্তাদি দ্বারা সঙ্কেত বা ইঙ্গিতকরণ।
অঙ্গমর্দ্দ, পুং. [অঙ্গ + মৃদ্+অ] অঙ্গমর্দ্দনকারক ভৃত্য, সংবাহক, অঙ্গমর্দ্দক, অঙ্গমর্দ্দী। [কারক।
অঙ্গমর্দ্দক, পুং. [অঙ্গ+মৃদ্+অক] অঙ্গমর্দ্দন
অঙ্গরক্ত, পুং. [অঙ্গ+রক্ত] বৃক্ষ বিশেষ, গুণ্ডারোচনী, তৎপর্য্যায়—পিকাঙ্ক, রোচনী, লঘুপত্রক, কম্পিল্ল, কর্কশ, চন্দ্র, রক্তাঙ্গ।
অঙ্গরক্ষিণী, স্ত্রী. [অঙ্গ+রক্ষিণী] সন্নাহ, সাঁজোয়া, অঙ্গত্রাণ, অঙ্গরক্ষণ, জালিকা, কবচ, বর্ম্ম, আয়সী, লৌহ নির্ম্মিত জাল।
অঙ্গরাখা, (প্রা) অঙ্গরক্ষিণী, জামা আঁগ্‌রাখা।
অঙ্গরাগ, পুং. [অঙ্গ+রাগ] অঙ্গ সৌন্দর্য্য কারক দ্রব্য, গাত্ররঞ্জন, অঙ্গে চন্দনাদি লেপন, বিলেপন। [পতি, কুন্তীপুত্র কর্ণ।
অঙ্গরাজ, পুং. [অঙ্গ+রাজ] অঙ্গদেশাধি-
অঙ্গরুহ, ন. [অঙ্গ+রুহ] তনুরুহ, শরীরাচ্ছাদিত লোম; ঊর্ণা; দন্ত।
অঙ্গরোম, ন. [অঙ্গ+রোম] শরীরের লোম।
অঙ্গলেপ, পুং. [অঙ্গ+লেপ] অনুলেপন, বিলেপন, অভ্যঞ্জন, সমালম্ভ, আভিষেচনিক দ্রব্য।
অঙ্গলোড্য, পুং. [অঙ্গ+লোড্য] চিঙ্গাটকতৃণ; আর্দ্রক, আদা। [বল।
অঙ্গসংহতি, স্ত্রী. [অঙ্গ+সংহতি] শারীরিক
অঙ্গসংস্কার, পুং. [অঙ্গ+সংস্কার] কুঙ্কুমাদি দ্বারা শরীরের শোভাকরণ; স্নানকালে

গাত্র মার্জ্জনাদিক্রিয়া; ঘর্ম্মাদিতে গাত্রের দুর্গন্ধ দূরীকরণার্থ চন্দনাদি লেপন।
অঙ্গসঙ্গ, পুং. [অঙ্গ+সঙ্গ] অঙ্গের পরস্পর সংযোগ, সম্ভোগ, মৈথুন, রতি।
অঙ্গসঙ্গী, ত্রি. [অঙ্গ+সঙ্গিন্] অনুরক্ত, সংসক্ত, আনুষঙ্গিক। [করণ।
অঙ্গসৌষ্ঠব, ন. [অঙ্গ+সৌষ্ঠব] অঙ্গসৌন্দর্য্য
অঙ্গস্কন্ধ, পুং. [অঙ্গ+স্কন্ধ] শাস্ত্রের খণ্ড, শাস্ত্রবিভাগ। [অঙ্গবিক্ষেপ, অঙ্গহারী।
অঙ্গহার, পুং. অঙ্গ+হার] অঙ্গচালন,
অঙ্গহারি, ন. [অঙ্গ+হারি] অঙ্গবিক্ষেপন।
অঙ্গহীন, পুং. [অঙ্গ+হীন] কামদেব, অনঙ্গ, (ত্রি) অবয়বরহিত, অঙ্গহানি বিশিষ্ট। [পাত।
অঙ্গাঙ্গি, ব্য. [অঙ্গ+অঙ্গি] গণতা, পক্ষ-
অঙ্গাঙ্গী, ন. [অঙ্গ+অঙ্গী] পরস্পর সহকারী, একপক্ষাবলম্বন। [পতি, কর্ণ।
অঙ্গাধিপ, পুং.[অঙ্গ+অধিপ] অঙ্গদেশাধি-
অঙ্গার, পুং. [অনৃগ্+আর] মঙ্গলগ্রহ; বলী, (ন.) দগ্ধকাষ্ঠ খণ্ড, কয়লা, আংগরা, আলাত, অলাত, উল্মুক উন্মূক।
অঙ্গারক, পুং. [অঙ্গার+ক] মঙ্গলগ্রহ; অঙ্গার; কুরুণ্টকবৃক্ষ; ভৃঙ্গরাজ।
অঙ্গারকদিন, ন. [অঙ্গারক+দিন] বৈশাখ কিম্বা চৈত্র মাসের চতুর্দ্দশ দিবস; মঙ্গলবার। [খ্যাত পক্কতৈল।
অঙ্গারকতৈল, ন. [অঙ্গারক+তৈল] স্বনাম,
অঙ্গারকমণি, পুং [অঙ্গারক+মণি] প্রবাল, রত্নকন্দল, পলা। [বলী।
অঙ্গারকুষ্ঠক, পুং [অঙ্গার+কুষ্ঠক] হিতা-
অঙ্গারধানিকা, স্ত্রী. [অঙ্গার+ধানিকা] অঙ্গার ধারণপাত্র, অঙ্গারশকটী, হসন্তী, হসনী, আঙ্গটা, আঙ্গঠা, সাঁজাল
অঙ্গারপরিপাচিত, ন.[অঙ্গার+পরি+পাচিত] অঙ্গারপক্ক, অঙ্গারদ্বারা দগ্ধ; শূলীবৃদ্ধ পক্কমাংস, কাবাব।
অঙ্গারপর্ণ, পুং. [অঙ্গার+পর্ণ] গন্ধর্ব্বগণের অধ্যক্ষ, চিত্ররথ গন্ধর্ব্ব।
অঙ্গারপুষ্প, পুং. [অঙ্গার+পুষ্প] ইঙ্গুদীবৃক্ষ, তাপসপ্রিয়, জীবপত্রকবৃক্ষ, জিয়াপুতা।
অঙ্গারবল্লরী, স্ত্রী. [অঙ্গার+বল্লরী] করঞ্জবিশেষ; গুঞ্জা; ভার্গী, ব্রাহ্মণযষ্টিকাবৃক্ষ [ভার্গী, ব্রাহ্মণযষ্টিকা।
অঙ্গারমঞ্জী, স্ত্রী. [অঙ্গার+মঞ্জী] করঞ্জবিশেষ, ডারকরমচা, অঙ্গারমঞ্জরী।
অঙ্গারশকটী, স্ত্রী. [অঙ্গার+শকটী] অঙ্গারধানিকা, আগুনের আঙ্গটা।
অঙ্গারী, স্ত্রী. [অঙ্গার+ঈ] অঙ্গারধানিকা, ক্ষুদ্র আগ্নেয় কটাহ।
অঙ্গারিকা, স্ত্রী. [অঙ্গার+ইক+আ] ইক্ষুকাণ্ড; পলাশকলিকা, রক্তসৌন্দিক, কাম, চারুতা।
অঙ্গারিণী, স্ত্রী. [অঙ্গার+ইন্+ঈ] অঙ্গারধানিকা, চুল্লী; যে দিগ্ হইতে সূর্য্য অস্ত হয়।
অঙ্গারিত, ন. [অঙ্গার+ইত] পলাশ কলিকোদ্গম, (ত্রি.) দগ্ধ।
অঙ্গিকা, স্ত্রী.[অঙ্গ+ইক+আ] কঞ্চুক, কঞ্চুলিকা, কঞ্চুক, চোল, কূর্পাসক, কাঁচুলী আঙ্গিয়া।
অঙ্গিরা, পুং. [অঙ্গি+রস্] মুনি বিশেষ।
অঙ্গী, ত্রি. [অঙ্গ+ইন্] অঙ্গবিশিষ্ট; অবয়ব; প্রধান, মুখ্য।
অঙ্গীকরণ, ন. [অঙ্গী+করণ] প্রতিজ্ঞাকরণ, স্বীকারকরণ।
অঙ্গীকার, পুং. [অঙ্গী+কার] স্বীকার, তৎপর্য্যায়—সম্বিৎ, আগূ, প্রতিজ্ঞা, অভ্যুপগম, উররীকার, উরীকার, সংশ্রব, প্রতিশ্রব, প্রতিজ্ঞান, প্রতিশ্রুত, নিয়ম, আশ্রব, অভ্যুপগম, সমাধি।
অঙ্গীকৃত, ত্রি. [অঙ্গী+কৃত] স্বীকৃত, তৎপর্য্যায়—প্রতিজ্ঞাত, অভ্যুপগত, প্রতিশ্রুত, উরীকৃত, উররীকৃত, আশ্রুত, সংগীর্ণ, সংশ্রুত, বিদিত, সমাহিত, উপগ্রুত, উপগত, কবুলকরা।
অঙ্গীভূত, ত্রি. [অঙ্গী+ভূত] কৃত্রিম অঙ্গবিশিষ্ট, সং সাজা।
অঙ্গুরি, স্ত্রী. [অনৃগ+উরি] পাণিপাদাঙ্গুলী।
অঙ্গুরী, স্ত্রী. [অনৃগ+উরী] পাণিপাদাঙ্গুলী।

অঙ্গুরীয়, পুং. ন. [অঙ্গুরি+ঈয়]অঙ্গুলীভূষণ, ঊর্ম্মিকা, অঙ্গুলীয়ক, আঙ্গুটী।

অঙ্গুরীয়ক, পুং. ন. [অঙ্গুরীয়+ক] অঙ্গুলীয়ক, ঊর্ম্মিকা, অঙ্গুরীয়, অঙ্গুলীয়, করাটৌক, অঙ্গুলীক, অঙ্গুলীভূষণ, আঙ্গুটী।

অঙ্গুল, পুং.[অন্গ+উল]অঙ্গুষ্ঠ; অঙ্গুলী; অষ্ট যব পরিমাণ; বাৎস্যায়ন মুনি।

অঙ্গুলি, স্ত্রী.[অন্গ+উলি]করশাখা, আঙ্গুল; গজকর্ণিকা; হস্তিশুণ্ডাগ্রভাগ; অঙ্গুষ্ঠ।

অঙ্গুলিতোরণ, ন. [অঙ্গুলি+তোরণ] চন্দনাদিদ্বারা ললাটে অর্দ্ধ চন্দ্রাকার তিলক।

অঙ্গুলিত্র, ন. [অঙ্গুলি+ত্র] ধানুষ্কীর অঙ্গুলি রক্ষণ, অঙ্গুলিত্রাণ। [গ্রন্থি।

অঙ্গুলিপর্ব্ব, পুং. [অঙ্গুলি+পর্ব্ব] অঙ্গুলের

অঙ্গুলিবেষ্টন, ন. [অঙ্গুলি+ বেষ্টন] অঙ্গুরীয়ক, আঙ্গুটি।

অঙ্গুলিমুখ, ন. [অঙ্গুলি+মুখ] অঙ্গুল্যগ্রভাগ।

অঙ্গুলিমুদ্রা, স্ত্রী, [অঙ্গুলি+মুদ্রা] অঙ্গুলিমুদ্রিকা, স্বাক্ষরনির্ম্মিতমুদ্রা, স্বনামাঙ্কিত মুদ্রা, প্রভু নামাঙ্কিতমুদ্রা, ছাপার আঙ্গুটি, মোহরখোদা আঙ্গুটি।

অঙ্গুলিমোটন, ন. [অঙ্গুলি+মোটন] অঙ্গুলিদ্বয়েরমর্দ্দন শব্দ। তৎপর্য্যায়— মুচুটী, পুচ্ছটী, স্বচ্ছটী, অঙ্গুলি সন্দেশ, অঙ্গুলি মট্‌কান। [মোটন।

অঙ্গুলিসন্দেশ, পুং. [অঙ্গুলি+সন্দেশ] অঙ্গুলি

অঙ্গুলিস্ফোটন, ন. [অঙ্গুলি+স্ফোটন] অঙ্গুলীদ্বয়ের মর্দ্দন শব্দ, আঙ্গুল মট্‌কান

অঙ্গুলী, স্ত্রী. [অন্গ+উলী] শরীরাবয়ব বিশেষ। তৎপর্য্যায়—করশাখা, অঙ্গুলি, অঙ্গুরি, অঙ্গুরী, অঙ্গুল; হস্তিশুণ্ডাগ্র ভাগ।

অঙ্গুলীক, পুং. ন. [অঙ্গুলী+ক] অঙ্গুলীয়ক।

অঙ্গুলীত্র, ন. [অঙ্গুলী+ত্র]অঙ্গুষ্ঠানা, অঙ্গুলিরক্ষণ; দস্তানা।

অঙ্গুলীপঞ্চক, ন. [অঙ্গুলী+পঞ্চক] হস্তের পঞ্চাঙ্গুল যথা—অঙ্গুষ্ঠ।১। প্রদেশিনী।২। মধ্যমা।৩। অনামিকা।৪। কনিষ্ঠা।৫।

অঙ্গুলীয়, পুং ন. [অঙ্গুলি+ঈয়] করশাখা।

অঙ্গুলীয়ক, পুং ন. [অঙ্গুলীয়+ক] অঙ্গুলিভূষণ, আঙ্গুটি।

অঙ্গুলীসম্ভূত, পুং. [অঙ্গুলী+সম্ভূত] নখ, নখর, অঙ্গুলীরুহ।

অঙ্গুল্যগ্র, ন. [অঙ্গুলী+অগ্র] অঙ্গুলের অগ্রভাগ। [আঙ্গুল।

অঙ্গুষ্ঠ, পুং. [অঙ্গু+স্থা+অ] বৃদ্ধাঙ্গুলী, বুড়ো

অঙ্গুষ্ঠানা, স্ত্রী. [অঙ্গু+ষ্ঠানা] অঙ্গুলিত্র, সূচীচালন অঙ্গুলিরক্ষণ যন্ত্র।

অঙ্গূর, (যা)দ্রাক্ষাফল, আঙ্গুরফল,গোস্তনী।

অঙ্গূষ, পুং. [অন্গ+উষ] নকুল, বেজী; বাণ, তীর। [কিল্বিষ

অঙ্ঘঃ, ন.[অন্ঘ+অস্] অংহ, পাপ, অধর্ম্ম,

অঙ্ঘ্রি, পুং. [অন্ঘ+র+ই] চরণ; চতুর্থাংশ; বৃক্ষমূল।

অঙ্ঘ্রিনাম, ন. [অঙ্ঘ্রি+নাম] বৃক্ষমূল।

অঙ্ঘ্রিনামক, পুং. [অঙ্ঘ্রি+নামক] বৃক্ষমূল।

অঙ্ঘ্রিপ, পুং. [অঙ্ঘ্রি+পা+অ] বৃক্ষ, তরু।

অঙ্ঘ্রিপর্ণী, স্ত্রী. [অঙ্ঘ্রি+পর্ণী] পৃশ্নিপর্ণী, চিত্রপর্ণী, চাকুলিয়া।

অঙ্ঘ্রিবল্লি, স্ত্রী. [অঙ্ঘ্রি+বল্লি] চিত্রপর্ণী।

অঙ্ঘ্রিবল্লিকা, স্ত্রী. [অঙ্ঘ্রি+বল্লিকা] চিত্রপর্ণী বৃক্ষ,চাকুলিয়া লতা,অঙ্ঘ্রিবল্লি,অঙ্ঘ্রিবল্লী।

অঙ্ঘ্রিবল্লী, স্ত্রী. [অঙ্ঘ্রি+বল্লী] চিত্রপর্ণী।

অচকিত,ত্রি.[ন+চকিত]অবিস্মিত,অত্রাসিত।

অচক্রী, ত্রি. [ন+চক্রী] বক্র নহে, সরল।

অচঞ্চল, ত্রি. [ন+চঞ্চল] অচপল, ধৈর্য্যবান্। [রহিত।

অচঞ্চু, ত্রি. [ন+চঞ্চু] চঞ্চুরহিত, ঠোঁট

অচণ্ড,ত্রি. [ন+চণ্ড] নম্র, শান্ত, অনুগ্র

অচণ্ডী, স্ত্রী. [ন+চণ্ডী] সুশীলাগাভী, শান্তা গাই, সুকরা; অকোপনা

অচতুর,ত্রি.[ন+ চতুর]অকর্ম্মকৃত; নির্ব্বুদ্ধি।

অচতুরতা, স্ত্রী. [ন+চতুরতা] অনুৎসাহ, মূঢ়তা।

অচপল, ত্রি. [ন+ চপল] অস্থির, অচঞ্চল।

অচর, ত্রি. [ন+চর] চররহিত। [রহিত

অচরক, ত্রি. [ন+চরক] গতিহীন, চলন

অচরণ, ত্রি. [ন+ চরণ] চরণ রহিত,নিষ্পদ।

অচরিত, ত্রি. [ন+চরিত] অচল, অকৃত।

অচরিতার্থ, ত্রি. [ন+চরিতার্থ] অতুষ্টিজনক, অসন্তোষক।

অচরিষ্ণু, ত্রি. [ন+চরিষ্ণু] অচল, স্থির, চলৎ-শক্তিরহিত।

অচর্ব্বণ, ন. [ন+চর্ব্বণ] দন্তেরদ্বারা পেষণ নহে, অচিবান।

অচর্ব্বণীয়, ত্রি. [ন+চর্ব্বণীয়] অচর্ব্বিত, অচর্ব্ব্য, চর্ব্বণের যোগ্য নহে।

অচর্ম্ম, ত্রি. [ন+চর্ম্ম] চর্ম্মরহিত; ছালরহিত।

অচর্ম্মী, ত্রি. [ন+চর্ম্মী] নিষ্ফলকী, ঢালীনহে।

অচল, পু. [ন+চল] পর্ব্বত; বৃক্ষ; কীলক। (ত্রি) অকম্প।

অচলকীলা, স্ত্রী. [অচল+কীলা] পৃথিবী।

অচলত্বিট্, পুং. [অচল+ত্বিষ্] কোকিল।

অচলভ্রাতা, পুং. [অচল+ভ্রাতৃ] বৌদ্ধগণাধিপ বিশেষ, শেষ জৈনাচার্য্যের একাদশ শিষ্যের অন্তর্গত শিষ্য।

অচলা, স্ত্রী. [ন+চলা] পৃথিবী।

অচলাধিপ, পু. [অচল+অধিপ] হিমালয়, পর্ব্বত; ভূপতি। [দৃঢ়তা।

অচাপল্য, ন. [ন+চাপল্য] নিশ্চলতা,

অচিকিৎসনীয়, ত্রি. [ন+চিকিৎসনীয়] দুশ্চিকিৎস্য, অসাধ্য রোগ অর্থাৎ যে রোগের চিকিৎসা নাই।

অচিকিৎস্য, ত্রি; [ন+চিকিৎস্য] অপ্রতিকার্য্য, অপ্রতিবিধেয়। [অনিচ্ছুক, অলস।

অচিকীর্ষ, ত্রি. [ন+চিকীর্ষ] কর্ম্মকরিতে

অচিকুর, ত্রি. [ন+চিকুর] কেশরহিত, খল্লাট, টাকপড়া মাথা।

অচিন্তনীয়, ত্রি. [ন+চিন্তনীয়] চিন্তারহিত, অচিন্ত্য, অচিন্তিতব্য।

অচিক্কণ, ত্রি. [ন+চিক্কণ] অস্নিগ্ধ, অপিচ্ছল, চিকণ নহে।

অচিৎ, ত্রি. [ন+চিৎ] অজ্ঞান, মূর্খ, অচেতন।

অচিন্ত, ত্রি. [ন+চিন্ত] চিন্তারহিত, অনুৎকণ্ঠিত। [চেষ্টা, নিশ্চিন্তা।

অচিন্তা, স্ত্রী. [ন+চিন্তা] অমনোযোগ, অ-

অচিন্ত্য, ত্রি. [ন+চিন্ত্য] অননুধাবনীয়, নিশ্চিন্তনীয়। [বিলম্ব, অচিরাৎ।

অচির, ত্রি. [ন+চির] শীঘ্র, আশু, অনতি-

অচিরক্রিয়, ত্রি. [অচির+ক্রিয়]শীঘ্রকর্ম্মকর্ত্তা, ক্ষিপ্রকারী, সতর্ক।

অচিরজীবী, ত্রি. [ন+চির+জীবী অল্পায়ুবিশিষ্ট, অচিরায়ুঃ।

অচিরত্ব, ন. [ন+চিরত্ব] অনিত্যত্ব, অস্থায়িত্ব।

অচিরদ্যুতি, স্ত্রী. [ন+চির+দ্যুতি] বিদ্যুৎ, তড়িৎ। [সৌদামিনী।

অচিরপ্রভা, স্ত্রী. [ন+চির+প্রভা] বিদ্যুৎ,

অচিররোচিঃ, স্ত্রী. [ন+চির+রোচিস্] বিদ্যুৎ, সৌদামিনী, অস্থির প্রভা। [অনিত্য।

অচিরস্থায়ী, ত্রি. [ন+চির+স্থায়ী] নশ্বর,

অচিরা, স্ত্রী. [ন+চিরা] অর্হতের মাতৃবিশেষ।

অচিরাংশু, স্ত্রী. [অচির+অংশু] সৌদামিনী, চপলা, বিদ্যুৎ। [আশু, শীঘ্র।

অচিরাৎ, ব্য. [ন+চিরাৎ] অচির, অবিলম্ব,

অচিরায়, ব্য. [ন+চিরায়] শীঘ্র, অল্পকাল।

অচিরাভা, স্ত্রী. [অচির+আভা] বিদ্যুৎ, ক্ষণপ্রভা। [দাগরহিত।

অচিহ্নিত, ত্রি. [ন+চিহ্নিত] চিহ্নরহিত,

অচীরবস্ত্র, ত্রি. [অচীর+বস্ত্র] অখণ্ড বস্ত্র ছেঁড়াকাপড় নহে।

অচীর্ণ, ত্রি. [ন+চীর্ণ] অবিভক্ত, অভিন্ন; অপরি সমাপ্ত। [ব্রত।

অচীর্ণব্রত, ত্রি. [অচীর্ণ+ব্রত] অপরিসমাপ্ত

অচুম্বিত, ত্রি. [ন+চুম্বিত] চুম্বনরহিত।

অচূর্ণ, ত্রি, [ন+চূর্ণ] অচূর্ণীকৃত, গোটা, আস্ত।

অচূর্ণিত, ত্রি. [ন+চূর্ণিত] চূর্ণিতনহে, গোটা।

অচূষণীয়, ত্রি. [ন+চূষণীয়] অচূষিত, অচূষ্য।

অচেতন, ত্রি. [ন+চেতন] মুগ্ধ, অচৈতন্য, অজ্ঞান, চেতনারহিত। [উলঙ্গ।

অচেল, ত্রি. [ন+চেল] বস্ত্ররহিত, নির্ব্বস্ত্র,

অচেষ্ট, ত্রি. [ন+চেষ্টা] চেষ্টারহিত, অক্রিয়।

অচৈতন্য, ন. [ন+চৈতন্য] নিশ্চেতন, চেতনাভাব, অজ্ঞান; (ত্রি.) অন্বর্ত্তি।

অচ্ছ, পুং. [ন+ছো+অ] স্ফটিক; ভালুক; (ত্রি) স্বচ্ছ, নির্ম্মল, পরিষ্কৃত; (ব্য.) আভিমুখ্য, সাম্মুখ্য। [রহিত।

অচ্ছট, ত্রি. [ন+ছটা] শোভাহীন, জ্যোতি-

অচ্ছটাভা, স্ত্রী. [অচ্ছট+আভা] বিদ্যুৎ।

অচ্ছত্র, পুং. [ন+ছত্র] অরাজক, রাজহীন।

অচ্ছদ, ত্রি. [ন+ছদ] অনাবৃত, ঢাকা নহে, খোলা; পত্ররহিত।

অচ্ছন্ন, ত্রি. [ন+ছন্ন] অনাবৃত, অনাচ্ছাদিত; নিষ্কপট; ছলশূন্য।

অচ্ছন্ন, ত্রি. [ন+ছন্ন] অনাবৃত, খোলা।

অচ্ছভল্ল, পুং [অচ্ছ+ভল্ল] ঋক্ষ, ভল্লূক, ভালুক। [সাধু।

অচ্ছল, ত্রি. [ন+ছল] ছলনারহিত, সরল,

অচ্ছলগ্রাহক, ত্রি. [ন+ছল+গ্রাহক] অচ্ছলগ্রাহী, সাধু।

অচ্ছাদিত, ত্রি. [ন+ছাদিত] অনাচ্ছাদিত, অনাবৃত, খোলা।

অচ্ছিদ্র, ত্রি. [ন+ছিদ্র] নিশ্ছিদ্র, ছিদ্রহীন; দোষরহিত

অচ্ছিন্ন, ত্রি. [ন+ছিন্ন] অখণ্ড, অখণ্ডিত, অবিভক্ত, অবিভাজিত।

অচ্ছেদ্য, ত্রি. [ন+ছেদ্য] অভেদ্য, অদ্বিধা।

অচ্যুত, পুং [ন+চ্যুত] শ্রীকৃষ্ণ; বৃক্ষবিশেষ; (ত্রি) অক্ষয়, স্থির, অনশ্বর।

অচ্যুতাগ্রজ, পুং [অচ্যুত+অগ্রজ] বলদেব, শ্রীকৃষ্ণের জ্যেষ্ঠ; ইন্দ্র।

অচ্যুতাবাস, পুং [অচ্যুত+আবাস] যজ্ঞোডুম্বরবৃক্ষ; অশ্বত্থবৃক্ষ; দ্বারকা; মথুরা; গোলোক; বৈকুণ্ঠ; বৃন্দাবনধাম; ক্ষীরসমুদ্র।

অজ, পুং [ন+জ] ব্রহ্মা; বিষ্ণু; শিব; কামদেব, রাজা দশরথের পিতা; মেঘ; ছাগ মাক্ষিকধাতু; [ত্রি]জন্মরহিত। [পিনাক।

অজকব, পুং. ন. [অজ+কব] শিবের ধনুঃ,

অজকর্ণ, পুং [অজ+কর্ণ] ছাগকর্ণ; অসনবৃক্ষ; বাণ; সর্জ্জা, শালবৃক্ষ।

অজকর্ণক, পুং. [অজ+কর্ণক] শালবৃক্ষ।

অজকাব, পু. [অজ+কাব] শিবের ধনুঃ।

অজঙ্গম, ত্রি. [ন+জঙ্গম] অচল, স্থায়ী, অচ্যুত।

অজগন্ধা, স্ত্রী. [অজ+গন্ধ+আ] বনযমানী বৃক্ষবিশেষ; তৎপর্য্যায়—অজমোদা, খরাশ্বা, কারবী, উগ্রগন্ধা।

অজগন্ধিকা, স্ত্রী. [অজ+গন্ধিকা] বর্ব্বরাবৃক্ষ, বাবরি, তৎপর্য্যায়—তিলোনি, বস্তগন্ধা, খরপুষ্পা, অবিগন্ধিকা, ব্রহ্মগর্ভা, ব্রাহ্মী, পূতিময়ূরিকা।

অজগন্ধিনী, স্ত্রী. [অজ+গন্ধিনী] অজশৃঙ্গী বৃক্ষ।

অজগব, ন. [অজ+গব] পিনাক, শিবের ধনুঃ, অজকব, অজকাব, অজীকব, অজগার; অজাকর, অজাকার।

অজগর, পুং. [অজ+গর] বৃহৎসর্প, শয়ু, অজাগর সাপ।

অজগরব্রত, ত্রি. [অজগর+ব্রত] অলস, কুঁড়ে ব্রত বিশেষ।

অজঘন্য, ত্রি. [ন+জঘন্য] অবিগর্হ্য, অনিন্দ্য।

অজজীবিক, পুং. [অজ+জীবিক] অজাজীবী, ছাগপালক, মেষোপজীবী, জাবাল

অজটা, স্ত্রী. [ন+জটা] জটাহীন; ভূমিআমলকী, অজড়া, অজঝটা, বহুপুত্রী সূক্ষ্মফলা, অধ্যণ্ডা। [কুশী।

অজড়া, স্ত্রী. [ন+জড়া] কপিকচ্ছু, আল-

অজথ্যা, স্ত্রী. [অজ+থ্যা] হরিদ্রাবর্ণ পুষ্প; স্বর্ণযূথিকা; যূথিকা; দীক্ষিতা

অজদণ্ডী, স্ত্রী. [অজ+দণ্ডী] ব্রহ্মদণ্ডীবৃক্ষ।

অজনক, ত্রি. [ন+জনক] অনুৎপাদক, অজন্মদাতা, অস্রষ্টা, জন্মরহিত, অজন্মদ, অকারক। [ভাব; অকরণি, শাপ।

অজননি, পু. [ন+জননি] অনুৎপন্ন, উৎপত্ত্যা-

অজননী, স্ত্রী. [ন+জননী] অনুৎপাদিকা, অনুৎপন্না। [মাতৃহীন, মৃতমাতৃক।

অজননীক, ত্রি. [ন+জননী+ক] অমাতৃক,

অজন্ত, পুং. [অচ্+অন্ত] যে শব্দের শেষে অ আদি স্বরবর্ণ থাকে, স্বরান্ত।

অজন্ম, ত্রি. [ন+জন্ম] জন্মরহিত, অজাত।

অজন্মা ত্রি. [ন+জন্মন্] অবৈধজাত, জারজ।

অজন্য, ন. [ন+জন্য] উৎপাত, শুভাশুভ, ভূমিকম্প প্রভৃতির স্বাভাবিক অশুভ চিহ্ন। (ত্রি) অজননীয়।

অজপ, পুং. [অজ+প] দেবভেদ, অর্দ্ধনারীশ্বর; ছাগপালক; কুপাঠক, অসদধ্যেত, (ন.) জপরহিত।

অজপা, স্ত্রী. [ন+জপা] হংস মন্ত্ররূপস্বাভাবিক নিশ্বাস প্রশ্বাসস্বরূপ জীবের জপ; সন্ধ্যাবন্দন হীন। [ধ্যায়হীন।

অজপী, ত্রি. [ন+জপী] জপ্যহীনশক্তি, স্বা-

অজভক্ষ, পুং. [অজ+ভক্ষ] বর্ব্বূর বৃক্ষ।
অজমীঢ়, পুং [অজ+মীঢ়] রাজা যুধিষ্ঠির, অজমিত্র।
অজমোদা, স্ত্রী. [অজ+মোদা] যমানিকা; তৎপর্য্যায়—উগ্রগন্ধা,ব্রহ্মদর্ভা,বিশল্যা, খরাহ্বা, বস্তমোদা, মর্কটী, মোদা, গন্ধদলা, হস্তিকারবী, গন্ধপত্রিকা, মায়ূরী, শিখিমোদা,মোদাঢ্যা, বহ্নিদীপিকা, ব্রহ্মকোশী, বিশালী, হয়গন্ধা, উগ্রগন্ধিকা, মোদিনী, ফলমুখ্যা, যবানিকা।
অজন্তু, পুং. [ন+জন্তু] ভেক, মণ্ডূক।
অজয়, পুং. [ন+জয়] পরাজয়; প্রসিদ্ধ নদ বিশেষ; (ত্রি) অজেতব্য। [বৃক্ষ।
অজমোদিকা, স্ত্রী.[অজ+মোদিকা] যমানিকা
অজয়া, স্ত্রী. [ন+জয়া] বিজয়া; সিদ্ধি, হরিতকী।
অজয্য, ত্রি. [ন+জয্য] জয়াশক্য, অজেয়।
অজর, ত্রি. [ন+জরা] জরারহিত, বার্দ্ধক্য শূন্য, [পুং] অমর, দেবতা।
অজরা, স্ত্রী. [ন+জরা] জীর্ণফঞ্জিলতা; গৃহকন্যা, ঘৃতকুমারী, বৃদ্ধদারক প্রভেদ।
অজর্য্য, ন.[ন+জর্য্য] সঙ্গত, সৌহার্দ্দ; (ত্রি) অজরার্হ।
অজলম্বন, ন. [অজ+লম্বন] স্রোতোঞ্জন,তৎপর্য্যায়—সৌবীর,কাপোতাঞ্জন, যামুন, শোতাঞ্জন, পীতসাবি, নদীন্ সঞ্জ, রসাঞ্জন, শূর্ম্মা।
অজলোমা, পুং. [অজ+লোমন্] বৃক্ষবিশেষ, গুয়াশিষা, শূকশিম্বী; তৎপর্য্যায় শিখী, কেশী, মহাত্রস্বা, অগ্রপর্ণী।
অজশৃঙ্গী, স্ত্রী. [অজ+শৃঙ্গী] বৃক্ষবিশেষ, গাড়রশৃঙ্গী। তৎপর্য্যায়—মেড়াশৃঙ্গী, বিষাণী, বিষাণিকা, চক্রশ্রেণী, অজগন্ধিনী, মৌর্ব্বী, নেত্রৌষধী, আবর্ত্তিনী, মেষশৃঙ্গী, বর্ত্তিকা, সর্পদংষ্ট্রিকা, চক্ষুষ্যা, তিক্তদুগ্ধা, পুত্রশৃঙ্গী,কর্ণিকা। [সতত।
অধ্বগামী, পুং. [অধ্বন্+গামিন্] পান্থ, পথিক, গন্তা, গন্তুক, মার্গগামী।

অধ্বজ, ত্রি. [ন+ধ্বজ] ধ্বজারহিত।

অধ্বজা, স্ত্রী. [অধ্বজ+আ] স্বর্ণুলীবৃক্ষ।

অধ্বন্, পুং. [অধ+বন্] পথ; স্থাপন রক্ষণ; কাল।

অধ্বনি, ত্রি. [ন+ধ্বনি] নিঃশব্দ, নীরব।

অধ্বনীন, ত্রি. [অধ্বন্+ঈন্] পথিক, পর্য্যটক, ভ্রমণকর্ত্তা।

অধ্বন্য, ত্রি. [অধ্বন্+য] পথিক, পান্থ।

অধ্বর, পুং. [অধ্বন্+র] যাগ, যজ্ঞ; বসুভেদ; সাবধান।

অধ্বরথ, পুং. [অধ্বন্+রথ] পথে গমনোপযুক্ত রথ, পথরথ, পুষ্পরথ, পরিঘাতিক, গন্ত্রীরথ।

অধ্বর্য্যু, পুং. [অধ্বরি+উ] যজুর্ব্বেদজ্ঞ; হোমকর্ত্তা বিশেষ।

অধ্বশল্য, পুং. [অধ্বন্+শল্য] অপামার্গ, আপাংগাছ।

অধ্বা, পুং. [অধ+বন্] পন্থা, পথ; কাল; সময়; সংস্থাপন; অবস্কন্দ; শাস্ত্র; স্কন্ধ।

অধ্বান্ত, ন. [ন+ধ্বান্ত] ঈষৎ অন্ধকার, বিকাল, সন্ধ্যাকাল; (ত্রি.) তমোরহিত।

অধ্বান্তশাত্রব, পুং. [অধ্বান্ত+শাত্রব] শ্যোনাকবৃক্ষ।

অন্, ব্য. ন, না, নহি।

অন, ন. [অনস্] শকট; অন্ন; জননী; জন্ম; জন্মী; অত্যল্পকাল।

অনংশ, পুং. স্ত্রী. [ন+অংশ] অংশাভাব, ভাগপ্রাপ্তের অনুপযুক্ত, যথা—জন্মান্ধ, মুক, নপুংসক, কুষ্ঠী, জড় ইত্যাদি ব্যক্তি সকলে তাগের অনধিকারী।

অনংশুমৎফলা, স্ত্রী. [ন+অংশুমৎফলা] অংশুমৎফলা, কদলী, কলা; (ত্রি.) কদলী ভিন্ন । [অণক ।

অনক, ত্রি. [অন+ক] নীচ, অধম, নিকৃষ্ট;

অনগার, পুং. [ন+অগার] ঋষি, মুনি; (ত্রি) অগারশূন্য, নিরালয়, নিরাবাস ।

অনগ্নি, পুং. [ন+অগ্নি] শ্রুতি স্মৃতি বিহিত অগ্নিহোত্র কর্ম্মহীন; (ত্রি.) নিরগ্নি,নিরনল ।

অনগ্নিদগ্ধ, ত্রি. [ন+অগ্নি+দগ্ধ] অগ্নিদ্বারা দগ্ধ হয় নাই; পূর্ব্ব পুরুষ বিশেষ ।

অনঘ, ত্রি. [ন+অঘ] নিষ্পাপ, নির্ম্মল; মনোজ্ঞ, সুন্দর ; রুচির ।

অনঘা, ত্রি. [অনঘ+আ] তাল, গানের পরিমাণ বিশেষ, অনাঘাত ।

অনঙ্গ, পুং [ন+অঙ্গ] কামদেব, কন্দর্প । (ন.) আকাশ; মন ; (ত্রি.) অঙ্গরহিত ।

অনঙ্গক, ন. [ন+অঙ্গ+ক] মনঃ, চিত্ত ; (ত্রি.) অঙ্গরহিত ।

অনঙ্গাসুহৃদ্, পুং. [অনঙ্গ+অ+সুহৃদ্] শিব, মহাদেব; মদনশত্রু ।

অনঙ্গীকৃত, ত্রি. [ন+অঙ্গীকৃত] অস্বীকৃত, অসম্মতি ।

অনচ্ছ, ত্রি. [ন+অচ্ছ] আবিল, অনির্ম্মল, কপূয়, মলাযুক্ত, ঘোলা ।

অনঞ্জন, ত্রি. [ন+অঞ্জন] অঞ্জনশূন্য; (ন.) আকাশ ।

অনডুহ, পুং. [অনস্+বহ] বলিবর্দ্দ, বলদ ।

অনডুহী, স্ত্রী. [অনডুহ+ঈ] স্ত্রীগো, ধেনু, গাবী, অনড্বাহী । [বৃক্ষ ।

অনডুজ্জিহ্বা,স্ত্রী.[অনডুহ+জিহ্বা]গোজিহ্বা

অনড্বান্,পুং. [অনডস্+বহ] বৃষ, ষাঁড়,বলদ, এঁড়ে গরু । তৎপর্য্যায় ।—গো, ভদ্র, বলীবর্দ্দ, দম্য, দান্ত, স্থির, বলী, উক্ষ, ককুদ্মান্, ঋষভ, বৃষভ, বৃষ, ধূর্য্য, ধুরীয়, ধৌরেয়, শাক্কর, শিববাহন, রোহিণীরমণ, বোড়া, গোনাথ, সৌরভেয়ক ।

অনড্বাহী, স্ত্রী. [অনডুহ+ঈ] অনডুহী, স্ত্রী গবী, গাই ।

অনণু, পুং. [ন+অণু] মটরপ্রভৃতি ; মোটাধান; (ত্রি.) অক্ষুদ্র বিষয় ।

অনত, ত্রি. [ন+নত] সরল, অবক্র, ঋজু, সোজা । [নম্রতা ।

অনতিক্রম, পুং.[ন+অতিক্রম] সীমা লঙ্ঘন;

অনতিক্রম্য, ব্য. [ন+অতিক্রম্য] অলঙ্ঘ্য ।

অনতিক্রান্ত, ত্রি. [ন+অতিক্রান্ত] অনভিভূত, অজিত; দুরতিক্রান্ত ।

অনতিরিক্ত, ত্রি. [ন+অতিরিক্ত] অল্প, অতিরিক্ত নহে, কম ।

অনদ্য, পুং. [ন+অদ্য] গৌরসর্ষপ ।

অনদ্যতনভূতকাল,পুং. [ন+অদ্যতন+ভূত+কাল] যে ভূতকাল অনেক দিবস গত হইয়াছে । [রহিত ।

অনধিকার, পুং. [ন+অধিকার] অধিকার-

অনধিকারচর্চ্চা, স্ত্রী. [অনধিকার+চর্চ্চা] পরাধিকার চর্চ্চা, অন্যের বিষয়ে হস্তক্ষেপণ । [কোন অধিকার নাই ।

অনধিকারী, পুং. [ন+অধিকারিন্] যাহার

অনধিকৃত, ত্রি. [ন+অধিকৃত] অপিতৃপ্রাপ্ত, অস্বামিকৃত ।

অনধিগত, ত্রি. [ন + অধিগত] অপ্রাপ্ত; অনবগত, অজ্ঞাত । [র্জ্জন ; অপঠন ।

অনধিগম, পুং. [ন+অধিগম] অনুপা-

অনধিগম্য, ত্রি. [ন+অধিগম্য] অনুপার্জ্জিত; অপঠিত ।

অনধিষ্ঠিত, ত্রিং. [ন+অধিষ্ঠিত] অবর্ত্তমান, অনাগত ; অনিযুক্ত ।

অনধীন, ত্রি. [ন+অধীন] কাহারো বশীভূত নহে, স্বাধীন । [রহিত ।

অনধ্যক্ষ, ত্রি. [ন+অধ্যক্ষ] অপ্রত্যক্ষ; অধ্যক্ষ

অনধ্যায়, পুং. [ন + অধ্যায়] অধ্যয়ন রহিত ।

অনধ্যায়দিবস, পুং. [অনধ্যায়+দিবস] যে দিবসে অধ্যয়ন করিতে নাই ।

অননুজ্ঞাত, ত্রি. [ন+অনুজ্ঞাত] অস্বীকৃত, অসম্মতান্বিত ।

অনন্ত, পুং. [ন+অন্ত] বিষ্ণু ; বলদেব; অনন্তজিৎ নামক জিনবিশেষ; শেষনাগ, বাসুকি; সিন্দুবার বৃক্ষ; (ন.) আকাশ ; অভ্রক; (ত্রি.) অন্তরহিত, অনবধি, অশেষ, অসীম, অপর্য্যাপ্ত, অপার ।

অনন্তক, ত্রি. [ন+অন্ত+ক] অসীম, শেষ রহিত। [শাস্ত্রের স্বরভেদ।
অনন্তগৌর, পুং. [অনন্ত+গৌর] সঙ্গীত
অনন্তচতুর্দ্দশী, স্ত্রী. [অনন্ত+চতুর্দ্দশী] ভাদ্রমাসের শুক্লাচতুর্দ্দশী, অনন্তদেবের ব্রত দিবস।
অনন্তজিৎ, পুং. [অনন্ত+জিৎ] জিনানাং চতুর্ব্বিংশত্যন্তর্গত চতুর্দ্দশ জিন, অনন্ত।
অনন্ততীর্থকৃৎ, পুং. [অনন্ত+তীর্থ+কৃৎ] জিন বিশেষ, অনন্তজিৎ।
অনন্তদেব, পুং. [অনন্ত+দেব] শেষনাগ, বাস্থকি; বিষ্ণু।
অনন্তবাত, পুং. [অনন্ত+বাত] রোগবিশেষ।
অনন্তবিজয়, পুং. [অনন্ত+বিজয়] রাজা যুধিষ্ঠিরের শঙ্খ।
অনন্তবীর্য্য, পুং. [অনন্ত+বীর্য্য] অপরিসীম পরাক্রম; ভাবিকল্পে জিনদিগের মধ্যে চতুর্ব্বিংশত্যন্তর্গত ত্রয়োবিংশ তীর্থকর জিন।
অনন্তব্রত, ন. [অনন্ত+ব্রত] ভাদ্রশুক্লাচতুর্দ্দশী কর্ত্তব্য অনন্তদেবের ব্রত।
অনন্তভাব, পুং. [অনন্ত+ভাব] নানাপ্রকার মর্ম; নিত্যতা।
অনন্তভূত, ত্রি. [অনন্ত+ভূত] নিরবধি, অনন্ত।
অনন্তমূল, ন. [অনন্ত+মূল] মূলবিশেষ, স্বনাম খ্যাতালতা, গোপবল্লী, করালা, স্থগন্ধা, ভদ্রবল্লিকা, ভদ্রা, নাগজিহ্বা, গোপী, শ্যামা, শারিবা, উৎপলশারিবা।
অনন্তর, ত্রি. [ন+অন্তর] অনবকাশ; অন্তর রহিত, অব্যবহিত, সংসক্ত, অপটান্তর, (ন,) পশ্চাৎ।
অনন্তরজ, ত্রি, [অনন্তর+জ] জারজ, ব্রাহ্মণ ঔরসে ক্ষত্রিয়ার গর্ব্ভজাত কিম্বা ক্ষত্রিয় ঔরসে বৈশ্যাগর্ব্ভজাত সন্তানাদি।
অনন্তরাশি, স্ত্রী. [অনন্ত+রাশি] বীজগণিতা; স্তূপাকার; যে অঙ্কের সীমা নির্দ্ধারণ করা যায় না। [মূর্ত্তি।
অনন্তরূপ, ত্রি. [অনন্ত+রূপ] নানারূপ, বহু
অনন্তশীর্ষ, পুং. [অনন্ত+শীর্ষ] বাস্থকি, নাগরাজ (ত্রি) বহুমস্তক।
অনন্তশীর্ষা, স্ত্রী. [অনন্ত+শীর্ষা] বাস্থকিপত্নী।
অনন্তা, স্ত্রী. [অনন্ত+আ] পার্ব্বতী; পৃথিবী; অগ্নিশিখাবৃক্ষ; শ্যামালতা; দুর্ব্বা; পিপ্পলী; দুরালভা; হরীতকী; আমলকী; গুড়ূচী; যবাস; শ্বেতদূর্ব্বা; নীল দূর্ব্বা; অগ্নিমন্থবৃক্ষ; (ত্রি.) অসংখ্যা।
অনন্ন, ত্রি. [ন+অন্ন] অন্নাভাব; কদন্ন।
অনন্য, ত্রি. [ন+অন্য] অন্য নহে, সেই, একই।
অনন্যগতি,-অনন্যগতিক, ত্রি. [অনন্য+গতি+ক] গত্যন্তর রহিত, একাশ্রয়।
অনন্যচেতা, ত্রি. [ন+অন্য+চেতস্] একনিষ্ঠ, একচিত্ত, একতান, অনন্যমনা, একায়ন।
অনন্যজ, পুং. [ন+অন্যজ] কামদেব।
অনন্যপূর্ব্বক, ত্রি. [ন+অন্য+পূর্ব্বক] অনুপম, অতুল্য; অপূর্ব্ব, অনিদর্শন, দৃষ্টান্তরহিত,। [অক্ষতযোনি।
অনন্যপূর্ব্বা, স্ত্রী. [ন+অন্য+পূর্ব্বা] কুমারী,
অনন্যবৃত্তি, ত্রি. [ন+অন্যবৃত্তি] একমাত্রবৃত্তি, একতান, একাগ্র্য, একনিষ্ঠ, একাগ্র, একায়ন, একসর্গ, একায়নগত।
অনন্যভাব, পুং. [ন+অন্যভাব] অনন্যতা, তদাত্ম্য, সাম্য।
অনন্যমনস্ক, ত্রি, [ন+অন্যমনস্ক] একাগ্রমনা, তন্মনস্ক। [মনস্ক, একাগ্রমনা।
অনন্যমনা, স্ত্রী. [ন+অন্যমনস্] অনন্য-
অনন্যহৃত, ত্রি. [ন+অন্য+হৃত] অচৌর্য্য, চুরিকরা নহে।
অনন্যহার্য্য, ত্রি. [ন+অন্য+হার্য্য] অপহরণাযোগ্য, অপহরণাক্ষম। [বিয়োগ।
অনন্বিত, ত্রি. [ন+অন্বিত] সংযোগহীন,
অনপ, ত্রি. [ন+অপ্] নির্জ্জল, অপ্শূন্য।
অনপকর্ষ, পুং. [ন+অপকর্ষ] উৎকর্ষ, উৎকৃষ্টতা, প্রধানতা।
অনপকারক, ত্রি. [ন+অপকারক] অদ্রোহী, অহিংস্রক।
অনপকারী, ত্রি. [ন+অপকারিন্] অনপকারক, নির্ব্বিরোধী। [অদুষ্টতা।
অনপক্রিয়া, স্ত্রী. [ন+অপক্রিয়া] অহিংসা,

...য়, ত্রি. [ন+অপচয়] ক্ষতি রহিত, অবিনষ্ট, অক্ষয়; অপমান। [অবিনষ্ট

...পচিত, ত্রি. [ন+অপচিত] অপমানিত;

...পত্য, ত্রি. [ন+অপত্য] নিঃসন্তান, নির্ব্বংশ ; পুত্রহীন। [হীন।

...পত্রপ, ত্রি. [ন+অপত্রপ] নির্লজ্জ, লজ্জা-

...পর, ত্রি. [ন+অপর] নিজ, আ (পুং.) ব্রহ্ম। [নিষ্পাপ।

অনপরাধ, ত্রি. [ন+অপরাধ] নিরপরাধ,

অনপরাধী, পুং. [ন+অপরাধিন্] নিষ্পাপী, নিরপরাধী।

অনপসর, ত্রি. [ন+অপসর]অবসর রহিত, অবকাশ শূন্য, সনয়াভাব।

অনপহারক, ত্রি. [ন+অপহার+ক] অচৌর, সাধু, চোর নহে। [হৃত।

অনপহার্য্য ত্রি. [ন+অপহার্য্য] অনপ

অনপায়, ত্রি. [ন+অপায়] অনশ্বর, অক্ষয়,- অনাশ্য ; (পুং.) অলজ্জতা।

অনপায়ী, ত্রি. [ন+অপায়িন্] স্থির, নিশ্চল, অবিনশ্বর; উপায় রহিত।

অনপেত, ত্রি. [ন+অপেত] অদ্যতন, অধুনাতন। [স্বেচ্ছাচারী।

অনপেক্ষ, ত্রি. [ন+অপেক্ষ] নিরপেক্ষ,

অনপেক্ষণীয়, ত্রি. [ন+অপেক্ষণীয়] নিরপেক্ষ, অনপেক্ষ্য। [অনপেক্ষিতব্য।

অনপেক্ষিত, ত্রি.[ন+অপেক্ষিত]নিরপেক্ষিত,

অনবগীত, ত্রি. [ন+অবগীত] অনিন্দনীয়; উত্তম যশোগান।

অনবকাশ, ন. [ন+অবকাশ] অনবসর, অকার্য্যকাল।

অনবগ্রহ, ত্রি. [ন+অবগ্রহ] অপ্রতিকার্য্য, যাহার কোন প্রতিক্রিয়া নাই (পুং.) নবগ্রহ ভিন্ন।

অনবদ্য, ত্রি. [ন+অবদ্য] অনিন্দিত, সম্ভ্রান্ত।

অনবদ্যাঙ্গ, ত্রি. [অনবদ্য+অঙ্গ] সুন্দর অঙ্গ, রুচিরাঙ্গ।

অনবধান, ন. [ন+অবধান] অমনোযোগ, চিত্তের একাগ্রতার অভাব, অপ্রণিধান, চিত্তের অনাবেশ; অমনোযোগী, অনাবিষ্ট

অনবধানতা, স্ত্রী. [ন+অবধান+তা] মনোযোগশূন্যতা, প্রমাদ, অনবহিততা, অসাবধানতা।

অনবধানবশতঃ, ব্য. [অনবধান+বশতস্] মনোযোগাভাবে।

অনবধানী, ত্রি. [ন+অবধানিন্] অনবহিত, অসতর্ক. অসাবধান, অন্যমনস্ক।

অনবধার্য্য, ত্রি. [ন+অবধার্য্য] অনির্দ্ধার্য্য, অনির্দ্দিষ্ট।

অনবধারিত, ত্রি. [ন+অবধারিত] অনবধার্য্য, অনির্দ্ধার্য্য।

অনবর, ত্রি. [ন+অবর] অকনিষ্ঠ, প্রধান; শ্রেষ্ঠ, অম্লান, মান্যতর, গুরুতর, পূজ্যবর।

অনবরত, ত্রি. [ন+অবরত] নিরন্তর, সতত, সন্তত, অবিরত, নিত্য, অজস্র, সর্ব্বদা।

অনবরার্দ্ধ, ত্রি. [ন+অবরার্দ্ধ] শ্রেষ্ঠ।

অনবলম্ব, ত্রি. [ন+অবলম্ব] অবলম্বন শূন্য, আশ্রয়হীন; নিরাশ্রয়, আশ্রয়াভাব, অনাশ্রয়। [শূন্য, অনাশ্রয়

অনবলম্বন, ন. [ন+অবলম্বন] অবলম্বন

অনবসন্ন, ত্রি. [ন+অবসন্ন] অনিষ্পন্ন, অসমাপ্ত, অবসন্নতা রহিত।

অনবসর, ত্রি. [ন+অবসর] নিরবকাশ, (পুং.) অবসরাভাব।

অনবসাদ, পুং. [ন+অবসাদ] দৃঢ়তা, স্থিরতা, অনালস্য, অবসন্নতারহিত।

অনবস্কর, ত্রি. [ন+অবস্কর] নির্ম্মল. পরিষ্কার ; পূত, পবিত্রিত, পরিশোধিত।

অনবস্থা, স্ত্রী. [ন+অবস্থা] তর্কবিশেষ; (ত্রি.) দশাভাব ; অবস্থারহিত, স্থিত্যভাব; দরিদ্রতা ; অস্থির; দুরবস্থা।

অনবস্থান, পুং. [ন+অবস্থান] বায়ু; (ন) অস্থায়িত্ব ; কুস্থান ; কুব্যবহার ; (ত্রি.) অবস্থিতিশূন্য ; অস্থির।

অনবস্থিত, ত্রি. [ন+অবস্থিত] অস্থির, চঞ্চল।

অনবস্থিতি, স্ত্রী. [ন+অবস্থিতি] চাপল্য, চাঞ্চল্য, অধৈর্য্য, অস্থিরতা

অনবস্থিতচিত্ত, ত্রি. [অনবস্থিত+চিত্ত] উন্মাদ, পাগল, অদৃঢ়ান্তঃকরণ, চাঞ্চল্য মনঃ ; অনভিনিবিষ্ট।

অনবহিত, ত্রি. [ন+অবহিত] অস্থিরচিত্ত, অমনোযোগী।

অনবাপ্ত, ত্রি. [ন+অবাপ্ত] অনুপার্জ্জিত।

অনবীন-অনব্য, ত্রি. [ন+নবীন-ব্য] পুরাতন, পুরাণ।

অনভিগমন, ন. [ন+অভিগমন] অস্থানে গমন, দুরূহস্থানে গমন।

অনভিগমনীয়, ত্রি.[ন+অভি+গমনীয়]অগম্য, দুরূহস্থানগম্য।

অনভিজাত, ত্রি. [ন+অভিজাত] কুজন্মা, অশুভক্ষণীয়া, অসম্ভ্রান্তকুলজন্মা।

অনভিজ্ঞ, ত্রি. [ন+অভিজ্ঞ] মূর্খ, নির্ব্বোধ, অজ্ঞ, প্রজ্ঞারহিত, বুদ্ধিহীন, অবিজ্ঞ, অপ্রাজ্ঞ, অজ্ঞানী, অজ্ঞান, অবোধ, অবুধ, জ্ঞানহীন, নির্বুদ্ধি, বৈধেয়, অবিদ্য, অবুদ্ধিমান্।

অনভিধান, পুং. [ন+অভিধান] অকথন, অনুক্ত, অনুল্লেখ, অনির্দ্দেশ।

অনভিনব, ত্রি. [ন+অভিনব] অনবীন, পুরাণ; প্রাচীন।

অনভিব্যক্ত, ত্রি. [ন+অভিব্যক্ত] অস্পষ্ট, অব্যক্ত, অপ্রকাশ, অস্ফুট

অনভিভব, ত্রি. [ন+অভিভব] বিবাদ বা পরাজয়াভাব।

অনভিভূত, ত্রি. [ন+অভিভূত] জয়যুক্ত, অজিত; অলজ্জিত।

অনভিমত, ত্রি. [ন+অভিমত] অসম্মত, মত বিরুদ্ধ।

অনভিমান, ন. [ন+অভিমান] নিরভিমান, অভিমান শূন্য।

অনভিলাষ, পুং. [ন+অভিলাষ] অনিচ্ছা, অরুচি, অস্পৃহা।

অনভিষঙ্গ, পুং. [ন+অভিষঙ্গ] বিচ্ছেদ, বিয়োগ, অসংযোগ।

অনভিসন্ধান, ন. [ন+অভিসন্ধান] নিরীহতা, অস্বার্থার্থিত্ব, ঔদাস্য।

অনভিসম্বন্ধ, ত্রি. [ন+অভিসম্বন্ধ] নিঃসম্বন্ধ, অসম্বন্ধ, অনুপেত।

অনভিস্নেহ, ত্রি. [ন+অভিস্নেহ] নিঃস্নেহ, নির্দ্দয়, নিষ্করুণ, কঠিন, নিরপেক্ষ।

অনভ্যন্তর, ত্রি. [ন+অভ্যন্তর] অনন্তর্গত, অপ্রবিষ্ট; মধ্যগত। [অপঠিত।

অনভ্যস্ত, ত্রি. [ন+অভ্যস্ত] অনভ্যাসিত,

অনভ্যাস, ন. [ন+অভ্যাস] অশিক্ষা, অনধ্যয়ন, অনাবর্ত্তন। [মর, বিপ্র।

অনম, পুং. [ন+নম] ব্রাহ্মণ, ভূদেব, ধরা-

অনমন, ন. [ন+নমন] নম্রকরণাশক্ত।

অনমস্কার, ন. [ন+নমস্কার] অননুনয়, অবিনয়, অসৌজন্য। [অনভ্যর্চ্চিত।

অনমস্কৃত, ত্রি. [ন+নমস্কৃত] অসম্মানিত,

অনমস্য, ত্রি. [ন+নমস্য] প্রণামের অযোগ্য।

অনমিতম্পচ, ত্রি. [ন+অমিতম্পচ] কৃপণ, অদাতা, ব্যয়কুণ্ঠিত ব্যক্তি।

অনম্বর, ত্রি. [ন+অম্বর] আকাশশূন্য; নগ্ন, বস্ত্রহীন; (পুং.) বৌদ্ধবিশেষ।

অনম্র, ত্রি. [ন+নম্র] অবিনত, অবিনয়ী।

অনয়, পুং. [ন+অয়] দৈব; অশুভ; ব্যসন; বিপদ্; পাপ। [পতিত।

অনয়ঙ্গত, ত্রি. [অনয়ং+গত] আপদে

অনয়ন, ত্রি. [ন+নয়ন] অন্ধ, চক্ষুহীন; নয়নাভাব; চক্ষুর অবিষয়।

অনরক, ত্রি. [ন+নরক] নরকশূন্য।

অনর্গল, ত্রি. [ন+অর্গল] নিরর্গল, প্রতিবন্ধক রহিত, তৎপর্য্যায়।—আবাধ, উচ্ছৃঙ্খল, উদ্দাম, নিয়ন্ত্রিত, নিরঙ্কুশ।

অনর্ঘ-অনর্ঘ্য, ত্রি. [ন+অর্ঘ+য] অমূল্য, অক্রেয়, অত্যুৎকৃষ্ট। [গণিত, অসেবিত।

অনর্চ্চিত, ত্রি. [ন+অর্চ্চিত] অবমানিত, অব-

অনর্জ্জিত, ত্রি. [ন+অর্জ্জিত] অনুপার্জ্জিত, অপ্রাপ্ত, অলব্ধ। [অপ্রয়োজন।

অনর্থ, ত্রি. [ন+অর্থ] অনিষ্ট, বৃথা,

অনর্থক, ত্রি. [ন+অর্থক] নিরর্থক, বৃথা, নিষ্ফল, নিষ্প্রয়োজন, অর্থশূন্য বাক্য, অবদ্ধ, অবধ্য।

অনর্থাপত্তি, স্ত্রী. [অনর্থ+আপত্তি] বৃথা বিপদ্, নিশ্চয় দুঃখ। [যুক্ত, অযোগ্য।

অনর্হ, ত্রি. [ন+অর্হ] অপারক, অনুপ-

অনল, পুং. [অন্+অল] অগ্নি, আগুন; বসুভেদ; চিত্রক, রক্তচিত্রক, রাংচিতা; ভল্লাতক; পিত্ত।

নলপ্রভা, স্ত্রী, [অনল+প্রভা] জ্যোতিষ্মতী নাম্নী লতাবিশেষ; অগ্নিরদীপ্তি।
নলপ্রিয়া, স্ত্রী. [অনল+প্রিয়া] আগ্নেয়ী, অগ্নিভার্য্যা, স্বাহা।
নল্প, ত্রি. [ন+অল্প] অধিক, বহু, বিস্তর।
নলম্, ব্য. [ন+অলম্] অত্যল্প, যৎসামান্য।
নলস, ত্রি. [ন+অলস] আলস্য বিহীন, উদ্যুক্ত, পরিশ্রমী।
নলি, পুং. [অনল+ই] বৃক্ষবিশেষ; বকবৃক্ষ।
নশন, ন. [ন+অশন] অনশনব্রত, ভোজনাভাব, উপবাস; (ত্রি.) উপবাসী, নিরাহার।
অনশনব্রত, ত্রি. [অনশন+ব্রত] অনাহারে জীবন পরিত্যাগ করণ।
অনশ্বর, ত্রি. [ন+নশ্বর] অনন্তকালস্থায়ী, অবিধ্বংসী, তৎপর্য্যায়।—অজর, অবিনশ্বর, অবিনাশী, অব্যয়, অনন্ত, অনাশ্য অক্ষর, অজর্য্য, অনাদ্যন্ত, অমর, অমর্ত্য, অম্রিয়মাণ, অনাশী, অনশ্যন, ধ্রুব, নিত্য, নিরপায়, শাশ্বত, সনাতন, সদাতন, সদাজীবী।
অনষ্ট, ত্রি. [ন+নষ্ট] অবিনাশিত, অকৃতাপকার, অনপকৃত। [জন্ম, জন্মী।
নস্, ন. [অন্+অস্] শকট, গাড়ি, রথ; অন্ন
নসূয়-অনসূয়ক, ত্রি. [ন+অসূয়+ক] অহিংসক, নিস্পৃহ, পরিবাদ হীন।
নসূয়া, স্ত্রী. [ন+অসূয়া] ঋষিকন্যা বিশেষ, কর্দ্দমমুনিকন্যা, অত্রিপত্নী, শকুন্তলার সখী; হিংসারহিতা। [রহিত।
নসূয়ু, ত্রি. [ন+অসূয়ু] অনভিবাদ; হিংসা
নন্ত-অনন্তমিত, ত্রি. [ন+অস্ত+মিত] অপ্রাপ্ত অস্ত; অসমাপ্ত; অশেষ।
অনহঙ্কার, পুং. [ন+অহঙ্কার] অহঙ্কার শূন্য, গর্ব্বরহিত। [নিরহঙ্কারী।
অনহঙ্কারী, পুং. [ন+অহঙ্কারিন্] অদাম্ভিক,
অনহঙ্কৃত, ত্রি. [ন+অহঙ্কৃত] অহঙ্কার শূন্য, গর্ব্বহীন।
হঙ্কৃতি, স্ত্রী. [ন+অহঙ্কৃতি] গর্ব্বশূন্য, অহঙ্কারাভাব; অশোচ।

অনহম্বাদী, ত্রি. [ন+অহং+বাদিন্] অনহঙ্কারী, অমায়িক, আত্মনীন রহিত, অনাত্মবাদী। [অক, নৃশংস।
অনহিত, ত্রি. [ন+অহিত] হিংস্রক, হিংসা-
অনক্ষ, ত্রি. [ন+অক্ষি] অন্ধ, চক্ষুরহিত, কাণ, অক্ষিহীন, অচক্ষুঃ, কাণা।
অনক্ষর, ন. [ন+অক্ষর] অপণ্ডিত, মূর্খ, বর্ণজ্ঞানহীন, অবাচ্য, কদক্ষর, দুর্ব্বচন, অবচনার্হ, গুণাপেক্ষক দোষাবিষ্কারি বাক্য, গালি প্রভৃতি।
অনক্ষি, ন. [ন+অক্ষি] কুৎসিত চক্ষু, অসৌম্যাক্ষি; (ত্রি) অন্ধ।
অনাকর্ষণ, পুং. [ন+আকর্ষণ] আকর্ষণ রহিত, আকৃষ্টিশূন্য।
অনাকাঙ্ক্ষী, ত্রি. [ন+আকাঙ্ক্ষিন্] নিস্পৃহ, আকাঙ্ক্ষা রহিত। [আকার রহিত।
অনাকার, ত্রি. [ন+আকার] নিরাকার,
অনাকারণ, ত্রি. [ন+আকারণ] নিষ্কারণ, নির্নিমিত্ত, কারণাভাব। [অকল্পিত।
অনাকারিত, ত্রি. [ন+আকারিত] অক৯প্ত,
অনাকাল, ত্রি. [ন+আকাল] দুর্ভিক্ষ, অকাল।
অনাকালভৃত, পুং. [অনাকাল+ভৃত] পরিচারক; অসমাম্বিক দাস।
অনাকীর্ণ, ত্রি. [ন+আকীর্ণ] অসম্পূর্ণ, অসঙ্কীর্ণ, অসস্তৃত।
অনাকুল, ত্রি. [ন+আকুল] অব্যাকুল, স্থির, স্বচ্ছন্দ, একাগ্র।
অনাক্রমণীয়-অনাক্রম্য, ত্রি. [ন+আক্রমণীয়] অগ্রহণীয়, অহার্য্য, আক্রমণের অযোগ্য।
অনাক্রান্ত, ত্রি. [ন+আক্রান্ত] অনাকৃষ্ট, অবেষ্টিত।
অনাক্রান্তা, স্ত্রী. [ন+আক্রান্ত+আ] কণ্টকারি বৃক্ষ; (ত্রি) অনাক্রমণ বিশিষ্ট।
অনাক্রুষ্ট, ত্রি. [ন+আক্রুষ্ট] তুষ্ট, অকৃতমন্যু। [অক্রোধ।
অনাক্রোশ, পুং. [ন+আক্রোশ] সন্তোষ,
অনাখ্যাত, ত্রি. [ন+আখ্যাত] অনভিহিত, অকীর্ত্তিত। [সর্প রহিত।
অনাগ, পুং. [ন+নাগ] নাগভিন্ন, (ত্রি.)
অনাগঃ, ত্রি. [ন+আগস্] নিষ্পাপী; নিরপরাধ।

অনাগত, ত্রি. [ন+আগত] ভবিষ্যৎ; অনুপস্থিত, অনায়াত, অজ্ঞাত।

অনাগতার্ত্তবা,স্ত্রী. [অনাগত+আর্ত্তবা]অজাত রজস্কা, কুমারী, অপ্রাপ্ত ঋতুকা, অরজস্কা, গৌরী, নগ্নিকা, যে বালিকা স্ত্রী ধর্ম্মিণী হয় নাই। [অনুপস্থিত।

অনাগন্তুক, ত্রি. [ন+আগন্তুক] অনাগত,

অনাগম, পুং. [ন+আগম] অনুপস্থিতব্যক্তি; অনুপার্জ্জন; (ত্রি) অনুপস্থিত; আগম সম্পর্কীয় নহে। [অনুপস্থিত।

অনাগমন, ন. [ন+আগমন] অবিদ্যমান।

অনাগা, স্ত্রী. [অনাগ+আ] নিষ্পাপ, অনপরাধ, পবিত্র। [গন্ধশূন্য।

অনাঘ্রাত, ত্রি. [ন+আঘ্রাত] ঘ্রাণরহিত,

অনাচমন, ন. [ন+আচমন] ভোজনান্তে মুখ অপ্রক্ষালন। [চরণ।

অনাচরণ, ন. [ন+আচরণ] কুচরিত্র, মন্দা-

অনাচার, পুং. [ন+আচার] অশুচিকর্ম্ম, কদাচার, শুদ্ধাচারহীন, শ্রুতি স্মৃতি বিরুদ্ধ কর্ম্মাচরণ (ত্রি.) তদ্বিশিষ্ট।

অনাচারী, ত্রি.[ন+আচারিন্] কদাচারী,অশুদ্ধাচারী; ধর্ম্মাচারবিহীন অনাবরণ।

অনাজ, (প্রা) [অন্নজ] তরি তরকারি; শাক সবিজা ইত্যাদি।

অনাচ্ছন্ন, ত্রি. [ন+আচ্ছন্ন] আচ্ছাদন রহিত প্রকাশিত, অনাবৃত। [আচ্ছাদনশূন্য।

অনাচ্ছাদন,ত্রি.[ন+আচ্ছাদন] আচ্ছদনাভাব,

অনাজ্ঞপ্ত, ত্রি. [ন+আজ্ঞপ্ত] অপণ্ডিত, অজ্ঞ রহিত, অনাদিষ্ট, অপ্রতিবন্ধ।

অনাটক, ত্রি. [ন+আটক] মুক্ত, অবিরুদ্ধ, অনিরুদ্ধ। (ন) নাটকভিন্ন। [অভাব।

অনাটন, ত্রি. [ন+আটন] অকুলন, অপ্রতুল,

অনাড়, (প্রা) গোপন, নিভৃত, যে স্থানে সর্ব্বদা কেহ যায় না।

অনাড়স্থ. (প্রা) গুপ্তস্থানে লুক্কায়িত।

অনাড়ম্বর, ত্রি. [ন+আড়ম্বর] অদাম্ভিক, সুশীল। [জ্ঞানরহিত।

অনাড়ি, (প্রা) অনভিজ্ঞ, জড়, নির্ব্বোধ

অনাড়িপনা, (প্রা) মূর্খতা, অক্ষমতা, অনজ্ঞতা, মন্দবুদ্ধিতা।

অনাড়ী, (প্রা) মূর্খ, অপণ্ডিত।

অনাঢ্য, ত্রি. [ন+আঢ্য] দরিদ্র, গরিব।

অনাতপ, পুং. [ন+আতপ] শীতলস্থান, ছায়া, রৌদ্রাভাব। [রহিত, অচ্ছত্র।

অনাতপত্র, ত্রি. [ন+আতপত্র] বিছত্র, ছত্র,

অনাতিথেয়-অনাতিথ্য, ত্রি. [ন+আতিথেয়-থ্য] আতিথেয়ের অযোগ্য। [সুস্থ।

অনাতুর, ত্রি.[ন+আতুর] অরোগী, অক্লিষ্ট,

অনাত্মজ্ঞ, ত্রি. [ন+আত্মজ্ঞ]আত্মজ্ঞানরহিত, অনাত্মদর্শী, যে আত্মাকে জানে না।

অনাত্মবান, ত্রি. [ন+আত্মবৎ] অবশীভূতমনা, যে আপনার মনকে দমন রাখিতে পারে না। [সদেহ

অনাত্মা, ত্রি. [ন+আত্মন্] অবশীভূতমনা;

অনাত্মীয়, ত্রি. [ন+আত্মীয়] আত্মভিন্ন, পর, বহিরঙ্গ, অসুহৃৎ।

অনাত্ম্য, ত্রি. [ন+আত্মন্+য] আত্মভিন্ন. পর, অসম্পর্কীয়।

অনাথ, ত্রি. [ন+নাথ]অরাজক, অস্বামিক, সহায়হীন, প্রভুহীন।

অনাথা, স্ত্রী. [ন+নাথা] পতিহীনা, বিধবা, অসহায়, অভিভাবক শূন্যা।

অনাথিনী, স্ত্রী. [অনাথ+ইনী] অনাশ্রিতা বিধবা, পতিহীনা।

অনাদর, পুং. [ন+আদর] নিরাদর, তৎপর্য্যায়।—পরিভব,পরিভাব,তিরস্ক্রিয়া, রীঢ়া, অবমাননা, অবজ্ঞা, অবহেল, অসূক্ষণ, অসূক্ষণ, অসূর্ক্ষণ, অসূর্ক্ষণ, অবজ্ঞান, অপমান, অমানন, অসম্মান, পরিভূতি, অবধীরণ, উপেক্ষা, উপেক্ষণ, তিরস্কার, ন্যক্কার, অবহেলা, হেলন, ধর্ষণ, অমর্য্যাদা, অগমতা, ব্যতিপাত, অশ্রদ্ধা।

অনাদি, ত্রি. [ন+আদি] আদিরহিত, উৎপত্তিহীন; স্বয়ম্ভূ, নিত্য, ব্রহ্ম

অনাদিম, ত্রি. [ন+আদিম] আদি রহিত।

অনাদিতা, স্ত্রী. [ন+আদি+তা] আদিরহিতা, উৎপত্তিহীনত্ব (ন) আদি রহিত।

অনাদিপরম্পর, ত্রি. [অনাদি+পরম্পর] অনাগম, আদি পরম্পরাভাব

অনাদিশিষ্টপরম্পরাগত, ত্রি. [অনাদি+শিষ্ট +পরম্পরাগত] বহুকালাবধি যাহা সাধুলোকদিগের দ্বারা পরম্পর ব্যবহার হইয়া আসিতেছে।
অনাদিষ্ট, ত্রি. [ন+আদিষ্ট] অননুজ্ঞাত, আদেশরহিত, অনাদেশ।
অনাদীনব, ত্রি.[ন+আদীনব]নির্ম্মল;নির্দ্দোষ।
অনাদৃত, ত্রি. [ন+আদৃত] অবজ্ঞাত, অবমানিত, উপেক্ষিত, নিরাদর।
অনাদেয়, ত্রি. [ন+আদেয়] অগৃহীত, অগ্রহণীয়; অনেষ্য। [অনাজ্ঞপ্ত।
অনাদেশ, ত্রি. [ন+আদেশ] অননুমতি,
অনাদ্য, ত্রি. [ন+আদ্য] আদি রহিত, জন্ম শূন্য; নিত্য।
অনাদ্যন্ত, ত্রি. [ন+আদি+অন্ত] নিত্য, অনন্ত, সনাতন, সর্ব্বকালীন, শাশ্বত; ব্রহ্ম।
অনাধার, পুং. [ন+আধার] অপাত্র, আধার শূন্য, নিরাশ্রয়। [অজেয়।
অনাধৃষ্য, ত্রি. [ন+আধৃষ্য] দুর্দ্দম্য, দুর্দ্দান্ত,
অনানন্দিত, ত্রি. [ন+আনন্দিত] নিরানন্দ, অহর্ষ, সুখরহিত, অনোল্লাস।
অনানাস্, (যাং) অননাস, আনারস।
অনাপৎ, ত্রি. [ন+আপদ্] আপদ রহিত।
অনাপন্ন, ত্রি. [ন+আপন্ন] অনুপার্জ্জিত, অপ্রাপ্ত। [অনধিগত, অনিপুণ।
অনাপ্ত, ত্রি. [ন+আপ্ত] অপ্রাপ্ত, অলব্ধ,
অনাবর্ত্তি, স্ত্রী. [ন+আবর্ত্তি] অন্তকালে মোক্ষ।
অনাবশ্যক, ত্রি. [ন+আবশ্যক] অপ্রয়োজন, প্রয়োজনাভাব, অহেতুক।
অনাবিল, ত্রি. [ন+আবিল] নির্ম্মল, পরিষ্কার, বিশুদ্ধ, আবিলশূন্য
অনাবিষ্ট, ত্রি. [ন+আবিষ্ট] অরত, অমনোযোগী, অনিপুণ।
অনাবৃত, ত্রি. [ন+আবৃত] আবরণশূন্য, অনাচ্ছাদিত, নগ্ন, খোলা
অনাবৃষ্টি, স্ত্রী. [ন+আবৃষ্টি] অবর্ষণ, বর্ষাভাব, জলকষ্ট; শুকা।
অনামক, ন. [ন+নামক] রোগ বিশেষ, অর্শরোগ; (পুং.) মলমাস; (ত্রি.) নামহীন।
অনামৎ, (যাং) সমুদয়, সকল।
অনাময়, ন. [ন+আময়] রোগাভাব, আরোগ্য, স্বাস্থ্যতা; (ত্রি.) সুস্থ, নীরোগী, বিরুক্।
অনামা, পুং. [ন+নামন্] কনিষ্ঠাঙ্গুলির উপরিস্থিত অঙ্গুলি, অনামিকাঙ্গুলী।
অনামিকা, স্ত্রী. [ন+নামিকা] কনিষ্ঠাঙ্গুলির উপরিস্থ অঙ্গুলি।
অনামিষ, ত্রি. [ন+আমিষ] আমিষ শূন্য।
অনামিষাশী, ত্রি. [ন+আমিষ+অশিন্] আমিষ রহিত ভোজন; অনামিষাশন।
অনামুখ, (প্রা) অপ্রিয় দর্শন, অমঙ্গল।
অনামোদ, ত্রি. [ন+আমোদ] বিষাদ, নিরানন্দ, অসুখ, হর্ষশূন্য। [শূন্য।
অনায়ক, ত্রি. [ন+নায়ক] স্বামিহীন, কর্ত্তা-
অনায়ত, ত্রি. [ন+আয়ত] অবিস্তৃত, অপ্রশস্ত।
অনায়ত্ত, ত্রি. [ন+আয়ত্ত] অনধীন, অবশীভূত, আয়ত্ত রহিত।
অনায়ত্তবৃত্তিতা, স্ত্রী. [ন+আয়ত্ত+বৃত্তিতা] স্বকীয়মতা, স্বেচ্ছাধীনা।
অনায়াস, পুং. [ন+আয়াস] অল্পপরিশ্রম, অক্লেশ, অযত্ন, সহজ, সৌকর্য্য, সুকরত্ব।
অনায়াসকৃত, ত্রি. [অনায়াস+কৃত] বিনা যত্নে কৃতকর্ম্ম, অনায়াসে করা যায়, ফাণ্ট।
অনায়ুষ্য, পুং. [ন+আয়ুষ্য] সুস্থতারহিত।
অনায়ুষ্কর, ত্রি. [ন+আয়ুষ্কর] রুজাকর, অসুখ, আয়ু ক্ষয়কারী।
অনায়ুষ্মান্, ত্রি. [ন+আয়ুষ্মান্] অজীর্ণ, অবৃদ্ধ।
অনার্, (যাং) দাড়িম্ব, ডালিম।
অনারত, ন. [ন+আরত] সদা, সর্ব্বদা, বিরত, সতত, নিরন্তর, অনবরত, নিত্য। [ভাব।
অনারব্ধ, ত্রি. [ন+আরব্ধ] অপ্রারব্ধ, আরম্ভা-
অনারম্ভ, পুং. [ন+আরম্ভ] আরম্ভাভাব।
অনারাধন, ত্রি. [ন+আরাধন] অধর্ম্মাচারী, অপূজক
অনারাধিত-অনারাধ্য, ত্রি. [ন+আরাধিত -ধ্য] অনুপাসিত, অনর্চ্চিত।
অনারূঢ়, ত্রি. [ন+আরূঢ়] অনধিরূঢ়, অমূর্দ্ধগত। [রুগ্নাবস্থা।
অনারোগ্য, ন. [ন+আরোগ্য] অস্বাস্থ্যতা,

অনারোপণ, ন. [ন+আরোপণ] অনভিসম্বন্ধন, অনধ্যারোপ, আলাপনাভাব।
অনার্জ্জব, ন. [ন+আর্জ্জব] কুটিলতা, অসারল্য, বক্রতা; (পুং.) রোগ; ঋজুতাভাব
অনার্ত্তব, ত্রি. [ন+আর্ত্তব] অকালিক, অকালজ। [অসিক্ত।
অনার্দ্র, ত্রি. [ন+আর্দ্র] শুষ্ক, নীরস,
অনার্য্য, ত্রি. [ন+আর্য্য] অশ্রেষ্ঠ, অপ্রধান।
অনার্য্যক, ন. [ন+আর্য্যক] অগুরু কাষ্ঠ।
অনার্য্যজ, ন. [ন+আর্য্য+জ] অগুরু কাষ্ঠ, (ত্রি) নীচবংশ জাত।
অনার্য্যতিক্ত, পুং. [ন+আর্য্য+তিক্ত] বৃক্ষবিশেষ, ভূনিম্ব, চিরতা।
অনালস্য, ত্রি. [ন+আলস্য] আলস্যহীন, কুড়ে নহে। [অভাষী।
অনালাপ, ত্রি. [ন+আলাপ] তূষ্ণীক;
অনালোকন, ত্রি. [ন+আলোকন] আলোকনাভাব। [চর্চ্চা না করণ।
অনালোচন, ত্রি. [ন+আলোচন] অনভ্যাস,
অনালোচিত-অনালোচ্য, ত্রি. [ন+আলোচিত-চ্য] অবিবেচিত, অচর্চ্চিত, অকৃতালোচন, ইতি কর্ত্তব্য; অনবধারিত।
অনাশী-অনাশ্য, ত্রি. [ন+নাশী-শ্য] নাশের অযোগ্য, অনশ্বর।
অনাশ্রমী, ত্রি. [ন+আশ্রমিন্] উদাসীন, আশ্রম শূন্য, গৃহস্থাদি, কোন প্রকার আশ্রম হীন। [শ্রয় রহিত।
অনাশ্রয়, পুং. [ন+আশ্রয়] নিরাশ্রয়, আ-
অনাশ্বান্, (পুং.) [ন+আশ্বৎ] উপবাসী, নিরশন, নিরাহার।
অনাশ্বাস, ত্রি. [ন+আশ্বাস] নিরাশ, ত্যক্তাশ।
অনাশ্বাসিত-অনাশ্বস্ত, ত্রি. [ন+আশ্বাসিত-স্ত] আশ্বাস রহিত, অনাশ্বাস্য।
অনাসক্ত, ত্রি. [ন+আসক্ত] অননুরক্ত, বৈরসহিত।
অনাসাদিত, ত্রি. [ন+আসাদিত] অনুপস্থিত অনুপাগত, অসম্ভূত।
অনাসন্ন, ত্রি. [ন+আসন্ন] দূরবর্ত্তী, অনুপস্থিত, অনিকট।
অনাসিক, ত্রি. [ন+নাসিকা] নাসিকা রহিত, বিখ্নু, বিখ্রু, বিগ্র, বিনাসিক, বিনস, গতনাসিক, নির্ণাসিক, নাসিকাহীন, বিখ, বিখু, বিখ্য, খাঁদা
অনাস্থা, স্ত্রী. [ন+আস্থা] অযত্ন, অশ্রদ্ধা।
অনাস্থিক-অনাস্থেয়, ত্রি. [ন+আস্থা+ইক-এয়] অবিশ্বাসী; ষট্‌চক্রান্তর্গত চক্র।
অনাস্বাদ, ত্রি. [ন+আস্বাদ] বিস্বাদ, নীরস; অস্বাদু।
অনাস্বাদনীয়, ত্রি. [ন+আস্বাদনীয়] আস্বাদন রহিত, অনাস্বাদ্য, অনাস্বাদিত।
অনাহত, ত্রি. [ন+আহত] নূতন বস্ত্র, ছেদ ক্ষালন ভোগ রহিত বস্ত্র, নবাম্বর, নিষ্প্রবাণ; অগুণিত; অকৃতাঘাত, অহত অক্ষত (ন.) তন্ত্রোক্ত ষট্‌চক্রান্তর্গত চতুর্থ চক্র।
অনাহার, পুং. [ন+আহার] ভোজনাভাব, নিরাহার, উপবাস।
অনাহারী, ত্রি. [ন+আহারিন্] অভুক্ত, উপবাসী।
অনাহার্য্য, ত্রি. [ন+আহার্য্য] সংগ্রহের অনুপযুক্ত; ভোজনাযোগ্য।
অনাহুত-অনাহূত, ত্রি. [ন+আহুত-হূত] অনিমন্ত্রিত, অকৃতাহ্বান।
অনাহ্লাদ, ত্রি. [ন+আহ্লাদ] নিরানন্দ, শোকাবযুক্ত।
অনাহ্লাদনীয়, ত্রি. [ন+আহ্লাদনীয়] আহ্লাদের উপযোগ্য নহে, অনাহ্লাদিত। [অনাকারণ।
অনাহ্বান, ন. [ন+আহ্বান] অনিমন্ত্রণ,
অনিঃশঙ্ক, ত্রি. [ন+নিঃশঙ্ক] সশঙ্ক, সভয়।
অনিঃশ্বাস, ত্রি. [ন+নিঃশ্বাস] প্রাণহীন, অপ্রাণ।
অনিঃসঙ্গ, ত্রি. [ন+নিঃসঙ্গ] অসঙ্গ, একাকী।
অনিঃস্বন, ত্রি. [ন+নিঃস্বন] শব্দকার, মহাধ্বনিক, মহানাদ। [নিকৃষ্ট।
অনিকট, ত্রি. [ন+নিকট] দূরস্থ, দূর, অস-
অনিকৃষ্ট, ত্রি. [ন+নিকৃষ্ট] কুৎসিত নহে, অনিন্দনীয়, উত্তম।

অনিকেত-অনিকেতন, ত্রি. [ন+নিকেত-ন] নিরালয়, গৃহশূন্য, নির্ব্বাস।
অনিগীর্ণ, ত্রি. [ন+নিগীর্ণ] অনুক্ত; অকথিত।
অনিগ্রহ, ত্রি. [ন+নিগ্রহ] অনির্ব্বন্ধ, অকঠিন, অপীড়ন; অতাড়ন।
অনিঙ্গন, (প্রা) অচল, নিশ্চল, অচরিষ্ণু।
অনিচ্ছা, স্ত্রী. [ন+ইচ্ছা] স্পৃহাভাব, অরুচি, ইচ্ছাহীন।
অনিচ্ছু, ত্রি. [ন+ইচ্ছু] ইচ্ছাহীন, অস্পৃহ, বাঞ্ছাবর্জ্জিত, অনভিলাষী, অনাকাঙ্ক্ষী।
অনিচ্ছুক, ত্রি. [ন+ইচ্ছুক] ইচ্ছাহীন, অনিচ্ছ।
অনিত্য, ত্রি. [ন+নিত্য] অস্থায়ী, নশ্বর, ধ্বংসশালী, অচিরস্থায়ী।
অনিত্যক্রিয়া, স্ত্রী. [অনিত্য+ক্রিয়া] অনিয়ত কারণকপূজাবিশেষ, অনিত্যকর্ম্ম।
অনিত্যতা, স্ত্রী, [ন+নিত্যতা] অচিরস্থায়িনী, ক্ষণবিধ্বংসী।—ত্ব (ন.) নশ্বরত্ব; ক্ষণভঙ্গুর।
অনিত্যতাবাদী, পুং. [অনিত্যতা+বাদিন্] যে ব্যক্তি চিরস্থায়ী কোন বস্তু মানে না।
অনিত্যরূপ, ন. [ন+নিত্য+রূপ] অস্থায়ীরূপ, যাহা অচিরাৎ ধ্বংস হয়।
অনিত্যসম, পুং. [অনিত্য+সম] ন্যায়ানুগত তর্ক নহে, কেবল উদাহরণ দ্বারা তর্ককরণ।
অনিত্যদান, ত্রি. [ন+নিত্য+দান] নিষ্কারণ দান, অনিমিত্তদান।
অনিদর্শন, ত্রি. [ন+নিদর্শন] অপূর্ব্ব, অপূর্ব্বপ্রতিম, নিদর্শন রহিত।
অনিদর্শনীয়, ত্রি. [ন+নিদর্শনীয়] নিদর্শন রহিত, অনিদর্শিত।
অনিদান, ত্রি. [ন+নিদান] অকারণ, নির্হেতু।
অনিদ্রিত, ত্রি. [ন+নিদ্রিত] নিদ্রারহিত, সচকিত।
অনিন্দ-অনিন্দনীয়, ত্রি. [ন+নিন্দ+ঈয়] অনিন্দিত, অগর্হিত।
অনিন্দ্য, ত্রি. [ন+নিন্দ্য] অনিন্দিত; নির্দ্দোষী।
অনিন্দিত, ত্রি. [ন+নিন্দিত] অগর্হিত, উত্তম পূজিত, নিন্দারহিত।
অনিপুণ, ত্রি, [ন+নিপুণ] অপটু, অপারক, অবিজ্ঞ, [রহিত।
অনিপ্সু, ত্রি. [ন+ইপ্সু] অনিচ্ছুক, লোভ,
অনিবদ্ধ, ত্রি. [ন+নিবদ্ধ] অনপহৃতি; অনুপগত [বার।
অনিবার, ত্রি. [ন+নিবার] নিরন্তর, দুর্নি-
অনিবারণ, ন. [ন+নিবারণ] নিবারণরহিত, অনিবার্য্যত্ব, অপ্রতিকার্য্যত্ব।
অনিবারিত, ত্রি. [ন+নিবারিত] অবারিত, অনিষেধিত।
অনিবিষ্ট, ত্রি. [ন+নিবিষ্ট] নিবিষ্টমনা নহে, অমনোযোগী। [দুরত্যয়।
অনিবার্য্য, ত্রি. [ন+নিবার্য্য] অবারণীয়,
অনিবৃত্তি, ত্রি. [ন+নিবৃত্তি] অক্ষান্ত।
অনিভৃত, ত্রি. [ন+নিভৃত] অগোপনীয়, প্রকাশিত; অস্থির।
অনিমিত্তক, ত্রি. [ন+নিমিত্ত+ক] নিষ্কারণ, অহেতুক।
অনিমিষ, পুং. স্ত্রী. [ন+নিমিষ] দেবতা; মৎস্য; (ত্রি.) নিমিষশূন্য, নিদৃক্স্পন্দ।
অনিমিষাচার্য্য, পুং. [অনিমিষ+আচার্য্য] দেবগুরু, জীব, বৃহস্পতি।
অনিমেষ, পুং. [ন+নিমেষ] দেবতা; মৎস্য; (ত্রি.) তদ্বিশিষ্ট।
অনিয়ত, ত্রি. [ন+নিয়ত] অনিত্য, অনিয়মিত, অস্থায়ী। [রিত, অশাসিত।
অনিয়ন্ত্রিত, ত্রি. [ন+নিয়ন্ত্রিত] অনিবা-
অনিয়ম, পুং. [ন+নিয়ম] নিয়মাভাব, অনিশ্চয়, অনির্দ্ধার, (ত্রি.) নিয়ম বিরুদ্ধ।
অনিয়মিত, ত্রি. [ন+নিয়মিত] অনির্দ্ধারিত, অনিয়মবদ্ধ। [পক।
অনিয়ামক, ত্রি. [ন+নিয়ামক] অব্যবস্থা-
অনিযুক্ত, ত্রি. [ন+নিযুক্ত] অনিয়োজিত, অস্থাপিত।
অনিযোজ্য, ন. [ন+নিযোজ্য] নিযুক্তকরণাযোগ্য।
অনিরর্থ-অনিরর্থক, ত্রি. [ন+নিরর্থ+ক] অনর্থক নহে, প্রয়োজনীয়।
অনিরাকরণ, ন. [ন+নিরাকরণ] খণ্ডন না করণ; অপ্রত্যাখ্যান।

অনিরাকৃত, ত্রি. [ন+নিরাকৃত] অনপবিদ্ধ, অপ্রত্যাখ্যাত। [সপ্রত্যাশ।

অনিরাশ, ত্রি. [ন+নিরাশ] আশান্বিত,

অনিরুক্ত, ত্রি. [ন+নিরুক্ত] অনুদ্দিষ্ট, অবর্ণিত।

অনিরুক্তগান, পুং. [ন+নিরুক্তগান] সামবেদের প্রকরণ বিশেষ।

অনিরুদ্ধ, পুং. [ন+নিরুদ্ধ] কামদেবের পুত্র; তৎপর্য্যায়।—ঊষাপতি, ব্রহ্মসূ, বিশ্বকেতু, (ন.) সন্দান, পশ্বাদি বন্ধন-রজ্জু; (ত্রি.) রোধশূন্য, অপ্রতিবন্ধ, স্বতন্ত্র; চর। [অনিবারিতবর্ত্ম।

অনিরুদ্ধপথ, ন. [অনিরুদ্ধ+পথ] আকাশ;

অনিরুদ্ধভাবিনী, স্ত্রী. [অনিরুদ্ধ+ভাবিনী] ঊষা, বাণরাজকন্যা।

অনিরূপণ, ন. [ন+নিরূপণ] অনির্দ্ধারণ।

অনিরূপিত, ত্রি. [ন+নিরূপিত] অনির্দ্ধারিত, অনিশ্চিত।

অনির্ণয়, পুং. [ন+নির্ণয়] অধ্রুব, অনিশ্চয়, অনবধারণ, (ত্রি.) অনির্দ্ধারিত।

অনির্ণীত, ত্রি. [ন+নির্ণীত] অনির্দ্ধারিত, অধ্রুব। [অনুদ্দেশিত।

অনির্দ্দিষ্ট, ত্রি. [ন+নির্দ্দিষ্ট] অনিশ্চিত,

অনির্দ্ধারিত, ত্রি. [ন+নির্দ্ধারিত] অনিশ্চিত, অনবধারিত, অনির্ধার্য্য।

অনির্দ্ধার্য, ত্রি. [ন+নির্দ্ধার্য্য] অনিশ্চিত, অনির্ধারিত।

অনির্ব্বচনীয়, ত্রি. [ন+নির্ব্বচনীয়] অবাচ্য, অবর্ণনীয়, বাক্যের অগম্য, বর্ণনের অসাধ্য।

অনির্ব্বাচ্য, ত্রি. [ন+নির্ব্বাচ্য] নির্ব্বচনানর্হ, অত্যুত্তম বাক্যাগম্য।

অনির্ব্বাণ, ত্রি. [ন+নির্ব্বাণ] যাহা নির্ব্বাণ করা যায় না, নিবৃত্ত করা যায় না; মোক্ষেতর।

অনির্ব্বাহ, পুং. [ন+নির্ব্বাহ] অনিষ্পত্তি, অসঙ্গতি, অপ্রতুল।

অনির্ব্বাহ্য, ত্রি. [ন+নির্ব্বাহ্য] সঙ্গত্যভাব।

অনির্ব্বিণ্ণ, ত্রি. [ন+নির্ব্বিণ্ণ] অভাবগ্রস্ত, অনির্ব্বাহ; নিঃস্ব, বিত্তহীন, পরিবার পোষণে অক্ষম; নির্ব্বেদ শূন্য; অবিরক্ত; অদুঃস্থিত; অতিদুঃখিত।

অনির্ব্বিণ্ণতা, স্ত্রী. [ন+নির্ব্বিণ্ণতা] নিঃস্বতা, নির্দ্ধনতা।—ত্ব (ন.) নিঃস্ব, নির্ধন।

অনির্ব্বৃতি, স্ত্রী. [ন+নির্ব্বৃতি] অনির্ব্বাহ, অসংস্থান, নির্ব্বৃত্যভাব, দরিদ্রতা।

অনির্ম্মল, ত্রি. [ন+নির্ম্মল] মলিন, অ-পরিষ্কার, আবিল, (ন.) নির্ম্মলাভাব

অনির্ম্মাল্য, ত্রি. [ন+নির্ম্মাল্য] অনিবেদিত দ্রব্যবিশেষ; অপরিষ্কৃত।

অনির্ম্মাল্যা, স্ত্রী. [ন+নির্ম্মাল্য+আ] পৃক্কা-নামক ঔষধি। [নীরচিত।

অনির্ম্মিত, ত্রি. [ন+নির্ম্মিত] অকল্পিত,

অনিল, পুং. [অন্+ইল] বায়ু; বসু বিশেষ। [রহিত।

অনিলয়, পুং. [ন+নিলয়] বাস শূন্য, আলয়

অনিলঘ্নক, পুং. [অনিল+ঘ্ন+ক] বিভীতকবৃক্ষ।

অনিলপর্য্যয়, পুং. [অনিল+পর্য্যয়] চক্ষের ব্যাধি বিশেষ। [আগুন।

অনিলসখ, পুং. [অনিল+সখা] অগ্নি, অনল,

অনিলাত্মজ, পুং. [অনিল+আত্মজ] হনু-মান; ভীম। [বৃক্ষ।

অনিলান্তক, পুং. [অনিল+অন্তক] ইঙ্গুদি

অনিলাময়, পুং. [অনিল+আময়] বাত-রোগ; অজীর্ণ রোগ।

অনিলাশী, পুং. [অনিল+আশিন্] বায়ু ভক্ষণ করিয়া জীবন ধারণ করে; সর্প।

অনিলী, স্ত্রী. [ন+নিলী] স্বাতিনক্ষত্র।

অনির্লোচিত, ত্রি. [ন+নির্লোচিত] অপরি-পক্ক বুদ্ধি, অনালোচিত, অবিবেচিত।

অনিশ, ব্য. [ন+নিশ] নিরন্তর, অনবরত, সতত, সর্ব্বদা; (ত্রি.) অরাত্রি, যামিন্যভাব।

অনিশ্চয়-অনিশ্চিত, ত্রি. [ন+নিশ্চয়-নিশ্চিত নিশ্চয়রহিত, অনিরূপিত, অনির্ণীত।

অনিষিদ্ধ, ত্রি. [ন+নিষিদ্ধ] অনিবারিত, অপ্রতিষিদ্ধ। [শ্চিত]

অনিষ্কর্ষ, ত্রি. [ন+নিষ্কর্ষ] অধ্রুব, অনি-

অনিষ্ট, ত্রি. [ন+নিষ্ট] অনভিলষিত, অবা-ঞ্ছিত, হানি, অপকার; মন্দ।

অনিষ্টা, স্ত্রী. [ন+নিষ্টা] নাগবলা, অবাঞ্ছা

অনিষ্টকর, ত্রি. [অনিষ্ট+কর] অপকারক, অহিতকারক।

অনিষ্টগ্রহ, পুং. [অনিষ্ট+গ্রহ] কুগ্রহ।

অনিষ্ঠা, স্ত্রী. [ন+নিষ্ঠা] নাগবলা ; অস্থিরতা, চঞ্চলতা, অস্থৈর্য্য।

অনিষ্ঠুর, ত্রি. [ন+নিষ্ঠুর] অনির্দ্দয়, সরলচিত্ত, করুণার্দ্র।

অনিষ্ণাত, ত্রি. [ন+নিষ্ণাত] অপ্রবীণ, অকৃতী, অপারক, অকুশল।

অনিষ্পত্তি, স্ত্রী. [ন+নিষ্পত্তি] অসমাপ্তি অপ্রতিপত্তি।

অনিষ্পন্ন, ত্রি. [ন+নিষ্পন্ন] অসমাপ্ত, অসম্পূর্ণ, নিষ্পত্তি রহিত।

অনিষ্পাদ্য, ত্রি. [ন+নিষ্পাদ্য] অসমাপনীয়, নিষ্পাদনানর্হ্য, অনিষ্পন্ন।

অনিস্ফল, ত্রি. [ন+নিস্ফল] অব্যর্থ, প্রবাল।

অনিসর্গ, ত্রি. [ন+নিসর্গ] অস্বাভাবিক, স্বভাবের বিরুদ্ধ, প্রকৃতির বিপরীত।

অনিস্তীর্ণ, ত্রি. [ন+নিস্তীর্ণ] অনুত্তীর্ণ; অমীমাংসিত।

অনিস্বন, ত্রি. [ন+নিস্বন] নিঃশব্দ, নীরব।

অনিহ্নব, ত্রি. [ন+নিহ্নব] স্বীকার করণ।

অনিহ্নুত, ত্রি. [ন+নিহ্নুত] অঙ্গীকৃত, স্বীকৃত।

অনিহ্নোতা, পুং. [ন+নিহ্নোতৃ] যে ব্যক্তি কোন বিষয় অস্বীকার যায় না।

অনিক্ষু, পুং. [ন+ইক্ষু] ইক্ষুবিশেষ, অনাখু, খাকড়া। তৎপর্য্যায়-ইক্ষুতুল্যা, ইক্ষুবালিকা, ইক্ষ্বালিকা।

অনীক, পুং.ন. [ন+নীক] সৈন্য, সেনা, যোদ্ধা ; রণ, যুদ্ধ, সংগ্রাম

অনীকস্থ, পুং. [অনীক+স্থ] সেনারক্ষক; হস্তী পরিচালক; রাজরক্ষক ; চিহ্ন ; রণপটহ, জয়ঢাক।

অনীকাশ, ত্রি. [অনীক+আশ] অসদৃশ, অতুল্য, অনুপম।

অনীকিনী, স্ত্রী. [অনীক+ইনী] সেনা, সৈন্য, যোদ্ধা; সৈন্য সংখ্যা বিশেষ। তদ্যথা ৬৫৬১ অশ্ব, ২১৮৭ হস্তী, ১০৯৩৫ পদাতি ২১৮৭ রথ, একুনে ২১৮৭০। [কৃষ্ট।

অনীচ, ত্রি. [ন+নীচ] সম্ভ্রান্ত, অনধম, উৎকৃষ্ট।

অনীচদর্শী, পুং. [অনীচ+দর্শিন্] বৌদ্ধধর্ম্মাবলম্বী।

অনীচানুবর্ত্তিন, ত্রি. [অনীচ+অনুবর্ত্তিন] উত্তম সংসর্গী, সৎসংসর্গী।

অনীচৈ, ব্য. উচ্চৈস্বরে, মহাশব্দ পূর্ব্বক।

অনীত, ত্রি. [ন+নীত] অপ্রাপিত, অগৃহীত।

অনীতি, স্ত্রী. [ন+নীতি] দুর্নীতি, অন্যায়, অত্যাচার।

অনীদৃশ, ত্রি. [ন+ঈদৃশ] অতুল্য, অসমান, অভিন্ন।

অনীশ, ত্রি. [ন+ঈশ] অনধিকারী, অস্বামী, অক্ষম ; (পুং) বিষ্ণু। [নাস্তিক।

অনীশ্বর, ত্রি. [ন+ঈশ্বর] অস্বামিক; অনীশ্বরবাদী, পুং. [অনীশ্বর+বাদিন্] নাস্তিক দেবনিন্দুক; অভক্ত।

অনীহ, ত্রি. [ন+ঈহ] নিশ্চেষ্ট, অলস, কুড়া।

অনীহার, ত্রি. [ন+নীহার] তপ্ত, অশীতল, উষ্ণতা, গরম। [তোৎসাহ।

অনীহিত, ত্রি. [ন+নীহিত] নিশ্চেষ্টিত, অকৃতোৎসাহ।

অনু, ব্য. উপসর্গ বিশেষ ; সহ ; পশ্চাৎ ; সাদৃশ্য ; লক্ষণ ; বীপ্সা ; ইত্থম্ভাব ; ভাগ ; হীন ; আয়াম ; সমীপ ; পরিপাটী।

অনুক, ত্রি. [অনু+ক] কামী, কামুক।

অনুকম্পা, স্ত্রী. [অনু+কম্পা] দয়া, কৃপা, করুণা, কারুণ্য, অনুক্রোশ।

অনুকম্পিত, ত্রি. [অনু+কম্পিত] অনুগ্রাহ্য, কারুণিক; বেগবান্।

অনুকরণ, ন. [অনু+করণ] অনুকার, অনুকর্ম্ম; অনুরূপ।

অনুকরণবাক্য, ন. [অনুকরণ+বাক্য] অনুকৃতি কথা। [ক্রিয়া বিশেষ।

অনুকর্ম্ম, ন. [অনু+কর্ম্মন্] অনুকরণ; পশ্চাৎ

অনুকর্ষ, পুং. [অনু+কর্ষ] আকর্ষণ ; রথের নিম্নস্থ কাষ্ঠ; মন্ত্রমোহন; ধৃতব্রত, তরস্বী তরসী।

অনুকর্ষণ, ন. [অনু+কর্ষণ] আকর্ষণ, টানন নাম গ্রহণ ; অবকর্ষণ।

অনুকল্প, পুং. [অনু+কল্প] গৌণ কল্প, প্রধানের স্থানকল্প।

অনুকামীন, পুং. [অনু+কাম+ঈন্] কামগামী, যথেচ্ছাক্রমে গমনশীল।

অনুকার, পুং. [অনু+কার] অনুহার, সদৃশী করণ, অনুরূপ করণ; তুল্য।

অনুকারী, ত্রি. [অনু+কারিন্] সদৃশকারী, তুল্যকারী; নায়িকাভেদ।

অনুকীর্ণ, ত্রি. [অনু+কীর্ণ] পরিপূর্ণ, পূর্য্যমাণ, সঙ্কীর্ণ, সম্পূর্ণ।

অনুকীর্ত্তন, ন. [অনু + কীর্ত্তন] প্রশংসন, বন্দনা; স্তোত্র।

অনুকূল, ত্রি.[অনু+কূল] সহায়, দক্ষিণ অনুগ্রাহক, হিতপ্রেপ্সু; (পুং) পতিভেদ; -লা, (স্ত্রী.) দন্তীবৃক্ষ।

অনুকূলতা, স্ত্রী. [অনুকূল+তা] সাহায্য, আনুকূল্য, দাক্ষিণ্য।

অনুকূলতাচরণ, ন. [অনুকূলতা+আচরণ] সপক্ষতাচরণ, আনুকূল্য করণ, সাহায্যকরণ, অনুগ্রহ করণ। [বায়ু।

অনুকূলবায়ু, ন. [অনুকূল+বায়ু] সুপ্রসন্ন

অনুকূলাচার, ত্রি. [অনুকূল + আচার] সাপক্ষাচার, সহকারিত।

অনুক্ত, ত্রি. [ন + উক্ত]অকথিত, অভাষিত।

অনুক্তি, ন. [ন+উক্তি] মন্দকথা, অসংলগ্ন বাক্য।

অনুকৃত, ত্রি. [অনু + কৃত] অনুবৃত্ত,অনুগত।

অনুক্রকচ, ত্রি. [অনু + ক্রকচ] করাতবৎ দন্তবিশিষ্ট।

অনুক্রম, পুং. [অনু + ক্রম] যথাক্রম, আনুপূর্ব্বী, পরিপাটী, আবৃৎ, পর্য্যায়

অনুক্রমণ, ন. [অনু+ক্রমণ] প্রক্রম, প্রসরণ, ক্রান্তি

অনুক্রমণিকা, স্ত্রী. [অনু+ক্রমণিকা] ভূমিকা, গ্রন্থাদির মুখবন্ধ, আভাস, পুরাণাদির সংক্ষেপে বিবরণ কথন। [পূর্ব্ব।

অনুক্রমে, ব্য. [অনু + ক্রমে] ক্রমশঃ, যথা-

অনুক্রিয়া, স্ত্রী. [অনু+ক্রিয়া] অনুরূপ করণ, অনুকরণ। [করুণা।

অনুক্রোশ, পুং. [অনু+ক্রোশ] কৃপা, দয়া,

অনুখাল, পুং. [অনু+খাল] সমুদ্রবঙ্ক, খল্ল, খাত, পুটভেদ, বক্র, বঙ্ক।

অনুগ, ত্রি. [অনু+গ] পশ্চাদ্গামী, অনুচর, অনুসর, অন্বক্ষ, অন্বক্, অনুপদ, (পুং) সেবক, দাস।

অনুগত, ত্রি. [অনু+গত] আশ্রিত, শরণাগত, অধীন, অনুগ, পশ্চাদ্গাত, নিয়ত।

অনুগবীন, পুং. [অনু+গবীন] গোপাল, গোরক্ষক, রাখাল, গোচারণক।

অনুগম, পুং. [অনু+গম] পশ্চাদ্গমন; উপসর্পণ।

অনুগমন, ন. [অনু+গমন] পশ্চাদ্গমন, সংগমন, সহ গমন, উপসর্পণ।

অনুগম্য, ত্রি. [অনু+গম্য] পশ্চাদ্গমনোপযুক্ত।

অনুগামী, ত্রি. [অনু + গামিন্] পশ্চাদ্গামী, কামগামী, অনুবর্ত্তী, সহচর; সেবক।

অনুগৃহীত, ত্রি. [অনু+গৃহীত] উপকৃত, প্রতিপালিত।

অনুগ্র, ত্রি, [ন + উগ্র] শান্ত, মৃদুল, অপ্রখর, অকর্কশ, অপ্রচণ্ড, সুশীতল।

অনুগ্রহ, পুং. [অনু+গ্রহ] অনিষ্ট নিরাকরণপূর্ব্বক উপকার সাধন, দুঃখ দূরকরণেচ্ছা, দয়া, প্রসন্নতা, আনুকূল্য।

অনুগ্রাহক, ত্রি. [অনু+গ্রাহক] দয়াবান্, করুণান্বিত, প্রিয়কর, প্রিয়ঙ্কর, প্রিয়কার, প্রিয়কৃৎ, প্রিয়, প্রীত, প্রীতিমান, প্রিয়ৈষী, প্রসাদিত, হিতৈষী, হিতবান্, হিতকাম, হিতকর, সুহিত, উপকারশীল, লোকোপকারী, স্নিগ্ধ, স্নেহশীল, হৃদয়ালু, অনুকম্পক, করুণাত্মা, অদ্রোহী প্রসন্ন, অনুনয়ী, হিতেপ্সু, সানুক্রোশ, ভক্তবৎসল, দাতা, সদাশয় মৃদু, ক্ষমী।

অনুগ্রাহী, ত্রি. [অনু+গ্রাহিন্] হিতবান, সুপ্রসন্ন। [পাত্র; গ্রহণীয়।

অনুগ্রাহ্য, ত্রি. [অনু+গ্রাহ্য] অনুগ্রহের

অনুচর, ত্রি. [অনু+চর] সহচর, সঙ্গী, সহায়, সাথী; দাস।

অনুচলিত, ত্রি. [অনু+চলিত] অনুগত, অনুগম্যমান।

অনুচারী, ত্রি. [অনু+চারিন্] পশ্চাদ্গামী, অনুসরী, অনুগ।

অনুচিত, ত্রি. [ন+উচিত] অযোগ্য অনুপযুক্ত, অযুক্ত, অন্যায্য, অন্যায়ী, অসঙ্গত, অসমঞ্জস, অনুপপন্ন, অনর্হ, অসদৃশ, অসমীচীন, অসম্ভাব্য, অসম্ভাবনীয়, অপথ্য, অযথার্থ, অভাজন, অকার্য্য, অনুপযোগী, অকর্ত্তব্য, গরহক, বেমুনাসিপ্, নাহক; বিনীত, বিনত।

অনুচিন্তা, স্ত্রী. [অনু+চিন্তা] ধ্যানশীল, চিন্তাযুক্ত। [সবিনয়

অনুচ্চ, ত্রি. [ন+উচ্চ] নিম্ন, নীচ, অনূর্দ্ধ;

অনুচ্চরিত, ত্রি. [ন+উচ্চরিত] অপ্রকাশিত, অনুদাহৃত।

অনুচ্চার, পুং. [ন+উচ্চার] নিঃশব্দ, উচ্চারণ রহিত। [হার।

অনুচ্চারণ,ন. [ন+উচ্চারণ] অনুচ্চার, অব্যা-

অনুচ্চারণীয়, ত্রি. [ন+উচ্চারণীয়] উচ্চারণের অনুপযুক্ত, অবক্তব্য।

অনুচ্চার্য্য, ত্রি. [ন+উচ্চার্য্য] উচ্চারণের অযোগ্য, অকথ্য, অবক্তব্য।

অনুচ্চৈঃ ব্য. [ন+উচ্চৈস্] নীচস্বরে, মন্দধ্বনিতে। [শুদ্ধ পবিত্র।

অনুচ্ছিষ্ট, ত্রি. [ন+উচ্ছিষ্ট] উচ্ছিষ্ট ভিন্ন,

অনুচ্ছ্রিত, ত্রি. [ন+উচ্ছ্রিত] উন্নতরহিত, অনূর্দ্ধত। [অবিনাশ।

অনুচ্ছেদ, ত্রি. [ন+উচ্ছেদ] অনুৎপাটন,

অনুচ্ছ্বাস, পুং. [ন+উচ্ছ্বাস] শ্বাসরোধ, নিশ্বাসবন্ধ।

অনুজ, পুং. [অনু+জ] কনিষ্ঠ, জঘন্যজ, যবীয়ান্, অবরজ; (ন.) প্রপৌণ্ডরিক নাম সুগন্ধিদ্রব্য।

অনুজা, স্ত্রী. [অনুজ+আ] কনিষ্ঠাভগিনী; ত্রায়মাণা লতা।

অনুজাতা, স্ত্রী. [অনু+জাতা] কনিষ্ঠা ভগিনী, ছোট ভগ্নী

অনুজীবী, ত্রি. [অনু+জীবীন্] পরাধীন, আশ্রিত, পরতন্ত্র; (পুং.) দাস, সেবক, অর্থী, অনুচর

অনুজ্জ্বল, ত্রি. [ন+উজ্জ্বল] দীপ্তিহীন, চাকচক্য রহিত। [অত্যক্ত।

অনুজ্ঝিত, ত্রি. [ন+উজ্ঝিত] অবিক্ষত,

অনুজ্ঞা, স্ত্রী. [অনু+জ্ঞা] অনুমতি, আজ্ঞা, আদেশ। [গৃহীত।

অনুজ্ঞাত, ত্রি. [অনু+জ্ঞাত] আজ্ঞাপ্রাপ্ত,

অনুজ্ঞাপালন, ন. [অনুজ্ঞা+পালন] আজ্ঞানুকরণ, আজ্ঞাপালন।

অনুতপ্ত, ত্রি. [অনু+তপ্ত] অনুশোচী, পশ্চাত্তাপ বিশিষ্ট, খেদান্বিত।

অনুতর, ন. [অনু+তর] আতর, তরপণ্য, পারাণী কড়ী

অনুতর্ষ, পুং. [অনু+তর্ষ] তৃষ্ণা; অভিলাষ, বাঞ্ছা; চষক, মদ্যপানপাত্র।

অনুতর্ষণ, ন. [অনু+তর্ষণ] সুরাপানপাত্র, চষক, অর্থাৎ পেয়ালা।

অনুতাপ, পুং. [অনু+তাপ] পশ্চাত্তাপ বিপ্রতীসার, অনুশোচন।

অনুতাপিত, ত্রি. [অনুতাপ+ইত] দুঃখিত, অনুশোচক।

অনুতাপী, ত্রি. [অনুতাপ+ইন্] পশ্চাত্তাপী, অনুতপ্ত, অনুশোচক।

অনুতারা, পুং. [অনু+তারা] উপগ্রহ, উপতারা। [তুষ্ট।

অনুৎক, ত্রি. [ন+উৎক] অননুশোচী, আত্ম-

অনুৎকণ্ঠ, ত্রি. [ন+উৎকণ্ঠা] নিরুদ্বেগ, উৎকণ্ঠা রহিত।

অনুৎকর্ষ, পুং. [ন+উৎকর্ষ] অপকর্ষ, নিকৃষ্টতা, অপকৃষ্টত্ব, নীচত্ব।

অনুত্তম, ত্রি. [ন+উত্তম] সর্ব্বশ্রেষ্ঠ, অত্যুত্তম; নিকৃষ্ট, অধম।

অনুত্তর, ত্রি. [ন+উত্তর] প্রত্যুত্তর হীন, মৌনী; প্রতিজল্পবিবর্জ্জিত; শ্রেষ্ঠ; স্থির; অধঃ; দক্ষিণদিক্; স্বামী।

অনুত্তান, ত্রি. [ন+উত্তান] অধোমুখে শয়ন।

অনুত্তানপাণি, ত্রি. [অনুত্তান+পাণি] অধোহস্ত উবুড়হস্ত।

অনুত্তাপ, ত্রি. [ন+উত্তাপ] উত্তপ্ত রহিত শীতল। [অনূর্দ্ধত্ব।

অনুত্থান, ন. [ন+উত্থান] উত্থানরহিত,

অনুত্থাপন, ত্রি. [ন+উত্থাপন] অনুত্তোলন।

অনুত্থিত, ত্রি. [ন+উত্থিত] উত্থান রহিত, অসমুদ্গত।

অনুৎপত্তি, ত্রি. [ন+উৎপত্তি] জন্মহীন,
জন্মরহিত। [অনর্পিত।
অনুৎপন্ন, ত্রি. [ন+উৎপন্ন] উৎপন্ন রহিত,
অনুৎপাদিত। [রহিত, অজনন।
অনুৎপাদন, ন. [ন+উৎপাদন] উৎপত্তি
অনুৎপাদনীয়, ত্রি. [ন+উৎপাদন+ঈয়]
অনুৎপন্ন, অনুৎপাদ্য।
অনুৎসর্গ, ত্রি. [ন+উৎসর্গ] অপ্রদত্ত।
অনুৎসাহ, ত্রি. [ন+উৎসাহ] উৎসাহবিহীন,
হতসাহস। [নিরুদ্যম।
অনুৎসুক, ত্রি. [ন+উৎসুক] অচেষ্টিত,
অনুৎসূত্র, ত্রি. [ন+উৎসূত্র] ব্যবস্থামত।
অনুৎসৃষ্ট, ত্রি. [ন+উৎসৃষ্ট] অনর্পিত,
অদত্ত। [রহিত।
অনুদক, ত্রি. [ন+উদক] নির্জ্জল, জল
অনুদগ্র, ত্রি. [ন+উদগ্র] অনুচ্চ; অত্যুচ্চ।
অনুদয়, ত্রি. [ন+উদয়] উদয়ের পূর্ব্বকাল,
উদয় রহিত।
অনুদর, ত্রি. [ন+উদর] কৃশ, দুর্ব্বল; ক্ষীণমধ্য।
অনুদাত্ত, পুং. [ন+উদাত্ত] স্বরবিশেষ;
নীচ স্বর; অস্বরিত।
অনুদার, ত্রি. [ন+উদার] অতিশয় দাতা,
বহুদায়ক; অদাতা, কৃপণ; অতি-
মহান্; অমহান্; স্ত্রীর বশীভূত।
অনুদিন, ব্য. [অনু+দিন] প্রতিদিন, প্রত্যহ,
নিত্য। [স্থানে।
অনুদিশ, ব্য. [অনু+দিশ] সর্ব্বত্র, প্রতি-
অনুদৈর্ঘ্য, ত্রি. [অনু+দৈর্ঘ্য] অনুলম্ব, আয়ত।
অনুদ্দিষ্ট, ত্রি. [ন+উদ্দিষ্ট] অলক্ষিত, অনভি-
প্রেত। [হয় নাই।
অনুদ্দেশ, পুং. [ন+উদ্দেশ] যাহার সন্ধান
অনুদ্দেশ্য, ত্রি. [ন+উদ্দেশ্য] যাহার কোন
অনুসন্ধান পাওয়া যায় নাই।
অনুদ্ধত, ত্রি. [ন+উদ্ধত] বশ্যাত্মা; অবিরুদ্ধ,
স্থির; অনুত্তুঙ্গ। [বস্থা।
অনুদ্বাহ, পুং. [ন+উদ্বাহ] অবিবাহ, অনূঢ়া-
অনুদ্বিগ্ন, ত্রি. [ন+উদ্বিগ্ন] নিশ্চিন্ত, নির্ভা-
বনা; নিরাপদ।
অনুদ্বেগ, ত্রি. [ন+উদ্বেগ] নিরুপদ্রব,
নিরাকুল।

অনুদ্যত, ত্রি. [ন+উদ্যত] অপ্রবর্ত্ত, কর্ম্মে
প্রবর্ত্ত নহে।
অনুদ্যম, ত্রি, [ন+উদ্যম] অযত্ন, নিরুদ্যোগ।
অনুদ্যুক্ত, ত্রি. [ন+উদ্যুক্ত] অসমুদ্যত,
অনত্যাসক্ত।
অনুদ্যোগ, ত্রি. [ন+উদ্যোগ] কার্য্যবিমুখ,
কুণ্ঠ, জড়। [অনধ্যবসায়ী।
অনুদ্যোগী, ত্রি. [ন+উদ্যোগী] নিরুদ্যোগী,
অনুদ্রুত. ন. [অনু+দ্রুত] তালবিশেষ। (ত্রি)
অনুধাবিত।
অনুধাবন, ন. [অনু+ধাবন] পশ্চাদ্গমন,
অনুসন্ধান; বিবেচনা, পর্য্যালোচনা।
অনুনয়ী, ত্রি. [অনুনয়+ইন্] সুশীল, অনু-
রোধী।
অনুনয়, পুং. [অনু+নয়] বিনয়, স্তব, প্রণি-
পাত, প্রণতি। [আজ্ঞানুবর্ত্তী।
অনুনায়ক, ত্রি. [অনু+নায়ক] বশবর্ত্তী
অনুনাদ, পুং. [অনু+নাদ] প্রতিধ্বনি, প্রতিশব্দ
অনুনাসিক, ত্রি. [অনু+নাসিক] নাসিকা-
সম্বন্ধীয়; (পুং) সানুনাসিক, অনুনা-
সিকবর্ণ, যথা ঙ ঞ ণ ন ম।
অনুনীত, ত্রি. [অনু+নীত] বিনীত, কৃতা-
ভ্যাস; প্রপন্ন; শিক্ষিত; সম্মানিত;
হৃষ্টচিত্ত।
অনুনেতা, পুং. [অনু+নেতৃ] স্তবকারক
স্তুতিকারক; বিনয়শীল। [তুঙ্গ
অনুন্নত, ত্রি. [ন+উন্নত] উন্নতি রহিত, অনু-
অনুন্নতানত, ত্রি. [অনুন্নত+আনত] দিগন্ত-
সম, অনুপ্রস্থ; নীচু উচু। [পত্তি।
অনুন্নতি, ন. [ন+উন্নতি] অনুত্থাপন; অপ্রতি
অনুপকার, ন. [ন+উপকার] অহিত, অনিষ্ট,
অননুগ্রহ।
অনুপকারক, ত্রি. [ন+উপকারক] অকৃতো-
পকারক, মন্দ চেষ্টাকারক।
অনুপকারী, ত্রি. [ন+উপকারিন্] অনুপ-
কারক, মন্দচেষ্টক, অনুপকৃত।
অনুপক্রান্ত, ত্রি. [ন+উপক্রান্ত] অপ্রারব্ধ,
অনারব্ধ, উপক্রান্তরহিত।
অনুপগত, ত্রি. [ন+উপগত] অসন্নিকৃষ্ট,
অসমীপ।

অনুপগন্তব্য, ত্রি. [ন+উপগন্তব্য] অগম্য, দুর্গম, সুদূর, অনুত্থাপন, অপ্রতিপত্তি।

অনুপগম, পুং. [ন+উপগম] অনুপস্থিতি, অনভিগমন।

অনুপদ, ন.ব্য. [অনু+পদ] অনুগ; ক্রমশঃ; পদে পদে; অকথিত পদ।

অনুপদিষ্ট, ত্রি. [ন+উপদিষ্ট] অশিক্ষিত, অবিদ্য, অপণ্ডিত।

অনুপদেষ্টা, পুং.[ন+উপদেষ্টৃ] অনুপাধ্যায়, আচার্য্য রহিত। [অন্বেষ্টা।

অনুপদী,ত্রি. [অনু+পদিন্] অন্বেষণকর্ত্তা,

অনুপদীনা, স্ত্রী.[অনু+পদ+ঈনা] পাদাচ্ছাদন, পন্নধ্রী, পাদুকা, উপানৎ; মোজা।

অনুপদেশ, ন.[ন+উপদেশ] উপদেশরহিত, অনধ্যাপন।

অনুপদেশক, ত্রি. [ন+উপদেশক] অনুপদেশী, অশিক্ষিত, অনুপদেষ্টব্য।

অনুপদেশ্য, ত্রি. [ন+উপদেশ্য] অশিক্ষিত, অনুপদেষ্টব্য।

অনুপনয়ন, ন. [ন+উপনয়ন] উপনয়নহীন, মৌঞ্জীবন্ধনশূন্য; পাদরক্ষণ, পাদুকা বিশেষ

অনুপনীত, ত্রি. [ন+উপনীত] যজ্ঞোপবীত বিহীন; গুরুর নিকট অপঠিত।

অনুপন্যস্ত, ত্রি. [ন+উপন্যস্ত] অনির্ণীত, অনির্দ্ধারিত, অকৃত নিশ্চয়।

অনুপপত্তি, স্ত্রী. [ন+উপপত্তি] অসম্পত্তি, অনির্ব্বৃতি। [অনিষ্পন্ন।

অনুপপন্ন, ত্রি. [ন+উপপন্ন] অপ্রতিপাদিত;

অনুপপাদ্য, ত্রি. [ন+উপপাদ্য] অসম্ভাব্য, দুষ্কর। [সংশয়, অনির্ব্বাণ।

অনুপন্যাস, পুং. [ন+উপন্যাস] অনিশ্চয়,

অনুপবাস, ন. [ন+উপবাস] উপবাসরহিত, অলঙ্ঘন, ভোজন।

অনুপবিষ্ট, ত্রি. [ন+উপবিষ্ট] অনাসনস্থ, অপীঠস্থ।

অনুপবেশন, ন. [ন+উপবেশন] উপবেশন রহিত, অনাসন।

অনুপবেশনীয়, ত্রি. [ন+উপবেশনীয়] অনুপবেশ্য, অনাসীত।

অনুপভুক্ত, ত্রি.[ন+উপভুক্ত] অভুক্ত, যাহা ভোগ হয় নাই, অদখলীকৃত.

অনুপম, ত্রি. [ন+উপম] নিরুপম, উত্তম, অতুল্য, উপমাশূন্য।

অনুপমা, স্ত্রী. [ন+উপমা] কুমুদ নাম দিগ্‌গজ ভার্য্যা; সুপ্রতীক নাম দিগ্‌গজ পত্নী; অসাদৃশ্য।

অনুপমান, ন. [ন+উপমান] উপমানরহিত, বৈষম্যাতিরিক্ত। [বিষম।

অনুপমেয়, ত্রি. [ন+উপমেয়] অসদৃশ,অসম,

অনুপযুক্ত, ত্রি. [ন+উপযুক্ত] অযুক্ত, অযোগ্য, অনুচিত, অন্যায্য

অনুপযোগ, পুং. [ন+উপযোগ] নিরর্থক, ব্যর্থ, অনর্থক।

অনুপযোগিতা, স্ত্রী. [ন+উপযোগিতা] ব্যর্থতা, নিরর্থতা। [পাত।

অনুপরোধ, পুং. [ন+উপরোধ] অপক্ষ-

অনুপলব্ধ, ত্রি. [ন+উপলব্ধ] অনালোচিত, অলক্ষিত; অপ্রাপ্ত।

অনুপলব্ধি, স্ত্রী. [ন+উপলব্ধি] অননুমান, অননুভব।

অনুপলম্ভন, ন. [ন+উপলম্ভন] উপলব্ধি রহিত, অনভিজ্ঞান

অনুপশম্য, ত্রি. [ন+উপশম্য] অশমনীয়।

অনুপশয়, পুং. [ন+উপশয়] আধিক্য।

অনুপসর্গ, পুং. [ন+উপসর্গ] বিগুণ, মধ্যম, মধ্যমগুণ; উপসর্গ রহিত।

অনুপস্থান, ন. [ন+উপস্থান] অনুপস্থিতি, পরোক্ষ, অসন্নিধি।

অনুপস্থায়ী, ত্রি. [ন+উপস্থায়িন্] স্থানান্তরগত, অবিদ্যমান। [অসমীপ।

অনুপস্থিত, ত্রি. [ন+উপস্থিত] অসন্নিহিত,

অনুপাকৃত, ত্রি. [ন+উপাকৃত] উপাকৃত শূন্য, অবলি, অবধ্য।

অনুপাত, পুং. [অনু+পাত] পশ্চাৎ পতন; পূর্ব্বাঙ্কপাতনানুসারে অপরাঙ্কপাত; সমভাব; সমসূত্রভাবে পতন।

অনুপাতক, ন. [অনু+পাতক] মহাপাতক সদৃশ পাপ বিশেষ। [সেবনীয়।

অনুপান, ন. [অনু+পান] ঔষধের সঙ্গে

অনুপায়, ত্রি. [ন+উপায়] উপায় হীন, নির-বলম্ব। [পার্শ্বস্থ।
অনুপার্শ্ব, ত্রি. [অনু+পার্শ্ব] পার্শ্বসম্বন্ধীয়,
অনুপাসন, ন. [ন+উপাসন] অশুশ্রূষা; অনমুরাগ; অনাবধান।
অনুপাসিত, ত্রি. [ন+উপাসিত] অসেবিত, অনুপচরিত। [নল, বেতস।
অনুপুষ্প, পুং. [অনু+পুষ্প] শর, খাকড়া,
অনুপূর্ব্ব, ত্রি. [অনু+পূর্ব্ব] আনুক্রমিক, যথাক্রম। [পূর্ব্বে।
অনুপূর্ব্বশঃ, ব্য. [অনু+পূর্ব্বশস্] অনুক্রমশঃ
অনুপোষিত, ত্রি. [ন+উপোষিত] উপবাস রহিত, সুভোজিত।
অনুপ্ত, ত্রি. [ন+উপ্ত] অবাপিত, অবোনা।
অনুপ্রবেশ, পুং. [অনু+প্রবেশ] কোন ব্যক্তির পশ্চাৎ প্রবেশ, অনুগমন।
অনুপ্রস্থ, ত্রি. [অনু+প্রস্থ] প্রস্থ সম্বন্ধীয়, অন্বায়তন। [পরিশ্রম।
অনুপ্রয়াস, পুং. [অনু+প্রয়াস] নিষ্ফল-
অনুপ্রাস, পুং. [অনু+প্রাস] কাব্যালঙ্কার বিশেষ, তুল্যবর্ণবিন্যাস, যমক শব্দ, মিত্রাক্ষর।
অনুপ্লব, পুং. [অনু+প্লব] সহায়, সহচর, অভিসরঃ, অনুচর।
অনুবচন, ন. [অনু+বচন] সাদৃশ্য বাক্য, মিলশুদ্ধ কথা।
অনুবৎসর, পুং. [অনু+বৎসর] প্রতিবৎসর, বর্ষ, সম্বৎসরাদি পঞ্চকান্তর্গত বৎসর বিশেষ। [কাননে।
অনুবন, ব্য. [অনু+বন] বনে বনে, প্রতি
অনুবন্ধ, পুং. [অনু+বন্ধ] প্রকৃত্যাদি; দোষোৎপত্তি; বিনশ্বর; মুখ্যানুযায়ী-শিশু, প্রকৃতির অনুবর্ত্তন; বন্ধ; আরম্ভ; লেশ; অন্বয়; সম্বন্ধ।
অনুবন্ধা, স্ত্রী. [অনু+বন্ধা] হিক্কা; তৃষ্ণা।
অনুবন্ধী, স্ত্রী. [অনুবন্ধ+ইন্] হিক্কা; হৃল্লাস; বমলা; শ্বাসকাশ; তৃষ্ণা; (ত্রি.) প্রতি-রুদ্ধ, নিবারিত।
অনুবর্ত্তন, ন. [অনু+বর্ত্তন] পশ্চাদ্গমন, অনুরক্তিকরণ, আনুগত্য, অনুষঙ্গ, অনু-রোধ, আরাধ্যবস্তুর অভিলাষ সম্পাদন, পূর্ব্বলক্ষণস্থিত সাদর।
অনুবর্ত্তী, ত্রি. [অনু+বর্ত্তিন্] পশ্চাদ্বর্ত্তী, সদৃশকারী।
অনুবল, ত্রি. [অনু+বল] অনিশ্চিত, অপ্রতি-পন্ন, অচিহ্ন; সৈন্যের সহায়তা।
অনুবাক্, পুং. [অনু+বাক্] বেদাংশ, শ্রুতি-বিভাগ; ঋক্ যজুঃ সামবেদ হইতে সংগ্রহ। [বেদ বিধি।
অনুবাক্যা স্ত্রী. [অনু+বাক্যা] বৈদিক স্তোত্র;
অনুবাদ, পুং. [অনু+বাদ] কুৎসিতার্থ বাক্য, নিভর্ৎসন, দুরালাপ; পুনরুক্তি, পুনঃ কথন, পুনর্ব্বাদ, পৌনরুক্ত, অনুলাপ; উদ্ধৃতবাক্য; ভাষান্তরকরণ।
অনুবাদক, পুং. [অনু+বাদক] অনুবাদকারী. ভাষান্তরকারক, দ্বিভাষাবাদী।
অনুবাদ্য, ন. [অনু+বাদ্য] বিশেষ্য।
অনুবার, ব্য. [অনু+বার] পুনঃ পুনঃ, মুহু-র্মুহু, বারম্বার।
অনুবাস, পুং, [অনু+বাস] গন্ধ, সৌরভ।
অনুবাসন, ন. [অনু+বাসন] স্নেহ; ধূপ; বস্ত্র-ভাগ সুগন্ধিকরণ।
অনুবাসিত, ত্রি. [অনু+বাসিত] সুগন্ধিত, পরিমলিত, ধূপিত।
অনুবিদ্ধ, ত্রি. [অনু+বিদ্ধ] খচিত, অলঙ্কৃত, প্রতিরুদ্ধ, পরাহত।
অনুবিধায়িত্ব, ন. [অনু+বিধায়িত্ব] অনু-সার, আনুরূপ্য। [কারী; অনুসারী
অনুবিধায়ী, ত্রি. [অনু+বিধায়িন্] অনুরূপ-
অনুবিধেয়, ত্রি. [অনু+বিধেয়] যথাযোগ্য, সমুচিত, উপযুক্ত, সঙ্গত, ন্যায্য।
অনুবীজিত, ত্রি. [অনু+বীজিত] বায়ুব্যাপ্ত, উপজীবিত।
অনুবৃত্তি, স্ত্রী. [অনু+বৃত্তি] অনুরোধ, অনু-বর্ত্তন; অধিকার।
অনুবেদনা, স্ত্রী. [অনু+বেদনা] কারুণ্য, অন্য দুঃখে দুঃখ করণ। [চাঁদনি
অনুবেল্লিত, ত্রি. [অনু+বেল্লিত] পটিবন্ধন,
অনুবোদ্ধব্য, ত্রি. [অনু+বোদ্ধব্য] উপলব্ধ, অভিজ্ঞাত, অনুবোধিত।

অনুবোধ, পুং. [অনু+বোধ] অনুবাসন, গন্ধোদ্দীপন, প্রবোধন; উত্তরচিন্তা, কার্য্যান্তর বিচারণ, অনুচিন্তা, আধ্যান, আধ্যা, অনুসূচনা, শ্রুতি; পশ্চাদ্বোধ।

অনুবোধ্য, ত্রি. [অনু+বোধ্য] কৃতনিশ্চয়।

অনুব্রজন, ন. [অনু+ব্রজন] অনুব্রজ্যা।

অনুব্রজ্যা, স্ত্রী. [অনু+ব্রজ্যা] পশ্চাদ্গমন, প্রত্যুত্থান। [প্রসক্ত।

অনুব্রত, ত্রি. [অনু+ব্রত] প্রভুভক্ত, ভক্ত,

অনুব্রাহ্মণিন্, পুং. [অনু+ব্রাহ্মণিন্]ব্রাহ্মণ সদৃশ গ্রন্থাধ্যায়ন কর্ত্তা।

অনুভব, পুং. [অনু+ভব] উপলব্ধি, জ্ঞান, বোধ, মেধা, পরমাপ্ত, অনুমান, অবগম, অনুবোধ, উপলম্ভ, মানসজ্ঞান, অনুভূতি, অনুমানোক্তি, অপোহন, অপবাহ তর্ক, উপন্যাস, পক্ষ, প্রমেয়, অনুধাবন।

অনুভাব, পুং. [অনু+ভাব] দৃঢ়ানুমান; প্রভাব; নিশ্চয়, অন্তরভাব সূচক বোধজ্ঞান, রতি বিষয়ক গুণক্রিয়াদি।

অনুভূত, ত্রি. [অনু+ভূত] জ্ঞাত, মানস দ্বারা অবগত; অনুভব। [কথা।

অনুভূতবাচ্, ন. [অনু+ভূতবাচ্] অনুমানিক

অনুভূতাদ্যবিস্মৃতি, স্ত্রী. [অনুভূতাদি+অবিস্মৃতি] সংস্কার; বাসনা, ভাবনা।

অনুভূতি, স্ত্রী. [অনু+ভূতি] অনুভব; জ্ঞান, অববোধ; প্রত্যক্ষ, উপমিতি. অনুমিতি, শাব্দবোধ। [অঙ্গীকৃত।

অনুমত, ত্রি. [অনু+মত] সম্মত, স্বীকৃত,

অনুমতি, স্ত্রী. [অনু+মতি] সম্মতি, আজ্ঞা, অনুজ্ঞা; কলাহীনচন্দ্রযুক্ত পূর্ণিমা, চতুর্দ্দশীযুক্ত পূর্ণিমা।

অনুমত্যর্থ, পুং. [অনু+মতি+অর্থ] ব্যাকরণ মতে আজ্ঞাবাচক।

অনুমন্তা-অনুমন্তৃ, পুং. [অনু+মন্তা-ন্তৃ] অনুমতি কারক, আজ্ঞাকর্ত্তা, আজ্ঞাদায়ক, সর্দ্দার। [স্মরণ।

অনুমরণ, ন. [অনু+মরণ] সহমরণ, পশ্চাৎ-

অনুমা, স্ত্রী. [অনু+মা] অনুভব, অনুমিতি অনুমান।

অনুমান, ন. [অনু+মান] যুক্তিদ্বারা নির্ণয় করণ, উপলব্ধি, অনুমিতি, অনুমা।

অনুমানোক্তি, স্ত্রী. [অনুমান+উক্তি] উহ, বিতর্ক, তর্কবাক্য, অধ্যাহার।

অনুমাপক, ত্রি. [অনু+মাপক] নির্ণায়ক, অনুমানের হেতু।

অনুমাপন, ন. [অনু+মাপন] অনুমান করান। [ভূত।

অনুমিত, ত্রি. [অনু+মিত] বিতর্কিত; অনু-

অনুমিতি, স্ত্রী. [অনু+মিতি] অনুমান বিশেষ; বিতর্ক।

অনুমৃতা, স্ত্রী. [অনু+মৃতা] সহমৃতা; অনুগামিনী।

অনুমেয়, ত্রি. [অনু+মেয়] আনুমানিক, অনুমান সাধ্য।

অনুমোদ, পুং.[অনু+মোদ]অন্যসুখে সুখী।

অনুমোদন, ন. [অনু+মোদন] অন্যের সন্তোষে সন্তুষ্ট।

অনুমোদিত, ত্রি. [অনু+মোদিত] অনুমত, আহ্লাদিত, কৃতানুমোদন।

অনুযাত, ত্রি. [অনু+যাত] পশ্চাদ্গত, অনুগ।

অনুযাত্র, ন. [অনু+যাত্র] যাত্রাকালীন প্রয়োজনীয় দ্রব্যেতি।

অনুযান, ন. [অনু+যান] অনুগমন, অনুযায়িতা।

অনুযায়ী, ত্রি. [অনু+যায়িন্] সদৃশ; অনুগামী, অনুবর্ত্তী, পশ্চাদ্গামী।

অনুযুক্ত, পুং. [অনু+যুক্ত] তিরস্কৃত, আক্ষেপিত; ভূতকাধ্যেতা।

অনুযুগ, ব্য. [অনু+যুগ] যুগানুসারে, প্রতিযুগ।

অনুযোক্তা, পুং. [অনু+যোক্তৃ] অনুযোগকারী; ভূতকাধ্যাপক।

অনুযোগ, পুং. [অনু+যোগ] প্রশ্ন, অনুযোজন, জিজ্ঞাসা, পৃচ্ছা; তিরস্কার, ভর্ৎসনা, নিন্দা, উপালম্ভ; শিক্ষা, উপদেশ, প্রবোধ; ব্রহ্মাসন।

অনুযোগকারী, পুং. [অনুযোগ+কারিন্] অনুযোজক, আক্ষেপক; প্রশ্নকারক।

অনুযোগকৃৎ, পুং. [অনু+যোগ+কৃৎ] আচার্য্য। [তিরস্কৃত; উপদিষ্ট।

অনুযোগী, ত্রি. [অনু+যোগিন্] নিন্দিত।

অনুযোজক, পুং. [অনু+যোজক] অনুযোগকারী, উপদেশক।

অনুযোজন, ন. [অনু+যোজন] প্রশ্ন, জিজ্ঞাসা, পৃচ্ছা।

অনুযোজনীয়-অনুযোজ্য, ত্রি. [অনু+যোজনীয়-জ্য] অনুযোগার্হ, নিন্দাযোগ্য, নিন্দনীয়।

অনুরক্ত, ত্রি. [অনু+রক্ত] আসক্ত, রত, অনুগত, সানুরাগ, অবিরক্ত, তৎপর।

অনুরক্তি, স্ত্রী. [অনু+রক্তি] আসক্তি, চিত্তাসঙ্গ, রতি।

অনুরঞ্জক, ত্রি. [অনু+রঞ্জক] আহ্লাদজনক; রমণীয়, মনোহর।

অনুরঞ্জন, ন. [অনু+রঞ্জন] হর্ষজনন, অনুরাগ প্রকাশন। [ধ্বনি।

অনুরণন, ন. [অনু+রণন] ধ্বনির পশ্চাৎ

অনুরত, ত্রি. [অনু+রত] অনুরাগ বিশিষ্ট প্রীত; অনুরক্ত।

অনুরতি, স্ত্রী. [অনু+রতি] অনুরাগ, কাম, স্মর, মোহ।

অনুরস, পুং. [অনু+রস] উপরস।

অনুরহ, ন. [অনু+রহস্] বিবিক্ততা, নির্জ্জন।

অনুরাগ, পুং. [অনু+রাগ] প্রীতি, আসক্তি, রতি; রাগ অনুরতি; প্রশংসা।

অনুরাগান্বিত, ত্রি. [অনুরাগ+অন্বিত] আসক্ত, অনুরক্ত, অনুরাগবিশিষ্ট।

অনুরাগিণী, ত্রি. [অনু+রাগিণী] প্রণয়ী, প্রীতিমতী; সঙ্গীতশাস্ত্রে সহ রাগিণী বিশেষ। [শিষ্ট, অনুরক্ত।

অনুরাগী, ত্রি. [অনু+রাগিন্] অনুরাগবি-

অনুরাধা, স্ত্রী. [অনু+রাধা] সপ্তদশ নক্ষত্র; মৈত্রভ, বিশাখর্ক্ষানুজ।

অনুরুদ্ধ, ত্রি. [অনু+রুদ্ধ] অনুরোধ করা, কৃতানুরোধঃ স্বীকৃত

অনুরূপ, ত্রি. [অনু+রূপ] সদৃশ, তুল্যরূপ স্বরূপ, সমাকার।

অনুরূপী, ত্রি. [অনু+রূপিন্] অনুরূপ বিশিষ্ট, তুল্যরূপী, সদৃশ।

অনুরোধ, পুং. [অনু+রোধ] আরাধ্যবস্তুর ইষ্টসম্পাদনার্থ অনুনয়, অপেক্ষা, উপরোধ, অনুবর্ত্তন; পক্ষপাত।

অনুরোধী, ত্রি. [অনু+রোধিন্] স্বপক্ষস্নেহী, অনুরাগী; অনুকম্পী।

অনুলাপ, পুং. [অনু+লাপ] মুহুর্ভাষা, পুনঃ পুনঃ কথন, পুনরুক্তি।

অনুলাপিত, ত্রি. [অনু+লাপিত] তৃপ্ত, আরাধিত, সন্তুষ্ট, তুষ্ট।

অনুলিপ্ত, ত্রি. [অনু+লিপ্ত] অভিষিক্ত, অভ্যক্ত, লিপ্ত, দিগ্ধ।

অনুলেপ, পুং. [অনু+লেপ] অঙ্গলেপ, অভ্যঞ্জন। [লেপন।

অনুলেপক, ত্রি. [অনু+লেপক] অভিষেচক

অনুলেপন, ন. [অনু+লেপন] গাত্রে সুগন্ধাদি দ্রব্য লেপন।

অনুলেপী, ত্রি. [অনু+লেপিন্] গাত্রে সুগন্ধাদি দ্রব্য মর্দ্দিত, অনুলেপ।

অনুলেপ্তা, পুং. [অনু+লেপ্তৃ] গাত্রে সুগন্ধাদি দ্রব্য লেপন কারক।

অনুলোম, ত্রি. [অনু+লোম] যথাক্রম, অবিলোম, বিলোমিকা।

অনুলোমজ, ত্রি. [অনুলোম+জ] অনুলোম জাত, অপ্রতিলোমজ, ব্রাহ্মণাদির ঔরসে ক্ষত্রিয়াদির গর্ব্ভজাত সন্তান, ক্ষত্রিয়াদির ঔরসে বৈশ্যাদির গর্ব্ভজাতসন্তান।

অনুল্লঙ্ঘনীয়, ত্রি. [ন+উল্লঙ্ঘনীয়] অনতিক্রান্ত, অবিলঙ্ঘিত।

অনুল্লাস, ত্রি. [ন+উল্লাস] নিরানন্দ, অসুখী, আনন্দহীন।

অনুশয়, পুং. [অনু+শয়] পশ্চাত্তাপ, অনুতাপ; পুর্ব্ববৈরতা; জিঘাংসা; অনুবন্ধ, দীর্ঘদ্বেষ, দ্বেষ।

অনুশয়ানা, স্ত্রী. [অনু+শয়ানা] পরকীয়ান্তর্গত নায়িকা ভেদ।

অনুশয়িতব্য, ত্রি. [অনুশয়+তব্য] অনুশোচিত, অনুশয়িত, পশ্চাত্তাপিত।

অনুশয়ী, স্ত্রী. [অনু+শয়ী-শয়িন] ক্ষুদ্রশয়ী-

রোগান্তর্গত পাদরোগ বিশেষ; (ত্রি.) দণ্ডবৎ প্রণিপাত পূর্ব্বক পদতলে শয়নকারী। [দানব

অনুশর, পুং; [অনু+শর] রাক্ষস, নিশাচর,

অনুশাসক, পুং. [অনু+শাসক] অনুশাসন কর্ত্তা।

অনুশাসনীয়, ত্রি. [অনু+শাসন+ঈয়] শাসনের উপযুক্ত, অনুশাস্য, অনুশাসিতব্য।

অনুশাস্তা, পুং. [অনু+শাস্তৃ] শিক্ষক, উপদেষ্টা; অনুশাসক।

অনুশাসন, ন.[অনু+শাসন] আদেশ,আজ্ঞা, ব্যুৎপাদন।

অনুশিষ্ট, ত্রি. [অনু+শিষ্ট] উপদেশ-পাত্র, শিক্ষ্য, শিক্ষণীয়।

অনুশিষ্য, ত্রি. [অনু+শিষ্য] শিষ্যের শিষ্য।

অনুশীলন, ন. [অনু+শীলন] আন্দোলনা, আলোচনা, পুনঃ পুনঃ অভ্যাস, সুস্থ সেবন।

অনুশীলিত, ত্রি. [অনু+শীলিত] অভ্যাসিত, অভ্যস্ত, অনুশীলনীয়।

অনুশোক, পুং. [অনু+শোক] মনস্তাপ, পশ্চাত্তাপ।

অনুশোচক, ত্রি. [অনু+শোচক] অনুতাপী, অনুতপ্ত, পশ্চাত্তাপযুক্ত।

অনুশোচন, ন. [অনু+শোচন] অনুশোচনা, শোক, মন্যু, মনোদুঃখ, শুক্, খেদ।

অনুশোচনীয়, ত্রি. [অনু+শোচনীয় পশ্চাত্তাপিত, অনুশোচিত, অনুশোচিতব্য।

অনুশোচিত, ত্রি. [অনু+শোচিত] শোচিত, অবদূন, পশ্চাত্তাপিত।

অনুশোচী, ত্রি. [অনু+শোচিন্] অনুশয়ী, অসুখী, পশ্চাত্তাপী।

অনুশ্রব, ত্রি. [অনু+শ্রব] শ্রুতিধর,মেধাবী।

অনুশ্রবিক, ত্রি. [অনুশ্রব+ইক] গুরূপদিষ্ট; বেদবিদিত।

অনুষক্ত, ত্রি. [অনু+সক্ত] দুই বা ততোধিক শব্দের অন্বয়।

অনুষঙ্গ, পুং. [অনু+সঙ্গ] কারুণ্য, দয়া; সম্বন্ধ; প্রণয়; মিলন; একত্রান্বিতের পরত্রান্বয়, প্রসঙ্গ।

ষিক্ত, ত্রি. [অনু+সিক্ত] পুনঃ জল সিক্ত। [জলসেক

অনুষেক, পুং. [অনু+সেক] পুনর্ব্বার,

অনুষেচন, ন. [অনু+সেচন] পুনর্ব্বার জল সেচন, পুনঃ পুনঃ জল প্রদান।

অনুষ্টুপ্, স্ত্রী. [অনু+ষ্টুভ্] অষ্টাক্ষর ছন্দো বিশেষ; সরস্বতী।

অনুষ্ঠান, ন. [অনু+স্থান] কর্ম্মারম্ভ, উপক্রম, সূচনা, আচরণ, করণ।

অনুষ্ঠানকর্ত্তা, পুং. [অনুষ্ঠান+কর্ত্তৃ] অনুষ্ঠাতা, অনুষ্ঠাপক।

অনুষ্ঠানশরীর, ন. [অনুষ্ঠান+শরীর] লিঙ্গদেহ, আদ্যদেহ।

অনুষ্ঠিত, ত্রি. [অনু+স্থিত] সমারব্ধ, প্রস্তুত, প্রবৃত্ত। [কর্ম্মারব্ধ।

অনুষ্ঠেয়, ত্রি. [অনু+স্থেয়] উপক্রান্ত,

অনুষ্ণ, ত্রি. [ন+উষ্ণ] শীতল; উষ্ণ ভিন্ন, অত্যুষ্ণ; অলস, (ন.) উৎপল।

অনুষ্ণবল্লিকা, স্ত্রী. [অনুষ্ণ+বল্লিকা] নীলদূর্ব্বা।

অনুসংরক্ত, ত্রি. [অনু+সং+রক্ত] ভক্তিযুক্ত, আসক্ত, নিরত, অনুরক্ত

অনুসন্ধান, ন. [অনু+সন্ধান] অন্বেষণ, তত্ত্ব, চেষ্টা, সন্ধানকরণ।

অনুসন্ধাতা, পুং. [অনুসন্ধান+তৃ] অনুসন্ধান কারক, অনুসন্ধান কর্ত্তা।

অনুসন্ধানী, ত্রি. [অনুসন্ধান+ইন্]অনুসন্ধানশীল, জিজ্ঞাসু, অন্বেষণাসক্ত।

অনুসন্ধানীয়, ত্রি. [অনুসন্ধান+ঈয়] অনুসন্ধায়ী, অনুসন্ধেয়।

অনুসরণ, ন. [অনু+সরণ] পশ্চাদ্গমন অনুবর্ত্তন, অনুহার।

অনুসরণীয়, ত্রি. [অনুসরণ+ঈয়] পশ্চাদ্গমনের উপযুক্ত

অনুসার, পুং. [অনু+সার] অনুসরণ, অনুযান, অনুবর্ত্তন; পূর্ব্বানুরূপ, অনুক্রম; আবৃত্তি

অনুসারী, ত্রি. [অনু+সারিন্] পশ্চাদ্গামী।

অনুসূচক, ত্রি. [অনু+সূচক] লক্ষণপ্রদর্শক, অনুসূচনক।

অনুসূচন, ন. [অনু+সূচন] নিদর্শন, লক্ষণ প্রদর্শন।

অনুসূচনা, স্ত্রী. [অনু+সূচনা] আন্দোলন, অনুষ্ঠান, সুচিন্তা, পশ্চাদ্ভাবনা।

অনুস্বর-অনুস্বার, পুং. [অনু+স্বর-স্বার] বিন্দু মাত্র বর্ণ, অনুনাসিক চিহ্ন (ং)।

অনুস্মরণ-অনুস্মৃতি, ন.স্ত্রী. [অনু+স্মরণ-স্মৃতি] সংস্মরণ, স্মর্ত্তৃত্ব, অনুচিন্তা।

অনুহার, পুং. [অনু+হার] অনুকার, সদৃশীকরণ, সদৃশ রূপ বেশ ভাষাদির আবিষ্করণ, উপমা।

অনুহার্য্য, পুং. [অনু+হার্য্য] মাসিক, নিত্যশ্রাদ্ধ, আহ্নিকশ্রাদ্ধ, নৈমিত্তিক শ্রাদ্ধ, অন্বাহার্য্য।

অনুক্ষণ, ন. [অনু+ক্ষণ] সর্ব্বদা, সর্ব্বক্ষণ, সকল সময়, প্রতিক্ষণ, অনবরত, নিয়ত।

অনূক, পুং. [অনু+উচ্] গতজন্ম, পূর্ব্বজন্ম, (ন.) কুল, বংশ; শীল, স্বভাব।

অনূচান, পুং. [অনু+উচান] সাঙ্গ বেদ বিচক্ষণ, সর্ব্বশাস্ত্রবিৎ, (ত্রি.) বিনীত, সবিনয়।

অনুচ্চ, ত্রি. [ন+উচ্চ] খর্ব্ব, বামন, অনায়ত।

অনুঠা-অনূঠী, (প্রা) অপ্রত্যুদ্গাত, অনুৎপতিত, অনুত্থিত।

অনূঢ়, ত্রি. [ন+উঢ়] অবিবাহিত, অনুদ্বাহিত; আইবড়; পরিবেত্তা।

অনূঢ়া, স্ত্রী. [ন+উঢ়া] অবিবাহিতা,কুমারী।

অনূঢ়াগামী, পুং. [অনূঢ়া+গামিন্] ব্যভিচারী, গণিকাসেবী, লম্পট।

অনূতন-অনূত্ন, ত্রি, [ন+নূতন-ত্ন] পুরাতন, অনব, প্রতন, প্রাচীন।

অনুদিত, ত্রি. [ন+উদিত] অনুক্ত,অকথিত।

অনূদ্য, ত্রি. [অনু+উদ্য] অনুবাদ্য, অনুবদনীয়, কৃপণাদি, আত্মরাশি নামাদি, গুর্ব্বাদিনাম, অবদনীয়, অনুপ্যার্য্য।

অনূন-অনূনক, ত্রি. [ন+ঊন+ক] সমগ্র, অখণ্ড, পূর্ণ, সকল, সর্ব্ব।

অনূপ, ত্রি. [অনু+উপ] সজলদেশ, জল প্লাবিত স্থান, জলপ্রায় (পুং.) মহিষ, কাসার, লুলাপ।

অনূপজ, ন. [অনূপ+জ] আর্দ্রক, আদা।

অনূরু, ত্রি. [অনু+ঊরু] অসকৃথি, অজংঘা, (পুং.) সূর্য্যসারথি, অরুণ, বিনতাসুত, কাশ্যপ, গরুড়াগ্রজ। [সূর্য্য।

অনূরুসারথি, পুং. [অনূরু+সারথি] অরুণ,

অনূর্দ্ধ, ত্রি. [ন+ঊর্দ্ধ] অনুচ্চ, খর্ব্ব, অনুন্নত।

অনূহ, ত্রি. [ন+ঊহ] অবিতর্ক, অবিচার, অনধ্যাহরণ। [অবিতর্ক।

অনূহ্য, ত্রি. [ন + ঊহ্য] অবিচারিত,

অনৃচ, ত্রি. [ন+ঋচ] ঋক্ বেদের বচন নহে, বেদোচ্চারণাধিকার রহিত।

অনৃজু, ত্রি. [ন+ঋজু] অসরল, শঠ, বক্র, নৈকৃতিক।

অনৃণ-অনৃণী, ত্রি. [ন+ঋণ-ঋণিন্] অঋণী, কর্জ্জ রহিত, অধারী।

অনৃত, ন. [ন+ঋত] মিথ্যা, অসত্য, বিপথ; কৃষি।

অনৃতবাক্, ত্রি. [অনৃত+বাক্] মিথ্যাবাদী, অসত্যবক্তা।

অনৃতবাদী, ত্রি. [অনৃত+বাদিন্] অনৃতভাষী, মৃষাবাদী।

অনৃতব্রত, ত্রি. [অনৃত+ব্রত] মিথ্যাব্রত।

অনৃতী, ত্রি. [ন+ঋতী] অনৃতবদনশীল, অনেকজিহ্ব।

অনৃতোদ্য, ন. [অনৃত+উদ্য] অত্যন্ত, অলীক, মিথ্যা।

অনৃশংস, ত্রি. [ন+নৃশংস] সাত্ত্বিক, অহিংসাকর, অনপকারক, সত্ত্বশীল, অনঘ।

অনৃশংসত্ব, ন. [ন+নৃশংসত্ব] সাত্ত্বিকত্ব, অহিংসাকারী, নিষ্পাপী।

অনেক, ত্রি. [ন+এক] এক ভিন্ন সংখ্যা বিশেষ, অধিক, বিস্তর, বহু, ভূরি।

অনেকজ, পুং. [ন+একজ] পক্ষী, দ্বিজ, (ত্রি.) বহুজাত।

অনেকতা, স্ত্রী. [ন+একতা] অনৈক্য, অমিল, অপ্রণয়, অসম্প্রীতি, আধিক্য।

অনেকদা, ব্য. [ন+একদা] বারম্বার, পুনঃ পুনঃ।

অনেকধা, ব্য. [ন+একধা] অনেক প্রকার, বহুবিধ, অনেকবার।

অনেকপ, পুং.স্ত্রী. [অনেক+পা] হস্তী।

অনেকশঃ ব্য. [ন+একশস্] অনেক প্রকার, বহু বার। [শেষাংশ।

অনেকাগ্র, ত্রি. [ন+একাগ্র] বহুবিধ,

অনেকাশ্রয়, পুং. [ন+একাশ্রয়] বহু জনের রক্ষক বা পালক।

অনেকাশ্রিতগুণ, পুং. [অনেক+আশ্রিত গুণ] বহুনিষ্ঠগুণ, সংযোগ, বিভাগ, দ্বিপৃথক্‌কার্য্যাদি, একত্বান্যসংখ্যা।

অনেড়মূক, ত্রি. [ন+এড়মূক] বধির, মূক; ধূর্ত্ত, শঠ; শ্রুতি বাগ্বিহীন, কালা; বোবা।

অনেনাঃ, ত্রি. [ন+এনস্] নির্দ্দোষ, নিষ্পাপ।

অনেব, ব্য. [ন+এব] অন্যপ্রকার, কিম্বা, অথবা।

অনেহা, পুং. [ন+এহস্] সময়, কাল।

অনৈকান্ত, ত্রি. [ন+ঐকান্ত] অস্থির, চঞ্চল।

অনৈক্য, ন. [ন+ঐক্য] ঐক্যাভাব, পরস্পর অসম্মিলন, একতাভাব, অপ্রণয়; বহুত্ব, বাহুল্য। [ভঙ্গুর।

অনৈত্য, ত্রি. [ন+নৈত্য] অনিত্য, ক্ষণ-

অনৈশ্বর্য্য, ত্রি. [ন+ঐশ্বর্য্য] ঐশ্বর্য্যাভাব।

অনো, ব্য. নিষেধার্থ, অভাব, না, নহি, ন, নো, নাই।

অনোকহ, পুং. [অনস্+উক+হ] বৃক্ষ, তরু, গাছ।

অনোখা, (প্রা) অনীক্ষিত, অপরিচিত, অনালাপিত।

অনৌষধ, ত্রি. [ন+ঔষধ] ঔষধ রহিত, ভৈষজ্যহীন। [মৎকুণ।

অন্‌কী, (প্রা) ক্ষুদ্র কীট বিশেষ, মক্ষিকা;

অন্ত, পুং. [অম্+ত] নাশ; স্বরূপ; প্রান্ত, সীমা; নিশ্চয়; অবয়ব, (ত্রি.) অন্তিক, নিকট; অতিমনোহর, (ন.) স্বরূপ, স্বভাব (ন. পুং.) শেষ, জঘন্য, চরম, অন্ত্য, পশ্চাৎ, পশ্চিম।

অন্তঃকরণ, ন. [অন্তর্+করণ] মনঃ, ধীন্দ্রিয়, অন্তরিন্দ্রিয়, চিত্ত, গূঢ়চিত্ত, স্বান্ত, হৃদয়।

অন্তঃক্রুদ্ধ, ত্রি. [অন্তর্+ক্রুদ্ধ] মনোমধ্যে জাতক্রোধ, মনে মনে রুষ্ট।

অন্তঃকুটিল, পুং. [অন্তর্+কুটিল] শঙ্খ, কম্বু, (ত্রি.) কুটিলান্তঃকরণ, ক্রূর মনঃ।

অন্তঃপাতী, ত্রি. [অন্তর্+পাতিন্] মধ্যবর্ত্তী, অন্তর্গত, অন্তর্ভূত।

অন্তঃপুর, ন. [অন্তর্+পুর] বাটীর অন্তর্ভাগ, অন্তর্ভবন, রাজাদিগের স্ত্রীগৃহ, তৎপর্য্যায়।— অবরোধন, অবরোধ, শুদ্ধান্ত।

অন্তঃপুরচরা, স্ত্রী. [অন্তঃপুর+চরা] পরিচারিকা, অন্তঃপুরেগমনাগমনযোগ্যাদাসী।

অন্তঃপুররক্ষক, পুং. [অন্তঃপুর+রক্ষক] অন্তর্ভবনাধ্যক্ষ, মহল্লক, কঞ্চুকী।

অন্তঃপ্রকৃতি, স্ত্রী. [অন্তর্+প্রকৃতি] অন্তঃকরণ, অন্তরাত্মা।

অন্তঃপ্রাজ্ঞ, ত্রি. [অন্তর্+প্রাজ্ঞ] মনোজ্ঞ, চিত্তজ্ঞ, অন্তর্যামী।

অন্তঃপ্রাপ্ত, পুং. [অন্তর্+প্রাপ্ত] অভ্যন্তরপ্রাপ্ত, অন্তরে প্রাপ্ত।

অন্তঃশয্যা, স্ত্রী. [অন্তর+শয্যা] ভূমিশয্যা, মৃত্যু; শ্মশান।

অন্তঃশরীর, ন. [অন্তর্+শরীর] আত্মা, চিদাত্মা, সচ্চিদংশ।

অন্তঃসংজ্ঞা, স্ত্রী. অন্তর্+সংজ্ঞা] অন্তর্বোধ, অনুভব, চেতনা, চৈতন্য।

অন্তঃসত্ত্বা, স্ত্রী. [অন্তর্+সত্ত্বা] অন্তরাপত্যা, গর্ভবতী, সসত্ত্বা, দ্বিহৃদয়া; ভল্লাতক, মহাতীক্ষ্ণা, বিষাস্যা, আহ্বয়া

অন্তঃসলিল, ন. [অন্তর্+সলিল] অন্তর্ভৌম জল; গুহ্য, গূঢ়।

অন্তঃসলিলবাহিনী, স্ত্রী. [অন্তর্+সলিলবাহিনী] যে নদীর ভিতরে জলপ্রবাহ বহমান। [স্থিত।

অন্তঃস্থ, ত্রি. [অন্তর্+স্থ] মধ্যস্থ, অন্তর-

অন্তঃস্বেদ, পুং. [অন্তর্+স্বেদ] হস্তী, মাতঙ্গ, কুঞ্জর

অন্তক, পুং. [অন্ত+ক] যম, দণ্ডধর, ধর্ম্মরাজ, পিতৃপতি, পরেতরাট্, সমবর্ত্তী, কৃতান্ত, যমুনাভ্রাতা, শমন, যমরাট, কাল, শ্রাদ্ধদেব, বৈবস্বত, (ত্রি.) শেষ কারক।

অন্তকর, ত্রি. [অন্ত+কর] নাশকর, বিনাশক, জীবনান্তক।

অন্তকাল, পুং. [অন্ত+কাল] শেষসময়, অন্তিমসময়, মৃত্যুকাল, চরমকাল, পঞ্চত্ব, তনুত্যাগ।

অন্তগ, ত্রি. [অন্ত+গ] শেষগামী, অবসান প্রাপ্ত; মৃত।

অন্ততঃ, ব্য. [অন্ত+তস্] শেষতঃ অন্তে, অবশেষে; অবয়ব; পঞ্চম্যর্থ; তদ্বৎ, তুল্যরূপে; ভাগতঃ; শাসন।

অন্তবান্, ত্রি. [অন্ত+বৎ] পরিমিত, সসীম, সাবধিক।

অন্তর, ব্য. [অন্ত+র] অভ্যন্তরে; প্রান্তে; স্বীকার; (ন.) মধ্যবর্ত্তীস্থান, অভ্যন্তর; সীমা; অবসর; পরিধান, প্রাবরণ; অন্তর্দ্ধান; বিভিন্ন; সহায়, সহয়ার্থ; ছিদ্র; স্বীয়, আত্মীয়; বহিঃ; বিনা, সুযোগ; অবকাশ; আত্মা; তুল্য, অনুরূপ; অন্য।

অন্তরঙ্গ, ত্রি. [অন্তর+অঙ্গ] আত্মীয়, স্বজন, স্বসম্পর্কীয়, সুহৃৎ, স্বীয়, স্বক, সুহৃত্তম, কুরঙ্গ।

অন্তরঙ্গতা, স্ত্রী. [অন্তরঙ্গ+তা] আত্মীয়তা, সৌহার্দ্য।

অন্তরজ্ঞ, ত্রি. [অন্তর+জ্ঞ] ধীর, দূরদর্শী, সদসদ্দর্শী, মনীষী।

অন্তরতা, স্ত্রী. [অন্তর+তা] দূরতা, ভিন্নতা।

অন্তরপুরুষ, পুং. [অন্তর +পুরুষ] অন্তঃকরণ, প্রাণপুরুষ, আত্মা।

অন্তরপ্রভব, ত্রি. [অন্তর+প্রভব] মিশ্রজাত, জাতিসঙ্কর।

অন্তরবৃদ্ধি, পুং. [অন্তর+বৃদ্ধি] অন্ত্রবৃদ্ধি, বাতশিরা রোগ; মুষ্কাকর্ষণ রোগ।

অন্তরভাবনা, স্ত্রী. [অন্তর+ভাবনা] সন্ধি, সন্ধান করণ, সমাস।

অন্তরস্থ, ত্রি. [অন্তর+স্থ] অন্তর্ভূত, অন্তর্বর্ত্তী, অন্তর্গত

অন্তরস্থায়ী-অন্তরস্থিত, ত্রি,[অন্তর+স্থায়িন্-স্থিত] ব্যবহিত, অন্তর্গত।

অন্তরা, ব্য. [অন্তর+আ]ব্যতিরিক্ত, পৃথক্, বর্জ্জন, বিনা; অভ্যন্তরে; নিকটে; সমীপে

অন্তরা, (প্রা) কবিতার পদ।

অন্তরাত্মা, পুং. [অন্তর+আত্মা] জীবাত্মা, দেহী, দেহান্তর্বর্ত্তী, প্রাণ, প্রাণাত্মা, চিৎ, চেতঃ, চেতন, মনঃ

অন্তরাপত্যা, স্ত্রী. [অন্তর+অপত্যা] গর্ভসম্পন্না, গুর্ব্বিণী।

অন্তরায়, পুং. [অন্তর+অয়] ব্যাঘাত, প্রতিবন্ধ, বিঘ্ন, প্রত্যূহ, বিক্ষেপ।

অন্তরাল, পুং. [অন্তর+আল] [illegible] মধ্যদেশ, অভ্যন্তর, আকাশ।

অন্তরালক, ন. [অন্তরাল+ক] অভ্যন্তর

অন্তরিত ত্রি [অন্তর+ইত] অন্তর্দ্ধান[illegible], ব্যবহিত, প্রস্থিত, ব্যবকলিতাঙ্ক[illegible]।

অন্তরিক্ষ, ন. [অন্তর+ঈক্ষ] অন্তরীক্ষ, আকাশ, গগন, বিয়ৎ, শূন্য। [illegible]র্বর্ত্তী।

অন্তরীণ, স্ত্রী [অন্তর+ঈণ] মধ্যস্থ, অন্ত-

অন্তরীপ, পুং, ন. [অন্তর ঈপ] দ্বীপ, (ত্রি.) শুষ্ক, জলহীন।

অন্তরীয়, ন. [অন্তর+ঈয়] অধোবস্ত্র, পরিধান বস্ত্র; (ত্রি.) মধ্যের, ভিতরের।

অন্তরীক্ষ, ন. [অন্তর+ঈক্ষ] গগন; অন্তরিক্ষ; অভ্রকধাতু।

অন্তরীক্ষচর, পুং. [অন্তরীক্ষ+চর] পক্ষী, (ত্রি) আকাশপথে ভ্রমণকারী মাত্র।

অন্তরীক্ষজল, ন. [অন্তরীক্ষ+জল] দিব্যোদক, অম্বরাম্বু, আকাশজল।

অন্তরে, ব্য. মধ্যে, অভ্যন্তরে; বিনা

অন্তরেণ, ব্য. বিনা, ব্যতিরেক; মধ্যে।

অন্তর্গড়ু, ত্রি. [অন্তর+গড়ু] নিরর্থক, বৃথা, অনর্থকর।

অন্তর্গত, ত্রি. [অন্তর+গত] মধ্যবর্ত্তী, মধ্যে নিবিষ্ট, উপলব্ধ, প্রস্ত, বিস্তৃত

অন্তর্গর্ভ, ত্রি. [অন্তর্+গর্ভ] অন্তর্গত, গর্ভস্থ, অন্তরিত।

অন্তর্গৃহ, ন. [অন্তর্+গৃহ] গৃহমধ্য, গৃহাভ্যন্তর, ঘরের ভিতর, কোষ্ঠ, প্রকোষ্ঠ, কুশল, অন্তর।

অন্তর্জঠর, ন. [অন্তর্+জঠর] কুক্ষিমধ্য, কোষ্ঠ, পক্কাশয়, অন্তকোষ, পিচিণ্ড।

অন্তর্জল, ত্রি. [অন্তর্+জল] মৃত্যু সময় জল মধ্যে শয়ন।

অন্তর্জলী, স্ত্রী. [অন্তর্+জলী] মৃত্যুকালীন অর্দ্ধ অঙ্গ জলে মগ্ন করিয়া ভগবানের নামোচ্চারণ করণ। [স্বাভাবিক।

অন্তর্জাত, ত্রি. [অন্তর্+জাত] অন্তর্ভূত, অন্তর্জ্ঞান, ন. [অন্তর্+জ্ঞান] হৃদয়স্থ প্রজ্ঞা।

অন্তর্জ্বলন [অন্তর্+জ্বলন] মনোদুঃখ, [illegible]বেদনা। [উজ্জ্বলিত।

অন্তর্জ্যোতিঃ, ত্রি [অন্তর্+জ্যোতিঃ] উদ্দীপিত, [illegible] দমন] মুনিবিশেষ, [illegible]

অন্তর্দাহ, পুং. [অন্তর্+দাহ] শরীরের মধ্যে জ্বালা, [illegible] সন্তাপ।

অন্তর্দ্বার, ন. [অন্তর্+দ্বার] গৃহাভ্যন্তর দ্বার, খিড়কী, প্রচ্ছন্ন, পক্ষদ্বার।

অন্তর্দ্ধা, স্ত্রী. [অন্তর্+ধা] তিরোধান, অদৃশ্য [illegible], অন্তর্দ্ধান, অপিধান, পিধান, [illegible] অপবারণ।

অন্তর্দ্ধান, ন. [অন্তর্+ধান] তিরোধান, [illegible]ধান, ছদন। [ধান।

অন্তর্দ্ধি, পুং. [অন্তর্+ধি] অন্তর্দ্ধান, তিরো-

অন্তর্ধ্যান, ন. [অন্তর্+ধ্যান] মনোমধ্যে চিন্তন, অভিধ্যান।

অন্তর্বংশিক, পুং. [অন্তর্+বংশিক] অন্তঃপুরাধিপতি, অন্তঃপুরাধ্যক্ষ।

অন্তর্বত্নী, স্ত্রী. [অন্তর্+বত্নী] গর্ভিণী, গর্ভবতী, অন্তরাপত্যা।

অন্তর্বর্ত্তী, ত্রি. [অন্তর্+বর্ত্তিন্] মধ্যস্থ, অন্তঃপাতী। [অজীর্ণ।

অন্তর্বমি, পুং. [অন্তর্+বমি] অপাক,

অন্তর্বাণি, ত্রি. [অন্তর্+বাণি] শাস্ত্রবিৎ, প্রাজ্ঞ, দূরদর্শী।

অন্তর্বেদ-অন্তর্বেদী, পুং. স্ত্রী. [অন্তর্+বেদ-বেদী] দেশবিশেষ, ব্রহ্মাবর্ত্তদেশ, গঙ্গা যমুনার মধ্যদেশ, আপ্রয়াগ হরিদ্বার পর্য্যন্ত দেশ, শশস্থলী, দোয়াব।

অন্তর্বিগাহন, ন. [অন্তর্+বিগাহন] প্রবেশ।

অন্তর্বেধ, পুং. [অন্তর্+বেধ] মর্ম্মবেধ, আন্তরিক পীড়া। [অন্তঃপুর।

অন্তর্বেশ্ম, ন. [অন্তর্+বেশ্মন্] অন্তর্গৃহ,

অন্তর্ভবন, পুং. [অন্তর্+ভবন] অন্তর্ভাব, মনোভবন; অন্তঃপুর।

অন্তর্ভাব, পুং. [অন্তর্+ভাব] অন্তর্বৃত্তি, অন্তর্বর্ত্তন, অন্তর্ভব।

অন্তর্ভূত, ত্রি [অন্তর্+ভূত] গুণীভূত, অন্তর্গত, মধ্যে পতিত, মধ্য নিবিষ্ট।

অন্তর্ভূমি, স্ত্রী [অন্তর্+ভূমি] ভূমির অন্তর্ভাগ। [ভূমির অন্তরস্থ।

অন্তর্ভৌম, ত্রি [অন্তর্+ভৌম] ভূম্যন্তর্গত,

অন্তর্মনা-অন্তর্মনা, ত্রি. [অন্তর্+মনস্] দুর্ম্মন, বিমন, বিমনা, উদ্বিগ্ন, ব্যাকুলচিত্ত।

অন্তর্যামী, পুং. [অন্তর্+যামিন্] অন্তঃকরণ নিয়ামক, অন্তরাত্মা, জীব, পুরুষ, পুদ্গল, ঈশ্বর, (ত্রি) মনোগতজ্ঞ।

অন্তর্লম্ব, পুং. [অন্তর্+লম্ব] ক্ষেত্র পরিমাণ বিদ্যা।

অন্তর্হাস, পুং [অন্তর্+হাস] অব্যক্তহাস, গূঢ়হাস্য, (ত্রি.) স্বসন্তোষ, আত্ম সন্তুষ্টি।

অন্তর্হিত, ত্রি. [অন্তর্+হিত] অদৃশ্য, তিরোহিত, গুপ্ত, সংবীত, রুদ্ধ, লুক্কায়িত, আবৃত, সংবৃত, পিহিত, ছন্ন, স্থগিত, অপবারিত।

অন্তশয্যা, স্ত্রী. [অন্ত+শয্যা] ভূমিশয্যা; মৃত্যু; শ্মশান। [অন্দরমহল।

অন্তঃপুরী, স্ত্রী. [অন্তর্+পুরী] অন্তঃপুরী,

অন্তবাসী, পুং. [অন্ত+বাসিন্] শিষ্য, ছাত্র।

অন্ত্যাবসায়ী, পুং. [অন্ত+অবসায়িন্] চণ্ডাল; নাপিত; মুনিবিশেষ।

অন্তি, স্ত্রী [অন্ত+ই] নাট্যোক্তিতে জ্যেষ্ঠা ভগিনী; (ত্রি.) সমীপ, নিকট।

অন্তিক, ত্রি. [অন্তি+ক] সমীপ, নিকট, সন্নিধান।

অন্তিকতম, ত্রি. [অন্তিক+তম] নেদিষ্ঠ, নেদীয়ান্, অন্তিতম, অতি নিকট, অত্যন্ত সমীপ।

অন্তিকা, স্ত্রী. [অন্তিক+আ] চুল্লী, অন্দিকা অশ্মন্ত,উনান; শাতলানাম ঔষধ অর্থাৎ চামারকষা; নাট্যোক্তিতে জ্যেষ্ঠা-ভগিনী, অত্তিকা।

অন্তিকাৎ, বা. অভিমুখ, সম্মুখীন।

অন্তিকাশ্রয়, পুং. [অন্তিক+আশ্রয়] নিকটা-শ্রয়, সমীপস্থ।

অন্তিকে, বা. নিকটে, সন্নিকৃষ্ট, কাছে।

অন্তিম, ত্রি. [অন্ত+ইম] শেষ, অন্তর্ভাব, আন্তভব, পশ্চিম, পশ্চাৎ, জঘন্য, চরম; অতিনিকট।

অন্তে, বা. শেষে, চরমে।

অন্তেবাসী, পুং. [অন্তে+বাসিন্] বৃষল, ছাত্র, শিষ্য, বিদ্যার্থী; চণ্ডাল; (ত্রি.) প্রান্তস্থায়ী।

অন্ত্য, পুং. [অন্ত+য]মুস্তক, মুস্তাম্বাস; ম্লেচ্ছ; (ন.) দশসাগরসংখ্যা, সহস্র লক্ষ-কোটি ১০০০০০০০০০০০০০০০, দ্বাদশ লগ্ন; (ত্রি.) অন্তেভব, শেষোৎপন্ন, অন্তিম; অধম, জঘন্য।

অন্ত্যকর্ম্ম, ন. [অন্ত্য+কর্ম্মন্] প্রেতকর্ম্ম, অন্ত্যেষ্টিক্রিয়া, শবদাহাদি কর্ম্ম।

অন্ত্যজ, পুং. স্ত্রী. [অন্ত্য+জ] শূদ্র, রজকাদি সপ্তজাতি, যথা রজক, চর্ম্মকার, নট, বরুড়, কৈবর্ত্ত, মেদ, ভিল্ল; (ত্রি.) জঘ-ন্যজ, কনিষ্ঠ, অবরজ।

অন্ত্যজন্মা, পুং. স্ত্রী. [অন্ত্য+জন্মন্]শূদ্র, জঘন্যজ, চতুর্থবর্ণ, দাস, পাদজ, বৃষল, দ্বিজসেবক, অবরবর্ণ, জঘন্যজাতি।

অন্ত্যজাতীয়, ত্রি. [অন্ত্য+জাতীয়] নীচবংশ জাত।

অন্ত্যপদ, ন. [অন্ত্য+পদ] অঙ্কবিদ্যা বিশেষ।

অন্ত্যবর্ণ, পুং. স্ত্রী. [অন্ত্য+বর্ণ] শেষবর্ণ; শূদ্র, জঘন্যজ, অবরবর্ণ, পজ্জ।

অন্ত্যভ, ন. [অন্ত্য+ভ] শেষনক্ষত্র, রেবতী নক্ষত্র; মীনরাশি।

অন্ত্যাবসায়ী, পুং. স্ত্রী. [অন্ত্য+অবসায়িন্] চণ্ডালাদি সপ্তজাতি; যথা চণ্ডাল, শ্বপচ, ক্ষত্তা, সূত, বৈদেহক, মাগধ, আয়োগব।

অন্ত্যেষ্টি, স্ত্রী. [অন্ত্য+ইষ্টি] শবদাহাদি সংস্কার, মৃতদেহের সৎকার।

অন্ত্যেষ্টিক্রিয়া, স্ত্রী. [অন্ত্যেষ্টি+ক্রিয়া] শব-দাহ, মৃতদেহ সৎকার।

অন্ত্র, ন. [অন্+ত্র] পুরীতৎ, আঁৎ, আঁৎড়ী, নাড়ী, ধমনী

অন্ত্রকূজ, পুং. [অন্ত্র+কূজ] উদরের শব্দ, পেট কল্‌কল্‌করণ।

অন্ত্রবৃদ্ধি, স্ত্রী. [অন্ত্র+বৃদ্ধি] অন্ত্রবৃদ্ধি রোগ, কোষবৃদ্ধি রোগ।

অন্ত্রাদ, পুং. [অন্ত্র+অদ] উদরের পোকা বিশেষ।

অন্দর, (যাং.) অভ্যন্তর, ভিতর, অন্তর।

অন্দাজ, (যাং.) অনুমান, অনুভব।

অন্দিকা, স্ত্রী. [অন্দিক+আ] অন্তিকা, চুল্লী, চুলা, উনান।

অন্দু, স্ত্রী. [অন্দ্+উ] স্ত্রীলোকের পদাভরণ বিশেষ,মল, পঞ্চম; হস্তিনিগড়, আঁদুয়া।

অন্দুক, পুং. [অন্দু+ক] স্ত্রীলোকের পদা-ভরণ বিশেষ; হস্তিপাদ বন্ধন শৃঙ্খল, পাদকটক, পাটক, নিগড়।

অন্দূ, স্ত্রী. [অন্দ্+ঊ] হস্তিপাদবন্ধন লৌহ-নিগড়, আঁদুয়া; স্ত্রীপদভূষণ, মল, গুজরী।

অন্দূক, পুং. [অন্দূ+ক] অন্দূ, স্ত্রীপাদাভরণ।

অন্দেশা, (যাং.) চিন্তা, ভাবনা, অন্তর্ধ্যান।

অন্ধ, ন. [অন্ধ+অ] অন্ধকার; ধ্বান্ত,তিমির, ঘোর; জল; (ত্রি.) নেত্রহীন, অদৃক্, অন্ধা, আঁধলা।

অন্ধঃ, ন. [অন্ধস্] অন্ন।

অন্ধক, পুং. [অন্ধ+ক] দেশভেদ; নৃপভেদ; অসুরভেদ; মুনিবিশেষ; (ত্রি.) অন্ধ, চক্ষুঃহীন।

অন্ধকরিপু, পুং. [অন্ধক+রিপু] শিব, অগ্নি; চন্দ্র; সূর্য্য।

অন্ধকার, পুং.ন. [অন্ধ+কার] তেজসামান্যা-ভাব, প্রকাশাভাব, তৎপর্য্যায়।—

ধ্বান্ত, তিমির, তমিস্র, আঁধার, তম, ভূচ্ছায়; মহান্ধকার ইত্যর্থে অন্ধতমস, অন্ধতামস; অল্পান্ধকারইত্যর্থে অবতমস; বিশ্বব্যাপক অন্ধকার ইত্যর্থে সন্তমস।

অন্ধকাসুহৃৎ, পুং. [অন্ধক+অসুহৃদ্] শিব; সূর্য্য; চন্দ্র; অগ্নি।

অন্ধকূপ, পুং. [অন্ধ+কূপ] অন্ধকারময় কূপ, কর্করান্ধক, কুয়া, পাতকুয়া।

অন্ধগোলাঙ্গুলন্যায়, ত্রি. [অন্ধ+গো+লাঙ্গুল+ন্যায়] অবিতর্কিত, অবৈকল্পিক; গোপুচ্ছ ধরিয়া অন্ধের গমন তুল্য ক্রিয়া।

অন্ধতমস, ন. [অন্ধ+তমস] অত্যন্ত অন্ধকার, নিবিড়তরান্ধকার। [রাহিত্য।

অন্ধতা, স্ত্রী. [অন্ধ+তা] অদৃষ্টি, দৃষ্টি

অন্ধতামস, ন. [অন্ধ+তামস] নিবিড়ান্ধকার, মহান্ধকার, ঘনতিমির।

অন্ধতামিস্র, ন. [অন্ধ+তামিস্র] নিবিড়ান্ধকারযুক্ত নরক বিশেষ; পঞ্চ প্রকারান্তর্গত অজ্ঞান, নরক ও বর্গবিশেষ।

অন্ধমূষা, স্ত্রী. [অন্ধ+মূষা] তৈজসাবর্ত্তিনী, মূষা, শিলাত্মিকা, বকযন্ত্রবিশেষ।

অন্ধমূষিকা, স্ত্রী.[অন্ধ+মূষিকা]দেবতাড়বৃক্ষ।

অন্ধলা, (প্রা) কাণা, অন্ধ, দৃষ্টিহীন।

অন্ধস্, ন. [অদন+স্] অন্ন, ভাত, ভক্ত।

অন্ধাহি, পুং. স্ত্রী. [অন্ধ+অহি] মৎস্যভেদ, কুঁচিয়া।

অন্ধিকা, স্ত্রী. [অন্ধি+কা] চক্ষুরোগ বিশেষ; দ্যূতক্রীড়া বিশেষ; রাত্রি; সর্ষপী; স্ত্রীবিশেষ, অন্ধকার ভেদ।

অন্ধিগন্ধি, (প্রা) ছিদ্র, রন্ধ্র, ফাঁক।

অন্ধীভূত, ত্রি. [অন্ধী+ভূত] তমসাবৃত, অন্ধীকৃত।

অন্ধু, পুং. [অন্+ধু] কূপ, নিপান, প্রহী, পাতকুয়া, ভক্ত; অন্নভুক্ত পদার্থ।

অন্ধুল, পুং. [অন্ধ+উল] শিরীষ বৃক্ষ।

অন্ধ্র, পুং. [অন্ধ+র] মৃগয়ু, মৃগজীবী,ব্যাধ, দেশভেদ, জাতিভেদ।

অন্ন, পুং. [অদ্+ত] সূর্য্য, (ত্রি.) ভুক্ত, অশিত, খাদিত, ভক্ষিত; (ক্লী.) সিদ্ধ-তণ্ডুল, তৎপর্য্যায়।—ভক্ত, অন্ন, ক্রূর, ভিস্সা, ভিস্সা, ওদন, দীদিবি, ভাত; ধান্য; বিষ্ণু; ভক্ষ্যবস্তু সমূহ।

অন্নকষ্ট, ত্রি. [অন্ন+কষ্ট]দুর্ভিক্ষ, আকাল।

অন্নকাল, পুং. [অন্ন+কাল] অন্ন খাইবার সময়, আহার করিবার সময়।

অন্নকোষ্ঠ-অন্নকোষ্ঠক, পুং. [অন্ন+কোষ্ঠ+ক] তণ্ডুলাদি রক্ষণস্থান, ধান্যাদি ক্ষেত্র, চাউলের গোলা, করুই, হামার, মরাই; বিষ্ণু; সূর্য্য।

অন্নগন্ধি, পুং. [অন্ন+গন্ধি] উদরাময় রোগ, অজীর্ণরোগ।

অন্নজ, ত্রি. [অন্ন+জ] আহারজাত।

অন্নজল, ন. [অন্ন+জল] উপজীবিকা, জীবনোপায়।

অন্নদ-অন্নদাতা, পুং. [অন্ন+দা+দাতৃ] প্রতিপালক, ভিক্ষাদায়ক, যে অন্ন দান করে।

অন্নদা, স্ত্রী. [অন্ন+দা] অন্নাধিষ্ঠাত্রীদেবী, অন্নপূর্ণা। [অন্নব্যয়।

অন্নদান, ন. [অন্ন+দান] আহার দান,

অন্নদাস, পুং. [অন্ন+দাস] অন্নের নিমিত্ত দাস, ভক্ত দাস, ভাতুড়িয়া।

অন্নদ্বেষ, পুং. [অন্ন+দ্বেষ] অগ্নিরহিত, ক্ষুধাহীন। [নিমিত্ত অধর্ম্ম।

অন্নপাপ, ত্রি. [অন্ন+পাপ] দুষ্টান্ন ভোজন

অন্নপূর্ণা, স্ত্রী. [অন্ন+পূর্ণা] অন্নাধিষ্ঠাত্রী দেবী, বিশ্বেশ্বরী, ভগবতী, দুর্গা, মাহেশ্বরী, কাশীশ্বরী। [শ্বরী।

অন্নপূর্ব্বা, স্ত্রী. [অন্ন+পূর্ব্বা] অন্নপূর্ণা, বিশ্বে-

অন্নপ্রাশন, ন. [অন্ন+প্রাশন] বালক বালিকার প্রথম অন্ন ভক্ষণ সংস্কার।

অন্নবাহিস্রোতঃ, ন. [অন্ন+বাহি+স্রোতস্] নিগরণ স্রোতঃ, যে নলীদিয়া ভুক্তান্ন ও জল উদরে প্রবিষ্ট হয়।

অন্নবিকার, পুং. [অন্ন+বিকার] শুক্র, বীর্য্য, রেত; মল, বিষ্ঠা। [ব্রহ্ম।

অন্নব্রহ্ম, পুং. ন. [অন্ন+ব্রহ্ম] অন্নস্বরূপ

অন্নভাজন, ন. [অন্ন+ভাজন] অন্ন ভোজনার্থ পাত্রবিশেষ। [অন্নের প্রার্থনা।

অন্নভিক্ষা, স্ত্রী. [অন্ন+ভিক্ষা] অন্ন যাচ্ঞা,

অন্নভূমি, স্ত্রী. [অন্ন+ভূমি] অন্ন সঙ্গুহ, অন্নস্তূপাকার।

অন্নভোক্তা, পুং. [অন্ন+ভোক্তৃ] ভক্ষক, খাদক, অন্নাশী।

অন্নময়, ত্রি. [অন্ন+ময়] সম্পূর্ণ অন্ন, পূর্ণাহার; (পুং.) দেহ, শরীর।

অন্নময়কোষ, পুং. [অন্নময়+কোষ] স্থূল শরীর, ভৌতিক দেহ, মায়িক দেহ।

অন্নমল, ন. [অন্ন+মল] অন্নের মলা, বিষ্ঠা; মদিরা, পৌষ্টিসুরা।

অন্নরস, ন. [অন্ন+রস] অন্নের সারভাগ, ভাতের মণ্ড, ধাতুপ, রস, অন্নমাতৃকা।

অন্নলিপ্সা, স্ত্রী. [অন্ন+লিপ্সা] ক্ষুধা, বুভুক্ষা। [কশিপু।

অন্নবস্ত্র, পুং. [অন্ন+বস্ত্র] গ্রাসাচ্ছাদন,

অন্নশেষ, পুং. [অন্ন+শেষ] উচ্ছিষ্টান্ন, শেষান্ন। [সম্বল, উপজীব্য।

অন্নসংস্থাপন, ন. [অন্ন+সংস্থাপন] সঙ্গতি,

অন্নক্ষেত্র, ন. [অন্ন+ক্ষেত্র] প্রচুরান্ন, বহু জন ভোজন। [ছাদন, অন্নবস্ত্র।

অন্নাচ্ছাদন, পুং. [অন্ন+আচ্ছাদন] গ্রাসা-

অন্নাদ, ত্রি. [অন্ন+অদ] খাদক, ভোক্তা, অন্নাহারী, (পুং.) বিষ্ণু। [জীবিকা।

অন্নাদি, ন. [অন্ন+আদি] অন্ন, জল, উপ-

অন্নান্নাদাত্মা. পুং. [অন্ন+অন্নাদ+আত্মন্] খাদ্য খাদক সম্বন্ধাভাব; ব্রহ্ম।

অন্নাভাব, পুং. [অন্ন+অভাব] অন্নের অসংস্থান, দুর্ভিক্ষ।

অন্নার্থী, ত্রি. [অন্ন+অর্থিন্] বুভুক্ষু, ভোজনার্থ অন্ন যাচঞাকারী।

অন্নাহারী, ত্রি. [অন্ন+আহারিন্] অন্নভোক্তা, অন্ন ভক্ষক।

অন্য, ত্রি. [অন+য] অসদৃশ, পর, তৎপর্য্যায়।—ভিন্ন, অন্যৎ, অন্যতর, এক, ইতর, অপর, অন্যদীয়; পরকীয়, ব্যতিরিক্ত, অন্তর, প্রভিন্ন, বিভিন্ন, বিপরীত, বিবিক্ত, বিশিষ্ট, প্রকারান্তর, আর, আন, দোসরা।

অন্যৎ, ব্য. [অন্+যৎ] ইতর, ভিন্ন, অন্যার্থ, (ন.) গাম্ভীর্য্য, ধৈর্য্য।

অন্যকৃত, ত্রি. [অন্য+কৃত] অন্যদ্বারা, অনুষ্ঠিত, ভিন্নাচরিত।

অন্যগামী, ত্রি. [অন্য+গামিন্] ব্যভিচারী, পারদারিক।

অন্যচ্চ, ব্য. [অন্যৎ+চ] অপরঞ্চ, অপিচ।

অন্যজ, ত্রি. [অন্য+জ] হীনজাতি, দুর্যোনি [স্থানান্তরে।

অন্যতঃ, ব্য. [অন্য+তস্] অন্যত্র, অন্যস্মাৎ,

অন্যতম, ত্রি. [অন্য+তম] ভিন্নতম, অনেকের মধ্যে এক নির্দ্ধারিত।

অন্যতর, পুং. [অন্য+তর] ভিন্নতর, (ত্রি.) দুয়ের মধ্যে নির্দ্ধারিত এক।

অন্যতরেদ্যুঃ, ব্য. [অন্যতর+এদ্যুস্] অন্যতর দিবসে।

অন্যত্র, ব্য. [অন্য+ত্র] অন্য স্থানে, যত্র, কুত্রাপি, বর্জ্জন, বিনা, স্থানান্তর।

অন্যথা, ব্য. [অন্য+থা] বিপরীত, প্রতিকূল, বিরুদ্ধ, অন্যপ্রকার, বিপর্য্যয়; পরার্থ; মিথ্যা; দুষ্ট; বিতথ।

অন্যথাকৃত, ত্রি. [অন্যথা+কৃত] বৈকৃত, বিকৃত, অন্যরূপ।

অন্যথাখ্যাতি, স্ত্রী. [অন্যথা+খ্যাতি] অখ্যাতি, অপযশঃ, দুষ্কীর্ত্তি।

অন্যথাচরণ, ন. [অন্যথা+চরণ] বিপরীত, ব্যবহার, বিরুদ্ধাচরণ, প্রতিকূলাচরণ।

অন্যথাসিদ্ধি, স্ত্রী. [অন্যথা+সিদ্ধি] কার্য্যাব্যবহিত পূর্ব্ববর্ত্তিত্বে কার্য্যানুৎপাদকত্ব।

অন্যদা, ব্য. [অন্য + দা] অন্যসময়, কালান্তর।

অন্যদেশী. ত্রি. [অন্য+দেশী] বৈদেশিক, বিদেশী, পরদেশী, বিদেশজ, ভিন্নদেশীয়, পারদেশিক।

অন্যপুষ্ট, পুং. [অন্য+পুষ্ট] কোকিল, পিক, পরভৃৎ।

অন্যপূর্ব্বা, স্ত্রী. [অন্য+পূর্ব্বা] পরপূর্ব্বা, যে কন্যার বিবাহ সম্বন্ধে পতি মরণান্তর পুনর্ব্বার অন্যের সহিত বিবাহ হয়, দ্বিরূঢ়া।

অন্যবর্দ্ধিত, ত্রি. [অন্য+বর্দ্ধিত] অন্যপুষ্ট,

পরৈধিত, অন্যেরদ্বারা প্রতিপালিত, (পুং.) কোকিল

অন্যবাদী, ত্রি. [অন্য+বাদিন্] অন্যপ্রকার কথনশীল, অস্থিরবাদী; ইতরবাদী।

অন্যভাষা, স্ত্রী. [অন্য+ভাষা] পরভাষা, ভাষান্তর, ভিন্নভাষা।

অন্যভৃৎ, পুং. [অন্য+ভৃৎ] কাক, আত্মঘোষ, চিরজীবী, ঘূকারি, দ্বিক, একদিক্, বলিভুক্, ধ্বাঙ্ক্ষ, মৌকুলি, বায়স।

অন্যভৃত, পুং. [অন্য+ভৃত] কোকিল, পরভৃত, (ত্রি.) পরান্নপুষ্ট।

অন্যমত, ন. [অন্য+মত] ভিন্নমত, পৃথক্ অভিপ্রায়।

অন্যমতগ্রাহী, ত্রি. [অন্যমত+গ্রাহিন্] অন্যমতাবলম্বী, বিধর্ম্মী।

অন্যমনস্ক, ত্রি. [অন্য+মনস্ক] ভিন্নচিত্ত, অন্যমনা।

অন্যমনস্কতা, স্ত্রী. [অন্যমনস্ক+তা] অন্যচিত্ত হওয়া, অন্যদিকে মন দেওয়া।

অন্যমনাঃ, ত্রি. [অন্য+মনস্] অন্যমনস্ক, অন্যচিত্ত। [অন্যমনস্ক।

অন্যমানস, ত্রি. [অন্য+মানস] অন্যচেতা

অন্যশাখক, ত্রি. [অন্য+শাখক] স্ববেদশাখা পরিত্যাগ করিয়া অপরশাখার আশ্রয়ে যে কর্ম্মকরে অর্থাৎ শাখারণ্ড।

অন্যাদৃক্, ত্রি. [অন্যা+দৃশ্] অন্যপ্রকার, ভিন্নরূপ। [ভিন্নরূপ।

অন্যাদৃশ, ত্রি. [অন্যা+দৃশ] অন্যপ্রকার,

অন্যাধিকার, পুং. [অন্য+অধিকার] অন্যের আধিপত্য। [পরতন্ত্র।

অন্যাধীন, ত্রি. [অন্য+অধীন] পরাধীন,

অন্যান্য, ত্রি. [অন্য+অন্য] অপরাপর, ভিন্ন ভিন্ন লোক, প্রকারান্তর।

অন্যায়, পুং. [ন+ন্যায়] ন্যায় বহির্ভূত, অনুচিত, অযুক্তি, অবিচার, অসমঞ্জস।

অন্যায়ী, ত্রি. [অন্যায়+ইন্] অন্যায়কারী, অন্যায়াচারী, দুর্বৃত্ত, বিধিবিরুদ্ধ।

অন্যায্য, ত্রি. [ন+ন্যায্য] অনুচিত, অযোগ্য, অসমঞ্জস,।

অন্যার্থ, ত্রি. [অন্য+অর্থ] ভিন্নার্থ, গূঢ়ার্থ।

অন্যূন, ত্রি. [ন+ন্যূন] ন্যূনতারহিত, সম্পূর্ণ।

অন্যেদ্যুঃ, ব্য. [অন্য+এদ্যুস্] অপর দিবসেতে, অন্য সময়ে, ভিন্নকালে।

অন্যেদ্যুষ্ক, ত্রি. [অন্যেদ্যুস্+ক] প্রাত্যাহিক, ঐকাহিক। [ত্রেয় ভ্রাতা।

অন্যোদর্য্য, পুং. স্ত্রী. [অন্য+উদর্য্য] বৈমা-

অন্যোন্য, ত্রি. [অন্যঃ+অন্য] উভয়ত, পরস্পর, ইতরেতর।

অন্যোন্যকলহ, পুং. [অন্যোন্য+কলহ] পরস্পর বিবাদ।

অন্যোন্যভেদ, পুং. [অন্যোন্য+ভেদ] পরস্পর দ্বেষ।

অন্যোন্যাশ্রয়, ত্রি. [অন্যোন্য+আশ্রয়] পরস্পর জ্ঞান সাপেক্ষ জ্ঞানাশ্রয়, স্বগ্রহ সাপেক্ষ গ্রহসাপেক্ষ গ্রহ, তর্ক বিশেষ।

অন্বক্, ত্রি. [অনু+অচ্] পশ্চাদ্গামী।

অন্বগ্‌ভাব, ব্য. [অন্বক্+ভাব] অত্যানুকুল। [বর্ত্তী।

অন্বচ্, ত্রি. [অনু+অঞ্চ] অনুগামী, অনু-

অন্বঞ্চ্, ত্রি. [অনু+অঞ্চ] অনুসারী, অনুযায়ী। [গোত্র।

অন্ববায়, পুং. [অনু+অবায়] বংশ, কুল,

অন্বয়, পুং. [অনু+অয়] বংশ, কুল, সন্ততি; পদের পরস্পরাকাঙ্ক্ষা; পদের যোগ্যতা সম্বন্ধ। [ঘটক

অন্বয়জ্ঞ, পুং. [অন্বয়+জ্ঞ] বংশাবলিজ্ঞ,

অন্বয়ী, ত্রি. [অন্বয়+ইন্] সম্বন্ধ বিশিষ্ট; সম্পর্কীয়; পশ্চাদ্বর্ত্তী; বংশক্রম সম্বন্ধী।

অন্বষ্টকা, স্ত্রী. [অনু+অষ্টকা] অষ্টকার পর তিথি, শ্রাদ্ধ বিশেষ। [দিন।

অন্বহ, ব্য. [অনু+অহন্] নিত্য, প্রত্যহ, প্রতি

অন্বক্ষ, ত্রি. [অনু+অক্ষ] পশ্চাদ্গামী, অনুগামী।

অন্বাচয়, ত্রি. [অনু+আচয়] সংযুক্ত, সংযোজিত, সম্বন্ধ, সংলগ্ন।

অন্বাধি, পুং. [অনু+আধি] একবার বন্ধক দিয়া পুনর্ব্বার বন্ধক করণ, প্রতিনিধি, প্রতিভূ, বন্ধক, পুনর্ব্বন্ধক; পশ্চাত্মানসীব্যথা।

অন্বাধেয়, ন. [অনু+আধেয়] স্ত্রীধন বিশেষ, বিবাহানন্তর পিতৃ মাতৃ ভর্তৃ-কুললব্ধ স্ত্রীধন। [পক্ষীয়।

অন্বায়তন, ত্রি. [অনু+আয়তন] অনুপ্রস্থ,

অন্বাসন, ন. [অনু+আসন] অনুশোচন, পশ্চাৎতাপ, উপাসনা; শিল্পাদিগৃহ; কর্ম্ম-স্নেহবস্তি।

অন্বাহার্য্য, ন. [অনু+আহার্য্য] মাসিক শ্রাদ্ধ, সংস্কাদির অঙ্গশ্রাদ্ধ।

অন্বাহার্য্যকা, ন. [অনু+আহার্য্যকা] অন্বা-হার্য্য, মাসিক শ্রাদ্ধ। [দৈন, দৈনিক।

অন্বাহিক, ত্রি. [অনু+আহিক] প্রাত্যহিক,

অন্বাহিত, ত্রি. [অনু+আহিত] পুনর্ব্বার বন্ধকীকৃত, গচ্ছিত দ্রব্য তাহার স্বামীকে দিতে অন্য হস্তে অর্পণ করা।

অন্বিত, ত্রি. [অনু+ইত] যুক্ত, মিলিত, একত্রিত, কৃতান্বয়পদাদি।

অন্বিষ্ট. ত্রি. [অনু+ইষ্ট] অন্বেষণ করা, কৃতানুসন্ধান, আকাঙ্ক্ষিত, প্রার্থিত, অন্বেষিত, গবেষিত, অন্বিষ্ট, মার্গিত, মৃগিত। [কৃতান্বেষণ।

অন্বিষ্যমাণ, ত্রি. [অনু+ইষ্যবাণ] অন্নিষ্ট,

অন্বীত, ত্রি. [অনু+ঈত] অন্বিত, যুক্ত, সংযুক্ত।

অন্বীচী, ত্রি. [অনু+ঈচী] পশ্চাদ্গামী।

অন্বীক্ষণ, ত্রি. [অনু+ঈক্ষণ] অন্বেষণ, সংবীক্ষণ, অনুসন্ধান।

অন্বীক্ষা, স্ত্রী. [অনু+ঈক্ষা] প্রসমীক্ষা, সুবিচার; বিকল্প।

অন্বেষ, পুং. [অনু+এষ] অন্বেষণ।

অন্বেষণ, ন. [অনু+এষণ] অনুসন্ধান, অন্বেষণা, তৎপর্য্যায়।—পর্য্যেষণ, পর্য্যে-ষণা, পরীষ্টি, সংবীক্ষণ, গবেষণ, গবেষণা, মার্গণ, মৃগণা, মৃগয়া, মৃগ, নিরীক্ষণ, পরীক্ষা, অনুযোগ, উদ্দেশ, তত্ত্ব, বিচয়ন, বিচয়, বাচয়ন, অনুসন্ধান, বিচারণা, পরীক্ষণ, সমীক্ষা

অন্বেষণা, স্ত্রী. [অনু+এষণা] তর্কাদির দ্বারা বিহিত ধর্ম্মাদির অন্বেষণ, পরীষ্টি, পর্য্যেষণা, গবেষণা।

অন্বেষিত, ত্রি. [অনু+এষিত] কৃতান্বেষণ, তৎপর্য্যায়।—গবেষিত, অন্বিষ্ট, মার্গিত, মৃগিত, পরীষ্ট, পর্য্যেষিত।

অন্বেষী, ত্রি. [অনু+এষিন্] অন্বেষ্টা, অন্বে-ষক, অনুসন্ধায়ী।

অন্বেষ্টা, ত্রি. [অনু+এষ্টা] অনুসন্ধান-কর্ত্তা, আনুপদ্য, অন্বেষক, অনুসন্ধেতা।

অপ্, স্ত্রী. [আপ] জল, বারি, সলিল।

অপ, ব্য. উপসর্গবিশেষ; অসার্থে—অনাদর; ভ্রংশ; অসাকল্য; বৈরূপ্য; ত্যাগ; নঞর্থ্য; বর্জ্জনার্থ; অপকৃষ্টার্থ; বিয়োগ; বিপর্য্যয়; বিকৃতি; চৌর্য্য; নির্দ্দেশ; হর্ষ। (ন.) যজ্ঞকর্ম্ম; নিষেধ, বিবৃত, ব্যত্যাম, বিকার, স্তেয়, অনির্দ্দেশ, প্রজ্ঞা, উপসর্গ। [মন্দকরণ।

অপকরণ, ন. [অপ+করণ] অনিষ্টকরণ,

অপকর্ম্ম, ন. [অপ+কর্ম্মন্] দুষ্ক্রিয়া, মন্দকর্ম্ম।

অপকর্ষ, পুং. [অপ+কর্ষ] পদভ্রংশ, অধি-কারনিরাকরণ, অপধ্বংস, অপমান, পাতিত্য, পতিতত্ত্ব।

অপকলঙ্ক, পুং. [অপ+কলঙ্ক] মিথ্যা অপ-বাদ, দুর্নাম, অপ্রতিষ্ঠা, গর্হা, ফজিহৎ।

অপকার, পুং. [অপ+কার] অনিষ্ট, হানি, ক্ষতি, দ্রোহ, অনুপকার, নাশ, ধ্বংস, হিংসা, অভিদ্রোহ, হিংসাকর্ম্ম, ব্যাপাদ।

অপকারক, ত্রি. [অপ+কারক] মন্দকারক, অনিষ্টকারী।

অপকারগীঃ, স্ত্রী. [অপকার+গীর্] অপকার বাক্য, ভৎর্সন বচন, তিরস্কার বাক্য।

অপকারী, ত্রি. [অপকার+ইন্] অপকারক, মন্দকারক, দ্রোহক।

অপকার্য্য, ত্রি. [অপ+কার্য্য] মন্দকর্ম্ম, গর্হিতক্রিয়া।

অপকাশ, ন. [অপ+কাশ] অবকাশ, অব-নর, কার্য্যনিবৃত্তি।

অপকীর্ত্তি, স্ত্রী. [অপ+কীর্ত্তি] অপযশঃ, দুর্নাম, অকীর্ত্তি।

অপকৃত, ত্রি. [অপ+কৃত] অপকার প্রাপ্ত

অপকৃতি, স্ত্রী. [অপ+কৃতি] অপকার, অনুপকার।

অপকৃষ্ট,ত্রি.[অপ+কৃষ্ট]জঘন্য,তৎপর্য্যায়।- অধম,নিকৃষ্ট, যাপ্য, রেফ, ক্রুব, খেট, পাপ,অণক, গর্হ্য, অবদ্য, কাণ্ড, কুৎসিত প্রতিকৃষ্ট, অপসদ, কুপূয়, চেল, অর্ব্বচ।

অপকৃষ্টতা, স্ত্রী. [অপকৃষ্ট+তা] জঘন্যতা, নিকৃষ্টত্ব, প্রদ্রাব, দ্রাব,সংদ্রাব, সংদ্রব, অদ্রব, অদ্রাব, উপযান।

অপক্রম-অপক্রমণ, পুং.[অপ+ক্রম-ণ] ক্রম-বিপর্য্যয়, পলায়ন, অপয়ান।

অপক্রিয়া, স্ত্রী.[অপ+ক্রিয়া] অপকার,হানি, দ্রোহ, কুকর্ম্ম।

অপক্রোশ, পুং. [অপ+ক্রোশ] নিন্দন, ভর্ৎসন ; জুগুপ্সন। [অশৃত।

অপক্ক, ত্রি. [ন+পক্ক] কাঁচা, আম, অসিদ্ধ,

অপক্কাশী, ত্রি. [অপক্ক+আশিন্] অপক্ক-ভোজী, কাঁচা খাদক। [ভূত।

অপগত, ত্রি. [অপ+গত] মৃত ; গত, দূরী-

অপগম, পুং. [অপ+গম] নির্গম, প্রস্থান, পলায়ন ; তনুত্যাগ।

অপগমন,ন.[অপ+গমন]অপসরণ,পলায়ন।

অপগা, স্ত্রী. [অপ+গা] আপগা, নীচগা, নদী, (ত্রি) অপগমনশালী। [প্রতীক।

অপঘন, পুং. [অপ+ঘন] অবয়ব, অঙ্গ,

অপঘাত, পুং. [অপ+ঘাত] হত্যা, অস্বা-ভাবিক কারণে বিনাশ, অপহনন।

অপঘাতী, ত্রি. [অপ+ঘাতিন্] ঘাতক, হন্তা, হত্যাকারী, খুনী।

অপচয়, পুং.[অপ+চয়]ক্ষতি,হানি,অপহার

অপচয়ী, ত্রি. [অপচয়+ইন্] ক্ষতিকারক, বৃথা ব্যয়ী।

অপচায়িত, ত্রি. [অপ+চায়িত] পূজিত।

অপচার, পুং. [অপ+চার] অপাক, অজীর্ণ-রোগ; অহিতাচরণ।

অপচারী, ত্রি. [অপচার+ইন্] মন্দকর; অজীর্ণকর। [বিশিষ্ট।

অপচিত, ত্রি. [অপ+চিত] পূজিত ; অপচয়

অপচিতি, স্ত্রী. [অপ+চিতি] হানি ; ব্যয় ; পূজা ; নিষ্কৃতি ; চর্চ্চা, নাশ।

অপচেতা, পুং. [অপ+চেতৃ] ব্যয়শীল, অতিব্যয়ী।

অপচ্ছায়,ত্রি.[অপ+ছায়] ছায়াহীন; নিষ্প্রভ।

অপচ্ছায়া, স্ত্রী. [অপ+ছায়া] দেবতা; উপ-দেবতা; নিষ্প্রভ; ভূত প্রেতাদি অনিষ্ট-করছায়া।

অপঞ্চীকৃত, ন. [ন+পঞ্চীকৃত] সূক্ষ্মভূত, আকাশাদি পঞ্চভূতের পৃথক্‌ভাব

অপটান্তর, ত্রি. [ন+পটান্তর] অব্যবহিত, সন্নিকৃষ্ট, সন্নিহিত

অপটী, স্ত্রী. [ন+পটী] বস্ত্র প্রাবরণ,কানাৎ।

অপটু ত্রি. [ন+পটু] অনিপুণ, অক্ষম, অকু-শল, চাতুর্য্যরহিত, পটুতারহিত,রোগী, ব্যাধিত, কার্য্যাক্ষম।

অপঠিত, ত্রি. [ন+পঠিত] অশিক্ষিত, অধ্য-য়ন রহিত

অপড় (প্রা) স্থায়ী; পতন রহিত, নিত্য।

অপণ্ডিত. ত্রি. [ন+পণ্ডিত] মূর্খ, অনভিজ্ঞ, মূঢ়। [অঙ্গাকর্ষ, অঙ্গগ্রহ।

অপতন্ত্রক, পুং. [অপ+তন্ত্র+ক] আকর্ষ,

অপতর্পণ, ন. [অপ+তর্পণ] রোগাদিজন্য ভোজনাভাব, লঙ্ঘন।

অপতানক, পুং. [অপ+তানক] অঙ্গগ্রহ, অঙ্গশূল, অঙ্গসঙ্কোচ, অঙ্গাক্ষেপক, অপ-তন্ত্রক।

অপতিব্রতা, স্ত্রী. [ন+পতিব্রতা] অসতী, অসাধ্বী, বন্ধকী, পুংশ্চলী, কুলটা, স্বৈরিণী, পাংশুলা, ইত্বরী,কুলপাংশুলা কামগা, ব্যভিচারিণী

অপণ্য, ত্রি. [ন+পণ্য] অবিক্রেয়।

অপত্য, ন. [ন+পত্য] পুত্র, কন্যা, সন্তান, সন্ততি, তোক, প্রসূত

অপত্যদা, স্ত্রী. [অপত্য+দা] গর্ভদাত্রী বৃক্ষ; ধাত্রী, প্রসবকারিণী।

অপত্যপথ, পুং. [অপত্য+পথ] ভগ,যোনি, স্মরমন্দির, অপত্যদ্বার। [কাঁকড়া।

অপত্যশত্রু, পুং. [অপত্য+শত্রু] কর্কট,

অপত্যস্নেহ, ত্রি. [অপত্য+স্নেহ] পুত্র কন্যার প্রতি স্বাভাবিক মায়া।

অপত্যার্থশব্দ, পুং. [অপত্য++অর্থ+শব্দ] অপত্যবাচক, পৈতৃকনাম, পিতৃপ্রাপ্ত-নাম, গোত্রনাম, উপাধি।

অপত্রপ, ত্রি. [অপ+ত্রপা] ত্রপারহিত, নির্লজ্জ, ব্রীড়িত, ত্রপাযুক্ত।
অপত্রপা, স্ত্রী. [অপ+ত্রপা] নির্লজ্জা, ত্রপাহীনা, প্রগল্ভা; সলজ্জিতা, ত্রপান্বিতা।
অপত্রপিষ্ণু, ত্রি. [অপত্রপা+ইষ্ণু] স্বভাবতঃ সত্রপ, সলজ্জ, লজ্জাশীল, লাজুক।
অপথ, ন. বা. [ন+পথ] কুপথ, মন্দপথ, পথরহিত; যোনি; অবাচ্যদেশ, প্রকৃতি।
অপথিন্, পুং. [অপথ+ইন্] অমার্গ, নিন্দনীয় পথ, কুপন্থা।
অপথ্য, ত্রি. [ন+পথ্য] রোগ্য, রোগজনন, কুপথ্য ; অহিত।
অপথ্যভুক্-অপথ্যাশী, ত্রি. [অপথ্য+ভুক্-আশিন্] কুপথ্যাভিলাষী।
অপদ, পুং. [ন+পদ] সর্প, কৃমি ; (ত্রি) নিষ্পদ, পদহীন ; পদচ্যুত, নিরাকৃত।
অপদস্থ, ত্রি. [ন+পদস্থ] পদচ্যুত, অসম্ভ্রম, চ্যুতাধিকার।
অপদান-অপদানক, ন. [অপ+দান+ক] অবদান, যথাভিমত কর্ম্মকরণ, প্রশস্তকর্ম্ম।
অপদান্তর, ত্রি. [অপদ+অন্তর] অব্যবহিত, সংযুক্ত, সংসক্ত, পার্শ্বস্থ; (ন.) অভিন্ন পদ, অনন্তর।
অপদার্থ, পুং. [ন+পদার্থ] অযোগ্যবস্তু, অবস্তু, পদার্থভিন্ন।
অপদিশ, ন. ব্য. [অপ+দিশ] দুই দিকের মধ্যস্থল, দিক্কোণ, দিশোর্ম্মধ্য বিদিক্, দিঙ্মধ্য ; আগ্নেয়াদিকোণ।
অপদেবতা, স্ত্রী. [অপ+দেবতা] পিশাচাদি।
অপদেশ, পুং. [অপ+দেশ] ব্যপদেশ, কপট, ছল; কপটবেশ, ছদ্মবেশ, স্বরূপাচ্ছাদন; স্থান, প্রদেশ; লক্ষ্য, শরব্য; নিমিত্ত; প্রশংসা, গৌরব, খ্যাতি; ব্যাজনিমিত্ত।
অপদ্রব্য, ন. [অপ+দ্রব্য] কূটস্বর্ণ, কুপ্য, কুধাতু; মন্দদ্রব্য।
অপধ্যান, ন. [অপ+ধ্যান] কুচিন্তা, অসদ্ভাবনা।
অপধ্বংস, পুং. [অপ+ধ্বংস] নাশ, খণ্ডন।
অপধ্বংসক, ত্রি. [অপ+ধ্বংস+ক] বিনাশক, খণ্ডক।
অপধ্বংসজ, পুং. [অপধ্বংস+জ] বর্ণসঙ্কর।
অপধ্বস্ত, ত্রি. [অপ+ধ্বস্ত] পরিত্যক্ত, গর্হিত বিনষ্ট ; চূর্ণীকৃত ; নিন্দিত।
অপনয়-অপনয়ন, পুং. ন. [অপ+নয়-নয়ন] খণ্ডন, দূরীকরণ ; মরণ ; নিষ্কৃতি ; রোগাপনয়ন।
অপনাম, পুং. [অপ+নাম] নিন্দাসূচক নাম।
অপনীত, ত্রি. [অপ+নীত] দূরীকৃত, খণ্ডিত।
অপনেতা, ত্রি. [অপ+নেতৃ] অপনায়ক, বিনায়ক, অপহারক, অপহারী।
অপনোদ-অপনোদন, ন. [অপ+নোদ-নোদন] খণ্ডন, দূরীকরণ।
অপনোদিত, ত্রি. [অপ+নোদিত] নিরাকৃত, অপকৃত, নিরস্ত, নির্ধূত।
অপপন্থা, পুং. [অপ + পথিন্] কুপথ, দুরধ্ব, কুমার্গ ; অপথ।
অপপাত্র, ন. [অপ+পাত্র] নীচজাতি, যার পাত্র অন্য কেহ আর ব্যবহার করে না।
অপপাত্রিত, ত্রি. [অপ+পাত্রিত] পতিতজাতি, বর্ণভ্রষ্ট, জাতিভ্রষ্ট, পতিতব্যক্তি, উৎকট দোষ দ্বারা জ্ঞাতিকর্ত্তৃক পরিত্যক্ত ব্যক্তি, চণ্ডাল।
অপবন, ন. [অপ+বন] উপবন, কৃত্রিমবন, উদ্যান (অ-পবন) বায়ুশূন্য।
অপবরক, পুং. [অপ+বরক] অন্তর্গৃহ, গর্ভাগার, বাসৌক, শয়নাস্পদ
অপবরণ, ন. [অপ+বরণ] অপবারণ, আবরণ, প্রচ্ছাদন, ছদন।
অপবর্গ, পুং. [অপ+বর্গ] মুক্তি, দান, মোক্ষ; নির্ব্বাণ, পরমাগতি, কৈবল্য, স্বর্গপ্রাপ্তি, নিঃশ্রেয়, অমৃততা, বিহারিত, পরিত্রাণ, সদ্গতি, পুনর্জন্মজয়; ত্যাগ, ক্রিয়াবসান; সাফল্য ; কর্ম্মফল ; ক্রিয়ান্ত, কার্য্য সমাপ্তি ; পূর্ণতা।
অপবর্গদ, ত্রি. [অপবর্গ+দ] মোক্ষদাতা।
অপবর্জ্জন, ন. [অপ+বর্জ্জন] দান ; ত্যাগ ; মোক্ষ ; নির্জ্জন।
অপবর্ত্ত-অপবর্ত্তন, পুং. ন. [অপ+বর্ত্ত-ন] সংক্ষেপকরণ ; অল্পকরণ।
অপবর্ত্ত্য, ত্রি. [অপ+বর্ত্ত্য] সংক্ষেপ করণীয়, সংক্ষিপ্ত, অল্পে অনেকের অভিধানকৃত

অপবাদ, পুং. [অপ+বাদ] নিন্দা, তৎপর্য্যায়।—অখ্যাতি, কলঙ্ক, দুর্নাম, পরীবাদ, অবর্ণ, আক্ষেপ, নির্বাদ, উপক্রোশ, জুগুপ্সা, কুৎসা, গর্হণ, পরিভাবণ, তিরস্কার, ঘৃণা, উপালম্ভ, গর্হা, অর্ত্তন, ঋতীয়া অভিযোগ, দোষকল্পন, তিরস্ক্রিয়া; আদেশ, আজ্ঞা, নিয়ম; ভেদ, ভিন্নতা; বচন; বিরোধ; প্রতিবন্ধকতা।

অপবাদিত, ত্রি. [অপ+বাদিত] দুর্নামগ্রস্ত, পরিবাদান্বিত। [নিন্দক।

অপবাদী, ত্রি. [অপ+বাদিন্] পরিবাদক,

অপবারণ, ন. [অপ+বারণ] ব্যবধান, অন্তর্দ্ধান, অপিধান, তিরোধান, ছাদন, আড়াল, আড়। [ব্যবহিত

অপবারিত, ত্রি. [অপ+বারিত] অন্তর্হিত,

অপবার্য্য, ব্য. [অপ+বার্য্য] জনান্তিক, বিজনে, স্বগত, গুপ্তরূপে।

অপবাহ, পুং. [অপ+বাহ] অনুমান, যুক্তি, অনুভব।

অপবিত্র, ত্রি. [ন+পবিত্র] অশুদ্ধ, পবিত্রতা রহিত, অপূত। [দুষ্টতা।

অপবিত্রতা, স্ত্রী. [অপবিত্র+তা] অশুদ্ধতা,

অপবিদ্ধ, ত্রি. [অপ+বিদ্ধ] প্রত্যাখ্যাত, নিরাকৃত; চূর্ণিত।

অপবিদ্ধপুত্র, পুং. [অপবিদ্ধ+পুত্র] দ্বাদশবিধ গৌণ পুত্র মধ্যে পুত্র বিশেষ, মাতৃ পিতৃত্যক্তপুত্র।

অপবিষা, স্ত্রী. [অপ+বিষা] নির্ব্বিষী তৃণ।

অপবৃত্ত, ত্রি. [অপ+বৃত্ত] বিপরীত, ব্যতিক্রান্ত, বিরুদ্ধ; অনাবৃত; অপহৃত।

অপব্যয়, পুং. [অপ+ব্যয়] বৃথাব্যয়; বহুব্যয়; কুকর্ম্মে ধনক্ষয়।

অপব্যয়মান-অপব্যয়ী, ত্রি. [অপ+ব্যয়মান -ইন্]নিরর্থক অর্থনাশক,মহাব্যয়কারী।

অপভাষা, স্ত্রী. [অপ+ভাষা] অসাধু বাক্য, কুকথা, অপশব্দ। [তোভয়।

অপভী, ত্রি. [অপ+ভী] নির্ভয়, অভয়, অকু-

অপভ্রংশ, পুং. [অপ+ভ্রংশ]কুৎসিত বাক্য, গ্রাম্যভাষা, অপভাষা, অপশব্দ; পতন।

অপম, পুং. [অপ+ম] ক্রান্তি, ক্রান্ত।

অপমন্তব্য, ত্রি. [অপ+মন্তব্য] অনাদর, অমর্য্যাদা, পরিভব, পরিভাব, অবজ্ঞেয়, অবমান্য, অবজ্ঞাতব্য।

অপমান, ন. [অপ+মান] তিরস্ক্রিয়া, অবজ্ঞা, অগনতা, অপধ্বংস, ন্যক্কার, অসম্মান, অনাদর, অমর্য্যাদা,অপযশঃ; অখ্যাতি।

অপমানিত, ত্রি. [অপ+মানিত] অপমান, প্রাপ্ত, মানহীন।

অপমানী-অপমান্য, ত্রি. [অপ+মানিন্+মান্য] অপমানজনক, অসম্ভ্রমসূচক।

অপমিত, ত্রি. [অপ+মিত] অপমানিত, মানহীন. [ধার।

অপমিত্যক, ন. [অপ+মিত্যক] ঋণ, কর্জ্জ,

অপমৃত্যু, পুং. [অপ+মৃত্যু] রোগ বিনা মরণ, অপঘাতমরণ, অস্বাভাবিক কারণে মৃত্যু। [ভাগ্য, অশুভক্ষণীয়।

অপয়মন্ত, ত্রি. [ন+পয়+মন্ত] দুর্ভাগ্য, হত-

অপযশঃ ন. [অপ+যশস্]দুর্নাম,অখ্যাতি।

অপযশস্কর, ত্রি. [অপযশস্+কর] নিন্দাকর, অপমানিত।

অপযান, ন. [অপ+যান] পলায়ন, প্রস্থান।

অপর, ত্রি. [ন+পর] ইতর, অন্য, পরভিন্ন; অর্ব্বাচীন, (ন.) হস্তিপশ্চাদ্ভাগ, (স্ত্রী.) জরা, বৃদ্ধা; গর্ভকোশ।

অপরঞ্চ, ব্য. [অপরম্+চ] পুনরপি, পুনঃ।

অপরত্ব, ন. [ন+পরত্ব] অপরস্যভাব, বৈপরিত্য, প্রতিকূলত্ব।

অপরতি, স্ত্রী. [অপ+রতি] নিবৃত্তি, বিরতি।

অপরতন্ত্র, ত্রি. [অপর+তন্ত্র] স্বাধীন,অপরাধীন

অপরথা, ব্য. [অপর+থা] অন্যথা, অথবা।

অপরবক্ত্র, ন. [অপর+বক্ত্র] চতুষ্পদী ছন্দোবিশেষ।

অপরবোজ্ঝিত, ত্রি. [অপরব+উজ্ঝিত] নিরুপদ্রব, নির্বিবাদ।

অপররাত্র, পুং. [অপর+রাত্র] রাত্রি শেষ, উচ্চন্দ্র, রাত্রির শেষ প্রহর।

অপরলোক, ন. [অপর+লোক] ইতরলোক, অন্যব্যক্তি; লোকান্তর, পরলোক ভিন্ন।

অপরস্পর, ত্রি. [ন+পরস্পর] ক্রিয়াসাতত্য, কর্ম্মনিরন্তরতা, ত.পরিচ্ছিন্ন, অবিরত, নিয়ত।

অপরা, স্ত্রী. [ন+পরা] গর্ব্ভাশয়, জরায়ু, রুদ্ধ রজস্কা স্ত্রী; গজপশ্চাদ্ভাগ; পশ্চিম দিক্; অশ্রেষ্ঠা।

অপরাক্রমী, ত্রি. [ন+পরাক্রমিন্] শক্তিহীন, নির্বীর্য্য, অপ্রতাপান্বিত।

অপরাঙ্গ, ন. [অপর+অঙ্গ] অন্যঅবয়ব, গুণীভূত, ব্যঙ্গ্যপ্রভেদ।

অপরাঙ্মুখ, ত্রি. [ন+পরাঙ্মুখ] অবিমুখ, অভিমুখ। [অবিনাশ।

অপরাজয়, ত্রি. [ন+পরাজয়] অপরাভব,

অপরাজিত, ত্রি. [ন+পরাজিত] অনির্জ্জিত; (পুং.) বিষ্ণু; ঋষিবিশেষ; শিব।

অপরাজিতা, স্ত্রী. [ন+পরাজিতা] দুর্গা; জয়ন্তী বৃক্ষ; অশনপর্ণী; স্বল্পফলা; বিষ্ণুক্রান্তা; শেফালী; শমীভেদ; শঙ্খিনী; হপুষাভেদ; স্বনাম খ্যাতা পুষ্পলতা বিশেষ, শুক্লা নীল প্রভেদে। তৎপর্য্যায়। আস্ফোতা, আস্ফোটা, অশ্বখুরী, অদ্রি-কর্ণী, অশ্বাহ্বাদিখুরী, কটভী, গর্দ্দভী, গবাদনী, গবাক্ষী, গিরিকর্ণী, দধিপুষ্পিকা, নগপর্য্যায়কর্ণী, বিষ্ণুক্রান্তা, বিষহন্ত্রী ভদ্রা, শ্বেতা, শ্বেতস্পন্দা, শ্বেতভণ্ডা, সুপুত্রী, সিতপুষ্পী।

অপরাজেয়, ত্রি. [ন+পরাজেয়] অপরাজিত।

অপরাদ্ধ, ত্রি. [অপ+রাধ+ত] কৃতাপরাধ, অপরাধী, পাপী।

অপরাদ্ধপৃষৎক, পুং. [অপরাদ্ধ+পৃষৎ+ক] যে ধানুষ্ক শরব্য-সন্ধানে অক্ষম, লক্ষ্য-বেধে অসমর্থ।

অপরাধ, পুং. [অপ+রাধ] অকার্য্য-করণ-জন্য দোষ, আগমস্তু, দুষ্কৃতি, পাতক, পাপ।

অপরাধমার্জ্জন, ন. [অপরাধ+মার্জ্জন] নিষ্কৃতি, প্রায়শ্চিত্ত।

অপরাধিত, ত্রি. [অপরাধ+ইত] দোষী।

অপরাধী, ত্রি. [অপরাধ+ইন্] দোষী, দণ্ডার্হ, পাপী।

অপরাধীন, ত্রি. [ন+পরাধীন] স্বাধীন, যে পরতন্ত্র নহে। [বিরুদ্ধ।

অপরামর্শ, ত্রি. [ন+পরামর্শ] অযুক্ত, যুক্তি

অপরামৃষ্ট, ত্রি. [ন+পরামৃষ্ট] অনাদিষ্ট।

অপরাহ্ণ, পুং. [ন+পরাহ্ণ] দিবার শেষভাগ, মধ্যাহ্নের পরকাল, বৈকাল।

অপরাহ্ণতন, ত্রি. [অপরাহ্ণ+তন] অপরাহ্ণ-ভব বস্তু, অপরাহ্ণজাত, বৈকালিক।

অপরিকলিত, ত্রি. [ন+পরিকলিত] অজ্ঞাত, অদৃষ্ট। [নহে।

অপরিক্লিন্ন, ত্রি. [ন+পরিক্লিন্ন] শুষ্ক, ভিজা

অপরিগত, ত্রি. [ন+পরিগত] অপরিচিত, অজ্ঞাত, অননুভূত, অগোচর।

অপরিগৃহীতা, স্ত্রী. [ন+পরিগৃহীতা] কুলস্ত্রী, কুলবধূ, বিবাহিতাস্ত্রী; যেপরিগৃহীতনহে।

অপরিগ্রহ, পুং. [ন+পরিগ্রহ] অগ্রহণ, অপ্রতিগ্রহ, অস্বীকার। [নত।

অপরিচয়, ত্রি; [ন+পরিচয়] অজ্ঞাত, অজ্ঞা-

অপরিচয়ী, ত্রি. [অপরিচয়+ইন্] অপরি-চেয়, জনবৈরী। [ভাব, দাসরহিত।

অপরিচারক, ত্রি. [ন+পরিচারক] ভৃত্যা-

অপরিচিত, ত্রি. [ন+পরিচিত] অদৃষ্ট, যাহার সহিত আলাপ নাই।

অপরিচেয়, ত্রি. [ন+পরিচেয়] সংলাপ-বিমুখ, জনসংসর্গবিমুখ, অনালাপী।

অপরিচ্ছদ, ন. [ন+পরিচ্ছদ] হীনবস্ত্র; মলিন বসন; অনুপযুক্ত বেশ; (ত্রি.) বিবস্ত্র, পরিচ্ছদ শূন্য। [শূন্য, বস্ত্রহীন।

অপরিচ্ছন্ন, ত্রি. [ন+পরিচ্ছন্ন] পরিচ্ছদ-

অপরিচ্ছিন্ন, ত্রি. [ন+পরিচ্ছিন্ন] পরিচ্ছেদ রহিত, অসীম, বহিরন্তর শূন্য

অপরিণত, ত্রি. [ন+পরিণত] অপক্ক, অকাল, অপূর্ণকাল; ভুক্ত।

অপরিণয়ন, ন. [ন+পরিণয়ন] অবিবাহ, অনুদ্বাহ, অপাণিগ্রহণ, আইবড়।

অপরিণাম, পুং. [ন+পরিণাম] অবস্থার অনন্যথা, পরিণাম হীন, অবস্থান্তর না হওন; অবিকার; অনন্যথাভাব; শেষ।

অপরিণামদর্শী, ত্রি. [ন+পরিণাম+দর্শিন্] অপূর্ব্বদৃষ্টি, অভবিষ্যদ্দর্শী; শেষদর্শী।

অপরিণীত, ত্রি. [ন+পরিণীত] অবিবাহিত, অনূঢ়। [হিতা, অনূঢ়া।
অপরিণীতা, স্ত্রী. [ন+পরিণীতা] অবিবা-
অপরিতুষ্ট, ত্রি. [ন+পরিতুষ্ট] অসন্তুষ্ট, বিতুষ্ট, নিরানন্দ। [হ্লাদ, অসন্তোষ।
অপরিতোষ, ত্রি. [ন+পরিতোষ] অনা-
অপরিপক্ক, ত্রি. [ন+পরিপক্ক] কিঞ্চিৎপক্ক; পরিপাক হীন; অপটু
অপরিপাটি-অপরিপাটী, স্ত্রী. [ন+পরিপাটি-টী] অক্রম, ক্রমভঙ্গ।
অপরিপূত, ত্রি. [ন+পরিপূত] অপরিপক্ক, অসম্পূর্ণ; পবিত্রতাহীন। [অসম্পূর্ণ।
অপরিপূর্ণ, ত্রি. [ন+পরিপূর্ণ] অসম্পন্ন,
অপরিবর্ত্ত, ত্রি. [ন+পরিবর্ত্ত] অবিনিময়, পরিবর্ত্ত রহিত।
অপরিবাদ্য, ত্রি. [ন+পরিবাদ্য] অপ্রত্যানিষ্ট, অনুপালব্ধ; অনিন্দিত।
অপরিবৃত, ত্রি. [ন+পরিবৃত] অসীম, অপরিবেষ্টিত। [মর্য্যাদা, সম্মান।
অপরিভব, পুং. [ন+পরিভব] মানাত্ব,
অপরিভাব্য, ত্রি. [ন+পরিভাব্য] অপরিভরনীয়, আদর্য্য।
অপরিমিত, ত্রি. [ন+পরিমিত] পরিমাণ রহিত, অপ্রমেয়, অসীমক।
অপরিমিতভোজন, ন. [ন+পরিমিত+ভোজন] অত্যাহার, অতিভোজন।
অপরিমিতাচারী, ত্রি. [ন+পরিমিত+আচারিন্] অত্যাচারী, অসংযতাচারী।
অপরিম্লান, পুং. [ন+পরিম্লান] রক্তাম্লানবৃক্ষ, (ত্রি.) ম্লানরহিত।
অপরিমেয়, ত্রি. [ন+পরিমেয়] অপ্রমেয়, অপরিমিত; অত্যন্ত।
অপরিষ্কার, পুং. [ন+পরিষ্কার] অনির্ম্মল; অশুদ্ধ; অস্পষ্ট; পরিষ্কারাভাব।
অপরিষ্কৃত, ত্রি. [ন+পরিষ্কৃত] অমার্জ্জিত, অশোধিত; অনলঙ্কৃত; অনির্ম্মল; অভূষিত
অপরিসর, ত্রি. [ন+পরিসর] দুরবর্ত্তী, দূরস্থ।
অপরিসীমা, ত্রি. [ন+পরিসীমা] সীমা রহিত, অনাদ্যন্ত; অতিশয়।

অপরিহরণীয়, ত্রি. [ন+পরিহরণীয়] অত্যজনীয়, অপরিহার্য্য, পরিহারের অযোগ্য।
অপরিহার্য্য, ত্রি. [ন+পরিহার্য্য] অত্যজনীয়, অপরিহরণীয়।
অপরীক্ষিত, ত্রি. [ন+পরীক্ষিত] অকৃতপরীক্ষা, অপ্রতীত।
অপরুদ্ধ, ত্রি. [অপ+রুদ্ধ] ক্ষুব্ধ; অপ্রস্তুত।
অপরুষ, ত্রি. [ন+পরুষ] যোগ্য, যথোচিত; রুক্ষতাভাব।
অপরূপ, ত্রি. [অপ+রূপ] অদ্ভুত রূপ, অপকৃষ্ট রূপ, বিকৃতরূপ (ন.) আশ্চর্য্য।
অপরেদ্যুঃ, ব্য. [অপর+এদ্যুস্] অপরেহ্নি, অপরদিবস, গত অথবা আগামি দিন।
অপরোক্ষ, ত্রি. [ন+পরোক্ষ] প্রত্যক্ষ, সমক্ষ, দৃষ্টির সম্মুখ।
অপর্ণ, ত্রি. [ন+পর্ণ] পত্রহীন, অদল; (পুং.) অসম্পূর্ণ সন্ধ্যা।
অপর্ণা, স্ত্রী. [ন+পর্ণা] পার্ব্বতী, দুর্গা, (ত্রি.) পত্রশূন্যা, ঋণশূন্যা।
অপর্ব্বদণ্ড, পুং. [ন+পর্ব্বদণ্ড] রামশরতৃণ।
অপর্য্যটন, ত্রি. [ন+পর্য্যটন] অচল, অচরিষ্ণু, ভ্রমণ রহিত।
অপর্য্যাপ্ত, ত্রি. [ন+পর্য্যাপ্ত] অসীম, যথেষ্ট, সম্পূর্ণ; অযথেষ্ট, অসংপূর্ণ, অপ্রচুর।
অপর্য্যায়, পুং. [ন+পর্য্যায়] আনুপূর্ব্বী রহিত, অপরিপাট্য, অক্রম; অননুক্রম, অবিধান। [সদ্যোদ্ভব।
অপর্য্যুষিত, ন. [ন+পর্য্যুষিত] অব্যুষ্ট,
অপল, ন. [ন+পল] কীলক, শঙ্কু, শল্য; (ত্রি.) পল শূন্য, ক্ষণরহিত, অনিমেষ।
অপলপন, ন. [অপ+লপন] অপলাপ, পরিবাদ।
অপলাপ, পুং. [অপ+লাপ] সত্য অসত্য কথা, নিহ্নুতি, অপহ্নুতি, নিহ্নব, জানিয়া গোপনকরা। [মিথ্যাবাদী, অপলাপী।
অপলাপবাদী, ত্রি. [অপলাপ+বাদিন্]
অপলাষিকা, স্ত্রী. [অপ+লাষিকা] পিপাসা, তৃষ্ণা, উদন্যা, উপলালিকা। [ব্যক্তি।
অপলাদ, পুং. [অপ+লাদ] অপসদ, নীচ-
অপশঙ্ক, ত্রি. [অপ+শঙ্ক] নির্ভয়, ভয়রহিত।

অপশদ, পুং. [অপ+শদ] অপসদ, নীচ।
অপশব্দ, পুং. [অপ+শব্দ] ইতরভাষা, অসংস্কৃত শব্দ, অশাস্ত্রীয় শব্দ, লৌকিক শব্দ, গ্রাম্যভাষা, অপভ্রংশ শব্দ, অপকৃষ্ট শব্দ।
অপশুক্, পুং. [অপ+শুচ্] আত্মা, জীব।
অপশোক, পুং. [অপ+শোক] অশোক বৃক্ষ।
অপশ্চিম, ত্রি. [ন+পশ্চিম] অসীম, অশেষ, অপর্য্যন্ত, অপার, অত্যন্ত; পশ্চিমদিক্ ব্যতিরেক। [অস্পষ্ট।
অপষ্ট, ন. [ন+পষ্ট] অঙ্কুশাগ্র; (ত্রি.)
অপষ্টম, পুং. [অ+পষ্টম] হস্তিপরিচালনার্থ অঙ্কুশাগ্র।
অপষ্ঠু, ব্য. [অপ+স্থ+উ] নিরবদ্য; বিপরীত; শোভন; (পুং.) কাল; (ত্রি.) বাম দক্ষিণেতর।
অপষ্ঠুর, ত্রি. [অপস্থ+উর] প্রতিকূল, বাম, প্রসব্য, প্রতীপ, প্রতিলোম।
অপষ্ঠুল-অপষ্ঠূল, ত্রি. [অপষ্ঠু+ল] বিপর্য্যয়, প্রতিকূল, বিপরীত।
অপসদ, পুং. [অপ+সদ] নীচব্যক্তি, বর্ণসঙ্করবিশেষ, তদ্যথা—ব্রাহ্মণ ঔরসে ক্ষত্রিয় বৈশ্য ও শূদ্রকন্যা গর্ব্ভজাত সন্তান, অথবা ক্ষত্রিয়ঔরসে বৈশ্য ও শূদ্রকন্যা গর্ব্ভজাত সন্তান, কিম্বা বৈশ্য ঔরসে শূদ্রকন্যা গর্ব্ভজাত সন্তান।
অপসব্য-অপসব্যক, ত্রি. [অপ+সব্য-ক] শরীরের দক্ষিণভাগ, অবাম হস্ত; প্রতিকূল; (ন.) পিতৃতীর্থ; অপসলবি।
অপসর, পুং. [অপ+সর] অপসরণ, এক স্থান হইতে অন্যস্থানে গমন। [প্রস্থান।
অপসরণ, ন. [অপ+সরণ] স্থানান্তর গমন,
অপসর্জ্জন, ন. [অপ+সর্জ্জন] মোক্ষ; পরিত্যাগ; মুক্তি; দান; বধ; মারণ।
অপসর্প, ত্রি. [অপ+সর্প] চর, চার, প্রণিধি, গূঢ়পুরুষ, হরকরা।
অপসর্পণ, ন. [অপ+সর্পণ] গমন, ধাবন।
অপসলবি, ব্য [অপ+সলবি] প্রদেশিনী ও অঙ্গুষ্ঠের মধ্যভাগ।

অপস্কর, পুং. [অপঃ+কর] রথাঙ্গ; অক্ষযুগচক্রাদি, গুহ্যদ্বার; বিষ্ঠা।
অপস্নাত, ত্রি. [অপ+স্নাত] মরণোপলক্ষে কৃতস্নান, দান সংস্কার নিমিত্ত কৃতস্নান।
অপস্নান, ন. [অপ+স্নান] মৃতের উদ্দেশে অবগাহন, মৃতস্নান।
অপস্মার, পুং. [অপ+স্মার] মৃগীরোগ, মূর্চ্ছাবায়ুরোগবিশেষ, লালাধ, অঙ্গবিকৃতি, ভূতবিক্রিয়া।
অপহ, ত্রি. [অপ+হ] পিতৃতীর্থ, নষ্ট, হত; স্থানান্তর। [ক্ষত।
অপহত, ত্রি. [অপ+হত] নিহত, আহত,
অপহনন, ন. [অপ+হনন] হত্যা, অপঘাত।
অপহরণ ন. [অপ+হরণ] চুরি, চৌর্য্য।
অপহর্ত্তা, পুং. [অপ+হর্ত্তৃ] চৌর, তস্কর, অপহারক। [করণ, অপহরণ।
অপহস্ত, ন. [অপ+হস্ত] চৌর্য্যবৃত্তি, চুরি-
অপহা, পুং. [অপ+হা] হন্তা, হত্যাকারী।
অপহার, পুং. [অপ+হার] অপচয়, অপহরণ, হানি, সংগোপন, ধনির অকারণ ব্যয়; হরণ, চৌর্য্য; ত্যাগ।
অপহারক, ত্রি. [অপ+হারক] অপহারী, অপহরণকর্ত্তা, তস্কর, চোর, মলিম্লুচ, পরদ্রব্যাপহারক।
অপহারী, ত্রি. [অপ+হারিন্] অপহরণকর্ত্তা, অপহৃত। [অপহরণীয়।
অপহার্য্য, ত্রি. [অপ+হার্য্য] অপহরণার্হ,
অপহাস, পুং. [অপ+হাস] অকারণহাস্য, পরিহাস। [চৌর্য্যকৃত।
অপহৃত, ত্রি. [অপ+হৃত] মুষিত, চৌরগত,
অপহৃতজ্ঞান, ত্রি. [অপ+হৃতজ্ঞান] গতচেতন, মোহিত, সম্ভ্রান্ত, বিক্ষিপ্ত চিত্ত।
অপহেলা, স্ত্রী. [অপ+হেলা] অবহেলা, অনাদর, অবজ্ঞা।
অপহ্নব, পুং. [অপ+হ্নব] গোপন; অপলাপ; চৌর্য্য; স্নেহ।
অপহ্নুত, ত্রি. [অপ+হ্নুত] গোপিত, লুক্কায়িত; অপলাপিত।
অপহ্নুতি, স্ত্রী. [অপ+হ্নুতি] অপলাপ, অপহ্নব; অর্থালঙ্কার বিশেষ, প্রকৃত

বস্তুকে নিষেধ করিয়া অন্যবস্তুর আরো-পের নাম অপহ্নুতি অলঙ্কার।
অপহ্নোতা, ত্রি. [অপ+হ্নোতৃ] নিহ্নোতা, অপলাপী; অপহর্ত্তা। [বিরুদ্ধ, বৈরী।
অপক্ষ, ত্রি. [ন+পক্ষ] বিপক্ষ, প্রতিকূল,
অপক্ষপাত-অপক্ষপাততা, পুং,স্ত্রী. [ন+পক্ষপাত-তা] গণতাশূন্য, উভয় পক্ষ সমতা, মধ্যস্থ।
অপক্ষপাতী, ত্রি. [ন+পক্ষপাতিন্] পক্ষ-পাত হীন, গণতাশূন্য।
অপক্ষয়, পুং. [অপ+ক্ষয়] নাশ, ধ্বংস, হ্রাস; নাশশূন্য।
অপক্ষীণ, ত্রি. [অপ+ক্ষীণ] বিনষ্ট, ধ্বস্ত।
অপাংক্তেয়, ত্রি. [ন+পাংক্তেয়] পংক্তির অযোগ্য, পংক্তিদূষক, একপংক্তিতে ভোজনানর্হ।
অপাংনাথ-অপাংনিধি, পুং. [অপাম্+নাথ-নিধি]সমুদ্র, সাগর, জলনিধি।
অপাংপতি, পুং. [অপাম্+পতি] সাগর, সমুদ্র; বরুণ, জলাধিষ্ঠাতা, অপ্পতি।
অপাংপিত্ত, ন. [অপাম্+পিত্ত] অগ্নি; চিত্রক বৃক্ষ।
অপাক্, ন. [ন+পাচ্] দক্ষিণদিকৃভব বস্তু।
অপাক, পুং. [ন+পাক] পাকাভাব, অজী-র্ণতা, (ত্রি.) অপক্ক, আম, অসিদ্ধ।
অপাকশাক, ন. [অপাক+শাক] আর্দ্রক।
অপাকৃত, ত্রি. [অপ+আ+কৃত] অপহরণ, বিকৃত, অন্যরূপ; পরিশুদ্ধ।
অপাঙ্গ, পুং. [অপ+অঙ্গ] চক্ষুর প্রান্ত-ভাগ, নেত্রকোণ, কটাক্ষ, তিলক, (ত্রি.) অঙ্গহীন; বিকৃতাঙ্গ।
অপাঙ্গক, পুং. [অপ+অঙ্গক] অপামার্গ-বৃক্ষ, আপাংগাছ, (ত্রি.) অঙ্গহীন।
অপাঙ্গদর্শন, ন. [অপাঙ্গ+দর্শন] বক্র-ভাবে দেখা, কটাক্ষে অবলোকন, আড়্ চক্ষে দেখন। [দক্ষিণদিক্।
অপাচী, ত্রি. [অপাচ্+ঈ] অবাচী, যাম্যা,
অপাচীন, ত্রি. [অপাচ্+ঈন] অবাচীন, অবাচ্য, দাক্ষিণাত্য, দাক্ষিণিক; বিপ-রীত, বিপর্য্যয়।
অপাচ্-অপাচ্য, ত্রি. [অপাচ্+য] দাক্ষিণিক, দক্ষিণদিগ্‌ভব; অজীর্ণ; পচনানর্হ।
অপাটব, ন. [ন+পাটব] রোগ; অপটুতা; জড়তা, অশক্ততা; অচারুতা।
অপাঠ, পুং. [ন+পাঠ] পাঠের অভাব।
অপাঠ্য, ত্রি. [ন+পাঠ্য] পাঠের অনুপ-যুক্ত, অপঠনীয়।
অপাণিগ্রহণ, ন. [ন+পাণিগ্রহণ] অপ-রিণয়ন, অবিবাহ, অনুদ্বাহ।
অপাত্র, [ন+পাত্র] কুপাত্র, অসৎপাত্র, অযোগ্যব্যক্তি, অনুপযুক্ত।
অপাত্রীকরণ, ন. [ন+পাত্র+করণ] নববিধ পাপমধ্যে পাপবিশেষ, নিন্দিত ধনা-দান, বাণিজ্য, শূদ্রসেবন, অসত্যভাষণ।
অপাদ, ত্রি. [ন+পাদ] পাদরহিত, নিষ্পদ।
অপাদপ, ত্রি.[ন+পাদপ] বৃক্ষশূন্য, অনরণ্য।
অপাদান, ন. [অপ+আদান] ষট্‌কার-কান্তর্গত পঞ্চমকারক বিশেষ—যাহা হইতে পার্থক্যাদি হয়; স্থানান্তরীকরণ; অপহার, অপনোদ।
অপান, পুং. [অপ + অন্] মলদ্বারস্থ বায়ু, গুহ্যপবন, (ন.) মলদ্বার, গুদ, পায়ু, গুদস্থবায়ু, অবাক্‌গমন বিশিষ্ট পায়্বাদি-স্থানের বায়ু। [যথার্থ।
অপানৃত, ত্রি. [অপ+অনৃত] সত্য, তথ্য,
অপান্নাথ-অপান্নিধি, পুং. [অপাম্+নাথ-নিধি] সমুদ্র, সাগর। [শূন্য।
অপাপ, ত্রি. [ন+পাপ] নিষ্পাপ, পাপ-
অপাবরণ, ত্রি. [অপ+আবরণ] আবরণ মোচন, অনাচ্ছাদন।
অপাবৃত, ত্রি. [অপ+আবৃত] অনাচ্ছা-দিত, অনাবৃত; পিহিত, আবৃত; স্বতন্ত্র, স্বাধীন; (ব্য) অতিমাত্র, অত্যন্ত; অগূঢ়-ভাবেন; ব্যক্তরূপে।
অপাবৃত্ত, ত্রি. [অপ+আবৃত্ত] ধূলায় লুণ্ঠিত; অনাচ্ছাদিত; অপনোদিত, পরাহত।
অপামার্গ, পু. [অপ+অমার্গ] বৃক্ষবিশেষ, আপাং গাছ, তৎপর্য্যায়।—অঘাট, অধামার্গব, অধোঘণ্টা, অপ্পশল্য,

কটুমঞ্জরিকা, কন্টী, কাণ্ডীরক, কিনিহী, কীশপর্ণী, কুব্জ, কেশপর্ণী, খরমঞ্জরী. স্থূলমঞ্জরী, দুগ্রহ দুরভিগ্রহ, ধামার্গব, নালাকণ্টক, পরাকৃপুষ্পী, পাণ্ডুকণ্টক, প্রত্যকৃপর্ণী প্রত্যক্ পুষ্পী, বাশির, মর্কটী, মর্কটপিপ্পলী, ময়ূরক, শিখরী, শৈখরিক, শৈখরেয়, ক্ষরক, ক্ষারক.

অপাম্পতি, পুং. [অপাম্+পতি] সমুদ্র, বরুণ, অপ্পতি। [চিত্রক বৃক্ষ।

অপাম্পিত্ত, ন. [অপাম্+পিত্ত] অগ্নি;

অপায়, পুং. [অপ+আয়] বিশ্লেষ; বিনাশ; বিভেদ; চলন; পলায়ন; মৃত্যু।

অপায়ী, ত্রি. [অপায়+ইন্] মৃত; চলিত; পলায়িত; নিবারিত।

অপার, ত্রি. [ন+পার] দুস্তর, অতরণীয়, অকূল, অসীম, অনন্ত, (ন.) নদীর পরপার, ওপার। [অসমর্থ।

অপারক, ত্রি. [ন+পারক] অক্ষম, অযোগ্য,

অপার্থ-অপার্থক, ত্রি. [ন+পার্থ-ক] কদর্থ, অনর্থ, নিরর্থ, ব্যর্থ; অনুপযুক্ত।

অপার্থক্য, ন. [ন + পার্থক্য] অভিন্নতা, অদৃঢ়তা, (ত্রি.) অভেদ্য, অপৃথক্করণীয়।

অপার্য্য-অপার্য্যমান, ত্রি. [ন+পার্য্য-মান] অশক্ত, অক্ষম। [পালন।

অপালন, ন. [ন+পালন] অরক্ষণ, অপ্রতি-

অপাশ্রয়, পুং. [অপ+আশ্রয়] প্রাঙ্গণা-... চন্দ্রাতপ, সামিয়ানা, চাঁদোয়া, উল্লোচ, বিতান, বিতানক, মত্তালম্ব, প্রগ্রীব, মত্তবারণ, (ত্রি.) আশ্রয়শূন্য, নিরাশ্রয়।

অপাষণ্ড, ত্রি. [ন+পাষণ্ড] ধার্ম্মিক, নিষ্পাপী, অনাস্তিক।

অপাসঙ্গ, পুং. [অপ+আসঙ্গ] তূণ, উপাসঙ্গ শরাশ্রয়, তূণীর। [হিংসন।

অপাসন, ন. [অপ+আসন] মারণ, বধ,

অপাসরণ, ন. [অপ+আসরণ] অপগম, গমন, প্রস্থান, প্রস্থান, অপসরণ।

অপাসিত, ত্রি. [অপ+আসিত] নিধূত, অবধূত, অপবিদ্ধ।

অপাস্থত, ত্রি. [অপ+আস্থত] নির্গত, বহির্গত, নিষ্ক্রান্ত।

অপাস্ত, ত্রি. [অপ+অস্ত] নিরস্ত, সন্ধ্যার প্রাক্কাল নির্ধূত; পরাভূত, পরাস্ত।

অপাস্থ, ব্য. [অপ+অস্থ] পরিত্যক্ত; নিরপেক্ষ।

অপাক্ষ, ত্রি. [অপ+অক্ষ] প্রত্যক্ষ, গোচর, বিভাব্য, লক্ষ্য, অলোকনীয়, বোধ্য, জ্ঞেয়, বেদ্য, দৃশ্য; কুৎসিত চক্ষু; লোচন শূন্য।

অপি, ব্য. উপসর্গ, অস্ত্যার্থ।—আহরণ; যথেচ্ছাচার; সম্ভাবন; নিন্দা; অনুজ্ঞা; অল্পত্ব; সমুচ্চয়; প্রশ্ন; শঙ্কা; যুক্ত পদার্থ; কামাচার ক্রিয়া; এব, বা, বাপি, সত্য, চ, এব, অপরঞ্চ, পুনশ্চ।

অপিগীর্ণ, ত্রি. [অপি+গীর্ণ] স্তুত, বর্ণিত, প্রশংসিত, সংস্তুত, প্রস্তুত, বিখ্যাত, শংসিত।

অপিচ, ব্য. [অপি+চ] এবং, চ; অপরঞ্চ, অপর, অন্যচ্চ, অপরন্তু, পরঞ্চ, পরন্তু, অধিকন্তু, অপিতু, অপি, অথ, অধিক, কিঞ্চ।

অপিচ্ছিল, ত্রি. [ন+পিচ্ছিল] অনাবিল, পিচ্ছিলতা শূন্য, পৈচ্ছিল্যভাব বিশিষ্ট।

অপিণ্ড, ত্রি. [ন+পিণ্ড] পিণ্ডাভাব, অনিবাপ

অপিতু, ব্য. [অপি+তু] যদ্যপি, যদার্থ, বরঞ্চ, অত্যাত, আরও, প্রত্যুত।

অপিতৃক-অপিত্র্য, ত্রি. [ন+পিতৃক+ত্র্য] অপিত্রাগত, অপিতৃপ্রাপ্ত, অপৈত্রিক।

অপিধান, ন. [অপি+ধান] আবরণ, আচ্ছাদন, অন্তর্দ্ধান, তিরোধান।

অপিনদ্ধ, ত্রি. [অপি+নদ্ধ] পরিহিতবস্ত্রাদি, প্রচ্ছাদিত, আমুক্ত, প্রতিমুক্ত, পিনদ্ধ, সন্নদ্ধ, সজ্জিত।

অপিশুন. ত্রি. [ন+পিশুন] নিষ্কপট, সরল।

অপিহিত, ত্রি. [অপি+হিত] আচ্ছাদিত, নিগূঢ়, অন্তর্হিত।

অপীত, পুং. [ন+পীত] পীতবর্ণ ভিন্ন; (ত্রি.) অকৃতপান।

অপীনস, ন. [ন+পীনস] পীনস নামক রোগ বিশেষ, (ত্রি.) পীনস রহিত।

অপীব্য, ত্রি. [অপীব+য] অতি সুন্দর,

অপুংস, ত্রি. [ন+পুংস] নপুংসক।

অপুংস্কা, স্ত্রী. [ন+পুংস্কা] পতিরহিতা স্ত্রী

অপুচ্ছ, ত্রি. [ন+পুচ্ছ] পুচ্ছহীন, বেঁড়ে

অপুচ্ছা, স্ত্রী. [ন+পুচ্ছা] শিংশপাবৃক্ষ।

অপুণ্য, ত্রি. [ন+পুণ্য] অসাধু, পাপী, অভক্ত।

অপুত্র-অপুত্রক, ত্রি. [ন+পুত্র+ক] নিঃসন্তান, অনপত্য, নির্ব্বংশ, আঁটকুড়া।

অপুনর্ভব, পুং. [ন+পুনর্ভব] মুক্তি, মোক্ষ, পুনর্জ্জন্মাভাব; শিব; ব্রহ্মা; মহানন্দ; সিদ্ধি, অপবর্গ, স্থির, শ্রেয়ঃ, কৈবল্য, নির্ব্বাণ, অমৃত, নিশ্রেয়স্থ।

অপুরাণ, ত্রি. [ন+পুরাণ] নূতন, নব্য, পুরাতন নহে। [হীন।

অপুরুষ, ত্রি. [ন+পুরুষ] কাপুরুষ, পৌরুষ-

অপুষ্ট, ত্রি. [ন+পুষ্ট] অপরিপক্ক, কচি, অপাকল, ক্ষীণ, কৃশ।

অপুষ্পফলদ, পুং. [অপুষ্প+ফলদ] পনস বৃক্ষ; পুষ্প ব্যতিরেকজাত ফলবৃক্ষ।

অপূজন, ন. [ন+পূজন] অনাদর, পূজা রহিত।

অপূজা, স্ত্রী. [ন+পূজা] সম্মানরহিত, অনর্চা।

অপূজিত, ত্রি. [ন+পূজিত] অনর্চ্চিত, অপূজনীয়। [অনির্ম্মল।

অপূত, ত্রি. [ন+পূত] অপবিত্র; অশুচি,

অপূপ, পুং. [ন+পূপ] পিষ্টক, পিঠা, গোধূম; অপকৃষ্ট পিষ্টক, শক্তু বাট্যাল, পাঁওরুটী।

অপূপীয়, ন. [অপূপ+ঈয়] অপূপসাধন, পিষ্ট, অপূপ্য। [ময়দা।

অপূপ্য ত্রি. [অপূপ+য] গোধূমচূর্ণ,

অপূরণী, স্ত্রী. [ন+পূরণী] শাল্মলীবৃক্ষবিশেষ।

অপূর্ণ, ত্রি. [ন+পূর্ণ] অসমগ্র, অসমস্ত, অপক্ক। [পূর্ণকালপূর্ব্বজ।

অপূর্ণকাল, ত্রি. [ন+পূর্ণকাল] কালপূর্ব্বপক্ক,

অপূর্ণকালজ, ত্রি. [ন+পূর্ণকাল+জ] গর্ভস্রাবন্, গর্ভভ্রস্ত, অপ্রাপ্তকালে গর্ভনিঃসৃত।

অপূর্ব্ব, ন. [ন+পূর্ব্ব] কর্ম্মজন্য অদৃষ্ট, পুণ্যবিশেষ, তৎপর্য্যায়।—অনুশয়, নিয়োগ, অতিশয়, কার্য্য, প্রয়োগ, ইহা চারিপ্রকার।—ফলাপূর্ব্ব, সমুদায়াপূর্ব্ব, উৎপত্ত্যপূর্ব্ব, অঙ্গাপূর্ব্ব, (ত্রি.) আশ্চর্য্য, অত্যুত্তম, অত্যুৎকৃষ্ট, অপাকৃত, অপরূপ; পূর্ব্বদিগ্ দেশ কাল ভিন্ন।

অপূর্ব্বাহ্ন, ত্রি. [ন+পূর্ব্বাহ্ন] বৈকাল, পরাহ্ন, দিবার শেষভাগ।

অপৃথক্, ব্য. [ন+পৃথক্] সহ, সহিত; সম্ভূয়। [কীর্ণ।

অপৃক্ত, ত্রি. [ন+পৃক্ত] অমিশ্রিত, অব্যতি-

অপৃষ্ট, ত্রি. [ন+পৃষ্ট] অজিজ্ঞাসিত, অনাহূত। [সৃত

অপেত, ত্রি. [অপ+ইত] গত, চলিত,

অপেতরাক্ষসী, স্ত্রী. [অপেত+রাক্ষসী] তুলসীবৃক্ষ।

অপেতবসু, ত্রি. [অপেত+বসু] নির্ধন।

অপেয়, ত্রি. [ন+পেয়] পানাযোগ্য, অপানীয়। [পুণ।

অপেশল, ত্রি. [ন+পেশল] অপটু, অনি-

অপেক্ষ, ত্রি. [অপ+ঈক্ষ] অপেক্ষণীয়।

অপেক্ষণ, ন. [অপ+ঈক্ষণ] কালবিলম্ব করণ, অপেক্ষা করণ।

অপেক্ষণীয়, ত্রি. [অপ+ঈক্ষণীয়] অপেক্ষাযোগ্য, অপেক্ষ্য, বিলম্বনার্হ, অপেক্ষিতব্য।

অপেক্ষা, স্ত্রী, [অপ+ঈক্ষা] কর্ম্মজন্য অন্যোন্য অভিসম্বন্ধ, প্রতীক্ষা, অন্য সম্বন্ধ, অনুরোধ, আকাঙ্ক্ষা, আশা।

অপেক্ষাবুদ্ধি, স্ত্রী. [অপেক্ষা+বুদ্ধি] অনেক বিষয় একীভূতকরণ বুদ্ধি, নানেকত্বাবগাহি বুদ্ধি। [অনুরুদ্ধ; প্রতীক্ষিত।

অপেক্ষিত, ত্রি. [অপ+ঈক্ষিত] কৃতবিলম্ব,

অপেক্ষী-অপেক্ষ্য, ত্রি. [অপেক্ষা+ইন্+য] অপেক্ষা যোগ্য, অনুরুদ্ধ।

অপোগণ্ড, ত্রি. [অপো+গণ্ড] বিকলাঙ্গ, বিকৃতাঙ্গ; শিশু; ত্রিবলিযুক্ত, অতি-

ভীরু, শিথিলাঙ্গ; [অ+পোগণ্ড] সুরূপ, সুশ্রী; শিশু।
অপোড়, (প্রা) অদগ্ধ, অদাহ্য, আমা।
অপোঢ়, ত্রি. [অপ+উঢ়] স্থানান্তরে নীত; বঞ্চিত; তর্কদ্বারা স্থিরীকৃত।
অপোদিকা, স্ত্রী. [অপ+উদিকা] উপোদিকা, পূতিকা শাক।
অপোহ, পুং. [অপ+উহ] অপগতউহ, বিতর্কাভাব, তর্কবিশেষ,শুশ্রূষাদি অষ্টপ্রকার ধীগুণান্তর্গত ষষ্ঠগুণ, অতদ্ব্যাবৃত্তি।
অপোহন, ন. [অপো+উহন] তর্ক; তর্কের দ্বারা বুদ্ধি মার্জ্জিত করণ।
অপোহিত, ত্রি. [অপ+উহিত] বিগত, অন্তরিত; তর্কেরদ্বারা ব্যবস্থিত।
অপৌরুষ, ন. [ন+পৌরুষ] কাপুরুষত্ব, অসাহস।
অপৌরুষেয়, ত্রি. [ন+পৌরুষেয়] লোকাতিগ, অলৌকিক, ঐশ্বরিক।
অপ্তঃ, ন. [অপ্তস্] যজ্ঞকর্ম্ম, যাজ্ঞিক্য।
অপ্তু, পুং. [অপ্+তু] শরীর, দেহ, অঙ্গ, অবয়ব, প্রতীক। [অপত্য।
অপ্নঃ, ন. [অপ্+নস্] জল, বেদপ্রয়োগ,
অপ্পতি, পুং. [অপ্+পতি] সমুদ্র; বরুণ।
অপ্পিত্ত, ন. [অপ্+পিত্ত] অগ্নি, অনল; চিত্রকবৃক্ষ
অপ্যয়, পুং. [অপি+অয়] ধ্বংস, বিনাশ।
অপ্যুত, ব্য. [অপি+উত] খলু, নুন, কিল, বৈ, সত্য। [কাশ, গুপ্ত।
অপ্রকট, ত্রি. [ন+প্রকট] অব্যক্ত, অপ্র-
অপ্রকটিত, ত্রি. [ন+প্রকটিত] অপ্রকাশিত, গুপ্ত। [করণ।
অপ্রকটীকৃত, পুং. [ন+প্রকটীকৃত] গোপন
অপ্রকরণ, ন. [ন+প্রকরণ] অপরিচ্ছেদ, প্রকরণ রহিত। [জঘন্যতা।
অপ্রকর্ষ, পুং. [ন+প্রকর্ষ] অধমত্ব,
অপ্রকাণ্ড, পুং. [ন+প্রকাণ্ড] শাখারহিত বৃক্ষ, স্তম্ব, গুল্ম, ঝোপ; ক্ষুদ্র, ছোট।
অপ্রকাম, ব্য. [ন+প্রকাম] অনিচ্ছাতঃ, অকামতঃ।
অপ্রকাশ, পুং. [ন+প্রকাশ] প্রকাশাভাব, জনান্তিক, গূঢ়তা, গোপন, অদর্শন, অনুপস্থিতি, (ত্রি.)গুপ্ত,গূঢ়, গুহ্য,রহস্য।
অপ্রকাশিত, ত্রি. [ন+প্রকাশিত] অপ্রকট, অপ্রসিদ্ধ, অপ্রত্যক্ষ, রহস্য, অন্তর্হিত অবিকাশিত।
অপ্রকাশ্য, ত্রি. [ন+প্রকাশ্য] গোপনীয়, প্রকাশ করণের অযোগ্য।
অপ্রকৃত, ত্রি. [ন+প্রকৃত] অযথার্থ, কল্পিত, কৃত্রিম, মিথ্যা, অসত্য।
অপ্রকৃতি, স্ত্রী. [ন+প্রকৃতি] দৈবায়ত্তভাব, অস্বাভাবিকগুণ। [বিক্ষিপ্তচিত্ত।
অপ্রকৃতিস্থ, ত্রি. [ন+প্রকৃতিস্থ] উন্মত্ত,
অপ্রকৃতোত্তর, ন. [অপ্রকৃত+উত্তর] অনৃত, বাক্য, বিপরীত উত্তর।
অপ্রকৃষ্ট, ত্রি. [ন+প্রকৃষ্ট] অধম, মন্দ, (পুং.) কাক।
অপ্রখর, ত্রি. [ন+প্রখর] প্রাখর্য্যরহিত অতীক্ষ্ণ; মৃদু, (ন.) তদ্ধর্ম্ম।
অপ্রখরবুদ্ধি, ত্রি. [অপ্রখর+বুদ্ধি] জড়বুদ্ধি, মূঢ়মতি, নির্ব্বুদ্ধি। [মৃদু।
অপ্রগল্ভ, ত্রি, [ন+প্রগল্ভ] শান্ত, শিষ্ট,
অপ্রগুণ, ত্রি. [ন+প্রগুণ] ব্যাকুল, ব্যস্ত, আকুল। [অনর্গল।
অপ্রগ্রাহ, ত্রি. [ন+প্রগ্রাহ] উচ্ছৃঙ্খল,
অপ্রচণ্ড, ত্রি. [ন+প্রচণ্ড] অতীক্ষ্ণ, অতীব্র, অপ্রতাপী। [র্য্যাপ্ত, অপূর্ণ।
অপ্রচুর. ত্রি. [ন+প্রচুর] অযথেষ্ট, অপ-
অপ্রচোদিত, ত্রি. [ন+প্রচোদিত] অবাঞ্ছিত; অপৃষ্ট; অস্বীকৃত; অকথিত।
অপ্রজ-অপ্রজন, ত্রি. [ন+প্রজ-ন] নিঃসন্তান, অনপত্য, প্রজারহিত।
অপ্রজাত, ত্রি. [ন+প্রজাত] নিঃসন্তান, অনপত্য; (স্ত্রী.) বন্ধ্যা, অসুতী।
অপ্রজ্ঞ, ত্রি. [ন+প্রজ্ঞ] অবিজ্ঞ, অনভিজ্ঞ।
অপ্রণত, ত্রি. [ন+প্রণত] অদণ্ডবৎ, অপ্রণাম, অমান্য। [নমস্কাররহিত।
অপ্রণতি, পুং. [ন+প্রণতি] অপ্রণিপাত,
অপ্রণয়, পুং. [ন+প্রণয়] প্রীতিচ্ছেদ, বিবাদ ভেদ।

অপ্রণাম, ত্রি. [ন+প্রণাম] অশিষ্টাচারী, (ন.) অদণ্ডবৎ। [অবিধান।

অপ্রণালী, স্ত্রী. [ন+প্রণালী] নিয়মবিরুদ্ধ,

অপ্রণালীক, ত্রি. [ন+প্রণালী+ক] বিরুদ্ধ, সন্দর্ভবিরুদ্ধ, অসঙ্গত।

অপ্রণীত, ত্রি. [ন+প্রণীত] অপ্রতিষ্ঠিত, অরচিত; অসংস্কৃত; অপবিত্র।

অপ্রণোদ্য, ত্রি. [ন+প্রণোদ্য] অদূরীকৃত, অবহিষ্কৃত, অত্যক্ত।

অপ্রতপ্ত, ত্রি. [ন+প্রতপ্ত] নীচ, অধম; অকুলীন; অনুষ্ণ।

অপ্রতর্ক্য, ত্রি. [ন+প্রতর্ক্য] অতর্কিত।

অপ্রতাপ, ন. [ন+প্রতাপ] অপ্রভাব, অশৌর্য্য, নির্বীর্য্য। [সরল, অশঠ, নিষ্কপট।

অপ্রতারক, ত্রি. [ন+প্রতারক] সরল, শুদ্ধ-

অপ্রতারণ, ন. [ন+প্রতারণ] অকপট, প্রবঞ্চনারাহিত্য। [পাত্র, বিশ্বস্ত।

অপ্রতিকর, ত্রি. [ন+প্রতিকর] বিশ্বাস

অপ্রতিকরণীয়, ত্রি. [ন+প্রতিকরণীয়] অশক্য, অপ্রতিকার্য্য, অনুপায়, নিরুপায়ী।

অপ্রতিকার, ত্রি. [ন+প্রতিকার] নিরুপায়, অচিকিৎস্য।

অপ্রতিকারিত, ত্রি. [ন+প্রতিকারিত] অবাধিত, অরুদ্ধ: অবিরোধিত।

অপ্রতিকার্য্য, ত্রি. [ন+প্রতিকার্য্য] দুশ্চিকিৎস্য, অচিকিৎসনীয়; যাহার কোন প্রতিকার নাই। [সাপক্ষ।

অপ্রতিকূল, ত্রি. [ন+প্রতিকূল] অনুকূল,

অভিনির্ম্মুক্ত, পুং. [অভি+নির্ম্মুক্ত] সূর্য্যা কালশায়ী, অর্থাৎ সূর্য্য অস্ত হইবামা যে নিদ্রা যায়; (ত্রি.) ত্যক্ত, বিরহি উজ্ঝিত।

অভিনির্যাণ, ন. [অভি+নির্যাণ] বিজিগীষে প্রয়াণ; যাত্রা।

অভিনিষ্ঠান, পুং. [অভি+নিষ্ঠান] অ প্রাণাক্ষর। [মিলিত

অভিনিষ্পতিত, ত্রি. [অভি+নিষ্পতিত] ব্যাং

অভিনিষ্পত্তি, স্ত্রী. [অভি+নিষ্পত্তি] সম্পাদন, নিষ্পাদন, সমাপন, নিবর্ত্তন, সম্পূর্ণতা, সমাপ্তি, নিষ্পত্তি, সংসিদ্ধি, নিবৃত্তি শেষ।

অভিনীত, ত্রি. [অভি+নীত] যুক্ত, ন্যায্য হিতকাম; প্রশস্ত; ভূষিত; সহিষ্ণু অমর্ষী, ক্রোধী, অক্ষমাবান্।

অভিনীতি, স্ত্রী. [অভি+নীতি] মৃদু, শীলতা সৌম্যত্ব; অভিনয়, অঙ্গবিক্ষেপ।

অভিনেতা, পুং. [অভি+নেতৃ] অভিনয় কর্ত্তা, নাটকাদির ক্রিয়াকারক, রঙ্গজীবক, কোচা, সংওয়ালা। [নাট্য

অভিনেয়, ত্রি. [অভি+নেয়] অভিনয় যোগ

অভিন্ন, ত্রি. [ন+ভিন্ন] অপৃথক্, সংযুক্ত, তুল্য, সমান, এক; (পুং.) পূর্ণাঙ্ক, সম্পূর্ণাঙ্ক, রূপ।

অভিন্নতা, স্ত্রী. [ন+ভিন্নতা] ভেদাভাব অভেদ, সমানতা।

অভিপন্ন, ত্রি. [অভি+পন্ন] কৃতাপরাধ অপরাধী; পরাভূত; শত্রুকর্ত্তৃকআক্রান্ত; যুদ্ধ পরাঙ্মুখ; শরণার্থী; বিপদগ্রস্ত সঙ্কটাপন্ন, দায়গ্রস্ত, স্বীকৃত; অভিদ্রুত; পলায়ণপর; অতিপ্রশস্ত; চতর।

অভিপূজিত, ত্রি. [অভি+পূজিত] স্বাগত, পূজিত, সমুপবেশিত; আদৃত, সম্মানিত।

অভিপ্রচোদিত, ত্রি. [অভি+প্রচোদিত] প্রেরিত, চোদিত, প্রয়োজিত।

অভিপ্রণয়, পুং. [অভি+প্রণয়] অনুনয়, উপশমন, সন্তোষণ।

অভিপ্রণীত, ত্রি. [অভি+প্রণীত] অনুনীত, শান্ত, প্রসন্ন; বিনিয়োজিত; আহৃত, আনীত।

অভিপ্রায়, পুং. [অভি+প্রায়] ইচ্ছাবিশেষ, তৎপর্য্যায়।—আশয়, মানস, ছন্দ, আকূত, ভাব, অভিপ্রেত, উদ্দেশ, আকাঙ্ক্ষা, অর্থ, বুদ্ধি, মতি, ইঙ্গিত, হৃদয়, উপলক্ষিত, প্রয়োজন, উপযোগ, অভিসন্ধি, বিষয়, কার্য্যবস্তু, প্রয়োগ, প্রার্থিত, ইষ্ট, পদার্থ, লক্ষ, হেতু, নিমিত্ত।

অভিপ্রেত, ত্রি.] অভি+প্রেত] অভিপ্রায়, বিষয়ীভূত, অভীপ্সিত, বাঞ্ছিত; অভীষ্ট। [প্রণিপাত, নমস্কার

অভিবন্দন, ন. [অভি+বন্দন] বন্দনা,

অভিবাদ, পুং. [অভি+বাদ] অপ্রিয়বাক্য, পারুষ্য; অভিমন্দন, অভিবন্দন, প্রণাম; সম্বোধন।

অভিবাদক, ত্রি. [অভি+বাদক] বন্দনশীল, বন্দারু, প্রিয়ম্বদ, শরু; অপ্রিয়বক্তা, পরুষভাষী।

অভিবাদন, ন. [অভি+বাদন] নামোচ্চারণ এবং পাদস্পর্শ পূর্ব্বক প্রণাম করণ, পাদগ্রহণ। [গুরু, ভগবান্।

অভিবাদনীয়, ত্রি. [অভি+বাদনীয়] পূজনীয়,

অভিবাদিত, ত্রি. [অভি+বাদিত] সৎকৃত, নমস্কৃত, নমস্থিত।

অভিবাদ্য, ত্রি. [অভি+বাদ্য] প্রণম্য, প্রণিপত্য, বন্দ্য।

অভিবাহ্য, ন. [অভি+বাহ্য] উপহরণ, অর্পণ; আনয়ন।

অভিবিনীত, ত্রি. [অভি+বিনীত] পরমহংস, যোগী; সাধু।

অভিব্যক্ত, ত্রি. [অভি+ব্যক্ত] প্রত্যক্ষ, প্রকাশিত; (পুং.) প্রকাশন।

অভিব্যক্তি, পুং. [অভি+ব্যক্ত-ই] বিজ্ঞাপন, প্রকাশ্য, ব্যক্ত করণ, ঘোষণা।

অভিব্যঞ্জক, পুং. [অভি+ব্যঞ্জক] প্রকাশক, বিকাশক।

অভিব্যাপ্তি, স্ত্রী. [অভি+ব্যাপ্তি] সর্ব্বত্রাবস্থান, বিশ্বব্যাপিতা, সর্ব্বতোবৃত্তি সংমূর্চ্ছন।

অভিব্যাহার, পুং. [অভি+ব্যাহার] উচ্চারিত শব্দ, উচ্চবচন।

অভিভব, পুং. [অভি+ভব] সর্ব্বনাশ, পরিভাব, অনাদর, সুক্ষ্মণ, অভিসুক্ষ্মণ, পরাজয়।

অভিভাবক, পুং. [অভি+ভাবক] তত্ত্বাবধারক, রক্ষক, আশ্রয়, সাহায্যকারক।

অভিভাবকতা, স্ত্রী. [অভি+ভাবকতা] তত্ত্বাবধারকতা, সহায়তা।

অভিভাষী, ত্রি. [অভি+ভাষিন্] বক্তা, অভিধায়ী।

অভিভূত, ত্রি.[অভি+ভূত] জ্ঞানরহিত, তৎপর্য্যায়।—ইতি কর্ত্তব্যতা মূঢ়, বিহস্ত, ব্যাকুল, অভিমায়, বিক্লব, বিহ্বোল; পরাভূত; ভগ্নদর্প তৎপর্য্যায়।—আত্তগর্ব্ব, আত্তগন্ধ, অভিহত।

অভিভূতি, স্ত্রী. [অভি+ভূতি] অনাদর, অবজ্ঞা, ব্রীড়া, নিকৃতি।

অভিমত, ত্রি. [অভি+মত] সম্মত, প্রশস্ত, মনোনীত। [উপদেষ্টা।

অভিমন্তা, পুং. [অভি+মন্তৃ] উপদেশক,

অভিমন্ত্রণ, ন. [অভি+মন্ত্রণ] আহ্বান, সংস্কারকরণ; প্রতিষ্ঠা, আকারণ, ডাকন্।

অভিমন্থ, পুং. [অভি+মন্থ] চক্ষুরোগবিশেষ, অধিমন্থ।

অভিমন্যু, পুং. [অভি+মন্যু] অর্জ্জুনের পুত্র সুভদ্রা গর্ভজাত।

অভিমর, পুং. [অভি+মর] যুদ্ধ; বধ; স্বসৈন্য ভয়; বিশ্বাসঘাত; বন্ধন।

অভিমর্দ্দ-অভিমর্দ্দন, পুং. [অভি+মর্দ্দ-ন] অবমর্দ্দ, সম্পাদন, (ন.) মর্দ্দন, পীড়ন, দলন।

অভিমর্শন, ন. [অভি+মর্শন] মর্ষণ,মার্জ্জন।
অভিমর্ষণ, ন. [অভি+মর্ষণ] ঠোঁটচাটন, অবসেচন। [বিপক্ষ, অরাতি।
অভিমাতি, পুং. [অভি+মাতি] শত্রু, অরি,
অভিমান, পুং. [অভি+মান] প্রাণবিয়োগানুকূল ব্যাপারবান্, ধনাদিরদ্বারা দর্প, অহঙ্কার, গর্ব্ব; জ্ঞান; প্রণয়; প্রেমপ্রার্থনা; হিংসা; হনন।
অভিমানজনক, ত্রি. [অভিমান+জনক] অহঙ্কার জনক, গর্ব্বযুক্ত।
অভিমানিত, ন. [অভি+মানিত] সুরত, মৈথুন, শৃঙ্গার; (ত্রি.) গর্ব্বিত, মানী, অভিমানযুক্ত।
অভিমানী, ত্রি. [অভি+মানিন্] অভিমানযুক্ত; অভিমানগ্রস্ত, আক্ষেপান্বিত, অনাদরে খিন্নমনা।
অভিমায়, ত্রি. [অভি+মায়] ইতি কর্ত্তব্যতা মূঢ়, অভিভূত, বিহস্ত, ব্যাকুল।
অভিমুখ, ত্রি. [অভি+মুখ] সম্মুখ, সমক্ষ।
অভিযাতি-অভিযাতী, পুং. [অভি+যাতি+ইন্] শত্রু, বৈরী, অরাতি।
অভিযুক্ত, ত্রি. [অভি+যুক্ত] তৎপর; পরকর্ত্তৃক বিচারার্থ রুদ্ধ, যাহার নামে নালিশ হয়, আসামী, প্রত্যর্থী প্রতিবাদী; আক্রান্ত; পরিশ্রমী; পৃষ্ট; ভর্ৎসিত
অভিযোক্তা, ত্রি. [অভি+যোক্তৃ] অভিযোগকর্ত্তা, বাদী, অর্থী, ফরিয়াদী, বিবাদকর্ত্তা।
অভিযোগ, পুং. [অভি+যোগ] অপরাধাদি যোজন, আবেদন, আদ্দাস, নালিশ; যুদ্ধার্থাহ্বান, অপকারকরণে ইচ্ছাপূর্ব্বক আক্রমণ, অভিগ্রহ, উদ্যোগ, উদ্যম, চেষ্টা; নিন্দা।
অভিযোগী, পুং. [অভি+যোগিন্] ফরিয়াদী; পরিবাদক।
অভিরত, ত্রি. [অভি+রত] আসক্ত, আবিষ্ট।
অভিরতি, স্ত্রী. [অভি+রতি] হর্ষ, আনন্দ; নিবিষ্টমনঃ।
অভিরাদ্ধ, ত্রি. [অভি+রাদ্ধ] আরাধিত, প্রসাদিত, প্রসন্ন।
অভিরাম, ত্রি. [অভি+রাম] মনোহর, রম্য, সুন্দর।
অভিরুচি, স্ত্রী. [অভি+রুচি] স্পৃহা, বাঞ্ছা, মনের অভিলাষ; রসজ্ঞান, আস্বাদ; কীর্ত্তিস্পৃহা; উজ্জ্বলতা।
অভিরূপ, পুং, [অভি+রূপ] পণ্ডিত; কামদেব, চন্দ্র; শিব; বিষ্ণু; (ত্রি.) রুচির, রম্য, মনোহর, বরাঙ্গ, রূপোপেত; পণ্ডিত।
অভিলষণীয়, ত্রি. [অভি+লষণীয়] বাঞ্ছনীয়, মনোহর, সুন্দর।
অভিলষিত, ত্রি. [অভি+লষিত] ইষ্ট, বাঞ্ছিত, (স্ত্রী.) স্পৃহা, ইচ্ছা, ইষ্টি।
অভিলাপ, পুং. [অভি+লাপ] স্পৃহা, প্রেম, অভিলপন, পল্লব, শব্দ, ধ্বনি; সংকল্প বাক্য।
অভিলাব, পুং. [অভি+লাব] ছেদন, শস্য খণ্ডন, লব, লবণ।
অভিলাষ, পুং. [অভি+লাষ] লোভ, তৎপর্য্যায়।—বাঞ্ছা, মনোরথ, স্পৃহা, আকাঙ্ক্ষা, কাম, ইচ্ছা, ঈহা, তৃট্, লিপ্সা, তর্ষ, উৎকণ্ঠা, রুচি; সঙ্গমেচ্ছা।
অভিলাষী, ত্রি. [অভি+লাষিন্] অভিলাষযুক্ত, সস্পৃহ।
অভিলাষুক, ত্রি. [অভি+লাষুক] অভিলাষযুক্ত, লুব্ধ, গৃধ্নু, গর্দ্ধন, তৃষ্ণক্।
অভিলাস, পুং. [অভি+লাস] স্পৃহা, আকাঙ্ক্ষা, ইচ্ছা।
অভিলিখিত, ত্রি. [অভি+লিখিত] লিখিত, ন্যস্তাক্ষর, পত্র নিবেশিত।
অভিলেখন, ন. [অভি+লেখন] লিপি, করণ, লিপিক।
অভিশঙ্কিত, ত্রি. [অভি+শঙ্কিত] ভয়যুক্ত ত্রাসিত, ভীত।
অভিশংসন, ন. [অভি+শংসন] পরিবাদ, অপবাদ, কলঙ্ক।
অভিশপন, ন. [অভি+শপন] মিথ্যাভিযোগ; অভিশাপ; মিথ্যাভিশংসন।
অভিশপ্ত, ত্রি. [অভি+শপ্ত] প্রাপ্তাভিশাপ, শাপগ্রস্ত; অক্রুষ্ট, ধিক্কৃত।

অভিশব্দিত, ত্রি. [অভি+শব্দিত] প্রকীর্ত্তিত, প্রকাশিত।

অভিশস্ত, ত্রি. [অভি+শস্ত] পরস্ত্রীতেও পরপুরুষের সহিত মৈথুনের দোষারোপণ, আক্ষারিত, ক্ষারিত, অপবাদিত, মিথ্যা দোষীকৃত, কলঙ্কিত।

অভিশস্তি, স্ত্রী. [অভি+শস্তি] অপবাদ, মিথ্যা দোষারোপ; প্রার্থনা, যাচিঞা, অভ্যর্থনা, পার্থিব।

অভিশাপ, পুং. [অভি+শাপ] মিথ্যাদূষণ বাক্য, মিথ্যাপবাদ, মিথ্যাভিশংসন, অনৈষ্ঠাভিশংসন।

অভিষঙ্গ, পুং. [অভি+সঙ্গ] আলিঙ্গন; পরাজয়; আক্রোশ; শপথ; মিথ্যাপবাদ; সর্ব্বতোভাবে সঙ্গ; ভূতাদির আবেশ।

অভিষব, পুং. [অভি+সব] যজ্ঞ; স্নান; মদ্য সন্ধান; চিরস্থাপিতমদ্যোৎপাদক দ্রব্য, মদ্যখণ্ড; যজ্ঞস্নান; সোমলতাপান; সুত্যা, সবন, (ন.) কাঞ্জিক, কাঁজি।

অভিষবণ, ন. [অভি+সবন] যজ্ঞস্নান বিশেষ, দেবোপহার, বলি; অবিষব।

অভিষিক্ত, ত্রি. [অভি+সিক্ত] কৃতাভিষেক, কর্ম্মে নিযুক্ত, পদস্থ; অনুলিপ্ত।

অভিষুত, ন. [অভি+সুত] কাঞ্জিক।

অভিষেক, পুং. [অভি+সেক] মন্ত্রপূর্ব্বক স্নান; স্নপন, পটবন্দ, বালব্যজন, কর্ম্মে নিয়োগ, পদস্থ করণ।

অভিষেচন, ন. [অভি+সেচন] মন্ত্রস্নান; নিয়োগ।

অভিষেণ, ন. [অভি+সেন] শত্রু প্রতি সেনা সহিত গমন, যুদ্ধযাত্রা, সংগ্রামে গমন; শত্রুর আভিমুখ্যেগমন, আক্রম।

অভিষ্টুত, ত্রি. [অভি+স্তুত] প্রশংসিত, বর্ণিত, স্তুত।

অভিষ্যন্দ, পুং. [অভি+স্যন্দ] অতিবৃদ্ধি; আস্রাব; চক্ষুরোগ বিশেষ।

অভিষ্যন্দিরমণ, ন. [অভিষ্যন্দি+রমণ] শাখানগর, উপনগর

অভিষ্বঙ্গ, পুং. [অভি+সংজ্] বাঞ্ছা, প্রবলতা, অনুরাগ, স্নেহ।

অভিসংহতি, ত্রি. [অভি+সংহতি] জাতানুরাগ; সংবিদিত, স্বীকৃত

অভিসন্তাপ, পুং. [অভি+সন্তাপ] যুদ্ধ, সংগ্রাম, সমর, রণ।

অভিসন্ধান, ন. [অভি+সন্ধান] বঞ্চনা, প্রতারণ; অনুরাগ।

অভিসন্ধি, পুং. [অভি+সন্ধি] অভিসন্ধান উদ্দেশ; গ্রন্থি, লগ্ন।

অভিসম্পাত, পুং. [অভি+সম্পাত] অভিশাপ; সংগ্রাম। [সম্পর্ক।

অভিসম্বন্ধ, পুং. [অভি+সম্বন্ধ] সম্বন্ধ, সন্দর্ভ,

অভিসম্বাধ, ত্রি. [অভি+সম্বাধ] রুদ্ধ, অবরুদ্ধ, স্তম্ভিত।

অভিসর, পুং. [অভি+সর] অনুপ্লব, অনুচর, সহায়, মিত্র। [বধ।

অভিসর্জ্জন, ন. [অভি+সর্জ্জন] দান, ত্যাগ;

অভিসার, পুং. [অভি+সার] নায়ক বা নায়িকার সঙ্কেত স্থানেগমন; বল; যুদ্ধ; সহায়; সাধন।

অভিসারিকা, স্ত্রী. [অভি+সারিকা] নায়িকা বিশেষ, নায়ক সহবাসার্থ সঙ্কেত স্থানে স্বয়ং গমনকারিণী নায়িকা।

অভিসূচিত, ত্রি. [অভি+সূচিত] অলঙ্কৃত, ভূষিত; প্রাপ্ত। [রচিত।

অভিসৃষ্ট, ত্রি. [অভি+সৃষ্ট] কৃত, নির্ম্মিত,

অভিস্নেহ, পুং. [অভি+স্নেহ] অনুরক্তি, অনুরাগ।

অভিহত, ত্রি. [অভি+হত] আঘাতিত, বিনষ্ট; পরাভূত, নম্রীকৃত।

অভিহার, পুং. [অভি+হার] চৌর্য্য, অভিগ্রহণ, অভিযোগ, সন্নহন, সমক্ষে হরণ, লুঠ; কবচধারণ; অপচিকীর্ষাভিগম্যাক্রণ।

অভিহিত, ত্রি. [অভি+হিত] উক্ত, কথিত, নিগদিত; প্রকাশিত।

অভীক, পুং [অভী+ক] কবি, কাব্যকর্ত্তা, কবিতারচক; স্বামী; (ত্রি.) কামুক, লম্পট, স্ত্রীপর; ক্রূর; উৎসুক; নির্ভয়।

অভীত-অভীতবান, ত্রি. [ন+ভীত-বৎ] নির্ভয়, সাহসী, অসাধ্বস।

অভীপ্সিত-অভীপ্সু, ত্রি. [অভি+ঈপ্সিত-ঈপ্সু] বাঞ্ছিত বস্তু, প্রাপ্তেচ্ছু, অভিলাষী, লিখিত। [অপ্রচণ্ড।
অভীম, ত্রি. [ন+ভীম] শান্ত, মৃদুভাব,
অভীমান, ন. [অভী+মান] অহঙ্কার, অভিমান। [গোয়ালা।
অভীর, পুং. [অভি+ঈর] আভীর, গোপ,
অভীরু, ত্রি. [ন+ভীরু] অভীত, নির্ভয়, সাহসী; (পুং.) যোগিনীপতি, ভৈরব; (স্ত্রী.) শতমূলীলতা।
অভীরুপত্রী, স্ত্রী. [অভীরু+পত্রী] শতমূলী।
অভীলু, ত্রি. [ন+ভীলু] সাহসী; অভীত, নির্ভয়।
অভীশু, পুং. [অভি+ঈশু] প্রগ্রহ, বাগ্‌ডোর লাগাম; কিরণ; কাম; অনুরাগ, (স্ত্রী.) অঙ্গুলী। [ঈর্ষা।
অভীষঙ্গ, পুং. [অভী+সঙ্গ] আক্রোশ, ক্রোধ
অভীষু, পুং. [অভি+ঈষু] অশ্বরজ্জু; কিরণ অনুরাগ; কাম; প্রগ্রহ, রাস।
অভীষুমান, পুং. [অভিষু+মৎ] সূর্য্য; (ত্রি.) তেজোময়; কামুক।
অভীষ্ট, ত্রি. [অভি+ইষ্ট] বাঞ্ছিত, তৎপর্য্যায়।—মনোভিলষিত, অভীপ্সিত, হৃদ্য, দয়িত, বল্লভ, প্রিয়, ইষ্ট, প্রেষ্ঠ, ইষ্টতম, সুপ্রিয়, অভিলষিত, লিপ্সিত, সমীহিত, কাঙ্ক্ষিত, অভিকাঙ্ক্ষিত, আকাঙ্ক্ষিত, প্রিয়তম, কান্ত। [গন্ধদ্রব্য।
অভীষ্টা, স্ত্রী. [অভি+ইষ্টা] রেণুকানাম
অভীষ্ম, ত্রি. [ন+ভীষ্ম] অভীম, অভীরু।
অভীক্ষ্ণ, ব্য. [অভি+ঈক্ষণ] বারম্বার, অনারত, (ন.) ভৃশ; নিত্য।
অভুক্ত, ত্রি. [ন+ভুক্ত] অনাহারী, উপবাসী, অনশিত, অকৃতভোজন বস্তু।
অভুগ্ন, ত্রি. [ন+ভুগ্ন] ঋজু, অবক্র, সরল।
অভুজ, ত্রি. [ন+ভুজ] ভুজরহিত, বিহস্তীকৃত; নুলা।
অভূত, ত্রি. [ন+ভূত] অসম্ভূত, অবর্ত্তমান, অবিদ্যমান।
অভূতকাল, পুং. [ন+ভূতকাল] সাম্প্রত কাল, বর্ত্তমানকাল।
অভূতপূর্ব্ব, ত্রি. [ন+ভূতপূর্ব্ব] আশ্চর্য্য জনকবিষয়; যাহা পূর্ব্বে হয় নাই
অভূমি, স্ত্রী. [ন+ভূমি] স্থানাভাব, অনাধার, অনাশ্রয়
অভূরি-অভূয়িষ্ঠ, ত্রি. [ন+ভূরি-ভূয়িষ্ঠ] অভৃশ, অপ্রচুর, অল্প, কতিপয়, মিত।
অভূষ-অভূষিত, ত্রি. [ন+ভূষ+ভূষিত] অনলঙ্কৃত, অলঙ্কারহীন।
অভৃশম্, ব্য. [ন+ভৃশম্] স্বল্পে, অল্পমাত্র, কতিচিৎ। [শূন্য
অভৃত্রিম, ত্রি. [ন+ভৃত্রিম] হীন, রহিত,
অভেদ, ত্রি. [ন+ভেদ] ভেদ রহিত, অবিশেষ, ঐক্য। [(ন.) হীরক।
অভেদ্য, ত্রি. [ন+ভেদ্য] অভেদনীয় বস্তু,
অভোগ, পুং. [ন+ভোগ] পরিপূর্ণতা।
অভোক্তা, ত্রি. [ন+ভোক্তৃ] অল্পাহারী, মিতাশন।
অভোজন, ন. [ন+ভোজন] ভোজনাভাব, অনাহার, উপবাস, অনশন।
অভ্যক্ত, ত্রি. [অভি+অক্ত] অনুলিপ্ত, অভিষিক্ত। [সম্মুখ
অভ্যগ্র, ত্রি. [অভি+অগ্র] সমীপ, নিকট,
অভ্যঙ্গ, পুং. [অভি+অঙ্গ] স্নেহন, অভ্যঞ্জন, স্নৈগ্ধ্য, তৈলমর্দ্দন।
অভ্যক্ষ, পুং. [অভি+অক্ষ] তিলকল্ক
অভ্যঞ্জন, ন. [অভি+অঞ্জন] তৈল লেপন; তৈল, তেল। [বিস্তর, যথেষ্ট।
অভ্যধিক, ত্রি. [অভি+অধিক] সমধিক,
অভ্যধীন, ত্রি. [অভি+অধীন] অধীন, পরতন্ত্র, আয়ত্ত।
অভ্যনুজ্ঞা, স্ত্রী. অভি+অনুজ্ঞা] অনুমতি, আদেশ, নিদেশ।
অভ্যন্তর, ন. [অভি+অন্তর] মধ্য, অন্তরাল, অন্ত, অন্তর, অন্তরালক, মাজ।
অভ্যন্তরবর্ত্তী, ত্রি. [অভ্যন্তর+বর্ত্তিন্] মধ্যবর্ত্তী, মাজ, অন্তরাল। [উৎপাটন।
অভ্যবকর্ষণ, ন. [অভি+অব+কর্ষণ] শল্যাদি
অভ্যবস্কন্দ, পুং. [অভি+অবস্কন্দ] নিঃশক্তি করণের নিমিত্ত শত্রুকর্ত্তৃক প্রহার, অভ্যাসাদন, প্রপাত, ধাটী

অভ্যবস্কন্ধন, ন. [অভি+অবস্কন্দন] নিঃশক্তি করণের নিমিত্ত শত্রুকর্ত্তৃক দীয়মান প্রহার; শত্রুর সম্মুখে গমন।

অভ্যবহরণ, ন. [অভি+অবহরণ] ভোজন, ভক্ষণ, আহার।

অভ্যবহার, পুং. [অভি+অবহার] ভোজন ভক্ষণ, আহার। [ভক্ষক।

অভ্যবহারী,ত্রি.[অভি+অবহারিন্] ভোক্তা,

অভ্যবহিত, ত্রি. [অভি+অবহিত] কৃত, নির্ম্মিত, নিষ্পন্ন। [ভক্ষিত।

অভ্যবহৃত, ত্রি. [অভি+অবহৃত] ভুক্ত,

অভ্যমিত, ত্রি. [অভি+অমিত] রোগী, পীড়িত, আতুর, ব্যাধিত।

অভ্যমিত্র, পুং. [অভি+অমিত্র] বীর বিশেষ, স্বীয় সামর্থ্যদ্বারা সাহসপূর্ব্বক শত্রুসম্মুখে গমন।

অভ্যমিত্রীণ, পুং. [অভি+অমিত্রীণ] অভ্যমিত্র, স্বীয় সামর্থ্যদ্বারা সাহসপূর্ব্বক শত্রু সম্মুখে গমন।

অভ্যমিত্রীয়, পুং. [অভি+অমিত্রীয়] অভ্যমিত্র স্বীয় সামর্থ্যদ্বারা সাহসপূর্ব্বক শত্রু সম্মুখে গমন।

অভ্যমিত্র্য, পুং. [অভি+অমিত্র্য] স্বীয় সামর্থ্যদ্বারা যুদ্ধস্থলে শত্রুরসম্মুখে গমন কর্ত্তা, অভ্যমিত্রীণ, অভ্যমিত্রীয়।

অভ্যমী, ত্রি. [অভি+অমী] গামী, সরণ, গমন, প্রয়াণ।

অভ্যর্চ্চন-অভ্যর্চ্চা, ন. স্ত্রী. [অভি+অর্চ্চন+ অর্চ্চা] উপাসনা, অর্চন, আরাধনা।

অভ্যর্ণ, ত্রি. [অভি+অর্ণ] নিকট, সমীপ, কাছে, সন্নিকট। [সমাদর, সম্ভাষা।

অভ্যর্থনা, স্ত্রী. [অভি+অর্থনা] প্রার্থনা,

অভ্যয়ন, ন. [অভি+অয়ন] অভিগমন, উপসন্নতা, উপগম

অভ্যসন, ন. [অভি+অসন] অভ্যাসকরণ, চিন্তন, পুনঃ পুনঃ আবৃত্তিকরণ

অভ্যসূয়া, স্ত্রী. [অভি+অসূয়া] অসূয়া, নিন্দা, গুণে দোষারোপণ।

অভ্যস্ত, ত্রি. [অভি+অস্ত] শিক্ষিত, আবৃত্তীকৃত; কণ্ঠস্থ।

অভ্যাকাঙ্ক্ষিত, ন. [অভি+আকাঙ্ক্ষিত] মিথ্যাভিযোগ, মিছা দাওয়া।

অভ্যাখ্যান, ন. [অভি+আখ্যান] মিথ্যানুযোগ, মিথ্যা বিবাদ।

অভ্যাগত, ত্রি. [অভি+আগত] জ্ঞাতপূর্ব্বক গৃহাগত; (পুং.) সমাগত, অতিথি; অনিমন্ত্রিত।

অভ্যাগম-অভ্যাগমন, পুং. ন. [অভি+আগম-ন] সমীপ; মারণ; যুদ্ধ; বৈর; অভ্যুত্থান, পূজ্যলোকের আগমন হেতু স্বকীয় স্থান হইতে গাত্রোত্থান।

অভ্যাগারিক, ত্রি. [অভি+আগারিক] পরিজন ব্যাপৃত, উপাধি; পুত্র দারাদি পোষণ দ্রব্য।

অভ্যাঘাত, পুং. [অভি+আঘাত] উপঘাত, অবরোধণ, আক্রমণ, আঘাত, মারিপিট, দাঙ্গা।

অভ্যাঘাতী, ত্রি. [অভি+আঘাতিন্] আক্রান্ত অভিযুক্ত।

অভ্যাঘান, পুং. [অভি+আঘান] অনুশাসন, দণ্ডন, নিগ্রহ।

অভ্যাদান, ন. [অভি+আদান] আরম্ভ, প্রথমানুষ্ঠান। [মিত।

অভ্যান্ত, ত্রি. [অভি+অন্ত] রোগী, অভ্য-

অভ্যাপাত, ত্রি. [অভি+আপাত] আপদ, বিপদ, বিপত্তি।

অভ্যাবৃত্তি, স্ত্রী. [অভি+আবৃত্তি] দৃঢ়তা, অভিনিবেশ। [যুদ্ধ।

অভ্যামর্দ্দ, পুং. [অভি+আমর্দ্দ] সংগ্রাম,

অভ্যাশ, ত্রি. [অভি+আশ] সমীপ, নিকট, (পুং.) আবৃত্তি, আবর্ত্তন, পৌনঃপুন্য।

অভ্যাস, পুং. [অভি+আস] শিক্ষা, আবৃত্তি জন্য সংস্কার; অভ্যাসন, শরাভ্যাস, খরলী, যোগ্যা, অঙ্কপূরণ, (ত্রি.) নিকট, সমীপ।

অভ্যাসযোগ, পুং. [অভ্যাস+যোগ] পরমেশ্বরে অনন্যমন, সমাহিত; ধ্যানযোগ।

অভ্যাসাদন, ন. [অভি+আসাদন] প্রহারাদির দ্বারা শত্রু নিঃশক্তি করণ; শত্রু সম্মুখেগমন।

অভ্যাসিত, ত্রি. [অভি+আসিত] শিক্ষিত, অভ্যস্ত।

অভ্যাসী, ত্রি. [অভ্যাস+ইন্] কৃতাভ্যাস, অধ্যবসায়ী। [আক্রান্ত।

অভ্যাহত, ত্রি. [অভি+আহত] অভিযুক্ত,

অভ্যাহার, পুং. [অভি+আহার] অভিহার, চৌর্য্য; আহার; হরণ।

অভ্যুচ্চয়, পুং. [অভি+উচ্চয়] অভ্যুদয়, সৌভাগ্য, উপচয়।

অভ্যুত্থান, ন. [অভি+উত্থান] গৌরব; উত্থিত, প্রত্যুত্থান; আরোহণ, উঠা; বৃদ্ধি, সম্বর্দ্ধনা, সম্ভ্রম।

অভ্যুদয়, পুং. [অভি+উদয় কল্যাণ, কুশল, মঙ্গল; বৃদ্ধি।

অভ্যুদাহরণ, ন. [অভি+উদাহরণ] প্রত্যুদাহরণ, বিপরীত দৃষ্টান্ত।

অভ্যুদিত, ত্রি. [অভি+উদিত] সূর্য্যোদয়ানন্তর অনপগতনিদ্র; উদিত, প্রকাশিত; অভ্যুত্থিত; বিখ্যাত, প্রসিদ্ধ।

অভ্যুদ্যত, [অভি+উদ্যত] সমুদ্যত।

অভ্যুদ্ধৃত, ত্রি. [অভি+উদ্ধৃত] সমুদ্ধৃত; উত্তোলিত।

অভ্যুপগত, ত্রি. [অভি+উপগত] স্বীকৃত, অঙ্গীকৃত; উপস্থিত; অবগত।

অভ্যুপগম, পুং. [অভি+উপগম] নিকটাগমন; স্বীকার, অঙ্গীকার; অনুমান, যুক্তি

অভ্যুপপত্তি, স্ত্রী. [অভি+উপপত্তি] অনুগ্রহ; রক্ষণ, আশ্রয়; দেবরদ্বারা সন্তানোৎপত্তি।

অভ্যুপপন্ন, ত্রি. [অভি+উপপন্ন] স্বীকৃত, অঙ্গীকৃত, সম্মত।

অভ্যুপগত, ন. [অভি+উপগত] সম্পূর্ণ, সমাপন

অভ্যুপমিত, পুং. [অভি+উপমিত] ভৃত্য,

অভ্যুপায়, পুং. [অভি+উপায়) শ্রেষ্ঠোপায়, বিধান; অঙ্গীকার, স্বীকার, উপায়।

অভ্যুপায়ন, ন. [অভি+উপায়ন] উপায়ন, উপঢৌকন; উৎকোচ, উপপ্রদান।

অভ্যুপেত, ত্রি. [অভি+উপেত] স্বীকৃত অঙ্গীকৃত; উপগত, উপস্থিত।

অভ্যুপেত্যাশুশ্রূষা, স্ত্রী. [অভ্যুপেত্য+অশুশ্রূষা] স্বামী এবং ভৃত্যের পরস্পর বিবাদ।

অভ্যুষ, পুং. [অভি+উষ] পাকাবস্থাগত কলায়াদি, আরব্ধ পাক যব সর্ষপাদি; অগ্নিতে ঈষদ্দগ্ধ চুট চুট শব্দবান, দবদগ্ধ, আপক্ক, পৌলি, অভ্যুষ, আভোষ; পোলিকা, রোটী

অভ্যুষিত, ত্রি. [অভি+উষিত] কৃতনিবাস, নিবাসিত।

অভ্যূহ, পুং. [অভি+উহ] তর্ক, বিতর্ক, উহ।

অভ্যূহ্য, ত্রি. [অভি+উহ্য] উহ্য, অধ্যাহার্য্য, আনুষঙ্গিক।

অভ্যোষ, পুং. [অভি+ওষ] অভ্যূষ।

অভ্র, ন. [অপ্+ভৃ] আকাশ; মেঘ; অভ্রকধাতু; স্বর্ণ।

অভ্রংলিহ, পুং. [অভ্রম্+লিহ] বায়ু, অনিল, বাতাস; (ত্রি.) অভ্রশেখর, নভোলিহ, মেঘাচ্ছাদিত।

অভ্রংশ, পুং. [ন+ভ্রংশ] দৃঢ়ধর্ম্মা, অচ্যুতধর্ম্ম।

অভ্রক, ন. [অভ্র+ক] স্বনাম খ্যাত ধাতু বিশেষ, তৎপর্য্যায়—আভ, মেঘনাল, মেঘজাল, গিরিজ, অমল, গিরিজামল, গৌর্য্যামল, গিরিজাবীজ, গরজধ্বজ, শুভ্র, ঘন, ব্যোম, অব্দ, অভ্র, ভৃঙ্গ, অন্তরীক্ষ, আকাশ, বহুপত্র, স্বচ্ছপত্র, খ, অনন্ত, গৌরীজ, গৌরীজেয়।

অভ্রঙ্কষ, পুং. [অভ্রম্+কষ] বায়ু, অনিল, সমীর, (ত্রি.) অভ্রংলিহ]

অভ্রপিশাচ-অভ্রপিশাচক, পুং. [অভ্র+পিশাচ-ক] রাহুগ্রহ, গ্রহকল্লোল।

অভ্রপুষ্প, ন, [অভ্র+পুষ্প] জল, (পুং.) বেতসবৃক্ষ।

অভ্রম, ত্রি. [ন+ভ্রম] ভ্রমরহিত, অসম্ভ্রম; অভ্রান্ত; অবজ্ঞাত।

অভ্রমাংসী, স্ত্রী. [অভ্র+মাংসী] আকাশমাংসীলতা

অভ্রমাতঙ্গ, পুং. [অভ্র+মাতঙ্গ] ঐরাবত, ইন্দ্রহস্তী।
অভ্রমালা, স্ত্রী. [অভ্র+মালা] মেঘশ্রেণী; মেঘসমূহ।
অভ্রমু, স্ত্রী. [ন+ভ্রমু] ঐরাবতস্ত্রী, পূর্ব্ব-দিগ্‌হস্তিনী।
অভ্রমুপ্রিয়-অভ্রমুবল্লভ, পুং. [অভ্রমু+প্রিয়-বল্লভ] ঐরাবত হস্তী।
অভ্ররোহ, ন. [অভ্র+রোহ] বৈদূর্য্যমনি
অভ্রবাটিক, পুং. [অভ্র+বাটিক] আম্রাতক।
অভ্রষ্ট, ত্রি. [ন+ভ্রষ্ট] অপতিত, অচ্যুত, অপ্রভ্রষ্ট। [সহোদরহীন; কুভ্রাতা।
অভ্রাতৃক, ত্রি. [ন+ভ্রাতৃক] ভ্রাতৃহীন,
অভ্রান্ত, ত্রি. [ন + ভ্রান্ত] ভ্রান্তিশূন্য, অভ্রম। [পতন।
অভ্রাবকাশ, পুং. [অভ্র+অবকাশ] বৃষ্টি-
অভ্রি, স্ত্রী. [অভ্র+ই] অভ্রী, কাষ্ঠকুদ্দাল, নৌকা মার্জ্জনার্থ কুদ্দালাকৃতি কাষ্ঠ।
অভ্রিয়, ত্রি. [অভ্র+ইয়] মেঘভব।
অভ্রী, স্ত্রী. (অভ্র+ঈ] অভ্রি, কাষ্ঠকুদ্দাল।
অভ্রেষ, পুং. [ন+ভ্রেষ] উচিত, ন্যায়, যথার্থ।
অভ্রোত্থ, ন. [অভ্র+উত্থ] বজ্র, অশনি।
অম, ব্য. [অম্+অ] শীঘ্রতা; অল্প; (পুং.) রোগ, পীড়া, ব্যাধি; (ত্রি.) অপরিপক্ক ফলাদি
অমঙ্গল, ত্রি. [ন+মঙ্গল] অকুশল, অশুভ-সূচক, মঙ্গলশূন্য, অকল্যাণ, দুর্লক্ষণ; (পুং.) এরণ্ড বৃক্ষ। (ন.) মঙ্গলাভাব।
অমঙ্গল-জনক, ত্রি. [অমঙ্গল+জনক] অশুভ-জনক, দুর্লক্ষণযুক্ত।
অমঙ্গল্য, ত্রি. [ন+মঙ্গল্য] অশুভজনক, অনিষ্টসূচক, অমঙ্গলজনক।
অমণ্ড, পুং. [ন+মণ্ড] এরণ্ডবৃক্ষ; (ত্রি.) মণ্ডরহিত।
অমত, ত্রি. [ন+মত] অসম্মত, অনভিপ্রেত, (পুং.) রোগ; মৃত্যু; কাল।
অমতি, ত্রি. [ন+মতি] দুষ্ট, অশিষ্ট, (স্ত্রী.) কুমতি, দুষ্টবুদ্ধি; কিতব, কপটী; অচৈতন্য; (পুং.) কাল; চন্দ্র।
অমত্ত, ত্রি. [ন+মত্ত] নির্মদ, অনাগত মদ, অনুন্মত্ত, অবিক্ষিপ্ত, অবাতুল।
অমত্র, ন. [অম+ত্র] পাত্র, অমির্ত্তি।
অমৎসর, ত্রি. পুং. [ন+মৎসর] অন্যশুভা-দ্বেষাভাব, (ত্রি.) মাৎসর্য্য রহিত।
অমনু, ব্য. [অদস্] উক্ত প্রকার, এইমত, ঐপ্রকার।
অমনি, ব্য. [অম্+অনি] ঐপ্রকার; বিনা মূল্যে। (স্ত্রী.) বর্ত্ম, পন্থা। [ইনাম।
অমনিদান, (প্রা) পারিতোষিক, বকৃশীস্,
অমনিপাওয়া, (প্রা) বিনামূল্যেপ্রাপ্ত, মোফত, অনিনিত্ত।
অমনুষ্য, ত্রি. [ন+মনুষ্য] অপুরুষ, পৌরুষ-হীন; মানবতের।
অমনুষ্যত্ব, ন. [ন+মনুষ্যত্ব] অলোকতা, লোকব্যবহারানভিজ্ঞতা।
অমনোগত, ত্রি. [ন+মনোগত] অবোধ, মনোবৃত্তিরহিত। [বিশ্রী।
অমনোজ্ঞ, ত্রি. [ন+মনোজ্ঞ] অসুন্দর, মন্দ,
অমনোনীত, ত্রি. [ন+মনোনীত] অমত, অসম্মত, অপ্রশস্ত।
অমনোযোগ, পুং. [ন+মনোযোগ] অনা-বেশ, অনাসক্তচিত্ততা, মনোযোগ না করা।
অমনোযোগী, ত্রি. [ন+মনোযোগিন্] অন-বহিত, অনাসক্ত, বিরক্ত, মন্দাদর, বিবুদ্ধ, নিরপেক্ষ, অনবধান, অসাবধান।
অমনোরথ, ত্রি. পুং. [ন+মনোরথ] অনভি-লাষ, অনিচ্ছা, অনিষ্ট।
অমনোরম্য, ত্রি. [ন+মনোরম্য] অপকৃষ্ট, কুৎসিত।
অমনোহর, ত্রি. [ন+মনোহর] অমনোনীত; অকর্ষক, অনমুরাগজনক।
অমন্তব্য, ত্রি. [ন+মন্তব্য] অচিন্তনীয়, অ-বিবেচিতব্য। [বৃক্ষ।
অমন্দ, ত্রি. [ন+মন্দ] মন্দভিন্ন, ভাল; (পুং.)
অমন্দকর্ষী, [ন+মন্দকর্ষী] জ্যাকর্ষক, ধনু-গুণাকর্ষী।
অমম, ত্রি. [ন+মম] মমতাশূন্য, নির্ম্মায়; (পুং.) ভাবিজিন বিশেষ।

অমর, পুং. [ন+মর] দেবতা; কুলিশবৃক্ষ; সিজু, অস্থিসংহার বৃক্ষ; পারদ, পারা; অমরসিংহ, (ত্রি.) মৃত্যুহীন।

অমরগণ, পুং. [অমর+গণ] দেবতা সমূহ, বৃন্দারকবৃন্দ।

অমরজ, ত্রি. [অমর+জ] দেবজাত, দেবতা হইতে উৎপন্ন, দেবপ্রভব; (পুং.) দেবপুত্র; দুর্গখদিরবৃক্ষ।

অমরণীয়, ত্রি. [ন+মরণীয়] মরণরহিত, অনাশ্য, চিরজীবী। [অনস্যা।

অমরতা, স্ত্রী. ন. [অমর+তা] অনশ্বরতা,

অমরত্ব, ন. [অমর+ত্ব] দেবভাব, দেবত্ব, দেবসাযুজ্য। [দেবদারুবৃক্ষ।

অমরদারু, পুং. [অমর+দারু] বৃক্ষবিশেষ,

অমরদ্বিজ, পুং. [অমর+দ্বিজ] দেবলব্রাহ্মণ; পূজারীবিপ্র। [রাজ।

অমরপতি, পুং. [অমর+পতি] ইন্দ্র, দেব-

অমরপুষ্প-অমরপুষ্পক, পুং. [অমর+পুষ্প-ক] কাশতৃণ, কেশ্যা।

অমরপুষ্পিকা, স্ত্রী. [অমর+পুষ্পিকা] অধঃপুষ্পীবৃক্ষ, হেঠাহুলী। [বৃন্দ।

অমরবৃন্দ, পুং. [অমর+বৃন্দ] সুরসমূহ, দেব-

অমরবল্লরী, স্ত্রী. [অমর+বল্লরী] আকাশবল্লী। [পতি।

অমরভর্ত্তা, পুং. [অমর+ভর্ত্তৃ] ইন্দ্র, দেব-

অমররত্ন, ন. [অমর+রত্ন] স্ফটিক, কাঁচ।

অমরলোক-অমরলোকতা, পুং.স্ত্রী. [অমর+লোক+তা] সুরলোক, স্বর্গ, ত্রিদিব।

অমরসিংহ, পুং. [অমর+সিংহ] সংস্কৃতাভিধান কর্ত্তা, রাজা বিক্রমাদিত্যের নবরত্ন পণ্ডিত বিশেষ।

অমরা, স্ত্রী. [ন+মরা] দূর্ব্বা; গুড়ুচী; ইন্দ্রপুরী; স্থূণা; জরায়ু; ইন্দ্রবারুণী বৃক্ষ; বটীবৃক্ষ; মহানীলীবৃক্ষ; গৃহকন্যা; ঘৃতকুমারী; নাভিনালা, গর্ভনাড়ী।

অমরাঙ্গনা, স্ত্রী. [অমর+অঙ্গনা] অপ্সরা, দিব্যাঙ্গনা।

অমরাদ্রি, পুং. [অমর+অদ্রি] সুমেরুপর্ব্বত।

অমরাপগা, স্ত্রী. [অমর+অপগা] স্বর্গঙ্গা, স্বর্নদী।

অমরাবতী, স্ত্রী. [অমরা+বৎ+ঈ] ইন্দ্রপুরী, ইন্দ্রেরনগরী, তৎপর্য্যায়।—পূষভাসা, দেবপূঃ, মহেন্দ্রনগরী, অমরা, সুরপুরী।

অমরুত, ত্রি. [ন+মরুত] সুস্থির, শান্ত, অচঞ্চল, নির্ব্বাত।

অমরেশ-অমরেশ্বর, পুং. [অমর+ঈশ-ঈশ্বর] ইন্দ্র, দেবরাজ, সুরেশ্বর।

অমরোপম, ত্রি. [অমর+উপম] অমরসদৃশ, ঐশিক, দৈবিক, দিব্য।

অমর্ত্ত্য, ত্রি. [ন+মর্ত্ত্য] মনুষ্যলোকভিন্ন; স্বর্গ; অমর; (পুং.) দেবতা। [লোক।

অমর্ত্ত্যভুবন, ন. [অমর্ত্ত্য+ভুবন] স্বর্গ, দেব-

অমর্য্যাদা, ত্রি. [ন+মর্য্যাদা] অসম্মান, মানহানি, অপমান, অনাদর, মর্য্যাদাহানি। [বিমর্ষ, অতুষ্টি।

অমর্ষ, পুং. [ন+মর্ষ] ক্রোধ, কোপ, অক্ষমা,

অমর্ষণ, ত্রি. [ন+মর্ষণ] ক্রোধী, রাগী, কোপান্বিত, রোষশীল। [রুষ্ট, সমার্ষ।

অমর্ষবৎ, ত্রি. [অমর্ষ+বৎ] ক্রোধশীল, ক্রুদ্ধ

অমল, ত্রি. [ন+মল] পরিষ্কার, নির্ম্মল, বিমল; (ন.) অভ্রধাতু।

অমলদার, (যাং) কর্ম্মচারী, কর্ম্মাধ্যক্ষ।

অমলপতত্রী, পুং. স্ত্রী. [অমল+পতত্রিন্] বন্যহংস।

অমলপত্তি, (প্রা) বস্ত্রাঞ্চল, বসনদশ।

অমলা, স্ত্রী. [ন+মলা] লক্ষ্মী; সাতলাবৃক্ষ; ভূম্যামলকী; নাভিনালা।

অমলিন, ত্রি. [ন+মলিন] পরিষ্কৃত, নির্ম্মল, বিমল; সহর্ষ, অবিমর্ষ। [রোগ।

অমস, পুং. [অম্+অস] কাল; নির্ব্বোধ;

অমসৃণ, ত্রি. ন+মসৃণ] কর্কশ, বিষম, রুক্ষ।

অমস্তক, ত্রি. [ন+মস্তক] মস্তকহীন, অপমূর্দ্ধা, অশিরঃ, কবন্ধ।

অমহাত্মা, ত্রি. [ন+মাহাত্মন্] ভীরুহৃদয়, শৌর্য্যহীন, ভয়তরাসীয়া।

অমহাশয়, ত্রি. [ন+মহাশয়] অসভ্য, সভ্যব্যবহার বিরুদ্ধ; গোঁয়ার।

অমা, স্ত্রী. [অম্+আ] সূর্য্যরশ্মি ভেদ, অমাবস্যা, অমাকলা, (ব্য.) সহিত, সঙ্গে; নিকট।

অমাংস, ত্রি. [ন+মাংস] দুর্ব্বল, মাংস রহিত, অল্পমাংসযুক্ত, কৃশ, ক্ষীণ।

অমাংসল, ত্রি. [ন+মাংসল] কৃশ, ক্ষীণশরীর, কৃশাঙ্গ, কাহিল।

অমাতৃক, ত্রি. [ন+মাতৃক] মাতৃহীন, মাতাহীন; কুমাতা। [বন্ধু।

অমাত্য, পুং. [অমা+ত্য] মন্ত্রী, সহচর,

অমাত্র, ত্রি. [ন+মাত্র] আমূলিক,অভৌতিক।

অমান, ত্রি. [ন+মান] অসম্মান, অবমান, অপমান, অনাদর।

অমানন, ন. [ন+মানন] অনাদর, ন্যক্কার, উপেক্ষা।

অমানব, ত্রি. [ন+মানব] অমনুষ্য, মনুষ্য বিধর্ম্মী, নিরালয়।

অমানস্য, ন. [ন+মানস্য] দুঃখ, পীড়া, ব্যথা, (ত্রি.) তদ্যুক্ত।

অমানিতা, স্ত্রী. [ন+মানিতা] বিনীততা, অপ্রাগলভ্য। [কূট।

অমানী, ত্রি. [ন+মানিন্] নম্র, অগর্ব্ব; অপ-

অমানুষ, ত্রি. [ন + মানুষ] অমানব; অতিমানুষ; ইতর; সভাক্ষুব্ধ।

অমান্য, ত্রি. [ন+মান্য] অমাননীয়, অনাদৃত্য, অস্বীকার, অনঙ্গীকার

অমাবস্যা-অমাবাস্যা,স্ত্রী.[অমা+বস্যা-বাস্যা] কৃষ্ণপক্ষের শেষ তিথি, দর্শ, সূর্য্যেন্দুসঙ্গম, পঞ্চদশী, অমাবসী, অমাবাসী, অমামসী, অমামাসী, নষ্টেন্দুকলা, সিনীবালী, ক্ষুষ্টেন্দুকলা, কুহূ,।

অমাবসী, স্ত্রী. [অমা+বসী] অমাবস্যা।

অমামসী-অমামাসী, স্ত্রী. [অমা+মসী-মাসী] অমাবস্যা। [পট, সত্য।

অমায়, ত্রি. [ন+মায়] বাস্তব, যথার্থ, অক-

অমায়া, স্ত্রী. [ন+মায়া] নির্ম্মায়া, অপ্রপঞ্চ।

অমায়িক-অমায়ী, ত্রি. [ন+মায়া+ইক-ইন্] মায়ারহিত, নির্ম্মায়, কপটতা বিহীন, সরলান্তঃকরণ। [অনভিঘাত।

অমারিত, ত্রি. [ন+মারিত] অক্ষত, অবধ,

অমার্গ, পুং. [ন+মার্গ] পন্থাভাব, বর্ত্মরহিত, অপথ। [অমৃগিত।

অমার্গিত, ত্রি. [ন+মার্গিত] অনন্বেষিত,

অমার্জ্জিত, ত্রি. [ন+মার্জ্জিত] অভূষিত, অনলঙ্কৃত, অপরিষ্কৃত।

অমাল, ত্রি. [ন+মাল] মালারহিত।

অমিত, ত্রি. [ন+মিত] অপ্রমেয়, অপরিমিত, অতিরিক্ত।

অমিত্র, পুং. [ন+মিত্র] শত্রু, বৈরি, অরি।

অমিত্রভূত, ত্রি.[অমিত্র+ভূত] বিপক্ষ, বৈরী, অহিতকারী।

অমিতৌজা, ত্রি. [অমিত+ওজস্] সর্ব্বসমর্থ, সর্ব্বশক্তিমান।

অমিয়া, (প্রা) অমৃত, সুধা, পীযূষ।

অমিশ্র-অমিশ্রিত, ত্রি.[ন+মিশ্র+ইত] অসঙ্কীর্ণ, শুদ্ধ। [পট্য।

অমিষ, ন. [অম+ঈষ] লৌকিক সুখ; অকা-

অমী, ত্রি. [অম+ইন্] রোগী, রোগার্ত্ত; পীড়িত।

অমীব, ন. [অমি+ইব] পাপ; দুঃখ।

অমীর্, (যাং) উচ্চপদবী ব্যক্তি শ্রেষ্ঠব্যক্তি

অমীমাংসা, স্ত্রী. [ন+মীমাংসা] মীমাংসারহিত, অনির্দ্ধারিত, অতর্কিত।

অমুক, ত্রি. [অদস্+ক] ঐ ব্যক্তি,পূর্ব্বকথিত ব্যক্তি।

অমুক্ত, ন. [ন+মুক্ত] ছুরিকাবিশেষ, হাতছুরী; (ত্রি.) মুক্তিরহিত, অবিমুক্ত, বদ্ধ।

অমুক্তহস্ত, ত্রি. [অমুক্ত+হস্ত] অল্পব্যয়ী, মিতব্যয়ী। [সংযম।

অমুক্তি, স্ত্রী. [ন+মুক্তি] অমোক্ষ, সংরোধ,

অমুখ্য, ত্রি. [ন+মুখ্য] অপ্রধান, গৌণ।

অমুণ্ডিত, ত্রি. [ন+মুণ্ডিত] অনলঙ্কৃত, অভূষিত। [অর্থাৎ, অতএব।

অমুতঃ, ব্য. [অদস্+তস্] তস্মাৎ, অতঃ,

অমুত্র, ব্য. [অদস্+ত্র] জন্মান্তর, পরলোক।

অমুত্রত্য, ত্রি. [অমুত্র+ত্য] পারত্রিক, পারলৌকিক।

অমুনি, (প্রা) তৎক্ষণাৎ, তখনই।

অমুষ্যপুত্র, পুং.স্ত্রী. [অমুষ্য+পুত্র] প্রখ্যাত বংশোদ্ভব, মহাকুলীন।

অমুষ্যায়ণ, স্ত্রী. [অমুষ্য+অয়ন] প্রখ্যা বংশোদ্ভব, কুলীন।

অমূঢ়, ত্রি. [ন+মূঢ়] মূর্খনহে, পণ্ডিত।

অমূদৃশ, ত্রি. [অমূ+দৃশ] এই প্রকার, এবম্প্রকার, এতদ্রূপ।

অমূর্ত্ত, ত্রি. [ন+মূর্ত্ত] নিরাকার, মূর্ত্তিহীন, আকাশ, কাল, দিক্, আত্মা। [কার।

অমূর্ত্তি, পুং. [ন+মূর্ত্তি] আকৃতি হীন, নিরা-

অমূর্ত্তিমান, ত্রি. [অমূর্ত্তি+মৎ] অদৈহিক, দেহশূন্য, অনঙ্গ।

অমূল, ত্রি. [ন+মূল] মূলরহিত, নির্মূল।

অমূলক, ত্রি. [ন+মূলক] মূলরহিত, নির্মূল অপ্রামাণিক, অলীক।

অমূলা, স্ত্রী. [ন+মূলা] অগ্নিশিখাবৃক্ষ; (ত্রি.) মূলরহিত।

অমূল্য, ত্রি. [ন+মূল্য] মূল্যহীন, অনর্ঘ্য, বেদামি। [শূন্য।

অমৃণাল, ন. [ন+মৃণাল] বীরণমূল; মৃণাল-

অমৃত, পুং. [ন+মৃত] ধন্বন্তরি; দেবতা; বারাহীকন্দ; বনমুদ্গ; সুন্দর; অতিহৃদ্য; (ন.) সমুদ্রোদ্ভব দেবভক্ষ, অমরত্বজনক দ্রব্যবিশেষ, পীযূষ, সুধা, পেযূষ, নির্জ্জর, সমুদ্রনবনীতক; জল; ঘৃত; যজ্ঞশেষ দ্রব্য; অযাচিত বস্তু; মুক্তি; দুগ্ধ; ঔষধ; বিষ সামান্য; বৎসনাভ; পারদ; অন্ন; ধন; স্বর্ণ; ভক্ষণীয় দ্রব্য; হৃদ্য; স্বাদুদ্রব্য; (ত্রি.) মরণ রহিত।

অমৃতকর, পুং. [অমৃত+কর] চন্দ্র, সুধাংশু।

অমৃতকুণ্ড, পুং. [অমৃত+কুণ্ড] অমৃতেরপাত্র, সুধাভাণ্ড; শুকপক্ষী বিশেষ।

অমৃতজটা, স্ত্রী. [অমৃত+জটা] জটামাংসী।

অমৃততরঙ্গিণী, স্ত্রী. [অমৃত+তরঙ্গিণী] জ্যোৎস্না, চন্দ্রিকা।

অমৃততা, স্ত্রী. [অমৃত+তা] অমরতা, নিত্যতা।

অমৃততুল্য, ত্রি. [অমৃত+তুল্য] সুধোপম, সুধাসম।

অমৃতদীধিতি, পুং. [অমৃত+দীধিতি] চন্দ্র, শশাঙ্ক, শশধর।

অমৃতফল, ন.পুং. [অমৃত+ফল] পারেবত বৃক্ষ, পটোল, (স্ত্রী.) দ্রাক্ষা, আমলকী, (য়াং) নাসপাতীফল।

অমৃতফলা, স্ত্রী. [অমৃত+ফলা] দ্রাক্ষা, আঙ্গুর; আমলকী।

অমৃতবল্লী, স্ত্রী. [অমৃত+বল্লী] গুড়ুচীলতা।

অমৃতবিন্দু, পুং. [অমৃত+বিন্দু] উপনিষদ্ বিশেষ।

অমৃতরস, পুং. [অমৃত+রস] অমৃত, সুধা।

অমৃতরসা, স্ত্রী. [অমৃত+রসা] কপিলদ্রাক্ষা, আঙ্গুর, গোস্তনী।

অমৃতসারজ, পুং. [অমৃত+সারজ] গুড়, খাঁড় ভব রাজোদ্ভবখণ্ড।

অমৃতসূ, পুং. [অমৃত+সূ] চন্দ্র, সুধাকর; (স্ত্রী.) দেবমাতা।

অমৃতসম্ভবা, স্ত্রী. [অমৃত+সম্ভবা] গুড়ুচী।

অমৃতসোদর, পুং. [অমৃত+স+উদর] ঘোটক, অশ্ব।

অমৃতস্রুৎ, ত্রি. [অমৃত+স্রুৎ] গলিতামৃত।

অমৃতস্রবা, স্ত্রী. [অমৃত+স্রবা] রুদন্তীবৃক্ষ, লতাবিশেষ, বৃক্ষারোহা, উপবল্লিকা, ঘনবল্লী, সীতলতা।

অমৃতা, স্ত্রী. [অমৃত+আ] গুড়ুচী; মদিরা; ইন্দ্রবারুণী; জ্যোতিষ্মতী; গোরক্ষ দুগ্ধা; অতিবিষা; রক্তত্রিবৃৎ; দূর্ব্বা; আমলকী; হরীতকী; তুলসী; পিপ্পলী; চম্পাদেশজস্থূলমাংসা হরীতকী, বিরেচন।

অমৃতান্ধস্, পুং. [অমৃত+অন্ধস্] দেবতা, অমর।

অমৃতাফল, পুং. [অমৃতা+ফল] পটোল।

অমৃতাশন, পুং. [অমৃত+অশন] দেবতা, সুর।

অমৃতাষ্টক, ন. [অমৃত+অষ্টক] হরীতক্যাদ্যষ্টদ্রব্য যথা।—হরীতকী, গুড়চী, মুস্ত, পল্তা, কট্কী, চিরতা, হরিদ্রা, ইন্দ্রযব।

অমৃতাসঙ্গ, পুং. [অমৃত+সঙ্গ] তুত্থবিশেষ। কর্পরিকা, তুত্থ, অঞ্জন। [ভোজন।

অমৃতাহার, পুং. [অমৃত+আহার] অমৃত

অমৃতাহরণ, পুং. [অমৃত+আহরণ] গরুড়।

অমৃতাহ্ব, ন. [অমৃত+আহ্ব] লঘু বিল্বফলাকৃতি খোরাসানদেশ জাত নাসপাতি ফল বিশেষ, রুচিফল। [সুধাভাণ্ড।

অমৃত্তি, স্ত্রী. [ন+মৃত্তি] জলপাত্র বিশেষ;

অমৃত্যু, ত্রি. [ন+মৃত্যু] অমরণ, মৃত্যুরহিত।

অমৃতোপন্ন, ন. [অমৃত+উৎপন্ন] কর্পরীতুত্থ।

অমৃতোৎপন্না, স্ত্রী. [অমৃত+উৎপন্না] মক্ষিকা।

অমৃতোদ্ভব, পুং. [অমৃত+উদ্ভব] তুত্থ, কর্পরীতুত্থ।

অমৃষোদ্য, ন. [অমৃষ+উদ্য] সত্য, তথ্য।

অমৃষ্য, ত্রি. [ন+মৃষ্য] অসহ্য, অক্ষন্তব্য।

অমৃষ্ট, ত্রি. [ন+মৃষ্ট] অপবিত্র, অশুদ্ধ, অনির্ম্মল। [কুখাদক।

অমৃষ্টভুক্, ত্রি. [অমৃষ্ট+ভুজ্] অভক্ষক,

অমেঘ, ত্রি. [ন+মেঘ] মেঘশূন্য, নিরভ্র, গততোয়দ। [মেঢ্ররহিত।

অমেঢ্র, ত্রি. পুং. [ন+মেঢ্র] পুংশক্তিরহিত,

অমেধা, পুং. [ন+মেধস্] মেধা রহিত।

অমেধ্য, ত্রি. [ন+মেধ্য] অপবিত্র, মলময়; (ন.) বিষ্ঠা।

অমেয়, ত্রি. [ন+মেয়] অপ্রমেয়; অনন্ত।

অমেলক, ত্রি. [ন+মেলক] বিভিন্ন, অসঙ্গত, পরস্পর বিরুদ্ধ, অসংলগ্ন; মিলনাভাব, অমিলিক, ব্যতিক্রান্ত।

অমেলন, ন. [ন+মেলন] অনৈক্য, অমিলন। [নীয়।

অমোক্তব্য, ত্রি. [ন+মোক্তব্য] অমোক্ষ-

অমোঘ, ত্রি. [ন+মোঘ] অব্যর্থ, সফল (পুং.) নদবিশেষ, (স্ত্রী.) বিড়ঙ্গ, পাটলী বৃক্ষ, হরীতকী।

অমোঘবীর্য্য, ত্রি. [অমোঘ+বীর্য্য] অব্যর্থবীর্য্য, অখণ্ডতেজঃ, অব্যর্থ প্রতাপ।

অমোঘা, স্ত্রী. [অমোঘ+আ] পাটলীবৃক্ষ; বিড়ঙ্গ; হরীতকী।

অমোঘাস্ত্র, পুং. [অমোঘ+অস্ত্র] লক্ষভেদী, লক্ষবেধী, সুসন্ধানী, অব্যর্থাস্ত্র।

অমোচন, ন. [ন+মোচন] অপরিত্রাণ, নিস্তার রহিত।

অমোহ, ত্রি. [ন+মোহ] প্রাজ্ঞ, প্রবীণ, মনীষী।

অমোক্ষ, ত্রি. [ন+মোক্ষ] অবিমুক্ত, নিস্ত্রাণ। [তাম্র।

অম্বক, ন. [অম্ব+ক] চক্ষু, নয়ন, নেত্র;

অম্বর, ন. [অম্ব+র] আকাশ; বস্ত্র; কার্পাস; স্বনামখ্যাত সুগন্ধিদ্রব্য; অভ্রধাতু।

অম্বরযুগ, ন. [অম্বর+যুগ] যুগ্মআবরণ বস্ত্র বিশেষ।

অম্বরান্ত, পুং. [অম্বর+অন্ত] দিঙ্মণ্ডল, আকাশকক্ষা; বস্ত্রের প্রান্তভাগ।

অম্বরিষ, ন. [অম্বর+ইষন্] ভ্রাষ্ট্র, ভর্জ্জনপাত্র, ভাজনাখোলা

অম্বরীষ, ন. [অম্বর+ঈষন্] ভর্জ্জনপাত্র; যুদ্ধ; (পুং.) বিষ্ণু; শিব; শাবক; ভাস্কর, সূর্য্যবংশীয় নাভাগ রাজপুত্র; নরকভেদ; আম্রাতক বৃক্ষ; অনুতাপ; পশ্চাৎতাপ।

অম্বরীতমাক, (প্রা) অম্বরপৃক্ত উৎকৃষ্ট তমাক।

অম্বল, (প্রা] অম্ল, টক, খাট্টা।

অম্বষ্ঠ, পুং. [অম্বা+স্থা] বৈদ্যজাতি; মুনিবিশেষ; দেশবিশেষ; হস্তীপক; কায়স্থ জাতিবিশেষ।

অম্বষ্ঠকী, স্ত্রী. [অম্বষ্ঠক+ঈ] লতাবিশেষঃ, আকনাদি নিমুখী, তৎপর্য্যায়।—পাঠা, অম্বষ্ঠা. কুচেলী, পাপচেলিকা, একাষ্ঠীলা, বরা, তিক্তা, প্রাচীনা, একোশিকা, বৃকা, বিদ্ধকর্ণী, স্থাপনী, শ্রেয়সী, রসা, পাপচেলী, বনতিক্তিকা, অবিদ্ধকর্ণী, অবিদ্ধকর্ণা, অম্বষ্ঠিকা, যূথিকা, বিদ্ধকর্ণিকা, দীপনী, তিক্তপুষ্পা, বৃহত্তিক্তা, শিশিরা, বৃকী, মালতী, দেবী, বৃত্তপর্ণী।

অম্বষ্ঠা, স্ত্রী. [অম্ব+স্থা] ক্ষুপবিশেষ, আম্বাড়া, তৎপর্য্যায়।—বালিকা, বালা, শঠাম্বা, অম্বালিকা, অম্বিকা, অম্বা, মাচিকা, দৃঢ়বল্কা, ময়ূরিকা, গন্ধপত্রী, চিত্রপুষ্পী, শ্রেয়সী, মুখবাচিকা,ছিন্নপত্রী, ভুরিমল্লী; পাঠা; চাঙ্গেরী; যূথিকা.

অম্বষ্ঠিকা, স্ত্রী. [অম্বষ্ঠা+ইকা] অম্বষ্ঠা, আকনাদি; ব্রহ্মণী, বামনহাটী।

অম্বা, স্ত্রী. [অপ্+আ] মা, মাতা, জননী; পাণ্ডুরাজমাতৃস্বসা; অম্বষ্ঠা; দুর্গা; নাট্যোক্তিতে সৈব।

অম্বালিকা, স্ত্রী. [অম্বালিক+আ] মাতা, জননী; অম্বষ্ঠা, পাণ্ডুরাজ মাতা।

অম্বিকা, স্ত্রী. [অম্বা+ইকা] দুর্গা, ভগবতী; মাতা; ধৃতরাষ্ট্র জননী; জৈন দেবীবিশেষ; কটুকী বৃক্ষ; অম্বষ্ঠা।

অম্বিকেয়, পুং. [অম্বিকা+এয়] অম্বিকা-পুত্র, গণেশ; কার্ত্তিকেয়; ধৃতরাষ্ট্র রাজা।
অম্বিকেয়ক, পুং. [অম্বিকেয়+ক] গণেশ, লম্বোদর, গজানন।
অম্বু, ন. [অন্‌ব্‌+উ] জল, সলিল, পানীয়; বালনামৌষধি, বালা।
অম্বুকণা, স্ত্রী. [অম্বু+কণা] জলবিন্দু, অম্বুলব, ফোঁটা।
অম্বুকন্টক, পুং. [অম্বু+কন্টক] কুম্ভীর, নক্র, জলস্থ হিংস্রজন্তু,হাঙ্গর কুম্ভীরাদি।
অম্বুকিরাত, পুং. [অম্বু+কিরাত] নক্র, কুম্ভীর। [জন্তু, শুশুক।
অম্বুকীশ, পুং. [অম্বু+কীশ] শিশুমার
অম্বুকূর্ম্ম, পুং. [অম্বু+কূর্ম্ম] শিশুমার; জল-শূকর, শুশুক। [বৃক্ষ।
অম্বুকেশর, পুং. [অম্বু+কেশর] ছোলঙ্গ
অম্বুকৃত, ত্রি. [অম্বু+কৃত] সথুৎকার উক্ত, শ্লেষ্মকণ নির্গম সহিত বাক্য, সনিষ্ঠীব।
অম্বুচর, ত্রি. [অম্বু+চর] বারিচর, জল-চর; জলভূ।
অম্বুচামর, ন. [অম্বু+চামর] শৈবাল, জলাঞ্চল, মঞ্জুল, জলকুন্তল, শেওলা।
অম্বুজ, ন. [অম্বু+জ] পদ্ম; বজ্র; (পুং.) হিজ্জলবৃক্ষ; স্থলবেতস, অম্বুচর।
অম্বুজন্ম, ন. [অম্বু+জন্মন্] পদ্ম, কমল, পঙ্কজ। [শেওলা।
অম্বুতাল, পুং. [অম্বু+তাল] শৈবাল,
অম্বুদ, পুং. [অম্বু+দ] মেঘ, মুস্তক।
অম্বুধর, পুং. [অম্বু+ধর] মেঘ, অভ্র, জীমূতক, তনয়িত্নু, বলাহক, জলদ, বারিধর। [বারিধি।
অম্বুধি, পুং. [অম্বু+ধি] সমুদ্র, সাগর,
অম্বুধিস্রবা, স্ত্রী, [অম্বুধি+স্রবা] গৃহকন্যা, ঘৃতকুমারী। [জলধি।
অম্বুনিধি, পুং. [অম্বু+নিধি] সমুদ্র, সাগর,
অম্বুপ, ত্রি. [অম্বু+প] জলপানকারী (পুং.) চক্রমর্দ্দকবৃক্ষ।
অম্বুপত্রা, স্ত্রী. [অম্বু+পত্রা] উচ্চটাবৃক্ষ।
অম্বুপদ্ধতি, স্ত্রী. [অম্বু+পদ্ধতি] জল-বেগ, ধার, স্রোত।
অম্বুপ্রসাদ-অম্বুপ্রসাদন, পুং. ন. [অম্বু+প্র-সাদ-ন] কুটিলাবৃক্ষ, কতকবৃক্ষ, নির্ম্মলী।
অম্বুবাচী, স্ত্রী. [অম্বু+বাচী] ঋতুমতী পৃথ্বী।
অম্বুবাদিনী, স্ত্রী. [অম্বু+বাদিনী] পাটলা পটলি, বালা, কাচস্থলী, রক্তপুষ্পী, কৃষ্ণবৃন্তা, মোঘা।
অম্বুবাসিনী-অম্বুবাসী, স্ত্রী. [অম্বু+বাসিন্-ঈ] পাটলাবৃক্ষ। [মুস্তক।
অম্বুবাহ, পুং. [অম্বু+বাহ] মেঘ, বারিদ;
অম্বুবাহিনী, ত্রি. [অম্বু+বাহিনী] কাষ্ঠাম্বু-বাহিনী, কাষ্ঠনির্ম্মিত ছিন্নাগ্র নৌকাকৃতি জলসেচনী, বালতি।
অম্বুবিম্ব, ন. [অম্বু+বিম্ব] জলবিম্ব, জলবুদ্বুদ, ফোকনা।
অম্বুবেতস, পুং. [অম্বু+বেতস] জলবেতস, পরিব্যাধ, বিদুল, নাদেয়ী
অম্বুভৃৎ, পুং. [অম্বু+ভৃৎ] ধারাধর, জল-ধর, তড়িত্বান, বারিদ, ঘন, জীমূত, মেঘ; মুথা; সমুদ্র।
অম্বুমৎ, পুং. [অম্বু+মৎ] কচ্ছ, অনূপদেশ।
অম্বুমাত্রজ, পুং. [অম্বু+মাত্রজ] শম্বুক, শামুক।
অম্বুমান্, পুং. [অম্বু+মৎ] নদীতট; (ত্রি.) বারিযুক্ত, জলময়।
অম্বুমুক্, পুং. [অম্বু+মুচ্] মেঘ; মুস্ত।
অম্বুর, পুং. [অম্বু+র] দ্বারাধঃকাষ্ঠ, গোব-রাট, দেহলী।
অম্বুরাশি, পুং. [অম্বু+রাশি] সমুদ্র, সাগর; জলরাশি।
অম্বুরুহ, পুং. [অম্বু+রুহ] পদ্ম, কমল. অব্জ, জলরুহ
অম্বুরুহা, স্ত্রী. [অম্বু+রুহা] স্থলপদ্মিনী।
অম্বুরোহিণী, স্ত্রী. [অম্বু+রোহিণী] পদ্মিনী, নলিনী; পদ্ম
অম্বুশিরীষিকা, স্ত্রী. [অম্বু+শিরীষিকা] জল-শিরীষ বৃক্ষ; শিরৌষিকা, টিণ্টিনিকা, দুর্ব্বলা, বারিশিরীষিকা।
অম্বুসর্পিণী, স্ত্রী. [অম্বু+সর্পিণী] জলৌকা, জোঁক
অম্বুসাদন, ন. [অম্বু+সাদন] গুবাক

অম্বুসিক্ত, ত্রি. [অম্বু+সিক্ত] জলসিক্ত, আর্দ্রীকৃত

অম্বুসেচনী, স্ত্রী. [অম্বু+সেচনী] অম্বুবাহিনী, নৌকার জলসেচন পাত্র, বাল্‌তি।

অম্বূকৃত, ত্রি. [অম্বূ+কৃত] শ্লেষ্মকণ নির্গম সহিত বাক্য, সনিষ্ঠেবন, সথূৎকার।

অম্বূক, পুং. [অম্বূ+ক] লকুচবৃক্ষ।

অম্ভঃ, ন. [অম্ভস্] বারি, বালনামৌষধ; লগ্নাদির চতুর্থ রাশি।

অম্ভঃসার, ন. [অম্ভস্+সার] মুক্তা, অম্ভস্সার।

অম্ভঃসূ, পুং. [অম্ভস্+সূ] ধূম, ধুঁয়া, দহনকেতন; অম্ভস্সূ।

অম্ভোজ, ন. [অম্ভস্+জ] পদ্ম, কমল, অম্বুজ; পক্ষী: পুষ্করাগন্ধ; (পুং.) চন্দ্র, জলজাতমাত্র।

অম্ভোজজনি, পুং. [অম্ভোজ+জনি] ব্রহ্মা, অব্জযোনি।

অম্ভোজযোনি, পুং. [অম্ভোজ+যোনি] ব্রহ্মা, চতুরানন, ধাতা।

অম্ভোজিনী, স্ত্রী. [অম্ভোজ+ইন+ঈ] পদ্মলতা; পদ্মসমূহ; পদ্মযুক্তদেশ।

অম্ভোদ, পুং. [অম্ভস্+দা] জলদ, মেঘ, অভ্র; (ন.) মুস্তক। [মুস্তক।

অম্ভোধর, পুং. [অম্ভস্+ধর] জলধর, মেঘ;

অম্ভোধি, পুং. [অম্ভস্+ধি] সমুদ্র, জলনিধি।

অম্ভোধিবল্লভ, পুং. [অম্ভোধি+বল্লভ] প্রবাল পলা। [জলধি।

অম্ভোনিধি, পুং. [অম্ভস্+নিধি] সমুদ্র, সাগর,

অম্ভোরাশি, পুং. [অম্ভস্+রাশি] জলরাশি, সমুদ্র, সাগর।

অম্ভোরুহ, ন. [অম্ভস্+রুহ] পদ্ম; জলজ; সারসপক্ষী। [ফেণা।

অম্ময়, ত্রি. [অপ্+ময়] জলময়; জলবিকার;

অম্র, ন. [অম্+র] চুত, রসাল, ফলবিশেষ; (পুং.) আম্রবৃক্ষ।

অম্রাত-অম্রাতক, পুং. [অম্র+অত-ক] আম্রাতক বৃক্ষ।

অম্ল, ন. [অম্+ল] তক্র; অম্বল, টক, খাট্টা; (পুং.) ষড্রস মধ্যে রসবিশেষ, টক; অম্লবেতস।

অম্লক, পুং. [অম্ল+ক] লকুচবৃক্ষ।

অম্লকাণ্ড, ন. [অম্ল+কাণ্ড] লবণতৃণ।

অম্লকুচি, পুং. [অম্ল+কুচি] বৃক্ষবিশেষ।

অম্লকেশর, পুং. [অম্ল+কেশর] মাতুলঙ্গ, তৎপর্য্যায়।—দাড়িম্ব, বীজপূর, বীজপূরক, ফলপুর, রুচক, সুফল, লঙ্গু, পূরক, পুর, বীজপূর্ণ। [পালং।

অম্লচূড়, পুং. [অম্ল+চূড়] অম্লশাক, চুকা-

অম্লজম্বীর, পুং. [অম্ল+জম্বীর] অম্লনিম্বুক।

অম্লটক, পুং. [অম্ল+টক] অশ্মান্তবৃক্ষ।

অম্লনায়ক, পুং. [অম্ল+নায়ক] অম্লবেতস।

অম্লনিশা, স্ত্রী. [অম্ল+নিশা] শটী।

অম্লপনস, পুং. [অম্ল+পনস] পনসবন, কণ্টকাফল, লকুচ, নকুচ, নিকুচ, ডহু, ক্ষুদ্রাম্ল।

অম্লপঞ্চফল, ন. [অম্ল+পঞ্চ+ফল] অম্লরসযুক্ত পঞ্চপ্রকার ফল, যথা—কোল, দাড়িম, বৃক্ষাম্ল, চুক্রিয়া, অম্লবেতস, (মতান্তরে) জম্বীর, নারঙ্গ, অম্লবেতস, তিন্তিড়ীক, বীজপূর।

অম্লপত্র, পুং. [অম্ল+পত্র] অশ্মান্তবৃক্ষ।

অম্লপত্রী, স্ত্রী. [অম্ল+পত্রিন্] পলাশীলতা, ক্ষুদ্রাম্লিকা।

অম্লপিত্ত, পুং. [অম্ল+পিত্ত] রোগবিশেষ।

অম্লপূর, ন. [অম্ল+পূর] বৃক্ষাম্ল।

অম্লফল, ন. [অম্ল+ফল] বৃক্ষাম্ল, তেঁতুল; (পুং.) আম্রবৃক্ষ।

অম্লবর্গ, পুং. [অম্ল+বর্গ] অম্লগণ, যথা।—চাঙ্গেরী; লকুচ; অম্লবেতস; জম্বীরক; বীজপূরক; নাগরঙ্গ; দাড়িম; কপিত্থ; অম্ল; বীজাম্লক; অম্বষ্ঠা; করমর্দ্দক; নিম্বূক। [কন্দবিশেষ।

অম্লবল্লী, ত্রি. [অম্ল+বল্লী] ত্রি. পর্ণিকানাম

অম্লবতী, স্ত্রী. [অম্ল+বতী] ক্ষুদ্রাম্লিকা, আমরুল শাক। [ভেদ।

অম্লবাটিকা, স্ত্রী. [অম্ল+বাটিকা] নাগবল্লী

অম্লবাস্তূক, ন. [অম্ল+বাস্তূক] চুক্র, চুকোশাক।

অম্লবাড়ব, পুং. [অম্ল+বাড়ব] আম্রাতক, কপীতন, অম্বরীপ, পীতস, কপিচূড়।

অম্লবীজ, ন. [অম্ল+বীজ] বৃক্ষাম্ল।

অম্লবৃক্ষ, ন. [অম্ল+বৃক্ষ] তেঁতুল।

অম্লবেতস, পুং. [অম্ল+বেতস] স্বনাম প্রসিদ্ধ বৃক্ষবিশেষ, চুকাশাক, অম্লকুচাই, তৎপর্য্যায়।—অম্ল, বেধী, রসাম্ল, আম্লবেতস, বেতসাম্ল, অম্লসার, শতবেধী, বেধক, ভীম, ভেদন, ভেদী, রাজাম্ল, অম্লভেদন, অম্লাঙ্কুশ, রক্তসার, ফলাম্ল, অম্লনায়ক, সহস্রবেধী, বীরাম্ল, গুল্মকেতু, বরাভিধা, শঙ্খদ্রাবী, মাংসদ্রাবী, বরাঙ্গী, চুক্র।

অম্লভেদন, পুং. [অম্ল+ভেদন] অম্লবেতস।

অম্লরুহা, স্ত্রী. [অম্ল+রুহা] মালবদেশজাত নাগবল্লীভেদ।

অম্ললোণিকা-অম্ললোলিকা, স্ত্রী. [অম্ল+লোণিকা-লোলিকা] লোণিশাক; চুক্র, চুকাপালং; আমরুলশাক; চাঙ্গেরী, চুক্রিকা, দন্তশাঠা, অম্বষ্ঠা, অম্ললোণী।

অম্লশাক, ন. [অম্ল+শাক] বৃক্ষাম্ল, চুক্র; (পুং.) অম্লদ্রব্য বিশেষ; তৎপর্য্যায়।—শাকাম্ল, শুক্তাম্ল, অম্লচুক্রিকা, চিঞ্চাম্ল, অম্লচূড়, চিঞ্চাসার।

অম্লসার, ন. [অম্ল+সার] কাঞ্জিক, কাঁজী; (পুং.) অম্লবেতস, নিম্বূক; হিন্তাল।

অম্লহরিদ্রা, স্ত্রী. [অম্ল+হরিদ্রা] শটী।

অম্লাঙ্কুশ, পুং. [অম্ল+অঙ্কুশ] অম্লবেতস।

অম্লাতক, পুং. [অম্ল+আতক] অম্লানবৃক্ষ।

অম্লান, ত্রি. [ন+ম্লান] ম্লানিরহিত, হৃষ্ট, তাজা; (পুং.) মহাসহাবৃক্ষ; আঁমলা।

অম্লানতা, স্ত্রী. [ন+ম্লানতা] হৃষ্টভাব, প্রসন্নতা।

অম্লানিনী, স্ত্রী. [ন+ম্লানিন্-ঈ] পদ্মিনী, [পদ্মসমূহ।

অম্লিকা, স্ত্রী. [অম্লিক+আ] তিন্তিড়ী, তেঁতুল, ক্ষুদ্রাম্লিকা, পলাশীলতা, শ্বেতাম্লিকা, অম্লোদ্গার।

অম্লিকাবটক, পুং. [অম্লিকা+বটক] অম্লবড়া, অম্লবটিকা।

অম্লীকা, স্ত্রী. [অম্ল+ঈকা] অম্লিকা।

অম্লোটক, পুং. [অম্ল+উটক] অশ্মন্তকবৃক্ষ, অম্লকুচাই।

অম্লোদ্গার, পুং. [অম্ল+উদ্গার] অম্বলঢেকুর তোলন, অম্বল উদ্গীরণ।

অয়, পুং. [ই+অ] শুভাবহবিধি, মঙ্গলানুষ্ঠান, সৌভাগ্য।

অযজ্ঞ, ত্রি. [ন+যজ্ঞ] যজ্ঞরহিত, অক্রতু।

অযত, ত্রি. [ন+যত] অযন্ত্রিত, অযশঃ, অনর্গল।

অযতি, স্ত্রী. [ন+যতি] অসংযমী।

অযতী, ত্রি. [ন+যতিন্] বিশৃঙ্খল; অসংযত; লম্পট।

অযতেন্দ্রিয়, ত্রি. [অযত+ইন্দ্রিয়] অজিতেন্দ্রিয়, নিষিদ্ধ বিষয়েতে অতি প্রসক্ত।

অযত্ন, পুং. [ন+যত্ন] তাচ্ছল্য, ঔদাস্য।

অযথা, ব্য. [ন+যথা] অতুল্য, অনুপযুক্ত।

অযথাব্যয়, পুং. [অযথা+ব্যয়] অপব্যয়, উড়ানি।

অযথাবৎ, ব্য. [অযথা+বৎ] অশুদ্ধ, বৃথা, অন্যথা;

অযথাবল, ব্য. [ন+যথাবল] অসমগ্র অসম্পূর্ণ, খণ্ডতঃ, অসম্যক্।

অযথার্থ, ত্রি. [ন+যথার্থ] অসত্য, কৃত্রিম, মিথ্যা, অসঙ্গত, অসমঞ্জস, অন্যায্য, অনুচিত, অনার্হ, কৃত্রিম, অতাত্ত্বিক, অনৃত, বিতথ, অলীক, মৃষা। (ন.) অযুক্তি, অযথার্থা, অন্যায়।

অযথাশাস্ত্রকারী, ত্রি. [অযথা+শাস্ত্রকারিন্] অধর্মিষ্ঠ, অধার্মিক, অসাধু, পাপাত্মান্।

অযথেষ্ট, ত্রি. [ন+যথেষ্ট] ন্যূন, অপ্রচুর, অপর্যাপ্ত, অল্প, অপ্রতুল, কম।

অয়ন, ন. [ই+অন] শাস্ত্র, পন্থা; বৎসরার্দ্ধ; সূর্য্যের উত্তর ও দক্ষিণ দিকে গমন; গমনী; আশ্রয়।

অযন্ত্রিত, ত্রি. [ন+যন্ত্রিত] অবাধ, অনিবদ্ধ, অনর্গল।

অযমজ, ত্রি. [ন+যমজ] অযুগ, অযুগ্ম।

অয়মপি, ব্য. [অয়ম্+অপি] ইনিও, এব্যক্তিও এই নিশ্চয়।

অযশঃ, পুং. [ন+যশস্] অখ্যাতি, দুর্নাম, কলঙ্ক, অকীর্ত্তি, কুকীর্ত্তি, কুখ্যাতি, অপ্রতিষ্ঠা, অপকর্ষ, অপধ্বংস, কুৎসা, গর্হা, বদ্‌নাম।

অযশস্কর, ত্রি. [ন+যশস্কর] দুর্নামজনক, অখ্যাতিকর।

অযশস্বী, ত্রি. [ন+যশস্বিন্] অখ্যাতিযুক্ত, অলব্ধপ্রতিষ্ঠ।

অযশস্য, ত্রি. [ন+যশস্য] অখ্যাতিজনক, দুর্নামকারক। [লোহা।

অয়স্, ন. [ই+অস্] ধাতু বিশেষ, লৌহ,

অয়স্কান্ত, পুং. [অয়স্+কান্ত] চুম্বকপাতর; লৌহবিশেষ, কান্তলৌহ, তৎপর্য্যায়।— কান্তিলৌহ, কান্তলৌহ, কান্ত, লৌহকান্ত, কান্তায়স, কৃষ্ণলোহ, মহালোহ।

অয়স্কার, পুং. [অয়স্+কার] লৌহকার; জঙ্ঘাগ্রভাগ; প্রজঙ্ঘাগ্র।

অয়স্কুম্ভ, পুং. [অয়স্+কুম্ভ] লৌহকলস।

অয়াস, পুং. [অয়স্+আস্] অগ্নি।

অযাচক, ত্রি. [ন+যাচক] যাচঞা রহিত, নিস্পৃহ।

অযাচিত, ত্রি. [ন+যাচিত] যাচঞাবিনা প্রদত্ত, অপ্রার্থিত। (পুং.) মুনিবিশেষ, [illegible] হলভূতি, কৃতকোটি

অযাচিতব্রত, ন. [অযাচিত+ব্রত] প্রার্থনা [illegible] উপস্থিত দ্রব্যে জীবিকাকারী।

অযাজ্য, ত্রি. [ন+যাজ্য] যে ব্যক্তি পৌরহিত্য ক্রিয়া করিলে অধর্ম্ম হয়, অযাজনীয়।

অযাত্রা, স্ত্রী. [ন+যাত্রা] যাত্রাকালে অমঙ্গলসূচক ঘটনা, অশুভদায়ক; অপ্রস্থান।

অযান, ন. [ন+যান] স্বভাব, অগমন, গমনাভাব; বাহনাদি হীন।

অযানয়, পুং. [অয+আনয়] [illegible]ম।

অযীন, ন. [ন+যীন] স্বভাব, প্রকৃতি; পথমধ্যেস্থিতি।

অয়ি, ব্য. [ই+ইন্]প্রশ্ন;সম্বোধন; অনুনয়।

অয়ীনয়, পুং. [ন+যীনয়] দেশ, প্রদেশ, রাষ্ট্র।

অযুক্, ত্রি. [ন+যুক্] অযুগল, একক।

অযুকচ্ছদ, পুং. [অযুজ্+চ্ছদ] সপ্তপর্ণবৃক্ষ, ছাতিমবৃক্ষ।

অযুক্ত, ত্রি. [ন+যুক্ত] অমিশ্রিত, বিযুক্ত, অসংলগ্ন, বিশ্লিষ্ট; অনুচিত, অনুপযুক্ত।

অযুক্তি, স্ত্রী. [ন+যুক্তি] নিযুক্তি, অসংযোগ; অপপার্থ; অকর্ত্তব্যতা।

অযুগ, ত্রি. [ন+যুগ]অদ্বিতীয়, একক,নিঃসঙ্গ, অযুগল, অযুক্, নির্দ্বন্দ্ব, দ্বয়াভাব

অযুগপৎ, ব্য. [ন+যুগপৎ] ক্রমশঃ, ক্রমে ক্রমে, শনৈঃ শনৈঃ।

অযুগ্ম-অযুগ্মক, ত্রি. [ন+যুগ্ম-ক] বিষমচ্ছদ, অযুগ, অযুগল, অযম।

অযুগ্মচ্ছদ, পুং. [ন+যুগ্ম+চ্ছদ] বিষমচ্ছদ, সপ্তপর্ণবৃক্ষ, ছাতিমগাছ।

অযুগল, ন. [ন+যুগল] দ্বয়রহিত, একক।

অযুত, ত্রি. [ন+যুত] অযুক্ত, অমিশ্রিত; (ন.) দশ সহস্র সংখ্যা, ১০,০০০ দশ হাজার।

অযুদ্ধ, ন. [ন+যুদ্ধ] যুদ্ধাভাব, অবিগ্রহ, অসংগ্রাম, সন্ধি, অবিরোধ।

অযুধিক-অযুধীয়, পুং. [ন+যুধিক-ঈয়] অযুধিক, যোদ্ধা, সৈন্য; শস্ত্রধর।

অয়ে, ব্য. সম্বোধনার্থ; বিষাদার্থ; স্মরণার্থ; কোপার্থ; সম্ভ্রমার্থ।

অযোগ, পুং. [ন+যোগ] বিশ্লেষ; বিচ্ছেদ, অনৈক্য, বিয়োগ, বিভেদ, বিধুর, মৃতভার্য্য, মৃতপত্নীক, স্ত্রীবিরহ; কঠিনোদ্যম, প্রয়াস, কূট; (ত্রি.) ধ্যানশূন্য।

অয়োগব, পুং. [অয়োগ+ব] বৈশ্য কন্যাতে শূদ্রের ঔরসজাত সন্তান, জাতিবিশেষ।

অয়োগুড়, পুং. [অয়স্+গুড়] লৌহগুলিকা, লোহার গুলি, অয়োগুড়ক।

অয়োগোলক, ন. [অয়স্+গোলক] লৌহ নির্ম্মিত গোলাকার বস্তু।

অযোগ্য, ত্রি. [ন+যোগ্য] অনুপযুক্ত, অক্ষম, অপারক। [অস্ত্র।

অয়োগ্র, ন. [অয়স্+অগ্র] মুষল, বাণাদি

অয়োঘন, পুং. [অয়স্+ঘন] একত্রীভূত লৌহপুঞ্জ, লৌহকূট, হাতুড়ী, নিহালী।

অযোজক, ত্রি. [ন+যোজক] অযুক্ত, বিশ্লিষ্ট।

অযোজন, স্ত্রী.ন. [ন+যোজন] বিযোগ, অসংযোগ।

অযোত্র, ত্রি. [ন+যোত্র] অধন, বিত্তবিহীন, নিঃস্ব, নিষ্কিঞ্চন।

অযোত্রাপন্ন, ত্রি. [অযোত্র+আপন্ন] নির্ধন, নিঃস্ব, সঙ্গতিহীন। [দন্ত।

অয়োদৎ, ত্রি. [অয়স্+দৎ] লৌহদন্ত, বজ্র-

অযোধ্য, ত্রি. [ন+যোধ্য] শত্রু প্রতি যুদ্ধকরণে অক্ষম; অযোগ্য যোদ্ধা।

অযোধ্যা, স্ত্রী. [ন+যোধ্যা] শ্রীরামনগরী, সাকেত, কোশলা, উত্তরকোশলা, অওদ্‌দেশ। [অমুৎপন্ন।

অযোনি, ত্রি. [ন+যোনি] যোনি ভিন্ন;

অযোনিজ, ত্রি. [অযোনি+জ] শোণিত জাত নহে, যোনিষাভাভাব, অগর্ব্ভোৎপন্ন, বৃক্ষাভেদ।

অয়োময়, ত্রি. [অয়স্‌+ময়] লৌহময়, লৌহিক।

অয়োমল, ন. [অয়স্‌+মল] লৌহমল, লোহার মড়িচা, মণ্ডূর, লৌহকিট্ট।

অয়োমুখ, ত্রি. [অয়স্‌+মুখ] লোহাগ্র, অয়োগ্র।

অয়োহৃদয়, ত্রি. [অয়স্‌+হৃদয়] বজ্রহৃদয়, লৌহহৃদয়, কঠিনান্তঃকরণ, পাষাণহৃদয়, নির্দ্দয়।

অর, পুং. [ঋ+অ] জিনদিগের কালচক্রের দ্বাদশাংশ এবং অবসর্পিণীর ষড়ভাগ, জিনদিগের অষ্টাদশ তীর্থঙ্কর; (ত্রি.) শীঘ্রগমন; (ন.) শীঘ্র; চক্রাঙ্গ, চাকারপাকি। [পর্পট।

অরক, পুং. [অর+অক] শৈবাল, শেওলা;

অরগ্বধ, পুং. [অরগ্‌+বধ] আরগ্বধ বৃক্ষ, সোঁদালিবৃক্ষ। [তুলন যন্ত্র।

অরঘট্ট, পুং. [অর+ঘট্ট] মহাকূপ; জলো-

অরঘট্টক, পুং. [অর+ঘট্টক] মহাকূপ, জলতুলিবার যন্ত্র বিশেষ।

অরঙ্গ, ত্রি. [ন+রঙ্গ] বিবর্ণ, নীরক্ত, বদরং।

অরঙ্গর, পুং. [অরম্‌+গর] কৃত্রিম বিষ, কাল্পনিক গরল।

অরজ্‌, (যাং) আবেদন, দরখাস্ত।

অরজ্‌বেগ, (যাং) যে ব্যক্তি রাজসদনে আবেদন করে।

অরজা, স্ত্রী. [ন+রজস্‌] কন্যা, কুমারী (ত্রি.) রজোগুণ রহিত।

অরটু, পুং. [ঋ+অটু] অরলু বৃক্ষ

অরণ, ব্য. [ন+রণ] যুদ্ধাভাব, নিরুপদ্রব, নির্ব্বিরোধ

অরণা, (প্রা) মহিষ, ময়ার

অরণি, পুং. [ঋ+অনি] গণিকারিকাবৃক্ষ; সূর্য্য; (পুং.স্ত্রী.) নির্ম্মন্থ্যদারু, ঘর্ষণ দ্বারাগ্নিজনককাষ্ঠ, অগ্নিসাধনীভূতকাষ্ঠ।

অরণী, স্ত্রী. [ঋ+অনী] অরণি। [বৃক্ষ।

অরণীকেতু, পুং. [অরণী+কেতু] অগ্নিমন্থ

অরণ্য, ন. [ঋ+অন্য] বন, কানন, বিপিন, অটবী, কান্তার, জঙ্গল, গহন, দাব, দব, কুত্র, রিক্ত, তল্ক, গুহিন, ঝাট; (পুং.) কট্‌ফলবৃক্ষ।

অরণ্যকদলী, স্ত্রী. [অরণ্য+কদলী] গিরিকদলী, পাহাড়িয়া কলা।

অরণ্যকার্পাসী, স্ত্রী. [অরণ্য+কার্পাসী] বনকার্পাসী, বনকাপাস, বনজা, ভারদ্বাজী, বনোদ্ভবা।

অরণ্যকুলত্থিকা, স্ত্রী. [অরণ্য+কুলত্থিকা] কুলত্থা, বনকুলথী।

অরণ্যকুসুম্ভ, পুং. [অরণ্য+কুসুম্ভ] বনকুসুম্ভ, কৌসুম্ভ, অগ্নিসম্ভব।

অরণ্যঘোলী, স্ত্রী. [অরণ্য+ঘোলী] বনঘোলী পত্রশাকবিশিষ্ট, ঘোলমউনীশাক।

অরণ্যচটক, পুং. [অরণ্য+চটক] বনচটক, ধূষর, ভূমিশয়। [কাননজাত।

অরণ্যজ, ত্রি. [অরণ্য+জ] বনজ, বনোৎপন্ন,

অরণ্যজার্দ্রকা, স্ত্রী. [অরণ্যজ+আর্দ্রকা] বনার্দ্রক, বনআদা।

অরণ্যজীর, পুং. [অরণ্য+জীর] বনজীরা।

অরণ্যধান্য, ন. [অরণ্য+ধান্য] নীবার, উড়ীধান।

অরণ্যবায়স, পুং. [অরণ্য+বায়স] দ্রোণকাক, ক্রূররাবী, ডাঁড়কাক।

অরণ্যবাসী, পুং. [অরণ্য+বাসিন্‌] বনস্থ, বনবাসী, যতী, তপস্বী, মুনি।

অরণ্যবাসিনী, স্ত্রী. [অরণ্য+বাসিনী] অত্যম্লপর্ণীলতা। [বনবেতো শাক।

অরণ্যবাস্তুক, পুং. [অরণ্য+বাস্তুক] বনবাস্তুক

অরণ্যমক্ষিকা, স্ত্রী. [অরণ্য+মক্ষিকা] দংশ, ডাঁস, উড্ডংশ। [বনমুগ

অরণ্যমুদ্গ, পুং. [অরণ্য+মুদ্গ] মকুষ্টক,

অরণ্যশালি, পুং. [অরণ্য+শালি] নীবার, বনধান্য।

অরণ্যশূরণ, পুং. [অরণ্য+শূরণ] বনশূরণ, বনওল।
অরণ্যশ্বা, পুং. [অরণ্য+শ্বন্] বৃক, নেকড়াবাঘ। [ষষ্ঠী, বাঁটাষষ্ঠী।
অরণ্যষষ্ঠী, স্ত্রী. [অরণ্য+ষষ্ঠী] জ্যৈষ্ঠশুক্ল-
অরণ্যানী, ত্রি. [অরণ্য+আনী] মহাবন, বৃহদরণ্য, নিবিড় বন। [নিস্পৃহ।
অরত, ত্রি. [ন+রত] বীতরাগ, নিঃসঙ্গ,নিরীহ,
অরতত্রপ, পুং.স্ত্রী. [অরত+ত্রপ] কুক্কুর, শ্বান; (ত্রি.) রতি লজ্জাহীন, শৃঙ্গার করণে লজ্জা রহিত।
অরতি, ত্রি. [ন+রতি] বিরতি; রতিরহিত, রতিশূন্য, অনাসক্ত; (স্ত্রী.) অনবস্থিত চিত্তজন্য ;ক্রীড়াভাব; রতিবিরহ; (পুং.) ক্রোধ, কোপ। [কুর্পর।
অরত্নি, পুং. [ন+রত্নি] অমুষ্টি হস্ত, পরিমাণ
অরথ, পুং. [ন+রথ] অশকট,কুরথ,রথহীন।
অরন্ধন, ন. [ন+রন্ধন] পাকাভাব, ভাদ্রমাসে মনসাব্রত ইহাকে অরন্ধন কহে, এবং ভাদ্রমাসে সংক্রান্তি দিনে রন্ধন না করাকে বৃদ্ধারন্ধন বলে।
অরব, ত্রি. [ন+রব] নিঃশব্দ, মৌনী, নির্ব্বচন।
অরবিন্দ, ন. [অর+বিন্দ] পদ্ম; সারসপক্ষী; তাম্র; রক্তকমল; নীলোৎপল।
অরবিন্দনাভি, পুং. [অরবিন্দ+নাভি] বিষ্ণু।
অরবিন্দিনী, স্ত্রী. [অর+বিন্দিনী] নলিনী; পদ্মসমূহ; পদ্মাকর। [মন্দ।
অরম, ত্রি. [ন+রম] অপকৃষ্ট, অবম, অধম,
অরম্য, ত্রি. [ন+রম্য] নিকৃষ্ট, অধম,অপ্রিয়।
অরর, ত্রি.[ঋ+অর] কবাট, আচ্ছাদন, দ্বার; করীর কোষ। [দ্বার।
অররি-অররী, পুং.ন. [ঋ+অরিন্] কপাট,
অররু, পুং. [ঋ+অরু] শত্রু, বৈরি, অরি।
অররে, ব্য. ত্বরান্বিত সম্বন্ধি, শীঘ্র সম্বোধন।
অরলু, পুং. [ঋ+অলু] শ্যোনাকবৃক্ষ,শোনাগাছ। [অবিদগ্ধ
অরস, ত্রি. [ন+রস] বিরস, রসহীন, বিস্বাদ,
অরসিক, ত্রি. [ন+রসিক] অরসজ্ঞ, অবিদগ্ধ।
অরহর, (প্রা) আঢ়কী, কলায়।
অরহস্য, ত্রি. [ন+রহস্য] প্রকাশ, প্রকট, অবিবিক্ত।
অরক্ষক, ত্রি. [ন+রক্ষক] রক্ষক রহিত, অভিভাবক বিহীন, অশাসক।
অরক্ষকতা, স্ত্রী. [ন+রক্ষকতা] রক্ষক না থাকা, অরক্ষণ।
অরক্ষণ, ন. [ন+রক্ষণ] অনভিরক্ষণ।
অরক্ষণীয়, ত্রি. [ন+রক্ষণীয়] রক্ষণানুপযুক্ত।
অরক্ষিত, ত্রি. [ন+রক্ষিত] অকৃতরক্ষণ, রক্ষা না করা। [লক।
অরক্ষিতা, স্ত্রী. [ন+রক্ষিতা] অরক্ষক, অপা-
অরাগ-অরাগী, ত্রি. [ন+রাগ-রাগিন্] বীতরাগ, অব্যগ্র, বিরাগী।
অরাজক, ত্রি.[ন+রাজক]রাজা শূন্য দেশাদি, নৃপরহিত, বিচারহীন দেশ।
অরাজকপুরী, ত্রি. [অরাজক+পুরী] রাজা রহিত নগরী।
অরাজকসময়, পুং.[অরাজক+সময়]অনায়ককাল, রাজদ্বয়মধ্যগত।
অরাৎ, ব্য. অতিদূর, দূরতঃ।
অরাতি, পুং. [ন+রাতি] শত্রু,বিপক্ষ, অরি।
অরাতিভঙ্গ, পুং. [অরাতি+ভঙ্গ] শত্রুভঙ্গ, বৈরি বিনাশ।
অরাল, ত্রি. [অর+আ+ল] বক্রীকৃত, কুটিল, বক্র,টেড়া; (পুং) সর্জ্জরস; মত্তহস্তী; বক্রহস্ত। [লভা; কুলটা।
অরালা, স্ত্রী. [অরাল+আ] অধৃষ্টা; প্রগ-
অরি, পুং. [ঋ+অ+ই] শত্রু, অরাতি, রিপু, বিপক্ষ; চক্র, খদির ভেদ; সন্দানিকা, দালী, খদিরপত্রিকা।
অরিকৃথভাক্, পুং. [ন+রিকৃথ+ভাজ্] অদায়িক, দায়াদহীন, অনুত্তরাধিকারী
অরিতা, স্ত্রী.[অরি+তা]শত্রুতা, প্রতিপক্ষতা, বিপক্ষতা, বৈরিতা
অরিত্র,ন. [ঋ+ই+ত্র] নৌকার হালি,নৌকার কর্ণ, কেনিপাত,কেনিপাতক,পোতরক্ষ।
অরিনন্দন, ত্রি. [অরি+নন্দন] শত্রুজয়ানন্দ।
অরিন্দম, ত্রি. [অরিন্+দম] শত্রুজয়ী, বিপক্ষের দমনকর্ত্তা। [নিঃশত্রু।
অরিপু, ত্রি. [ন+রিপু] প্রতিপক্ষাভাব,

অরিপুর, ন. [অরি+পুর] শত্রুরদেশ।
অরিবর্গ, পুং. [অরি+বর্গ] শত্রুর দল।
অরিমর্দ্দ, পুং. [অরি+মর্দ্দ] কাসমর্দ্দ বৃক্ষ।
অরিমেদ, পুং. [অরি+মেদ] বৃক্ষবিশেষ; গুইয়াবাবলা, ইরিমেদ, রিমেদ, গোধাস্কন্দ, অরিমেদক, অহিমার, পূতিমেদ, অহিমেদক, বিট্‌খদির।
অরিমিত্র, পুং. [অরি+মিত্র] শত্রুরবন্ধু, শত্রুর সহায়।
অরিষ্ট-ক, ন. [ন+রিষ্ট-ক] সূতিকাগৃহ; অশুভ; তক্র; মরণচিহ্ন; শুভ; উপদ্রব, তৎপর্য্যায়।—উপলিঙ্গ, উপসর্গ, অজন্য, ঈতি, উৎপাত; (পুং.) লশুন; নিম্ব; ফেনিলবৃক্ষ; কাক; কঙ্কপক্ষী; বৃষভাসুর; মদ্যবিশেষ
অরিষ্টদুষ্টধী, ত্রি. [অরিষ্ট+দুষ্টধী] আসন্ন মরণার্থ দুর্বুদ্ধিযুক্ত, বিবশ।
অরিষ্টনেমী, পুং. [অরিষ্ট+নেমী] জিনমতাবলম্বীদিগের চতুর্ব্বিংশতি জিনান্তর্গত দ্বাবিংশতি তীর্থঙ্কর বিশেষ, রাজভেদ।
অরিষ্টসূদন, পুং. [অরিষ্ট+সূদন] বিষ্ণু; (ত্রি.) অশুভ নাশক।
অরিষ্টা, স্ত্রী. [অরিষ্ট+আ] কটুকা, কট্‌কী।
অরিষ্ঠানক, ন. [অরি+স্থানক] বিস্ময়, চমৎকার, ব্যাকুলতা।
অরিহিংসক, পুং. [অরি+হিংসক] প্রতিহিংসক, প্রতিশোধক।
অরীতি, স্ত্রী. [ন+রীতি] কুরীতি, কদাচার, অসচ্চরিত্র।
অরুংষিকা, স্ত্রী. [অরুংষিক+আ] মস্তকের বিস্ফোটক
অরুঃ, পুং. [ঋ+উস্] সূর্য্য; রক্তখদির; (পুং.ন.) ব্রণ, ক্ষত; (বা.) মর্ম্ম, সন্ধিস্থান; জীবস্থান। [সুস্থ।
অরুক্, ত্রি. [ন+রুজ্] অরোগ, নীরোগ,
অরুগ্ন, ত্রি. [ন+রুগ্ন] নীরোগ, সুস্থ, নীরুজ।
অরুচি, স্ত্রী. [ন+রুচি] রোগবিশেষ, আহারে অনভিলাষ, অনিচ্ছা; বিতৃষ্ণা, অরোচক, অশ্রদ্ধা।
অরুচির, ত্রি. [ন+রুচির] অমনোজ্ঞ, অপকৃষ্ট। [অরুচিকর।
অরুচ্য, ত্রি. [ন+রুচ্য] বিস্বাদু, বিতুষ্টিকর,
অরুজ, পুং. [ন+রুজ] আরগ্বধবৃক্ষ; সোঁদালি, রোগভিন্ন।
অরুণ, পুং. [ঋ+উন] সূর্য্যসারথি, বিনতাপুত্র, গরুড়াগ্রজ, সূরসূত, অনূরু, কাশ্যপি; অর্কবৃক্ষ; সূর্য্য; অব্যক্তরাগ, ঈষদ্রক্তবর্ণ; সন্ধ্যারাগ; শব্দরহিত; কপিলবর্ণ; কুষ্ঠভেদ; পুন্নাগবৃক্ষ; গুড়; প্রত্যূষ; (ন.) কুঙ্কুম; সিন্দূর (ত্রি.) অরুণ গুণবিশিষ্ট, তাম্রবর্ণ।
অরুণকমল, ন. [অরুণ+কমল] রক্তোৎপল; রক্তপদ্ম। [রক্তবর্ণ।
অরুণবর্ণ, ত্রি. [অরুণ+বর্ণ] পিঙ্গলবর্ণ;
অরুণলোচন, পুং. [অরুণ+লোচন] রক্তনেত্র; কপোত, পারাবত; কোকিল।
অরুণসারথি, পুং. [অরুণ+সারথি] সূর্য্য, ভানু, দিবাকর।
অরুণা, [অরুণ+আ] অতিবিষা; শ্যামা; মঞ্জিষ্ঠা; ত্রিবৃতা, ইন্দ্রবারুণী; গুঞ্জা; মুণ্ডিতিকা। [বিহঙ্গপ
অরুণাগ্রজ, পুং. [অরুণ+অগ্রজ] গরুড়,
অরুণাত্মজ, পুং. [অরুণ+আত্মজ] অরুণ পুত্র। [গরুড়।
অরুণাবরজ, পুং. [অরুণ+অবরজ] বৈনতেয়.
অরুণিমা, পুং. [অরুণ+ইমন্] রক্তত্ব, রক্তিমা। [বিশেষ।
অরুণীয়, পুং. [অরুণ+ঈয়] উপনিষৎ
অরুণোদয়, পুং. [অরুণ+উদয়] সূর্য্যোদয়ের পূর্ব্ব মুহূর্ত্তদ্বয় কাল, অহর্মুখ, উষ, নিশান্ত।
অরুণোদয়সপ্তমী, স্ত্রী. [অরুণোদয়+সপ্তমী] মাঘশুক্লাসপ্তমী, মাকরীসপ্তমী।
অরুণোপল, পুং. [অরুণ+উপল] রক্তবর্ণ প্রস্তর; মণিবিশেষ, চুনী, পদ্মরাগ, লোহিতর্ক, লক্ষ্মীপুষ্প।
অরুদিত, ত্রি. [ন+রুদিত] অননুশোচিত, অক্রন্দিত, অবিলপিত।
অরুদ্ধ, ত্রি. [ন+রুদ্ধ] মুক্ত, অবদ্ধ, খোলা।

অরুন্তুদ, ত্রি. [অরুং+তুদ] মর্ম্মপীড়ক, মর্ম্ম-স্পৃক্, অরুষ্কর, প্রখর; ক্ষয়কারী,ভেলা।

অরুন্ধতী, স্ত্রী. [অরুন্+ধতী] বশিষ্ঠ মুনির পত্নী, অক্ষমালা, কর্দ্দম মুনি কন্যা মহা-সাধ্বী; অতি সূক্ষ্ম নক্ষত্র বিশেষ, কৃত্তিকা।

অরুন্ধতীজানি, পুং. [অরুন্ধতী+জানি] বশিষ্ঠ মুনি। [মুনি।

অরুন্ধতীনাথ, পুং. [অরুন্ধতী+নাথ] বশিষ্ঠ

অরুশ, ত্রি. [ন+রুশ] চিকন, শেশন।

অরুষ্ক, পুং. [অরুস্+ক] ভল্লাতকবৃক্ষ।

অরুষ্কর, ত্রি. [অরুস্+কর] ব্রণকর, ক্ষত-কারক; (ন. পুং.) ভল্লাতকবৃক্ষ।

অরুষ্ট, ত্রি. [ন+রুষ্ট] প্রসন্ন, শান্ত, বীত-রাগ। [আমলা।

অরুহা, স্ত্রী. [ন+রুহ+আ] ভূধাত্রী, ভুমি,

অরূপ, ত্রি. [ন+রূপ] কুরূপ, কুৎসিতরূপ, কুশ্রী; নীরূপ, নিরাকার।

অরূপক, ত্রি. [ন+রূপক] মূলার্থক, অব্যঞ্জক, মুখ্যার্থক। [কুৎসিত।

অরূপবান, ত্রি. [অরূপ+বৎ] কুশ্রী, কুরূপী,

অরূষ, পুং. [ঋ+উষ] সর্পবিশেষ, সূর্য্য।

অরে, বা. নীচ সম্বোধন; সক্রোধ আহ্বান; অপাকৃতি, অসূয়া, ওরে।

অরেরে, বা. অধম সম্বোধন; সক্রোধ আহ্বান, ওরে, রে, অহে।

অরোক, ত্রি. [ন+রুচ্] নিষ্প্রভ, দীপ্তি রহিত; অচ্ছিদ্র।

অরোকদন্ত, ত্রি. [অরোক+দন্ত] মলিন দশন, অমলদন্ত। [নিরাময়।

অরোগ, ত্রি. [ন+রোগ] নীরোগ, সুস্থ,

অরোচক, পুং. [ন+রোচক] রোগবিশেষ, অরুচিরোগ, (ত্রি.) অরুচিকারক দ্রব্য বিশেষ। [অমনোজ্ঞ, অরুচির।

অরোচিষ্ণু, ত্রি. [ন+রোচিষ্ণু] অরম্য,

অরোধ্য, ত্রি. [ন+রুধ+য] অবাধ, অনি-রুদ্ধ, অপ্রতিবন্ধ।

অরোষ, পুং. [ন+রোষ] শান্তি, অব্যা-কুলতা, প্রসাদ, শমতা, স্থৈর্য্য, স্থিরতা, কোপশূন্যা।

অর্ক, পুং. [অর্ক্+অ] সূর্য্য, ইন্দ্র; তাম্র, স্ফটিক; পণ্ডিত; জ্যেষ্ঠভ্রাতা; রবিবার, বৃক্ষ বিশেষ; আকন্দগাছ তৎ-পর্য্যায়।—ক্ষীরদল, পুচ্ছী, প্রতাপ, ক্ষীরকাণ্ডক, বিক্ষীর, ক্ষীরী, খর্জ্জুঘ্ন, শীতপুষ্পক, জম্ভন, ক্ষীরপর্ণী, বিকী-রণ, সদাপুষ্প, সূর্য্যাহ্ব, আস্ফোতক, তুলফল, সুকফল, বসুক, আস্ফোত, গণরূপ, মন্দার, অর্কপর্ণ; শ্বেতআকন্দ তৎপর্য্যায়।—শ্বেতার্ক, অলর্ক, রাজার্ক, প্রতাপস, গণরূপী; রক্তার্কপর্য্যায়।—বিশ্বোর, সদাপুষ্পী, রূপিকা, আদিত্য-পুষ্পিকা, দিব্যপুষ্পিকা।

অর্ককান্তা, স্ত্রী.[অর্ক+কান্তা] আদিত্যভক্তা-বৃক্ষ, হুড়হুড়িয়াগাছ; সূর্য্যেরপত্নী।

অর্কচন্দন, ন. [অর্ক+চন্দন] রক্তচন্দন।

অর্কজৌ, পুং. [অর্ক+জ+ঔ] অশ্বিনীকুমার স্বর্বৈদ্য।

অর্কতনয়, পুং. [অর্ক+তনয়] কর্ণরাজ; বৈবস্বতমনু, সাবর্ণি মনু; শনি; যম।

অর্কতনয়া, স্ত্রী. [অর্ক+তনয়া] যমুনা, কালিন্দী, শম্বরণপত্নী তপতী।

অর্কত্বিট্, স্ত্রী. [অর্ক+ত্বিষ্] কিরণ, রশ্মি।

অর্কদিন, ন.[অর্ক+দিন] রবিবার সূর্য্যদিবস।

অর্কনন্দন, পুং. [অর্ক+নন্দন] সূর্য্যতনয়।

অর্কপত্র, পুং. [অর্ক+পত্র] আদিত্যপত্র বৃক্ষ,অর্কপর্ণ।

অর্কপত্রা, স্ত্রী. [অর্ক+পত্রা] বৃক্ষবিশেষ, ইশেরমূল, তৎপর্য্যায়।—সুনন্দা অর্ক-মূলা, বিষাপহা। [গাছ।

অর্কপর্ণ, পুং. [অর্ক+পর্ণ] অর্কবৃক্ষ, আকন্দ-

অর্কপাদপ, পুং. [অর্ক+পাদপ] নিম্ববৃক্ষ।

অর্কপুষ্পিকা, স্ত্রী. [অর্ক+পুষ্পিকা] বৃক্ষভেদ, অর্কহুলী, হুলীপুষ্প, পয়স্যা, সূর্য্যবল্লী, সিতপর্ণী।

অর্কপুষ্পী, স্ত্রী. [অর্ক+পুষ্পী] কুটুম্বিনীবৃক্ষ।

অর্কপ্রিয়া, স্ত্রী. [অর্ক+প্রিয়া] জবাপুষ্প।

অর্কবন্ধু-অর্কবান্ধব, পুং. [অর্ক+বন্ধু-বান্ধব] গৌতমমুনি; ইক্ষ্বাকু কুলোদ্ভব শাক্য-বংশীয় বুদ্ধ।

অর্কব্রত, ন. [অর্ক+ব্রত] আরোগ্য সপ্তম্যাদি সূর্য্যব্রত,সূর্য্যের জলশোষণ স্বরূপ রাজাদিগের প্রজার নিকট করগ্রহণ।
অর্কবেধ, ন. [অর্ক+বেধ] তালীশপত্র।
অর্কভক্তা, স্ত্রী. [অর্ক+ভক্তা] আদিত্যভক্তা বৃক্ষ, হুড়হুড়িয়াগাছ।
অর্কমণ্ডল, পুং. [অর্ক+মণ্ডল] সূর্য্যমণ্ডল, সূর্য্যবিম্ব। [ইশের মূল।
অর্কমূলা, স্ত্রী. [অর্ক+মূল+আ] অর্কপত্রা,
অর্করেতোজ, পুং. [অর্ক+রেতস্+জ] সূর্য্যপুত্রবিশেষ, রেবন্ত, প্লবগ, হয়বাহন।
অর্কসূনু, পুং. [অর্ক+সূনু] যম। [হস্তী।
অর্কসোদর, পুং. [অর্ক+স+উদর] ঐরাবত
অর্কহিতা, স্ত্রী. [অর্ক+হিতা] আদিত্য ভক্ত.বৃক্ষ, হুড়হুড়িয়া গাছ।
অর্কাশ্মা, পুং. [অর্ক+অশ্মন্] অরুণোপল, সূর্য্যকান্তমণি। [আকন্দগাছ।
অর্কাহ্ব, পুং. [অর্ক+আহ্ব] অর্কবৃক্ষ,
অর্কোপল,পুং. [অর্ক+উপল]সূর্য্যকান্তমণি।
অর্গল, ন. স্ত্রী. [অর্গ+ল] দেবীমাহাত্ম্য পাঠে আদৌ পঠনীয় স্তোত্রবিশেষ, কপাটবন্ধক কাষ্ঠবিশেষ, হুড়কা; তস্‌লা (ত্রি.) কল্লোল।
অর্গলিক, স্ত্রী. [অর্গলিক+অ] অল্পার্গলা, খিল, হুড়কা গোঁজ
অর্ঘ, পুং. [অর্ঘ+অ] পূজাবিধি ; মূল্য।
অর্ঘীশ, পুং. [অর্ঘ+ঈশ] শিব।
অর্ঘ্য, ত্রি. [অর্ঘ+য] পূজনযোগ্য পূজ্য, অর্ঘ্যার্থ; অর্ঘার্থজল; (ন.) জরৎকারু মুনি, তপোবন তরূদ্ভুত মধু।
অর্চ্চক, পুং. [অর্চ্চ+ক] পূজক, উপাসক, অর্চ্চনাকারী, সপর্য্যা।
অর্চ্চন, ন. [অর্চ্চ্+অন্] পূজন, উপাসনা, ভজন, অর্হণ। [ভক্তি।
অর্চ্চনা, স্ত্রী. [অর্চ্চন+আ] পূজা, উপাসনা,
অর্চ্চা, স্ত্রী. [অর্চ্চ+আ] পূজা; প্রতিমা, দেবমূর্ত্তি।
অর্চ্চিঃ, স্ত্রী. [অর্চ্চ+ইস্] অগ্নিশিখা;(স্ত্রী,ন.) অগ্নিশিখা; কিরণ; দীপ্তি। [অর্চ্চিত।
অর্চ্চিত, ত্রি. [অর্চ্চ+ইত]পূজিত; আরাধিত,
অর্চ্চিষ্মান্, পুং. [অর্চ্চিস্+মৎ] অগ্নি; সূর্য্য, (ত্রি.) দীপ্তিমান, দেদীপ্যমান। [রশ্মি।
অর্চ্চিস্, ত্রি. [অর্চ্চ+ইস্] অগ্নিশিখা, দীপ্তি,
অর্চ্চ্য, ত্রি. [অর্চ্চ+য] পূজনীয়, পূজ্য, পূজার্হ।
অর্জ্জক, ত্রি. [অর্জ্জ+ক] উপার্জ্জনকর্ত্তা, উপার্জ্জক; (পুং.) শ্বেতপর্ণাস, বাবুই, তৎপর্য্যায়।—শ্বেতচ্ছদ, গন্ধপত্র, পাতা, কুঠেরক। বর্ব্বরীভেদ, পশ্চিম দেশখ্যাত আজবলাই, তৎপর্য্যায়।—ক্ষুদ্রতুলসী, ক্ষুদ্রপর্ণ, মুখার্জ্জক, উগ্রগন্ধ, জম্বীর, কুঠের, কঠিঞ্জর; সামান্যতুলসী।
অর্জ্জন, ন. [অর্জ্জ+অন] উপার্জ্জন, প্রাপ্তি, লাভ, প্রতিপত্তি।
অর্জ্জিত, ত্রি. [অর্জ্জ+ইত] উপার্জ্জিত, উপায়, লব্ধ।
অর্জ্জুন, পুং. [অর্জ্জ+উন] পাণ্ডুরাজার তৃতীয়পুত্র, ইন্দ্রঔরসে কুন্তীগর্ব্ভজাত, তৎপর্য্যায়।—ফাল্গুন, জিষ্ণু, কিরীটী, শ্বেতবাহন, বীভৎসু, বিজয়, কৃষ্ণ, সব্যসাচী,ধনঞ্জয়, পার্থ, শক্রনন্দন, গাণ্ডীবী, মধ্যমপাণ্ডব, শ্বেতবাজী, কপিধ্বজ, রাধাভেদী, সুভদ্রেশ, গুড়াকেশ, বৃহন্নল, ঐন্দ্রি, স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, আজন, তৎপর্য্যায়—নদীসর্জ্জ, বীরতরু, ইন্দ্রদ্রু, ককুভ, শম্বর, পার্থ, চিত্রযোধী, ধনঞ্জয়, বৈরান্তক, কিরীটী, গাণ্ডীবী, শিবমল্লক, সব্যসাচী, কর্ণারি, করবীরক, কৌন্তেয়, ইন্দ্রসূনু, বীরদ্রু, কৃষ্ণসারথি, পৃথাজ, ফাল্গুন, ধন্বী; কার্ত্তবীর্য্যার্জ্জুন; ময়ূর; মাতুরেকসুত; শ্বেতবর্ণ; (ত্রি.) তদ্বিশিষ্ট; (ন.স্ত্রী.) তৃণ; নেত্ররোগ। [মান।
অর্জ্জুনধ্বজ, পুং. [অর্জ্জুন+ধ্বজ] হনু-
অর্জ্জুনী, স্ত্রী. [অর্জ্জুন+ঈ] গাভী; করতোয়া নদী; কুটনী; উষা।
অর্জ্জুনোপম, পুং. [অর্জ্জুন+উপম] বৃক্ষভেদ, শেগনগাছ, মহাপাত্র, শাকবৃক্ষ, অনীল, অর্ণ, শাকাখ্য, খরপত্র।
অর্ণ, পুং. [ঋ+ন] বর্ণ, অক্ষর; শাকবৃক্ষ; (ন.) জল; ছন্দোবিশেষ।

অর্ণব, পুং. [অর্ণস্+ব] সমুদ্র, সাগর, অব্ধি, ছন্দোবিশেষ। [ফেণা।
অর্ণবজ, পুং. ন. [অর্ণব+জ] সমুদ্রফেন,
অর্ণবতরি, পুং. [অর্ণব+তরি] জাহাজ, বৃহন্নৌকা, সমুদ্রযান, বৃহৎ পোত।
অর্ণবপোত, পুং. [অর্ণব+পোত] জাহাজ, বৃহন্নৌকা, সমুদ্রযান।
অর্ণবমন্দির, পুং. [অর্ণব+মন্দির] বরুণ।
অর্ণবযান, ন. [অর্ণব+যান] জাহাজ, বৃহন্নৌকা। [বৃক্ষ।
অর্ণবোদ্ভব, পুং. [অর্ণব+উদ্ভব] অগ্নিজার
অর্ণস্, ন. [ঋ+অনস্] জল, বারি, সলিল।
অর্ণা, (প্রা) বন্যপশু, বনচর জন্তু; জঙ্গলী।
অর্ণোদ, পুং. [অর্ণস্+দ] বারিদ, মেঘ; মুথা।
অর্ণোভব, পুং, [অর্ণস্+ভব] শঙ্খ।
অর্ত্তগল, পুং. [অর্ত্ত+গল] আর্ত্তগল, নীলঝিণ্টিকা। [গর্হা।
অর্ত্তন, ন. [ঋৎ+অন] জুগুপ্সা, নিন্দা,
অর্ত্তি, স্ত্রী. [অর্দ্দ্+তি] পীড়া, যন্ত্রণা; ধনু অগ্রভাগ।
অর্ত্তিক, পুং. [অর্ত্তি+ক] পিষ্টক, পূপ; (ত্রি.) পীড়িত, দুঃখিত।
অর্ত্তিকা, স্ত্রী. [অর্ত্তিক+আ] অন্তিকা, নাট্যোক্তিতে জ্যেষ্ঠা ভগিনী। [নাশক।
অর্ত্তিহা, ত্রি. [অর্ত্তি+হা] পীড়ান্তক, দুঃখ
অর্থ, পুং. [ঋ+থ] বিষয়; যাচ্ঞা; ধন; কারণ; বস্তু; শব্দপ্রতিপাদ্য; নিবৃত্তি; প্রয়োজন; প্রকার; তাৎপর্য্য।
অর্থক, ত্রি. [অর্থ+ক] বিষয়ক, সম্বন্ধী।
অর্থকর, ত্রি. [অর্থ+কর] ফলোৎপাদক, প্রতিপাদক, লাভকর, অর্থজনক।
অর্থকৃৎ, ত্রি. [অর্থ+কৃৎ] অর্থদ, সার্থক, অনিরর্থক, ফলদ,লভনীয়। [বিত্তেহা।
অর্থকাম, পুং. [অর্থ+কাম] কৃপণ, ধনার্থী,
অর্থকামকর, ত্রি. [অর্থকাম+কর] কৃপণের বাঞ্ছাপূর, কামপূর্ণকর।
অর্থকারক-অর্থকারী, ত্রি. [অর্থ+কারক-কারিন্] লাভজনক, হিতকারক; ভাষা কারক, ভাষান্তর বক্তা।

অর্থগ্রাহক, ত্রি. [অর্থ+গ্রাহক] উপযোগী, সঙ্গত, যুক্ত।
অর্থঘ্ন, ত্রি. [অর্থ+ঘ্ন] ব্যয়শীল, বহুব্যয়ী, অতিব্যয়ী, অপচেত্রী।
অর্থজ্ঞ, ত্রি. [অর্থ+জ্ঞ] ভাবজ্ঞ, মর্ম্মজ্ঞ।
অর্থজ্ঞান, ন. [অর্থ+জ্ঞান] তাৎপর্য্যবোধ।
অর্থতঃ, ব্য. [অর্থ+তস্] ফলতঃ, অর্থাৎ, বস্তুতঃ।
অর্থদ, ত্রি. [অর্থ+দ] দানশীল, বদান্য, অকৃপণ, দাতা।
অর্থদূষণ, ন. [অর্থ+দূষণ] মহাব্যয়, ধনোৎসর্গ, অপরিমিত ব্যয়।
অর্থন-অর্থনা, ন,স্ত্রী. [অর্থ+অন্-আ] প্রার্থনা, যাচ্ঞা, ভিক্ষা, বাঞ্ছা।
অর্থনাশ, ন. [অর্থ+নাশ] ধননাশ; নিরাশ।
অর্থপতি, পুং. [অর্থ+পতি] কুবের; রাজা; ধনাধিপতি।
অর্থপর, ত্রি. [অর্থ+পর] কৃপণ, ব্যয়শঙ্কিত।
অর্থপ্রয়োগ,পুং. [অর্থ+প্রয়োগ] বৃদ্ধিনিমিত্ত ধন দেওন, বৃদ্ধিজীবিকা, কুসীদজীবন, সুদে দেয়া, বাড়ীদেয়া। [লাভ।
অর্থপ্রাপ্তি, স্ত্রী. [অর্থ+প্রাপ্তি] সম্প্রাপ্তি,
অর্থবত্তা, স্ত্রী. [অর্থ+বৎ+ত্বা] প্রয়োজনার্হতা; ফলোৎপাদন।
অর্থবাদ, পুং. [অর্থ+বাদ] স্তুতি, প্রশংসা; অর্থবাদ, ত্রিবিধ যথা—গুণবাদ, অনুবাদ, ভূতার্থবাদ; মতান্তরে সপ্তবিধ যথা।— স্তুত্যর্থবাদ, ফলার্থবাদ, নিন্দার্থবাদ, সিদ্ধার্থবাদ, পরকৃতি, পুরাকল্প, মন্ত্র।
অর্থবান্, ত্রি. [অর্থ+বৎ] ধনী, ধনসম্পন্ন, ধনাঢ্য; অর্থবোধক, বাচক; প্রয়োজনীয়, অর্থপ্রাপক; অভিপ্রেত, (পুং.) পুরুষ।
অর্থবিজ্ঞান, ন. [অর্থ+বিজ্ঞান] শুশ্রূষাদি অষ্টগুণান্তর্গত গুণবিশেষ; শব্দার্থজ্ঞান; জ্ঞানশক্তি।
অর্থবিৎ, ত্রি. [অর্থ+বিদ্] অর্থজ্ঞ, বিদগ্ধ, মেধাবী, তীক্ষ্ণবুদ্ধি।
অর্থবৃদ্ধি, স্ত্রী. [অর্থ+বৃদ্ধি] ধনবর্দ্ধন, টাকা খাটান।

অর্থবৈকল্প, ন. [অর্থ+বৈকল্প] বাক্‌ছল, অন্যাবাদ, অপদেশ।

অর্থবোধ, পুং. [অর্থ+বোধ] অর্থজ্ঞান, তাৎপর্য্য বোধ। [অপব্যয়।

অর্থব্যয়, পুং. [অর্থ+ব্যয়] ধনব্যয়; অপচয়,

অর্থব্যয়জ্ঞ, ত্রি. [অর্থব্যয়+জ্ঞ] ধনব্যয়ের রীতিজ্ঞ, অর্থব্যয় প্রকারবিৎ, সুকুল, দাতা, বদান্য, দানশীল।

অর্থভৃত, ত্রি. [অর্থ+ভৃত] প্রধানভৃত্য, বহুভৃতিজীবী।

অর্থলাভ, পুং. [অর্থ+লাভ] অর্জ্জন, প্রাপ্তি।

অর্থশালী, ত্রি. [অর্থ+শালিন্] ধনবান।

অর্থশাস্ত্র, ন. [অর্থ+শাস্ত্র] চাণক্যাদি প্রণীত নীতিশাস্ত্র; দণ্ডনীতি; বিনয়বিদ্যা; আন্বীক্ষিকী বিদ্যা। [ব্যর্থ, দরিদ্র।

অর্থশূন্য, ত্রি. [অর্থ+শূন্য] নিরর্থ, অনর্থ,

অর্থশৌচ, ন. [অর্থ+শৌচ] সারল্য, উপধাশুচিত্ব; ধন।

অর্থসংগ্রহ, পুং. [অর্থ+সংগ্রহ] ধনসঞ্চয়, ধনোপার্জ্জন। [ভাণ্ডারাগার।

অর্থসংস্থান, ন. [অর্থ+সংস্থান] ধনসঞ্চয়;

অর্থসঞ্চয়, পুং. [অর্থ+সঞ্চয়] ধনসংগ্রহ, ধনসঞ্চয়, ধনোপার্জ্জন।

অর্থসম্মতি, স্ত্রী. [অর্থ+সম্মতি] পূর্ব্বাপর অর্থের ঐক্য।

অর্থসম্বন্ধী, পুং. [অর্থ+সম্বন্ধী] সহভাগী, অংশগ্রাহী, অংশী। [বৃক্ষ।

অর্থসিদ্ধক, পুং. [অর্থ+সিদ্ধক] সিন্দুবার

অর্থহর, ত্রি. [অর্থ+হর] অংশহর, ধনবিভাগী।

অর্থহীন, ত্রি. [অর্থ+হীন] নির্ধন, দরিদ্র, গরিব; নিরর্থক, অনর্থক।

অর্থাগম, পুং. [অর্থ+আগম] ধনাগম, আয়। [ফলতঃ।

অর্থাৎ, ব্য. [অর্থ+আৎ] বস্তুতঃ, অর্থতঃ,

অর্থাধিকার, পুং. [অর্থ+অধিকার] ধনাধিকার, কোষাধিকার। [রান্তর।

অর্থান্তর, পুং. [অর্থ+অন্তর] অন্যার্থ, প্রকা-

অর্থান্তরন্যাস, পুং. [অর্থান্তর+ন্যাস] কাব্যালঙ্কার বিশেষ, অর্থ বৈপরীত্যালঙ্কার।

অর্থিক, পুং. [অর্থ+ইক] বৈতালিক।

অর্থিত, ত্রি. [অর্থ+ইত] প্রার্থিত, যাচিত; বাঞ্ছিত। [সেবক; সহায়; ধনী।

অর্থী, ত্রি. [অর্থ+ইন্] ভিক্ষুক, যাচক; বিবাদী;

অর্থ্য, ত্রি. [অর্থ+য] ন্যায্য; যাচ্য; বাঞ্ছিতব্য; উদ্দেশ্য; পণ্ডিত; ধনবান; অর্থহিত (ন.) শিলাজতু। [যাচন; গমন।

অর্দ্দন, ন. [অর্দ্দ্+অন] পীড়ন; হনন;

অর্দ্দনা, স্ত্রী. [অর্দ্দ্+অনা] যাচ্‌ঞা; যন্ত্রণা, কষ্ট; ভিক্ষা। [রোগ।

অর্দ্দনি, পুং. [অর্দ্দ্+অনি] অগ্নি; যাচ্‌ঞা;

অর্দ্দিত, ত্রি. [অর্দ্দ্+ইত] যাচিত, প্রার্থিত; হিংসিত; পীড়িত; গত; (ন.) বায়ুব্যাধি বিশেষ, পক্ষাঘাত।

অৰ্দ্ধ, ন. [ঋধ+অ] সমানাংশ, সমভাগ, দ্বিভাগ, অর্দ্ধেক, আধা; (পুং.) এক দেশ, খণ্ড, ভিন্ন, শকল।

অৰ্দ্ধগঙ্গা, স্ত্রী. [অৰ্দ্ধ+গঙ্গা] কাবেরীনদী।

অৰ্দ্ধগুচ্ছ, পুং. [অৰ্দ্ধ+গুচ্ছ] চতুর্ব্বিংশতি গুচ্ছক হার, চব্বিশনর হার।

অৰ্দ্ধগোল, পুং. [অৰ্দ্ধ+গোল] বর্ত্তুলের মধ্যস্থলে ছেদন করিলে যে অর্দ্ধেক হয়, বিশেষতঃ ভূগোলের অর্দ্ধেক ভাগ।

অৰ্দ্ধচক্র, ন. [অৰ্দ্ধ+চক্র] অৰ্দ্ধগোল।

অৰ্দ্ধচন্দ্র, পুং. [অৰ্দ্ধ+চন্দ্র] চন্দ্রার্দ্ধ, অর্দ্ধেন্দু, অপূর্ণচন্দ্র, ইন্দুদল; উভয়পক্ষের অষ্টমী তিথির চন্দ্র; নখক্ষত; বাণবিশেষ; গলহস্ত, গলাটিপিখ্যাত; চন্দ্রক, ময়ূরপুচ্ছে-চাঁদ; চন্দ্রখণ্ড; সানুনাসিক চিহ্ন।

অৰ্দ্ধচন্দ্রা, স্ত্রী. [অৰ্দ্ধ+চন্দ্রা] কৃষ্ণত্রিবৃৎ, কালতেউড়ী, তৎপর্য্যায়।—শ্যামা, পালিন্ধী, পালিন্দী, সুষেণিকা, কালা, মসুরবিদলা, কালমেষিকা।

অৰ্দ্ধচন্দ্রিকা, স্ত্রী. [অৰ্দ্ধ+চন্দ্রিকা] কর্ণস্ফোটালতা

অৰ্দ্ধচোলক, পুং. [অৰ্দ্ধ+চোলক] ক্ষুদ্রচোলক, কাঁচুলী। [নদী।

অৰ্দ্ধজাহ্নবী, স্ত্রী. [অৰ্দ্ধ+জাহ্নবী] কাবেরী-

অর্দ্ধত, ন. [অর্দ্ধ+ত] খণ্ডতকার, খাঁড় ত, তদাকৃতি (ৎ)।

অর্দ্ধতিক্ত, পুং. [অর্দ্ধ+তিক্ত] নেপালনিম্ব।
অর্দ্ধদণ্ড, পুং. [অর্দ্ধ+দণ্ড] ত্রিংশৎ পল কালপরিমাণ। [পুত্রিকা।
অর্দ্ধধার, ন. [অর্দ্ধ+ধার] ছুরিকা, অসি-
অর্দ্ধনারীশ, পুং. [অর্দ্ধ+নারী+ঈশ] শিব, মহাদেব, হরগৌরী মূর্ত্তিবিশেষ।
অর্দ্ধনারীশ্বর পুং. [অর্দ্ধ+নারী+ঈশ্বর] উমা-মহেশ্বর।
অর্দ্ধনিশা, স্ত্রী. [অর্দ্ধ+নিশা] রাত্রিমধ্য, নিশীথ, দুইপ্রহর রাত্রি।
অর্দ্ধপারাবত, পুং [অর্দ্ধ+পারাবত] চিত্র-কণ্ঠক, কপোত; তিত্তিরিপক্ষী।
অর্দ্ধবল্গিত, ন. [অর্দ্ধ+বল্গিত] ঘোটকের মৃদু মৃদু গতি; ঈষৎ পলায়িত, ঈষদ্বল্-গিত। [কটাক্ষ।
অর্দ্ধবীক্ষণ, ন. [অর্দ্ধ+বীক্ষণ] অপাঙ্গ দর্শন,
অর্দ্ধভাক্-অর্দ্ধভাগ, পুং.স্ত্রী.[অর্দ্ধ+ভাজ-গ] সমানাংশ, সমান ভাগ, অর্দ্ধাংশ।
অর্দ্ধমাণব, পুং. [অর্দ্ধ+মাণব] হারবিশেষ, দ্বাদশগুচ্ছকহার, বারোনর হার।
অর্দ্ধযাম, পুং. [অর্দ্ধ+যাম] অর্দ্ধপ্রহর, ৩ দণ্ড ৪৫ পল।
অর্দ্ধরথ-অর্দ্ধরথী, পুং. [অর্দ্ধ+রথ-রথিন্] এক রথীর ন্যূন যোদ্ধা।
অর্দ্ধরাত্র-অর্দ্ধরাত্রি, পুং. [অর্দ্ধ+রাত্র] মহা-নিশা, রাত্রার্দ্ধভাগ, দুইপ্রহররাত্রি নি-শীথ, রাত্রির অষ্টমমুহূর্ত্ত, রাত্রি দ্বিতীয় প্রহর অবধি তৃতীয় প্রহরপর্য্যন্ত।
অর্দ্ধলক্ষ্মীহরি, পুং.[অর্দ্ধ+লক্ষ্মী+হরি]বিষ্ণু।
অর্দ্ধর্চ, পুং. ন. [অর্দ্ধ+ঋচ্] অর্দ্ধঋক্, ঋক্-নামক বৈদিক মন্ত্রার্দ্ধভাগ।
অর্দ্ধশন, ন. [অর্দ্ধ+অশন] অর্দ্ধাশন, অর্দ্ধভোজন। [পত্নী, কলত্র।
অর্দ্ধশরীর, পুং. [অর্দ্ধ+শরীর] দেহার্দ্ধ; স্ত্রী,
অর্দ্ধসফর, পুং. [অর্দ্ধ+সফর] ক্ষুদ্র মৎস্য বিশেষ, দাঁড়িকামাছ। [কৃষক।
অর্দ্ধসীরী, ত্রি. [অর্দ্ধ+সীরিন্] অর্দ্ধফলভাগী
অর্দ্ধসের, (প্রা) আধসের, দুই পোয়া।
অর্দ্ধহার, পুং. [অর্দ্ধ+হার] চতুঃষষ্টিগুচ্ছক হার, চৌষট্টিনর হার।

অর্দ্ধাংশ, পুং. [অর্দ্ধ+অংশ] অর্দ্ধভাগ, অর্দ্ধেক। [কলত্র, ভার্য্যা।
অর্দ্ধাঙ্গ, ন. [অর্দ্ধ+অঙ্গ] শরীরার্দ্ধ; পত্নী,
অর্দ্ধাবভেদক, ন. [অর্দ্ধ+অবভেদক] শিরঃ-পীড়াবিশেষ, আদকপালে; (ন.) অর্দ্ধ-ভেদকারক। [আধাআধি ভাগ।
অর্দ্ধার্দ্ধ, পুং. [অর্দ্ধ+অর্দ্ধ] অর্দ্ধার্দ্ধভাগ,
অর্দ্ধাশন, ন. [অর্দ্ধ+অশন] অর্দ্ধভোজন।
অর্দ্ধাসন, ন. [অর্দ্ধ+আসন] স্নেহদান; অকুৎ-সন।
অর্দ্ধেক, (প্রা.) অর্দ্ধাংশ, আধা।
অর্দ্ধেন্দু, পুং. [অর্দ্ধ+ইন্দু] চন্দ্রার্দ্ধভাগ, গলহস্ত; নখচিহ্ন; অর্দ্ধচন্দ্রবাণ; অতি-প্রৌঢ়াস্ত্রীর যোনিতে অঙ্গুলি যোজন।
অর্দ্ধোক্ত, ত্রি. [অর্দ্ধ+উক্ত] অর্দ্ধকথিত, অর্দ্ধোদিত।
অর্দ্ধোরুক, ন. [অর্দ্ধ+উরুক] উত্তম স্ত্রী লোকের অর্দ্ধোরু পর্য্যন্ত চেলনাকার পরিধেয় বস্ত্র, তৎপর্য্যায়।—চণ্ডাতক, শাটক, শাটী, স্ত্রীশাটক, চোটী, নীবী, চলনক, কৌশেয়, পট্টবাস, পট্টময়, অধোবসন, অধোংশুক, অন্তর্ব্বাস, অন্ত-রীয়, উপসংব্যান, পরিধান।
অর্দ্ধোদয়, পুং. [অর্দ্ধ+উদয়] মহাযোগ বিশেষ; চন্দ্রসূর্য্যের অর্দ্ধেক উদয়।
অর্পণ, ন. স্ত্রী. [ঋ+অন] প্রদান, সম্প্রদান; নিযুক্ত; (ন.) প্রাপণ; সমর্পণ।
অর্পা, স্ত্রী. [অর্প্+আ] অর্পণ, প্রদান।
অর্পিত, ত্রি. [অর্প+ইত] স্থাপিত, রক্ষিত, প্রদত্ত। [অন্তঃকরণ।
অর্পিস, পুং. [অর্প+ইস] হৃদয়, বক্ষঃস্থল,
অর্প্য, ত্রি. [অর্প+য] প্রদাতব্য, প্রদত্ত; স্থাপিত। [ছাই।
অর্ব্বট, ন. [অর্ব্ব+ট] ভস্ম, পাংশু, ভূতি,
অর্ব্বতী, স্ত্রী. [অর্ব্বৎ+ঈ] ঘোটকী, কুট্টনি।
অর্ব্বন্, ত্রি. [ঋ+বৎ] ঘোটক; নীচ, অধম।
অর্ব্বা, পুং. [অর্ব্বন্] ঘোটক; ইন্দ্র; গোকর্ণ পরিমাণ; (ত্রি.) কুৎসিত, নীচ, হেয়।
অর্ব্বাক্-অর্ব্বাচ্, ত্রি. [অবর+অচ্] প্রাক্, পূর্ব্ব, আদি, অগ্র; অবর; নিকট; পশ্চাৎ।

অর্ব্বাক্কালিকতা, স্ত্রী. [অর্ব্বাক্+কালিকতা] বর্ত্তমান কালীনতা, নব্যতা, অপুরাণতা, অপ্রাচীনতা।

অর্ব্বাচীন, ত্রি. [অর্ব্বাচ্+ঈন্] বিপর্য্যস্ত, ব্যতিক্রান্ত, ব্যত্যস্ত, প্রতিকূল; পশ্চাজ্জাত; অধুনাতন, নূতন।

অর্ব্বুদ, পুং. ন. [অর্ব্ব্+উদ] দশকোটি সংখ্যা ১০,০০০০০০০; রোগবিশেষ, মাংস কীল, মাংসপুরুষ, আব, (পুং.) পর্ব্বতবিশেষ। [কুশতৃণ।

অর্ভ, পুং. [ঋ+ভ] বালক, শিশু; শিশির; অর্ভক, পুং. [অর্ভ+ক] শিশু; মূর্খ; কৃষ; কুশতৃণ, স্বল্প; সদৃশ।

অর্ম্ম, ন. পুং. [ঋ+মন্] চক্ষুরোগবিশেষ, তৎপঞ্চবিধা যথা।—প্রস্তার্য্যর্ম্ম,শুক্লার্ম্ম, রক্তার্ম্ম, মাংসার্ম্ম, স্নায়্বর্ম্ম।

অর্ম্মণ, পুং. [ঋ+মন] দ্রোণ পরিমাণ।

অর্য্য, পুং. [ঋ+য] স্বামী; বৈশ্য; (ত্রি.) বরেণ্য, শ্রেষ্ঠ।

অর্য্যমা, পুং. [অর্য্য+মন্] আদিত্য, সূর্য্য; অর্কবৃক্ষ; পিতৃ দেব বিশেষ।

অর্য্যা-অর্য্যাণী, স্ত্রী. [অর্য্য + আ-অনী] বৈশ্য জাতি স্ত্রী।

অর্য্যী, স্ত্রী. [অর্য্য+ঈ] বৈশ্যপত্নী।

অর্শ, ন. [ঋ+অশ] রোগবিশেষ।

অর্শস্, ন. [ঋ+অশস্] স্বনামখ্যাত গুদরোগবিশেষ, আরিশ্, দুর্নামক, গুদকীল, দুর্নাম, গুদাঙ্কুর, অনামক।

অর্শস, ত্রি. [অর্শস্+অ] অর্শোরোগযুক্ত।

অর্শসান, পুং. [অর্শ+সান] অগ্নি।

অর্শীন, ত্রি. [অর্শ+ঈন্] অর্শোরোগযুত।

অর্শোঘ্ন, পুং. [অর্শস্+ঘ্ন] ওল্ল, ওল, শূরণ, কন্দ, সূরণ।

অর্শোঘ্নী, স্ত্রী. [অর্শোঘ্ন+ঈ] তালমূলী।

অর্শোহিত,পুং.[অর্শস্+হিত]ভল্লাতক,ভেলা।

অর্হ, ত্রি. [অর্হ্+অ] যোগ্য, উপযুক্ত; (পুং.) ইন্দ্র, পুরন্দর; (স্ত্রী.) অর্চ্চনা।

অর্হণ, ন. স্ত্রী. [অর্হ+অন] পূজা, অর্চ্চনা, অভ্যর্চন; জিনাচার্য্য।

অর্হণা, স্ত্রী. [অর্হণ+আ] পূজা, অর্চ্চনা।

অর্হণীয়, ত্রি. [অর্হণা+ঈয়] যোগ্য,উপযুক্ত; পূজনীয়

অর্হন্, পু. [অর্হ্+অৎ] ক্ষপণক; বুদ্ধ,শেষস্য পর্য্যায়।—জিন, পারগত, ত্রিকালবিৎ, ক্ষীণাষ্টকর্ম্ম, পরমেষ্ঠী, অধীশ্বর, শম্ভু, স্বয়ম্ভূ, ভগবান্, জগৎপ্রভু, তীর্থঙ্কর, তীর্থকর, জিনেশ্বর, বাদী, অভয়দ,সার্ব্ব, সর্ব্বজ্ঞ, সর্ব্বদর্শী, কেবলী, দেবাধিদেব, বোধদ, পুরুষোত্তম, বীতরাগ; (ত্রি.) পূজ্য; মান্য; স্তুত। [শিব।

অর্হন্ত, পুং. [অর্হ+অন্ত] বুদ্ধ; ক্ষপণক;

অর্হিত, ত্রি. [অর্হ্+ইত] পূজিত, অর্চ্চিত।

অলং, বা. ভূষণ; পর্য্যাপ্তি; বারণ; নিরর্থক; শক্তি; অত্যর্থ; (ন.) বৃশ্চিকপুচ্ছকণ্টক, বিছারহুল; হরিতাল।

অলক, পুং.ন. [অল+ক] ললাটোপরিকুঞ্চিত কেশ; কর্পূরাদিচূর্ণ ম্রক্ষিতকেশ; ভূষিত মুখ; কুটিল কুন্তল, চূর্ণ কুন্তল, ভঙ্গীযুতকেশ; (পুং.) অলর্ক, ক্ষিপ্ত কুক্কুর, হন্যেকুকুর।

অলকত, (প্রা) অলক্ত, যাবক, আল্তা।

অলকনন্দা,স্ত্রী.[অলক+নন্দা] কুমারী; গঙ্গা।

অলকপ্রভা, স্ত্রী. [অলক+প্রভা] কুবেরপুরী।

অলকপ্রিয়, পুং. [অলক+প্রিয়] বৃক্ষবিশেষ।

অলকা, স্ত্রী. [অলক+আ] কুবের পুরী; অষ্টবর্ষাবধি দশবর্ষপর্য্যন্ত বয়স্কা কন্যা।

অলকাধিপ-অলকাধিপতি, পুং. [অলক+অধিপ+পতি] কুবের।

অলকান্ত, পুং. [অলক+অন্ত] অলক, কর্করাল, কুরল, চাঁচর কেশ, জুলপ, খন।

অলকাবলী, স্ত্রী. [অলক+আবলী] চূর্ণকুন্তল শ্রেণী।

অলক্ত, পুং. [অ+লক্ত] বৃক্ষনির্য্যাস বিশেষ, লাহা, জৌ, তৎপর্য্যায়।—রাক্ষা, লাক্ষা, জতু, যাব, দ্রুগাময়, রক্ষা, অরক্ত, রক্ত, জতুক, যাবক, অলক্তক, পলঙ্কষা, ক্রুমি, বরবর্ণিনী; লাক্ষারস, আল্তা, তৎপর্য্যায়।—অলক্তক, জতুরস, নির্ভর্ৎসন, রাগ, জননী, জনকরী, সম্পদা, চক্রবর্ত্তিনী।

অলক্তক, পুং. [অলক্ত+ক] অলক্ত আল্‌তা।

অলগর্দ্দ-অলগর্দ্ধ, পুং. [ন+লগ-অর্দ্দ] জল-ব্যাল, জলসর্প, বোড়া, অলাধ, গেঁড়ি-ভাঙ্গা কেউটিয়া।

অলঘু, ত্রি. [ন+লঘু] গুরু, ভারী।

অলঘুপ্রতিজ্ঞ, ত্রি. [অলঘু+প্রতিজ্ঞ] দৃঢ়-প্রতিজ্ঞ। [পাষাণ।

অলঘূপল, পুং. [অলঘু+উপল] শৈল,

অলঙ্করণ, ন. [অলম্‌+করণ] ভূষণ।

অলঙ্করিষ্ণু, ত্রি. [অলম্‌+করিষ্ণু] অলঙ্কার ভূষণশীল, চক্রবর্ত্ত্যাদয়, মণ্ডন, অল-ঙ্কর্ত্তা, অলঙ্কারযুক্ত ব্যক্তি।

অলঙ্কর্ত্তা, ত্রি. [অলম্‌+কর্ত্তৃ] অলঙ্করিষ্ণু।

অলঙ্কর্ম্মীণ, ত্রি. [অলম্‌+কর্ম্মীণ] কার্য্যকুশল, কর্ম্মক্ষম, কৃতী।

অলঙ্কার, পুং. [অলম্‌+কার] ভূষণ, আভরণ, পরিষ্কার, বিভূষণ, মণ্ডন, অলঙ্ক্রিয়া, ভূষা, অলঙ্করণ, কলাপ; কাব্যালঙ্কার, সদ্বিবিধ যথা—শব্দালঙ্কার, এবং অর্থালঙ্কার।

অলঙ্কারহীন, ত্রি. [অলঙ্কার+হীন] ভূষণ-রহিত, অশোভিত। [মণ্ডিত।

অলঙ্কৃত, ত্রি. [অলম্‌+কৃত] ভূষিত, শোভিত,

অলঙ্কৃতা, স্ত্রী. [অলম্‌+কৃতা] অলঙ্কারযুক্তা, ভূষিতা, প্রসাদিতা, পরিষ্কৃতা, মণ্ডিতা।

অলঙ্ক্রিয়া, স্ত্রী. [অলম্‌+ক্রিয়া] ভূষণকরণ, ভূষা।

অলঙ্ঘন, ন. [ন+লঙ্ঘন] অনতিক্রমণ।

অলঙ্ঘিত-অলঙ্ঘ্য, ত্রি. [অলঙ্ঘ+ইত-য] অনতিক্রম্য, অভেদ্য।

অলজী, স্ত্রী. [অলজ+ঈ] চক্ষুর রোগবিশেষ।

অলজ্জ-অলজ্জিত, ত্রি. [ন+লজ্জ+ইত] লজ্জা-হীন, নির্লজ্জ।

অলঞ্জর, পুং. [অলম্‌+জর] মৃণ্ময় বহু জল ধর পাত্রবিশেষ, জালা, অলিঞ্জর, মণিক।

অলড়, (প্রা.) অচল, অজঙ্গম, নিশ্চল।

অলবড্ড, (প্রা) মূর্খ, অজ্ঞান, জড়।

অলতি, পুং. [অলম্‌+অতি] গীতবিশেষ।

অলন্তরাং, ব্য. [অলম্‌+তরাম্‌] যথেষ্ট, প্রচুর, ইত্যলং। [ধূমময়।

অলন্ধূম, পুং. [অলম্‌+ধূম] ধূমসমূহ,

অলম, ব্য. [অল্‌+অম্‌] ভূষণ, পূর্ণতা, সামর্থ্য; নিষেধ; নিরর্থক।

অলম্বুষ, পুং. [অলম্‌+বুস] প্রহস্ত, কমল; রাক্ষসবিশেষঃ; (স্ত্রী.) মুণ্ডীরী; স্বর্বেশ্যা-ভেদ; লজ্জালুভেদ, খরত্বক্‌, মেদ, গলা।

অলবেলা, (প্রা) ধূমপানের প্রণালিকা।

অলব্ধ, ত্রি. [ন+লব্ধ] অপ্রাপ্ত, অগৃহীত।

অলভ্য, ত্রি. [ন+লভ্য] অপ্রাপ্য, কষ্ট-প্রাপ্য, দুষ্প্রাপ্য।

অলবাল, ন. [ন+লূ+আল] বাঁধাল, জাঙ্গাল, বৃক্ষের মূলে জল দিবার নিমিত্ত বাঁধ, আলবাল।

অলবালক, ন. [অলবাল+ক] আলবাল।

অলর্ক, পুং. [অল্‌+অর্ক] ক্ষিপ্ত কুক্কুর; শ্বেতার্কবৃক্ষ; শাদা আকন্দ, প্রতাপস, রাজার্ক, গণরূপী; শূকরাকার অষ্টপদ বিশিষ্ট তীক্ষ্ণদন্ত ও সূচ্যাকৃতিলোমযুক্ত জন্তুবিশেষঃ। [অলেলে।

অললে, ব্য. পিশাচভাষায় সম্বোধন, অলে,

অলস, ত্রি. [ন+লস] আলস্যযুক্ত, নিরু-দ্যোগ, উদ্যোগদ্বেষী, আলিসা, মন্দ, তুন্দপরিমৃজ, আলস্য. শীতক, অনুষ্ণ, শীতল. কুণ্ঠ, মুখনিরীক্ষক, কর্ম্মেশিথিল; (পুং.) পাদরোগভেদ, পাঁকুই; বৃক্ষবি-শেষ, (স্ত্রী.) হংসপদীলতা। [বিশেষ।

অলসক, পুং. [অলস+ক] উদররোগ

অলসতা, ন. [অলস+তা] আলস্য, শৈথিল্য, কুড়েমি।

অলসেক্ষণা, স্ত্রী. [অলস+ঈক্ষণা] স্ত্রী-বিশেষ, কামালসেক্ষণা, অলসদৃষ্টিযুক্তা।

অলক্ষণ, ন. [ন+লক্ষণ] দুর্লক্ষণ, মন্দ-চিহ্ন; (ত্রি.) অশুভ।

অলক্ষ্মী, স্ত্রী. [ন+লক্ষ্মী] নরকদেবতা, নির্ঋতি, কালকর্ণী, কালকর্ণিকা, জ্যেষ্ঠা-দেবী, অবলক্ষ্মী, মহামায়া।

অলাঙ্গুল, ত্রি. [ন+লাঙ্গুল] অপুচ্ছ, বেঁড়ে।

অলাত, ন. [ন+লাত] দগ্ধকাষ্ঠ, অঙ্গার, কয়লা।

অলাবু, স্ত্রী. [ন+লাবু] লতাবিশেষ, লাউ, তুম্ব, তুম্বক, তুম্বা, তুম্বী, পিণ্ডফলা,

মহাফলা, আলাবু, এলাবু, লাবু, (যাং) কদু। [নোক্‌সান।

অলাভ, পুং. [ন+লাভ] ক্ষতি, হানি,

অলার, ন. [অল+ঋ+অ] কবাট, দ্বার।

অলালসা, স্ত্রী. [ন+লালসা] অনভিলাষ, নিস্পৃহা, অলোভ।

অলাহদা-অলাহেদা,(যাং.) পৃথক্‌,ভিন্নরূপ।

অলি, পুং.স্ত্রী. [অল্‌+ই] ভ্রমর; বৃশ্চিক, কাক; কোকিল; মদিরা।

অলিক, ত্রি. [অল্‌+ইক] মিথ্যা; অনর্থক, (ন.) ললাট, কপাল।

অলিকুল, ন. [অলি+কুল] ভ্রমর সমূহ।

অলিকুলসঙ্কুল, পুং. [অলিকুল+সঙ্কুল] কুব্জক বৃক্ষ।

অলিখিত, ত্রি. [ন+লিখিত] কথিত, উক্ত, শ্রুত, মুখজোবানী।

অলিগর্দ্ধ, পুং. [অলি+গর্দ্ধ] জলসর্প, আলাধ, গেঁড়িভাঙ্গা,কালসাপ।

অলিজিহ্বা, স্ত্রী. [অলি+জিহ্বা] জিহ্বোপরি ক্ষুদ্রজিহ্বা, উপ জিহ্বা, আলজিব।

অলিজিহ্বিকা, স্ত্রী. [অলি+জিহ্বিকা] অলিজিহ্বা।

অলিঞ্জর, পুং. [অলিম্‌+জর] মৃত্তিকা-নির্ম্মিত বৃহৎ জলপাত্রবিশেষ, জলের জালা।

অলিদূর্ব্বা, স্ত্রী. [অলি+দূর্ব্বা] মালাদূর্ব্বা।

অলিন্দ, পুং. [অল্‌+ইন্দ] বহির্দ্বার সংলগ্ন চতুরস্র কৃত্রিম ভূমি, গৃহদ্বারপিণ্ডক, তৎপর্য্যায়।—প্রঘাণ, প্রঘণ, বহির্দ্বার প্রকোষ্ঠ, আলিন্দ। [ভ্রমর; কুক্কুর।

অলিপক, পুং.স্ত্রী. [অলি+পক] কোকিল;

অলিপত্রিকা, স্ত্রী. [অলি+পত্রিকা] বৃশ্চিকাখ্যক্ষুপ। [বৃক্ষ।

অলিপর্ণী, স্ত্রী. [অলি+পর্ণী] বৃশ্চিকালী

অলিপিজ্ঞ, ত্রি. [ন+লিপিজ্ঞ] লেখা পড়ায় অনভিজ্ঞ।

অলিপ্রিয়, ন. [অলি+প্রিয়] রক্তোৎপল, রক্তপদ্ম; (স্ত্রী.) পাটলা বৃক্ষ।

অলিপ্সা, স্ত্রী. [ন+লিপ্সা] অনিচ্ছা, অনভিলাষ, অস্পৃহা।

অলিপ্সু, ত্রি. [ন+লিপ্সু] অলোভী, অলুব্ধ, অলোলুপ।

অলিমক, পুং. [অলি+মক] পদ্মকেশর; ভেক; ভ্রমর; কোকিল; মধুকবৃক্ষ।

অলিমোদা, স্ত্রী. [অলি+মোদা] গণী-কারীবৃক্ষ।

অলিম্পক, পুং. [অলিম্‌+পক] পদ্মকেশর; কোকিল; কুক্কুর; ভ্রমর।

অলিম্বক, পুং. [অলিম্‌+বক] পদ্মকেশর, ভেক; ভ্রমর; কোকিল। [পুষ্প।

অলিবাহিনী, স্ত্রী. [অলি+বাহিনী] কেরিকা

অলী, পুং. [অল+ইন্‌] ভ্রমর; বৃশ্চিক; (ত্রি.) হুলবিশিষ্ট।

অলীক, ত্রি. [অল+ঈক] অসত্য, মিথ্যা, ব্যর্থ, নিষ্ফল; অল্প; অপ্রিয়; (ন.) স্বর্গ; ললাট। [অযথার্থ।

অলীকতা, স্ত্রী. [অলীক+তা] মিথ্যাত্ব,

অলীকমৎস্য, পুং. [অলীক+মৎস্য] অর্দ্ধ-অঙ্গারস্বিন্ন তিলতৈল ভৃষ্ট মাষপিষ্টক।

অলু, স্ত্রী. [অল্‌+উ] আলু; ক্ষুদ্রকলসী।

অলুক্‌, ত্রি. [ন+লুক্‌] অলোপনীয়, অলুপ্ত।

অলুকা, (যা.) জীবনোপায় দ্রব্যাদি।

অলুব্ধ, ত্রি. [ন+লুব্ধ] নির্লোভী, লোভ-হীন। [বন।

অলুক, ন. [ন+লুক] পূর্ব্বদেহ, প্রাগ্‌জী-

অলূন, ত্রি. [ন+লূন] অচ্ছিন্ন, অখণ্ডিত।

অলে-অলেলে, ব্য. পিশাচ ভাষায় সম্বোধন।

অলেশ, ত্রি. [ন+লেশ] অধিক, অনল্প, যথেষ্ট, অতুল। [অস্খলিত।

অলেশৈজ, ত্রি. [অলেশ+এজ] দৃঢ়, স্থির,

অলেহ, ত্রি. [ন+লেহ] অলীঢ়, লেহন রহিত। [নার্থ।

অলো, (প্রা) স্ত্রীলোকদিগের নীচ সম্বোধ-

অলোকতা, স্ত্রী. [ন+লোকতা] অসমাচরণ, অমনুষ্যত্ব; কদাচার।

অলোচন, ত্রি. [ন+লোচন] অন্ধ, চক্ষু-রহিত; অদৃষ্ট।

অলোপ, পুং. [ন+লোপ] ব্যবহার্য্যতা, প্রচলিতত্ব।

অলোভ, ত্রি. [ন+লোভ] নির্লোভ, লোভ-শূন্য, নিরাকাঙ্ক্ষী।
অলোভী, ত্রি. [ন+লোভিন্] নিস্পৃহ, নির্লোভী; লোভশূন্য ব্যক্তি।
অলোলুপ, ত্রি. [ন+লোলুপ] অলোভী, নিরাকাঙ্ক্ষী।
অলোহিত, ন. [ন+লোহিত] রক্তপদ্ম, কোকনদ; (ত্রি.) অরক্ত।
অলৌকতা, ন. [ন+লৌকতা] অসদাচরণ, অমনুষ্যত্ব।
অলৌকিক, ত্রি. [ন+লৌকিক] লৌকিক প্রত্যক্ষাভাব, অমানুষিক, লোকাতীত।
অল্কার, (যাং.) শিরোনামা।
অল্গা, (প্রা) শিথিল, এলুয়া, খোলা।
অল্প, ত্রি. [অল্+প] কিঞ্চিৎ, তৎপর্য্যায়।—কিছু, কণা, ঈষৎ, মনাক্, স্তোক, খুল্লক, শ্লক্ষ্ণ, দভ্র, কৃশ, তনু, তনূ, ত্রুটি, ত্রুটী, মাত্রা, লব, লেশ, কণ, কণী, কণিকা, অণু, সূক্ষ্ম, ক্ষুল্ল, ক্ষুল্লক, খুল্ল, কণা, অনধিক।
অল্পক, পুং. [অল্প+ক] যবাস বৃক্ষ; অল্প।
অল্পকেশী, স্ত্রী. [অল্প+কেশী] ভূতকেশী বৃক্ষ।
অল্পগন্ধ, ন. [অল্প+গন্ধ] রক্তকমল, রক্তোৎপল।
অল্পতনু, ত্রি. [অল্প+তনু] খর্ব্ব, বামন; কৃশ, ক্ষীণ; দুর্ব্বল, অল্পাস্থিযুক্ত, ক্ষুদ্র দেহবান্, প্শ্নি
অল্পতা, স্ত্রী. [অল্প+তা] ন্যূনতা, কমি।
অল্পপত্র, পুং. [অল্প+পত্র] ক্ষুদ্রপত্র তুলসী।
অল্পপদ্ম, ন. [অল্প+পদ্ম] রক্তপদ্ম।
অল্পপ্রমাণক, পুং. [অল্প+প্রমাণক] চেলান, চেলো, চেলা; তরমুজ; খরমুজ; (ত্রি.) অল্পবিশ্বাস।
অল্পবুদ্ধি, ত্রি. [অল্প+বুদ্ধি] অপ্রাজ্ঞ, নির্বুদ্ধি।
অল্পভাগ্য, [অল্প+ভাগ্য] দুর্ভাগ্য, দুর্গত।
অল্পভাষী, ত্রি. [অল্প+ভাষিন্] অল্পবাদী, নীরব। [ঈষৎ।
অল্পমাত্র, ত্রি. [অল্প+মাত্র] যৎকিঞ্চিৎ
অল্পমারিষ, পুং. [অল্প+মারিষ] শাক-বিশেষ, ক্ষুদ্র নটিয়াশাক, তুণ্ডণীর।
অল্পশঃ, ব্য. ক্রমশঃ, শনৈঃশনৈঃ; স্তোকশ।
অল্পসরঃ, ন. [অল্প+সরস্] ক্ষুদ্রপুষ্করিণী, বেশন্ত, পল্বল, ডোবা, গেড়ে।
অল্পস্বরূপ-অল্পস্বল্প. ত্রি. [অল্প+স্বরূপ-স্বল্প] অত্যল্প, যৎকিঞ্চিৎ, কণামাত্র, কিছু।
অল্পক্ষণ, ন. [অল্প+ক্ষণ] ক্ষণকাল, কিয়ৎকাল।
অল্পাকাঙ্ক্ষা, স্ত্রী. [অল্প+আকাঙ্ক্ষা] স্বল্প-বাঞ্ছা, নিরীহা, অনভিলাষ।
অল্পাকৃতি, ত্রি. [অল্প+আকৃতি] খর্ব্ব, বামন।
অল্পাপেক্ষা, স্ত্রী. [অল্প+অপেক্ষা] নির-পেক্ষা, অল্পাভাব।
অল্পায়ুঃ, ত্রি. [অল্প+আয়ুস্] অচিরজীবী, অচিরস্থায়ী, (পুং.) ছাগ। [মন্দাদর।
অল্পালস, ত্রি. [অল্প+অলস] অনবধান,
অল্পাহার-অল্পাহারী, ত্রি. [অল্প+আহার-ইন্] পরিমিত ভোজন, মিতাশন, স্বল্পাহার।
অল্পিষ্ঠ, ত্রি. [অল্প+ইষ্ঠ] অতিক্ষুদ্র, অত্যল্প লঘিষ্ট।
অল্পীকৃত-অল্পীভূত, ত্রি. [অল্পী+কৃত-ভূত] সংক্ষিপ্ত, সঙ্কুচিত।
অল্পীয়স্, ত্রি. [অল্প+ঈয়স্] অত্যল্প, অল্পিষ্ঠ।
অল্পোন, ত্রি. [অল্প+ঊন] অসম্পূর্ণ, ঊন।
অল্ল-অল্লা, পুং. স্ত্রী. পরমেশ্বর যবনদিগের উপাস্য দেবতার নাম।
অল্লা, স্ত্রী. [অল্ল+আ] নাট্যোক্তিতে মাতা; দুর্গা।
অশকুন, ন. [ন+শকুন] দুঃশকুন, অপশকুন, কুৎসিতপক্ষী; অবলক্ষণ, অশুভচিহ্ন, দুর্লক্ষণ, উপলিঙ্গ। [জলের পানা।
অশকুম্ভী, স্ত্রী. [অশ+কুম্ভী] পানীয়, পৃষ্ঠজ,
অশক্ত, ত্রি. [ন+শক্ত] অসমর্থ, অক্ষম, অপারক, শক্তিরহিত।
অশক্ততা, স্ত্রী. [অশক্ত+তা] অক্ষমতা, অপারগতা। [ক্ষীণ।
অশক্তি, স্ত্রী. [ন+শক্তি] শক্তিহীন, দুর্ব্বল,
অশক্য, ত্রি. [ন+শক্য] অসাধ্য, অসঙ্গত।
অশক্যতা, স্ত্রী. [অশক্য+তা] অসাধ্য, সাধ্যাতিরিক্ত।
অশক্যাধ্যবসায়, ত্রি. [অশক্য+অধ্যবসায়] অপ্রযত্ন, অল্পাগ্রহ।

অশঙ্ক, ত্রি. [ন+শঙ্ক] নির্ভয়, অভয়, শূর, অকুতোভয়।
অশঙ্কর, ত্রি. [ন+শঙ্কর] অমঙ্গলজনক, অশিবঙ্কর,অভয়ানক।
অশঠ, ত্রি. [ন+শঠ] সাধু, অদুষ্ট, সজ্জন
অশত্রু, পুং. [ন+শত্রু] চন্দ্র; (ত্রি.) সুহৃত্তম, অনারাতি, অসপত্ন, অবিপক্ষ, অনরি, শত্রুরহিত, মিত্র।
অশন, ন. [অশ্+অন] ভোজন, অন্ন; খাদ্য-দ্রব্য; (পুং.) অসনবৃক্ষ, পীতসালবৃক্ষ।
অশনপর্ণী, স্ত্রী. [অশন+পর্ণী] বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—বাতক, শীতল, শীতল-বাতক, অসনপর্ণী; সনপর্ণী, শনপর্ণী, শীত, শীতক, অপরাজিতা, মারাটী।
অশনাচ্ছাদন, ন. [অশন+আচ্ছাদন] অন্ন-বস্ত্র, ভোজনাচ্ছাদন।
অশনায়া, স্ত্রী. [অশন+আয়া] ক্ষুধা, বুভুক্ষা, ভোজনেচ্ছা।
অশনায়িত, ত্রি. [অশন+আয়িত] ক্ষুধিত, বুভুক্ষিত, বুভুক্ষু।
অশনি, পুং. স্ত্রী. [অশ্+অনি] বজ্র; বিদ্যুৎ।
অশনীয়, ত্রি.[অশ্+অনীয়] ভক্ষণীয়, ভোজ্য, ভোক্তব্য; খাদ্য।
অশম, ত্রি; [ন+শম] লুব্ধ, বিক্লব, অশান্তি।
অশম্বল, ত্রি. [ন+শম্বল] অর্থহীন, পাথেয়-হীন, শম্বলরহিত, অসঞ্চয়।
অশম্য, ত্রি. [ন+শম্য] বিরামাযোগ্য, অবি-শ্রান্তি।
অশরীর, পুং. [ন+শরীর] অনঙ্গ, কাম,মদন; (ত্রি.) নিরবয়ব, নিরাকার, দেহশূন্য, শূন্য।
অশরীরী, ত্রি. [ন+শরীরিন্] অদেহবান্, অদৈহিক, দেহ, শরীর।
অশর্ম্ম, ন. [ন+শর্ম্মন্] কষ্ট, ক্লেশ, দুঃখ; পাপ; (ত্রি.) আপন্ন, আপদগ্রস্ত, ব্যস-নার্ত্ত, দুর্ভাগ্য। [ক্ষণিক।
অশশ্বৎ, ত্রি. [ন+শশ্বৎ] অনিত্য, অচির,
অশস্ত্র, ত্রি. [ন+শস্ত্র] নিরায়ুধ, অস্ত্রহীন, নিরস্ত্র। [শূন্যলতা।
অশাখা, স্ত্রী. [ন+শাখা] শূলীতৃণ, ডাল-
অশাণিত, ত্রি. [ন+শাণিত] অতীক্ষ্ণ, অধা-রিত, ভোঁতা। [ধৃষ্ট
অশান্ত, ত্রি. [ন+শান্ত] অশিষ্ট, দুরন্ত, দুষ্ট
অশান্ততা, স্ত্রী. [ন+শান্ততা] অশিষ্টতা দৌরাত্ম্য।
অশান্তি, স্ত্রী. [ন+শান্তি] উৎপাত, দৌরাত্ম্য অসুখী, অতুষ্টি। [অসৌখ্য।
অশাম্য, ত্রি. [ন+শাম্য] অশমনীয়, অশান্ত,
অশাশ্বত, ত্রি. [ন+শাশ্বত] নশ্বর, ক্ষণভঙ্গুর, ক্ষণিক। [অরাজক।
অশাসক, ত্রি. [ন+শাসক] শাসনকর্ত্তা হীন,
অশাসন, ন. [ন+শাসন] অনধীনতা,অরাজ্য, শাসনাভাব।
অশাসিত, ত্রি. [ন+শাসিত] অকৃত দমন, অশিষ্ট, অবশ, অবাধ্য।
অশাস্ত্র-অশাস্ত্রবিহিত, ত্রি. [ন+শাস্ত্র+বিহিত] শাস্ত্রবিরুদ্ধ, অবৈধ।
অশাস্ত্রিক-অশাস্ত্রীয়, ত্রি. [ন+শাস্ত্রিক-ঈয়] বেদ বিরুদ্ধ, নিয়ম বিরুদ্ধ।
অশিত, ত্রি. [অশ্+ইত] ভুক্ত,খাদিত; তৃপ্ত।
অশিতঙ্গবীন, ত্রি. [অশিতম্+গবীন] আশি-তঙ্গবীন, পূর্ব্বগবাদিচরিত ক্ষেত্রাদি।
অশিতম্ভব, ন. [অসিতম্+ভব] খাদ্যদ্রব্য, ভক্ষ্যবস্তু, আহার্য্য, অদনীয়। [ম্লেচ্ছ।
অশিত্র, ত্রি. [অশ্+ইত্র] চৌর, তস্কর, মলি-
অশিথিল, ত্রি. [ন+শিথিল] দৃঢ়সন্ধি,নির্ভট।
অশিব, ত্রি. [ন+শিব] অমঙ্গল, অশুভ
অশির, পুং. [অশ্+ইর] অগ্নি; রাক্ষস; সূর্য্য; (ন.) হীরক, হীরা।
অশিরা, স্ত্রী. [অশির+আ] অশিররাক্ষস স্ত্রী।
অশিরস্ক-অশিরা, ত্রি. [ন+শিরস্ক-শিরস্] মস্তক হীন, কবন্ধ, অপমূর্দ্ধা। [উষ্ণ।
অশিশির, ত্রি. [ন+শিশির] অশীত, গ্রীষ্ম,
অশিশু, ত্রি. [ন+শিশু] নিঃসন্তান,পুত্রহীন।
অশিশ্বিকা-অশিশ্বী, স্ত্রী. [অশিশু+ইকা-ঈ] অনপত্যা, পুত্র কন্যাহীনা, আঁটকুড়ী।
অশিষ্ট, ত্রি. [ন+শিষ্ট] দুরন্ত, কুশীল, দুঃশীল, কুলপাংশুল
অশিষ্টতা, স্ত্রী. [ন+শিষ্টতা] দুরন্ততা, বিনয়াভাবতা।

অশিষ্টাচার, ত্রি. [অশিষ্ট+আচার] দুষ্টাচার, দুর্বৃত্ত, শিষ্টাচার বিবর্জ্জিত, নরাধম।

অশিক্ষা, স্ত্রী. [ন+শিক্ষা] শিক্ষাভাব, বিদ্যার অনালোচনা।

অশিক্ষিত, ত্রি. [ন+শিক্ষিত] শিক্ষারহিত, অনিপুণ, অপ্রাপ্তশিক্ষা, অপণ্ডিত, অনভিজ্ঞ।

অশীত-অশীতল, ত্রি. [ন+শীত-ল] শীতাভাব, শীতলাভাব; উষ্ণ।

অশীতকর, পুং. [ন+শীত+কর] গ্রীষ্ম; সূর্য্য।

অশীতি, ত্রি. [অশ্+ইতি] আশী সংখ্যা ৮০।

অশীতিক, ত্রি. [অশীতি+ক] আশীবৎসর বয়ঃক্রম।

অশীতিপর, ত্রি. [অশীতি+পর] অশীতি বর্ষাধিকবয়স্ক, অতিপ্রাচীন, দীর্ঘজীবী।

অশীর্ণ, ত্রি. [ন+শীর্ণ] অজীর্ণ, অজাতক্ষয়।

অশীর্ষ, ত্রি. [ন+শীর্ষ] নির্মস্তক, কবন্ধ, কন্ধকাটা।

অশীল, ত্রি. [ন+শীল] অসভ্য, নীচলোক, পামরব্যক্তি। [বিত্র।

অশুক্ল, ত্রি. [ন+শুক্ল] অসিত; অশুচি, অপ-

অশুগ, ত্রি. [অশু+গ] আশুগ, শীঘ্রগামী।

অশুচি, ত্রি. [ন+শুচি] অশুদ্ধ, অপবিত্র, অনির্ম্মল।

অশুতোষ, ত্রি. [অশু+তোষ] সান্ত্বনীয়, সুখারাধ্য, সন্তোষণীয়।

অশুদ্ধ, ত্রি. [ন+শুদ্ধ] অপবিত্র, অকৃত শোধন, অপরিষ্কৃত, অশুচি; ভুলযুক্ত, অশৌচযুক্ত।

অশুদ্ধবাসক, পুং. [অশুদ্ধ+বাসক] অধ্বগ, লম্পট, সবলোট, লটুয়া, লুচ্চা।

অশুদ্ধি, ত্রি. [ন+শুদ্ধি] অশুদ্ধ, অশোধন, ভুল; অশৌচ।

অশুভ, ত্রি. [ন+শুভ] অমঙ্গল; (ন.) পাপ, অঘ।

অশুভসূচক, ত্রি. [অশুভ+সূচক] অনিষ্টসূচক, দুর্লক্ষণীয়।

অশুভক্ষণ, ন. [অশুভ+ক্ষণ] অমাঙ্গল্য কাল।

অশুভদর্শন, ন. [অশুভ+দর্শন] অমঙ্গল দর্শন, মন্দলক্ষণ।

অশুভক্ষণীয়া, স্ত্রী. [অশুভক্ষণ+ঈয়+আ] অমঙ্গলা, যাহার জন্ম শুভক্ষণে হয় নাই।

অশুল্ক, ত্রি. [ন+শুল্ক] নির্মূল্য, মূল্যবিনা, দত্ত। [রহিত, সেবাহীন।

অশুশ্রূষ, ত্রি. [ন+শুশ্রূষা] মন্দাদর, শুশ্রূষা

অশুশ্রূষা, স্ত্রী. [ন+শুশ্রূষা] অসেবনা শুশ্রূষাহীন। [বর্ত্তী।

অশুশ্রূষু, ত্রি. [ন+শুশ্রূষু] অসেবী, অনন্থ-

অশুষ্ক, ত্রি. [ন+শুষ্ক] আর্দ্র, রসযুক্ত, সিক্ত, ভিজা।

অশূন্যাশয়নব্রত, ন. [অশূন্য+শয়ন+ব্রত] শ্রাবণমাসীয়কৃষ্ণপক্ষেরদ্বিতীয়াতেকর্ত্তব্য ব্রতবিশেষ।

অশূর, ত্রি. [ন+শূর] অবিক্রান্ত, অবিক্রমশীল, অসাহসিক। [ভাব।

অশৃঙ্গ, ত্রি. [ন+শৃঙ্গ] শৃঙ্গরহিত; শিখরা-

অশৃত, ত্রি. [ন+শৃত] অপক্ক, কাঁচা।

অশেষ, ত্রি. [ন+শেষ] শেষহীন, নিঃশেষ; সমগ্র, সর্ব্ব, সকল, নিখিল, অখিল।

অশেষজ্ঞ, ত্রি. [অশেষ+জ্ঞ] সর্ব্বজ্ঞ, সর্ব্ববিৎ, সর্ব্বদর্শী।

অশেষতঃ, ব্য. [অশেষ+তস্] অশেষ প্রকারে, সমগ্ররূপে।

অশেষবিশেষ, ব্য. [অশেষ+বিশেষ] সর্ব্বতঃ, বিশ্বতঃ, সর্ব্বত্র, নিঃশেষরূপে।

অশোক, ন. [ন+শোক] পারদ; (ত্রি.) শোক রহিত, সানন্দ, হৃষ্টমানস; (পুং.) স্বনাম খ্যাত পুষ্পবৃক্ষবিশেষ; তৎপর্য্যায়।— শোকনাশ, বিশোক, বঞ্জুলদ্রুম, বঞ্জুল, মধুপুষ্প, অপশোক, কঙ্কেল্লি, কেলিক, রক্তপল্লব, চিত্র, বিচিত্র, কর্ণপূর, সুভগ, দোহলী, তাম্রপল্লব, রোগিতরু, হেমপুষ্প, রামা, বামাঙ্ঘ্রিঘাতন, পিণ্ডীপুষ্প, নট, পল্লবদ্রু, গন্ধপুষ্প।

অশোকরোহিণী, স্ত্রী. [অশোক+রোহিণী] কটুরোহিণী, কটুকী, রামাপ্রিয়।

অশোকা, স্ত্রী. [অশোক+আ] কটুকী; অর্হত মতাবলম্বীদিগের শাসন দেবতা ভেদ।

অশোকারি, পুং. [অশোক+অরি] কদম্ব বৃক্ষ, কদম্বগাছ।

অশোকষষ্ঠী, স্ত্রী. [অশোক+ষষ্ঠী] চৈত্রীয় শুক্লাষষ্ঠী ব্রতবিশেষ।
অশোকাষ্টমী, স্ত্রী. [অশোক+অষ্টমী] চৈত্র মাসীয় শুক্লাষ্টমী। [স্মৃতি।
অশোচ, পুং. [ন+শোচ] শোকাভাব; অনহ-
অশোচনীয়-অশোচ্য, ত্রি. [ন+শোচনীয়-চ্য] শোকের অযোগ্য, যাহার নিমিত্ত পরিতাপ করিতে হয় না।
অশোধন, ন. [ন+শোধন] অশুদ্ধ, ঋণ অপরিশোধন। [বিশ্রী।
অশোভন, ত্রি. [ন+শোভন] মন্দ, কুদৃশ্য,
অশোভনীয়, ত্রি. [ন+শোভনীয়] বিশ্রী, কুদৃশ্য, কদাকার, মন্দ।
অশৌচ, ন. [ন+শৌচ] শুচিত্বাভাব, অশুদ্ধি
অশৌচান্ত, পুং. [অশৌচ+অন্ত] অশৌচের শেষ দিন, দেহাশুদ্ধির অবসান দিবস।
অশৌণ্ডির, ত্রি. [ন+শৌণ্ডির] নিস্তেজ, নির্ব্বীর্য্য, নির্ব্বীর, অসাহসী।
অশৌর্য্য, ন. [ন+শৌর্য্য] ভীরুতা, অবিক্রম, অশূরত্ব।
অশ্নুবান, ত্রি. [অশ্নু+বৎ] ব্যশ্নুবান, ব্যাপক, অভিব্যাপক। [লৌহ।
অশ্ম, পুং. [অশ্+ম] পর্ব্বত; মেঘ, (ন.)
অশ্মকদলী, স্ত্রী. [অশ্ম+কদলী] কদলীবিশেষ, পাহাড়িয়া কলা।
অশ্মকুট্ট-অশ্মকুট্টক, ত্রি. [অশ্ম+কুট্ট-ক] প্রস্তরের দ্বারা চূর্ণীকৃত, পাথর ভাঙ্গা।
অশ্মকেতু, স্ত্রী. [অশ্ম+কেতু] ক্ষুদ্রপাষাণ ভেদ বৃক্ষ।
অশ্মগর্ব্ভ, পুং. [অশ্মন্+গর্ব্ভ] মণিবিশেষ, মরকত মণি, হরিন্মণি।
অশ্মগর্ব্ভজ, ন. [অশ্ম+গর্ব্ভজ] মরকত, পান্না।
অশ্মঘ্ন, পুং. [অশ্ম+ঘ্ন] পাষাণ ভেদনবৃক্ষ, হাথাজুড়ী।
অশ্মজ, ন. [অশ্মন্+জ] শিলাজতু, গিরিমাটি; লোহ; গুহ।
অশ্মজতুক, ন. [অশ্ম+জতুক] শিলাজতু।
অশ্মদারণ, পুং [অশ্ম+দারণ] টঙ্ক, পাষাণভেদক অস্ত্র, টাঁকী।
অশ্মন্, পুং. [অশ্+মন্] পর্ব্বত, পাষাণ।
অশ্মন্ত, ন. [অশ্মন্+অন্ত] চুল্লী, চুলা, উনান, অশুভ; মরণ; অনবধি; ক্ষেত্র।
অশ্মন্তক, ন. [অশ্মন্ত+ক] চুল্লী; দীপাধারাচ্ছাদন; মল্লিকাচ্ছাদন, সেজ, আঁধারিয়া, (পুং.) তৃণবিশেষ, অম্লকুচাই, অম্লোটক, আবুটা, তৎপর্য্যায়।—ইন্দুক, কুরালী, অম্লপত্র, শ্লক্ষ্ণত্বক্, নীলপত্র, যমলপত্রক।
অশ্মপুষ্প, ন. [অশ্মন্+পুষ্প] শৈলেয়, শৈলজনামক গন্ধদ্রব্য।
অশ্মভাল, ন. [অশ্মন্+ভাল] দ্রব্যচূর্ণার্থ লৌহাদি পাত্র, লৌহভাণ্ড, হামানদিস্তা, খলমূষল।
অশ্মভিদ্, ত্রি. [অশ্মন্+ভিদ্] প্রস্তরভেদক, ভাস্কর; (পুং.) পাষাণভেদী বৃক্ষ।
অশ্মভেদ, পুং. [অশ্মন্+ভেদ] পাষাণভেদী বৃক্ষ। [পান্না।
অশ্মযোনি, পুং. [অশ্মন্+যোনি] মরকতমণি,
অশ্মর, ত্রি. [অশ্মন্+র] রোগবিশেষ, প্রস্তরসম্বন্ধীয়, পাতুরিয়া।
অশ্মরী, স্ত্রী. [অশ্মর+ঈ] মূত্রকৃচ্ছ্র রোগ, পাতরীরোগ।
অশ্মরীঘ্ন, পুং. [অশ্মরী+ঘ্ন] বরুণবৃক্ষ; (ত্রি.) মূত্রাশ্মনাশক।
অশ্মরীহর, পুং. [অশ্মরী+হর] ধান্যবিশেষ, দেধান; (ত্রি.) অশ্মরীঘ্ন।
অশ্মসার, পুং. ন. [অশ্মন্+সার] লৌহ, অতি কঠিন প্রস্তর।
অশ্মান্তক, পুং. [অশ্ম+অন্তক] অশ্মন্তকশব্দদ্রষ্টব্য। [পাতরি।
অশ্মীর, পুং. ন. [অশ্মন্+ঈর] অশ্মরীরোগ,
অশ্মোত্থ, ন. [অশ্মন্+উত্থ] শিলাজতু।
অশ্র, ন. [অশ্+র] নেত্রজল, নয়নবারি; রক্ত।
অশ্রদ্ধ, ত্রি. [ন+শ্রদ্ধা] শ্রদ্ধাহীন।
অশ্রদ্দধান, ত্রি. [ন+শ্রদ্দধান] শ্রদ্ধাহীন, অশ্রদ্ধাবান। [অবজ্ঞা, অনাদর।
অশ্রদ্ধা, স্ত্রী. [ন+শ্রদ্ধা] অভক্তি, ঘৃণা,
অশ্রদ্ধেয়, ত্রি. [ন+শ্রদ্ধেয়] শ্রদ্ধানর্হ, আদরাযোগ্য, ঘৃণ্য। [চর।
অশ্রপ, পুং. ন. [অশ্র+প] রাক্ষস, নিশা-

অশ্রবণ, ন. [ন+শ্রবণ] বধিরত্ব, শ্রবণেন্দ্রিয় বৈকল্য, এড়তা, কল্লত্ব।

অশ্রম, পুং. [ন+শ্রম] অনায়াস, অশ্রান্তি।

অশ্রাদ্ধ, ত্রি. [ন+শ্রাদ্ধ] প্রেতকর্ম্ম রহিত।

অশ্রাদ্ধভোজী, ত্রি. [অশ্রাদ্ধ+ভোজী] শ্রাদ্ধান্নাভক্ষক। [যজ্ঞ শূন্য।

অশ্রাদ্ধী, পুং. [ন+শ্রাদ্ধী] শ্রাদ্ধাদি পঞ্চ

অশ্রাদ্ধেয়, পুং. [ন+শ্রাদ্ধেয়] শ্রাদ্ধানর্হ্য, শ্রাদ্ধের অযোগ্য ব্রাহ্মণ।

অশ্রান্ত, ন. [ন+শ্রান্ত] অনবরত, নিত্য, সন্তত; (ত্রি.) বিশ্রাম রহিত, শ্রান্তি-হীন, শ্রমরহিত। [বার অযোগ্য।

অশ্রাব্য, ত্রি. [ন+শ্রাব্য] শ্রবণানর্হ, শুনি-

অশ্রি-অশ্রী, স্ত্রী. [ন+শ্রি-শ্রী] কোণ; গৃহাদির কোণ; ধার; অস্ত্রের অগ্রভাগ শ্রীহীন।

অশ্রীক-অশ্রীমান্, ত্রি. [ন+শ্রীক-মৎ] শ্রীমান্ নহে, কুশ্রী; হতভাগ। [নহে।

অশ্রীল, ত্রি. [ন+শ্রী+ল] দুর্ভাগ্য, শ্রীযুক্ত

অশ্রু, ন. [ন+শ্র+উ] চক্ষুরজল, অশ্র, অস্র, অস্র, বাষ্প, নেত্রাম্বু, নয়নবারি, নেত্রোদক, লোচ, লোহ।

অশ্রুত, ত্রি. [ন+শ্রুত] অকৃতশ্রবণ, অনাকর্ণিত, অজ্ঞাত, অশুনা।

অশ্রুপাত, পুং. [অশ্রু+পাত] নয়নাম্বুগলিত। [পুরিত।

অশ্রুপূর্ণ, ত্রি. [অশ্রু+পূর্ণ] বাষ্প পরি-

অশ্রুবিন্দু, পুং. [অশ্রু+বিন্দু] বাষ্পবিন্দু।

অশ্রুমুখ, ত্রি. [অশ্রু+মুখ] অশ্রুলোচন, উপপ্লুতাক্ষ। [কুল নয়ন।

অশ্রুলোচন, ত্রি. [অশ্রু+লোচন] বাষ্পা-

অশ্রেয়স্, ত্রি. [ন+শ্রেয়স্] নির্গুণ, বিগুণ, অধম; অমঙ্গল। [উত্তম নহে।

অশ্রেষ্ঠ, ত্রি. [ন+শ্রেষ্ঠ] মন্দ, সাধারণ,

অশ্লাঘ্য, ত্রি. [ন+শ্লাঘ্য] অপ্রশংসিত, অকীর্ত্তিত, অশ্লাঘনীয়। [শ্লিষ্ট রহিত।

অশ্লিষ্ট, ত্রি. [ন+শ্লিষ্ট] অনালিঙ্গিত, আ-

অশ্লীক, ত্রি. [ন+শ্লীক] অশ্রীক, অযশস্কর।

অশ্লীল, ত্রি. [ন+শ্লীল] গ্রাম্যভাষা, ভণ্ডবাক্য, (ন.) ঘৃণা অথবা লজ্জা বোধক কথা।

অশ্লেষ, পুং. [ন+শ্লেষ] অপ্রণয়, অসখ্য, অপ্রীতি, মনোন্তর, বিসম্বাদ।

অশ্লেষা, স্ত্রী. [অশ্লেষ+আ] নক্ষত্রবিশেষ, অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত নবম নক্ষত্র।

অশ্লেষাভব, পুং. [অশ্লেষা+ভব] কেতুগ্রহ।

অশ্ব, পুং. [অশ্+ব] ঘোটক, তৎপর্য্যায়।— অমৃতসোদর, অর্ব্বন্, একশফ, কিঙ্কী, কিঙ্কির, কিল্বী, কীকট, ক্রতুপশু, ক্রান্ত, খেট, গন্ধর্ব্ব, গুহ, জবী, তার্ক্ষ্য, তুরগ, তুরঙ্গ, তুরঙ্গম, ধ্বজী, দুর্মুখ, নিগালবাল, পরুদ্বার, পীতি, পীতী, পীথি, প্রচেলক, প্রাযুদ্ধেষী, বাজী, বাহ, বাতপ্রমী, বাহশ্রেষ্ঠ, বীতি, বৃষল, ব্রহ্মাগ্রভূ, ব্রহ্মআভূ, মরুদ্রথ, মুদ্গাভুক্, মুদ্গাভোজী, যুদ্ধসার, রাজবাহ, রাজস্কন্ধ, শর্শরীক, শল, শালিহোত্র, শিখী, শ্রীভ্রাতা, সপ্তি, শ্রীপুত্র, সৈন্ধব, সিংহবিক্রান্ত, হয়, হরি। সুশিক্ষিত অশ্বের নাম, আজনেয়, কুলীন, সিন্ধুবার, ভূমিপক্ষ, ভূমিরক্ষক, বিনীত, সাধুবাহী, সুখচার, সুখায়ত। শ্বেতবর্ণ অশ্বেরনাম, সিতাশ্ব, কর্ক, সিতসপ্তি; রক্তবর্ণ অশ্ব-কিরাহ; (পীতবর্ণঅশ্ব) হরিয়; (কৃষ্ণবর্ণ অশ্ব) খুঙ্গাহ; (পিঙ্গলবর্ণঅশ্ব) উকনাহ, কিয়াহ, হালক; (নানাবর্ণঅশ্ব) হলাহ; (উত্তমঅশ্ব) বল্লভ, হয়োত্তম; (বেগগামী অশ্ব) জবন, জবাধিক, প্রজবী; (অশ্বমেধ যজ্ঞেরঅশ্ব) অশ্বমেধীয়, যযু; (রথবাহক অশ্ব) রথ্য; (বেটোঘোড়ারনাম) প্রষ্ঠ্য, স্থোরী, স্থূরী, স্থোরী। জাতিবিশেষ।

অশ্বক, ত্রি. [অশ্ব+ক] ঘোটকবৎ; (পুং.) পুণ্যঘোটক।

অশ্বকন্দিকা, স্ত্রী. [অশ্ব+কন্দিকা] অশ্বগন্ধা বৃক্ষ।

অশ্বকর্ণ-অশ্বকর্ণক, পুং. [অশ্ব+কর্ণ-ক] শালবৃক্ষবিশেষ, লতাশাল, তৎপর্য্যায়।— জরণদ্রুম, তার্ক্ষ্য প্রসব, শস্যসম্বরণ, ধন্য, দীর্ঘপর্ণ, কুশিক, কৌশিক। [নক্ষত্র।

অশ্বকিনী, স্ত্রী. [অশ্বক+ইনি] অশ্বিনী-

অশ্বখুর, পুং. [অশ্ব+খুর] নখী নাম গন্ধদ্রব্য বিশেষ; অশ্বশফ।

অশ্বখুরা-অশ্বখুরী, স্ত্রী. [অশ্ব+খুরা+খুরী] অপরাজিতা লতা।

অশ্বগন্ধা, স্ত্রী. [অশ্ব+গন্ধা] ক্ষুদ্র বৃক্ষবিশেষ, অশ্বগন্ধ, তৎপর্য্যায়।—হয়গন্ধা, বাজিগন্ধা, অশ্বগন্ধিকা, বল্যা, তুরগগন্ধা, কম্বুকা, অশ্বাবরোহিকা, কম্বুকাষ্ঠা, অবরোহিকা, বারাহকর্ণী, তুরগী, বনজা, বাজিনী, হয়া, পুষ্টিদা, বলদা, পুষ্টি, পীবরা, পলাশপর্ণী, বাতঘ্নী, শ্যামলা, কামরূপিণী, কালা, প্রিয়করী, গন্ধপত্রী, হয়প্রিয়া, বারাহপত্রী।

অশ্বগ, পুং, [অশ্ব+গ] অশ্বারোহী।

অশ্বগোযুগ, ন. [অশ্ব+গো+যুগ] ঘোটকদ্বয়, দুই ঘোড়া, একযোড়া ঘোড়া।

অশ্বগোষ্ঠ, ন. [অশ্ব+গোষ্ঠ] অশ্বশালা, বাজীশালা, আস্তাবল।

অশ্বগ্রীব, পুং. [অশ্ব+গ্রীব] বিষ্ণুদ্বেষ্টাসুর বিশেষ, হয়গ্রীব; ঘোড়ার গলা; করবীর পুষ্পবৃক্ষ।

অশ্বতর, পুং. স্ত্রী. [অশ্ব+তর] গর্দ্দভের গর্ব্ভে অশ্বের ঔরসজাত পশু, খচর; (পুং.) নাগরাজ বিশেষ; গন্ধর্ব্ব বিশেষ, পুংবৎস; (ত্রি.) বেগতর, দ্রুততর।

অশ্বতরী, স্ত্রী. [অশ্বতর+ঈ] স্ত্রীঅশ্বতর, মাদি খচর।

অশ্বত্থ, পুং. [ন+শ্ব+থ] স্বনামখ্যাতবৃক্ষবিশেষ, পিবর, তৎপর্য্যায়।—বোধিদ্রুম, চলদল, পিপ্পল, কুঞ্জরাশন, অচ্যুতাবাস, চলপত্র পবিত্রক, শুভদ, বোধিবৃক্ষ, যাজ্ঞিক, গজভক্ষক, শ্রীমান্, ক্ষীরদ্রুম, বিপ্র, মঙ্গল্য, শ্যামল, গুহ্যপুষ্প, সেব্য, সত্য, শুচিদ্রুম, ধনুবৃক্ষ, (হি) গজহণ্ড।

অশ্বত্থভেদ, পুং. [অশ্বত্থ+ভেদ] স্থালী বৃক্ষ।

অশ্বত্থা, স্ত্রী. [অশ্বত্থ+আ] পূর্ণিমাতিথি।

অশ্বত্থামা, পুং. [পশ্ব+থামন্] দ্রোণাচার্য্যের পুত্র, চিরজীবী, কৃপীসুত, দ্রোণায়ন, দ্রৌণি, দ্রোণি, মহারথী।

অশ্বত্থী, স্ত্রী. [অশ্বত্থ+ঈ] বৃক্ষবিশেষ, পিপ্পলী, লঘুপত্রী, পবিত্রা, হ্রস্বপত্রিকা, পিপ্পলিকা, বনস্থা, অশ্বত্থিকা।

অশ্বন্ত, ন. [অশ্ব+অন্ত] অশুভ; ক্ষেত্র; চুল্লী; মৃত; অনবধি। [বৃক্ষ।

অশ্বদংষ্ট্রা, স্ত্রী, [অশ্ব+দংষ্ট্রা] গোক্ষুরী

অশ্বপাল, পুং. [অশ্ব+পাল] ঘোটক রক্ষক, হয়পালক, সহিস। [বৃক্ষ।

অশ্বপুচ্ছী, স্ত্রী. [অশ্ব+পুচ্ছী] মাষপর্ণী

অশ্ববক্ত্র, পুং. [অশ্ব+বক্ত্র] দেবযোনি, কিন্নর।

অশ্ববড়ব, ন. [অস্ব+বড়ব] অশ্বদিগের স্ত্রী পুরুষের পরস্পর মিলন।

অশ্ববহ, পুং. [অশ্ব+বহ] অশ্ববাহক, অশ্বারোহী, ঘোড়সওয়ার, সহারোহ।

অশ্ববার, পুং. [অশ্ব+বার] অশ্বারোহী, ঘোড়সওয়ার।

অশ্ববারণ, পুং. [অশ্ব+বারণ] গলকম্বল রহিত গো সদৃশ পশু বিশেষ, গবয়, বনগব, গোসদৃক্ষ। [কেশ্যা।

অশ্ববাল, পুং. [অশ্ব+বাল] কাশতৃণ,

অশ্ববিদ্, পুং. [অশ্ব+বিৎ] নলরাজা; রাজা; অশ্বশিক্ষক। [চিকিৎসক।

অশ্ববৈদ্য, পুং. [অশ্ব+বৈদ্য] ঘোটক-

অশ্বভা, স্ত্রী. [অশ্ব+ভা] বিদ্যুৎ, তড়িৎ।

অশ্বমহিষিকা, স্ত্রী. [অশ্ব+মহিষিকা] অশ্ব এবং মহিষের ন্যায় নিত্যবৈরিতা, এবং সর্ব্বদা বিরোধ। [করবীর বৃক্ষ।

অশ্বমার-অশ্বমারক, পুং. [অশ্ব+মার-ক]

অশ্বমুখ, পুং. [অশ্ব+মুখ] কিন্নর; দেবযোনি; হয়মুখ।

অশ্বমেধ, পুং. [অশ্ব+মেধ] যজ্ঞবিশেষ, যে যজ্ঞে বিশেষ লক্ষণাক্রান্ত অশ্বকে সংপ্রোক্ষণ করিয়া কপালে জয়পত্র বন্ধন পূর্ব্বক অবাধে ভ্রমণার্থ ত্যাগ করে এবং এক বর্ষ সমাপ্তে সেই অশ্ব পুনরাগত হইলে তাহাকে বধ করিয়া হোম করে সেই যজ্ঞের নাম অশ্বমেধ।

অশ্বমেধিক, পুং. [অশ্ব+মেধিক] অশ্বমেধ যাগোপযুক্ত ঘোটক।

অশ্বমেধীয়, পুং. [অশ্ব+মেধীয়] অশ্বমেধ যজ্ঞীয় অশ্ব, যযু।
অশ্বযুক্, স্ত্রী. [অশ্ব+যুজ্] অশ্বিনীনক্ষত্র।
অশ্বযুক্-অশ্বযুজ, পুং. [অশ্ব+যুক্-জ] আশ্বিনমাস।
অশ্বরক্ষ, পুং. [অশ্ব+রক্ষ] ঘোটক রক্ষক, অশ্বপাল, সহিস্। [বৃক্ষ।
অশ্বরোধক, পুং. [অশ্ব+রোধক] করবীর
অশ্বলালা, স্ত্রী. [অশ্ব+লালা] সর্পবিশেষ, হলাহল, ব্রহ্মসর্প।
অশ্বশালা, ন. [অশ্ব+শালা] মন্দুরা, ঘোটক গৃহ, ঘোড়ার ঘর, আস্তাবল।
অশ্বশৃগালিকা, স্ত্রী. [অশ্ব+শৃগালি-কা] অশ্ব শৃগালের শত্রুতা। [ষড়শ্ব।
অশ্বষড়্গব, ন. [অশ্ব+ষড়্গব] অশ্বষট্ক,
অশ্বসেন, পুং. [অশ্ব+সেন] রাজাবিশেষ।
অশ্বসেননৃপনন্দন, পুং. [অশ্ব+সেন+নৃপ-নন্দন] সনৎকুমার।
অশ্বস্তন-অশ্বস্তনিক, ত্রি. [অশ্ব+স্তন-ইক] অদ্যতন। [ঘোটকের রব।
অশ্বস্বন, ন. [অশ্ব+স্বন] তুরঙ্গ ধ্বনি,
অশ্বস্বনসঙ্কাশ, ন. [অশ্বস্বন+সঙ্কাশ] ঘোটকের শব্দ তুল্য।
অশ্বহারক, পুং. [অশ্ব+হারক] অশ্বচৌর, অশ্বঅপহরণকর্ত্তা। [বাগী, ঘুড়ী।
অশ্বা, স্ত্রী. [অশ্ব+আ] ঘোটকী, বড়বা,
অশ্বারি, পুং. [অশ্ব+অরি] মহিষ।
অশ্বারূঢ়, পুং. [অশ্ব+আরূঢ়] অশ্বারোহ, ঘোটকোপরি কৃতারোহণ।
অশ্বারোহ, ত্রি. [অশ্ব+আরোহ] যোদ্ধা, অশ্বপৃষ্ঠস্থিতি, সাদী, অশ্ববহ, অশ্ববার, তুরগী, অশ্ববহ, ঘোড়সওয়ার।
অশ্বারোহা, স্ত্রী. [অশ্ব+আরোহা] অশ্বগন্ধা বৃক্ষ; (ত্রি.) অশ্ববাহক।
অশ্বারোহী, ত্রি. [অশ্ব+আরোহিন্] অশ্বারোহণ বিশিষ্ট, ঘোটকারোহণকর্ত্তা, অশ্বারূঢ়, ঘোড়সওয়ার।
অশ্বাবরোহক, পুং. [অশ্ব+অবরোহক] অশ্বগন্ধা বৃক্ষ। [বৃক্ষ।
অশ্বাক্ষ, পুং. [অশ্ব+অক্ষ] দেবসর্ষপ
অশ্বিনী, স্ত্রী. [অশ্ব+ইন্+ঈ] সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত প্রথম নক্ষত্র; কিন্নরী; সূর্য্যপত্নী, অশ্বযুক, দাক্ষায়ণী।
অশ্বিনীকুমার, পুং. [অশ্বিনী+কুমার] স্বর্বৈদ্য, দেবচিকিৎসক; সূর্য্যের ঔরসে অশ্বিনী গর্ভে জাত যমজ পুত্র।
অশ্বিনীপুত্র, পুং. [অশ্বিনী+পুত্র] স্বর্বৈদ্য, স্বর্গের চিকিৎসক, দেব চিকিৎসক।
অশ্বিনীসুত, পুং. [অশ্বিনী+সুত] অশ্বিনীপুত্র, তৎপর্য্যায়।—স্বর্বৈদ্য, অব্ধির্না, দস্রৌ, নাসত্যৌ, আশ্বিনেয়ৌ, নাসিক্যৌ, গদাদদৌ, পুরস্রজৌ।
অশ্বিনৌ, পুং. [অশ্বিন+ঔ] অশ্বিনীকুমার।
অশ্বী, স্ত্রী. [অশ্ব+ঈ] ঘোটকী, তুরগী, বড়বা, অর্ব্বতী, ঘুড়ী, মাদোয়ান।
অশ্বীন, ত্রি. [অশ্ব+ঈন] একাশ্ব করণক-দিনৈকগম্যস্থানাদি; আশ্বিন অশ্বিন।
অশ্বীয়, ন. [অশ্ব+ঈয়] অশ্ববৃন্দ, ঘোটক সমূহ; (ত্রি.) অশ্বহিত, অশ্বহিতকারী; অশ্বসম্বন্ধী।
অষড়ক্ষীণ. ত্রি. [ন+ষট্+অক্ষি+ঈণ] উভয়-কর্ত্তৃক মন্ত্রণা, দুইজনে যে মন্ত্রণা করা যায়।
অষাঢ়, পুং. আষাঢ় মাস; ব্রতে পলাশদণ্ড।
অষাঢ়ক, পুং. [অষাঢ়+ক] দণ্ডী; আষাঢ় মাস।
অষাঢ়া, স্ত্রী. [অষাঢ়+আ] উত্তরাষাঢ়া এবং পূর্ব্বাষাঢ়া নক্ষত্র।
অষ্ট, ত্রি. [অষ্টন্]সংখ্যাবিশেষ, ৮আট; অষ্ট বাচকশব্দ যথা।—যোগাঙ্গ, বসু, শিব-মূর্ত্তি, দিগ্গজ, সিদ্ধি; ব্রহ্মশ্রুতি, ব্যাকরণ, দিক্পাল, অহি, কুলাদ্রি, ঐশ্বর্য্য।
অষ্টক, ত্রি. [অষ্ট+ক] স্তবাদি অষ্ট সংখ্যা।
অষ্টকর্ণ, পুং. [অষ্ট+কর্ণ] ব্রহ্মা, প্রজাপতি, বিধি। [তিথি ভেদ।
অষ্টকা, স্ত্রী. [অষ্টক+আ] শ্রাদ্ধবিশেষ;
অষ্টকাঙ্গ, ন. [অষ্টক+অঙ্গ] পাশার ছক্, নয়পীঠী।
অষ্টকোণ, পুং. [অষ্ট+কোণ] অষ্টাস্র, অষ্টভুজ, আটপলিয়া।

অষ্টগব, ন. [অষ্ট+গব] অষ্টগরু।

অষ্টগাধ, পুং. [অষ্ট+গাধ] অষ্টপদবিশিষ্ট জীববিশেষ, শরভ; মাকড়সা।

অষ্টদিক্‌, স্ত্রী. [অষ্ট+দিক্‌] পূর্ব্ব, ঈশান, উত্তর, বায়ু,পশ্চিম,নৈর্ঋত,দক্ষিণ,অগ্নি।

অষ্টদিক্‌পাল, পুং. [অষ্টদিক্‌+পাল] পূর্ব্বাদি অষ্টদিগধিপতি যথা।—ইন্দ্র, বহ্নি,পিতৃ পতি, নৈর্ঋত, বরুণ, মরুৎ, কুবের, ঈশান। [রূপ।

অষ্টধা, ব্য. [অষ্ট+ধা] অষ্ট প্রকার, অষ্ট-

অষ্টধাতু, ন. [অষ্ট+ধাতু] অষ্টপ্রকার ধাতু যথা—স্বর্ণ, রূপ্য, তাম্র, পিত্তল, কাংস, ত্রপু, শীশক, লোহ। [আট।

অষ্টন্‌, ত্রি. [অষ্ট+অন্‌] সংখ্যাবিশেষ ৮

অষ্টনই, (প্রা.) অষ্টনবতি।

অষ্টনবত-অষ্টনবতি, ত্রি. [অষ্ট+নবত-তি] সংখ্যাবিশেষ ৯৮ অষ্টনব্বই।

অষ্টনব্বই, (প্রা.) অষ্টনবতি।

অষ্টপঞ্চাশ-অষ্টপঞ্চাশৎ, ত্রি. [অষ্ট+পঞ্চা-শ-ৎ]সংখ্যাবিশেষ ৫৮আটান্ন। [শরভ।

অষ্টপৎ, পুং. [অষ্ট+পৎ] লূতা, মাকড়সা;

অষ্টপদ, পুং. [অষ্ট+পদ] শরভ; মাকড়সা।

অষ্টপদা, স্ত্রী. [অষ্ট+পদা] চন্দ্রমল্লিকা।

অষ্টপত্রক, ত্রি. [অষ্ট+পত্রক] অষ্টফলক, অষ্টক, ফর্দ্দে আটপত্র ভাঁজা, আট-উরুকিয়া। [অষ্টক।

অষ্টপ্রকার, ত্রি, [অষ্ট+প্রকার] অষ্টধা,

অষ্টপাৎ, পুং, [অষ্ট+পাদ্‌] লূতা, মাকড়সা তৎপর্য্যায়—ঊর্ণনাভ, ঊর্ণনাভি, লূতিকা, তন্তুবায়, তন্ত্রবায়, মর্কট, মর্কটক, মর্কক, অষ্টাপদ, অষ্টপাদ্‌, জালকারক, জালিক লালাসার, কৃষাক্ষ, কিন্তুঘ্ন, শলক, কোশ কার, কোষকার।

অষ্টপাদ, পুং. [অষ্ট+পাদ] ঊর্ণনাভ, মাক-ড়সা লূতিকা; শরভ.

অষ্টপাদিকা, স্ত্রী. [অষ্ট+পাদিকা] লতা-বিশেষ, হাপরমালী খ্যাত।

অষ্টপাশ, ন. [অষ্টপাশ] ঘৃণা লজ্জাদি মায়াবন্ধন। তদযথা—ঘৃণা, লজ্জা, মান, অপমান, মোহ, দম্ভ, দ্বেষ, পৈশুনা।

অষ্টপ্রহর, ত্রি. [অষ্ট+প্রহর] দিবা রাত্রি, অহর্নিশি; অবিরত, সন্ততসমান; ষষ্ঠি-দণ্ড, আটপ্রহর।

অষ্টবর্গ, পুং. [অষ্ট+বর্গ] ঔষধাষ্টকবিশেষ যথা।—ঋষভ, জীবক, মেদা, মহা-মেদা, ঋদ্ধি, বৃদ্ধি, কাকোলী, ক্ষীরকা-কোলী; জ্যোতিষ শাস্ত্রোক্ত গোচর বিশেষ।

অষ্টবসু, পুং. [অষ্ট+বসু] ধর, ধ্রুব, সোম, সাবিত্র, অনিল, অনল, প্রত্যুষ, প্রভাস। [প্রকার।

অষ্টবিধ. ত্রি. [অষ্ট+বিধ] অষ্টধা, অষ্ট,

অষ্টবিধরস, পুং. [অষ্টবিধ+রস] শৃঙ্গার, বীর, করুণা, অদ্ভুত, হাস্য, ভয়ানক, বীভৎস্য, রৌদ্র।

অষ্টম, ত্রি. [অষ্ট+ম] অষ্ট, আটের পূরণ, আটঞি।

অষ্টমঙ্গল, স্ত্রী [অষ্ট+মঙ্গল] অষ্টপ্রকার মঙ্গলদ্রব্য। তদযথা—মৃগরাজ,বৃষ, নাগ, কলস, ব্যজন, বৈজয়ন্তী, ভেরী, দীপ; (মতান্তরে)—ব্রাহ্মণ, গো, অগ্নি, স্বর্ণ, ঘৃত, সূর্য্য, জল, রাজা।—(পুং.) শ্বেত-বর্ণ মুখ, বক্ষঃ, খুর, কেশ, পুচ্ছযুক্ত ঘোটক।

অষ্টমঙ্গলঘৃত, ন. [অষ্টমঙ্গল+ঘৃত] অষ্টৌ-ষধযুক্ত পক্বঘৃত। যথা।—বচ, কুষ্ঠ, ব্রাহ্মী, সিদ্ধার্থ, সারিবা, সৈন্ধব,পিপ্পলী, ঘৃত।

অষ্টময়সিদ্ধি, পুং. [অষ্টময়+সিদ্ধি] সাঙ্গতা, পরিপূর্ণতা; নায়িকা সিদ্ধিবিশেষ।

অষ্টমাংশ, পুং. [অষ্টম+অংশ] অষ্টমভাগ।

অষ্টমান, ন. [অষ্ট+মান] কুড়ব পরিমাণ; শরাবার্দ্ধ.

অষ্টমিকা, স্ত্রী. [অষ্টমিক+আ] শক্তিপরি-মাণ, চতুস্তোলক, চারি তোলা।

অষ্টমী, স্ত্রী. [অষ্টম+ঈ] তিথিবিশেষ, চন্দ্রের অষ্টম কলার ক্রিয়া যে দিনে হয়; ক্ষীরকাকোলী; অষ্টক।

অষ্টমূর্ত্তি-অষ্টমূর্ত্তিধর, পুং.[অষ্ট+মূর্ত্তি-ধর] শিবের অষ্টবিধ মুর্ত্তিবিশেষ,যথা—ক্ষিতি

মূর্ত্তি সর্ব্ব, জলমূর্ত্তি ভব, অগ্নিমূর্ত্তি রুদ্র, বায়ুমূর্ত্তি উগ্র, আকাশমূর্ত্তি ভীম, যজমানমূর্ত্তি পশুপতি, চন্দ্রমূর্ত্তি মহাদেব, সূর্য্যমূর্ত্তি ঈশান।

অষ্টলোহক, ন. [অষ্ট+লোহক] অষ্টধাতু বিশেষ; যথা—সুবর্ণ, রজত, তাম্র, রঙ্গ, শীশ, কান্তলোহ, মুণ্ডলোহ, তীক্ষ্ণলোহ।

অষ্টশ্রবা, পুং. [অষ্ট+শ্রবস্] ব্রহ্মা, বিধাতা, বিরিঞ্চি।

অষ্টষষ্ট-অষ্টষষ্টি, ত্রি. [অষ্ট+ষষ্ট] সংখ্যাবিশেষ, ৬৮ আটষট্টি।

অষ্টসপ্ত-অষ্টসপ্ততি, ত্রি. [অষ্ট+সপ্ত] সংখ্যাবিশেষ, ৭৮ আটাত্তর।

অষ্টাকপাল, পুং. [অষ্ট+কপাল] যজ্ঞবিশেষ, যে যজ্ঞে আটটা কপালে হবি লইয়া হোম করে; দুঃখী আট্‌কপালে।

অষ্টাঙ্গ, পুং. [অষ্ট+অঙ্গ] অষ্ট অবয়ব, যথা—হস্তদ্বয়, বক্ষঃ, ভাল, চক্ষুর্দ্বয়, কর্ণ, পৃষ্ঠমেরু।

অষ্টাঙ্গপ্রণাম, ন. [অষ্টাঙ্গ+প্রণাম] দণ্ডবৎ, ভূমিতে অষ্টাঙ্গ স্পর্শন পূর্ব্বক প্রণাম; তদ্‌যথা—হস্ত, পদ, উরৎ, বক্ষঃ, চক্ষু, মস্তক, বাচিক, এবং মানসিক।

অষ্টাঙ্গার্ঘ্য, পুং. [অষ্টাঙ্গ+অর্ঘ্য] অষ্ট দ্রব্য ঘটিত পূজোপকরণবিশেষ যথা।—জল, ক্ষীর, কুশাগ্র, দধি, ঘৃত, তণ্ডুল, তিল, যব।

অষ্টাদশ, ত্রি. [অষ্টা+দশন্] অষ্টাদশসংখ্যা বিশেষ, ১৮আঠারো।

অষ্টাদশাঙ্গ, পুং. [অষ্টদশ+অঙ্গ] অষ্টাদশদ্রব্যঘটিত পাঁচন বিশেষ, চতুর্বিধ যথা—দশমূল্যাদি, ভূনিম্বাদি, দ্রাক্ষাদি ও মুস্তাদি।

অষ্টাপদ, পুং. [অষ্ট+পদ] শরভ; মর্কট; ক্রিমি; কৈলাসপর্ব্বত; কীলক; লূতা. চন্দ্রমল্লী; (পুং. ন.) স্বর্ণ; ধূস্তূর; শারি ফলক, পাশার ছক।

অষ্টাপদী, স্ত্রী. [অষ্টাপদ+ঈ] চন্দ্রমল্লী।

অষ্টাপদপত্র, ন. [অষ্টাপদ+পত্র] স্বর্ণপত্র, সোণারপাতা।

অষ্টাবক্র, পুং. [অষ্টা+বক্র] কুৎসিত, কুরূপ; মুনিবিশেষ।

অষ্টারচক্রবান্, পুং. [অষ্ট+অর+চক্রবৎ] জিন বিশেষ, তৎপর্য্যায়।—মঞ্জুশ্রী, জ্ঞানদর্পণ, মঞ্জুভদ্র, মঞ্জুঘোষ, কুমার, স্থিরচক্র, বজ্রধর, প্রজ্ঞাকায়, বাদিরাট্, নীলোৎপলী, মহারাজ, নীল, শার্দ্দূলবাহন, ধিয়াম্পতি, পূর্ব্বজিন, খড়্গী, দণ্ডী, বিভূষণ, বালব্রত, পঞ্চচীর, সিংহকেলী, শিখাধর, বাগীশ্বর। [আশী ৮৮।

অষ্টাশীত, ত্রি, [অষ্ট+অশীত] অষ্টঅধিক

অষ্টাস্র-অষ্টাস্রয়, ত্রি. [অষ্ট+অস্র-য়] অষ্টকোণ, অষ্টভুজ। [সর্ব্বাঙ্গে।

অষ্টেপৃষ্ঠে, ব্য, [অষ্টে+পৃষ্ঠে] সকলদিকে,

অষ্ঠি, স্ত্রী. [ন+স্থা+ইন্] বীজ, বীচি, আঁঠি।

অষ্ঠীবান্, ত্রি. [অস্থি+বৎ] জানু, জঙ্ঘা, হাঁটু।

অষ্ঠীলা, স্ত্রী. [অস্থি+লা] বর্ত্তুলাকার প্রস্তর বিশেষ; ব্যাধি বিশেষ; আঘাতপ্রযুক্ত নীলীকা অর্থাৎ কালশিরা।

অষ্ঠীলিকা, স্ত্রী. [অষ্ঠীলা+ইক+আ] কোষ্ঠবদ্ধ রোগ; উদরাময়।

অসংদীপ্তি, [অসম্+দীপ্তি] গ্রহণ, গতি, ভাব, বিদ্যমানতা, ক্ষেপ। [অলগ্ন।

অসংক্রান্ত, ত্রি: [অসম্+ক্রান্ত] অসম্বদ্ধ

অসংখ্য, ত্রি. [ন+সংখ্য] অগণনীয়, সংখ্যা রহিত, অপরিমিত, অনন্ত, অসংখ্যনীয়।

অসংখ্যা-অসংখ্যাত, ত্রি. [ন+সংখ্যা-ত] অগণিত, সংখ্যা রহিত, অপরিমিত।

অসংখ্যেয়, ত্রি. [ন+সংখ্যেয়] অগণনীয়, সংখ্যারহিত, যাহার গণনা হয় না।

অসংবিদান, ত্রি. [ন+সম্+বিদান] নির্ব্বোধ, মূর্খ। [বৃত।

অসংবৃত, ত্রি. [ন+সংবৃত] নিযুক্ত, অনা-

অসংজ্ঞ, ত্রি, [ন+সংজ্ঞ] নিঃসংজ্ঞ, সংজ্ঞাহীন, নষ্টসংজ্ঞা।

অসংযত-অসংযতাত্মা, ত্রি. [ন+সংযত-আত্মন্] অযন্ত্রিত, অযত, অনিয়ত, অবশ, স্বতন্ত্র। [তিরোধ।

অসংযম, পুং. [ন+সংযম] অনিগ্রহ, অপ্র-

অসংযুক্ত, ত্রি. [ন+সংযুক্ত] অসংলগ্ন, অমিলিত।

অসংযোগ, পুং. [ন+সংযোগ] বিসংযোগ, সিদ্ধিযোগ, বিপ্রয়োগ, বিভেদ, বিশ্লেষ, বিযুক্তি, সংযোগাভাব, অঙ্গবিচ্যুতি।
অসংলগ্ন, ত্রি. [ন+সংলগ্ন] অমিল, অসঙ্গত। [ন্দেহ।
অসংশয়, ত্রি. [ন+সংশয়] নিশ্চয়, নিঃস-
অসংশ্রব, ত্রি. [ন+সংশ্রব] কর্ণাগোচর, অনাকর্ণিত, অশ্রুত। [পৃথক্, ভিন্ন।
অসংসৃষ্ট, ত্রি. [ন+সংসৃষ্ট] অমিলিত,
অসংস্কার, পুং. [ন+সংস্কার] অপ্রতিষ্ঠা অনভিষেক; অপরিষ্কার; অনলঙ্কার।
অসংস্কৃত, ত্রি. [ন+সংস্কৃত] সংস্কৃতেতর, অশুদ্ধ, সংস্কারহীন; অনুপনীত।
অসংস্কৃতবাক্য, ন. [অসংস্কৃত+বাক্য] সংস্কৃত ভিন্ন বাক্য, ইতর কথা, অপভ্রংশ, অপভাষা, অপশব্দ।
অসংস্তব, পুং. [ন+সংস্তব] অসংসর্গ।
অসংস্তুত, ত্রি. [ন+সংস্তুত] অজ্ঞাত, অবিদিত, অননুভূত।
অসংস্থা, স্ত্রী. [ন+সংস্থা] অসংস্থিতি।
অসংস্থান, ন. [ন+সংস্থান] অসংস্থিতি, অসম্বল, অসঙ্গতি, সংস্থানাভাব।
অসংহত, পুং. [ন+সংহত] ব্যূহবিশেষ; যুদ্ধসময়ে সৈন্যদিগের শ্রেণীবদ্ধপূর্ব্বক দণ্ডায়মান, (ত্রি.) অমিলিত, পৃথক্।
অসংক্ষিপ্ত, ত্রি. [ন+সংক্ষিপ্ত] বিস্তীর্ণ, বাহুল্য।
অসংক্ষেপ, পুং. [ন+সংক্ষেপ] অপ্রত্যাহার, অসংগ্রহ, অসমাহার, বিস্তার।
অসকল, ত্রি. [ন+সকল] খণ্ড, শকল, অংশ; অসম্পূর্ণ, অকৃৎস্ন। [ম্বার।
অসকৃৎ, ব্য. [ন+সকৃৎ] পুনঃ পুনঃ, বার-
অসকৃৎগর্ভবাস, পুং. [অসকৃৎ+গর্ভ+বাস] পুনঃ পুনঃ জন্ম।
অসক্ত-অসক্তবুদ্ধি, ত্রি. [ন+সক্ত-বুদ্ধি] অনভিলাষ, নিস্পৃহ, সমবুদ্ধি, সমভাব, নিবৃ্ত। [অভাব।
অসখ্য, ন. [ন+সখ্য] অপ্রণয়, বন্ধুত্বের
অসঙ্কল্প, পুং. [ন+সঙ্কল্প] অনভিপ্রেত, কল্পনাশূন্য।

অসঙ্কীর্ণ, ত্রি. [ন+সঙ্কীর্ণ] অমিশ্রিত, অব্যতিকীর্ণ, অপৃক্ত।
অসঙ্কুচিত, ত্রি. [ন+সঙ্কুচিত] অকুণ্ঠিত, অসঙ্কীর্ণ, প্রশস্ত।
অসঙ্কুল, ত্রি. [ন+সঙ্কুল] অসংকীর্ণ, বিস্তৃত, প্রশস্ত; পরিষ্কৃত; (পুং.) বিস্তৃতপস্থা।
অসঙ্কোচ, পুং. [ন+সঙ্কোচ] অবাধ, অপ্রতিবন্ধক; অনাকুঞ্চন।
অসঙ্খ্য, পুং. [ন+সঙ্খ্য] সঙ্খ্যারহিত, অগণনীয় দ্বিপরার্দ্ধাদি।
অসঙ্গ, ত্রি. [ন+সঙ্গ] নিঃসঙ্গ, অসংসর্গ, সঙ্গবিচ্যুত।
অসঙ্গত, ত্রি.[ন+সঙ্গত] সঙ্গতিরহিত, অযুক্ত, শাস্ত্রাদি অসম্মত, অমিল, বিরুদ্ধ প্রযুক্তীত, অসংলগ্ন।
অসঙ্গতা-অসঙ্গতি, স্ত্রী. [ন+সঙ্গততা-তি] বিরুদ্ধতা, অযুক্তি।
অসজ্ঘটন, ন. [ন+সজ্ঘটন] ঘটনাশূন্য, অসংযোজন, অমিলন
অসজ্ঘস, ত্রি. [ন+সজ্ঘস] আহারাভাব, অনশন, অনন্ন।
অসচ্চরিত্র, ত্রি. [অসৎ+চরিত্র] অসদাচার, কদাচরণ, কুৎসিত ব্যবহার।
অসচ্ছাস্ত্র, ন. [অসৎ+শাস্ত্র] বিরুদ্ধশাস্ত্র, অশাস্ত্র। [যুধ, নিঃশস্ত্র।
অসজ্জ-অসজ্জিত, ত্রি. [ন+সজ্জা-ইত]অনা-
অসজ্জন, ত্রি. [অসৎ+জন] দুর্জ্জন, দুরাচার, কুমানুষ, মন্দব্যক্তি, অসৎ মনুষ্য
অসজ্জ্ঞান, ত্রি. [অসৎ+জ্ঞান] কুজ্ঞান, অসম্মতি, দুর্ব্বোধ।
অসঞ্চয়, পুং. [ন+সঞ্চয়] নিঃসঞ্চয়, সমুদয় ব্যয়, পুঁজিশূন্য, সঙ্গতিরহিত। [হিত।
অসতর্ক, ত্রি. [ন+সতর্ক] অসাবধান, অনব-
অসতায়ী, স্ত্রী. [অসৎ+আয়+ঈ] অসৎপনা, শঠতা, ধূর্ত্ততা।
অসতী, স্ত্রী. [ন+সতী] ভ্রষ্টা, ব্যভিচারিণী, পুংশ্চলী, বন্ধকী, কুলটা, স্বৈরিণী, ধর্ষিণী, ইত্বরী, পাংশুলা, ধৃষ্টা, দুষ্টা, ধর্ষিতা, লঙ্কা, নিশাচরী, ত্রপারণ্ডা, পরপুরুষগামিনী, কুলটা, কুবেষ্টিতা।

অসতীসুত, পুং. স্ত্রী. [অসতী+সুত] ব্যভিচারিণী পুত্র, কুলটাসুত, বান্ধকিনেয়, বন্ধুল, কৌলটেয়, জারজ, উপস্ত্রীজাত, ত্র

অসতীসুনু, পুং. [অসতী+সুনু] কুলটাপুত্র।

অসৎ, ত্রি. [ন+সৎ] জড়বর্গ, নিষ্ফল; নিন্দিত; অনিত্য; অবিদ্যমান; অসাধু; দুর্জ্জন; মূর্খ; ব্রহ্মভিন্ন বস্তু।

অসৎ-অসদ্, পুং. ইন্দ্র, দেবরাজ।

অসৎকথা, স্ত্রী. [অসৎ+কথা] মন্দকথা, কুবাণী। [পাপকর্ম্ম।

অসৎকর্ম্ম, ন. [অসৎ+কর্ম্ম] কুকর্ম্ম, অধর্ম্ম,

অসৎকৃত, ত্রি. [অসৎ+কৃত] কুকর্ম্মকৃত, দুষ্কৃত, (ন.) পাপকর্ম্ম।

অসৎপথ, পুং. [অসৎ+পথ] মন্দপথ, কুপথ, কদর্য্যবর্ত্ম, কাপথ, ব্যধ্ব, দুরধ্ব, অপথ, কদধ্বা, বিপথ, কুৎসিতবর্ত্ম, কুমার্গ।

অসৎপনা, স্ত্রী. [অসৎ+পনা] ধূর্ত্ততা, শঠতা, দুষ্টতা।

অসৎসংসর্গ, পুং. [অসৎ+সংসর্গ] কুসংসর্গ, মন্দলোকের সহিত সহবাস।

অসত্তা, স্ত্রী. [অসৎ+তা] অবিদ্যমানতা; অসত্য, অনৃত।

অসত্য, ত্রি. [ন+সত্য] মিথ্যা, অলীক, অযথার্থ।

অসত্যসন্ধ, ত্রি. [অসত্য+সন্ধ] অবিশ্বাস্য, বিশ্বাসঘাতী; দুষ্ট।

অসত্বর, ত্রি. [ন+সত্বর] অশীঘ্র, বিলম্ব অনুৎসাহী, দীর্ঘসূত্রী।

অসদধ্যেতা, ত্রি. [অসৎ+অধ্যেতা] অসদধ্যয়নশালী, কুপাঠক।

অসদা, ত্রি. [ন+সদা] অনিত্য।

অসদাচার, ত্রি. [অসৎ+আচার] দুশ্চরিত্র, অধার্ম্মিক, (ন.) কুব্যবহার।

অসদুক্তি, স্ত্রী. [অসৎ+উক্তি] কুকথা, কদুক্তি।

অসদৃশ, ত্রি. [ন+সদৃশ] অতুল্য, অনুপম, অসমান।

অসদ্গ্রহ, পুং. [অসৎ+গ্রহ] অর্থাৎ, বালকদিগের আবদার। [দুষ্ট হেতু।

অসদ্ধেতু, ত্রি. [অসৎ+হেতু] অসৎকারণ,

অসদ্বৃত্তি, স্ত্রী. [অসৎ+বৃত্তি] দুর্বৃত্তি, কুবৃত্তি, দুষ্টতা

অসদ্ব্যবহার, ত্রি. [অসৎ+ব্যবহার] অসদাচার, অধার্ম্মিক, (ন.) কুব্যবহার।

অসদ্ভাব, পুং. [অসৎ+ভাব] অপ্রণয়, অভাব, অপ্রতুল; কুস্বভাব।

অসন, পুং. [অস্+অন] বৃক্ষবিশেষ, পিয়াশালগাছ, তৎপর্য্যায়।—মহাসজ্জ, সৌরি, বন্ধূকপুষ্প, প্রিয়ক, বীজবৃক্ষ, নীলক, প্রিয়সালক; বৃক্ষভেদ, আসন, তৎপর্য্যায়।—অজকর্ণ, বনেসর্জ্জ, মহাসর্জ্জ, (ন.) ক্ষেপণ, প্রেরণ

অসনপর্ণী, স্ত্রী. [অসন+পর্ণী] বৃক্ষবিশেষঃ, তৎপর্য্যায়।—বাতক, শীতল, শীতলবাতক, অপরাজিতা, শণপর্ণী, শীত, শীতক, সনপর্ণী; মারাটী, ওসান।

অসন্ততি-অসন্তান, ত্রি. [ন+সন্ততি-সন্তান] অনপত্য, নিঃসন্তান, বংশরহিত।

অসন্তুষ্ট, ত্রি. [ন+সন্তুষ্ট] সম্যক্‌তুষ্টি রহিত, অসমাহ্লাদিত।

অসন্তোষ, পুং. [ন+সন্তোষ] অপরিতোষ।

অসন্দিগ্ধ, ত্রি. [ন+সন্দিগ্ধ] সুনিশ্চিত, নিঃসংশয়, অসংশয়।

অসন্দিষ্ট, ত্রি. [ন+সন্দিষ্ট] অবিজ্ঞাপিত, অবিজ্ঞপ্ত, অনিবেদিত, অকথিত।

অসন্দেহ, ত্রি. [ন+সন্দেহ] সন্দেহরহিত, নিঃশঙ্ক।

অসন্ধান, ন. [ন+সন্ধান] সন্ধানরহিত, অলক্ষ; অসংযোগ, বিশ্লেষ।

অসন্ধি, স্ত্রী. [ন+সন্ধি] সন্ধিরহিত, অসংযোগ, ভেদ, বিচ্ছেদ।

অসন্ধ্যা, স্ত্রী. [ন+সন্ধ্যা] সন্ধ্যাহীন।

অসন্নদ্ধ, ত্রি. [ন+সম্+নদ্ধ] সমুদ্ভূত, উৎপাদিত; পণ্ডিতাভিমানী; অকৃতসন্নাহ; দর্পিত। [অসন্নিধি।

অসন্নিকর্ষ, পুং. [ন+সন্নিকর্ষ] দূর, অসমীপ,

অসন্নিকৃষ্ট, ত্রি. [ন+সন্নিকৃষ্ট] অসন্নিহিত, দূরস্থ, অসমীপিত, অলক্ষিত, অব্যক্ত।

অসন্নিকৃষ্য, ত্রি. [ন+সন্নিকৃষ্য] ইন্দ্রিয়াযোগ্য, বোধাতীত।

অসন্নিধান-অসন্নিধি, ন.স্ত্রী. [ন+সন্নিধান-ধি] অসান্নিধ্য, দূরতা।

অসন্নিহিত, ত্রি, [ন+সন্নিহিত] দূরস্থ, অসন্নিকৃষ্ট। [শ্খল।

অসন্ন্যস্ত, ত্রি. [ন+সম্+ন্যস্ত] উচ্ছৃঙ্খল,বিশৃ-

অসম্মান, ন. [ন+সম্মান] মানরহিত, অমর্য্যাদা, অনাদর, অবজ্ঞান।

অসপত্ন, ত্রি. [ন+সপত্ন] অনারাতি, নীরিপু, অপ্রতিপক্ষ, মিত্র।

অসপিণ্ড, ত্রি. [ন+সপিণ্ড] সপিণ্ডভিন্ন, জ্ঞাতিভিন্ন। [বর্ণ।

অসবর্ণ, ত্রি. [ন+সবর্ণ] ভিন্নজাতি; অন্য

অস্‌বাব, (যাং) গৃহোপকরণদ্রব্যাদি, গৃহসজ্জা

অসভ্য, ত্রি. [ন+সভ্য] সভানুপযুক্ত, অসামাজিক, অভব্য, অসভাসৎ; খল, নীচ।

অসভ্যতা, স্ত্রী.[ন+সভ্যতা] অভব্যতা, মূঢ়তা।

অসম, ত্রি. [ন+সম] বিষম; অতুল্য; (পুং.) বুদ্ধ। [অত্যল্প, অপ্রতুল।

অসমগ্র, ত্রি. [ন+সমগ্র] অসমুদয়, অনখিল,

অসমঞ্জস, ত্রি. [ন+সমঞ্জস] অসম, বিষম, অতুল্য, অসদৃশ; (ন.) অসাম্য, বিভেদ, বিরোধ

অসময়, পুং. [ন+সময়] অকাল; দুঃসময়।

অসমর্থ, ত্রি. [ন+সমর্থ] অশক্ত, দুর্ব্বল, ক্ষীণ। [অনর্পণ।

অসমর্পণ, ন. [ন+সমর্পণ] অপ্রতিদান,

অসমবায়িকারণ, ন. [ন+সম+বায়ি+কারণ] সমবায়িকারণের আসন্নতর কারণ, সমবায়ি কারণের প্রত্যাসন্ন হইয়া যেকারণ হয় যেমন ঘটের প্রতি কপালদ্বয় সংযোগ।

অসমবায়ী, ত্রি.[ন+সমবায়+ইন্]আকস্মিক।

অসমসাহস-অসমসাহসী, ত্রি. [ন+সমসাহসসী] দুঃসাহসী; রণশূর।

অসমস্ত, ত্রি. [ন+সমস্ত] অসমগ্র, অসকল।

অসমক্ষ, ত্রি. [ন+সমক্ষ] পরোক্ষ,অগোচর।

অসমাদর, পুং. [ন+সমাদর] অনাদর, অমর্য্যাদা, অসম্মান। [অবজ্ঞাত।

অসমাদৃত, ত্রি. [ন+সমাদৃত] অনাদৃত,

অসমাধা-অসমাধান, স্ত্রী. ন. [ন+সমাধাধান] অসম্পন্ন, অসমাপ্তি।

অসমাধি, স্ত্রী. [ন+সমাধি] অচিন্তা, অবিবেচন, অবিমর্ষ; (ত্রি.) সমাধি রহিত সুজ্ঞাত।

অসমাধেয়, ত্রি. [ন+সমাধেয়] অজ্ঞেয়, বোধাগম্য, সমাধান রহিত।

অসমান, ত্রি. [ন+সমান] অতুল্য, অসদৃশ; সদৃশাভাব, বিজাতীয়, স্বজাতীয় ভিন্ন।

অসমাপক, ত্রি. [ন+সমাপক] অনিষ্পাদক, অসমাপ্তিক।

অসমাপিকাক্রিয়া,স্ত্রী.[ন+সমাপিকা-ক্রিয়া] সকাল কৃদন্ত, কালবোধক কৃদন্ত।

অসমাপন, ন. [ন+সমাপন] অনিষ্পন্ন।

অসমাপ্ত, ত্রি. [ন+সমাপ্ত] সমাপ্তি রহিত, অসংপূর্ণ, অনিষ্পন্ন।

অসমাহার, পুং. [ন+সমাহার] অসংগ্রহ, অসংগত।

অসমীচীন, ত্রি. [ন+সমীচীন] অনুত্তম, অপকৃষ্ট, অনুপযুক্ত।

অসমীক্ষ্য, ব্য. [ন+সমীক্ষ্য] অবিবেচিত, বিবেচনারহিত।

অসমীক্ষ্যকারী, ত্রি, [অসমীক্ষ্য+কারিন্] অবিবেচনাপূর্ব্বক কর্ম্মকর্ত্তা, অবিবেচক, জাল্ম।

অসমৃদ্ধি, ত্রি. [ন+সমৃদ্ধি] দুর্ভাগ্য; হতভাগ্য; (স্ত্রী) সম্পত্তিরহিত।

অসম্পন্ন, ত্রি. [ন+সম্পন্ন] অকৃত, অনিষ্পন্ন।

অসম্পর্ক, ত্রি. [ন+সম্পর্ক] অসম্বন্ধক,সম্পর্কহীন। [অপরিপূর্ণ।

অসম্পূর্ণ, ত্রি. [ন+সম্পূর্ণ] খণ্ডিত, অসমাপ্ত,

অসম্প্রীতি, পুং. [ন+সম্প্রীতি] অপ্রণয়।

অসম্বদ্ধ, ত্রি. [ন+সম্বদ্ধ] অনর্থকবাক্য, অবদ্ধ।

অসম্বন্ধ, ত্রি. [ন+সম্বন্ধ] অবদ্ধ,অমিল; সম্বন্ধহীন, নিঃসম্পর্ক।

অসম্বরণ-অসম্বৃত, ত্রি. [ন+সম্বরণ-সম্বৃত] অনাচ্ছাদন, অনাচ্ছাদিত।

অসম্ভব, ত্রি. [ন+সম্ভব] যাহা হইতে পারে না, অযোগ্য, অনুপযুক্ত।

অসম্ভাবনা, স্ত্রী. [ন+সম্ভাবনা] অসঙ্গতা, অসঙ্গতি, অপ্রমাণ্যতা।

অসম্ভাবী, ত্রি. [ন+সম্ভাবিন্] অভাবনীয়, অচিন্তনীয়।

অসম্ভাষণ, ত্রি. [ন+সম্ভাষণ] অশিষ্ট, অসভ্য বৃত্তি, সংলাপ বিমুখ।

অসম্ভুক্ত, ত্রি. [ন+সম্ভুক্ত] অকৃতভোগ, অনুপভুক্ত; অনধিকৃত।

অসম্ভূত, ত্রি. [ন+সম্ভূত] অজ, অজনিত; অসম্ভব।

অসম্ভ্রম, ত্রি. [ন+সম্ভ্রম] অমর্য্যাদা, অপমান; অপ্রশান্তাত্মা; অসম্মান।

অসম্ভ্রান্ত, ত্রি. [ন+সম্ভ্রান্ত] অবমানিত।

অসম্মত, ত্রি. [ন+সম্মত] অনভিমত, প্রণয়িত, বিপরীতমত, প্রতিকূল, প্রণায্য।

অসম্মতি, স্ত্রী. [ন+সম্মতি] বিমতি, অস্বীকার, দ্বৈধতা, অনৈক্যতা।

অসম্মান, ন. [ন+সম্মান] অমর্য্যাদা, অপমান, অনাদর, অবজ্ঞান, সম্যক্ মানাভাব। [অনাদৃত।

অসম্মানিত, ত্রি. [ন+সম্মানিত] অপমানিত,

অসম্মোহ, ত্রি. [ন+সম্মোহ] গাম্ভীর্য্য, ধৈর্য্য, শান্ত।

অসম্যক্, ত্রি. [ন+সম্যক্] অশুদ্ধ, অশোধিত; অপ্রকৃত, অযথার্থ; সকলাভাব, অসম্পূর্ণ, অসমগ্র।

অসম্যক্কারী, ত্রি. [অসম্যক্+কারিন্] অনিপুণ, অপটু; অশিষ্টাচার, দুরাচারী

অসম্লিষ্ট, ত্রি. [ন+সম্লিষ্ট] অমিশ্র, অসংযুক্ত, অসংসৃষ্ট

অসরল, ত্রি. [ন+সরল] বক্র, কুটিল, অনৃজু।

অসরু, পুং. [অস্+অরু] বৃক্ষবিশেষ, কুকুরসোঁকা। (প্রা) স্থূল।

অসর্ব্ব, ত্রি. [ন+সর্ব্ব] অসকল, অসমস্ত, অসমগ্র।

অসর্ব্বত্র, ব্য [ন+সর্ব্বত্র] স্থানবিষয়ে, স্থানতঃ

অসল্, (যাং) মূল; মূলধন।

অসল, ন. [অস্+অল] লৌহ; অস্ত্র; মন্ত্র।

অসহ, ত্রি. [ন+সহ] অসহ্য, দুঃসহ।

অসহকারী, ত্রি. [অসহ+কারিন্] অসহিষ্ণু।

অসহজ, ত্রি. [ন+সহজ] অসুগম, বিষম, অসুকর, কঠিন, দুষ্কর।

অসহন, পুং; স্ত্রী. [ন+সহন] শত্রু, বৈরী; অসহিষ্ণুতা, নিঃসহত্ব; (ত্রি.) অসহিষ্ণু।

অসহমান, ত্রি. [ন+সহমান] অসহিষ্ণু, অক্ষান্তিমান। [শ্রেয়।

অসহায়, ত্রি. [ন+সহায়] নিঃসহায়, নিরাশ্রয়।

অসহিত, ত্রি, [ন+সহিত] অসঙ্গ।

অসহিষ্ণু, ত্রি. [ন+সহিষ্ণু] সহনে অসমর্থ, সহিতে অপারক,।

অসহ্য, ত্রি.[ন+সহ্য] অসহনীয়, সহনাযোগ্য।

অসা, (যাং) দণ্ড, যষ্টি।

অসাঙ্গ, ত্রি. [ন+সাঙ্গ] অসমাপ্ত, অসম্পন্ন।

অসাড়, (প্রা.) জড়ীভূত, স্তম্ভিত, আড়ষ্ট।

অসাত্ত্বিক, ত্রি. [ন+সাত্ত্বিক] অসাধু, অধার্ম্মিক, সত্ত্বগুণরহিত।

অসাধক, ত্রি. [ন+সাধক] অনিষ্পাদক, অসম্পাদক; অনুপায়ক, অভক্ত।

অসাধন, ন. [ন+সাধন] অনিষ্পত্তি, অসমাপ্তি; অনুপাসনা; অনুপায়।

অসাধারণ, ত্রি. [ন+সাধারণ] সাধারণভিন্ন, অসামান্য, বিশেষ; অতুল্য।

অসাধু, ত্রি. [ন+সাধু] অধার্ম্মিক, অধর্ম্মী।

অসাধ্বী, ত্রি. [ন+সাধ্বী] অসতী, কুলটা।

অসাধ্য, ত্রি. [ন+সাধ্য] অসাধনীয়, সাধনাযোগ্য, অশক্য।

অসান্ত্ব-অসান্ত্বনা, ত্রি. [ন+সান্ত্ব-না] অপ্রবোধ, অশান্তি, শোকাপহার রহিত।

অসান্দ্র, ত্রি. [ন+সান্দ্র] অনিবিড়, বিরল; অকোমল। [নীরিপু।

অসাপত্ন্য, ত্রি. [স+সাপত্ন্য] অপ্রতিপক্ষ,

অসাবধান, ত্রি. [ন+সাবধান] অনবধান, অমনোযোগী, কাছা আলগা।

অসামর্থ্য, ন.[ন+সামর্থ্য] অশক্তি; অক্ষমতা।

অসাম্প্রতং, ব্য. অযুক্ত, অনুচিত, অন্যায়, কালান্তর।

অসাবরদার্, (যাং) যে ব্যক্তি অসা ধারণ করে, ধর্ম্মাধ্যক্ষপরিচর বিশেষ।

অসার, ত্রি. [ন+সার] সাররহিতবস্তু, স্থিরাংশশূন্য, তৎপর্য্যায়।—ফল্গু, নিঃ-

সার, নিষ্ফল, বার্ত্ত। (পুং.) এরণ্ডবৃক্ষ; (ন.) অগুরুকাষ্ঠবিশেষ।

অসারগ্রাহী, ত্রি. [ন+সার+গ্রাহিন্] ভ্রান্তবুদ্ধি, উচ্চণ্ডবুদ্ধি; দোষগ্রাহী।

অসার্থক, ত্রি. [ন+সার্থক] নিষ্ফল, নিরর্থক।

অসাহস, ন. [ন+সাহস] ভীরুতা, ভয়শীল।

অসাহায্য, ন. [ন+সাহায্য] সহায়তাশূন্য, নিরাশ্রয়, উত্তরসাধক রহিত।

অসাক্ষাৎ, ব্য. [ন+সাক্ষাৎ] অপ্রত্যক্ষ, অদর্শন, অগোচর, অতুল্য।

অসাক্ষী-অসাক্ষা, ত্রি. [ন+সাক্ষিন্-ক্ষা] প্রামাণ্যাভাব, সাক্ষ্যাভাব।

অসি, পুং. [অস্+ই] অস্ত্রভেদ, খাঁড়া, তরবাল, তৎপর্য্যায়।—খড্গ, নিস্ত্রিংশ, চন্দ্রহাস, রিষ্টি, কৌক্ষেয়ক, মণ্ডলাগ্র, করপাল, কৃপাণ, প্রবালক, ভদ্রাত্মজ, রিষ্ট, ঋষ্টি, ধারাবিষ, কৌক্ষেয়, তরবারি, তরবাজ, কৃপাণক, করবাল, কৃপাণী, শস্ত্র, বিষসন, তীক্ষ্ণধার, বপ্রদার, বিষশন। [মধ্যভাগ।

অসিক, ন. [অস্+ইক] অধর ও চিবুকের

অসিক্লিকা, স্ত্রী. [অসিক্লী+আ] অসিক্লী, দাসী।

অসিক্লী, স্ত্রী. [ন+সিক্ল+ঈ] অন্তঃপুরচারিণী, অবৃদ্ধাদাসী; নদীবিশেষ; দক্ষজায়া।

অসিগণ্ড, পুং. [অসি+গণ্ড] ক্ষুদ্র উপধান, ছোটবালিশ।

অসিত, পুং. [ন+সিত] কৃষ্ণবর্ণ; শনিগ্রহ; কৃষ্ণপক্ষ; (ত্রি.) কৃষ্ণ, শ্যাম, কাল, কার্ষ্ণ; মুনিবিশেষ।

অসিতপক্ষ, পুং. [অসিত+পক্ষ] কৃষ্ণপক্ষ।

অসিতা, স্ত্রী. [ন+সিতা] মহাদেবী প্রেষিতা অন্তঃপুরে সর্ব্বদা গমনাগমন যোগ্যা দাসী; নীলীবৃক্ষ।

অসিতাভ্রশেখর, পুং. [অসিত+অভ্র+শেখর] জিনবিশেষ; অভ্রভেদীশিখর।

অসিতার্চ্চিস্, পুং. [অসিত+অর্চ্চিস্] অগ্নি, অনল, বহ্নি, পাবক।

অসিতাশ্মা, ন. [অসিত+অশ্মন্] বৈদূর্য্যমণি, নীলকান্তমণি; কালপ্রস্তর। [প্রস্তর।

অসিতোপল, ন. [অসিত+উপল] কৃষ্ণবর্ণ

অসিতোৎপল, ন. [অসিত+উৎপল] নীলোৎপল, নীলপদ্ম।

অসিদংষ্ট্র অসিদংষ্ট্রক, পুং. [অসি+দংষ্ট্র-ক] জলজন্তুবিশেষ, মকর; কুম্ভীর।

অসিদন্ত, পুং. [অসি+দন্ত] নক্র, কুম্ভীর, মহামুখ, মকর। [পক্ক; সিদ্ধিরহিত।

অসিদ্ধ, ত্রি. [ন+সিদ্ধ] অপক্ক, অস্বিন্ন; অনি-

অসিদ্ধি, স্ত্রী. [ন+সিদ্ধি] অনিষ্পত্তি, ন্যায়মতে ত্রিবিধ যথা।—পক্ষাসিদ্ধি, স্বরূপাসিদ্ধি, ব্যাপ্যত্বাসিদ্ধি।

অসিধাব-অসিধাবক, পুং. [অসি+ধাব-ক] শস্ত্রমার্জ্জক, শিকলকর, অসিধাবনকর্ত্তা।

অসিধার, ন. [অসি+ধার] খড়্গেরধার, অসির তীক্ষ্ণাগ্র।

অসিধারী, ত্রি. [অসি+ধারিন্] খড়্গধারী, খড়্গহস্ত। [ছুরী।

অসিধেনু-কা, স্ত্রী. [অসি+ধেনু-কা] ছুরিকা,

অসিপত্র, পুং. [অসি+পত্র] ইক্ষু; খড়্গকোষ; নরকবিশেষ; গুণ্ডনাম তৃণ।

অসিপত্রক, পুং. [অসিপত্র+ক] ইক্ষু।

অসিপত্রবন, ন. [অসিপত্র+বন] নরকবিশেষ; ইক্ষু ও শর বনক্ষেত্র।

অসিপুচ্ছক, পুং. [অসি+পুচ্ছক] জলজন্তু বিশেষ, শিশুমার, শুশুক।

অসিপুত্রিকা-অসিপুত্রী, স্ত্রী. [অসি+পুত্রিকা-পুত্রী] ছুরিকা, ছুরী।

অসিভৃৎ, পুং. [অসি+ভৃৎ] খড়্গধর, আসিক। [বিট্খদির।

অসিমেদ, পুং. [অসি+মেদ] অরিমেদ,

অসিহেতি, পুং. [অসি+হেতি] খড়্গধারীযোদ্ধা, নৈস্ত্রিংশক।

অসীম, ত্রি. [ন+সীম] অনন্ত, সীমারহিত, অশেষ; অপরিমিত।

অসু, ন. [অস্+উ] চিত্ত; উপতাপ; (পুং.) প্রাণবায়ু প্রভৃতিপঞ্চপ্রাণ; (ত্রি.) শীঘ্র।

অসুকর, ত্রি. [ন+সুকর] দুষ্কর, কঠিন, দুঃসাধ্য, অসুগম; [অসু+কর] প্রাণতৃপ্তীকর।

অসুখ, ন. [ন+সুখ] দুঃখ, ক্লেশ, কষ্ট।

অসুখজনক, ত্রি. [অসুখ+জনক] ক্লেশকর, দুঃখদায়ক।

অসুখদ-অসুখদায়ক, ত্রি, [ন+সুখদ-দায়ক] ক্লেশজনক, দুঃখদায়ক, পীড়াকর, উদ্বেগ জনক। [অপ্রসন্ন।

অসুখী, ত্রি. [ন+সুখিন্] দুঃখিত; অসুস্থ,

অসুগম, ত্রি. [ন+সুগম] অসুকর, দুষ্কর, দুর্গমা।

অসুচরিত্র, ত্রি. [ন+সুচরিত্র] দুশ্চরিত্র, অসচ্চরিত্র, দুর্বৃত্ত।

অসুজন, ত্রি. [ন+সুজন] দুর্জ্জন, দুঃশীল, দুরাত্মা। [পুত্রহীন।

অসুত, ত্রি. [ন+সুত] নিঃসন্তান, অনপত্য,

অসুধারণ, ন. [অসু+ধারণ] প্রাণধারণ, জীবন রাখন; জীবন।

অসুধী, ত্রি. [ন+সুধী] নির্ব্বুদ্ধি, দুর্বুদ্ধি, ধীশূন্য।

অসুনিরস, ত্রি. [ন+সুনিরস] অপ্রিয়, অমনোজ্ঞ, অস্থক।

অসুন্দর, ত্রি. [ন+সুন্দর] কদাকার, অসৌম্য, কুরূপ। [রহিত।

অসুপ্ত, ত্রি. [ন+সুপ্ত] জাগরূক, নিদ্রা

অসুভৃৎ, ত্রি. [অসু+ভৃৎ] প্রাণী, জীব, জীবন্ত।

অসুমৎ, ত্রি. [অসু+মৎ] সজীব, অসুভৃৎ।

অসুর, পুং. স্ত্রী. [ন+সুর] সুরবিরোধী, কশ্যপঔরসে দিতিগর্ভজাত, তৎপর্য্যায়। দৈত্য, দানব, দৈতেয়, দনুজ, ইন্দ্রারি, দানব, শুক্রশিষ্য, দিতিসুত, পূর্ব্বদেব, সুরদ্বিট্, দেবরিপু, দেবারি, অমরারি; (পুং.) সূর্য্য; রাহু।

অসুররিপু, পুং. [অসুর+রিপু] বিষ্ণু, শ্রীকৃষ্ণ; দেবগণ। [তুলসী।

অসুরসা, স্ত্রী. [ন+সুরসা] বর্ব্বরী, বাবুই

অসুরা, স্ত্রী. [ন+সুরা] রজনী, রাত্রি; রাশি; (ত্রি.) মদ্যহীন।

অসুরাহ্ব, ন. [অসুর+আহ্ব] কাংস্য, কাঁসা। [রাইসর্ষা।

অসুরী, [ন+সুরী] অসুরপত্নী; রাজিকা,

অসুর্ক্ষণ, ন. [ন+সুর্ক্ষণ] অবজ্ঞা, অনাদর, তাচ্ছল্য।

অসুলভ, ত্রি. [ন+সুলভ] দুর্লভ, দুঃখেপ্রাপ্ত।

অসুশ্রাব্য, ত্রি. [ন+সুশ্রাব্য] শ্রবণের অযোগ্য, কুশ্রাব্য, বিস্বর; অশ্রবণার্হ।

অসুসার, (প্রা) অপ্রতুল, টানাটানি।

অসুস্থ, ত্রি. [ন+সুস্থ] সুখস্থিতিরহিত, রুগ্ন, রোগী।

অসুস্থতা, স্ত্রী. [ন+সুস্থতা] অস্বাস্থ্য, অস্বচ্ছন্দতা। [অরি।

অসুহৃৎ, পুং. [ন+সুহৃদ্] শত্রু, বৈরি,

অসুক্ষণ, ন. [ন+সুক্ষণ] অবজ্ঞা, অনাদর, তাচ্ছল্য।

অসূক, ত্রি. [অসূ+ক] অসূয়ক, অপবাদক, পিশুন।

অসূচনা, স্ত্রী, [ন+সূচনা] অলক্ষণ, অনভিজ্ঞান, অননুভব।

অসূতি, স্ত্রী. [ন+সূতি] বন্ধ্যাত্ব, নিষ্ফলতা; অপ্রসবা।

অসূত্র, ত্রি. [ন+সূত্র] অযুক্ত বাক্য; অনিয়ম; বিধানরহিত; সূত্রহীন।

অসূনু, ত্রি. [ন+সূনু] পুত্রহীন, নঃসন্তান।

অসূয়া-অসূয়ু, স্ত্রী. পুং. [অসূয়+আ-উ] গুণেতে দোষারোপ, পরগুণে দোষারোপ; পরিবাদ, দ্বেষ; নিন্দা

অসূর্য্যম্পশ্যা, স্ত্রী. [ন+-সূর্য্যম্+পশ্যা] অন্তঃপুরস্থিতা স্ত্রী যাহাকে সূর্য্যও দেখিতে পান না, রাজপত্ন্যাদি।

অসূর্ক্ষণ-অসূক্ষণ, ন. [ন+সূর্ক্ষণ-সূক্ষণ] অনাদর, অবজ্ঞা, তাচ্ছল্য।

অসূক্ষ্ম, ত্রি. [ন+সূক্ষ্ম] স্থূল, ঘন, নিবিড়।

অসৃক্, ন. [ন+সৃজ্] রক্ত; কুঙ্কুম; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত ষোড়শ যোগ। [ধাতু।

অসৃক্কর, পুং. [অসৃজ্+কর] শরীরস্থ রস

অসৃক্প, পুং. স্ত্রী. [অসৃজ্+প] রাক্ষস; জলৌকা, জোঁক; (ত্রি.) রক্তপায়ী, মশকাদি।

অসৃগ্ধরা-অসৃগ্ধারা, স্ত্রী. [অসৃজ্+ধরা-ধারা] শোণিত ধারা; চর্ম্ম।

অসৃষ্ট, ত্রি. [ন+সৃষ্ট] অনুৎপন্ন, অজনিত, অভূত। [ধারা।

অসৃপাট, স্ত্রী. পুং. [ন+সৃপ-অট] রক্ত-

অসেচনক, ত্রি. [ন+সেচনক] অত্যন্ত প্রিয় দর্শন, যাহাকে দেখিয়া তৃপ্তির শেষ না হয়, অতি মনোহর, অতি সুন্দর (ন.) ভারতবর্ষান্তর্গত পৃথিবীমণ্ডলত্রয়ের মধ্যে একখণ্ড।

অসেবক, ত্রি. [ন+সেবক] দাসহীন, অভৃত্য। [নিশ্চমূ।

অসৈন্য, ত্রি. [ন+সৈন্য] সৈন্যহীন, নির্ব্বল,

অসোদর, ত্রি. [ন+সোদর] ভ্রাতৃহীন।

অসৌজন্য, ন. [ন+সৌজন্য] দৌর্জ্জন্য, অসভ্যতা। [দুঃখ, অসুখ।

অসৌভাগ্য, ন. [ন+সৌভাগ্য] অশ্রেয়ঃ,

অসৌম্য, ত্রি. [ন+সৌম্য] অভদ্র, অপ্রিয়, মন্দ, কুৎসিত, অসুগ্র।

অসৌম্যস্বর. ত্রি. [ন+সৌম্য+স্বর] কাকবৎ মন্দস্বরযুক্ত, কুস্বর, কুৎসিতধ্বনি, বিস্বর।

অসৌষ্ঠব, ন. [ন+সৌষ্ঠব] কুগঠন, অশোভনত্ব, অপ্রশংসনীয়ত্ব, অনাতিশয্য।

অসৌহার্দ্দ্য, ন. [ন+সৌহার্দ্দ] অবন্ধুতা, অসখ্য, অমৈত্রী, মনোমালিন্য।

অস্কন্ন, ত্রি. [ন+স্কন্ন] স্থায়ী, স্থাবর, স্থির।

অস্খলন, ত্রি. [ন+স্খলন] পাদস্খলন, পতন, অপচ্ছেদ; স্খলনাভাব।

অস্খলিত, ত্রি. [ন+স্খলিত] নিশ্চল, অকম্পিত।

অস্খলিতগতি, ত্রি. [অস্খলিত+গতি] দৃঢ়গতি, অটলগমন।

অস্ত, পুং. [অস্+ত] অস্তাচল, পশ্চিমাচল, চরমক্ষ্মাভৃৎ; (ন.) মৃত্যু; (ত্রি.) অন্তর্ধান, অবসান প্রাপ্ত, ক্ষিপ্ত, পতিত।

অস্তক, পুং. [অস্ত+ক] মোক্ষ, মুক্তি নির্ব্বাণ।

অস্তকাল, পুং. [অস্ত+কাল] দিনান্ত, সূর্য্যাস্তকাল।

অস্তগত, ত্রি. [অস্ত+গত] অস্তপ্রাপ্ত, অন্তর্হিত। [চরম পর্ব্বত।

অস্তগিরি, পুং. [অস্ত+গিরি] অস্তাচল,

অস্তবনীয়, ত্রি. [ন+স্তবনীয়] অশ্লাঘ্য, অস্তোতব্য, অস্তুত্য।

অস্তবল, (যাং.) অশ্বশালা, অশ্বগৃহ।

অস্তব্যস্ত, ত্রি. [অস্ত+ব্যস্ত] সঙ্কীর্ণ, বিক্ষিপ্ত, আকুল, ব্যাকুল।

অস্তব্ধ, ত্রি. [ন+স্তব্ধ] অব্যাকুলিত, নিরাকুল; শিথিল, অদৃঢ়; মূর্খতাহীন।

অস্তম্, ব্য, [অস্+তম্] অন্তর্ধান, অদর্শন; তিরোধান। [বৃক্ষ।

অস্তমতী, স্ত্রী. [অস্তম্+অত+ঈ] শালপর্ণী

অস্তময়ন, ন. [অস্তম্+অয়ন] অগোচর, অদর্শন, অস্তগমন।

অস্তমিত, ত্রি. [অস্তম্+ইত] অস্তগত; নির্ব্বাণ। [থামশূন্য।

অস্তম্ভ, ত্রি. [ন+স্তম্ভ] স্তম্ভরহিত, অস্থাণু,

অস্তাঘ, ত্রি. [ন+স্তাঘ] অগাধ, অতিগভীর, অতলস্পর্শ।

অস্তাচল, পুং. [অস্ত+অচল] অস্তপর্ব্বত, পশ্চিমদিগস্থ গিরি, চরম পর্ব্বত।

অস্তাদ্রি, পুং. [অস্ত+অদ্রি] অস্তাচল, চরম পর্ব্বত। [গমন।

অস্তাবলম্বন, ন. [অস্ত+অবলম্বন] অস্ত-

অস্তাবলম্বী, ত্রি. [অস্ত+অবলম্বিন্] অস্তগত, অস্ত প্রাপ্ত।

অস্তি, ব্য, [অস্+তি] বর্ত্তমান কালবাচক ক্রিয়া, বিদ্যমানতা, বর্ত্তমান, সত্ব।

অস্তিকায়, পুং. [অস্তি+কায়] সমানাধিকরণ, সমানবর্গ, সমান পদ।

অস্তিত্ব, ন. [অস্তি+ত্ব] বিদ্যমানতা, সত্তা।

অস্তিনাস্তি, ত্রি. [অস্তি+নাস্তি] সন্দিগ্ধার্থ, অস্পষ্টার্থ। [ধনবান।

অস্তিমান্, ত্রি. [অস্তি+মৎ] ধনী, ধনাঢ্য,

অস্তু, ব্য. [অস্+তু] অঙ্গীকার, ভবতু, হউক; পীড়া; অসূয়া

অস্তুত, ত্রি. [ন+স্তুত] অস্তবনীয়, অপ্রশংসনীয়।

অস্তেন, ন. [ন+স্তেন] সাধু, অপৈশুন্য।

অস্তেয়, ন. [ন+স্তেয়] অচৌর্য্য; ধার্ম্মিকত্ব, সত্যতা।

অস্ত্যান, ন. [ন+স্ত্যৈ+অন] ভর্ৎসন, নিন্দন, কুৎসন, অপমান

অস্তোত্র, ত্রি. [ন+স্তোত্র] স্তুতিরহিত, স্তবশূন্য।

অস্ত্র, ন. [অস্+ত্র] প্রহারযোগ্য আয়ুধ, হাতিয়ার, তৎপর্য্যায়।—আয়ুধ,প্রহরণ, শস্ত্র, বাণাদি, যথা—খড়্গ, চর্ম্ম, ধনুর্ব্বাণ, শল্য; ভল্ল; নারাচ; অর্দ্ধচন্দ্র; শক্তি; যষ্টি; পরশু; চক্র; শূল; পরিঘ; তোমর তরবালাদি। [শর।

অস্ত্রকণ্টক, ত্রি. [অস্ত্র+কণ্টক] বাণ, ইষু,

অস্ত্রকারক, পুং, [অস্ত্র+কারক] অস্ত্রনির্ম্মাতা, অস্ত্রকারী, আয়ুধকার, অস্ত্রনির্ম্মায়ক, কামারাদি।

অস্ত্রকৌশল, ত্রি. [অস্ত্র+কৌশল] অস্ত্রবিদ্যায় নিপুণ।

অস্ত্রগ্রহণ, ন. [অস্ত্র+গ্রহণ] শস্ত্রধারণ, যুদ্ধে প্রবৃত্তি।

অস্ত্রচিকিৎসক, পুং. [অস্ত্র+চিকিৎসক] অস্ত্রবৈদ্য, ডাক্তর, যাহারা অস্ত্রাদি ক্ষেপণপূর্ব্বক রোগ শান্তি করে।

অস্ত্রচিকিৎসা, স্ত্রী. [অস্ত্র+চিকিৎসা] অস্ত্র চালনাদি দ্বারা ক্ষতাদি রোগের প্রতীকার করণ।

অস্ত্রজিৎ, ন. [অস্ত্র+জিৎ] বৃক্ষবিশেষ, কবাটবেট্টু, কবাডবেণ্টুয়া; জিতাস্ত্র।

অস্ত্রনির্ম্মাতা-অস্ত্রনির্ম্মায়ক, পুং. [অস্ত্র+নির্ম্মাতৃ-অক] অস্ত্রকারক।

অস্ত্রবিৎ,ত্রি. [অস্ত্র+বিৎ] শস্ত্রজ্ঞ, যুদ্ধনিপুণ।

অস্ত্রমার্জ্জন-অস্ত্রমার্জ্জক, পুং. [অস্ত্র+মার্জ্জন-ক] অস্ত্রেরমলা দূরকরণ; অস্ত্রপরিষ্কারকর্ত্তা, অসিধাবক, শিকলকর, শাণকর, মার্জ্জিত,অসিধার, অসিধারক।

অস্ত্রসায়ক, পুং. [অস্ত্র+সায়ক] নারাচাস্ত্র, সমুদয় লৌহময় বাণ।

অস্ত্রহীন, ত্রি. [অস্ত্র+হীন] নিরায়ুধ, নিরস্ত্র। [প্রক্ষেপক।

অস্ত্রক্ষেপক, ত্রি. [অস্ত্র+ক্ষেপক] শর-

অস্ত্রাগার, পুং. [অস্ত্র+আগার] অস্ত্ররক্ষণ গৃহ, আয়ুধগৃহ, আয়ুধাগার।

অস্ত্রাঘাত, পুং. [অস্ত্র+আঘাত] অস্ত্রদ্বারা প্রহার, হাতিয়ারের চোট।

অস্ত্রীক, ত্রি. [ন+স্ত্রীক] স্ত্রীরহিত, অপত্নীক।

অস্থাগ, ত্রি. [ন+স্থা+গ] অগাধ, অতি গভীর; (পুং.) স্থানাভাব, কুস্থল।

অস্থাঘ, ত্রি. [ন+স্থা+ঘ] অতলস্পর্শ, অতি গভীর; তলস্পর্শাভাব, তলস্পর্শরহিত, অগাধ।

অস্থান, ন. [ন+স্থান] মন্দস্থান; যোনি, ভগ, রমণাগার, উৎপত্ত্যাকর, জন্মস্থান, স্ত্রী চিহ্ন, (ত্রি.) অতলস্পর্শ, স্থানরহিত, স্থলহীন।

অস্থাবর, ত্রি. [ন+স্থাবর] স্থাবরেতরদ্রব্য, স্থাবরভিন্ন বস্তু, জঙ্গম বস্তু।

অস্থায়-অস্থায়ি, ত্রি. [ন+স্থায়-ই]স্থিতিরহিত, অগাধ, অতলস্পর্শ; যাহার স্থিতিনাই।

অস্থায়ী, ত্রি. [ন+স্থায়িন্] স্থিতিরহিত,নশ্বর, অনিত্য, অহমাদি, অধ্রুব, ঘটপটাদি।

অস্থার, ত্রি. [অ+স্থার] অগাধ, গভীর, অতলস্পর্শ।

অস্থাবর, ন. [ন+স্থাবর] স্থাবরেতর দ্রব্য, জঙ্গমবস্তু।

অস্থি-অস্থিক, ন. [অস্+থি-ক] শরীরস্থ সপ্তধাতুর অন্তর্গত, ধাতুবিশেষ, হাড়, পাঁজরাদি, তৎপর্য্যায়।—কীকস, কুল্য, কঙ্কাল, মেদোজ; বীজ; আঁটী।

অস্থিকুণ্ড, ন. [অস্থি+কুণ্ড] অস্থিপূর্ণ নরককুণ্ড বিশেষ। [ধাতু, মজ্জা।

অস্থিকৃৎ, পুং. [অস্থি+কৃৎ] শরীরস্থ মেদো-

অস্থিচর্ম্মাবশিষ্ট, ত্রি. [অস্থি+চর্ম্ম+অবশিষ্ট] অস্থি ও চর্ম্মমাত্রসার, অতিক্ষীণ।

অস্থিচ্ছেদ, ন. [অস্থি+ছেদ] হড্ডকর্ত্তন।

অস্থিজ-অস্থিজ্ঞ, পুং. [অস্থি+জ+জ্ঞ] মজ্জা, অস্থির সারভাগ।

অস্থিতি, স্ত্রী. [ন+স্থিতি] অসংস্থান; (ত্রি.) অনবস্থিতি, অস্থান।

অস্থিতুণ্ড, পুং.স্ত্রী. [অস্থি+তুণ্ড] পক্ষী, বিহঙ্গ, বিহগ। [দেব।

অস্থিধন্বা, পুং. [অস্থি+ধন্বন্] শিব, মহা-

অস্থিপঞ্জর, পুং. [অস্থি+পঞ্জর] শরীরের অস্থিসমূহ, কঙ্কাল, করঙ্ক।

অস্থিবিগ্রহ, পুং. [অস্থি+বিগ্রহ] ভৃঙ্গিনামক শিব সহচর; মহাদেবের মাল্যবাহক।

অস্থিভঙ্গ, পুং. [অস্থি+ভঙ্গ] স্বনামখ্যাত বৃক্ষ বিশেষ, অস্থিভেদ, অস্থিত্রোটন।
অস্থিভক্ষ-অস্থিভুক্, পুং. [অস্থি+ভক্ষ-ভুজ] কুক্কুর, কুকুর, শৃগালাদি; কঙ্ক
অস্থিভেদ, পুং. [অস্থি+ভেদ] হাড়ভেদ, মর্ম্মভেদ। [অস্থিপূর্ণ।
অস্থিমৎ, ত্রি. [অস্থি+মৎ] অস্থি সমূহ,
অস্থিমালা, স্ত্রী. [অস্থি+মালা] হড্‌ডহার, হাড়েরমালা। [অস্থিমালাধারী।
অস্থিমাল, পুং. [অস্থি+মাল] শিব, (ত্রি.)
অস্থিমালী, পুং. [অস্থি+মালিন্] শিব; হাড়ের মালাধারী। [যোজন।
অস্থিযোগ, পুং. [অস্থি+যোগ] ভগ্নাস্থি-
অস্থির, ত্রি. [ন+স্থির] চঞ্চলপ্রকৃতি,সঙ্কস্মুক, চঞ্চল, অস্থায়ি, অনিশ্চিত।
অস্থিরচিত্ত, ত্রি. [অস্থির+চিত্ত] চঞ্চলচিত্ত, চপলাত্মক, অপ্রতিজ্ঞ; ভৃঙ্গিনামকশিব সহচর।
অস্থিরতা, স্ত্রী. [অস্থির+তা] অস্থায়িত্ব, স্থৈর্য্যাভাব। [্থৈর্য্য।
অস্থিরবিভূতি, স্ত্রী.[অস্থির+বিভূতি] চঞ্চলৈ-
অস্থিরমতি, ত্রি. [অস্থির+মতি] চঞ্চলবুদ্ধি।
অস্থিরমনাঃ, ত্রি. [অস্থির+মনস] অস্থির মতি, অস্থিরান্তঃকরণ, চঞ্চল স্বভাব।
অস্থিসংহার, পুং. [অস্থি+সংহার] বৃক্ষ বিশেষ, অস্থিসংলগ্ন বৃক্ষ, হাড়ঞ্চ, হাড়জোড়া, তৎপর্য্যায়।—বজ্রপল্লী, গ্রন্থিমান, কুলিশ, অমর, হস্তিশুণ্ডী,বনালিকা।
অস্থিসংহারক, পুং. [অস্থি+সংহারক] হাড়গিলা; বৃক্ষবিশেষ, হাড়ঞ্চবৃক্ষ, হাড়যোড়া গাছ।
অস্থিসংহারী, পুং. [অস্থি+সংহারিন্] গ্রন্থিমানবৃক্ষ। [বৃক্ষ।
অস্থিশৃঙ্খলা, স্ত্রী. [অস্থি+শৃঙ্খলা] গ্রন্থিমান,
অস্থিসমর্পণ, ন. [অস্থি+সমর্পণ] গঙ্গাতে, অস্থি প্রক্ষেপ। [মধ্যস্থ বস্তু।
অস্থিসার, পুং. [অস্থি+সার] মজ্জা, অস্থি-
অস্থিস্নেহসঙ্কক, পুং. [অস্থিস্নেহ+সঙ্কক] মজ্জা।
অস্থূল, ত্রি. [ন+স্থূল] ক্ষীণ, কৃশ, পাতলা।

অস্থৈর্য্য, ন. [ন+স্থৈর্য্য] অস্থিরতা, চঞ্চলতা, অধ্রুব, অনবস্থিতি।
অস্নাত, ত্রি. [ন+স্নাত] অকৃতস্নান, অধৌত
অস্নান, ন. [ন+স্নান] স্নানাভাব, অমজ্জন।
অস্নায়ী,ত্রি.[ন+স্নায়িন্] অস্নাতা, অস্নাপক।
অস্নিগ্ধ, ত্রি. [ন+স্নিগ্ধ] কর্কশ, উগ্র, নিষ্ঠুর।
অস্নিগ্ধদারু, ন. [অস্নিগ্ধ+দারু] দেবকাষ্ঠ, দেবদারুভেদ।
অস্নেহ-অস্নেহী, ত্রি. [ন+স্নেহ-ইন্] অবৎসল, অপ্রীতিমান্।
অস্পন্দ, ত্রি. [ন+স্পন্দ] নিস্পন্দ, স্থির,শুদ্ধ।
অস্পর্শ, পুং. [ন+স্পর্শ]অস্পৃষ্টি. অসংসর্গ।
অস্পষ্ট, ত্রি. [ন+স্পষ্ট] অব্যক্ত, অস্ফুট, ক্লিষ্টবাক্য।
অস্পৃশ্য, ত্রি. [ন+স্পৃশ্য] স্পর্শাযোগ্য।
অস্পৃহ, ত্রি. [ন+স্পৃহ] অলিপ্সু, নিরাকাঙ্ক্ষী, অনভিলাষ।
অস্পৃহা, স্ত্রী. [ন+স্পৃহা] ইচ্ছাভাব।
অস্ফাত-অস্ফীত, ত্রি. [ন+স্ফাত-স্ফীত] অনুন্নত, ফোলা নহে।
অস্ফুট, ন. [ন+স্ফুট] অব্যক্ত, অস্পষ্ট; (ত্রি.) অপ্রফুল্ল, অবিকসিত, অপ্রফুল্লিত, ক্লিষ্টবাক্য।
অস্ফুটবাক্, ত্রি. [অস্ফুট+বাচ্] অস্পষ্ট বাক্, গদ্গদবাক্, ভগ্নস্বরোচ্চারণ বাক্।
অস্ফূর্ত্তি, পুং. [ন+স্ফূর্ত্তি] অচেতনাবর্দ্ধন, অপ্ররোচন।
অস্মদ্, ত্রি. [অস্+মদ] আত্মবাচি সর্ব্বনাম শব্দ, আমি, আমরা।
অস্মদীয়, ত্রি. [অস্মদ্+ঈয়] আমাদের, আমাদিগের।
অস্মন্ত, ন. [অস্+মন্ত] অশ্মন্ত, চুল্লী, চুলা, উনান, আখা।
অস্মরণ, ন. [ন+স্মরণ] বিস্মৃতি, বিস্মরণ।
অস্মিত, ত্রি. [ন+স্মিত] অপ্রফুল্ল, অবিহস্য, আঁধারমুখ। [অপস্মার।
অস্মৃতি, স্ত্রী. [ন+স্মৃতি] বিস্মৃতি, বিস্মরণ,
অস্যপর, ব্য. [অস্য+পর] ইহার পর, অতঃপর। [রক্ত; অশ্রু।
অস্র, পুং. [অস্+র] কোণ; কেশ; (ন.)

অস্রকণ্ঠ, পুং. [অস্র+কণ্ঠ] বাণ, শর, ইষু।
অস্রখদির, পুং. [অস্র+খদির] খদিরবিশেষ, রক্ত খদির, রাঙাখয়ের।
অস্রজ, ন. [অস্র+জ] মাংস, পিশিত
অস্রজিৎ, পুং.]অস্রজিৎ] লতাবিশেষ।
অস্রপ, পুং.স্ত্রী. [অস্র+প] নিশাচর,রাক্ষস; জোঁক, রক্তপায়ী জীববিশেষ।
অস্রপত্রক, পুং. [অস্র+পত্রক] ভিণ্ডাবৃক্ষ।
অস্রপা, স্ত্রী. [অস্র+পা] জোঁক, রক্তপা, জলৌকা, রক্তপায়িনী জন্তুবিশেষ।
অস্রপিত্ত, ন. [অস্র+পিত্ত] রক্তপিত্ত।
অস্রফলা, স্ত্রী. [অস্র+ফলা] সল্লকীবৃক্ষ।
অস্রবিন্দুচ্ছদা, স্ত্রী. [অস্র+বিন্দু+চ্ছদা] লক্ষণা নাম কন্দ। [ধাতুপ, অম্লরস।
অস্রমাতৃকা, স্ত্রী. [অস্র+মাতৃকা] শরীর রস;
অস্ররোধিনী, স্ত্রী. [অস্র+রোধিনী] লজ্জালুলতা। [তুলসী।
অস্রার্জ্জক, পুং. [অস্র+অর্জ্জক] শ্বেত
অস্রি, স্ত্রী. সংখ্যাবিশেষ, কোটি।
অস্রু, ন. [অস্+রু] চক্ষুরজল, তৎপর্য্যায়—নেত্রাম্বু, অস্র, অশ্রবাস্প, রোদন, অশ্রু, লোচ, লোহ।
অস্রোত, ন. [ন+স্রোত] প্রবাহাভাব, অপ্রবাহ। [দুঃখী।
অস্ব, ত্রি. [ন+স্ব] অনিজ; নিঃস্ব, দরিদ্র,
অস্বক-অস্বকীয়, ত্রি. [অস্ব+ক-ঈয়] অসম্বন্ধী, অন্যাধীন।
অস্বচ্ছ, ত্রি. [ন+স্বচ্ছ] অপরিষ্কৃত, নিষ্প্রভ।
অস্বচ্ছন্দ, ত্রি. [ন+স্বচ্ছন্দ] অধীন; অসুস্থ; ভারাক্রান্ত, বাধিত। [অন্যাকুল।
অস্বজাতি, ত্রি. [ন+স্বজাতি] অন্যজাতি,
অস্বতন্ত্র, ত্রি. [ন+স্বতন্ত্র] অধীন, পরবশ, পরতন্ত্র, পরাধীন।
অস্বত্ব, ন. [ন+স্ব+ত্ব] অনধিকার, সত্ত্বারহিত।
অস্বন, ত্রি. [ন+স্বন] নিঃস্বন, নিঃশব্দ, নীরব; কুধ্বনি।
অস্বন্ত, ত্রি. [ন+সু+অন্ত] অধমান্ত; প্রাণান্ত, (পুং) চুল্লী।
অস্বপ্ন, পুং. [ন+স্বপ্ন] মন্দস্বপ্ন, 'দুঃস্বপ্ন'; দেবতা; নিদ্রাহীন; পাগল।

অস্বভাব, ত্রি. [ন+স্বভাব] স্বধর্ম্মবিরুদ্ধ, অপ্রকৃতিক, মনুষ্যধর্ম্ম প্রতিকূল, কুস্বভাব, মন্দচরিত্র।
অস্বযোনি, পুং. [ন+স্বযোনি] ভাতৃহীন
অস্বর, ত্রি. [ন+স্বর] মন্দস্বরযুক্ত, কুৎসিত ধ্বনি, কুরব, অসৌম্যস্বর। [মূর্ত্তি।
অস্বরূপ, ত্রি. [ন+স্বরূপ] অনাকার, ভিন্ন-
অস্বর্গ্য, ত্রি. [ন+স্বর্গ্য] অধর্ম্ম্য, পাপজনক, দুঃখাবহ।
অস্বাতন্ত্র্য, ন. [ন+স্বাতন্ত্র্য] পরাধীনতা, পরতন্ত্রতা, অধীনতা, পরবশতা।
অস্বাদু, ত্রি. [ন+স্বাদু] বিস্বাদ, স্বাদহীন, নিঃস্বাদু। [ধীন।
অস্বাধীন, ত্রি. [ন+স্বাধীন] স্বতন্ত্র, অন-
অস্বাধ্যায়, পুং. [ন+স্বাধ্যায়] বিধিপূর্ব্বক বেদাধ্যয়ন হীন; পাঠাভাব বিশিষ্ট, অনধ্যায়।
অস্বামিক-অস্বামী, ত্রি. [ন+স্বামিক-স্বামিন্] অস্বকীয়, স্বামিরহিত, অভর্ত্তৃক, অনধিকৃত, অদায়িক।
অস্বামিবিক্রয়, পুং. [ন+স্বামি+বিক্রয়] অস্বামিকর্ত্তৃক বিক্রয়।
অস্বাম্য, ত্রি. [ন+স্বাম্য] স্বত্বরহিত, স্বামিত্বাভাব, অনধিকার; (ন.) স্বামিত্বাভাব।
অস্বাস্থ্য, ন. [ন+স্বাস্থ্য] সুস্থতার অভাব; রোগ, পীড়া, সুস্থতারাহিত্য, দুঃখার্হ্য, সুখানর্হ্য, স্বাস্থ্যস্যাভাব।
অস্বীকার, পুং. [ন+স্বীকার] অনঙ্গীকার, অপরিগ্রহণ।
অস্বেদ, পুং. [ন+স্বেদ] ঘর্ম্মাভাব, অস্রবণ।
অহ, ব্য. প্রশংসা; ক্ষেপণ; নিয়োগ; বিনিগ্রহ; গতি; ভাস, দীপ্তি; আক্ষেপোক্তি।
অহং, ত্রি. অস্মদ্, আমি।
অহংযু, ত্রি. [অহং+যু] অহঙ্কারযুক্ত, গর্ব্বান্বিত, অহঙ্কারবান্; চিত্তসমুন্নতিযুক্ত; অভিমানযুক্ত। (পুং.) যোদ্ধা।
অহঃ, ন. [অহন্] দিন, দিবা বাসর।
অহঃপতি, পুং. [অহঃ+পতি] সূর্য্য, দিবাকর, আদিত্য। [সান।
অহঃশেষ, ন. [অহঃ+শেষ] প্রদোষ, দিবাব-

অহঙ্কার, পুং. [অহন্‌+কার] অভিমানাত্মিকা অন্তঃকরণ বৃত্তি; অহঙ্কৃতি,তৎপর্য্যায় গর্ব্ব, অভিমান, মদ, স্ময়, অবলেপ, দর্প, উদ্ধতমনস্কত্ব, মান, চিত্তসমুন্নতি, (ইহা ত্রিবিধ) যথা।—সাত্ত্বিক, রাজসিক, তামসিক।

অহঙ্কারবান্‌, ত্রি. [অহঙ্কার+বৎ] গর্ব্বযুক্ত, অহংযু, অহংকারান্বিত, গর্ব্বিত,দাম্ভিক, অহঙ্কারী, অভিমানী।

অহঙ্কারী-অহঙ্কৃত, ত্রি. [অহঙ্কার+ইন্‌-কৃত] গর্ব্বিত, দাম্ভিক, অহঙ্কারযুক্ত।

অহঙ্কৃতি-অহঙ্ক্রিয়া, ত্রি. [অহম্‌+কৃতি-ক্রিয়া] অহঙ্কার, গর্ব্ব।

অহত, ন. [ন+হত] নবাম্বর, নূতনবস্ত্র (ত্রি.) অনাহত, উক্ষত, অজাতাপকার, অব্যথিত, অনপকৃতি।

অহন্‌, পুং. দিন, দিবস, বাসর।

অহনন, ন. [ন+হনন] মারণাভাব, অনাশ, নির্ঘাতন

অহননীয়-অহন্তব্য, ত্রি. [ন+হননীয়-হন্তব্য] অঘ্ন, অবধ্য, অঘাতব্য। [অহন্তা।

অহন্তৃক-অহন্তা, পুং[ন+হন্তৃ-ক] ঘাতকাভাব,

অহব্য, ত্রি. [ন+হব্য] যজ্ঞাযোগ্য, অযাজ্য।

অহম্‌, ত্রি. আমি, অস্মদ্‌।

অহমক্‌, (যাং) নির্ব্বোধ, মূর্খ।

অহমহমিকা, স্ত্রী. [অহম্‌+অহমিকা] পরস্পর আত্মশ্লাঘা, আমি বড় আমি বড় বলিয়া পরস্পর অহঙ্কার করা।

অহমিকা, স্ত্রী. [অহম্‌+ইকা] গর্ব্ব, অহঙ্কার, দম্ভ।

অহম্পূর্ব্বিকা, স্ত্রী. [অহম্‌+পূর্ব্বিকা] আমি অগ্রে যাইব বলিয়া যোদ্ধাদিগের পরস্পর অগ্রসর হওন।

অহম্মতি-অহম্মান, স্ত্রী. [অহম্‌+মতি-মান] অবিদ্যা, অজ্ঞান, অহন্ধী।

অহয়, ত্রি. [ন+হয়] অনশ্ব, ঘোটকশূন্য।

অহর্‌, পুং. [অহন্‌] দিবস দিন।

অহরণীয়, ত্রি. [ন+হরণীয়] অহৃত,অনপহৃত, অনপনীত।

অহরহ, ব্য.[অহর্‌+অহ] প্রতিদিন,প্রত্যহ।

অহর্গণ, পুং. [অহর্‌+গণ] মাস; শ্বেতবরাহ কল্পের সৃষ্টিঅবধি ব্রহ্মসিদ্ধান্তোক্ত কল্পের কলিযুগের শেষ পর্য্যন্ত পরিগণিত দিনসমূহ, তৎপর্য্যায়।—দ্যুবৃন্দ, দ্যুগণ, দিনপিণ্ড, দিনৌঘঃ।

অহর্জ্জর, পুং. [অহর্‌+জর] সংবৎসর।

অহর্ত্তব্য, ত্রি. [ন+হর্ত্তব্য] অহার্য্য।

অহর্নিশ, ব্য. [অহর্‌+নিশা] দিবারাত্রি, অহোরাত্র।

অহর্পতি, পুং. [অহর্‌+পতি] সূর্য্য,দিবাকর, ভাস্কর; অর্কবৃক্ষ।

অহর্ব্বান্ধব, পুং. [অহর্‌+বান্ধব] চন্দ্র; সূর্য্য; অর্কবৃক্ষ।

অহর্ম্মণি, পুং. [অহর্‌+মণি] সূর্য্য; চন্দ্র; অর্কবৃক্ষ।

অহর্ম্মুখ, ন. [অহর্‌+মুখ] প্রাতঃকাল, প্রত্যূষ, প্রভাতকাল।

অহর্ষ, ত্রি.[ন+হর্ষ] বিষণ্ণ,অবসন্ন,নিরানন্দ।

অহল-অহল্য, ত্রি. [ন+হল-হল্য] লাঙ্গল দ্বারা অনাকৃষ্ট ভূমি, অচষাক্ষেত।

অহল্যা, স্ত্রী. [ন+হল্যা] গৌতমমুনিপত্নী; অপ্সরবিশেষ; অকৃষ্টাভূমি।

অহস্‌, পুং. [অহন্‌] দিবস, দিন।

অহসনীয়, ত্রি. [ন+হসনীয়] হাস্যাযোগ্য।

অহস্কর, পুং. [অহস্‌+কর] সূর্য্য, চন্দ্র; অর্কবৃক্ষ। [হস্তহীন।

অহস্তক, ত্রি. [ন+হস্তক] বিহস্তীকৃত,

অহস্পতি, পুং. [অহস্‌+পতি] সূর্য্য, দিবাকর; অর্কবৃক্ষ

অহহ, ব্য. অদ্ভুত; খেদ প্রকাশক শব্দ; প্রকর্ষ; সম্বোধন

অহারিত, ত্রি. [ন+হারিত] অহৃত, অবিনষ্ট, অনপচিত।

অহার্দ্দ, ন. [ন+হার্দ্দ] অসৌহৃদ্য, অসখ্য, স্নেহাভাব।

অহার্য্য, ত্রি. [ন+হার্য্য] অহরণীয়; অহর্ত্তব্য, (পুং) পর্ব্বত।

অহার্য্যত্ব-অহার্য্যতা, ন. [ন+হার্য্যত্ব-তা] অনাশ্যতা। [হাস।

অহাস্য, ত্রি. [ন+হাস্য] অবিহসিত, অনুপ-

অহি, পুং. [অ+হন্+ইন্] সর্প; সূর্য্য; পথিক; বৃত্রাসুর; সীসক; রাহু।

অহিংসক, ত্রি. [ন+হিংসক] অহিংস্র, অহিংসাকারক।

অহিংসা, স্ত্রী. [ন+হিংসা] অনিষ্টকরণের অনিচ্ছা, প্রাণিবধ না করণেরমানস।

অহিংস্র-অহিংস্রক, ত্রি. [ন+হিংস্র-ক] অদ্রোহী, অনপকারী।

অহিংস্রা, স্ত্রী. [ন+হিংস্রা] কুলিকবৃক্ষ, কুলেখাড়া।

অহিকা, স্ত্রী. [অহি+ক+আ] শাল্মলীবৃক্ষ।

অহিকান্ত, পুং. [অহি+কান্ত] বায়ু, অনিল, বাতাস।

অহিচ্ছত্র, পুং. [অহি+ছত্র] দেশবিশেষ, প্রত্যগ্রথ; মেষশৃঙ্গীবৃক্ষ

অহিচ্ছত্রা, স্ত্রী. [অহি+ছত্রা] শর্করা, চিনি; পুরীবিশেষ।

অহিজিৎ, পুং. [অহি+জিৎ] বিষ্ণু; ইন্দ্র।

অহিত, ত্রি. [ন+হিত] শত্রু, অপথ্য; অনুপকার, মন্দ; অলাভ; হিংসা।

অহিতুণ্ডিক, পুং. [অহি+তুণ্ডিক] ভিক্ষার্থে সর্পখেলক, ব্যালগ্রাহী, সাপুড়িয়া।

অহিতেচ্ছু-অহিতৈষী, ত্রি. [ন+হিতেচ্ছু-হিতৈষিন্] হিংসাশীল, অহিতকাম, দুর্হৃদয়।

অহিদ্বিট্, পুং. [অহি+দ্বিষ্] ইন্দ্র; গরুড়; ময়ূর; নকুল।

অহিনকুলতা, স্ত্রী. [অহি+নকুল+তা] নিত্য বিরোধ, নিত্যবৈরিতা, সর্প ও বেজির তুল্য সদা শত্রুতা।

অহিনকুলিকা, স্ত্রী. [অহি+নকুল+ইকা] অহিনকুলের বৈরিতা।

অহিপুত্রক, পুং. [অহি+পুত্রক] নৌকাবিশেষ, পোত, তরালু। [বিশেষ।

অহিপূনা, পুং. [অহি+পূনা] ক্ষুদ্ররোগ

অহিফেণ, ন. [অহি+ফেণ] অফেন,আফিং; সর্পোচ্ছিষ্ট, বিষ।

অহিবিবর, ন. [অহি+বিবর] সর্পবিবর, সাপের গর্ত্ত। [বিশেষ।

অহিব্রধ্ন, পুং. [অহি+ব্রধ্ন] শিব; চন্দ্র; রুদ্র

অহিব্রধ্নদেবতা, স্ত্রী. [অহিব্রধ্ন+দেবতা] উত্তরভাদ্রপদ নক্ষত্র।

অহিভয়, ন. [অহি+ভয়] রাজার স্বপক্ষ হইতে উৎপন্ন ভয়; সর্পভয়।

অহিভয়দা, স্ত্রী. [অহি+ভয়দ.] ভূম্যামলকী।

অহিভুক্, পুং. [অহি+ভুজ্] গরুড়; ময়ূর; নাকুলী; গন্ধনাকুলী

অহিমর্দ্দন, স্ত্রী. [অহি+মর্দ্দন] গন্ধনাকুলী নাম কন্দবিশেষ।

অহিমাংশু, পুং. [ন+হিমাংশু] সূর্য্য।

অহিমার, পুং. [অহি+মার] অরিমেদকবৃক্ষ।

অহিমেদক, পুং. [অহি+মেদক] অরিমেদক বৃক্ষ। [তাম্বলী।

অহিলতা, স্ত্রী. [অহি+লতা] গন্ধনাকুলী;

অহীন, ত্রি. [ন+হীন] উত্তমজাতি; অবিরহিত; (পুং.) বৃহন্নাগ, অজগর।

অহীরণি, পুং. [অহি+ইর+অণি] দ্বিমুখসর্প, শাঁখিনী সাপ।

অহুত, পুং. [ন+হুত] ধ্যানযোগ; (ন.) ব্রহ্মযজ্ঞ; (ত্রি.) অনাহুত।

অহৃত, ত্রি. [ন+হৃত] অহরণীয়, অহার্য্য।

অহৃদ্য, ত্রি. [ন+হৃদ্য] অপ্রিয়, অপ্রীতিজনক।

অহৃষ্ট, ত্রি. [ন+হৃষ্ট] বিষাদী, খেদযুক্ত, শোকার্ত্ত, সোৎকণ্ঠ।

অহে, ব্য. তুল্য ব্যক্তির সম্বোধনার্থ শব্দ; ক্ষেপ, বিয়োগ।

অহেতুক, ত্রি. [ন+হেতুক] নিষ্কারণ, হেতুশূন্য, অনিমিত্ত,অনিদান। [অত্যাজ্য।

অহেয়, ত্রি. [ন+হেয়] গ্রাহ্য, অত্যক্ত,

অহেরু, স্ত্রী. [ন+হি+রু] শতমূলী।

অহৈতুকী, স্ত্রী. [ন+হৈতুকী] নির্হেতুক, হেতুশূন্য।

অহো, ব্য. শোক; করুণার্থ; বিষাদ; সম্বোধন; প্রশংসা; বিস্ময়; পদপূরণ; অসূয়; বিতর্ক। [যুক্ত সম্বোধন।

অহোবত, ব্য. [অহো+বত] অনুকম্পা; খেদ-

অহোরাত্র, পুং. [অহস্+রাত্র] সূর্য্যোদয় পরিচ্ছিন্ন ত্রিংশম্মুহূর্ত্তাত্মককাল, দিবানিশি, দিনরাত্রি।

অহোহে, ব্য. আশ্চর্য্য, চমৎকার।

অহ্ন, পুং. [অহ+অন্] দিবস, দিন।

অহ্নায়, ব্য. [ন+হ্লায়] ঝটিতি, দ্রুত, শীঘ্র, ত্বরিত।

অহ্রস্ব, ত্রি. [ন+হ্রস্ব] দীর্ঘ, অখর্ব্ব, অনল্প।

অহ্রীক, পুং. [ন+হ্রীক] বৌদ্ধ, ক্ষপণক; নির্লজ্জ।

অহ্বলা, স্ত্রী. [ন+হ্ব+অলা] ভল্লাতকবৃক্ষ, ভেলা।

অক্ষ, পুং. কর্ষপরিমাণ; পাশক; কলিদ্রুম; জ্ঞাতার্থ; শকট; ব্যবহার; রুদ্রাক্ষ; ইন্দ্রাক্ষ; সর্প; চক্র; আত্মা; রাবণপুত্র; জাতান্ধ; গরুড়; বিষুবরেখান্তর; (ন.) ইন্দ্রিয়; সৌবর্চ্চল; তুত্থ।

অক্ষক, পুং. [অক্ষ+ক] তিনিশবৃক্ষ।

অক্ষকর্ণ, পুং. [অক্ষ+কর্ণ] শ্রুতি।

অক্ষক্রীড়া, স্ত্রী, [অক্ষ+ক্রীড়া] দ্যূতক্রীড়া, পাশকক্রীড়া, পাশাখেলা।

অক্ষজ, পুং. [অক্ষ+জ] বজ্র; অস্থিজ।

অক্ষত, ত্রি. [ন+ক্ষত] অহিংসিত; অখণ্ডিত; ক্ষতশূন্য; (পুং.) যব; আতপতণ্ডুল; শস্যমাত্র; (ন.) লাজা, খই; নপুংসক।

অক্ষতযোনি, স্ত্রী. [অক্ষত+যোনি] কুমারী, তরুণী, পুরুষাস্পৃষ্টা; অনন্যপূর্ব্বা।

অক্ষতা, স্ত্রী. [ন+ক্ষতা] অজাত পুরুষ সংসর্গা স্ত্রী,কুমারী; কর্কটশৃঙ্গিকা,কাঁকড়শৃঙ্গী

অক্ষতাঙ্গ, ত্রি. [অক্ষত+অঙ্গ] ক্ষতচিহ্ন রহিত, অব্রণাঙ্গ; কর্কটশৃঙ্গী।

অক্ষদর্শক, পুং. [অক্ষ+দর্শক]ব্যবহারদ্রষ্টা, ব্যবহারীয় ঋণদানাদি বিবাদের দ্রষ্টা, নির্ণেতা, ধর্ম্মাধ্যক্ষ, বিচারকর্ত্তা, জজ্।

অক্ষদৃক্, পুং. [অক্ষ+দৃশ্] অক্ষদর্শক।

অক্ষদ্যূ-অক্ষদ্যূত, পুং. [অক্ষ+দ্যূ-ত] অক্ষক্রীড়া কারক, দ্যূতকর, জুয়ারী।

অক্ষদ্যূতিক, ন. [অক্ষ+দ্যূতিক] অক্ষক্রীড়ায় বিবাদ।

অক্ষদেবী, পুং. [অক্ষ+দেবিন্] দ্যূতক্রীড়াকারক, পাশাখেলক।

অক্ষধর, পুং. [অক্ষ+ধর] শাখোট বৃক্ষ

অক্ষধূর্ত্ত, পুং. [অক্ষ+ধূর্ত্ত] দ্যূতক্রীড়ক, তৎপর্য্যায়।—ধূর্ত্ত, অক্ষদেবী, কিতব, দ্যূতকৃৎ, জুয়ারি। [বৃষ, ষাঁড়।

অক্ষধূর্ত্তিল, পুং. [অক্ষ+ধূর+তিল]

অক্ষন্ত, ত্রি. [ন+ক্ষন্ত] অক্ষম, অসহমান।

অক্ষপাট, পুং. [অক্ষ+পাট] রঙ্গভূমি, মল্লভূ।

অক্ষপাটক-অক্ষপাটিক, পুং. [অক্ষ+পাটক] ধর্ম্মাধ্যক্ষ, বিচারক, জজ্। [লতা।

অক্ষপীড়া, স্ত্রী. [অক্ষ+পীড়া] যবতিক্তা-

অক্ষপাদ, পুং. [অক্ষ+পাদ] তার্কিক, নৈয়ায়িক। [রুদ্রাক্ষবৎ।

অক্ষবৎ, ত্রি. [অক্ষ+বৎ] দ্যূতবৎ; চক্রবৎ;

অক্ষবতী, স্ত্রী. [অক্ষ+বতী] দ্যূতক্রীড়া, পাশাখেলা

অক্ষবাট, পুং. [অক্ষ+বাট] মল্লভূমি, নিযুদ্ধভূ,ব্যায়ামশালা, কুস্তির ফুল্কা।

অক্ষবিৎ, ত্রি. [অক্ষ+বিদ্] দ্যূতজ্ঞ; ব্যবহারজ্ঞ; অক্ষক্রীড়া কুশল; সদ্বিচারজ্ঞ।

অক্ষভাগ, পুং. [অক্ষ+ভাগ] অক্ষাংশ

অক্ষম, ত্রি. [ন+ক্ষম] ক্ষমতা রহিত, ক্ষমতাশূন্য, অসমর্থ, শক্তিহীন।

অক্ষমতা, স্ত্রী. [ন+ক্ষমতা] অক্ষান্তি; অসামর্থ্য, দৌর্ব্বল্য।

অক্ষমা, স্ত্রী. [ন+ক্ষমা] অক্ষান্তি, ঈর্ষা।

অক্ষমালা, স্ত্রী. [অক্ষ+মালা] অক্ষসূত্র; জপমালা; রুদ্রাক্ষমালা; অকারাদি ক্ষকারান্ত বর্ণমালা; বশিষ্ঠপত্নী।

অক্ষয়, ত্রি. [ন+ক্ষয়] ক্ষয়রহিত, অব্যয়; কল্পান্তস্থায়ী, ধ্রুব, নিত্য।

অক্ষয়তৃতীয়া, স্ত্রী. [অক্ষয়+তৃতীয়া] সত্যযুগাদ্যা, বৈশাখ শুক্লাতৃতীয়া

অক্ষয়ললিতা, স্ত্রী. [অক্ষয়+ললিতা] ভাদ্র মাসের সপ্তমীতিথিতে স্ত্রীলোকদিগের কর্ত্তব্য ব্রতবিশেষ।

অক্ষয়লোক, পুং. [অক্ষয়+লোক] স্বর্গলোকবিশেষ।

অক্ষয়া, স্ত্রী. [ন+ক্ষয়া] বার তিথি ঘটিত যোগ বিশেষ।

অক্ষর, পুং. [ন+ক্ষর] বিষ্ণু; শিব; ব্রহ্মা; (ন.) ব্রহ্ম; অকারাদি ক্ষকারান্তৈক পঞ্চাশদ্বর্ণ; গগণ; ধর্ম্ম; তপস্যা; অপামার্গ; মোক্ষ; জল; (ত্রি.) অক্ষরণীয়, নির্ব্বিকার, অচ্যুত।

অক্ষরচঞ্চু, পুং. [অক্ষর+চঞ্চু] লেখক।

অক্ষরচণ, পুং. [অক্ষর + চণ] লিপিকর, মুন্শী। [লেখক।

অক্ষরচুঞ্চু, পু. [অক্ষর+চুঞ্চু] অক্ষরচঞ্চু,

অক্ষরজননী, স্ত্রী. [অক্ষর+জননী] লেখনী, কলম।

অক্ষরজীবক-অক্ষরজীবিক, পুং. [অক্ষর+জীবক-জীবিক] লিপিকর মসিজীবী; কায়স্থ; (ত্রি.) অক্ষরজীবী।

অক্ষরতূলিকা, ত্রি. [অক্ষর+তুলিকা] লেখনী।

অক্ষরবিন্যাস, পুং. [অক্ষর+বিন্যাস] লিপি, লিখন। [বর্ণক্রম।

অক্ষরমালা, ত্রি. [অক্ষর + মালা] বর্ণমালা,

অক্ষরমুখ, পুং. [অক্ষর+মুখ] শিষ্য, ছাত্র।

অক্ষররহিত, ত্রি. [অক্ষর+রহিত] অক্ষরহীন, বর্ণশূন্য; সূর্য্যা।

অক্ষরসংস্থান, ন. [অক্ষর+সংস্থান] লিপি; লিখন। [মালা।

অক্ষসূত্র, ন. [অক্ষ+সূত্র] অক্ষমালা, জপ-

অক্ষাংশ, পুং. [অক্ষ+অংশ] কল্পিত ভূগোলের উপরিস্থ রেখার সংখ্যা বিশেষ

অক্ষাগ্রকীলক, ন. [অক্ষ+ অগ্র+কীলক] রথচক্র রোধার্থ শঙ্কু, চাকার খিল।

অক্ষান্তি, ন. [ন+ক্ষান্তি] পরগুণাসহিষ্ণুতা, ঈর্ষা, অধৈর্য্য।

অক্ষারলবণ, ন. [ন+ক্ষার+লবণ] অশৌচাদি জন্য ভক্ষণীয় দ্রব্যবিশেষ যথা।—গোক্ষীর, গোঘৃত, ধান্য, মুদ্গা, তিল, যব, সৈন্ধব, সামুদ্রলবণাত্মক দ্রব্য।

অক্ষি, ন. [অক্ষ+ই] চক্ষু, নেত্র, লোচন, নয়ন, দৃক্, ঈক্ষণ।

অক্ষিক, ন. [অক্ষ+ইক] রঞ্জন বৃক্ষ, আচ্‌ফুলের গাছ।

অক্ষিকূটক, পুং. [অক্ষি+কূটক] চক্ষুর তারা, নেত্রমণি।

অক্ষিগত, ত্রি. [অক্ষি+গত] দ্বেষ্য, ঘৃণার্হ।

অক্ষিগোল, পুং. [অক্ষি+গোল] চক্ষুর তারা, নেত্রকোষ, অক্ষিকূটক।

অক্ষিন্ন, ত্রি. [ন+ক্ষিন্ন] অদুঃখিত, যে খেদিত নহে।

অক্ষিপক্ষ্ম, ন. [অক্ষি+পক্ষ্মন্] নেত্রচ্ছদলোম, রল্লক, উদান, রশ্মি।

অক্ষিব, পুং. [অক্ষি+ব] শোভাঞ্জনবৃক্ষ; (ন.) সমুদ্রলবণ।

অক্ষিবিকুশিত, ন. [অক্ষি+বিকুশিত] কটাক্ষ, অপাঙ্গদৃষ্টি; ঈষদ্দৃষ্টি।

অক্ষিবিভ্রম, ন. [অক্ষি+বিভ্রম] দৃষ্টিবিভ্রম, অন্যথাদর্শন।

অক্ষিবিক্ষেপ, ন. [অক্ষি+বিক্ষেপ] দৃষ্টিক্ষেপণ, কটাক্ষপাত। [লোধ্র।

অক্ষিভেষজ, পুং. [অক্ষি+ভেষজ] পাট্টিকা-

অক্ষীক, পুং. [অক্ষ+ঈক] রঞ্জনবৃক্ষ, আচ্‌ফুলের গাছ।

অক্ষীণ, ত্রি. [ন+ক্ষীণ] অকৃশ, হৃষ্টপুষ্ট

অক্ষীব, ন. [অক্ষ+ঈব] সামুদ্রলবণ; (ত্রি.) অমত্ত; (পুং.) শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ।

অক্ষুণ্ণ, ত্রি. [ন+ক্ষুণ্ণ] অক্ষোদিত; অচূর্ণিত; অচ্ছিন্ন; মনস্তাপ রহিত, অক্ষুব্ধ; অনিপুণ; অপরাজিত।

অক্ষুধ, ত্রি. [ন+ক্ষুধ] ক্ষুধাহীন, ক্ষুধারহিত।

অক্ষুব্ধ-অক্ষুভিত, [ন+ক্ষুব্ধ-ক্ষুভিত] ক্ষোভরহিত, খেদশূন্য, অসন্তাপ।

অক্ষেম, ত্রি. [ন+ক্ষেম] অমঙ্গল, নিরানন্দ, অভদ্র।

অক্ষোট, পুং. [অক্ষ+ওট] অক্ষোড়বৃক্ষ, পীলুবৃক্ষ, আখ্‌রোটবৃক্ষ।

অক্ষোড়-অক্ষোড়ক, পুং. [অক্ষ+ওড়-ক] পর্ব্বতোৎপন্ন পীলুবৃক্ষ, তৎপর্য্যায়।—কর্পরাল, কন্দরাল, আখোট, আক্ষোড়, অক্ষোট, আক্ষোট।

অক্ষোভ, ত্রি. [ন+ক্ষোভ] ক্ষোভরহিত; (পুং.) হস্তিবন্ধন স্তম্ভ, আলান, শঙ্কু।

অক্ষৌর, ত্রি. [ন+ক্ষৌর] অমুণ্ডিত, অকৃতক্ষৌর।

অক্ষৌহিণী, স্ত্রী. [অক্ষ+ঊহিনী] সেনার সংখ্যা বিশেষ, যথা—২১ ৮৭০ হস্তী, ২১ ৮৭০ রথ, ৬৫ ৬১০ অশ্ব, ১ ০৯ ৩৫০ পদাতি, সমুদায়ে ২ ১৮ ৭০০।

অক্ষ্ণ, ন. [অক্ষ্+ন] কাল, সময়।

আ আকার, দ্বিতীয় স্বরবর্ণ। এই বর্ণের উচ্চারণ কণ্ঠ হইতে নির্গত হয়। এই বর্ণ দীর্ঘ এবং প্লুত হয়। আকার অতি আশ্চর্য্য বর্ণ, শংখের ন্যায় প্রভাযুক্ত, ব্রহ্মা বিষ্ণু শিব ময়, ও অপানাদি পঞ্চ প্রাণময়, এবং কুণ্ডলিনীর স্বরূপাকার-বিশিষ্ট ও অঙ্কুশ বীজস্বরূপ। আকারস্থ নাম। যথা।—বিজয়, অনন্ত, দীর্ঘস্থায়, বিনায়ক, ক্ষীরোদধি, পয়োদ; পাশ; দীর্ঘাস্যবৃত্তক; প্রচণ্ড; একজ; রুদ্র; নারায়ণ; ইভেশ্বর; প্রতিষ্ঠা; মানদা; কান্ত; বিশ্বান্তক; গজান্তক; পিতামহ; দ্বিঠান্ত; ভূঃ; ক্রিয়া; কান্তি; সম্ভব; দ্বিতীয়া; কাশী; বিঘ্নরাজ; কুজ; আকাশ; স্বরান্তক; হৃদয়; অঙ্গুষ্ঠ; ভগমালিনী।

আঃ, পুং. পিতামহ; বাক্য; মহেশ্বর।

আ, ব্য. স্মৃতি; ঈষদর্থ; অভিব্যাপ্ত; সীমা; বাক্য; অনুকম্পা; সমুচ্চয়; নিষিদ্ধসন্ধিবর্ণ; এবং; স্বীকার; কোপ; পীড়া; স্পর্দ্ধা; তর্জ্জন।

আইআই, (প্রা.) ছিছি, ধিক্, রাম রাম।

আইও, (প্রা.) বিবাহিতা স্ত্রীলোক, ঊঢ়া।

আইওসুয়া, (প্রা.) প্রিয়তমা স্ত্রী, প্রেয়সী সোহাগিনী, সুভগা স্ত্রী।

আইচ, (প্রা.) শোভাঞ্জন বৃক্ষবিশেষ।

আইন্, (যাং) নিয়ম, বিধি, শাসন, ব্যবস্থা।

আইনমহল্, (যাং) মনোরম্য স্থান, চক্ষুর তৃপ্তিজনক স্থান।

আইনা, (যাং) দর্পণ, আদর্শ, আর্শি।

আইন্দা, (যাং) ভবিষ্যতে, অতঃপরে, ইহার পরে।

আইব্, (যাং) পাপ, দোষ।

আইবজো, (যাং) নিন্দুক, দোষগ্রাহী।

আইয়া, (যাং) ধাত্রী, ধাই।

আইয়াম, (যাং) সময়, কাল।

আইশ্, (যাং) শরীরের স্বচ্ছন্দতা, সুখ।

আইজ, (প্রা.) অদ্য, বর্ত্তমান বাসর।

আইবড়-আইবুড়, (প্রা.) অবিবাহিত, অকৃতোদ্বাহ, অনূঢ়।

আইল, (প্রা.) সেতু, আলি।

আইসন, (প্রা.) আগমন, পোঁছন।

আর্য্যকী, (প্রা.) মাতামহী, নানী, দাদী।

আউ, (প্রা.) বিলাপ বা খেদোক্তি, যথা হাঃ, উঃ, ওঃ,।

আউখ, (প্রা.) ইক্ষু, গুড়তৃণ।

আইতা, (প্রা.) আচ্ছাদিত, আবৃত।

আউনাউ, (প্রা.) ভয় বা দুঃখোক্তি।

আউশ, (প্রা.) ধান্যবিশেষ।

আওড়ন, (প্রা.) আবৃত্তিকরণ, পড়ন।

আওতা, (প্রা.) আবৃত, আচ্ছন্ন, ঢাকা।

আওভাও, (প্রা.) অভ্যর্থনা, সমাদর।

আওরঙ্গ, (যাং) রাজতক্ত, সিংহাসন।

আওরৎ, (যাং) স্ত্রী, ভার্য্যা।

আওলিয়া, (যাং) বন্ধু; প্রধানব্যক্তি।

আং (প্রা.) অঙ্গ, অবয়ব।

আংটা, (প্রা.) কড়া, হাতল; অঙ্গুরী; অঙ্গারশকটী, অর্থাৎ অগ্নিরাখা পাত্রবিশেষ।

আংটী, (প্রা.) অঙ্গুরীয়, অঙ্গুলীক।

আংরাখা, (প্রা.) অঙ্গরাখা, জামা।

আংশিক, ত্রি. [অংশ+ইক] ভাগযোগ্য, অংশী।

আঁ, (প্রা.) স্বীকার, হাঁ; বৃষধ্বনি।

আঁআঁ, (প্রা.) স্বীকৃতশব্দ, হাঁ হাঁ।

আঁইশ, (প্রা.) শল্ক, মৎস্যবল্কল, মীনবল্কল, ছাল।

আঁওতা, (প্রা) জীর্ণ, শীর্ণ, ম্লান।

আঁওল, (প্রা.) গর্ভাবরণচর্ম্ম, উল্ব।

আঁক, (প্রা) অঙ্ক, চিহ্ন; সংখ্যাস্থান।

আঁকড়সী, (প্রা) আকর্ষ, আঁকুশী, যাহার দ্বারা উচ্চ হইতে দ্রব্যাদি আকর্ষণ করা যায়।

আঁকা, (প্রা) চুঁয়া, দগ্ধ; অঙ্কিত

আঁকুবাঁকু, (প্রা) ব্যগ্রতা, আগ্রহ।

আঁখি, (প্রা) অক্ষি, চক্ষু, নেত্র।
আঁচ, (প্রা) উত্তাপ, ঈষত্তাপ, ঈষদুষ্ণতা।
আঁচড়ান, (প্রা.) নখাঘাতকরণ।
আঁচভাকুড়, (প্রা.) জলসারণী, আঁচমনকুণ্ড।
আঁচমন, (প্রা) ভোজনোত্তর মুখ প্রক্ষালন; আচমন, অপস্পর্শ।
আঁচমনীয়, (প্রা) যে দ্রব্য ভক্ষণ করিলে আচমন করিতে হয়।
আঁচল, (প্রা) অঞ্চল, স্ত্রীলোকের বস্ত্রের প্রান্তভাগ।
আঁচলা, (প্রা) স্ত্রীপরিধেয়বস্ত্রের প্রান্তভাগ, বস্ত্রাঞ্চল।
আঁচান, (প্রা) আচমনকরণ, ভোজনান্তর হস্ত মুখ প্রক্ষালন।
আঁচিল, (প্রা) চর্ম্মকীল, ব্রণবিশেষ।
আঁজন, (প্রা) অঞ্জন, কজ্জল, কাজল।
আঁজলা, (প্রা) অঞ্জলিযুক্ত করদ্বয়।
আঁজিনা, (প্রা.) আঙ্গিনেয়, আঁজনাই।
আঁজপাঁজু, (প্রা) কার্ত্তিকমাসে ভূতচতুর্দ্দশী নিশাতে বালকাদির অগ্ন্যুৎসব।
আঁটকুড়া-আঁটখুড়া, (প্রা.) অনপত্য, নির্ব্বংশ, বংশহীন।
আঁটন, (প্রা) শক্তরূপে বন্ধন, দৃঢ়করণ। সম্পোবা হওন।
আঁটনি, (প্রা) দৃঢ়তা; তর্জ্জনবাক্য।
আঁটা, (প্রা) অল্প; দৃঢ়বন্ধন।
আঁটাআঁটি, (প্রা) পরিমিত; নিবদ্ধ।
আঁটাল, (প্রা) দৃঢ়, কঠিন, বদ্ধ, বাঁধা।
আঁটি, (প্রা.) তৃণাদির কিয়ৎপরিমিতমুষ্টি; দৃঢ়তা; বীজকোষ।
আঁটু, (প্র) হাঁটু, জানু।
আঁটো, (প্রা) ভুক্তাবশেষ, উচ্ছিষ্ট।
আঁড়িয়া, (প্রা) বৃষ; মাতা অন্তঃসত্ত্বা হইলে স্তন্যাভাবে যে শিশু দুর্ব্বল হয়।
আঁড়িয়ালাগন, (প্রা) স্তন্যপানাভাবেশিশুর দৌর্ব্বল্য হওন।
আঁড়ুবাঁড়ু, (প্রা) বমনেচ্ছা।
আঁতসা, (প্রা) পিষ্টকবিশেষ।
আঁতুড়, (প্রা) সূতিকাগার, প্রসবগৃহ।
আঁতুড়ঘর, (প্রা) প্রসবস্থান, সূতিকাগার।
আঁৎ, (প্রা) অন্ত্র, নাড়ী।
আঁৎকান, (প্রা) ভয়েবিস্ময়াপন্ন বা অসাহস হওন, আতঙ্ক।
আঁৎখালি, (প্রা) বস্ত্রের মধ্যভাগে পূর্ণ-সূত্রাভাব।
আঁতমারণ, (প্রা) উদর নিম্ন, পৃষ্ঠোন্নত।
আঁৎরসা, (প্র) উদরাময়, পেটেরপীড়া।
আঁধলা, (প্রা) অন্ধ, দৃষ্টিহীন, কাণা।
আঁধার, (প্রা) অন্ধকার, তমোময়।
আঁধিসাঁধি (প্রা) অন্ধিসন্ধি,গুপ্তস্থান,কোণ।
আঁধুয়া, (প্রা) আচ্ছন্ন, আবরণ।
আঁধুয়াপুকুর, (প্রা) লতাচ্ছাদিত পুষ্করিণী।
আঁব, (প্রা) আম্র, আম, চূত, রসাল।
আঁবআদা, (প্রা) অম্লাক্ত আর্দ্রক।
আঁবই, (প্রা) আর্য্যবধূ, ভ্রাতৃবধূমাতা।
আঁশ, (প্রা) তন্তু, সূতা, সূক্ষ্মসূত্র।
আঁশান, (প্রা) শুষ্ককরণ।
আঁশাল, (প্রা) আঁশযুক্ত, আঁশুয়াবিশিষ্ট
আঁশি, (প্রা) মীনবল্কল, আঁইশ।
আঁশুয়া, (প্রা) আঁশাল, তন্তুময়।
আঁষ্টিয়া, (প্রা) আমিষী, মৈনিক, মীনগন্ধ।
আক্, (প্রা) আখু, ইক্ষু, মধুলতা, গুড়দণ্ড।
আকজ, (প্রা) আখেজ, আক্রোশ, বিরোধ, শক্রতা।
আকৃজাকৃজি, (প্রা) দ্বেষাদ্বেষী, পরস্পর বৈরিতা।
আকট, (প্রা) কঠিনহৃদয়, কঠিনান্তঃকরণ, নিষ্ঠুর, ক্রূর।
আকড়িয়া, (প্রা) অকড়িয়া,কপর্দ্দকাযোগ্য।
আকণ্ঠ, ব্য. [আ+কণ্ঠ] গলদেশপর্য্যন্ত, কণ্ঠাবধি।
আকণ্ঠোদর, ত্রি. [আকণ্ঠ+উদর] যাহার কণ্ঠদেশ পর্য্যন্ত উদর, তুন্দিল।
আকন্দ, (প্রা) অর্কবৃক্ষ।
আকৃবর, (যাং) শ্রেষ্ঠ, প্রধান, বিখ্যাত।
আকৃবরী-মোহর,(যাং) আকৃবর পাদসাহের প্রচলিত স্বর্ণমুদ্রাবিশেষ।
আকম্পন, ন. [আ+কম্পন] কম্পন,কাঁপনি।
আকম্পিত, ত্রি. [আ+কম্পিত] কম্পবিশিষ্ট, তৎপর্য্যায়।—বেল্লিত, চলিত, প্রেঙ্খিত, আধূত, আধুত, কম্পিত, ব্যাধুত, বিধূত, ধূত, ধুত, প্রকম্পিত,।

আকম্প্র, ত্রি. [আ+কম্প্র] আকম্পিত।

আকত্র, ত্রি. [আ+কত্র] অল্পাকাঙ্ক্ষী, নিস্পৃহ।

আকর, পুং. [আ+কর] ধাতু রত্নাদি উৎপত্তি স্থান, খনি; সমূহ; শ্রেষ্ঠ; আদি, মূল।

আকরী-আকরীয় ত্রি. [আকর+ইন্+ঈয়] খনিজ, আকরসম্বন্ধীয়।

আক্রোট, (প্রা) অক্ষোড়, আখ্রোটফল।

আকর্ণ, ত্রি. [আ+কর্ণ] কর্ণমূলাবধি।

আকর্ণচক্ষু, ত্রি. [আকর্ণ+চক্ষু] কর্ণপর্য্যন্ত বিস্তৃতচক্ষু, দীর্ঘনয়ন, বিশালনেত্র

আকর্ণন, ন. [আ+কর্ণন] শ্রবণ, শব্দগ্রহণ, শুনন।

আকর্ষ, পুং. [আ+কর্ষ] পাশক, পাশা; অক্ষক্রীড়া, পাশাখেলা; সারিফলক,ছক; আকর্ষণ; আকর্ষণী, আঁকষী; ধনুর অভ্যাসবস্তু; ইন্দ্রিয়।

আকর্ষক, পুং. [আ+কর্ষক] শিলাবিশেষ, চুম্বকপাতর; (ত্রি.) আকর্ষণকর্ত্তা।

আকর্ষণ, ন. [আ+কর্ষণ] বলদ্বারা আনয়ন, টানন।

আকর্ষণী-আকর্ষিণী, স্ত্রী. [আ+কর্ষিণী] ফলপুষ্পাদির আহরণার্থ যষ্টিবিশেষ, আঁকুষী; অঙ্গগ্রহ; (ত্রি.) মনোহর।

আকর্ষী, ত্রি. [আ+কর্ষিন্] আঁকুষী।

আকলন, ন. [আ+কলন] একত্রকরণ, সংখ্যাকরণ; বন্ধন; মনোরথ, ইচ্ছা, আকাঙ্ক্ষা।

আকলিত, ত্রি. [আ+কলিত] বদ্ধ; পরিসংখ্যাত; আকাঙ্ক্ষিত।

আকল্প, পুং. [আ+কল্প] বেশ, সজ্জা; প্রলয়কালপর্য্যন্ত; মণ্ডন; রোগ; বৃদ্ধি।

আকল্পক, পুং. [আ+কল্পক] তম; মোহ; গ্রন্থি; উৎকণ্ঠা; হর্ষ।

আকল্পরচনা, স্ত্রী. [আকল্প+রচনা] বেশরচনা, সজ্জাকরণ।

আকষ, পুং. [আ+কষ] প্রস্তরবিশেষ, কষ্টিপাতর।

আকষক-আকষিক, ত্রি. [আকষ+ক-ইক] পরীক্ষাকর্ত্তা, স্বর্ণাদি পরীক্ষক।

আকস্মক-আকস্মিক, ত্রি. [অকস্মাৎ-ইক] অকস্মাৎ উৎপন্ন, হঠাজ্জাত,দৈবঘটিত।

আকা, (প্রা) চুল্লী, মহানস, অন্তিকা, উনান, আকা

আকাঁড়া, (প্রা) সতুষতণ্ডুল, অপরিষ্কৃত চাউল; মহাবল, পরাক্রম

আকাঙ্ক্ষা, স্ত্রী. [আ+কাঙ্ক্ষা] ইচ্ছা, অভিলাষ, বাঞ্ছা

আকাঙ্ক্ষিত, ত্রি. [আ+কাঙ্ক্ষিত] অভিলষিত, বাঞ্ছিত, কাঙ্ক্ষিত, অভিকাঙ্ক্ষিত, অভিমত, ঈহিত, সমীহিত, অভীপ্সিত, লিপ্সিত, সঙ্কল্পিত, হৃদ্য, ইষ্ট, অভীষ্ট, প্রতীক্ষিত, অপেক্ষিত।

আকাঙ্ক্ষী, ত্রি. [আকাঙ্ক্ষা+ইন্] অভিলাষী, ইচ্ছান্বিত, অভিকাঙ্ক্ষী।

আকাঙ্ক্ষ্য, ত্রি. [আ+কাঙ্ক্ষ্য] স্পৃহ্য,আকাঙ্ক্ষণীয়, প্রার্থনীয়, আশ্ম্য,লোভ্য,কাম্য।

আকাট, (প্রা) অনাবৃষ্টি, দুর্ভিক্ষ, অকাল।

আকাটা, (প্রা) অকর্ত্তিত, অখণ্ডিত, গোটা।

আকামান-আকামাহিয়া, (প্রা) অমুণ্ডিত; যে সর্পের বিষদন্ত উদ্ধার করা না হয়।

আকায়, পুং. [আ+কায়] নিবাস; চিতা, চিতি, শ্মশানাগ্নি।

আকার, পুং. [আ+কার] মূর্ত্তি, আকৃতি, চেহারা; অভিপ্রায়ের অনুরূপ, চেষ্টার আবিষ্কার, সসঙ্কেত, সঙ্কেত, ইঙ্গিত, ঠার; স্বরের দ্বিতীয়বর্ণ।

আকারগুপ্তি, স্ত্রী. [আকার+গুপ্তি] ভয় লজ্জাদির হেতু রত্যাদিসূচক বিকৃতমুখ, অবয়াদির গোপন, অবহিত্থা।

আকারগোপন, ন. [আকার+গোপন] রত্যাদিসূচক মুখরাগাদি লুক্কায়িতকরণ, আকারগুপ্তি। [ডাকন।

আকারণ, ন. স্ত্রী. [আ+কারণ] আহ্বান,

আকারতঃ, ব্য. [আকার+তস্] স্বরূপতঃ, তুল্যাকারতঃ, সদৃশ, মূর্ত্তিতঃ।

আকারবৎ, ত্রি. [আকার+বৎ] সুরূপ, শুদ্ধাকার, রূপবান্।

আকারশূন্য, ত্রি. [আকার+শূন্য] আকৃতিহীন, অবয়বশূন্য

আকারাদি, ত্রি. [আকার+আদি] আ অক্ষর অবধি, আ যাহার আদ্যক্ষর।

আকারান্ত, ত্রি. [আকার+অন্ত] যাহার শেষে আকার।

আকারিত, ত্রি. [আকার+ইত] প্রোক্ত, অভিহিত, উদাহৃত।

আকাল, (প্রা) অকাল, দুর্ভিক্ষ, দুঃসময়।

আকালিক, ত্রি. [অকাল+ইক] অকাল সম্ভব, অসাময়িক, অপূর্ণকালজ, অকাল-নিমিত্ত; সমানকালীন জন্মবিনাশশালী, আরম্ভ, কালাৎ তৎস্বজাতীয়কালস্থায়ী, অত্যল্পকালস্থায়ী, অচিরস্থায়ী।

আকালিকপ্রলয়, পুং. [আকালিক+প্রলয়] প্রলয়বিশেষ, কপিলশাপে অকালে জগৎপ্লাবন।

আকালিকী, স্ত্রী. [আকালিক+ঈ] বিদ্যুৎ; অকালে উৎপন্না।

আকাশ, পুং. ন. [আ+কাশ] পঞ্চভূতান্তর্গত প্রধান ভূতবিশেষ, তৎপর্য্যায়।—অভ্র, অন্তরীক্ষ, অভ্র, অম্বর, অভ্রনাক, অনঙ্গ, অনন্ত, অন্তরাল, খ, গগণ, ঘনপদবী, ছায়াপথ, তারাপথ, দ্যো, দ্যৌ, দিব, দিগন্তর, দিগন্তরাল, দ্রাপ, ত্রিপিষ্টপ, নভঃ, নাক, পুষ্কর, বায়ুর্ব্বর্ত্মা, বায়ুাস্পদ, বিহায়স্, বিয়ৎ, ব্যোম, ভুবঃ, ভ্রাষ্ট, মরুৎপথ, বিষ্ণুপদ, মরুদ্বর্ত্ম, মহাবিল, মেঘবেশ্ম, মেঘাস্পদ, মেঘবর্ত্ম, সুন, সুরপথ সুরবর্ত্ম, স্তীর্ব্বি।

আকাশকক্ষা, স্ত্রী. [আকাশ+কক্ষা] দিঙ্মণ্ডল, দিগন্ত, মণ্ডল, অন্তরিক্ষ পথ।

আকাশগ, ত্রি. [আকাশ+গ] আকাশগামী, আকাশচর।

আকাশগঙ্গা, স্ত্রী. [আকাশ+গঙ্গা] স্বর্গগঙ্গা, স্বর্ধুনী, স্বর্নদী, বিয়দ্গঙ্গা, সুরদীর্ঘিকা।

আকাশগত, ত্রি. [আকাশ+গত] শূন্যগত, ব্যোমচর।

আকাশগামী, ত্রি. [আকাশ+গামিন্] খেচর, বায়ুগ, আকাশচর।

আকাশজ, ত্রি. [আকাশ+জ] বায়ুজ, গগনজ, শূন্যজাত, বিয়দ্ভূত।

আকাশজননী, পুং. [আকাশ+জননিন্] প্রগণ্ডী অর্থাৎ দুর্গের মধ্যস্থিত শূরদিগের বাহ্যাভ্যন্তর দৃষ্টি নিমিত্ত ছিদ্র এবং যদ্দ্বারা আগ্নেয়াস্ত্র গুলিকা প্রক্ষেপ করা যায়; গবাক্ষ; গৃহাক্ষ, বাতায়ন।

আকাশদীপ, পুং. [আকশ+দীপ] কার্ত্তিক মাসে ভগবদুদ্দেশে বংশাদিতে রজ্জুসংযোগে ঊর্দ্ধে স্থাপিত দীপ, অন্তরীক্ষস্থ প্রদীপ।

আকাশপ্রদীপ, পুং. [আকাশ+প্রদীপ] কার্ত্তিকমাসে ৺ লক্ষ্মী দামোদরের প্রীতির নিমিত্ত তিলতৈলের দীপ দান।

আকাশবর্ত্ম, ন. [আকাশ+বর্ত্মন্] নভোমণ্ডল, অন্তরীক্ষ।

আকাশবল্লী, স্ত্রী. [আকাশ+বল্লী] লতাবিশেষ, আকাশবেল, অমরবেল, খবল্লী, দুঃস্পর্শা, ব্যোমবল্লিক।

আকাশবাণী, স্ত্রী. [আকাশ+বাণী] অশরীরিণীবাক্, দৈববাণী।

আকাশবিদ্যা, স্ত্রী. [আকাশ+বিদ্যা] বায়ুনিরূপণীয় বিদ্যা।

আকাশবিহারী, ত্রি. [আকাশ+বিহারিন্] খেচর, পক্ষী। [শ্রয়, নিঃস্ব।

আকাশবৃত্তি, স্ত্রী. [আকাশ+বৃত্তি] নিরা-

আকাশভাষিত, ন. [আকাশ+ভাষিত] ব্যাজোক্তি; শূন্যস্বর।

আকাশমণ্ডল, ন. [আকাশ+মণ্ডল] নভোমণ্ডল, নক্ষত্রমণ্ডল।

আকাশমাংসী স্ত্রী. [আকাশ+মাংসী] সূক্ষ্ম জটামাংসী, নিরালম্বা, খসম্ভবা, শেবালী, সূক্ষ্মপত্রী, গৌরী, পর্ব্বতবারি, অভ্রমাংসী।

আকাশমূলী, স্ত্রী. [আকাশ+মূলী] কুম্ভিকা, জলেরপানা।

আকাশরক্ষী, পুং. [আকাশ+রক্ষিন্] প্রগণ্ডী অর্থাৎ দুর্গের বহির্ভাগে প্রাচীরোপরিস্থিত চর, প্রহরী, প্রাকার রক্ষক।

আকাশসলিল, ন. [আকাশ+সলিল] দিব্যোদক, শিশির, বৃষ্টিরজল। [অবস্থ

আকাশী, ত্রি. [আকাশ+ঈ] আকাশস্থ,

আকাশীয়, ত্রি. [আকাশ+ঈয়] আকাশ সম্বন্ধি, গগণস্থ।

আকাশীরঙ্গ, ত্রি. [আকাশী+রঙ্গ] নীলবর্ণ,আসমানী রং।

আকাশে, ব্য. শূন্যে, অন্তরীক্ষে।

আকাশেশ, পুং. [আকাশ+ঈশ] ইন্দ্র, (ত্রি) দরিদ্র, নিরাশ্রয় ব্যক্তি। [শব্দ।

আ কি, (প্রা) বিস্ময় কিম্বা আশ্চর্য্য বোধক

আকিঞ্চন, ন. [আ+কিঞ্চন] চেষ্টা, প্রয়াস, যত্ন; অকিঞ্চনতা।

আকীট, ত্রি. [আ+কীট] কীটাবধি।

আকীর্ণ, ত্রি. [আ+কীর্ণ] ব্যাপ্ত, সংকীর্ণ, সঙ্কুল, সমাকীর্ণ, অনুকীর্ণ, সমাকুল; জলাদির নিরবকাশ।

আকু, (প্রা) ইক্ষু, গুড়দণ্ড।

আকুঞ্চন, ন. [আ+কুঞ্চন] সঙ্কোচ, কোঁকড়ান, গুটান; বক্রতা; যত্ন; ন্যায়মতে পঞ্চপ্রকার কর্ম্মান্তর্গত কর্ম্মবিশেষ।

আকুণ্ঠিত, ত্রি. [আ+কুণ্ঠিত] সঙ্কুচিত, লজ্জিত, অপ্রস্তুত।

আকুণ্ডকুণ্ড, (প্রা) বিবাদবুদ্ধি, ঘোরতর কলহ, তুমুল বিরোধ।

আকুল, ত্রি. [আ+কুল] ব্যাকুল, তৎপর্য্যায়।—কাতর, ব্যস্ত, বিক্লব, পরিপ্লব, ব্যগ্র, সম্ভ্রান্ত, বিপন্ন,পিঞ্চ, অধীর,অপ্রগুণ, বিক্ষিপ্তচিত্ত, উদ্বিগ্নমনা, বিহস্ত, বিপ্রতিপন্ন, আর্ত্ত; পূর্ণ,আকীর্ণ।

আকুলত্ব, ন. [আকুল+ত্ব] বৈক্লব্য, কাতরতা, ব্যাকুলত্ব।

আকুলিত, ত্রি. [আ+কুলিত] ব্যাকুলিত, কাতর, ব্যস্তচিত্ত।

আকুশ, (প্রা) বৃক্ষবিশেষ।

আকুত, ন. [আ+কুত] অভিপ্রায়, আশয়, মানস

আকৃতি, স্ত্রী. [আ+কৃতি] রূপ, মূর্ত্তি; শরীর; জাতি।

আকৃতিচ্ছত্রা, স্ত্রী. [আকৃতি+ছত্রা] ঘোষাতকীলতা, শ্বেতঘোষাগাছ।

আকৃষ্ট, ত্রি. [আ+কৃষ্ট] কৃতাকর্ষণ, আকর্ষিত; হৃত্য।

আকৃষ্টচিত্ত, ত্রি. [আকৃষ্ট+চিত্ত] প্রোৎসাহিত চিত্ত

আকৃষ্টি, স্ত্রী. [আ+কৃষ্টি] আকর্ষণ, টানন।

আকৃষ্টিমন্ত্র, ন. [আকৃষ্টি+মন্ত্র] আকর্ষণী মন্ত্র, জাদুমন্ত্র।

আকেকর, ন. [আ+কেকর] কটাক্ষ, দৃষ্টিপাত, অপাঙ্গদর্শন।

আকোকের, পুং. মকররাশি, দশমরাশি।

আকোল, (প্রা) অনঙ্ক, অক্রোড়।

আকৌশল, ন. [আ+কৌশল] অকুশলতা, অনৈপুণ্য, অদাক্ষ।

আক্কুশ, (প্রা) বৃক্ষবিশেষ।

আক্কেল, (যা) বুদ্ধি, জ্ঞান।

আক্রন্দ, পুং. [আ+ক্রন্দ] রোদন; আহ্বান, দারুণযুদ্ধ; মিত্র; ভ্রাতা; নাথ; পার্ষ্ণিগ্রাহের পরবর্ত্তী রাজা।

আক্রন্দন, ন. [আ+ক্রন্দন] ক্রন্দন, রোদন, পরিবেদন। [কারী।

আক্রন্দিক, ত্রি. [আ+ক্রন্দিক] আর্ত্তনাদ-

আক্রম, পুং. [আক্রম্+অ] আক্রমণ, চড়াউ করণ; অতিক্রম, ক্রান্তি।

আক্রমণ, ন. [আ+ক্রমণ] আক্রমকরণ, ব্যাপন, চড়াউ করণ।

আক্রমণীয়, ত্রি. [আ+ক্রমণীয়] অতিক্রমণীয়, আক্রমণের যোগ্য।

আক্রা, (প্র) অক্রেয়, দুর্মূল্য, মহার্ঘ্য।

আক্রান্ত, ত্রি. [আ+ক্রান্ত] অতিক্রান্ত, আক্রমবিশিষ্ট, কৃতাক্রমণ, যাহার উপর আক্রমণ করা হয়। [কারী, আকর্ষক।

আক্রামক, পুং. [আ+ক্রামক] আক্রমণ-

আক্রীড়, পুং. [আ+ক্রীড়] রাজোপবন, রাজাদিগের সাধারণ বন।

আক্রীড়ন, ন. [আ+ক্রীড়ন] মৃগয়া, মৃগব্য।

আক্রীড়ী, ত্রি. [আ+ক্রীড়ী] ক্রীড়াপর, ক্রীড়াসক্ত।

আক্রুষ্ট, ত্রি. [আ+ক্রুষ্ট] অভিশপ্ত, শাপগ্রস্ত, আক্রোশনীয়; পরিবেদিত।

আক্রোশ, পুং. [আ+ক্রোশ] ক্রোধবশতঃ কর্ত্তব্যাকর্ত্তব্য বিস্মরণ, অভিষঙ্গ, আক্ষেপ, শাপ, রাগ, কোপ, ক্রোধ।

আক্রোশক, ত্রি. [আ+ক্রোশক] দুর্ব্বাদ, বাগ্দুষ্ট, কুৎসাবাদি; ক্রোধশীল; সশোক।

আক্রোশন, ন. [আ+ক্রোশন] অভিশাপ, অভিষঙ্গ, অভীষঙ্গ, শাপ।

আক্লান্ত, ত্রি. [আ+ক্লান্ত] শ্রান্ত, অতিশয় ক্লান্তিযুক্ত, অবসন্ন, খিন্ন, শ্রান্তিযুক্ত।

আখ, পুং. [আ+খন্+অ] খনিত্র, কুদ্দালি, কোদাল।

আখড়া, (প্রা) গায়কদিগের সংগীত চালনার স্থল, আসর; আড্ডা।

আখড়াওয়ালা, (প্রা) গায়ক; নৃত্যক।

আখণ্ড, (প্রা) সমুদয়, খণ্ডরহিত, সম্পূর্ণ।

আখণ্ডল, পুং. [আ+খণ্ডল] ইন্দ্র, সহস্রাক্ষ, শচীপতি।

আখন, পুং. [আ+খন] খনক, খনিতা, খননকারী, (যাং) শিক্ষক।

আখনিক, পুং. [আ+খনিক] চৌর; উন্দুরু, শূকর; খনিত্র; খনক।

আখ্‌বার, (যাং) সন্দেশবাক্য, খবর।

আখর, (প্রা) বর্ণ, অক্ষর, হরফ।

আখরোট্, (প্রা) আক্ষোট, কন্দরাল।

আখা, (প্রা) চুল্লী, চুলা, উনান।

আখাত, পুং. ন. [আ+খাত] দেবখাত, অখাত, অনির্ম্মিত জলাশয়।

আখান, পুং. [আ+খান] আখনিক, খনক, খাতক; খনিত্র।

আখু, পুং. [আ+খন্+উ] মূষিক; শূকর; চৌর; দেবতাড়বৃক্ষ।

আখুকর্ণী, স্ত্রী. [আখু+কর্ণী] লতাবিশেষ, মুষাকাণীলতা, তৎপর্য্যায়।—কৃশিকা, দ্রবন্তী, চিত্রা, সুবর্ণী, উন্দুরুকর্ণী, ন্যাগ্রোধী, মূষককর্ণী, বৃশ্চিকর্ণী, বহুকর্ণিকা, মাতা, ভূমিচরী, চণ্ডা, শম্বরী, বহুপাদিকা, প্রত্যকৃশ্রেণী, বৃষা, পুত্রশ্রেণী, অদ্রিভূ, আখুকর্ণিকা, আখুপর্ণী আখুপলিকা। [গজানন।

আখুগ, পুং. [আখু+গ] গণেশ, হেরম্ব,

অখুঘাত-অখুঘাতক, পুং. [অখু+ঘাত+ক] মূষিকঘাতী।

আখুট, (প্রা.) বালকের অকস্মাৎ বাসনা, বালকের আবদার

আখুদংশক, পুং. [আখু+দংশক] বিড়াল, মার্জ্জার।

আখুন্-আখুন্দ, (যাং) শিক্ষক, আচার্য্য।

আখুপর্ণিকা-আখুপর্ণী, স্ত্রী [আখু+পর্ণিকা-পর্ণী] ইন্দুরকাণীলতা।

আখুপাষাণ, পুং. [আখু+পাষাণ] পাষাণ ভেদ, লোহচুম্বক, চুম্বকপ্রস্তর, অয়স্কান্ত।

আখুবিষহা, স্ত্রী. [আখু+বিষহা] দেবতাড় বৃক্ষ; দেবদালীলতা।

আখুভুক্, পুং. [আখু+ভুজ্] বিড়াল, মার্জ্জার।

আখুরথ, পুং. [আখু+রথ] গণেশ, লম্বোদর, গজানন।

আখূত্থ, পুং. [আখু+উত্থ] ইন্দুরের পাল, মূষিক সমূহ; মূষিকের উল্লম্ফন।

আখেট, পুং. [আ+খেট] মৃগয়া, শিকার; ত্রাস।

আখেটক, পুং. [আখেট+ক] ব্যাধ, মৃগয়ু; (ন.) আখেট; (ত্রি.) অনুসৃত, অন্বেষিত; ভয়ানক।

আখেটবিদ্যা, স্ত্রী. [আখেট+বিদ্যা] মৃগয়াবিদ্যা, শিকার বিদ্যা।

আখেটশীর্ষক, ন. [আখেট+শীর্ষক] কুট্টিম ভেদ, গহ্বর, সুড়ঙ্গ।

আখেটিক, পুং. [আখেট+ইক] মৃগয়া কুশল কুক্কুর, শিকারি কুক্কুর; আখেটক, বিশ্বকদ্রু, ব্যাধ; (ত্রি.) ভয়ানক, ভীষণ, বিকট। [সৃত।

আখেটিত, ত্রি. [আখেট+ইত] মৃগিত, অনু·

আখেটী, ত্রি. [আখেট+ইন্] ভয়ানক, দারুণ।

আখোট, পুং. [অক্ষোট] আখ্‌রোট্ ফল বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—পার্ব্বতীয়, ফলস্নেহ, গুড়াশয়, কীরেষ্ট, কন্দরাল, মধুমজ্জা, বৃহচ্ছদ। [ধান।

আখ্যা, স্ত্রী, [আ+খ্যা] নাম, সংজ্ঞা, অভি-

আখ্যাত, ত্রি. [আ+খ্যাত] কথিত, উক্ত, প্রসিদ্ধ; ব্যাকরণের ধাতূত্তর বিহিত তিঙ্ প্রত্যয়াদি।

আখ্যাতব্য, ত্রি. [আখ্যাত+ব্য] অভিধেয়, আখ্যেয়।

আখ্যান, ন. [আখ্যা+অন] উপাখ্যান,কথা, তৎপর্য্যায়—উদন্ত, কথানক, পরিকথা, উপকথা, আখ্যায়িকা, কথাপ্রবন্ধ, বার্ত্তা, বৃত্তান্ত,চরিত্র, ইতিহাস,কথন, উপকথন, খ্যাপন, বর্ণনা, বর্ণন, বিবরণ, ব্যাহরণ, অনুকীর্ত্তন, নিরূপণ, শ্রাবণ, নিবেদন. উদ্গার, উপন্যাস, কাহিনী, গল্প, কিচ্ছা, বয়ান; নাম, সংজ্ঞা, আখ্যা।

আখ্যানক, ত্রি. [আখ্যান+ক] বিবরণ-বিশিষ্ট, আখ্যানযুক্ত।

আখ্যায়ক, পুং. [আখ্যা+যক] কথক, উপকথক, কথনকৃৎ; দূত, বার্ত্তাহর।

আখ্যায়িকা, স্ত্রী. [আখ্যা+ইকা] উপলব্ধার্থ কথা, ইতিহাস, উপন্যাস, উপকথা; গল্পবিশেষ।

আখ্যেয়, ত্রি. [আখ্যা+ঈয়] আখ্যানের উপযুক্ত, বক্তব্য।

আগঃ ন. [আগস্] পাপ; অপরাধ, কলুষ।

আগ, (প্রা) অগ্র; আদ্য; অগ্নি।

আগড়, (প্রা) দ্বারাদির আবরণার্থ ঝাঁপ।

আগড়া, (প্রা) তুচ্ছ ধান্য, তুষ, ভূষী, চিটা।

আগড়াভূষী, (প্রা) তুঁষ, ত্বক্, ভূষী।

আগড়ী, (প্রা) অগ্রবর্ত্তী, অগ্রগামী।

আগণা, (প্রা) অগণিত, প্রচুর, অসংখ্য।

আগত, ত্রি. [আ+গত] আয়াত, উপস্থিত, অভিগত, উপগত।

আগতকল্য, ব্য. [আগত+কল্য] শ্বঃ, আগামী কল্য।

আগতপ্রায়, ব্য. [আগত+প্রায়] সমুপস্থিত, নিকটাসন্ন, সন্নিধাপন্ন।

আগ্তোলন-আগ্তোলা, (প্রা) পরফলদর্শী, অগ্রে তুলিয়া লওন। [আগোয়ারা।

আগ্দোগ্, (প্রা) অগ্রভাগ, পূর্ব্বভাগ,

আগন্তব্য, ত্রি. [আ+গন্তব্য] আগম্য, আগমনীয়, আসনীয়।

আগন্তু, পুং. [আ+গম্+তু] আগমনশীল; অনিয়ত, অতিথি; হঠাৎ উপস্থিত।

আগন্তুক, ত্রি. [আগন্তু+ক] আহার্য্য, অনিত্য স্থায়ি, আকস্মিক, নৈমিত্তিক, (পুং.) অতিথি।

আগন্তুজ্বর, ত্রি. [আগন্তু+জ্বর] পীড়া-বিশেষ, রুক্। [যাওন।

আগবাড়ান, (প্রা) অগ্রে গমন, আগে

আগম,পুং. [আ+গম] আগমন; শাস্ত্রমাত্র; সাক্ষিপত্রাদি; ব্যাকরণমতে প্রকৃতি প্রত্যয়ানুঘাতী কার্য্য; (ন.) তন্ত্রশাস্ত্র; লিখনপত্রী।

আগমকী, (প্রা) লতাবিশেষ।

আগমজ্ঞ, ত্রি. [আগম+জ্ঞ] বেদজ্ঞ, তন্ত্রজ্ঞ

আগমন, ন. [আ+গমন] আগম, অভিগমন, উপগম, উপস্থিতি, উপস্থান, উপসন্নতা, উপায়ত, আয়, সমুন্নয়, সমুপাগত, সমুৎপত্তি, সমুপস্থিত, আইসন, আসা, পহুঁছন।

আগমনপত্র, ন. [আগমন+পত্র] আহ্বান পত্র, আসিবার লিখন।

আগমনীয়, ত্রি. [আগমন+ঈয়] আগন্তব্য, আগমনোপযুক্ত।

আগমাবর্ত্তা, স্ত্রী. [আগম+আবর্ত্তা] বৃশ্চিকালীবৃক্ষ। [পঠিত।

আগমিত, ত্রি. [আগম+ইত] অধীত,

আগমী, (প্রা) লতাবিশেষ।

আগমোক্ত, ত্রি. [আগম+উক্ত] তন্ত্রশাস্ত্র বিহিত, শাস্ত্রোক্ত।

আগম্য, ত্রি. [আ+গম্য] আগমনীয়, অভিগম্য; গমনীয়।

আগল, (প্রা) বেষ্টন; রক্ষণ; অদ্রব

আগলন, (প্রা) আবরণ, নিষেধ করণ, রক্ষাকরণ।

আগলা, (প্রা) রোধন, আবরণ, বারণ।

আগস্, ন. [আগ্+অস্] পাপ; অপরাধ।

আগা, (প্রা) অগ্রভাগ, ধার, কিনারা।

আগাছা, (প্রা) অব্যবহার্য্য বৃক্ষ।

আগাড়ী, (প্রা) আগাম, আগুড়ী, অগ্রিম

আগাড়িপিছাড়ি, (প্রা) ঘোটকের অগ্র পশ্চাৎ পদ বন্ধনরজ্জু; অগ্রপশ্চাৎ, ইতস্ততঃ।

আগাধ, (প্রা) অগাধ, অতি গভীর, অতল-স্পর্শ, যাহার তলস্পর্শ হয় না।
আগান্তু, পুং. [আ+গাম্+তু] আগন্তুক, হঠাৎ উপস্থিত ব্যক্তি, অতিথি।
আগাম, (প্রা) অগ্র, আগে, আগাও, অগ্রিম, আগুড়ী।
আগামী, ত্রি. [আ+গামিন্] ভবিষ্যৎকাল, ভাবি; অগ্রে আগমনশীল, ভব্য।
আগার, ন. [আ+গার] গৃহ, ঘর; বাটী, আধার, সদ্ম।
আগারদাহ, পুং. [আগার+দাহ] গৃহ-দাহাপরাধ; গৃহদহন।
আগারভেদক, পুং. [আগার+ভেদক] গৃহ-দেভক, সন্ধিচোর, ভিত্তিচোর, সিধাল-চোর।
আগালিয়া, (প্রা) বাঁশের অগ্রভাগ, আগা।
আগাহ, (প্রা) দাদন, কোনকর্ম্মের নিমিত্তে অগ্রে অর্থ প্রদান।
আগুড়ী, (প্রা) অগ্রিম, আগামী, আগাও।
আগুতে, (প্রা) পূর্ব্বে, অগ্রে।
আগুদল, (প্রা) অগ্রগ, সৈন্য, সৈন্যের অগ্রভাগ, মহড়া।
আগুন, (প্রা) অগ্নি, বহ্নি, অনল।
আগুনখাগী, (প্রা) সহগামিনী, সহমৃতা।
আগুনময়, (প্রা) আগ্নেয়, অগ্নিময়, অগ্নি-যুক্ত।
আগুনলাগন-আগুনলাগা, (প্রা) অগ্নিযোজন, অগ্নিসংযোগ করণ।
আগুয়ান, (প্রা) অগ্রসর, অগ্রগামী।
আগুর, স্ত্রী. [আগ্+উর] আগূ; প্রতিজ্ঞা; (প্রা) অগ্র, পূর্ব্ব, প্রথম।
আগুরব, ত্রি. [আগুরু+অ] গরিষ্ঠ, গরীয়ান; চন্দন, অগৌর।
আগুসার, (প্রা) অগ্রগমন, অগ্রসর।
আগূ, স্ত্রী. [আ+গূ] প্রতিজ্ঞা, অঙ্গীকার।
আগে, (প্রা) অগ্রে, প্রথমে, পূর্ব্বে।
আগেপাছে, (প্রা) অগ্রপশ্চাৎ, পূর্ব্বাপর।
আগেভাগে, (প্র) পূর্ব্বে, সর্ব্বাগ্রে।
আগো, (প্রা) সম্বোধন, ওগো।
আগোড়, (প্রা) আবরণ, ঝাপ।
আগোড়বাইগির, (প্রা) অবধার্য্য, স্থির, নিশ্চিত, শক্ত, অনড়, দৃঢ়।
আগোত্তরা, (প্রা) আগামী, পূর্ব্বদান, দাদন অগ্র, পূর্ব্ব।
আগোনে, (প্রা) অগ্রে, পূর্ব্বে।
আগ্নীধ্র, ন. [অগ্নি+ইধ্] অগ্নীধ্র, হোতৃগৃহ, (পুং.) ধনদ্বারা বরণীয় ঋত্বিক্; প্রিয়ব্রত রাজার জ্যেষ্ঠপুত্র।
আগ্নেয়, ন. [অগ্নি+এয়] স্বর্ণ; দেশবিশেষ, রক্ত; ঘৃত; (পুং.) অগস্ত্যমুনি; (ত্রি.) অগ্নিসম্বন্ধীয়, অগ্নিময়, অগ্নিমান্।
আগ্নেয়চূর্ণ, ন. [আগ্নেয়+চূর্ণ] শীঘ্রদাহ-চূর্ণ, বারুদ্। [বন্দুকের কুঁদা।
আগ্নেয়নাড়িদণ্ড, পুং. [আগ্নেয়+নাড়িদণ্ড]
আগ্নেয়াষ্ট কপাল, ন. [আগ্নেয়+অষ্ট+কপাল] অগ্নিদেবতাকে অষ্টকপালে আহুতি প্রদান।
আগ্নেয়াস্ত্র, ন. [আগ্নেয়+অস্ত্র] অগ্নিবাণ, অগ্ন্যাস্ত্র, বন্দুক, কামান।
আগ্নেয়াস্ত্রপ্রক্ষেপক, পুং. [আগ্নেয়াস্ত্র+প্রক্ষেপক] অগ্ন্যাস্ত্রধারী, গোলন্দাজ।
আগ্নেয়ী, স্ত্রী. [আগ্নেয়+ঈ] অগ্নিকোণ; অগ্নিভার্য্যা; স্বাহা, হুতভুক্প্রিয়া।
আগ্ন্যাসাক, (প্রা) লতাবিশেষ।
আগ্র, (প্রা) অতীচ্ছা, সচেষ্ট, শীঘ্রকর্ম্মা, ব্যগ্র, উদ্যুক্ত, উৎসাহী।
আগ্রহ, পুং. [আ+গ্রহ] অতিশয়যত্ন, প্রয়াস; অনুগ্রহ; আসক্তি; আক্রমণ; গ্রহণ।
আগ্রহায়ণ-আগ্রহায়ণিক, পুং. [অগ্র+হায়ন+ইক] *মার্গশীর্ষ মাস, অগ্রহায়ণ মাস, তৎপর্য্যায়।—মার্গশীর, মার্গ, আগ্রহায়ী, অলক, সহ, মার্গশির; [মতভেদে] বৎসরের আদ্যমাস; মার্গমাসীয় কৃত্য।*
আগ্রহায়ণী, স্ত্রী. [আগ্রহায়ণ+ঈ] অগ্রহায়ণমাসের পৌর্ণমাসী; মৃগশিরানক্ষত্র।
আগ্রায়ণ, ন. [আগ্র+অয়ন] নবশস্য কর্ত্তন-কালীন দেবতাদিগের উপহারবিশেষ, নবান্ন।
আগ্রায়ণেষ্টি, স্ত্রী. [আগ্রায়ণ+ইষ্টি] নবশস্যেষ্টি, অগ্রহায়ণ মাসের ইষ্টি।

আগ্র্য, ত্রি. [অগ্র+য] অগ্রিয়, প্রধান, শ্রেষ্ঠ, উৎকৃষ্ট; জ্যেষ্ঠ।

আঘট্টক, পুং. [আ+ঘট্টক] রক্তাপামার্গ; নির্ঘর্ষণক।

আঘট্টন, ন. [আ+ঘট্টন] আঘর্ষণ, উদ্ঘট্টন; বিঘট্টন।

আঘট্টিত, ত্রি. [আ+ঘট্টিত]আঘর্ষিত, ঘৃষ্ট।

আঘর্ষ-আঘর্ষণ, পুং. ন. [আ+ঘর্ষ-ণ] সঙ্ঘর্ষ, নির্ঘর্ষণ, উদ্ঘর্ষণ, অভিঘর্ষণ।

আঘাট, পুং. [আ+ঘাট] সীমা; অপামার্গ। (প্রা) কুঘাট, অঘাট।

ই, ব্য. ভেদ; ক্রোধোক্তি; অপাকরণ; অনুকম্পা, খেদ; কোপ সন্তাপ; দুঃখভাবনা (পুং)কামদেব; কাম। যথা। ইঃ কামে রতি লক্ষ্ম্যো রী উঃ শিবে ব্রহ্মকাদ্য উঃ।

ইংরেজ, (প্রা) লণ্ডনদেশজাত ম্লেচ্ছজাতি বিশেষ।

ইক্কট, পুং. তৃণবিশেষ, তৎপর্য্যায়।—বহুমূল, কোশাঙ্গ, ইৎকট।

ইকড়, (প্রা) ইক্কট; শক্ত; নিরাট।

ইকড়া, (প্রা) মুষিক, উন্দুর; তৃণবিশেষ।

ইকার, পুং. ইবর্ণ, [ই] এই অক্ষর।

ইকুন, (প্রা) যূক, ডেঙ্গর, উৎকুণ।

ইঙ্গ, ত্রি. [ইন্‌গ্‌+অ] অদ্ভুত; জঙ্গম; (পুং.) ইঙ্গিত; জ্ঞান।

ইঙ্গন, ন. [ইনগ্‌+অন] সঙ্কেতন, ঠারণ, শিরশ্চালন।

ইঙ্গনা, স্ত্রী.[ইঙ্গ+না] নাম, আখ্যা, সংজ্ঞা।

ইঙ্গিত, ন. [ইন্‌গ্‌+ইত] অভিপ্রায়ানুরূপে চেষ্টাবিষ্করণ, আকার, ইঙ্গ, গমনচেষ্টা; সঙ্কেত, ভাব, চক্ষুটিপ্‌নি, মাথাছানি, ঠার, হাতছানি।

ইঙ্গিতজ্ঞ, ত্রি. [ইঙ্গিত+জ্ঞ] সঙ্কেতজ্ঞ; ভাবজ্ঞ।

ইঙ্গিতে, ব্য. সঙ্কেতদ্বারা।

ইঙ্গুদ, পুং. [ইঙ্গু+দ] ইঙ্গুদী বৃক্ষ।

ইঙ্গুদী,স্ত্রী.[ইঙ্গু+দ+ঈ] বৃক্ষবিশেষ, ইঙ্গোটাগাছ, জীয়াপুতা, তাপসতরু, হিঙ্গুপত্র, বিষকণ্ট,অনিলান্তক, গৌরত্বক্,ভদ্রগাত্র, শূলারি, তাপসদ্রুম, তীক্ষ্নকণ্ট, তৈল ফল; পুতিগন্ধ, বিগন্ধক, ক্রোষ্টুফল; জ্যোতিষ্মতীবৃক্ষ, নয়ফট্‌কীগাছ।

ইঙ্গুল, পুং. স্ত্রী. [ইঙ্গ+উল] ইঙ্গুদীবৃক্ষ।

ইচড়,(প্রা) অপক্ক কণ্টকীফল, কাঁচাকাঠাল।

ইচ্‌লা, (প্রা) মৎস্যবিশেষ, ইঞ্চাক মৎস্য, চিঙ্গড়ীমাছ।

ইচ্ছত্ব, ন. [ইচ্ছা+ত্ব] ইচ্ছা, কামনা।

ইচ্ছা, স্ত্রী. [ইষ+আ] মনোধর্ম্ম বিশেষ; তৎপর্য্যায়।—আকাঙ্ক্ষা, বাঞ্ছা, দোহদ, স্পৃহা,ঈহা, তৃট, লিপ্সা,মনোরথ,কাম, অভিলাষ, তর্ষ, রুক্, ইষা, শ্রদ্ধা, তৃষ্ণা, রুচি, মতি, ছন্দ, ইট্‌, ইষ্ট, ঈপ্সিত, লালসা, অভিমত, আশা, অভীপ্সা।

ইচ্ছাক্রমে, ব্য. [ইচ্ছা+ক্রমে] স্বতঃ, স্বভাবতঃ, স্বেচ্ছাপূর্ব্বক, কামতঃ।

ইচ্ছাজন্য, ত্রি. [ইচ্ছা+জন্য] স্পৃহাজনিত, অভিলাষজাত, কামজাত।

ইচ্ছাধীন, ত্রি. [ইচ্ছা+অধীন] অনুকল্পিক, ঐচ্ছিক, অভিকামিক, যথাকাম।

ইচ্ছানিবৃত্তি, স্ত্রী. [ইচ্ছা+নিবৃত্তি] জিতেন্দ্রিয়, বদ্ধকাম।

ইচ্ছানুগত, ত্রি. [ইচ্ছা+অনুগত] অনুগতেচ্ছা, কামাধীন।

ইচ্ছানুরূপ, ত্রি. [ইচ্ছা+অনুরূপ] সঙ্গতেচ্ছা, অবিরুদ্ধবাসনা, ইচ্ছানুসারী।

ইচ্ছান্বিত, ত্রি. [ইচ্ছা+অন্বিত] স্বেচ্ছুক, সস্পৃহ।

ইচ্ছাফল, ন. [ইচ্ছা+ফল] বাঞ্ছিতফল।

ইচ্ছাবতী, স্ত্রী. [ইচ্ছা+বৎ+ঈ] ধনাদির ইচ্ছাযুক্তা স্ত্রী, ইচ্ছুকা; কামুকা।
ইচ্ছাবসু, পুং. [ইচ্ছা+বসু] কুবের, ধনপতি।
ইচ্ছাভাব, পুং. [ইচ্ছা+অভাব] দোহদাভাব, অস্পৃহা, অনভিলাষ। [সনন্ত।
ইচ্ছার্থ, পুং. [ইচ্ছা+অর্থ] ব্যাকরণমতে
ইচ্ছু, ত্রি. [ইষ্+উ] ইচ্ছাবিশিষ্ট, অভিলাষী, ইচ্ছুক, বাঞ্ছী, আকাঙ্ক্ষাযুক্ত।
ইচ্ছুক, পুং. [ইচ্ছু+ক] বৃক্ষবিশেষ; টাবা-নেবু; (ত্রি.) ইচ্ছুক, আকাঙ্ক্ষী।
ইচ্ছুল, ত্রি. [ইচ্ছু+ল] ইচ্ছান্বিত, আকাঙ্ক্ষাযুক্ত।
ইজাদ, (যাং) কল্পনা।
ইজার, (যাং) জঙ্ঘাপরিধান, পাজামা।
ইজ্জল, পুং. [ইজ্+জল] হিজ্জলবৃক্ষ, হিজল গাছ, নিচুল, অম্বুজ; মৎস্যবিশেষ।
ইজ্য, পুং. [যজ্+য] বৃহস্পতি; (ত্রি.) গুরু, শিক্ষক, আচার্য্য।
ইজ্যা, স্ত্রী. [যজ্+য়া] দান; যজ্ঞ; পূজা; সঙ্গম; গৌ; কুট্টনী।
ইজ্যাশীল, পুং. [ইজ্যা+শীল] পুনঃ পুনর্যজ্ঞকর্ত্তা, যাজক, যজ্ঞকারী; যাযজূক।
ইঞ্চাক, পুং. [ইম্+চাক] মৎস্যবিশেষ, ইঁচলামাছ, চিঙ্গড়ীমাছ, মোচাচিঙড়ি।
ইট, (প্রা) ইষ্টক।
ইট্কুয়া, (প্রা) ঘুঘুপক্ষীবিশেষ।
ইট্খোলা, (প্রা) ইষ্টকক্ষেত্র, ইট গড়িবার স্থান।
ইট্চর, পুং. [ইষ্+চর] ষণ্ড, ষাঁড়।
ইটচুর, (প্রা) ইষ্টকাচুর্ণ, সুরকী, ইটেরগুঁড়া।
ইটল, (প্রা) ইষ্টক, ইট।
ইট্লান, (প্রা) ইষ্টকক্ষেপণ, ইট মারণ।
ইটা, (প্রা) মৎস্যবিশেষ।
ইটাভিটা, (প্রা) গৃহ এবং সামগ্রী অর্থাৎ বাড়ী ও আওলাত।
ইটাল, (প্রা) ইষ্টক, ইট।
ইড়া, স্ত্রী. [ইড়্+আ] বুধগ্রহ ভার্য্যা, ইক্ষাকু রাজকন্যা; গৌ; বচন; পৃথ্বী; স্বর্গ; শরীরের দক্ষিণভাগস্থা নাড়ী; সরস্বতী; আশুগমন।
ইড়াচিকা, স্ত্রী. [ইড়া+চিকা] বরটা, বোলতা।
ইড়িকা, স্ত্রী. [ইড়া+ইক+আ] পৃথ্বী।
ইড়িক্ক, পুং. [ইড়িক্+ক] অরণ্যকছাগ, বনছাগল।
ইড্বর, পুং. [ইষ্+বর] ইট্চর, বৃষ, ষণ্ড, ষাঁড়।
ইতঃ, ত্রি. [ই+তস্] গত; স্মৃত; প্রাপ্ত; (ব্য.) নিয়ম; পঞ্চম্যর্থ; বিভাগ; এখান হইতে, এইহেতু।
ইতঃপর, ত্রি. [ইতস্+পর] ইহারপর।
ইতঃপ্রাক্, ব্য. [ইতস্+প্রাক্] প্রাক্কালে, পূর্ব্বকালে।
ইতর, ত্রি. [ই+তর] অন্য, ভিন্ন; নীচ, সামান্য; তুষ্ট। [প্রকার।
ইতরথা, ব্য. [ইতর+থা] অন্যথা, অন্য
ইতরবিশেষ, পুং. [ইতর+বিশেষ] অন্য-বিভিন্নতা, বিভেদ।
ইতরেতর, ত্রি. [ইতর+ইতর] অন্যোঽন্য, পরস্পর।
ইতরেদ্যুঃ, ব্য. [ইতর+দ্যুস্] ইতরস্মিন্নহনি, পরদিবস, অন্য দিন
ইতশ্চেতঃ-ইতস্ততঃ, ব্য. [ইতস্+চেত-ততস্] অত্র তত্র, এখানে সেখানে, চতুর্দ্দিগে।
ইতি, ব্য. [ই+তি] হেতু; প্রকরণ; প্রকাশ; আদি; সমাপ্তি; নিদর্শন; প্রকার; অনুকর্ষ; পরকৃতি।
ইতিকথ, ত্রি. [ইতি+কথ] অশ্রদ্ধেয়; নষ্ট।
ইতিকথা, স্ত্রী. [ইতি+কথা] অর্থশূন্যবাক্য, বৃথা কথা।
ইতিকর্ত্তব্য-ইতিকর্ত্তব্যতা, ত্রি. স্ত্রী. [ইতি+কর্ত্তব্য+তা] সঙ্গতত্ত্ব; ঔচিত্য।
ইতিমধ্যে, ব্য. [ইতি+মধ্যে] অত্রাবসরে, ইহারমধ্যে, এইকালে
ইতিহ, ব্য. [ইতি+হ] পারম্পর্য্যোপদেশ, ঐতিহ্য, ইতিহাস, পুরাবৃত্ত; আখ্যায়িকা।
ইতিহাস, পুং. [ইতিহ+অস্+অ] পূর্ব্ববৃত্তান্ত, অতীতকালের ঘটনাদির বিবরণ, প্রাচীন কথা, পুরাবৃত্ত, উপাখ্যান, উদন্ত, আখ্যান, আখ্যায়িকা, চরিত্র, কথা,

কাহিনী, ব্যাসাদি বিরচিত ভারতাদি গ্রন্থ।

ইতিয়ৎ, ত্রি. [ইত+ইয়ৎ] এতাবৎ, তাবন্মাত্র।

ইতোমধ্যে, ব্য. [ইতস্+মধ্যে] ইহার মধ্যে।

ইৎকট, পুং. [ইৎ+কট] বৃক্ষবিশেষ, ওকড়া গাছ। [দ্রব্যবিশেষ।

ইৎকিলা, স্ত্রী. [ইৎ+কিলা] রোচনাখ্য গন্ধ

ইত্থং, ব্য. ইদংপ্রকার, এইপ্রকার, এমন।

ইত্থম্ভূত, ত্রি. [ইত্থম্+ভূত] ঈদৃশ, এতাদৃশ, এবম্বিধ।

ইত্বর, ত্রি. [ইত্+বর] ক্রূরকর্ম্মা; পথিক; দুর্ব্বিধ; নীচ; সত্বর; দরিদ্র।

ইত্বরী, স্ত্রী. [ইত্বর+ঈ] অসতী, ভ্রষ্টা; অভিসারিকা।

ইত্য, ত্রি. [ইত+য] গম্য, গমনশীল।

ইত্যবসরে, ব্য. [ইতি+অবসরে] অত্রাবকাশে, এইকালে, এই অবসরে, এই সময়ে।

ইত্যা, স্ত্রী. [ইতি+আ] শিবিকা, প্রবহণ, পালকী। [ওগায়রহ।

ইত্যাদি, ব্য. [ইতি+আদি] প্রভৃতি, আদি,

ইদং, ত্রি. পুরোবর্ত্তি, সম্মুখস্থ বস্তু, এতৎ, অসৌ, অদদ্, এই, ঐ, ইহা।

ইদংকার্য্যা, স্ত্রী. [ইদম্+কার্য্যা] দুরালভা বৃক্ষ।

ইদানীং, ব্য. [ইদম্+দানীম্] অস্মিন্‌কালে, সম্প্রতি, এইকালে, এই সময়ে, অধুনা, এক্ষণে, এখন; বাক্যভূষণ।

ইদানীন্তন-ইদানীন্তব, ত্রি. [ইদানীং+তন-ভব] আধুনিক, সম্প্রতিজাত, এখনকার, নব্য; পাদপূরক শব্দ।

ইদাবৎসর, পুং. [ইদা+বৎসর] সম্বৎসরাদি পঞ্চান্তর্গত বৎসরবিশেষ, অস্মিন বৎসরে অন্ন বস্ত্রাদি দানের মহাফল।

ইদ্ধ, ন. [ইন্ধ্+ত] আতপ; দীপ্তি; আশ্চর্য্য; (ত্রি.) নির্ম্মল; সূর্য্যকিরণ।

ইদ্ধবোধ, ত্রি. [ইদ্ধ+বোধ] প্রাজ্ঞ, পণ্ডিত, বুধ।

ইদ্ধা, ব্য. [ইদ্ধ+আ] স্পষ্ট, ব্যক্ত, প্রব্যক্ত, অভিব্যক্ত, প্রত্যক্ষ, প্রকাশ।

ইধ্ম, ন. [ইন্ধ+ম] অগ্নিসন্দীপনকাষ্ঠ, জ্বালানী কাঠ। [কুঠার।

ইধ্মপ্রব্রশ্চন, ন. [ইধ্ম+প্রব্রশ্চন] কুঠার,

ইন, পুং. [ইন্+অ] সূর্য্য; প্রভু; নৃপভেদ।

ইনসভা ন.[ইন+সভা] রাজসভা,ঈশ্বরসভা।

ইনানী, পুং. [ইনান+ঈ] বটপত্রীবৃক্ষ।

(যাং) হকিমীমতে চিকিৎসা।

ইনি, (প্রা) এই ব্যক্তি, এইজন।

ইন্দম্বর,ন.[ইন্দং+বর] ইন্দীবর,নীলোৎপল।

ইন্দারা, (প্রা) ক্ষুদ্র জলাশয়, কূপ, কোঁয়া।

ইন্দিন্দির, পুং. [ইন্দ+ইন্দির] ভ্রমর, মধুকর, অলি। [পদ্ম।

ইন্দিবর, ন. [ইন্দি+বর] নীলোৎপল, নীল-

ইন্দিরা, স্ত্রী. [ইন্দির+আ] লক্ষ্মী, পদ্মালয়া, কমলা।

ইন্দিরাবর, ন. [ইন্দিরা+বর] নীলোৎপল, নীলপদ্ম, (পুং.) বিষ্ণু।

ইন্দিরামন্দির, পুং. [ইন্দির+মন্দির] বিষ্ণু, নারয়ণ, কৃষ্ণ, (ন.) পদ্ম। [অব্জ।

ইন্দিরালয়, ন. [ইন্দিরা+আলয়] পদ্ম, পঙ্কজ,

ইন্দীবর, ন. [ইন্দী+বর] নীলপদ্ম, তৎপর্য্যায়।—নীলোৎপল, নীলাম্বুজন্ম, কুবলয়, নীলাব্জ।

ইন্দীবরিণী, স্ত্রী. [ইন্দী+বরিণী] উৎপলিনী

ইন্দীবরী, স্ত্রী. [ইন্দী+বরী] শতমূলীবৃক্ষ।

ইন্দীবার, ন. [ইন্দী+বার] ইন্দীবর।

ইন্দু, পুং. [ইন্দ্+উ] চন্দ্র; কর্পূর।

ইন্দুক, পুং. [ইন্দু+ক] অশ্মন্তকবৃক্ষ।

ইন্দুকমল, ন. [ইন্দু+কমল] সিতোৎপল, শ্বেতপদ্ম। [কলা।

ইন্দুকলা, স্ত্রী. ইন্দু+কলা] ইন্দুলেখা, চন্দ্র-

ইন্দুকলিকা, স্ত্রী. [ইন্দু+কলিকা] কেতকী পুষ্প, কেয়াফুল। [চন্দ্রমণি।

ইন্দুকান্ত, পুং. [ইন্দু+কান্ত] চন্দ্রকান্তমণি;

ইন্দুকান্তা, স্ত্রী. [ইন্দু+কান্তা] রাত্রি, নিশা, যামিনী, (পুং.) নক্ষত্র।

ইন্দুজনক, পুং. [ইন্দু+জনক] সমুদ্র, জলধি, সাগর। [নর্ম্মদা, লক্ষ্মী।

ইন্দুজা, স্ত্রী. [ইন্দু+জা] নর্ম্মদানদী,

ইন্দুদল, পুং. [ইন্দ+দল] ইন্দুকলা।

ইন্দুপুত্র, পুং. [ইন্দু+পুত্র] বুধগ্রহ।
ইন্দুপুষ্পিকা, স্ত্রী. [ইন্দু+পুষ্পিকা] কলীকারী বৃক্ষ, বিষলাঙ্গলা।
ইন্দুবল্লী, স্ত্রী. [ইন্দু+বল্লী] সোমলতা।
ইন্দুব্রত, ন. ইন্দু+ব্রত] চান্দ্রায়ণ ব্রত।
ইন্দুভৃৎ, পুং. [ইন্দু+ভৃৎ] শিব, চন্দ্রশেখর।
ইন্দুমণ্ডল, পুং. [ইন্দু+মণ্ডল] চন্দ্রমণ্ডল, উপচন্দ্র।
ইন্দুমতী, স্ত্রী. [ইন্দু+মতী] পৌর্ণমাসী; অজরাজার মহিষী।
ইন্দুমুখী, স্ত্রী. [ইন্দু+মুখী] শশিমুখী, চন্দ্রবদনা।
ইন্দুর, পুং. [ইন্দ্+উর] ইন্দর, মূষিক, আখু।
ইন্দুরত্ন, ন. [ইন্দু+রত্ন] মুক্তা, মৌক্তিক।
ইন্দুরিণীপানা, (প্রা) লতা বৃক্ষবিশেষ। ইন্দুরকাণীপানা।
ইন্দুরু, পুং. [ইন্দ+উরু] ইন্দুর।
ইন্দুরেখা, স্ত্রী [ইন্দু+রে ... ...কলা।
ইন্দুলেখা, স্ত্রী [ইন্দু+লে...] অমৃত, সোমলতা; চন্দ্রকলা; যমানিকা।
ইন্দুলোহক, ন. [ইন্দু+লোহক] রোপা।
ইন্দুরকাণী-ইন্দুরকাণীপানা, (প্রা) লতা-বৃক্ষবিশেষ, ইন্দুরকাণী।
ইন্দ্র, পুং. [ইদ্+র] অদিতিপুত্র, দেবরাজ, স্বর্গপতি, তৎপর্য্যায়।—অমরেশ, অমরেশ্বর, অমরভর্ত্তা, অমরাধিপতি, অদ্রিভিদ, অহিজিৎ, অহিদ্বিষ, অর্হ, আকাশেশ, আখণ্ডল, ইন্দ্রলোকেশ, উগ্রধন্বা, ঋভুক্ষ, ঋভুক্ষা, কপিলাশ্ব, কুলিশভৃৎ, কোটির, কৌশিক, গিরিভিদ্, গিরিচ্ছিদ্, গোত্রভিদ্, ঘনাঘন, ঘনবাহন, জম্ভদ্বিট, জম্ভদ্বেষী, জম্ভভেদী, জম্ভারি, জিষ্ণু, জীমূত, জীমূতবাহন, তপস্তক্ষ, তুরাসাট্, দত্তেয়, দল্মি, দর্ব্বরীক, দাল্মি, দিবস্পতি, দুশ্চ্যবন, দেব, দেবতাধিপ, দেবদেব, দেবপতি, নগভিদ্, নমুচদ্বিট্, নমুচিসূদন, নাকনাথ, নাকনায়ক, নাগমেধক, নেত্রযোনি, পচত, পরিজ্বা, পর্ব্বতারি, পর্য্যন্য, পর্জ্জন্য, পাকশাসন, পুরন্দ, পুরন্দর, পুরুদংশা, পুরুহূত, পুলোমজিৎ, পুলোমদ্বিট্, পুলোমভিদ্, পুলোমারি, পূতক্রতু, পূর্ব্বদিকৃপতি, প্রয়াগভয়, প্রাচীণবাহ, প্রাচীপতি, পৃতনাসাহ্, বরক্রতু, বরাগ, বজ্রধর, বজ্রপাণি, বজ্রী, বলভিদ্, বলসূদন, বলারাতি, বাহুদন্তী, বাসব, বাস্তোস্পতি, বিড়োজা, বিশ্বম্ভর, বিড়ৌজা, বৈকুণ্ঠ, বৃদ্ধশ্রবাঃ, বৃত্রদ্বিট্, বৃত্রহা, বৃষা, বৃহদ্রথ, ভূরি, মঘবান, মরুত্বান্, মরুৎপাল, মরুৎসখ, মহেন্দ্র, মাহির, মেঘবাহন, ল, লেখর্ষভ, শক্র, শতক্রতু, শচীপতি, শতমন্যু, শুনাশীর, শুনাসীর, শ্বেতবা, শ্বেতবাহ, সংক্রন্দন, সযোনি, সহস্রনয়ন, সহস্রনেত্র, সহস্রদৃক্, সহস্রাক্ষ, সুত্রামা, সুনাসীর, সুরগ্রামণী সুররাজ, সুরপতি, সুরপ্রিয়, সুরাধিপ, সুরেন্দ্র, সুরেশ সুত্রামা সুত্রধার, স্বর্ব্বি, স্বর্গভর্ত্তা, স্বর্গরাজ, স্বর্গলোকেশ, স্বরাট্, হরি, হরিহয়, হরিবান্, হর্য্যশ্ব। বিষ্কুম্ভাদি সপ্ত বিংশতি যোগান্তর্গত ষড়্বিংশতি যোগ; আদিত্যবিশেষ; কুটজবৃক্ষ; রাত্রি; উপদ্বীপবিশেষ; পরমেশ্বর; প্রধান; মহাধনী।
ইন্দ্রক, ন, [ইন্দ্র+ক] সভাগৃহ, অবস্থান গৃহ।
ইন্দ্রকীট, পুং. [ইন্দ্র+কীট] ইন্দ্রগোপ।
ইন্দ্রকীল, পুং (ইন্দ্র+কীল] মন্দরপর্ব্বত। [ঐরাবণ।
ইন্দ্রকুঞ্জর, পুং. [ইন্দ্র+কুঞ্জর] ঐরাবতহস্তী,
ইন্দ্রকোষ, পুং. [ইন্দ্র+কোষ] মঞ্চ, খট্টা, তমঙ্গক, ঘোঝলা, গোঁজলা, নির্য্যূহোপি, প্রাসাদপৃষ্ঠ; দেয়ালগিরির কিম্বা অন্য কোন দ্রব্যের ডাল।
ইন্দ্রগোপ, পুং. [ইন্দ্র+গোপ] রক্তবর্ণ কীটবিশেষ, তৎপর্য্যায়।—অগ্নিরজ, বৈরাট, তিতিভ, অগ্নিক, শক্রগোপ, বর্ষাভূ, তাম্রকৃমি।
ইন্দ্রচন্দন, ন. [ইন্দ্র+চন্দন] হরিচন্দন।
ইন্দ্রচির্ভিটী, স্ত্রী. [ইন্দ্র+চির্ভিটী] লতাবিশেষ, তৎপর্য্যায়।—ইন্দীবরা, যুগ্ম-

কলা, দীর্ঘবৃন্তা, উত্তমারণী, পুষ্পমঞ্জরিকা, দ্রোণী, করন্তা, নলিকা।

ইন্দ্রচ্ছন্দঃ, ন. [ইন্দ্র+ছন্দস্] সহস্রগুচ্ছ হার, হাজার গুচ্ছ হার।

ইন্দ্রজাল, ন. [ইন্দ্র+জাল] মায়াকর্ম্ম, ভোজবাজি, ভেল্‌কি, তৎপর্য্যায়।—কুহক, জাল, কুসৃতি; যুদ্ধে ক্ষুদ্রোপায় বিশেষ; ভগবানের রাস কালীন নানা পুষ্প ও পক্ষ্যাদি বিভূষিত মায়জাল বিশেষ।

ইন্দ্রজালবিদ্যা, স্ত্রী. [ইন্দ্রজাল+বিদ্যা] ভেল্‌কি লাগান, ভোজবিদ্যা, কুহকবিদ্যা।

ইন্দ্রজালিক, ত্রি. [ইন্দ্রজাল+ইক] কুহককারী, ঐন্দ্রজালিক, মায়িক, বাজিকর।

ইন্দ্রজিৎ, পুং. [ইন্দ্র+জিৎ] রাবণপুত্র, মেঘনাদ, মন্দোদরীসুত।

ইন্দ্রজিৎসু, পুং. [ইন্দ্র+জিৎসু] রাবণ, দশস্কন্ধ, লঙ্কাধিপতি।

ইন্দ্রজিদ্বিজয়ী, পুং. [ইন্দ্রজিৎ+বিজয়ী] লক্ষ্মণ, রামের অনুজ, সুমিত্রাসুত।

ইন্দ্রতুল, ন. [ইন্দ্র+তূল] আকাশপতিত সূত্র, বৃদ্ধসূত্রক, গ্রীষ্মহাস, বংশকফ, বাততুল, মরুদ্ধজ, আকাশবুড়ির সুতা।

ইন্দ্রতুলক, ন. [ইন্দ্র+তুলক] ইন্দ্রতুল।

ইন্দ্রত্ব, ন. [ইন্দ্র+ত্ব] স্বর্গের আধিপত্য, ইন্দ্রের অসাধারণ ধর্ম্ম; রাজত্ব, প্রাধান্য।

ইন্দ্রদারু, পুং. [ইন্দ্র+দারু] দেবদারুবৃক্ষ।

ইন্দ্রদ্রু-ইন্দ্রদ্রুম, পুং. [ইন্দ্র+দ্রু-ম] অর্জ্জুন-

ইন্দ্রধনু, পুং. [ইন্দ্র+ধনু] শক্রধনুঃ।

ইন্দ্রনীল-ইন্দ্রনীলক, পুং. [ইন্দ্র+নীল-ক] মরকতমণি, পান্না; নীলকান্তমণি।

ইন্দ্রপত্নী, স্ত্রী. [ইন্দ্র+পত্নী] শচী, ইন্দ্রভার্য্যা।

ইন্দ্রপুষ্পা, স্ত্রী. [ইন্দ্র+পুষ্পা] লাঙ্গলিক বৃক্ষ, বিষলাঙ্গলা।

ইন্দ্রপুষ্পিকা, স্ত্রী. [ইন্দ্র+পুষ্পিকা] কলিকারীবৃক্ষ, বিষলাঙ্গলা।

ইন্দ্রপুরোহিতা, স্ত্রী. [ইন্দ্র+পুরোহিতা] পুষ্যানক্ষত্র।

ইন্দ্রপ্রস্থ, ন. [ইন্দ্র+প্রস্থ] রাজা যুধিষ্ঠির কর্ত্তৃক নির্ম্মিত নগরবিশেষ, দিল্লী।

ইন্দ্রপ্রহরণ, ন. [ইন্দ্র+প্রহরণ] ইন্দ্রের অস্ত্র, বজ্র।

ইন্দ্রবজ্র, ন. [ইন্দ্র+বজ্র] সপ্তবিংশতি ছন্দান্তর্গত দ্বিতীয় ছন্দবিশেষ; ইন্দ্রাস্ত্র।

ইন্দ্রবারুণিকা, স্ত্রী. [ইন্দ্র+বারুণিকা] লতাবিশেষ, রাখালসসা লতা।

ইন্দ্রবারুণী, স্ত্রী. [ইন্দ্র+বারুণী] লতাবিশেষ, তৎপর্য্যায়।—বিশালা, ঐন্দ্রী, চিত্রা, গবাক্ষী, গজচির্ভটা, মৃগের্ব্বারু, পিটঙ্কোকী, মৃগাদনী, ইন্দ্রা, অরুণা, গবাদনী, ক্ষুদ্রসহা, ইন্দ্রচির্ভিটী, সূর্য্যা, বিষঘ্নী, গণকতিকা, অমরা, মাতা, সুকর্ণী, সুফলা, তারকা, বৃষভাক্ষী, পীতপুষ্পা, ইন্দ্রবল্লরী, হেমপুষ্পী, ক্ষুদ্রফলা, বারুণী, বলকপ্রিয়া, রক্তৈর্ব্বারু, বিষলতা, শক্রবল্লী, বিষাপহা, অমৃতা, বিষবল্লী, চিত্রফলা, রাখালসসা।

ইন্দ্রব্রত, ন. [ইন্দ্র+ব্রত] চান্দ্রায়ণব্রত।

ইন্দ্রবৃদ্ধা, স্ত্রী. [ইন্দ্র+বৃদ্ধা] ব্রণ রোগবিশেষ।

ইন্দ্রবৃক্ষ, পুং. [ইন্দ্র+বৃক্ষ] দেবদারুবৃক্ষ।

ইন্দ্রভেষজ, ন. [ইন্দ্র+ভেষজ] শুণ্ঠী, শুঁঠ।

ইন্দ্রমহকামুক, পুং. [ইন্দ্র+মহ+কামুক] কুক্কুর, শ্বান।

ইন্দ্রমূল, ন. [ইন্দ্র+মূল] ইন্দ্রতুল, ঘন।

ইন্দ্রযব, পুং. ন. [ইন্দ্র+যব] স্বনামখ্যাত তিক্ত বীজবিশেষ, কুড়চীর বিচি, তৎপর্য্যায়।—কলিঙ্গ, ভদ্রযব, শক্রাহ্ব, শক্রবীজ, বৎসক, বৎসকবীজ, ভদ্রজ, কুটজ, কুটজবীজ, কলিঙ্গবীজ।

ইন্দ্রলুপ্ত, ন. [ইন্দ্র+লুপ্ত] মস্তকোদ্ভব রোগবিশেষ, টাক; (পুং.) কেশ নাশক রোগ, কেশনাশক, কেশঘ্ন।

ইন্দ্রলুপ্তক, ন. [ইন্দ্র+লুপ্তক] ইন্দ্রলুপ্তরোগ, কেশঘ্ন।

ইন্দ্রলোক, পুং. [ইন্দ্র+লোক] সুরলোক; স্বর্গ, নাক।

ইন্দ্রসাবর্ণি, পুং. [ইন্দ্র+সাবর্ণি] চতুর্দ্দশমনু।
ইন্দ্রসুত, পুং. [ইন্দ্র+সুত] বালিনামে বানররাজ; জয়ন্ত; অর্জ্জুন; অর্জ্জুনবৃক্ষ।
ইন্দ্রসুরস-ইন্দ্রসুরিস, পুং. [ইন্দ্র+সুরস-সুরিস] সিন্দুবারবৃক্ষ, নিসিন্দাগাছ, তৎপর্য্যায়।—ইন্দ্রাণী, নির্গুণ্ডী, সুরসা, সিন্দুবার, ইন্দ্রাণিকা, বিসুন্ধক, সিন্ধক, সুরস, সিন্ধুবারিত, ইন্দ্রালিকা, সিন্ধুবারক, নিসুন্দা।
ইন্দ্রা, স্ত্রী. [ইন্দ্র+আ] ফণিজ্ঝক বৃক্ষ, কাঁটা জামীর গাছ; ইন্দ্রপত্নী, শচী।
ইন্দ্রাগ্নিধূম, পুং. [ইন্দ্র+অগ্নি+ধূম] হিম, শিশির, তুষার। [বৃক্ষ।
ইন্দ্রাণিকা, স্ত্রী. [ইন্দ্রাণী+ইকা] ইন্দ্রসুরিস-
ইন্দ্রাণী, স্ত্রী. [ইন্দ্র+আনী] ইন্দ্রভার্য্যা, তৎপর্য্যায়।—পুলোমজা, শচী, পৌলোমী, পূতক্রতায়ী, মাহেন্দ্রী, জয়বাহিনী, ঐন্দ্রী, শতাবরী, শক্রাণী, মোঘানী, ইন্দ্রশক্তি; দুর্গা; ইন্দ্রসুরিসবৃক্ষ; স্ত্রীলোকের করণ; নীলসিন্দুবারবৃক্ষ; স্থূলৈলা; সূক্ষ্মেলা; অষ্টমাতৃকান্তর্গত মাতৃকাবিশেষ
ইন্দ্রানুজ-ইন্দ্রাবরজ, পুং. [ইন্দ্র+অনুজ-অবরজ] বিষ্ণু, নারায়ণ
ইন্দ্রায়ুধ, ন. [ইন্দ্র+আয়ুধ] ইন্দ্রধনু, শক্রধনু, রামধনুক, বৃষ্টিকালীন সূর্য্যের প্রতিভা পাতে ধনুকাকার চিহ্নবিশেষ।
ইন্দ্রারি, পুং. [ইন্দ্র+অরি] অসুর, দৈত্য।
ইন্দ্রাশন, পুং. [ইন্দ্র+অশন] সম্বিদাবৃক্ষ, সিদ্ধি; ভাঙ্গ; গুঞ্জা, কুঁচ।
ইন্দ্রাসন, ন. [ইন্দ্র+আসন] ইন্দ্রের সিংহাসন, ঐরাবত হস্তী।
ইন্দ্রিয়, ন. [ইন্দ্র+ইয়] জ্ঞান ও কর্ম্মসাধন, তৎপর্য্যায়।—হৃষীক, বিষয়ি, অক্ষ, করণ, গ্রহণ, অধ্যাত্ম। ইন্দ্রিয়, ত্রিবিধ, যথা।—জ্ঞানেন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয়, এবং অন্তরিন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয় যথা চক্ষুঃ, কর্ণ, জিহ্বা, নাসিকা, ত্বক্। কর্ম্মেন্দ্রিয় যথা বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ। অন্তরিন্দ্রিয় যথা মন, বুদ্ধি, অহঙ্কার, চিত্ত। শুক্র, বীর্য্য।
ইন্দ্রিয়কার্য্য, ন. [ইন্দ্রিয়+কার্য্য] জ্ঞান, বুদ্ধি, বোধ, সর্ব্ববিষয় সাধন
ইন্দ্রিয়গণ, পুং. [ইন্দ্রিয়+গণ] ইন্দ্রিয়সমূহ, একাদশেন্দ্রিয়।
ইন্দ্রিয়গোচর, ত্রি. [ইন্দ্রিয়+গোচর] ইন্দ্রিয়জ্ঞেয়, ঐন্দ্রিয়ক, ইন্দ্রিয়ের বিষয়, জ্ঞান গম্য, জ্ঞানপথবর্ত্তী।
ইন্দ্রিয়গ্রাম, পুং. [ইন্দ্রিয়+গ্রাম] ইন্দ্রিয়গণ, ইন্দ্রিয়সমূহ।
ইন্দ্রিয়গ্রাহ্য, ত্রি. [ইন্দ্রিয়+গ্রাহ্য] ইন্দ্রিয়গোচর, ইন্দ্রিয় গ্রহণীয় পদার্থ।
ইন্দ্রিয়ঘ্ন, ত্রি. [ইন্দ্রিয়+ঘ্ন] ইন্দ্রিয়নাশক রোগবিশেষ, ছানী, অঙ্গরোগাদি।
ইন্দ্রিয়জনিত, ত্রি. [ইন্দ্রিয়+জনিত] ইন্দ্রিয়োৎপন্ন, ইন্দ্রিয়জাত।
ইন্দ্রিয়জয়, পুং. [ইন্দ্রিয়+জয়] ইন্দ্রিয় নিগ্রহ।
ইন্দ্রিয়জ্ঞান, ন. [ইন্দ্রিয়+জ্ঞান] ইন্দ্রিয়বোধ। [পূর্ব্ব।
ইন্দ্রিয়তঃ, ব্য. [ইন্দ্রিয়+তস্] ইন্দ্রিয়ব্যূহ
ইন্দ্রিয়দমন, ন. [ইন্দ্রিয়+দমন] কামাদি নিগ্রহ, ইন্দ্রিয় বশীকরণ, চক্ষুরাদির স্ব২ বিষয়ে বিরাগ জন্মান, সাধুবৃত্ত
ইন্দ্রিয়দোষ, পুং. [ইন্দ্রিয়+দোষ] কামাদি দোষ, কামুকত্ব, লাম্পট্য
ইন্দ্রিয়নিগ্রহ, পুং. [ইন্দ্রিয়+নিগ্রহ] ইন্দ্রিয়দমন, চক্ষুরাদি ইন্দ্রিয়ের শাসন, ইন্দ্রিয় বশীকরণ। [গ্ধতা।
ইন্দ্রিয়পাটব, ন. [ইন্দ্রিয়+পাটব] বিদ-
ইন্দ্রিয়বশ, ত্রি. [ইন্দ্রিয়+বশ] ইন্দ্রিয়সুখসেবী; ইন্দ্রিয়বশীভূত করণ।
ইন্দ্রিয়বিষয়, পুং. [ইন্দ্রিয়+বিষয়] ইন্দ্রিয় গ্রাহ্য, গোচর, দৃষ্ট্যাদি পথবর্ত্তী।
ইন্দ্রিয়স্বাপ, পুং. [ইন্দ্রিয়+স্বাপ] প্রলয়, বিলয়, ক্ষয়।
ইন্দ্রিয়াগম্য-ইন্দ্রিয়াগোচর, ত্রি. [ইন্দ্রিয়+অগম্য+অগোচর] ইন্দ্রিয়ের অগোচর, যাহা, জ্ঞানগম্য নহে।
ইন্দ্রিয়ায়তন, ন. [ইন্দ্রিয়+আয়তন] শরীর, দেহ

ইন্দ্রিয়ার্থ, পুং. [ইন্দ্রিয়+অর্থ] ইন্দ্রিয় জন্য জ্ঞানের বিষয়, যথা।—রূপ, রস, গন্ধ, শব্দ, স্পর্শ।

ইন্দ্রেজ্যা, পুং. [ইন্দ্র+ইজ্যা] বৃহস্পতি, সুরাচার্য্য।

ইন্ধন, ন. [ইন্ধ্+অন] অগ্নিসন্দীপনার্থ তৃণকাষ্ঠাদি, জ্বালানি কাঠ, তৎপর্য্যায়। ইধ্ম, এধ, সমিৎ, সমিন্ধন।

ইন্বকা, স্ত্রী. [ইব+অকা] ইল্বলা, মৃগশিরা-নক্ষত্রোপরিস্থিত পঞ্চতারা বিশেষ।

ইব, ব্য. সাদৃশ্য, সাম্য, তুল্যতা।

ইভ, পুং. স্ত্রী. [ই+ভ] হস্তী, গজ, কুঞ্জর; উত্তরপদে শ্রেষ্ঠবাচক।

ইভকণা, স্ত্রী. [ইভ+কণা] গজপিপ্পলী, পিঁপুল বিশেষ।

ইভদন্তা, স্ত্রী. [ইভ+দন্তা] নাগদন্তী বৃক্ষ।

ইভনিমীলিকা, স্ত্রী. [ইভ+নিমীলিকা] বৈদগ্ধী; ভঙ্গী; অসম্যক্ দর্শন, মিট্-মিট করিয়া দেখন।　　[মাহুত।

ইভপালক, পুং. [ইভ+পালক] হস্তীপক,

ইভপোটা, স্ত্রী. [ইভ+পোটা] হস্তিশাবক।

ইভমাচল, পুং. [ইভ+মাচল] সিংহ, কে-শরী, মৃগরাজ।　　[বিশেষ।

ইভষা, স্ত্রী. [ইভষ্+আ] স্বর্ণক্ষীরী বৃক্ষ

ইভাখ্য, পুং. [ইভ+আখ্য] নাগকেশরবৃক্ষ।

ইভোষণা, স্ত্রী. [ইভ+উষণা] ইভকণা, গজ-পিপ্পলী, বড়পিপুল।

ইভ্য, ত্রি. [ইভ+য] ধনবান্, ধনশালী, ধনী, হস্তীজীবী, হস্তীভোগ্য।

ইভ্যা, স্ত্রী. [ইভ্য+আ] হস্তিনী, হাতিনী, শল্লকী।

ইম্‌তিহান্, (যাং) পরীক্ষা, পরীক্ষণ।

ইমন্, (প্রা) স্বরের মিলন, রাগিনীবিশেষ।

ইমনকল্যাণ, (প্রা) স্বরের মিলন, রাগিণী বিশেষ।　　[বিশেষ।

ইমনকেদার, (প্রা) স্বরের মিলন, রাগিণী

ইয়ং, স্ত্রী. ইদম্ শব্দের স্ত্রী লিঙ্গের প্রথমা বিভক্তি যথা—এই স্ত্রী।

ইয়ৎ, ত্রি. [ই+অৎ] কিয়ৎসংখ্যাবোধক, এতাবৎ, এতৎ পরিমাণ, এত।

ইয়ত্তা, স্ত্রী. [ইয়ৎ+তা] ইয়ত্তভাব, সীমা, পরিচ্ছেদ, পরিমাণ, সংখ্যা।

ইয়ত্তারহিত, ত্রি. [ইয়ত্তা+রহিত] অসীম, অপরিমিত, সঙ্খ্যাতীত।

ইয়ৎবার, (যাং) শাস্ত্রেতে বিশ্বাস; সমাদর।

ইয়ামন, (প্রা) মিশ্রিত রাগিণীবিশেষ।

ইরণ, ত্রি. [ইর+ণ] ঈরিণ, শূন্য; উষরভূমি বিশেষ।

ইরম্মদ, পুং. [ইরং+মদ] বজ্রাগ্নি, মেঘ-জ্যোতিঃ, মেঘাগ্নি; বাড়বানল।

ইরা, স্ত্রী. [ইর্+আ] ভূমি; বাক্য; মদ্য; জল; সরস্বতী; কশ্যপ পত্নী।

ইরাচর, ন. [ইরা+চর] করকা, বৃষ্টিরশীল; (ত্রি.) জলচর; ভূচর।　　[মদন

ইরাজ, পুং. [ইরা+জ] কন্দর্প, কামদেব,

ইরাবতী, স্ত্রী. [ইরা+বৎ+ঈ] বটপত্রীবৃক্ষ; পাষাণভেদীবিশেষ; নাগকন্যা অর্জ্জুন-পত্নী।

ইরাবান্, পুং. [ইরা+বৎ] সমুদ্র; মেঘ; রাজা, অর্জ্জুনপুত্র; (ত্রি.) জলময়।

ইরিবেল্লিকা, স্ত্রী. [ইরি+বেল্লিকা] মস্তক-জাত ব্রণ জন্য পীড়াবিশেষ, শিরোরোগ বিশেষ।

ইরিণ, ন. [ঋ+ইনন] শূন্য; উষরভূমি, ক্ষারভূমি।　　[খদির।

ইরিমেদ, পুং. [ইরি+মেদ] অরিমেদ, বিট্-

ইরু, পুং. বীজ।　　[বাগীশ।

ইরেশ, পুং. [ইরা+ঈশ] বিষ্ণু; রাজা; বরুণ;

ইর্ব্বারু, পুং. স্ত্রী, [ইরু+আরু] ফলবিশেষ, কর্কটী, কাঁকুড়, ইর্ব্বালু।

ইর্ব্বারুশুক্তিকা, স্ত্রী. [ইর্ব্বারু+শুক্তিকা] কর্কটীবিশেষ, একপ্রকার কাঁকুড়।

ইর্ব্বালু, পুং. [ইরু+আলু) ইর্ব্বারু, কাঁকুড়।

ইলবিলা, স্ত্রী. [ইল+বিলা] কুবেরমাতা, বিশ্বশ্রবা মুনির পত্নী।

ইলশা, (প্রা) মৎস্যবিশেষ, ইল্লিশমাছ।

ইলা, স্ত্রী. [ইল্+আ] বৈবস্বত মনু কন্যা; পৃথিবী; গো; বাক্য।

ইলাগোল, ন. [ইলা+গোল] ব্রহ্মাণ্ড।

ইলাতল, ন. [ইলা+তল] ভূতল, ক্ষৌণীতল।

ইলাবৃত, ন. [ইলা+বৃত] জম্বুদ্বীপের নব বর্ষান্তর্গত বর্ষবিশেষ। [ধরণী।
ইলিকা, স্ত্রী. [ইল+ইকা] পৃথিবী, ধরিত্রী,
ইলী, স্ত্রী. [ইল+ঈ] করগালিকা, হাতছুরী।
ইলীশ, পুং. [ইল+ঈশ] স্বনামখ্যাত মৎস্য-বিশেষ।
ইলেক, (প্রা) রেখা, চিহ্ন, দাগ।
ইল্বকা, স্ত্রী. [ইল্+বকা] ইল্বলা।
ইল্বড়-ইল্বল, পুং. [ইল্+বড়+বল] দৈত্য-বিশেষ, বাতাপিনামক অসুরের ভ্রাতা; মৎস্যবিশেষ।
ইল্বলা, স্ত্রী. [ইল্+বলা] মৃগশিরানক্ষত্র শিরোদেশস্থিতা পঞ্চতারা।
ইল্লল, পুং. [ইল্+অল] পক্ষীবিশেষ।
ইল্লিশ, পু. [ইল্ল+ঈশ] ইলীশমৎস্য, তৎ-পর্য্যায়।—বারিকর্পূর, গাঙ্গেয়, শফরা-ধিপ, জলতাল, ইলীশ, রাজশফর, ইল্লীশ, জলতাপী।
ইশতিহার, (যাং) বিজ্ঞাপন, ঘোষণাপত্র।
ইশীকা, স্ত্রী. [ইশ+ঈকা] ইষীকা, গজচক্ষু গোলক; খড়িকা।
ইষ, পুং. [ইষ্+অ] আশ্বিনমাস।
ইষিকা-ইষীকা, স্ত্রী. [ইষ+ইকা] হস্তিচক্ষু-গোলক; কাশতৃণ; তুলিকা; খড়িকা।
ইষির, পুং. [ইষ্+ইর] অগ্নি, বহ্নি, অনল।
ইষু, পুং. স্ত্রী. [ইষ্+উ] বাণ, শর, তীর।
ইষুধর, পুং. [ইষু+ধর] ধনুর্দ্ধর, ধানুষ্ক।
ইষুধি, স্ত্রী. [ইষু+ধি] তুণ, তুণীর, বাণাধার।
ইষুপুঙ্খা, স্ত্রী. [ইষু+পুঙ্খা] শরপুঙ্খাবৃক্ষ
ইষুমান্, পুং. [ইষু+মৎ] ইষুধর।
ইষুরমূল, (প্রা.) বৃক্ষবিশেষ।
ইষ্ট, ন. [ইষ্+ত] যজ্ঞাদিকর্ম্ম; যথেপ্সিত, কাম; সংস্কার; (পুং) যজ্ঞ; এরণ্ডবৃক্ষ; স্বামী; (ত্রি.) আশংসিত, বাঞ্ছিত; পূজিত; প্রিয়।
ইষ্টক-ইষ্টকা, পুং. স্ত্রী. [ইষ্ট+ক-আ] গৃহাদি নির্ম্মাণার্থ দগ্ধ মৃত্তিকাখণ্ড, ইট।
ইষ্টকর্ম্ম, ন. [ইষ্ট+কর্ম্মন্] বাঞ্ছিতকর্ম্ম।
ইষ্টকাগৃহ, ন. [ইষ্টকা+গৃহ] অট্টালিকা, পাকাঘর।
ইষ্টকাচূর্ণ, ন. [ইষ্টকা+চূর্ণ] ইষ্টকাক্ষোদ, সুরকী।
ইষ্টকান্যাস, পুং. [ইষ্টকা+ন্যাস] ইষ্টকা-নির্ম্মাণ।
ইষ্টকাপথ, ন. [ইষ্টকা+পথ] বীরণমূল; (পুং.) ইষ্টকনির্ম্মিত পথ।
ইষ্টকাশকল, ন. [ইষ্টকা+শকল] ইষ্টকা-খণ্ড, খোয়া।
ইষ্টকাক্ষোদ-ইষ্টকাক্ষোদিত, পুং. ন. [ইষ্টকা +ক্ষোদ-ক্ষোদিত] ইষ্টকাচূর্ণ, সুরকী।
ইষ্টগন্ধ, ত্রি. [ইষ্ট+গন্ধ] সৌরভ, সুগন্ধি দ্রব্য; (ন:) বালুকা, সিকতা।
ইষ্টতঃ, ব্য. [ইষ্ট+তস্] ইচ্ছানুসারে, কামতঃ।
ইষ্টদেব-ইষ্টদেবতা, পুং. স্ত্রী. [ইষ্ট+দেব-তা] মন্ত্রদাতা, দীক্ষাগুরু, অভীষ্ট দেবতা, উপাস্য দেবতা।
ইষ্টামূলাংশজাতি, পুং. [ইষ্ট+মূল+অংশ +জাতি] ভাগজাতি।
ইষ্টা, স্ত্রী. [ইষ্ট+আ] শমীবৃক্ষ।
ইষ্টাপূর্ত্ত, ন. [ইষ্ট+আপূর্ত্ত] যজ্ঞ; দান, ধ্যান ও পুষ্করিণী প্রতিষ্ঠাদি ধর্ম্ম কর্ম্ম।
ইষ্টার্থোদ্যুক্ত, ত্রি. [ইষ্ট+অর্থ+উদ্যুক্ত] উৎসুক, উৎসাহযুক্ত।
ইষ্টি, স্ত্রী. [ইষ্+তি] যজ্ঞ; অভিলাষ; শ্লোক সংগ্রহ।
ইষ্টিকা, স্ত্রী. [ইষ্টি+ক+আ] ইষ্টক, ইট
ইষ্টিকাপথিক, ন. [ইষ্টিকা+পথিক] লাম-জ্জকতৃণ।
ইষ্টিপচ, পুং. [ইষ্টি+পচ] দনুজ, অসুর।
ইষ্টিমুট্, পুং. [ইষ্টি+মুষ্] দৈত্য।
ইষ্টী, ত্রি. [ইষ্ট+ইন্] আকাঙ্ক্ষী, ইচ্ছুক, প্রেপ্সু।
ইষ্টু, স্ত্রী. [ইষ্+তু] ইচ্ছা, বাঞ্ছা, অভিলাষ।
ইষ্ব, পুং. [ইষ্+ব] উপদেষ্টা, উপদেশক, মন্ত্রদাতা।
ইষ্বাস, পুং. [ইষু+আস] ধনুঃ, কার্ম্মুক, শরা-সন; (ত্রি.) ইষুক্ষেপক, তিরন্দাজ।
ইষ্ম, পুং. [ইষ+ম] কামদেব; বসন্তকাল।
ইষ্য, পুং. [ইষ+য] বসন্তকাল।

ইস্, (প্রা) আশ্চর্য্যবোধক; বিস্ময়বোধক।
ইস্তক্, (যাং) অবধি, পর্য্যন্ত।
ইস্তহারা, (যাং) সংবাদ, বিজ্ঞাপন
ইস্তিয়াফা, (যাং) দোষমার্জ্জন, ক্ষমা।
ইস্ত্রি, (প্রা) বস্ত্রাদি শ্লক্ষ্ণীকরণার্থ লৌহযন্ত্র।
ইস্পাত, (প্রা) পরিষ্কৃত লোহ।
ইহ, বা. অস্মিন্, এইদেশে, এইকালে।
ইহকাল, পুং. [ইহ+কাল] ভূলোকবাস, বর্ত্তমানকাল।
ইহজন্ম, ন. [ইহ+জন্ম] সংসার, সংসৃতি।
ইহলোক, পুং. [ইহ+লোক] বর্ত্তমানকাল, এই জন্ম, এসংসার।
ইহাতে ব্য. [ইহ+আতে] বর্ত্তমানে, এতে, এই। [পরকাল।
ইহামুত্র, ব্য. [ইহ+অমুত্র] ইহকাল এবং
ইহামুত্রফলভোগবিরাগ, পুং. [ইহামুত্র+ফলভোগ+বিরাগ] ঐহিক ও পারত্রিক বিষয় ভোগে নিত্য বিরতি।
ইক্ষব, পুং. [ইষ্+কু+অ] ইক্ষু।
ইক্ষু, পুং. [ইষ+কু] স্বনামখ্যাততৃণ, রসাল, কর্কোটক, বংশ, কান্তার, সুকুমারক, অধিপত্র, মধুতৃণ, বৃষ্য, গুড়তৃণ, মৃত্যুপুষ্প, মহারস, অসিপত্র, কোশকার, ইক্ষব, পয়োধর, আক; বংশক, ভীর, পৌণ্ড্র।
ইক্ষুকাণ্ড, পুং. [ইক্ষু+কাণ্ড] মুঞ্জক, শরমুঞ্জ; কাশ তৃণ; ইক্ষু।
ইক্ষুগন্ধ, পুং. [ইক্ষু+গন্ধ] কাশতৃণ; ক্ষুদ্র গোক্ষুরকবৃক্ষ।
ইক্ষুগন্ধা, স্ত্রী. [ইক্ষু+গন্ধা] গোক্ষুরকবৃক্ষ, গোখুরী; কাশতৃণ, কাশিয়া; শুক্ল ভূমিকুষ্মাণ্ড; কোকিলাক্ষবৃক্ষ, কুলিয়াখাড়া।
ইক্ষুগন্ধিকা, স্ত্রী. [ইক্ষু+গন্ধিকা] ভূমিকুষ্মাণ্ড।
ইক্ষুচক্র, ন. [ইক্ষু+চক্র] আক মাড়িবার কল
ইক্ষুডিম্ব, পুং. [ইক্ষু+ডিম্ব] ইক্ষুরসপায়ী।
ইক্ষুতুল্যা, স্ত্রী. [ইক্ষু+তুল্যা] তৃণবিশেষ, আনাখু, ইক্ষ্বাণিকা, অনিক্ষু, ইক্ষুবালিকা।
ইক্ষুদণ্ড, ন. [ইক্ষু+দণ্ড] মধুতৃণ, গুড়দণ্ড তৎপর্য্যায়;—সুদর্ভা, পত্রালু, তৃণপত্রিকা।
ইক্ষুদর্ভা, স্ত্রী. [ইক্ষু+দর্ভা] তৃণবিশেষ।
ইক্ষুনেত্র, ন. [ইক্ষু+নেত্র] ইক্ষুমূল, আকের চোক
ইক্ষুপত্র, পুং. [ইক্ষু+পত্র] যাবনালনাম ধান্যবিশেষ, জোয়ারধান।
ইক্ষুপ্র, পুং. [ইক্ষু+প্র] শরতৃণ।
ইক্ষুবল্লরী-ইক্ষুবল্লী, স্ত্রী. [ইক্ষু+বল্লরী-বল্লী] ক্ষীর বিদারী, ক্ষীরকন্দ।
ইক্ষুবাটিকা, স্ত্রী. [ইক্ষু+বাটিকা] পুণ্ড্রক, পুড়িআখু।
ইক্ষুবালিকা, স্ত্রী. [ইক্ষু+বালিকা] কাশিয়া; কাশতৃণ; ইক্ষুতুল্যা, আনাখু।
ইক্ষুবেষ্টন, পুং. [ইক্ষু+বেষ্টন] ভদ্রমুঞ্জ।
ইক্ষুভক্ষিকা, স্ত্রী. [ইক্ষু+ভক্ষিকা] ইক্ষুভোজন
ইক্ষুমতী, স্ত্রী. [ইক্ষু+মতী] নদীবিশেষ
ইক্ষুমূল, ন. [ইক্ষু+মূল] বৃক্ষবিশেষ, ইক্ষুনেত্র, মোরটক, বংশনেত্র, বংশমূল মোরট, বংশপূরক
ইক্ষুযন্ত্র, ন. [ইক্ষু+যন্ত্র] ইক্ষুচক্র।
ইক্ষুযোনি, পুং. [ইক্ষু+যোনি] পুণ্ড্রকইক্ষু, পুড়িআউক।
ইক্ষুর, পুং. [ইক্ষু+র] কোকিলাক্ষবৃক্ষ; কুলিয়াখারা; ইক্ষু; গোক্ষুরকবৃক্ষ; কাশতৃণ।
ইক্ষুরক, পুং. [ইক্ষুর+ক] কোকিলাক্ষবৃক্ষ; স্থূল শর; কাশতৃণ।
ইক্ষুরস, পুং, [ইক্ষু+রস] ইক্ষুরক্কাথ; কাশতৃণ। [খাঁড়।
ইক্ষুরসক্কাথ, পুং. [ইক্ষুরস+ক্কাথ] গুড়
ইক্ষুরসোদ, পুং. [ইক্ষু+রসোদ] ইক্ষু সমুদ্র।
ইক্ষুশাকট, ন. [ইক্ষু+শাকট] ইক্ষুক্ষেত্র; ইক্ষুরভূমি।
ইক্ষুশাকিন, ন. [ইক্ষু+শাকিন] ইক্ষুক্ষেত্র।
ইক্ষুসমুদ্র, পুং. [ইক্ষু+সমুদ্র] সপ্তসমুদ্রান্তর্গত সমুদ্রবিশেষ, ইক্ষুরস সমুদ্র।
ইক্ষুসার, পুং. [ইক্ষু+সার] গুড়, খাঁড়।
ইক্ষ্বাকু, পুং. [ইক্ষু+অক+উ] বৈবস্বত মনু পুত্র, সত্যযুগে সূর্য্যবংশীয় অযোধ্যার রাজা; (স্ত্রী) কটুতুম্বী, তিতলাউ
ইক্ষ্বারি, পুং. [ইক্ষু+অরি+ই] কাশতৃণ, কেশে।

ইক্ষ্বালিক, পুং. [ইক্ষু+আলিক] কাশতৃণ।

ইক্ষ্বালিকা, স্ত্রী. [ইক্ষু+আলিক+আ] ইক্ষ্বতুল্যা, আনাখু, খাগড়া।

ঈ দীর্ঘঈকার, চতুর্থ স্বরবর্ণ, ইহার উচ্চারণ তালু হইতে হয়; অস্য নামানি যথা—ত্রিমূর্ত্তি; মহামায়া; লোলাক্ষী: বামলোচন; গোবিন্দ; শেখর; পুষ্টি; সুভদ্রা; রত্নসংজ্ঞ; বিষ্ণু; লক্ষ্মী; প্রহাস; বাগ্বিশুদ্ধ; পর; অপর; কালোত্তরীয়; ভেরুণ্ডা; রতি; পৌণ্ড্রবর্দ্ধন; শিবোত্তম; শিবাতুষ্টি; চতুর্থী; বিন্দুশালিনী; বৈষ্ণবী; বৈন্দবী; জিহ্বা; কামকলা; সনাদকা; পাবক; কোটর; কীর্ত্তি; মোহিনী; কালকারিকা: কুচদ্বন্দ্ব; তর্জ্জনী; শান্তি; ত্রিপুরসুন্দরী।

ঈ, ব্য. বিষাদ; অনুকম্পা; ক্রোধ; দুঃখভাবনা; প্রত্যক্ষ; সন্নিধি;(পুং) কন্দর্প; (স্ত্রী) লক্ষ্মী, হরিপ্রিয়া, কমলা।

ঈকার, পুং. [ঈ+কার] ঈ বর্ণ।

ঈড়ন, ন. [ঈড্+অন] স্তবন, বন্দন।

ঈড়া, স্ত্রী. [ঈড়+আ] স্তুতি, স্তব।

ঈড়িত, ত্রি. [ঈড়+ইত] স্তুত, সংস্তুত, কৃতস্তব। [স্তবের যোগ্য।

ঈড্য, ত্রি. [ঈড+য] স্তুত্য, স্তবনীয়,

ঈঢ়, ত্রি. অন্বেষিত, মৃগিত।

ঈত, ত্রি. [ঈ+ত] গত, চলিত, ব্রজিত।

ঈতি, স্ত্রী. [ঈ+তি] ডিম্ব; প্রবাস; কৃষির ছয় প্রকার উপদ্রববিশেষ, যথা—অতিবৃষ্টি; অনাবৃষ্টি; শলভ; মুষিক; খগ; প্রত্যাসন্ন, রাজা।

ঈদৃক্, ত্রি. [ঈ+দৃশ্] ঈদৃশ, এতৎসদৃশ, ইহার তুল্য, এই প্রকার, এবম্বিধ, এমত।

ঈদৃশ, ত্রি. [ইদম্+দৃশ্+অ] এই প্রকার, এইরূপ, এতৎসদৃশ, এবম্বিধ, এমত.

ঈদৃক্ষ, ত্রি. [ইদম্+দৃশ্+অ] ঈদৃশ, সেমত, যৈসা, তৈসা

ঈপ্সন-ঈপ্সা, ন. স্ত্রী. [আপ্+সন-আ] ইচ্ছা, বাঞ্ছা।

ঈপ্সিত, ত্রি. [ঈপ্স+ইত] বাঞ্ছিত, অভীষ্ট, লিপ্সিত। [জিঘৃক্ষ।

ঈপ্সু, ত্রি. [ঈপ্স+উ] অভীপ্সু, প্রেপ্সু,

ঈয়িবান, ত্রি. [ই+বস্] গত, চলিত।

ঈরিকা, স্ত্রী. [ঈর্+ইকা] বৃক্ষবিশেষ।

ঈরিণ, ত্রি. [ঋ+ইরণ] শূন্য; উষরভূমি।

ঈরিত, ত্রি. [ঈর+ইত] ক্ষিপ্ত; প্রেরিত; কম্পিত; গত; কথিত।

ঈরিতাকৃত, ন. [ঈরিত+অকৃত] অভিপ্রায়, আশয়।

ঈর্ব্বারু, পুং. স্ত্রী. [ঋ+আরু] স্ফুটি, ফুটি।

ঈর্ম্ম, ন. [ঈর্+ম] ব্রণ, বিস্ফোটক, ফোড়া।

ঈর্য্যা, স্ত্রী. [ঈর্+যা] ভিক্ষুব্রত।

ঈর্ষক, ত্রি. [ঈর্ষ+অক] সম্বৎসর, দ্বেষ।

ঈর্ষা, স্ত্রী.[ঈর্ষা+আ]অক্ষমা,পরশ্রীকাতরতা; দ্বেষ, হিংসা।

ঈর্ষালু, ত্রি. [ঈর্ষা+আলু] ঈর্ষাবিশিষ্ট, দ্বেষযুক্ত। [ঈর্ষাকারী।

ঈর্ষান্বিত, ত্রি. [ঈর্ষা+অন্বিত] হিংসক,

ঈর্ষ্যা, স্ত্রী. [ঈর্ষ্য+আ] পরোৎকর্ষাসহিষ্ণুতা, অক্ষান্তি, অসূয়া, মাৎসর্য্য, মৎসর, রীষ।

ঈর্ষ্যাবান্, ত্রি. [ঈর্ষ্যা+বৎ] ঈর্ষ্যাবিশিষ্ট, ঈর্ষ্যান্বিত, হিংসক।

ঈষ্যালু, ত্রি. [ঈর্ষ্যা+আলু] হিংসাবিশিষ্ট, অক্ষান্তিযুক্ত, কুইল।

ঈলি, স্ত্রী. [ঈল+ই] ক্ষুদ্র গদাকার হস্তদণ্ড, সোঁটা; ছুরী

ঈশ, ত্রি. [ঈশ্+অ] ঈশ্বর, প্রভু, ঐশ্বর্য্যশালী; (পুং.) মহাদেব; ঈশানকোণাধিপতি।

ঈশত্ব, ন. [ঈশ+ত্ব] প্রভুত্ব, স্বামিত্ব।

ঈশলাঙ্গলিয়া, (প্রা) বৃক্ষবিশেষ

ঈশসখা, পুং. [ঈশ+সখা] কুবের, যক্ষরাজ, ধনপতি।

ঈশা, স্ত্রী. [ঈশ+আ] দুর্গা, ভগবতী; লাঙ্গলদণ্ড, রথশকটাদির দণ্ড, ধুরা, কুবর, বোম্ ইতিখ্যাত।

ঈশাদণ্ড, পুং. [ঈশা+দণ্ড] লাঙ্গলদণ্ড; যুগন্ধর।

ঈশাদন্ত, পুং. [ঈশা+দন্ত] বৃহদ্দন্তবিশিষ্ট, হস্তী, মহাদন্ত, হস্তিদন্ত।
ঈশান, পুং. [ঈশ+আন] মহাদেব; একাদশ রুদ্রান্তর্গত রুদ্রবিশেষ; শিবের অষ্টমূর্ত্তির অন্তর্গত সূর্য্যমূর্ত্তি; শমীবৃক্ষ; পূর্ব্বোত্তরকোণ; (ন.) জ্যোতিঃ; (ত্রি.) ঈশ্বরীয়, ঐশিক।
ঈশানকোণ, পুং. [ঈশান+কোণ] প্রাগুত্তরা, প্রাগুদীচী, পূর্ব্বোত্তর কোণ।
ঈশানী, স্ত্রী. [ঈশান+ঈ] দুর্গা, ভগবতী; শমীবৃক্ষ।
ঈশিতা, স্ত্রী. [ঈশ+ইতা] ঈশিত্ব, অনিমাদি অষ্ট ঐশ্বর্য্যান্তর্গত ঐশ্বর্য্যবিশেষ; প্রভবিষ্ণুতা; (ত্রি.) ঈশ্বর, প্রভু, অধিপতি।
ঈশিত্ব, ন. [ঈশি+ত্ব] ঈশিতা; প্রভুত্ব; দেবতাদিগের অষ্টৈশ্বর্য্যান্তর্গত ঐশ্বর্য্য বিশেষ; স্থাবরাদি সর্ব্বভূত যাহার আজ্ঞাকারী।
ঈশ্বর, পুং. [ঈশ্+বর] শিব, কন্দর্প; বিশুদ্ধসত্ত্ব প্রধানাজ্ঞানোপহিত চৈতন্য; পরব্রহ্ম, আঢ্য, স্বামী, ব্রহ্মা, চিদ্রূপ, নির্গুণ, প্রভু, অখিলাত্মা, ভগবান্; (ত্রি.) ঐশ্বর্য্যশালী, তৎপর্য্যায়।—অর্য্য, নিযুত্বান্, ইনইন্, শ্রীহরি।
ঈশ্বরগীতা, স্ত্রী. [ঈশ্বর+গীতা] স্বনামখ্যাত ভগদ্গীতা; অপর পুরাণীয় গীতাবিশেষ।
ঈশ্বরত্ব, ন. [ঈশ্বর+ত্ব] দেবত্ব, ভগবত্ব, ব্রহ্মত্ব।
ঈশ্বরনিষেধ, পুং. [ঈশ্বর+নিষেধ] নাস্তিকতা, দেবনিন্দা।
ঈশ্বরনিষ্ঠ, ত্রি. [ঈশ্বর+নিষ্ঠ] ভগবদাশ্রিত, ভগবন্নিষ্ঠ।
ঈশ্বরপরায়ণ, ত্রি. [ঈশ্বর+পরয়ায়ণ] ধর্ম্মপর, ভজনশীল, ঔপাসন; উপাসক, পরমেশ্বরে সদা ভক্তি, পরমার্থপরায়ণ।
ঈশ্বরপূজক, ত্রি. [ঈশ্বর+পূজক] ধার্ম্মিক, সাধু, যাথার্থিক, পারমার্থিক, ভাগবত, ধর্ম্মিষ্ঠ।
ঈশ্বরপূজা, স্ত্রী. [ঈশ্বর+পূজা] দেবপূজা, দেবার্চ্চনা।
ঈশ্বরপ্রসাদ, পুং. [ঈশ্বর+প্রসাদ] ঈশ্বরানুগ্রহ, ঈশ্বরানুকুলতা, ঈশ্বরানুকম্পা, ঈশ্বরোচ্ছিষ্ট দ্রব্য।
ঈশ্বরপ্রেষ্য, পুং. [ঈশ্বর+প্রেষ্য] দেবদূত।
ঈশ্বরভক্ত, ত্রি. [ঈশ্বর+ভক্ত] ভগবদ্ভক্ত, ভক্তিমান্।
ঈশ্বরসভা, ন. [ঈশ্বর+সভা] দেবসভা।
ঈশ্বরসাধন, ন. [ঈশ্বর+সাধন] মুক্তিসাধন, যোগ। [ধর্ম্মপরতা।
ঈশ্বরসেবা, স্ত্রী. [ঈশ্বর+সেবা] ভজনশীলতা,
ঈশ্বরা, স্ত্রী. [ঈশ্বর+আ] দুর্গা; লক্ষ্মী; সরস্বতী ইত্যাদি শক্তি।
ঈশ্বরাধীন, ত্রি. [ঈশ্বর+অধীন] ভগবদায়ত্ত, দৈবাধীন। [নিষ্ঠা।
ঈশ্বরাধীনতা, স্ত্রী. [ঈশ্বর+অধীনতা] দেব-
ঈশ্বরারাধনা, স্ত্রী. [ঈশ্বর+আরাধনা] পরমেশ্বরোপাসনা, ঈশ্বরসেবা, ভজন।
ঈশ্বরী, স্ত্রী. [ঈশ্বর+ঈ] ঈশ্বরা, দেবী, ভগবতী; মহারাণী; লিঙ্গিনীবৃক্ষ; বন্ধ্যা কর্কোটী বৃক্ষ; রুদ্রজটালতা; নাকুলীকন্দ।
ঈশ্বরীয়, ত্রি. [ঈশ্বর+ঈয়] ঐশ, ঐশিক, প্রভুযোগ্য; ঈশ্বরসম্বন্ধীয়।
ঈশ্বরেচ্ছা, স্ত্রী. [ঈশ্বর+ইচ্ছা] ভগবদিচ্ছা, পরমেশ্বরেচ্ছা।
ঈশ্বরেশ্বর, পুং. [ঈশ্বর+ঈশ্বর] সর্ব্বেশ্বর।
ঈশ্বরোপাসক, পুং. [ঈশ্বর+উপাসক] পরমেশ্বরের আরাধনাকারী, আস্তিক।
ঈশ্বরোপাসনা, স্ত্রী. [ঈশ্বর+উপাসনা] পরমেশ্বরের ভজনা, ঈশ্বরের আরাধনা।
ঈষ, পুং. ইষ, আশ্বিনমাস; লাঙ্গলেরফলা।
ঈষচ্চণ্ড, ত্রি. [ঈষৎ+চণ্ড] অব্যগ্র।
ঈষচ্ছুক্ল, ন. [ঈষৎ+শুক্ল] ধূষর, ঈষৎ পাণ্ড।
ঈষজ্জল, ন. [ঈষৎ+জল] অল্পোদক।
ঈষৎ, ব্য. [ঈ+ষৎ] অল্প, কিঞ্চিৎ, মনাক্, কিয়ৎ, স্তোক, অল্পমাত্র।
ঈষৎকর, পুং. [ঈষৎ+কর] অত্যল্প, কিঞ্চিৎ, লেশ, উপপদ, গন্ধ, অনুবন্ধ।
ঈষৎপাণ্ডু, পুং. [ঈষৎ+পাণ্ড] ধূষরবর্ণ, ধূলার রং।

ঈষৎপুরুষ, ত্রি. [ঈষৎ+পুরুষ] কাপুরুষ, কুপুরুষ, নীচব্যক্তি।

ঈষত্তাপ, পুং. [ঈষৎ+তাপ] মন্দোষ্ণতা।

ঈষদাঘাত, পুং. [ঈষৎ+আঘাত] উপঘাত।

ঈষদুষ্ণ, ত্রি. [ঈষৎ+উষ্ণ] অল্পতপ্ত, কোষ্ণ, কবোষ্ণ, কদুষ্ণ, মন্দোষ্ণ।

ঈষদ্গম্ভীর, ত্রি. [ঈষৎ+গভীর] অল্পজল, অগভীর।

ঈষদ্দর্শন-ঈশদ্দৃষ্টি, ন. স্ত্রী. [ঈষৎ+দর্শন-দৃষ্টি] অর্দ্ধবীক্ষণ, অর্দ্ধদৃষ্টি।

ঈষদ্ধাস-ঈষদ্ধাস্য, পুং. ন. [ঈষৎ+হাস-হাস্য] স্মিত, মন্দহাস, বিহাস।

ঈষদ্ধাস্যবদন, ন. [ঈষৎ+হাস্য+বদন] স্মের-মুখ; (ত্রি.) সুহসানন।

ঈষদ্বক্র, ত্রি. [ঈষৎ+বক্র] অল্পবাঁকা, কিঞ্চিৎ টেড়া।

ঈষদ্রক্ত, পুং. [ঈষৎ+রক্ত] অল্পলোহিতবর্ণ, অব্যক্তরাগ, অরুণ।

ঈষা, স্ত্রী. [ঈষ+আ] লাঙ্গলদণ্ড, ঈশ্।

ঈষাদন্ত, পুং. [ঈষা+দন্ত] দীর্ঘদন্তহস্তী, উদগ্রদন্।

ঈষিকা, স্ত্রী.]ঈষ+ইক+আ] তুলী, তুলিকা; অস্ত্রবিশেষ, শরপ্রভৃতি; হস্তিচক্ষুর্গোলক।

ঈষির, পুং. [ঈষ+ইর] অগ্নি।

ঈষীকা, স্ত্রী. [ঈষ্+ঈকা] তুলিকা, তুলী; বীরণাদি শলাকা, শর।

ঈষ্ম, পুং. [ঈষ্+ম] কামদেব; বসন্তকাল, ঋতুরাজ।

ঈস্‌পগোল, (যাং) লতাবিশেষ।

ঈহমান, ত্রি. [ঈহ+মান] ব্যবসিত; সমারব্ধ।

ঈহা, স্ত্রী. [ঈহ+আ] চেষ্টা, উদ্যম; বাঞ্ছা, ইচ্ছা।

ঈহাতঃ, ব্য. [ঈহা+তস্] প্রযত্নতঃ।

ঈহাবৃক-ঈহামৃগ, পুং. [ঈহা+বৃক] কুকুরেরন্যায় হরিণঘ্ন কপিলবর্ণ জন্তুবিশেষ, কোক, বৃক, ঘোঁষ; নাটকেররূপক ভেদ।

ঈহার্থী, ত্রি. [ঈহ+অর্থিন্] অন্বেষী।

ঈহিত, ত্রি. [ঈহ+ইত] মৃগিত, অন্বেষিত।

ঈক্ষ, পুং. দর্শন, ঈক্ষণ। [কর্ত্তা।

ঈক্ষক, পুং. [ঈক্ষ+ক] দর্শক, অবলোকন

ঈক্ষণ, ন. [ঈক্ষ+অন] অবলোকন, দর্শন; চক্ষু, নয়ন

ঈক্ষণশ্রবাঃ, পুং. [ঈক্ষণ+শ্রবস্] সর্প, চক্ষুঃশ্রবাঃ। [ব্রাহ্ম।

ঈক্ষণসহস্রতয়, ন. [ঈক্ষণ+সহস্রতয়] সহ-

ঈক্ষণিকা, স্ত্রী. [ঈক্ষণ+ইকা] দৈবজ্ঞা, লক্ষণাদি শুভাশুভ নিরূপণী।

ঈক্ষণীয়, ত্রি. [ঈক্ষণ+ঈয়] দর্শনীয়, দৃশ্য।

ঈক্ষিত-ঈক্ষ্যমাণ, ত্রি. [ঈক্ষ+ইত-মান] দৃষ্ট, অবলোকিত।

উ উকার পঞ্চমস্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান মূর্দ্ধা, হ্রস্ব দীর্ঘপ্লুতোচ্চরিত হয়, অস্য নামানি যথা।— শঙ্কর; বর্ত্তুলাক্ষী ভূত; কল্যাণবাচক; অমরেশ; দক্ষকর্ণ; ষড্‌বক্ত্র; মোহন; শিব; উগ্র; প্রভু; ধৃতি; বিষ্ণু; বিশ্বকর্ম্মা; মহেশ্বর; শক্রঘ্ন; চেটিকা; পুষ্টি; পঞ্চমী; বহ্নিবাসিনী; কামঘ্ন; কামনা; ঈশ; মোহিনী; বিঘ্নহন্মহী; উঢ়স্থ; কুটিলা; শ্রোত্র; পারদ্বীপ; বৃষ; হর।

উ, ব্য. সম্বোধন; রোষোক্তি; অনুকম্পা; নিয়োগ; পদপূরণ; পাদপূরণ; প্রশ্ন; অঙ্গীকার; ইদমেব উঙ্ (পুং.) শিব; ব্রহ্মা।

উআঁচুআঁ, (প্রা) নষ্টপাক। [দান।

উঁ, (প্রা) তথেতি, হুঁ, আঁ, ক্ষীণস্বরে উত্তর

উঁচ, (প্রা) উন্নত, উচ্চ, উর্দ্ধ, তুঙ্গ।

উঁচকপালিয়া, (প্রা) উচ্চকপালবিশিষ্ট।

উঁচন, (প্রা) উত্তোলন, উত্থাপন, উঠান।

উঁচনীচ, (প্রা) উচ্চনীচ, অসমান, নিম্নোন্নত, উচ্চাবচ, বন্ধুর।

উঁচলন, (প্রা) চালন, ঝাড়ন, পরিষ্কারকরণ।

উঁচান, (প্রা) উত্তোলিত, উন্নত।

উঁচিত, (প্রা) উত্থাপিত, সমুদ্ধৃত।

উঁচোট, (প্রা) ঠোক্কর, আঘাত, চলিবারসময় পদাঙ্গুলিতে চোট লাগন।

উ ছান, (প্রা) অবগোরণ, উত্তোলন।
উই, (প্রা) বল্মীক, রুই
উক, (প্রা) উল্কা, জ্বলন্তভৃণ; আকাশীয় অগ্নিশিখা; অন্যদেশীয়।
উকঞ্চি, (প্রা) লতাবৃক্ষ বিশেষ।
উকট, (প্রা) অনুপযুক্ত, অসহ্য, দুঃসহ; উত্তপ্ত; ভয়ঙ্কর।
উকটিক, (প্রা) উৎকট, শক্ত।
উকটীয়া, (প্রা) গ্রীষ্মকাল সম্বন্ধীয়; নিরবগ্রহ।
উকড়ী, (প্রা) পেতেন; মঞ্চবিশেষ; ফেণ কাটিবার হাতা, উখ্ড়ী।
উকনাহ, পুং. [উক+নাহ] পীতরক্তবর্ণঅশ্ব; কৃষ্ণ রক্তবর্ণ অশ্ব।
উকমনা, (প্রা) কুকুরগন্ধা বৃক্ষ
উকা, স্ত্রী. [উক+আ] মল, কলঙ্ক, অবস্কর, (প্রা) জ্বলন্তভৃণ, অগ্নিযুক্ত কাষ্ঠ।
উকার, পুং. [উ+কার] উ অক্ষর, উবর্ণ।
উকি, (প্রা) গুপ্তদৃষ্টি; উদ্গার; ছর্দ্দি।
উকিউঠন, (প্রা) উদ্গারহওন; ছর্দ্দিহওন; ঢেকুর উঠন। [গুপ্তদৃষ্টি।
উকিঝুকি, (প্রা) প্রচ্ছন্নে থাকিয়া ঈষদ্দৃষ্টি,
উকিমারণ, (প্রা) প্রচ্ছন্নে থাকিয়া ঈষদ্দর্শন।
উকুণ, পুং. [উ+কুণ] যূক, কেশকীট।
উকুণচাঁদা, (প্রা) একজাতীয় মৎস্যবিশেষ।
উকুণবাড়ি, (প্রা) শস্যপরিষ্কারকরণের বাড়ি বা যন্ত্রবিশেষ। [ঘুণপোকা।
উকুণীয়পোকা, (প্রা) শস্যখাদক ক্ষুদ্রকীট;
উক্করী-উক্কলী, (প্রা) ঢক্কাবিশেষ।
উক্ত, ন. [বচ+ত] একাক্ষর ছন্দ; বাক্য; (ত্রি.) কথিত, তৎপর্য্যায়।—ভাষিত, উদিত, জল্পিত, আখ্যাত; অভিহিত, লপিত, গদিত, নিগদিত, উরিত, উদীরিত, ভণিত, লড়িত, রপিত, রষ্ঠিত, ভটিত, রটিত, ব্যাহৃত, প্রোক্ত, উদাহৃত
উক্তবাক্য, ত্রি. [উক্ত+বাক্য] কথিত; (ন.) রাজাজ্ঞা, বিধান।
উক্তানুক্ত, ত্রি. [উক্ত+অনুক্ত] কথ্যাকথ্য।
উক্তি, স্ত্রী. [বচ+তি] কথন, তৎপর্য্যায়।—বাক্য, বচন, বচ; লপিত, ভাষিত, ব্যাহার।

উক্তিপ্রত্যুক্তি, স্ত্রী. [উক্তি+প্রত্যুক্তি] উত্তর প্রত্যুত্তর
উক্থ, ন. [বচ+থ] তৃতীয় বেদ, সামবেদ।
উক্থশা, পুং. [উক্থ+শা] যজমান, যজ্ঞকারী। [একাক্ষর বৃত্ত।
উক্থা, স্ত্রী. [উক্থ+আ] ছন্দোবিশেষ,
উখ, (প্রা) অনুক্রকচ লৌহমার্জ্জন যন্ত্র, উচ্চরেখাবিশিষ্ট লোহঘর্ষণী অস্ত্র।
উখড়ন, (প্রা) উৎপাটন, উন্মূলন; কালক্ষেপণ।
উখড়া, (প্রা) গুড় মিশ্রিত খৈ, মুড়কী।
উখ্ড়াখুকুড়া, (প্রা) মুক্তকেশীকৃত
উখড়ী, (প্রা) দর্ব্বী, হাতা
উখন, (প্রা) ঘর্ষণ, মার্জ্জন।
উখলি, (প্রা) উদূখল, হামামদিস্তা।
উখর্ব্বল-উখল, পুং. [উ+খর্ব্বল] তৃণ বিশেষ, ভূরিপত্র, সুতৃণ, তৃণোত্তম।
উখা, স্ত্রী. [উখ+আ] স্থালী, হাঁড়ী; ঘর্ষণাস্ত্র।
উখ্য, ত্রি. [উখ+য] স্থালীপক্কমাংসাদি, পৈঠর।
উগরণ, (প্রা) উদ্গীরণ, বমন, ন্যক্কার।
উগরাণ, (প্রা) বমনকরণ, ন্যক্কারকরণ।
উগরিয়াখাওন, (প্রা) জাগর ভক্ষণ, জাওর কাটা।
উগ্র, ত্রি. [উচ্+র] উৎকট, রৌদ্র; তীক্ষ্ণ, কটু; ক্রোধী; কঠিন; (ন.) বৎসনাভনামবিষ; (পুং.) মহাদেব, শিবের বায়ুমূর্ত্তি; ক্ষত্রিয় ঔরসে শূদ্রাণীর গর্ভজাত জাতিবিশেষ, আগুরি; শোভাঞ্জন বৃক্ষ; কেরলদেশ, নক্ষত্রগণবিশেষ; যথা।—পূর্ব্বফল্গুনী, পূর্ব্বাষাঢ়া, পূর্ব্বভাদ্রপদ, মঘা, ভরণী।
উগ্রকর্ম্মা, ত্রি. [উগ্র+কর্ম্মন্] কোপাকুল।
উগ্রকাণ্ড, পুং. [উগ্র+কাণ্ড] কারবেল্ল, করেলা
উগ্রগন্ধ, ন. [উগ্র+গন্ধ] হিঙ্গু; (পুং.) লশুন; পলাণ্ডু; কট্ফল; অর্জ্জকবৃক্ষ; চম্পক; (ত্রি.) উৎকটগন্ধযুক্ত।
উগ্রগন্ধা, স্ত্রী. [উগ্র+গন্ধা] অজমোদা; বচা; ছিক্কিকৌষধী; অজগন্ধা; যবানী

উগ্রগন্ধী, ত্রি. [উগ্র+গন্ধী] উগ্রগন্ধ; আঘ্রাত।
উগ্রচণ্ডা, স্ত্রী. [উগ্র+চণ্ডা] দেবীবিশেষ।
উগ্রচয়, পুং. [উগ্র+চয়] অভিলাষ, স্পৃহা, সমীহিত।
উগ্রত্ব-উগ্রতা, ন. স্ত্রী. [উগ্র+ত্ব-তা] প্রখরতা, চণ্ডতা, তীব্রতা, উৎকটতা।
উগ্রতারা, স্ত্রী. [উগ্র+তারা] দেবীবিশেষ।
উগ্রদণ্ড, ত্রি. [উগ্র+দণ্ড] কৃপারহিত, নির্দ্দয়, নিষ্ঠুর।
উগ্রদর্শন, ত্রি. [উগ্র+দর্শন] ভয়ানক, ঘোর, দারুণ, ভীমদর্শন।
উগ্রধন্বা, পুং. [উগ্র+ধন্বন্] ইন্দ্র, দেবরাজ।
উগ্রনাসিকা, ত্রি. [উগ্র+নাসিকা] দীর্ঘ নাসিকাবিশিষ্ট।
উগ্রবক্তা, ত্রি. [উগ্র+বক্তৃ] কটুভাষী, যে কর্কশ বাক্য কহে।
উগ্রমুখ, ত্রি. [উগ্র+মুখ] করালবদন।
উগ্রম্পশ্য, ত্রি. [উগ্রম্+পশ্য] ভয়ানকরূপ, শঙ্কাজনক প্রতিমা; জিঘাংসক, অসূয়াকারী; দুরাচার, পাপাত্মা, দ্বেষী।
উগ্ররস, ত্রি. [উগ্র+রস] উগ্রগন্ধ।
উগ্রশেখরা, স্ত্রী. [উগ্র+শেখরা] গঙ্গা, ভাগীরথী।
উগ্রসেন, পুং. [উগ্র+সেন] মথুরাদেশের রাজাবিশেষ, আহুক রাজার পুত্র, কংস রাজের পিতা; পরীক্ষিত পুত্র।
উগ্রসেনজ, পুং. [উগ্রসেন+জ] কংসনামাসুর রাজ, কংসরাজ, শ্রীকৃষ্ণের মাতুল।
উগ্রস্বাদ, পুং. [অগ্র+স্বাদ] তীক্ষ্ণগন্ধতা।
উগ্রা, স্ত্রী. [উগ্র+আ] যবানী; বচা; ছিক্কিকৌষধী; উগ্রজাতি স্ত্রী; প্রখরা নারী; ধন্যাক
উঘারণ, (প্রা) উলঙ্গকরণ, উন্মোচন, খোলন
উঙ্কুণ, পুং. [উম্+কুণ] উৎকুণ, উকুণ, ডেঙ্গর।
উঙ্কোশ, (প্রা) বাক্যের প্রসঙ্গ, প্রস্তাব।
উচ, (প্রা) উচ্চ, উর্দ্ধভাগ, উন্নত।
উচকা, (প্রা) উচক্কা, অবাধ্য; নব্য।
উচক্রা-উচক্কা, (প্রা) চপল, লাফড়িংরা।
উচনয়না, (প্রা) মৎস্যবিশেষ
উচলন-উচলান, (প্রা) উৎক্ষেপণ, আলোড়ন
উচাটন, (প্রা) ব্যস্ত, চঞ্চল, অপ্রসন্ন, ক্ষুণ্ণ, উৎকণ্ঠা।
উচাটনমনা, (প্রা) অহর্ষ, অনাহ্লাদী।
উচাটী, (প্রা) উৎকণ্ঠাবিশিষ্ট।
উচিত, ত্রি. [উচ+ইত] বিদিত; ন্যস্ত; পরিমিত; গ্রাহ্য, তৎপর্য্যায়।—যুক্ত, যোগ্য, উপযুক্ত, উপযোগি, যথাযোগ্য, সমুচিত, যথোচিত, সমঞ্জস, উপপন্ন, পর্য্যাপ্ত, ন্যায্য, সম্ভাব্য, সম্ভাবিত, অনুরূপ, অর্হ, যথার্হ, সঙ্গত।
উঁচু, (প্রা) উচ্চ, উর্দ্ধ।
উচুঙ্গা-উচুঙ্গাপোকা, (প্রা) ঝিকরাপোকাবিশেষ, ঝিঁঝীপোকা।
উচ্চ, ত্রি. [উৎ+চ] উন্নত, প্রাংশু, তুঙ্গ, উত্তুঙ্গ, উপরি, উচ্ছ্রিত, উদগ্র, উঁচু।
উচ্চকৈঃ, ব্য. [উচ্চ+কৈস্] উচ্চৈ, প্রাংশু, তুঙ্গ, অতিশয় উচ্চ।
উচ্চঘন, ন. [উচ্চ+ঘন] অন্তর্হাস।
উচ্চটা, স্ত্রী. [উৎ+চটা] গুঞ্জা, কুঁচ; ভূমি আমলকী; নাগরমুস্তা; দম্ভ; চর্য্যা; লশুনপ্রভেদ; চিত্তভঙ্গ, তৃণবিশেষ, নির্ব্বিষী; তৎপর্য্যায়।—চূড়ালা, চক্রলা, অম্বুপত্রা, জটিলা, ভক্রলা, উত্তনেক।
উচ্চণ্ড, ত্রি. [উৎ+চণ্ড] শীঘ্র, দ্রুত, ত্বরান্বিত, অবিলম্বিত।
উচ্চতর, ত্রি. [উচ্চ+তর] অত্যুচ্চ।
উচ্চতরু, পুং. [উচ্চ+তরু] নারিকেল বৃক্ষ; (ত্রি.) উন্নত বৃক্ষ।
উচ্চতা-উচ্চত্ব, স্ত্রী. ন. [উচ্চ+তা-ত্ব] সমুন্নতি, তুঙ্গতা। [নৃত্য।
উচ্চতাল, ন. [উচ্চ+তাল] পানগোষ্ঠির
উচ্চদেব, পুং. [উচ্চ+দেব] শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
উচ্চদেবতা, স্ত্রী. [উচ্চ+দেবতা] কাল, সময়।
উচ্চনীচ, ত্রি. [উচ্চ+নীচ] নিম্নোন্নত, অসমান, বন্ধুর।
উচ্চন্দ্র, পুং. [উৎ+চন্দ্র] রাত্রিশেষ, নিশাবসান।

উচ্চপদ-উচ্চপদবী, ন.স্ত্রী.[উচ্চ+৺দ-পদবী] পরমপদ, উৎকৃষ্টপদ।

উচ্চভাষী, ত্রি. [উচ্চ+ভাষিন্] কটুবক্তা, উগ্রবক্তা।

উচ্চমনাঃ ত্রি. [উচ্চ+মনস্] মহানুভব, মহাভাব, মহাত্মা, মহাশয়।

উচ্চয়, পুং. [উৎ+চয়] পরিধান বস্ত্রের গ্রন্থি, নীবী; সমুচ্চয়, সমূহ।

উচ্চরণ, ন. [উৎ+চরণ] উদারণ, উচ্চারণ।

উচ্চরিত, ত্রি. [উৎ+চরিত] উদাহৃত, উচ্চারিত, ব্যাহৃত; (ন.) বিষ্ঠা, মল।

উচ্চল, ন. [উৎ+চল] মনঃ, বুদ্ধি, প্রবোধ, সংজ্ঞা।

উচ্চললাটা, স্ত্রী. [উচ্চ+ললাটা] উন্নত-ললাট যুক্তা স্ত্রী, উচ্চকপালবিশিষ্টা নারী, উঁচকপালিনী। [ললাটা।

উচ্চললাটিকা, স্ত্রী. [উচ্চ+ললাটিকা] উচ্চ-

উচ্চলিত, ত্রি. [উৎ+চলিত] পূত, পরিপূত; বহির্গত।

উচ্চাটন, ন. [উচ্চ+অটন] উৎখাত, উচাটন, ষট্‌কর্ম্মান্তর্গত আভিচারিককর্ম্ম বিশেষ; উৎকণ্ঠা, ভাবনা।

উচ্চাটনীয়, ত্রি. [উৎ+চট্+অনীয়] নিরা-কৃত, বিধুত।

উচ্চাটিত, ত্রি. [উৎ+চট্+ইত] উচ্চাটন যুক্ত, বিকৃতমনাঃ ব্যস্ত, অস্থিরচিত্ত।

উচ্চাটী, ত্রি. [উচ্চাট+ঈ] উৎকণ্ঠিত, ব্যস্ত, অন্যমনস্ক।

উচ্চাবচ, ত্রি. [উচ্চ+অবচ] অনেক প্রকার, নানা প্রকার, নৈকভেদ, অসমান।

উচ্চার, পুং. [উৎ+চার] বিষ্ঠা, মল, পুরীষ; উচ্চারণ।

উচ্চারক, (প্রা) খ্যাপক, উচ্চারণকর্ত্তা।

উচ্চারণ, ন. [উৎ+চর্+অন] কথন, বাঙ্-নিষ্পত্তিকরণ, উল্লেখ, শব্দ প্রয়োগ।

উচ্চারণস্থান, ন. [উচ্চারণ+স্থান] পঞ্চা-শদ্বর্ণোচ্চারণার্থ, কণ্ঠাদি পঞ্চ স্থান যথা।—কণ্ঠ, তালু, ওষ্ঠ, দন্ত, মূর্দ্ধা।

উচ্চারণার্থ, ত্রি. [উচ্চারণ+অর্থ] উচ্চারণ নিমিত্ত।

উচ্চারণীয়, ত্রি. [উৎ+চারণীয়] উচ্চারি-তব্য, কথনীয়।

উচ্চারিত, ত্রি. [উৎ+চারিত] উদীরিত সমুদীরিত।

উচ্চারিতব্য, ত্রি. [উৎ+চর্+তব্য] উচ্চা-রণের যোগ্য।

উচ্চার্য্য, ত্রি. [উৎ+চার্য্য] উচ্চারণের যোগ্য, কথনীয়।

উচ্চার্য্যমাণ, ত্রি. [উৎ+চার্য্যমাণ] উচ্চা-রিত, কথ্যমান।

উচ্চিকীর্ষা, স্ত্রী. [উৎ+চিকীর্ষা] সঞ্চয়েচ্ছা।

উচ্চিঙ্গট, পুং. [উৎ+চিঙ্গট] তৃণগড় মৎস্য; কোপনপুরুষ। [পোকা।

উচ্চিঙ্গড়া, (প্রা) পতঙ্গবিশেষ, ঝিল্লিকা, ঝিঁঝী

উচ্চূল, পুং. [উৎ+চূল] ধ্বজোর্দ্ধমুখ কূর্চ্চ, নিশানের অগ্র।

উচ্চে, (প্রা) লতাবৃক্ষবিশেষ।

উচ্চৈঃ, ব্য. [উচ্চৈস্] উচ্চ, তুঙ্গ; মহৎ; দীর্ঘ; বৃহৎ; উচ্চকৈঃ।

উচ্চৈঃশব্দ, পুং. [উচ্চৈস্+শব্দ] উচ্চৈঃস্বর, চীৎকারধ্বনি, ঘোর রব।

উচ্চৈঃশ্রবাঃ, পুং. [উচ্চৈস্+শ্রবস্] ইন্দ্রের ঘোটক, সমুদ্রোদ্ভব শ্বেতবর্ণ অশ্ব।

উচ্চৈঃস্বর, ত্রি. [উচ্চৈস্+স্বর] উচ্চরব, চীৎকার। [রটনা।

উচ্চৈর্ঘুষ্ট, ন. [উচ্চৈস্+ঘুষ্ট] ঘোষণা,

উচ্ছন্ন, ত্রি. [উৎ+শন্ন] নষ্ট, ছন্ন, ছিন্নভিন্ন, নিহত।

উচ্ছলন, ন. [উৎ+শলন] চলন, গমন।

উচ্ছা. (প্রা) তিক্তফলবিশেষ।

উচ্ছাদন, ন.[উৎ+ছাদন] উৎসাদন, উদ্বর্ত্তন, গন্ধদ্রব্য দ্বারা শরীর সংস্কার করণ।

উচ্ছাস্ত্রবর্ত্তী, ত্রি. [উৎ+শাস্ত্র+বর্ত্তিন্] শাস্ত্র-বিরুদ্ধাচারী।

উচ্ছিখ, ত্রি. [উৎ+শিখ] দীপ্তিমান্, সুপ্রভ; উচ্চ চূড়াবিশিষ্ট।

উচ্ছিঙ্ঘন, ন. [উৎ+শিঙ্ঘন] নাসা দ্বারা নিঃশ্বসন।

উচ্ছিন্ন, ত্রি. [উৎ+ছিন্ন] বিনষ্ট, খণ্ডিত, ছিন্নভিন্ন।

উচ্ছিলীন্ধ্র-উচ্ছিলীন্ধ্রক, ন. [উৎ+শিলী-ন্ধ্র-ক] ছত্রিকা, কোঁড়কছাতা।
উচ্ছিষ্ট, ত্রি. [উৎ+শিষ্ট] ভুক্তাবশিষ্ট, এঁটো; ত্যক্ত।
উচ্ছিষ্টভোক্তা, পুং. [উচ্ছিষ্ট+ভোক্তৃ] ভোজনাবশিষ্ট যে আহার করে; নীচ, অধম।
উচ্ছিষ্টভোগী, ত্রি. [উচ্ছিষ্ট+ভোগিন্] উচ্ছিষ্টান্নভোজনশীল।
উচ্ছিষ্টভোজন, পুং. [উচ্ছিষ্ট+ভোজন] ভুক্তাবশিষ্ট আহার, অবশিষ্ট ভোজন, দেব নৈবেদ্য ও বলি ভোজন কর্ত্তা, এঁটো খাওয়া।
উচ্ছিষ্টমার্জ্জন, ন. [উচ্ছিষ্ট+মার্জ্জন] উচ্ছিষ্ট স্থান পরিষ্কার করণ।
উচ্ছিষ্টমোদন, ন. [উচ্ছিষ্ট+মোদন] সিক্থক, মোম।
উচ্ছিষ্টান্ন, ন. [উচ্ছিষ্ট+অন্ন] শেষান্ন, ভুক্তশেষ। [বালিশ।
উচ্ছীর্ষক, ন. [উৎ+শীর্ষক] উপধান,
উচ্ছুষ্ক, ত্রি. [উৎ+শুষ্ক] শুষ্ক, নিরুদক, নির্জ্জল
উচ্ছূড়া, স্ত্রী. [উৎ+চূড়া] পতাকোর্দ্ধ।
উচ্ছূন, ত্রি. [উৎ+শূন] স্ফীত, উন্নত, বর্দ্ধিত।
উচ্ছূল, পুং. [উৎ+শূল] বৈজয়ন্তী।
উচ্ছৃঙ্খল, ত্রি. [উৎ+শৃঙ্খল] শৃঙ্খলারহিত, অবাধ, উদ্দাম, অনিয়ন্ত্রিত, অনর্গল, নিরঙ্কুশ।
উচ্ছেদ, পুং. [উৎ+ছেদ] উন্মূলন, উৎপাটন, বিনাশ, বিচ্ছেদ, অভিসম্পাত।
উচ্ছেদক, পুং. [উৎ+ছেদক] বিনাশকারক।
উচ্ছেদন, ন. [উৎ+ছেদন] উন্মূলন, উৎপাটন, উপড়ন।
উচ্ছেদী, ত্রি. [উৎ+ছেদী] উৎপাটনকারী। [শেষান্ন।
উচ্ছেষণ, ন. [উৎ+শেষণ] উচ্ছিষ্ট,
উচ্ছোষণ, ন. [উৎ+শোষণ] শোষণ, বিশোষণ।
উচ্ছ্বসন, ন. [উৎ+শ্বসন] শ্বাসপ্রশ্বাস, প্রাণ।
উচ্ছ্বসিত, ত্রি. [উৎ+শ্বসিত] নিশ্বসিত; বিকসিত, প্রফুল্ল; নষ্টশ্বাস।
উচ্ছ্বাস-উচ্ছ্বাসন, পুং. ন. [উৎ+শ্বাস-ন] অন্তর্মুখশ্বাস; আহার, আন, আখ্যায়িকা পরিচ্ছেদ; আশ্বাস; বিশ্রাম।
উচ্ছ্রয়, পুং. [উৎ+শ্রয়] পর্ব্বত বৃক্ষাদির উচ্চতা, ঊর্দ্ধতা, উচ্ছ্রায় উৎসেধ, উচ্চপরিমাণ।
উচ্ছ্রায়, পুং. [উৎ+শ্রায়] উচ্চতা, উৎসেধ, উচ্ছ্রয়।
উচ্ছ্রিত, ত্রি. [উৎ+শ্রিত] সংজাত, উন্নত, উচ্চ; সমুন্নদ্ধ; প্রবৃদ্ধ; ত্যক্ত।
উছড়ন, (প্রা) বমন, উদ্গীরণ।
উছনিয়া, (প্রা) বিনষ্ট, উৎসন্ন।
উছোট, (প্রা) ঠোক্কর, পদাঙ্গুলিতে আঘাত।
উজ, (প্রা) সরল, ঋজু; সোঝা।
উজই, (প্রা) স্রোত প্রতিকূলতরণ।
উজড়, (প্রা) সমূলোৎপাটন।
উজড়ন, (প্রা) উত্তোলন, আজড়ান; বমন।
উজন, (প্র.) স্রোতের বৈপরীত্য; বিপরীত, উল্টা; উদ্যাপন, সমাপন।
উজল, (প্রা) জলের ঊর্দ্ধাধোগমন; আন্দোলন।
উজলন, (প্রা) নিম্নোন্নত করণ, ঝাড়ন, একত্র করণ।
উজলপাজল, (প্রা) উল্টা, তলা উপর, উল্টা পাল্টা, লাটরা ঘাটরা।
উজা, (প্রা) সরল, ঋজু, অকপট।
উজাউজি, (প্রা) সোজাসোজি, সহজে, সরলভাবে।
উজাড়, (প্রা) বন, অরণ্য, বিপিন।
উজান, (প্রা) স্রোতের বিপরীত গতি; উপপর্ব্বতীয় দেশ।
উজির, (যাং) সচিবমন্ত্রী।
উজি, (প্রা) জনরব, জনশ্রুতি।
উজুটী, (প্র.) বৃক্ষলতাবিশেষ.
উজুষীয়া, (প্রা) নদাদিত্যাগ।
উজ্জট, (প্রা) শূন্য, উৎপাটিত; রহিত

উজ্জড়ন, (প্রা) উৎপাটন, বিনাশন, উন্মূলন।

উজ্জড়ীয়, (প্রা) অপব্যয়ী, অপচয়ী।

উজ্জন, ন. [উৎ+জন] বলবত্ত্ব, সরলতা, দৃঢ়করণ।

উজ্জয়নী, স্ত্রী. [উৎ+জয়নী] বিক্রমাদিত্যের রাজধানী, অবন্তীনগরী।

উজ্জয়ন্ত, পুং. [উৎ+জয়ন্ত] রৈবতপর্ব্বত।

উজ্জয়িনী, স্ত্রী. [উৎ+জয়িনী] উজ্জয়নী নগরী, বিশালা, অবন্তী, পুষ্পকরণ্ডিনী।

উজ্জল, (প্রা) তেজোময়।

উজ্জাসন, ন. [উৎ+জাসন] মারণ, বধ, হনন।

উজ্জিহান, ত্রি. [উৎ+জিহান] উজ্ঝিত, রহিত; উত্থাপক।

উজ্জিহীর্ষা, স্ত্রী. [উৎ+জিহীর্ষা] ধৃতেচ্ছা, আক্রমণেচ্ছা।

উজ্জম্ভ, ত্রি. [উৎ+জৃম্ভ] প্রফুল্ল, প্রস্ফুটিত, বিকসিত।

উজ্জৃম্ভিত, ত্রি. [উৎ+জৃম্ভিত] প্রফুল্ল, বিকসিত; (ন.) চেষ্টা, অন্বেষণ।

উজ্জ্যোতিত, ত্রি. [উৎ+জ্যোতিত] উজ্জ্বলিত।

উজ্জ্বল, ত্রি. [উৎ+জ্বল] দীপ্ত, তেজোময়, দীপ্তিমান্, প্রভাবান্; বিশদ; বিকাশিত; (পুং.) শৃঙ্গাররস; (ন.) স্বর্ণ।

উজ্জ্বলতা, স্ত্রী. [উৎ+জ্বলতা] প্রভা, তেজঃ দীপ্তি।

উজ্জ্বলন, ন. [উৎ+জ্বলন] উদ্দীপন, আলোকময় হওন।

উজ্জ্বলা, স্ত্রী. [উৎ+জ্বলা] অংশুজাল, বৃহদ্দ্যুতি; স্বচ্ছতা; প্রভা, দীপ্তি, বৈশদ্য।

উজ্জ্বলিত, ত্রি. [উজ্জ্বল+ইত] উদ্ভাসিত, উদ্দীপিত, উজ্জ্যোতিত।

উজ্ঝ, পুং. [উৎ+ঝ] ত্যাগ, বিসর্জন।

উজ্ঝিত, ত্রি. [উজ্ঝ+ইত] উৎসৃষ্ট, ত্যক্ত, বর্জিত।

উঞ্ছ, পুং. [উনুছ্+অ] উঞ্ছশীল, হেয়, উগ্র, জঘন্য; (ন.) পক্ষিচঞ্চু আদানবৎ শস্যগ্রহণ।

উঞ্ছন, ন. [উনুছ্+অন] আপণাদি পতিত কোণোপাদান, শস্যচয়ন, আহরণ, কুড়ায়া লওম, খুঁটেলওন।

উঞ্ছবৃত্তি, স্ত্রী. [উঞ্ছ+বৃত্তি] সামান্যজীবিকা, জঘন্য আজীব্য।

উঞ্ছশিল, ন. [উঞ্ছ+শিল] শস্যসংগ্রহ।

উঞ্ছশীল, স্ত্রী. [উঞ্ছ+শীল] শেষধান্য সংগ্রাহক, উদ্ধৃত শস্যের শেষাহরণ কর্ত্তা; অতি সামান্য কর্ম্মের দ্বারা জীবিকাকারী, উঞ্ছজীবী, ছচেরু।

উট, (প্রা) ককুদ্‌বিশিষ্ট রোমন্থ পশুবিশেষ, উষ্ট্র, (পুং) তৃণপর্ণাদি।

উটক্কারা, (প্রা) আগন্তুক, অজ্ঞাতশীল, অপরিচিত।

উটঙ্গন, (প্রা) বৃক্ষবিশেষ।

উটজ, পুং. ন. [উট+জ] পর্ণশালা, পর্ণোটজ পত্ররচিতগৃহ, পত্রনির্ম্মিত কুটীর, মুনিদিগের পত্ররচিত গৃহ, গৃহমাত্র।

উটন-উটনা-উটনাখরচ, (প্র) ধারে খাদ্যদ্রব্য ক্রয়করণ। [ঢুড়ন।

উটকন-উটকান, (প্রা) অন্বেষণ, অনুসন্ধান,

উটকানীয়া, (প্রা) অন্বেষণকারী, অনুসন্ধানকারক:

উটকো, (প্রা) অজ্ঞাত, অপরিচিত; খোলা।

উটঙ্ক, ন. [উৎ+টঙ্ক] সূত্র, গহনমার্গ নির্গমোপায় দর্শক; সূত্রের লুটী; কর্ম্মের খেই; অস্ত্রবিশেষ; প্রসঙ্গ।

উটঙ্কন, (প্রা) সঙ্কেত, ইঙ্গিত; প্রসঙ্গ, প্রস্তাব। [উত্থাপিত।

উটঙ্কিত, (প্রা) সঙ্কেতিত, চিহ্নিত, উল্লেখিত,

উঠ, (প্রা) উদ্গম, উদ্গতি, আরোহ, গাত্রোত্থানকরণ; বৃদ্ধিহওন।

উঠতি, (প্রা) প্রচুররূপে দ্রব্যাদি বিক্রয়; সভাভঙ্গ।

উঠন-উঠনি, (প্রা) গাত্রোত্থান; প্রাঙ্গন, আঙ্গিনা; বমন, উদ্গীরণ।

উঠাউঠি, (প্রা) পুনঃ পুনঃ উত্থান, বারবার উঠা।

উঠান, (প্রা) উত্থাপন, উত্তোলন; প্রাঙ্গণ, অঙ্গন, চত্বর, চতুঃশাল, অজির।

উঠানঘাটা, (প্রা) উত্তরণস্থান, তরস্থান ঘট্ট, উঃ, নৌকারোহণ স্থান, ঘাট।

উঠিত, (প্রা) উত্থিত, ঊর্দ্ধগত।

উড়্কী, (প্রা) উল্কী; মঞ্চ, মাচা।

উড়্কুড়, (প্রা) আদ্যন্ত, শেষ, সমাপ্তি।

উড়ঞ্চড়ীয়, (প্রা) অতিব্যয়ী, অপরিমিত ব্যয়ী, ক্ষীয়মাং

উড়ঞ্চিয়া, (প্রা) অপব্যয়ী, অপচয়ী, বৃথা ধন নাশক। [নাশক

উড়ঞ্চণ্ডী, (প্রা) অপব্যয়কারী, বৃথা ধন

উড়তী, (প্রা) উড্ডীয়মান; অস্থির, অনিশ্চিত, অমূলক।

উড়ন, (প্রা) শূন্যে গমন।

উড়নী, (প্রা) উত্তরীয় বসন, গাত্র বস্ত্রবিশেষ এক পাটা চাদর।

উড়নীয়, (প্রা) উড্ডীয়মান, খবিসর্পী; পলায়িত।

উড়পড়ন, (প্রা) উড্ডীয় পতন, উড়িয়া পড়ন।

উড়া, (প্রা) উড্ডয়ন, শূন্যমার্গে গমন; উপদংশ রোগ, বাও, বাগি; অপব্যয়।

উড়ানিয়া, (প্রা) অপব্যয়ী, যে উড়াইয়া দেয়। [করান।

উড়ান, (প্রা) অপব্যয় করণ; উড্ডীন

উড়ানী, (প্রা) প্রবার, চাদর, উত্তরীয় বসন, গাত্র বস্ত্র ষিশেষ; অপব্যয়, অপচয়।

উড়াবাও, (প্রা) বাও রোগবিশেষ, উপদংশ, গরমীবেয়ারাম।

উড়িয়া, (প্রা) ওড্রদেশীর মনুষ্য, দাসো।

উড়িয়াপড়ন, (প্র.) উড্ডীন হইয়া পতন।

উড়ী, (প্রা) নীবার ধান্য, উড়ক ধান.

উডু,ন.স্ত্রী.[উড্+উ]নক্ষত্র,তারা; (ন.)জল।

উডুউডু, (প্রা) অস্থির, চিন্তান্বিত, উদ্বিগ্ন, ভাবনাযুক্ত।

উডুউডুচিত্ত, (প্রা) চঞ্চলচিত্ত, অস্থিরচিত্ত।

উডুক্কা, (প্রা) উড্ডয়ন ক্ষম, পক্ষবান, পক্ষবিশিষ্ট।

উডুপ, পুং. ন. [উডু+প] ভেলক, ভেলা প্লব, কোল, উড়ূপ, তরণ, তারণ, তারক, মাড়; (পুং.) চন্দ্র।

উডুপতি পুং. [উডু+পতি] চন্দ্র, শশধর, তারাপতি।

উডুপথ, পুং. [উডু+পথ] আকাশ, গগণ নভঃস্থল

উডুপাংশু, ত্রি. [উডু+পাংশু] নিষ্প্রভ, নিস্তেজ।

উডুম্বর, পুং. [উডুং+বর] উদুম্বরবৃক্ষ, তৎপর্য্যায়।—জন্তুগল, যজ্ঞাঙ্গ, হেমদুগ্ধক, ব্রহ্মবৃক্ষ, হেমদুগ্ধী, যজ্ঞফল,যজ্ঞোডুম্বর, সদাফল, ক্ষীরবৃক্ষ, সুচক্ষু, শ্বেতবল্কল; দেহলী, গোবরাটের নীচের কাঠ; পণ্ড, নপুংসক; কুষ্ঠরোগভেদ; (ন.) তাম্র; কর্ষপরিমাণ।

উডুম্বরপর্ণী, স্ত্রী. [উডুম্বর+পর্ণী] দন্তীবৃক্ষ।

উড়ূপ, পুং. ন. [উড়ূ+প] মাড়, ভেলক, ভেলা; (পুং.) চন্দ্র, নক্ষত্রেশ, নিশাকর।

উড্ডয়ন, ন. [উৎ+ডয়ন] নভোগতি, আকাশবিহার, শূন্যে গমন, ওড়া।

উড্ডামর, ত্রি. [উৎ+ডামর] শ্রেষ্ঠ,উদ্ভট, উত্তাল।

উড্ডীং (প্রা) উল্লম্ফ, লাফানি।

উড্ডীংকুড্ডীং. (প্রা) প্লবন, কুদন।

উড্ডীন, ন. [উৎ+ডীন] খগগতিক্রিয়া, পক্ষীর ঊর্দ্ধে গমন; (ত্রি.) আকাশগামী।

উড্ডীয়মান, ত্রি. [উৎ+ডীয়মান] উড্ডয়ন বিশিষ্ট, আকাশগামী, উড়ন্ত, ওড়তা।

উড্ডীশ, পুং. [উৎ+ডীশ] আগম শাস্ত্র বিশেষ; শিব।

উড়্তি, (প্রা) অস্থির, চঞ্চল; দ্রুতগতি, আকাশে গমন।

উড্র, পুং. [উড্+র] জবাপুষ্প, ওড্রপুষ্প।

উঢ্র, পুং. জল; জবাপুষ্প।

উত, ত্রি. তন্তু সন্তুত, উত, স্যূত, বোনা; (ব্য) অত্যর্থ; বিকল্প; সমুচ্চয়; বিতর্ক; প্রশ্ন; পাদপূরণ। (প্রা) উত্তাপ, অগ্নি।

উতথ্য, পুং. [উতথ+য] মুনিবিশেষ; অঙ্গিরাপুত্র

উতথ্যানুজ-উতথ্যানুজন্মা, পুং. [উতথ্য+ অনুজ+জন্মন্] বৃহস্পতি।
উতর, (প্রা) উত্তর, প্রতিবচন।
অতরখানা, (প্রা) উত্তরণ স্থান, পান্থশালা, সরাই, আড্ডা।
উতরডাঙ্গা, (প্রা) মৎস্য ধারণার্থ স্থান।
উতরণ, (প্রা) অবরোহণ, অবতরণ, নামন; পৌছন; আগমন, আইসন; পারহওন, উত্তরণ।
উতলন, (প্রা) উথলন, উন্নত হওন, স্ফীত হওন, বৃদ্ধি পাওন।
উতলপাউল, (প্রা) নীম্নোচ্চ।
উতলা, (প্রা) উৎকণ্ঠিত, ভাবিত।
উতার-উতারা, (প্রা) প্রতিরূপ, আদর্শ, প্রতিলিপি, পারায়ণ।
উতালা, (প্রা) ব্যস্থ, উৎকণ্ঠিত, ভাবিত।
অতাহো, ব্য. পরিপ্রশ্ন; বিচার; বিকল্প।
উতাহোস্বিৎ, ব্য. উতাহো; বিকল্প।
উৎ, ব্য. প্রশ্ন; বিতর্ক; অত্যর্থ; সন্দেহ; কিমুত, কিং, কথং; উর্দ্ধ, উচ্চকৈ।
উৎক, ত্রি, উন্মনাঃ, অন্যমনস্ক, উদ্বিগ্ন; ইচ্ছু (পুং.) অবসর, সুযোগ।
উৎকচ্ছা, স্ত্রী. [উৎ+কচ্ছা] ছন্দোবিশেষ।
উৎকট, ত্রি. [উৎ+কট] অতিশয়, অত্যর্থ, অদভ্র, অতিবেল, অতিরিক্ত, তীব্র, মত্ত; বিষম; (ন.) গুড়ত্বক্; তেজপত্র; দারচিনি; (পুং.) অহঙ্কার, মদ; সংজাত মদহস্তী; শর; শক্তেউ।
উৎকটা, স্ত্রী. [উৎ+কটা] সৈংহলীলতা।
উৎকণ্ঠ, পুং. [উৎ+কণ্ঠ] শৃঙ্গারের ষোড়শবন্ধান্তর্গত ত্রয়োদশবন্ধ, আসন্ন প্রসিদ্ধ; (প্রা) উদ্বেগ, ব্যাকুলতা।
উৎকণ্ঠক, ত্রি. [উৎ+কণ্ঠক] শঙ্কাজনক; রোমোদ্গম।
উৎকণ্ঠমান, ত্রি. [উৎ+কণ্ঠমান] আকুলিত, আধিমান, আর্ত্ত।
উৎকণ্ঠা, স্ত্রী. [উৎ+কণ্ঠা] উৎকলিকা, ইষ্টলাভে কালক্ষেপাসহিষ্ণুতা, কামাদিজাতস্মৃতি, উর্দ্ধবাহুদ্বারা প্রিয় রণ, উর্দ্ধাবলোকন পূর্ব্বক প্রিয় স্মরণ, প্রিয়াভিলাষ জন্য উন্মনস্ক, উদ্বেগ, অনুপায়, খেদ, মনোদুঃখ।
উৎকণ্ঠিত, ত্রি. [উৎ+কণ্ঠিত] উৎকণ্ঠাযুক্ত, উৎসুক, উন্মনঃ. উদ্বিগ্ন, ভাবিত, উৎক।
উৎকণ্ঠিতা, স্ত্রী. [উৎ+কণ্ঠিতা] স্বীয়াদি নায়িকাভেদ; চিন্তান্বিতা, উদ্বিগ্না।
উৎকতা, স্ত্রী. [উৎক+তা] উৎকণ্ঠা, অন্যমনস্কতা; পিপুলবিশেষ, গজপিপ্পলী।
উৎকন্ধর, ব্য. [উৎ+কন্ধর] নতপৃষ্ঠ।
উৎকর, পুং. [উৎ+কর] ধান্যাদিরাশি, স্তূপ, গাদা, কাঁড়ী, পালুই।
উৎকরিকা, স্ত্রী. [উৎ+করিকা] ঘৃতপক্ব মিষ্টান্ন দ্রব্য।
উৎকরীয়, ত্রি. [উৎকর+ঈয়] রাশীভূত।
উৎকর্ত্তন, ন. [উৎ+কর্ত্তন] ছেদন, কর্ত্তন।
উৎকর্ষ, ত্রি. [উৎ+কর্ষ] অতিশয়যুক্ত; স্বকাল হইতে পরকাল কর্ত্তব্য; (পুং.) উৎকৃষ্টতা, বৈশিষ্ট্য, প্রকর্ষ, উত্তমতা; অতিশয়।
উৎকল, পুং. [উৎ+কল] ওড্রদেশ, উড়িশ্যা; ব্যাধ, পাখিমারা; (ত্রি.) ভারবাহক, মুটে।
উৎকলিকা, স্ত্রী. [উৎ+কলিকা] উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা; কলিকা; তরঙ্গ; হেলা।
উৎকলিকাপ্রায়, পুং. [উৎকলিকা+প্রায়] সম্পূর্ণ যৌগিক শব্দবিশিষ্ট গদ্যছন্দ।
উৎকলিত, ত্রি. [উৎ+কলিত] উন্মনা, উৎকণ্ঠিত, চিন্তান্বিত, ভাবিত; বুদ্ধিমান্।
উৎকা, স্ত্রী. [উৎ+কা] উৎকণ্ঠিতা নায়িকা।
উৎকাকা, স্ত্রী. [উৎক+অকা] প্রতিবর্ষ প্রসূতা গৌ।
উৎকার, পুং. [উৎ+কার] ধান্যোৎক্ষেপণ, নিকারধানসারা, ধানেরআগড়া ঝাড়িয়া রাশিকরণ।
উৎকারিকা, স্ত্রী. [উৎ+কারিকা] লেপ, প্রলেপ।
উৎকাসন, ন. [উৎ+কাসন] কণ্ঠশোধন।
উৎকিরণ, পুং. [উৎ+কিরণ] রশ্মি।
উৎকীর্ত্তন, ন. [+উৎ+কীর্ত্তন[অনুকীর্ত্তন।

উৎকুট, ন. [উৎ+কুট] উত্তান শয়ন, চিৎ হইয়া শোওয়া।

উৎকুণ, পুং. [উৎ+কুণ] কেশকীট, মৎকুণ, কোণকুণ, উদ্দংশ, কিটিভ, উকুণ।

উৎকুট, পুং. [উৎ+কুট] ছত্র, আতপত্র, ছাতি।

উৎকূলিত. ত্রি. [উৎ+কূলিত] কূলেআনীত, তীরে আনীত। [বিশেষ।

উৎকৃতি, স্ত্রী. [উৎ+কৃতি] ছেদন; ছন্দো-

উৎকৃত্যমান, ত্রি. [উৎকৃত্য+মান] ব্যবচ্ছিন্ন, ছিন্নভিন্ন।

উৎকৃষ্ট, ত্রি. [উৎ+কৃষ্ট] উৎকর্ষবিশিষ্ট; অতিশয়, অত্যন্ত; প্রকৃষ্ট, প্রশস্ত, শ্রেষ্ঠ, উত্তম; আকৃষ্ট।

উৎকৃষ্টতা, স্ত্রী. [উৎকৃষ্ট+তা] উত্তমতা, ঔৎকর্ষত। [সুবদন।

উৎকৃষ্টবদন, ন. [উৎকৃষ্ট+বদন] উত্তমানন,

উৎকৃষ্টভূম, পুং. [উৎকৃষ্ট+ভূম] প্রশস্ত ভূমি, উত্তমস্থান। [ভাবক্ষম।

উৎকৃষ্টার্হ, ত্রি. [উৎকৃষ্ট+অর্হ] ভদ্রতর,

উৎকোচ, পুং. স্ত্রী. [উৎ+কোচ] ঘুস, তৎপর্য্যায়।—প্রাভৃত, ঢৌকন, লম্বা, কোশলিক, আমিষ, উপাচ্চার, প্রদা, আনুন্দা, হার, গ্রাহ্য, অয়ন, উপদানক, অপপ্রদান, উপায়ন, অভ্যুপায়ন, উপপ্রদান।

উৎকোচক, পুং. [উৎকোচ+ক] উৎকোচগ্রাহক, উৎকোচদাতা, উপপ্রদাতা।

উৎকোচগ্রহ, পুং. [উৎকোচ+গ্রহ] অপপ্রদানগ্রহণ, ঘুসলওন। [খোর।

উৎকোচগ্রাহী, ত্রি. [উৎকোচ+গ্রাহিন্] ঘুষ-

উৎকোচচর্য্যা, স্ত্রী. [উৎকোচ+চর্য্যা] উৎকোচদান।

উৎক্রম-উৎক্রমণ, পুং. ন. [উৎ+ক্রম-ক্রমণ] ব্যতিক্রম, বিপরীতি, ব্যুৎক্রম, অক্রম, বিলোম; নির্গমন, নিঃসরণ।

উৎক্রান্ত, ত্রি. [উৎ+ক্রান্ত] নির্গত, ঊর্দ্ধে নিঃসৃত, উল্লংঘিত। [পঞ্চত্ব।

উৎক্রান্তি, স্ত্রী. [উৎ+ক্রান্তি] মৃত্যু, মরণ,

উৎক্রান্তী, ত্রি. [উৎক্রান্ত+ইন্] অতিক্রামক।

উৎক্রাম, পুং. [উৎ+ক্রাম] বিরুদ্ধতা, প্রতিকূল্য; উৎক্রম, বিক্রিয়া, ব্যভিচার।

উৎক্রুষ্ট, ত্রি. [উৎ+ক্রুষ্ট] উচ্চৈঃস্বর, জনরব, ঘোষণ, সংহূতি; ক্রন্দিত, রুদিত, উৎক্রোশিত।

উৎক্রোশ, পুং. [উৎ+ক্রোশ] কুররপক্ষী পঙ্‌ক্তিচর; জনরব।

উৎক্লেদ-উৎক্লেশ, পুং. [উৎ+ক্লেদ-ক্লেশ] বমনেচ্ছা, বিবমিষা, ন্যক্কার, আড়ুমাড়ু।

উৎখলা, স্ত্রী. [উৎ+খলা] মুরানাম গন্ধদ্রব্য, তালপর্ণী, তালপর্ণ, তালাখ্যা, খশা।

উৎখাত, ত্রি. [উৎ+খাত] উন্মূলিত, উৎপাটিত, আবর্হিত; উপদ্রব।

উৎখাতী, ত্রি. [উৎখাত+ইন্] নাশক, উপদ্রবী; উত্তোলনকর্ত্তা।

উত্ত, ত্রি. [উন্দ্+ত] আর্দ্র, ক্লিন্ন, সিক্ত।

উত্তংস, পুং. [উৎ+তংস] কর্ণপুর, কর্ণাভরণ; শেখর, শিরোভূষণ।

উত্তপ্ত, ন. [উৎ+তপ্ত] শুষ্কমাংস; (ত্রি.) তপ্ত, সন্তপ্ত, জ্বলিত, জাততাপ, তাপী; পরিপ্লুত, স্নাত; উত্তেজিত।

উত্তপ্ততা, স্ত্রী. [উত্তপ্ত+তা] উষ্ণতা, সন্তাপ।

উত্তভিত, ত্রি. [উত্ত+ভিত] উন্নমিত।

উত্তম, ত্রি. [উৎ+তম] ভদ্র, তৎপর্য্যায়।—উৎকৃষ্ট, প্রধান, প্রমুখ, প্রবেক, অনুত্তম, মুখ্য, বর্য্য, বরেণ্য, প্রবর্হ, অনবরার্দ্ধ্য, অগ্র, প্রাগ্রহর, প্রাগ্র্য, অগ্র্য, অগ্রীয়, অগ্রিয়, শ্রেষ্ঠ, প্রশস্ত, অগ্রণী, (পুং.) বৈসিকনামক নায়কভেদ; প্রিয়ব্রত রাজপুত্র, তৃতীয় মনু।

উত্তমকর্ম্ম, পুং. [উত্তম+কর্ম্ম] সুকর্ম্ম, সৎকর্ম্ম।

উত্তমপদ, পুং. [উত্তম+পদ] শ্রেষ্ঠপদ, উচ্চপদ।

উত্তমপুরুষ, পুং. [উত্তম+পুরুষ] ব্যাকরণ মতে প্রথম পুরুষ; (ত্রি.) সুন্দর পুরুষ; সুব্যক্তি, সল্লোক।

উত্তমফলিনী, স্ত্রী. [উত্তম+ফলিনী] দুগ্ধিকা বৃক্ষ, ক্ষীরাইগাছ।

উত্তমর, ত্রি. [উত্তম+র] পরাৎপর, অত্যুৎকৃষ্ট, শ্রেষ্ঠতর।

উত্তমর্ণ-উত্তমর্ণিক, পুং. [উত্তম+ঋণ-ঋণিক] ঋণদাতা, মহাজন, ধনিক, ধনী, ঋণদায়ী, ঋণসমর্পক। [দাতা।
উত্তমর্ণী, পুং. [উত্তম+ঋণিন্] উত্তমর্ণ, ঋণ-
উত্তমলাভ, পুং. [উত্তম+লাভ] অত্যুৎপন্ন, সমুপার্জ্জন।
উত্তমসংগ্রহ, পুং. [উত্তম+সংগ্রহ] সম্যক্ সংগ্রহ; নির্জ্জনে পরস্ত্রীর সহিত নানা প্রকার রসালাপ ও মৈথুনভাব প্রকাশ করণ, গুপ্তভাবে পরদারকরণ; উৎকৃষ্ট নিবন্ধ।
উত্তমসাহস, পুং. [উত্তম+সাহস] দণ্ডবিশেষ, অশীতিসহস্র পণ পরিমিত দণ্ড; বধদণ্ড; অতিশয় সাহস, দুঃসাহস।
উত্তমা, স্ত্রী. [উত্তম+আ] উৎকৃষ্টা নারী, তৎপর্য্যায়।—শ্রেষ্ঠা, বরাঙ্গনা, বরারোহা, বরবর্ণিনী, মত্তকাশিনী, মত্তকাষিণী, মত্তকাসিনী; স্বীয়াদি নায়িকার অন্তর্গত নায়িকাবিশেষ; ক্ষীরিকাবৃক্ষ, দুগ্ধিবণবৃক্ষ। [মুণ্ড।
উত্তমাঙ্গ, ন. [উত্তম+অঙ্গ] মস্তক, শিরঃ,
উত্তমারণী, স্ত্রী. [উত্তম+অরণী] ইন্দীবরী।
উত্তমার্দ্ধ্য, ন. [উত্তম+অর্দ্ধ্য] অর্দ্ধভাগশ্রেষ্ঠ।
উত্তমার্হ, ত্রি. [উত্তম+অর্হ] উৎকর্ষার্হ, উত্তমভারযোগ্য।
উত্তমাহ, পুং. [উত্তম+অহন্] সুদিন।
উত্তমোত্তম, ত্রি. [উত্তম+উত্তম] অতিশয়উৎকৃষ্ট, শ্রেষ্ঠাপেক্ষাশ্রেষ্ঠ, পরমোৎকৃষ্ট।
উত্তমোপপদ, ত্রি. [উত্তম+উপপদ] অত্যুত্তম, অত্যুৎকৃষ্ট।
উত্তমৌজাঃ, পুং. [উত্তম+ওজস্] বীর, শূর, ঔজসিক; রাজাবিশেষ।
উত্তম্ভন, ন. [উৎ+স্তম্ভ্+অন] আলম্বন, উপস্তম্ভন, অবলম্বন, আশ্রয়; অবরোধ।
উত্তম্ভিত, ত্রি. [উৎ+স্তম্ভ্+ইত] আলম্বিত, আশ্রিত; অবষ্টব্ধ।
উত্তর, ন. [উৎ+তর] প্রতিবাক্, প্রতিবচন, প্রত্যুক্তি, প্রতিবাক্য, প্রত্যুত্তর, জবাব; নিষ্পন্ন; (পুং.) বিরাটরাজ পুত্র; (ত্রি.) উদীচীন; ঊর্দ্ধ; উত্তম; অনন্তর; (ব্য.) পশ্চাৎ।
উত্তরকাল, পুং. [উত্তর+কাল] ভবিষ্যৎ কাল, আগামী সময়।
উত্তরকুরু, স্ত্রী. [উত্তর+কুরু] জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ।
উত্তরকোশলা, স্ত্রী. [উত্তর+কোশলা] অযোধ্যানগরী।
উত্তরক্রিয়া, স্ত্রী. [উত্তর+ক্রিয়া] প্রতিবচন দান; অন্ত্যেষ্টিক্রিয়া; সাম্বৎসরিক শ্রাদ্ধাদি পিতৃক্রিয়া।
উত্তরখণ্ডন, ন. [উত্তর+খণ্ডন] বাক্যখণ্ডন, বাক্যনিরসন, বাক্যনিরাকরণ।
উত্তরঙ্গ, ন. [উৎ+তরঙ্গ] দ্বারোর্দ্ধ বক্রদারু, কুম্ভিরকা; (ত্রি.) উদ্গততরঙ্গ, বৃহৎঢেউ।
উত্তরচ্ছদ, পুং. [উত্তর+ছদ] প্রচ্ছদপট, আচ্ছাদন বস্ত্র।
উত্তরজ, ত্রি. [উত্তর+জ] পরজ, শেষজ।
উত্তরজ্যা, স্ত্রী. [উত্তর+জ্যা] ক্ষেত্রতত্ত্বের খণ্ডমণ্ডলের দ্বিজ্যাবিশেষ।
উত্তরণ, ন. [উৎ+তরণ] নদ্যাদির পারগমন, উতরণ।
উত্তরণস্থান, ন. [উত্তরণ+স্থান] পান্থশালা, পথিকস্থান, আড্ডা, সরাই।
উত্তরণীয়, ত্রি. [উৎ+তরণীয়] পারযোগ্য; অতিক্রমণীয়।
উত্তরতঃ, ব্য. [উত্তর+তস্] উত্তরদিগ্দেশ কালহইতে; উত্তরহইতে।
উত্তরত্র, ব্য. [উত্তর+ত্র] উত্তরতঃ।
উত্তরদায়ক-উত্তরদায়ী, ত্রি. [উত্তর+দায়কদায়িন্] প্রত্যুত্তরদায়ক।
উত্তরদিক্, স্ত্রী. [উত্তর+দিশ্] উদীচী, কৌবেরী।
উত্তরদেশ, পুং. [উত্তর+দেশ] উদীচ্য।
উত্তরধেয়, ত্রি. [উত্তর+ধেয়] কৃত, অনুষ্ঠিত, নিষ্পন্ন, বৃত্ত, সম্পাদিত।
উত্তরপক্ষ, পুং. [উত্তর+পক্ষ] বিচার সিদ্ধান্ত সমাধান, সিদ্ধান্ত, সমাধি, কৃতান্ত; সিদ্ধান্তের অনুকূলে তর্কের উপন্যাস, পূর্ব্বপক্ষের নিরা করণপক্ষ, সিদ্ধান্ত পক্ষ।

উত্তরপক্ষী, পুং. [উত্তর+পক্ষী] প্রতিবাদী, উত্তরবাদী।
উত্তরপাদ, পুং. [উত্তর+পাদ] চতুষ্পাদ ব্যবহারের দ্বিতীয় পাদ; উত্তর; উত্তরদান প্রকরণ। [নামবাচ্য।
উত্তরপুরুষ, পুং.[উত্তর+পুরুষ]তৃতীয়পুরুষ,
উত্তরপ্রচ্ছদ, পুং. [উত্তর + প্রচ্ছদ] উত্তরচ্ছদ, পর্য্যঙ্কাচ্ছাদন, শয্যাচ্ছাদন, পালঙ্কপোষ।
উত্তরফল্গুনী-উত্তরফাল্গুনী, স্ত্রী. [উত্তর+ ফল্গুনী-ফাল্গুনী] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত দ্বাদশ নক্ষত্র, উত্তরা, অর্য্যসদেবা। [পণী।
উত্তরবস্তি, স্ত্রী. [উত্তর+বস্তি] অন্তর প্রক্ষে-
উত্তরবাদী, ত্রি. [উত্তর+বাদিন্] উত্তরবক্তা, প্রতিবাদী। [শেষাংশ।
উত্তরভাগ, পুং. [উত্তর+ভাগ] উত্তরাংশ,
উত্তরভাদ্রপদ্-উত্তরভাদ্রপদা, স্ত্রী. [উত্তর+ ভাদ্রপদ্-পদা] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত ষড়্বিংশতিতম নক্ষত্র, প্রৌষ্ঠপদা, অহির্ব্রধ্নদেবতা।
উত্তরমীমাংসা, স্ত্রী. [উত্তর + মীমাংসা] বেদান্তবিশেষ। [অনুত্তর।
উত্তররহিত, ত্রি. [উত্তর+রহিত] নিরুত্তর,
উত্তরসংজ্ঞিত, ত্রি. [উত্তর+সংজ্ঞিত] উত্তর সাক্ষী, শ্রুতসাক্ষী।
উত্তরসাধক, ত্রি. [উত্তর+সাধক] সাধক, সহায়, সহকারী, আনুকূল্যকারক, সাহায্যকারী।
উত্তরসাক্ষী, ত্রি. [উত্তর + সাক্ষিন্] উত্তর সংজ্ঞিত, পরসাক্ষী।
উত্তরস্থান, ন. [উত্তর+স্থান] উত্তরণের স্থল, পথিকশালা, আড্ডা, সরাই, চটী।
উত্তরা, স্ত্রী. [উত্তর+আ] বিরাটরাজকন্যা; উত্তরদিক্, তৎপর্য্যায়।—কৌবেরী, দেবী, উদীচী।
উত্তরাৎ, ব্য. উত্তরদিক্, উদীচী।
উত্তরাধিকার, পুং. [উত্তর + অধিকার] মৃত ধনে অধিকার, রিকৃথাধিকার দায়াধিকার।
উত্তরাধিকারিণী, স্ত্রী. [উত্তর+অধিকারিণী] যে স্ত্রী মৃত ব্যক্তির ধনাদি অধিকার করিতে পারে, স্ত্রীদায়াদ।
উত্তরাধিকারিত্ব, ন. [উত্তর+অধিকারিত্ব] মৃতধনে অধিকার করণের যোগ্যতা।
উত্তরাধিকারী, ত্রি. [উত্তর+অধিকারিন্] মৃত্যুর পর অধিকারী, দায়াদ, রিকৃথ গ্রাহী, ওয়ারিস।
উত্তরাভাস, পুং. [উত্তর+আভাস] দুষ্টোত্তর, অসদুত্তর।
উত্তরায়ণ, ন. [উত্তর+অয়ন] সূর্য্যের উত্তরদিগেগতি, মাঘাদি ছয় মাস; দেবতাদিগের দিন।
উত্তরাশা, স্ত্রী. [উত্তর+আশা] উত্তরদিক্; বচনের প্রত্যাশা।
উত্তরাশাঢ়া, স্ত্রী. [উত্তর + আশাঢ়া] সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত একবিংশতি নক্ষত্র
উত্তরাশাপতি, পুং. [উত্তরাশা+পতি] উত্তর দিকের অধিপতি, কুবের, যক্ষরাজ
উত্তরাষাঢ়া, স্ত্রী. [উত্তর+আষাঢ়া] সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত একবিংশ নক্ষত্র।
উত্তরাসঙ্গ, পুং. [উত্তর+আসঙ্গ] উত্তরীয় বস্ত্র, উত্তরচ্ছদ, উড়নী, চাদর, দোছোট।
উত্তরাহি, ব্য. [উত্তর+আহি] উত্তরদিকে।
উত্তরী-উত্তরীয়, ন. [উত্তর+ঈ-ঈয়] উত্তরীয়বস্ত্র, দোছোট, দোবজা, তৎপর্য্যায়-প্রাবার, উত্তরাসঙ্গ, বৃহতিকা, সংব্যান।
উত্তরে, ব্য. অবশেষে, অন্ততঃ, তত্রপশ্চাৎ।
উত্তরেণ, ব্য. [উত্তর+এন] উত্তরদিগ্-দেশকাল; উদীচীন; পশ্চাৎ।
উত্তরেদ্যুঃ, ব্য.[উত্তর+এদ্যুস্] উত্তরদিবস, পরদিন; আগামি দিন, অপরদিন, কল্য।
উত্তরোত্তর, ত্রি. [উত্তর+উত্তর] অধিকাধিক; ক্রমশঃ; (ন.) প্রতিবাক্য।
উত্তর্জ্জনা, স্ত্রী. [উৎ+তর্জ্জনা] তর্জ্জন, নির্ভর্ৎসন, ভয়প্রদর্শন, তাড়ান, ধমকান।

উত্তলন, ন. [উৎ+তলন] উথলন, উপ্-চন, ছাপান।

উত্তান, ত্রি. [উৎ+তান] অগম্ভীর, ঈষজ্জল; ঊর্দ্ধমুখশায়িত; উন্নত, চিৎ।

উত্তানক, পুং. [উৎ+তানক] অচ্চটাতৃণ।

উত্তানগতি, স্ত্রী. [উত্তান+গতি] ঊর্দ্ধমুখে গমন।

উত্তানগা, পুং [উত্তান+গা] দিব্যাগো, কামধেনু।

উত্তানপত্রক, পুং. [উত্তান+পত্রক] রক্ত-এরণ্ড বৃক্ষ, রাঙ্গাভেরেণ্ডা গাছ।

উত্তানপাদ. পুং. [উত্তান+পাদ] রাজাবি-শেষ, স্বায়ম্ভুবমনুপুত্র, নক্ষত্রবিশেষ।

উত্তানপাদজ, পুং. [উত্তানপাদ+জ] উত্তান-পাদ রাজপুত্র, জ্যোতীরথ, গ্রহাধার, ধ্রুব।

উত্তানশয়, ত্রি. [উত্তান+শয়] অত্যন্ত শিশু, ডিম্ভা, স্তনন্ধয়ী, স্তনপা; উত্তান-সুপ্ত, উন্মুখশয়ন, চিৎহইয়ানিদ্রিত।

উত্তাপ, পুং. [উৎ+তাপ] তেজ, উষ্মা, সন্তাপ, উষ্ণতা, গ্রীষ্ম, তীক্ষ্ণ।

উত্তাপন, ন. [উৎ+তাপন] সন্তাপন, উষ্ণতাকরণ।

উত্তাপনীয়-উত্তাপিত, ত্রি. [উৎ+তাপ-নীয়-তাপিত] সন্তপ্ত, উত্তপ্ত, তাপিত, জাততাপ।

উত্তার, ত্রি. [উৎ+তার] মহান্, উদীর্ণ, উদ্ভট, উদার, উত্তমর, উত্তম, শ্রেষ্ঠ; (পুং.) বমন; উল্লংঘন, অতিক্রমণ।

উত্তারণ, ন. [উৎ+তারণ] পৌঁছন, নদ্যাদি পারহওন। [পীড়িত।

উত্তারী, ত্রি. [উৎ+তারিন্] চপল, চঞ্চল;

উত্তার্য্য, ত্রি. [উৎ+তার্য্য] নিঃসারিত, বহিষ্কৃত, উৎক্ষিপ্ত।

উত্তাল, ত্রি. [উৎ+তাল] উৎকট, শ্রেষ্ঠ; ভয়ানক; ত্বরিত; (পুং.) বানর, প্লব-ঙ্গম।

উত্তিষ্ঠমান, ত্রি. [উৎ+তিষ্ঠমান] উৎপ-তিষ্ণু, উদয়মান, উদিত।

উত্তীর, ব্য. [উৎ+তীর] তীরে, তটে, কূলে।

উত্তীর্ণ, ত্রি. [উৎ+তীর্ণ] পারপ্রাপ্ত; মুক্ত, উদ্ধৃত; উপনীত।

উত্তুঙ্গ, ত্রি. [উৎ+তুঙ্গ] উচ্চ, ঊর্দ্ধ, উন্নত।

উত্তুঙ্গা, স্ত্রী. [উৎ+তুঙ্গা] সমুন্নতি; উচ্চতা।

উত্তুষ, পুং. [উৎ+তুষ] ভৃষ্টধান্য, লাজা, খাজিক, খই।

উত্তেজনা, ন. স্ত্রী. [উৎ+তেজন] উত্ত্যক্ত করণ, ব্যগ্রকরণ, ধমকান, তর্জ্জনকরণ, কার্য্যার্থ পুনঃ পুনঃ প্রবৃত্তকরণ; প্রেরণা; মার্জ্জনা।

উত্তেজিত, পুং. [উৎ+তেজিত] অশ্বের চতুর্থ গতি, অর্থাৎ মধ্যমগতি, রেচিত; (ত্রি.) প্রেরিত; উদযুক্ত; আশ্বাসিত; উত্ত্যক্ত; মার্জ্জিত; নিশিত।

উত্তেরিত, পুং. [উৎ+তেরিত] অশ্বের পঞ্চম গতি, উপকণ্ঠ, আস্কন্দিতক।

উত্তোলক, ত্রি. [উৎ+তোল+ক] উদ্ধারক অর্থাৎ যে উঠায়।

উত্তোলন, ন. [উৎ+তোলন] ঊর্দ্ধনয়ন, তোলন; উৎপাটন, উপড়ন, তোলা।

উত্তোলনদণ্ড, পুং. [উত্তোলন+দণ্ড] লোহদণ্ড, চাড়া।

উত্তোলনীয়, ত্রি. [উৎ+তোলনীয়] উপরে উঠাইবার যোগ্য।

উত্তোলিত, ত্রি. [উৎ+তোলিত] উত্থা-পিত, উন্নত, উদ্ধৃত।

উত্ত্যক্ত, ত্রি. [উৎ+ত্যক্ত] পরিত্যক্ত, ঊর্দ্ধ-ক্ষিপ্ত; উত্তেজিত, ব্যতিব্যস্ত, বিরক্ত।

উত্ত্যাগ, পুং. [উৎ+ত্যাগ] পরিত্যাগ, ত্যজন, বিসর্জ্জন।

উত্ত্রাস, পুং. [উৎ+ত্রাস] ভয়, শঙ্কা, সাধ্বস, (ত্রি.) নির্ভয়।

উত্ত্রাসন, ন. [উৎ+ত্রাসন] ভয় প্রদর্শন, সন্ত্রাসন। [উদিত।

উত্থ, ত্রি. [উৎ+স্থা] দণ্ডায়মান, উদয়মান,

উত্থন, (প্রা) গাতোলন। [উপচন।

উত্থলন, ন. [উৎ+থলন] উথলন, উতুলন,

উত্থান, ন. [উৎ+স্থান] সৈন্য; যুদ্ধ; পৌরুষ; পুস্তক; উদ্যম; উদ্গম; হর্ষ; বাস্তু; অঙ্গন; চৈত্য; মলোৎসর্গ; ত-

স্থানগুল; সৈন্যচিন্তা; সন্নিবিষ্ট, উপবিষ্ট; উঠা।

উত্থানৈকাদশী, স্ত্রী. [উত্থান+একাদশী] কার্ত্তিক মাসীয় শুক্লপক্ষের একাদশী।

উত্থাপক, ত্রি. [উৎ+স্থাপক] উত্থাপনকর্ত্তা; প্রস্তাবকারী; উঠানিয়া.

উত্থাপন, ন. [উৎ+স্থাপন] উত্তোলন, উপস্থিতকরণ; উল্লেখ, প্রসঙ্গ।

উত্থাপনা, স্ত্রী. [উৎ+স্থাপনা] উত্তোলন, উন্নতি

উত্থাপিত, ত্রি. [উৎ+স্থাপিত] উন্নত, উদ্যত, উদ্গত, উত্তুঙ্গ।

উত্থায়ুক, ত্রি. [উৎ+স্থায়ুক] উদ্ধত, অহঙ্কারী, প্রগল্‌ভ।

উত্থিত, ত্রি. [উৎ+স্থিত] উৎপন্ন; প্রোদ্যত; উত্তোলিত, বৃদ্ধিমৎ।

উত্থিতাঙ্গুলি, পুং. [উত্থিত+অঙ্গুলি] বিস্তৃতাঙ্গুলিকরতল, চপেট, চাপড়, চড়।

উত্থিতি, স্ত্রী. [উৎ+স্থিতি] উত্থান, উঠন, গাত্রোলন।

উৎপচিষ্ণু, ত্রি. [উৎ+পচ্+ইষ্ণু] পচ্যমান।

উৎপত, পুং. [উৎ+পত] পক্ষী; ঊর্দ্ধগমন।

উৎপতন, ন. [উৎ+পতন] উৎপত্তি; ঊর্দ্ধগমন; পক্ষী; উৎপ্লবন।

উৎপতিত, ত্রি. [উৎ+পতিত] ঊর্দ্ধগত, উপরিভাগে পতিত।

উৎপতিতা, ত্রি. [উৎ+পতিতৃ] ঊর্দ্ধগমনশীল, উপরি গমনকর্ত্তা।

উৎপতিষ্ণু, ত্রি. [উৎ+পৎ+ইষ্ণু] ঊর্দ্ধগমন শীল, ঊর্দ্ধগ, উৎপতিতা।

উৎপত্তি, স্ত্রী. [উৎ+পত্তি] উৎপতন, তৎপর্য্যায়।—সংসার, জন্মু, ভব, ভাব, জন্মু, জনন, জন্ম, উদ্ভব, জনি, জনিমা, জাতি, প্রজনন, উৎপাদন, উদ্ভব, সম্ভব, প্রভব।

উৎপত্তিপ্রয়োগ, পুং. [উৎপত্তি+প্রয়োগ] কারণ, দ্বারা, হেতু.

উৎপত্তিশালী, ত্রি. [উৎপত্তি+শালিন্] জন্মবিশিষ্ট, যাহা উৎপন্ন হয়।

উৎপথ, পুং. ন. [উৎ+পথ] উন্মার্গ, সত্যপথভ্রংশ, বিমার্গগমন।

উৎপন্ন, ত্রি. [উৎ+পন্ন] উৎপত্তিবিশিষ্ট, জাত, উদ্ভূত।

উৎপন্নতন্তু, ত্রি. [উৎপন্ন+তন্তু] প্রজাবান্, সপ্রজ, অপত্যবান্, সসন্তান।

উৎপবন, ন. [উৎ+পবন] কুশণ্ডিকায় ধর্ম্মোদ্দেশে জলাদি উৎক্ষেপণ।

উৎপল, ন. [উৎ+পল] নীলকমল, নীলপদ্ম; জলজপদ্মমাত্র; জলজপুষ্পমাত্র, কুবলয়; জলপুষ্পবিশেষ, সুঁদী, তৎপর্য্যায়। অম্বুষ্ণ, রাত্রিপুষ্প, জলাহ্বয়া, হিমাব্জ, শিলাপুষ্প; কুষ্ঠৌষধি, কুড়বৃক্ষ; পুষ্প; (ত্রি.) মাংসশূন্য, কৃশ, ক্ষীণ।

উৎপলগন্ধিক, ন. [উৎপল+গন্ধিক] চন্দন বিশেষ, কৃষ্ণতাম্র, গোশীর্ষ।

উৎপলপত্র, ন. [উৎপল+পত্র] কুবলয়দল, পদ্মপত্র; স্ত্রীনখ ক্ষত; তিলক।

উৎপলশারিবা, [উৎপল+শারিবা] শ্যামালতা।

উৎপলাভ, ত্রি. [উৎপল+আভা] উৎপল [সদৃশ।

উৎপলিনী, স্ত্রী. [উৎপল+ইন্+ঈ] পদ্মসমূহ, তৎপর্য্যায়।—পদ্মিনী, নলিনী, বিসিনী, মৃণালিনী, কমলিনী, কুমুদ্বতী, পুটকিনী, কুমুদিনী, কৈরবিণী, চন্দ্রেষ্টা, কুবলয়িনী, ইন্দীবরণী, নীলোৎপলিনী।

উৎপলী, স্ত্রী. [উৎ+পলী] তুষচপটী, তুঁষের চাপড়া

উৎপশ্য, ত্রি. [উৎ+পশ্য] ঊর্দ্ধদৃষ্টিবিশিষ্ট, ঊর্দ্ধমুখ।

উৎপাট, পুং. [উৎ+পাট] উন্মূলন, উৎপাটন, উচ্ছেদ, বিনাশ।

উৎপাটন, ন. [উৎ+পাটন] উত্তোলন, উন্মূলন, উপড়ন, উৎখলন।

উৎপাটিত, ত্রি. [উৎ+পাটিত] কৃতোৎপাটন, উন্মূলিত, উৎখাত, আবর্হিত, উদ্ধৃত, উচ্ছিন্ন।

উৎপাত, পুং. [উৎ+পাত] প্রাণিদিগের অমঙ্গলসূচক ত্রিবিধ উপসর্গ বিশেষ, যথা দিব্য, আন্তরীক্ষ, ভৌম, (দিব্য)

অপর্ব্বণি চন্দ্রাদিত্য গ্রাসাদি, (আন্তরীক্ষ) উল্কাপাত, নির্ঘাতাদি, (ভৌম) ভূকম্পাদি।

উৎপাদক, পুং. [উৎপাদক] পশুবিশেষ, শরভ, কুঞ্জরারাতি, অষ্টপাদ; ধাতা; সাবক; (ত্রি.) উৎপাদয়িতা, জনক, জনিকা, কারক।

উৎপাদন, ন. [উৎ+পাদন] জনন, উৎপন্নকরণ, উৎপত্তি, জন্মান, নিষ্পাদন।

উৎপাদনীয়, ত্রি. [উৎ+পাদনীয়] উৎপত্তি করিবার যোগ্য, উৎপাদ্য।

উৎপাদশয়ন, পুং. স্ত্রী. [উৎপাদ+শয়ন] টিট্টিভপক্ষী।

উৎপাদিকা, স্ত্রী. [উৎ+পাদিকা] জননী, উৎপত্তিকারিণী; দেহিকা নামক কীট; হিলমোচিকা; পূতিকা।

উৎপাদিত, ত্রি. [উৎ+পাদিত] উৎপন্ন, জাত উদ্ভব, প্রভব; নিষ্পাদিত; কৃতজন্মা।

উৎপাদ্য, ত্রি. [উৎ+পাদ্য] উৎপাদনীয়, উৎপত্তি করিবার যোগ্য। [ঘৃত।

উৎপাব, পুং. [উৎ+পাব] শুদ্ধঘৃত, পবিত্র

উৎপালী, স্ত্রী. [উৎ+পালী] আরোগ্য, স্বাস্থ্য।

উৎপিঞ্জর, ত্রি. [উৎ+পিঞ্জর] পঞ্জরমুক্ত।

উৎপিঞ্জল, ত্রি. [উৎ+পিঞ্জল] ভৃশমাকুল, সমুৎপিঞ্জ, পিঞ্জল, অতিশয় ব্যাকুল, অত্যন্তব্যস্ত, অতিশয় চিন্তিত।

উৎপিংসু, ত্রি. [উৎ+পিংসু] গমনেচ্ছু।

উৎপিষ্ট, ত্রি. [উৎ+পিষ্ট] চূর্ণীকৃত, সম্পিষ্ট, গুণ্ডিত; (ন.) পীড়া, গদ। [পঞ্জর।

উৎপীড়, পুং. [উৎ+পীড়] ফেণ, মণ্ড, সুরামণ্ড,

উৎপ্রাসন, ন. [উৎ+প্রাসন] ক্ষেপণ, পাতন, ক্ষিপ্তি, অসন; অবজ্ঞা, উপহাস, অবমান।

উৎপ্রেক্ষা, স্ত্রী. [উৎ+প্রেক্ষা] অনবধান; সাদৃশ্য; ব্যাজোক্তি; কাব্যালঙ্কারবিশেষ, যেস্থলে প্রস্তুতবিষয় অধঃকৃত করিয়া তাহার অপ্রস্তুত বিষয়ের অভেদ কল্পনা করা যায়, তথায় উৎপ্রেক্ষা নামক অলঙ্কার হয়।

উৎপ্লব, পুং. [উৎ+প্লব] উৎপতন, উল্লম্ফন

উৎপ্লবন, ন. [উৎ+প্লবন] উল্লম্ফন, লাফান, কুঁদন, আস্ফালন।

উৎপ্লবা, স্ত্রী. [উৎ+প্লবা] নৌকা, তরণী।

উৎপ্লুত, ত্রি. [উৎ+প্লুত] উৎপতিত, বিপরীত, উল্টাপাল্টা। [পতন।

উৎপ্লুতি, স্ত্রী. [উৎ+প্লুতি] উৎপ্লবন, উৎ-

উৎফল, ন. [উৎ+ফল] সুফল। [কুঁদন।

উৎফাল, পুং. [উৎ+ফাল] উল্লম্ফন, লাফান

উৎফুল্ল, ত্রি. [উৎ+ফুল্ল] প্রফুল্ল, বিকসিত, স্ফুটন্ত; উত্তান; আনন্দিত; স্ত্রীদিগের করণ। [আধার।

উৎস, পুং. [উন্দ্+স] প্রস্রবণ, নির্ঝর, উনই,

উৎসঙ্গ, পুং. [উৎ+সঙ্গ] ক্রোড়, অঙ্ক, কোল কটি; শৈলকটক; সংযোগ; আলিঙ্গন।

উৎসঙ্গিত, ত্রি. [উৎ+সঙ্গিত] সংযুক্ত, সংলগ্ন, মিলিত।

উৎসঙ্গী, ত্রি. [উৎ+সঙ্গিন্] সংশ্লেষী, সঙ্গী; (পুং.) নাড়ীব্রণ, রক্তবিদ্রধি, পূতিব্রণ, ক্ষত। [রক্তবরটী।

উৎসঙ্গিনী, স্ত্রী, [উৎ+সঙ্গিনী] কুস্তিকা, চক্ষের

উৎসন্ন, ত্রি. [উৎ+সন্ন] উচ্ছিন্ন, নষ্ট, বিনাশিত, হত; উত্থিত, উৎপতিত।

উৎসব, পুং. [উৎ+সব] নিয়ত আহ্লাদজনক ব্যাপার, ক্ষণ, উদ্ধব, উদ্ধর্ষ, মহ, আমোদ, পূজার্চ্চাদি; উৎসেক; ইচ্ছাপ্রসব; কোপ।

উৎসবজনক, ত্রি. [উৎসব+জনক] আহ্লাদজনক, আমোদজনক, উৎসবকর্ত্তা।

উৎসর্গ, পুং. [উৎ+সর্গ] ত্যাগ; দান; বর্জ্জন সামান্যবিধি; সাগ্নিককর্ত্তব্য ক্রিয়াবিশেষ।

উৎসর্জ্জন, ন. [উৎ+সর্জ্জন] উৎসর্গ, তৎপর্য্যায়।—ত্যাগ, বিহাপিত, স্পর্শন, প্রতিপাদন, নির্ব্বপণ, অপবর্জ্জন, অংহতি, দান, বিতরণ, বিশ্রাণন, বিসর্জ্জন।

উৎসর্প-উৎসর্পণ, পুং. ন. [উৎ+সর্প-সর্পণ] উর্দ্ধগমন।

উৎসর্পিণী, স্ত্রী. [উৎ+সর্পিণী] জিনদিগের কালবিশেষ, দশলক্ষবর্ষ পরিমাণ।

উৎসর্পিত, ত্রি. [উৎ+সর্পিত] লুলিত, লোলমান। [গমনশীল।
উৎসর্পী, ত্রি. [উৎ+সর্পিন্] ঊর্দ্ধগামী, শূন্য
উৎসর্য্যা, স্ত্রী. [উৎ+সর্য্যা] প্রজননকাল প্রাপ্তা গৌ, পাল লওনের উপযুক্তগাই.
উৎসাদন, ন. [উৎ+সাদন] সমুল্লেখ; উদ্বাহন; উদ্বর্ত্তন; উচ্ছেদকরণ; নাশ; ছিন্নভিন্ন করণ।
উৎসাদনীয়, ত্রি. [উৎ+সাদনীয়] উচ্ছিন্ন করিবার যোগ্য, উন্মূলনীয়, উৎপাট্য।
উৎসাদিত, ত্রি. [উৎ+সাদিত] বিনাশিত, ছিন্নভিন্নকৃত; কৃতোৎসাদন, উদ্বর্ত্তিত, নির্ম্মলীকৃত শরীর।
উৎসারক, পুং. [উৎ+সারক] দ্বারপাল, দ্বারস্থ, প্রতীহারী, উৎসারণকর্ত্তা।
উৎসারণ, ন. [উৎ+সারণ] দূরীকরণ; স্থানান্তর প্রেরণ; চালন।
উৎসাহ, পুং. [উৎ+সাহ] অধ্যবসায়,উদ্যম, উদ্যোগ; সূত্র; কল্যাণ; অত্যনুরাগ; ভাববিশেষ; ধ্রুবকবিশেষ।
উৎসাহবর্দ্ধন, ন. [উৎসাহ+বর্দ্ধন] উদ্যমবৃদ্ধি, বীররস।
উৎসাহশীল, ত্রি. [উৎসাহ+শীল] বীর্য্যবান, সাহসিক।
উৎসাহসম্পন্ন, ত্রি. [উৎসাহ+সম্পন্ন] উদ্যোগী, উদ্যুক্ত, সোৎসাহ।
উৎসাহস, ন. [উৎ+সাহস] নির্ভয়তা, বিক্রম, শূরতা
উৎসাহান্বিত, ত্রি. [উৎসাহ+অন্বিত]উৎসাহ বিশিষ্ট, উৎসুক। [প্রাপ্তোৎসাহ।
উৎসাহিত, ত্রি. [উৎ+সাহিত]উৎসাহশালী,
উৎসাহী, ত্রি. [উৎ+সাহিন্] অধ্যবসায় বিশিষ্ট, উৎসুক।
উৎসিক্ত, ত্রি. [উৎ+সিক্ত] উদ্ধত; গর্ব্বিত; বর্দ্ধিত; উদ্রিক্ত।
উৎসিচ্যমান, ত্রি. [উৎ+সিচ্যমান] উদ্রিচ্যমান, বৃদ্ধিমান্।
উৎসুক, ত্রি. [উৎ+সুক] বাঞ্ছিত কর্ম্মে উদ্যত, ইষ্টার্থোদ্যুক্ত; উৎকণ্ঠিত, উদ্যোগী।
উৎসুকতা, স্ত্রী. [উৎসুক+তা] ঔৎকণ্ঠ্য, উৎকণ্ঠা, উদ্বেগ।
উৎসুকায়মান, ত্রি. [উৎ+সুকায়মান] অনুরক্ত, সানুরাগ, সংসক্ত।
উৎসূত্র, ত্রি. [উৎ+সূত্র] উদগ্রস্থিত, উদগ্রথিত, শিথিলিত.
উৎসূর, পুং. [উৎ+সূর] দিনাবসান,নিশাদি সন্ধ্যাংশ
উৎসৃজন, ন. [উৎ+সৃজন] উৎসর্গ; ত্যাগ; সমর্পণ।
উৎসৃজ্য, ত্রি. [উৎ+সৃজ্য] উৎসর্গ করিবার যোগ্য; ত্যাজ্য; ধর্ম্মার্থে দেয়।
উৎসৃষ্ট, ত্রি. [উৎ+সৃষ্ট] কৃতোৎসর্গ, ত্যক্ত, হীন, বিধুত, সমুজ্ঝিত, ধৃত।
উৎসেচন, ন. [উৎ+সেচন] ঊর্দ্ধভাগে সেক করণ, উদ্রিক্ত হওন, উথলন, উপচন।
উৎসেধ, পুং. [উৎ+সেধ] পর্ব্বত বৃক্ষাদির উচ্চতা, উচ্ছ্রয়, ঊর্দ্ধভাগের পরিমাণ; শরীর; সংহনন।
উৎস্ময়, পুং. [উৎ+স্ময়] স্মিত, বিহাস,ঈষদ্ধাস, মন্দহাস্য, বক্রোক্তিকা।
উৎক্ষিপ্ত, পুং. [উৎ+ক্ষিপ্ত] ধুস্তূরফল;(ত্রি.) ঊর্দ্ধত্যক্ত; বিছর্দ্দিত।
উৎক্ষিপ্তিকা, স্ত্রী. [উৎ+ক্ষিপ্তিকা] কর্ণভূষণ বিশেষ, কর্ণান্দু।
উৎক্ষেপণ, ন. [উৎ+ক্ষেপণ] ঊর্দ্ধে ক্ষেপণ; উপরদিকে ফেলন; ব্যজন; ধান্য মর্দ্দন বস্ত্র; ষোড়শ পণ।
উদ্-উৎ, ব্য. বিংশত্যুপসর্গান্তর্গত উপসর্গবিশেষ; অস্থার্থ। যথা—ঊর্দ্ধ; উৎকর্ষ; প্রাকট্য; নৈকট্য; প্রকাশ; বিভাগ; প্রাবল্য; অস্বাস্থ্য; শক্তি; প্রাধান্য; বন্ধন; ভাব; মোক্ষ; লাভ; ঊর্দ্ধকর্ম্ম।
উদ, ন. [উন্দ্] জল। (প্রা) উদ্বিড়াল।
উদক্, ব্য. [উদ্+অচ্] উত্তরদিগ্‌দেশকাল; উত্তরদিক্।
উদক, ন. [উন্দ্+অক] জল, সলিল।
উদকক্রিয়া, স্ত্রী. [উদক+ক্রিয়া] মৃতোদ্দেশে জলদান।

উদকদ, পুং. [উদক+দ] জলদানকর্ত্তা, পূর্ব্ব পুরুষের তর্পণকারী।
উদকদান, ন. [উদক+দান] জলদান, মৃত-লোকের উদ্দেশে জল ত্যাগ, তর্পণ।
উদকদায়ী, ত্রি. [উদক+দায়িন্] জলদাতা, (পুং) যে সন্তান মৃতলোকের উদ্দেশে জলদান করে। [বিশেষ।
উদকপরীক্ষা, স্ত্রী. [উদক+পরীক্ষা] দিব্য-
উদকমেহ, পুং. [উদক+মেহ] ইক্ষুমেহ, বহু-মূত্ররোগ।
উদকশাক, ন.[উদক+শাক] জলশাকবিশেষ।
উদকস্পর্শ, পুং. [উদক+স্পর্শ] জলস্পর্শ-পূর্ব্বক শুচি।
উদকাধার, পুং. [উদক+আধার] জলাধার, পাত্র; জলাশয়। [পিপাসু।
উদকার্থী, ত্রি. [উদক+অর্থিন্] পানেচ্ছু,
উদকীর্ণ, পুং. [উদ+কীর্ণ] মহাকরঞ্জ।
উদকীর্য্য, পুং. [উদ+কীর্য্য] করঞ্জবিশেষ ডালকরম্চা, ডহরকরঞ্জ।
উদকুম্ভ, পুং. [উদ+কুম্ভ] মৃন্ময়পাত্র, ঘট, কুম্ভ, কলসী, জালা, উদককুম্ভ। [কুম্ভ।
উদকোদঞ্জন, পুং. [উদক+উদঞ্জন] উদক
উদকোদর, ন. [উদক+উদর] জলোদর জঠরাময়।
উদক্ত, ত্রি. [উদ্+অক্ত] উর্দ্ধগামী।
উদক্য, ত্রি. [উদক+য] জলসম্বন্ধীয়, রজ-সম্বন্ধীয়।
উদক্যা, স্ত্রী. [উদক্য+আ] রজস্বলা, ঋতু-মতী, স্ত্রীধর্ম্মিণী। [পর্ব্বত।
উদগদ্রি, পুং. [উদক্+অদ্রি] হিমালয়
উদগয়ন, ন. [উদক্+অয়ন] উত্তরায়ণ, সূর্য্যের উত্তরদিগ্গমন সময়।
উদগ্ভূম, পুং. [উদক্+ভূম] সদ্ভূমি, উৎ-কৃষ্ট স্থান। [উচ্চ।
উদগ্র, ত্রি. [উদ্+অগ্র] প্রশস্ত, মহৎ, উচ্ছ্রিত
উদগ্রদন্, পুং. [উদগ্র+দৎ] উচ্চদন্ত হস্তী; (ত্রি.) বৃহদ্দন্তবিশিষ্ট।
উদঙ্ক-উদঙ্গ, ত্রি.[উৎ+অঙ্ক] উর্দ্ধগামী।
উদঙ্মুখ, ত্রি. [উদক্+মুখ] উত্তরমুখ; উর্দ্ধ-মুখ।
উদচ্, ত্রি. [উদ্+অচ্] উত্তরস্থ; উচ্চ
উদচ্য, ত্রি. [উদচ্+য] উদীচীন; উত্তরীয়।
উদজ, পুং. [উদ্+অজ] পশুপ্রেরণ; (ত্রি.) জলজ।
উদঞ্চ, ত্রি. [উদ্+অঞ্চ] উদীচীন, উদীচী।
উদঞ্চন, ন. [উদ্+অঞ্চন] সিধানপত্র, আচ্ছাদন পাত্র, ঢাকুনি; উর্দ্ধগমন; উৎক্ষেপণ। [পূজিত।
উদঞ্চিত, ত্রি. [উদ্+অঞ্চিত] উর্দ্ধে নিক্ষিপ্ত;
উদঞ্চিতাক্ষ, ত্রি. [উদঞ্চিত+অক্ষ] উর্দ্ধদৃষ্টি, উন্মুখ। [বিশেষ, সর্পভেদ।
উদণ্ডপাল, পুং. [উদ্+অণ্ড+পাল] মৎস্য-
উদধি, পুং.[উদ্+ধি] সমুদ্র, জলধি, সাগর।
উদধিক্রা, পুং. [উদধি+ক্রম] সমুদ্রগামী, সমুদ্র আক্রমণকর্ত্তা, নাবিক।
উদধিমল, পুং. [উদধি+মল] সমুদ্রফেণ, ফেণ
উদধিমেখলা, স্ত্রী. [উদধি+মেখলা] পৃথিবী পৃথ্বী, ধরণী।
উদধিসুতা, স্ত্রী. উদধি+সুতা] লক্ষ্মী।
উদন্ত, পুং. [উদ্+অন্ত] সংবাদ, সমাচার, বার্ত্তা, বৃত্তান্ত; সাধু; বৃত্তিযাজন।
উদন্তক, পুং. [উদন্ত+ক] সমাচার, বার্ত্তা।
উদন্তিকা, স্ত্রী. [উদ্+অন্ত+ইকা] তৃপ্তি, পরি-তোষ, সন্তোষ।
উদন্যা, স্ত্রী. [উদক+যা] পিপাসা, তৃষ্ণা।
উদন্বান্, পুং. [উদ+বৎ] সমুদ্র, পয়োধি, বারিধি।
উদপান, ন. পুং. [উদ+পান] পাতকুয়া, কূপ, গর্ত্ত; জলপান।
উদপেষ, পুং. [উদ+পেষ] জলপেষ, গো-ধূম সম্ভব, কাই, কলপ।
উদবজ্র, পুং.[উদ+বজ্র]জলবজ্র,জলপ্রণালী।
উদবসিত, ন. [উদ+বসিত] গৃহ, বাটী।
উদবাস, ন. [উদ+বাস] জলবাস, নদীকূলে বাসস্থান; জলকন্দর।
উদবাহন-উদভার, পুং. [উদ+বাহন-ভার] মেঘ, ঘন; বারিবাহক।
উদবিন্দু, পুং. [উদ+বিন্দু] জলবিন্দু।
উদম, (প্রা) অনাবৃত, খোলা, মুক্ত।

উদ্মাদা, (প্রা) নির্ব্বোধ, বুদ্ধিহীন, হবাগবা, অচতুর

উদমেঘ, পুং. [উদ+মেঘ] জলমেঘ।

উদয়, পুং. [উদ্+অয়] গ্রহদিগের উদ্গম; পূর্ব্বপর্ব্বত, উদয়াচল; সমুন্নতি; দীপ্তি; মঙ্গল; প্রাচী; অর্থাগম।

উদয়কাল, পুং. [উদয়+কাল] অরুণোদয়; সর্পবিশেষ। [উদয়াচল।

উদয়গিরি, পুং. [উদয়+গিরি] পূর্ব্বাচল,

উদয়ন, ন. [উদ্+অয়ন] উদয়,প্রকাশ হওন; ঊর্দ্ধগমন; (পুং.)অগস্ত্যমুনি; বৎসরাজ; উদয়নাচার্য্য, কুসুমাঞ্জলিগ্রন্থকর্ত্তা।

উদয়পর্ব্বত-উদয়াচল, পুং. [উদয়+পর্ব্বত+অচল] উদয়শৈল, উদয়াদ্রি, সূর্য্যোদয় স্থান।

উদয়াস্ত, পুং. [উদয়+অস্ত] দিনমান, উদয়াবধি অস্ত পর্য্যন্ত।

উদর, ন. [উদ্+অর] নাভি স্তনের মধ্যভাগ পিচিণ্ড, কুক্ষী, জঠর, তুন্দ, পেট; যুদ্ধ, সংগ্রাম, (পুং) উদররোগবিশেষ।

উদরক, ত্রি. [উদর+ক] কৌক্ষ, বাস্তেয়, তলপেট সম্পর্কীয়। [প্লীহ।

উদরগ্রন্থি, পুং. [উদর+গ্রন্থি] গুল্মরোগ,

উদরত্রাণ,ন.[উদর+ত্রাণ] উদরবন্ধ বস্ত্রাদি, অধোবন্ধন, নাগোদ।

উদরথি, পুং. [উদ + রথি] সমুদ্র; সূর্য্য।

উদরনাড়ী, স্ত্রী. [উদর+নাড়ী] অন্ত্র, ধমনী, নাড়ী।

উদরপিশাচ, ত্রি. [উদর+পিশাচ] সর্ব্বান্নখাদক, সর্ব্বান্নভক্ষক।

উদরপীড়া, স্ত্রী. [উদর+পীড়া] উদরাময় পেটেরপীড়া।

উদরবেদনা, স্ত্রী. [উদর+বেদনা] জঠরবেদনা, আমশূল, পেটব্যথা।

উদরব্যাধি, পুং. [উদর+ব্যাধি] উদর রোগবিশেষ।

উদরভঙ্গ, পুং. [উদর+ভঙ্গ] উদরাময় রোগ, অতিসার।

উদরম্ভরি, ত্রি. [উদরম্+ভরি] স্বোদর মাত্র পূরক; তৎপর্য্যায়।—কুক্ষিম্ভরি, আত্মম্ভরি, ঔদরিক, অম্মর, দেহম্ভর, ঘস্মর, প্রঘস, বহ্বাশী, আদ্যূন, গর্দ্ধী, লোল, লোলুপ, ভক্ষক, অত্যাহার, উদরপিশাচ, গৃধ্নু, জিঘৃক্ষু, বুভুক্ষু, গৃধ্নু, ভোজনপ্রিয়।

উদররোগ, পুং. [উদর+রোগ] জঠরব্যাধি বিশেষ, উদরী। [রস।

উদররস, পুং. [উদর+রস] উদরস্থিত পাচক

উদরশয়, ত্রি.[উদর+শয়]অধোবদন নিদ্রিত।

উদরসর্ব্বস্ব, ত্রি. [উদর+সর্ব্বস্ব] উদরপরায়ণ, পেটুক

উদরস্থ, ত্রি. [উদর + স্থ] জঠরস্থিত।

উদরাগ্নি, পুং. [উদর+অগ্নি]জঠরানল,জারকতাশক্তি। [কুক্ষি,তলপেট।

উদরাধোদেশ, পুং. [উদর+অধোদেশ]বস্তি,

উদরাবর্ত্ত, পুং.[উদর+আবর্ত্ত] নাভি,নাই।

উদরাবেষ্ট,পুং. [উদর+আবেষ্ট] নাড়ীকীট, নাড়ীজন্তু, ক্রমি।

উদরাময়, পুং. [উদর+আময়] রোগবিশেষ, তৎপর্য্যায়।—অন্নগন্ধি,অতিসার,গ্রহণী, আমাতিসার, প্রবাহিকা, সারণ, প্রস্কন্দন, বিরেক, আমরক্ত, উদরভঙ্গ, বসন্ত, গ্রহণীরুক্, উদরপীড়া, আমাশা, আমাশয়, পেটেরপীড়া, পেটচলা, উদররোগ, আমাশয়বিকার, আমরক্তবিকার, উদরভেদ, পেটনামানি।

উদরিণী, স্ত্রী. [উদরিন্+ঈ] গর্ভবতী, গুর্ব্বিণী; বৃহদুদরযুক্তা স্ত্রী।

উদরিল, ত্রি. [উদর+ইল] বৃহদুদরযুক্ত, ভুঁড়া তৎপর্য্যায়—পিচিণ্ডিল, বৃহৎকুক্ষি, তুন্দি, তুন্দিক, তুন্দিল, উদরী, পৃথূদর, বৃদ্ধনাভি, নাদাঁপেটা।

উদরী, ত্রি. [উদর+ইন্]উদরিল; জলোদরী।

উদরে, ব্য. [উদর+এ] অভ্যন্তরে, ভিতরে, মধ্যে।

উদর্ক, পুং. [উদ্+অর্ক] উত্তরকালোদ্ভব ফল, ভবিষ্যৎ কাল, ভাবি; মদনকণ্টক, ময়নাগাছের কাঁটা; লাভ, ফল।

উদর্চ্চিঃ, পুং. [উদ্+অর্চ্চিস্] অগ্নি; শিব; কন্দর্প; (ত্রি.) উৎপ্রভ, উচ্ছিখ, উজ্জ্বল।

উদর্দ, পুং. [উদ্+অর্দ] রোগবিশেষ, বিসর্প, দদ্রু।
উদর্দ্ধ-উদর্ধ, পুং. [উদ্+অর্দ্ধ] রোগবিশেষ।
উদলাবণিক, ত্রি. [উদ+লাবণিক] লবণোদক সংসিদ্ধ ব্যঞ্জনাদি; লবণীকৃত, লবণাক্ত। [ঘোল।
উদশ্বিৎ, ন. [উদ+শ্বিৎ] অর্দ্ধজলযুক্ত
উদস্ত, ত্রি. [উদ্+অস্ত] উৎক্ষিপ্ত; দূরীকৃত; লজ্জিত। [কুটাহ
উদস্থালী, স্ত্রী. [উদ+স্থালী] পিঠর, কন্দু,
উদহার, পুং. [উদ+হার] মেঘ; বারিবাহক।
উদাজ, পুং. [উদ+অজ] অগ্রজ, অগ্রণী।
উদাত্ত, পুং. [উদ্+আত্ত] স্বরভেদ; বেদগানের উচ্চৈঃস্বর; দান; বাদ্যবিশেষ; কাব্যালঙ্কার ভেদ; (ত্রি.) স্বরিত; দয়াত্যাগাদিসম্পন্ন; হৃদ্য; দাতৃ; মহৎ
উদান, পুং. [উদ্+আন] কণ্ঠস্থবায়ু; উদরাবর্ত্ত, নাভি; সর্পবিশেষ; পক্ষ্ম।
উদাবৎসর, পুং. [উদ্+আবৎসর] সংবৎসরাদি পঞ্চান্তর্গত বৎসর বিশেষ।
উদাবর্ত্ত, পুং. [উদ্+আবর্ত্ত] রোগবিশেষ, গুদগ্রহ; মল মূত্র বায়ুরোধক রোগ; জলের পাকুনা।
উদাযুধ, ত্রি. [উদ্+আয়ুধ] আঘাত নিমিত্ত অস্ত্রাত্তোলন।
উদার, ত্রি. [উদ্+আর] দাতা; মহান্; ঋজ্বাশয়, দক্ষিণ, সরল।
উদারচেতাঃ, ত্রি. [উদার+চেতস্] মহাত্মা, মহামতি। [য়তা।
উদারতা, স্ত্রী. [উদার+তা] সরলতা, ঋজ্বাশ-
উদারত্ব, ন. [উদার+ত্ব] দাতৃত্ব, দানশীলত্ব।
উদারসংজ্ঞক, ত্রি. [উদার+সংজ্ঞক] দ্ব্যর্থ প্রকাশক, অস্পষ্টার্থ। [মহাশয়।
উদারসত্ত্ব, ত্রি. [উদার+সত্ত্ব] শূর, বলবান;
উদারা, (প্রা) ঘোঙ্গরা স্বর।
উদারাখ্যা, ত্রি; [উদার+আখ্যা] ঘোরার্থ, অস্পষ্ট।
উদাস, পুং. [উদ্+আস] উৎক্ষেপ; উদ্ভাব; ঔদাস্য, ইন্দ্রিয়াসঙ্গ; ব্যাকুলতা; (ত্রি.) ঔদাস্যযুক্ত, ইন্দ্রিয়ানধীন।
উদাসচিত্ত, ত্রি. [উদাস+চিত্ত] বিবিক্ত,নিরানন্দ; শান্তচিত্ত, বিরাগচিত্ত।
উদাসিতা-উদাসী, ত্রি. [উদ্+আসিতৃ-আসিন্] ইন্দ্রিয়ানধীন, কামক্রোধাদ্যনধীন, জিতেন্দ্রিয়, নির্ম্মম; (পুং.) [উদাস+ঈ] বৈরাগী, ভিক্ষুক, দণ্ডীবিশেষ।
উদাসীন, পুং. [উদ্+আসীন] পরতর, বিদেশী; পারক্য; সন্ন্যাসী, পরিব্রাজক; (ত্রি.) বিগতস্পৃহ, নিরুৎসুক।
উদাসিনী, স্ত্রী. [উদাসিন্+ঈ] বৈরাগ্যযুক্তা স্ত্রী, সন্ন্যাসিনী; বিদেশিয়া।
উদাস্থিত, পুং. [উদ্+আস্থিত] চর; দ্বারপাল; অধ্যক্ষ; প্রব্রজ্যাবসিত, নষ্টসন্ন্যাস; (ত্রি.) অধিকৃত।
উদাহরণ, ন. [উদ্+আহরণ] দৃষ্টান্ত, নিদর্শন, উপোদ্ঘাত, উদাহার, সমুদাহরণ, উৎপ্রেক্ষণ, উদ্দেশ, ব্যাখ্যা, প্রদর্শক, প্রতীক, লক্ষ্য, উপমা।
উদাহার, পুং. [উদ্+আহার] দৃষ্টান্ত, উদাহরণ, নিদর্শন; অচিন্তা।
উদাহৃত, ত্রি. [উদ্+আহৃত] উৎপ্রেক্ষিত, উক্ত, কথিত, ভাষিত, গদিত, লপিত, প্রোক্ত, ভণিত।
উদাহর্ত্তা, পুং. [উদ্+আহর্ত্তৃ] দৃষ্টান্তকারী, উদ্দেশক, নিদর্শনকৃৎ।
উদিত, ত্রি. [উদ্+ইত] বদ্ধ; উদ্গত; প্রাপ্তোদয়, উত্থিত; প্রকাশিত; (বদ+ত) কথিত, উক্ত। [দয়কাল।
উদিতকাল, পুং. [উদিত+কাল] সূর্য্যো-
উদিতোদিত, পুং. [উদিত+উদিত] শাস্ত্রজ্ঞ, শাস্ত্রবেত্তা, পণ্ডিত।
উদিন, (প্রা) রাগিণীবিশেষ।
উদীচী, স্ত্রী. [উদচ্+ঈ] উত্তরদিক। [বস্তু।
উদীচীন, ত্রি. [উদীচী+ঈন]উত্তরদিগ্জা-
উদীচ্য, পুং. [উদীচী+য] শরাবতী নদীঃ পশ্চিমোত্তর দেশ; উত্তরকালেবিহিত (ন.) বালনাম গন্ধদ্রব্য, বালা।
উদীচ্যবৃত্তি, স্ত্রী. [উদীচ্য+বৃত্তি] ছন্দোবিশেষ। [বাক্য
উদীরণ, ন. [উদ্+ঈরণ] কথন, উচ্চারণ

উদীরিত, ত্রি. [উদ্+ঈরিত] উচ্চারিত, উক্ত, কথিত। [শ্রেষ্ঠ।
উদীর্ণ, ত্রি. [উদ্+ঋর্ণ] উদার; মহান্‌,
উদীর্ণবেগ, ত্রি. [উদীর্ণ+বেগ] মহাবেগ, ভীমবেগ।
উদীর্য্য, ত্রি. [উদ্+ঈর্য্য] কথিতব্য, বক্তব্য।
উদীক্ষণ, ত্রি. [উদ্+ঈক্ষণ] ঊর্দ্ধদৃষ্টি।
উদুখল, পুং [উদু+খল] উদূখল, উখ্‌লি।
উদুজাতি, স্ত্রী. [উদু+জাতি] লতাবৃক্ষবিশেষ।
উদুম্‌ধুমা, (প্রা) গ্রাম্য, অসভ্য, অবোধ; * স্থূলকায়, মোটা।
উদুম্বর, পুং. [উদুম্+বর] উডুম্বর বৃক্ষ, যজ্ঞডুমুর, তৎপর্য্যায়।—ক্ষীরবৃক্ষ, হেমদুগ্ধ, সদাফল, কালস্কন্ধ, যজ্ঞযোগ্য, যজ্ঞীয়, সুপ্রতিষ্ঠিত, শীতবল্ক, জন্তুফল, পুষ্পশূন্য, পবিত্রক, সৌম্য, শীতফল; কুষ্ঠবিশেষ; দেহলী; গোবরাটের নীচের কাঠ; পণ্ডক, নপুংসক; তাম্র।
উদুম্বরদলা, স্ত্রী. [উদুম্বর+দলা] দন্তীবৃক্ষ।
উদুম্বরপর্ণী, স্ত্রী. [উদুম্বর+পর্ণী] উডুম্বরপর্ণী, দন্তিকাবৃক্ষ।
উদূখল, ন. [উদূ+খল] গুগ্‌গুলু; (পুং.ন.) তণ্ডুল কণ্ডনার্থ কাষ্ঠ নির্ম্মিত পাত্র, উখলি, উলূখল, উডুখল, মর্দ্দনপাত্র।
উদূঢ়, ত্রি. [উদ্+ঊঢ়] ঊঢ়, কৃতবিবাহ; স্থূল; অতিশয়। [জনীয়।
উদেজয়, ত্রি. [উদ্+এজয়] উদ্বেগী, উদ্বে-
উদ্গত, ত্রি. [উদ্+গত] উদ্বান্ত, ছর্দ্দিতবস্তু, ঊর্দ্ধগত; উদিত; বর্দ্ধিত। [বাস।
উদ্গতবাষ্প, পুং. [উদ্গত+বাষ্প] উদ্গার,
উদ্গতা, স্ত্রী [উদ্গত+আ] ছন্দোবিশেষ।
উদ্গতাসু, ত্রি. [উদ্গত+অসু] গতাসু, গতপ্রাণ, পরাসু, প্রেতীভূত, মৃত।
উদ্গতি, স্ত্রী. [উদ্+গতি] ঊর্দ্ধগতি।
উদ্গম, পুং. [উদ্+গম] ঊর্দ্ধগমন; উদয়; বৃদ্ধি; জ্ঞান। [বৃদ্ধি।
উদ্গমন, ন. [উদ্+গমন] ঊর্দ্ধগমন, উঠন,
উদ্গমনীয়, ত্রি. [উদ্+গমনীয়] ঊর্দ্ধগমনীয়; (ন.) ধৌতবস্ত্রদ্বয়; ধোয়াযোড়।

উদ্গাঢ়, ন. [উদ্+গাঢ়] অতিশয়, প্রাচুর্য্য; (ত্রি.) অধিক, অত্যন্ত, অতিরিক্ত।
উদ্গাতা, পুং. [উদ্+গাতৃ] সামবেদজ্ঞ, সামবেদবেত্তা ব্রাহ্মণ।
উদ্গার, পুং. [উদ্+গৃ+অ] উদ্বমন, বম, বমথু; শব্দ; কণ্ঠগর্জ্জন, ঢেকুর; নাগবায়ুকর্ম্ম। [গর্জ্জন
উদ্গারণ, ন. [উদ্+গারণ] বমন; কণ্ঠ-
উদ্গীত, ত্রি. [উদ্+গীত] উচ্চৈঃস্বরেগীত।
উদ্গীতি, ন. [উদ্+গীতি] ছন্দোবিশেষ।
উদ্গীথ, পুং. [উদ্+গীথ] সামবেদাংশ; প্রণব; সামবেদধ্বনি; সামগান, সামবেদের দ্বিতীয় অধ্যায়।
উদ্গীরণ, ন. [উদ্+গীরণ] বমন, উৎক্ষেপণ, ছর্দ্দন, ঊর্দ্ধশোধন, উদ্গারকরণ।
উদ্গীর্ণ, ত্রি. [উদ্+গীর্ণ] উদ্গত, উত্থিত, উন্নত, বান্ত।
উদ্গূর্ণ, ত্রি. [উদ্+গূর্ণ] উদ্যত; প্রবৃত্ত; ঊর্দ্ধকৃত; উত্তোলাধৃতবস্ত্রাদি। [রচন।
উদ্গ্রন্থন, ন. [উদ্+গ্রন্থন] গঠন, নির্ম্মাণ
উদ্গ্রহ-উদ্গ্রহণ, পুং.ন. [উদ্+গ্রহ+গ্রহণ] গ্রহণ, প্রতিগ্রহণ; প্রাপ্য, সাধ্য, সম্ভাব্য, শক্য।
উদ্গ্রাহ, পুং. [উদ্+গ্রাহ] ঊর্দ্ধেগ্রহণ; বিদ্যাবিচার।
উদ্গ্রাহিত, ত্রি. [উদ্+গ্রাহিত] উদীর্ণ; বদ্ধ, গ্রাহিত, উপন্যস্ত।
উদ্ঘ, পুং. [উদ্+ঘ] প্রশস্ত, প্রকাণ্ড।
উদ্ঘন, পুং. [উদ্+ঘন] কাষ্ঠচ্ছেদনাধার, কাষ্ঠ, পরকাষ্ঠ। [পরিমার্জ্জন।
উদ্ঘর্ষণ, ন. [উদ্+ঘর্ষণ] গাত্রাদিঘর্ষণ,
উদ্ঘস, ন. [উদ্+ঘস] মাংস, পলল।
উদ্ঘাট, পুং. [উদ্+ঘাট] গৃহভেদ, চৌকিরঘর, থানা।
উদ্ঘাটক, ন. [উদ্+ঘাট+ক] কূপেরজল উত্তোলনার্থ যন্ত্রবিশেষ, ঘটীযন্ত্র; উন্মোচক; চাবি।
উদ্ঘাটন, ন. [উদ্+ঘাটন] কূপেরজল উত্তোলনার্থ রজ্জুসহিত ঘট, ঘটীযন্ত্র; উত্তোলন, মোচন, খসান।

উদ্ঘাটিত, ত্রি. [উদ্+ঘাটিত] কৃতোদ্ঘাটন, মুক্ত, খোলা, খসান।

উদ্ঘাটিতজ্ঞ, ত্রি. [উদ্+ঘাটিত+জ্ঞ] প্রাজ্ঞ; বিজ্ঞ; ধীর।

উদ্ঘাত, পুং. [উদ্+ঘাত] আরম্ভ; শস্ত্র; গ্রন্থপরিচ্ছেদ; পাদস্খলন; সমুপক্রম; পবনাভ্যাস যোগদ্বারা কুম্ভকাদি ত্রয়; মুদ্গর; আঘাত, অস্ত্রাঘাত; (ত্রি.) উত্তুঙ্গ, উচ্চ। [স্বাস্থ্য।

উদ্ঘুষ্ট, ত্রি. [উদ্+ঘুষ্ট] ধ্বনিত, শব্দিত,

উদ্ঘূর্ণন, ন. [উদ্+ঘূর্ণন] ঘূর্ণন, ঊর্দ্ধে, ঘোরণ।

উদ্দংশ, পুং. [উদ্+দংশ] কীটবিশেষ, দংশককীট; মৎকুণ, কোণকুণ, কিটিভ, উৎকুণ।

উদ্দণ্ড, ত্রি. [উদ্+দণ্ড] উচ্চযষ্টি,প্রশস্তদণ্ড।

উদ্দণ্ডপাল,পুং. [উদ্+দণ্ডপাল] সর্পবিশেষ; মৎস্যভেদ; দণ্ডনায়ক, শাসক।

উদ্দন্তুর, ত্রি. [উদ্+দন্তুর] উত্তুঙ্গ, উচ্চ; করাল, ভয়ানক; উৎকট দন্তবিশিষ্ট, বৃহৎ দন্তযুক্ত।

উদ্দান, ন. [উদ্+দান] বন্ধন; চুল্লী; বাড়বাগ্নি; মধ্য; লগ্ন; দমন।

উদ্দান্ত, ত্রি. [উদ্+দান্ত] নম্র, বিনীত, বিনত; উদ্যোগী, উৎসাহী; উদ্বান্ত।

উদ্দাম, ত্রি. [উদ্+দাম] বন্ধনরহিত, উন্নদ্ধ, অবদ্ধ, অবন্ধন, অনর্গল; স্বতন্ত্র, অবাধিত, স্বাধীন, মুক্ত; মহান্, মহৎ, প্রধান; প্রৌঢ়; (পুং.) বরুণ, জলেশ্বর।

উদ্দাল, পুং. [উদ্+দাল] বহুবারক বৃক্ষ; বনকোদ্রব। [মুনিবিশেষ।

উদ্দালক, পুং. [উদ্দাল+ক] বহুবারকবৃক্ষ;

উদ্দিত, ত্রি. [উদ্+দিত] বদ্ধ, নির্বদ্ধিত।

উদ্দিন, ন. [উদ্+দিন] মধ্যাহ্ণ, দিনমধ্য।

উদ্দিশ্য, ব্য. [উদ্+দিশ্য] লক্ষ্য, অভিপ্রেত, প্রতীক্ষ্য।

উদ্দিষ্ট, ত্রি. [উদ্+দিষ্ট] নির্দ্দিষ্ট, নিরুক্ত, ব্যাখ্যাত, বিবৃত, বর্ণিত।

উদ্দীপ, ন. [উদ্+দীপ] গুগ্গুলু; (পুং.) দীপন, দীপ্তি।

উদ্দীপক, ত্রি. [উদ্+দীপক] উদ্দীপনকর্ত্তা; প্রকাশকর্ত্তা; ব্যক্তকারক; সোদ্মকারী।

দীপন, ন. [উদ্+দীপন] প্রকাশন, বিকাশন, দ্যুতি,উদ্দ্যোত; জ্বলন; উত্তাপন; বিভাববিশেষ।

উদ্দীপ্ত-উদ্দীপিত, ত্রি. [উদ্+দীপ্ত-দীপিত] প্রকাশিত, বিকাশিত; তাপিত।

উদ্দীপ্র, ন. [উদ্+দীপ+র] গুগ্গুলু।

উদ্দেশ, পুং. [উদ্+দেশ] উদাহরণ, নিদর্শন, দৃষ্টান্ত; অনুসন্ধান, অন্বেষণ; আশ্রব, অভ্যুপগম; লক্ষ্য, অভিসন্ধি; তত্ত্ব; (ত্রি.) বিষয়ক, সম্বন্ধী।

উদ্দেশক, ত্রি. [উদ্দেশ+ক] উদ্দেশকর্ত্তা; উদাহরণ; অনুসন্ধানকর্ত্তা; প্রশ্নকারক।

উদ্দেশতঃ, ব্য. [উদ্দেশ+তস্] উদ্দিশ্য, সমর্ম্মভেদ।

উদ্দেশ্য, ত্রি. [উদ্+দেশ্য] উদ্দেষ্টব্য, উদ্দেশনীয়, প্রয়োজন, অন্বেষণীয়, লক্ষ, তাৎপর্য্য; (ন.) কারণ, নিমিত্ত, হেতু।

উদ্দেষ্টা, পুং. [উদ্+দেষ্টৃ] অনুসন্ধান কারক, অন্বেষক, চেষ্টাকারক।

উদ্দেহিকা,স্ত্রী. [উদ্+দেহিকা] কীটবিশেষ, উপজিহ্বিকা,উৎপাদিকা, দিবী, বটি।

উদ্দ্রাব, পুং. [উদ্+দ্রাব]পলায়ন, প্রস্থান।

উদ্দ্যোত, পুং. [উদ্+দ্যোত]প্রকাশ, দীপ্তি, প্রভা, আলোক, জ্যোতি, দ্যুতি, আভা, দ্যোত।

উদ্দ্রুত, ত্রি. [উদ্+দ্রুত] পলায়িত, বিদ্রুত।

উদ্ধত, পুং. [উদ্+হত] রাজমল্ল, উৎসিক্ত; (ত্রি.) অবিনীত, দুরন্ত, ধৃষ্ট, দুষ্ট, স্বৈরাচারী, অন্য মনস্ক।

উদ্ধতমনস্ক-উদ্ধতমনাঃ, ত্রি. [উদ্ধত+মনস্ক-মনস্] গর্ব্বী, অহঙ্কারী, দর্পান্বিত, সাভিমান। [অভিমান।

উদ্ধতমনস্কত্ব, ন. [উদ্ধত+মনস্ক+ত্ব] গর্ব্ব,

উদ্ধতামি, ত্রি. [উদ্ধত+অমি] ধৃষ্টতা, প্রগল্ভতা, অশিষ্টতা।

উদ্ধব, পুং. [উদ্+ধব-হব] উৎসব, আনন্দ; যজ্ঞাগ্নি; যাদববিশেষ; কৃষ্ণেরপ্রিয়সখা, বৃহস্পতিরশিষ্য, বৃষ্ণিবংশের মন্ত্রী।

উদ্ধম, ত্রি. [উদ্+ধম] বিকাশী, ফুল্লবান্।
উদ্ধয়, ত্রি. [উদ্+ধয়] পেয়, পানীয়।
উদ্ধর, ত্রি. [উদ্+হর] উপ, উন্নত।
উদ্ধরণ, ত্রি. [উদ্+হরণ] উদ্ধার, মুক্তি, ত্রাণ; বান্তান্ন, বমনান্ন; উন্মূলন।
উদ্ধরণীয়, ত্রি. [উদ্+হরণীয়] মোচনীয়; উদ্ধারযোগ্য; উন্মূলনীয়।
উদ্ধর্ত্তব্য, ত্রি. [উদ্+হর্ত্তব্য] মুক্তকরণীয়, রক্ষাকরণযোগ্য।
উদ্ধর্ত্তা, ত্রি. [উদ্+হর্ত্তৃ] উত্থাপক; বিভাগ কারী; উদ্ধারক। [মহানন্দ।
উদ্ধর্ষ, পু. [উদ্+হর্ষ] উৎসব, আনন্দ;
উদ্ধর্ষণ, ন. [উদ্+হর্ষণ] রোমাঞ্চ, পুলকোদ্গম।
উদ্ধান, ন. [উদ্+ধান] উধ্মান, চুল্লী; (ত্রি.) উদ্গাত, বমিত।
উদ্ধান্ত, পুং. [উদ্+ধান্ত] নির্ম্মদ হস্তী, মদশূন্য হাতী, উদ্বান্ত (ত্রি.) উদ্গাত
উদ্ধার, পুং. [উদ্+ধার] ঋণ, ধার; উদ্ধৃতি; অংশ; উত্তোলন; রক্ষণ; ত্রাণ, মোচন; অধিক ভাগ; (ন.) উদ্ধান, উনান্।
উদ্ধারক, ত্রি. [উদ্+ধারক] উত্থাপক; (পুং.) ত্রাতা, মোক্ষক।
উদ্ধারণ, ন. [উদ্+ধারণ] উদ্ধারকরণ, উত্তোলন; মোচন; অংশ।
উদ্ধারবিভাগ, পুং. [উদ্ধার+বিভাগ] বণ্টন, বিভাগ, বিভাজন, অংশন।
উদ্ধারা, স্ত্রী. [উদ্+ধারা] গুড়ূচী। [চিত।
উদ্ধারিত, ত্রি. [উদ্+ধারিত]উদ্ধৃত, বিমো-
উদ্ধার্য্য, ত্রি. [উদ্+ধার্য্য] উদ্ধার করিবার যোগ্য। [স্থূল; দৃঢ়।
উদ্ধুর, ত্রি. [উদ্+ধুর] ভারী, ভারবান্;
উদ্ধুত, ত্রি. [উদ্+ধুত] উৎক্ষিপ্ত, নির্ধূত।
উদ্ধূনন, ন. [উদ্+ধূনন] একত্রে এলা লবঙ্গ কর্পূর কস্তূরী মরিচ ত্বচচূর্ণ। [হর্ষ।
উদ্ধূষণ, ন. [উদ্+ধূষণ] রোমাঞ্চ, লোম-
উদ্ধৃত, ত্রি. [উৎ+ধৃত] কৃতউদ্ধারণ, তোলা, উত্থিত; উৎক্ষিপ্ত; পরিভুক্তোজ্ঝিত: রক্ষিত; ধরা।
উদ্ধ্মান, ন. [উদ্+ধ্মান] চুল্লী, উনান
উদ্ধ্য, পুং. [উদ্ধ্+য] নদ।
উদ্বৎসর, পুং. [উদ্+বৎসর] বৎসর, বর্ষ।
উদ্বদ্ধ, ত্রি. [উদ্+বদ্ধ] উর্দ্ধেবদ্ধ, টাঙ্গা।
উদ্বন্ধন, ন. [উদ্+বন্ধন্] উর্দ্ধবন্ধন, গলদেশে রজ্জুদ্বারাবন্ধন, ফাঁসীদেওন, টাঙ্গান
উদ্বন্ধনমৃত, ত্রি. [উদ্বন্ধন+মৃত] গলায় রজ্জুদ্বারা প্রাণত্যাগ।
উদ্বমন, ন. [উদ্+বমন] উদ্গীরণ, বমিকরণ, ন্যাক্কারকরণ, তুলিয়া ফেলন।
উদ্বর্ত্ত, ত্রি. [উদ্+বর্ত্ত] অতিরিক্ত, উপচিত, উদ্রিক্ত, উৎসিক্ত; অবশিষ্ট, অবশেষ; (পুং.) উদ্বৃত্ত, পরভাগ, বাড়তি; ব্যয়ানন্তর অবশিষ্ট থাকন, অধিক হওন।
উদ্বর্ত্তক, পুং. [উদ্+বর্ত্তক] শরীরের মলাপকর্ষক; বৃদ্ধিকারক
উদ্বর্ত্তন, ন. [উদ্+বর্ত্তন] উৎপতন; বিলেপন; ঘর্ষণ; পেষণ; উদ্ভেদ; কুব্যবহার; শরীরমার্জ্জন নিমিত্ত গন্ধদ্রব্যাদি, উৎসাদন।
উদ্বর্ত্তিত, ত্রি. [উদ্+বর্ত্তিত] পরিমলিত সুগন্ধিত; রক্ষিত, ব্যয়াবশিষ্ট।
উদ্বর্দ্ধন, ন. [উদ্+বর্দ্ধন] অন্তর্হাস,উচ্চঘন।
উদ্বর্হিত, ত্রি. [উদ্+বর্হিত] উদ্ধৃত, উৎপাটিত, উৎকর্ষিত, উদ্বাহিত।
উদ্বহ, পুং. [উদ্+বহ] সন্তান; সপ্তপ্রকার বায়ুর অন্তর্গত বায়ুবিশেষ, প্রাণ বায়ু; অধিপতি; (ত্রি.) উত্তম।
উদ্বহন, ন. [উদ্+বহন] বিবাহ, পরিণয়।
উদ্বহা, স্ত্রী. [উদ্বহ+আ] কন্যা, পুত্রী।
উদ্বান, ত্রি. [উদ্+বান] অদ্বমিত, উদ্বান্ত
উদ্বান্ত, ত্রি. [উদ্+বান্ত] বমিতবস্তু, ন্যাক্কার করা, উদ্গাত; (পুং.) নির্ম্মদহস্তী।
উদ্বাস, পুং. [উদ্+বাস] অবশিষ্ট, শেষ, অবশেষ, পরিশিষ্ট; প্রবাস, গৃহভঙ্গ।
উদ্বাসন, ন. [উদ্+বাসন] মারণ, বধ, হনন; পরিত্যাগ; নির্বাসন।

উদ্বাহ, পুং. [উদ্‌+বাহ] বিবাহ, প য়, দারক্রিয়া; বহন; দুইবার চসাক্ষেত্র

উদ্বাহন, ন. [উদ্‌+বাহন] বিবাহ, পরিণয়ন, পাণিগ্রহণ; দ্বিসীত্য, দুইবার চসা ক্ষেত্র, উদ্বেজন; আধি।

উদ্বাহনী, স্ত্রী. [উদ্বাহন+ঈ] বরাটক, কপর্দ্দক, কড়ী।

উদ্বাহার্হ, ত্রি. [উদ্বাহ+অর্হ] বিবাহযোগ্য।

উদ্বাহিক, ত্রি. [উদ্বাহ+ইত] উদ্বাহসম্বন্ধী।

উদ্বাহিত, ত্রি. [উদ্‌+বাহিত] উদ্বর্হিত, বিবাহিত; উদ্ধৃত।

উদ্বাহিনী, স্ত্রী. [উদ্‌+বাহিনী] রজ্জু।

উদ্বাহু, ত্রি. [উদ্‌+বাহু] উর্দ্ধবাহু,উন্নতহস্ত।

উদ্বাহুলক, ন. [উদ্‌+বাহুলক] উর্দ্ধীকৃত বাহু। [যোগ্য।

উদ্বাহ্য, ত্রি. [উদ্‌+বাহ্য] বিবাহ্য, বিবাহ

উদ্বিগ্ন, ত্রি. [উদ্‌+বিগ্ন] উদ্বেগযুক্ত, উৎকণ্ঠিত, ভাবিত, ভাবনান্বিত।

উদ্বিগ্নচিত্ত-উদ্বিগ্নমনাঃ, ত্রি. [উদ্বিগ্ন+চিত্ত-মনস্‌] সচিন্তান্তর, ভাবনান্বিতমনঃ।

উদ্বিড়াল, (প্রা) জলমার্জ্জার, উদ্র, জলনকুল, নীরাখু।

উদ্বীক্ষণ, ন.[উদ্‌+বীক্ষণ] উর্দ্ধদৃষ্টি, উন্মুখ।

উদ্বুদ্ধ, ত্রি. [উদ্‌+বুদ্ধ] বিকসিত, প্রকাশিত; প্রত্যভিজ্ঞাত; প্রতিবুদ্ধ।

উদ্বুদ্ধসংস্কার, পুং. [উদ্বুদ্ধ+সংস্কার] মনোগত, ভাবগত, স্বাভাবিক।

উদ্বৃত্ত, ত্রি.[উদ্‌+বৃত্ত] অবশিষ্ট; অধিক, অতিরিক্ত; উত্তলিত; পরিভুক্তোজ্ঝিত; দুর্বৃত্ত; উদ্ভ্রান্ত; উৎক্ষিপ্ত।

উদ্বেগ, ন. [উদ্‌+বেগ] গুবাকফল; (পুং.) উদ্বেজন, তৎপর্য্যায়।—উদ্ভ্রম, উৎক, অনুশয়, দুঃখ, ব্যগ্রতা, বৈকল্য, বিপ্লব, চিন্তা; চমৎকার; বিরহজন্য দুঃখ; ভয়; উদ্বাহুলক; উদ্গমন; (ত্রি.) স্তিমিত; শীঘ্রগামী; উর্দ্ধবাহু।

উদ্বেগকর, ত্রি. [উদ্বেগ+কর] ভাবনাজনক, চিন্তাকর।

উদ্বেগী, ত্রি. [উদ্বেগ++ইন্‌] আকুলিত পারিপ্লব, ব্যস্ত।

উদ্বেজক, ত্রি. [উদ্‌+বেজক] আতায়িক, ক্লেশদ। [বিরক্তি।

উদ্বেজন, ন. [উদ্‌+বেজন] উদ্বেগ, চিন্তা,

উদ্বেজিত, ত্রি. [উদ্‌+বেজিত] উদ্বিগ্ন, চিন্তিত; ক্লেশিত, ক্লিষ্ট; বিরক্ত।

উদ্বেষ্ট, ত্রি. [উদ্‌+বেষ্ট] পরিবেষ্টিত, পরিবৃত; (পুং.) পরিবেষ্টন, ব্যাবর্ত্তন।

উদ্বেষ্টিত, ত্রি. [উদ্‌+বেষ্টিত] পরিবৃত, বেষ্টিত।

উদ্বোধ, পুং. [উদ্‌+বোধ] কিঞ্চিৎজ্ঞান, প্রত্যভিজ্ঞান; উদয়, প্রকাশ, আবির্ভাব।

উদ্বোধক, ত্রি. [উদ্‌+বোধক] স্মারক, স্মৃতিজনক, উপলক্ষক, প্রকাশক, জ্ঞাপক; (পুং.) স্মরণকারী, স্মারণ, স্মারক, প্রবোধক, প্রত্যাদেশক।

উদ্বোধন, ন. [উদ্‌+বোধন] স্মরণ চিহ্ন; জ্ঞাপন, স্মরণ।

উদ্ভট, পুং. [উদ্‌+ভট্] কচ্ছপ; সূর্য্য; (ত্রি.) প্রবর, শ্রেষ্ঠাশয়, তৎপর্য্যায়।—উদার, মহেচ্ছ, উদাত্ত, উদীর্ণ, মহাশয়, মহামনা, মহাত্মা; অলিখিত শ্লোক, অপ্রসিদ্ধ কবিকর্ত্তৃক রচিত শ্লোক; গ্রন্থাতীত; সম্প্রদত্ত।

উদ্ভব, পুং. [উদ্‌+ভব] জন্ম, তৎপর্য্যায়। উৎপত্তি, সম্ভব, জন্ম, ভব, জনি, জনন, জনিমা, উৎপাদন, সম্ভূতি, রূঢ়ি, উদ্ভূত, জাতি, উদ্গম।

উদ্ভবকর, ত্রি. [উদ্ভব+কর] উৎপাদক, জনক। [সময়।

উদ্ভবকাল, ন. [উদ্ভব+কাল] উৎপন্ন

উদ্ভাব, পুং. [উদ্‌+ভাব] উষ্মা, তাপ, বাষ্প; জন্ম, উৎপত্তি।

উদ্ভাবন, ন. [উদ্‌+ভাবন] অনবধান, প্রমাদ্য; অতিচার।

উদ্ভাস, পুং. [উদ্‌+ভাস] প্রভা, দীপ্তি, তেজস্‌, প্রকাশতা।

উদ্ভাসিত, ত্রি. [উদ্‌+ভাসিত] উদ্দীপিত, ত। [দ্যুতিমান

উদ্ভাসিন, ত্রি. [উদ্‌+ভাসিন] প্রকাশমান,

উদ্ভিজ্জ, ত্রি. [উদ্+ভিজ্] উদ্ভিজ্জ।

উদ্ভিজ্জ, ত্রি. [উদ্ভিদ্+জ] উদ্ভিদ্জাত-মাত্র, তরুগুল্মাদি।

উদ্ভিৎ, ত্রি. [উদ্+ভিদ্] উদ্ভিজ্জ, অঙ্কুরিত, প্ররোহিত; উহা পঞ্চপ্রকার যথা। বৃক্ষ; গুল্ম; লতা; বল্লী; তৃণ; পর্ব্বত।

উদ্ভিদ্, ত্রি. [উদ্+ভিদ্] তরুগুল্মাদি, উদ্ভিৎ, উদ্ভিজ্জ, উদ্ভিজ্জ, অঙ্কুরিত, (ন.) পাংশুলবণ, পাঙালোন।

উদ্ভিদ্বিদ্যা, স্ত্রী. [উদ্ভিদ্+বিদ্যা] বৃক্ষলতাতৃণাদি বিদ্যা, বৃক্ষায়ুর্ব্বেদ।

উদ্ভিন্ন, ত্রি. [উদ্+ভিন্ন] ভেদিত, বিদ্ধ; বিকশিত, ব্যাকোশ।

উদ্ভূত, ত্রি. [উদ্+ভূত] উৎপন্ন, জাত, উৎপাদিত, প্রসূত।

উদ্ভূতরূপ, ন. [উদ্ভূত+রূপ] নয়নগোচর হইবার যোগ্য রূপ, দৃষ্টিগোচরবর্ণ।

উদ্ভ্রম, পুং. [উদ্+ভ্রম] ভ্রান্তি, উদ্বেগ, চিন্তা; আবৃত্তি, ভ্রমণ।

উদ্ভ্রান্ত, ন. [উদ্+ভ্রান্ত] বাহুমুদ্যম্য মণ্ডলাকার খড়্গভ্রামণ, শীঘ্র পরিবর্ত্তিত, ভ্রান্ত।

উদ্য, পুং. [উদ্+য] নদ।

উদ্যত, পুং. [উদ্+যত] গ্রন্থপরিচ্ছেদ; (ত্রি.) উত্তোল্য ধৃতবস্ত্রাদি; উদ্যত শস্ত্রাদি, উদ্গূর্ণ; উত্তোলিত, উত্থাপিত, উত্থিত, সমুদ্যুক্ত, প্রস্তুত; অনুনীত।

উদ্যম, পুং. [উদ্+যম] উদ্যোগ, তৎপর্য্যায়।—গুরণ, গূরণ, গোরণ, উৎসাহ, অধ্যবসায়, চেষ্টা, যত্ন, প্রয়াস।

উদ্যমব্যাঘাত-উদ্যমভঙ্গ, পুং. [উদ্যম+ব্যাঘাত+ভঙ্গ] আশাভঙ্গ, চেষ্টা ধ্বংস, অনুৎসাহ।

উদ্যমী, ত্রি. [উদ্যম+ইন্] উদ্যোগী, উৎসাহী; সতর্ক।

উদ্যান, ন. [উদ্+যান] পুষ্পফলোপচয় হেতু ভূভাগ, পুষ্পবাটিকা, বাগান; নিঃসয়ণ, প্রয়োজন। অস্য পর্য্যায় উপবন শব্দদ্রষ্টব্য। [শাকাদি।

উদ্যানজ, ত্রি. [উদ্যান+জ] উদ্যানোদ্ভিদ্,

উদ্যানকর্ষণ, ন. [উদ্যান+কর্ষণ] পুষ্পফলোৎপত্তি কর্ম্মকরণ।

উদ্যানপাল-উদ্যানপালক, পুং. [উদ্যান+পাল-ক] উদ্যানরক্ষক, মালী।

উদ্যাপন, ন. [উদ্+যাপন] ব্রতাদি নিষ্পাদন, সম্পাদন।

উদ্যাব, পুং. [উদ্+যাব] মিশ্রণ, সংযোজন, যোগ।

উদ্যোত, পুং. [উদ্+দ্যোত] আলোক, জ্যোতিঃ, দীপ্তি।

উদ্যুক্ত, ত্রি. [উদ্+যুক্ত] উদ্যমযুক্ত, উৎসাহী, যত্নবান্, সম্প্রবৃত্ত।

উদ্যোগ, পুং. [উদ্+যোগ] যত্ন, চেষ্টা, উৎসাহ, অধ্যবসায়, উদ্যম, প্রয়াস, আয়োজন।

উদ্যোগী, ত্রি. [উদ্যোগ+ইন্] উদ্যোগ বিশিষ্ট, উদ্যুক্ত, উদ্যমী।

উদ্র, [উদ্+র] জলমার্জ্জার, উদ্বিড়াল।

উদ্রঙ্ক, পুং. [উদ্+দ্রঙ্ক] পুরবিশেষ, উদ্রঙ্গ।

উদ্রঙ্গ, পুং. [উদ্+দ্রঙ্গ] ব্যোমচারিপুর, খপুর, উর্দ্ধগপুর, হরিশ্চন্দ্রপুর, শৌভ, প্রতিমার্গক, ত্রঙ্গা, ত্রঙ্গ। [পক্ষী।

উদ্রথ, পুং. [উদ্+রথ] রথকীল; তাম্রচূড়-

উদ্রাগ, ত্রি. [উদ্+রাগ] অনুরাগী, প্রীতিমান্। [ঘোষ।

উদ্রাব, ত্রি. [উদ্+রাব] উচ্চৈঃস্বর, মহা-

উদ্রিক্ত, ত্রি. [উদ্+রিক্ত] স্ফুট, স্পষ্ট, ব্যক্ত।

উদ্রুজ, ত্রি. [উদ্+রুজ] নষ্ট, বিনাশিত, হত। [বৃদ্ধি।

উদ্রেক, পুং. [উদ্+রেক] উপক্রম, আরম্ভ;

উদ্রেকভঙ্গ, পুং. [উদ্রেক+ভঙ্গ] আরম্ভে ব্যাঘাত; আশাভঙ্গ।

উদ্রেকা, স্ত্রী. [উৎ+রেকা] মহানিম্ব।

উদ্রেকী, ত্রি. [উদ্রেক+ইন্] বৃদ্ধিশীল; উদ্যত, উদিত।

উধস্-উধস্, ন. গোস্তন, গরুর পালান।

উধার, (প্রা) ঋণ, ধার, কর্জ্জ।

উধ্মান, ন. [উদ্+ধ্মান] চুল্লি, অগ্নিকুণ্ড।

উনন, (প্রা) চুল্লি, চুলা, উধ্মান, উদ্ধান, উদ্ধার; দ্রবীভূত, গতি।

উনান, (প্রা) চুল্লী, চুলা।
উনি, (প্রা) সম্মুখস্থ, অদূরবর্ত্তি ব্যক্তি।
উনুই, (প্রা) প্রস্রবণ, প্রপা, স্রব, নির্ঝর, ঝরণা।
উন্দধুন্দ, (প্রা) অতিশয় বিবাদ, মহা গণ্ডগোল, ভারি ঝকড়া।
উন্দুর, পুং. [উন্দ+উর] উন্দুরু, মূষিক, আখু, ইন্দুর।
উন্দুরু, পুং. [উন্দ+উরু] জন্তুবিশেষ, তৎপর্য্যায়।—আখনিক, আখু, ইন্দুর, ইন্দুরু, উন্দুর, খনক, তুটুম, দীনা, ধান্যারি, বজ্রদন্ত, মূষিক, মূষীক, মুষিকা, মহিদ্ধক, মূষী, মূষক, মূষা, বভ্রু, বিলেশয়, বৃষ, বৃশ। ক্ষুদ্র ইন্দুর পর্য্যায়।—চিক্ক, অঞ্জনিকা, গিরিকা, হালাহলা, বালমূষিকা, নেংটে ইঁদুর।
উন্দুরুকর্ণী, স্ত্রী. [উন্দুরু+কর্ণী], আখুকর্ণীলতা; পানাভেদ।
উন্দুরু, পুং. [উন্দ+উরু] মূষিক।
উন্ধিপোকা, (প্রা) পক্ষবিশিষ্ট ক্ষুদ্রকীটবিশেষ।
উন্ন, ত্রি. [উৎ+ন] ক্লিন্ন, দয়াপর।
উন্নত, ত্রি. [উৎ+নত] বর্দ্ধিত, উচ্চ, উত্তুঙ্গ, প্রাংশু, উদগ্র, উচ্ছ্রিত, তুঙ্গ, উচ্চৈঃ।
উন্নতনাভি, ত্রি. [উন্নত+নাভি] উচ্চ নাভিযুক্ত। [উচ্চশিরঃ।
উন্নতশিরা, ত্রি. [উন্নত+শিরস্] দণ্ডবৎস্থায়ী,
উন্নতস্তন, ত্রি. [উন্নত+স্তন] উচ্চকুচ, স্তনভোগবিশিষ্ট।
উন্নতাংশ, পুং. [উন্নত+অংশ] উচ্চনক্ষত্র।
উন্নতানত ত্রি. [উন্নত+আনত] উচ্চনীচ স্থানাদি, বন্ধুর, উখাবচ।
উন্নতি, স্ত্রী. [উৎ+নতি] সমৃদ্ধি, বৃদ্ধি; উচ্চতা; উদয়; গরুড়ভার্য্যা।
উন্নতিমান, ত্রি. [উন্নতি+মান] উচ্চাপিত; বর্দ্ধিত; অত্যুৎকৃষ্ট।
উন্নতীশ, পুং. [উন্নতি+ঈশ] গরুড়পক্ষী।
উন্নদ্ধ, ত্রি. [উৎ+নদ্ধ] প্রবৃদ্ধ, বিবর্দ্ধিত; বদ্ধ; অবদ্ধ, উদ্দাম।
উন্নমন, ন. [উৎ+নমন] সমুন্নতি, উত্থান।
উন্নমিত, ত্রি. [উৎ+নমিত] উত্তোলিত; উর্দ্ধীকৃত।
উন্নয়ন, ন. [উৎ+নয়ন] বিতর্ক; ঊর্দ্ধপ্রাপণ, উত্তোলন, তোলন উঠান।
উন্নায়, পুং. [উৎ+নায়] উন্নয়ন, উন্নয়, উর্দ্ধনয়ন।
উন্নামন, ন, [উৎ+নামন] উত্তোলন
উন্নাহ, ন. [উৎ+নাহ] কাঞ্জিক।
উন্নিদ্র, ত্রি. [উৎ+নিদ্র] প্রফুল্ল, বিকসিত, প্রকাশিত; জাগর।
উন্মত্ত, ত্রি. [উৎ+মত্ত] উন্মাদযুক্ত, বায়ু দ্বারা চিত্তবিভ্রমবিশিষ্ট, ক্ষিপ্ত, পাগল; (পুং.) ধুস্তুর; মুচকুন্দবৃক্ষ।
উন্মত্ততা, স্ত্রী. [উন্মত্ত+তা] উন্মাদ, মত্ততা, বাতুলতা; মত্তত্ব।
উন্মদ, ত্রি. [উৎ+মদ্] উন্মাদযুক্ত, উন্মদিষ্ণু, উদ্গতমদ, উন্মত্ত।
উন্মদিষ্ণু, ত্রি. [উৎ+মদ্+ইষ্ণু] উন্মদ, উন্মাদশীল; মত্তশীল।
উন্মনাঃ, ত্রি. [উৎ+মনস্] উৎকণ্ঠিত চিত্ত, চিন্তিত, ব্যাকুলমনাঃ, চঞ্চলচিত্ত, উৎক।
উন্মন্থ, পুং. [উৎ+মন্থ] মারণ, বধ, হিংসা, হনন; মন্থ, মথন। [কম্পন।
উন্মন্থক, ত্রি. [উন্মন্থ+ক] দোলায়মান,
উন্মন্থন, ন. [উৎ+মন্থন] কম্পন, বিচলন, মন্থন; হনন।
উন্মথিত, ত্রি. [উৎ+মথিত] প্রথমিত, উদ্ভ্রান্ত, মথিত।
উন্মাথ, পুং. [উৎ+মাথ] কূটযন্ত্র, মৃগবধোপযুক্ত যন্ত্র, মৃগ পক্ষী বন্ধনার্থ জালফাঁদ; মারণ; ঘাতক; অবমান; প্রগল্ভতা।
উন্মাদ, পুং. [উৎ+মাদ] বাতিকরোগ বিশেষ, মানস রোগবিশেষ; চিত্তবিভ্রম, মতিভ্রংশ, উন্মনাঃ; (ত্রি.) উন্মাদরোগযুক্ত, ক্ষিপ্ত, উন্মত্ত, পাগল।
উন্মাদন, পুং. [উৎ+মাদন] কামদেবের পঞ্চবাণান্তর্গত বাণবিশেষ।
উন্মাদবান্, ত্রি. [উন্মাদ+বৎ] উন্মাদরোগ বিশিষ্ট, উন্মত্ত; মদান্বিত

উন্মাদক্ষেত্র, ত্রি. [উন্মাদ+ক্ষেত্র] উন্মত্তজন, পাগল, ক্ষিপ্ত বা ক্ষেপা ব্যক্তি।

উন্মাদী, ত্রি. [উন্মাদ+ইন্] ক্ষিপ্ত, পাগল, বাতুল।

উন্মান, পুং. [উৎ+মান] দ্রোণ পরিমাণ; তৌলন, মাপন, পরিমাণকরণ।

উন্মার্গ, পুং. [উৎ+মার্গ] বিমার্গ, বিপথ, কুপথ, কুপন্থা; অসঙ্গতাচরণ।

উন্মিত, ত্রি. [উৎ+মিত] পরিমিত, নির্ম্মিত।

উন্মিষিত, ত্রি. [উৎ+মিষিত] প্রফুল্ল, বিকসিত।

উন্মীলন, ন. [উৎ+মীলন] উন্মেষ; বিকাশ, প্রকাশ; চক্ষুমেলা। [প্রস্ফুটিত।

উন্মীলিত, ত্রি. [উৎ+মীলিত] বিকশিত,

উন্মুখ, ত্রি. [উৎ+মুখ] ঊর্দ্ধমুখ, উৎপশ্য; চেষ্টা, উদ্যম। [প্রকাশিত।

উন্মুদ্র, ত্রি. [উৎ+মুদ্র] প্রফুল্ল, বিকশিত,

উন্মূলক, ত্রি. [উৎ+মূলক] উন্মূলনকারী, সমূলোৎপাটক। [ড়ান।

উন্মূলন, ন. [উৎ+মূলন] উৎপাটন, উপ-

উন্মূলিত, ত্রি. [উৎ+মূলিত] উৎপাটিত, উচ্ছিন্ন।

উন্মূল্য, ত্রি. [উৎ+মূল্য] উদ্ধৃত্য, উৎপাটনযোগ্য।

উন্মৃষ্ট, ত্রি. [উৎ+মৃষ্ট] আঘট্টিত, মৃষ্ট।

উন্মেদা, স্ত্রী. [উৎ+মেদা] স্থূলকায়ত্ব, স্থূলতা, শরীরের স্থূলত্ব, মাংসপিণ্ডত্ব, তুন্দিভত্ব।

উন্মেষ, ন. [উৎ+মেষ] চক্ষুরুন্মীলন, চক্ষুমেলা; বিকাশ, প্রকাশ।

উপ, ব্য. প্রাদি বিংশত্যুপসর্গান্তর্গত উপসর্গবিশেষ, অস্যার্থ।—অনুগতি; পশ্চাদ্ভাব; অনুকম্পা; আধিক্য; হীন; সামীপ্য; প্রাথম্য; দাক্ষিণ্য; সামর্থ্য; অত্যয়ঃ; ভূষণ; দোষাখ্যান; নিদর্শন; আশ্চর্য্যকরণ; দান; মারণ; ব্যাপ্তি; লিপ্সা; উপালম্ভ; পূজা; উদ্যোগ।

উপকণ্ঠ, ত্রি. [উপ+কণ্ঠ] নিকট, সমীপ, অনতিদূর; (ন.) গ্রামান্ত, উপশল্য; আস্কন্দিত, অশ্বেরপঞ্চমগতি; কণ্ঠসমীপ।

উপকথা, স্ত্রী. [উপ+কথা] আখ্যায়িকা, ইতিহাস, কল্পিতগল্প; পুরাণকথা; অনর্থক বচন।

উপকরণ, ন. [উপ+করণ] রাজাদিগেরছত্র চামরাদি, পরিচ্ছদ, পরিবর্হ, তন্ত্র; ভোজনাদির ব্যঞ্জনাদি; পূজাদির নৈবেদ্যাদি; মৃগবন্ধনের জালাদি; অপ্রধানাঙ্গীভূতোপকারকদ্রব্য; সামগ্র্য; চিহ্ন।

উপকর্ণ, ব্য. [উপ+কর্ণ] কর্ণান্তিক, কানেকানে। [কর্ণন।

উপকর্ণন, ন. [উপ+কর্ণন] কর্ণেশ্রবণ,

উপকর্ণিকাগ্রন্থি, পুং. [উপকর্ণিকা+গ্রন্থি] লালাধার। [উপকৃত।

উপকর্তৃ, ত্রি. [উপ+কর্তৃ] কৃতোপকার,

উপকল্পন, ন. [উপ+কল্পন] সজ্জীকরণ, সজ্জন, আয়োজন।

উপকল্পিত, ত্রি. [উপ+কল্পিত] প্রস্তুত, সজ্জিত, প্রকৃপ্ত।

উপকার, পুং. [উপ+কার] উপকৃতি; বিকীর্ণ পুষ্পাদি; আনুকূল্য।

উপকারক, ত্রি. [উপ+কারক] উপকারী, আনুকূল্যকারী, সহায়।

উপকারজ্ঞ, ত্রি. [উপকার+জ্ঞ] উপকৃতজ্ঞ, উপকারস্মারক, অনুরক্ত, গুণবাদী, যশোগারক।

উপকারিকা, স্ত্রী. [উপকার+ইকা] উপকারকর্ত্রী, উপকারিণী; রাজগৃহ; কুশূল; মরায়ি; পিষ্টভেদ।

উপকারী, স্ত্রী. [উপকার+ইন্] রাজগৃহ; উত্তরণস্থান; (ত্রি.) উপকারবিশিষ্ট, উপকারকর্ত্তা।

উপকারেচ্ছু, ত্রি. [উপকার+ইচ্ছু] উপকার করণাভিলাষী, দাতা।

উপকার্য্য, ত্রি. [উপ+কার্য্য] উপকারোচিত, যাহার উপকার করা যায়।

উপকার্য্যা, স্ত্রী. [উপকার্য্য+আ] রাজগৃহ; পটগৃহ; ধান্য রক্ষণস্থান, মরায়ি, গোলা, হামার।

উপকুঞ্চি, স্ত্রী. [উপ+কুঞ্চি] সূক্ষ্ম কৃষ্ণ জীরক।

উপকুঞ্চিকা, স্ত্রী. [উপ+কুঞ্চিকা] কৃষ্ণজীরক; সূক্ষ্মেলা। [(ত্রি.) নির্জ্জন.
উপকুম্ভ, ন. [উপ+কুম্ভ] কুম্ভসমীপ; নিকট;
উপকুর্ব্বাণ, পুং. [উপ+কুর্ব্বাণ] ব্রহ্মচর্য্যানন্তর যে গৃহস্থ হয়।
উপকুল্যা, স্ত্রী. [উপ+কুল্যা] পিপ্পলী, পিঁপুল; কুল্যা, জলনির্গম।
উপকুশ, পুং. [উপ+কুশ] দন্তব্রণ, দন্তস্ফোটক। [কুপসন্নিহিত।
উপকূপ, পুং. [উপ+কূপ] কূপের নিকট,
উপকূপজলাশয়, পুং. [উপকূপ+জলাশয়] কুপসমীপে শিলাদি নিবদ্ধ পশুপানার্থ ক্ষুদ্র জলাধার বিশেষ, নিপান।
উপকৃত, ত্রি. [উপ+কৃত] কৃতোপকার; (ন.) উপকার, হিত, প্রসাদ, উপচার, প্রিয়।
উপকৃতি, স্ত্রী. [উপ+কৃতি] উপকার, সাহায্য, আনুকূল্য, কৃতোপকার।
উপক্রন্তা, ত্রি. [উপ+ক্রন্তৃ] উপক্রমকর্ত্তা, আরম্ভকর্ত্তা।
উপক্রম, পুং. [উপ+ক্রম] জ্ঞাত্বারম্ভ; বিক্রম; প্রথমারম্ভ; চিকিৎসা; পলায়ন; প্রক্রম, সূচন, অনুষ্ঠান
উপক্রান্ত, ত্রি. [উপ+ক্রান্ত] সমারব্ধ, অনুষ্ঠিত, প্রস্তুত; প্রক্রান্ত।
উপক্রোশ, পুং. [উপ+ক্রোশ] নিন্দা, কুৎসা, ভর্ৎসনা।
উপক্রোষ্টা, পুং. স্ত্রী. [উপ+ক্রোষ্টৃ] নিন্দক; গর্দ্দভ, গাধা।
উপক্বণ, পুং. [উপ+ক্বণ] বীণারশব্দ, প্রক্বণ।
উপক্লৃপ্ত, ত্রি. [উপ+ক্লৃপ্ত] নির্দ্দিষ্ট, উৎকৃষ্ট।
উপগ, ত্রি. [উপ+গ] উপস্থিত, সমুপস্থিত; অর্জ্জিত, উপার্জ্জিত।
উপগণ, পুং. [উপ+গণ] অল্পসংখ্যা।
উপগত- ত্রি. [উপ+গত] অঙ্গীকৃত, স্বীকৃত; কৃতমৈথুন; আসক্ত, অভিরত।
উপগন্ধ, পুং. [উপ+গন্ধ] সুগন্ধ, সুবাস।
উপগম, পুং. [উপ+গম] অঙ্গীকার; নিকটগমন; যোগ।
উপগিরি, ব্য. [উপ+গিরি] পর্ব্বত সন্নিধি; পর্ব্বতের নিকট
উপগীত, ত্রি. [উপ+গীত] পরিগীত, গীত।
উপগীতি, স্ত্রী. উপ+গীতি] ছন্দোবিশেষ।
উপগীয়, ত্রি. [উপ+গীয়] গায়ন্।
উপগীয়মান, ত্রি. [উপ+গীয়মান] প্রগায়ন্।
উপগুরু, পুং. [উপ+গুরু] শিক্ষাগুরু, উপদেষ্টা। [উপশান্ত।
উপগূঢ়, ত্রি. [উপ+গূঢ়] গুপ্ত, অপবারিত;
উপগূহন, ন. [উপ+গূহন] আলিঙ্গন, আশ্লেষ; বিস্ময়।
উপগৃহীত, ত্রি. [উপ+গৃহীত] উপকৃত, অনুগৃহীত।
উপগ্রহ, পুং. [উপ+গ্রহ] প্রগ্রহ, বদ্দুঁয়ান; উপযোগ; অনুকূল; গ্রহবিশেষ; স্তুপকুশতৃণ।
উপগ্রহণ, ন. [উপ+গ্রহণ] উপকরণ, সংস্কারপূর্ব্বক শ্রুতিগ্রহণ; পরিগ্রহণ, আক্রমণ। [ভেটী, ডালি।
উপগ্রাহ্য, পুং. [উপ+গ্রাহ্য] উপঢৌকন,
উপঘাত, পুং. [উপ+ঘাত] রোগ, পীড়া; আঘাত। [নিকটাশ্রয়।
উপঘ্ন-উপঘ্নতা, পুং. স্ত্রী. [উপ+ঘ্ন+তা]
উপচক্র, পুং. [উপ+চক্র] চক্রবাক পক্ষীবিশেষ; রাত্রি বিশ্লেষগামী]
উপচতুর, পুং. [উপ+চতুর] চতুরপ্রায়।
উপচন, ত্রি. [উপ+চন] উথলন, ছাপন, অতিরেক।
উপচয়, পুং. [উপ+চয়] বৃদ্ধি, উন্নতি; লগ্ন হইতে তৃতীয় ষষ্ঠ দশম একাদশ স্থান; আধিক্য।
উপচরিত, ত্রি. [উপ+চরিত] উপাসিত, সেবিত, আরাধিত। [ধিত।
উপচর্য্য, ত্রি. [উপ+চর্য্য] সেবিত, আরা-
উপচর্য্যা, স্ত্রী. [উপচর্য্য+আ] সেবা; চিকিৎসা।
উপচক্ষুঃ, ন. [উপ+চক্ষুস্] দিব্যচক্ষু; চস্মা।
উপচায্য, পুং. [উপ+চায্য] যজ্ঞাগ্নি।
উপচার, পুং. [উপ+চার] রোগপ্রতিকার, অপচর্য্যা, চিকিৎসা, রুক্প্রতিক্রিয়া, নিগ্রহ, বেদনানিষ্ঠা, ক্রিয়া, উপ-

ক্রম, শম; সেবা; ব্যবহার; উৎকোচ; ব্যঞ্জনা; অধ্যাহার; আরোপ
উপচার্য্য, পুং. [উপ+চার্য] চিকিৎসা।
উপচিত, ত্রি. [উপ+চিত] দগ্ধ; সমৃদ্ধ; সমাহিত; নিদিগ্ধ; লেপনাদির বর্দ্ধিত
উপচিত্রা, স্ত্রী. [উপ+চিত্রা] মূষিকপর্ণী, ইন্দুরকাণী; দন্তীবৃক্ষ। [পন।
উপচুলন, ন. [উপ+চুলন] তাপন, সন্তা-
উপচেয়, ত্রি. [উপ+চেয়] রাশীকৃত।
উপচ্ছন্ন, ত্রি. [উপ+ছন্ন] গুপ্ত, প্রচ্ছন্ন।
উপজ, ত্রি. [উপ+জ] অনুজ, কনিষ্ঠ।
উপজন, ত্রি. [উপ+জন] ঘটন; উৎপত্তি।
উপজপ, পুং. [উপ+জপ] বিশ্বাসভঙ্গ।
উপজাত, ত্রি. [উপ+জাত] উৎপাদিত, প্রসূত, জাত।
উপজাতি, স্ত্রী. [উপ+জাতি] ছন্দোবিশেষ।
উপজাপ, পুং. [উপ+জাপ] ভেদ, বিচ্ছেদ; বিসম্বাদ; পার্থক্য; সুহৃদ্‌ভেদন।
উপজিহ্বা, স্ত্রী. [উপ+জিহ্বা] কীটবিশেষ, উপদেহিকা, বম্রী, উপদীকা; তালু-জিহ্বা, আলজিহ্বা
উপজিহ্বিকা, স্ত্রী. [উপজিহ্বা+ইকা] ঘণ্টিকা, প্রতিজিহ্বা, আল্‌জিব; কীট-ভেদ, উৎপাদিকা, বটি, উদ্দেহিকা, দেবী।
উপজীবন-উপজীবিকা, স্ত্রী. [উপ+জীবন-জীবিকা] জীবিয়, জীবনোপায়, বৃত্তি, উপজীব্য, অবলম্বন।
উপজীবী, ত্রি. [উপ+জীবী] জীবিকা, অবলম্বী, আশ্রয়ী।
উপজীব্য, ত্রি. [উপ+জীব্য] বৃত্তিদায়ক, আশ্রয়, অবলম্ব্য, জীবিকা, অবলম্বন।
উপজোষং, ব্য. [উপ+জোষম্] আনন্দ।
উপজ্ঞ, ত্রি. [উপ+জ্ঞ] অভিজ্ঞ, তজ্জ্ঞ; পক্কবুদ্ধি; অভিপ্রেত।
উপজ্ঞা, স্ত্রী. [উপজ্ঞ+আ] আদ্যজ্ঞান, উপ-দেশ বিনা প্রথম জ্ঞান।
উপড়, (প্রা) উৎপাটন করণ, উন্মূলন করণ, উপড়ান।
উপড়ন, (প্রা) উৎপাটন, উন্মূলন, উখড়ন।
উপঢৌকন, ন. [উপ+ঢৌকন] পারিতো-ষিক দ্রব্য, ভেটি, ডালি, তৎপর্য্যায়।—প্রাভৃত, প্রাদেশন, উপায়ন, উপাগ্রাহ্য, উপহার, উপদা
উপতন্ত্র, ন. [উপ+তন্ত্র] যামলাদি তন্ত্র-শাস্ত্র, সূক্ষ্মসূত্র। [খেদিত।
উপতপ্ত, ত্রি. [উপ+তপ্ত] সন্তাপিত, দুঃখিত,
উপতপ্তা, পুং. [উপ+তপ্তৃ] উপতা-পকমাত্র, স্পর্শ, স্প্রষ্টা, স্পর্শঃ স্পর্ষ্টা; রোগবিশেষ।
উপতাপ, পুং. [উপ+তাপ] ত্বরা; উত্তাপ; রোগ; অশুভ; পীড়া; খেদ, শোক, বিপদ।
উপতাপী, ত্রি. [উপতাপ+ইন্] তাপক।
উপতারা, স্ত্রী. [উপ+তারা] চক্ষুর তারার উপরিস্থ রেখা, নেত্রতারকামণ্ডল।
উপত্যকা, স্ত্রী. [উপ+ত্যক+আ] পর্ব্বত-নিকটস্থ ভূমি।
উপদংশ, পুং. [উপ+দংশ] মদ্যপান রোচক ভক্ষ্যদ্রব্য, অবদংশ, চক্ষণ, মদ্য-পাসন; মেঢ্রুরোগবিশেষ, বাও; সমষ্ঠিল বৃক্ষ; শিগ্রুবৃক্ষ; দংশন।
উপদল, ন. [উপ+দল] পুষ্পদল, ফুলের পাপড়ি। [দ্বারী।
উপদর্শক, পুং. [উপ+দর্শক] দ্বারপাল,
উপদর্শন, ন. [উপ+দর্শন] টীকা, টিপ্পনী, ভাষ্য, বৃত্তি, ব্যাখ্যা।
উপদর্শিত, ত্রি. [উপ+দর্শিত] অনুভূত, জ্ঞাত, বিদিত, দৃষ্ট, লক্ষিত, উপলব্ধ, অবগত।
উপদা, স্ত্রী. [উপ+দা] উপঢৌকন
উপদানক, ন. [উপদান+ক] উৎকোচ, ঘুষ
উপদিষ্ট, ত্রি. [উপ+দিষ্ট] উপদেশপ্রাপ্ত।
উপদী, স্ত্রী. [উপ+দা+ঈ] বন্দাক, পরগাছা
উপদেবতা, স্ত্রী. [উপ+দেবতা] যক্ষভূতাদি, অপচ্ছায়া। [হিতকথন; শিক্ষণ।
উপদেশ, পুং. [উপ+দেশ] মন্ত্রকথন, দীক্ষা;
উপদেশক, ত্রি. [উপদেশ+ক] উপদেশ, শিক্ষা, অধ্যাপন; (পুং.) শিক্ষক, অধ্যা-পক, বোধক, অবোধক।

উপদেশকারী, পুং. [উপদেশ+কারিন্] উপদেশকর্ত্তা, উপদেষ্টা, উপদেশী, শিক্ষক।

উপদেশন, ন. [উপ+দেশন] উপদেশ, শিক্ষা; অধ্যাপন; শাসন, অনুশাসন, পাঠ, বিদ্যাদান, বোধক, প্রতিবোধক।

উপদেশার্থবাক্য, ত্রি. [উপদেশ+অর্থ+বাক্য] দৃষ্টান্ত, দৃষ্টান্তরূপকথা, উৎপ্রেক্ষা, উপমা।

উপদেশী, ত্রি. [উপদেশ+ইন্] উপদেশক, উপদেষ্টা; অমাত্য। [কর্ত্রী।

উপদেশিনী, স্ত্রী. [উপদেশিন্+ঈ] উপদেশ

উপদেশ্য, ত্রি. [উপ+দেশ্য] উপদেষ্টব্য, উপদেশযোগ্য, শিক্ষোপযুক্ত।

উপদেষ্টব্য, ত্রি. [উপ+দিশ্+তব্য] শিক্ষণীয়, শিক্ষ্য।

উপদেষ্টা, পুং. [উপ+দেষ্টৃ] উপদেশ কর্ত্তা, আচার্য্য, শিক্ষক, শিক্ষাগুরু।

উপদেহ, পুং. [উপ+দেহ] প্রলেপ, বিলেপন।

উপদেহিকা, স্ত্রী. [উপ+দেহিকা] কীট-বিশেষ, উপজিহ্বা, বম্রী, উপদীকা।

উপদ্রব, পুং. [উপ+দ্রব] উৎপাত, বিদ্রোহ; বিপদ; রোগারম্ভেদোষ-প্রকোপ জন্য অন্যান্য বিকার।

উপদ্রবী, ত্রি. [উপদ্রব+ইন্] অত্যাচারী, অন্যায়ী; বিপদগ্রস্ত। [উপদর্শী।

উপদ্রষ্টা, ত্রি. [উপ+দ্রষ্টৃ] উপদর্শক,

উপদ্রুত, ত্রি. [উপ+দ্রুত] বিড়ম্বিত, অপকৃত, আকুলিত, অতিদ্রুত।

উপদ্রোহ, পুং. [উপ+দ্রোহ] বিদ্রোহ, উৎপাত, অত্যাচার, দৌরাত্ম্য।

উপদ্রোহী, ত্রি. [উপ+দ্রোহিন্] উৎপাত-কারী, বিদ্রোহক।

উপদ্বীপ, পুং. [উপ+দ্বীপ] ক্ষুদ্রদ্বীপ; চর, চড়া, চতুর্দ্দিকে জলবেষ্টিত স্থল।

উপদ্বীপীয়, ত্রি. [উপদ্বীপ+ঈয়] উপদ্বৈপ, দ্বীপসম্বন্ধী; (পুং.) উপদ্বীপনিবাসী।

উপধর্ম্ম, পুং. [উপ+ধর্ম্ম] পাষণ্ড, পামর, পাপী, নাস্তিক।

উপধা, স্ত্রী. [উপ+ধা] রাজাদিগের ধর্ম্মার্থ কামমোক্ষ দ্বারা অমাত্য সকলের পরীক্ষণ; উপান্ত্যাক্ষর; ছল।

উপধাতু, পুং. [উপ+ধাতু] অষ্ট প্রধান ধাতুর সদৃশ ধাতু,উহা সপ্তপ্রকার যথা। মাক্ষিক, তুত্থক, অভ্র, নীলাঞ্জন, মনঃশিলা, হরিতাল, রসাঞ্জন; শরীরস্থ সপ্ত প্রকার ধাতু যথা—স্তনদুগ্ধ, স্ত্রীরজঃ, বসা, ঘর্ম্ম, দন্ত, কেশ, ওজ।

উপধান,ন. [উপ+ধান] শিরোধান, বালিশ, উপবর্হ, গণ্ডু; বিষ; প্রণয়; ব্রত।

উপধানীয়, ন. [উপ+ধানীয়] উপধান।

উপধাশুচি, ত্রি. [উপধা+শুচি] ঋজু, সরল; নির্দ্দোষ।

উপধি, পুং. [উপ+ধি] কপট; রথচক্র।

উপধিক, পুং. [উপধি+ক] বঞ্চক, কপট, ছলী। [পরিধূপিত।

উপধূপিত, ত্রি. [উপ+ধূপিত] আসন্ন মরণ;

উপধৃতি, স্ত্রী. [উপ+ধৃতি] কিরণ।

উপধ্মানীয়, পুং. [উপ+ধ্মা+অনীয়] ব্যাকরণমতে বিসর্গ চিহ্ন যথা (ঃ)।

উপধ্যায়, ত্রি. [উপ+ধ্যায়] চিন্তান্বিত, ধ্যানী, যোগী।

উপধ্যায়া-উপাধ্যায়ী, স্ত্রী. [উপধ্যায়+ঈ] গুরুপত্নী, গুরুভার্য্যা, শিক্ষাদাতার স্ত্রী।

উপাধ্যায়ানী, স্ত্রী. [উপাধ্যায়+আনী] গুরু-পত্নী, উপাধ্যায়ী।

উপনত, ত্রি. [উপ+নত] উপস্থিত, সমীপে আনীত।

উপনদ-উপনদী, পুং. স্ত্রী. [উপ+নদ+নদী] নদীর সমীপ।

উপনয়, পুং. [উপ+নয়] উপনয়ন।

উপনয়ন, ন. [উপ+নয়ন] ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের যজ্ঞসূত্রধারণাদিরূপ প্রধান সংস্কার, বটূকরণ, উপানায়, উপনয়, আনয় অধ্যাপনার্থ আচার্য্য সমীপে নীত করণ।

উপনাম, ন. [উপ+নাম] অপমানজনক নাম; কুলের সংজ্ঞা, পদবী; বংশের ডাক নাম।

উপনায়-উপনায়ন, পুং ন. [উপ+নায়+নায়ন] উপনয়ন।

উপনায়ক, পুং. [উপ+নায়ক] নায়ক গুণোৎকর্ষকথক, নায়কের গুণোৎকর্ষ-কথকা, উপনায়কা।

উপনাহ, পুং. [উপ+নাহ] বীণাদি তন্ত্র-বন্ধন স্থান, নিবন্ধন; ব্রণালেপপিণ্ড, প্রলেপ। [লেপন।

ৠ, ব্য. বাক্যারম্ভ; রক্ষা; নিন্দা; ভয়; (ন.) বক্ষ; (স্ত্রী.) দেবমাতা; দানবমাতা; স্মৃতি; গতি; (পুং.) ভৈরব; দনুজ; বক্ষঃস্থল; গতি।

ঌ ৯ কার, নবম স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান দন্ত, এবং হ্রস্ব দীর্ঘ ও প্লুতোচ্চারিত হয়, অন্য নাম যথা।—স্থাণু; শ্রীধর; শুদ্ধ; মেধা; ধূম্রারক; আকাশ; দেবযোনি; দক্ষগণ্ড; মহেশ; কৌন্ত; রুদ্র; বিশ্বেশ্বর; দীর্ঘজিহ্বা; মহেন্দ্র; লাঙ্গলি; পরা; চন্দ্রিকা; পার্থিব; ধূম্রা; দ্বিদন্ত; কামবর্দ্ধন; শুচিস্মিতা; নবমী; কান্তি রাষাতকেশ্বর; চিত্তাকর্ষিণী; কাশ; তৃতীয় কুলসুন্দরী।

৯, ব্য. দেবমাতা; ভূমি; কুধ্র; পর্ব্বত।

ৡ দীর্ঘ ৡকার, দশম স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান দন্ত, এবং প্লুতোচ্চারিত হয়, অন্য নাম যথা।—কমলা; হর্ষা; হৃষীকেশ; মধুব্রত; সূক্ষ্মা; কান্তি; বামগণ্ড; রুদ্র; কামোদরী; সুরা; শান্তিকৃৎ; স্বস্তিকা; শক্র; মায়াবী; লোলুপ; আকাশ; কুশমী; সুস্থির; মাতা; নীল; পীত; গজানন; কামিনী; বিশ্বথা; কাল; নিত্যা; শুদ্ধ; শুচি; ক্রূতী; সূর্য্য; উৎকর্ষিণী; একাকী; দনু।

ৡ, ব্য. দেবনারী; নার্য্যাত্মা; মাতা; (স্ত্রী.) দৈত্যস্ত্রী; দনুজমাতা; কামধেনুমাতা; (পুং.) সর্ব্ব; মহাদেব।

এ একার, একাদশ স্বরবর্ণ, ইহার উচ্চারণ স্থান কণ্ঠ এবং তালু; এই বর্ণ দীর্ঘ এবং প্লুতোচ্চারিত হয় অস্য নাম যথা।—বাস্তব; শক্তি; ঝিণ্টীশ; ওষ্ঠ; ভগ; মরুৎ; সূক্ষ্মা; ভূত; অর্দ্ধকেশী; জ্যোৎস্না; শ্রদ্ধা; প্রমর্দ্দন; ভয়; জ্ঞান; কৃষা; ধীরা; জঙ্ঘা; সর্ব্বসমুদ্ভব; বহ্নি; বিষ্ণু; ভগবতী; কুণ্ডলী; মোহিনী; বস; যোষিৎ; আধারশক্তি; ত্রিকোণ; ঈশ; সন্ধি; একাদশী; ভদ্রা; পদ্মনাভ; কুলাচল; বামগণ্ড; ঝিণ্টি; মাক্ষবীজ; বিজয়া।

এ, ব্য, স্মৃতি; অসূয়া; অনুকম্পা; আমন্ত্রণ; আহ্বান; (পুং.) বিষ্ণু।

এ, (প্রা) এই; সম্মুখস্থিত, বুদ্ধিস্থিত, ইদং।

এঅবধি, (প্রা) ইতঃপর, এখান হইতে, এখন পর্য্যন্ত।

এই, (প্রা) অগ্রাবস্থিত, সম্মুখবর্ত্তী।

এইকারণ, (প্রা) এইহেতু, এজন্য, এতন্নিমিত্ত, তজ্জন্যে।

এইনিমিত্তে, (প্রা) এতদর্থে, এইকারণে।

এইপর, (প্রা) অতঃপর, এতদনন্তর।

এইপ্রকার, (প্রা) এবম্বিধ, ঈদৃক্, এবম্ভূত, এতাদৃক্।

এইভাবে, (প্রা) যতস্, যেন, যদর্থ, তথাত্বে।

এইমত-এইমতে, (প্রা) এতদ্রূপে।

এইরূপ, (প্রা) এতদ্রূপ, এবম্বিধ।

এইহেতু, (প্রা) এইকারণ।

এইক্ষণে-এইক্ষণে, (প্রা) বর্ত্তমানকাল।

এঁষে, (প্রা) গোর ক্ষুরমধ্যস্থ ক্ষত।

এঁষেঘা, (প্রা) গোর ক্ষুরমধ্যস্থ ক্ষত।

এক, ত্রি. [এ+ক] মুখ্য; অন্যৎ; কেবল; আদিসংখ্যা, ১ সংখ্যা; এক বাক্যার্থ শব্দ সমূহ যথা—পরমাত্মা, বিধু, ক্ষিতি, গণেশদন্ত, শুক্রচক্ষু, অগ্নি, সূর্য্য, দেবরাজ, যম।

একআড়া, (প্রা) একীতর, সেইরকম।

একআদ, (প্রা) অর্দ্ধ।

একই, (প্রা) অনন্য, অভিন্ন; তুল্য, সমান।

একইশ, (প্রা) একবিংশতি, ২১ সংখ্যা।

একঋকৃথী, ত্রি. [এক+ঋকৃথিন্] সমাংশী, ঋকৃথভাগী। [প্রত্যেক

একএক, (প্রা) পৃথক্ পৃথক্, ভিন্ন ভিন্ন,

একক, ত্রি. [এক+ক] অসহায়, এক, একাকী, একলা।

এককর, ত্রি. [এক+কর] একহস্ত; কৃতএক; এককিরণ। [লাষী।

এককর্ম্মকারক, (প্রা) তুল্যবিষয়ী, একাভি-

এককার্য্য, ত্রি. [এক+কার্য্য] তুল্যকার্য্য, তুল্যব্যবহার, সমবৃত্তি।

এককাল, পুং. [এক+কাল] সমকাল।

এককালভোজন, ন. [এককাল+ভোজন] সমকালে একত্রে ভোজন।

এককালীন, ত্রি. [এক+কালীন] সমকালজাত, সমকালীন, একসময়, একেবারে।

এককালে, ব্য. [এক+কালে] যুগপৎ, সমকালে। [কুবের।

এককুণ্ডল, পুং. [এক+কুণ্ডল] বলরাম;

একখান, (প্রা) খণ্ডৈক, একখণ্ড।

একগর্ভ, ত্রি. [এক+গর্ভ] সমগর্ভজাত।

একগাঁইয়া, (প্রা) একগ্রাম সম্বন্ধীয়।

একগাছ, (প্রা) শুদ্ধ একমাত্র, কেবলি; একবৃক্ষ।

একগুঁয়া, (প্র) অবাধ্য, অবশ, স্বৈরী, একরোখা, ঠেঁটা, মগরা।

একগুরু, পুং. [এক+গুরু] সতীর্থ, একগুরুর শিষ্য। [বাসী।

একগ্রামীণ, ত্রি. [এক+গ্রামীণ] একনগর-

একঘরিয়া, (প্রা) অমিলাপী, অব্যবহার্য্য, উদাসী, স্থগিত, জাতিভ্রষ্ট, অপপাত্রিত, জ্ঞাতি বন্ধুদিগের অব্যবহার্য্য।

একঘাইয়া, (প্রা) সন্তত সমান রোগবিশেষ।

একচক্র, ন. [এক+চক্র] পুরীবিশেষ, হরিগৃহ, শুম্ভপুরী; সূর্য্যেররথ চক্রান্তকরণ।

একচর, পুং. [এক+চর] হিংস্র পশুবিশেষ, বার্দ্ধীণস, গণোৎসাহ, গণ্ডক, গণ্ডার; (ত্রি.) অসংসর্গ, নির্জ্জনস্থ; একাবলম্বী, একানুগত।

একচক্ষুয়া, (প্রা) কাণা, একাক্ষ; পক্ষপাতী।

একচারী, পুং. [এক+চারিন্] বুদ্ধসহচারী; (ত্রি.) জনসংসর্গশূন্য।
একচালা, (প্রা) মণ্ডপ, তৃণাচ্ছাদিত ক্ষুদ্র গৃহ বিশেষ, ঝুপরি, কুটীর
একচিত্ত, ত্রি. [এক+চিত্ত] অনন্যমনা, আবিষ্ট, একমত।
একচেটিয়া, (প্রা) একায়ত্ত, একাধীন।
একচেষ্ট, পুং. [এক+চেষ্ট] একার্থাভিলাষী, প্রতিযোগী, যে এক কর্ম্মাভিলাষে আড়াআড়ি করে।
একচ্ছায়াশ্রিত, ত্রি. [এক+ছায়া+আশ্রিত] সহলগ্নক, প্রতিভূ
একছুটিয়া, (প্রা) একবস্ত্রান্বিত, একছুটে।
একজ, ত্রি. [এক+জ] জাতৈক, অনন্যজন্ম।
একজটা, স্ত্রী. [এক+জটা] উগ্রতারা।
একজন্মা, পুং. [এক+জন্মন্] রাজা।
একজাই, (প্রা) বারম্বার, পুনঃ পুনঃ, সর্ব্বদা; তালিকা, ফর্দ্দ, ফিরিস্তি। [করণ।
একজাত, ত্রি. [এক+জাত] একগর্ভ; একত্রী-
একজাতি, ত্রি. [এক+জাতি] একবর্ণ, একবর্গ; (পুং.) শূদ্র।
একজ্যা, স্ত্রী. [এক+জ্যা] ধনুর্গুণ, ধনুরছিলা; ক্ষেত্রপরিমাণ বিদ্যান্তর্গত রেখাবিশেষ। [একই।
একটা, (প্রা) কেবল এক, একবস্তু, একমাত্র,
একটানা, (প্রা) বিস্তৃত; ঋজুরেখা; স্রোতবিশেষ; সমরেখা।
একটি, (প্রা) একমাত্র, একবস্তু।
একটু-একটুক-একটুকি, (প্রা) কিঞ্চিন্মাত্র, অত্যল্প, কিছু
একডৌল, (প্রা) একসমান; একাকার, একরূপ, তুল্যাবয়ব, বরাবর।
একঢল, (প্রা) একাকার, ভেদরহিত, মিলিত, একত্র, একসঙ্গে, একযোগে।
একঢাল, (প্রা) ঢালু, গড়ান, হেলান।
একত্ত্বি, ত্রি. [এক+ত্ত্বি] একদ্রব্যাভিলাষী, একধর্ম্মী; বিপক্ষ।
একতন্ত্রী, ত্রি. [এক+তন্ত্রী] একপ্রভুক; এক মতাবলম্বী; একতন্ত্রযুক্ত; যন্ত্রবিশেষ।
একতম, ত্রি.[এক+তম]অনেকের মধ্যে এক।
একতর, ত্রি. [এক+তর] দুয়ের মধ্যে এক, অন্যতর; ভিন্ন।
একতঃ, ব্য. [এক+তস্] একদিক্।
একতা, স্ত্রী. [এক+তা] একত্ব, ঐক্য, একীভাব, অভেদ, অদ্বৈত।
একতান, ত্রি. [এক+তান] একাগ্র; একবিষয়াসক্তচিত্ত; (পুং.) একতাল।
একতাল, পুং. [এক+তাল] সমন্বিত-লয়, সমতাল, বাদ্যযন্ত্রের মিলন, তালৈক্য, স্বরৈক্য, স্বরসঙ্গ, স্বরৈকত, একলয়, নৃত্যগীত বাদ্যাদির সাম্য
একতালা, ত্রি. [এক+তালা] গৃহের এককোষ্ঠ; তালযন্ত্র; দ্বারকীলবিশেষ।
একতিল, (প্রা) অতিক্ষুদ্র, অতিসূক্ষ্ম।
একতীর, (প্রা) বৃক্ষবিশেষ; একবাণ লক্ষ্য।
একতীর্থী, পুং. [এক+তীর্থিন্] স্বতীর্থ, গুরুভাই, সহাধ্যায়ী, একপাঠী।
একতুম্বী,স্ত্রী.[এক+তুম্বী]তম্বুর,বীণা,বাদ্যযন্ত্র।
একত্র, ব্য. [এক+ত্র] একস্মিন্, একস্থানে, মিলিত, একসঙ্গে।
একত্ব, ন. [এক+ত্ব] একীভাব, একতা।
একদংষ্ট্র, পুং. [এক+দংষ্ট্র] গণেশ।
একদন্ত, পুং. [এক+দন্ত] গণেশ।
একদা, ব্য. [এক+দা] একস্মিন্‌কালে, যুগপৎ, এককালে, একসময়ে, সমকালে।
একদিক্, ত্রি. [এক+দিশ্] একদেশ, একভাগ, সমদিক্।
একদুঃখসুখ, ত্রি. [এক+দুঃখ+সুখ] সমদুঃখসুখ, অন্যদুঃখসুখভাগী।
একদৃক্, পুং. [এক+দৃশ্] মহাদেব; কাক; (ত্রি.) কাণ, একাক্ষ
একদেশ, পুং. [এক+দেশ] খণ্ডৈক,প্রদেশ।
একদেশস্থ, ত্রি. [একদেশ+স্থ] স্বদেশীয়, সমদেশীয়। [(ত্রি.)সুরূপী; অদ্বিতীয়।
একদেহ,পুং.[এক+দেহ]বুধগ্রহ;অভেদদেহ,
একধর্ম্ম, ত্রি. [এক+ধর্ম্ম] একমতাবলম্বন।
একধর্ম্মী, ত্রি. [এক+ধর্ম্মিন্] আনুষঙ্গিক, একধর্ম্মাক্রান্ত।
একধা, ব্য. [এক+ধা] একপ্রকার, কেবল এক, একাকী, একবার।

একধুর, ত্রি. [এক+ধুর] একভার বাহক গবাদি, একপিঠা গরু, একভার বোঢ়া, এক গরুতে রথ কিম্বা লাঙ্গলাদির ধুর বহন।　　[বাহক গবাদি।

একধুরাবহ, ত্রি. [এক+ধুর+আবহ] একভার-

একধুরীণ, ত্রি. [এক+ধুর+ঈণ] এক ভার-বাহক গবাদি, একধুর।

একধূ, স্ত্রী. [এক+ধূ] একভার।

একনট, পুং.] এক+নট] মুখ্যনট, কথক, কথাপ্রাণ।　　[মাত্র স্বামী।

একনাথ, ত্রি. [এক+নাথ] একপ্রভুক, এক

একনামা, (প্রা) স্বনামক, একসংজ্ঞা।

একনিশ্চয়, পুং. [এক+নিশ্চয়] দৃঢ়নিশ্চয়, দৃঢ়প্রতিজ্ঞা।　　[বতী।

একপর্ণিকা, স্ত্রী. [এক+পর্ণিকা] দুর্গা, ভগ-

একপত্নী, স্ত্রী. [এক+পত্নী] পতিব্রতা, সতী, সাধ্বী।　　[বৃক্ষ।

একপত্রিকা, স্ত্রী. [এক+পত্রিকা] গন্ধপত্র

একপদ, ন. [এক+পদ] তৎকাল; (পুং.) শৃঙ্গারবন্ধ বিশেষ; সমান।

একপদী, স্ত্রী. [এক+পদী] পন্থা, বর্ত্ম, পথ।

একপরামর্শ, ত্রি. [এক+পরামর্শ] একতন্ত্র, একচিত্ত, একমত।

একপরি, ব্য. [এক+পরি] একাবশিষ্ট।

একপক্ষ, ত্রি. [এক+পক্ষ] সহায়, সংযুক্ত, সংহত, উৎসঙ্গিত, সহগত, সংশ্লিষ্ট।

একপাটা, (প্রা) গাত্রবস্ত্রবিশেষ, উড়ানী।

একপাৎ, পুং. [এক+পাদ্]শিব,রুদ্রবিশেষ।

একপাশ-একপাশীয়া, (প্রা) হেলা, কাইত, ভের্চারূপ, বাঁকা, বক্র, সমসূত্রপাতের ব্যতিক্রম; একপার্শ্ব।

একপিঙ্গ, পুং. [এক+পিঙ্গ] কুবের।

একপিঙ্গল, পুং. [এক+পিঙ্গল] কুবের

একপিণ্ড, ত্রি. [এক+পিণ্ড] জ্ঞাতি, সপিণ্ড, সগোত্র।

একপিণ্ডতা, স্ত্রী. [এক+পিণ্ডতা] সগোত্রতা, জ্ঞাতিত্ব, সপিণ্ডতা

একপেট, (প্রা) একপরামর্শ; একোদর।

একপ্রকার, ত্রি. [এক+প্রকার] সমান,তুল্য, একাকার, অভিন্ন; পৃথক্‌বোধক।

একপ্রভুক, ত্রি. [এক+প্রভুক] একতন্ত্রী, একরাজাধীন, চক্রবর্ত্তি সম্বন্ধীয়।

একপ্রভুত্ব, ন. [এক+প্রভুত্ব] একরাজত্ব, একাধিপত্য, স্বমতাভিমানী, একগুঁয়া।

একফল, ত্রি. [এক+ফল] তুল্যফল, সমান কর্ম্মের ফল বা, গুণ, একাভিপ্রায়।

একবচন, ন. [এক+বচন] ব্যাকরণমতে বস্তুর এক সংখ্যামাত্র; একবাক্য।

একবদ্ভাব, পুং. [এক+বৎ+ভাব] সমবায়, সন্নিপাত, সংগ্রহ।

একবর্ণ, ত্রি. [এক+বর্ণ] একজাতি; এক রং; একগুণ; (পুং.) অব্যক্তরাশি।

একবর্ণী, স্ত্রী. [এক+বর্ণী] বাদ্যভেদ, করতালী, কঙ্কমালা, কলঙ্কষা, করর্দ্ধি,এক-তালী।

একবর্ণসমীকরণ, ন. [একবর্ণ+সমীকরণ] একাক্ষরক সমীক্রিয়া

একবর্ষিকা, স্ত্রী. [এক+বর্ষিকা] একহায়নী গৌ, একবৎসরের বকনা।

একবাগিয়া, (প্রা) স্বমতাবলম্বী, প্রৌঢ়িকারী, অবাধ্য, একগুঁয়া, জেদকারক।

একবাক্য, ত্রি. [এক+বাক্য] একপরামর্শ, একপেট।

একবাগে, (প্রা) একভাগে, একাংশে।

একবাদ, পুং. [এক+বাদ] ডিণ্ডিমবাদ্য; পটহ, মৃদঙ্গ।

একবার (প্রা) একদা, এককালে; একধা।

একবারে, (প্রা) এককালে, সমকালে।

একবাল, (প্রা) সমাহার, সাকল্য, সমুদায়।

একবিংশ, ত্রি. [এক+বিংশ] সংখ্যাবিশেষ২১

একবিন্দু, পুং. [এক+বিন্দু] কণিকা, লব; কলা, অল্প; কিঞ্চিৎকাল।

একবিষয়ী, ত্রি. [এক+বিষয়+ইন্] একাভিলাষী, তুল্যব্যাপারী, সহকরী।

একবীর, পুং. [এক+বীর]বৃক্ষভেদ, মহাবীর, সকৃদ্বীর, সুবীরক।

একবীরা, স্ত্রী. [এক+বীরা] ভদ্রকালী।

একবৃক্ষ, পুং. [এক+বৃক্ষ] স্থানভেদ; চতুঃক্রোশান্তরে যথায় বৃক্ষ দেখা না যায়।

একবেণী, স্ত্রী. [এক+বেণী] এককবরী।

একভক্ত, ত্রি. [এক+ভক্ত] একাহারী; এক প্রভুপ্রিয়; একনিষ্ঠ।

একব্যবসায়ী, ত্রি. [এক+ব্যবসায়+ইন্] একার্থাভিলাষী, একচেষ্ট।

একভক্তব্রত, ন. [একভক্ত+ব্রত] রাত্রি ভোজনাভাববিশিষ্ট দিবাভোজন।

একভক্তি, ত্রি. [এক+ভক্তি] একনিষ্ঠ, একাগ্র

একভাব, ত্রি. [এক+ভাব] সমভাব, দৃঢ় স্বভাব। [ভোজন।

একভুক্ত, ত্রি.[এক+ভুক্ত] একাহারী, দৈনিক

একভোজন, ন. [এক+ভোজন] দিবাশন; পংক্তিভোজন।

একমুখ, ত্রি. [এক+মুখ] একানন, একবক্ত্র।

একমনঃ, ত্রি. [এক+মনস্] একচিত্ত, একমত।

একমূলা, স্ত্রী.[এক+মূলা] শালপর্ণী; অতসী।

একযষ্টিকা, স্ত্রী. [এক+যষ্টিকা] হারবিশেষ, একনরি হার, একাবলী।

একযোট, (প্রা) সমভিব্যাহার, সঙ্গ; সহিত; সঞ্চয়; একত্রমিলন।

একযোনি, ত্রি. [এক+যোনি] সমযোনিসম্ভব, একোদর, সনাভি, সোদর, সহোদর, এক-স্থানে উৎপন্ন, সমানোৎপত্তিক, সোদর্য্য।

একরজ, পুং. [এক+রজ] ভৃঙ্গরাজবৃক্ষ।

একরস, ত্রি. [এক+রস] সমরস, তুল্যস্বাদ, সমান লালিত্য। [সংপূর্ণদিবস।

একরাত্র, ন. [এক+রাত্র] একনিশা; এক-

একরাজ, পুং. [এক+রাজ] অদ্বিতীয় ভূপতি, অধিরাজ, সম্রাট। [নিকর।

একরাশি, স্ত্রী. [এক+রাশি] স্তূপ নিচয়,

একরাশিভূত, ত্রি. [একরাশি+ভূত] রাশী-কৃত, একত্রীভূত, পর্য্যস্ত। [গ্রহ।

একরাশিস্থ, পুং. [একরাশি+স্থ] একগৃহস্থিত

একরূপ, ত্রি. [এক+রূপ] একাকার, সদৃশ, তুল্য, সমান।

একরোখা, (প্রা) একপ্রতিজ্ঞ, অতিরোষী, কোপান্বিত, একগুঁয়া।

একল, ত্রি. [এক+ল] একাকী, অসহায়, অদ্বিতীয়, একক, বিরল, নিচু।

একলষাঁড়িয়া, (প্রা) আত্মসুখী, স্বার্থী।

একলা, (প্রা) একক, স্বয়ং নিজ।

একলাই, (প্রা) উত্তরীয় বসন, প্রাবার, উড়ানী, চাদর, একপাটা।

একলাদুকলা, (প্রা) দুইএক, একাকী, এক কিম্বা দুই। [(পুং.) কুবের।

একলিঙ্গ, ন. [এক+লিঙ্গ] যোগ স্থানবিশেষ;

একশফ, পুং. [এক+শফ] ঘোটক; এক-খুরজন্তুমাত্র; যথা।—গর্দ্দভ; অশ্ব; অশ্বতর; গৌরশরভ; চমরী।

একশরণ, ন. [এক+শরণ] একাশ্রয়, একো-পাসনা, একান্তগত।

একশরীর, ত্রি. [এক+শরীর] এক বংশজাত, সগর্ভ, সমানোদর্য্য, একপিণ্ড, সগোত্র, সহোদর।

একশরীরান্বয়, পুং. [একশরীর+অন্বয়] এক বংশজাতত্ব, এক কুলোদ্ভূতত্ব সগোত্র, জ্ঞাতি।

একশরীরাবয়ব, পুং. [একশরীর+অবয়ব] একযোনি, একদেহ, সমানাবয়ব।

একশরীরাবয়বত্ব, ন. [একশরীর+অবয়ব-ত্ব] জ্ঞাতিত্ব, অন্তরঙ্গতা।

একশরীরারম্ভ, পুং. [একশরীর+আরম্ভ] পিতা মাতা সংযোগদ্বারা একশরীরান্বয় প্রক্রম।

একশাখ, পুং. [এক+শাখা] একপাঠশালা-ধ্যায়ী; এক বেদৈকশাখাগ্রাহী।

একশিরা, (প্রা) স্ফীতকোষ রোগবিশেষ; বৃদ্ধিকোষ রোগবিশেষ, একশিরা কোরণ্ড।

একশৃঙ্গ, পুং. [এক+শৃঙ্গ] বিষ্ণু; এক শৃঙ্গ-যুক্ত পশুমাত্র, গণ্ডার। [৬১একষষ্টি।

একষষ্টি, স্ত্রী. [এক+ষষ্টি] সংখ্যা বিশেষ,

একসঙ্গ, পুং. [এক+সঙ্গ] বিষ্ণু, কৃষ্ণ।

একসঙ্গী, ত্রি. [এক+সঙ্গিন্] সার্থ, সমভিব্যা-হারী, সহচর, সার্থী, সংসৃষ্ট, সহবাসী।

একসর্গ, ত্রি. [এক+সর্গ] একাগ্র, দৃঢ়মনস্ক, নিবিষ্টচিত্ত।

একসূত্র, পুং. [এক+সূত্র] ডমরুবাদ্য।

একসুনু, পুং. [এক+সুনু] একপুত্রমাত্র।

একস্থ, ত্রি. [এক+স্থ] একত্রীভূত, সমাজস্থ।

একস্থান, ন. [এক+স্থান] সমস্থল, তুল্যা-শ্রম।

একহায়নী, স্ত্রী. [এক+হায়ন+ঈ] একবর্ষীয়া গবী, এক বৎসরের বাছুর, একাব্দা।

একহারা, (প্রা) দুর্ব্বল শরীর, কৃশশরীর।

একা, স্ত্রী. [এক+আ] দুর্গা, আদ্যা, ভগবতী; সঙ্গরহিত।

একাকার, ত্রি. [এক+আকার] তুল্যাকার, প্রতিভূ, সমানমূর্ত্তি, একাকৃতি; জাত্যাভিমানশূন্য।

একাকী, ত্রি. [এক+আকিন্] অসহায়, সহায়রহিত, এক, একক, একল, একলা।

একাগ্র, ত্রি. [এক+অগ্র] অনন্যচিত্ত একতান, অনন্যবৃত্তি, একায়ন, একসর্গ, একায়নগত, অনাকুল, অভিনিবিষ্ট, অনন্যমনাঃ, একাগ্র্য।

একাগ্রচিত্ত, ত্রি. [একাগ্র+চিত্ত] অনন্যচিত্ত।

একাগ্রতা, স্ত্রী. [একাগ্র+তা] অনন্যচিত্ততা, অভিনিবেশ, প্রণিধান।

একাগ্র্য, ত্রি. [এক+অগ্র-য] অনন্যচিত্ত, একতান, অনন্যবৃত্তি, অনাকুল, একাগ্র

একাঙ্গ, পুং. [এক+অঙ্গ] বুধগ্রহ; (ন.) চন্দন, (প্রা) একাবয়ব, একশরীর

একাতপত্র, ত্রি. [এক+আতপত্র] সার্ব্বভৌম, মহারাজচক্রবর্ত্তিত্ব, একচ্ছত্র।

একাত্তর, (প্রা) সংখ্যাবিশেষ, এক সত্তর (৭১)।

একাত্মতা, স্ত্রী. [এক+আত্মন্+তা] অভেদ, এক স্বরূপতা। [দেহ, অভিন্ন।

একাত্মা, পুং. [এক+আত্মন্] একপ্রাণ, এক-

একাদশ, ত্রি. [এক+দশন্] সংখ্যাবিশেষ, ১১ এগার; একাদশবাক্যার্থ বাচক যথা। রুদ্র, দুর্য্যোধন সেনাপতি।

একাদ্নবিংশতি, ত্রি. [একাদ্ন+বিংশতি] একোনবিংশতি, ১৯ সংখ্যা।

একাদশী, স্ত্রী. [একাদশ+ঈ] তিথিবিশেষ, চন্দ্রের একাদশ কলা ক্রিয়ারদিন, হরিবাসর, হরিরদিন।

একাদিক্রম-একাদিক্রমে, ত্রি. [একাদি+ক্রম] আনুপূর্ব্বিক, অনুক্রম, ক্রমানুরূপ, নিরন্তর, ক্রম।

একাদোকা, (প্রা) একূলাদুকূলা, দুই এক, একাকী, অসহায়।

একাধিপতি, পুং. [এক+অধিপতি] একপ্রভু, সম্রাট, অধিরাজ।

একানংশা, স্ত্রী. [এক+অনংশ+আ] পার্ব্বতী, বসুদেবকন্যা। [সংখ্যা।

একানই-একানব্বই, (প্রা) সংখ্যাবিশেষ, ৯১

একানিয়া, (প্রা) একলা, একাকী, একক।

একানুদিষ্ট, ত্রি. [এক+অনুদিষ্ট] অন্ত্যেষ্টিক্রিয়ানন্তরভোজনশীল।

একান্ত, ন. [এক+অন্ত] অত্যন্ত, অতিশয়, ভর, অতিবেল, ভৃশ, অত্যর্থ, অতিমাত্র, উদ্গাঢ়, নির্ভর, তীব্র, নিতান্ত, গাঢ়, বাঢ়, দৃঢ়; (ত্রি.) নিভৃত, নির্জ্জন; অবশ্য।

একান্তকরুণ, ত্রি. [একান্ত+করুণ] কারুণিক, দয়ান্বিত। [নিতান্ত।

একান্ততঃ, ব্য. [এক+অন্ততস্] কেবলমাত্র;

একান্তর, ত্রি. [এক+অন্তর] একেরপর।

একান্তস্থিত, ত্রি. [একান্ত+স্থিত] নির্জ্জনস্থ।

একান্তরা, স্ত্রী. [এক + অন্তরা] একদিন ব্যবধান, একদিন অন্তর; একদিনান্তে ভোজন নিয়ম

একান্তী, ত্রি, [একান্ত+ঈ] বিষ্ণুভক্তবিশেষ।

একান্ত্য, ত্রি. [একান্ত + য] অন্তিম, উপান্ত।

একান্ন, পুং. [এক+অন্ন] একপংক্তি, সহভোজী, সমপংক্তি, একান্নভুক্ত; সংসৃষ্ট; সংখ্যাবিশেষ; একপাকাবস্থিত, অবিভক্ত। [বিংশতি ১৯ সংখ্যা।

একান্নবিংশতি, [একান্ন+বিংশতি] একোন-

একান্নভুক্, পুং. [একান্ন+ভুজ্] মহাভোক্তা।

একাবয়ব, ত্রি. [এক + অবয়ব] সমানাকৃতি, তুল্যাকার, সদৃশ।

একাবলী, স্ত্রী. [এক+আবলী] একযষ্টিকা, একনরহার; ছন্দোবিশেষ।

একাব্দা, স্ত্রী. [এক+অব্দ+ আ] একহায়নী, একবৎসর বয়স্ক গবী।

একায়ত্ত, ত্রি. [এক+আয়ত্ত] একপ্রভুক, একাধীন, একরাজাধীন

একায়ন, ত্রি. [এক+অয়ন] একাগ্র, এক-বিষয়াসক্ত চিত্ত।

একায়নগত, ত্রি. [একায়ন+গত] একাগ্র।

একার, পুং. [এ+কার] এবর্ণ, একাদশ স্বরবর্ণ।

একারণ, ব্য. [এ+কারণ] এতন্নিমিত্ত, এতদর্থ।
একার্ণব, ত্রি. [এক+অর্ণব] প্লাবন, মেলা, সমাগম; একাকার; বর্ণভেদহীন; অভেদ; এক সমুদ্র। [তাৎপর্য্য।
একার্থ, ত্রি. [এক+অর্থ] তুল্যার্থ, সমান
একাশীয়া, (প্রা) একপার্শ্ব; আবর্জা, বক্র।
একাশ্রিত, ত্রি. [এক+আশ্রিত]অনন্যগতিক, কেবল একের শরণাপন্ন।
একাশ্রিতগুণ, পুং. [একাশ্রিত+গুণ] একবৃত্তিধর্ম্ম, যথা।—রূপ, রস, গন্ধ, স্পর্শ; একত্ব; একপৃথকত্ব; পরিমাণ; পরত্ব; অপরত্ব; বুদ্ধি; সুখ; দুঃখ; ইচ্ছা; দ্বেষ; যত্ন; গুরুত্ব; দ্রবত্ব; স্নেহ; সংস্কার; অদৃষ্ট; শব্দ।
একাষ্ঠী, স্ত্রী. [এক+অষ্ঠী]কার্পাসবীজকোশ।
একাষ্ঠীল, পুং. [এক+অষ্ঠীল] বকবৃক্ষ; পাঠা, আকনাদি।
একাষ্ঠীলা-লী, স্ত্রী. [এক+অষ্ঠীলা-লী] বকবৃক্ষ; পাঠা, আকনাদি।
একাহ, ন. [এক+অহন্] একদিন, একদিনজীবী কীট। [মার্গক্রমণ।
একাহগম, পুং. [একাহ+গম] একদিনের
একাহার, পুং. [এক+আহার] একবার ভোজন, একদিন বৃত্ত্যেকবার ভোজন।
একাহারী, ত্রি. [একাহার+ইন্] সহভোজী।
একাহিক, ত্রি. [একাহ+ইক] একদিন সাধ্য; একদিনে উৎপাদ্য।
একাক্ষ, ত্রি. [এক+অক্ষ] একচক্ষু, কাণ; (পুং.) কাক। [এ আশ্চর্য্য।
একি, (প্রা) তুল্য, সমান, অভিন্ন; একমাত্র;
একীভাব, পুং. [একী+ভাব] সহজভাব, প্রকৃতিভাব। [সহভাবী।
একীয়, ত্রি. [এক+ঈয়] একপক্ষ, সহায়,
একুড়া, (প্রা) বিরল, নির্জ্জন, অমিলাপী।
একুন, (প্রা) সাকল্য, সমস্তি; সামাগ্র্য, কাৎস্ন; মোট, সর্ব্বশুদ্ধ, সমুদায়
একুনে, (প্রা) সর্ব্বথা; সম্যক্, সর্ব্বতঃ।
একেএকে, (প্রা) ক্রমশঃ; একৈক, পৃথক্ পৃথক্; জনে জনে; ক্রমে ক্রমে।
একেলা, (প্রা) একাকী, অদ্বয়, একা, অসহায়, দ্বিতীয়হীন।
একেশ্বর, ত্রি. [এক+ঈশ্বর] সহায়শূন্য, স্বাধীন,একাকী; একপ্রভু।
একৈক, ত্রি. [এক+এক] প্রত্যেক, পৃথক্।
একৈকশঃ, ব্য. [এক+একশস্] অনুক্রমশঃ, যথাক্রম, অনুপূর্ব্বশঃ।
একোদ্দিষ্ট, ন. এক+উদ্দিষ্ট] একের উদ্দেশে কৃতশ্রাদ্ধ, প্রেতোদ্দেশ্যশ্রাদ্ধ, সাম্বৎসরিক শ্রাদ্ধবিশেষ; অনন্যার্থ।
একোপম, ত্রি. [এক+উপম] সদৃশ, তুল্য, তদ্রূপ, সমান, তত্তুল্য, তৎসদৃশ।
একোশিকা, স্ত্রী. বৃক্ষবিশেষ, আকনাদি।
একৌঘভূত, ত্রি. [এক+ওঘ+ভূত] আকীর্ণ, ব্যাপ্ত।
একরার, (যাং) প্রতিজ্ঞান, সংবিদ্।
একরারনামা, (যাং) প্রতিজ্ঞাপত্র,নিয়মপত্র।
এখন-এখনি, (প্রা) এক্ষণে, সম্প্রতি, অধুনা, ইদানীং।
এখনো. (প্রা) অদ্যাপি, অদ্যযাবৎ, তবু।
এখান, (প্রা) এইস্থান, অত্র, ইহ, এথা; বর্ত্তমানকাল।
এখানে, (প্রা) এইস্থানে।
এখ্তিয়ার, (যাং) ক্ষমতা; স্বাধীন, ইচ্ছা
এগানা, (যাং) অতুল্য; নিরুপম; একক
এগুয়ানেপিছানে, (প্রা) অগ্রপশ্চাৎ, ঘষ্টিঘষণ।
এজন, ন. [এজ্+অন] কম্পন,বেপন, পল্লল।
এজন্যে, (প্র) এইনিমিত্ত, এইকারণ।
এজয়ৎ, ত্রি. [এজ্+য়ৎ] সকম্প, বেপমান; উল্লনন্।
এজিত, ত্রি. [এজ+ইত] কম্পিত, তরলিত।
এজিতব্য, ত্রি. [এজ+ইতব্য] আকম্পিত, বিকম্প্য।
এজিতা, ত্রি. [এজ+ইতৃ] সকম্প, অরিপ্লব।
এটে, (প্রা) কদলীবৃক্ষের মূল
এড়, ত্রি. [ঈড়্+অ] বধির, কালা।
এড়ক, পুং.[ঈড়্+ক] মেষ; বনচ্ছগল; ম্লেচ্ছদেশীয় বৃক্ষ ও ফলবিশেষ এবং আসব সংসিক্ত কলাচার।

এড়কা, স্ত্রী. [এড়ক+আ] মেষী

এড়গজ, পুং. [এড়+গজ] চক্রমর্দ্দক, চাকুন্দিয়া। [বাঁচন।

এড়ন, (প্রা) জালক্ষেপণ; ত্যজন, ছাড়ন;

এড়মূক, ত্রি. [এড়+মূক] বধির এবং বাগিন্দ্রিয়হীন, হাবা কালা; শঠ।

এড়া, (প্রা) ত্যক্ত, উজ্‌ঝিত।

এড়াকাণি, (প্রা) অস্বীকার, শ্রবণে অনিচ্ছুক, তাচ্ছল্য, উপেক্ষা, আলস্যকরণ।

এড়াটিয়া, (প্রা) সমল, মন্দ, অধম, ঘৃণিত, অপরিষ্কৃত, অপরিচ্ছিন্ন; অকর্ম্মা।

এড়ান, (প্রা) উদ্ধৃত, ত্রাণ.

এড়ানি, (প্রা) বর্জ্জিত, ত্যক্ত।

এড়ুক-এড়ূক-এড়োক, ন. [ঈড়্+উক] কুড়্য, দেওয়ালবিশেষ, ছিটাবেড়া।

এড়োক, ন. [ঈড়+উক] এড়ূক।

এণ, পুং. স্ত্রী. [ইণ+অ] হরিণ; মৃগবিশেষ।

এণক, পুং. [এণ+ক] এণ, মৃগ, হরিণ।

এণতিলক, পুং. [এণ+তিলক] চন্দ্র।

এণনাভি, স্ত্রী. [এণ+নাভি] মৃগনাভি, কস্তূরী

এণভৃৎ, পুং. [এণ + ভৃৎ] চন্দ্র।

এণাজিন, ন. [এণ+অজিন] মৃগাজিন, মৃগচর্ম্ম

এণী, স্ত্রী. [এণ+ঈ] মৃগী, হরিণী

এত, পুং. [ইণ+ত] মৃগ; কর্ব্বূরবর্ণ; (ত্রি.) আগত; কর্ব্বূরবর্ণযুক্ত।

এত, (প্রা) এতাবদ্, ইয়ৎসংখ্যক, এতদ্, এই, তত, এপর্য্যন্ত; অধিক। [তুক।

এতজ্জ, ত্রি. [এতদ্+জ] এতজ্জনিত, এ হে-

এতজ্জন্য-এতজ্জনিত, ত্রি. [এতদ্+জন্য-জনিত] এতন্নিমিত্ত, এই কারণ, এই হেতু। [এই, ইহা।

এতৎ, ব্য. [এ+তৎ] পুরোবর্ত্তী, সম্মুখস্থিত;

এতৎকাল, পুং. [এতৎ+কাল] বর্ত্তমানকাল, উপস্থিতকাল, এসময়, সম্প্রতি, এখন।

এতৎকালীন, ত্রি. [এতৎ+কালীন] আধুনিক, এই সময়ের, একালবর্ত্তী

এতত্তুল্য, ত্রি. [এতৎ+তুল্য] এইপ্রকার সদৃশ, ঈদৃশ, এইরূপ, ইহার ন্যায়।

এতৎসম, ত্রি. [এতৎ+সম] এতাদৃশ, সেইরূপ, ইহার সমান, এইরূপ।

এতৎক্ষণাৎ, ব্য. [এতৎ+ক্ষণাৎ] এই অবধি, অদ্যারভ্য, অব্যাজে।

এতৎক্ষণে, ব্য. [এতৎ+ক্ষণে] সম্প্রতি, অধুনা, এইক্ষণে, এখন।

এতদ্, ত্রি. [ইণ+তদ্] পুরোবর্ত্তি বাচক সর্ব্বনাম শব্দ, এতৎ, এই, ইহা।

এতদঙ্ক, ত্রি. [এতদ্+অঙ্ক] এই অঙ্ক, এইকাল। [দেহ।

এতদঙ্গ, ত্রি. [এতদ্+অঙ্গ] এইশরীর, এত-

এতদতিরিক্ত, ত্রি. [এতদ্+অতিরিক্ত] ইহা ব্যতীত, অধিকন্তু। [অবশেষ।

এতদন্ত, ত্রি. [এতদ্+অন্ত] ইহার শেষ,

এতদন্তর, ব্য. [এতদ্+অন্তর] এই ব্যতিরেকে, এতদ্ভিন্ন; এই অবসর; ইহার পর। [এতৎপশ্চাৎ।

এতদনন্তর, ব্য. [এতদ্+অনন্তর] ইহারপর,

এতদপেক্ষা, ব্য [এতদ্+অপেক্ষা] সাদৃশ্যোন, উপমানপূর্ব্ব; এতৎপ্রতীক্ষা।

এতদবধি. ব্য. [এতদ্+অবধি] এপর্য্যন্ত, ইতি, এই অবধি, এই ইস্তক।

এতদরিক্ত, ব্য. [এতদ্+অরিক্ত] অত্যন্ত, অতিশয়। [এহেতু।

এতদর্থ, ব্য. [এতদ্+অর্থ] এতন্নিমিত্তে,

এতদর্থে, ব্য. [এতদ্+অর্থে] একারণে, এনিমিত্তে; অতঃকারণাৎ।

এতদা, ব্য. [এ+তদা] এখন, সম্প্রতি।

এতদাদি, ব্য. [এতদ্+আদি] এই যাহার আদি, এতৎ প্রভৃতি, এমত এমত, অন্য অন্য।

এতদাদিতদন্ত, ত্রি. [এতদাদি+তদন্ত] আদ্যন্ত সমুদায় বিবরণ।

এতদানীং, ব্য. [এ+তদানীং]এখন, সম্প্রতি।

এতদিতর, ত্রি. [এতদ্+ইতর] এতদ্ভিন্ন, এতদন্য, এ ছাড়া। [ইহার।

এতদীয়, ত্রি. [এতদ্+ঈয়] এতৎসম্বন্ধীয়,

এতদুত্তম, ত্রি. [এতদ্+উত্তম] ইহা হইতে উত্তম, ইহার অপেক্ষা শ্রেষ্ঠ

এতদেব, ত্রি. [এতদ্+এব] এই, অনন্য, স্বরূপ।

এতদ্গত, ত্রি. [এতদ্+গত] ইহাযুক্ত, ইহাগত।

এতদ্গরিষ্ঠ, ত্রি. [এতদ্+গরিষ্ঠ] ইহা অপেক্ষা গুরুতর। [প্রদেশ।

এতদ্দেশ, ত্রি. [এতদ্+দেশ] এইদেশ, এ

এতদ্দেশজাত, ত্রি. [এতদ্দেশ+জাত] এই দেশজনিত।

এতদ্ধেতুক, ত্রি. [এতদ্+হেতুক] এহেতুক, এইজন্যে, এ প্রযুক্ত, এইকারণ।

এতদ্বৎ, ব্য. [এতদ্+বৎ] ঈদৃশ, এতৎস্বরূপ, এমন, ইহার সদৃশ, তত্তুল্য।

এতদ্বিশিষ্ট, ত্রি. [এতদ্+বিশিষ্ট] ইহাপ্রাপ্ত।

এতদ্ব্যতিরিক্ত, ত্রি. [এতদ্+ব্যতিরিক্ত] ইহা বিনা, এব্যতিরেকে।

এতদ্বিষয়, ত্রি. [এতদ্+বিষয়] এই ব্যাপার, এই সম্পত্তি, এইবস্তু।

এতদ্ভিন্ন, ত্রি. [এতদ্+ভিন্ন] ইহাব্যতিরেক, ইহাব্যতীত, এতদ্ব্যতিরেক, এছাড়া।

এতদ্রূপ, ত্রি. [এতদ্+রূপ] এই প্রকার।

এতন, পুং. [এত+ন] নিশ্বাস, প্রশ্বাস, প্রাণোদ্গার। [অত্যল্প।

এতনয়, ব্য. [এত+নয়] অভ্যন্তরে, অন্তঃ;

এতন্ন, ব্য. [এতদ্+ন] ইহানয়, এমন নয়।

এতন্ন্যায়, ত্রি. [এতদ্+ন্যায়] ইহারতুল্য, ইহার সমান, এপ্রকার।

এতন্মধ্যে, ব্য. [এতদ্+মধ্যে] ইহারমধ্যে, ইহার অন্তরে।

এতন্মনাঃ, ত্রি. [এতদ্+মনস্] এবম্প্রকারমনাঃ, এইপ্রকার অন্তঃকরণ বিশিষ্ট

এতন্মাত্র, ব্য. [এতদ্+মাত্র] ইহামাত্র, এই কেবল, ইহাই। [প্রকার।

এতপ্রকার, ব্য. [এত+প্রকার] তাবৎ, অনেক

এতরৎ, ব্য. প্রত্যেক, অন তর।

এতর্হি, ব্য. [এত+র্হি] এতস্মিন্‌কালে, সম্প্রতি, এখন, এই সময়।

এতল্লোক, ত্রি. [এতদ্+লোক] এইব্যক্তি, সেইব্যক্তি; ইহলোক। [বিপ্র।

এতশ-এতশস্, পুং. [ইণ+তস্] ব্রাহ্মণ,

এতা, স্ত্রী. [এত+আ] মৃগী, হরিণী।

এতাদৃক্-এতাদৃশ, ত্রি. [এতদ্+দৃশ্] এততুল্য, এতৎসমান; ঈদৃক্, এইপ্রকার।

এতাবৎ, ব্য. [এতদ্+আ-বৎ] এপর্য্যন্ত, ইয়ৎ, এই পর্য্যন্ত, এতৎপরিমাণ।

এতাবতা, ব্য. [এতাবৎ+আ] এইপ্রকার, এমতে, এই হেতু, ইহারদ্বারা।

এতাবন্মাত্র, ব্য. [এতাবৎ+মাত্র] এতন্মাত্র, এইমাত্র, এই কেবল।

এতাবান্, ত্রি. [এতা+বৎ] এতাদৃশ, এইমাত্র, ইহাই কেবল; তুল্য

এতেক, (প্রা) এতদ্, এত, এতাবৎ, এপর্য্যন্ত; ইয়ৎপরিমাণ। [গত প্রাপ্ত।

এত্য, ত্রি. [এত+য] নিষ্ক্রান্ত; উপগত; অপ

এত্তেলা (যাং) বিজ্ঞাপন, ইস্তেহার।

এৎবার, (যাং) বিশ্বাস, প্রত্যয়; রবিবার।

এথা, (প্রা) এস্থানে, এখানে, অত্র, এদিগে হেথা

এদিক্-এদিগে, (প্রা) ইতস্ততঃ।

এধ, পুং. [এধ্+অ] ইন্ধন, জ্বালানিকাষ্ঠ

এধতু, পুং. [এধ+তু] পুরুষ; অগ্নি; (ত্রি.) বর্দ্ধিত, বৃদ্ধিযুক্ত।

এধনীয়, ত্রি. [এধ্+অনীয়] বর্দ্ধনীয়, বৃংহণীয়।

এধমান, ত্রি. [এধ+মান] বর্দ্ধমান, বর্দ্ধিষ্ণু।

এধস্, ন. [এধ্+অস্] ইন্ধন, জ্বালানিকাষ্ঠ।

এধিত, ত্রি. [এধ+ইত] বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত।

এধিতা, ত্রি. [এধ্+তৃ] বর্দ্ধমান, বর্দ্ধী।

এনস্, ন. [ইণ+অস্] পাপ; অপরাধ; নিন্দা।

এনস্বী, ত্রি. [এনস্+বিন্] পাপী, অপরাধী।

এনিমিত্ত, (প্রা) এইকারণ, এইহেতু।

এপর্য্যন্ত, (প্রা) এই অবধি, এইকাল, যাবৎ, এতাবৎসীমা।

এপাশ, (প্রা) অপরতস্, পরতস্।

এপ্রকার, (প্রা) এতদ্রূপ, এবম্প্রকার, এবম্বিধ। [কারণ।

এপ্রযুক্ত, (প্রা) এনিমিত্ত, এতদ্ধেতু, এই

এফাঁড়ওফাঁড়-এফোড়ওফোড়, (প্রা) সাদ্যন্ত, আদ্যন্ত, সম্যক্ বেধকরণ।

এব, ব্য. [এ+ব] অবধারণ, তৎপর্য্যায়।—এবং, তু, পুনঃ, বা, বৈ, চ, অপি, বাপি, সত্য; সাদৃশ্য; নিয়োগ; বাক্যপূরণ; চারনিয়োগ; বিনিগ্রহ; (ত্রি.) গমনকর্ত্তা; নিশ্চিত।

এবং, ব্য. [ইণ+বম্] সাম্য, সাদৃশ্য, বৎ, বা, যথা, তথা, ইব, ব; ইত্থম্প্রকার; অঙ্গীকার; অর্থপ্রশ্ন; পরকৃতি; পৃচ্ছা।

এবংগুণ, ত্রি. [এবং+গুণ] ঈদৃশ।

এবজ, (যাং) পরিবর্ত্তন, বদল।

এবম্প্রকার, ত্রি. [এবম্+প্রকার] এবম্বিধ, এবম্ভূত, ঈদৃশ, এইপ্রকার

এবার, (প্রা) এসময়, একাল, এখন, এপালায়, এতৎপর্য্যায়। [এইবারে।

এবে, (প্রা) ইদানী, এখন, অধুনা, এসময়,

এমত-এমন-এমনি, (প্রা) ঈদৃশ।

এমতে-এমনে, (প্রা) এপ্রকারে।

এমারৎ, (যাং) গৃহনির্ম্মাণ; উপরিকার গৃহ

এমুড়া, (প্রা) এতদন্ত, সীমা, সরহদ্দ; এধার।

এমুড়াওমুড়া, (প্রা) এধারওধার।

এরকা, স্ত্রী. [এরক+আ] তৃণবিশেষ; নির্গ্রন্থি হোগ্‌লা, তৎপর্য্যায়।—গুন্দ্রমূলা, শিম্বী, গুন্দ্রা, শরী।

এরঙ্গ, পুং. মৎস্যভেদ, রাঙ্গাগাছ।

এরণ্ড-এরণ্ডক, পুং. [ইর+অণ্ড] বৃক্ষবিশেষ, ভেরাণ্ডাগাছ, তৎপর্য্যায়।—ব্যাঘ্রপুচ্ছ, গন্ধর্ব্বহস্তক, উরুবুক, রুবুক, চিত্রক, চঞ্চু, পঞ্চাঙ্গুল, মণ্ড, বর্দ্ধমান, ব্যড়ম্বক, উরুবুক, রুবূক, রুবুক, রুবক, বুক, অমণ্ড, আমণ্ড, ব্যড়ম্বন, কান্ত, তরুণ, শুক্ল, বাতারি, দীর্ঘপত্রক।

এরণ্ডজ, ত্রি. [এরণ্ড+জ] এরণ্ডবৃক্ষজাত।

এরণ্ডপত্রিকা-এরণ্ডফলা, স্ত্রী. [এরণ্ড+পত্রিকা-ফলা] দন্তীবৃক্ষ।

এরণ্ডা, স্ত্রী. [এরণ্ড+আ] পিপ্পলী, পিঁপুল।

এরূপ, (প্রা) ঈদৃশ, এইপ্রকার, এমন।

এর্ব্বারু, পুং. কর্কটীভেদ, কাঁকুড় তৎপর্য্যায়।—ব্যালপত্রা, লোমশা, স্থূলা, তোয়ফলা, হস্তীদন্তফলা, কর্কটী।

এলক, পুং. [এ+লক] মেষ।

এলঙ্গ, পুং. [এলা+অঙ্গ] মৎস্যভেদ, রায়কড়মাছ, রায়খাঁড়া, এলাঙ্গা।

এলবালু-এলবালুক, ন. [এলা+বল+উ-ক] সুগন্ধিদ্রব্যবিশেষ; লালুকা, তৎপর্য্যায়—ঐলেয়, সুগন্ধি, হরিবালুক, বালুক, হরিবালুক, আলুক, এল্বালুক, কপিথত্বক গন্ধত্বক, কুষ্ঠগন্ধি।

এলবিল, পুং. [এল+বিল] ঐলবিল, কুবের।

এলম্, (যাং) বিদ্যা, জ্ঞান। [বিশেষ।

এল্‌বাস, (যাং) অঙ্গরাখা বিশেষ, পরিচ্ছদ

এলা, স্ত্রী. [এল+আ] ফলবৃক্ষবিশেষ, এলাচি।

এলাইচ-এলাচী, (প্রা) এলা, তৎপর্য্যায়।—বহুলগন্ধা, ঐন্দ্রী, দ্রাবিড়ী, কপোতপর্ণী, বালা, বলবতী, হিমা, চন্দ্রিকা, সাগরগামিনী, গন্ধালীগর্ভ, এলীকা, কায়স্থা; গুজরাটী এলাচের পর্য্যায় যথা।—উপকুঞ্চিকা, তুত্থা, কোরঙ্গী, ত্রিপুটা, ত্রুটি, বয়স্থা, তীক্ষ্ণগন্ধা, সূক্ষ্মৈলা, ত্রিপুটী, বড় এলাচের পর্য্যায় যথা।—পৃথ্বীকা, চন্দ্রবালা, নিষ্কুটি, বহুলা, স্থূলা, মালেয়া, তাড়কাফল। [বিশেষ।

এলাচীকড়ি, (প্রা) চিত্র বিচিত্রিত কপর্দ্দক

এলাচীদানা, (প্রা) এলাইচদানা মিশ্রিতসর্করার বটিকা বিশেষ।

এলাজ, (যাং) ঔষধ, আরজ্ঞ।

এলাপত্র, পুং. [এলা+পত্র] নাগভেদ।

এলাপর্ণী, স্ত্রী. [এলা+পর্ণী] বৃক্ষবিশেষ, কাঁটা আমরুলী, এলানী, সুবহা, রাস্না, যুক্তরসা।

এলাবতী, স্ত্রী. [এলা+বতী] এলাইচবৃক্ষ।

এলীকা, স্ত্রী. [এলা+ইকা] সূক্ষ্মৈলা।

এলুয়া, (প্রা) অসংলগ্ন, শিথিল, খোলা, আল্‌গা; আলসিয়া।

এলুয়াকথা, (প্রা) অসম্বন্ধবাক্য, আলস্যবচন, বৃথাকথা।

এলুয়াথেলুয়া-এলুয়ামেলুয়া, (প্রা) অসংলগ্ন, বিনিযুক্ত, অবচ্ছিন্ন। [এই।

এষ, পুং. [এতদ্] পুরোবর্ত্তীপুরুষ, এতদ,

এষণ, পুং. [এষ্+অন] লৌহময়বাণ।

এষণা, স্ত্রী. [ইষ্+অনা] ইচ্ছা, বাঞ্ছা।

এষণিকা, স্ত্রী. [এষণ+ইকা] স্বর্ণকারাদির তুলা, নিক্তি, নারাচী।

এষণী, স্ত্রী. [এষণ+ঈ] ব্রণমার্গানুসারিণী, বেলকার; তুলাভেদ, নিক্তি।

এষণীয়, ত্রি. [ইষ্+অনীয়] স্পৃহণীয়, প্রার্থনীয়, বাঞ্ছনীয়।

এষা, স্ত্রী. [ঈষ+আ] ইচ্ছা, স্পৃহা, বাঞ্ছা; এতদ্।

এষিতা, ত্রি. [ঈষ+তৃ] ইচ্ছু, স্পৃহালু, আলু।

এষী, ত্রি. [এষা+ইন্] ইচ্ছুক, অভিকাঙ্ক্ষী।

এষ্টা, ত্রি. [এষ্+তৃ] বাঞ্ছিত, অভীপ্সিত।

এস্তাহার, (যাং) বিজ্ঞাপনপত্র, ঘোষণাপত্র।

এস্থানে, (প্রা) অত্র, ইহস্থানে, এখানে।

এহেতুক, (প্রা) এজন্য, এইকারণ।

এক্ষণে, (প্রা) সম্প্রতি, ইদানীং অবিলম্বে, এখন

ঐ ঐকার, দ্বাদশ স্বরবর্ণ, তদ্বর্ণের উচ্চারণের স্থান তালু এবং কণ্ঠ, এই বর্ণ দীর্ঘ এবং প্লুতোচ্চারিত কিন্তু হ্রস্বোচ্চারণাভাব অস্যনামানি যথা।—লজ্জ, ভৌতিক, কান্তা, বায়বী, মোহিনী, বিভু দক্ষা, দামোদর, অধর, বিকৃত মুখ, ক্ষমাত্মক, জগদ্যোনি, পর, পরনিবোধকারী, জ্ঞানামৃতা, কল্পদ্দি স্ত্রী, পাঠেশ, অগ্নি, সমাতৃক, ত্রিপুরা, লোহিতী, রাজ্ঞী, বাগ্ভব, ভৌতিকাসন, মহেশ্বর, দ্বাদশী, বিসল, সরস্বতী, কামকোটো, বামজানু, অংশুমান্, বিজয়, জটা, দন্তান্ত, যোনি।

ঐ, ব্য. আহ্বান; স্মরণ; আমন্ত্রণ; (পুং.) মহেশ্বর; (প্রা) কিঞ্চিৎদূরস্থিত পদার্থ।

ঐকধ্য, ন. [এক+ধ্য] একদা, কদাচিৎ।

ঐকগত্য, ন. [একমতি+অ] সম্মতি, ঐক্য, পরিগ্রহ, সমানতা।

ঐকশফ, পুং. [একশফ+অ] একখুর, ঘোটকাদি জন্তু।

ঐকাগারিক, ত্রি. [এক+আগার-ইক] চৌর, তস্কর; একাগারবাসী।

ঐকাগারিকী, স্ত্রী. [ঐকাগারিক+ঈ] তস্করী, চুর্ণী, চোরের ভার্য্যা।

ঐকাগ্র্য, ন. [একাগ্র+য] একাগ্রতা, স্থৈর্য্য, অভিনিবেশ, মনোযোগ।

ঐকান্তিক, ত্রি. [একান্ত+ইক] নিতান্ত, অত্যন্ত, সম্পূর্ণ গাঢ়, দৃঢ়।

ঐকান্তিকভাব, পুং. [ঐকান্তিক+ভাব] সংসিদ্ধি, সংপূর্ণতা। [অবশ্য।

ঐকান্তিকী, ব্য. [ঐকান্তিক+ঈ] ধ্রুব,

ঐকান্যক, ব্য. [এক+অন্যক] পাঠকালীন ভ্রমপূর্ব্বক যে একবার অশুদ্ধ পাঠকরে।

ঐকাহিক, ত্রি.[এক+অহন্+ইক]একাহভাব, একাহ নিষ্পন্ন, প্রাত্যহিক, অন্বাহিক, আহ্নিক, প্রতিদৈনিক; একদিনান্তরজাত; ঐকাহিকজ্বর; ক্ষণবিধ্বংসী।

ঐকাহিকজ্বর, পুং. [একাহিক+জ্বর] একদিনান্তরগতজ্বর, পালিজ্বর।

ঐক্য, ন. [এক+য] একত্ব, একতা, মিলন, প্রণয়, বন্ধুতা একভাব।

ঐক্যবাদী, পুং. [ঐক্য+বাদিন্]অদ্বৈতবাদী, নির্দ্বন্দ্ব, নির্বিকল্প।

ঐক্যতাপন্ন, ত্রি. [ঐক্যতা+আপন্ন] সংযোজিত, সংযুক্ত, সমবায়ী।

ঐক্যবাক্য, ত্রি. [ঐক্য+বাক্য] ঐকমত, সর্ব্বসম্মত, একচিত্ত।

ঐঙ্গুদ, ন. [ইঙ্গুদ+অ] ঐঙ্গুদীবৃক্ষেরফল।

ঐচ্ছিক, ত্রি. [ইচ্ছা+ইক] ইচ্ছাপূর্ব্বক, স্বেচ্ছাধীন, স্বৈরবৃত্ত।

ঐচ্ছুতা, স্ত্রী. [ইচ্ছু+তা] সানুরাগতা, ইচ্ছুকত্ব। [কুবের।

ঐড়বিড়-ঐড়বিল, পুং. [এলবিল + অ]

ঐড়ুক, ন. [এড়ুক+অ] ওড়ুক, ছিটাবেড়া।

ঐণ, ত্রি. [এণ+অ] কৃষ্ণসারচর্ম্মসম্বন্ধীয়বস্তু।

ঐণিক, ত্রি. [এণ+ইক] ঐণহন্তা, ঐণসম্বন্ধী।

ঐণেয়, ত্রি, [এণী+অ] এণীসম্বন্ধী; স্ত্রীলোকের রতিবন্ধ বিশেষ।

ঐতরেয়োপনিষদ, স্ত্রী. [ইতর+উপনিষদ্] বেদান্ত বিশেষ।

ঐতিহাসিক, পুং. [ইতিহাস+ইক] ইতিহাস রচক, পুরাণরচক; (ত্রি.) পরাবৃত্তবিষয়।

ঐতিহ্য, ন. [ইতিহ+য] পারম্পর্য্যোপদেশ, ইতিহ; ইতিহাস।

ঐন্দব, ন. [ইন্দু+অ] মৃগশিরানক্ষত্র; (ত্রি.) চান্দ্র, চন্দ্রসম্বন্ধীয়।

ঐন্দবী, স্ত্রী. [ঐন্দব+ঈ] সোমরাজীবৃক্ষ।
ঐন্দ্র, ত্রি. [ইন্দ্র+অ] ইন্দ্রসম্বন্ধী; (পুং.) ইন্দ্রপুত্র বালিবানর; (ন.) জ্যেষ্ঠান ক্ষত্র; মূলবিশেষ, বনআদা, বনার্দ্রক, বনজা, অরণ্যজার্দ্রক।
ঐন্দ্রজালিক, পুং. [ইন্দ্রজাল+ইক] ইন্দ্রজালকারক, প্রতীহারক, কৌসুতিক, মায়াবী, মায়াকারক, মায়ী, মায়িক; (ত্রি.) মায়াময়, মায়ী।
ঐন্দ্রলুপ্তিক, ত্রি. [ইন্দ্রলুপ্ত+ইক] কেশঘ্নরোগবিশিষ্ট, টেকো; খল্লীট; খলতি।
ঐন্দ্রাগ্নি, পুং. [ইন্দ্র+অগ্নি] ইন্দ্রযজ্ঞ
ঐন্দ্রায়ুধ, ত্রি. [ইন্দ্রায়ুধ+অ] ইন্দ্রধনুসম্বন্ধীয়; বজ্র। [বরুণসম্বন্ধীয়।
ঐন্দ্রাবরুণ, ত্রি, [ইন্দ্র+বরুণ+অ] ইন্দ্র এবং
ঐন্দ্রি, পুং. [ইন্দ্র+ই] জয়ন্তনামা ইন্দ্রপুত্র. কাক; বালিনাম বানর; তৃতীয়পাণ্ডব।
ঐন্দ্রিয়ক, ত্রি. [ইন্দ্রিয়+ক] প্রত্যক্ষ, ইন্দ্রিয়গ্রাহ্য, ইন্দ্রিয়গোচর
ঐন্দ্রী, স্ত্রী. [ইন্দ্র+ঈ] শচী; দুর্গা; স্বর্ণলক্ষ্মী, ইন্দ্রবারুণী, রাখালশসা; পূর্ব্বদিক্; এলা, এলাচি
ঐভী, স্ত্রী. [ইভ+ঈ] হস্তীঘোষালতা।
ঐমত, (প্রা) ঐপ্রকার, তদ্রূপ, সেইরূপ।
ঐরান্, (যাং) অরণ্য, জঙ্গল।
ঐরাবণ, পুং. [ইরাবৎ+অন্]ঐরাবত হস্তী।
ঐরাবত, পুং. [ইরাবৎ+অ] ইন্দ্রেরহস্তী; পূর্ব্বদিগ্‌গজ, তৎপর্য্যায়।—অভ্রমাতঙ্গ, ঐরাবণ, অভ্রমুবল্লভ, শ্বেতহস্তী, চতুর্দ্দন্ত, মল্লনাগ, ইন্দ্রকুঞ্জর, হস্তীমল্ল, সদাদান, সুদামা, শ্বেতকুঞ্জর, গজাগ্রণী, নাগমল্ল; নাগরঙ্গ; লকুচবৃক্ষ; নাগভেদ; (ন.) ইন্দ্রের অবক্র ধনুঃ, রামধনুক।
ঐরাবতী, স্ত্রী. [ইরাবত+ঈ] বিদ্যুৎ; বিদ্যুদ্বিশেষ; ঐরাবতভার্য্যা; বটপত্রীবৃক্ষ; পঞ্জাপদেশীয় নদীবিশেষ, রাবীনদী।
ঐরি (প্রা) অরি, শত্রু, বিপক্ষ।
ঐরিতা, (প্রা) শত্রুতা, বিপক্ষতা।
ঐরিণ, ন. [ইরিন্+অ] পাংশুলবণ।
ঐরেয়, ন. [ইরা+এয়] মদ্য।
ঐল, পুং. [ইলা+অ] ইলাপুত্র, চন্দ্রবংশীয় রাজা পুরূরবা। [সুগন্ধিদ্রব্য।
ঐলবালুক, ন. [এলবালুক+অ] এলবালুক,
ঐলবিল, পুং. [ইলবিলা+অ] ইলবিলাপুত্র, কুবের, ঐড়বিড়, ঐড়বিল, এলবিল.
ঐলেয়, ন. [এলা+এয়] এলবালুকনামক গন্ধদ্রব্য। [রের।
ঐশ, ত্রি. [ঈশ+অ] ঈশ্বরসম্বন্ধীয়; ঈশ্ব-
ঐশানী, পুং [ঈশান+ঈ] ঈশানকোণ।
ঐশিক, ত্রি. [ঈশ+ইক] ঈশ্বরসম্বন্ধীয়, ঐশ্বর; ঈশ্বরীয়, ঈশ্বরের।
ঐশী, ত্রি. [ঈশ+ঈ] ঈশ্বরসম্বন্ধীয়, ঈশ্বরের।
ঐশ্বর-ঐশ্বরী, ত্রি. [ঈশ্বর+অ-ঈ]ঈশ্বরীয়, ঐশিক, ঈশ্বরসম্বন্ধীয়, ঈশ্বরের।
ঐশ্বর্য্য, ন. [ঈশ্বর+য] ঈশ্বরধর্ম্ম, বিভূতি, ভূতি, অষ্ট প্রকার ঐশ্বর্য্য যথা।—অণিমা, লঘিমা, প্রাপ্তি, প্রাকাম্য, মহিমা, ঈশিত্ব, বশিত্ব, কামাবশায়িতা; সম্পত্তি; মহত্ত্ব; গৌরব।
ঐশ্বর্য্যকর্ম্মা, পুং. [ঐশ্বর্য্য+কর্ম্মন্] ঈশ্বর সম্বন্ধি কর্ম্মযুক্ত, তৎপর্য্যায়।—ইরজ্যতি, পত্যতে, ক্ষয়তি, রাজতি
ঐশ্বর্য্যমত্ত, ত্রি. [ঐশ্বর্য্য+মত্ত] সম্পত্তিমদবিশিষ্ট।
ঐষমঃ, ব্য. [ইদম্+অস্] বর্ত্তমান বৎসর।
ঐষমস্তন, ত্রি. [ঐষমস্+তন] ঐষমস্‌সম্বন্ধী, এই বৎসরের।
ঐষমস্ত্য, ত্রি. [ঐষমস্+ত্য] ঐষমস্তন।
ঐষ্টিক, ত্রি. [ইষ্ট+ইক] যজ্ঞসম্বন্ধী, যজ্ঞীয়।
ঐষ্টিকপৌর্ত্তিক, ত্রি. [ইষ্টাপূর্ত্ত+ইক] বৈধিক, নৈয়মিক, আচারিক।
ঐহদেশিক-ঐহস্থানিক, ত্রি. [ইহদেশ+ইক] দেশীয়, স্থানীয়। [লৌকিক।
ঐহলৌকিক, ত্রি. [ইহলোক+ইক] ইহ-
ঐহিক, ত্রি. [ইহ+ইক] ইহভব, ইহকালের, সাংসারিক, প্রাপঞ্চিক।
ঐহিকদর্শী-ঐহিকদৃষ্টি, ত্রি. [ঐহিক+দর্শিন্] ইহলোকদৃষ্টি।
ঐহিকবুদ্ধি, ত্রি. [ঐহিক+বুদ্ধি] প্রপঞ্চবুদ্ধি, সংসারৈকলক্ষ

ঐক্ষব, ত্রি. [ইক্ষু+অ] ইক্ষুবিকার, ইক্ষুসম্বন্ধী, গুড়াদি।

ঐক্ষুক, পুং. [ইক্ষু+অক] ইক্ষুব্যবসায়ী; ইক্ষুভারবাহক।

ঐক্ষুভারিক, পুং. [ইক্ষুভার+ইক] ইক্ষুভারবাহক।

ঐক্ষ্বাক, ত্রি. [ইক্ষাকু+অ] ইক্ষ্বাকু রাজবংশীয়।

ঐক্ষ্বাকব, ত্রি. [ইক্ষ্বাকু+অ] ইক্ষ্বাকু রাজ- [বংশীয়।

ও

ওকার ত্রয়োদশ স্বরবর্ণ, এতদ্বর্ণের উচ্চারণ স্থান ওষ্ঠ এব কণ্ঠ; এইবর্ণ দীর্ঘ ও প্লুতোচ্চারিত, কিন্তু হ্রস্বোচ্চাণাভাব।

অস্য নাম যথা।—ওকার; সত্য; পীযূষ; পশ্চিমাস্য; শ্রুতি; স্থিরা; সদ্যোজাত; বাসুদেব; গায়ত্রী; দীর্ঘজঙ্ঘ; আপ্যায়নী; ঊর্দ্ধদন্ত; লক্ষ্মী; বাণীমুখী; দ্বিজ; উদ্দেশ্য; দর্শক; তীব্র; কৈলাস; বসুধা; ক্ষর; প্রণবাংশ; ব্রহ্মসূত্র; অজেশ; সর্ব্বমঙ্গলা; ত্রয়োদশী; দীর্ঘনাসা; কামদেব; দিগম্বরা; ত্রৈলোক্যবিজয়া প্রীতি, পীজাদি কর্ষিণী।

ও, ব্য. সম্বোধন; আহ্বান; স্মরণ; অনুকম্পা; (পুং.) ব্রহ্মা

ও, (প্রা) আর, অপি, এবং; সম্মুখবর্ত্তী।

ওকার, (প্রা) বমন, ছর্দ্দি, বমি।

ওয়াকবক, (প্রা) দ্রোণকাক.

ওআড়, (প্রা) বালিশাদির আবরণবস্ত্র, উপধানাচ্ছাদন।

ওঁ ব্য. ওম্, প্রণব, আদ্যবীজ।

ওঁক, (প্র.) বৃষগর্জ্জনি, গোরব।

ওঁচলা, (প্রা) অবকর, অবস্কর, আবর্জ্জনা, জঞ্জাল.

ওঁচান, (প্রা) প্রহারার্থে হস্তাদি উত্তোলন।

ওঁছা, (প্রা) উচ্ছিষ্ট, ত্যক্ত, ত্যজ্য; হেয়, জঘন্য

ওক, ন. [উচ+ক] গৃহ; আশ্রয়। [বিশেষ।

ওকড়া, (প্রা) পাঁচনবিশেষ; ক্ষুদ্রলতা বৃক্ষ-

ওকণ, পুং. [ও+কণ] কেশকীট, উকুণ.

ওকণি, পুং. [ওকণ্+ই] যূক, উকুণ।

ওকর্, (যাং) উত্তমতা, শ্রেষ্ঠতা।

ওকস্, ন. [ওক্+অস্] আশ্রয়, গৃহ।

ওকালৎ, (যাং) উকিলীকর্ম্ম।

ওকুল, পুং. গোধুমকৃত তপ্তাপক্ক পিষ্টকবিশেষ।

ওকোদনী, স্ত্রী. [ওক+উদনী] যূক, উকুণ।

ওক্কণী, স্ত্রী. ওকণ, উকুণ।

ওখান, (প্রা) তথা, সেইস্থান।

ওখানে, (প্রা) তথায়, তত্র, সেখানে।

ওগরা, (প্রা) ছর্দ্দি, বমন, উদ্গীরণ।

ওগো, (প্রা) সম্বোধনবোধক শব্দ।

ওঘ, পুং. [ওঘ্+অ] দ্রুতনৃত্য; গীতবাদ্য; সমূহ; জলবেগ; পারম্পপর্য্যোপদেশ; উপদেশ। [বীজ, ওঁ।

ওঙ্কার, পুং. [ওম্+কার] প্রণব, আদ্য-

ওঙ্কারা, স্ত্রী. [ওঙ্কার+আ] বুদ্ধশক্তিবিশেষ।

ওঙ্গিয়া, (প্রা) ভরতপক্ষীবিশেষ।

ওজন, (যাং) পরিমাণ; তুলামান।

ওজর্, (যাং) ব্যপদেশ, ছল.

ওজঃ, ন.[ওজ+অস্]দীপ্তি; অবষ্টম্ভ; প্রকাশ; বল; প্রথম তৃতীয় পঞ্চম সপ্তম নবম একাদশ রাশি; গৌড়ীরীতি কাব্যগুণ; রসাদি সপ্তধাতুর সারভাগ ধাতুবিশেষ; (ত্রি.) বিষমসংখ্যা।

ওজঃসংজ্ঞক, ত্রি. [ওজস্+সংজ্ঞক] অযুগ্মঅঙ্ক; যথা।—৩।৫।৭।৯ ইত্যাদি।

ওজস্বী, ত্রি. [ওজস্+বিন্] বলবান, উজ্জ্বস্বী, শক্তিমান্; দীপ্তিমান্।

ওজায়মান, ত্রি. [ওজায়+মান] বীর্য্যবান, প্রবীর, শূর।

ওঝা, (প্রা) অহিতুণ্ডিক, বিষবৈদ্য, ব্যালগ্রাহী, জাঙ্গলিক, সর্পমন্ত্রী, সাপুড়ে।

ওঝালি, (প্রা) বিষবৈদ্যের চিকিৎসাদিকর্ম্ম।

ওটার, (প্রা) ডাঁরা, পাটার।

ওঠন, (প্রা) উত্থান; আরোহণ; সুস্থহওন

ওড়ক, পুং. পঞ্চস্বরযুক্ত রাগ।

ওড়ঘোড়, (প্রা) বস্ত্রাদিদ্বারা বেষ্টিত।

ওড়চাকা, (প্রা) বৃক্ষবিশেষ।

ওড়ফুল, (প্রা) জবাভেদ, পুষ্পবিশেষ।
ওড়ব, পুং. পঞ্চস্বরযুক্ত রাগ, ঋ প বর্জ্জিত স, গ, ম, ধ, নি, যুক্ত। [গুঁয়া।
ওড়ম্বা, (প্রা) বিদেশী, ভিন্নজাতীয়, এক
ওড়া, (প্রা) বংশনির্ম্মিতাধার, উড়ন।
ওড়াপড়া, (প্রা) বিনাশ, উচ্ছেদ, সর্ব্বনাশ।
ওড়িকা, স্ত্রী. [ওড়িক+আ] ধান্যবিশেষ, উড়িধান, তৎপর্য্যায়।—ওড়ী, নীবার; তৃণধান্য।
ওড়ী, স্ত্রী. [ওড়+ঈ] ওড়িকাধান্য।
ওড্র, পুং. [ওড্+র] জবাপুষ্পবৃক্ষভেদ; দেশবিশেষ, উড়িস্যা।
ওড্রপুষ্প, ন. [ওড্র+পুষ্প] জবাপুষ্পবিশেষ।
ওড্রাখ্যা, স্ত্রী. [ওড্র+আখ্যা] জবাপুষ্পবৃক্ষ বিশেষ।
ওৎ-ওৎপ্রোত, (প্রা) ব্যবধান, আড়াল, ঘেরা; অবকাশ, টানপড়িয়ান।
ওতন্, (যাং) বাটী, গৃহ।
ওতু, পুং. স্ত্রী. [অব+তু] বিড়াল, মার্জ্জার।
ওতুপ্লুত, (প্রা) বিপরীত, উল্ট, অক্রমযুক্ত।
ওতে-ওতেঘাতে, (প্রা) গোপনে, গুপ্তভাবে, লুকাইয়া।
ওথা-ওথাই, (প্রা) তত্র, ওখানে, ওস্থানে।
ওদন, পুং. ন. [উন্দ্+অন] অন্ন,ভক্ত, ভাত।
ওদনাহ্বা স্ত্রী. [ওদন+আহ্বা] মহাসমঙ্গা।
ওদনিকা, স্ত্রী. [ওদন+ইক+আ] মহাসমঙ্গা, বলা।
ওদনী, স্ত্রী. [ওদন্+ঈ] বলা, বেলেড়া।
ওদিক্-ওদিগে, (প্রা) তথায়, সেস্থানে, ওখানে।
ওদেস্ট, (প্রা) গায়কের অসুশ্রাব্য স্বর।
ওদো,(প্রা) আর্দ্র, ভিজা; অমুপ, ক্লেদযুক্ত; সরস, সর্দ্দি।
ওদ্ম,পুং. [উন্দ্+ম] ক্লেদন, উন্দন।
ওপার, (প্রা) নদীর ওদিগ্, পরপার।
ওম্, ব্য. প্রণব,ওঁকার, অকার উকার মকার এই বর্ণত্রয়াত্মক; উপক্রম; অঙ্গীকার; অপাকৃতি; মঙ্গল; (ন.) ঈশ্বরের নাম-বিশেষ।
ওমর্. (যাং) বয়ঃক্রম, বয়েস।
ওয়াকবক, (প্রা) দ্রোণকাকবিশেষ
ওর, (প্রা) শেষ,সীমা, দিক্, অন্যব্যক্তিনিষ্ঠ
ওরমা, (প্রা) ঢাকনী, সিয়ানী, সেলাই
ওরক্, (যাং) পুস্তকের পত্র,একফর্দ্দকাগজ।
ওরম্বা, (প্রা) কুসাহসী, দুরন্ত, দুরাত্মা,লম্পট, হিতাহিতজ্ঞানশূন্য; কলাইবিশেষ।
ওল, ত্রি. [বল+অ] আর্দ্র, ভিজা (পু.) স্বনা-মখ্যাত মূলবিশেষ, তৎপর্য্যায়।—শূরণ, অর্শোঘ্ন, কন্দ, ওল্ল, কণ্ডূল, কন্দী, সুকন্দী, স্থূলকন্দক, দুর্নামারি, সুবৃত্ত, বাতারি, কন্দশূরণ, তীব্রকণ্ঠ, কন্দাহ্ন, কন্দবর্দ্ধন, বহুকন্দ, রুচ্যকন্দ শূরণকন্দ চিত্রদণ্ডক।
ওলন, (প্রা)অবরোহণ,উত্তরণ, নামন, অব-তরণ; ইষ্টকময় গৃহনির্ম্মাতার সূত্রাদির নির্ম্মিত পরিমাণ যন্ত্রবিশেষ, লম্বসূত্র।
ওলা,(প্রা)অবরোহণ; শর্করকন্দআলুবিশেষ।
ওলাউঠা, (প্রা) বিসূচিকারোগ, ভেদ বমন, মহামারী, উদরভঙ্গ; নামাউঠা।
ওলান, (প্রা) নামান, অধঃক্ষেপণ, উত্তারণ;
ওলো,(প্রা)স্ত্রীলোকের সম্বোধন বাক্য; নাম।
ওল্ল, পুং. [বল্ল+অ] ওল, শূরণ।
ওষ, পুং. [উষ্+অ] দাহ, প্রোষ, প্লোষ; হিম, শিশির, তুষার।
ওষণ, পুং. [উষ্+অন] কটুরস, ঝাল।
ওষণী, স্ত্রী. [ওষণ+ঈ] শাকবিশেষ, পুড়্যা-তিশাক।
ওষধি-ওষধী, স্ত্রী. [ওষ+ধা+ই-ঈ] ফল-পাকান্তবৃক্ষাদি, বর্ষজীবীবৃক্ষ, কদলী-ধান্যইত্যাদি। [নগর।
ওষধিপ্রস্থ, পুং. [ওষধি+প্রস্থ] হিমালয়ের
ওষধীপতি, পুং. [ওষধী+পতি] চন্দ্র।
ওষধীশ, পুং. [ওষধি+ঈশ] চন্দ্র; কর্পূর।
ওষাণ, (প্রা) উসন,গড়েতেধান্যাদিনিক্ষেপ, নিস্তুষকরণার্থ উখলী। [পন।
ওস্কাণ, (প্রা) উস্কণ,জ্বলান, উদ্দীপন; উথা-
ওষ্ঠ, পুং. [উষ্+থ] দন্তাচ্ছাদকাবয়ব, রদন-চ্ছদ, দশনবাস, দন্তবাস, দন্তবস্ত্র, রদচ্ছদ, দন্তচ্ছদ,বাগ্দল, ওষ্ঠপুট,অধরপুট, ওষ্ঠ-পল্লব, উপরঠোঁট।

ওষ্ঠপল্লব, ন. [ওষ্ঠ+পল্লব] ওষ্ঠ।

ওষ্ঠপুষ্প, পুং. [ওষ্ঠ+পুষ্প] বন্ধূকপুষ্পবৃক্ষ।

ওষ্ঠরোগ, পুং. [ওষ্ঠ+রোগ] মুখরোগান্তর্গত ওষ্ঠভবব্যাধি, ওষ্ঠব্রণ।

ওষ্ঠাগত, ত্রি. [ওষ্ঠ+আগত] ওষ্ঠপর্য্যন্ত নির্গত, প্রাণসংশয়, প্রাণান্ত, শরীর ত্যাগ করণোদ্যত, মৃতপ্রায়, মুখস্থ, শ্বাসবিশেষ।

ওষ্ঠাধর, পুং. [ওষ্ঠ+অধর] ওষ্ঠদ্বয়।

ওষ্ঠাবলোপ্য, ত্রি. [ওষ্ঠ+অবলোপ্য] সুস্বাদু, মধুরময়।

ওষ্ঠী, স্ত্রী. [ওষ্ঠ+ঈ] বিম্বফল, তেলাকুচা।

ওষ্ঠোপমফলা, স্ত্রী. [ওষ্ঠ+উপম+ফলা] বিম্বিকা, তেলাকুঁচা।

ওষ্ঠ্য, ত্রি. [ওষ্ঠ+য] ওষ্ঠেরদ্বারা উচ্চার্য্যবর্ণ, ওষ্ঠোচ্চারিতবর্ণ। [আয়তন।

ওসার, (প্রা) প্রস্থ, চৌড়া, প্রশস্ত, পরিসর,

ওসারল, (প্রা) চৌড়া, প্রশস্ত।

ওস্তা, (প্রা) সঞ্চয়ন, উপার্জ্জন, আহরণ, পুঁজীকরণ। [তথায়।

ওস্থানে, (প্রা) তত্র, ওখানে, সেস্থানে,

ওহে, (প্রা) সম্বোধনবাচকশব্দ।

ঔ

ঔকার, চতুর্দ্দশ স্বরবর্ণ, এই বর্ণ দীর্ঘ এবং প্লুত, ইহার উচ্চারণ ওষ্ঠ ও কণ্ঠ হইতে হয় এই নিমিত্ত ইহাকে কণ্ঠৌষ্ঠ্যবর্ণ কহে, নাম যথা।—ঔকার; শক্তিক; নাদ; তেজঃ; বামজঙ্ঘ; মনু; অর্দ্ধগ্রহেশ; শঙ্কুকর্ণ; সদাশিব; অধোদন্ত; কণ্ঠ; ওষ্ঠ; সঙ্কর্ষণ; সরস্বতী; আজ্ঞা; ঊর্দ্ধমুখী; শান্ত; ব্যাপিনী; প্রকৃত; পদ্ম; অনন্তা; জ্বালিনী; ব্যোমা; চতুর্দ্দশী; কাম; নেত্র; আত্মাকর্ষিণী; জ্বালামালিনিকা; ভৃগু; শেষদর্শন; সত্যান্ত।

ঔ, ব্য. আহ্বান; সম্বোধন; বিরোধ; নির্ণয়; (পুং.) অনন্ত; নিস্বন; (স্ত্রী.) বিশ্বম্ভরা, পৃথিবী।

ঔঁ, ব্য. শূদ্রবর্ণের প্রণব।

ঔকৃথক, পুং. [উকৃথ+ক] সামবেদান্তর্গত ঔকথজ্ঞ ব্রাহ্মণ

ঔখ্য, ত্রি. [উখা+য] স্থালী; পক্কান্নাদি।

ঔচিতী, স্ত্রী. [উচিত+ঈ] ঔচিত্য, উপযুক্ততা।

ঔচিত্য, ন. [উচিত+য] উচিতস্বভাব, উপযুক্ততা, যোগ্যত্ব, সাঙ্গত্য।

ঔচ্চ-ঔচ্চ্য, ন. [উচ্চ+য] ঊর্দ্ধতা, উচ্চতা।

ঔজসিক, পুং. [ওজস+ইক] অতিরথ, যুদ্ধবীর।

ঔড়ব, পুং. [ওড়ব+অ] ওড়বস্বর, রাগের জাতিবিশেষ, পঞ্চস্বরমিশ্রিতরাগরাগিণী।

ঔড়ুপিক, পুং. [উড়ুপ+ইক] নৌগামী, নৌকারূঢ়, চড়নদার।

ঔডুম্বর, পুং. [উডুম্বর+অ] চতুর্দ্দশযমান্তর্গত যমবিশেষ; মুনিবিশেষ; (ন.) কুষ্ঠরোগবিশেষ; তাম্র; (ত্রি.) তাম্রময়; পাত্রাদি যজ্ঞডুম্বরকাষ্ঠনির্ম্মিত।

ঔড্র, পুং. [ওড্র+অ] ওড্রদেশজাত, উড়িয়া।

ঔৎকট্য, ন. [উৎকট+য] দুঃসহতা, আতিশয্য; কোপ, মত্ততা।

ঔৎকর্ষ্য, ন. [উৎকর্ষ+য] উৎকর্ষতা, প্রকর্ষ, উৎকৃষ্টতা, শ্রেষ্ঠত্ব।

ঔত্তমি, পুং. [উত্তম+ই] তৃতীয়মনুঃ।

ঔৎকোচিক, ত্রি. [উৎকোচ+ইক] সঙ্কোচিত, কুঞ্চিত; (পুং.) তস্কর, চৌর; ঘুশখোর।

ঔত্তর-ঔত্র, (প্রা) মোটা, স্থূল।

ঔত্তরপথিক, ত্রি. [উত্তরপথ+ইক] উত্তরপথে যাতায়াতবিশিষ্ট।

ঔত্তানপাদি, পুং. [উত্তানপাদ+ই] ধ্রুব, উত্তানপাদরাজপুত্র, স্বায়ম্ভুবমনুরপৌত্র; গ্রহদিগের উপরিস্থ নিশ্চলতারা।

ঔৎপাতিক, ত্রি. [উৎপাত+ইক] উপদ্রবান্বিত, উপদ্রবী, ঔপসর্গিক, দ্রোহিক।

ঔৎসঙ্গিক, ত্রি. [উৎসঙ্গ+ইক] উৎসঙ্গস্থ, অঙ্কস্থিত।

ঔৎসর্গিক, ত্রি. [উৎসর্গ+ইক] সামান্য বিধির উৎসর্গ তাহার ভাব, পরিত্যক্ত, উৎসর্গবিশিষ্ট; সামান্যত্ব, স্বাভাবিক; যাজ্ঞিক; যৌক্তিক; সামান্যবুৎপন্ন।

ঔৎসুক্য, ন. [উৎসুক+য]উৎকণ্ঠা, ব্যাকুল, উৎসাহ, প্রার্থর্য্য

ঔদক, ত্রি. [উদক+অ] জলসম্বন্ধী, আপ্য, উদকল, জলস। [সিক, পাচক।

ঔদনিক, ত্রি. [ওদন+ইক] সূপকার, আন্ধ-

ঔদয়িক, ত্রি. [উদয়+ইক] প্রাতঃকালিক।

ঔদরিক, ত্রি. [উদর+ইক] বিজিগীষা বিবর্জ্জিত, উদরমাত্রপূরক, আদ্যূন, উদরম্ভরি, পেটুক। [ঘোল।

ঔদশ্বিত, ন. [উদশ্বিত্+অ] অর্দ্ধজলযুক্ত

ঔদশ্বিৎক, ন. [উদশ্বিত+কস্] অর্দ্ধজলমিশ্রিত ঘোল।

ঔদার্য্য, ন. [উদার+য] উদারতা, দাতৃত্ব, বদান্যতা, অকাপট্য; মহত্ত্ব, শ্রেষ্ঠতা।

ঔদাস্য-ঔদাসীন্য, ন. [উদাস+য] বৈরাগ্য, অনুরাগাদিশূন্যতা, বিষয়েবিরাগ, সংসর্গত্যাগ, বিরক্ততা, জিতেন্দ্রিয়ত্ব, নির্মমত্ব।

ঔদিক ত্রি. [উদক+অ] জলসম্বন্ধীয়, ঔদক; জলভূ, আম্ভসিক।

ঔদ্দালক, ন. [ঔদ্দাল+ক] বল্মীককারিকীট নির্ম্মিতমধু।

ঔদ্ধত্য, ন. [উদ্ধত+য] উদ্ধতস্বভাব, প্রগল্‌ভতা, প্রাগল্‌ভ্য, গর্ব্ব, অহঙ্কার, প্রতিভান, পরগুণাসহিষ্ণুতা, ধৃষ্টতা; দৌরাত্ম্য; উৎপাত; দুরন্ততা।

ঔদ্ধারিক, ত্রি. [উদ্ধার+ইক] দায়যোগ্য, পিতৃপ্রাপ্য, বিভাজ্য; (ন.) পৈতৃকরিকৃথ ভাগ, দায়, উদ্ধার।

ঔদ্বাহিক, ন. [উদ্বাহ+ইক] ভার্য্যাপ্রাপ্তি কালে লব্ধভার্য্যাধন, বৈবাহিকদান, শুল্ক; যৌতুকধন।

ঔদ্ভিজ্জ, ন. [উদ্ভিজ্+অ] পাংশুলবণ।

ঔদ্ভিদ, ন. [উদ্ভিদ্+অ]সাম্ভরিলবণ; উদ্ভিদজাতজল।

ঔপকার্য্যা, স্ত্রী. [উপকার্য্যা+আ] মণ্ডপ, পটমণ্ডপ, পুষ্প।

ঔপগব, পুং. [উপগু+অ] উপগোর অপত্য।

ঔপগবক, ন. [ঔপগব+ক] উপগবসমূহ

ঔপগ্রস্তিক, পুং [উপগ্রস্ত+ইক] রাহুগ্রস্ত চন্দ্র সূর্য্য।

ঔপগ্রহিক, পুং. [উপগ্রহ+ইক] রাহুগ্রস্ত চন্দ্র সূর্য্য। [জ্ঞিত।

ঔপচারিক, ত্রি. [উপচার+ইক] অভিসম্ব-

ঔপজানুক, ত্রি. [উপজানু+ক] উপজানুসম্বন্ধীয়। [বিশেষ।

ঔপচ্ছন্দসিক, ন. [উপচ্ছন্দস্+ইক] ছন্দ-

ঔপধিক, ত্রি. [উপধা+ইক] উপধিক, বঞ্চনশীল, কৃতপট।

ঔপধেয়, ন. [উপধি+এয়] রথাঙ্গ, চক্র, রথপাদ, চাকা।

ঔপনায়িক, ত্রি. [উপনয়ন+ইক] উপনয়ন সম্বন্ধী, উপনয়নযোগ্য।

ঔপনিধিক, ত্রি. [ঔপনিধি+ক] সমর্পিতধন বিষয়ক; (ন.) উপনিধি, প্রীত্যাভোগার্থ অর্পিত দ্রব্য, উপনিধান, উপনিক্ষেপ।

ঔপনিষদ, ত্রি. [উপনিষদ্+অ] বেদোদিত, শ্রুতিবিহিত, বৈদিক, যথাশ্রুতি।

ঔপবস্ত, ন. [উপবস্ত+অ] উপবাস, উপোষণ। [নীয়মান।

ঔপবাহ্য, ত্রি. [উপবাহ+য] উপবাহিত,

ঔপম্য, ন. [উপমা+য] সাদৃশ্য, অনুকার, অনুহার, সাম্য, তুলা, উপমা, কক্ষ, উপমান, দৃষ্টান্ত

ঔপয়িক, ত্রি. [উপায়+ইক] ন্যায্য, উপযুক্ত; (ন.) অভ্যুপায়, উপকরণ।

ঔপরিষ্ঠ, ত্রি. [উপরিষ্ঠ+অ] উচ্চসম্বন্ধী, উপরিষ্ঠ।

ঔপরোধিক, পুং. [উপরোধ+ইক] পীলুদণ্ড, পৈলক; (ত্রি.) উপরোধসম্বন্ধীয়।

ঔপল, ত্রি. [উপল+অ] পাষাণময়, প্রস্তরময়।

ঔপসর্গিক, পুং. [উপসর্গ+ইক] সন্নিপাত রোগবিশেষ, (ত্রি.) উপসর্গসম্বন্ধী; ঔৎপাতিক; বৈকৃত।

ঔপস্থ্য, ন. [উপস্থ+য] উপস্থেন্দ্রিয়সুখ, উপভোগ, সম্ভোগ, স্ত্রীপুরুষসঙ্গম।

ঔপাধিক, ত্রি. [উপাধি+ক] বৈশেষিক; উপাধিকৃত; ছলকৃত; নিয়মসম্বলিত।

ঔপাধ্যায়ক, ত্রি. [উপাধ্যায়+ক] উপাধ্যায়সম্বন্ধীয়, আচার্য্যবিষয়ক

ঔপানহ্য, ত্রি. [উপানহ+য] উপানহসম্বন্ধী, তৃণচর্ম্মাদিবন্ধনীয়। [যোগ্য।

ঔপায়িক, ত্রি.[উপায়+ইক]ন্যায্য; উপযুক্ত,

ঔপাসন, ত্রি. [উপাসনা+অ] ঈশ্বরপূজাবিষয়ক, ঈশ্বরভাবন, ভজনশীল, নিয়মনিষ্ঠ।

ঔবল্, (যাং) উত্তম, শ্রেষ্ঠ, প্রধান।

ঔম-ঔমক, ত্রি. [উমা+অ-ক] ক্ষৌম, শাণ, অতসীসম্বন্ধীয়; অতশীসম্বন্ধীয়।

ঔমীন, ত্রি. [উমা+ইন্] উমা, উমাক্ষেত্র, মসিনারক্ষেত।

ঔরগ, ন. [উরগ+অ] অশ্লেষানক্ষত্র; (ত্রি.) সর্পসম্বন্ধীয় বস্তু, সর্প, আহেয়।

ঔরভ্র, পুং. [উরভ্র+অ] কম্বল, ঊর্ণায়ু, আবিক, রল্লক; (ত্রি.) মেষসম্বন্ধীয়।

ঔরভ্রক, ন. [উরভ্র+ক] মেষসমূহ, ভেড়ারপাল। [(পুং.) মেষপাল।

ঔরভ্রিক, ত্রি. [উরভ্র+ইক] মেষসম্বন্ধী;

ঔরস-ঔরস্য, পুং. স্ত্রী. [উরস্+অ-য]স্বজাতপুত্র, ঔরস্য, উরস্য; দ্বাদশবিধ পুত্রান্তর্গত শ্রেষ্ঠ পুত্র।

ঔরসী, স্ত্রী.[ঔরস+ঈ] স্বজাতকন্যা,উরস্যা।

ঔর্ণ-ঔর্ণক, ত্রি. [ঊর্ণা+ক] মেষলোমনির্ম্মিত, ঊর্ণাময়।

ঔর্ণপট, পুং. [ঔর্ণ+পট] ঔরভ্র।

ঔর্দ্ধদেহিক, ত্রি. [ঊর্দ্ধদেহ+ইক] আন্তকর্ম্মিক, অন্ত্যেষ্টি কর্ম্মসম্বন্ধীয়, মৃতার্থতদহর্দান।

ঔর্দ্ধস্রোতসিক, ত্রি. [ঊর্দ্ধস্রোতস্+ইক] শৈব, শিবোপাসক।

ঔর্ব্ব, পুং. [উর্ব্ব+অ] বাড়বানল, সমুদ্রবহ্নি, অব্ধাগ্নি; পঞ্চপ্রবরান্তর্গত মুনিবিশেষ; ভূগোলের দক্ষিণসীমা, (ন) পাংশুবলবণ

ঔর্ব্বশেয়, পুং. [উর্ব্বশী+এয়] অগস্ত্যমুনি।

ঔর্ব্বানল, পুং. [ঔর্ব্ব+অনল] বাড়বানল; [illegible]রুদ। [ঝাক।

ঔলূক, ন. [উলূক+অ] ঔলূকসমূহ, পেঁচার

ঔলুক্য, পুং. [উলুক+য] বৈশেষিক, বৈশেষিকদর্শনবেত্তা।

ঔলূখল, ত্রি. [উলূখল+অ] উলূখলসম্বন্ধী; উলূখলিক।

ঔল্বণ্য, ত্রি. [উল্বণ+য] অতিশয়, অধিক, আধিক্য, বাহুল্য, আত্যন্তিক।

ঔশনসী, স্ত্রী. [উশনস্+ঈ] উশনাসংহিতা; দেবযানী।

ঔশীর, ন. [উশীর+অ] শয়নাসন; উশীরজ; বেণারমূলজাত চামর; দণ্ড; (পুং.) চামরদণ্ড। [মরীচ।

ঔষণ, ন. [উষণ+অ] কটুরস,উগ্রতা; ওষণ;

ঔষধ, ন. [ওষধী+অ] রোগনাশকদ্রব্য, ভেষজ, ভৈষজ্য, অগদ, জায়ু, জৈত্র, আয়ুর্যোগ, গদারাতি, অমৃত, আয়ুর্দ্রব্য, ভৈষজ, জারী, জালী, জীবন্ত, তালিকা, দাওয়াই। [যে সকল বৃক্ষ।

ঔষধি, ন. [ঔষধ+ই] ওষধি,একসংসরস্থায়ী

ঔষধিকর্ত্তা, পুং. [ঔষধি+কর্ত্তা] অগদঙ্কার, ঔষধপ্রস্তুতকারী বৈদ্য।

ঔষধীয়, ত্রি. [ঔষধ+ঈয়] ভেষজীয়, রোগান্তক; ঔষধসম্বন্ধীয়। [স্কান্তভেদ।

ঔষর, ন. [উষর+অ] পাংশুবলবণ; অয়-

ঔষরক, ন. [উষর+ক] মৃত্তিকালবণ, খারীলোণ; তৎপর্য্যায়।—সার্ব্বগুণ; সর্ব্বসংসর্গলবণ, উষরক, সাম্বর, বহুলবণ, মেলকলবণ, মিশ্র।

ঔষঃ, ত্রি. [উষস্+অ] প্রাতঃকালীন, প্রাতঃকালসম্বন্ধী।

ঔষিক, ত্রি. [উষা+ইক] প্রাতঃকালীন. প্রভাতীয়। [জাতি।

ঔষ্ট্র, ত্রি. [উষ্ট্র+অ] উষ্ট্রসম্বন্ধীয়; (ন.) উষ্ট্র-

ঔষ্ট্রক, ন. [উষ্ট্র+ক] উষ্ট্রসমূহ,উটেরপাল

ঔষ্ণ-ঔষ্ণ্য, ন. [উষ্ণ+য] উষ্ণতা, উত্তাপ; ঔৎসুক্য। [শৈত্যাকৌতর

ঔষ্ণানুষ্ণ, ন. [উষ্ণ+অনুষ্ণ] উষ্ণানুষ্ণতা,

ঔষ্ণানৌষ্ণ্য, ন. [উষ্ণ+অনুষ্ণ+য] উষ্ণানুষ্ণতা, শৈত্যাশৈত্য, শীতোষ্ণতা।

ঔষ্ম্য, ন. [উষ্ম+য] উষ্মণোভাব, উষ্ণতা।

ঔক্ষ, ত্রি. [উক্ষন্+অ] বৃষসম্বন্ধীয়।

ঔক্ষক, পুং. [উক্ষ+ক] উক্ষ্ণাং সমূহ, এঁড়েগরুরপাল।

অং অনুস্বার, পঞ্চদশ স্বরবর্ণ, এইবর্ণ বিন্দুমাত্রাত্মক, ইহার উচ্চারণ স্থান নাসিকা, অকার কেবল উচ্চারণার্থ, এই বর্ণ হলজন্য কিন্তু স্বরধর্ম্মাক্রান্ত, যেহেতু অন্য স্বরের আশ্রয় ব্যতিরেকে ইহা কখনই উচ্চারণ হয় না; এই বর্ণ নকার এবং মকার স্থানে হয়। অস্য নাম যথা।—অং কার; চক্ষু; দন্ত; ঘটিকা; সম; গুহ্যক; প্রদ্যুম্ন; শ্রীমুখী; প্রীতি; বীজযোনি; বৃষধ্বজ; পর; চন্দ্র; প্রমাণ; ঈশ; চন্দ্রবিন্দু; কলানিধি; অক্রূ; চেতনা; নাদ; পূর্ণা; দুঃখহর; শিব; শির; শম্ভু; নরেশ; সুখ দুঃখ প্রবর্ত্তক; পূর্ণিমা; রেবতী; শুদ্ধ; কন্যা; চর; আকাশ; সূর্য্য; অমৃতাকর্ষিণী; শূন্য; বিচিত্রা; ব্যোমরূপিণী; কেদার; রাত্রিনাশ; কুব্জিকা; বুদ্বুদ।

অং, ন. পরংব্রহ্ম।

অঃ বিসর্গ, ষোড়শ স্বর বর্ণ, এই বর্ণ দ্বিবিন্দুমাত্র, এবং আশ্রয়স্থানভাগী; অর্থাৎ যখন যে স্বরবর্ণকে আশ্রয় করিয়া থাকে সেই স্বরবর্ণের উচ্চারণ স্থান ইহার উচ্চারণস্থান হয়। অকার কেবল উচ্চারণার্থ; এইবর্ণ রকার এবং সকার স্থানে হয়। অস্য নাম যথা।—কণ্ঠক; মহাসেন; কালপূর্ণ; অমৃতা; হরি; ইচ্ছা; ভদ্রা; গণেশ; রতি; বিদ্যামুখী; সুখ; দ্বিবিন্দু; রসনা; সোম; অনিরুদ্ধ; দুঃখসূচক; দ্বিজিহ্ব; কুণ্ডল; বক্ত্র; সর্গ; শক্তি; নিশাকর; সুন্দরী; সুযশঃ; অনন্তা; গণনাথ; মহেশ্বর।

অঃ, পুং. (অস্) মহেশ্বর।

ক ককার, হলবর্ণের প্রথম অক্ষর, ইহার উচ্চারণ স্থান কণ্ঠ, এবং তাল্বাদিকরণ ক্রমে জিহ্বামূলোত্থিত হয় অস্য নাম যথা।—ক্রোধীশ; মহাকালী; কামদেব প্রকাশক; কপালী; তেজঃ; শান্তি; বাসুদেব; জয়; অনল; বক্রী; প্রজাপতি; সৃষ্টি; দক্ষস্কন্ধ; বিশাম্পতি; অনন্ত; পার্থিব; বিন্দু; তাপিনী; পরমাত্মক; বর্গাদ্য; মুখী; ব্রহ্মা; সখাদ্যা; অস্তু; শিব; জল; মহেশ্বরী; তুলা; পুষ্পা; মঙ্গল; চরণ; কর; নিত্যা; কামেশ্বরী; মুখ্য; কামরূপ; গজেন্দ্রক; শ্রীপুর; রমণ; রঙ্গ; কুসুমা; পরমাত্মক।

ক, ন. শির; জল; সুখ; কেশ; (পুং.) অগ্নি; আত্মা; কামদেব; কাল; গ্রন্থি; দক্ষ; ধন; প্রকাশ; ব্রহ্মা; বায়ু; বিষ্ণু; ময়ূর; মন; যম; রাজা; শব্দ; শরীর; সূর্য্য; (ত্রি.) সর্ব্বনাম, কে, কি।

কই, (প্রা) কুত্র, কোথায়, ক্ব।

কঈ, (প্রা) কবয়ীমৎস্য, কৈমাছ।

কউতর, (প্রা) কপোত, পারাবত, কবুতর, পায়রা।

কএক, (প্রা) কতিপয়, কিয়ৎ, কিঞ্চিৎ।

কএথা, (প্রা) বৃক্ষবিশেষ, কপিত্থ, কয়েৎবেল।

কএদ, (যাং) অবরোধ, বদ্ধ, আটক।

কএদখানা, (যাং) কারাগার, বন্ধনগৃহ, বন্দিশালা।

কএদী, (যাং) কারানিবদ্ধ, কারাবদ্ধ, বন্দী।

কএফ, (যাং) মদিরা; মাদ্য, উন্মত্ততা।

কএফী, (যাং) মত্ত, উন্মত্ত, মাতওয়ালা।

কএরাখানী, (প্রা) কলহকারী, কলহপ্রিয়।

কংয্য-কংযু, ত্রি. [কং+যম্-যুস্] শোকহীন, নিবৃ্ত, সুখী, সৌভাগ্যশীল।

কংশ, পুং. ন. [কম্+শ] কংস; পানপাত্র।

কংস, ন. পুং. [কম্+স] মদ্যাদি পানপাত্র, তৎপর্য্যায়।—পানভাজন, কংশ, কাংস্য; তৈজস দ্রব্য; স্বর্ণ রজতাদি

নির্ম্মিত পাত্র মাত্র; মানবিশেষ, আয়ক-পরিমাণ; তাম্র রঙ্গমিশ্রিত ধাতুবিশেষ; কাঁসা, তৎপর্য্যায়।—কাংস্য, কংসাস্থি, তাম্রার্দ্ধ; (পুং.) বিষ্ণুদ্বেষ্টাসুরবিশেষ, মথুরা দেশ রাজা, যদুবংশীয়োগ্রসেন রাজপুত্র, শ্রীকৃষ্ণ মাতুল।

কংসক, ন. [কংস+ক] চতুরৌষধ ধাতুবিশেষ, হীরাকসীপ্রভেদ, পুষ্পকাসীস, নয়নৌষধ।

কংসকার, পুং. স্ত্রী. [কংস+কার] জাতিবিশেষ, কাংস্যবণিক্, কাঁসারি, বৈশ্যাগর্ব্ভে ব্রাহ্মণঔরস জাত।

কংসজিৎ, পুং. [কংস+জিৎ] শ্রীকৃষ্ণ,বিষ্ণু।

কংসবণিক্, পুং. [কংস+বণিক] কাঁসারি, কাংসব্যবসায়ী।

কংসবতী, স্ত্রী. [কংস+বৎ+ঈ] কংসভগিনী, উগ্রসেনসুতা, বসুদেবানুজপত্নী; নদীবিশেষ।

কংসমাক্ষিক, ত্রি. [কংস+মাক্ষিক] গন্ধক সংযুক্ত ধাতুবিশেষ, তদ্বিশেষ যথা—বিটমাক্ষিক, সুবর্ণমাক্ষিক, রূপ্যমাক্ষিক।

কংসরাজ, পুং. [কংস+রাজ] মথুরাদেশের প্রসিদ্ধরাজা।

কংসহা, পুং. [কংস+হন্] বিষ্ণু, শ্রীকৃষ্ণ।

কংসা, স্ত্রী. [কংস+আ] কংসভগিনী।

কংসারাতি, পুং. [কংস+অরাতি] বিষ্ণু, শ্রীকৃষ্ণ, বাসুদেব।

কংসারি, পুং. [কংস+অরি] শ্রীকৃষ্ণ।

কংসাসুর, পুং. [কংস+অসুর] কংসনামে প্রসিদ্ধ দানববিশেষ। [তুত্থ।

কংসাস্থি, ন. [কংস+অস্থি] কাংস্যধাতু,

কংসিক, ত্রি. [কংস+ইক] কংসসম্বন্ধীয়, কাংশনির্ম্মিত।

কংসীয়, ত্রি. [কংস+ঈয়] কাংস্য, কাঁসা।

কংসোদ্ভবা, স্ত্রী. [কংস+উদ্ভবা] সুগন্ধিমৃত্তিকাবিশেষ, আঢ়কী, তুবরী, কাক্ষী, মৃনালয়া, সৌরাষ্ট্রী, পার্ব্বতী, কালিকা, পর্প্পটী, সতী।

কইলাবাছুর, (প্রা) বৎস, অপূর্ণ তিন মাসের বাছুর, কোমলবাছুর, ছোটবাছুর

কক্-কক্ক, ব্য. অবকুজন, খিল্‌খিল্।

ককন্দ, পুং. [ক+কন্দ] স্বর্ণ, সোণা।

ককান, (প্রা) কাতর্য্যকরণ, অতিশয় রোদন।

ককার, পুং. [ক+কার] ক অক্ষর, ক বর্ণ।

ককুণ্ডল, পুং. [ক+কুণ্ডল] চাতকপক্ষী।

ককুৎ, স্ত্রী. [ক+কুৎ] বৃষাঙ্গবিশেষ, ষাঁড়ের ঝুঁট; ধ্বজ; বর।

ককুৎস্থ, পুং. [ককুৎ+স্থ+অ] সূর্য্যবংশীয় রাজাবিশেষ; শশাদরাজপুত্র, অযোধ্যাধিপতি, ইক্ষ্বাকুরাজপৌত্র।

ককুদ, পুং. ন. [ক+কুদ] প্রাধান্য; রাজচিহ্ন; শ্বেতছত্রাদি; বৃষাঙ্গ; ঝুট; পর্ব্বতাগ্রভাগ; (স্ত্রী.) ককুদ্।

ককুদ্মতী, স্ত্রী. [ককুদ্+মৎ+ঈ] কটি; পাছা।

ককুদ্মান্, পুং. [ককুদ্+মৎ] বৃষ; পর্ব্বত; ঋষভৌষধ। [বিশেষ।

ককুদ্মিকন্যা, স্ত্রী. [ককুদ্মিন্+কন্যা] নদী-

ককুদ্মী, ত্রি. [ককুদ্ম+ইন্] ককুদ্মান; স্থাজ্ঞ; (পুং.) পর্ব্বত; বৃষ। [কূপকদ্বয়।

ককুন্দর, ন. [ক+কুন্দর] কুকুন্দর, নিতম্বস্থ-

ককুপ্, স্ত্রী. [ক+কুভ্] দিক্, দেশ; প্রবেণী; অতিশোভা; চম্পকপুষ্পেরমালা; শাস্ত্র।

ককুভ, পুং. [ককুভ্+অ] অর্জ্জুনবৃক্ষ; বীণাঙ্গ, প্রসেবক; বীণার প্রান্তভাগের বক্রকাষ্ঠ, বীণাদণ্ডের অধঃভাগের শব্দগাম্ভীর্য্যার্থ চর্ম্মাচ্ছাদিত দারুময় ভাণ্ড, বীণাস্থিত অলাবুফল; রাগবিশেষ; দিক্।

ককুভ্, স্ত্রী. [ক+কুভ্] রাগিণীবিশেষ।

ককুভা, স্ত্রী. [ককুভ + আ] দিক্; দেশ; রাগিণীবিশেষ, বহু। [গন্ধদ্রব্য।

ককুভাদনী, স্ত্রী. [ককুভ +অদনী] নলীনাম

কক্কক্, (প্রা) অব্যক্তশব্দপূর্ব্বক হাস্যবিশেষ।

কক্কেরক, পুং. [ককে+রজ] কীটবিশেষ।

কক্কোল, পুং. ন. [কক্+কোল] সুগন্ধিদ্রব্যবিশেষ, কাঁকলা।

কক্কোলক, ন. [কক্কোল+ক] গন্ধদ্রব্যবিশেষ, কাঁকলা; তৎপর্য্যায়।—কোলক, কোষফল, কৃতফল, কটুকফল, দ্বেষ্য, স্থূলমরিচ, কক্কোল, মাধবোচিত, কাল, কটফল, মরিচ।

কক্‌খট, ত্রি. [কক্+খট] কঠিন; কঠোর, দৃঢ়, (স্ত্রী.) খড়িবিশেষ।

কক্‌খটপত্রক, পুং. [কক্+খট+পত্রক] বৃক্ষের ছালনির্ম্মিত সূত্রবিশেষ, ছাল্‌টী, পট্ট, বাজশণ, শাণি, চিম, পাট।

কক্‌খটী, স্ত্রী. [কক্+খট+ঈ] খটিকা, বর্ণলেখা, কঠিনী, খড়ী।

কখন, (প্রা) কোনসময়ে, কোনকালে, কদাচ, কদাচিত।

কখনকখন, (প্রা) কদাচিৎ, মধ্যেমধ্যে।

কখন্, (প্রা) কদা, কোনসময়ে, কোন্‌কালে।

কখাদি, ত্রি. [ক,খ+আদি] ক খ প্রভৃতিবর্ণমালা। [প্রকোষ্ঠ।

কখ্যা, স্ত্রী. [কখ+য+আ] কক্ষা, হর্ম্ম্যাদি-

কঙ্ক, পুং. [কক্+অ] পক্ষীবিশেষ, হাড়গিলা, কাক্,তৎপর্য্যায়—লোহপৃষ্ঠ, সদংশবদন, খর, রণালঙ্করণ, ক্রূর, আমিষপ্রিয়; বক; যম; ছদ্মদ্বিজ; যুধিষ্ঠিরের নাম বিশেষ; ক্ষত্রিয়; কংসাসুরভ্রাতা, উগ্রসেনপুত্র, মহারাজচুত, আম্রবিশেষ।

কঙ্কট, পুং. [কঙ্ক্+অট] কবচ, বর্ম্ম, সাঁজোয়া।

কঙ্কটক, পুং. [কঙ্ক্+অটক] সন্নাহ, সাঁজোয়া।

কঙ্কটেরী, স্ত্রী. [কঙ্ক + টেরী] হরিদ্রা; তিন্তিড়ী, তেঁতুল।

কঙ্কণ, ন. [কং+কণ] স্বনামখ্যাত হস্তাভরণ, করভূষণ, কাঁকণ; হস্তসূত্র; মণ্ডন; শেখর, কিরীট; চন্দ্রহার

কঙ্কণী, স্ত্রী. [কঙ্কণ+ঈ] কিঙ্কিণী, ক্ষুদ্রঘণ্টিকা। [কিঙ্কিণী।

কঙ্কণীকা, স্ত্রী. [কঙ্কণ+ঈকা] ক্ষুদ্রঘণ্টিকা

কঙ্কত, ন. [কঙ্ক্+অত] কঙ্কতিকা, চিরুণী; (পুং.) বৃক্ষবিশেষ।

কঙ্কতিকা, স্ত্রী. [কঙ্কত+ইকা] কেশপ্রসাধনার্থ কাষ্ঠাদি নির্ম্মিতদ্রব্য, কাকুই, তৎপর্য্যায়।—প্রসাধনী, কঙ্কতী, কঙ্কত, প্রসাধন, চিরুণী; নাগবালা।

কঙ্কতী, স্ত্রী. [কঙ্কত+ঈ] কঙ্কতিকা।

কঙ্কত্রোট-কঙ্কত্রোটি, পুং. [কঙ্ক+ত্রোট-টি] মৎস্যবিশেষ, কাঁকিলা, জলব্যধ, জলসুচি।

কঙ্কপত্র, পুং. [কঙ্ক+পত্র] শর, বাণ।

কঙ্কমালা, স্ত্রী. [কঙ্ক+মালা] করতালীবাদ্য।

কঙ্কমুখ, পুং. [কঙ্ক+মুখ] সন্দংশ, সাঁড়াশি।

কঙ্কর, ন. [কং+কর] তক্র; শর্করা, (ত্রি.) কুৎসিত।

কঙ্কর, (প্রা) কর্কর, কাঁকর, কুল্লুই।

কঙ্করোল, পুং. [কঙ্ক+রোল] নিকোচকবৃক্ষ; কাঁকরোললতা।

কঙ্কলোড্যা, ন. [কঙ্ক+লোড্য] অঙ্কলোড্য, চটিখিঞ্চা, চিঞ্চোড়মূল

কঙ্কশত্রু, পুং. [কঙ্ক+শত্রু] পৃশ্নিপর্ণী।

কঙ্কশায়, পুং. [কঙ্ক+শায়] কুক্কুর।

কঙ্কা, স্ত্রী. [কঙ্ক+আ] উগ্রসেন রাজকন্যা, বসুদেবানুজপত্নী; গোশীর্ষ চন্দন, গোরোচনা।

কঙ্কাড়া, (প্রা) কর্কটক, কাকড়া।

কঙ্কাল, পুং. [কঙ্ক+আল] শরীরাস্থি, করঙ্ক, অস্থিপঞ্জর। [হাড়েরহার।

কঙ্কালমালা, স্ত্রী. [কঙ্কাল+মালা] অস্থিমালা

কঙ্কালমালী, পুং. [কঙ্কাল+মালিন্] মহাদেব শিব, অস্থিমালাধারী।

কঙ্কু, পুং. [কঙ্ক্+উ] উগ্রসেনপুত্র, কংসাসুর ভ্রাতা; কঙ্গুতৃণ।

কঙ্কুষ্ট, ন. [কঙ্ক+উষ্ট] পর্ব্বতীয় মৃত্তিকাবিশেষ তৎপর্য্যায়।—কালকুষ্ট, বিরঙ্গ, রঙ্গদায়ক, রেচক, পুলক, শোধক, কালপালক। [বলিভুক্।

কঙ্কেরু, পুং. [কঙ্ক+ইরু] কাকবিশেষ; দ্বার

কঙ্কেলি, পুং. [কং+কেলি] অশোকবৃক্ষ।

কঙ্কেল্ল, পুং. [কঙ্ক+এল্ল] বাস্তুক।

কঙ্কেল্লি, পুং, [কঙ্কেল্ল+ই] অশোকবৃক্ষ।

কঙ্খ, ন. [কঙ্খ্+অ] ভোগ।

কঙ্গাল, (প্রা) দরিদ্র, দীন, নির্ধন।

কমণ্ডলু, পুং. ন. [ক+মণ্ড+লু] সন্ন্যাসী দিগের মৃৎকাষ্ঠাদিময়পাত্র, কুণ্ডী, কমণ্ডলু; করক; প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

কমণ্ডলুতরু, পুং. [কমণ্ডলু+তরু] প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

কমন, ত্রি. [কম্+অন] কামুক; অভিরূপ; (পুং.) কাম; অশোকবৃক্ষ; ব্রহ্মা।

কমনচ্ছদ, পুং. [কমন+ছদ] কঙ্কপক্ষী।

কমনীয়, ত্রি. [কম্+অনীয়] কামনাযোগ্য, তৎপর্য্যায়।—চারু, হারি, বল্গু, বন্ধুর, বাম, শোভন, সাধু, রম্য, পেশল, হৃদ্য, সুন্দর; কাম্য, কম্র, সৌম্য, রুচির, মনোহর, কান্ত, অভিরাম, রুচ্য, সুষম, মঞ্জু, মঞ্জুল, মনোরম, মনোজ্ঞ, মধুর, প্রিয়।

কমনীয়তা, স্ত্রী. [কমনীয়+তা] অভিরামতা, সৌন্দর্য্য, রমণীয়তা; কান্তি; মঞ্জিমা; কাম্যত্ব, স্পৃহণীয়তা।

কমনে, (প্রা) কোথায়, ক্বচিৎ কুত্র, কোন স্থানে।

কমন্ধ, ন. [কং+অন্ধ] জল, কবন্ধ।

কমর, ত্রি. [কম্+অর] কামী।

কমল, ন. [কম্+অল] জলজপুষ্পবিশেষ, তৎপর্য্যায়।—অম্বুজ, অম্বুজন্ম, অম্বুপদ্ম, অম্ভোজ, অম্ভোরুহ, অম্বুরুহ, অরবিন্দ, ইন্দিরালয়, উৎপল, কঞ্জ, কজ, কুটপ, কুবল, কুবলয়, কুমুদ, কুব, কুশেশয়, জলেজাত, নল, নলিন, তামরস, পঙ্কেরুহ, পঙ্কজ, পদ্ম, পাথোজ, পাথোরুহ, পুষ্কর, বার্য্যুদ্ভব, বারিরুহ, বিসকুসুম, বিসপ্রসূন, মহোৎপল, মৃণালী, রমাপ্রিয়, রাজীব, শতপত্র, শ্রী, শ্রীপর্ণ, শ্রীকর, সহস্রপত্র, সরসিজ, সলিলজ, সরোজ, সরোরুহ, সরসীরুহ, সারস, সুজল; জল; তাম্র; ক্লোম; ঔষধ; সারসপক্ষী; (পুং.) মৃগবিশেষ; ধ্রুবকভেদ।

কমল, (প্রা) দীপাধার।

কমলচ্ছদ, পুং. [কমল+ছদ] সারসপক্ষী; পদ্মপুষ্পদল।

কমলা, স্ত্রী. [কমল+আ] লক্ষ্মী; বরস্ত্রী; স্বনামখ্যাত নিম্বুক, কমলানেবু।

কমলানিম্বু-কমলানেবু, (প্রা) নাগরঙ্গী, নারাঙ্গী।

কমলাকর, পুং. [কমল+আকর] পদ্মাকর, পদ্মপুষ্পের জলাশয়।

কমলাসন, পুং. [কমল+আসন] ব্রহ্মা।

কমলিনী, স্ত্রী. [কমল+ইন+ঈ] পদ্মিনী; পদ্মাকর।

কমলোত্তর, ন. [কমল+উত্তর] কুসুম্ভপুষ্প, কুসুমফুল।

কমা, স্ত্রী. [কম+আ] শোভা, দীপ্তি।

কমান, (প্রা) হ্রাসকরণ।

কমান্, (যাং) বক্রধনুঃ।

কমিত, ত্রি. [কম্+ইত] বাঞ্ছিত, ইষ্ট।

কমিতা, ত্রি. [কম+তৃ] কামুক, লম্পট।

কমী, (যাং) অল্প, কম।

কমীজ্, (যাং) গাত্রাচ্ছাদনবিশেষ।

কমীন্, (যাং) নীচ, অধম; দুষ্ট

কম্‌কীমৎ (যাং) অল্পমূল্য, কমদর

কম্‌কুয়ৎ, (যাং) অল্প শক্তিমান, কমজোরী।

কম্‌তী, (যাং) অল্প, কমী।

কম্প, পুং. [কম্প্+অ] গাত্রাদি সঞ্চলন, তৎপর্য্যায়।—বেপথু, বেপন, বেপ, বিধুতি, বিধুনন, আন্দোলন, স্পন্দন, কম্পন

কম্পজ্বর, পুং. [কম্প+জ্বর] কম্পনযুক্তজ্বর, যে জ্বর গাত্রকম্পসহিত হয়, বিষমজ্বর।

কম্পন, ত্রি. [কম্প্+অন] কম্পযুক্ত, তৎপর্য্যায়।—চলন, কম্প, চল, লোল, চলাচল, চঞ্চল, তরল, পারিপ্লব, পরিপ্লব, চপল, চটুল, থর্থরাণ; (পুং.) শিশিরঋতু; (ন.) বেপন, স্পন্দন কম্প।

কম্পনীয়, ত্রি. [কম্পন+ঈয়] চালনীয়, আন্দোলনীয়, স্পন্দনীয়।

কম্পবায়ু, (প্রা) পক্ষঘাতী, পক্ষবায়ুগ্রস্ত; অঙ্গাবশ। [সকম্প।

কম্পমান, ত্রি. [কম্প+মৎ] কম্পনযুক্ত,

কম্পলক্ষ্মা, পুং. [কম্প+লক্ষ্মন্] বায়ু।

কম্পাক, পুং. [কম্প+অক] বায়ু।

কম্পান্বিত, ত্রি. [কম্প+অন্বিত] কম্পযুক্ত, বেপমান।

কম্পিত, ন. [কম্প্+ইত] চলন, কম্পন, কম্প, বেপন, বেপথু; (ত্রি.) কম্পান্বিত, কম্পযুক্ত; আন্দোলিত।

কম্পিল-কম্পীল, পুং. [কম্প+ইল] রোচনী, কমলাগুঁড়ী, কাম্পিল্ল।

কম্পিল্ল-কম্পিল্লক, পুং. [কম্প+ইল্ল-ক] বৃক্ষবিশেষ; কমিলা, তৎপর্য্যায়।—রক্তাঙ্গ, রেচী, রেচনক, রঞ্জক, লোহিতাঙ্গ, কম্পিল্ল, রক্তচূর্ণক।

কম্প্র, ত্রি. [কপ্+র] কম্পযুক্ত, কম্পান্বিত।

কম্বর, পুং. [কন্+বর] চিত্রবর্ণ, কর্ব্বুরবর্ণ, (ত্রি.) নানাবর্ণ, চিত্রিত।

কম্বল, ন. [কং+বল] জল; (পুং.) স্বনামখ্যাত মেষাদিলোম নির্ম্মিত বস্ত্রাসনাদি, রল্লক, ঊর্ণায়ু, সহস্ররোম, সাশূক, কুতপ, মেষকম্বল; বেশক; রোমযোনি, রেণুকা; প্রাবার; নাগরাজ; সাস্না; কৃমি; উর্ত্তরাসঙ্গ; মৃগবিশেষ।

কম্বলকারক, পুং. [কম্বল+কারক] ঊর্ণবস্ত্রনির্ম্মাতা।

কম্বলাচ্ছাদিত, ত্রি. [কম্বল+আচ্ছাদিত], কাম্বল।
কম্বলিবাহ্যক, ন. [কম্বলি+বাহ্যক] বৃষবহনীয় শকট, গন্ত্রী, গান্ত্রী।
কম্বাতায়ী, পুং. [কম্ব+আতায়িন্] শঙ্খচিল্ল।
কম্বি, স্ত্রী. [কম্ব+ই] দর্ব্বী, হাতা; বংশাংশ, বাঁশের পাব।
কম্বু, পুং. ন. [কম্ব+উ] শঙ্খ; (পুং.) বলয়; শম্বূক; হস্তী; গ্রীবা; নলক, ফাঁপাহাড়; (ত্রি.) কর্ব্বুরবর্ণ।
কম্বুক, ত্রি. [কম্বু+ক] অপকৃষ্ট, নিকৃষ্ট, নীচ; (পুং.) শঙ্খ।
কম্বুকা-কম্বুকাষ্ঠা, স্ত্রী. [কম্বুক+আ-কাষ্ঠা] অশ্বগন্ধা বৃক্ষ।
কম্বুগ্রীব, ত্রি. [কম্বু+গ্রীব] শম্বূকেরন্যায় রেখাত্রয়বিশিষ্ট, কম্বুলক্ষণাক্রান্ত।
কম্বুগ্রীবা, স্ত্রী. [কম্বু+গ্রীবা] কম্বাকৃতি রেখা ত্রয়যুক্তগ্রীবা, তিনরেখাযুক্ত গলা।
কম্বুজ, পুং. [কম্বু+জ] শঙ্খ। [বৃক্ষ।
কম্বুপুষ্পী, স্ত্রী. [কম্বু+পুষ্পী] শঙ্খপুষ্পী-
কম্বুমালিনী, স্ত্রী. [কম্বু+মালিনী] শঙ্খপুষ্পী বৃক্ষ।
কম্বূ, পুং. [কম্ব+ঊ] শঙ্খ; (ত্রি.) চৌর,স্তেয়।
কম্বোজ, পুং. [কম্ব+ওজ] শঙ্খবিশেষ; দেশ ভেদ; হস্তীপ্রভেদ।
কম্ভারী, স্ত্রী. [কং+ভারী] গম্ভারীবৃক্ষ।
কম্ভিকা, স্ত্রী. [কম্ভ+ইকা] লতাবিশেষ।
কম্ভু, ন. [কং+ভূ] উশীর; বীরণমূল।
কম্র, ত্রি. [কম্+র] কামুক, মৈথুনেচ্ছা।
কম্লা-কম্লানেবু, (প্রা) কম্লানেবু বৃক্ষবিশেষ।
কম্লি, (প্রা) কম্বল।
কয়লা, (প্রা) অঙ্গার, অলাত।
কয়স্থা, স্ত্রী. [কু+স্থা] বয়স্থা; কাকোলী।
কর, পুং [কর+অ] রাজস্ব, তৎপর্য্যায়।—ভাগধেয়, বলি, কার, প্রত্যায়, খাজানা; বর্ষোপল; কিরণ; হস্ত, হস্তিশুণ্ড।
করই, (প্রা) ভাণ্ডার, কোষ, কোষ্ঠ।
করক, ন. পু. [কর+ক] করঙ্ক; কমণ্ডলু; (পুং.) দাড়িম্ববৃক্ষ;রাজকর; পক্ষীবিশেষ; লট্বাকরঞ্জবৃক্ষ; পলাশবৃক্ষ; কোবিদার বৃক্ষ; বকুলবৃক্ষ; করীরবৃক্ষ; নারীকেলাস্থি, মালা; বর্ষোপল; লেখক।
করকচ, (প্রা) লবণবিশেষ, সামুদ্রিকলবণ।
করকচি, (প্রা) কোমল, অপুষ্ট, অপক্ক।
করকচ্ছপিকা, স্ত্রী. [কর+কচ্ছপিকা] কূর্ম্মমুদ্রা। [পক্ষীবিশেষ।
করকটিয়া, (প্রা) অপুষ্টদশায়পক্ক, শক্ত;
করকণ্টক, [কর+কণ্টক] নখর, নখ।
করকনা, (প্রা) কটিদেশ, বংক্ষণ, শ্রোণী, কুঁচকি। [করপঙ্কজ।
করকমল, ন. [কর+কমল] করপদ্ম, করপল্লব,
করকলশ, পুং. [কর+কলশ] করপুট, করকোষ, গণ্ডূষ।
করকা, স্ত্রী. পুং. [করক+আ] মেঘভবশিলা, শিল, তৎপর্য্যায়।—বর্ষোপল, মেঘোপল, বীজোদক, ঘনকফ, মেঘাস্থি, বার্চ্চর, কর, করক, রাধরঙ্কু, রাধারঙ্কু, রাধরঙ্ক; কমণ্ডলু, নারিকেলেরমালা।
করকাপাত, ন. [করকা+পাত] করকাবৃষ্টি।
করকাবৃষ্টি, ন. [করকা+বৃষ্টি] শিলাসার।
করকান্ত, পুং. [করকা+অন্ত] নারিকেলবৃক্ষ।
করকাসার ন. [করকা+সার] করকাপাত।
করকি, স্ত্রী. [করক+ই] তৃণবিশেষ।
করকিটেঙ্গরা, (প্রা) মৎস্যবিশেষ।
করকুড্মল, ন. [কর+কুড্মল] অঙ্গুলি।
করকোষ, পুং. [কর+কোষ] করপাত্র।
করকোষ্ঠী, পুং. [কর+কোষ্ঠী] করতলরেখা, শুভাশুভ দ্যোতক হস্তচিহ্ন।
করগ্রন্থি-করগ্রন্থিক, পুং. [কর+গ্রন্থি-ক] মণিবন্ধ। [গ্রহণ।
করগ্রহ, পুং. [কর+গ্রহ] বিবাহ, পাণি-
করগ্রহণ, ন. [কর+গ্রহণ] রাজস্বসংগ্রহ; বিবাহ।
করগ্রাহক-করগ্রাহী, ত্রি. [কর+গ্রাহক] কর গ্রহণ শীল; (পুং.) করসঞ্চয়কারক।
করগ্রহারম্ভ, পুং. [করগ্রহ+আরম্ভ] রাজাদিগের প্রজাসকলের নিকট হইতে নূতন বৎসরের কর আদায়ের জন্য প্রথমাদান, পুণ্যাহ, পুণ্যা। হালে খাজানা আদায়ারম্ভ।

করঘর্ষণ, পুং. [কর+ঘর্ষণ] দধিমন্থন দণ্ড, তৎপর্য্যায়।—বৈশাখ, দধিচার, তক্রাট; (ন.) হস্তঘর্ষণ।

করঘর্ষী, পু. [কর+ঘর্ষিন্] মন্থানদণ্ড।

করঙ্ক, পুং. [কৃ+অঙ্ক] মস্তক; অশস্য নারিকেল ফলাস্থি, নারিকেলেরখোল; শরীরাস্থি; ইক্ষুভেদ।

করঙ্কশালি, পুং. [করঙ্ক+শালি] করঙ্কনাম ইক্ষু; করঙ্ক জলপাত্র বিশেষ।

করঙ্গ, পুং. [করং+গ] জলপাত্র।

করঙ্গণ, ন. [করং+গণ] ক্রয় বিক্রয়স্থান, হট্ট, হাট। [স্থান, বাজার।

করঙ্গা, ন. [করং+গা] হট্ট, ক্রয়বিক্রয়-

করচিমালা, (প্রা) বৃক্ষবিশেষ।

করচিয়ব, (প্রা) লতাবিশেষ।

করচিয়া, (প্রা) ক্ষুদ্র শ্বেতপক্ষী বিশেষ।

করচ্ছদ, পুং. [কর+চ্ছদ] শাখোটবৃক্ষ, শেওড়া গাছ।

করচ্ছদা, স্ত্রী. [কর+চ্ছদা] সিন্দূরপুষ্পীবৃক্ষ।

করজ, ন. [কর+জ] ব্যাঘ্রনখনাম গন্ধদ্রব্য; (পুং.) করঞ্জবৃক্ষ; নখ। [গন্ধদ্রব্য।

করজাখ্য, পুং. [করজ+আখ্য] নখীনাম

করজাল, ন. [কর+জাল] অংশুজাল।

করজ্যোড়ি, পুং. [কর+জোডি] হস্তজ্যোড়িবৃক্ষ।

করঞ্জ, পুং, [ক+রঞ্জ] স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, করমচা; ইহা ষড়্বিধ যথা—ডহরকরঞ্জ, নাটাকরঞ্জ, কাঁটাকরঞ্জ, মাকড়া করঞ্জ, বিষকরঞ্জ, অম্লকরঞ্জ; ডহরকরঞ্জ পর্য্যায়।—নক্তমাল, পূতিক,চিরবিল্ব, পূতিপর্ণ, বদ্ধফল, রোচন, চিরবিল্ব, করঞ্জ, করঞ্জক, চিরিবিল্ব, উদকার্য্য; নাটাকরঞ্জ পর্য্যায়।—প্রকীর্য্য, পূতিকরজ, পূতিক, কলিকারক, পূতীকরঞ্জ, সকণ্টক; কাঁটাকরঞ্জ পর্য্যায়।—গাঁঠিয়াকরঞ্জ, ষড়্গ্রন্থ; মাকড়াকরঞ্জ পর্য্যায়।—মর্কটি; বিষকরঞ্জ পর্য্যায়।—অঙ্গারবল্লরী; অম্লকরঞ্জ পর্য্যায়।—করমর্দ্দী, বনেক্ষুদ্রা, করাম্ল, করমর্দ্দক, কৃষ্ণপাকফল, অবিগ্ন, সুষেণ।

করঞ্জক, পুং. [করঞ্জ+ক] করঞ্জবৃক্ষ; ভৃঙ্গরাজবৃক্ষ।

করঞ্জফলক, পুং. [করঞ্জ+ফলক] কপিত্থ বৃক্ষ, কতবেলগাছ।

করট, পুং.[ক+রট] কাক, হস্তীগণ্ড; কুসুম্ভবৃক্ষ; কুৎসিতজীবী, নিন্দ্যজীবন; একা দশাহাদি শ্রাদ্ধ; দুর্দ্দুরুট; নাস্তিক; বাদ্য বিশেষ।

করটক, পুং. [করট+ক] কাক।

করটা, স্ত্রী. [করট+আ] দুঃখদোহ্যাগবী, যে গাভী কষ্টে দুগ্ধদেয়।

করটী, পুং. স্ত্রী. [করট+ইন্] হস্তী।

করটু, পুং. [করট+উ] পক্ষিবিশেষ, কর্কটিয়াপাখী

করণ, ন. [কৃ+অন] বর্ণসঙ্কর জাতিবিশেষ; সাধকতম; ষট্কারকান্তর্গত কারকবিশেষ; তিথ্যাদির অর্দ্ধ পরিমিত ববাদি একাদশসংজ্ঞক কালবিশেষ; ক্ষেত্র; গাত্র; ইন্দ্রিয়; হেতু; কর্ম্ম; হস্তলেপ; নৃত্যপ্রভেদ; গীতবিশেষ; ক্রিয়াভেদ; সংবেশন; কায়স্থ; কায়স্থসংহতি; বর্ণদিগের স্পষ্টতাদি; যোগিদিগের আসনাদি; কৃতাদি; (পুং.) বর্ণসঙ্কর জাতিবিশেষ; কায়স্থ জাতিবিশেষ; (ত্রি.) কৃপণ; পথ্য।

করণক, ব্য. [করণ+ক] পূর্ব্বক, দ্বারা,হেতুক

করণত্রাণ, ন. [করণ+ত্রাণ] মস্তক।

করণত্ব, ন. [করণ+ত্ব] হেতুতা, নিমিত্তত্ব, প্রয়োজকত্ব।

করণনিয়ম, পুং. [করণ+নিয়ম] ইন্দ্রিয়নিগ্রহ, কামাবসায়।

করণবাচক, ন. [করণ+বাচক] তৃতীয়কারক বিশেষ। [যুক্ত।

করণার্হ, ত্রি. [করণ+অর্হ] কর্ত্তব্য, করণোপ-

করণি, স্ত্রী. [কৃ+অনি] কার্য্য, ঘটনা, বৃত্ত।

করণী, স্ত্রী. [কৃ+অনী] বীজগণিত মতে করণীগত রাশি।

করণীয়, ত্রি. [করণ+ঈয়] কর্ত্তব্য, করণার্হ, কার্য্য, সাধ্য, করণশক্য, শক্য।

করণীসুতা, স্ত্রী. [করণী+সুতা] দত্তকপুত্রা, পোষ্যকন্যা।

করণ্ড, পুং. [কৃ+অণ্ড] মধুকোষ, মৌচাক্; বংশাদি রচিত ভাণ্ডবিশেষ, সমুদ্গা, সাজি, ঝাঁপি; অসি; কারণ্ডবপক্ষী; দলাঢ়ক।
করণ্ডা, স্ত্রী. [করণ্ড+আ] অম্লফলবিশেষ।
করণ্ডিকা, স্ত্রী. [করণ্ড+ইকা] ঝাঁপি।
করণ্ডী, পুং. [করণ্ড+ইন্] মৎস্যবিশেষ।
করতল, পুং. [কর+তল] হস্ততল, হাতের-তেলো; অধীন।
করতলধৃত-করতলস্থ, ত্রি. [করতল+ধৃত-স্থ] কৃতহস্থ, হস্তস্থ।
করতলে, ব্য. [কর+তলে]অধীনে, পয়নামে।
করতাল, ন. [কর+তাল] বাদ্যবিশেষ, ঝর্ঝরী বাদ্য। [শব্দ।
করতালধ্বনি, ন. [করতাল+ধ্বনি] ঝর্ঝরী-
করতালী, স্ত্রী. [কর+তালী] বাদ্যবিশেষ, করতাল, খরতাল, করর্দ্ধি; করতলধ্বনি।
করতোয়া, স্ত্রী. [কর+তোয়া] স্বনামখ্যাত পূর্ব্বোত্তরদেশস্থ নদীবিশেষ, সদানীরা, সদানীরবহা। [প্রদ।
করদ-করদায়ী, ত্রি. [কর+দ-দায়িন্] শুল্ক-
করদক্ষ, ত্রি. [কর+দক্ষ] নিপুণ, সতর্ক, বিদগ্ধ, দক্ষ।
করদীকৃত, ত্রি. [করদী+কৃত] করাধীন।
করদ্রুম, পুং. [কর+দ্রুম] কারস্করবৃক্ষ।
করধৃত-করনিহিত, ত্রি. [কর+ধৃত] হস্তধৃত।
করপত্র, ন. [কর+পত্র] ক্রকচ, করাৎ; জলক্রীড়া।
করপত্রবান্, পুং. [করপত্র+বৎ] তালবৃক্ষ।
করপত্রিকা, স্ত্রী. [কর+পত্রিকা] জলক্রীড়া।
করপর্ণ,পুং.[কর+পর্ণ]ভিণ্ডাবৃক্ষ; রক্তেরণ্ড।
করপল্লব, পুং. [কর+পল্লব] অঙ্গুলি
করপাত্র, ন. [কর+পাত্র] জলক্রীড়া; অঞ্জলি, হস্তাধার। [ধ্বাক্ষ।
করপাল, পুং. [কর+পাল] খড়্গ; কারা-
করপালিকা, স্ত্রী. [কর+পালিকা] হ্রস্বগদা-কারহস্তদণ্ড, সোঁটা, একধারাস্ত্র, তৎ-পর্য্যায়।—ঈলী, ইলি, ঈলি, করবালিকা।
করপুট, ন. [কর+পুট] বদ্ধাঞ্জলি, কৃতাঞ্জলি, বদ্ধহস্ত।

করপৃষ্ঠ, ন. [কর+পৃষ্ঠ] অবহস্ত।
করপ্রচেয়, ত্রি, [কর+প্রচেয়] হস্তদ্বারা সঞ্চয়ন
করপ্রণী, স্ত্রী. [কর+প্রণী] লেখক।
করপ্রাপ্ত, ত্রি: [কর+প্রাপ্ত] হস্তগত।
করবাণ, (প্রা) জলচরপক্ষিবিশেষ। [বাল
করবাল, পুং. [কর+বাল] নখ; খড়্গ, তর-
করবালিকা, স্ত্রী.[কর+বালিকা]করপালিকা।
করবী, স্ত্রী. [কর+বী] হিঙ্গুপত্র, কবরী।
করবীর, পুং. [কর+বীর] খড়্গ; দৈত্য-বিশেষ; শ্মশান; বৃক্ষবিশেষ, করবী, তৎপর্য্যায়।—প্রতিহাস, শতপ্রাস, চণ্ডাত, হয়মারক, প্রতীহাস, অশ্বঘ্ন, হয়ারি, অশ্বমারক, শীতকুম্ভ, তুরঙ্গারি, অশ্বহা, বীর, হয়মার, হয়ঘ্ন, শতকুন্দ, অশ্বরোধক, বীরক, কুন্দ, শকুন্দ, শ্বেতপুষ্পক, অশ্বাতক, নখরাহ্ব, অশ্বনাশন, স্থলকুমুদ, দিব্যপুষ্প, হরিপ্রিয়, গৌরীপুষ্প, সিদ্ধপুষ্প; ব্রহ্মাবর্ত্তে দৃশদ্বতিনদীতীরে চন্দ্রশেখর রাজপুর।
করবীরক, পুং. [করবীর+ক] অর্জ্জুনবৃক্ষ; খড়্গ; বিষভেদ অর্থাৎ করবীরমূল।
করবীরকন্দসংজ্ঞ, পুং. [করবীর+কন্দসংজ্ঞ] তৈলকন্দ, তিলচিত্রকপত্র।
করবীরভুজা, স্ত্রী. [করবীর+ভুজা] আঢ়কী-বৃক্ষ, অরহর।
করবীরা, স্ত্রী. [কর+বীরা] রক্তমনঃশিলা।
করবীরী, স্ত্রী. [করবীর+ঈ] অদিতি; শ্রেষ্ঠ-গবী; পুত্রবতী; গরলবিশেষ।
করভ, পুং. [কর+ভ] কটি, মণিবন্ধাবধি কনিষ্ঠাঙ্গুলি পর্য্যন্ত করের বহির্ভাগ; উষ্ট্রশিশু; করিশাবক; উষ্ট্র; নখীনাম-গন্ধদ্রব্য।
করভকাণ্ডিকা, স্ত্রী. [করভ+কাণ্ডিকা] উষ্ট্র-কাণ্ডীবৃক্ষ। [লতা।
করভপ্রিয়া, স্ত্রী. [করভ+প্রিয়া] ক্ষুদ্রদুরা-
করভবল্লভ, পুং. [করভ+বল্লভ] কপিত্থবৃক্ষ; পীলুবৃক্ষ।
করভাদনী, স্ত্রী. [করভ+অদনী] ক্ষুদ্রদুরা-লতাবৃক্ষ।

করভার, পুং. [কর+ভার] শুল্ক, কর, করাতিশয়।
করভাস্থি, ন. [করভ+অস্থি] করভ, পীলু।
করভী, পুং. [করভ+ইন্] হস্তী; (স্ত্রী.) উষ্ট্রী, বানী।
করভীর, পুং. [করভ+ঈর] সিংহ। [মাত্র।
করভূষণ, ন. [কর+ভূষণ] কঙ্কণ, হস্তাভরণ
করভোরু, স্ত্রী. [করভ+উরু] হস্তীশুণ্ডাকার উরুবিশিষ্টা স্ত্রী।
করম, (প্রা) কর্ম্ম, ক্রিয়া; প্রাক্তন, অদৃষ্ট
করম্চা, (প্রা) করমর্দ্দ।
করমট্ট, পুং. [কর+মট্ট] গুবাকবৃক্ষ।
করমরী, পুং. [কর+মরিন্] বন্দী, কয়েদী।
করমর্দ্দ-করমর্দ্দক, পুং. [কর+মর্দ্দ-ক] বৃক্ষবিশেষ, পাণিআমলা, করৌন্দা, করম্চা; তৎপর্য্যায়।—কৃষ্ণপাকফল, অবিগ্ন, সুষেণ, কৃষ্ণপাক, পাকফল, কৃষ্ণফল, পাককৃষ্ণফল, কৃষ্ণফলপাক, পাককৃষ্ণ, ফলকৃষ্ণ, পাকফলকৃষ্ণ, বনালয়, বলালক, করাম্বুক, বোল, বশ, আবিগ্ন, করমর্দ্দী, বনেক্ষুদ্রা, করাম্ল, করমর্দ্দ, পাণিমর্দ্দ, হস্তমর্দ্দক।
করমর্দ্দী, স্ত্রী. [কর+মর্দ্দী] করমর্দ্দকবৃক্ষ; হস্তমর্দ্দনকারী
করমা, স্ত্রী. [কর+মা] বৃহৎবৃক্ষ
করমাল, পুং. [কর+মাল] খতমাল, ধুম।
করমালা, স্ত্রী. [কর+মালা] করপর্ব্বরূপমালা, জপমালা, অক্ষমালা। [ভালা।
করমুক্ত, ন. [কর+মুক্ত] অস্ত্রবিশেষ, বরছী,
করম্ব, পুং. [কৃ+অম্ব] করম্ভ; নীলকণ্ঠ; দধিসক্তু; (ত্রি.) মিশ্রিত; খচিত। [চূর্ণিত।
করম্বিত, ত্রি. [করম্ব+ইত] মিশ্রিত; খচিত;
করম্ভ-করম্ভক, পুং. ন. [কৃ+রম্ভ-ক] দধিমিশ্রিতসক্তু, দধিসক্তব, কর্কসার; (ত্রি.) উষ্ণ, তপ্ত। [প্রিয়ঙ্গুবৃক্ষ।
করম্ভা, স্ত্রী. [করম্ভ+আ] শতাবরীবৃক্ষ;
কররুদ্ধ, ত্রি. [কর+রুদ্ধ] সুগৃহীত।
কররুহ, পুং. [কর+রুহ] নখ।
করর্দ্ধি, স্ত্রী. [কর+ঋদ্ধি] করতালী, হাততালী; একতালী।

করল, (প্রা) পক্ষিবিশেষ।
করলা, (প্রা) তিক্তফল, লম্বাউচ্ছা।
করশাখা, স্ত্রী. [কর+শাখা] অঙ্গুলী, তৎপর্য্যায়।—অগ্রু, অগ্রুব, অল্পা, করপল্লব, করাগ্রপল্লব, করকুড্মল, ক্ষিপ, ত্রিশ, শর্য্যা, রশনা, ধীতয়, অথর্য্যা, বিপ, কক্ষ্যা, অবনয়, হরিত, স্বসার, জাময়, সনাভয়, যোক্ত্রাণি, যোজনানি, ধুর, শাখা, অভীশু, অভীশব, শক্করী, দীধিতয়, গভস্তয়।
করশীকর, পুং. [কর+শীকর] হস্তীশুণ্ড নির্গত জলকণা, বমথু।
করশূক, পুং. [কর+শূক] নখ, নখর।
করশোথ, পুং. [কর+শোথ] শোথবিশেষ।
করহর, পুং. [কর+হর] লতাবিশেষ।
করহাট, পুং. [কর+হাট] পদ্মমূল; মদনবৃক্ষ, মহাপিণ্ডীতরু; দেশবিশেষ।
করহাটক, পুং. [কর+হাটক] মদনবৃক্ষ; দেশবিশেষ, (ন.) স্বর্ণযুক্তহস্ত।
করাগ্রপল্লব, পুং. [করাগ্র+পল্লব] অঙ্গুলি।
করাঘাত, পুং. [কর+আঘাত] চপেটাঘাত, চপেটিকা, তলাঘাত, মুষ্টিপাত, অভিঘাত, প্রহার।
করটিয়া, (প্রা) রুদ্ধবৃদ্ধি, বামনাকৃতি; পক্ষিবিশেষ।
করাটিয়াবধানী, (প্রা) তৃণবিশেষ।
করাণ, (প্রা) জন্মান, চালান; লওয়ান।
করাণী, (প্রা) করগ্রাহক, শুল্কগ্রাহী; লেখক।
করাত, (প্রা) করপত্র, ক্রকচ; ক্রকর, পত্রদারক, শাণ, বাতরায়ণ; তালাঙ্ক, কর্ত্তনী।
করাতী, (প্রা) কাষ্ঠপাটনজীবী, ক্রাকচিক, কাষ্ঠবিদারক, আরাকস। [করম্চা।
করামর্দ্দ, পুং. [করা+মর্দ্দ] করমর্দ্দবৃক্ষ,
করাম্বুক, পুং. [কর+অম্বুক] কৃষ্ণপাকফলবৃক্ষ, পাণিআমলা।
করাম্লক, পুং. [কর+অম্লক] মর্দ্দকবৃক্ষ।
করায়িকা, স্ত্রী, [করা+ইক+আ] বলাকাপক্ষী, ক্ষুদ্রবক।
করারোট, পুং. [করা+রোট] অঙ্গুরীয়ক।
করার, (বাং) অঙ্গীকার, স্বীকার।

করাল, ন. [কর + অল] কৃষ্ণকুঠেরক, কালতুলসী; (পুং.) সর্জ্জরসযুক্তুতৈল, গর্জ্জন তেল; তৈল বা ঘৃতেপক্ক বেসবার; (ত্রি.) দন্তুর, দেঁতো; তুঙ্গ, উচ্চ; ভীষণ, ভয়ানক। [করাল, কালতুলসী।

করালক, পুং. [করাল+ক] কৃষ্ণ তুলসী,

করালকর, ত্রি. [করাল + কর] বৃহৎহস্ত; বৃহৎশুণ্ড। [ধান্য।

করালত্রিপুটা, স্ত্রী. [করাল + ত্রিপুটা] লঙ্কা-

করালবদন, ত্রি. [করাল+ বদন] ভয়ঙ্কর, ভয়ানক, ঘোর, দারুণ, ভীম; করগস্ত।

করালবদনা, স্ত্রী. [করাল + বদনা] দুর্গা; ভয়ঙ্কর বদনবিশিষ্টা; করেমুণ্ডধারিণী।

করালম্ব-করালম্বন, ন. [কর + অলম্ব-ন] প্রহাররক্ষার্থ হস্তবিস্তার।

করালা, স্ত্রী. [করাল + আ] শারিবা, অনন্তমূল; ভীষণ, ভয়ঙ্করী।

করালিক, পুং. [করাল+ইক] বৃক্ষবিশেষ।

করালিকা, স্ত্রী· [করাল+ইকা] অগ্নিজিহ্বা বিশেষ।

করালিত-করালীকৃত, ত্রি. [করাল+ইত-কৃত] ভয়ান্বিত, বিশালীকৃত।

করালী, স্ত্রী. [করাল+ঈ] অগ্নির সপ্তজিহ্বান্তর্গত জিহ্বাবিশেষ।

করিক, পুং.স্ত্রী. [করি+ক] পদচিহ্ন, পদাঙ্কণ।

করিকণবল্লী, স্ত্রী. [করিকণ+বল্লী] চবিকাবৃক্ষ, চই।

করিকুম্ভ, পুং. [করি+কুম্ভ] গজকুম্ভ, ঘট।

করিকুসুম্ভ, পুং. [করি+কুসুম্ভ] নাগকেশরচূর্ণক।

করিগর্জ্জিত, ন. [করি+গর্জ্জিত] হস্তীগর্জ্জন, বৃংহিত, হাতিরনাদ। [কৃত্তি।

করিচর্ম্ম, ন. [করি + চর্ম্মন্] হস্তীচর্ম্ম, গজ-

করিজ, পুং. [করি+জ] হস্তীশিশু, করিশাবক।

করিণী, স্ত্রী. [করিন্+ঈ] হস্তিনী, তৎপর্যায়। হস্তিযোষিৎ, ধেনুকা, বশা, করেণূ, করেণু, করেণুকা, রেণুকা, বাসিতা, বাসা, কটভুরা, পুষ্করিণী, কচা, গণিকা, গজযোষিৎ, পদ্মিনী, হস্তিনী।

করিদন্ত, পুং. [করি+দন্ত] হস্তিদন্ত।

করিদারক, পুং. [করি+দারক] সিংহ।

করিনাসিকা, স্ত্রী. [করি+নাসিকা] বাদ্য, বীণাবিশেষ।

করিপত্র, ন. [করি + পত্র] তালীশপত্র।

করিপিপ্পলী, স্ত্রী. [করি+পিপ্পলী] গজপিপ্পলী।

করিপোত, পুং. [করি+পোত] করিশাবক।

করিবক, (প্রা) বিবিধ শ্বেতবক। [প্রারব্ধি।

করিবন্ধ, পুং. [করি + বন্ধ] হস্তিবন্ধনস্তম্ভ,

করিমাচল, পুং. [করি + মাচল] সিংহ।

করিমুখ, পুং. [করি+মুখ] গণেশ; হস্তিবদন।

করিয়াটি, (প্রা) পক্ষীভেদ। [হস্তী।

করিযাদঃ, ন.[করি+যাদস্] বিছু, শুশুক, জল-

করির, পুং.ন. [কৃ+ইর] করীর, বংশাঙ্কুর; বংশপর্ব্ব।

করিল্লা, (প্রা) লতাবিশেষ।

করিশ, (প্রা) লতাবিশেষ।

করিশাবক, পুং. [করি + শাবক] হস্তিশিশু, করভ, কলভ, করিজ, করিপোত, বিক্ক, ধিক্ক।

করিশুণ্ড, ন. [করি + শুণ্ড] হস্তিশুণ্ড।

করিষ্ঠ, ত্রি. [কর + ইষ্ঠ] অধীকৃত।

করিষ্যৎ-করিষ্যমাণ, ত্রি. [কৃ+স্যতৃ-স্যমান] উদাত্ত। [শীল।

করিষ্ণু, ত্রি. [কৃ+ইষ্ণু] কর্ত্তব্য, করণীয়; করণ

করী, পুং. [কর+ইন্] হস্তী। [হস্তী।

করীন্দ্র, পুং. [করি+ইন্দ্র] প্রধানহস্তী, বৃহ-

করীম্ (যাং) দানশীল।

করীয়স্, ত্রি. [কর+ঈয়স্] করিষ্ঠ, অধীকৃত।

করীর, পুং. ন. [কৃ+ঈর] বংশাঙ্কুর, বাঁশের কোঁড়া; বংশপর্ব্ব, (পুং.) ঘট; মরুভূমিজ উষ্ট্রপ্রিয় কণ্টকীবৃক্ষ, তৎপর্য্যায়।— ক্রকর, গ্রন্থিল, ক্রকজ, নিষ্পত্রিকা, করির, গূঢ়পত্র, করক, তীক্ষ্ণকণ্টক।

করীরা, স্ত্রী. [করীর+আ] চীরিকা, ঝিঁঝিপোকা; হস্তিদন্তমূল।

করীরিকা, স্ত্রী. [করীর+ইকা] হস্তীদন্তমূল

করীরী, স্ত্রী. [করীর+ঈ] চীরিকা; হস্তিদন্তমূল।

করীষ, পুং. ন. [কৃ+ঈষ] শুষ্কগোময়, ঘুঁটে, গোগ্রন্থি, ছগণ।

করীষঙ্কষা, স্ত্রী. [করীষম্+কষা] প্রবলবায়ু, চণ্ডবাত, ঝড়।

করীষাগ্নি, পুং. [করীষ+অগ্নি] শুষ্কগোময় বহ্নি, ছাগণ, ঘুঁটের আগুন।

করুই, (প্রা) ভাণ্ডার, গোলা, দ্রব্যাগার

করুণ, পুং. [কৃ+উন] বৃক্ষবিশেষ,করুণানেবু গাছ; বুদ্ধভেদ; শৃঙ্গারাদি অষ্টরসান্তর্গত তৃতীয়রস।

করুণমল্লী, স্ত্রী. [করুণ+মল্লী] নবমল্লিকা।

করুণবিপ্রলম্ভ, পুং. [করণ+বিপ্রলম্ভ] পূর্ব্ব-রাগাদি চতুর্ব্ভেদ বিপ্রলম্ভ শৃঙ্গারমধ্যে বিপ্রলম্ভবিশেষ।

করুণা, স্ত্রী. [করুণ + আ] পরদুঃখহননেচ্ছা, তৎপর্য্যায়।—কারুণ্য, ঘৃণা, কৃপা, দয়া, অনুকম্পা, অনুক্রোশ, শূক, করুণ, অনুগ্রহ, দয়ালুতা, হন্তোক্তি, আপন্নরক্ষণ, বাৎসল্য, মায়া।

করুণাকর, ত্রি. [করুণা+আকর] কৃপানিধি, দয়াময়।

করুণাত্মক, ত্রি. [করুণ+আত্মক] কোমলান্তঃকরণ, সদয়হৃদয়।

করুণানিধান, ত্রি. [করুণা+নিধান] দয়াধার, কৃপান্বিত, সানুকম্প।

করুণান্বিত, ত্রি. [করুণা+অন্বিত] কৃপান্বিত, দয়াবান্, সদয়, সানুগ্রহ।

করুণাপর-করুণাময়, ত্রি. [করুণা+পর] দয়াপর, দয়ালু, কৃপালু, সুরত।

করুণাবেদিতা, স্ত্রী, [করুণা+বেদিতা] প্রীতভা, কোমলতা!

করুণামল্লী, স্ত্রী. [করুণা+মল্লী] শিশুগন্ধা।

করুণাযুক্ত, ত্রি. [করুণা+যুক্ত] দয়াত্মক।

করুণার্দ্র, ত্রি. [করুণা+আর্দ্র] দয়ার্দ্র, অতিশয় কৃপালু।

করুণার্দ্রচিত্ত, ত্রি. [করুণার্দ্র+চিত্ত] দয়ান্তঃকরণ। [হীন, নির্দ্দয়।

করুণাশূন্য, ত্রি. [করুণা+শূন্য] নিষ্কৃপ, দয়া-

করুণাস্বর, পুং. [করুণা+স্বর] শোকার্থকধ্বনি, খেদসূচকশব্দ।

করুণী, স্ত্রী. [করুণ+ঈ] পুষ্পবৃক্ষবিশেষ, ককরখিরুণি, তৎপর্য্যায়।—গ্রীষ্মপুষ্পী, রক্তপুষ্পী, চারিণী, রাজপ্রিয়া, রাজপুষ্পী, সূক্ষ্মা, ব্রহ্মচারিণী।

করুল, পুং.]করু+উল] কুররপক্ষী।

করেট, পুং. [কর+ইট] নখ।

করেটব্যা, স্ত্রী. [করেটব্য+আ] ধনচ্ছুপক্ষী।

করেটু, পুং. [করেট+উ] পক্ষিবিশেষ, করকটিয়া পাখী, তৎপর্য্যায়।—কর্করেটু, কর্করাটুক, করটু।

করেণু, পুং. [কৃ+এণু] হস্তী; কর্ণিকারবৃক্ষ; (স্ত্রী.) হস্তিনী। [গজপুঙ্গব।

করেণুবর্য্য, পুং, [করেণু+বর্য্য] প্রধানহস্তী,

করেণুভূ, পুং. [করেণু+ভূ] পালকাপ্যমুনি।

করেণুশিশু, পুং.[করেণু+শিশু]করিশাবক।

করেণুসুত, পুং. [করেণু+সুত] মুনিবিশেষ।

করেণূ, পুং. স্ত্রী. [কৃ+এণূ] হস্তি; হস্তিনী।

করেত, পুং. [কর + এত] লতাবিশেষ।

করেন্দুক, পুং. [কর + এন্দুক] ভূতৃণ।

করেবর, পুং. [করে+বর] তুরুষ্ক, শিলারস।

করেলা-করেলি, (প্রা) করলাফলবিশেষ।

করোট, ন. [ক+রোট] শিরোহস্থি।

করোটা-করোটি, স্ত্রী. [করোট+আ-ই] শিরোহস্থি, মাথারখুলি।

করোটি, (প্রা) মৎস্যবিশেষ। [খুলী।

করোটী, স্ত্রী. [করো+ঈ] শিরোহস্থি, মাথার

করোৎকর, পুং. [কর+উৎকর] ছিন্নবস্ত্রের ভার; অধিক রাজকর।

করোদক, ন. [কর+উদক] জলযুক্ত হস্ত।

কর্ক, পুং. [কৃ + ক] শ্বেতাশ্ব; কুলীর; দর্পণ; ঘট; কর্কটরাশি; অগ্নি; কর্কটবৃক্ষ; বৃহৎকুষ্মাণ্ড; শোভা; (ত্রি) উত্তম।

কর্কচির্ভিটী, স্ত্রী. [কর্ক+চির্ভিটী] চির্ভটী, কর্কটীভেদ, শশা।

কর্কট, পুং. [কর্ক+অট] বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—কর্ক, ক্ষুদ্রধাত্রী, ক্ষুদ্রামলকসংজ্ঞ,কর্কফল; জলজন্তুবিশেষ, কাঁকড়া; তৎপর্য্যায়।-কর্কটক, কুলীর, কুলীরক, সদংশক, পঙ্কবাস,তির্য্যগ্গামী, তির্য্যগ্যান, বহিশ্চর, পার্শ্বোদরপ্রিয়, বহিঃ-

চর, জলবিল্ব, অপত্যশত্রু, বহুক, ষোড়শাঙ্ঘ্রি, মৃত্যুসূতি, কুরচিল্ল; নাগবিশেষ; পক্ষীবিশেষ, করকটিয়াপাখী; পদ্মকন্দ; তুম্বী; চতুর্থরাশি।

কর্কটক, পুং. [কর্কট+ক] কুলীর, কাঁকড়া, নাগবিশেষ।

কর্কটরাশি, পুং. [কর্কট+রাশি] চতুর্থরাশি।

কর্কটশৃঙ্গিকা, স্ত্রী. [কর্কট+শৃঙ্গিকা] কর্কটশৃঙ্গীবৃক্ষ।

কর্কটশৃঙ্গী, স্ত্রী. [কর্কট+শৃঙ্গী] বৃক্ষবিশেষ. কাঁকড়াশিঙ্গী, তৎপর্য্যায়।—কর্কটাখ্যা, কুলীরশৃঙ্গী, মহাঘোষা, চক্রাঙ্গী, কুলিঙ্গী, কাসনাশিনী, ঘোষা, বনমূর্দ্ধজা, চক্রা, শিখরী, কর্কটাঙ্গা, কর্কটী, বিষাণিকা, কৌলীরা, চন্দ্রাস্পদা, বলাঙ্গা।

কর্কটাখ্যা, স্ত্রী. [কর্কট+আখ্যা] কর্কটশৃঙ্গী।

কর্কটাহ্ব, পুং. [কর্কট+আহ্ব] বিল্ববৃক্ষ।

কর্কটাহ্বা, স্ত্রী. [কর্কট+আহ্বা] কর্কটশৃঙ্গী।

কর্কটি, স্ত্রী. [কর্কট+ই] কর্কটী, কাঁকুড়।

কর্কটিনী, স্ত্রী. [কর্কট+ঈন্] দারুহরিদ্রা।

কর্কটী, স্ত্রী. [কর্কট+ঈ] শাল্মলীফল; সর্প; দেবদালীলতা; কর্কটশৃঙ্গীবৃক্ষ; এর্ব্বারু, বড় কাঁকুড়; ঘোটিকাবৃক্ষ; ফললতাবিশেষ, কাঁকুড়, তৎপর্য্যায়।—কটুদলী, ছর্দ্দাপনিকা, পীনসা, মূত্রফলা, ত্রপুষা, হস্তীপর্ণী, লোমশকাণ্ডা, মূত্রলা, বহুকন্দা, কর্কটাক্ষ, শান্তনু, চির্ভটী, বালুকী, এর্ব্বারু, ত্রপুষী। [কটিয়া পাখী।

কর্কটু, পুং. [কর্কট+উ] করেটুপক্ষী. কর-

কর্কট্যাবেঙ্গ, (প্রা) স্থূলমণ্ডূক।

কর্কন্ধু, পুং. স্ত্রী. [কর্ক+ধা+উ] কোলিবৃক্ষ।

কর্কন্ধূ, পুং. স্ত্রী. [কর্ক+ধা+ঊ] বদরীবৃক্ষ।

কর্কর, ত্রি. [কর্ক+র] কঠিন; (পুং.) দর্পণ; (ন.) চূর্ণজনক ক্ষুদ্রপাষাণখণ্ড, চূর্ণখণ্ড, কাঁকর, ঘুঁটি।

কর্করাঙ্গ, পুং. [কর্কর+অঙ্গ] কালকণ্ঠপক্ষী।

কর্করাটু, পুং. [কর্কর+আটু] কটাক্ষ, অপাঙ্গদর্শন।

কর্করাটুক, পুং. [কর্কর+অটুক] কর্করেটুপক্ষী, করকটিয়াপাখী।

কর্করান্ধক, পুং. [কর্কর+অন্ধক] অন্ধকূপ, আঁধুয়াকুয়া। [অলক।

কর্করাল, পুং. ন. [কর্কর+আল] চূর্ণকুন্তল,

কর্করাক্ষ, পুং. [কর্কর+অক্ষ] খঞ্জনপক্ষী।

কর্করিয়া, (প্রা) কঙ্করযুক্ত, কুল্লু ইমিশ্রিত।

কর্করী-করীকা, স্ত্রী. [কর্কর+ঈ-ঈকা] স্বল্পবারিধানিকা, ঝারি, গাড়ু, তৎপর্য্যায়।—আলু, গলন্তিকা, অলু, আরু।

কর্করু, পুং. [কর্কর+উ] কুষ্মাণ্ড।

কর্করেট, ন. [কর্কর+এট] গলেহস্তাধান, অর্দ্ধচন্দ্র, অঙ্গুলিতোরণ, গলাটিপি।

কর্করেটু, পুং. [কর্কর+এটু] করেটুপক্ষী, কর্কটিয়া পাখী।

কর্কশ, পুং. [কৃ+কশ] কাম্পিল্যবৃক্ষ, গুঁড়ারোচনী; কাশমর্দ্দ; ইক্ষু; খড়্গ; (ত্রি.) সাহসিক; কঠোর; অমসৃণ; দুস্পর্শ; ক্রূর; নির্দ্দয়; কৃপণ।

কর্কশচ্ছদ, পুং. [কর্কশ+ছদ] পটোল; শাকোট বৃক্ষ, শেওড়াগাছ। [ঝিঙ্গা; দগ্ধাবৃক্ষ।

কর্কশচ্ছদা, স্ত্রী. [কর্কশচ্ছদ+আ] কোশাতকী,

কর্কশদল, পুং. [কর্কশ+দল] পটোল।

কর্কশদলা, স্ত্রী. [কর্কশ+দলা] দগ্ধাবৃক্ষ।

কর্কশবাক্য, পুং. ন. [কর্কশ+বাক্য] নিষ্ঠুরবচন, পরুষবাক্।

কর্কশা, স্ত্রী. [কর্কশ+আ] বৃশ্চিকালীবৃক্ষ।

কর্কশিকা, স্ত্রী. [কর্কশিক+আ] বনকোলি।

কর্কশস্বন, ত্রি. [কর্কশ+স্বন] কর্ণকটু, বিস্বর।

কর্কশস্বর, ত্রি. [কর্কশ+স্বর] বিস্বর, কর্ণকটু, কুশ্রাব্য।

কর্কসার, ন. [কর্ক+সার] করম্ভক, দধিসক্তু।

কর্কারু, পুং. [কৃক+ঋ+উ] কুষ্মাণ্ড, কুমড়া, কখারু ইতি উৎকলদেশীয় ভাষা।

কর্কারুক, পুং. [কর্কারু+ক] কালিঙ্গবৃক্ষ।

কর্কি, পুং. [কর্ক+ই] কর্কটরাশি।

কর্কেতন, পুং. [কর্ক+এতন] মণিরত্ন।

কর্কোট, পুং. [কর্ক+ওট] নাগরাজবিশেষ।

কর্কোটক, পুং. [কর্কোট+ক] বিল্ববৃক্ষ; কদ্রুপুত্র, নাগরাজবিশেষ; ইক্ষু; ফললতাবিশেষ, কাঁকরোল, তৎপর্য্যায়।—কিলাসঘ্ন, তিক্তপত্র, সুগন্ধক।

কর্কোটকী, স্ত্রী. [কর্কোটক+ঈ] পীতঘোষা-বৃক্ষ।

কর্কোটিকা, স্ত্রী. [কর্কোট+ইকা] কর্কোটক, কাঁকরোল, তৎপর্য্যায়।—কুষ্মাণ্ডী, কর্কোটী। [কচুরী।

কর্চ্চরিকা, স্ত্রী. [কর্চ্চর+ইকা] পিষ্টকবিশেষ,

কর্চ্চূর, ন. [কর্+চূর] কর্ব্বূর, স্বর্ণ; কচ্চুর; (পুং.) বৃক্ষবিশেষ, কচুর, তৎপর্য্যায়।—দ্রাবিড়, কর্শ্য, দুর্লভ, গন্ধমূলক, বেধমুখ্য গন্ধসার, জটাল। [হলুদ।

কর্চ্চূরক, পুং. [কর্চ্চূর+ক] কর্ব্বূরক, কাঁচা-

কর্জ্জ, (বাং) ঋণ, ধার।

কর্জ্জআদায়, (বাং) ঋণাদান, ঋণমুক্তি।

কর্জ্জদাদন, (বাং) ঋণ সমর্পণ, আবিহিত কালপর্য্যন্ত পরহস্তে দ্রব্য সমর্পণ।

কর্ণ, পুং. [কৃ+ন] শ্রবণেন্দ্রিয়, কাণ, তৎপর্য্যায় শব্দগ্রহ, শ্রোত্র, শ্রুতি, শ্রবণ, শ্রব, শ্রৌত্র, বচোগ্রহ, শ্রোত, শ্রবণপথ, ধ্বনিগ্রহ, শব্দাধিষ্ঠান, পৈঞ্জূষ, কুহর, শ্রবণেন্দ্রিয়ের গোলোকস্থান; যুধিষ্ঠিরাগ্রজ, কুন্তীদেবীর কন্যাকালে সূর্য্যের ঔরসজাত পুত্র, তৎপর্য্যায়।—রাধেয়, বসুষেণ, অর্কনন্দন, ঘটোৎকচান্তক, চাম্পেশ, সূতপুত্রক, চাম্পাধিপ, অঙ্গরাট্, রাধাসুত, অর্কতনয়, অঙ্গাধিপ; সুবর্ণালিবৃক্ষ; কানিপাত, হাল; বিষমকর্ণ; ভূমির কোণাকোণি মাপরেখা; কবিতারছন্দোবিশেষ, দুইচরণের ছন্দঃ, গগ, লর্ব্বাক্ষরদ্বয়।

কর্ণকড়ি, (প্রা) কুণ্ডল।

কর্ণকণ্ডু, পুং. [কর্ণ+কণ্ডু] কর্ণরোগবিশেষ।

কর্ণকণ্ডূয়নক, পুং. [কর্ণ+কণ্ডূয়নক] কর্ণশোধনী

কর্ণকীটী, স্ত্রী. [কর্ণ+কীটী] কীটবিশেষ, কাণকোটারী, কেন্ই, তৎপর্য্যায়।—কর্ণজলৌকা, শতপদী, চিত্রাঙ্গী, পৃথিকা, কর্ণদুন্দুভি।

[কর্ণ]কুহর, পুং. [কর্ণ+কুহর] শ্রবণেন্দ্রিয়ের গোলক, কর্ণেরছিদ্র। [জনক।

[কর্ণ]ক্লেশক, ত্রি. [কর্ণ+ক্লেশক] কর্ণপীড়া-

কর্ণগ, ত্রি. [কর্ণ+গ] শ্রুতগামী।

কর্ণগূথ, ন. [কর্ণ+গূথ] কর্ণমল, কাণেরখইল

কর্ণগূথক, পুং. [কর্ণ+গূথক] কর্ণরোগবিশেষ।

কর্ণগোচর, পুং. [কর্ণ+গোচর] শ্রবণজ্ঞান।

কর্ণগ্রাহ, পুং. [কর্ণ+গ্রাহ] কর্ণধার, কর্ণিক।

কর্ণগ্রাহবান্, ত্রি. [কর্ণগ্রাহ+বৎ] কৃতকর্ণিক। [ন্দ্রিয়গোলক।

কর্ণচ্ছিদ্র, ন. [কর্ণ+ছিদ্র] কর্ণকুহর, শ্রবণে-

কর্ণজপ, পুং. [কর্ণ+জপ] উপনিধাতা, পিশুন, সম্বাদদায়ক, সূচক, গোয়েন্দা।

কর্ণজলুকা-কর্ণজলৌকা, স্ত্রী. [কর্ণ+জলুকা জলৌকস্] কর্ণকীটী, শতপদী।

কর্ণজালুক, পুং. [কর্ণ+জালুক] কীটবিশেষ, কর্ণকীটী

কর্ণজাহ, ন. [কর্ণ+জাহ] কর্ণমূল, শ্রুতিমূল।

কর্ণজিৎ, পুং. [কর্ণ+জিৎ] অর্জ্জুন, তৃতীয়পাণ্ডব। [কাণ।

কর্ণতাল, পুং. [কর্ণ+তাল] দীর্ঘকর্ণ, লোটা-

কর্ণদর্পণ, পুং. [কর্ণ+দর্পণ] তাড়ঙ্কনাম কর্ণভূষণ, কাণতড়্কা।

কর্ণদুন্দুভি, স্ত্রী. [কর্ণ+দুন্দুভি] কর্ণকীটী।

কর্ণধার, পুং. [কর্ণ+ধার] নাবিক, কাণ্ডারি, মাজি।

কর্ণনাদ, পুং. [কর্ণ+নাদ] কর্ণক্ষ্বেড়।

কর্ণনির্ঘর্ষণক, পুং. [কর্ণ+নির্ঘর্ষণক] কর্ণশোধনী, কাণখুস্কী

কর্ণন্দু, পুং. [কর্ণন্+দু] কর্ণভূষণ।

কর্ণপাক, পুং. [কর্ণ+পাক] কর্ণস্ফোট, কাণপাকা। [বালা, কুণ্ডল।

কর্ণপালী, স্ত্রী. [কর্ণ+পালী] কর্ণান্দু, কাণ-

কর্ণপিশাচী, স্ত্রী. [কর্ণ+পিশাচী] দেবীবিশেষ।

কর্ণপুষ্প, পুং. [কর্ণ+পুষ্প] মোরটলতা।

কর্ণপুর, পুং. [কর্ণ+পুর] কর্ণরাজপুর, অঙ্গদেশ, ভাগলপুরখ্যাত; কর্ণানন্তর রাজধানী

কর্ণপূঃ, স্ত্রী. [কর্ণ+পুর্] কর্ণরাজপুর, চম্পা, মালিনী, লোমপাদপুর

কর্ণপূর, পুং. [কর্ণ+পূর] শিরীষবৃক্ষ; নীলোৎপল; অবতংস; অশোকবৃক্ষ।

কর্ণপূরক, পুং. [কর্ণপূর+ক] কদম্ববৃক্ষ।

কর্ণপ্রতিনাহ, পুং. [কর্ণ+প্রতিনাহ] কর্ণরোগবিশেষ। [লিমাচ্।
কর্ণফল, পুং. [কর্ণ+ফল] মৎস্যবিশেষ, কাণ-
কর্ণফুল, (প্রা) কর্ণালঙ্কার, কুণ্ডল, কর্ণভূষণ।
কর্ণবংশ, পুং. [কর্ণ+বংশ] মঞ্চ, শিবিকা, ইন্দ্রকোষ।
কর্ণবর্জ্জিত, পুং. [কর্ণ+বর্জ্জিত] সর্প; (ত্রি.) কর্ণহীন, বোঁচা।
কর্ণবান্, ত্রি. [কর্ণ+বৎ] কর্ণী, কর্ণিল; অরিত্রবিশিষ্ট; লম্বকর্ণ, দীর্ঘকর্ণ।
কর্ণবিট্, স্ত্রী. [কর্ণ+বিশ্] কর্ণমল, কর্ণগূথ।
কর্ণবিদ্রধি, পুং. [কর্ণ+বিদ্রধি] কর্ণপাক।
কর্ণবিষয়, ত্রি. [কর্ণ+বিষয়] কর্ণগোচর, শ্রুতি পর্য্যন্ত।
কর্ণবেধ, পুং. [কর্ণ+বেধ] কর্ণঘটক দোষ নিবারণার্থ কর্ণের বেধন, কাণ্ বিঁধান, সংস্কারবিশেষ।
কর্ণবেধনিকা-কর্ণবেধনী, স্ত্রী. [কর্ণ+বেধনিকা] হস্তী কর্ণবেধনাস্ত্র, নালী, কর্ণারা।
কর্ণবেধী, ত্রি. [কর্ণ+বেধী] কর্ণভেদী।
কর্ণবেষ্টক, পুং. [কর্ণ+বেষ্টক] কুণ্ডল, কর্ণালঙ্কার। [তংস, কুণ্ডল।
কর্ণবেষ্টন, ন. [কর্ণ+বেষ্টন] কর্ণাভরণ, অব-
কর্ণবেদনা-কর্ণব্যথা, স্ত্রী. [কর্ণ+বেদনা] কর্ণশূল। [কর্ণবেধী।
কর্ণভেদী, ত্রি. [কর্ণ+ভেদিন্] কাণ্ভাঙ্গানি;
কর্ণমদ্গুর, পুং. [কর্ণ+মদ্গুর] বোদালমৎস্য, সহস্রদংষ্ট্রী।
কর্ণমল, পুং. [কর্ণ+মল] কর্ণজমল, কর্ণগূথ, কর্ণবিট্, তোক্ম, বারুণ্ড, কাণের খইল।
কর্ণমুকুর, পুং. [কর্ণ+মুকুর] তাড়ঙ্ক নাম কর্ণভূষণ; কুণ্ডল।
কর্ণমূল, ন. [কর্ণ+মূল] শ্রুতিমূল, কর্ণজাহ।
কর্ণমোটী, স্ত্রী. [কর্ণ+মোটী] চামুণ্ডাদেবী
কর্ণরন্ধ্র, ন. [কর্ণ+রন্ধ্র] শ্রুতিদ্বার, বৃষভ, কাণের ছেঁদা।
কর্ণরোগ, পুং. [কর্ণ+রোগ] অষ্টাবিংশতি শ্রবণব্যাধি।
কর্ণলতিকা, স্ত্রী. [কর্ণ+লতিকা] পালি, কাণের পাতা, কাণের মুমুড়ি।
কর্ণশষ্কুলী, স্ত্রী. [কর্ণ+শষ্কুলী] কর্ণগোলক; বেষ্টন, শ্রুতিমণ্ডল।
কর্ণশূল, ন. [কর্ণ+শূল] কর্ণবেদনা, কাণকামড়ান
কর্ণশ্রব, ত্রি. [কর্ণ+শ্রব] শ্রোতব্য, শ্রাব্য, কর্ণগোচর।
কর্ণসংস্রাব-কর্ণস্রব, পুং. [কর্ণ+সংস্রাব-স্রব] কর্ণরোগবিশেষ।
কর্ণস্ফোটা, স্ত্রী. [কর্ণ+স্ফোটা] লতাবিশেষ, কাণফাটা, তৎপর্য্যায়।—শ্রুতিস্ফোটা, ত্রিপুটা, কৃষ্ণতণ্ডুলা, চিত্রপর্ণী, কোপলতা, চন্দ্রিকা, অর্দ্ধচন্দ্রিকা।
কর্ণক্ষ্বেড, পুং. [কর্ণ+ক্ষ্বেড়] কর্ণরোগবিশেষ, কর্ণনাদ। [কাণি।
কর্ণাকর্ণি, (প্রা) পরস্পর ফুস্ফুসনি, কাণা-
কর্ণাট, পুং. [কর্ণ+অট] স্বনামখ্যাত দেশবিশেষ। [জাত ব্যক্তি।
কর্ণাটক, পুং. [কর্ণাট+ক] কর্ণাট দেশ-
কর্ণাটী, স্ত্রী. [কর্ণাট+ঈ] রাগিণীবিশেষ; হংসপদী বৃক্ষ।
কর্ণানুজ, পুং. [কর্ণ+অনুজ] যুধিষ্ঠিররাজ।
কর্ণান্তিক, ত্রি. [কর্ণ+অন্তিক] পার্শ্ব, কাণের কাছ।
কর্ণান্দু, স্ত্রী. [কর্ণ+অন্দু] কর্ণান্দু, কর্ণপালী, কাণ্তড়্কা; উৎক্ষিপ্তিকা, কাণকড়া।
কর্ণান্দূ, স্ত্রী. [কর্ণ+অন্দূ] কর্ণান্দু, কর্ণপালী কর্ণাভরণ।
কর্ণাভরণ, পুং. [কর্ণ+আভরণ] কর্ণালঙ্কার।
কর্ণাভরণক, পুং. [কর্ণাভরণ+ক] আরগ্বধবৃক্ষ।
কর্ণারা, স্ত্রী. [কর্ণার+আ] কর্ণবেধনী।
কর্ণারি, পুং. [কর্ণ+অরি] অর্জ্জুন; নদীসর্জবৃক্ষ, আজনগাছ।
কর্ণারুন্তুদ, ত্রি. [কর্ণ+অরুন্তুদ] কর্ণক্লেশক, কর্ণপীড়াজনক। [শ্রবণ।
কর্ণার্পণ, পুং. [কর্ণ+অর্পণ] মনোযোগে
কর্ণালঙ্কার, পুং. [কর্ণ+অলঙ্কার] কুণ্ডল কর্ণিকা, অবতংস, কর্ণবেষ্টন, কর্ণেন্দু, উত্তংস, তুম্বু, কর্ণবেষ্টক, ঝুমকা, কাণবালা, পাশা, মাকড়ি, কর্ণফুল ইত্যাদি।

কর্ণাস্ফাল, পুং. [কর্ণ+আস্ফাল] ঝলঞ্ঝলা, হস্তিকর্ণাস্ফালন।

কর্ণিক, ত্রি. [কর্ণ+ইক] কর্ণবান্; (পুং.) কর্ণধার, পোতবাহক।

কর্ণিক্, (প্রা) রাজমিস্ত্রীদের ইষ্টক ছেদন অস্ত্র, কর্ণী, লেপনযন্ত্র।

কর্ণিকা, স্ত্রী. [কর্ণিক+আ] কর্ণাভরণবিশেষ, কাণতড়্কা, তৎপর্য্যায়।—তালপত্র, তাড়ঙ্ক, দন্তপত্র; করিহস্তাঙ্গুলি, হস্তিশুণ্ডাগ্রবর্ত্তি অঙ্গুলাকৃতি; পদ্মবীজকোষী; করমধ্যাঙ্গুলী; ক্রমুকাদিচ্ছটাংশ, বোঁটা; লেখনী; অগ্নিমন্থবৃক্ষ; অজশৃঙ্গীবৃক্ষ।

কর্ণিকাচল, পুং. [কর্ণিকা+অচল] সুমেরু-পর্ব্বত।

কর্ণিকার, পুং. [কর্ণিকা+অর] বৃক্ষবিশেষ, কণিয়ার, তৎপর্য্যায়।—দ্রুমোৎপল, পরিব্যাধ, বৃক্ষোৎপল; আরগ্বধবিশেষ, ছোট সোনালু, তৎপর্য্যায়।—রাজতরু, প্রগ্রহ, কৃতমালক, সুফল, চক্র, পরিব্যাধ, ব্যাধিরিপু, পিণ্ডবীজক, লঘ্বারগ্বধ; পদ্মবীজকোষী।

কর্ণিকী, পুং. [কর্ণিকা+ইন্] হস্তী।

কর্ণিনারাচ, পুং. [কর্ণি+নাচার] লোহাগ্রযুক্ত অস্ত্র।

কর্ণিল, ত্রি. [কর্ণ+ইল] কর্ণিক, কর্ণবান্; লম্বকর্ণ।

কর্ণী, পুং. [কর্ণ+ইন্] বর্ষপর্ব্বতসপ্তকান্তর্গত পর্ব্বতবিশেষ; বাণবিশেষ; কর্ণিনারাচ; কর্ণধার; (ত্রি.) কর্ণবান্।

কর্ণীরথ, পুং. [কর্ণী+রথ] ক্রীড়ার্থনির্ম্মিত স্বল্পরথ; পুরুষস্কন্ধনীয়মানরথ; স্ত্রীবহনার্থ উপরিবস্ত্রাচ্ছাদিত রথবিশেষ, চতুর্দ্দোল, স্ত্রীরত্ন বহনার্থ উপরিবস্ত্রাচ্ছাদিত মনুষ্যবাহক যানবিশেষ, তৎপর্য্যায়।—প্রবহন,হয়ন,প্রহরণ, ডয়ন।

কর্ণীসুত, পুং. [কর্ণী+সুত] কংসাসুর, শ্রীকৃষ্ণেরমাতুল।

কর্ণেজপ, ত্রি. [কর্ণে+জপ] অপ্রকাশিত রূপে পরোপকার বোধক বাক্য যে কর্ণে কর্ণে বলে, ঠক্, তৎপর্য্যায়।—সূচক, কর্ণজপ, পিশুন, দুর্জ্জন, খল, উপজাপক, ভেদজনক, কর্ণেকথক, নারদ, কর্ণোপজাপক, পরাপকারবাদী।

কর্ণেজাপ, পুং. [কর্ণে+জাপ] পৈশুন,দোষানুবাদ, পিশুনতা।

কর্ণেন্দু, পুং. [কর্ণ+ইন্দু] কর্ণান্দু, অর্দ্ধচন্দ্রাকৃতি কর্ণভূষণ।

কর্ণোপজাপক, পুং. [কর্ণ+উপজাপক] কর্ণেজপ, পিশুন, খল।

কর্ত্ত, পুং. [কৃত+অ] ভেদ।

কর্ত্তন, ন. [কৃৎ+অন] ছেদন, ব্রশ্চন, খণ্ডন, ছিদা, ছিত্তি, লূনি, লাব, দাতি, দান, কাটন, ছাঁটন; সূত্রতনন, তন্তুকরণ, সূত্রনির্ম্মিতি, কাটনাকাটা।

কর্ত্তনী, স্ত্রী. [কর্ত্তন+ঈ] কর্ত্তরী, কৃপাণী, কাতারী, কাঁচি, ছেদনাস্ত্র।

কর্ত্তরিকা, স্ত্রী. [কর্ত্তর+ইকা] ছুরিকা, অসিপুত্রিকা, ছুরি; খড়্গ, কৃপাণ; কর্ত্তনী, কর্ত্তরী।

কর্ত্তরিবাচ্য, নং. [কর্ত্তরি+বাচ্য] পরস্মৈপদ।

কর্ত্তরী, স্ত্রী. [কৃৎ+অর+ঈ] কৃপাণী, পত্রীকৃত স্বর্ণাদির ছেদনোপায়, কাতি, কাতারি, কাঁচি, নাপিত কেশকর্ত্তনিকা; কাটারী।

কর্ত্তব্য, ত্রি. [কৃৎ+তব্য] করণীয়,করণযোগ্য, কার্য্য, করণার্হ, প্রয়োজন, সাধ্য, যোগ্য, উপযুক্ত।

কর্ত্তব্যতা, স্ত্রী. [কর্ত্তব্য+তা] কার্য্য, কৃত্য।

কর্ত্তা, ত্রি. [কৃ+তৃ+অ]কারক; ষট্কারকান্তর্গত কারকবিশেষ; কর্ত্তৃক, কার, কর, কৃৎ, কারী, কারু, নির্ম্মাতা, বিধাতা, বিধায়ী, কল্পক, রচক, ঘটক, উৎপাদক, স্রষ্টা, ধাতা, জনক, সৃক্, ক্রিয়ানুকুল কৃতিমান্; (ইহাদ্বিবিধ)মুখ্য,প্রয়োজক; তদ্ভেদ পঞ্চপ্রকার যথা।—ক্রিয়ামুখ্য, হেতু কর্ত্তা, প্রয়োজক, অনুমন্তা, গৃহীতা (পুং.) ব্রহ্মা, পরমেষ্ঠী।

কর্ত্তিকা, স্ত্রী. [কর্ত্তিক+আ] মধ্যমাঙ্গুলী; হস্তিশুণ্ডাগ্র।

কর্ত্তিত, ত্রি. [কর্ত্ত+ইত] ছিন্ন, কৃত্ত, খণ্ডিত, ত্রুটিত।

কর্ত্তিষ্যন্, ত্রি. [কৃত + স্যতৃ] ছেদনেচ্ছু, ছিত্বর, ছিত্বর।

কর্ত্তৃক, ত্রি. [কর্ত্তৃ+ক] কারক, সাধক।

কর্ত্তৃকত্ব, ন. [কর্ত্তৃক+ত্ব] কর্ত্তৃত্ব, কারণত্ব, হেতুতা

কর্ত্তৃকা, স্ত্রী. [কর্ত্তৃক+আ] ক্ষুদ্রখড়্গ।

কর্ত্তৃকাম, ত্রি. [কর্ত্তৃ+কাম] কর্ত্তিষ্যন্, ছেদনকারী; কর্ত্তনেচ্ছু।

কর্ত্তৃত্ব, ন. [কর্ত্তৃ+ত্ব] কর্ত্তৃধর্ম্ম, কর্ত্তৃভাব, প্রভুত্ব, অধিকার, কারিতা।

কর্ত্তৃত্বকারী, পুং. [কর্ত্তৃত্ব+কারিন্] অধ্যক্ষ, কর্ত্তা, নির্ব্বাহক।

কর্ত্তৃবাচক-কর্ত্তৃবাচ্য, ন. [কর্ত্তৃ+বাচক-বাচ্য] পরস্মৈপদ।

কর্ত্তৃর্থশব্দ, পুং. [কর্ত্তৃর্থ+শব্দ] কর্ত্তৃত্ববাচক।

কর্ত্রী, স্ত্রী. [কর্ত্তৃ+ঈ] প্রাধানাস্ত্রী, গৃহিণী; কারিণী; কর্ত্তরী; কারিকা।

কর্দ্দ, পুং. [কর্দ্দ্+অ] কর্দ্দম, পঙ্ক, পাঁক, কাদা। [পঙ্কার।

কর্দ্দট, পুং. [কর্দ্দ্+অট] করহাট; পঙ্ক;

কর্দ্দন, ন. [কর্দ্দ্+অন] উদরশব্দ, পেটেরডাক।

কর্দ্দম, পুং.[কর্দ্দ্+অম] কর্দ্দ, তৎপর্য্যায়।—নিষদ্বর, জম্বাল, পঙ্ক, শাদ, জলকল্ক, চিকিল, পরিক্কা, দলাঢ্য, চুলুক, বিজপিল, শিলিন্ধ্রী, দ্রাপ; পাপ; প্রজাপতি বিশেষ; ছায়া; ব্রহ্মার ছায়াতে জাত; (ন.) মাংস।

কর্দ্দমাটক, পুং. [কর্দ্দম+অটক] বিষ্ঠাদি নিঃক্ষেপস্থান, অশুচিকুণ্ড, আঁস্তাকুড়।

কর্দ্দমী, স্ত্রী. মুদ্গরবৃক্ষ।

কর্পট, পুং. [কৃপ+অট] মলিনত্বাদি দুষ্টজীর্ণ বস্ত্রখণ্ড, নেকড়া, লক্তক, নক্তক, ছিন্নবসন; পর্ব্বতবিশেষ।

কর্পটধারী, ত্রি. [কর্পট+ ধারিন্] মলিন জীর্ণবস্ত্রখণ্ডধারী, ভিক্ষুক, সন্ন্যাসী।

কর্পটিক-কর্পটি, ত্রি.[কর্পট+ইক-ইন্] মলিনজীর্ণবস্ত্রখণ্ডধারী, ভিক্ষুক, সন্ন্যাসী।

কর্পর, পুং. [কৃপ+অর] কপাল, মাথারখুলি; শস্ত্রভেদ; কটাহ; উডুম্বর।

কর্পরাংশ, পুং. [কর্পর+অংশ] শর্করা, খোলা কুচি, খাপরাল।

কর্পরাল, পুং. [কর্পর+অল] পর্ব্বতজপীলুবৃক্ষ, কন্দরাল, আকরোট।

কর্পরিকাতুত্থ, ন. [কর্পরিকা+তুত্থ] তুত্থবিশেষ, কর্পরী।

কর্পরী, স্ত্রী. [কর্পর+ঈ] ক্বাথোদ্ভবতুত্থ, দারুহরিদ্রার ক্বাথেরতুতিয়া, দার্ব্বিকা; তুত্থাঞ্জন। [কাপাস।

কর্পাস, পুং. ন. [কৃ+অপাস] কার্পাস,

কর্পাসী, স্ত্রী. [কর্পাস+ঈ]কার্পাসী, কাপাসগাছ।

কর্পূর, পুং. ন. [কৃপ্+উর] স্বনামখ্যাত বৃক্ষনির্যাস শ্বেতবর্ণ সুগন্ধিদ্রব্য, তৎপর্য্যায়।—কারমিহিকা, কুমুদ, গৌর, ঘনসার, ঘনসারক, চন্দ্র, চন্দ্রভস্ম; চন্দ্রসংজ্ঞ, চন্দ্রার্দ্রক, (চন্দ্রের যত নাম তৎসমুদয়) তারাভ্র, বেধক, বেণুসারক, রোমসংজ্ঞ, লোক তুষার, শশাঙ্ক, শাম্ভব, শিলা, শীত, শীতপ্রভ, শীতাংশু, শুভ্রাংশু, সিতকর, সিতাভ, সিতাভ্র, সুধাংশু, সোম, স্ফটিকাভ্র, হমু, হিমকর, হিমবালুক, হিমাহ্বয়, হিমবালুকা; তদ্ভেদ যথা—পোতাস, ভীমসেন, সিতকর, শঙ্করাবাস সংজ্ঞ, পাংশু, পিঞ্জ, অব্দসার, হিমবালুক, জুতিকা, তুষার, হিম, শীতল, পত্রিকাখ্য। [কর্পূর।

কর্পূরক, পুং. [কর্পূর+ক] কর্ব্বুরক, কর্চ্চুরক;

কর্পূরকাতিপাণা, (প্রা) কর্পূরীপাণবিশেষ, কর্পূরকাতিপাণ।

কর্পূরতিলকা, স্ত্রী. [কর্পূর+তিলকা] উমাসখী ভেদ, জয়া।

কর্পূরতৈল, ন. [কর্পূর+তৈল] কর্পূরস্নেহ, হিমতৈল, সুধাংশুতৈল, শীতাংশুতৈল, তুহিনাংশুতৈল, সিতাংশুতৈল।

কর্পূরনালিকা, স্ত্রী. [কর্পূর+নালিকা] পক্কান্ন বিশেষ, কর্পূরনারি নেওয়ালা, কর্পূরবাসিত ঘৃতপক্ক লড্ডুকাবিশেষ।

কর্পূরমণি, পুং. [কর্পূর+মণি] পাষাণভেদ, প্রস্তরবিশেষ
কর্ফর, পুং. [কর্+ফর] দর্পণ।
কর্ব্ব, পুং. [কৃ+ব] কাম; উন্দুরু।
কর্ব্বট, পুং.ন. [কর্ব্ব+অট] দ্বিশতগ্রামমধ্যে মনোরম স্থান, চতুঃশতগ্রামসংগ্রহস্থান; পুর, নগর।
কর্ব্বর, পুং. [কৃ+বর] ব্যাঘ্র; রাক্ষস।
কর্ব্বরী, স্ত্রী. [কর্ব্বর+ঈ] শিবা; ব্যাঘ্রী; রাক্ষসী; হিঙ্গুপত্রী।
কর্ব্বুদার, পুং. [কর্ব্বু+দারু] কোবিদারবৃক্ষ; শ্বেতকাঞ্চন; নীলঝিণ্টী। [বৃক্ষ।
কর্ব্বুদারক, পুং. [কর্ব্বু+দারক] শ্লেষ্মান্তক-
কর্ব্বুর, পুং. [কর্ব্ব+উর] রাক্ষস; নানাবর্ণ, চিত্র, কির্ম্মীর, কল্মাষ, শবল, এত; শটী; পাপ; নদীনিষ্পাবধান্য; (ন.) স্বর্ণ; জল; ধুস্তূরবৃক্ষ।
কর্ব্বুরজাল, পুং. [কর্ব্বুর+জাল] অঙ্গেসু-লক্ষণবোধক চিহ্ন।
কর্ব্বুরফল, পুং.[কর্ব্বুর+ফল] সাকুরুণ্ডবৃক্ষ।
কর্ব্বুরা, স্ত্রী. [কর্ব্বুর+আ] কৃষ্ণবৃক্ষ, পারুল; বর্ব্বরা, বাবুইতুলসী
কর্ব্বুরী, [কর্ব্বুর+ঈ] শিবা; দুর্গা।
কর্ব্বূর, ন.[কর্ব্ব+উর]স্বর্ণ; হরিতাল; (পুং.) শটী; রাক্ষস; দ্রাবিড়ক, কাঁচহলদী।
কর্ব্বূরক, পুং. [কর্ব্বূর+ক] হরিদ্রাভবৃক্ষ, কাঁচহলদী; কালহরিদ্রা; কর্পূরহরিদ্রা; কাকবসন্ত; কাঙ্ক্ষিতাহরিদ্রা; দ্রাবিড়ক, কাল্লক, বেধমুখ্যক, কাল্যক।
কর্ব্বূরা, স্ত্রী. [কর্ব্বূর+আ] রক্তপা, রক্তপাতা, জলৌকা।
কর্ব্বুরিত, ত্রি. [কর্ব্বুর+ইত] শবলীকৃত, নানাবর্ণ
কর্ম্ম, ন. [কৃ+মন্] ক্রিয়া; ষট্‌কারতান্তর্গত কারকবিশেষ; ব্যাপার, কার্য্য, ব্যবসায়, চেষ্টিত, কৃত, কৃত্য, বিচেষ্টিত; লগ্নের দশম লগ্ন।
কর্ম্মক, ত্রি. [কর্ম্ম+ক] কার্য্যকরণ।
কর্ম্মকর, ত্রি. [কর্ম্ম+কর] যে মূল্য গ্রহণ পূর্ব্বক কর্ম্ম করে, মজুর, ঠিকাচাকর, তৎপর্য্যায়।—কর্ম্মকার, কর্ম্মার, কারু, ভৃতক; ভৃতিভুক্, বৈতনিক, বেতনোপ-জীবী, তৎপর্য্যায়।—ভরণ্যভুক্, কর্ম্মণ্য-ভুক্; কর্ম্মকারকমাত্র; (পুং.) যম।
কর্ম্মকরী, স্ত্রী.[কর্ম্মকর+ঈ] মূর্ব্বালতা; রিঙ্গি-কালতা; দাসী।
কর্ম্মকর্ত্তা, পুং. [কর্ম্ম+কর্ত্তৃ] কর্ম্মকর।
কর্ম্মকা, (প্রা) মৎস্যবিশেষ।
কর্ম্মকাণ্ড, পুং. [কর্ম্ম+কাণ্ড] ক্রিয়াসংস্কার বিশেষ
কর্ম্মকার, পুং. [কর্ম্ম+কার] বর্ণসঙ্করজাতি বিশেষ, শূদ্রাণী গর্ব্ভে বিশ্বকর্ম্মার ঔরস-জাত, লৌহকার, কামার; বৃষ; (ত্রি.) বেতনবিনা ভারবহনাদিকর্ম্মকারক, কর্ম্ম ক্রিয়, কর্ম্মচারী, বেগার।
কর্ম্মকারক-কর্ম্মকারী, ত্রি. [কর্ম্ম+কারক-কারিন্] উদ্যোগকরণ, উৎসাহকরণ, কর্ম্মকরণ, আয়াসকরণ, শ্রমকরণ।
কর্ম্মকার্ম্মুক, পুং. [কর্ম্ম+কার্ম্মুক] দৃঢ়ধনুক।
কর্ম্মকীলক, পুং.[কর্ম্ম+কীলক] রজক, ধোপা।
কর্ম্মকুশল, ত্রি. [কর্ম্ম+কুশল] কার্য্যদক্ষ, সকল কার্য্যেনিপুণ।
কর্ম্মকৃৎ, পুং. [কর্ম্ম+কৃৎ] কর্ম্মকর, কর্ম্মকার, কর্ম্মার, কারু, শিল্পকার।
কর্ম্মকৃতবান্, পুং. [কর্ম্ম+কৃতবৎ] ধর্ম্মকর্ম্ম সম্পাদক
কর্ম্মচারী, ত্রি.[কর্ম্ম+চারিন্] কর্ম্মকর্ত্তা, কর্ম্ম-কর, কর্ম্মাধিকারী; (পুং.) রাজকরসংগ্রহ কারক; নিয়োগী; কর্ম্মসম্পাদক।
কর্ম্মচেষ্টা, স্ত্রী. [কর্ম্ম+চেষ্টা] কার্য্যোৎসাহ, কর্ম্মেপ্রবৃত্তি।
কর্ম্মচোদনা, স্ত্রী. [কর্ম্ম+চোদনা] কার্য্যনিদান, কর্ম্মকরণেপ্রবৃত্তি; কার্য্যবিষয়।
কর্ম্মচ্যুত, ত্রি. [কর্ম্ম+চ্যুত] কার্য্যরহিত, ক্রিয়াত্যক্ত। [(ত্রি.) কর্ম্মজন্য।
কর্ম্মজ, পুং. [কর্ম্ম+জ] কলিযুগ; বটবৃক্ষ;
কর্ম্মজগুণ, পুং. [কর্ম্মজ+গুণ] ক্রিয়াজন্য গুণ, তাদযথা।—সংযোগ, বিভাগ, বেগ।
কর্ম্মজ্ঞ, ত্রি. [কর্ম্ম+জ্ঞ] কর্ম্মকুশল, কার্য্য-বিশারদ

কর্ম্মঠ, ত্রি. [কর্ম্ম+ঠ] কর্ম্মকুশল, কর্ম্মেনিপুণ, কর্ম্মশূর, কর্ম্মশীল, শ্রমী, অশ্রান্ত; প্রযত্নদ্বারা প্রারব্ধ কর্ম্ম সমাপক; (পুং.) যাগকর্ত্তা।

কর্ম্মণিকর্ত্তৃবাচ্য, ন. [কর্ম্মণি+কর্ত্তৃবাচ্য] কৃদন্ত বাচক। [কর্ম্মণি।

কর্ম্মণিবাচ্য, ন. [কর্ম্মণি+বাচ্য] আত্মনেপদ,

কর্ম্মণ্য, ত্রি. [কর্ম্মন্+য] কর্ম্মযোগ্য, ক্রিয়ার্হ, প্রয়োজনার্হ, কেজুয়া; (পুং.) সযত্নতা।

কর্ম্মণ্যভুক্, ত্রি' [কর্ম্মণ্য+ভুজ্] ভরণ্যভুক্, ভৃতিভুক্, বেতনোপজীবী।

কর্ম্মণ্যা, স্ত্রী. [কর্ম্মণ্য+আ] বেতন, মূল্য, ভৃতি, বর্ত্তন; ক্রিয়ার্হ।

কর্ম্মত্যাগ, পুং. [কর্ম্ম+ত্যাগ] কর্ম্মচ্যুত, ক্রিয়াত্যক্ত।

কর্ম্মত্যাগী, ত্রি. [কর্ম্মত্যাগ+ইন্] কর্ম্মফলানমুসন্ধানী; (পুং.) নাস্তিক।

কর্ম্মত্ব, ন. [কর্ম্ম+ত্ব] কৃত্য, কর্ত্তব্যতা, স্বকর্ম্ম; ক্রিয়া।

কর্ম্মদুষ্ট, ত্রি. [কর্ম্ম+দুষ্ট] অসৎকর্ম্মা, ব্যভিচারী, দুর্বৃত্ত

কর্ম্মদোষ, পুং. [কর্ম্ম+দোষ] প্রমাদ, ভ্রম, স্খলিত, অনবধান; পাপ

কর্ম্মধ্বংস, পুং. [কর্ম্ম+ধ্বংস] অস্বার্থক শ্রম, কার্য্যধ্বংস। [কর্ম্মপদবিষয়।

কর্ম্মন্, ন. [কৃ+মন্] কর্ম্ম, ক্রিয়া, কার্য্য;

কর্ম্মনিষ্ঠ, ত্রি. [কর্ম্ম+নিষ্ঠ] আসক্তচিত্ত,ক্রিয়াপার; সোদ্যোগ।

কর্ম্মন্দী, পুং. [কর্ম্মন্দ+ইন্] ভিক্ষু, সন্ন্যাসী।

কর্ম্মপাত্র, ন. [কর্ম্ম+পাত্র] কর্ম্মাশ্রয়, কর্ম্মাধার।

কর্ম্মপারক, ত্রি. [কর্ম্ম+পারক] তীক্ষ্ণকর্ম্মা, আশুকারী, কর্ম্মক্ষম।

কর্ম্মফল, ন. [কর্ম্ম+ফল] কর্ম্মবিপাক; কর্ম্মরঙ্গফল; দণ্ড।

কর্ম্মফলোদয়, পুং. [কর্ম্ম+ফলোদয়] কর্ম্মজন্য ফলপ্রাপ্ত।

কর্ম্মবজ্র, পুং. [কর্ম্ম+বজ্র] শূদ্র

কর্ম্মবন্ধন, ত্রি. [কর্ম্ম+বন্ধন] কর্ম্মেনিবদ্ধ, কর্ম্মাধীন।

কর্ম্মবশ, পুং. [কর্ম্ম+বশ] প্রাক্তন, কার্য্যবশ, ভবিতব্যতা। [পদ।

কর্ম্মবাচ্য, ন. [কর্ম্ম+বাচ্য] কর্ম্মণি, আত্মনে-

কর্ম্মবাটী, স্ত্রী. [কর্ম্ম+বাটী] তিথি।

কর্ম্মবিঘ্ন, পুং. [কর্ম্ম+বিঘ্ন] বিষ্টম্ভ, প্রতিবন্ধ, ব্যাঘাত।

কর্ম্মবিধি, পুং. [কর্ম্ম+বিধি] ক্রিয়াবিধি, কার্য্যাকার্য্যনিয়ম।

কর্ম্মবিপর্য্যয়, পুং. [কর্ম্ম+বিপর্য্যয়] কর্ম্মবৈপরীত্য

কর্ম্মবিপাক, পুং. [কর্ম্ম+বিপাক] কর্ম্মজন্যফল, কর্ম্মজন্য ফলের পরিপাক; শাতাতপভৃগু এবং ভরতোক্ত পাপরোগ প্রায়শ্চিত্তাদির বিবরণ গ্রন্থ; রোগাদিরূপ পরজন্মের শুভাশুভ কর্ম্মের ফলভোগ।

কর্ম্মবিশেষ, পুং. [কর্ম্ম+বিশেষ] নিরূপিত কার্য্য, নির্দ্দিষ্টক্রিয়া, স্বতন্ত্র কর্ম্ম।

কর্ম্মভূ, স্ত্রী. [কর্ম্ম+ভূ] কৃষ্টাভূমি; কর্ম্মান্ত।

কর্ম্মভূমি, স্ত্রী. [কর্ম্ম+ভূমি] ভারতবর্ষ; আর্য্যাবর্ত্ত দেশ।

কর্ম্মভোগ, পুং. [কর্ম্ম+ভোগ] কর্ম্মজন্য ফল ভোগ। [সচিব

কর্ম্মমন্ত্রী, পুং. [কর্ম্ম+মন্ত্রী] ধীমন্ত্রী, কর্ম্ম-

কর্ম্মমূল, ন. [কর্ম্ম+মূল] কুশতৃণ, দর্ভ।

কর্ম্মযুগ, ন. [কর্ম্ম+যুগ] কলিযুগ।

কর্ম্মযোগ, পুং. [কর্ম্ম+যোগ] চিত্তশুদ্ধিজনক বৈদিক কর্ম্ম।

কর্ম্মরঙ্গ, পুং. ন. [কর্ম্ম+রঙ্গ] ফলবৃক্ষবিশেষ, কামরাঙ্গা, তৎপর্য্যায়।—শিরাল, বৃহদম্ল, রুজাকর, কর্ম্মার, কর্ম্মরক, পীতফল, কর্ম্মর, মুদ্গর, মুদ্গরক, ধরাফল, কর্ম্মারক। [লোচনা।

কর্ম্মরী, স্ত্রী. [কর্ম্মর+ঈ] বংশরোচনা, বংশ-

কর্ম্মশালা, স্ত্রী. [কর্ম্ম+শালা] কর্ম্মগৃহ, কারখানা।

কর্ম্মশীল, ত্রি. [কর্ম্ম+শীল] স্বভাবতঃ কর্ম্মকর্ত্তা, কার্ম্ম, কর্ম্মী, অনলস।

কর্ম্মশুদ্ধ, ন. [কর্ম্ম+শুদ্ধ] অবদান, অপদান; (ত্রি.) ক্রিয়াকারক পবিত্র।

কর্ম্মশূর, ত্রি. [কর্ম্ম+শূর] কর্ম্মঠ, ফলপর্য্যন্ত কর্ম্মসমাপক, কার্য্যদক্ষ, কর্ম্মনিপুণ।

কর্ম্মশৌচ, ন. [কর্ম্ম+শৌচ] নির্বেদ, নির্বি-ণ্নতা। [ক্রিয়া, গণীভূতকার্য্য।

কর্ম্মসংগ্রহ, পুং. [কর্ম্ম+সংগ্রহ] সমবায়ী-

কর্ম্মসচিব, পুং. [কর্ম্ম+সচিব] কর্ম্মোপযুক্ত সচিব, অক্ষপটলাধ্যক্ষাদি; অমাত্য, রাজমন্ত্রী। [ত্যাগ।

কর্ম্মসন্ন্যাস, পুং. [কর্ম্ম+সন্ন্যাস] কর্ম্মফল

কর্ম্মসন্ন্যাসিক, পুং. [কর্ম্ম+সন্ন্যাসিক] যতি, সন্ন্যাসী, বৈরাগী। [ত্ত্ব।

কর্ম্মসমাধি, পুং. [কর্ম্ম+সমাধি] বিষয়বিবি-

কর্ম্মসম্ভব, ত্রি. [কর্ম্ম+সম্ভব] কর্ম্মজন্য, ক্রিয়া-জনিত। [কারী।

কর্ম্মসাধক, ত্রি. [কর্ম্ম+সাধক] কর্ম্মনিষ্পন্ন-

কর্ম্মসাধন, ন. [কর্ম্ম+সাধন] কার্য্যসম্পাদন, নির্ব্বাহ, কাযসারা।

কর্ম্মসাক্ষী, পুং. [কর্ম্ম+সাক্ষিন্] সূর্য্য; শুভা-শুভ কার্য্যদর্শক।

কর্ম্মসিদ্ধি, স্ত্রী. [কর্ম্ম+সিদ্ধি] স্বার্থসিদ্ধি, কৃতকৃত্যতা, কৃতার্থতা, সফলতা, সাধ্য-সিদ্ধি।

কর্ম্মস্থান, ন. [কর্ম্ম+স্থান] কার্য্যকরণ স্থান।

কর্ম্মহেতু, ত্রি. [কর্ম্ম+হেতু] কর্ম্মসম্ভব।

কর্ম্মক্ষম, ত্রি. [কর্ম্ম+ক্ষম] কর্ম্মকরণ সমর্থ, অলংকর্ম্মীণ, কৃতী, কার্য্যক্ষম।

কর্ম্মাঙ্গ, ন. [কর্ম্ম+অঙ্গ] বৈদিকক্রিয়ার অঙ্গ-বিশেষ। [দেহ।

কর্ম্মাত্মা, ত্রি. [কর্ম্ম+আত্মন্] কর্ম্মিষ্ঠ, কর্ম্মলব্ধ

কর্ম্মাদি, পুং. [কর্ম্ম+আদি] কার্য্যের প্রথম।

কর্ম্মানুবন্ধ, পুং. [কর্ম্ম+অনুবন্ধ] কার্য্যযোগ।

কর্ম্মানুবন্ধী, ত্রি. [কর্ম্ম+অনুবন্ধিন্] কৃতসম্বন্ধ।

কর্ম্মানুযায়ী, ব্য. [কর্ম্ম+অনুযায়িন্] কার্য্যা-নুসারে।

কর্ম্মানুরূপ, ত্রি. [কর্ম্ম+অনুরূপ] যথাকার্য্য।

কর্ম্মানুরূপতস্, ব্য. [কর্ম্মানুরূপ+তস্] কর্ত্তব্য ক্রিয়ানুরূপত।

কর্ম্মানুষ্ঠান, ন. [কর্ম্ম+অনুষ্ঠান] কার্য্য-সম্পাদন, কার্য্যসূচনা। [যায়ী।

কর্ম্মানুসার, পুং. [কর্ম্ম+অনুসার] ক্রিয়ানু-

কর্ম্মানুসারতস্, ব্য. [কর্ম্মানুসার+তস্] কার্য্যানুরূপতঃ।

কর্ম্মানুস্থায়ী, ত্রি. [কর্ম্ম+অনুস্থায়িন্] কর্ত্তব্য-ক্রিয়াসম্পন্ন।

কর্ম্মান্ত, পুং. [কর্ম্ম+অন্ত] কর্ম্মভূ, কৃষ্টভূমি; কর্ম্মভোগ; কর্ম্মশেষ।

কর্ম্মান্তর, ন. [কর্ম্ম+অন্তর] কার্য্যান্তর; স-ন্দিগ্ধ; তপস্যা, কষ্টাচার, দণ্ডগ্রহণ।

কর্ম্মান্তিক, ত্রি. [কর্ম্ম+অন্তিক] সমাপন, সিদ্ধ, সাধিত; (পুং.) ভৃত্য, দাস।

কর্ম্মান্বিত, ত্রি. [কর্ম্ম+অন্বিত] কর্ম্মশীল, কর্ম্মঠ, কর্ম্মনিষ্ঠ, শ্রমী।

কর্ম্মাবসর, পুং. [কর্ম্ম+অবসর] কার্য্যনিবৃত্তি, স্বাধীনকাল, বিশ্রান্তি।

কর্ম্মাবৃত, ত্রি. [কর্ম্ম+আবৃত] পদাশ্রিত, কর্ম্মাবিষ্ট।

কর্ম্মাভিধায়ক, ত্রি. [কর্ম্ম+অভিধায়ক] আ-দিষ্ট, প্রচোদিত, নির্দ্দিষ্ট।

কর্ম্মার, পুং. [কর্ম্ম+অর] কর্ম্মকার, কামার; বংশ, বাঁশ; কর্ম্মরঙ্গ, কামরাঙ্গা।

কর্ম্মারম্ভ, পুং. [কর্ম্ম+আরম্ভ] সমারম্ভ, উপ-ক্রম, প্রক্রম; কার্য্যপ্রারম্ভ।

কর্ম্মার্হ, ত্রি. [কর্ম্ম+অর্হ] ক্রিয়াযোগ্য, কর্ম্মের উপযুক্ত, কর্ম্মণ্য, কর্ম্মপটু; (পুং.) পুরুষ। [কার্য্যালয়।

কর্ম্মালয়, পুং. [কর্ম্ম+আলয়] কর্ম্মস্থান,

কর্ম্মাসক্ত, ত্রি. [কর্ম্ম+আসক্ত] কর্ম্মপরায়ণ, কর্ম্মপ্রসক্ত। [কর্ম্মানর্হ।

কর্ম্মাক্ষম, ত্রি. [কর্ম্ম+অক্ষম] কার্য্যাশক্ত,

কর্ম্মিষ্ঠ, ত্রি. [কর্ম্ম+ইষ্ঠ] ক্রিয়াবান্, কর্ম্ম-পটু, কার্য্যদক্ষ, অতিশয় কর্ম্মবিশিষ্ট।

কর্ম্মী, ত্রি. [কর্ম্ম+ঈন্] কর্ম্মবিশিষ্ট, ক্রিয়া-বান্, কর্ম্মরত, কর্ম্মকুশল।

কর্ম্মীর, পুং. [কর্ম্ম+ঈর] কির্ম্মীর বর্ণ, নানা-বর্ণ, চিত্রবিচিত্র।

কর্ম্মেন্দ্রিয়, ন. [কর্ম্ম+ইন্দ্রিয়] কর্ম্মনিষ্পাদক বিষয়ীপঞ্চক, যথা।—বাক্, পাণি, পাদ, পায়ু, উপস্থ।

কর্ম্মোদার, ন. [কর্ম্ম+উদার] শ্লাঘ্যকর্ম্ম, মান্যকার্য্য।

কর্ম্মোদ্যুক্ত, ত্রি. [কর্ম্ম+উদ্যুক্ত] ক্রিয়াবান্, কর্ম্মশীল, অনলস।

কর্ম্মোদ্যোগ, পুং. [কর্ম্ম+উদ্যোগ] সযত্নতা, প্রবৃত্তি, ব্যবসায়। [র্ম্মার্হ।

কর্ম্মোপযুক্ত, [কর্ম্ম+উপযুক্ত] ক্রিয়ার্হ, ক-

কর্শ্য, পুং. [কর্শ+য] কর্চ্চুর, কচূর।

কর্ষ, পুং. ন. [কৃষ্+অ] ষোড়শমাষক পরিমাণ, অশীতিরক্তিকা, তৎপর্য্যায়।—এক্ষ; বৈদ্যকমতে তোলকদ্বয়, তৎপর্য্যায়।—সুবর্ণ, অক্ষ, বিড়ালপদক, পিচু, পাণিতল, উডুম্বর, তিন্দুক, কবড়গ্রহ; দশমাষক; ইংরাজীমতে ২৮০ গ্রেণ; (পুং.) কর্ষণ; বিভীতকবৃক্ষ।

কর্ষক, পুং. [কৃষ্+অক] কৃষিজীবী, কৃষাণ, তৎপর্য্যায়।—ক্ষেত্রাজীব, কৃষিক, কৃষীবল, কৃষীবৎ,কার্ষক, (ত্রি.) আকর্ষণকর্ত্তা।

কর্ষণ, ন. [কৃষ্+অন] কৃষিকর্ম্ম, লাঙ্গলাদির দ্বারা ভূম্যাদিখনন, চাস; আকর্ষণ, টানন।

কর্ষণি, স্ত্রী. [কৃষ্+অনি] অসতী, ভ্রষ্টা স্ত্রী।

কর্ষণী, স্ত্রী. [কৃষ্+অনী] ক্ষীরিণীবৃক্ষ; কর্ষিণী।

কর্ষণীয়, ত্রি. [কৃষ্+অনীয়] আকর্ষণীয়, টাননেরযোগ্য।

কর্ষফল, পুং. [কর্ষ+ফল] বিভীতকবৃক্ষ।

কর্ষফলা, স্ত্রী. [কর্ষ+ফলা] আমলকীবৃক্ষ।

কর্ষার্দ্ধ, ন. [কর্ষ+অর্দ্ধ] তোলক পরিমাণ।

কর্ষিণী, স্ত্রী. [কর্ষিন্+ঈ] ক্ষীরিণীবৃক্ষ; অশ্বমুখবন্ধন রজ্জুস্থিত লৌহ, তৎপর্য্যায়।—খলীন,কবীয়, কবিকা, মুখযন্ত্রণ, বল্গা, লগ্নণী; চাষিণী। [ক্রান্ত।

কর্ষিত, ত্রি. [কৃষ্+ইত] আকৃষ্ট, কৃষ্ট; আ-

কর্ষী, ত্রি. [কৃষ+ইন্] কর্ষিত।

কর্ষূ, পুং. [কৃষ্+উ] করীষাগ্নি; বার্ত্তা অর্থাৎ কৃষি; জীবিকা; (স্ত্রী.) কুল্যা, অল্পাকৃত্রিমসরিৎ; নদীমাত্র; ইষ্টখাত।

কর্হি, ব্য. [ক+র্হি] কদা, কস্মিন্‌কালে, কোন্ কালে, কখন্।

কর্হিচিৎ, ব্য. [কর্হি+চিৎ] কস্মিংশ্চিৎকালে কোন্‌কালে, তৎপর্য্যায়।—জাতু, কদাচিৎ, কদাপি, কদাচন, কালেকালে, অমুকাল, অমুবেল, কোনসময়ে।

কল, ন. [কল্+অ] রেতঃ, শুক্র; কোলিবৃক্ষ; (পুং.) মধুরাস্ফুটধ্বনি; সালবৃক্ষ; চারিমাত্রা; (ত্রি.) অজীর্ণ।

কল, (প্রা) অঙ্কুর; যন্ত্র।

কলই, (যাং) পাত্রাভ্যন্তরে ত্রপুলীকৃত।

কলইকর-গর, (যাং) ত্রপুময় ভাণ্ডকারক।

কলক, পুং. [কল+ক] শকুলমৎস্য; ছন্দরহিতকাব্য।

কলকণ্ঠ, পুং. [কল+কণ্ঠ] কলধ্বনি; হংস; পারাবত; পিক, কোকিল।

কলকল, পুং. [কল+কল] কোলাহল, কলরব; সালনির্য্যাস। [বতী।

কলকুঞ্জিকা, স্ত্রী. [কল+কুঞ্জিকা] বিলাস-

কলঘোষ, পুং. [কল+ঘোষ] কোকিল, পিক।

কলঙ্ক, পুং. [কলং+ক] চিহ্ন; অপবাদ, পরিবাদ, অপযশঃ; লৌহমল।

কলঙ্ককর, ত্রি. [কলঙ্ক+কর] কলঙ্কিত,কলঙ্কজনক; অপবাদকর।

কলঙ্ককলা, স্ত্রী. [কলঙ্ক+কলা] চন্দ্রমণ্ডল।

কলঙ্কজনক, ত্রি; [কলঙ্ক+জনক] অপকীর্ত্তিকর, অযশস্কর, কলঙ্কী।

কলঙ্কময়, ত্রি. [কলঙ্ক+ময়] লাঞ্ছিত, মলিনীত, বিকৃতবর্ণ।

কলঙ্কষ, পুং. [কলং+কষ্+অ] সিংহ।

কলঙ্কষা, স্ত্রী. [কলঙ্কষ+আ] করতালী, হাততালী।

কলঙ্কিত, ত্রি. [কলঙ্ক+ইত] কলঙ্কময়।

কলঙ্কী, ত্রি. [কলঙ্ক+ইন্] অপবাদগ্রস্ত, দূষিত, অপযশান্বিত, কলঙ্কযুক্ত; চিহ্নযুক্ত; লৌহমলবিশিষ্ট।

কলঙ্কুর, পুং. [কলং+কুর] আবর্ত্ত,জলভ্রম।

কলঞ্জ, পুং. [কলং+জ] তাম্রকূট, দোক্তাতামাক; বিষাস্ত্রহত মৃগপক্ষ্যাদি।

কলট, ন. [কল+ট] কুটল, গৃহাচ্ছাদন, ঘরের চাল। [স্বরমাধুর্য্য।

কলতা, স্ত্রী. [কল+তা] সুস্বর, মধুরতা,

কলতুলিকা, স্ত্রী. [কল+তুলিকা] ইচ্ছাবতীকামুকা, বাঞ্ছিনী, লঞ্জিকা।

কলত্র, ন. [কল+ত্র] শ্রোণী, নিতম্ব; ভার্য্যা; রাজাদিগের দুর্গস্থান।

কলধুত, ন. [কল+ধুত] রূপ্য।

কলধৌত, ন. [কল+ধৌত] স্বর্ণ; রজত; কলধ্বনি। [পত্রিকা।

কলধৌতলিপি, স্ত্রী. [কলধৌত+লিপি]স্বর্ণ-

কলধ্বনি, পুং. [কল+ধ্বনি] পারাবত; কোকিল; ময়ূর; মধুর অব্যক্তশব্দ।

কলন, ন. [কল্+অন] চিহ্ন; দোষ; গর্ভে-মিশ্রিত শুক্র শোণিত; (পুং.) বেতস-বৃক্ষ।

কলনা, স্ত্রী. [কলন+আ] বশীভূতত্ব, বশতা, অধীনতা; জল্পনা; উৎসর্গ, বিসর্গ।

কলনাদ,পুং.[কল+নাদ]কলহংস,মধুরধ্বনি।

কলন্দর, পুং. [কলং+দর] বর্ণসঙ্কর জাতি-বিশেষ, লেটজাতীয় ঔরসে তীবরকন্যা গর্ব্ভ জাত।

কলন্দিকা, স্ত্রী. [কলন্দিক+আ] সর্ব্ববিদ্যা।

কলন্ধু, স্ত্রী. [কলং+ধু] ঘোলীশাক।

কলপ, (প্রা) কৃষ্ণবর্ণকাই; মণ্ড, লেই।

কলবিঙ্ক, পুং. [কল+বিঙ্ক] চটক, চড়াই-পাখী; কলিঙ্গকবৃক্ষ; কলঙ্ক; শ্বেতচামর।

কলভ, পুং. [কল+ভ] করভ, হাতিরছা, করিশাবক, দুর্দ্দান্ত, ব্যাল; ধুস্তুরবৃক্ষ।

কলভবল্লভ, পুং. [কলভ+বল্লভ] পীলুবৃক্ষ।

কলভী, স্ত্রী. [কলভ+ঈ] চঞ্চুবৃক্ষ।

কলম, পুং. [কল+অম] স্বনামখ্যাত লিপি-সাধনবস্তু, তৎপর্য্যায়।—লেখনী, বর্ণতুলী, অক্ষরতুলিকা, আলেখনী, তুলি, তুলিকা, বর্ণিকা, বর্ণাঙ্কা, শ্রীকরণ, বর্ণমাতা, মসিপথ; স্বনামখ্যাত শালিধান্য বিশেষ; কনকচুর; চৌর।

কলম, (প্রা) বৃক্ষাদিরশাখা পরিচ্ছেদ।

কলমকর্ত্তনী. স্ত্রী. [কলম+কর্ত্তনী] কলম-কাটা ছুরী।

কলম্, (যাং) লেখনী, অক্ষরতুলিকা।

কলম্তরাশ্, (যাং) কলমকর্ত্তনী, পেন্‌নাইফ ইতি ইংরাজী। [বিশেষ।

কলম্দান, (যাং) কলমরাখিবার আধার-

কলমা, (যাং) মন্ত্র; বাক্য, কথা।

কলমী, (যাং) পরিষ্কৃত সোরা।

কলমীশাক, (প্রা) কলম্বীশাক।

কলমেরচেরা, (প্রা) লেখনীরছিদ্র।

কলমেরমোচ, (প্রা) কলমাগ্র।

কলমোত্তম, পুং. [কলম+উত্তম] গন্ধশালী।

কলম্ব, পুং. [কলং+ব] বাণ, শর; শাকনা-ড়িকা; কদম্ব।

কলম্বক, পুং. [কলম্ব+ক] ধারাকদম্ব।

কলম্বিকা, স্ত্রী. [কলম্ব+ইকা] কলম্বীশাক; গ্রীবাপশ্চান্নাড়ী, পশ্চাদ্‌গ্রীবাশিরা, মন্যা।

কলম্বী, স্ত্রী. [কলম্ব+ঈ] জলজ লতাশাক বিশেষ,কলমীশাক, তৎপর্য্যায়।—কলম্বু, কড়ম্বী, কলম্বিকা। [নীত।

কলম্বুট, ন. [কলম্ব+উট] হৈয়ঙ্গবীন, নব-

কলম্বূ, স্ত্রী. [কলম্ব+ঊ] কলম্বীশাক।

কলয়, (প্রা) কলাই, মাষাদি।

কলরব, পুং. [কল+রব] কপোত, পায়রা; কোকিল; মধুরাব্যক্তধ্বনি।

কলরব, (প্রা) জনরব, উচ্চৈঃস্বর, ঘোষণ, উৎক্রোশ।

কলল, পুং.ন. [কল্+অল] জরায়ু, গর্ভবে-ষ্টন চর্ম্ম, গর্ভকোষ। [ধুনা।

কললজ, পুং. [কলল+জ] রাল,সালনির্য্যাস,

কললজোদ্ভব, পুং. [কললজ+উদ্ভব] সাল-বৃক্ষ।

কলশ, পুং. [ক+লশ] জলাধারবিশেষ, কলশী, তৎপর্য্যায়।—ঘট, কুট, নিপ, কলস, কলসি, কলসী, কুম্ভ, করীর, উদপাত্র, উদকুম্ভ, অলু, আলু, গর্গরী।

কলশি-কলশী, স্ত্রী. [কলশ+ই-ঈ] পৃশ্নিপর্ণী, চাকুলিয়া; স্বনামখ্যাত জলপাত্র, ঘট।

কলস, ত্রি. [ক+লস] কলশ, ঘট; (পুং.) দ্রোণপরিমাণ; প্রসাদ শৃঙ্গ।

কলসনাড়, ন. (প্রা) তৃণবিশেষ। [ঘট।

কলসি, পুং. [কলস+ই] পৃশ্নিপর্ণী; গর্গরী,

কলসী, স্ত্রী.[কলস+ঈ]পৃশ্নিপর্ণী; কলস,ঘট।

কলসীসুত, পুং. [কলসী+সুত] অগস্ত্যমুনি।

কলসোদধি, পুং. [কলস+উদধি] সমুদ্র।

কলস্বর, ন. [কল+স্বর] মৃদুস্বর।

কলহ, পুং. ন. [কল+হ] বিবাদ,লড়াই,তৎপর্য্যায়।—যুদ্ধ, আয়োধন, জন্য, প্রধন, প্রবিদারণ, মৃধ, আস্কন্দন, সংখ্য, সমীক, সাম্পরায়িক, সমর, অনীক, রণ, বিগ্রহ, সম্প্রহার, অভিসম্পাত, কলি, সংস্ফোট, সংযুগ, অভ্যামর্দ্দ, সমাঘাত, সংগ্রাম, অভ্যাগম, আহব, সমুদায়, সংযৎ, সমিতি, আজি, সমিৎ, যুধ্, শমীক, সংস্ফেট, যুৎ, সাম্পরায়, প্রযুদ্ধ, রাটিপ্রঘাত, প্রাঘাত, ঝগড়া; (পুং.) বাট; খড়্গকোষ; ভগুন।

কলহংস, পুং. [কল+হংস] হংসবিশেষ, বালিহাঁস; কাদম্ব, কলনাদ, মরালক, বরাট, কাদিক, রাজহংস, নৃপোত্তম; পরাত্মা; ব্রহ্ম।

কলহকার-কলহকারী, ত্রি. [কলহ+কার-কারিন্] বিবাদী, যুযুৎসু, কলিপ্রিয়।

কলহনাশন,পুং.[কলহ+নাশন] পুতিকরঞ্জ।

কলহপ্রিয়, ত্রি. [কলহ+প্রিয়] কলহকারী, বিবাদশীল, বিবাদপ্রিয়।

কলহপ্রিয়া, স্ত্রী. [কলহ+প্রিয়া] সারিকাপক্ষী; (পুং.) নারদ।

কলহান্তরিতা, স্ত্রী. [কলহ+অন্তরিতা] নায়িকাভেদ; কর্কশা, চণ্ডী, বামশীলা।

কলহাপহৃত, ত্রি. [কলহ+অপহৃত] বলাদ্গৃহীত, অপহৃত।

কলহী, ত্রি. [কলহ+ইন্] কলহপ্রিয়, বিবাদশীল, কলহকারী, বিবাদী, কলিপ্রিয়া, দ্বন্দ্বী, বিরোধী, যুযুৎসু, ঝগড়াটা।

কলা, স্ত্রী. [কল্+আ] মূলধনবৃদ্ধি, সুদ; শিল্পাদি; অংশমাত্র; চন্দ্রের ষোড়শভাগেরএকভাগ; কালমান, ত্রিংশৎকাষ্ঠাত্মক; স্ত্রীরজ; নৌকা; কপট; রাশিচক্রের অতি সূক্ষ্মভাগ অর্থাৎ ত্রিংশদ্ভাগোহংশস্তস্য ষষ্টিভাগঃ; শৈব তন্ত্রোক্ত চতুঃষষ্টিকলা, যথা।—গীত ১। বাদ্য ২। নৃত্য ৩। নাট্য ৪। আলেখ্য ৫। বিশেষকচ্ছেদ্য ৬। তণ্ডুল কুসুমবলিবিকার ৭। পুষ্পাস্তরণ ৮। দশন বসনাঙ্গরাগ ৯। মণিভূমিকা কর্ম্ম ১০। শয়নরচন ১১। উদকবাদ্য ১২। উদকঘাত ১৩। চিত্রাযোগ ১৪। মাল্যগ্রথনবিকল্প ১৫। শেখরাপীড় যোজন ১৬। নেপথ্য যোগ ১৭। কর্ণপত্রভঙ্গ ১৮। গন্ধযুক্তি ১৯। ভূষণ যোজন ২০। ঐন্দ্রজাল ২১। কৌচমার যোগ ২২। হস্তলাঘব ২৩। চিত্রশাক পুপভক্ষ্যবিকারক্রিয়া ২৪। পানক রসরাগাসব যোজন ২৫। সূচীবাপকর্ম্মাণি ২৬। সূত্রক্রীড়া ২৭। প্রহেলিকা ২৮। প্রতিমালা ২৯। দুর্ব্বচক যোগ ৩০। পুস্তকবাচন ৩১। নাটিকাখ্যায়িকা দর্শন ৩২। কাব্যসমস্যাপূরণ ৩৩। পট্টিকা বেত্রবাণবিকল্প ৩৪। তর্কুকর্ম্মাণি ৩৫। তক্ষণ ৩৬। বাস্তুবিদ্যা ৩৭। রূপ্যরত্নপরীক্ষা ৩৮। ধাতুবাদ ৩৯। মণিরাগ জ্ঞান ৪০। আকর জ্ঞান ৪১। বৃক্ষায়ুর্ব্বেদ যোগ ৪২। মেষ কুক্কুটলাবক যুদ্ধ বিধি ৪৩। শুক সারিকা প্রলাপন ৪৪ উৎসাদন ৪৫। কেশমার্জ্জন কৌশল ৪৬। অক্ষরমুষ্টিকা কথন ৪৭। ম্লেচ্ছিতকবিকল্প ৪৮। দেশভাষাজ্ঞান ৪৯। পুষ্পশকটিকা নিমিত্ত জ্ঞান ৫০। যন্ত্রমাতৃকা ৫১। ধারণমাতৃকা ৫২। সংপাট্য ৫৩। মানসীকাব্য ক্রিয়া ৫৪। ক্রিয়াবিকল্প ৫৫। ছলিতক যোগ ৫৬। অভিধান কোষ ছন্দোজ্ঞান ৫৭। বস্ত্র গোপনানি ৫৮। দ্যূতবিশেষ ৫৯। আকর্ষক্রীড়া ৬০। বালক ক্রীড়নক ৬১। বৈনায়িকী বিদ্যাজ্ঞান ৬২। বৈজয়িকী বিদ্যাজ্ঞান ৬৩ বৈতালিকী বিদ্যাজ্ঞান ৬৪

কলা, (প্রা) রম্ভা, অংশুমৎফলা, কদলী।

কলাই, (প্রা) কলায়, শস্যবিশেষ।

কলাকন্দ, (প্রা) মিষ্টান্নবিশেষ, কলারবড়া

কলাকর, ন. [কল+আকর] বৃক্ষবিশেষ।

কলাকুল, ন. [কল+আকুল] বিষ।

কলাকুশল, ত্রি. [কলা+কুশল] সংগীত নৃত্যাদি বিদ্যায়নিপুণ।

কলাকেলি, পুং. [কলা+কেলি] কন্দর্প, মদন।

কলাঙ্কুর, পুং. [কল+অঙ্কুর] সারসপক্ষী; কংসাসুর।

কলাচিকা-কলাচী, স্ত্রী. [কলা+আচিকা+অচী] প্রকোষ্ঠ, কফোণির অধোভাগ অবধি মণিবন্ধপর্য্যন্ত।

কলাদ, পুং, [কলা+দ] স্বর্ণকার।

কলান, (প্রা) উদ্ভেদ, প্ররোহ, অঙ্কুরিত, মুঞ্জরণ, কচ্যান, গজান।

কলানিধি, পুং. [কলা+নিধি] চন্দ্র।

কলানুনাদী, পুং. [কলা+অনুনাদ+ইন্] রোলম্ব,ভ্রমর; কলবিঙ্ক, চটক; কপিঞ্জল; চাতক। [সুদ।

কলান্তর, ন. [কলা+অন্তর] বৃদ্ধি, লাভ,

কলাপ, পুং.[কলা+আপ] সমূহ; ময়ূরপিচ্ছ; কাঞ্চী; ভূষণ; তূণ; বিদগ্ধ; ব্যাকরণবিশেষ; চন্দ্র; গ্রামবিশেষ; কবিতাবিশেষ।

কুরুম্বা-কুরুম্বিকা, স্ত্রী. [কুরুম্+বা-ইকা] দ্রোণপুষ্পী।

কুরুম্বী, স্ত্রী, [কুরুম্ব+ঈ] সৈংহলীবৃক্ষ।

কুরুরাজ, পুং. [কুরু+রাজ] দুর্য্যোধন।

কুরুল, পুং. [কুরু+ল] ভালস্থিত চূর্ণকুন্তল, ভ্রমরক, ভ্রমরালক, কুরল, চাঁচরকেশ।

কুরুক্ষেত্র, ন. [কুরু+ক্ষেত্র] দেশবিশেষ, কুরুপাণ্ডবদিগের রণভূমি; পুণ্যস্থান।

কুরুক্ষেত্র, (প্রা) মহাগোলযোগ।

কুরুক্ষেত্রীযোগ, পুং. [কুরুক্ষেত্রী+যোগ] এক দিবসে তিথিত্রয় নক্ষত্রত্রয়, ও যোগত্রয়স্পর্শ; এক দিনে তিন গ্রহস্পর্শ; কুরুক্ষেত্রে মৃত্যুযোগ।

কুরূপ, ত্রি. [কু+রূপ] কুৎসিত আকৃতি, তৎপর্য্যায়।—কদাকার, অসুন্দর, দুর্দর্শন, বিকৃতাকার, রূপহীন, কুৎসিতাকার, অসৌম্য, অপরূপ, বিরূপ, ব্যাকার, কুবের, কুতনু, বিকলাঙ্গ, অবলক্ষণী, বিশ্রী, কুশ্রী।   [অশোভন্য।

কুরূপতা, স্ত্রী. [কুরূপ+তা] কুৎসিততা,

কুরূপী, ত্রি. [কুরূপ+ইন্] কদাকার, কুশ্রী, কুৎসিত।   [রাং।

কুরূপ্য, ন. [কু+রূপ্য] ধাতুবিশেষ, রঙ্গ,

কুর্কুট, (প্রা.) অবকর, আবর্জ্জনা, ওঁচলা; ঘরঝাঁটানি, ময়লা, জঞ্জাল।

কুর্কুর, পুং. [কুর্+কুর] কুক্কুর।

কুর্কুরী, স্ত্রী. [কুর্কুর+ঈ] কুক্কুরী। [ধ্বনি।

কুর্ কুর্, (প্রা.) কুক্কুণ, ভিষণ, ক্ষুদ্রকুক্কুরবৎ

কুর্ কুরণি, (প্রা.) গাত্রকণ্ডুয়ন।

কুর্চিকা, স্ত্রী. [কুর্চ+ইকা] গাঢ়দুগ্ধ, ঘনীভূতদুগ্ধ, আওটানদুগ্ধ।

কুর্ণজ, পুং. [কুর্+নজ] কুলঞ্জনবৃক্ষ।

কুর্দ্দন, ন. [কুর্দ্দ্+অন] ক্রীড়া, খেলা; কুন্দন, আস্ফালন, লাফান।

কুর্ত্তী, (যাং) অঙ্গাবরণবিশেষ।

কুর্পর, পুং. [কুর্+পর] কফোণি; জানু।

কুর্পর, (প্রা) অধীন, বশ্য।

কুর্পাস, পুং. [কুর্পর+আস] অর্দ্ধচোলক।

কুর্পাসক, পুং. [কুর্পাস+ক] কঞ্চুলিকা, কাঁচুলি।   [ভৃত্য।

কুর্ব্বৎ, ত্রি. [কৃ+অৎ] কর্ম্মকার; (পুং.)

কুর্ব্বৎরূপ, ন. [কুর্ব্বৎ+রূপ] হেতু, কারণ, নিমিত্ত।

কুর্ব্বাণ, ত্রি. [কৃ+আন] কুর্ব্বৎ, কর্ম্মকার।

কুল, ন. [কুল্+অ] বংশ, গোত্র, গোষ্ঠী, জাতি, অন্বয়, বর্ণ; স্বজাতীয়গণ; জনসমূহ, জনপদ; গৃহ; শরীর; অগ্র; জন্তুসমূহ, পাল; (পুং.) কুলিক, শিল্পী; কুলপ্রধান।

কুল, (প্রা) ফলবিশেষ; শূর্প।
কুলক, ন. [কুল+ক] পটোললতা; সম্বন্ধ শ্লোকসমূহ; (পুং.) কাকেন্দু; বল্মীক; কুলশ্রেষ্ঠ; মরুবকবৃক্ষ; হরিতসর্প; কুপীলু; শিল্পিকুলপ্রধান; (ত্রি.) উত্তম বংশজাত।
কুলকজ্জল, পুং. [কুল+কজ্জল] কুলকলঙ্ক
কুলকণ্টক, পুং. [কুল+কণ্টক] কুপুত্র, বংশের বুলাঙ্গারপুত্র।
কুলকন্যা, স্ত্রী. [কুল+কন্যা] সদ্বংশজাতাস্ত্রী।
কুলকর্কটী, স্ত্রী. [কুল+কর্কটী] চীনাকর্কটী।
কুলকর্ম্ম, ন. [কুল+কর্ম্মন্] বংশপরম্পরা ব্যবহার, কুলাচার, কুলধর্ম্ম; কুলীনে কন্যাদান।
কুলকলঙ্ক, পুং. [কুল+কলঙ্ক] বংশের অখ্যাতি। [জলাবর্ত্তন।
কুলকুচ, (প্রা) আচাম্য, কুল্লী, মুখেরমধ্যস্থ-
কুলকুণ্ডলিনী-কুলকুণ্ডলী, স্ত্রী. [কুল+কুণ্ডলিনী+কুণ্ডলী] মূলাধারপদ্মস্থিত শিবশক্তিবিশেষ। [ধর্ম্ম।
কুলক্রিয়া, স্ত্রী. [কুল+ক্রিয়া] কুলকর্ম্ম, কুল-
কুলক্ক, পুং. [কুলকৃ+ক] করতালী, তালমর্দ্দল, হাততালী।
কুলগত, ত্রি. [কুল+গত] বংশগত,গোত্রাভিগত, বংশানুক্রমে।
কুলগরিমা, পুং. [কুল+গরিমন্] বংশের গর্ব্ব, গোত্রাহঙ্কার।
কুলগিরি, পুং. [কুল+গিরি] ভারতবর্ষীয় গিরিবিশেষ, যথা—মহেন্দ্রপর্ব্বত, মলয়পর্ব্বত, সহ্যপর্ব্বত,শক্তিমানপর্ব্বত, ঋষ্যপর্ব্বত, বিন্ধ্যগিরি, পারিপাত্র পর্ব্বত।
কুলগৌরব, ন. [কুল+গৌরব] বংশেরমহিমা, গোত্রাভিমান।
কুলগ্ন, ন. [কু+লগ্ন] অশুভক্ষণ, অশুভলগ্ন।
কুলঙ্গী, (প্রা) গৃহের কুলঙ্গী।
কুলঙ্গী, স্ত্রী. [কুলঙ্গ+ঈ] কণ্টকীলতা।
কুলচ্যুত, ত্রি. [কুল+চ্যুত] বংশহইতে পতিত, বংশত্যাগ, গোত্রবর্জ্জিত।
কুলজ-কুলজাত, ত্রি. [কুল+জ+জাত] কুলীন, সৎকুলোদ্ভব, উত্তমবংশজাত, সদ্বংশীয়।
কুলজী, (প্রা) বংশাবলী, গোষ্ঠী, বংশবিবরণ, বংশক্রম; কুলপরিচয়
কুলজ্ঞ, (প্রা) ঘটক, কুলাচার্য্য, কুলশাস্ত্রবেত্তা।
কুলঞ্জ-কুলঞ্জন, পুং. [কুলঞ্জ+ন]স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—কুর্ণজ, গন্ধমূল
কুলট, পুং. [কুল+অট] জারজাত, কুণ্ড, বিজন্মা।
কুলটা, স্ত্রী. [কুলট+আ] ব্যভিচারিণী, ভ্রষ্টা, তৎপর্য্যায়।—পুংশ্চলী, ধর্ষিণী, বন্ধকী, অসতী, ইত্বরী, স্বৈরিণী, পাংশুলা, ধর্ষণী, পাংসুলা, অসাধ্বী, অবিনীতা, অভিসারিকা, ধৃষ্টা, কুলপাংশুলা, কামগা, দুষ্টা, ধর্ষিতা, লঙ্কা, নিশাচরী, ত্রপারণ্ডা; পরকীয়ান্তর্গত নায়িকাবিশেষ।
কুলটাপতি, পুং. [কুলটা+পতি] অসতীপতি, বন্ধকীভার্য্য, ব্যভিচারিণীস্ত্রীর স্বামী, যে ভ্রষ্টাস্ত্রীকে বিবাহকরে।
কুলটী, স্ত্রী. [কুলট+ঈ] মনঃশিলা, গৈরিকধাতুবিশেষ।
কুলতিথি, স্ত্রী. পুং. [কুল+তিথি] চতুর্থী, অষ্টমী, দ্বাদশী, এবং চতুর্দ্দশী, এই কয় তিথি। [সুসন্তান।
কুলতিলক, পুং. [কুল+তিলক] বংশেরতিলক
কুলত্থ, পুং. [কুল+স্থা] শস্যভেদ, কুলত্থকড়াই, তৎপর্য্যায়।—কালবৃন্ত, তাম্রবৃক্ষ, কুলত্থিকা, তাম্রবৃন্ত, তাম্রবীজ, সিতেতর।
কুলত্থা, স্ত্রী. [কুলত্থ+আ] বনকুলত্থ, তৎপর্য্যায়।—দৃকপ্রসাদা, অরণ্যকুলত্থিকা, কুলালী, লোচনহিতা, চক্ষুষ্যা, কুম্ভকারিকা, কুলত্থিকা, কুল্মাষ, কুরুবিল্বক; কুলত্থাঞ্জন, তৎপর্য্যায়।—পূর্ব্ববৎ তদধিকন্তু।—কুম্ভকারী, প্রলাপহা।
কুলত্থাঞ্জন, ন, [কুলত্থা+অঞ্জন] বনকুলত্থ।
কুলত্থিকা, স্ত্রী. [কুলত্থ+ইকা] কুলত্থাকারাঞ্জন প্রস্তরবিশেষ; বনকুলত্থ।
কুলদর্প, পুং. [কুল+দর্প] বংশের গৌরব।

কুলদীপক, ত্রি. [কুল+দীপক] উপাধিদ্বারা সম্ভ্রান্ত।

কুলদেবতা, স্ত্রী. [কুল+দেবতা] কুলরক্ষক দেবতা, কুলেরদেবতা।

কুলধর্ম্ম, পুং. [কুল+ধর্ম্ম] স্বজাতীয়ধর্ম্ম, কুলাচার; (ত্রি) স্বাভাবিক, স্বধর্ম্ম।

কুলধারক, পুং. [কুল+ধারক] পুত্র।

কুলধ্বংস, পুং. [কুল+ধ্বংস] বংশনাশ।

কুলন, (প্রা) নির্ব্বাহহওন, নিষ্পন্ন বা সম্পোষ্য হওন; প্রচুর।

কুলনন্দন, ত্রি. [কুল+নন্দন] বংশের আনন্দকর; (পুং) পুত্র।

কুলনক্ষত্র, ন. [কুল+নক্ষত্র] ভরণী, রোহিণী, পুষ্যা, মঘা, উত্তরফল্গুনী, চিত্রা, বিশাখা, জ্যেষ্ঠা, পূর্ব্বাষাঢ়া, শ্রবণা এবং উত্তরভাদ্রপদনক্ষত্র।

কুলনায়িকা, স্ত্রী. [কুল+নায়িকা] পঞ্চমকার যজনে পূজ্যাস্ত্রী ইহা নববিধ যথা।— নটী, কাপালিকী, বেশ্যা, রজকী, নাপিতাঙ্গনা, ব্রাহ্মণী, শূদ্রকন্যা, গোপালকন্যা, মালাকার কন্যা।

কুলনারী, স্ত্রী. [কুল+নারী] সদ্বংশজাতাস্ত্রী, মান্যাস্ত্রী

কুলনাশ, পুং. [কুল+নাশ] উষ্ট্র; বংশধ্বংস। [বংশাপবাদ।

কুলনিন্দা, স্ত্রী. [কুল+নিন্দা] কুলকলঙ্ক,

কুলপতি, পুং. [কুল+পতি] কুলস্বামী, গোত্রপ্রধান, কুলনাথ, বংশের প্রথমপুরুষ।

কুলপত্র, পুং. [কুল+পত্র] দমনকবৃক্ষ।

কুলপরিচয়, (প্রা) বংশাবলী, কুলজী।

কুলপর্ব্বত, পুং. [কুল+পর্ব্বত] ভারতবর্ষীয় সপ্ত পর্ব্বতান্তর্গত পর্ব্বতবিশেষ।

কুলপর্য্যায়, পুং. [কুল+পর্য্যায়] বংশের একাদিক্রম। [নারী, ভ্রষ্টাস্ত্রী।

কুলপাংশুলা, স্ত্রী. [কুল+পাংশুলা] অসতী

কুলপালক, ন. [কুল+পালক] কুরুম্বফল, কমলানেবু; (ত্রি.) বংশপ্রতিপালক।

কুলপালি-কুলপালিকা, স্ত্রী. [কুল+পালি-কা] কুলবতী, কুলপালী, সাধ্বী, সতী।

কুলপি, (প্রা) লতাবিশেষ; ইক্ষুদণ্ড

কুলপুরুষ, পুং. [কুল+পুরুষ] স্বজন, স্বগোত্র।

কুলপুরোহিত, পুং. [কুল+পুরোহিত] কুলবিপ্র, কুলাচার্য্য, কুলজ্ঞ।

কুলফল, (প্রা) ফলবিশেষ; পদ্ম; মুক্তা।

কুলবতী, স্ত্রী. [কুলবৎ+ঈ] সদ্বংশীয়াস্ত্রী, সম্ভ্রান্তা স্ত্রী, সুশীলা।

কুলবধূ, স্ত্রী. [কুল+বধূ] কুলস্ত্রী, সতী, অনন্যগামিনীস্ত্রী, পতিব্রতা, সদযুবতী, কুলপালিকা, সাধ্বী; অব্যভিচারিণী।

কুলবধূতা, স্ত্রী. [কুলবধূ+তা] পাতিব্রত্য, সতীত্ব, সাধ্বীত্ব।

কুলবর্ণা, স্ত্রী. [কুলবর্ণ+আ] রক্তত্রিবৃৎ।

কুলবর্দ্ধক, ত্রি. [কুল+বর্দ্ধক] বংশোন্নতি

কুলবার, পুং. [কুল+বার] মঙ্গল এবং শুক্রবার। [কুলাচার্য্য।

কুলবিপ্র, পুং. [কুল+বিপ্র] কুলপুরোহিত,

কুলবৃদ্ধি, স্ত্রী. [কুল+বৃদ্ধি] বংশবৃদ্ধি, গোত্রোন্নতি।

কুলব্যাপী, ত্রি. [কুল+ব্যাপিন্] বংশসঙ্গত।

কুলভঙ্গ, (প্রা) কুলীনত্বাভিমানহীন

কুলভেদকর, পুং. [কুল+ভেদ+কর] কুলবিরোধকারী।

কুলভৃত্যা, স্ত্রী. [কুল+ভৃত্যা] গর্ভিণীপর্য্যুপসনা, ধাত্রী।

কুলভ্রষ্ট, ত্রি. [কুল+ভ্রষ্ট] কুলচ্যুত; জাতিভ্রষ্টব্যক্তি।

কুলমর্য্যাদা-কুলমান, স্ত্রী.পুং. [কুল+মর্য্যাদা-মান] কুলসম্ভ্রম, বংশগৌরব।

কুলমিত্র, পুং. [কুল+মিত্র] বংশপরম্পরাগত মিত্র, সুহৃদ।

কুলম্ভর, পুং. [কুলম্+ভর] কুজম্ভল, চৌর।

কুলযোষিৎ, স্ত্রী. [কুল+যোষিৎ] সন্নারী, উত্তমাস্ত্রী।

কুলরক্ষক, ত্রি. [কুল+রক্ষক] কুলপালক।

কুলশীল, (প্রা) বংশমর্য্যাদা বর্দ্ধকাচার।

কুলশ্রেষ্ঠী, ত্রি. [কুল+শ্রেষ্ঠিন্] শিল্পিকুলপ্রধান, কুলিক, কুল, ককুল, শ্রেষ্ঠী, সদ্বংশজাত; বংশের শ্রেষ্ঠ।

কুলসংখ্যা, স্ত্রী. [কুল+সংখ্যা] গোত্রসম্ভ্রম
কুলসন্ততি, স্ত্রী. [কুল+সন্ততি] পুত্রপৌত্রাদি, বংশ, ঔলাদ্
কুলসন্নিধি, স্ত্রী. [কুল+সন্নিধি] জ্ঞাতিত্ব, আত্মীয়তা;
কুলসম্ভব, পুং. [কুল+সম্ভব] যস্যকস্যচিৎ কুলেজাত, কুলোৎপন্ন, বীর্য্য।
কুলসী, (প্রা) কুল; শুষ্কফলাদি।
কুলসেবক, পুং. [কুল+সেবক] কিঙ্কর, পরিচর
কুলসৌরভ, ন. [কুল+সৌরভ] মরুবকবৃক্ষ।
কুলস্ত্রী, স্ত্রী. [কুল+স্ত্রী] কুলপালিকা, কুলবধূ, অনন্যগামিনী, কুলরক্ষিকা স্ত্রী।
কুলস্থিতি, স্ত্রী. [কুল+স্থিতি] বংশগৌরব।
কুলহণ্ডক, পু. [কুল+হণ্ডক] আরণি, আবর্ত্ত।
কুলক্ষণ, ন. [কু+লক্ষণ] মন্দচিহ্ন; (ত্রি) অশুভ, অকল্যাণ, অমঙ্গলসূচক।
কুলক্ষয়, পুং. [কুল+ক্ষয়] পতন, ধ্বংস, বংশ নাশ, উচ্ছিন্নতা।
কুলক্ষয়া, স্ত্রী. [কুলক্ষয়+আ] শূকশিম্বী।
কুলা, (প্রা) শূর্প, কুল।
কুলাকুল, ত্রি. [কুল+আকুল] মিশ্রিত মূলসম্বন্ধীয়; দীক্ষাপ্রকরণীয় চক্রবিশেষ।
কুলাকুলতিথি, পুং. স্ত্রী. [কুলাকুল+তিথি] দ্বিতীয়া, ষষ্ঠী এবং দশমী তিথি।
কুলাকুলনক্ষত্র, ন. [কুলাকুল+নক্ষত্র] আর্দ্রা, মূলা, অভিজিৎ এবং শতভিষা নক্ষত্র।
কুলাকুলবার, পুং. [কুলাকুল+বার] বুধবার।
কুলাঙ্গার, পুং. [কুল+অঙ্গার] বংশের অখ্যাতিকর, কুপুত্র।
কুলাচল, পুং. [কুল+অচল] কুলপর্ব্বত।
কুলাচার, পুং. [কুল+আচার] পরিবারের নিয়ম; কুলধর্ম্ম; পুরুষানুক্রমে অনুষ্ঠিত ধর্ম্ম, তান্ত্রিক বামাচার।
কুলাচার্য্য, পুং. [কুল+আচার্য্য] ঘটক; বংশগুরু; কুলপুরোহিত; কুলজ্ঞ।
কুলাট, পুং. [কুল+অট] ক্ষুদ্রমৎস্যভেদ।
কুলাদ্রি, পুং. [কুল+অদ্রি] কুলাচল।
কুলাধারক, পুং. [কুল+আধারক] পুত্র।
কুলান, (প্রা) সম্পোষ্য হওন, নির্ব্বাহ করণ উবরণ, পাওন। [অধ্যক্ষ।
কুলানীয়, (প্রা) নির্ব্বাহক, তত্ত্বাবধারক,
কুলাভি, পুং. [কুল+অভি] অর্থ, ধন।
কুলাভিমান, ন. [কুল+অভিমান] গোত্রাভিমান
কুলাভিমানী, ত্রি. [কুল+অভিমানিন্] বংশগৌরবকারী।
কুলায়, ন. [কুল+অয়] শরীর; (পুং) নীড়; স্থানমাত্র বসতি।
কুলায়নিলায়, পুং. [কুলায়+নিলায়] পক্ষী সাবকোৎপাদন, ডিম্বে তাপ দেওন।
কুলায়নিলায়ী, ত্রি. [কুলায়+নিলায়িন্] ডিম্ব প্রস্ফুটনকারী।
কুলায়নিলায়িতা, স্ত্রী. [কুলায়+নিলায়িতা] ডিম্বপ্রস্ফুটনক্রিয়া।
কুলায়স্থ, পুং. [কুলায়+স্থ] বাসাস্থিতপক্ষী।
কুলায়িকা, স্ত্রী. [কুলায়+ইকা] পক্ষিশালা, চিড়িয়াখানা। [পক্ষী।
কুলাল, পুং. [কুল+অল] কুম্ভকার; কুক্কুভ-
কুলালচক্র, ন. [কুলাল+চক্র] কুমারের চাক।
কুলালচক্রন্যায়, ত্রি. [কুলালচক্র+ন্যায়] ঘূর্ণায়মান, বিবর্ত্তমান, ভ্রমন্তী।
কুলালম্বী, ত্রি. [কুল+আলম্বিন্] স্বজন, নির্ব্বাহকারী।
কুলালিকা, স্ত্রী. [কুলাল+ইকা] পক্ষীশালা, চিড়িয়াখানা।
কুলালী, স্ত্রী. [কুলাল+ঈ] কুলত্থাকারাঞ্জন প্রস্তরবিশেষ; কুলত্থাঞ্জন; অরণ্যকুলত্থিকা, বনকুলত্থকলাই; কুম্ভকারভার্য্যা।
কুলাহ, পুং. [কুল+আহ] ঈষৎ পীতবর্ণ কৃষ্ণজানু বিশিষ্ট ঘোটক।
কুলাহক, পুং. [কুলাহ+ক] কৃকলাস; বৃক্ষবিশেষ, রাঙ্গাকুলেখাড়া গাছ।
কুলাহল, পুং. [কুলাহ+ল] ক্ষুদ্রবৃক্ষবিশেষ, কোকসীমা, তৎপর্য্যায়।—অলম্বুষ, গোচ্ছাল, ভূকদম্ব।
কুলাক্কুতা, স্ত্রী. [কুলাক্কুত+আ] কুক্কুরী, শুনী

কুলি, পুং. [কুল+ই] হস্ত; (স্ত্রী.) কণ্টকারীবৃক্ষ।

কুলি, (প্রা) মুটিয়া, মুটে।

কুলিক, ত্রি. [কুলি+ক] শিল্পিকুল প্রধান; কুলসত্তম; (পুং.) অষ্টমহানাগান্তর্গত নাগবিশেষ; বৃক্ষবিশেষ, কাল্যাকড়া গাছ।

কুলিকবেলা, স্ত্রী. [কুলিক+বেলা] রবিবারাদিতে শুভকর্ম্ম জন্য নিষিদ্ধকালবিশেষ; রাত্রির প্রথমভাগ।

কুলিঙ্গ, পুং. [কু+লিঙ্গ] পক্ষীবিশেষ, ফিঙ্গাপাখি; তৎপর্য্যায়।—কলিঙ্গ, ধুম্যাট, ফিঙ্গক, ভৃঙ্গ; চটক।

কুলিঙ্গক, পুং. [কুলিঙ্গ+ক] চটকপক্ষী।

কুলিঙ্গাক্ষী, স্ত্রী. [কুলিঙ্গ+অক্ষী] পেটিকাবৃক্ষ, পেটারীগাছ। [বৃক্ষ।

কুলিঙ্গী, স্ত্রী. [কুলিঙ্গ+ঈ] কর্কটশৃঙ্গী-

কুলির, পুং. [কুল+ইর] কর্কট।

কুলিশ, ন. পুং. [কুলি+শ] বজ্র; মৎস্যবিশেষ; অস্থিসংহারবৃক্ষ।

কুলিশনায়ক, পুং. [কুলিশ+নায়ক] শৃঙ্গারবন্ধবিশেষ।

কুলিশপাণি-কুলিশভৃৎ, পুং. [কুলিশ+পাণি-ভৃত্] ইন্দ্র।

কুলিশাঙ্কুশা, স্ত্রী. [কুলিশ+অঙ্কুশ] বৌদ্ধদিগের বিদ্যাদেবীবিশেষ। [মুনি।

কুলিশাসন, পুং. [কুলিশ+আসন] শাক্য-

কুলী, স্ত্রী. [কুল+ঈ] কণ্টকারীবৃক্ষ; বৃহতীবৃক্ষ; ভার্য্যার জ্যেষ্ঠভগিনী।

কুলীন, ত্রি. [কুল+ঈন্] উত্তমকুলোদ্ভব, তৎপর্য্যায়।—মহাকুল, আর্য্য, সভ্য, সজ্জন, সাধু, সম্ভ্রান্তবংশীয়, অভিজাত, বংশবিশুদ্ধ, সদ্বংশ, অভিজনবান্, বিশুদ্ধকুলভব, কুলশ্রেষ্ঠী, কুলিক, কৌলেয়, উত্তম বংশজাত, মহাবংশীয়, মহাকুলপ্রসূত, প্রতিপত্তিমান্, কুল্য, কৌলেয়ক, কুলজ, জাত্য, কোলেয়ক, সাধুজ, কুলশ্রেষ্ঠ; (পুং.) শ্রেষ্ঠঘোটক, প্রকৃষ্টাশ্ব, স্বজানেয়, জাত্য, আজানেয়, অজানেয়, বাল্লাশ্বি; উত্তম ব্রাহ্মণ; শক্ত্যুপাসক।

কুলীনক, পুং. [কুলীন+ক] বনমুদ্গ, (ত্রি.) উত্তমবংশ সম্বন্ধীয়।

কুলীনতা-কুলীনত্ব, স্ত্রী. ন. [কুলিন+তা-ত্ব] কৌলীন্য, আভিজাত্য, কুলোৎকর্ষ।

কুলীনস, ন. [কুলীন+স] জল।

কুলীনা, স্ত্রী. [কুলীন+আ] ছন্দোবিশেষ; কুলভবা স্ত্রী।

কুলীর, পুং. [কুল+ঈর] কর্কট, কাঁকড়া; কর্কটরাশি। [শৃঙ্গীবৃক্ষ

কুলীরশৃঙ্গী, স্ত্রী. [কুলীর+শৃঙ্গী] কর্কট-

কুলীরাৎ, পুং. [কুলীর+অদ্] কর্কটশিশু, কাঁকড়ার ছানা, স্যোগবি।

কুলীশ, পুং. ন. [কুলী+শ] কুলিশ, বজ্র।

কুলুক, ন. [কুল+উক] জিহ্বামল।

কুলুকগুঞ্জা, স্ত্রী. [কুলুক+গুঞ্জা] উল্কাগ্নি।

কুলেশ্বর, পুং. [কুল+ঈশ্বর] শিব; কুলপতি।

কুলোক, পুং. [কু+লোক] ক্রূরব্যক্তি; দুষ্টব্যক্তি, বঞ্চক, খল।

কুলোৎকট, পুং. [কুল+উৎকট] কুলীনাশ্ব, প্রকৃষ্টাশ্ব; (ত্রি.) উৎকটকুলোদ্ভব।

কুলোৎকর্ষ, পুং. [কুল+উৎকর্ষ] কুলমর্য্যাদা, বংশেরসম্মান।

কুলোৎপন্ন, ত্রি. [কুল+উৎপন্ন] সদ্বংশজাত। [জাত।

কুলোদ্গত, ত্রি. [কুল+উদ্গত] সদ্বংশ-

কুলোদ্ভব, ত্রি. [কুলে+উদ্ভব] সদ্বংশজাত।

কুলোদ্ভূত, ত্রি. [কুল+উদ্ভূত] সদ্বংশজাত।

কুলোদ্বহ, পুং. [কুল+উদ্বহ] কুলাধ্যক্ষ।

কুল্‌কুচ, (প্রা) কবল, আচমন।

কুল্‌কুচা, (প্রা) কুল্‌কুচ করণার্থ দ্রবঔষধ।

কুল্‌কুল-কুল্‌কুলা, (প্রা) জলপ্রবহনকালে ক্ষুদ্র ক্ষুদ্র তরঙ্গ।

কুলচুর, (প্রা) কুলের আচার। [গুল্ফ।

কুল্ফ, পুং. ন. [কুল্+ফ] রোগ; (পুং.)

কুল্মল, ন. [কুল্+মল] পাপ।

কুল্মাষ, ন. [কুল্+মাষ] কাঞ্জিক; (পুং.) যাবক; বোরবধান্য; কুলথ; মাষাকৃতিপত্রকাশ্মীরজাততুলসী, রাজমাষ;

পাচিত মাষাদি; মাষাদিমিশ্রিত অর্দ্ধ-সিক্ত অন্ন অর্থাৎ খিচুড়ী; রোগবিশেষ; বনকুলত্থ; অর্দ্ধসিদ্ধ গোধুমচনকাদি।

কুল্মাষাভিষুত, ন. [কুল্মাষ+অভিষুত] কাঞ্জিক।

কুল্মাস, ন. [কুল্+মাস] কুল্মাষ।

কুল্য, ন. [কুল্+য] অস্থি; অষ্টদ্রোণ পরিমাণ; শূর্প; আমিষ; (ত্রি.) কুলোদ্ভব; কুলহিত; (পুং.) মান্য।

কুল্যা, স্ত্রী. [কুল্য+আ] ক্ষুদ্রকৃত্রিমানদী; পয়প্রণালী, পয়নালাখাত; জীবন্তিকৌষধি; নদীমাত্র; কুলস্ত্রী; স্থূলবার্ত্তাকু।

কুল্লুক, পুং. [কুলু+অক] জিহ্বামল।

কুল্লী, (প্রা) কুল্‌কচ, মুখের মধ্যে জল রাখিয়া চালন।

কুল্লুই, (প্রা) কর্কর, কাঁকর।

কুল্লে, (প্রা) সমুদায়ে, সর্ব্বতোভাবে।

কুশ, পুং. ন. [কুশ্+অ] স্বনামখ্যাত তৃণ, তৎপর্য্যায়।—পবিত্র, যাজ্ঞিক, হ্রস্বগর্ভ, বর্হি, কুতুপ, কুথ, দর্ভ; (ন.) জল; (পুং.) রামপুত্র; দ্বীপভেদ; (ত্রি.) পাপিষ্ঠ; মত্ত; কৃশ।

কুশণ্ডিকা, স্ত্রী. [কুশণ্ডিক+আ] সর্ব্বহোমার্থাগ্নি সংস্কারকক্রিয়া।

কুশন, (প্রা) কাষ্ঠচ্ছেদন, চেলান, কাটন।

কুশনামা, পুং. [কুশ+নামন্] উষ্ট্র।

কুশপ, পুং. [কুশ+প] পানপাত্র।

কুশপুষ্প, ন. [কুশ+পুষ্প] গ্রন্থিপর্ণবৃক্ষ; গাঁঠিয়ালাগাছ।

কুশবারি, ন. [কুশ+বারি] দর্ভজল।

কুশমুষ্টি, ত্রি. [কুশ+মুষ্টি] হস্তপূর্ণ তৃণগুচ্ছ।

কুশল, ন. [কু+শল] কল্যাণ; পর্য্যাপ্তি; পুণ্য; (ত্রি.) শিক্ষিত; (ন.) সামর্থ্য; নিপুণ; সুখী।

কুশলকারক-কুশলকারী, ত্রি. [কুশল+কারক-কারিন্] হিতকারী, প্রিয়ঙ্কর, পরোপকারক।

কুশলচিন্তক, পুং. [কুশল+চিন্তক] হিতকাম, পরহিতৈষী।

কুশলচিন্তা, স্ত্রী. [কুশল+চিন্তা] পরহিতেচ্ছা, প্রেম; সৌজন্য।

কুশলতা, স্ত্রী. [কুশল+তা] নিপুণতা, পটুতা, বৈদগ্ধ, চতুরতা, চালাকী।

কুশলপ্রশ্ন, পুং. [কুশল+প্রশ্ন] মঙ্গলজিজ্ঞাসা, মঙ্গলপ্রশ্ন, কৌশলী।

কুশলব-কুশলবৌ, পুং. [কুশ+লব-ঔ] একযোক্ত রামপুত্রদ্বয়।

কুশলবুদ্ধি, ত্রি. [কুশল+বুদ্ধি] প্রাজ্ঞ, জ্ঞানী, বিজ্ঞ, বুদ্ধিমান, মনস্বী।

কুশলী, ত্রি. [কুশল+ইন্] কল্যাণী; সুখী; ভাগ্যবান; পুণ্যবান; (স্ত্রী.) অশ্মন্তকবৃক্ষ; ক্ষুদ্রাম্লিকা।

কুশস্তব, পুং. [কুশ+স্তব] কুশগুচ্ছ।

কুশস্থল, ন. [কুশ+স্থল] কান্যকুব্জদেশ।

কুশস্থলী, স্ত্রী. [কুশস্থল+ঈ] দ্বারিকানগরী।

কুশহস্ত, ত্রি. [কুশ+হস্ত] তৃণগুচ্ছপূর্ণহস্ত।

কুশা, স্ত্রী. [কুশ+আ] রজ্জু; মধুকর্কটিকা; বল্‌গা।

কুশাকর, পুং. [কুশ+আকর] অগ্নি।

কুশাকু, ত্রি. [কুশ+আকু] উত্তাপিত, রোষিত; (পুং.) বানর; অগ্নি; সূর্য্য।

কুশাগ্র, পুং. [কুশ+অগ্র] কুশনামক তৃণের অগ্রভাগ।

কুশাগ্রবুদ্ধি, ত্রি. [কুশাগ্র+বুদ্ধি] তীক্ষ্ণবুদ্ধি; (স্ত্রী.) বুদ্ধির তীক্ষ্ণতা। [চতুর।

কুশাগ্রীয়, ত্রি. [কুশ+অগ্রীয়] বিদগ্ধ, ধূর্ত্ত,

কুশাগ্রীয়মতি, ত্রি. [কুশাগ্রীয়+মতি] তীক্ষ্ণবুদ্ধি, সূক্ষ্মদর্শী, তৎকালধী, প্রত্যুৎপন্নমতি; (স্ত্রী.) সূক্ষ্মবুদ্ধি।

কুশাঙ্কুর, পুং. [কুশ+অঙ্কুর] তৃণের অঙ্কুর।

কুশাঙ্গুরীয়, ন. [কুশ+অঙ্গুরীয়] কুশতৃণ অঙ্গুরী। [সক্রোধঋষি।

কুশারণি, পুং. [কুশ+অরণি] দুর্ব্বাসামুনি;

কুশাল্মলি, পুং. [কু+শাল্মলি] রোহিতকবৃক্ষ।

কুশাসন, ন. [কুশ+আসন] কুশনির্ম্মিত আসন, (পুং.) অপকৃষ্টাজ্ঞা, অশান্তদেশ।

কুশাক্ষ, পুং. [কুশ+অক্ষ] বানর।

কুশিংশপা, স্ত্রী. [কু+শিংশপা] কপিলশিংশপা।

কুশিক, পুং. [কুশ+ইক] মুনিভেদ, গাধি-রাজপিতা; ফাল; সর্জ্জবৃক্ষ; বিভীতকবৃক্ষ; অশ্বকর্ণবৃক্ষ; তৈলশেষ; (ত্রি.) কেকর, গজাচ

কুশিত, ত্রি. [কুশি+ইত] জলমিশ্রিত।

কুশিক্ষা (প্রা) অসদুপদেশ।

কুশী, স্ত্রী. [কুশ+ইন্] ফাল; প্রস্তুতীকৃত-লৌহ; (পুং.) বাল্মীকি মুনি।

কুশী, (প্রা) ক্ষুদ্রকোষা।

কুশীদ, ন. [কু+শীদ] বৃদ্ধিজীবিকা, সুদ গ্রহণ পুরঃসর ঋণদান; রক্তচন্দন।

কুশীবশ, পুং. [কুশী+বশ] বাল্মীকিমুনি.

কুশীল, ত্রি. [কু+শীল] দুরাত্মা, দুষ্টস্বভাব, দুষ্কর্ম্মা। [শীলতা।

কুশীলতা, স্ত্রী. [কুশীল+তা] কদাচরণ, অ-

কুশীলব, পুং. [কুশী+লব] চারণ; নট-বিশেষ; কথকাদি; দেশান্তরে কীর্ত্তি-প্রচারক; শ্রীরামপুত্র। [পুত্রদ্বয়।

কুশীলবৌ, পুং. [কুশ+লব+ঔ] শ্রীরাম-

কুশূল, পুং. [কুশ+উল] তুষানল; ধান্যা-গার, অন্নকোষ্ঠক, ব্রীহ্যগার।

কুশূলধান্য, পুং. [কুশূল+ধান্য] তিন বৎসরের আহারার্থ ধান্য।

কুশূলধান্যক, পুং. [কুশূল+ধান্যক] অধিক ধান্য সঞ্চয়কারী।

কুশেশয়, ন. [কুশে+শয়] পদ্ম; সারস-পক্ষী; (পুং.) কর্ণিকারবৃক্ষ।

কুশেশয়কর, পুং. [কুশেশয়+কর] সূর্য্য।

কুশোত্তর, ত্রি. [কুশ+উত্তর] তৃণাচ্ছাদিত, তৃণময়।

কুশোদক, ন. [কুশ+উদক] কুশসংলগ্ন জল।

কুষল, ত্রি. [কু+ষল] কুশল।

কুষাকু, পুং. [কুষ+আকু] কপি; অগ্নি; সূর্য্য; (ত্রি.) পরোত্তাপী, ক্রূর।

কুষিৎ, বা. অনুত্তম, উত্তম, সু, ভদ্র।

কুষিত, ত্রি.[কুষ+ইত] জলমিশ্রিত; কুশলী।

কুষীদ, ন. [কু+ষীদ] কুসীদ; (ত্রি.) জড়, নষ্টচেষ্ট, অচেষ্ট; নির্দ্দয়।

কুষ্ঠ, ন. [কুষ্+থ] বিষভেদ; ঔষধবিশেষ, কুড়, তৎপর্য্যায়।—ব্যাধি, পারিভাব্য, ব্যাপ্য, পাকল, উৎপল, বাপ্য, আপ্য, জরণ, রুজা, গদ, আময়, পারিভদ্রক, রাম, বাণীরজ, পাবন, কুৎসিত, পদ্মক, গদাহ্ব, গদাহ্বয়, কৌবের, ভাস্বর, কাকল, নীরুজ; স্বনামখ্যাত রোগ, কুঠ, পর্য্যায়।—শ্বিত্র, শ্বেত, শ্বেত্র, শ্বৈত্র, শ্বৈত্য, ত্বগ্রোগ, ত্বগ্দোষ, চর্ম্মদূষিকা, দুষ্টচর্ম্মত্ব, দুশ্চর্ম্মত্ব, সিধ্মলা, চিত্র, মণ্ডলক, [বৃক্ষ।

কুষ্ঠকেতু, পুং. [কুষ্ঠ+কেতু] ভূম্যাহ্বিলা

কুষ্ঠগন্ধি, ন. [কুষ্ঠ+গন্ধি] এলবালুক।

কুষ্ঠঘ্ন, পুং. [কুষ্ঠ+ঘ্ন] হিতাবলী; (ত্রি.) কুষ্ঠনাশক।

কুষ্ঠঘ্নী, স্ত্রী. [কুষ্ঠঘ্ন+ঈ] কাকোডুম্বরিকা।

কুষ্ঠনাশন, পুং. [কুষ্ঠ+নাশন] বারাহীকন্দ, গৌরসর্ষপ; ক্ষীরীশবৃক্ষ।

কুষ্ঠনাশিনী, স্ত্রী. [কুষ্ঠ+নাশিনী] সোম-রাজীবৃক্ষ।

কুষ্ঠময়, ত্রি. [কুষ্ঠ+ময়] কুষ্ঠী, শ্বিত্রী, কুষ্ঠরোগী, মহাব্যাধিগ্রস্ত। [কুষ্ঠ।

কুষ্ঠরোগ, পুং. [কুষ্ঠ+রোগ] মহাব্যাধি,

কুষ্ঠরোগী, ত্রি. [কুষ্ঠ+রোগিন্] কুষ্ঠী, মহা-ব্যাধিগ্রস্ত।

কুষ্ঠল, ন. [কু+স্থল] কুৎসিতস্থল, কুস্থান; পৃথিবীর উপরিভাগ।

কুষ্ঠসূদন, পুং. [কুষ্ঠ+সূদন] আরগ্বধবৃক্ষ, শোঁদালিবৃক্ষ।

কুষ্ঠহন্তা, পুং. [কুষ্ঠ+হন্তৃ] হস্তিকন্দমূল-বিশেষ [বৃক্ষ.

কুষ্ঠহন্ত্রী, স্ত্রী. [কুষ্ঠ+হন্ত্রী] বাকুচী, হাকুচ-

কুষ্ঠহৃৎ, পুং. [কুষ্ঠ+হৃৎ] খদিরবৃক্ষ।

কুষ্ঠান্বিত, ত্রি. [কুষ্ঠ+অন্বিত] মহাব্যাধি-গ্রস্ত; শ্বিত্রী, কুটিয়া।

কুষ্ঠারি, পুং. [কুষ্ঠ+অরি] বিট্‌খদির; পটোল; অর্কপত্র; খদির; গন্ধক।

কুষ্ঠী, ত্রি. [কুষ্ঠ+ইন্] কুষ্ঠরোগযুক্ত।

কুষ্মল, ন. [কুষ্+মল] ছদন, কর্ত্তন, কাটন, অংশন।

কুষ্মাণ্ড, পুং.[কু+উষ্ম+অণ্ড]ফললতাবিশেষ, কুমড়া, তৎপর্য্যায়।—ঘৃণাবাস, তিমিষ,

গ্রাম্যকর্কটী, কুষ্মাণ্ডক, কর্কারু, কুষ্মাণ্ডক, পুষ্পফল, কুষ্মাণ্ডী, কর্কোর্চ্চিকা, কুষ্মাণ্ডী, বৃহৎফলা, সুফলা, কুঞ্চফলা, নাগপুষ্পফলা, শুনী, কুষ্মাণ্ড, শিখিবর্দ্ধক; শিবের গণদেবতাভেদ; ব্রণবিশেষ।

কুষ্মাণ্ডক, পুং. [কুষ্মাণ্ড+ক] কুষ্মাণ্ড।

কুষ্মাণ্ডা, স্ত্রী. [কুষ্মাণ্ড+আ] উমা; ঔষধী, কর্কারু; জাতক্রিয়াবিশেষ।

কুষ্মাণ্ডাকার-কুষ্মাণ্ডাকৃতি, ত্রি. [কুষ্মাণ্ড+আকার-আকৃতি] তুন্দিল, কুষ্মাণ্ডের ন্যায় আকৃতি।

কুসম, (প্রা) লতাবৃক্ষবিশেষ।

কুসরিৎ, স্ত্রী. [কু+সরিৎ] অগভীর স্রোত, ক্ষুদ্রানদী।

কুসল, ন. [কু+সল] কুশল।

কুসিত, পুং. [কুস+ইত] জনপদ।

কুসিম্বী, স্ত্রী. [কু+সিম্বী] শিম্বী।

কুসীতায়ী, স্ত্রী. [কুসিত+অয়ী] কুসীদায়ী।

কুসীদ, ন. [কু+সীদ] ঋণদানজীবিকা, অর্থপ্রয়োগ, বৃদ্ধ্যাজীবন, বৃদ্ধিজীবিকা, সুদখাওয়া, বাড়িদেওয়া; (ত্রি.) কুসীদিক, সুদখোরী।

কুসীদপথ, পুং. [কুসীদ+পথ] কুসীদ।

কুসীদবৃদ্ধি, স্ত্রী. [কুসীদ+বৃদ্ধি] বৃদ্ধি, সুদ।

কুসীদায়ী, স্ত্রী. [কুসীদ+অয়ী] কুসীদ-[পত্নী।

কুসীদজীবী-কুসীদিক, ত্রি. [কুসীদ+জীবী-ইক] বৃদ্ধিজীবী, বার্দ্ধুষিক, বৃদ্ধ্যাজীব, বার্দ্ধুষি, সুদখোর।

কুসুম, ন. [কুস+উম] পুষ্প; ফল; স্ত্রীরজ; নেত্ররোগবিশেষ।

কুসুমকার্ম্মুক, পুং. [কুসুম+কার্ম্মুক] কাম, মদন।

কুসুমচিত, ত্রি. [কুসুম+চিত] পুষ্পাচ্ছা-[দিত।

কুসুমপুর, ন. [কুসুম+পুর] পুরবিশেষ, পাটনা, পাটলিপুত্র নামক নগর।

কুসুমবতী, স্ত্রী. [কুসুমবৎ+ঈ] ঋতুমতী; পুরবিশেষ।

কুসুমবান্, ত্রি. [কুসুম+বৎ] পুষ্পবিশিষ্ট।

কুসুমবিচিত্র, ন. [কুসুম+বিচিত্র] ছন্দোবিশেষ।

কুসুমমধ্য, ন. [কুসুম+মধ্য] বৃক্ষবিশেষ, চালিতাগাছ প্রসিদ্ধ।

কুসুময়ন, ত্রি. [কুসুম+অৎ] পুষ্পোৎপাদিত।

কুসুমস্তবক, ন. [কুসুম+স্তবক] পুষ্পস্তবক ফুলের তোররা।

কুসুমাকর, পুং. [কুসুম+আকর] বসন্ত-[কাল।

কুসুমাঞ্জন, ন. [কুসুম+অঞ্জন] কুসুমাকার রীতি মলসম্ভব অঞ্জন, পৌষ্পক, রীতিপুষ্প, পুষ্পকেতু।

কুসুমাত্মক, ন. [কুসুম+আত্মক] কুঙ্কুম।

কুসুমাধিপ-কুসুমাধিরাট্, পুং. [কুসুম+অধিপ-অধিরাজ্] চম্পকবৃক্ষ।

কুসুমাবচায়, পুং. [কুসুম+অবচায়] পুষ্পচয়।

কুসুমাবতংসক, পুং. [কুসুম+অবতংসক] শিরোভূষণ; পুষ্পমালা।

কুসুমায়ুধ, পুং. [কুসুম+আয়ুধ] কাম-[দেব।

কুসুমাল, পুং. [কুসুম+আল] চৌর।

কুসুমাসব, ন. [কুসুম+আসব] মধু।

কুসুমিত, ত্রি. [কুসুম+ইত] পুষ্পিত, বিকসিত, ফুল্ল।

কুসুমিতলতা, স্ত্রী. [কুসুমিত+লতা] ছান্দাবিশেষ; পুষ্পবতী লতা।

কুসুমেষু, পুং. [কুসুম+ইষু] কামদেব; (ন.) কামকার্ম্মুক

কুসুমোৎকির, ত্রি. [কুসুম+উৎকির] পুষ্পমালায় ভূষিত; উপরিস্থ পুষ্পবর্ষণ।

কুসুমোদ্যান, ন. [কুসুম+উদ্যান] পুষ্পবাটিকা, ফুলের বাগান।

কুসুম্ভ, ন. [কুস+উম্ভ] স্বর্ণ; পুষ্পবিশেষ, কুসুমফুল; তৎপর্য্যায়।—কমলোত্তম, বহ্নিশিখ, মহারাজন, পাবক, পীত, পদ্মোত্তর, রক্ত, লোহিত, বস্ত্ররঞ্জন, অগ্নিশিখ, বহ্নিদীপক, রক্তসঙ্কোচ, রোহিত, (পুং.) কমণ্ডলু; মহারজনবৃক্ষ

কুস্থ, পুং. [কু+স্থ] কিঞ্চুলুক, কেঁচো

কুস্থূল, পুং. [কুস+উল] কুশূল, ধান্যাগার।
কুসৃতি, স্ত্রী. [কু+সৃতি] শাঠ্য, শঠতা; ইন্দ্রজাল।
কুস্তুভ, পুং. [কু+ষ্টুভ] বিষ্ণু।
কুস্তুম্বরী-কুস্তুম্বুরু, স্ত্রী. ন. [কুস্+তুম্বরী-উরু] ধন্যাক, ধনিয়া
কুস্বপ্ন, পুং. [কু+স্বপ্ন] মন্দস্বপ্ন, দুঃস্বপ্ন, অলক্ষণবিশিষ্ট স্বপ্ন। [স্ত্রী।
কুস্ত্রী, স্ত্রী. [কু+স্ত্রী] কুভার্য্যা, অসুন্দর
কুহ, ব্য. [কু+হ] কুত্র, (পুং.) কুবের, কংস।
কুহক, ন. [কুহ+ক] মায়া, ইন্দ্রজাল, জাল, কুসৃতি; (ত্রি.) ধূর্ত্ত, বঞ্চক, ধ্বংসক, দাণ্ডাজিনিক, মায়ী, জালিক।
কুহককার, ত্রি. [কুহক+কার] ঐন্দ্রজালিক; প্রতারণাকারী।
কুহকচকিত, ত্রি. [কুহক+চকিত] সতর্ক, পারদর্শী। [বাজিকর।
কুহকজীবী, ত্রি. [কুহক+জীবিন্] মায়াজীবী,
কুহকবৃত্তি. স্ত্রী. [কুহক+বৃত্তি] কুহক; অদৃঢ়কর; কপটতা, কাল্পনিকতা।
কুহকস্বন-কুহকস্বর, পুং. [কুহক+স্বন-স্বর] কুক্কুটপক্ষী।
কুহকী, স্ত্রী. [কুহক+ঈ] মায়াবী, বঞ্চক, বাজিকর, ঐন্দ্রজালিক, প্রতারক।
কুহক্ক, পুং. [কুহক্+ক] বাদ্যবিদ্যার তালভেদ।
কুহন, ন. [কুহ+অন] মৃদ্ভাণ্ডবিশেষ; কাচভাজন, (পুং.) মূষিক; সর্প; কংস, (ত্রি.) ঈর্ষ্যালু।
কুহনা, স্ত্রী. [কুহন+আ] দম্ভচর্য্যা, কুহকবৃত্তি, মিথ্যাধর্ম্ম, অর্থলিপ্সায় মিথ্যাচরণ করণ।
কুহনিকা, স্ত্রী. [কুহন+ইকা] কুহনা।
কুহর, ন. [কু+হর] গহ্বর; ছিদ্র; কলকণ্ঠশব্দ; গল; অন্তিক; (পুং) নাগবিশেষ। [রতিধ্বনি; রটিত।
কুহরিত, ন. [কুহর+ইত] পিকালাপ;
কুহলি, পুং. [কু+হলি] পূগপুষ্পিকা, পাণ।
কুহা, স্ত্রী. [কুহ+আ] কটুকী।
কুহু, স্ত্রী. [কুহ+উ] কুহূ, অমাবস্যা।
কুহূ, স্ত্রী. [কুহ+ঊ] নষ্টেন্দুকলা, অমাবস্যা; কোকিলালাপ।
কুহূক, পুং. [কুহূ+ক] কোকিল।
কুহূকণ্ঠ, পুং. [কুহূ+কণ্ঠ] কোকিল।
কুহূপাল, পুং. [কুহূ+পাল] কূর্ম্মরাজ।
কুহূমুখ, পুং. [কুহূ+মুখ] কোকিল
কুহূরব, পুং. [কুহূ+রব] কোকিল; কোলধ্বনি। [গাড়া।
কুহূল, ন. [কুহূ+ল] সশল্যভূরন্ধ্র, সাপের
কুহেড়িকা-কুহেড়ী, স্ত্রী. [কু+হেড়্+ইকা-ঈ] কুজ্ঝটিকা।
কুহেলিকা-কুহেলী, স্ত্রী. [কু+হেল্+ইকা-ঈ] কুজ্ঝটিকা, কুআশা।
কুক্ষ-কুক্ষি, পুং. [কুষ্+স-ই] উদর।
কুক্ষিনিক্ষিপ্ত, ত্রি, [কুক্ষি+নিক্ষিপ্ত] ভক্ষিত, খাদিত।
কুক্ষিম্ভরি, ত্রি. [কুক্ষিম্+ভরি] আত্মম্ভরি, স্বোদরপূরক, ঔদরিক, বহ্বাশী।
কুক্ষিরন্ধ্র, পুং. [কুক্ষি+রন্ধ্র] নল; বংশাদি।
কূ, স্ত্রী. পিশাচী, প্রেতিনী।
কূকুদ, ত্রি. [কূ+কুদ] যে ব্যক্তি অলঙ্কৃতা কন্যাকে সৎপাত্রে সৎকার করিয়া দান করে; (পুং.) লক্ষ, অঙ্ক, চিহ্ন, দাগ।
কূচ, পুং. [কূ+চ] স্তন। [তুলী।
কূচিকা-কূচী, স্ত্রী. [কূচক+ইকা-ঈ] তুলিকা,
কূচীকান্ত, (প্রা) লতাবিশেষ। [ধ্বনি।
কূজন, ন. [কূজ্+অন] শব্দ, রব; পক্ষীর
কূজিত, ন. [কুজ+ইত] পক্ষীধ্বনি; শব্দিত।
কূট, পুং. [কূট্+অ] অগস্ত্যমুনি; (পুং. স্ত্রী.) গৃহ; (পুং. ন.) নিশ্চল; রাশি; লৌহমুদ্গার; দম্ভ; মায়া; পর্ব্বতশৃঙ্গ; তুচ্ছ; সীতাবয়ব; যন্ত্র; অনৃত; ভগ্নশৃঙ্গখণ্ড; কৈতব; কদলী; (ত্রি.) অধম।
কূটক, ন. [কূট+ক] লাঙ্গলেরফাল; (পুং.) কবরী; মুরানামগন্ধদ্রব্য
কূটকার-কূটকারক, পুং. [কূট+কার-কারক] শঠ, বঞ্চক; মিথ্যাসাক্ষ্য।
কূটকৃৎ, পুং. [কূট+কৃৎ] শিব; কায়স্থ; (ত্রি.) কিতব।
কূটজ, পুং. [কূট+জ] কুটজবৃক্ষ; কুরচী।

কূটতা, স্ত্রী. [কূট+তা] ছল, প্রবঞ্চনা, ধূর্ত্ততা, প্রতারণা। [পার্ব্বণ।

কূটপর্ব্ব, পুং. [কূট+পর্ব্ব] কূটপূর্ব্ব; সমূহ

কূটপালক, পুং. [কূট+পালক] পিত্তজ্বর; কুলালের পয়ন, কুমারের পোয়ান।

কূটপূর্ব্ব, পুং. [কূট+পূর্ব্ব] হস্তিদিগের ত্রিদোষজ জ্বর।

কূটযন্ত্র, ন. [কূট+যন্ত্র] মৃগ পক্ষ্যাদির বন্ধনার্থ যন্ত্র অর্থাৎ ফাঁদ, উন্মাথ; কূট, মোহজাল, বাগুরা, জাল, পাশ, পাশবন্ধ, পঞ্জরাখেট, নাহ, পাতিলী।

কূটলেখ, ত্রি. [কূট+লেখ] কপটলেখ্য, জাললেখা, হপ্তকলম।

কূটশাল্মলি, পুং. [কূট+শাল্মলি] শাল্মলিবিশেষ, কাশীমালাখ্যাত, কুৎসিত শাল্মলি, অনৃতশাল্মলি, তৎপর্য্যায়।—রোচন।

কূটশাসন, ন. [কূট+শাসন] কৃত্রিম, নিষ্পত্তি; কল্পিতআজ্ঞা।

কূটসাক্ষী, পুং. [কূট+সাক্ষিন্] মিথ্যাসাক্ষী, কৃত্রিমসাক্ষী।

কূটস্থ, ত্রি. [কূট+স্থ] একরূপে সর্ব্বকালব্যাপী, নির্ব্বিকার, একভাব, সমাকৃতি; অবিশেষ, অচল, অটল,স্থির; ব্যাঘ্রনখ; (ন.) ব্যাঘ্রনখাখ্য গন্ধদ্রব্য।

কূটস্বর্ণ, ন. [কূট+স্বর্ণ] কৃত্রিমস্বর্ণ, ঝুঁটা-সোণা।

কূটাগার, ন. [কূট+আগার] বড়ভী, চন্দ্রশালিকা; স্ত্রীদিগের ক্রীড়াগৃহ।

কূটার্থ, পুং. [কূট+অর্থ] ঘোরার্থ, কঠিনার্থ, দ্ব্যর্থ, কল্পিতকথা, প্রবন্ধকল্পনা।

কূটার্থভাষিতা, স্ত্রী. [কূটার্থ+ভাষিতা] প্রবঞ্চকল্পনা কথা, অর্থাৎ উপকথা।

কূটোপায়, পুং. [কূট+উপায়] কৌশল, প্রবঞ্চনা, ছল, উপায়, ফেরেব।

কুড়, (প্রা) কাগজের কুড়িদিস্তে; সূত্রেরশেষ; অন্ত।

কুড্য, ন. [কুড্+য] ভিত্তি, দেয়াল।

কুণি, ত্রি. [কুণ+ই] কুণি, রোগাদিদ্বারা কুঞ্চিতকর, বক্রহস্ত।

কুণিকা, স্ত্রী. [কুণ্+ইকা] শৃঙ্গ; বীণামূলস্থ বংশশলাকা, কলিকা।

কুণিত, ত্রি. [কুণ+ইত] বদ্ধকৃত, অবরোধিত। [ঝোলা।

কুথলী, (প্রা) ক্ষুদ্রথলিয়া, পিঠবোকচা,

কুদর, পুং. [কু+উদর] জাতিবিশেষ, ব্রাহ্মণীরগর্ব্ভে ঋষিঔরসে ঋতুর প্রথমবাসরে জাত, পতিত বিপ্রবিশেষ।

কুদ্দাল, পুং. [কু+উৎ+দাল] কুদ্দালবৃক্ষ।

কূপ, পুং. [কু+প] স্বনামখ্যাত জলাধার, পাৎকুয়া, কুয়া; তৎপর্য্যায়।—অন্ধু, প্রহি, উদপান, কূপক, কাত্ত, অবট, জলকূপী, কূপী, নিপান, উদকাধার, জলাম্বিকা, অবড়, কর্ত্ত, আপীল, চূড়ক, কোট্টার, কাট, বভ্রু, কুশেয়, খাত, অবত, অবট, কেবট, ক্রিবি, সুদ, উৎস, ঋষ্যদাৎ, কারোতরাৎ; গর্ত্ত; গুণবৃক্ষ, নদীমধ্যস্থিত বৃক্ষ বা পর্ব্বত; কূপক, কুঁপা; মৃণ্মান; জাতিবিশেষ।

কূপক, পুং. [কূপ+ক] নৌকা গুণবন্ধনস্তম্ভ, মাস্তুলপ্রসিদ্ধ; তৈলপাত্র, কুপা; কুকুন্দর; উদপান; চিতা। [খোদক।

কূপখনিতা, পুং. [কূপ+খনিতা] কূপ-

কূপজল, ন. [কূপ+জল] কূপোদক; কৌপ।

কূপমণ্ডূক, পুং. [কূপ+মণ্ডূক] কূপস্থিতভেক; যে ব্যক্তি কস্মিন্‌কালে গৃহবহির্গত হয় নাই। [হর্ষ।

কূপাঙ্ক, পুং. [কূপ+অঙ্ক] রোমাঞ্চ, লোম-

কূপাঙ্গ, পুং. [কূপ+অঙ্গ] রোমাঞ্চ, লোমাঞ্চ, পুলক। [কুবার।

কূপার, পুং. [কূ+পার] অকূপার, সমুদ্র,

কূপিক, ত্রি. [কূপ+ইক] কূপসম্বন্ধীয়।

কূপিকা, স্ত্রী. [কূপিক+আ] অম্ভোগতোৎপল; জলমধ্যস্থিত পর্ব্বতাদি।

কূপী, স্ত্রী. [কূপ+ঈ] কূপ; পাত্রবিশেষ।

কূপোদক, ন. [কূপ+উদক] কূপজল, কৌপ।

কূবর, পুং. ন. [কু+বর] রথ যুগন্ধর; (পুং.) কুব্জক, কুঁজা; জাতিবিশেষ, (ত্রি.) মনোহর

কূবরী, পুং. [কূবর+ইন্] কম্বলাচ্ছাদিত রথ।
কূবার, পুং. [কূ+বার] অকূপার।
কূম, ন. [কূ+ম] সরোবর।
কূর, পুং. [কূ+র] অন্ন, ভক্ত।
কূর্চ্চ, পুং. ন. [কুর্+চ] ভ্রূমধ্য, ভ্রূদ্বয় মধ্যস্থান; মলাপকর্ষার্থ কেশাদিমুষ্টি, কুঁচি; ময়ূরপুচ্ছমুষ্টি; কুশমুষ্টি; কঠিন; শ্মশ্রু; কৈতব; বিকত্থন; দম্ভ; ক্ষিপ্রো-পরিভাগ অর্থাৎ অঙ্গুষ্ঠা,অঙ্গুলির মধ্যো-পরিভাগ; হুংবীজ; (পুং.) শীর্ষ।
কূর্চ্চক, ন. [কূর্চ্চ+ক] কুঁচি, বুরুষ।
কূর্চ্চশিরঃ, ন. [কূর্চ্চ+শিরস্] অংগ্রিস্কন্ধ, গুড়মুড়া।
কূর্চ্চশীর্ষ-কূর্চ্চশীর্ষক, পুং. [কূর্চ্চ+শীর্ষ-ক] জীবকবৃক্ষ অর্থাৎ অষ্টবর্গমধ্য পঠিতৌ-ষধি। [কেলবৃক্ষ।
কূর্চ্চশেখর, পুং. [কূর্চ্চ+শেখর] নারি-
কূর্চ্চি, (প্রা) ঔষধি লতাবিশেষ।
কূর্চ্চিকা, স্ত্রী; [কূর্চ্চ+ইকা] ক্ষীরবিকৃতি, ক্ষীরসা; সূচিকা, সূঁচ; তুলিকা, তুলী; কুট্মল, কুঁড়ি; কুঞ্চিকা, কুঁজি।
কূর্দ্দন, ন. [কূর্দ্দ্+অন] ক্রীড়া, খেলা, কুন্দন।
কূর্দ্দনী, স্ত্রী. [কূর্দ্দন+ঈ] চৈত্রপূর্ণিমা, কামদেবোৎসব তিথি।
কূর্প, ন. [কুর্+প] ভ্রূদ্বয় মধ্যস্থল।
কূর্পর, পুং; [কুর্+পর] কফোণি, কনুই, জঙ্ঘা।
কূর্পাস, পুং.[কূর্পর+আস]কঞ্চুক, বারবাণ।
কূর্পাসক, পুং. ন. [কূর্পাস+ক] স্ত্রীর জামা-বিশেষ, আঙ্গিয়া, কাঁচুলি।
কূর্ম্ম, পুং. [কু+ঊর্ম্মি+অ] জলজন্তুবিশেষ, কাছিম, তৎপর্য্যায়।—কচ্ছপ, পঞ্চনখ, গুহ, পঞ্চগুপ্ত, পীবর, কমঠ, জলগুল্ম; সত্যযুগে সমুদ্রমন্থন কালে মন্দরপর্ব্বত ধারণার্থ কচ্ছপরূপে বিষ্ণুর দ্বিতীয় অব-তার; বাহ্যবায়ুবিশেষ; মুদ্রাবিশেষ।
কূর্ম্মচক্র, ন. [কূর্ম্ম+চক্র] কৃষিকর্ম্মোক্ত কচ্ছপাকারচক্র, পূজার যন্ত্রবিশেষ।
কূর্ম্মপৃষ্ঠ, পুং. [কূর্ম্ম+পৃষ্ঠ] অম্লানবৃক্ষ; কচ্ছপের পৃষ্ঠদেশ।
কূর্ম্মপৃষ্ঠক, ন. [কূর্ম্ম+পৃষ্ঠক] শরাব, শরা-খ্যাত। [পৃষ্ঠহাড়।
কূর্ম্মপৃষ্ঠাস্থি, ন. [কূর্ম্ম+পৃষ্ঠ+অস্থি] কচ্ছপের
কূর্ম্মমুদ্রা, স্ত্রী. [কূর্ম্ম+মুদ্রা] পূজাকালে পুষ্পহস্ত ধ্যানের মুদ্রাবিশেষ।
কূর্ম্মরাজ, পুং. [কূর্ম্ম+রাজন্] কচ্ছপরাজ; অকূপার; পরীবর্ত্ত।
কূর্ম্মাবতার পুং. [কূর্ম্ম+অবতার] বিষ্ণুর দ্বিতীয়াবতার।
কূলকুলতি, ত্রি. [কূল+কুলতি] আচ্ছাদিত।
কূল, ন. [কূল+অ] নদ্যাজলসমীপস্থান, রোধ, তীর, প্রতীর, বেলা, তট, তটী; স্তূপ; সৈন্যপৃষ্ঠ; তড়াগ।
কূলক, ন. পুং. [কূল+ক] স্তূপ; তীর; (পুং) কৃমিপর্ব্বত, উঁএরটিপি।
কূলঙ্কষ, পুং. [কূলম্+কষ] সমুদ্র; স্রোত।
কূলঙ্কষা, স্ত্রী. [কূলঙ্কষ+আ] নদী।
কূলচর, ত্রি. [কূল+চর] নদীতীর চারণশীল।
কূলবতী, স্ত্রী. [কূলবৎ+ঈ] নদী।
কূলভঙ্গ, ত্রি. [কূল+ভঙ্গ] নদীতটভঞ্জিত।
কূলভূ, স্ত্রী. [কূল+ভূ] তীরভূমি।
কূলমুদ্রুজ-কূলমুদ্বহ, ত্রি. [কূলম্+উৎ+রুজ-বহ] কূলভঙ্গ।
কূলস্থ,ত্রি. [কূল+স্থ] তীরস্থ। [জলের ঘূর্ণা।
কূলহণ্ডক, পুং. [কূল+হণ্ডক] জলাবর্ত্ত,
কূলিকা, স্ত্রী. [কূলিক+আ]কুস্বরযুক্তবংশী।
কূলিকূলি, (প্রা) ধারপর্য্যন্ত, ভরপুর।
কূষ্মাণ্ড, পুং. [কু+উষ্ম+অণ্ড] গণদেবতা-বিশেষ; কর্কারু, কুমুড়া।
কূষ্মাণ্ডক, পুং. [কূষ্মাণ্ড+ক] কূষ্মাণ্ড।
কূষ্মাণ্ডী, স্ত্রী. [কূষ্মাণ্ড+ঈ] অম্বিকা; ওষধি।
কূহনা, স্ত্রী. [কূহন+আ] কুহনা।
কূহা, স্ত্রী. [কূহ+আ] কুজ্ঝটিকা; কুয়া।
কৃক, পুং. [কৃ+ক] গল। [কয়াব।
কৃকণ, পুং. [কৃ+কণ] ক্রকর পক্ষী; কৃমি;
কৃকবাকু, পুং. [কৃক+বাকু] কুক্কুট; ময়ূর; সরট। [র্ত্তিকেয়।
কৃকবাকুধ্বজ, পুং. [কৃকবাকু+ধ্বজ] কা-

কৃকর, পুং. [কৃ+কর] শিব; শরীর বাহ্য পঞ্চ বায়ুন্তর্গত জৃম্ভনকারী বায়ুবিশেষ; কৃকণপক্ষী; চব্যকবৃক্ষ; করবীরবৃক্ষ।
কৃকলা, স্ত্রী. [কৃ+কলা] পিপ্পলী।
কৃকলাশ-কৃকলাস, পুং. [কৃক+লস্+অন্] জন্তুবিশেষ, কাঁকলাস, তৎপর্য্যায়।—সরট, বেদার, তৃণাঞ্জন, প্রতিসূর্য্য, প্রতিসূর্য্যকযানক, বৃত্তিস্থ, কণ্টকাগার, দুরারোহ, দ্রুমাশ্রয়, কুলাহক, সরটু, কৃকবাকু, কৃকুলাস, গোধা, গোধিকা, পল্লি, পল্লিকা, লক্তিকা, শরণ্ড, বহুরূপ, অণ্ডজ, ক্রকচপাদ্ শুক্রাঙ্গী, বিদারু, সাঞ্জন, সাশয়ন্দক, বৃক্ষশ, গিরিগিটি।
কৃকাটিকা, স্ত্রী. [কৃক+অট+ইকা] ঘাটা, ঘাটী, ঘাড়।
কৃকুলাস, পুং. [কৃকু+লাস] কৃকলাস।
কৃচ্ছ্র, ন. [কৃৎ+ছ্র] কষ্ট, পীড়া, তপস্যা; সান্তাপনাদিব্রত; যন্ত্রণা; পাপ; ব্যামোহ; (ত্রি.) পীড়াকর; পাপী; মূত্রকৃচ্ছ্ররোগ।
কৃচ্ছ্রগত, ত্রি. [কৃচ্ছ্র+গত] যন্ত্রণাযুক্ত, ক্লিষ্ট, তপস্যাগত। [সকষ্ট।
কৃচ্ছ্রয়, ব্য. [কৃচ্ছ্র+য়] সদুঃখ, কৃচ্ছ্রেণ,
কৃচ্ছ্রলব্ধ, ত্রি. [কৃচ্ছ্র+লব্ধ] কষ্টে প্রাপ্ত, যত্নে প্রাপ্ত। [বিশেষ
কৃচ্ছ্রাতিকৃচ্ছ্র, পুং. [কৃচ্ছ্র+অতিকৃচ্ছ্র] ব্রত-
কৃচ্ছ্রাপ্ত-কৃচ্ছ্রোপনত, ত্রি, [কৃচ্ছ্র+আপ্ত-উপনত] কষ্টসাধ্য, ক্লেশে প্রাপ্ত।
কৃচ্ছ্রারি, পুং. [কৃচ্ছ্র+অরি] বিল্বান্তর-বৃক্ষ।
কৃচ্ছ্রার্দ্ধ, পুং. [কৃচ্ছ্র+অর্দ্ধ] দিনষট্ক সাধ্য ব্রতবিশেষ।
কৃচ্ছ্রেণ, ব্য. সকষ্ট, কঠিন।
কৃণু, পুং [কৃ+নু] চিত্রকরজাতি।
কৃৎ, ত্রি. [কৃ+ৎ] কৃত, (পুং) কর্ত্তা।
কৃত, ন. [কৃ+ক্ত] সত্যযুগ; পর্য্যাপ্ত; ফল; অলমর্থ; (ত্রি.) বিহিত; হিংসিত; নিষ্পাদিত; সাধিত; চরিত; সিদ্ধ।
কৃতক, ন. [কৃত+ক] বিড়্লবণ; (ত্রি.) কৃত্রিম, কাল্পনিক।

কৃতকণ্টক, ত্রি. [কৃত+কণ্টক] প্রতারিত; (ন.) বিট্লবণ।
কৃতকরগ্রহ, ত্রি. [কৃত+করগ্রহ] বিবাহিত।
কৃতকর্ত্তব্য, ত্রি. [কৃত+কর্ত্তব্য] নিষ্পাদিত কর্ত্তব্যক্রিয়া।
কৃতকর্ম্মা, ত্রি. [কৃত+কর্ম্মন্] কার্য্যক্ষম, পূর্ব্বেকরা কর্ম্ম, তৎপর্য্যায়।—প্রবীণ, শিক্ষিত, নিষ্ণাত, নিপুণ, দক্ষ, কৃতহস্ত, কৃতমুখ, কুশল, চতুর, অভিজ্ঞ, বিজ্ঞ, বৈজ্ঞানিক, পটু, ছেক, বিদগ্ধ, বিচক্ষণ, বিশারদ, পেশল, কৃতি, যুক্তিমান, নিপুণমতি, সুপ্রয়োগবান, যোগ্য, বিপশ্চিৎ, পণ্ডিত, কল্পনাবুদ্ধি, পারগ, তৎপর, বিদ্বান্, পারদর্শী, প্রজ্ঞ, বিশেষজ্ঞ, ক্ষমতাবান্, অভীষ্টসিদ্ধ।
কৃতকাম, ত্রি. [কৃত+কাম] অন্যে মনোবাঞ্ছা সংপূর্ণকারক; কৃতসংকল্পকব্যক্তি।
কৃতকার্য্য, ত্রি. [কৃত+কার্য্য] নিষ্পন্নকর্ম্ম, সমাপ্তকার্য্য।
কৃতকাল, ত্রি. [কৃত+কাল] নির্দ্ধারিত সময়, নিয়োজিতকাল।
কৃতকূর্চ্চক, ত্রি. [কৃত+কূর্চ্চক] একত্রমিলিত কিম্বা গ্রন্থিত তুলিকা।
কৃতকৃতার্থ, ত্রি. [কৃত+কৃতার্থ] সম্পাদিত কার্য্য, চরিতার্থ; ভাগ্যবান্।
কৃতকৃত্য-কৃতকৃত্যবান্, ত্রি. [কৃত+কৃত্য+বৎ] কৃতকাম, কৃতার্থ, নিষ্পন্নকর্ম্মা, সমাপ্তকার্য্য; কর্ম্মসিদ্ধ। [সম্পূর্ণতা
কৃতকৃত্যতা, স্ত্রী. [কৃতকৃত্য+তা] কৃতিতা,
কৃতকোটি, পুং. [কৃত+কোটি] কাশ্যপমুনি; উপবর্ষমুনি। [পান্বিত।
কৃতকোপ, ত্রি. [কৃত+কোপ] ক্রুদ্ধ, কো-
কৃতকৌতুক, ত্রি. [কৃত+কৌতুক] কুতুহলী, ক্রীড়াবান্; মস্করা।
কৃতক্রয়, পুং. [কৃত+ক্রয়] ক্রেতা, গ্রাহক, ক্রয়কারী। [ম্পাদিতকার্য্য
কৃতক্রিয়, ত্রি. [কৃত+ক্রিয়] কৃতকার্য্য, স-
কৃতক্রুধ, ত্রি. [কৃত+ক্রুধ] কৃতকোপ।
কৃতঘাতযত্ন, ত্রি. [কৃতঘাত+যত্ন] আঘাত করণোদ্যত, অভিযোগী।

কৃতঘ্ন, ত্রি. [কৃত+ঘ্ন] কৃতহন্তা, তৎপর্য্যায়। অকৃতজ্ঞ, অনুপকারজ্ঞ, উপকৃতঘ্ন, অকৃতবেদী, নির্গুণবাদী, অপ্রত্যুপকারী, বিস্মৃতোপকার, অনুপকারী, উপকারানভিজ্ঞ, কৃতনাশক, উপকারবিস্মর্ত্তা, নিমকহারাম। [নিমকহারামী।
কৃতঘ্নতা, স্ত্রী. [কৃতঘ্ন+তা] অকৃতজ্ঞতা,
কৃতচূড়, পুং. [কৃত+চূড়] কেশমুণ্ডিত-সংস্কৃত বালক। [লতা।
কৃতচ্ছিদ্রা, স্ত্রী. [কৃত+ছিদ্রা] কোশাতকী-
কৃতজ, ত্রি. [কৃত+জ] সত্যযুগজাত।
কৃতজন্মা, ত্রি. [কৃত+জন্মন্] জনিত, জাত, সম্ভূত
কৃতজ্ঞ, ত্রি. [কৃত+জ্ঞ] উপকারজ্ঞ, প্রত্যুপকারী, কৃতবেদী, কৃত্যবেদী, গুণবাদী, উপকারস্মর্ত্তা, মর্য্যাদী; (পুং.) কুক্কুর।
কৃতজ্ঞতা, স্ত্রী. [কৃতজ্ঞ+তা] উপকারজ্ঞতা, গুণজ্ঞতা।
কৃততীর্থ, পুং. [কৃত+তীর্থ] পুণ্যক্ষেত্র-প্রদর্শক; মন্ত্রী, পরামর্শক। [দনত্ব।
কৃতত্ব, ন. [কৃত+ত্ব] নিষ্পাদনত্ব, সম্পা-
কৃতত্বর, ত্রি. [কৃত+ত্বর] সত্বর, দ্রুত।
কৃতত্রা, স্ত্রী. [কৃত+ত্রা] ত্রায়মাণালতা।
কৃতদার, ত্রি. [কৃত+দার] ঊঢ়, বিবাহিত, উদ্বাহিত।
কৃতদাস, পুং. [কৃত+দাস] পঞ্চদশ দাসান্তর্গত দাসবিশেষ। [সুধী।
কৃতধী, ত্রি. [কৃত+ধী] কৃতবিদ্য, ধীমান,
কৃতধ্বংস, ত্রি. [কৃত+ধ্বংস] পরাজিত, বিনষ্ট; স্মৃতিনাশ। [চিত।
কৃতধ্বস্ত, ত্রি. [কৃত+ধ্বস্ত] অধিকৃতাপ-
কৃতনাশক, ত্রি. [কৃত+নাশক] অকৃতজ্ঞ, কৃতঘ্ন।
কৃতনিত্যক্রিয়, ত্রি. [কৃত+নিত্য+ক্রিয়] নিত্যধর্ম্মক্রিয়ান্বিত, নিত্যধর্ম্মকৃত।
কৃতনির্ণেজন, পুং. [কৃত+নির্ণেজন] পশ্চাত্তাপী, যে পাপার্থে খেদান্বিত হয়।
কৃতনিশ্চয়, ত্রি. [কৃত+নিশ্চয়] দৃঢ়প্রত্যয়ী, অসন্দিগ্ধ। [রাধী।
কৃতপাপ, ত্রি. [কৃত+পাপ] পাপী, অপ-
কৃতপুঙ্খ, ত্রি. [কৃত+পুঙ্খ] বাণশিক্ষা বিচক্ষণ, ভাল তিরেন্দাজ, কৃতহস্ত, সুপ্রয়োগ বিশিখ।
কৃতপুণ্য, ত্রি. [কৃত+পুণ্য] পুণ্যকর্ম্মনিষ্পন্ন।
কৃতপূর্ব্ব, ত্রি. [কৃত+পূর্ব্ব] পূর্ব্বকৃত, ভূতকৃত।
কৃতপূর্ব্বনাশন, ন. [কৃতপূর্ব্ব+নাশন] কৃতঘ্নতা, অকৃতজ্ঞতা। [ষ্পন্নকর্ম্মা।
কৃতপূর্ব্বী, ত্রি. [কৃতপূর্ব্ব+ইন] পূর্ব্বনি-
কৃতপৌরুষ, ত্রি. [কৃত+পৌরুষ] বীর, সাহসী
কৃতপ্রণাম, ত্রি. [কৃত+প্রণাম) কৃতনমস্কার, কৃতাভিবাদন।
কৃতপ্রযত্ন, ত্রি. [কৃত+প্রযত্ন] উদ্যোগী, কর্ম্মশীল, কর্ম্মঠ।
কৃতফল, ন. [কৃত+ফল] কক্কোল; (ত্রি.) অভীষ্টসিদ্ধ, কৃতার্থ, ফলপ্রাপ্ত।
কৃতফলা, স্ত্রী. [কৃত+ফলা] কোলশিম্বী।
কৃতবান, ত্রি. [কৃত+বৎ] নিষ্পাদিত, বিদিত।
কৃতবাপ, পুং. [কৃত+বাপ] পাপ প্রায়শ্চিত্তার্থে মস্তকাদি মুণ্ডিতশীল।
কৃতবাহ, ত্রি. [কৃত+বাহ] স্পর্শিত, সংলগ্নীকৃত। [বেচা।
কৃতবিক্রয়, পুং. [কৃত+বিক্রয়] বিক্রিত,
কৃতবিক্রিয়, পুং. [কৃত+বিক্রিয়] পরিবর্ত্তিত।
কৃতবিদ্য, ত্রি. [কৃত+বিদ্য] শিক্ষিত; বিদ্বান্, বিদ্যাবান্।
কৃতবিবাহ, ত্রি. [কৃত+বিবাহ] কৃতদার
কৃতবিস্ময়, ত্রি. [কৃত+বিস্ময়] চমৎকৃত, বিস্মিত।
কৃতবুদ্ধি, ত্রি. [কৃত+বুদ্ধি] কৃতধী, বিশেষজ্ঞ।
কৃতবেতন, ত্রি. [কৃত+বেতন] বেতন দ্বারা নিযুক্ত ভৃত্যাদি। [প্রবীণ।
কৃতবেদী, ত্রি. [কৃত+বেদিন্] কৃতজ্ঞ; বিজ্ঞ,
কৃতবেধক-কৃতবেধনা, পুং. [কৃত+বেধক] ঘোষাতকী, শ্বেতঘোষা।
কৃতবেপথু, ত্রি. [কৃত+বেপথু] স্পন্দিত, কম্পিত। [সজ্জিত।
কৃতবেশ, ত্রি. [কৃত+বেশ] ভূষিত, অলঙ্কৃত,

কৃতব্যলিক, ত্রি. [কৃত+ব্যলিক] বিরক্ত, দুঃখিত; ব্যস্ত।
কৃতভয়, ত্রি. [কৃত+ভয়] ভয়জনক, ত্রাস বা আশঙ্কাজনক, বিস্ময়াপন্নকারক।
কৃতমঙ্গল, ত্রি. [কৃত+মঙ্গল] কৃতাভিষেক, উৎসৃষ্ট, প্রতিষ্ঠিত, শুদ্ধীকৃত। [পিত।
কৃতমন্যু, ত্রি. [কৃত+মন্যু] ক্রোধান্বিত, কু-
কৃতমাল, পুং. [কৃত+মাল] আরগ্বধ বৃক্ষ, সোঁদালি, কর্ণিকারবৃক্ষ, ছোটসোণালু।
কৃতমুখ, ত্রি. [কৃত+মুখ] কৃতকর্ম্মা, কৃতী, বৈজ্ঞানিক।
কৃতযুগ, ন. [কৃত+যুগ] সত্যযুগ। [শব্দ।
কৃতরব, ত্রি. [কৃত+রব] প্রতিধ্বনি, প্রতি-
কৃতরুক্, ত্রি. [কৃত+রুচ্] শোভান্বিত, সপ্রতিভ, ঐশ্বর্য্যশালী, শ্রীমান্।
কৃতরুষ, ত্রি. [কৃত+রুষ] কোপান্বিত, উম্মান্বিত।
কৃতলক্ষণ, ত্রি. [কৃত+লক্ষণ] গুণদ্বারা প্রতীত, শৌর্য্যাদিগুণে বিখ্যাত।
কৃতশক্তি, ত্রি. [কৃত+শক্তি] যত্নকৃত, সোদ্যোগী।
কৃতশোভ, ত্রি. [কৃত+শোভ] শোভান্বিত, সুরূপ, মনোহর; নিপুণ, সতর্ক, দক্ষ।
কৃতশৌচ, ত্রি. [কৃত+শৌচ] পবিত্রীকৃত, পরিষ্কৃত, শুদ্ধীকৃত।
কৃতশ্রম, ত্রি. [কৃত+শ্রম] মহোৎসাহ, পরিশ্রমী, কর্ম্মশীল।
কৃতসংজ্ঞ, ত্রি. [কৃত+সংজ্ঞ] লক্ষ্ম, চিহ্ন, ঃ, দাগ।
কৃতসংসর্গ, ত্রি. [কৃত+সংসর্গ] সংযোজনীয় যোগার্হ, সহগমনশীল, প্রীত্যর্হ, সহগত, সংযুক্ত।
কৃতসংস্কার, ত্রি. [কৃত+সংস্কার] অব্যবহৃত, অনমুশীলিত, অকৃত।
কৃতসঙ্কেত, ত্রি. [কৃত+সঙ্কেত] দৃঢ়প্রতিজ্ঞা, সংকেতকরণ।
কৃতসন্ধান, ত্রি. [কৃত+সন্ধান] সংশ্লিষ্ট, সহিত; সন্ধানকরণ।
কৃতসন্নিধান, ত্রি. [কৃত+সন্নিধান] নিকটবর্ত্তী, সমীপবর্ত্তী।
কৃতসম্বন্ধ, ত্রি. [কৃত+সম্বন্ধ] সম্পর্কসূচক, একত্রকারী।
কৃতসাপত্নিকা, স্ত্রী. [কৃত+সাপত্নিকা] কৃতসপত্নীভাব, যে স্ত্রীর স্বামী পুনর্ব্বার আর এক ভার্য্যা গ্রহণ করে, অধ্যূঢ়, অধিবিন্না, কৃতসাপত্নকা, কৃতসাপত্নী, কৃতসাপত্নীকা, কৃতসপত্নিকা
কৃতস্থিত, ত্রি. [কৃত+স্থিত] অবস্থিতিকরণ, থাকন।
কৃতস্বস্ত্যয়ন, ত্রি. [কৃত+স্বস্ত্যয়ন] পরিক্রমাগ্রে ঈশ্বরেরবন্দনা।
কৃতহস্ত, ত্রি. [কৃত+হস্ত] কৃতপুঙ্খ, শরমোক্ষণে সুশিক্ষিত যোধাদি, ভালতীরেন্দাজ; কর্ম্মঠ, নিপুণ।
কৃতাংশ, ত্রি. [কৃত+অংশ] বিভক্তি, অংশিত।
কৃতাকৃত, ত্রি. [কৃত+অকৃত] অযোগ্যরূপেকৃত; বিহিতাবিহিত। [নিপুণ
কৃতাগম, ত্রি. [কৃত+আগম] সংস্কারাপন্ন,
কৃতাগা, ত্রি. [কৃত+অগস্] দুষ্কৃতি, কৃতাপরাধ, পাপকর্ম্মকারী।
কৃতাগ্নিকার্য্য, পুং. [কৃত+অগ্নিকার্য্য] হোমকর্ত্তা।
কৃতাঙ্ক, ত্রি. [কৃত+অঙ্ক] অঙ্কিত, চিহ্নিত
কৃতাঞ্জলি-কৃতাঞ্জলিপুট, ত্রি. [কৃত+অঞ্জলি-পুট] অঞ্জলিবদ্ধযুক্ত করদ্বয়, করপুট, যোড়হস্ত; (পুং.) ওষধিভেদ।
কৃতাত্মা, ত্রি. [কৃত+আত্মন্] আত্মবশ, স্ববশ।
কৃতানতি, ত্রি. [কৃত+আনতি] প্রণতি; কৃতমর্য্যাদা।
কৃতানুকূল্য, ত্রি. [কৃত+আনুকূল্য] সদাশয়, কৃপালু, দয়ালু, অনুগ্রাহক।
কৃতানুব্যাধ, ত্রি. [কৃত+অনুব্যাধ] মিশ্রিত।
কৃতানুসার, পুং. [কৃত+অনুসার] রীতি, ধারা, ব্যবহার, প্রণালী।
কৃতান্ত, পুং. [কৃত+অন্ত] যম; সিদ্ধান্ত; দৈব; অকুশল কর্ম্ম; শনিবার; (ন.) ভক্ষ্যদ্রব্য প্রস্তুত।
কৃতান্তক, পুং. [কৃতান্ত+ক] কৃতান্ত।
কৃতান্তজনক, পুং. [কৃতান্ত+জনক] সূর্য্য।

কৃতান্তা, স্ত্রী. [কৃতান্ত+আ] রেণুকানাম গন্ধদ্রব্য।

কৃতান্ন, ত্রি. [কৃত+অন্ন] ভক্ষিত, অশিত।

কৃতাপকার, ত্রি. [কৃত+অপকার] মন্দকৃত, অপকৃত।

কৃতাপদান, ত্রি. [কৃত+অপদান] শিক্ষা-সম্পন্ন; কর্ম্মসিদ্ধ।

কৃতাপরাধ, ত্রি. [কৃত+অপরাধ] অপরাধী, দোষী, পাপী। [ক্রিয়াসিদ্ধ।

কৃতাবশ্যক, ত্রি. [কৃত+আবশ্যক] কর্ত্তব্য

কৃতাভয়, ত্রি. [কৃত+অভয়] ত্রাসোত্তীর্ণ।

কৃতাভিষেক, ত্রি. [কৃত+অভিষেক) সমারোহ পূর্ব্বক পদাভিষিক্ত; প্রোক্ষিত; (পুং.) রাজকুমার।

কৃতায়াস, ত্রি. [কৃত+আয়াস] পরিশ্রমী, আয়াসিত। [সালঙ্কার।

কৃতাভরণ, ত্রি. [কৃত+আভরণ] সুবেশ,

কৃতাভ্যাস, ত্রি. [কৃত+অভ্যাস] শিক্ষিত, গৃহীতবিদ্য।

কৃতার্থ, ত্রি. [কৃত+অর্থ] কৃতপ্রয়োজন, কৃতকার্য্য, সিদ্ধার্থ, চরিতার্থ।

কৃতার্থতা, স্ত্রী. [কৃতার্থ+তা] চরিতার্থতা, কার্য্য সম্পন্নবোধ।

কৃতার্থমন্য, ত্রি. [কৃতার্থ+মন্য] আপনাকে চরিতার্থ বোধকারী। [কৃতজ্ঞ।

কৃতার্থী, ত্রি. [কৃত+অর্থিন্] চরিতার্থী,

কৃতার্থীকৃত-কৃতার্থীভূত, ত্রি. [কৃতার্থী+কৃত-ভূত] কৃতার্থ, অভীষ্টসিদ্ধ।

কৃতালঙ্কার, ত্রি. [কৃত+অলঙ্কার] কৃতাভরণ, বিভূষিত।

কৃতালয়, পুং. [কৃত+আলয়] ভেক; (ত্রি.) স্থিতিকারক, নিবাসী।

কৃতাবধান, ত্রি. [কৃত+অবধান] সতর্ক, চতুর, সাবধান।

কৃতাবধি, ত্রি. [কৃত+অবধি] নিযোজিত, স্থাপিত; সীমাবদ্ধ।

কৃতাবমর্ষ, ত্রি. [কৃত+অবমর্ষ] অসহনশীল, পরধর্ম্মাসহিষ্ণু।

কৃতাবশকৃথিক, ত্রি. [কৃত+অবশকৃথিক] বস্ত্রাদি দ্বারাপৃষ্ঠ জানু ওজঙ্ঘাদিকৃতবন্ধ।

কৃতাবস্থ, ত্রি. [কৃত+অবস্থা] কৃতাহ্বান; সাক্ষাৎকার; অবস্থিত।

কৃতাবাস, পুং. [কৃত+আবাস] অবস্থান, বাস, প্রবাস। [অঙ্গীকৃত।

কৃতাশন, ত্রি. [কৃত+অশন] ভক্ষিত,

কৃতাসনপরিগ্রহ, ত্রি. [কৃতাসন+পরিগ্রহ] আসনোপবিষ্ট, স্থিতি।

কৃতাস্কন্দন, ত্রি. [কৃত+আস্কন্দন] আক্রমিত। [শস্ত্রী।

কৃতাস্ত্র, ত্রি. [কৃত+অস্ত্র] সশস্ত্র, সন্নদ্ধ,

কৃতাস্পদ, ত্রি. [কৃত+আস্পদ] অধিকারিত সম্রাজিত; অবস্থিতি। [নিত্যকৃত।

কৃতাহক, ত্রি. [কৃত+আহক] দৈনীককৃত,

কৃতাহ্নিক, ত্রি. [কৃত+আহ্নিক] নিত্যকৃত্য। [বস্থ।

কৃতাহ্বান, স্ত্রী. [কৃত+আহ্বান] কৃতা-

কৃতি, স্ত্রী, [কৃ+তি] করণ, ক্রিয়া; অঙ্কশাস্ত্রেদ্বিঘাত; ছন্দোবিশেষ; হিংসা।

কৃতিকর, পুং. [কৃতি+কর] রাবণ; (ত্রি.) ক্ষমতাবান্; কার্য্যদক্ষ।

কৃতিতা-কৃতিত্ব, স্ত্রী. ন. [কৃতি+তা+ত্ব] যোগ্যতা, ক্ষমতা, পাণ্ডিত্য,।

কৃতিপ্রকৃতি, স্ত্রী. [কৃতি+প্রকৃতি] অঙ্কবিদ্যাভেদ।

কৃতী, ত্রি. [কৃত+ইন্] নিপুণ; পণ্ডিত; সাধু; পুণ্যবান্; ক্ষমতাবান্।

কৃতে, ব্য. নিমিত্তে, হেতো।

কৃতের্ষ্য, ত্রি. [কৃত+ঈর্ষ্যা] ঈর্ষ্যী, হিংস্রক, পরশ্রী কাতর, মৎসর।

কৃতোচ্চৈঃ, ব্য. [কৃত+উচ্চৈস্] উর্দ্ধোত্থিত, উত্তুঙ্গ, অভ্যুত্থিত। [লিত।

কৃতোদক, ত্রি; [কৃত+উদক] ধৌত, প্রক্ষা-

কৃতোদ্বাহ, ত্রি. [কৃত+উদ্বাহ] কৃতদার; উর্দ্ধবাহুস্থিত।

কৃতোপকার, ত্রি. [কৃত+উপকার] আনুকূল্য, কৃতসাহায্য; হিতৈষী; অনুগ্রাহক।

কৃতোপনয়ন, পুং. [কৃত+উপনয়ন] কৃতযজ্ঞোপবীত।

কৃতোপভোগ, ত্রি. [কৃত+উপভোগ] ভোগকৃত, ব্যবহৃত।

কৃত্ত, ত্রি. [কৃৎ+ত] ছিন্ন, কর্ত্তিত, খণ্ডিত; চেষ্টিত, বাঞ্ছিত।
কৃত্তি, স্ত্রী. [কৃৎ+তি] কৃষ্ণসারাদিচর্ম্ম; ত্বক্; ভূর্জ্জ; কৃত্তিকানক্ষত্র।
কৃত্তিক, ত্রি. [কৃত্তি+ক] কর্ত্তিত, খণ্ডিত- হিংসিত।
কৃত্তিকা, স্ত্রী. [কৃত্তি+কা] অশ্বিন্যাদি সপ্ত- বিংশত্যন্তর্গততৃতীয়নক্ষত্র, বহুলা, অগ্নি- দেবা; অপ্সরা, বিদ্যাধরী
কৃত্তিকাভব, পুং. [কৃত্তিকা+ভব] চন্দ্র।
কৃত্তিকাসুত, পুং. [কৃত্তিকা+সুত] কার্ত্তি- কেয়।
কৃত্তিবাস-কৃত্তিবাসাঃ,পুং.[কৃত্তি+বাস-বাসস্] শিব মহাদেব, (ত্রি) চর্ম্মবাসধারী।
কৃত্নু, ত্রি. [কৃ+অত্নু] শিল্পী।
কৃত্য, ন, [কৃত+য] কার্য্য, কর্ত্তব্যকর্ম্ম, প্রয়োজন; (ত্রি.) বিদ্বিষ্ট; কার্য্য; ধনা- দিরভেদ্য; প্রত্যয়বিশেষ।
কৃত্যক, পুং; [কৃত্য+ক] হিংস্রক, ক্ষতি- কারক। [রজ্জ।
কৃত্যজ্ঞ, ত্রি. [কৃত্য+জ্ঞ] কৃতজ্ঞ, উপকা-
কৃত্যবর্ত্ম, ন.[কৃত্য+বর্ত্মন্]সৎপথ, সুধারা।
কৃত্যবিদ, পুং. [কৃত্য+বিদ] বিজ্ঞ, প্রজ্ঞ, জ্ঞানী। [সদ্রীতি।
কৃত্যবিধি, স্ত্রী. [কৃত্য+বিধি] সুনিয়ম,
কৃত্যা, স্ত্রী. [কৃত্য+আ] ক্রিয়া; অভিচারি- কীক্রিয়া; দেবতা; যজ্ঞদেবতাবিশেষ।
কৃত্রিম, ত্রি. [কৃ+ত্রিম] রচিত, কাল্পনিক, মিথ্যা, করণাজ্জাত; (পুং.) সিহ্লক; দ্বাদশপুত্রান্তর্গত পুত্রবিশেষ; (ন) বিড়্ লবণ; কাচলবণ; জবাদিনাম গন্ধদ্রব্য; রসাঞ্জন। [গন্ধদ্রব্য।
কৃত্রিমক, পুং. [কৃত্রিম+ক] তুরুষ্কনাম
কৃত্রিমধুপক, পুং. [কৃত্রিম+ধুপক] নানা সুগন্ধিদ্রব্যকৃত দশাঙ্গাদি ধুপ, বৃকধুপ।
কৃত্রিমপুত্র, পুং. [কৃত্রিম+পুত্র] দ্বাদশবিধ পুত্র মধ্যে পুত্রবিশেষ, পোষ্যপুত্র; পুত্তলিকা।
কৃত্রিমমিত্র, পুং; [কৃত্রিম+মিত্র] রচিতবন্ধু, কাল্পনিকমিত্র।
কৃত্রিমলেখ্য, পুং. [কৃত্রিম+লেখ্য] মিথ্যা- লিপি, জালখত।
কৃত্রিমশত্রু, পুং. [কৃত্রিম+শত্রু] কাল্পনিক বিপক্ষ, মিথ্যারাতি।
কৃৎস, ন. [কৃৎ+স] জল; (ত্রি.) সমুদায়।
কৃৎস্ন, ন. [কৃৎ+স্ন] জল; সর্ব্ব; কুক্ষি; (ত্রি.) অশেষ, সমস্ত।
কৃৎস্নবিদ, ত্রি. [কৃস্ন+বিদ্] সর্ব্বব্যাপী।
কৃৎস্নশঃ, ব্য. [কৃৎস্ন+শস্] সর্ব্বতঃ, ভাব- রূপে, সর্ব্বথাসর্ব্বতোভাবে।
কৃদর, পুং. [কৃৎ+অর]ধান্যাদিগৃহ, গোলা।
কৃদন্ত, পুং. [কৃৎ+অন্ত] ক্রিয়োপপাদন ব্যাকরণসূত্র।
কৃন্তত্র, ন. [কৃন্+তত্র] লাঙ্গল।
কৃন্তন, ন. [কৃন্+তন] ছেদন, কর্ত্তন, কাটন। [কাতার।
কৃন্তনিকা, স্ত্রী. [কৃন্তন+ইকা] ছুরিকা; ছুরি-
কৃপ, পুং. [কৃপ্+অ] কৃপাচার্য্য, দ্রোণা- চার্য্যের শ্যালক; ব্যাস।
কৃপণ, পুং. [কৃপ্+অন] কৃমি; (ত্রি.) অদাতা, তৎপর্য্যায়।—কদর্য্য, কিম্পচান, মিতম্পচ, ক্ষুদ্র, কিম্পচ, অনমিতম্পচ, মন্দ, কীকট, কুমুৎ, কীণাশ, দৃঢ়মুষ্টি, গাঢ়মুষ্টি, অদা- নশীল, স্বল্পব্যয়ী, ব্যয়পরাঙ্মুখ, ব্যয়শ- ঙ্কিত, অত্যাগশীল, অনুদার, মৎসরী, অর্থপর, ধনলাভপর, পরিমিতব্যয়ী, মিত- ব্যয়ী, ব্যয়শঙ্কী, বদ্ধমুষ্টি, ত্যাগপরাঙ্মুখ, দানশত্রু, স্বল্পদাতা, ব্যয়কুণ্ঠ, ক্ষুদ্রাশয়, নিকৃষ্ট; কঞ্জুস, কাপটিয়া, বখিল, সুম, কড়িকিপ্টিয়া, পুঁট্যাতেলী, কাপ্টা, কষা, মাছিটেপা, হাতকষা, ইতিভাষা প্রয়োগ। কুৎসিত; মহাব্যসনপ্রাপ্তদীন।
কৃপণধী, ত্রি. [কৃপণ+ধী] ক্ষুদ্রান্তঃকরণ।
কৃপণবৎসল, ত্রি. [কৃপণ+বৎসল] দীন- দয়ালু। [অল্পবুদ্ধি।
কৃপণবুদ্ধি, ত্রি. [কৃপণ+বুদ্ধি] কৃপণধী,
কৃপয়া, ব্য. [কৃপা+আ]দয়াপূর্ব্বক, সকারুণ্য, সানুকম্প, সদয়, স্নেহপূর্ব্বক।
কৃপা, স্ত্রী. [কৃপ+আ] করুণা, কারুণ্য, দয়া, অনুকম্পা, অনুক্রোশ, অনুগ্রহ, দয়ালুতা,

করুণার্দ্রতা, হৃদ্যোক্তি, আপন্নরক্ষণ, ঘৃণা, প্রসাদ, প্রসন্নতা, অনুরোধ।

কৃপাকর, ত্রি. [কৃপা+কর] কারুণিক, দয়াশীল। [ব্যক্তি।

কৃপাকর্ত্তা, পুং. [কৃপা+কর্ত্তৃ] করুণার্দ্র-

কৃপাকারী, ত্রি. [কৃপা+কারিন্] কারুণিক, সকরুণ। [অসি, খাঁড়া।

কৃপাণ-কৃপাণক, পুং. [কৃপা+ন+ক] খড়্গ,

কৃপাণিকা, স্ত্রী. [কৃপাণ+ইকা] ছুরিকা।

কৃপাণী, স্ত্রী. [কৃপাণ+ঈ] কর্ত্তরী, কাঁচি; ছুরিকা, ছুরী।

কৃপাদ্বৈত, পুং. [কৃপা+অদ্বৈত] বুদ্ধভেদ।

কৃপানিধান-কৃপানিধি, পুং. [কৃপা+নিধান-নিধি] করুণার্ণব, অত্যন্তদয়াশীল।

কৃপাবত্তা, পুং. [কৃপাবৎ+তা] সদয়ত্ব, কারুণ্য।

কৃপাবলোকন, ন. [কৃপা+অবলোকন] করুণাবেক্ষণ, দয়াদৃষ্টি।

কৃপাময়, ত্রি. [কৃপা+ময়] করুণাময়, দয়াময়, ক্ষমাবান্।

কৃপালু, ত্রি. [কৃপা+আলু] দয়ালু, করুণাময়, সানুকম্পক।

কৃপাসিন্ধু, পুং. [কৃপা সিন্ধু] করুণানিধান, করুণাবরুণালয়।

কৃপাহীন, ত্রি. [কৃপা+হীন] নিষ্ঠুর, ক্রূর, কঠিনান্তঃকরণ, অকৃপ।

কৃপী, স্ত্রী. [কৃপ+ঈ] দ্রোণাচার্য্যপত্নী।

কৃপীট, ন. [কৃপ+ঈট] উদর; জল; বিপিন; ইন্ধন।

কৃপীটপাল, পুং. [কৃপীট+পাল] কেনিপাত, হাইল; সমুদ্র; পবন, বায়ু।

কৃপীটযোনি, পুং. [কৃপীট+যোনি] অগ্নি।

কৃপীপতি, পুং. [কৃপী+পতি] দ্রোণাচার্য্য।

কৃপীপুত্র-কৃপীসুত, পুং. [কৃপী+পুত্র-সুত] অশ্বত্থামা।

কৃবি, পুং. [কৃ+বি] বাপযন্ত্র, তাঁত।

কৃমি, পুং. [কৃম+ই] কীট, নীলাঙ্গ, নীলাঙ্গু, ক্রিমি, পুণ্ড্র, পোকা; লাক্ষা; উদরজাত কীটরোগ; রাক্ষস; (ত্রি.) কৃমিল; খর

কৃমিকণ্টক, ন. [কৃমি+কণ্টক] বিড়ঙ্গ; চিত্রাঙ্গ; উডুম্বর।

কৃমিকর্ণ, পুং. [কৃমি+কর্ণ] কর্ণজলৌকা।

কৃমিকোষোত্থ, ত্রি. [কৃমি+কোষ+উত্থ] কৌষেয়, রেসমীকাপড়।

কৃমিগ্রন্থি, পুং. [কৃমি+গ্রন্থি] পদ্মকীট।

কৃমিঘ্ন, পুং. [কৃমি+ঘ্ন] বিড়ঙ্গ; পলাণ্ডু, কোলকন্দ; পারিভদ্র; ভল্লাতক; (ত্রি,) কৃমিনাশক।

কৃমিঘ্না, স্ত্রী. [কৃমি+ঘ্না] হরিদ্রা।

কৃমিঘ্নী. স্ত্রী. [কৃমি+ঘ্নী] ধূমপত্রা; বিড়ঙ্গ।

কৃমিজ-কৃমিজগ্ধ, ন. [কৃমি+জ+জগ্ধ] অগুরু।

কৃমিজলজ, পুং. [কৃমি+জলজ] কৃমিশঙ্খ।

কৃমিজা, স্ত্রী. [কৃমি+জা] লাক্ষা।

কৃমিদন্তক, পুং. [কৃমি+দন্তক] দন্তশূল, দাঁতকড়া। [শঙ্খ।

কৃমিবারিরুহ, পুং. [কৃমি+বারিরুহ] কৃমি-

কৃমিবৃক্ষ, পুং. [কৃমি+বৃক্ষ] কোষাম্র।

কৃমিভোজন, ন. [কৃমি+ভোজন] নরকবিশেষ।

কৃমিরিপু, পুং. [কৃমি+রিপু] বিড়ঙ্গ।

কৃমিল, ত্রি. [কৃমি+ল] কৃমি।

কৃমিলা, স্ত্রী. [কৃমি+লা] বহুপ্রসূ, বহুসন্তানপ্রসবা; (ত্রি.) কৃমিযুক্ত।

কৃমিশঙ্খ, পুং. [কৃমি+শঙ্খ] জীবশঙ্খ, তৎপর্য্যায়।—কৃমিজলজ, কৃমিবারিরুহ, জন্তুকম্বু। [কস্তুরা।

কৃমিশুক্তি, স্ত্রী. [কৃমি+শুক্তি] জলশুক্তি,

কৃমিশৈলক, পুং. [কৃমি+শৈলক] বল্মীক, উইপোকার ঢিপি। [নাশক।

কৃমিহর, ত্রি. [কৃমি+হর] কৃমিঘ্ন, কৃমি-

কৃমীলক, পুং. [কৃমি+ইলক] বনমুদ্গ।

কৃশ, ত্রি. [কৃশ্+অ] অল্প; সূক্ষ্ম; ক্ষীণ।

কৃশতা, স্ত্রী. [কৃশ+তা] ক্ষীণতা, নির্ম্মাংসত্ব, অপুষ্টত্ব, কাহিলী।

কৃশর, পুং. [কৃ+শর] তুল্যতিলান্ন, ত্রিসর, তিলের খিচড়ি।

কৃশরা, স্ত্রী. [কৃশর+আ] তিলৌদন; দ্বিদল মিশ্রিতান্ন, খিচড়ী। পুর্কো...

কৃশলা, স্ত্রী. [কৃশ+লা] কেশ, কু...

কৃশশাখ, পুং. [কৃশ+শাখ] পর্পট।
কৃশাকু, পুং. [কৃশ+আকু] উষ্ণতা, উত্তাপ; বিষাদ। [শীর্ণ।
কৃশাঙ্গ, ত্রি. [কৃশ+অঙ্গ] কৃশ, ক্ষীণ, সূক্ষ্ম,
কৃশাঙ্গী, স্ত্রী. [কৃশাঙ্গ+ঈ] প্রিয়ঙ্গুবৃক্ষ; (ত্রি) সূক্ষ্মাঙ্গবিশিষ্ট।
কৃশানু, পুং. [কৃশ+আনু] অগ্নি; চিত্রকবৃক্ষ।
কৃশানুরেতা, পুং. [কৃশানু+রেতস্] শিব।
কৃশানুসাৎভূত, ত্রি. [কৃশানু+সাৎ+ভূত] উষ্ণীকৃত, দগ্ধ।
কৃশাশ্ব, পুং. [কৃশ+অশ্ব] মুনিবিশেষ, রাজ-বিশেষ।
কৃশাশ্বী, পুং. [কৃশাশ্ব+ইন্] নট; দিগ্বা-জীকর। [মাকড়সা।
কৃশাক্ষ, পুং. [কৃশ+অক্ষ] উর্ণনাভ, লূতা,
কৃশিকা, স্ত্রী. [কৃশিক+আ] আখুকর্ণীলতা।
কৃশোদর, পুং. [কৃশ+উদর] ক্ষীণমধ্য; ক্ষীণোদর; তনুশরীর।
কৃশোদরী, স্ত্রী. [কৃশ+উদরী] ক্ষীণমধ্যাস্ত্রী।
কৃষক, ত্রি. [কৃষ্+অক] কর্ষক, আকর্ষণীয়; (পুং.) ফাল; বৃষ; কৃষিজীবী। [চাষা।
কৃষাণ, পুং. [কৃষ্+আন] কৃষক, লাঙ্গল,
কৃষাণী, (প্রা) কৃষিকর্ম্ম; কার্ষি, চাসবাস।
কৃষাণু, পুং. [কৃষ্+আনু] অগ্নি, কৃশানু।
কৃষি, স্ত্রী. [কৃষ+ই] বৈশ্যবৃত্তি বিশেষ, চাসকর্ম্ম, কর্ষণ, অনৃত, প্রনৃত, চাস।
কৃষিক, পুং. [কৃষ্+ইক] ফাল; কর্ষক।
কৃষিকর্ম্ম, ন. [কৃষি+কর্ম্ম] ক্ষেত্রকর্ষণাদি-কার্য্য, কৃষাণী, শস্যোৎপাদনক্রিয়া।
কৃষিজীবী, স্ত্রী. [কৃষি+জীবী] কৃষক, কৃষী-বল, কর্ষক; চাসা। [লাভ।
কৃষিফল, ন. [কৃষি+ফল] উৎপত্তি, ফল,
কৃষিযোগ্য, ত্রি. [কৃষি+যোগ্য] কর্ষণীয়, চাষোপযুক্ত। [চাষা।
কৃষিলোক, পুং. [কৃষি+লোক] কৃষক,
কৃষীবল, ত্রি. [কৃষি+বল] কৃষিজীবী, কর্ষক, চাসী; কাকজংঘাবৃক্ষ; (পুং.) কৃষক।
কৃষ্কর, পুং. [কৃষ+কর] শিব।
কৃত্রিম, ত্রি. [কৃষ্+ত] কৃষ্টক্ষেত্র, সীতা, হল্য, কার্ষ্টিত, চষাক্ষেত।
কৃষ্টপচ্য-কৃষ্টপাক্য, ত্রি. [কৃষ্ট+পচ্য-পাক্য] ব্রীহিধান্য। [প্রস্তরবিশেষ।
কৃষ্টল, ন. [কৃষ্ট+ল] গুঞ্জা; পরিমাণবিশেষ;
কৃষ্টক্ষেত্র, ত্রি. [কৃষ্ট+ক্ষেত্র] কর্ষিতক্ষেত্র, হল্য। [আকর্ষণ।
কৃষ্টি, পুং. [কৃষ্+তি] পণ্ডিত; (স্ত্রী) কর্ষণ;
কৃষ্ণংশ্রিত, ত্রি. [কৃষ্ণং+শ্রিত] কৃষ্ণাশ্রিত, কৃষ্ণোপাসক, বৈষ্ণব।
কৃষ্ণ, পুং. [কৃষ্+ণ] ভগবদবতারবিশেষ, তৎপর্য্যায়।—অ, অচ্যুত, অজ, অজিত, অধোক্ষজ, অনন্ত, অব্ধিশয়ন, অপ-রাজিত, অরিষ্টসূদন, অসুররিপু, অহি-জিৎ, অক্ষর, আত্মভূ, আত্মযোনি, আদিদেব, আদিবরাহ, ইন্দিরামন্দির, ইন্দ্রানুজ, ইন্দ্রাবরজ, ইরেশ, উচ্চদেব, উপেন্দ্র, উরুগায়, ঊর্দ্ধদেব, ঋতধামা, এ, একশৃঙ্গ, কংসজিৎ, কংসহা, কং-সারাতি, কংসারি, ক, কান্ত, কালনেমি-রিপু, কালনেমিশত্রু, কালনেম্যরি, কা-লনেমিহা, কালযবনজিৎ, কালিয়জিৎ, কুকুরাধিনাথ, কুমোদক, কুস্তুভ, কেশ, কেশব, কেশট, কেশয়, কেশিনিসূদন, কেশিহা, কেশী, কৈটভজিৎ, কৈটভহা, কোক, কৌস্তুভবক্ষা, কৌস্তুভলক্ষক, গদা-গ্রজ, গদাধর, গদাভৃৎ, গদী, গরুড়ধ্বজ, গুহাশয়, গোপাল, গোপালক, গোপী-নাথ, গোপেন্দ্র, গোপেশ, গোবর্দ্ধনধর, গোবর্দ্ধনধারী, গোবিন্দ, গৃধ্নু, ঘনশ্যাম, চক্রধর, চক্রপাণি, চক্রবান্ চক্রভৃৎ, চক্রহস্ত, চক্রী, চতুর্ভুজ, চতুষ্পাণি, চানুরজিৎ, চানুরসূদন, চিরজীবী, জগ-দীশ, জগদযোনি, জগন্নাথ, জনার্দ্দন, জম্মকীল, জয়পাল, জলশয়, জলশয়ন, জলশায়ী, জহ্নু, জাম্ববতীপতি, জিতা-মিত্র, জিন, জিষ্ণু, তার্ক্ষ্যধ্বজ, তার্ক্ষ্য-নায়ক, তুঙ্গীশ, ত্রিধামা, ত্রিপাদ্, ত্রিবি-ক্রম, ত্রিভঙ্গ, দশরূপভৃৎ, দামোদর, দেবকীনন্দন, দেবকীপুত্র, দেবকীসূনু, দৈত্যারি, দৈবকীনন্দন, দ্বারকানাথ, দ্বারকেশ, ধম, ধরণীধর, ধরাধর, ধ্বত্বন,

ধেনুকসূদন, ধেনুকারি, ধ্রুব, নন্দ, নন্দকী, নন্দনন্দন, নন্দাত্মজ, নরকজিৎ, নরকান্তক, নরহরি, নরসিংহ, নরায়ণ, নলিনেশয়, নীলমাধব, নৃহরি, নৃসিংহ, পদ্মনাভ, পদ্মপলাশলোচন, পদ্মেশ, পদ্মেশয়, পরপুরুষ, পরমাত্মঙ্গগ, পরমাদ্বৈত, পরমেশ্বর, পাঞ্চজন্যধর, পাণ্ডবাভীল, পাণ্ডবায়ন, পীতবাসা, পীতাম্বর, পুণ্যশ্লোক, পুণ্ডরীকাক্ষ, পুনর্ব্বসু, পুরাণপুরুষ, পুরুষ, পুরুষোত্তম, পুষ্করাক্ষ, পূতনারি, পূতনাহা, পূতনাসূদন, পৃশ্নিগর্ত্ত, পৃশ্নিভদ্র, পৃশ্নিশৃঙ্গ, পোতা, পৌণ্ড্রকজিৎ, প্রভু, প্রশ্নিশৃঙ্গ, বংশীধর, বকজিৎ, বকনিসূদন, বকবৈরী, বকারি, বৎসপাল, বনমালী, বভ্রু, বর্দ্ধমান, বলানুজ, বলিহা, বলিধ্বংসী, বসু, বসুদেবভূ, বহুমূর্দ্ধা, বাণহা, বাণারি, বামন, বারিশ, বাসু, বাসুদেব, বাসুভদ্র, বাহুভেদী, বিক্রমী, বিভু, বিরিঞ্চ, বিরিঞ্চি, বিধু, বিশালাক্ষ, বিশ্বগোপ্তা, বিশ্বচক্রাত্মা, বিশ্বরূপ, বিশ্বরূপী, বিশ্বক্সেন, বিশ্বাত্মা, বিশ্বম্ভর, বিষ্টরশ্রবা, বিষ্ণু, বীতভয়, বীর, বীরবাহু, বীরহা, বৃন্দাবনেশ্বর, বৃশ্চীর, বৃষশক্র, বৃষাকপি, বৃষান্তক, বৃষ্ণি, বৃষ্ণিগর্ত্ত, বেধা, বৈকুণ্ঠ, বৈক্রৈ, বোধজ্ঞ, ব্যক্তরূপ, ব্যবস্থান, ব্রজকিশোর, ব্রজনাথ, ব্রজমোহন, ব্রহ্মণ্যদেব, ভগবান, ভরু, ভুংভুং, ভূতভাবন, ভূরি, মঞ্জুকেশী, মথুরেশ, মদনমোহন, মধুজিৎ, মধুভিৎ, মধুমথন, মধুরিপু, মধুসূদন, মধুহা, মনোজবা, মহাপুরুষ, মহাপ্রভু, মহেন্দ্র, মাধব, মার্জ্জ, মাল, মিতি, মুকুন্দ, মুক্তিদ, মুরমর্দ্দন, মুররিপু, মুরলীধর, মুঞ্জকেশী, মুরহা, মুরারি, মৈন্দহা, যজ্ঞপুরুষ, যজ্ঞেশ্বর, যদুপতি, যদুনাথ, যবনারি, যমলার্জ্জুনহা, যাদব, যোগেশ, রথাঙ্গপাণি, রন্তিদেব, রমাধব, রমানাথ, রমাপতি, রমাপ্রিয়, রমেশ্বর, রসিকেশ্বর, রাধাকান্ত, রাধানাথ, রাধাবল্লভ, রাধিকেশ, রাহুভেদী, রাহুহা, লোহিতাক্ষ, লক্ষ্মীশ, লক্ষ্মীকান্ত, লোকনাথ, শকটহা, শকটভৃৎ, শঙ্খভৃৎ, শঙ্খী, শতধামা, শতানন্দ, শতাবর্ত্ত, শশবিন্দু, শার্ঙ্গভৃৎ, শার্ঙ্গী, শিবকীর্ত্তন, শিশুপালহা, শৈলধর, শৌরি, শ্যাম, শ্যামসুন্দর, শ্রীকান্ত, শ্রীকর, শ্রীগর্ত্ত, শ্রীধর, শ্রীনিকেতন, শ্রীনিবাস, শ্রীপতি, শ্রীবৎস, শ্রীবৎসভৃৎ, শ্রীবৎসলাঞ্ছন, শ্রীবৎসাঙ্ক, শ্রীবরাহ, শ্রীমান্, শ্রীশ, শ্রীহরি, ষড়ঙ্গজিৎ, ষড়্‌বিন্দু, সতাবর্ত্ত, সদাতন, সদাযোগী, সনাতন, সব্য, সহস্রপদ, সহস্রবদন, সহস্রভুজ, সহস্রমূর্দ্ধা, সহস্রমৌলী, সহস্রশ্রবণ, সহস্রানন, সহস্রাক্ষ, সামগর্ত্ত, সাল্বহা, সিন্ধুশয়ন, সুভদ্র, সুপর্ণকেতু, সুবর্ণবিন্দু, সুযামুন, সুরেশ্বর, সোনসিন্ধু, স্বভূ, স্বয়ম্ভু, স্বর্ণবিন্দু, হংস, হয়গ্রীবহা, হয়শীর্ষ, হরি, হিরণ্যকশিপুহা, হেমশঙ্খ, হৃষীকেশ; ব্যাস; অর্জ্জুন; কোকিল; কাক; করমর্দ্দক; বর্ণবিশেষ, তৎপর্য্যায়।—নীল, অসিত, শ্যাম, কাল, শ্যামল, মেচক, বহুল, রাম, শিতি; (ত্রি.) তদ্‌যুক্ত, (ন.) মরিচ; লৌহ; নীলাঞ্জন; কালাগুরু।

কৃষ্ণকন্দ, ন. [কৃষ্ণ+কন্দ] রক্তোৎপল।

কৃষ্ণকর্ম্মা, ত্রি. [কৃষ্ণ+কর্ম্মন্] পাপাচারযুক্ত, অপরাধী, পাপী।

কৃষ্ণকলি-কৃষ্ণকাষ্ঠ, স্ত্রী. ন. [কৃষ্ণ+কলি-কাষ্ঠ] কালাগুরু। [দাঁড়কাক।

কৃষ্ণকাক, পুং. [কৃষ্ণ+কাক] দ্রোণকাকবিশেষ,

কৃষ্ণকেলি, পুং. [কৃষ্ণ+কেলি] পুষ্পলতাবিশেষ। [জুয়ারি।

কৃষ্ণকোহল, পুং. [কৃষ্ণ+কোহল] দ্যূতকৃৎ,

কৃষ্ণগন্ধা, স্ত্রী. [কৃষ্ণ+গন্ধা] শোভাঞ্জনবৃক্ষ।

কৃষ্ণগর্ত্ত, পুং. [কৃষ্ণ+গর্ত্ত] কট্‌ফল।

কৃষ্ণচঞ্চুক, পুং. [কৃষ্ণ+চঞ্চুক] চণক।

কৃষ্ণচতুর্দ্দশী, স্ত্রী. [কৃষ্ণ+চতুর্দ্দশী] কৃষ্ণপক্ষীয় চতুর্দ্দশী, ভূত।

কৃষ্ণচর, পুং. [কৃষ্ণ+চর] কৃষ্ণের ভূতপূর্ব্বো গবাদি।

কৃষ্ণচূড়া, স্ত্রী. [কৃষ্ণ+চূড়া] লতাবিশেষ; স্বনামখ্যাত সকণ্টক পুষ্পবৃক্ষবিশেষ।
কৃষ্ণচূড়িকা, স্ত্রী. [কৃষ্ণ+চূড়িকা] গুঞ্জা।
কৃষ্ণচূর্ণ, ন. [কৃষ্ণ+চূর্ণ] লৌহমল।
কৃষ্ণজটা, স্ত্রী. [কৃষ্ণ+জটা] জটামাংসী।
কৃষ্ণজন্মাষ্টমী, স্ত্রী. [কৃষ্ণজন্মন্+অষ্টমী] ভাদ্রকৃষ্ণাষ্টমী।
কৃষ্ণজীরক, পুং. [কৃষ্ণ+জীরক] কৃষ্ণবর্ণজীরক, কেলেজীরা, তৎপর্য্যায়।—সুষবী, কারবী, পৃথ্বী, পৃথু, কালা, উপকুঞ্চিকা, নয়নানন্দ, উপকুঞ্চি, সুশবী, কুঞ্চিকা, কৃষ্ণা, জরণা, শালী, বহুগন্ধা, পৃথুকা, পৃথিবী, ভেষজ, কৃষ্ণবর্ণ স্থূলজীরক।
কৃষ্ণজীরা, (প্রা) কৃষ্ণজীরক।
কৃষ্ণঝাঁটী, (প্রা) নীলীবৃক্ষ।
ক্রিয়াপর, ত্রি. [ক্রিয়া+পর] কর্ম্মঠ, সুকর্ম্মা, পটু, শ্রমী, মহোদ্যমী। [সম্পূর্ণ।
ক্রিয়াপবর্গ, পুং. [ক্রিয়া+অপবর্গ] কার্য্য-
ক্রিয়াপাদ, পুং. [ক্রিয়া+পাদ] চতুষ্পাদ ব্যবহারান্তর্গত তৃতীয়পাদ, সাক্ষ্যলিখিত ভুক্তি যুক্তি শপথরূপ।
ক্রিয়াপ্রসঙ্গ, পুং. [ক্রিয়া+প্রসঙ্গ] ক্রিয়াবিধি, অনুষ্ঠান
ক্রিয়াফল, ন. [ক্রিয়া+ফল] কর্ম্মফল।
ক্রিয়াবশ, পুং. [ক্রিয়া+বশ] কার্য্যবশ; প্রাক্কৃতক্রিয়াবোধ।
ক্রিয়াবসন্ন, ত্রি. [ক্রিয়া+অবসন্ন] সাক্ষ্যাদিরদ্বারা পরাজয়প্রাপ্ত, পরাজিত
ক্রিয়াবাচক, ন. [ক্রিয়া+বাচক]ধাতুসাধিত।
ক্রিয়াবাদী, পুং. [ক্রিয়া+বাদিন্] প্রমাণবাদী; কার্য্যবাদী, ফরিয়াদী।
ক্রিয়াবান্, ত্রি. [ক্রিয়া+বৎ] কর্ম্মোদ্যত, কর্ম্মেতে উদ্যোগী, ক্রিয়াতেনিযুক্ত।
ক্রিয়াবিধি, স্ত্রী. [ক্রিয়া+বিধি] কর্ম্মবৃত্ত; প্রয়োগ।
ক্রিয়াবিধিজ্ঞ, ত্রি. [ক্রিয়া+বিধিজ্ঞ] বৈধাভিজ্ঞ। [শব্দ।
ক্রিয়াবিশেষণ, ন. [ক্রিয়া+বিশেষণ] অব্যয়-
ক্রিয়াভ্যুপগম, পুং. [ক্রিয়া+অভ্যুপগম] পরস্পর ক্রিয়াস্বীকার, দুইজনে কোন বিষয়ে পরস্পর অঙ্গীকারের অনুমতি
ক্রিয়াযোগ, পুং. [ক্রিয়া+যোগ] কর্ম্মযোগ, বৈধানুরাগ; দেবতারাধন এবং দেবালয়াদি করণ রূপ পুণ্যজনক কার্য্য।
ক্রিয়ারূপ, ন. [ক্রিয়া+রূপ] ধাতুরূপ, আখ্যাত।
ক্রিয়ালোপ, পুং. [ক্রিয়া+লোপ] কর্ম্মোপরতি, কর্ম্মনিবৃত্তি। [সাহ।
ক্রিয়াশক্তি, স্ত্রী. [ক্রিয়া+শক্তি] করণোৎ-
ক্রিয়াহনন, ন. [ক্রিয়া+হনন] ক্রিয়ানাশ, কার্য্যধ্বংস; ফলনিবারণ

ক্রিয়েন্দ্রিয়, ন. [ক্রিয়া+ইন্দ্রিয়] কর্ম্মেন্দ্রিয়, মুখাদিপঞ্চ।
ক্রীড়, পুং. [ক্রীড়্+অ] পরিহাস।
ক্রীড়ক, পুং. [ক্রীড়্+অক] ক্রীড়াকারী।
ক্রীড়ন, ন. [ক্রীড়্+অন] খেলা, খেলন, লীলাকরণ।
ক্রীড়নক, ন. [ক্রীড়ন+ক] ক্রীড়াদ্রব্য, খেলনী, ক্রীড়াবস্তু। [কলাকেলি।
ক্রীড়মান, ত্রি. [ক্রীড়+মান] ক্রীড়াবান্,
ক্রীড়া, স্ত্রী. [ক্রীড়+আ] পরিহাস, খেলা, কেলি, কৌতুক, লীলা, সম্ভোগ; অবজ্ঞান।
ক্রীড়াকারক, স্ত্রী. [ক্রীড়া+কারক] ক্রীড়াবান্, লীলাশীল। [কত্ব।
ক্রীড়াকুত, ন. [ক্রীড়া+কুত] স্বৈরিতা, কামু-
ক্রীড়াকোপ, পুং. [ক্রীড়া+কোপ] কেলি রোষ।
ক্রীড়াকৌতুক, ন. [ক্রীড়া+কৌতুক] কেলি কৌতুক, বিলাস, বিহার।
ক্রীড়াতাল, পুং.[ক্রীড়া+তাল] তালপ্রভেদ।
ক্রীড়াবন, ন. [ক্রীড়া+বন] আক্রীড়, প্রমদাবন।
ক্রীড়াবান্, ত্রি. [ক্রীড়া+বৎ] কুতুহলী, ক্রীড়ক, খেলাড়ু।
ক্রীড়ামৃগ, পুং. [ক্রীড়া+মৃগ] ক্রীড়নক, ক্রীড়াবস্তু, খেলনীয় পশু বানরাদি।
ক্রীড়ারত্ন, ন. [ক্রীড়া+রত্ন] রতি।
ক্রীড়ারথ, পুং. [ক্রীড়া+রথ] ক্রীড়ার্থরথ।
ক্রীড়াসরঃ, ন. [ক্রীড়া+সরস্] সরসী, হ্রদ, জলাশয়। [দ্যান।
ক্রীড়োদ্যান, ন. [ক্রীড়া+উদ্যান] রম্যো-
ক্রীত, পুং. [ক্রী+ত] ক্রীতকপুত্র, দ্বাদশবিধ পুত্রান্তর্গত পুত্রভেদ; (ত্রি) ক্রয়ক্রীত, মূল্যদ্বারা গৃহীত, ক্রয়করা, কেনা, খরিদ।
ক্রীতক, পুং. [ক্রীত+ক] ক্রীতপুত্র; মূল্যদ্বারা পিতৃ মাতৃ নিকট হইতে গৃহীতপুত্র।
ক্রীতানুশয়, পুং. [ক্রীত+অনুশয়] দ্রব্যক্রয় করিয়া পশ্চাৎ অনুতাপকরণ।

ক্রুঞ্চ্, পুং. স্ত্রী. [ক্রুঙ্+চ্] ক্রৌঞ্চপ, কোঁচবক।
ক্রুঞ্চ, পুং. [ক্রুঞ্চ্+অ] ক্রৌঞ্চপর্ব্বত।
ক্রুঞ্চা, স্ত্রী. [ক্রুঞ্চ্+আ] বীণাভেদ।
ক্রুৎ-ক্রুধ্, স্ত্রী. [ক্রুধ্+অ] ক্রোধ।
ক্রুদ্ধ, ত্রি. [ক্রুধ্+ত] ক্রোধযুক্ত, কোপান্বিত, রুষ্ট; (ন) ক্রোধ।
ক্রুধা, স্ত্রী. [ক্রুধ+আ] ক্রোধ।
ক্রুশ্বা, পুং. স্ত্রী. [ক্রুশ্+বন্] শৃগাল।
ক্রুষ্ট, ন. [ক্রু+র] রোদন, ক্রন্দন, রাব।
ক্রূর, ত্রি. [ক্রু+উর] পরদ্রোহকারী, নির্দ্দয়, তৎপর্য্যায়।—নৃশংস, ঘাতুক, পাপ, নিষ্ঠুর, হিংস্র, প্রাণিপীড়াকর, ক্লেশক, দয়াহীন, নিষ্কৃপ, কঠিনহৃদয়, অকরুণ, নিষ্করুণ, নির্ঘৃণ, বীতঘৃত, দুঃখকর, পিশুন, ব্যাল, দ্রোহী, নিঃস্নেহ, অদয়; কঠিন; ঘোর; উষ্ণ, প্রথম তৃতীয় পঞ্চম সপ্তম নবম একাদশ রাশি, (পুং) শ্যেনপক্ষী; ভূতাঙ্কুশবৃক্ষ; রক্তকরবীরবৃক্ষ; কঙ্কণাক্ষী।
ক্রূরকর্ম্মা, পুং. [ক্রূর+কর্ম্মন্] কটুতুম্বিনীবৃক্ষ; (ত্রি) ভয়ানককর্ম্মকর্ত্তা, দুরাত্মা, নিষ্ঠুরকর্ম্মকারী।
ক্রূরকোষ্ঠ, পুং. [ক্রূর+কোষ্ঠ] কোষ্ঠনিবন্ধ
ক্রূরগন্ধ, পুং. [ক্রূর+গন্ধ] গন্ধক।
ক্রূরগন্ধা, স্ত্রী. [ক্রূরগন্ধ+আ] কন্থারীবৃক্ষ।
ক্রূরচরিত, ত্রি. [ক্রূর+চরিত] ভয়ানক, হিংসক, রাগী।
ক্রূরতা, স্ত্রী. [ক্রূর+তা] ভয়ানকতা, ভীমতা, হিংস্রকতা।
ক্রূরদৃক্, ত্রি. [ক্রূর+দৃশ্] পিশুন, নিষ্ঠুর; (পুং) শনৈশ্চর।
ক্রূরধূর্ত্ত, পুং. [ক্রূর+ধূর্ত্ত] কৃষ্ণধত্তূরক।
ক্রূরব, পুং. [ক্রূর+অব] শৃগাল; দুর্বৃত্ত।
ক্রূরবিক্রম, ত্রি. [ক্রূর+বিক্রম] ভয়ানক, ভয়ঙ্কর, ভৈরব, ভীষণ।
ক্রূরিমি, (প্রা) ক্রূরতা, কাঠিন্য, নির্দ্দয়তা।
ক্রূররাবী, পুং. [ক্রূর+রাবিন্] দ্রোণকাক।
ক্রূরলোচন, পুং. [ক্রূর+লোচন] শনিগ্রহ।
ক্রূরস্বর, পুং. [ক্রূর+স্বর] কর্কশধ্বনিযুক্ত।

ক্রূরা, স্ত্রী. [ক্রূর+আ] রক্তপুনর্ণবা।
ক্রূরাকৃতি, পুং. [ক্রূর+আকৃতি] রাবণ; নিষ্ঠুরাকার। [হিংসক।
ক্রূরাচার, ত্রি. [ক্রূর+আচার] ভয়ানক,
ক্রূর্চ্চ, পুং. ন. [ক্রূর+চ] শ্মশ্রু, দাড়ি।
ক্রেণি, পুং. [ক্রী+নি] ক্রয়ণ।
ক্রেতব্য, ত্রি. [ক্রী+তব্য] ক্রেয়বস্তু, ক্রয়ণীয়।
ক্রেতা, ত্রি. [ক্রী+তৃ] ক্রয়কর্ত্তা, খরিদার।
ক্রেয়, ত্রি. [ক্রী+য়] ক্রয়ণীয়, কিনিবার উপযুক্ত।
ক্রোঙ্গ, (প্রা) লতাবিশেষ।
ক্রোঞ্চ, পুং. [ক্রুঞ্চ+অ] পর্ব্বতবিশেষ।
ক্রোঞ্চদারণ, পুং. [ক্রোঞ্চ+দারণ] কার্ত্তিকেয়, ষড়ানন।
ক্রোড়, ন. স্ত্রী. [ক্রুড়+অ] বাহুরমধ্যদেশ, কোল, তৎপর্য্যায়।—ভুজান্তর, বৎস. বক্ষ, উৎসঙ্গ, অঙ্ক, শরীরের পূর্ব্বভাগ, উরঃ; (পুং) শনিগ্রহ; শূকর; বারাহীকন্দ। [কন্দ।
ক্রোড়কন্যা, স্ত্রী. [ক্রোড়+কন্যা] বারাহী-
ক্রোড়চূড়া, স্ত্রী. [ক্রোড়+চূড়া] মহাশ্রাবণিকাবৃক্ষ, বড়থুলকুড়ি।
ক্রোড়পর্ণী, স্ত্রী. [ক্রোড়+পর্ণী] কণ্টকারিকা।
ক্রোড়পত্র, ন. [ক্রোড়+পত্র] অতিরেকপত্র, পত্রান্তর্গতপত্র, পশ্চালিখিত, পশ্চাল্লিপি।
ক্রোড়পাদ, পুং. [ক্রোড়+পাদ] কচ্ছপ।
ক্রোড়া, স্ত্রী. [ক্রোড়+আ] ক্রোড়।
ক্রোড়াঙ্গ-ক্রোড়াংঘ্রি, পুং. [ক্রোড়+অঙ্গ +অংঘ্রি] কচ্ছপ।
ক্রোড়ী, স্ত্রী. [ক্রোড়+ঈ] বারাহীকন্দ।
ক্রোড়ীকরণ-ক্রোড়ীকৃতি, ন. স্ত্রী. [ক্রোড়ী+ করণ-কৃতি] আলিঙ্গন।
ক্রোড়ীমুখ, পুং. [ক্রোড়ী+মুখ] গণ্ডক, গণ্ডার।
ক্রোড়েষ্টা, স্ত্রী. [ক্রোড়+ইষ্টা] মুস্তা।
ক্রোথ, পুং. [ক্রুথ্+অ] হনন, বধ, মারণ।
ক্রোধ, পুং. [ক্রুধ্+অ] প্রতিকূলতার জন্য তীক্ষ্ণতার প্রবোধ, তৎপর্য্যায়।—কোপ, অমর্ষ, রোষ, প্রতিঘ, রুট্, ক্রুৎ, ক্রুদ, আমর্ষ, ভীম, ক্রুধা, রুষা, লেহ, হর, হৃণি, ত্যজ, এহ, হ্বর, তপুষী, জূর্ণি, মন্যু, ব্যথি, চেতোবিকার, রুষ্টি, প্রকোপ, সংরম্ভ, প্রতিরম্ভ, উত্তাপ, উগ্রতা, চণ্ডতা, তিগ্মতা, উষ্মা, খম্প, কৈশিক, সংরব্ধতা, ঔৎকট্য, উচ্চণ্ডতা, ক্রুধ্, রৌদ্র; ব্রহ্মার ভ্রূদেশজাত; ষড়্‌রিপুর অন্তর্গত রিপুবিশেষ।
ক্রোধজ, পুং. [ক্রোধ+জ] মোহ, স্মৃতিবিভ্রম। [পাদক, উত্তেজক।
ক্রোধজনক, ত্রি. [ক্রোধ+জনক] ক্রোধোৎ-
ক্রোধন, ত্রি. [ক্রুধ+অন] ক্রোধবিশিষ্ট, অমর্ষণ, কোপী, ক্রোধী, রোষণ, ক্রুদ্ধ, কোপিষ্ঠ, চণ্ড, রাগান্বিত, রুষ্ট, কোপযুক্ত।
ক্রোধনা, স্ত্রী. [ক্রোধন+আ] কোপবতী, ভামিনী, চণ্ডী, ক্রোধান্বিতা।
ক্রোধনীয়, ত্রি. [ক্রুধ্+অনীয়] কোপনীয়, রোষণীয় (ন) হিংসা, ক্ষতি, হানি, উপদ্রব। [অক্রূর।
ক্রোধবর্জ্জিত, ত্রি. [ক্রোধ+বর্জ্জিত] সুশীল,
ক্রোধবশ, ত্রি. [ক্রোধ+বশ] কষায়িত, কর্কশ, কটুস্বভাব, ক্রোধাধীন।
ক্রোধবিহ্বল, ত্রি. [ক্রোধ+বিহ্বল] ক্রোধাকৃষ্টমানস।
ক্রোধময়, ত্রি. [ক্রোধ+ময়] উগ্রস্বভাবক, ক্রোধী, কোপী।
ক্রোধমূর্চ্ছিত, পুং. [ক্রোধ+মূর্চ্ছিত] চোরানামগন্ধদ্রব্য; (ত্রি.) অতিকোপী, ক্রোধী; কোপে জ্ঞানশূন্য। [ক্রোধযুক্ত।
ক্রোধান্বিত, ত্রি. [ক্রোধ+অন্বিত] কোপী,
ক্রোধিত, ত্রি. [ক্রোধ+ইত] প্রকুপিত, কোপদীপ্ত।
ক্রোধী, ত্রি. [ক্রোধ+ইন্] ক্রোধযুক্ত, ক্রোধান্ধ, কোপাবিষ্ট, সকোপ, রুষ্ট, খাপ্পা; (পুং.) মহিষ।
ক্রোর-ক্রোরপক্ষী-ক্রোল, (প্রা) কুররপক্ষী।
ক্রোর, (প্রা) একশতলক্ষ, ১০০০০০০০ সংখ্যা কোটি।

ক্রোশ, পুং. [ক্রুশ্+অ] সহস্রধনু, চতুঃসহস্রহস্ত পরিমাণ, গব্যূত, কোশ; দ্বিসহস্রদণ্ড, অষ্টসহস্র হস্ত পরিমাণ; লৌকিকমতে দ্বিসহস্র ধনুতে ক্রোশ, তদ্দ্বিগুণ ক্রোশযুগ, গব্যুতি।

ক্রোশতাল-ক্রোশধ্বনি, পুং. [ক্রোশ+তাল+ধ্বনি] ঢক্কা, ঢাক।

ক্রোশযুগ, ন. [ক্রোশ+যুগ] ক্রোশদ্বয়, গব্যূতি; গোরুত, গব্যা, গব্যূত।

ক্রোশী, ত্রি. [ক্রুশ+ইন্] ক্রন্দিত, রোদিত, ক্রুষ্ট; উচ্চৈঃস্বরকারী।

ক্রোষ্টা, পুং. স্ত্রী. [ক্রুশ+তৃ-ঋ] শৃগাল।

ক্রোষ্টুকপুচ্ছিকা. স্ত্রী. [ক্রোষ্টুক+পুচ্ছিকা] পৃশ্নিপর্ণী, চাকুলিয়া, রামবাসক; গোলোমিকা।

ক্রোষ্টুকমেখলা, স্ত্রী. [ক্রোষ্টুক+মেখলা] পৃশ্নিপর্ণী।

ক্রোষ্টুপুচ্ছিকা-ক্রোষ্টুপুচ্ছী, স্ত্রী. [ক্রোষ্টু+পুচ্ছিকা-পুচ্ছী] পৃশ্নিপর্ণী। [বৃক্ষ।

ক্রোষ্টুফল, পুং. [ক্রোষ্টু+ফল] ইঙ্গুদী-

ক্রোষ্টুবিন্না, স্ত্রী. [ক্রোষ্টু+বিন্না] পৃশ্নিপর্ণী, বিরালছাঞ্চি।

ক্রোষ্টেক্ষু, পুং. [ক্রোষ্ট+ইক্ষু] শ্বেতেক্ষু, শাদা ইক্ষু।

ক্রোষ্ট্রী, স্ত্রী. [ক্রোষ্টু+ঈ] শুক্লভূমিকুষ্মাণ্ড, শৃগালিকা; কৃষ্ণবিদারী; লাঙ্গলী।

ক্রোহী, (প্রা) লতাবৃক্ষবিশেষ।

ক্রৌঞ্চ, পুং. স্ত্রী. [ক্রুঞ্চ+অ] পক্ষীভেদ, কোঁচবক, ক্রুঙ্, ক্রঞ্চ, ক্রঞ্চা, ক্রৌঞ্চা, কালিক, কালীক, কলিক; পর্ব্বতবিশেষ; কুররপক্ষী; দ্বীপভেদ; অর্হতেরধ্বজ; রাক্ষস; অসুরবিশেষ। [কেয়।

ক্রৌঞ্চদারণ, পুং. [ক্রৌঞ্চ+দারণ] কার্ত্তি-

ক্রৌঞ্চদ্বীপ, পুং. [ক্রৌঞ্চ+দ্বীপ] সপ্তদ্বীপান্তর্গত দ্বীপবিশেষ.

ক্রৌঞ্চপদা, স্ত্রী. [ক্রৌঞ্চ+পদা] ছন্দোবিশেষ। [কোঁচবকী।

ক্রৌঞ্চা, স্ত্রী. [ক্রৌঞ্চ+আ] ক্রৌঞ্চভার্য্যা,

ক্রৌঞ্চাদন, ন. [ক্রৌঞ্চ+অদন] মৃণাল, ঘেঞ্চুলী; চিঞ্চোটক, চেঁচ্‌কো; পিপ্পলী।

ক্রৌঞ্চাদনী, স্ত্রী. [ক্রৌঞ্চাদন+ঈ] পদ্মবীজ। [কেয়।

ক্রৌঞ্চারাতি, পুং. [ক্রৌঞ্চ+অরাতি]কার্ত্তি-

ক্রৌঞ্চারি, পুং. [ক্রৌঞ্চ+অরি] কার্ত্তিকেয়, পরশুরাম। [পৈশুন্য।

ক্রৌর্য্য, ন. [ক্রূর+য] নৈষ্ঠুর্য্য, ক্রূরতা,

ক্রৌশশতিক, পুং. [ক্রোশ+শতিক] শতক্রোশ গমনকর্ত্তা।

ক্র্যাদি, পুং. [ক্রী+আদি] ক্রিয়াদি ধাতুবিশেষ। [গ্লানি।

ক্লম-ক্লমথৎ, পুং. [ক্লম্+অ-অথৎ] আয়াস,

ক্লমরহিত, ত্রি. [ক্লম+রহিত] অবিশ্রান্ত, অক্লান্ত, অনবসন্নতা, অদৌর্ব্বল্য।

ক্লমী, ত্রি. [ক্লম্+ইন্] ক্লান্ত, শ্রান্ত।

ক্লান্ত, ত্রি. [ক্লম্+ত] ক্লান্তিযুক্ত, শ্রান্ত, শ্রমাতুর।

ক্লান্তমনা, ত্রি. [ক্লান্ত+মনস্] উদ্বিগ্নমনা, বিষণ্ন, অবসন্ন।

ক্লান্তি, স্ত্রী. [ক্লম্+তি] ক্লান্ত, শ্রান্ত।

ক্লান্তিকর, ত্রি. [ক্লান্তি+কর] ক্লেশদায়ক, অবসাদজনক, পরিশ্রমী।

ক্লান্তিচ্ছিদ্-ক্লান্তিচ্ছেদ, ত্রি. পুং. [ক্লান্তি+ছিদ্-ছেদ] বিশ্রাম, স্বাস্থ্য।

ক্লিন্ন, ত্রি. [ক্লিদ্+ন] আর্দ্র, ভিজা।

ক্লিন্নবর্ত্মা, পুং. [ক্লিন্ন+বর্ত্মন্] অশ্রুবাহক, অশ্রুৎপাদক।

ক্লিন্নহৃৎ-ক্লিন্নহৃদয়, ত্রি. [ক্লিন্ন+হৃৎ-হৃদয়] দয়ার্দ্রচিত্ত, করুণাত্মক।

ক্লিন্নাক্ষ, ত্রি. [ক্লিন্ন+অক্ষ] শ্লেষ্মাদিযুক্ত ক্লিন্ন চক্ষু, কফাদিজনিত ক্লেদযুক্তচক্ষু; তৎপর্য্যায়।—চুল্ল, চিল্ল, পিল্ল।

ক্লিশিত, ত্রি. [ক্লিশ্+ইত] ক্লিষ্ট, ক্লেশযুক্ত, কাতর।

ক্লিশিতবান্-ক্লিশ্যমান, ত্রি. [ক্লিশিত+বৎ] সন্তাপিত, পীড্যমান

ক্লিষ্ট, ত্রি. [ক্লিশ্+ত] ক্লেশযুক্ত, ক্লিশিত; (ন.) পূর্ব্বাপর বিরুদ্ধ বাক্য, সংকুল, পরস্পর পরাহত।

ক্লিষ্টকর্ম্মক, ত্রি. [ক্লিষ্ট+কর্ম্মক] দুঃখী, পীড়িত।

ক্লিষ্টি, স্ত্রী. [ক্লিশ্+তি] ক্লেশ; সেবা।
ক্লীতক, ন. [ক্লীত+ক] যষ্টিমধুকা।
ক্লীতকিকা, স্ত্রী. [ক্লীতক+ইকা] নীলীবৃক্ষ।
ক্লীব, পু. ন. [ক্লীব্+অ] স্ত্রীপুরুষভিন্ন, তৎপর্য্যায়।—পণ্ড, নপুংসক, তৃতীয়াপ্রকৃতি, তৃতীয়প্রকৃতি, শণ্ড, ষণ্ড, সণ্ড শনুঢ, পুরুষত্বহীন; (ত্রি.) বিক্রমহীন; নির্বল, অলস, জড়। [লিঙ্গ।
ক্লীবলিঙ্গ, ত্রি. [ক্লীব+লিঙ্গ] নপুংসক-
ক্লৃ, ত্রি. প্রাপ্ত, লব্ধ।
ক্লৃপ্তি, স্ত্রী. [ক্লৃপ্+তি] প্রাপ্তি, লাভ।
ক্লেদ, পুং. [ক্লিদ্+অ] আর্দ্রতা, ভিজা; ময়লা; পুঁষ, রসানি।
ক্লেদক, ত্রি. [ক্লিদ্+অক] আর্দ্র, ক্লিন্ন, সিক্ত; (পুং.) শ্লেষ্মক, কফ; মুখস্রাব।
ক্লেদন, পুং. [ক্লিদ্+অন] কফ; পঞ্চপ্রকার শ্লেষ্মান্তর্গত শ্লেষ্মাবিশেষ।
ক্লেদা, পুং. [ক্লিদ্+অন্] চন্দ্র।
ক্লেদু, পুং. [ক্লিদ্+উ] চন্দ্র; সন্নিপাত।
ক্লেশ, পুং. [ক্লিশ্+অ] দুঃখ, আদীনব, আস্রব, (ইহা পঞ্চবিধ) অবিদ্যা, অস্মিতা, রাগ, দ্বেষ, অভিনিবেশ; কোপ, ব্যবসায়, আয়াস।
ক্লেশক, ত্রি. [ক্লিশ্+অক] ক্লেশদায়ক, বেদনাযুক্ত
ক্লেশকারী, ত্রি; [ক্লেশ+কারিন্] ক্লেশী, দুঃখকর, ব্যথাকর।
ক্লেশদ, ত্রি. [ক্লেশ+দ] ব্যথক, দুঃখকর।
ক্লেশনাশন, ত্রি. [ক্লেশ+নাশন] উপশমন, ক্লেশাপহ, বেদনাশান্তিক।
ক্লেশপ্রহাণ, ন. [ক্লেশ+প্রহাণ] বিপন্নাশ, কষ্টাবস্থাবসান।
ক্লেশবান্, ত্রি. [ক্লেশ+বৎ] আপদগ্রস্ত, আপন্ন, দুর্গত, ব্যসনার্ত্ত।
ক্লেশভাক্-ক্লেশভাগী, ত্রি. [ক্লেশ+ভাজ্-ভাগিন্] ক্লেশকারী, কষ্টাবহ।
ক্লেশাপহ, ন. [ক্লেশ+অপহ] উপশমকারী, সান্ত্বনাযুক্ত; (পুং.) পুত্র।
ক্লেশিত, ত্রি. [ক্লিশ্+ইত] ক্লেশযুক্ত, পীড়িত, ব্যথিত।

ক্লৈতকিক, ন. [ক্লীতক+ইক] মদ্য।
ক্লৈব্য, ন. [ক্লীব+য] দৌর্ব্বল্য, কার্শ্য; ক্লীবলিঙ্গ; অপুরুষত্ব।
ক্লোম, ন. [ক্লু ম+অন্] ফুপ্‌ফুস্, ফোঁফড়া, ফুলঘরা, তিলক, ক্লোম, কোম, পিপাসাস্থান, মূত্রাশয়, ফোপ্সা, পটকা, ফুস্‌ফুস্।
ক্ব, ব্য. কুত্র, কোথা।
ক্বঙ্গু, পুং. [ক্বন্গ+উ] কঙ্গু।
ক্বচন, ব্য. [ক্ব+চন] ক্বচিৎ।
ক্বচিৎ, ব্য, [ক্ব+চিৎ] কস্মিংশ্চিৎ, কুত্রচিৎ, কোনস্থান; ক্বাপি, কুত্রচন
ক্বণ, পুং. [ক্বণ্+অ] কণকণ, শব্দবিশেষ, বীণাদিরশব্দ, নিক্কাণ, নিক্বণ, ক্বাণ, ক্বণন।
ক্বণন, ন. [ক্বণ্+অন] ক্বণ; (পুং.) হস্তিকাস্থত, ছোটহাঁড়ী।
ক্বণিত, ত্রি. [ক্বণ্+ইত] নাদিত, স্বনিত, শব্দিত।
ক্বণ্‌ক্বণ, (প্রা) ক্বণন।
ক্বত্য, ত্রি. [ক্ব+ত্য] অমুকস্থান, কিঞ্চিৎস্থান। [পাঁচন।
ক্বথন, ন. [ক্বথ্+অন] নিক্কাথ, ক্বাথ,
ক্বথিত, ত্রি. [ক্বথ্+ইত] অতিপক্বব্যঞ্জন, দশমূলাদি, নিষ্পাক, কষায়, নির্য্যূহ, ক্বাথ, শৃত।
ক্বাণ, পুং. [ক্বণ্+অ] ক্বণ, ধ্বনি।
ক্বাথ, পুং. [ক্বথ+অ] দুঃখ; ব্যসন; দ্রব্যনিষ্পাক; নির্য্যাস, মণ্ড, আটা।
ক্বাথোদ্ভব, ন. [ক্বাথ+উদ্ভব] তুথাঞ্জন।
ক্বাপি, ব্য. [ক্ব+অপি] ক্বচিৎ।

খ খকার। ব্যঞ্জনের দ্বিতীয় বর্ণ। ইহার উচ্চারণ জিহ্বামূল হইতে হয়; অন্য নাম যথা।— প্রচণ্ড, কামরূপী; ঋদ্ধি; বহ্নি; সরস্বতী; আকাশ; ইন্দ্রিয়; দুর্গা; চণ্ডীশ; তাপিনী; গুরু; শিখণ্ডী; দন্তজাতীশ; কক্ষোণি; গরুত; শূন্য; কৃপালী;

কল্যাণী; সূর্পকর্ণ; অজর; অমর; শুভ্রাগ্নেয়; চণ্ডলিঙ্গ; জন; ব্যঙ্গার; খড়্গ।

খ, ন. ইন্দ্রিয়; পুর; ক্ষেত্র; শূন্য; বিন্দু; আকাশ; সংবেদন; দেবলোক; কর্ম্ম; লগ্নের দশমরাশি; সুখ; অভ্রক; (পুং.) সূর্য্য।

খই, (প্রা) ভৃষ্টধান্য, লাজা, খদি, খদিকা।

খইচুর, (প্রা) লাজাচূর্ণ ও শর্কর মিশ্রিত মোদকবিশেষ।

খইন, (প্রা) গভীর, অগাধ, নৌকাগম্য।

খইয়াখোলা, (প্রা) ধান্যভৃষ্টনিমিত্ত মৃণ্ময় পাত্র।

খইল, (প্রা) তৈলকিট্ট, তৈলপিষ্টক, পিণ্যাক; কল্ক; কর্ণমল।

খএন, (প্রা) ধান্যবিশেষ।

খএর, (প্রা) খদির, খদিরসার।

খএরমৌরীধান, (প্রা) ধন্যবিশেষ।

খএরীবক, (প্রা) খদিরবর্ণ ক্ষুদ্রকঙ্কপক্ষী।

খকার, পুং. [খ+কার] খ অক্ষর, খ বর্ণ; ক বর্গের দ্বিতীয়বর্ণ। [বর্ণ।

খকারাদি, পুং. [খকার+আদি] খ আদি-

খকারান্ত, পুং. [খকার+অন্ত] খ বর্ণান্ত।

খকুন্তল, পুং. [খ+কুন্তল] ব্যোমকেশ, শিব। [ধ্বনি: গলশব্দ।

খকৃখকৃ, (প্রা) অব্যক্তশব্দ; কুৎসিত হাস্য-

খকৃখট, ত্রি. [খকৃ+খট] ককৃখট, কঠিন।

খখোল্ক, পুং. [খ+খোল্ক] সূর্য্য।

খগ, পুং. [খ+গ] পক্ষী; বাণ; সূর্য্য; গ্রহ; দেব; বায়ু; শলভ।

খগখান, ন. [খগ+খান] বৃক্ষকোটর।

খগঙ্গা, স্ত্রী. [খ+গঙ্গা]মন্দাকিনী, বিয়দ্গঙ্গা।

খগপতি, পুং. [খগ+পতি] গরুড়, বিষ্ণুর-বাহন।

খগবক্ত্র, পুং. [খগ+বক্ত্র] লকুচবৃক্ষ।

খগবতী, স্ত্রী. [খগ+বতী] পৃথ্বী।

খগম, পুং. [খ+গম] পক্ষী।

খগশত্রু, পুং. [খগ+শত্রু] পৃশ্নিপর্ণী, চাকুলিয়াগাছ।

খগস্থান, ন. [খগ+স্থান]বৃক্ষকোটর; পক্ষীর কুলায়।

খগান্তক, পুং. [খগ+অন্তক] শ্যেনপক্ষী।

খগাবগা, (প্রা) নীচ, ইতর, অধম, অনার্য্য; সুশিক্ষারহিত। [বিষ্ণু।

খগাসন, পুং. [খগ+আসন] উদয়পর্ব্বত;

খগুণ, পুং. [খ+গুণ] শূন্যপূরণাঙ্ক।

খগেন্দ্র, পুং. [খগ+ইন্দ্র] গরুড়।

খগেন্দ্রধ্বজ, পুং. [খগেন্দ্র+ধ্বজ] বিষ্ণু।

খগেশ্বর, পুং. [খগ+ঈশ্বর] গরুড়।

খগোড়, পুং. [খ+গোড়] শরবিশেষ, নল;

খগোল, পুং. [খ+গোল] আকাশমণ্ডল।

খগোলবিদ্যা, স্ত্রী. [খগোল+বিদ্যা] জ্যোতিঃশাস্ত্র, জ্যোতির্বিদ্যা, রাশিগ্রহ নক্ষত্রাদি বিদ্যা।

খগ্গড়, পুং. [খগ্+গড়] তৃণবিশেষ, খাগড়া, তৎপর্য্যায়।—পোটগল, বৃহৎকাশ, কাকেক্ষু।

খঙ্কর, পুং. [খম্+কর] চূর্ণকুন্তল।

খঙ্গ, পুং. [খম্+গ] পক্ষী

খচমস, পুং. [খ+চমস] চন্দ্র

খচর, পুং. [খ+চর] মেঘ; বায়ু; রাক্ষস; সূর্য্য; রূপকভেদ; পক্ষী; ভূত; (ত্রি.) আকাশগামী।

খচর, (হি) অশ্বতর, বেসর।

খচিত, ত্রি. [খচ্+ইত] সংযুক্ত, তৎপর্য্যায় করম্বিত, রূষিত, গুরুগুণ্ডিত, করম্ব, কবর, মিশ্র, সংপৃক্ত, ব্যাপ্ত, গুণ্ঠিত, ছুরিত।

খচিল, (প্রা) গুলী, বাঁটুল।

খজ, পুং. [খজ্+অ] দর্ব্বী, হাতা।

খজক, পুং. [খজ্+অক] মন্থানদণ্ড।

খজপ, ন. [খজ্+অপ] ঘৃত।

খজল, ন. [খ+জল] নীহার, আকাশবারি।

খজা, স্ত্রী. [খজ্+আ] মন্থ, মওয়া; প্রহস্ত; দর্ব্বী; মারণ। [সচ্ছিদ্র দর্ব্বী।

খজাক, পুং. [খজ্+আক] পক্ষী; (পুং. স্ত্রী.)

খজাকা, স্ত্রী.[খজাক+আ] দর্ব্বী, হাতা, চমস।

খজিকা, স্ত্রী. [খজ্+ইকা] দর্ব্বী; বহুছিদ্র বিশিষ্টদর্ব্বী, ঝাঁঝরি।

খজিৎ, পুং. [খ+জিৎ] বুদ্ধবিশেষ।

খজ্যোতিঃ, পুং. [খ+জ্যোতিস্] খদ্যোত জোনাকীপোকা।

খঞ্জ-খঞ্জক, ত্রি. [খন্জ+অ+অক] বিকলগতি, খোড়, খোল, খোর, খোট, পঙ্গু, গতিবিকল, পাদবিকল, বিকলাঙ্গ, ব্যঙ্গ, ভূমিস্পৃক্, খোঁড়া, নেঙ্গড়া।
খঞ্জকারি, পুং. [খঞ্জ+কারি] সুস্না,খেঁসারি।
খঞ্জখেট-খঞ্জখেল, পুং. [খঞ্জ+খেট-খেল] খঞ্জনপক্ষী।
খঞ্জন, ন. [খন্জ+অন্] গমন; (পুং.) স্বনামখ্যাতপক্ষী, তৎপর্য্যায়।—খঞ্জরীট, কণাটীন, কাকছর্দ্দি, খঞ্জখেল, তাতন, মুনিপুত্রক, ভদ্রনামা, রত্ননিধি, খঞ্জখেট, গূঢ়নীড়, তণ্ডক, চর, কণাটীর, কাকচ্ছদ, নীলকণ্ঠ, কণাটারক, খঞ্জনীকা, সর্ষপী।
খঞ্জনরত, ন. [খঞ্জন+রত] যতিদিগের গোপনীয় মৈথুন। [জাতি।
খঞ্জনা, স্ত্রী. [খঞ্জন+আ] সর্ষপী, ক্ষুদ্রখঞ্জন-
খঞ্জনাকৃতি, স্ত্রী. [খঞ্জন+আকৃতি] খঞ্জনবিশেষ, হাপুত্রিকা, খঞ্জনিকা, সর্ষপী।
খঞ্জনিকা, স্ত্রী. [খঞ্জন+ইকা] খঞ্জনাকার পক্ষীবিশেষ তৎপর্য্যায়।—হাপুত্রিকা, তুলিকা,স্ফোটিকা, সর্ষপী, খঞ্জনাকৃতি।
খঞ্জনী, স্ত্রী. [খঞ্জন+ঈ] খঞ্জনপক্ষীর স্ত্রী।
খঞ্জনী-খঞ্জরী, (প্রা) বাদ্যযন্ত্রবিশেষ।
খঞ্জর্, (যাং) ক্ষুদ্র অসিবিশেষ
খঞ্জরীট, পুং. [খঞ্জ+রীট] খঞ্জনপক্ষী।
খঞ্জা, স্ত্রী. [খঞ্জ+আ] কবিতাপদ্যবিশেষ।
খট, পুং. [খট্+অ] অন্ধকূপ; কফ; প্রহারান্তর; টঙ্ক; তৃণ; লাঙ্গল; কতৃণ।
খটক, পুং. [খট্+অক] ঘটক, তৎপর্য্যায়—নাগবীট, টাঙ্কর, ত্র্যক্ষর; কুব্জিতপাণি, বক্রহস্ত, মুলা।
খটকামুখ, পুং. [খটকা+মুখ] লক্ষ্যকারী।
খটখাদক, পুং. [খট+খাদক] ভক্ষক; শৃগাল; কাক; পশুবিশেষ; কাচপাত্র।
খটাডম্বুর, (প্রা) ডম্বুরবিশেষ।
খটাশ, (প্রা) খট্টাশ, বন্যবিড়াল মার্জ্জারঘ্ন।
খটি, (প্রা) জনতা, সমূহ; স্তূপ, রাশি; পরামর্শ, কল্পনা। [হস্ত।
খটিক, পুং. [খট+ইক] কুব্জিতপাণি, বক্র-
খটিকা, স্ত্রী. [খট+ইকা] লেখনদ্রব্য, খড়ী; কর্ণরন্ধ্র; বীরণবৃক্ষ।
খটিনী-খটী, স্ত্রী. [খট+ইনী-ঈ]লেখনদ্রব্য, খড়ী, ধবলমৃত্তিকা, সিতধাতু, পাণ্ডুমৃৎ, পাণ্ডুমৃত্তিকা, কঠিনী, কঠিকা,খড়ীমাটি।
খট্টন, ত্রি. [খট্ট্+অন] খর্ব্ব, খাট, খদৃত।
খট্টা, স্ত্রী. [খট্ট+আ] খট্বা, পর্য্যাঙ্ক, খাট।
খট্টাঙ্গ, ন. [খট্টা+অঙ্গ] অস্ত্রবিশেষ; যোগিদিগেরকঙ্কালম্বন কষ্ঠীনির্ম্মিত দণ্ডবিশেষ। [আচ্ছাদনবস্ত্র।
খট্টাচ্ছাদন, (প্রা) খট্টার উপরিস্থ চাদর,
খট্টাশ-খট্টাশী, পুং.স্ত্রী. [খট্টা+অশ] বনজন্তুবিশেষ, খটাশ, তৎপর্য্যায়।—গন্ধোতু, বনবাসন, বনাখু, খট্টাস, গন্ধমার্জ্জার, বনশ্বা, শালি, পুষ্যলক, পূতিশারিজা,কস্তূরীমৃগ, লোমশমার্জ্জার, পূতিকা, জাহক, মৃগচেটক, গাত্রসংকোচী, গন্ধগোকুলা
খট্টাস, পুং. [খট্টা+অস] খট্টাশ।
খট্টি, পুং. [খট্ট+ই] শবযান, অন্তশয্যা, বারুঠ, মড়াফেলাখাট। [পাখিমারা।
খট্টিক, পুং. [খট্ট+ইক] শাকুনিক, ব্যাধ,
খট্টিকা, স্ত্রী. [খট্টিক+আ] ক্ষুদ্রখট্টা, নিষদ্যা, সন্দী, আসন্দী; শবযান।
খট্টেরক, ত্রি. [খট্টের+ক] খর্ব্ব।
খট্বা, স্ত্রী. [খট্ব+অন্] কাষ্ঠাদিরচিত, শয্যাধার, খাট, তৎপর্য্যায়।—শয়ন, মঞ্চ, পর্য্যাঙ্ক, পল্যাঙ্ক, মঞ্চক, তল্প, কেলিশয়ন, শয্যা, শয়নীয়, শয়, প্রস্তর, প্রস্তার, পালঙ্ক, বিশ্রামস্থান, খাট্প্রসিদ্ধ; প্রেঙ্খা; কোলশিম্বী।
খট্বাঙ্গ, ন. [খট্ব+অঙ্গ] শিবের অস্ত্রবিশেষ, সুখংসুণ; (পুং.) সূর্য্যবংশী-রাজবিশেষ, বিশ্বসহ রাজপুত্র; খাটের দাণ্ডা। [দেব।
খট্বাঙ্গভৃৎ, পুং. [খট্বাঙ্গ+ভৃৎ] শিব, মহা-
খট্বাঙ্গী, পুং. [খট্বাঙ্গ+ইন্] শিব, মহাদেব।
খট্বারূঢ়, ত্রি. [খট্বা+আরূঢ়] অবিনীত, প্রমাদবান্, লম্পট, অধম, পাপিষ্ঠ, জাল্ম; খট্টোপরিস্থিত

খট্বিকা, স্ত্রী· [খট্বা+ইকা] কটাবিশেষ, ক্ষুদ্রখট্টা।

খড়, ন. পুং. [খড়্+অ] লঘুতৃণ, খড়; (পুং.) পানান্তর; ভেদ।

খড়কী, (প্রা) গুপ্তদ্বার। [খড়্কিদ্বার।

খড়ক্কিকা, স্ত্রী· [খড়ক্ক+ইকা] পক্ষদ্বার,

খড়ঙ্গটা, (প্রা) শুষ্কতৃণ, খড়।

খড়জ্বালী, (প্রা) অগ্নিসিদ্ধ লবণ।

খড়তু, পুং. [খড়+তু] বাহু জঙ্ঘাভরণ।

খড়ম, (প্রা) কাষ্ঠপাদুকা, চরণদাসী

খড়াকাটা, (প্রা) চিহ্নিত।

খড়াকণা, (প্রা) গুল্মলতাবিশেষ, চর্ম্মঘাস।

খড়ি, (প্রা) পরিকল্পনা, ফন্দি; শুষ্কমৃত্তিকা বিশেষ; খড়।

খড়িকা-খড়ী, স্ত্রী. [খড়্+ইকা-ঈ] কঠিনী, স্বনামখ্যাত শ্বেতবর্ণ মৃত্তিকাবিশেষ।

খড়িকা, (প্রা) তৃণবিশেষের মূলভাগ, দন্তশোধনী। [কার

খড়িকামুটি, (প্রা) চিত্রিত, রেখাঙ্কিত, রেখা-

খড়িঞ্চি-খড়িটী, (প্রা) খড় ও মৃত্তিকা মিশ্রিত লেপ।

খড়িয়া, (প্রা) পাণ্ডুরবর্ণ; শাকবিশেষ।

খড়ূ, পুং. [খড়+ঊ] মৃতশয্যা।

খড়্খড়িয়া-খড়্খড়া, (প্রা) গবাক্ষদ্বারে কপাটপ্রভেদ।

খড়্গ, ন. [খড়্+গ] লৌহ; (পুং.) গণ্ডক, গণ্ডার; গণ্ডকশৃঙ্গ, খাগ; বুদ্ধভেদ; চোরকনামগন্ধদ্রব্য; অস্ত্রবিশেষ, তৎপর্য্যায়।—নিস্ত্রিংশ, চন্দ্রহাস, অসি, রিষ্টি, কৌক্ষেয়ক, মণ্ডলাগ্র, করবাল, কৃপাণ, ঋষ্টি, করপাল, বিশসন, তীক্ষ্ণধার, দুরাসদ, শ্রীগর্ভ, বিজয়, ধর্ম্মপাল, শিরি, পাবেরক, ধারাবিষ, বিধুপঞ্জর, কৌক্ষেয়, তরবারি, তরবাল, কৃপাণক, কৃপাণী, শস্ত্র, তরবাজ, খাঁড়া, বক্রখড়্গ, ম্লাজ্জখড়্গ, বক্রনিস্ত্রিংশ, বক্রকৃপাণ।

খড়্গকোষ, পুং. [খড়্গ+কোষ] খড়্গলতা, তৎপর্য্যায়।—খড়্গপত্র, খড়্গিমার, অশ্বপুচ্ছক, খড়্গাধার, খাপ।

খড়্গচর্ম্মধর, পুং. [খড়্গ+চর্ম্ম+ধর] শস্ত্রজীবী, ঢাল তলবারধারী।

খড়্গট, পুং. [খড়্গ+ট] বৃহৎকাশতৃণ।

খড়্গধর, পুং· [খড়্গ+ধর] অস্ত্রধারী।

খড়্গধার, ন. [খড়্গ+ধার] অস্ত্রের ভোগ বা ধার।

খড়্গধেনু, স্ত্রী. [খড়্গ+ধেনু] খড়্গপুত্রিকা, ছুরী; গণ্ডকস্ত্রী, মাদাগণ্ডার

খড়্গপত্র, পুং. [খড়্গ+পত্র] খড়্গলতা।

খড়্গপাণি, ত্রি. [খড়্গ+পাণি] শস্ত্রপাণি, অসিধারী।

খড়্গপাত্র, পুং. [খড়্গ+পাত্র] মহিষ শৃঙ্গ নির্ম্মিত পাত্র; গণ্ডার বিষাণনির্ম্মিত পাত্রকোষাদি।

খড়্গপিধান-খড়্গপিধানক, ন. [খড়্গ+পিধান+পিধানক] খড়্গকোষ, খড়্গাধার, প্রত্যাকার, পরিবার, কোশ, খাপ।

খড়্গপুত্রিকা, স্ত্রী. [খড়্গ+পুত্রিকা] ছুরিকা।

খড়্গপ্রহার, পুং. [খড়্গ+প্রহার] অস্ত্রাঘাত, অসিঘাত, তলবারের চোট

খড়্গমাংস, পুং. [খড়্গ+মাংস] মহিষমাংস; গণ্ডারমাংস।

খড়্গলেখা, স্ত্রী. [খড়্গ+লেখা] অসিশ্রেণী, সারি সারি অস্ত্র।

খড়্গরীট, ত্রি. [খড়্গ+রীট] ফলক, ঢাল; অসিধারা ব্রতধারী। [অসিধারী।

খড়্গহস্ত, ত্রি. [খড়্গ+হস্ত] শস্ত্রপাণি,

খড়্গাঘাত, পুং. [খড়্গ+আঘাত] অস্ত্রাঘাত, খড়্গ প্রহার।

খড়্গাধার, পুং. [খড়্গ+আধার] খড়্গকোষ, খড়্গপিধান। [হত।

খড়্গাভিহত, ত্রি. [খড়্গ+অভিহত] শস্ত্রা-

খড়্গামিষ, ন. [খড়্গ+আমিষ] খড়্গমাংস, মহিষমাংস।

খড়্গিক, পুং. [খড়্গ+ইক] মহিষীক্ষীরফেণ; শৌণিক, মাংসবিক্রেতা

খড়্গিমার, পুং. [খড়্গি+মার] খড়্গকোষলতা।

খড়্গী, পুং. [খড়্গ+ইন্] বনজন্তুবিশেষ; গণ্ডার, তৎপর্য্যায়।—খণ্ডক, খড়্গ,

খড়্গমৃগ, ক্রোড়ীমুখ, তুঙ্গমুখ, বলী, বজ্রচর্ম্মা, বার্দ্ধীণস, একচর, গণোৎসাহ, গণ্ড, বনোৎসাহ; জৈনবিশেষ; (ত্রি.) খড়্গধারী

খড়্গীক, ন. [খড়্গ+ঈক] দাত্র, দা, কাটারি, কাস্ত্যা।

খণখণায়মাণ, ত্রি. [খণখণায়+মৎ] ক্বণিত, ঝঞ্ঝনৎকারী, শিঞ্জী।

খণ্ড, ন. [খন্+ড] বিড়্লবণ; ইক্ষুবিকার, খাঁড়, গুড়; (পুং.ন.) একদেশ, ভিত্তি, অংশ, শকল; (পুং) ইক্ষুবিকার, খাঁড়; মণিদোষ; প্রকরণ, অধ্যায়।

খণ্ডক, পুং. [খণ্ড+ক] নির্নখ; সিতাখণ্ড; দোষপ্রতিকারক।

খণ্ডকথা, স্ত্রী. [খণ্ড+কথা] বাঙ্ময়ভেদ।

খণ্ডকপালিনী-খণ্ডকপালীয়া, ত্রি. [খণ্ড+কপালিনী] অভাগ্যবান, অকৃতকৃত্য।

খণ্ডকর্ণ, পুং. [খণ্ড+কর্ণ] আলুবিশেষ, শর্করকন্দ আলু, বজ্রকন্দ।

খণ্ডকালু, ন. [খণ্ডক+আলু] আলুবিশেষ।

খণ্ডকাব্য, ন. [খণ্ড+কাব্য] গদ্যপদ্যমিশ্রিত কাব্য, চম্পূ

খণ্ডখণ্ড, ব্য. [খণ্ড+খণ্ড] খণ্ডশঃ, ভাগশঃ.

খঙ্গচতুষ্টয়, ন. [খণ্ড+চতুষ্টয়] চারিখণ্ড, চতুর্থাংশ।

খণ্ডজ, পুং. [খণ্ড+জ] গুড়; যবাসশর্করা।

খণ্ডজোদ্ভবজ, পুং. [খণ্ডজ+উদ্ভবজ] তবরাজোদ্ভব খণ্ড।

খণ্ডতাল, পুং. [খণ্ড+তাল] বাদ্যবিশেষ।

খণ্ডধারা, স্ত্রী. [খণ্ড+ধারা] কর্ত্তরী, কাঁচী।

খণ্ডন, ন. [খণ্ড+অন] ভঞ্জন, ভেদন, বিদারণ, নিবারণ, ছেদন; অন্যথাকরণ; দোষনাশন।

খণ্ডনরত, ত্রি, [খণ্ডন+রত] ধ্বংসক, নাশক, সংহারক।

খণ্ডনা, (প্রা) আপত্তি, দোষণ; ভঙ্গ।

খণ্ডনীয়, ত্রি. [খণ্ড+অনীয়] ভঙ্গুর, ভেদ্য, ঠুনকা, টুমক; সংহার্য্য, নাশ্য, ধ্বংসনীয়।

খণ্ডপত্র, ন. [খণ্ড+পত্র] পত্রগুচ্ছ।

খণ্ডপরশু, পুং. [খণ্ড+পরশু] শিব; পরশুরাম।

খণ্ডপর্শু, পুং. [খণ্ড+পর্শু] পরশুরাম; শিব; চূর্ণলেপী; খণ্ডামলকভৈষজ্য; রাহু; ভগ্নদন্তহস্তী

খণ্ডপাল, পুং. [খণ্ড+পাল] মোদক, খাণ্ডিক, ময়রা।

খণ্ডপ্রলয়, পুং. [খণ্ড+প্রলয়] প্রায়প্রলয়; বিবাদ; মহাকলহ; সুহৃদ্ভেদ; ধ্বংস, নাশক।

খণ্ডমণ্ডল, ত্রি. [খণ্ড+মণ্ডল] স্ফীত কূর্ম্মপৃষ্ঠাকার; (ন.) ধনুরাকার।

খণ্ডমোদক, পুং. [খণ্ড+মোদক] যবাসশর্করা

খণ্ডলবণ, ন. [খণ্ড+লবণ] বিড়্লবণ।

খণ্ডশঃ, ব্য. [খণ্ড+শস্] খণ্ডখণ্ড]

খণ্ডশাখা, স্ত্রী. [খণ্ড+শাখা] গহিষবল্লী।

খণ্ডসর, পুং. [খণ্ড+সর] যবাসশর্করা।

খণ্ডা, (প্রা) অন্যথাকরণ, খণ্ডন।

খণ্ডাখণ্ডি, (প্রা) পরস্পর বিঘ্ননাশ, বাধাবাধি, পরস্পরবিবাদ, হানাহানি।

খণ্ডাভ্র, ন. [খণ্ড+অভ্র] অভ্রলেশ, ছেঁড়ামেঘ; দন্তক্ষত বিশেষ।

খণ্ডালী, স্ত্রী, [খণ্ডাল+ঈ] তৈলপরিমাণ; পুষ্করিণী; লম্পটপুরুষসংসর্গাস্ত্রী।

খণ্ডিক, পুং. [খণ্ড+ইক] কলায়, কড়াই; কক্ষ, বগল।

খণ্ডিত, ত্রি. [খণ্ড+ইত] খণ্ডীকৃত, ছিন্ন, লুন, ছিত, ছিৎ, ছেদিত, বৃক্ণ, কৃত্ত।

খণ্ডিতবিগ্রহ, ত্রি. [খণ্ডিত+বিগ্রহ] বিকৃত, অঙ্গহীন, ছেদিত।

খণ্ডিতব্য, ত্রি. [খণ্ডি+তব্য] নিবর্ত্ত্য, পরাবর্ত্ত্য, লোপ্য।

খণ্ডিতা, স্ত্রী. [খণ্ডিত+আ] স্বীয়াদিনায়িকা ভেদ; নিরাকৃতা, মানবিনীস্ত্রী।

খণ্ডিতাশংস, ত্রি. [খণ্ডিত+আশংসা] নিরাশিত, নৈরাশ্য, বঞ্চিত।

খণ্ডিনী, স্ত্রী. [খণ্ডিন্+ঈ] পৃথ্বী।

খণ্ডী, পুং. [খণ্ড+ইন্] বনমুদ্গা; (ত্রি.) খণ্ডিত, ভগ্ন, ভাঙ্গা।

খণ্ডীর, পুং. [খণ্ড+ঈর] পীতমুদ্গা

খণ্ড্য, ত্রি. [খণ্ড+য] খণ্ডনীয়, পরাবর্ত্তনীয়, লোপ্য, অন্যথাকরণীয়

খত্, (যাং) অঙ্গীকারপত্র।

খতম্, (যাং) কোন বস্তুর শেষ।

খতর্, (যাং) আপদ।

খতমাল, পুং. [খত+মাল] ধূম; মেঘ।

খতান, (প্রা) গণন, সংখ্যান, হিসাবের নিশ্চয়করণ। [খাতা।

খতিয়ান্, (প্রা) সংখ্যার্থবহি, হিসাবের

খতুয়া, (প্রা) ভিন্ন; জীর্ণ; পল্কানিয়া।

খতুয়ামারণ, (প্রা) পচন, দরণ।

খতূর্, (যাং) গমনাগমন, সরণ; ক্ষতি।

খতো, (প্রা) চক্ষুর রোগবিশেষ; ত্রাসিত; দূরিত, পচা। [করণ।

খদরণ, (প্রা) তাড়ান, নিরাকরণ, প্রহার-

খদি, (প্রা) খদিকা।

খদিকা, স্ত্রী. [খদিক+আ] লাজা, খই।

খদির, পুং. [খদ+ইর] বৃক্ষবিশেষ, খয়েরগাছ, তৎপর্য্যায়।—গায়ত্রী, বালতনয়, দন্তধাবন, তিক্তসার, কণ্টকীদ্রুম, বালপত্র, খদ্যপত্রী, ক্ষিতিক্ষম, সুশল্য, বক্রকণ্ট, যজ্ঞাঙ্গ, জিহ্মশল্য, কণ্টী, সারদ্রুম, কুষ্ঠারি, বহুসার, মেধ্য, বালপুত্র, রক্তসার, কর্কটী, জিহ্মশল্য, কুষ্ঠহৃৎ, বালপত্রক, যূপদ্রুম; ইন্দ্র; চন্দ্র।

খদিরপত্রিকা, স্ত্রী. [খদির+পত্রিকা] অরিখদির; লজ্জালুলতা।

খদিরপত্রী, স্ত্রী. [খদির+পত্রী] লজ্জালুলতা।

খদিরা, স্ত্রী. [খদির+আ] লজ্জালুলতা।

খদিরিকা, স্ত্রী. [খদির+ইকা] লাক্ষা।

খদিরী, স্ত্রী. [খদির+ঈ] খদিরীশাক, লজ্জালু, তৎপর্য্যায়।—নমস্কারী, গণ্ডকালী, সমঙ্গা, গণ্ডকারী, শমীপত্রা, রক্তপত্রী, অঞ্জলিকারিকা, রাস্না। [বাবলা।

খদিরোপম, ন. [খদির+উপগ] কদর, কাঁটা-

খদূরক, ন. [খ+দূরক] অতুঙ্গ, বামন, বেঁটা, খর্ব্ব।

খদূরবাসিনী, স্ত্রী. [খ+দূর+বাসিনী] বুদ্ধশক্তিবিশেষ।

খদ্যোত, পুং. [খ+দ্যোত] সূর্য্য; কীটবিশে তৎপর্য্যায়।—জ্যোতিরিঙ্গণ, খজ্যোতি প্রভাকীট, উপসূর্য্যক, জ্যোতির্বীজ, গু দীপক, ধ্বান্তোন্মেষ, চিলমীনিকা, তমে মণি, দৃষ্টিবন্ধু, তমোজ্যোতি, জ্যোতি রিঙ্গ, নিমেষক, জোনাকিপোকা।

খদ্যোতন, পুং. [খ+দ্যোতন] সূর্য্য।

খধূপ, পুং. [খ+ধূপ] অগ্নিক্রীড়াবিশেষ হাউই।

খনক, পুং. [খন্+অক] উন্দুরু; সন্ধি তস্কর, সিঁধালচোর; ভূমিবিত্তজ্ঞ, স্বর্ণা দ্যুৎপত্তিস্থানজ্ঞ; (ত্রি.) অবদারক, খননকর্ত্তা

খনন, ন. [খন্+অৎ] বিদারণ, খোঁড়ন, খোদন; গর্ত্তকরণ।

খনয়িত্রী, স্ত্রী. [খন+য়িত্রী] অস্ত্রভেদ, খন্তি।

খনা, (প্রা) বড়শা; নাকীকথা, বিকৃতবাক্য।

খনাখনা, (প্রা) সানুনাসিক, নাকী।

খনি, স্ত্রী. [খন+ই] রত্নাদ্যুৎপত্তিস্থান, খানী, আকর, খনী, খানি, গঞ্জা, খন্যাকর, কুল্যা, যোনি।

খনিত, ত্রি. [খন্+ইত] নিখাত, উৎখাত।

খনিতৃ, ত্রি. [খন্+তৃ] খননকারী।

খনিত্র, ন. [খন্+ইত্র] অস্ত্রবিশেষ, খন্তা, অবদারণ।

খনী, স্ত্রী. [খন+ঈ] রত্নাদ্যুৎপত্তি স্থান।

খন্খন্, (প্রা) অব্যক্তধ্বনি।

খন্তা-খন্তী, (প্রা) খনিত্র

খন্দ, (প্রা) শস্য, ফলমূল; লালাডোবা।

খণ্ডপালা, (প্রা) শস্যাধিষ্ঠাত্রী দেবী।

খপ্-খপ্খপ্, (প্রা) সহসা, অকস্মাৎ, ঝটিতি, শীঘ্র, ত্বরায়। [ভাজন।

খপরা, (প্রা) গৃহাচ্ছাদনের খোলা; ভগ্নমৃৎ-

খপরেল, (প্রা) খপরাচ্ছাদিত, খোলার দ্বারা আচ্ছাদিত।

খপুর, পুং. [খ+পুর] গুবাক; ভদ্রমুস্তক; লশুন; বায়ুরোগ; (ন.) ঘট; ঊর্দ্ধগপুর, হরিশ্চন্দ্রপুর; (ত্রি) অলম; ব্যালনখ।

খপুষ্প, (প্রা) অসম্ভব, অলীক, অপ্রসিদ্ধ; শশবিষাণ

খফা, (যাং) ক্রোধান্বিত, রোষান্বিত।
খফীফ্, (যাং) ঘৃণা। [বল্লী।
খবল্লিকা-খবল্লী, স্ত্রী. [খ+বল্লিকা] আকাশ-
খবর্, (যাং) সমাচার, সংবাদ; সাবধান।
খবর্দারী, (যাং) কৃতাবধান, অপ্রমাদী।
খবারি, ন. [খ+বারি] দিব্যোদক, আকাশের জল।
খবাষ্প, পুং. [খ+বাষ্প] তুষার, শিশির, হিম, নীহার। [আকাশীয়।
খবিচারী, ত্রি. [খ+বিচারী] আন্তরীক্ষ্য,
খবীশ্ (যাং) হিংস্রক; কুটিল।
খভুক্, পুং. [খ+ভুজ্] ইন্দ্র।
খভ্রান্তি, পুং. [খ+ভ্রান্তি] চিল্ল, চিল।
খমণি, পুং. [খ+মণি] সূর্য্য। [ঝিমন।
খমীলন, ন. [খ+মীলন] তন্দ্রা, নিদ্রাকর্ষণ,
খমূর্ত্তি, স্ত্রী. [খ+মূর্ত্তি] দেবতা; স্বর্গীয়-মূর্ত্তি। [সম্বন্ধীয়।
খমূর্ত্তিমান, ত্রি. [খ+মূর্ত্তিমৎ] স্বর্গীয়, দেব-
খমূলি-খমূলিকা, স্ত্রী. [খ+মূলি+মূলিকা কুম্ভিকা, পানা।
খম্বা, (প্রা) স্তম্ভ, থাম।
খম্-খম্দার, (যাং) বর্ত্তুলাকার।
খয়রা, (প্রা) মৎস্যবিশেষ; পিঙ্গলবর্ণ।
খয়রাৎ, (যাং) দাতব্য।
খয়া, (প্রা) ক্ষীণ, জীর্ণ।
খয়ের, (প্রা) খদির।
খর, পুং. [খ+র] গর্দ্দভ; ঘর্ম্ম; নিষ্ঠুর; রাক্ষসবিশেষ; রাবণেরভ্রাতা; দৈত্য; কঙ্ক; কাক; কুররপক্ষী; কণ্টকীবৃক্ষ-বিশেষ; (ত্রি) উষ্ম; তীক্ষ্ণ; কঠোর।
খরকাষ্ঠিকা, স্ত্রী. [খর+কাষ্ঠিকা] বলা।
খরকুটী, স্ত্রী. [খর+কুটী] নাপিতশালা, নাপিতের গৃহ।
খরকোণ-খরকাণ, পুং. [খর+কোণ-কাণ] তিত্তিরিপক্ষী।
খরখর, (প্রা) শীঘ্র, দ্রুত।
খরগন্ধনিভা-খরগন্ধা, স্ত্রী. [খরগন্ধ+নিভা] নাগবলা।
খরগৃহ-খরগেহ-খরগ্রহ, ন. পুং. [খর+গৃহ +গেহ+গ্রহ] গর্দ্দভশালা, গাদারঘর।
খরগোশ, (যাং) শশক।
খরচ্, (যাং) ব্যয়, অপচয়।
খরঘাতন, পুং. [খর+ঘাতন] নাগকেশর।
খরচ্ছদ, পুং. [খর+ছদ] উলূক, উলুখড়; ইৎকট, ওকড়া; কুন্দরতৃণ; শরপত্র।
খরণস-খরণা, ত্রি. [খর+নস্] তীক্ষ্ণনাসিক, দীর্ঘনাসিকাবিশিষ্ট
খরতর, ত্রি. [খর+তর] অতিতীক্ষ্ণ, অতি-প্রখর, অতিতীব্র, কটু।
খরত্বক্, স্ত্রী. [খর+ত্বচ্] অলম্বুষা, লজ্জালু-প্রভেদ।
খরদণ্ড, ন. [খর+দণ্ড] পদ্ম।
খরদলা, স্ত্রী. [খর+দলা] ক্ষেমাফলা, ডুমুর।
খরদূষণ, পুং. [খর+দূষণ] ধুস্তুর; দুই-জন প্রসিদ্ধ রাক্ষসেরনাম।
খরধ্বংসী, পুং. [খর+ধ্বংসিন্] শ্রীরাম।
খরনাদ, পুং. [খর+নাদ] গর্দ্দভধ্বনি।
খরনাদিনী, স্ত্রী. [খর+নাদিনী] রেণুকানাম গন্ধদ্রব্য।
খরনাদী, ত্রি. [খর+নাদিন্] খরনাদকারী।
খরপত্র, পুং. [খর+পত্র] ক্ষুদ্রপত্র তুলসী; শাকাখ্যবৃক্ষ; যাবনালশর; হরিদর্ভ, মরুবক
খরপত্রক, পুং. [খরপত্র+ক] তিলকবৃক্ষ।
খরপত্রী, স্ত্রী. [খরপত্র+ঈ] গোজিহ্বাবৃক্ষ; কাকোদুম্বরিকা
খরপাত্র, ন. [খর+পাত্র] লৌহপাত্র।
খরপাদাঢ্য, পুং.[খর+পাদাঢ্য] কপিত্থবৃক্ষ।
খরপাল, পুং. [খর+পাল] দারুময়পাত্র, কাষ্ঠভাজন।
খরপুষ্প, পুং. [খর+পুষ্প] মরুবকবৃক্ষ।
খরপুষ্পিকা-খরপুষ্পা, স্ত্রী. [খর+পুষ্পিকা+পুষ্পা] বর্ব্বরা, বাবুইতুলসী
খরপোড়, (প্রা) অতিদগ্ধ, অগ্নিকরণক-সুদগ্ধ। [পায়রা।
খরপ্রিয়, পুং. [খর+প্রিয়] পারাবত,
খরবল্ললিকা, স্ত্রী. [খর+বল্ললিকা] নাগ-বলা, গোরক্ষচাউলিয়া।
খরবুজ্-খরবুজা, (যাং) তরমুজ, লতাপনস।
খরমঞ্জরী, স্ত্রী. [খর+মঞ্জরী] অপামার্গবৃক্ষ।

খরযান, ন. [খর+যান] গর্দ্দভযান।
খররা, (হি) অশ্বলোম মার্জ্জনার্থ লোহকঙ্কত, অশ্বমার্জ্জনী।
খরলোমা, পুং. [খর+লোমন্] নাগভেদ।
খরশব্দ, পুং. [খর+শব্দ] কুররপক্ষী; গর্দ্দভধ্বনি। [হাটী।
খরশাক, পুং. [খর+শাক] ভার্গী, বামন-
খরশাণ, (প্রা) তীক্ষ্ণ, প্রখর; কটু।
খরশাল, ত্রি. [খর+শালা] গর্দ্দভাগার।
খরশূলা, (প্রা) মৎস্যবিশেষ।
খরশোল্ল, পুং. [খর+শোল্ল] লৌহপাত্র।
খরস্কন্ধ, পুং. [খর+স্কন্ধ] প্রিয়ালবৃক্ষ।
খরস্কন্ধা, স্ত্রী. [খরস্কন্ধ+আ] খর্জ্জূরী
খরস্বরা, স্ত্রী. [খর+স্বরা] বনমল্লিকা।
খরা, স্ত্রী. [খর+আ] দেবতাড়বৃক্ষ।
খরাংশু, পুং. [খর+অংশু] সূর্য্য।
খরাগরী, স্ত্রী. [খর+আগরী] দেবতাড়বৃক্ষ।
খরাণ, (প্রা) ভর্জ্জন, পোড়ান, চোঁয়ান।
খরাণিয়া, (প্রা) অত্যন্তদগ্ধ।
খরাব্, (যা২) মন্দ, কুৎসিত।
খরাব্দাঙ্কুরক, ন. [খরাব্দ+অঙ্কুরক] বৈদূর্য্যমণি।
খরালক, পুং. [খরাল+ক] লৌহশর।
খরালিক, পুং [খরাল+ইক] লৌহশর।
খরাশ্বা, স্ত্রী. [খর+অশ্বা] ময়ূরশিখা, রুদ্রজটা; ক্ষেত্রযগানিকা।
খরাহ্বা, স্ত্রী. [খর+আহ্বা] অজমোদা।
খরিকা, স্ত্রী. [খর+ইকা] কস্তূরীভেদ, চূর্ণাকৃতি।
খরিন্ধয়, ত্রি. [খরিম্+ধয়] গর্দ্দভদুগ্ধপায়ী।
খরী, (প্রা) ইক্ষুভেদ।
খরু, পুং. [খর+উ] শিব; হয়; দর্প; দন্ত; কামদেব; শুক্লবর্ণ; (ত্রি.) শ্বেত; নিষিদ্ধেকরুচি; নির্ব্বোধ; ক্রূর; তীক্ষ্ণ।
খর্জ্জিকা, স্ত্রী. [খর্জ্জ+ইকা] অবদংশ।
খর্জ্জু, পুং. [খর্জ্জ+উ] খর্জ্জূরী; কণ্ডু; কীট।
খর্জ্জুর, ন. [খর্জ্জ+উর] রৌপ্য।
খর্জ্জূ, স্ত্রী. [খর্জ্জ+ঊ] কণ্ডূ; কীট।
খর্জ্জূঘ্ন, পুং. [খর্জ্জূ+ঘ্ন] চক্রমর্দ্দ; ধুস্তুর; অর্কবৃক্ষ।
খর্জ্জূর, ন. [খর্জ্জ+ঊর] খর্জ্জূরফল; রৌপ্য; হরিতাল; খল; (পুং. স্ত্রী.) খর্জ্জূরীবৃক্ষ, খেজুরগাছ; বৃশ্চিক।
খর্জ্জূররস, পুং. [খর্জ্জূর+রস] খেজুররস।
খর্জ্জূরিকা, স্ত্রী. [খর্জ্জূর+ইকা] মিষ্টান্নবিশেষ, মিঠাগজা।
খর্জ্জূরী, ত্রি. [খর্জ্জূর+ঈ] বনখর্জ্জূর; খর্জ্জূরবৃক্ষ, খাজুরগাছ, তৎপর্য্যায়।—খরস্কন্ধা, দুষ্প্রধর্ষা, দুরারুহা, নিশ্রেণী, কষায়ী, যবনেষ্টা, হরিপ্রিয়া।
খর্পর, পুং. [খর্+পর] তস্কর; ধূর্ত্ত; ভিক্ষাপাত্র; কপাল; ছত্র।
খর্পরাল, পুং. [খর্পর+অল] বৃক্ষবিশেষ।
খর্পরী, স্ত্রী. ন. [খর্পর+ঈ] কর্পরীতুত্থ
খর্পরীতুত্থ, ন. [খর্পরী+তুত্থ] তুত্থবিশেষ, তৎপর্য্যায়।—খর্পরীরসক, চক্ষুষ্য, অমৃতোৎপন্ন, তুত্থ, খর্পরিকা।
খর্ব্ব, ন. [খর্ব্ব+অ] সংখ্যাবিশেষ, দশাব্জসংখ্যা, দশ বৃন্দসংখ্যা ১০০০০০০০০০০ (পুং) কুবেরের নিধিবিশেষ; কুব্জকবৃক্ষ; (ত্রি) ক্ষুদ্র, ন্যঙ্, নীচ, বামন, হ্রস্ব, নিখর্ব্ব, খদৃত, খর্ব্বশাখ, খাট, ছোট।
খর্ব্বট, পুং ন. [খর্ব্ব+অট] চতুঃশত গ্রামমধ্যস্থল; পর্ব্বতের প্রান্তগ্রাম।
খর্ব্বশাখ, ত্রি. [খর্ব্ব+শাখ] বামন, খর্ব্ব, ক্ষুদ্র।
খর্ব্বুরা, স্ত্রী. [খর্ব্বুর+আ] তরদীবৃক্ষ।
খর্বূজ, ন. [খর্+বূজ] ষড়্ভুজা, খরবুজা।
খর্ম্ম, পুং. [খৃ+ম] পৌরুষ, পুংশক্তি, পুরুষত্ব কোষজাংশুক; পট্টবস্ত্র।
খল, ন. [খল্+অ] ভূ; স্থান; কল্ক; খলাধান; ধান্য মাড়িবার খামার; (পুং) সূর্য্য; তমালবৃক্ষ; ধত্তূরবৃক্ষ; (ত্রি) নীচ, অধম; ক্রূর; তৎপর্য্যায়—দুর্জ্জন, পিশুন, দুর্ব্বিধ, বিশ্বকদ্রু, নৃশংসঘাতুক, পাপ।
খল, (প্রা) ঔষধমর্দ্দনপাত্র।
খলকাহিনী, (প্রা) ইতিহাস, গল্প, পুরাবৃত্ত, অমূলককাহিনী।
খলৎ, (প্রা) কপটী, চঞ্চল; পিচ্ছল।
খলতা, স্ত্রী. [খল+তা] দুষ্টতা, পিশুনতা।

খলতি, পুং. [খলত+ই] ইন্দ্রলুপ্তরোগযুক্ত, টাকপড়ামাথা, তৎপর্য্যায়।—খলাট, ঐন্দ্রলুপ্তিক, শিপিবিষ্ট, বভ্রুরথ, খল্লীট, খল্লিট।

খলন, ন. [খল্+অন] বল্গা, লাগাম, বাগডোর।

খলন, (প্রা) পিছলন, ভুলন; স্খলন, চুকন।

খলপা, (প্রা) কুশূল, গোলা, ধান্যাগার।

খলপূ, ত্রি. [খল+পূ] মার্জ্জনকারী, বহুকর, ঝাড়ুকর, ফরাশ।

খলপ্রীতি, ন. [খল+প্রীতি] দুর্জ্জনপ্রিয়।

খলমূর্ত্তি, পুং. [খল+মূর্ত্তি] পারদ, পারা।

খলমুষল, (প্রা) ঔষধ মাড়িবারপাত্র; উদূখলমোনা।

খলল, (প্রা) গণ্ডগোল, কলহ, উন্দুধুন্দু।

খলসংসর্গ, পুং. [খল+সংসর্গ] অসৎসংসর্গ, দুর্জ্জনের সহবাস।

খলসী, (প্রা) সমুদ্রতীরস্থ বৃক্ষভেদ।

খলাধারা, স্ত্রী. [খল+আধারা] তৈলপায়িকা, আরসুলাপোকা। [কাইট।

খলি, পুং. [খল+ই] তৈলকিট্ট, তেলের-

খলি, (প্রা) কর্ণমল, খইল।

খলিন, পুং. ন. [খ+লিন] খলীন।

খলিনী, স্ত্রী. [খলিন+ঈ] খলসমূহ, ধানের অনেক খামার, খল্যা; তালমূলীবৃক্ষ।

খলিফা, (যাং) পাচক; সৌচিক।

খলিশ, পুং. [খলি+শ] স্বনামখ্যাত মৎস্য, কঙ্কত্রোট, খলেশয়, খলিশামাছ।

খলী, ত্রি. [খল+ইন্] নীচ, অধম; স্খলিত, রেতঃপাত। [ক্ষতিকরণ।

খলীকার, পুং. [খলী+কার] অপকার,

খলীন, পুং. [খ+লীন] খলিন, কবিকা, কড়িয়ালি।

খলু, ব্য. [খল+উ] নিষেধ; বাক্যালঙ্কার, জিজ্ঞাসা; অনুনয়; নিশ্চিত; পদবাক্যাদিপূরণ; বীপ্সা।

খলুক্, পুং. [খ+লুজ্] অন্ধকার।

খলুরেষ, পুং. [খলু+রেষ] মৃগভেদ।

খলূরিকা, স্ত্রী. [খল+ঊর+ইকা] শস্ত্রাভ্যাসভূমি, সৈন্যদিগের ব্যায়ামের স্থান।

খলেধানী, স্ত্রী [খলে+ধানী] মেধি, খলে পশুবন্ধনদারু।

খলেবালী, স্ত্রী [খলে+বালী] খলে গোবন্ধনদারু, মেইকাট। [মৎস্য।

খলেশ-খলেশয়, পুং. [খলে+শ-শয়] খলিশ-

খল্‌খল্, (প্রা) অব্যক্তশব্দ, অস্ফুটধ্বনি।

খলবল-খলবলি, (প্রা) গণ্ডগোল, কলহ।

খলোক্তি, স্ত্রী. [খল+উক্তি] কটূক্তি, তিরস্কার, অন্যায়, অপবাদ

খল্যা, স্ত্রী. [খল্য+আ] খলিনী, ধানমাড়ার অনেক খামার।

খল্ল, পুং. [খল্+ল] বস্ত্রপ্রভেদ; গর্ত্ত; চর্ম্ম; চাতকপক্ষী; দৃতি অর্থাৎ মশক; ঔষধমর্দ্দনপাত্র, খল।

খল্লা, (প্রা) মৎস্যবিশেষ।

খল্লিকা, স্ত্রী. [খল্ল+ইক+আ] ঋজীষ, পিষ্টকাদি ভর্জ্জনপাত্র, পিটেভাজা খোলা।

খল্লিট-খল্লীট, ত্রি. [খল্ল+ইট] ইন্দ্রলুপ্ত রোগযুক্ত, টাকপড়ামাথা।

খল্লী, স্ত্রী. [খল্ল+ঈ] হস্তপাদাবমর্দ্দনাখ্যা রোগ, গাঁটিয়াবাত। [বিশেষ।

খশ, পুং, [খ+শ] দেশবিশেষ; জাতি-

খশা, স্ত্রী [খশ্+আ] মুরানাম গন্ধদ্রব্য; দক্ষকন্যা, কশ্যপপত্নী

খশয়, ত্রি. [খ+শয়] শূন্যাশ্রিত।

খশরীর, ন. [খ+শরীর] দিব্যদেহ; দেবতা।

খশরীরী, ত্রি. [খ+শরীরী] স্বর্গীয়, দেবকীয়।

খশেট, পুং. [খশে+ট] খলিশমৎস্য।

খশ্বাস, পুং. [খ+শ্বাস] বায়ু।

খষণ, (প্রা) ঝরাণ, পড়ন, পতন, স্খলন।

খষাণ, (প্রা) ঝরাণ, পাড়ান; খোলন।

খষ্প, ন. [খষ্+প] ক্রোধ; বলাৎকার।

খস, পুং. [খ+স] পামা, পাম, কচ্ছু, বিচর্চ্চিকা, খোস

খসকন্দ-খসগন্ধ, পুং. [খস+কন্দ+গন্ধ ক্ষীরকঞ্চুকীবৃক্ষ।

খসতিল, পুং. [খস+তিল] খস্‌খস্।

খসম, পুং. [খ+সম] বুদ্ধ।

খসম্ভব, ত্রি. [খ+সম্ভব] আকাশীয়।
খসম্ভবা, স্ত্রী, [খ+সম্ভবা] আকাশমাংসী।
খসর্পণ, পুং. [খ+সর্পণ] বুদ্ধবিশেষ; (ন.) শূন্য হইতে ধীরে ধীরে পতন।
খসা, স্ত্রী. [খস+আ] রাক্ষসমাতা।
খসা, (প্রা) বিযুক্ত, আল্‌গা।
খসাত্মজ, পুং. [খসা+আত্মজ] রাক্ষস।
খসুয়া, (প্রা) কণ্ডূয়াবিশিষ্ট। [পুত্র
খসূম, পুং. [খ+সূম] বিপ্রচিত্তি দৈত্য-
খস্‌খস্, পুং. [খস্+খস্] বৃক্ষবিশেষ, পোস্তাদানা, সূক্ষ্মবীজ, সূক্ষ্মতণ্ডুল, সুবীজ; বেণামুল। [আফিং।
খস্‌খসরস, পুং. [খস্‌খস+রস] অহিফেণ,
খসড়া, (প্রা) প্রথমলিপি, পাণ্ডুলিপি, মুসবিদা; জাব্দাবহি।
খস্তনী, স্ত্রী. [খ+স্তন+ঈ] পৃথিবী।
খস্ফটিক-খস্ফাটিক, পুং. [খ+স্ফটিক-স্ফাটিক] সূর্য্যকান্তমণি; চন্দ্রকান্তমণি।
খহর, পুং. [খ+হর] ভগ্নাংশ অঙ্কবিদ্যা।
খাই, (প্রা) খাত, গর্ত্ত, খানা।
খাইদ, (প্রা) ধাতুরমল; কাইট, মলা, খাদ।
খাউকী, (প্রা) ছল, ধূর্ত্ততা, প্রতারণা, কাপট্য, কুহক।
খাউড়ল-খাউড়াল-খাউন্তিয়া, (প্রা) খাউয়্যা, অবক্ষুধিত, বহুভুক; অতিভোক্তা, উদরম্ভরিব্যক্তি, অঘ্মর, পেটুক, পেটার্থী।
খাওন, (প্রা) ভোজন, ভক্ষণ, ক্ষয়করণ, গ্রাসকরণ, খাদন।
খাওনিয়া, (প্রা) ভক্ষক, বহুভোজী।
খাওয়া, (প্রা) ভোজন, আহারকরণ।
খাওয়ান, (প্রা) ভোজনকরান, চিবান।
খাওয়াখায়ি, (প্রা) পরস্পর ভুক্তভোজ্য়িতা। [বুভুক্ষা।
খাঁই, (প্রা) লোভ, আকাঙ্ক্ষা, স্পৃহা;
খাঁকতি; (প্রা) অপ্রতুল, অনাটন, কমতি।
খাঁকরি, (প্রা) চূর্ণখণ্ড, কাঁকর, কুরুই।
খাঁকার, (প্রা) অখ্যাতি, কলঙ্ক, দোষ, খুঁত।
খাঁচা, (প্রা) পিঞ্জর, পক্ষ্যাগার, পিজরা, খুঁয়াড়।
খাঁজ, (প্রা) কাষ্ঠদ্বয়ের সংযোগার্থঅর্দ্ধার্দ্ধি ছেদন।
খাঁড়, (প্রা) ইক্ষুবিকার, গুড়।
খাঁড়া, (প্রা) খড়্গ, অসি, করবাল।
খাঁড়ি, (প্রা) খাল প্রবেশের পথ।
খাঁড়ুয়া, (প্রা) বস্ত্রখণ্ড।
খাঁদলস, (প্রা) খাঁজ।
খাঁদা-খাঁদুয়া, (প্রা) ক্ষুণ্ণনাসিকা, খুরণস, অবনাট, নিম্ননাসা। [ঝাঁটা
খাংরা, (প্রা) মার্জ্জনী, সম্মার্জ্জনী, ঝাড়ু
খাকরি, (প্রা) মদিরার কিট্ট, মল, কল্ক; তলানি, ছাকনা, শিটা, গাদ।
খাকসীপেটা, (প্রা) শ্বাসকৃচ্ছ্র।
খাকী-খাগী, (প্রা) ভক্ষক; নাশক।
খাকুই, (প্রা) তুলাপরিষ্কার যন্ত্র।
খাখসা, পুং. [খাখস+আ] বীজবিশেষ, পোস্তাদানা, তিলভেদ, খসতিল।
খাগ, (প্রা) খড়্গ; গণ্ডারের খড়্গ; বন্যশূকরেরদংষ্ট্র।
খাগড়া, (প্রা) শর, নল।
খাঙ্গন, (প্রা) লম্বনখড়্গবিশেষ।
খাঙ্গরা, (প্রা) মার্জ্জনী। [শক্ত।
খাজা, (প্রা) পক্কমিষ্টান্নবিশেষ; দৃঢ়, কঠিন,
খাজাকাঁটাল, (প্রা) সুপক্ক ও দৃঢ় কোশযুক্ত কণ্টকিফল।
খাজি, (প্রা) মৎস্যবিশেষ।
খাজিক, পুং. [খজ+ইক] লাজা, খৈ।
খাজুর, (প্রা) খর্জ্জূর।
খাজুরগুড়, (প্রা) গুড়ভেদ। [খাট।
খাট, পুং. স্ত্রী. [খট+অ] শবরথ, মরার-
খাট, (প্রা) বামন; ক্ষুদ্র; তুচ্ছ; খট্টা।
খাটদৃষ্টি, (প্রা) অদূরদর্শী অল্পদৃক্; ক্ষুদ্রাশয়, ব্যয়কুণ্ঠ, কৃপণ, অদাতা, মাছিটেপা।
খাটন, (প্রা) পরিশ্রমকরণ, সম্পাদন, লাগন।
খাটনি-খাটনী, (প্রা) বেতন, শ্রমমূল্য; শ্রম।
খাটনীয়া, (প্রা) কর্ম্মকারী, পরিশ্রমী।
খাটমল, (প্রা) তল্পকীট, ছারপোকা, গাঁধি, গন্ধি।

খাটলা, (প্রা) ব্যবধান, আড়াল, আবডাল, পর্দা; চালনী।

খাটা, (প্রা) অম্ল, টক; কর্ম্মকরা। [করণ।

খাটাখাটি, (প্রা) পরস্পরকর্ম্ম বা পরিশ্রম-

খাটান, (প্রা) কর্ম্মেনিয়োগকরণ, শ্রমে নিযুক্তকরণ; চালান; পরীক্ষণ; লাগান; যোজন।

খাটাল, (প্রা) অন্তর, মধ্যস্থল, অন্তরাল।

খাটাশি, (প্রা) খট্টাশ।

খাটি, স্ত্রী. [খট+ই] অসদাগ্রহ; কিণ; শবরথ; খট্টা, পালঙ্ক।

খাটিকা, স্ত্রী. [খট+ইকা] খাট, শবরথ।

খাটী, (প্রা) শুদ্ধধাতু. অমিশ্রিত স্বর্ণরূপ্য; অকৃত্রিম, নির্দ্দোষী, নিষ্কপট; কর্ম্মভ; স্পষ্ট। [ভূমি।

খাড়ল, (প্রা) গ্রীষ্মকালে ভূমিছিদ্র, বিদীর্ণ-

খাড়া, (হি) উর্দ্ধ, উত্থিত, দণ্ডমান, দাঁড়ান; সরল, সোঝা। [দ্রুতরূপে।

খাড়াখাড়া, (প্রা) শীঘ্র, সদ্য, ত্বরায়, ঝটিতি,

খাড়াহুণ্ডি, (প্রা) দর্শনীটীপ, পত্রদর্শনাৎ।

খাড়ু, (প্রা) স্ত্রীদিগের অলঙ্কারবিশেষ।

খাড়্গিক, ত্রি, [খড়্গ+ইক] খড়্গধারী; খড়্গসম্বন্ধী।

খাণ্ডব, ন. [খাণ্ড+ব]বনবিশেষ, ইন্দ্রেরবন।

খাণ্ডবী, স্ত্রী. [খাণ্ডব+ঈ] চন্দ্রবংশীয় সুদর্শনরাজকৃত হিমবৎ পর্ব্বত নিকটস্থ পুরিবিশেষ। [ময়রা।

খাণ্ডিক, পুং. [খণ্ড+ইক] খণ্ডপাল, মোদক,

খাত, ন. [খন+ত] পুষ্করিণী, চৌবাচ্চা; গর্ত্ত, খাই; কূপ।

খাতক, ন. [খাত+ক] পরিখা, খানা, পগার; (পুং) অধমর্ণ, ঋণগ্রাহক, ধারী, ঋণী; খননকারী।

খাতকী, (প্রা) টীপ, প্রতিজ্ঞাপত্র, খত।

খাতব্যবহার, পুং. [খাত+ব্যবহার] পুষ্করিণ্যাদি পরিমাণ; পুকুরকালি।

খাতভূ, স্ত্রী. [খাত+ভূ] প্রতিকূপ, পরিখা।

খাতা, (প্রা) সংহতি, ভূভাগ; হিসাববহি।

খাতির, (যাং) অন্তঃকরণ; ইচ্ছা, প্রণেতা; পক্ষ অনুরোধ।

খাতিরজমা, (যাং) মনের স্থিরতা, নিশ্চয়, দৃঢ় প্রত্যয়

খাত্তা, (হি) কৃতনিশ্চয়, কৃতবিশ্বাস; নিরস্ত।

খাত্র, ন. [খন+র] খাত; খনিত্র; দারুণ; বন; সূত্র। [ভক্ষক, অত্তা।

খাদক, ত্রি. [খাদ্+অক] ঋণগ্রহীতা, খাতক;

খাদন, ন. [খাদ্+অন] ভক্ষণ, আহার; (পুং) দন্ত।

খাদনীয়, ত্রি. [খাদ+অনীয়] ভক্ষণীয়, খাদিতব্য, ভোক্তব্য।

খাদি, (প্রা) খণ্ড, লাঠি, ডেঙ্গা।

খাদিখাদি, (প্রা) ক্ষুদ্রখণ্ড।

খাদিত, ত্রি. [খাদ+ইত] ভক্ষিত, ভুক্ত, গ্রস্ত, খাওয়া।

খাদিতব্য, ত্রি. [খাদ+ইতব্য]ভক্ষণীয়, খাদ্য, ভোজ্য, ভোজনীয়, অদ্য, আহার্য্য।

খাদিম, (যাং) কিঙ্কর, ভৃত্য।

খাদির, পুং. [খদির+অ] খদিরসম্বন্ধীয়।

খাদিরসার, পুং. [খাদির+সার] খদিরবৃক্ষনির্যাস, খএর, তৎপর্য্যায়।—খাদির, অদ্ভুতসার, সৎসার, রঙ্গদ, রঙ্গ।

খাদুক, ত্রি. [খাদ্+উক] সিংহালুক।

খাদ্য, ত্রি. [খাদ্+য] ভক্ষণীয়, ভোজনীয়, ভক্ষ্য; আহার।

খাদ্যাখাদ্য, ত্রি. [খাদ্য+অখাদ্য] ভোজ্যাভোজ্য, ভক্ষ্যাভক্ষ্য।

খান, (প্রা) স্থান; খণ্ড; বস্তুনির্দ্দেশ, দ্রব্যের সংখ্যামাত্র; বস্ত্রখণ্ড।

খান্‌কী, (যাং) বারাঙ্গনা, বেশ্যা।

খান্‌কীখোর, (যাং) লম্পট, লোচ্চা।

খান্‌কীবাজ, (যাং) ব্যভিচারী, লম্পট, লোচ্চা।

খান্‌খান্, (প্রা) খণ্ডখণ্ড।

খানপান, ন. [খান+পান] কঠিন দ্রবদ্রব্যের গলাধঃকরণ; (হি) খানাপিনা।

খান্সামা, (যাং) ভৃত্য, চাকর; মদ্যরক্ষক।

খানা, (প্রা) গহ্বর, গর্ত্ত; আহার, ওদন।

খানি, স্ত্রী. [খান্+ই] খনি, আকর।

খানিক, ন. [খান্+ইক] কুড্যচ্ছেদ, দেওয়ালেরগর্ত্ত।

খানিল, ত্রি. [খান+ইল] ভিত্তিচৌর,সিঁদাল চোর।
খানী, স্ত্রী. [খান্+ঈ] খনি, আকর।
খানোদক, পুং. [খান+উদক] নারিকেল।
খাপ, (প্রা) অসিকোষ, খড়্গাধার, খড়্গপিধান; জলাভেদ্য, ঘন, গচ, (যাং) স্বপ্ন।
খাপগা, স্ত্রী. [খ+অপগা] গঙ্গা।
খাপ্তা, (প্রা) পক্ষীবিশেষ। [দগ্ধমৃত্তিকা
খাপরা, (প্রা) গৃহাচ্ছাদনের ইষ্টক, খোলা,
খাপরাল, (প্রা) খোলারঘর।
খাফা, (যাং) ক্রোধ।
খাবরা, (প্রা) খাপরা।
খাবরি, (প্রা) করোটি, শিরোস্থি; বৃহৎ অর্দ্ধচন্দ্রবৎ আধার।
খাবল-খাবলা, (প্রা) গ্রাস, কবল; একমুষ্টি, মুটা। [ভোজ্য।
খাবার, (প্রা) খাদ্য, ভোজনীয়, ভক্ষ্য,
খাম্, (যাং) অপরিপক্ক, অসম্পূর্ণ; চিটীর শিলমোহর; থাম।
খাম্‌আলু, (প্রা) আলুবিশেষ।
খাম্‌খেয়াল, (যাং) অকৃতনিশ্চয় বুদ্ধি, যাহার বুদ্ধির স্থিরতা নাই।
খামাচ, (প্রা) লতাবিশেষ।
খামার, (হি) শস্যমর্দ্দন স্থান।
খামালু, (প্রা) আলুভেদ।
খাম্‌চান,(প্রা)অঙ্গুলী সঙ্কোচে পীড়িতকরণ।
খাম্বা, (প্রা) স্তম্ভ, থাম, খুঁটী।
খার, পুং. [খার্+অ] খারিপরিমাণ।
খারই, (হি) মৎস্যধানী; মাছ জিয়াইবার পাত্র।
খারার্দ্ধ, (প্রা) সরলতা, ঋজুতা, সারল্য।
খারি, স্ত্রী. [খর+ই] খারীপরিমাণ; ষোড়শদ্রোণ।
খারিক, ন. [খার+ইক্] মহাপারাবত।
খারিজ, (যাং) নিরস্ত, নিরাকৃত, বর্জ্জিত।
খারিম্পচ, ত্রি.[খারিম্+পচ] খারিপরিমিতান্নাদি পাককর্ত্তা।
খারী, স্ত্রী. [খার্+ঈ] পরিমাণবিশেষ, ষোড়শদ্রোণ, গোণীচতুষ্টয়, পাঁচশত বারো সের, দ্রোণচতুষ্টয়।
খারীক, ত্রি. [খারী+ক] খারীক্ষেত্র, খারীপরিমিতবীজবপনোযুক্ত ক্ষেত্র, খারীবাপ।
খারীবাপ, ত্রি. [খারী+বাপ] খারীক।
খার্কার, পুং.[খার্কার+অ] খরনাদ, খরশব্দ।
খাল, (প্রা) খাত, কৃত্রিমনদী, খল্ল, বঙ্ক, , খাঁড়ি, নালা।
খালাড়ী, (প্রা) লবণ নির্ম্মাণ স্থান।
খালাস, (যাং) মুক্ত; সন্তান প্রসব হওন।
খালাসী (যাং) নাবিক; ভারবাহক।
খালিত্য, পুং. [খলিত+য] ইন্দ্রলুপ্তরোগ।
খালী, (যাং) রিক্ত, শূন্য; মাতৃষ্বসা।
খালীধরা, (প্রা) অতিদুর্ব্বল অঙ্গাকর্ষণ।
খাশি, পুং. [খাশ+ই] কেশ্যাবৃক্ষবিশিষ্টপর্ব্বত।
খাশ্মরী, স্ত্রী. [খাশ্মর+ঈ] কাশ্মরী।
খাসা, (যাং) উত্তম, শ্রেষ্ঠ।
খাসী, (যাং) ছিন্নমুষ্ক ছাগ মেষাদি।
খাস্ত, (প্রা) নিকৃষ্ট, অপকৃষ্ট, কুৎসিত, মন্দ, কদর্য্য।
খাস্তা, (প্রা) মান্দ্য, অপকৃষ্টতা, নীচতা, কদর্য্যতা।
খিঁচ, (প্রা) ভিন্ন ভিন্ন বিবেচনা; বাদানুবাদ, বিতণ্ডা।
খিচঁন, (প্রা) কর্ষণ, আকর্ষণ, অঙ্গগ্রহণ।
খিক্-খিক্‌খিক্, (প্রা) অসম্বদ্ধ পরিহাস, কুৎসিত, খিল্‌খিল্।
খিখি, স্ত্রী. [খি+খি] কিখি, লঘুশৃগাল, উল্কামুখী, খ্যাঁক্‌শেয়ালী।
খিঙ্খির, পুং. [খিম্+খির] শিবাভেদ, খ্যাঁক্‌শিয়ালী; খট্বাঙ্গ, শিবেরঅস্ত্র; বারিবালক, গন্ধদ্রব্য।
খিচড, (প্রা) কর্দ্দম, কচ্চর; অশৃঙ্খল, প্রাকৃত, ইতর; নীচ, কটুবাক্য।
খিচড়ি, (প্রা) মিশ্রিতান্নবিশেষ; কচ্চর।
খিচড়া-খিচড়ীয়া, (প্রা) অপভাষা, কটুবাক্য, নীচ। [করণ।
খিচান, (প্রা) মুখবাঁকান, শরীরের বিকৃতি-
খিচিমিচি, (প্রা) বৈরক্ত, আত্মদ্রোহ, সামান্য বিষয় নিমিত্ত বিবাদ।

খিট, (প্রা) কলঙ্ক, মর্চ্যা, মলা।

খিটা-খিটিয়া, (প্রা) সকলঙ্ক, কলঙ্কিত, মর্চ্যা-ধরা।

খিটিমিটি, (প্রা) বিতুষ্টতা, স্বভাবরুক্ষতা, বক্রভাব।

খিটখিট, (প্রা) ক্ষণক্ষণ ক্রোধ, উগ্রতা।

খিটখিটান, (প্রা) অসহিষ্ণুতা প্রকাশকরণ, খেঁকান।

খিট্‌খিটিয়া, (প্রা) রোষান্বিত, অসহিষ্ণু; বিরক্তস্বভাব, মিথ্যাবাক্যব্যয়ী।

খিদ্‌মৎ, (যাং) সেবা, কার্য্য।

খিদ্‌মৎগার, (যাং) পরিচারক; পরিবেশন-কারক।

খিড়্‌কী, (হি) পক্ষদ্বার।

খিদা, (প্রা) ক্ষুদ্বোধ, ক্ষুধা, অন্নলিপ্সা।

খিদির, পুং. [খিদ্‌+ইর] চন্দ্র; দীন; তাপস।

খিদ্যমান, ত্রি. [খিদ্‌+য-মান] খেদযুক্ত, দুঃখিত, পীড়িত; দৈন্যগ্রস্ত, উপতপ্ত।

খিদ্র, পুং. [খিদ্‌+র] রোগ; দরিদ্র।

খিন্ন, ত্রি. [খিদ্‌+ন] দৈন্যগ্রস্ত, খেদযুক্ত।

খিরহিট্টী, স্ত্রী. [খির+হিট্টী] মহাসমঙ্গা-বৃক্ষ।

খিল, ত্রি. [খি+ল] হলাদি দ্বারা, অকৃষ্টা-ভূমি, খিলভূঁই, অপ্রহত, পতিতভূমি, অচষাক্ষেত; (পুং.) নারায়ণ; ব্রহ্মা; (পুং. ন.) সারসংগ্রহ।

খিল, (প্রা) দ্বাররোধকাষ্ঠ, অর্গলা, হুড়কা, গোঁজ

খিলঘরা, (প্রা) কুমারিকা, লোহপুটক।

খিলন-খিলান, (প্রা) খিলমারণ, গোঁজ-দেওন; ইষ্টকাদিদ্বারা দ্বারের মস্তক বদ্ধকরণ, মাতলা, গুম্বজ, মন্দিরবৎ।

খিলী, (প্রা) ফুঁদিল, আকাশমণ্ডল, ধনুষ; পর্ণাদির বীটিকা, পানেরবীড়া।

খীল, (প্রা) কীল।

খুঁআড়, (প্রা) মেষস্থান, মেষশালা

খুঁইয়া, (প্রা) ক্ষুদ্র, অনার্য্য, ছোট, টেঁপা-গোঁজা; নীচ

খুঁচন, (প্রা) বেঁধন, ফোড়ন, ঠেলন, কোটন।

খুঁচি, (প্রা) ধান্যাদির, পরিমাণাধার; কুটীর সংস্কার।

খুঁট, (প্রা) বস্ত্রাদির প্রান্তভাগ।

খুটআঁখুরীয়া, (প্রা) অস্পষ্টহস্তাক্ষর।

খুঁটন, (প্রা) কুড়িয়া লওন।

খুটনি, (প্রা) বিন্দু, চিহ্নবিশেষ, দাগ; দোষ।

খুঁটুরমুটুর, (প্রা) কলহ দ্বন্দ্ব।

খুঁটা-খুঁটি, (প্রা) কীলক, স্তম্ভ; মেক।

খুঁটাখুঁটি, (প্রা) পরস্পর তুলনাদ্বারা নিরূ-পণ।

খুঁটান, (প্রা) তুলনাকরণ, সমানকরণ, যোড়লাগান।

খুঁত, (প্রা) কলঙ্ক, দাগ, কুচিহ্ন, দোষ।

খুঁতুরখুঁতুর, (প্রা) গদ্গদ, গদ্গদধ্বনি, ক্রন্দন।

খুঁৎখুঁৎ-খুঁৎখুঁতিয়া, (প্রা) অতুষ্টি, অস-ন্তোষ, অসম্মতি।

খুঁৎমুৎ-খুঁৎমুতিয়া, (প্রা) অতুষ্টি, অসম্মতি।

খুকন-খুকুখুকান, (প্রা) উৎকাসন, গলা-খাঁকড়ান, খুষণ।

খুকী, (প্রা) অবগণ্ড, অতিশয় বালিকা, দুগ্ধ-পোষ্যা; শিরোমল, খস্কী, মরামাস।

খুকখুকানি, (প্রা) উৎকাসী, গলাখুস্কী।

খুকনী, (প্রা) অতিশয়বালিকা।

খুঙ্গাহ, পুং. [খঙ্গ+আহ] কৃষ্ণবর্ণঘোটক, কালঘোড়া।

খুঙ্গী, (প্রা) বংশনির্ম্মিত বাক্স।

খুচ্‌, (প্রা) সহসা, হঠাৎ, ত্বরায়, ঝটিতি।

খুজন, (প্রা) অন্বেষণকরণ, অনুসন্ধান, তল্লাশকরণ। [তুচ্ছ।

খুজ্‌র, (প্রা) ক্ষুদ্র, অল্প, লঘু, ছোট, খুদিয়া,

খুজলান, (প্রা) চুল্কান, কণ্ডূয়ন।

খুজলানি, (প্রা) কচ্ছু, কণ্ডূয়ন, চুল্কনা, খোস, পাচড়া।

খুজলী, (প্রা) লতাবিশেষ।

খুজ্জাক, পুং. [খুজ্জা+ক] দেবতাড়বৃক্ষ; খুঞ্জাক

খুঞ্চিয়া, (প্রা) ঝুড়ী, ধামা, পাত্র

খুড়তত-খুড়া-খুড়াত, (প্রা) পিতার কনিষ্ঠ-ভ্রাতা।

খুড়ী, (প্রা) কনিষ্ঠ পিতৃব্যপত্নী, খুড়ারস্ত্রী।
খুদ, (প্রা) তণ্ডুলকণ, চাউলেরকণা।
খুদন,-খুদান, (প্রা) খনন, খোদন, খোঁড়ন।
খুদেজাম, (প্রা) লতাবৃক্ষবিশেষ।
খুন্তি, (প্রা) খনিত্র, কুদ্দাল।
খুপ্-খুপ্খুপ, (প্রা) হঠাৎ, শীঘ্র, তূর্ণ, ত্বরায়।
খুবরি, (প্রা) ক্ষুদ্রগৃহ, ঝুপড়ী, কুঠরী, একচালা।
খুবসুরৎ (যাং) অত্যুত্তম, অতি সুন্দর।
খুবানি (যাং) ফল বিশেষ।
খুর, পুং. [খুর্+অ] শফ, গবাদির পাদাগ্র; কোলদল, নখীনাম গন্ধদ্রব্য; ছেদনবস্তু, নাপিতের অস্ত্র; খট্বাদির পাদুক, খাটেরখুরা।
খুরক, পুং. [খুর+ক] তিলবৃক্ষ।
খুরণস, ত্রি. [খুর+নস্] চিপিটনাসিক, চেপ্টানাক, ছেপডানাক, খাঁদা।
খুরপদবী, স্ত্রী. [খুর+পদবী] ঘোটকের পদচিহ্ন।
খুরপ্র, পুং. [খুর+প্র] বাণবিশেষ, খুরপাস্ত্র।
খুরলী, স্ত্রী. [খুরল+ঈ] শরাভ্যাস।
খুরশী, (প্রা) চৌকি, ক্ষুদ্রকাষ্ঠাসন; পশুবন্ধনরজ্জু।
খুরাক, পুং. [খুর+আক] পশু।
খুরাক্, (যাং) খাদ্য, ভক্ষ্য দ্রব্য।
খুরাকী, (যাং) খোরাকের নিমিত্ত দত্ত ধন।
খুরাঘাত, পুং. [খুর+আঘাত] পদাঘাত, চাইট।
খুরাভিঘাত, পুং. [খুর+অভিঘাত] খুরাঘাত; পদাঘাত।
খুরালক, পুং.[খুর+অল+ক] লৌহময়বাণ।
খুরালিক, পুং.[খুর+অল+ইক] গ্রামণীভণ্ডি, নাপিতেরভাঁড়ি; নারাচাস্ত্র; উপধান, বালিশ; খরালক।
খুরি-খুরী, (প্রা) মৃত্তিকানির্ম্মিত ক্ষুদ্র পানপাত্র; কটোরা।
খুর্পা, (প্রা) খুরপ্র, ঘাসকাটনের অস্ত্রবিশেষ।
খুলন, (প্রা) প্রসারণ; মুক্তকরণ, বন্ধমোচন।
খুলী, (প্রা) খর্পর, পাত্রবিশেষ; মজ্জাধার।
খুল্ল, ত্রি. [খুদ্+ল] ক্ষুদ্র, নীচ, কনিষ্ঠ, ইতর; (ন.) নখীনাম গন্ধদ্রব্য।
খুল্লক, ত্রি. [খুল্ল+ক] স্বল্প; নীচ; কনিষ্ঠ; দরিদ্র; নিষ্ঠুর; খল।
খুল্লতাত, পুং. [খুল্ল+তাত] পিতৃকনিষ্ঠভ্রাতা, কনিষ্ঠপিতৃব্য, খুড়া, কাকা।
খুল্লম, পুং. [খুল্ল+ম] পন্থা, পথ, মার্গ।
খুশ্-খুশী, (যাং) আহ্লাদ আনন্দ।
খুশামদ, (যাং) মিথ্যা প্রশংসা, চাটুকার।
খুশামদী, (যাং) প্রিয়বাদী, চাটুবাদী।
খুশ্খৎ, (যাং) উত্তম লিখনী।
খুশ্খবর, (যাং) উত্তম সমাচার।
খুশ্জবান্, (যাং) উত্তম বাক্য, বাকপটু।
খুশ্নাম, (যাং) সুখ্যাতি।
খুশ্পোশাক, (যাং) উত্তম বস্ত্র।
খুশ্বো, (যাং) উত্তম গন্ধ।
খুশ্মেজাজ্, (যাং) আহ্লাদিত অন্তঃকরণ।
খুষণ-খুষখুষণ, (প্রা) কাসন।
খুষ্খুষি-খুষ্খুষাণি, (প্রা) কাস, গলাখুস্কী।
খুস্কন-খুস্কান, (প্রা) কাসন; নেলন; উত্থাপন; প্রবৃত্তিজন্মান।
খুস্কী, (প্রা) কাস; প্রবর্ত্তনা।
খুস, (প্রা) ঝটিতি, শীঘ্র, অবিলম্বে।
খুসন, (প্রা) শস্যমর্দ্দন; মৃত্তিকাখনন।
খুসনি, (প্রা) শস্যঝাড়ানি; ডাকিনী।
খুসড়ন, (প্রা) জড়াইয়া রাখন, গোপনে রাখন।
খূন্, (যাং) ব্যাপাদন, হত্যা।
খূন্সড়ি, (যাং) বিবাদ ব্যামোহ।
খে-খেই, (প্রা) সূত্রাগ্র, গাছা।
খেওরা, (প্রা) লতাবিশেষ।
খেঙ্গরা-খেঙ্গরা, (প্রা) গৃহমার্জ্জনী, ঝাড়ুন।
খেআনৎ, (যাং) বিশ্বাসঘাত; অপহৃত।
খেআল, (যাং) বিভাবনা, কল্পনা।
খেঁউড়, (প্রা) ইতরকবিতা, সকার বকার বিশিষ্ট গীত, পাঁচালী। [চিৎকার।
খেঁক্, (প্রা) কুকুর শৃগাল ও উল্কামুখীর

খেঁকান, (প্রা) গর্জ্জন, তর্জ্জন।
খেঁকারি, (প্রা) উৎকাসন।
খেঁকী, (প্রা) দুঃশীল, ক্রুদ্ধ, রাগাল, খিট্-খিটিয়া; কুঃকুরীবিশেষ।
খেঁকচা, (প্রা) নিত্য যাচন দ্বারা পরোদ্বেজন।
খোঁকচান,(প্রা) ঘেঙ্গান, উত্তেজনা দেওন।
খেঁকশিয়াল, (প্রা) উল্কামুখী, খিখি।
খেঁকশিয়ালী, (প্রা) উল্কামুখীস্ত্রী।
খেঁখর, (প্রা) খিখি, উল্কামুখী।
খেঁচকা, (প্রা) ঘেঙ্গানি, তাগাদা।
খেঁচড়া, (প্রা) অকথনীয়, অকথ্য, দুর্মুখ
খেঁড়ু, (প্রা) ইতরকবিতা।
খেকসা, (প্রা) লাউ কাঁকুড়বৃক্ষবিশেষ
খেকুআ, (প্রা) গ্রাসকারী, ভোজনশীল।
খেখীরক, পুং. [খে+খীরক] শব্দবতীযষ্টি।
খেগমন, পুং. [খে+গমন] কালকণ্ঠপক্ষী।
খেঘাট, (প্রা) পারঘাট।
খেচর, পুং. [খে+চর] শিব; বিদ্যাধর; পারদ; (ত্রি.) আকাশচারী।
খেচরান্ন, ন. [খেচর+অন্ন] দ্বিদলাদি সহিত পক্কতণ্ডুল, খিচড়ী।
খেঁচা, (প্রা) অঙ্গগ্রহ, অঙ্গেরবিকৃতি, কর্ষণ, ধনুষ্টঙ্কার, টান।
খেট, পুং. [খেট্+অ]গ্রহ; (ন.) তৃণ; (ত্রি.) অধম; ঘোটক; যষ্টি; সুনিন্দক, সুনন্দক, বলরামের গদা, (পুং.ন.) মৃগয়া; কফ; গ্রামভেদ, কর্ষকগ্রাম; চর্ম্ম, ঢাল।
খেটক, পুং. [খেট্+অক] গ্রামভেদ, চাষার গাঁ, উপনগর, শাখানগর, নগরপ্রান্ত; গদা; ফলক; সুনন্দক; ধনবৃদ্ধিজীবক; বলরামেরগদা
খেটিতাল, পুং. [খেটি+তাল] বৈতালিক।
খেটী, পুং. [খেট+ইন্] নাগর, কামী।
খেটা, (প্রা) স্থূলযষ্টি, গদা, লাঠী।
খেড়ি, (প্রা) খর্ব্ব; কৃশ, ক্ষীণ।
খেড়, (প্রা) ক্ষেত্র; স্ত্রী, বনিতা।
খেতখোলা, (প্রা) ক্ষেত্র।
খেদ, পুং. [খিদ্+অ] শোক, সন্তাপ, বিষণ্ণতা, বিমর্ষতা; অবসন্নতা; আক্ষেপ।
খেদকারক-খেদকারী, ত্রি. [খেদ+কারক-কারিন্] সন্তাপসূচক, দুঃখজনক।
খেদড়ন-খেদড়ান, (প্রা) তাড়ান, জাগান।
খেদদ, ত্রি. [খেদ+দ] খেদজনক, সন্তাপসূচক।
খেদন, ন. [খিদ্+অন] তাপন, ক্লেশন, পশ্চাত্তাপকরণ।
খেদান, (প্রা) দূরীকরণ, তাড়ান, হাঁকান।
খেদান্বিত, ত্রি. [খেদ+অন্বিত] খেদিত, শোকান্বিত।
খেদিত, ত্রি. [খিদ+ইত] ক্লিষ্ট, দুঃখী।
খেদিতব্য, ত্রি. [খিদ্+ইতব্য] খেদকরোণপযুক্ত।
খেদিনী, স্ত্রী. [খিদ্+ইন্+ঈ] অশনপর্ণীবৃক্ষ; লতা।
খেদ্য, ত্রি. [খিদ্+য] কৃচ্ছ্রশোচ্য।
খেপা, (প্রা) উন্মত্ত, বাতুল, পাগল।
খেপান, (প্রা) ক্রোধন, রাগান।
খেপানি, (প্রা) যাহাতে উন্মা জন্মে।
খেপুর, (প্রা) তৃণবিশেষ।
খেমী, (প্রা) মণি রাখিবার ডিবা, গহনার সিন্দুক, খুঙ্গী, পেটরা।
খেয়, ন. [খন+য] পরিখা, খাত, গড়খাই (ত্রি.) খননীয়। [ভেদ।
খেয়াল, (যাং) বিভাবনা, কল্পনা; সংগীত-
খেলন, ন. [খেল্+অন] ক্রীড়ন, খেলা।
খেলনী, স্ত্রী. [খেলন+ঈ] শারিফল।
খেলা, স্ত্রী. [খেল্+আ] ক্রীড়া, কুর্দ্দন, কৌতুক, খেলন। [বান্।
খেলাড়িয়া-খেলাড়ু, (প্রা) কুতুহলী, ক্রীড়া-
খেলাড়ী, (প্রা) রসিকা, লীলাকারিণী।
খেলানী, (প্রা) ক্রীড়নদ্রব্য।
খেলি, স্ত্রী. [খেল্+ই] গীত; বাণ; সূর্য্য; পক্ষী; জন্তু
খোশ্, (যাং) ইচ্ছা, বাঞ্ছা।
খেসর, পুং. [খে+সর] জন্তুবিশেষ, অশ্বখরজ, সক্রন্দার্ভ, অধ্বগ, ক্ষমী, সন্তুষ্ট, মিশ্রজ, নিশ্রশব্দ, অতিভারগ, খচর।
খৈ, (প্রা) খদিক, লাজা, ভৃষ্টধান্য।
খৈরী-খৈরীবক, (প্রা) পক্ষীবিশেষ।

খো-খোআ, (প্রা) ইষ্টকাদি খণ্ড, কঙ্কর; ক্ষতি, অপচিত।
খোঁটা, (প্রা) কীলক। [নেংচন।
খোঁড়ন. (প্রা) খনন, খোদন, ভূমিকাটন;
খোঁড়া, (প্রা) পঙ্গু, খঞ্জ।
খোঁপা, (প্রা) বদ্ধকেশ, ধর্ম্মিল্ল।
খোক্কা, (প্রা) কুররপক্ষী।
খোকা, (প্রা) অবগণ্ড, শিশু, দুগ্ধপোষ্য।
খোঙ্গাহ, পুং. [খোম্+কাহ] শ্বেতপিঙ্গলাশ্ব, খাঙ্গাহ।
খোঙ্গা-খোঙ্গী, (প্রা) খুঙ্গী।
খোজ, (প্রা) অনুসন্ধান, উদ্দেশ।
খোজন, (প্রা) অন্বেষণকরণ।
খোজা, (যাং) ক্লীব, নিষ্পুরুষত্ব; কঞ্চুকী।
খোটি, স্ত্রী. [খোট+ই] চতুরা স্ত্রী, রসিকা স্ত্রী, খোরি।
খোটী, স্ত্রী. [খোট+ঈ] পালঙ্কীবৃক্ষ; চতুরা।
খোড, ত্রি. [খোড়্+অ] খঞ্জ, খোঁড়া।
খোড়কশীর্ষক, ন. [খোড়ক+শীর্ষক] কপিশীর্ষ, ক্রয়শীর্ষ।
খোদ্, (যাং) স্বয়ং আপনি।
খোদা (যাং) পরমেশ্বর; স্বদত্ত।
খোদাবন্দ, (যাং) স্বামী; শ্রেষ্ঠব্যক্তিদিগের সম্মানসূচক বাক্য।
খোনকার, (যাং) মুসলমানদিগের গুরুবিশেষ। [শোধন।
খোদন, (প্রা) খনন, মুদ্রাদি করণ; দন্ত-
খোদা, (প্রা) মুদ্রাদিতে শিরোনাম, মুদ্রাদিতে যে অঙ্ক।
খোন, (প্রা) বড়শা।
খোপ, (প্রা) পারাবত গৃহ।
খোপা, (প্রা) কেশবন্ধন।
খোপাল, (প্রা) বদ্ধকেশযুক্ত।
খোয়ন-খোয়ান, (প্রা) অজ্ঞান বশতঃ দ্রব্য অপচয় করণ, হারান, উড়ান।
খোয়া, (প্রা) অপচিত, নষ্ট; ইষ্টকাদিখণ্ড।
খোয়ানীয়া, (প্রা) অপব্যয়ী।
খোয়ার, (প্রা) হানি, অপচয়; তিরস্কার
খোর, ত্রি. [খোর্+অ] খঞ্জ, খোঁড়া।
খোর, (প্রা) পশ্বাদির জ্বর।
খোরা, (প্রা) পাত্রবিশেষ
খোরাক, (যাং) খাদ্য, ভক্ষণীয় দ্রব্য।
খোল, ত্রি. [খোল্+অ] খঞ্জ, খোঁড়া।
খোল, (প্রা) বাদ্যযন্ত্রবিশেষ, মৃদঙ্গ; ফাঁপা; খাস; নারিকেল মালা।
খোলক, পুং. [খোল্+অক] পাক, খোলা; শিরস্ত্র, খোপড়া; বল্মীক, উয়েরঢিপি; পূগকোষ, গুয়ারছোবড়া।
খোলন, (প্রা) উন্মোচন, খসান, ছাড়ান।
খোলস, (প্রা) সর্পকঞ্চুক, সর্পত্বক্, মোক, সাপের খোলস
খোলা, (প্রা) অবদ্ধ, অমুদিত, স্পষ্ট; পাকস্থালী; ক্ষেত্র; খাপরা; মুক্তকরণ
খোলি, স্ত্রী. [খোল্+ই] তূণ।
খোল্ক, পুং. [খ+উল্ক] উল্কা।
খোল্মুক, পুং. [খ+উল্মুখ] মঙ্গলগ্রহ।
খোস, (প্রা) কচ্ছরোগ, কণ্ডু, চুল্কনা, পাচড়া।
খোসন, (প্রা) শস্যমর্দ্দন।
খোসা, (প্রা) ত্বক্, ছাল, ছিমড়া, ভুসী; শ্মশ্রুহীনব্যক্তি।
খ্যাত, ত্রি. [খ্যা+ত] খ্যাতিযুক্ত, প্রতীত প্রথিত, বিত্ত, বিজ্ঞাত, বিশ্রুত, নামধেয়, প্রসিদ্ধ।
খ্যাতগর্হণ-খ্যাতগর্হিত, ত্রি. [খ্যাত+গর্হণ-গর্হিত] প্রসিদ্ধকুৎসন, অবগীত,কুখ্যাত, ঘৃণ্য, দুর্নামী।
খ্যাতব্য, ত্রি. [খ্যা+তব্য] প্রতিষ্ঠার্হ।
খ্যাতি, স্ত্রী. [খ্যা+তি] প্রসিদ্ধি, প্রথা, প্রতিষ্ঠা, যশঃ; নাম, পদবী।
খ্যাতিকর, ত্রি. [খ্যাতি+কর] যশস্কর।
খ্যাতিঘ্ন, ত্রি. [খ্যাতি+ঘ্ন] দুর্নামজনক, অপবাদী, নিন্দক।
খ্যাতিজনক-খ্যাতিজন্য, ত্রি. [খ্যাতি+জনক-জন্য] যশস্বী।
খ্যাতিবোধ, পুং. [খ্যাতি+বোধ] মর্য্যাদাবোধ, সম্ভ্রমজ্ঞান। [বিশ্রুতি।
খ্যাতিমত্ত্ব, ন. [খ্যাতিমৎ+ত্ব] যশস্বিতা,
খ্যাত্যাপন্ন, ত্রি. [খ্যাতি+আপন্ন] যশস্বী, প্রসিদ্ধ।

খ্যাপক, ত্রি. [খ্যা+অক] প্রকাশক, ব্যঞ্জক।

খ্যাপন, ন. [খ্যা+অন] প্রকাশ, বিজ্ঞাপন, ব্যক্তহওন।

গ

গকার তৃতীয় হলবর্ণ। ইহার উচ্চারণ জিহ্বামূল হইতে হয়। অন্য নাম যথা।—গো; গৌরী; গৌরব; গঙ্গা; গণেশ; গোকুলেশ্বর; শার্ঙ্গী; পঞ্চাত্মক; গাথা; গন্ধর্ব্ব; সর্ব্বগ; স্মৃতি; সর্ব্বসিদ্ধি; প্রভা; ধূম্রা; দ্বিজাখ্য; শিবদর্শন; বিশ্বাত্মা; গৌ; পৃথগ্রূপা; বালবন্ধ; ত্রিলোচন; গীত; সরস্বতী; বিদ্যা; ভোগিনী; নন্দন; ধরা; ভোগবতী; হৃদয়; জ্ঞান; জালন্ধর; লব।

গ, ন. [গম্-গৈ+অ] গীত; (পুং.) গণেশ; গন্ধর্ব্ব; (ত্রি.) গত্যর্থ।

গই-গইড়, (প্রা) তরঙ্গ, ঢেউ, মৌজ; বিস্ফোট, ফোড়া।

গইরা, (প্রা) গম্ভীর; গভীরজল।

গএর, (প্রা) কণ্ঠগত শ্লেষ্মা, থুথু।

গঁগঁ, (প্রা) সিংহ ব্যাঘ্রাদির নাদ; অব্যক্তধ্বনি; পীড়াদ্যোতকশব্দ। [বর্ণ।

গকার, পুং. [গ+কার] কবর্গের তৃতীয়-

গকারাদি, পুং, [গকার+আদি] গ বর্ণাদি।

গকারান্ত, ন. [গকার+অন্ত] গ বর্ণান্ত।

গগণ-গগন, ন. [গম্+ণ] আকাশ, অন্তরীক্ষ, শূন্য; তৎপর্য্যায়।—বর্হি, ধম্ব, আপ, পৃথিবী, ভূ, স্বয়ম্ভূ, অধ্বা, সাগর, সমুদ্র, অম্বর, (অপর পর্য্যায়িক শব্দ আকাশ শব্দে দ্রষ্টব্য)।

গগণকুসুম, পুং. [গগণ+কুসুম] অপ্রসিদ্ধ, অলীক, মিথ্যা।

গগণগামী, ত্রি. [গগণ+গামিন্] আকাশগামী, খচর।

গগণচারী, ত্রি. [গগণ+চারিন্] বৈহায়স, আকাশবিহারী। [নভধ্বজ।

গগণধ্বজ, পুং. [গগণ+ধ্বজ] মেঘ; সূর্য্য;

গগণপরিধান, ত্রি. [গগণ+পরিধান] বিবস্ত্র, নগ্ন, বস্ত্রশূন্য। [অসঙ্গতবিষয়।

গগণপুষ্প, পুং. [গগণ+পুষ্প] খপুষ্প,

গগণবিহারী, ত্রি. [গগণ+বিহারিন্] আকাশবিহারী; (পুং.) সূর্য্য; খদ্যোতন, খোল্ক; দেবতা; পক্ষী।

গগণভেলা, (প্রা) পক্ষীবিশেষ, হাড়গিলা।

গগণভেট, পুং. [গগণ+ভেট] জলচর মীনভুক্ জালপাদ পক্ষীবিশেষ।

গগণমণ্ডল, ন. [গগণ+মণ্ডল] নভোমণ্ডল, খগোল। [দিব্য, স্বর্গস্থ।

গগণসদ্-গগণস্থ, ত্রি. [গগণ+সদ্-স্থ] স্বর্গীয়,

গগণস্পর্শন, পুং. [গগণ+স্পর্শন] বায়ু, পবন। [অত্যুচ্চ।

গগণাগ্র, ন. [গগণ+অগ্র] স্বর্গোর্দ্ধ;

গগণাধ্বগ, পুং. [গগণ+অধ্বগ] সূর্য্য; গ্রহ; নক্ষত্র; পক্ষী।

গগণেচর, পুং. [গগণে+চর] গ্রহ; নক্ষত্র; খেচর। [গ্রহ।

গগণোল্মুক, পুং. [গগণ+উল্মুক] মঙ্গল-

গগরী, (প্রা) গর্গরী; কলসী।

গগাণ, (প্রা) বকবকান, কাতরান, কাতরোক্তি, কাতর্য্য।

গগাণি, (প্রা) স্বাভাবিক অতুষ্টিতা, দেক।

গগাণিয়া, (প্রা) স্বভাবতঃ, বিরক্ত, বিলাপকারী।

গঙ্গকা, স্ত্রী. [গঙ্গক+আ] গঙ্গা।

গঙ্গা, স্ত্রী. [গম্+গ+আ] স্বনামখ্যাতানদী তৎপর্য্যায়।—বিষ্ণুপদী, জহ্নুতনয়া, সুরনিম্নগা, ভাগীরথী, ত্রিপথগা, ত্রিস্রোতা, ভীষ্মসূ, অর্ঘ্যতীর্থ, তীর্থরাজ, ত্রিদশদীর্ঘিকা, কুমারসূ, সরিদ্বরা, সিদ্ধাপগা, স্বরাপগা, খাপগা, গঙ্গিকা, ঋষিকুল্যা, স্বর্গাপগা, হৈমবতী, স্বর্বাপী, হরশেখরা, সুরাপগা, ধর্ম্মদ্রবী, জহ্নুকন্যা, গান্দিনী, রুদ্রশেখরা, নন্দিনী, অলকনন্দা, সিতসিন্ধু, অধ্বগা, উগ্রশেখরা, সিদ্ধসিন্ধু, স্বর্গসরিদ্বরা, মন্দাকিনী, জাহ্নবী, পুণ্যা, সমুদ্রসুভগা, স্বর্ণদী, সুরদীর্ঘিকা, সুরনদী, সুধা, স্বর্ধুনী, জ্যেষ্ঠা, মহাভদ্রা,

জহ্নুসুতা, ভীষ্মজননী, শুভ্রা, শৈলেন্দ্রজা, ভবায়না; দুর্গা।

গঙ্গাকা, স্ত্রী. [গঙ্গা+ক+আ] গঙ্গা।

গঙ্গাচিল্লী, স্ত্রী. [গঙ্গা+চিল্লী] চিল্লপক্ষীবিশেষ, গাঙ্গচিল, তৎপর্য্যায়।—দেবটী বিশ্বকা, জলকুক্কুটী। [কেয়।

গঙ্গাজ, পুং. [গঙ্গা+জ] ভীষ্ম; কার্ত্তি-

গঙ্গাজল, ন. [গঙ্গা+জল] গঙ্গোদক, মিষ্টান্নবিশেষ।

গঙ্গাজলী, ত্রি. [গঙ্গাজল+ইন্] গঙ্গাজল সদৃশবর্ণ; গঙ্গাজলস্পর্শপূর্ব্বকশপথকরণ।

গঙ্গাজলীয়া, (প্রা) যে ব্যক্তি গঙ্গাজল স্পর্শ পূর্ব্বক শপথ করে, বর্ব্বলা।

গঙ্গাটেয়, পুং. [গঙ্গা+টেয়] মৎস্যভেদ, চিঙ্গড়ী; গলানিল; (ত্রি.) গঙ্গাযাত্রা।

গঙ্গাতীর, ন. [গঙ্গা+তীর] জাহ্নবীতট।

গঙ্গাদ্বার, পুং. [গঙ্গা+দ্বার] গঙ্গাগমন স্থান, হরিদ্বার।

গঙ্গাধর, পুং. [গঙ্গা+ধর] শিব; সমুদ্র।

গঙ্গাপত্রী, স্ত্রী. [গঙ্গা+পত্রী] বৃক্ষবিশেষ, পত্রী, সুগন্ধা, গন্ধপত্রিকা।

গঙ্গাপার, ন. [গঙ্গা+পার] জাহ্নবীতট।

গঙ্গাপুত্র, পুং. [গঙ্গা+পুত্র] ভীষ্ম; কার্ত্তিকেয়; বর্ণসঙ্করজাতিবিশেষ, মুরদাফরাশ ইহারা লেটজাতীর ঔরসে ধীবর কন্যা গর্ত্ত জাত।

গঙ্গাপ্রাপ্তি, স্ত্রী. [গঙ্গা+প্রাপ্তি] মরণ, মৃত্যুকালে গঙ্গাতীরে গমন।

গঙ্গাবাসী, ত্রি. [গঙ্গা+বাসিন্] গঙ্গাতীর নিবাসী।

গঙ্গামধ্য, ন. [গঙ্গা+মধ্য] গঙ্গারগর্ভ।

গঙ্গামৃত্তিকা, স্ত্রী. [গঙ্গা+মৃত্তিকা] গঙ্গাজলের মৃত্তিকা। [ত্যাগ।

গঙ্গামৃত্যু, পুং. [গঙ্গা+মৃত্যু] গঙ্গায় দেহ

গঙ্গাম্বু-গঙ্গাম্ভঃ, ন. [গঙ্গা+অম্বু-অম্ভস্] গঙ্গাজল; পবিত্রসলিল।

গঙ্গাযাত্রা, স্ত্রী. [গঙ্গা+যাত্রা] মরণার্থ গঙ্গাতীরে গমনোদ্যম।

গঙ্গাযাত্রী, ত্রি. [গঙ্গাযাত্র+ইন্] দেহ ত্যাগার্থে গঙ্গাতীরে গমনকারী।

গঙ্গালাভ, পুং. [গঙ্গা+লাভ] গঙ্গায় দেহত্যাগ।

গঙ্গাসাগর, পুং. [গঙ্গা+সাগর] সাগরসঙ্গম, তীর্থবিশেষ। [ভীষ্ম।

গঙ্গাসুত, পুং. [গঙ্গা+সুত] কার্ত্তিকেয়;

গঙ্গাস্নান, ন. [গঙ্গা+স্নান] জাহ্নবীসলিলে অবগাহন। [শীল।

গঙ্গাস্নায়ী, ত্রি. [গঙ্গা+স্নায়িন্] গঙ্গাস্নান

গঙ্গাক্ষেত্র, ন. [গঙ্গা+ক্ষেত্র] উভয়পার্শ্বে গঙ্গার দুই ক্রোশান্তরস্থান।

গঙ্গিকা, স্ত্রী. [গঙ্গিক+আ] গঙ্গা।

গঙ্গীভূত, ত্রি. [গঙ্গী+ভূত] পবিত্রীভূত।

গঙ্গোদক, ন. [গঙ্গা+উদক] গঙ্গাজল।

গচ, (প্রা) স্থূল, মোটাকাপড়, ঘন।

গচাল, (প্রা) স্থূলতাবিশিষ্ট, মোটা।

গচ্ছ, পুং. [গম্+স] বৃক্ষ, গাছ; গমনক্রিয়ানুমতি, যাও।

গচ্ছ, (প্রা) নিক্ষেপ, বন্ধক।

গচ্ছিত, (প্রা) নিঃক্ষিপ্ত, ন্যস্ত; আধিকৃত।

গচ্ছিতকরণ, (প্রা) নিঃক্ষেপকরণ, গছান।

গছন, (প্রা) নিঃক্ষিপ্তদ্রব্যগ্রহণ।

গছা, (প্রা) স্বীকার, গ্রহণ।

গছান, (প্রা) ধনাদিনিঃক্ষেপণ।

গজ, পুং. [গজ্+অ] হস্তী; প্রায় দুইহাত পরিমাণ; বাস্তু স্থানভেদ; ঔষধ পাকার্থ গর্ত্তবিশেষ

গজ, (প্রা) পরিমাপক যষ্টি; সূত্রধারের রেখা টানন দণ্ড; ছিঁছকা।

গজকচ্ছপী, (প্রা) গজকচ্ছপ বারণ ব্যাপার।

গজকন্দ, পুং. [গজ+কন্দ] হস্তিকন্দ।

গজকাঠি, (প্রা) পরিমাণ দণ্ডবিশেষ

গজকূর্ম্মাশী, পুং. [গজ+কূর্ম্ম+অশিন্] গরুড়। [বিশেষ।

গজঘণ্টা, (প্রা) হস্তীর গলদেশস্থ ঘণ্টা-

গজচক্ষু, ত্রি. [গজ+চক্ষু] বিকৃতিচক্ষু।

গজচির্ভটা, স্ত্রী. [গজ+চির্ভটা] ইন্দ্রবারুণী, গোরক্ষলাডু রাখালসসা।

গজচির্ভিট, পুং. [গজ+চির্ভিট] গোডুম্বা।

গজচির্ভিটা, স্ত্রী. [গজ+চির্ভিটা] মহেন্দ্রবারুণী

গজচ্ছায়া, স্ত্রী. [গজ+ছায়া] শ্রাদ্ধের নির্ণীত কালবিশেষ, আশ্বিন মাসে মঘাযুক্ত ত্রয়োদশী।
গজঢক্কা, স্ত্রী. [গজ+ঢক্কা] গজোপরিস্থ বৃহৎঢক্কা, মদামাত।
গজতা, স্ত্রী. [গজ+তা] গজসমূহ হাস্তিক।
গজদঘ্ন, পুং. [গজ+দঘ্ন] গজপরিমাণ।
গজদন্ত, পুং. [গজ+দন্ত] গণেশ; হস্তি সম্বন্ধীদন্ত, কুঞ্জ; নাগদন্ত, হাতিরদাঁত; ভিত্তিস্থ দ্রব্যস্থাপনার্থ দণ্ডদ্বয়, দাণ্ডা।
গজদন্তফলা, স্ত্রী. [গজদন্ত+ফলা] ডঙ্গরীলতা।
গজদাঁত, (প্রা) হস্তীদন্ত, কুঞ্জ।
গজদান, ন. [গজ+দান] হস্তীমদ, হাতির গণ্ডদেশ হইতে নিঃসৃতজল।
গজদ্বয়স, [. [গ +দ্বয়স] গজপরিমিত।
গজপতি, পুং. [গজ+পতি] হস্তীশ্বর; বৃহদ্ধস্তী; রাজা।
গজপাঁউ, (প্রা) পক্ষীবিশেষ।
গজপাদপ, পুং. [গজ+পাদপ] স্থালীবৃক্ষ।
গজপিপ্পলী, স্ত্রী. [গজ+পিপ্পলী] পিপ্পলীভেদ, গজপিঁপুল, তৎপর্য্যায়।—করিপিপ্পলী, ইভকণা, কপিবল্লী, কপিল্লিকা, শ্রেয়সী, বর্শির, গজাহ্বা, কোলবল্লী, বসির, গজোষণা, চব্যফল, চব্যজা, ছিদ্রবৈদেহী, দীর্ঘগ্রন্থি, তৈজসী, বর্ত্তুলী, স্থূলবৈদেহী।
গজপুঙ্গব, পুং. [গজ+পুঙ্গব] প্রধানহস্তী।
গজপুট, পুং. [গজ+পুট] ঔষধ পাকার্থ হস্ত পরিমিত গর্ত্ত।
গজপ্রিয়া, স্ত্রী. [গজ+প্রিয়া] শল্লকীবৃক্ষ।
গজবজি, (প্রা) বৈলক্ষণ্য, অসমাবেশ।
গজবদন, পুং. [গজ+বদন] গণেশ।
গজবন্ধনী, স্ত্রী. [গজ+বন্ধনী] হস্তীবন্ধন স্থান, বারী, বারি, প্রারব্ধি, হাতিশালা।
গজবল্লভা, স্ত্রী. [গজ+বল্লভা] গিরিকদলী; শল্লকীবৃক্ষ। [বীর, শূর।
গজবিক্রম, ত্রি. [গজ+বিক্রম] পরাক্রান্ত,
গজবিলাসিতা, স্ত্রী. [গজ+বিলাসিতা] ছন্দোবিশেষ। [করীযূথ।
গজব্রজ, ত্রি. [গজ+ব্রজ] হস্তীবৎচলন;
গজভক্ষক, পুং. [গজ+ভক্ষক] অশ্বত্থবৃক্ষ
গজভক্ষা-গজভক্ষ্যা, স্ত্রী. [গজ+ভক্ষা] শল্লকী বৃক্ষ।
গজভুক্ত, ত্রি. [গজ+ভুক্ত] হস্তীভক্ষিত।
গজমণ্ডলিকা, স্ত্রী. [গজ+মণ্ডলিকা] হস্তীপরম গুল
গজমাচল, পুং. স্ত্রী. [গজ+মাচল] সিংহ।
গজমাত্র, ত্রি. [গজ+মাত্র] গজপরিমিত, হস্তী দ্বয়স।
গজমুক্তা, স্ত্রী. [গজ+মুক্তা] বৃহৎমুক্তা; হস্তীমস্তকস্থ মুক্তাবিশেষ।
গজমোটন, পুং. [গজ+মোটন] সিংহ।
গজযূথ, পুং. [গজ+যূথ] হস্তীপাল, করীসমূহ
গজর-গজরগজর, (প্রা) রোষপূর্ব্বক বকনি, বড়্‌বড়ানি, বিরক্তি প্রকাশার্থ অব্যক্তশব্দ।
গজরা, (প্রা) করভূষণবিশেষ; বাজুবন্ধ।
গজরাজ, পুং. [গজ+রাজ] প্রধানহস্তী, গজেন্দ্র।
গজসাহ্বয়, ন. [গজ+স+আহ্বয়] হস্তিনাপুর; কুরুরাজধানী।
গজস্কন্ধ, ত্রি. [গজ+স্কন্ধ] হস্তীবৎস্কন্ধ, কোতাগর্দ্দান।
গজা, (প্রা) অঙ্কুর, পল্লব; মিষ্টান্নবিশেষ; গজসম্বন্ধীয়
গজাখ্য, পুং. [গজ+আখ্য] চক্রমর্দ্দকবৃক্ষ।
গজাগ্রণী, পুং. [গজ+অগ্রণী] ঐরাবতহস্তী।
গজাজীব, পুং. [গজ+আজীব] হস্তীপালক, আধোরণ, হস্তীপক, ইভপালক, মাহুত।
গজাণ্ড, ন. [গজ+অণ্ড] পিণ্ডমূল।
গজাধ্যক্ষ, পুং. [গজ + অধ্যক্ষ] বারণাধিপতি।
গজান, (প্রা) প্ররোহণ, অঙ্কুরিত হওন, মুঞ্জরণ, কলান, কচ্যান।
গজানন, পুং. [গজ+আনন] গণেশ; হস্তীমুখ। [বিশেষ।
গজারি, পুং. [গজ+অরি] সিংহ; বৃক্ষ-
গজারূঢ়, ত্রি. [গজ+আরূঢ়] হস্ত্যারোহী

গজাল, (প্রা) লৌহময়ক্ষুদ্রকীলক, প্রেক্; মৎস্যবিশেষ।
গজাশন, পুং. [গজ+অশন] অশ্বত্থবৃক্ষ; হস্তীভক্ষণ, গজাদন।
গজাশনা, স্ত্রী. [গজ+অশন+আ] ভঙ্গা; শল্লকী বৃক্ষ; পদ্মমূল।
গজাস্য, পুং. [গজ+আস্য] গণেশ; হস্তীবদন; (ন.) হস্তীমুখ। [পুর।
গজাহ্ব-গজাহ্বয়, ন. [গজ+আহ্ব] হস্তিনা-
গজাহ্বা, স্ত্রী. [গজ+আহ্বা] গজপিপ্পলী।
গজী, (প্রা) একপ্রকার স্থূল সূত্রনির্ম্মিত বস্ত্রবিশেষ; লতাবিশেষ।
গজেন্দ্র, পুং. [গজ+ইন্দ্র] ঐরাবত, প্রধান হস্তী। [কুমড়া।
গজেষ্টা, স্ত্রী. [গজ+ইষ্টা] বিদারী, ভুঁই-
গজোষণা, স্ত্রী. [গজ+উষণা] গজপিপ্পলী।
গজ্‌গজানি, (প্রা) বিরক্তী প্রকাশার্থ অব্যক্ত শব্দ।
গঞ্জ, পুং.ন. [গন্‌জ+অ] ভাণ্ডাগার; (পুং.) অবজ্ঞা; খনি; গোষ্ঠাগার, গোয়ালঘর; বিপণি, বাজার। [খন।
গঞ্জন, (প্রা) তুচ্ছকরণ, লাঞ্ছন, কুৎসিত ক-
গঞ্জনা, (প্রা) ভর্ৎসনা, যাতনা, তাড়না, গ্লানিসূচকবাক্য।
গঞ্জা, স্ত্রী. [গঞ্জ+আ] মদিরাগৃহ; খনি; পামরসদ্ম; মদ্যভাণ্ড; কুটীর; মাদকদ্রব্যবিশেষ, গাঁজা।
গঞ্জিকা, স্ত্রী. [গঞ্জিক+আ] মদিরাগৃহ।
গঠন, (প্রা) নির্ম্মাণ, রচন।
গঠিত, (প্রা) নির্ম্মিত, কল্পিত, রচিত।
গড়, পুং. [গড়+অ] মৎস্যভেদ, গড়ুইমাছ; অন্তরায়; পরিখ; ব্যবধান; দেশবিশেষ।
গড়, (প্রা) মাক্কা; প্রণাম; ঢেঁকীরগড়।
গড়ই, (প্রা) মৎস্যবিশেষ।
গড়ক, পুং. [গড়+ক] মৎস্যবিশেষ, শকুলার্ভক, গড়ুইমাছ।
গড়খাই, (প্রা) পরিখা, দুর্গ।
গড়গড়, (প্রা) তৃণবিশেষ।
গড়গড়ি, (প্রা) গর্জ্জন, মেঘনিঃস্বন।
গড়দেশজ, ন. [গড়+দেশজ] সাম্বরলবণ।
গড়ন, (প্রা) গঠন, আকৃতি, মূর্ত্তি, নির্ম্মাণ; লুঠিয়াপড়ন।
গড়নিয়া, (প্রা) নির্ম্মায়ক, রচক, শিল্পবিদ্যাজ্ঞ কারিগর।
গড়নী-গড়ানী, (প্রা) নির্ম্মাণমূল্য, গড়নেরবেতন।
গড়য়ন্ত, পুং. [গড়+য়ন্ত] মেঘ।
গড়লবণ, ন. [গড়+লবণ] সম্বরদেশোদ্ভব লবণ, সামরলোণ, তৎপর্য্যায়।—শুভ্র, জ, গড়দেশজ, গড়োত্থ, মহারস্ত, সাম্বর, সম্বরোদ্ভব।
গড়সুন্দর, (প্রা) বৃক্ষবিশেষ।
গড়া, (প্রা) নির্ম্মিত, রচিত, কল্পিত; বস্ত্রবিশেষ, গজি কাপড়।
গড়াগড়া, (প্রা) একচাল, একসমান।
গড়াগড়ি, (প্রা) অবলুণ্ঠন, ইতস্ততোঙ্গচালন।
গড়ান, (প্রা) নির্ম্মাণ; গলান; চলন।
গড়ানিয়া, (প্রা) ক্রমনিম্ন, পিচ্ছল, চঞ্চল।
গড়াপেটা, (প্রা) নির্ম্মিত, রচিত, কল্পিত
গড়ি, পুং. [গড়+ই] বৎসতর; অলস বা গড়িয়া পশু।
গড়ি, (প্রা) তরঙ্গ, ঢেউ; স্ফোটক, ফোড়া।
গড়িয়া, (প্রা) অনুদ্যোগী, অলস, আলসিয়া, জড়
গড়িমসী, (প্রা) গতিক্রিয়া, দীর্ঘসূত্রতা, টালমটাল
গড়িয়ান, (প্রা) সমসূত্রপাতের ব্যতিক্রম, বক্র, হেলা, কাইত, তের্চ্চা।
গড়িয়ামি, (প্রা) আলস্য, জড়তা।
গড়ু, পুং. [গড়+উ] গলগণ্ড, পৃষ্ঠগুড়, নামে রোগবিশেষ, ঘাড়ের এবং মস্তকের মধ্যে মাংসবৃদ্ধি; কুব্জ; শল্যাস্ত্র; কিঞ্চুলুক; বিষমগ্রন্থি।
গড়ুক, ন. [গড়+উক] জলপাত্র; অঙ্গুরি।
গড়ুকণ্ঠ, ত্রি. [গড়ু+কণ্ঠ] গড়ুপীড়িত, কণ্ঠসম্বন্ধী।
গড়ুর-গড়ুল, ত্রি. [গড়ু+র-ল] কুব্জ, কুঁজাব্যক্তি, গড়গণ্ডী। [মিশ্রণে।
গড়ে, (প্রা) মাক্কায়, একত্রে, সমুদায়ে, সর্ব্ব-

গড়ের, পুং. [গড়+এর] মেঘ।
গড়োত্থ, ন, [গড়+উত্থ] গড়লবণ।
গড়োল, পুং. [গড়+ওল] গুড়; গ্রাস।
গড়্‌গড়্‌, (প্রা) মেঘধ্বনি, গর্জ্জন।
গড়্‌গড়ি, (প্রা) মেঘনাদ, বজ্রনিঃস্বন।
গড়্‌বড়ি-গড়বিড়ি, (প্রা) গোলমাল,ব্যাঘাত, কলহ।
গড্ডরিকা, স্ত্রী. [গড্ড+রিকা] অজ্ঞাত প্রবাহাগম মূলধারাবাহী নদীবিশেষ; মেষযূথের অনুগম্যমান মেষী।
গড্ডালিকা, (প্রা) মেষযূথ, ভেড়ারপাল।
গড্ডুক-গড্ডূক, পুং. [গড্‌+ডুক] জলপাত্রবিশেষ, গাড়ু।
গণ, পুং. [গণ্‌+অ] সমূহ; প্রমথ, রুদ্রানুচর; সেনাসংখ্যাবিশেষ তদ্‌যথা—গজ ২৭, রথ ২৭, অশ্ব ৮১, পদাতিক ১৩৫, সমুদয়ে ২৭০ ইহাকে গণ কহে; সংখ্যা; চোরনাম গন্ধদ্রব্য; গণেশ; অশ্বিন্যাদিজন্ম নক্ষত্রানুসারে দেব মনুষ্য রাক্ষসগণ; ধাতুসমূহ; তদ্‌যথা—ভ্বাদি ১। অদাদি ২। জুহোত্যাদি ৩। দিবাদি ৪। স্বাদি ৫। তুদাদি ৬। রুধাদি ৭। তনাদি ৮। ক্র্যাদি ৯। চুরাদি ১০। স্বপক্ষ; জাতি।
গণক, পুং. [গণ্‌+অক] জ্যোতির্বিৎ, তৎপর্য্যায়।—সাম্বৎসর; জ্যোতিষিক, দৈবজ্ঞ, মৌহূর্ত্তিক, মৌহূর্ত্ত, জ্ঞানী, কার্ত্তান্তিক, জ্যোতিষিক, দৈবলেখক, ভাবিকথক, ভাবিব্যক্তীকর্ত্তা, গণনাকারী, সঙ্খ্যাবেত্তা, বর্ণসঙ্কর জাতিবিশেষ; ইহারা দেবল ঔরসে ও বৈশ্যানির গর্ব্ভজাত।
গণকর্ণিকা, স্ত্রী. [গণ+কর্ণিকা] ইন্দ্রবারুণী।
গণকার, পুং. [গণ+কার] ভীমসেন; ধাতুসংগ্রহকর্ত্তা।
গণকী, স্ত্রী. [গণক+ঈ] গণকপত্নী, দৈবজ্ঞী।
গণগোষ্ঠী, স্ত্রী. [গণ+গোষ্ঠী] স্বগোত্র, পরিবার, সকুল্য।
গণচক্রক, ন. [গণ+চক্রক] ধার্ম্মিকদিগের মিলিত হইয়া ভোজন।
গণতা, স্ত্রী. [গণ+তা] গণেরভাব, সমূহত্ব; পক্ষপাতিত্ব; কুমন্ত্রণার মণ্ডলী; গণিতবিদ্যা।
গণৎকার, (প্রা) গণক, দৈবজ্ঞ।
গণদীক্ষা, স্ত্রী. [গণ+দীক্ষা] শিক্ষার উপক্রম; দলভুক্তকরণ।
গণদীক্ষী, পুং. [গণ+দীক্ষিন্‌] বহুযাজক; (ত্রি) গণেশমন্ত্রে দীক্ষিত
গণদেবতা, স্ত্রী.[গণ+দেবতা]সংহত দেবতাবিশেষ যথা।—দ্বাদশাদিত্য; দশবিশ্বদেব; অষ্টবসু; ষট্‌ত্রিংশৎ তুষিত; চতুঃষষ্টি আভাস্বর; উনপঞ্চাশৎ অনিল; দুই শতবিংশতি মহারাজিক; দ্বাদশ সাধ্য; একাদশ রুদ্র।
গণদ্রব্য, ন. [গণ+দ্রব্য] সাধারণ দ্রব্য; দ্রব্যসমূহ।
গণধর, পুং. [গণ+ধর] শিক্ষক।
গণন, ন. [গণ্‌+অন] সঙ্খ্যাকরণ, সঙ্খ্যান, গণা, ঠিকদেওয়া, খতান।
গণনা, স্ত্রী. [গণন+আ] গণন, সংখ্যা, গণা।
গণনাথ-গণনায়ক, পুং. [গণ+নাথ+নায়ক] গণেশ লম্বোদর।
গণনায়িকা, স্ত্রী. [গণ+নায়িকা] দুর্গা।
গণনীয়, ত্রি. [গণ+অনীয়]গণনার্হ, সংখ্যেয়, গণেয়, গণিতব্য, গণ্য, বিগণ্য, পরিগণনীয়।
গণপতি, পুং. [গণ+পতি] গণেশ।
গণপর্ব্বত, পুং. [গণ + পর্ব্বত] কৈলাস পর্ব্বত।
গণপীঠক, ন. [গণ+পীঠক] বক্ষঃ।
গণবতীসুত, পুং. [গণবতী+সুত] দিবোদাস। যথা—ধন্বন্তরি, কাশিরাজ, সুধোদ্ভব, পালকাখ্য, রুচিরাসুত।
গণবদ্ধ, ত্রি. [গণ+বদ্ধ] গণাক্রান্ত, দলভুক্ত, সম্প্রদায়স্থ।
গণয়িতব্য, ত্রি. [গণয়ি+তব্য] গণনীয়, গণ্য।
গণরাত্র, ন. [গণ + রাত্র] রাত্রিসমূহ
গণরূপ, পুং. [গণ+রূপ] অর্কবৃক্ষ।
গণরূপক, পুং. [গণ+রূপক] রাজার্ক।
গণরূপী, পুং. [গণরূপ+ইন্‌] শ্বেতার্ক

গণশঃ, ব্য. যূথশঃ, নিবহ।
গণহাস-গণহাসক, পুং. [গণ+হাস-হাসক] চোরকনাম গন্ধদ্রব্য।
গণা, (প্রা) গণনা, সংখ্যাকরণ; গণিত।
গণাগণি, (প্রা) পরস্পর সংখ্যাকরণ, গণমেল, ভিন্ন ভিন্ন।
গণাগাঁথা, (প্রা) সংখ্যাকরা। [কেহ।
গণাগোষ্ঠী, (প্রা) গোত্র, কুল, পরিবারস্থ
গণাগ্রণী, পুং. [গণ+অগ্রণী] গণেশ; দলাধ্যক্ষ।
গণাচল, পুং. [গণ+অচল] কৈলাসপর্ব্বত।
গণাধিপ, পুং. [গণ+অধিপ] গণেশ; শিব; দলাধিপতি।
গণান, (প্রা) গণনাকরণ; গণিত।
গণান্ন, ন. [গণ+অন্ন] একত্র ভোজন।
গণাভ্যন্তর, ত্রি. [গণ+অভ্যন্তর] দলভুক্তাভ্যন্তর।
গণি, স্ত্রী. [গণ+ই] গণন, সংখ্যা।
গণিকা, স্ত্রী. [গণ+ইকা] বেশ্যা; যূথিকা, গণিকারিকাবৃক্ষ; হস্তিনী; গণনা।
গণিকারিকা, স্ত্রী [গণি+কারিকা] বৃক্ষবিশেষ, বড়গণিয়ারী, তৎপর্য্যায়।—শ্রীপর্ণ, অগ্নিমন্থ, কণিকা, জয়া, তেজোমন্থ, হবির্মন্থ, জ্যোতিষ্ক, পাবক, অরণি, বহ্নিমন্থ, মথন, অগ্নিমথন, তর্কারী, বৈজয়ন্তিকা, অরণীকেতু, শ্রীপর্ণী, কর্ণিকা, নাদেয়ী, বিজয়া, অনন্তা, নদীজা।
গণিকারী, স্ত্রী. [গণি+কারী] পুষ্পবৃক্ষ বিশেষ, গণিয়ারী, তৎপর্য্যায়।—কাঞ্চনিকা, কাঞ্চনপুষ্পী, বসন্তদূতী, গন্ধকুসুমা, অলিমোদা, বাসন্তী, মদনমাদিনী।
গণিত, ত্রি. [গণ+ইত] কৃতগণন, সংখ্যাত; (ন.) অঙ্কশাস্ত্র, (ইহাদ্বিবিধ) যথা।—পাটীগণিত; বীজগণিত; গণন।
গণিতব্য, ত্রি. [গণ+ইতব্য] গণনীয়।
গণিতশাস্ত্র, ন. [গণিত+শাস্ত্র] অঙ্কশাস্ত্র, জ্যোতিঃশাস্ত্র
গণিত্র, ন. [গণ+ইত্র] করমালা, জপমালা, অক্ষমালা।
গণিপিটকা, স্ত্রী. [গণি+পিটকা] দ্বাদশাঙ্গী, ইহা জৈনদিগের বিদ্যাবিভাগ।
গণিয়ারি, (প্রা) গণিকারিকা।
গণীভূত, ত্রি. [গণী+ভূত] স্বপক্ষ, পক্ষপাতী; পৈতৃক।
গণেয়, ত্রি. [গণ+ঈয়] সংখ্যেয়, গণনীয়, গণিতব্য।
গণেরু, পুং. [গণ+ঈরু] কর্ণিকারবৃক্ষ; (স্ত্রী.) বেশ্যা; হস্তিনী।
গণেরুকা, স্ত্রী. [গণেরু+কা] কুট্টিনী।
গণেশ, পুং. [গণ+ঈশ] শিব, শিবপুত্র, তৎপর্য্যায়।—অম্বিকেয়, আখুগ, আখুরথ, একদংষ্ট্র, একদন্ত, গ, গজদন্ত, গজবদন, গজানন, গজাস্য, গণনাথ, গণপতি, গণনায়ক, গণাগ্রণী, গণাধিপ, দ্বিদেহ, দ্বিমাতৃজ, দ্বৈমাতুর, পরশুধর, পর্শুপাণি, পুষ্টিকান্ত, পৃশ্নিশৃঙ্গ, বক্রতুণ্ড, বিনায়ক, বিঘ্ননায়ক, বিঘ্ননাশক, বিঘ্নরাজ, বিঘ্নহারী, বিঘ্নেশ, মূষিকাঙ্ক, মূষিকাঞ্চন লম্বোদর, শম্ভুনন্দন, শূর্পকর্ণ, সদাদন, হস্তীমল্ল, হেমাঙ্গ, হেরম্ব।
গণেশকুসুম, পুং. [গণেশ+কুসুম] রক্তকরবীর পুষ্প।
গণেশপূজা, স্ত্রী. [গণেশ+পূজা] সর্ব্ব কার্য্যারম্ভে প্রথমতঃ গণেশ অর্চ্চনা।
গণেশভূষণ, ন. [গণেশ+ভূষণ] সিন্দূর।
গণোৎসাহ, পুং. [গণ+উৎসাহ] গণ্ডক, গণ্ডার।
গণ্‌গণিয়া, (প্রা) দীপ্ত, সংতপ্ত, উত্তপ্ত, দহ্যমান।
গণ্‌তি, (প্রা) গণনা, সংখ্যা।
গণ্ড, পুং. [গন্‌ড়+অ] হস্তীকপোল, কট, করট, কটক, হস্তীগণ্ডক, কপোল, গাল; খড়্গী; বীথ্যঙ্গ; পিটক; চিহ্ন; বীর; অশ্বভূষণ; বুদ্বুদ; স্ফোটক; গ্রন্থি; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত দশম যোগ।
গণ্ডক, পুং. [গণ্ড+ক] খড়্গী, গণ্ডার; সংখ্যাপ্রভেদ, গণ্ডা; বিদ্যাবিশেষ; অবচ্ছেদ; অন্তরায়।

গণ্ডকারী, স্ত্রী. [গণ্ড+কারী] খদিরীবৃক্ষ; বরাহক্রান্তা। [বৃক্ষ।
গণ্ডকালী, স্ত্রী. [গণ্ড+কালী] খদিরী-
গণ্ডকী, স্ত্রী. [গণ্ডক+ঈ] স্বনামখ্যাত নদী। [উৎকট।
গণ্ডকুসুম, ন. [গণ্ড+কুসুম] হস্তীমদ,
গণ্ডকূপ, পুং. [গণ্ড+কূপ] পর্ব্বতের উচ্চ-স্থান, অধিত্যকাভূমি। [আভা।
গণ্ডগাত্র, ন. [গণ্ড+গাত্র] ফলবিশেষ,
গণ্ডগোল, (প্রা) অতিশয়কোলাহল, কলহ, গোলমাল। [হঙ্গামা।
গণ্ডগোলিয়া, (প্রা) চিৎকারকারী, উচ্চভাষী,
গণ্ডগ্রাম, পুং. [গণ্ড+গ্রাম] প্রধানগ্রাম, বহুজন বাসস্থান, প্রশস্তগ্রাম।
গণ্ডদূর্ব্বা, স্ত্রী. [গণ্ড+দূর্ব্বা] দূর্ব্বাবিশেষ, গাঁটিয়াদূর্ব্বা, তৎপর্য্যায়।—গণ্ডালী, অতিতীব্রা, মৎস্যাক্ষী, বারুণী, মীননেত্রা, শ্যামগ্রন্থি, গ্রন্থিলা, গ্রন্থিপর্ণী, সূচীপত্রা, শ্যামকাণ্ডা, জলস্থা, শকুলাক্ষী, কলায়া, চিত্রা। [কপোল।
গণ্ডদেশ, পুং. [গণ্ড+দেশ] গণ্ডস্থল,
গণ্ডফলক, ন. [গণ্ড+ফলক] গণ্ডদেশ, গাল।
গণ্ডভাদুলী, (প্রা) লতাবিশেষ।
গণ্ডমালা, স্ত্রী. [গণ্ড+মালা] গলরোগ-বিশেষ, গলগণ্ড।
গণ্ডমালিকা, স্ত্রী. [গণ্ড+মালিকা] লজ্জা-লুবৃক্ষ। [সম্বন্ধীয়।
গণ্ডমালী, ত্রি. [গণ্ড+মালিন্] গণ্ডমালা
গণ্ডমুর্খ, ত্রি. [গণ্ড+মূর্খ] অতিমূঢ়, অজ্ঞান, ঘোরনির্ব্বোধ।
গণ্ডশৈল, পুং. [গণ্ড+শৈল] পর্ব্বত হইতে চ্যুত স্থূল প্রস্তর, ভূমিকম্পাদিদ্বারা পর্ব্বত হইতে পতিত বৃহৎ প্রস্তর; ললাট।
গণ্ডস্থল-গণ্ডস্থলী, পুং. স্ত্রী. [গণ্ড+স্থল-স্থলী] কপোল, গাল।
গণ্ডা, (প্রা) চতুঃকপর্দ্দক সংখ্যাবিশেষ।
গণ্ডাকিয়া, (প্রা) অঙ্কবিদ্যাবিশেষ, গণ্ডার শত পর্য্যন্ত গণনা।
গণ্ডাঙ্গ, পুং. [গণ্ড+অঙ্গ] খড়্গী, গণ্ডার।
গণ্ডার, পুং. (প্রা) গণ্ডক, খড়্গ, একশৃঙ্গ, গণ্ডাঙ্গ, একচর, বনোৎসাহ, তৈতিল, খড়্গী, গণ্ড।
গণ্ডারগল্লা, (প্রা) বেত্রবিশেষ।
গণ্ডারি, পুং. [গণ্ড+অরি] কোবিদারবৃক্ষ।
গণ্ডালী, স্ত্রী. [গণ্ড+অলী] শ্বেতদূর্ব্বা; সর্পাক্ষী; গণ্ডদূর্ব্বা।
গণ্ডি, পুং. [গণ্ড+ই] বৃক্ষের মূল অবধি শাখাপর্য্যন্ত অংশ, গুড়ি।
গণ্ডী, (প্রা) ধনু, ইন্দ্রায়ুধ; মণ্ডল; রেখাদি দ্বারা সমাবদ্ধ স্থান।
গণ্ডীর, পুং. [গণ্ড+ঈর] সমষ্ঠিলা, সশা, সমঠ; অনুপদেশজ শাক; শুণ্ঠিয়া শাক; বীর। [সিজখ্যাত।
গণ্ডীরী, স্ত্রী. [গণ্ডীর+ঈ] সেহুণ্ডবৃক্ষ,
গণ্ডু, পুং. স্ত্রী. [গণ্ড+উ] উপধান।
গণ্ডূ, স্ত্রী. [গণ্ড+ঊ] গ্রন্থি, গাইট।
গণ্ডূপদ, পুং. [গণ্ডূ+পদ] কিঞ্চুলুক, মহীলতা, কেঁচো।
গণ্ডূপদভব, পুং. [গণ্ডূপদ+ভব] সীসক।
গণ্ডূপদী, স্ত্রী. [গণ্ডূপদ+ঈ] কিঞ্চুলুক স্ত্রী, শিলী, সিলী; ক্ষুদ্র কিঞ্চুলুকজাতি, ছোট জাতি কেঁচো।
গণ্ডূষ, পুং. [গণ্ড+উষ] মুখপূরণ; জলা-ঞ্জলি; মুখক্ষালন; হস্তীশুণ্ডাগ্রভাগ; প্রসৃতি পরিমিত। [জল।
গণ্ডূষা, স্ত্রী. [গণ্ডূষ+আ] গণ্ডূষ, মুখপূর্ণ
গণ্ডোল, স্ত্রী. [গণ্ড+ওল] গুড়; গ্রাস।
গণ্য, ত্রি, [গণ+য] গণনীয়, গণিতব্য, গণ-নার্হ, গণেয়, সংখ্যেয়, বিগণ্য, পরিগণ-নীয়; ধর্ত্তব্য।
গত, ত্রি. [গম্+ত] বিজ্ঞাত; যাত; অতীত; হত; নষ্ট; হীন; মৃত; (ন.) গমন।
গতকলুষ-গতকল্মষ, ত্রি. [গত+কলুষ-কল্মষ] নিষ্পাপ, নিরপরাধ
গতকল্য, ব্য. [গত+কল্য] পূর্ব্বদিবস, গত-দিবস, পূর্ব্বেদ্যুঃ, হ্যস্, কল্য, কালি।
গতকার্য্য, ত্রি. [গত+কার্য্য] ক্রিয়াহীন, কর্ম্মরহিত।

গতকাল, ন. [গত+কাল] অতীতকাল।
গতকীর্ত্তি, ত্রি. [গত+কীর্ত্তি] সাপমান, কলঙ্কিত। [শ্রম।
গতক্লম, ত্রি. [গত+ক্লম] বিশ্রান্ত, গত-
গতচেতন, ত্রি. [গত+চেতন] মূর্চ্ছিত, মূর্চ্ছাপন্ন।
গতজ্বর, ত্রি. [গত+জ্বর] আরোগ্য, পীড়া হইতে মুক্ত হওন; চিন্তারহিত।
গততোয়দ, ত্রি. [গত+তোয়দ] অনভ্র, ব্যভ্র, নিরভ্র, অমেঘ।
গতত্রপ, ত্রি. [গত+ত্রপ] নির্লজ্জ, ধৃষ্ট।
গতদিন-গতদিবস, ন. [গত+দিন-দিবস] পূর্ব্বদিবস, পূর্ব্বেদ্যুঃ, কল্য।
গতধৃতি, ত্রি. [গত+ধৃতি] ক্ষোভিত, ক্ষুব্ধ, আকুলিত, আকুলচিত্ত; ধৈর্য্যহীন।
গতনাসিক, ত্রি. [গত+নাসিকা] নাসিকা-রহিত, বিগ্র, বিখ্ন, ছিন্ননাসিক, বিনাশিস, বিনস, অনাসিক।
গতপর্শু, (প্রা) গতপূর্ব্বদিবস।
গতপাপ, ত্রি. [গত+পাপ] নিষ্পাপ, গত-কল্মষ।
গতপুণ্য, ত্রি. [গত+পুণ্য] পাপিষ্ঠ, অঘবান।
গতপ্রত্যাগত, ত্রি. [গত+প্রত্যাগত] যাত-পুনরায়াত।
গতপ্রভ, ত্রি. [গত+প্রভা] নিষ্প্রভ, মন্দ-জ্যোতিঃ, অনুজ্জ্বল, মলিন, নিস্তেজ।
গতবান্, ত্রি. [গত+বৎ] চরন্তী, গামী; আপ্ত, অবাপ্ত, ভ্রংশ; চেতক।
গতবিত্ত-গতবিভব, ত্রি. [গত+বিত্ত] দরিদ্রিতা, শিথিলবসু, নির্ধন।
গতবৈর, ত্রি. [গত+বৈর] নিরুপদ্রব; বৈরিরহিত।
গতব্যথ, ত্রি. [গত+ব্যথা] অক্লিষ্ট, অক্লেশ।
গতভী, ত্রি. [গত+ভী] নিঃসাধ্বস, বিগত-ভয়। [মান।
গতমর্য্যাদ, ত্রি. [গত+মর্য্যাদা]অসম্ভ্রম, অপ-
গতমায়, ত্রি. [গত+মায়া] অকপট, সরল; ক্রূর, নিষ্ঠুর।
গতর, (প্রা) গাত্র, শরীর, গা। [নিশি।
গতরাত্রি, ব্য. [গত+রাত্রি] পূর্ব্বরাত্রি, গত-
গতরাল, (প্রা) মাংসল, স্থূল, পীন, পীবর, হৃষ্টপুষ্ট, মোটা, ধুমা।
গতলজ্জ, ত্রি. [গত+লজ্জা] নির্লজ্জ, অত্রপ, ত্যক্তলজ্জ, ধৃষ্ট, বেহায়া, বেশরম।
গতলক্ষ্মীক, ত্রি. [গত+লক্ষ্মীক] অকৃতার্থ, দুরদৃষ্টবান্, লক্ষ্মীছাড়া।
গতশৈশব, ত্রি. [গত+শৈশব] অষ্টমবর্ষ অতীত, শৈশবকাল গত।
গতসঙ্কল্প, ত্রি. [গত+সঙ্কল্প] হতজ্ঞান, উন্মাদ।
গতসঙ্গ, ত্রি. [গত+সঙ্গ] বিযুক্ত, বিভিন্ন।
গতসত্ত্ব, ত্রি. [গত+সত্ত্ব] নির্গুণ; প্রেতীভূত; মৃত।
গতসন্নক, পুং. [গত+সন্নক] নির্ম্মদহস্তী, যে হস্তীর গণ্ডস্থলহইতে মদজল ক্ষরে না।
গতসাধ্বস, ত্রি. [গত+সাধ্বস] শঙ্কান্বিত, ভীত। [রহিত।
গতস্পৃহ, ত্রি. [গত+স্পৃহা] ইচ্ছাশূন্য, স্পৃহা-
গতসৌহৃদ, ত্রি. [গত+সৌহৃদ] অপ্রিয়, নি-স্নেহ, নিরক্ষেপ।
গতাগত, ন. [গত+আগত] পক্ষীগতিবিশেষ; যাতায়াত।
গতাজু, (প্রা) অব্যবহার্য্য; গতায়ুঃ।
গতাধি, ত্রি. [গত+আধি] আধিরতি, সুখী।
গতান, (প্রা) গচ্ছান, ধনাদি স্থাপন।
গতানুগতিক, ত্রি. [গত+অনুগতিক] অনুকারী, ধারাবাহিক; গণাক্রান্ত, লোক দৃষ্টান্তের অনুবর্ত্তী; (পুং.) একপক্ষ।
গতানুসূচনা, স্ত্রী. [গত+অনুসূচনা] কৃত-ভাবনা, পূর্ব্বকৃতকর্ম্মের নিমিত্ত আ-ক্ষেপ। [ওয়া আসা।
গতায়াত, (প্রা) যাতায়াত, গমাগমন, যা-
গতায়ুঃ, ত্রি. [গত+আয়ুস্] মরণোদ্যত, মৃত-কল্প, আয়ুঃশেষ, জীবনকালাবসান, মুমূর্ষ, মৃতপ্রায়; বৃদ্ধকাল।
গতার্ত্তবা, স্ত্রী. [গত+আর্ত্তবা] বৃদ্ধা; বন্ধ্যা, বাঁঝা; বিগতরজস্। [হীন।
গতার্থ, ত্রি. [গত+অর্থ] গতবিভব; জ্ঞান-
গতার্থক, ত্রি. [গতার্থ+ক] গতাবলোকী, অনুদর্শী, অতীতকালগ্রাহক, কৃতসূচক, গতানুসূচক; অভিপ্রায়ত্যাগী।

গতার্থতা, স্ত্রী. [গত+অর্থতা] কৃতসূচকতা।

গতালীক, ত্রি. [গত+অলীক] সত্য, যথার্থ, নৃত। [পঞ্চত্ব।

গতাসু, ত্রি. [গত+অসু] গতপ্রাণ, প্রাপ্ত,-

গতি, স্ত্রী. [গম্+তি] মার্গ; দশা; জ্ঞান; যাত্রা; অভ্যুপায়; নাড়ীব্রণ; সরণী; শরণী; উপায়ধারা; অবস্থা; আশ্রয়; দ্বাবিংশতিশত গমনকর্ম্ম, তদ্যথা।—বর্ত্ততে, অয়তে, লোটতে, লোঠতে, স্যন্দতে, কসতি, সর্পতি, স্তমতি, স্রবতি স্রংশতে, অবতি, শ্চোততি, ধ্বংসতি, বেনতি, মার্ষ্টি, গুরণ্যতি, শবতি, কালয়তি, পেলয়তি, কণ্টতি, পিস্যতি, বিস্যতি, মিস্যতি, প্রবতে, প্লবতে, চ্যবতে, কবতে, গবতে, নবতে, ক্ষোদতি, নক্ষতি, সক্ষতি, ম্যক্ষতি, সচতি, ঋচ্ছতি, তুরীয়তি, চততি, অভতি, গাতি, ইয়ক্ষতি, সশ্চতি, সরতি, বৃংহতি, যততে, ভ্রমতি, ধজতি, রজতি; লজতি, ক্ষিয়তি, ধমতি, মিনাতি, ঋণ্বতি, ঋণোতি, স্বরতি, সিসর্ত্তি, বেবিষ্টি, যোষিষ্টি, ঋণাতি, ঋষতে, তেজতি, দধ্যতি, দধ্নোতি, যুধ্যতি, ধন্বতি, অরুষতি, আর্য্যন্তি, ডীয়তে, তকতি, টীয়তে, ইষতি, ফণতি, হনতি, অর্দ্ধতি, মর্দ্দতি, সস্থতে, নসতে, হর্ষতি, ইয়র্ত্তি, ঈর্ত্তে, ঈঙ্খতে, জ্রয়তি, স্বাত্রতি, গন্তি, আগনীগন্তি, জংগন্তি, জিন্বতি, জসতি, গমতি, ধ্রুতি, ধ্রাতি, ধ্রিয়তি, বহতে, রথর্য্যতি, জেহতে, স্বঃকতি, ক্ষুম্পতি, প্সাতি, যাতি, বাতি, দৃষতি, দ্রাতি, ভূলতি, এজতি, জমতি, জবতি, বঞ্চতি, অনিতি, পবতে, হন্তি, সেধতি, অগন্, অজগন্, জিগাতি, পততি, ইন্বতি, দ্রমতি, দ্রবতি, বেতি, হয়ন্তাৎ, এতি, জগায়াৎ, অযুথু।

গতিক, ত্রি. [গতি+ক] অবস্থা, রীতি, ঢপ; অভিপ্রায়; উপায়

গতিক্রিয়া, স্ত্রী. [গতি+ক্রিয়া] বিলম্ব, সময়ক্ষেপ, শৈথিল্য; দীর্ঘসূত্রতা, গৌণ, গড়িমসি, ঢিলাম।

গতিবিধি, পুং. [গতি+বিধি] যাতায়াত, গমনাগমন।

গতিবিহীন, ত্রি. [গতি+বিহীন] নিস্পন্দ, অচল; দীনহীন, উপায় রহিত, নিঃসহায়, লাচার।

গতিযোগ্য, ত্রি. [গতি+যোগ্য] গমনীয়, গন্তব্য। [স্পর ভেদ।

গতিলা, স্ত্রী. [গতি+লা] নদীবিশেষ; পর

গতিশক্তি, স্ত্রী. [গতি+শক্তি] গমনশক্তি।

গত্বর, ত্রি. [গম্+বর] গমনশীল, গমনক্ষম, গতিশক্তিবিশিষ্ট, স্থানান্তরগামী।

গত্বরতা, স্ত্রী. [গত্বর+তা] অনবস্থিতি, চাপল্য।

গত্যা, ব্য. সবিকল্প, সানুকল্প।

গত্যূন, ত্রি. [গতি+ঊন] অশক্য; উত্ত্যক্ত; নিরুপায়, গতিহীন।

গতোদ্বেগ, ত্রি. [গত+উদ্বেগ] সন্তুষ্টমনা, প্রবোধিত।

গদ, ন. [গদ+অ] বিষ; (পুং) রোগ; শ্রীকৃষ্ণের ভ্রাতা; বাক্য, ভাষণ।

গদয়িত্নু, পুং. [গদ+ইত্নু] কন্দর্প; (ত্রি) জল্পক, বাবদূক, বাচাল, মুখর; কামুক।

গদা, স্ত্রী. [গদ+আ] স্বনামখ্যাত লৌহময়াস্ত্র, যষ্টি, মুষল, মুগুর; পাটলাবৃক্ষ।

গদাখ্য, ন. [গদ+আখ্য] কুষ্ঠ, কুড়।

গদাগদৌ, পুং. [গদাগদ+ঔ] অশ্বিনীকুমারদ্বয়।

গদাগ্রজ, পুং. [গদ+অগ্রজ] শ্রীকৃষ্ণ।

গদাগ্রণী, পুং. [গদ+অগ্রণী] ক্ষয়রোগ; যক্ষ্মা, ক্ষয়কাস।

গদাধর, পুং. [গদা+ধর] বিষ্ণু।

গদাভৃৎ, পুং. [গদা+ভৃৎ] বিষ্ণু।

গদাম্বর, পুং. [গদ+অম্বর] মেঘ।

গদায়ুধ, পুং. [গদা+আয়ুধ] যষ্টি, লাঠি, গদা।

গদাযুদ্ধ, ন. [গদা+যুদ্ধ] যুদ্ধভেদ

গদারাতি, পুং. [গদ+অরাতি] ঔষধ।

গদাহ্ব, ন. [গদ+আহ্ব] কুষ্ঠ, কুড়।

গদিত, ত্রি. [গদ+ইত] উক্ত, কথিত, ভাষিত

গদিয়ান্, (প্রা) শিতানবিশিষ্ট; ভাগ্যবান্।
গদী, পুং. [গদা+ইন] বিষ্ণু; (ত্রি) গদাবিশিষ্ট; রোগযুক্ত।
গদ্গদ, ত্রি. [গদ্+গদ] অত্যস্পষ্টবক্তা, লুপ্তপদ ব্যঞ্জনাভিধায়ী; আহ্লাদে কিম্বা খেদে অব্যক্ত কথন, ভাবোক্তি।
গদ্গদধ্বনি, পুং. [গদ্গদ+ধ্বনি] হর্ষ শোকাদিদ্বারা অস্পষ্টশব্দ ব্যক্ত, অব্যক্তশব্দ, মন্মন।
গদ্গদপদ, ন. [গদ্গদ+পদ] গদ্গদ ফুৎকার। [বাক্য।
গদ্গদবাক্, স্ত্রী. [গদ্গদ+বাচ্] অস্পষ্ট
গদ্গদভাষী, ত্রি. [গদ্গদ+ভাষিন্] অব্যক্তভাষা।
গদ্দি (প্রা) পরিহাস, ব্যঙ্গ, কৌতুক, ঠাট্টা।
গদ্য, ন. [গদ+য] পদ্যভিন্ন, কবিকৃত, অপাদ পদ সন্তান, ছন্দোরহিতবাক্য; পরিহাস; (ত্রি) কবিকৃতভিন্ন; গদিত।
গদ্যছন্দঃ, ন. [গদ্য+ছন্দস্] পদ্যভিন্নছন্দঃ।
গদ্যযোগ্য, ত্রি. [গদ্য+যোগ্য] গদ্যময়, ছন্দহীন।
গদ্যানক, ন. [গদ্য+অনক] অষ্টচত্বারিংশৎ রক্তিকা পরিমাণ; চতুঃষষ্টিগুঞ্জ পরিমাণ; গদ্যালক।
গধাভৃৎ, পুং. [গধা+ভৃৎ] বিষ্ণু।
গন্তব্য, ত্রি. [গম্+তব্য] গমনযোগ্য, চলিতব্য, সুগম।
গন্তা, ত্রি. [গম্+তৃ] গমনকর্ত্তা, যাত্রী।
গন্তু, পুং. [গম্+তু] পথিক, পান্থ।
গন্ত্রী, স্ত্রী. [গন্তৃ+ঈ] বৃষবহনীয় শকট, গরুরগাড়ী।
গন্ত্রীরথ, পুং. [গন্ত্রী+রথ] শকট, মঠ।
গন্ধ, পুং. [গন্ধ+অ] সৌরভ, আমোদ, ঘ্রাণগ্রাহ্য পৃথিবীর গুণ, (ইহা দশবিধ) যথা। ইষ্ট ১ কস্তূরিকাদি, অনিষ্ট ২ শবাদি, মধুর ৩ মধুপুষ্পাদি, কটু ৪ মরিচাদি, নির্হারী ৫ হিঙ্গাদি, সংহত ৬ চিত্র গন্ধ অনেক কল্ক্যাগত, স্নিগ্ধ ৭ সদ্যস্তপ্ত ঘৃতাদি, রূক্ষ ৮ সার্ষপতৈলাদি, বিসদ ৯ শাল্যন্নাদি, অম্ল ১০ আম্রাতকাদি; প্রতিবেশী; লেশ; সম্বন্ধ; গন্ধক; গর্ব্ব; শোভাঞ্জন; ঘৃষ্টচন্দন; (ন) কৃষ্ণাগুরু।
গন্ধক, পুং. [গন্ধ+ক] শোভাঞ্জনবৃক্ষ; উপধাতুবিশেষ, তৎপর্য্যায়।—গন্ধাশ্মা, সৌগন্ধিক, গন্ধিক, সুগন্ধিক, গন্ধপাষাণ, পামাঘ্ন, গন্ধমোদন, পুতিগন্ধ, বর, সুগন্ধ, দিব্যগন্ধ, গন্ধ, রসগন্ধক, কুষ্ঠারি, ক্রূরগন্ধ, কীটঘ্ন, শরভূমিজ, স্বর্ণারি, ধাতুবৈরী, শুল্বারি, পামারি, শুকপুচ্ছ, গন্ধী; (ন.) শক্তিবীর্য্য।
গন্ধকন্দক, পুং. [গন্ধ+কন্দক] কশেরু।
গন্ধকাঠি, (প্র.) জ্বলনশলাকা, অরণি, বর্ত্তি, দিয়াকাটি, দিয়াশলাই।
গন্ধকারিকা, স্ত্রী. [গন্ধ+কারিকা] সৈরিন্ধ্রী, পরগৃহস্থা স্বাধীন শিল্পকারিকা।
গন্ধকালিকা-গন্ধকালী, স্ত্রী. [গন্ধ+কালিকা-কালী] ব্যাসমাতা, মৎস্যগন্ধা।
গন্ধকাষ্ঠ; ন. [গন্ধ+কাষ্ঠ] অগুরুকাষ্ঠ, শম্বরচন্দন।
গন্ধকুটী, ন. [গন্ধ+কুটী] মুরানামগন্ধদ্রব্য।
গন্ধকুসুমা, স্ত্রী. [গন্ধ+কুসুমা] গণিকারীবৃক্ষ।
গন্ধকেলিকা, স্ত্রী. [গন্ধ+কেলিকা] কস্তরী।
গন্ধকোকিলা, স্ত্রী. [গন্ধ+কোকিলা] গন্ধদ্রব্যবিশেষ।
গন্ধকৃৎ, ত্রি. [গন্ধ+কৃৎ] গন্ধকর।
গন্ধখেড়, ন. [গন্ধ+খেড়] গন্ধবীরণ, গন্ধবেণ, তৎপর্য্যায়।—ভূভৃণ, রৌহিষ, গোময়প্রিয়।
গন্ধখেড়ক, ন. [গন্ধ+খেড়ক] গন্ধতৃণ।
গন্ধগ, ত্রি. [গন্ধ+গ] সুগন্ধিক, আঘ্রাণকারী।
গন্ধগজ, পুং. [গন্ধ+গজ] মনোহরহস্তী।
গন্ধগুণ- ত্রি. [গন্ধ+গুণ] গন্ধযুক্ত; সুগন্ধ।
গন্ধগোকুল-গন্ধগোল, (প্রা) গন্ধমার্জ্জার।
গন্ধগ্রাহী, ত্রি. [গন্ধ+গ্রাহিন্] ঘ্রাণকারী।
গন্ধঘ্রাণ, ন. [গন্ধ+ঘ্রাণ] আঘ্রাণকারী, গন্ধগ্রাহী।
গন্ধচেলিকা, স্ত্রী. [গন্ধ+চেলিকা] কস্তূরী
গন্ধজাত, ন. [গন্ধ+জাত] তেজপত্র।

গন্ধজ্ঞা, স্ত্রী. [গন্ধ+জ্ঞা] নাসিকা।
গন্ধতূর্য্য, ন. [গন্ধ+তূর্য্য] বাদ্যবিশেষ, রণতূর্য্য, মহাস্বন।
গন্ধতৃণ, ন. [গন্ধ+তৃণ] সুগন্ধতৃণ, তৎপর্য্যায়।—সুগন্ধভূতৃণ, সুরস, সুরভি, সুগন্ধি, মুখবাস।
গন্ধত্বক্, ন, [গন্ধ+ত্বচ্] এলবালুক।
গন্ধদলা, স্ত্রী. [গন্ধ+দলা] অজমোদা।
গন্ধদ্রব্য, ন. [গন্ধ+দ্রব্য] সুগন্ধিবস্তু, সুবাসিত দ্রব্য, খোসবুদার জিনিস।
গন্ধদ্বিপ, পুং. [গন্ধ+দ্বিপ] উত্তমহস্তী।
গন্ধধূমজ, পুং. [গন্ধ+ধূমজ] স্বাদুনাম গন্ধদ্রব্য।
গন্ধধূলি, স্ত্রী. [গন্ধ+ধূলি] কস্তুরী।
গন্ধন, ন. [গন্ধ+অন] উৎসাহ; প্রকাশন; সূচন; হিংসা; খাদ্যদ্রব্য। [ছুঁছা।
গন্ধনকুল, পুং. [গন্ধ+নকুল] ছুচ্ছুন্দরী,
গন্ধনাকুলী, স্ত্রী. [গন্ধ+নাকুলী] রাস্না, কন্দবিশেষ, তৎপর্য্যায়।—মহাসুগন্ধা, সুবহা, সর্পাক্ষী, ফণিহন্ত্রী, নকুলাঢ্যা, অহিভুক্, বিষমর্দ্দনিকা, অহিমর্দ্দনী, বিষমর্দ্দনী, মহাহিগন্ধা, অহিলতা।
গন্ধনামা, পুং. [গন্ধ+নামন্] রক্ততুলসী, রাঙ্গাতুলসী। [বিশেষ।
গন্ধনাম্নী, স্ত্রী. [গন্ধ+নাম্নী] ক্ষুদ্ররোগ-
গন্ধনালী, স্ত্রী. [গন্ধ+নালী] নাসিকা।
গন্ধনিলয়া, স্ত্রী. [গন্ধ+নিলয়া] নবমল্লিকা।
গন্ধনিশা, স্ত্রী. [গন্ধ+নিশা] গন্ধপত্রা।
গন্ধপত্র, পুং. [গন্ধ+পত্র] শ্বেততুলসী; মরুব; বর্ব্বর; নারঙ্গ; বিল্ব।
গন্ধপত্রা, স্ত্রী. [গন্ধ+পত্রা] শঠীভেদ, পলাশ, তৎপর্য্যায়।—স্থূলা, তিক্তকন্দিকা, বনজা, শঠিকা, বন্যা, তবক্ষীরী, একপত্রিকা, গন্ধপীতা, পলাশাস্তা, গন্ধাঢ্যা, গন্ধপত্রিকা, দীর্ঘপত্রা, গন্ধনিশা, বেদমুখ্যা, সুপাকিনী।
গন্ধপত্রিকা, স্ত্রী. [গন্ধ+পত্রিকা] গন্ধপত্রা, অজমোদা।
গন্ধপত্রী, স্ত্রী. [গন্ধ+পত্রী] অম্বষ্ঠা; অশ্বগন্ধা; অজমোদা।
গন্ধপলাশিকা, স্ত্রী. [গন্ধ+পলাশিকা] হরিদ্রা। [হরিদ্রা।
গন্ধপলাশী, স্ত্রী. [গন্ধ+পলাশী] শঠী;
গন্ধপাষাণ, পুং. [গন্ধ+পাষাণ] গন্ধক।
গন্ধপিশাচ, পুং. [গন্ধ+পিশাচ] দেশবিশেষ, পৃষধ্রবংশীয় তুরস্ক স্থাপিত দেশ।
গন্ধপিশাচিকা, স্ত্রী. [গন্ধ+পিশাচিকা] ধূপ, বহ্নিগন্ধ, তুরুষ্ক।
গন্ধপীতা, স্ত্রী. [গন্ধ+পীতা] গন্ধপত্রা।
গন্ধপুষ্প, পুং. [গন্ধ+পুষ্প] বেতসবৃক্ষ; অঙ্কোঠবৃক্ষ; বহুবারবৃক্ষ।
গন্ধপুষ্পা, স্ত্রী. [গন্ধ+পুষ্পা] নীলী; কেতকী; গণিকারী।
গন্ধপ্রিয়, ত্রি. [গন্ধ+প্রিয়] বাসলুব্ধ।
গন্ধফণিজ্জক, পুং. [গন্ধ+ফণিজ্জক] রক্ততুলসী, লালতুলসী। [তেজঃফলবৃক্ষ।
গন্ধফল, পুং. [গন্ধ+ফল] কপিত্থ; বিল্ব;
গন্ধফলা, স্ত্রী. [গন্দ+ফলা] প্রিয়ঙ্গুবৃক্ষ; মেথিকা; বিদারী; শল্লকী। [প্রিয়ঙ্গুবৃক্ষ।
গন্ধফলী, স্ত্রী. [গন্ধফল+ঈ] চম্পককলিকা;
গন্ধবণিক্, পুং. [গন্ধ+বণিক্] গান্ধিক, বর্ণসঙ্কর জাতিবিশেষ, গন্ধবেণিয়া, অম্বষ্ঠার গর্ব্ভে রাজপুত্রের ঔরসজাত, তৎপর্য্যায়।—গন্ধবিক্রয়ী, গন্ধবিক্রেতা, গন্ধোপজীবী, গন্ধবিক্রয়োপজীবী, গন্ধাজীব, গান্ধিক, সুগন্ধিদ্রব্যব্যবসায়ী, চন্দনাদিবিক্রেতা, পসারী।
গন্ধবতী, স্ত্রী. [গন্ধবৎ+ঈ] পৃথিবী; বরুণপুরী; ব্যাসমাতা; সুরা; বনমল্লিকা; মুরানামগন্ধদ্রব্য। [গন্ধদ্রব্য।
গন্ধবধূ, স্ত্রী. [গন্ধ+বধূ] শঠী; চীড়ানাম
গন্ধবন্ধু, পুং. [গন্ধ+বন্ধু] আম্রবৃক্ষ।
গন্ধবল্কল, ন. [গন্ধ+বল্কল] সুগন্ধ ত্বচ্, দারুচিনী।
গন্ধবল্লরী, স্ত্রী. [গন্ধ+বল্লরী] সহদেবী।
গন্ধবল্লী, স্ত্রী. [গন্ধ+বল্লী] পীতপুষ্পদণ্ডোৎপল, ডানিপোলা, ডানিকোণাখ্য ক্ষুদ্রবৃক্ষ, গোবন্দনী, সহদেবী, সহা।
গন্ধবহ, পুং. [গন্ধ+বহ] বায়ু; (ত্রি.) সুবাসবিশিষ্ট।

গন্ধবহল, পুং. [গন্ধ+বহল] সিতার্জ্জক।
গন্ধবহা, স্ত্রী. [গন্ধবহ+আ] নাসিকা
গন্ধবহুলা, স্ত্রী. [গন্ধ+বহুলা] গোরক্ষী-বৃক্ষ।
গন্ধবাহ, পুং. [গন্ধ+বাহ] বায়ু; মৃগবিশেষ; কস্তুরীমৃগ।
গন্ধবাহা, স্ত্রী. [গন্ধবাহ+আ] নাসিকা।
গন্ধবিরজা, (প্রা) ঔষধিবিশেষ।
গন্ধবিহ্বল, পুং. [গন্ধ+বিহ্বল] গোধূম।
গন্ধবীজা, স্ত্রী. [গন্ধ+বীজা] মেথিকা।
গন্ধবৃক্ষক, পুং. [গন্ধ+বৃক্ষক] সালবৃক্ষ।
গন্ধবেণা, (প্রা) বেণাবৃক্ষবিশেষ।
গন্ধব্যাকুল, ন. [গন্ধ+ব্যাকুল] কক্কোল।
গন্ধভদ্রা, স্ত্রী. [গন্ধ+ভদ্রা] লতাবিশেষ, গন্ধভাদালিয়া, গাদাঁল। [বৃক্ষ।
গন্ধভাণ্ড, পুং. [গন্ধ+ভাণ্ড] গর্দ্দভাণ্ড-
গন্ধভাদালী, (প্রা) গন্ধভদ্রা।
গন্ধমাংসী. স্ত্রী. [গন্ধ+মাংসী] জটামাংসীভেদ, তৎপর্য্যায়।—কেশী, ভূতজটা, পিশাচী, পূতনা, ভূতকেশী, লোমশা, জটালা, লঘুমাংসী।
গন্ধমাতা, স্ত্রী. [গন্ধ+মাতৃ] পৃথিবী
গন্ধমাদন, ন.পুং. [গন্ধ+মাদন] পর্ব্বত-বিশেষ; ইলাবৃত ও ভদ্রাশ্ববর্ষের সীমা-পর্ব্বত; (পুং)ভ্রমর; বানরবিশেষ; গন্ধক।
গন্ধমাদনী, স্ত্রী. [গন্ধ+মাদন+ঈ] মদিরা; বন্দাক; চীড়ানামগন্ধদ্রব্য।
গন্ধমাদিনী, স্ত্রী. [গন্ধমাদিন্+ঈ] লাক্ষা; পুরানাক গন্ধদ্রব্য।
গন্ধমার, (প্রা) নাগদোনা, তিক্তরস দ্রব্য-বিশেষ; মস্তারু। [গন্ধগোকুল।
গন্ধমার্জ্জার, পুং. [গন্ধ+মার্জ্জার] খট্টাস;
গন্ধমালতী, স্ত্রী. [গন্ধ+মালতী] গন্ধদ্রব্য বিশেষ।
গন্ধমালিনী, স্ত্রী. [গন্ধ+মালিনী] মুরা-নামগন্ধদ্রব্য।
গন্ধমুণ্ড, পুং. [গন্ধ+মুণ্ড] লতাবিশেষ, গন্ধভাদালিয়া, তৎপর্য্যায়।—নন্দীবৃক্ষ, তাম্রপাকী, কলপাকী, পীতক, গর্দ্দভাণ্ড, ক্ষিপ্রপাকী।

গন্ধমূল, পুং. [গন্ধ+মূল] কুলঞ্জনবৃক্ষ।
গন্ধমূলক, পুং. [গন্ধ+মূলক] শঠী
গন্ধমূলা, স্ত্রী. [গন্ধ+মূলা] শল্লকী; শঠী।
গন্ধমূলিকা, স্ত্রী. [গন্ধ+মূলিকা] মাকন্দী; শঠী।
গন্ধমূলী, স্ত্রী. [গন্ধমূল+ঈ] শঠী।
গন্ধমূষিক-গন্ধমূষী, পুং. স্ত্রী. [গন্ধ+মূষিক-মূষী] ছুছুন্দরী, ছুঁছা। [গোকুল
গন্ধমৃগ, পুং. [গন্ধ+মৃগ] খট্টাস; গন্ধ-
গন্ধমৈথুন, পুং. [গন্ধ+মৈথুন] বৃষ।
গন্ধমোদন, পুং. [গন্ধ+মোদন] গন্ধক।
গন্ধমোহিনী, স্ত্রী. [গন্ধ+মোহিনী] চম্পক-কলী
গন্ধরস, পুং. [গন্ধ+রস] উপধাতুবিশেষ, ফুলসত্ত্বপ্রসিদ্ধ, তৎপর্য্যায়।—বোল, প্রাণ, পিণ্ড, গোপ, রস, রসগন্ধ, গোস, পিণ্ডগোস, শশ, গোসশশ, গান্ধার, মাসিবর্দ্ধন, গোপরস, বোলজ,গোপক।
গন্ধরসাঙ্গক, পুং. [গন্ধ+রসাঙ্গক] শ্রীবেষ্ট-নাম সুগন্ধিদ্রব্য।
গন্ধরাজ, ন. [গন্ধ+রাজ] চন্দন; জবা-দিনাম গন্ধদ্রব্য; স্বনামখ্যাত শুক্লবর্ণ পুষ্প; গন্ধশ্রেষ্ঠ; (পুং.) মুদ্গরবৃক্ষ, কণ-গুগ্গুলু। [গন্ধদ্রব্য।
গন্ধরাজী, স্ত্রী. [গন্ধ+রাজী] নখীনাম-
গন্ধর্ব্ব, পুং. [গন্ধ+অর্ব্ব] স্বর্গগায়ক, দেব-যোনি, গাতু, দিব্যগায়ন; ঘোটক; পশু-জাতিবিশেষ, কস্তুরীমৃগ; অন্তরাভবসত্ত্ব; পুংস্কোকিল; গায়নমাত্র; গুপ্তপ্রাণ।
গন্ধর্ব্বতৈল, ন. [গন্ধর্ব্ব+তৈল] এরণ্ডতৈল।
গন্ধর্ব্ববিদ্যা, স্ত্রী. [গন্ধর্ব্ব+বিদ্যা] গীত বাদ্যনৃত্যাদি।
গন্ধর্ব্ববিবাহ, পুং. [গন্ধর্ব্ব+বিবাহ] সপ্ত প্রকার বিবাহান্তর্গত বিবাহবিশেষ।
গন্ধর্ব্ববেদ, পুং. [গন্ধর্ব্ব+বেদ] সংগীত-বিদ্যা।
ক, পুং. [গন্ধর্ব্ব+হস্ত-হস্তক] এরণ্ডবৃক্ষ।
গন্ধল, (প্রা) ভ্রাত, ভ্রাণ, গন্ধবান্।
গন্ধলরঞ্জণ, (প্রা) পুষ্পবিশেষ।

গন্ধলোলুপা, স্ত্রী. [গন্ধ+লোলুপা] মক্ষিকা, ডাঁস।

গন্ধশঠী, স্ত্রী. [গন্ধ+শঠী] শঠী, আম- [হলদী।

গন্ধশাক, ন. [গন্ধ+শাক গৌরসুবর্ণ শাক।

গন্ধশালি, পুং. [গন্ধ+শালি] শালিধান্য-বিশেষ, তৎপর্য্যায়।—কলমাষ, গন্ধালু, কলমোত্তম, সুগন্ধি, গন্ধবহুল, সুরভি, গন্ধতণ্ডুল, সুগন্ধিশালি।

গন্ধশুণ্ডিনী, স্ত্রী. [গন্ধ+শুণ্ডিনী] ছুছুন্দরী, গন্ধমুষিক, গন্ধা, শুণ্ডিনী।

গন্ধশূন্য, ত্রি. [গন্ধ+শূন্য] নির্গন্ধ।

গন্ধশেখর, পুং. [গন্ধ+শেখর] কস্তূরী।

গন্ধসার, পুং. [গন্ধ+সার] চন্দনবৃক্ষ; মুদ্গারবৃক্ষ।

গন্ধসারণ, পুং. [গন্ধ+সারণ] বৃহন্নখী।

গন্ধসূয়ী, স্ত্রী. [গন্ধ+সূয়ী] ছুছুন্দরী।

গন্ধসোম, ন. [গন্ধ+সোম] কুমুদপুষ্প, কহ্লার, সুন্দীপুষ্প।

গন্ধহারিকা, স্ত্রী. [গন্ধ+হারিকা] পরগৃহে গিয়া কর্ম্মকারিণী, শিল্পকারিণী; গন্ধ-হরণকর্ত্রী, গন্ধনাশিনী।

গন্ধা, স্ত্রী. [গন্ধ+আ] চম্পককলিকা, শঠী; শালপর্ণী।

গন্ধা, (প্রা) দুর্গন্ধ।

গন্ধাখু, পুং. [গন্ধ+আখু] ছুছুন্দরী।

গন্ধাজীব, পুং. [গন্ধ+আজীব] গন্ধবণিক্।

গন্ধাঢ্য, ন. [গন্ধ+আঢ্য] যবাদিনাম গন্ধদ্রব্য; চন্দন; (ত্রি.) গন্ধযুক্ত; (পুং.) নারঙ্গবৃক্ষ।

গন্ধাঢ্যা, স্ত্রী. [গন্ধাঢ্য+আ] গন্ধপত্রা; স্বর্ণযূথী; তরুণী; আরামশীতলা; গন্ধালী।

গন্ধাদিদান, ন. [গন্ধাদি+দান] শ্রাদ্ধেতে গন্ধাদিদ্রব্যদান।

গন্ধাধিক, ন; [গন্ধ+অধিক] তৃণকুঙ্কুম।

গন্ধাধিবাস, (প্রা) অধিবাসকালীন গন্ধদ্রব্য প্রয়োগ।

গন্ধান, (প্রা) দুর্গন্ধকরণ, বাসদেওন।

গন্ধাপকর্ষণ, ন. [গন্ধ+অপকর্ষণ] গন্ধহরণ।

গন্ধাম্লা, স্ত্রী. [গন্ধ+অম্লা] বনবীজপুরক]

গন্ধালা, স্ত্রী. [গন্ধাল+আ] বৃক্ষবিশেষ, জি-য়তিগাছ।

গন্ধালী, স্ত্রী. [গন্ধ+আলী] লতাবিশেষ, গাঁ-ধালী, গন্ধভাদালী, তৎপর্য্যায়।—প্র-সারণী, ভদ্রপর্ণী, কটম্ভরা, গন্ধাঢ্যা, স-রণা, রাজবলা, ভদ্রবলা, গন্ধোলী, বোল্লা, ভেমরুল।

গন্ধালীগর্ভ, পুং. [গন্ধালী+গর্ভ] সূক্ষ্মেলা।

গন্ধাশ্মা, পুং. [গন্ধ+অশ্মন্] গন্ধক।

গন্ধাষ্টক, ন. [গন্ধ+অষ্টক] পঞ্চদেবতায় দেয়া-ষ্টপ্রকার গন্ধদ্রব্য, যথা।—চন্দন, অ-গুরু, কর্পূর, চোর, কুঙ্কুম, রোচনা, জটা-মাংসী, কপিযুত

গন্ধি, ন. [গন্ধ+ই] তৃণকুঙ্কুম।

গন্ধিক, পুং [গন্ধ+ইক] গন্ধক।

গন্ধিনী, স্ত্রী. [গন্ধিন্+ঈ] মুরাবৃক্ষ। [ছাতিম

গন্ধিপর্ণ, পুং. [গন্ধ+ই+পর্ণ] সপ্তচ্ছদবৃক্ষ।

গন্ধী, পুং. [গন্ধ+ইন্] ছারপোকা, গাধি-পোকা, খাটমল; বৃহৎবৃক্ষবিশেষ; (ত্রি) গন্ধবিশিষ্ট।

গন্ধোতু, পুং. [গন্ধ+ওতু] খট্টাশ।

গন্ধোৎকটা, স্ত্রী. [গন্ধ+উৎকটা] দমনকবৃক্ষ।

গন্ধোত্তমা, স্ত্রী. [গন্ধ+উত্তমা] মদিরা।

গন্ধোপজীবী, পুং. [গন্ধ+উপজীবী] সুগন্ধ, সৌরভ; গন্ধবণিক্।

গন্ধোলি, স্ত্রী. [গন্ধ+ওল+ই] শঠী।

গন্ধোলী, স্ত্রী. [গন্ধ+ওল+ঈ] বরটা, বোলতা; ভদ্রা; শঠী।

গন্ধৌতু, পুং. [গন্ধ+ওতু] খট্টাশ। [কীট।

গন্ধ্য, ত্রি. [গন্ধ+য] গন্ধবিশিষ্ট; (পুং.) তল্প-

গপ্প, (প্রা) গল্প, উপকথা, অলীক বা কল্পিত আখ্যায়িকা, উপন্যাস, মিথ্যা ইতিহাস, জনশ্রুতি, কথোপকথন।

গপ্পসপ্প, (প্রা) অনর্থককথা, আলস্যবচন, প্রলাপ জল্পন।

গপ্পিয়া, (প্রা) বাচাল, বহুভাষী, বড়্বড়্যা।

গপ্পী, (প্রা) অনর্থককথা, উপকথা।

গবড়, (প্রা) কদর্য্যকার্য্যকরণ।

গবড়ন, (প্রা) গর্ত্তপতন, পেটফেলন; পণ্ড শ্রমী হওন; লেপন; অপরিষ্কৃতকরণ।

গবড়ান, (প্রা) পেটফেলন, গর্ত্ত নষ্টকরণ, বিগাড়ন।

গবয়, পুং. [গো+য়] গলকম্বল শূন্য গো-সদৃশ পশু, গবালূক, বনগৌ, বলভদ্র, মহাগন্ধ; বানরবিশেষ।

গবয়ী, স্ত্রী. [গবয়+ঈ] স্ত্রীজাতীয়গবয়, বন-ধেনু, ভিল্লাগবী

গবরাজ, পুং. [গব+রাজ] বৃষ।

গবল, পুং. [গু+অল] বনমহিষ; (ন.)মহিষ-শৃঙ্গ। [মূর্খ।

গবা, (প্রা) গো, গাভী; নির্ব্বোধ, ক্ষীণবুদ্ধি,

গবাচী, স্ত্রী. [গবাচ+ঈ] মৎস্যবিশেষ, পা-কালমাছ।

গবাদন, ন. [গো+অদন] ঘাস।

গবাদনী, স্ত্রী. [গবাদন+ঈ] ইন্দ্রবারুণী; গ-রুর ঘাসভক্ষণাধার, গরুর ঘাস খাইবার গড়া; নীলাপরাজিতা।

গবালূক, পুং.[গো+আলূক] গবয়, বন্য গরু

গবাশন, পুং. [গো+অশন] গোভক্ষক, মুচি, চামার, চর্ম্মকার।

গবাষিকা, স্ত্রী. [গবাষিক+আ] লাক্ষা।

গবাহ্নিকা, স্ত্রী. [গো+অহ্নিকা] গাভীর নিত্য আহার দেওন।

গবাক্ষ, পুং. [গো+অক্ষ] ক্ষুদ্রদ্বারকা, বা-তায়ন, বধূদৃগয়ন, জাল, জালক; বানর-বিশেষ; বৃষের চক্ষু।

গবাক্ষজাল, ন. [গবাক্ষ+জাল] বাতায়ন, বহুছিদ্রান্বিতা জানালা।

গবাক্ষী, স্ত্রী. [গবাক্ষ+ঈ] গোডুম্বা, গোমুক, ইন্দ্রবারুণী, রাখালসসা; শাখোটবৃক্ষ, শেওড়াগাছ; অপরাজিতা।

গবী, স্ত্রী. [গব+ঈ] স্ত্রীগো, ধেনু; বাক্, বাণী। [বৃন্দসম্বন্ধ।

গবীন, ত্রি. [গব+ইন্] অশিভঙ্গবীন; গো-

গবীশ্বর, পুং. [গো+ঈশ্বর] গোস্বামী, গোমান্, গোমী, গবেশ্বর।

গবেড়ু-গবেড়ুকা, স্ত্রী.পুং. [গো+এড়+উ-কা] ধান্যবিশেষ, গড়্গড়্। [গড়।

গবেধু, পুং. [গো+এধু] ধান্যবিশেষ, গড়্-

গবেধুক, ন. [গবেধু+ক] গৈরিক, গড়গড়ি।

গবেধুকা, স্ত্রী. [গবেধুক+আ] তৃণধান্য বি-শেষ, গড়গড়; দেধান, তৎপর্য্যায়।— গবেড়ু, গবেধু, গবেড়ুক, গবেধুক; ক্ষুদ্রা, গোজিহ্বা, গুন্দ্রা, গুথ; নাগবলা।

গবেরুক, ন. [গো+ঈর-ক] গৈরিক

গবেশকা, স্ত্রী. [গো+ঈশ-কা] বৃক্ষবিশেষ, গোরক্ষ চাউলিয়া।

গবেশ্বর, পুং. [গো+ঈশ্বর] গোস্বামী।

গবেষণ-গবেষণা, স্ত্রী. ন. [গবেষ্+অন-আ] অন্বেষণ, অনুসন্ধান, মার্গণ, অন্বিষ্টি।

গবেষিত, ত্রি. [গবেষ+ইত] অন্বেষিত, মা-র্গিত, অন্বিষ্ট, মৃগিত, খোঁজা।

গবোদ্বহ, পুং. [গো+উদ্বহ] উত্তমগবী

গবু, (প্রা) গর্ভিনী গো, গাবিনগরু।

গব্য, ত্রি. [গো+য] গোসম্বন্ধী, দুগ্ধ গোম-য়াদি; গোহিত; (ন.) জ্যা; রাগদ্রব্য।

গব্যা, স্ত্রী. [গব্য+আ] গোসমূহ, গোত্রা; গব্যূতি; জ্যা; গোরোচনা

গব্যূত, ন. [গো+যূত] ক্রোশ; গব্যূতি।

গব্যূতি, ন. পুং. [গো+যূতি] দ্বিসহস্রধনু, ক্রোশদ্বয়, ক্রোশযুগ, গব্যূত, গোরুত, গোতম, গব্যা, গব্যূতী।

গব্যূতী, স্ত্রী. [গো+যূতী] গব্যূতি

গভস্তি, পুং. [গো+ভস্+তি] কিরণ; সূর্য্য; (স্ত্রী.) স্বাহা।

গভস্তিমৎ-গভস্তিমৎখণ্ড, ন. [গভস্তি+মৎ-খণ্ড] সপ্তপাতালান্তর্গত পাতালবিশেষ, তলাতল।

গভস্তিমান্-গভস্তিহস্ত, পুং. [গভস্তি+মৎ-হস্ত] সূর্য্য।

গভীর, ত্রি. [গম+ভ+ঈর] নীচস্থান, নিম্ন, গম্ভীর; অগাধ; গহন, গভীরক।

গভীরধ্বনি-গভীরনাদ, পুং. [গভীর+ধ্বনি-নাদ] ঘনধ্বনি, গম্ভীরশব্দ।

গভীরিকা, স্ত্রী. [গভীর+ইকা] বৃহৎঢক্কা, বড়ঢাক। [ক্ষুদ্রোপধান।

গভোলিক, পুং. [গভোলি+ক] মসুর,

গম, পুং. [গম্+অ] জিগীষোর্গমন; অক্ষ-বিবর্ত্ত অর্থাৎ দ্যূতপ্রভেদ; অপর্য্যা-লোচিত; অধ্বা; সদৃক্পাঠ; গমন।

গম, (প্রা) গোধূম।
গমক, (প্রা) লাউ, কুমড়া ইত্যাদির লতা-বিশেষ; করমালা জপিবার নিমিত্ত কোষ।
গমক, পুং. [গম্+অক] স্বরবিশেষ।
গমকা, (প্রা) রাগিণীবিশেষ।
গমকারিত্ব, ন. [গম+কারিত্ব] রভস, অসমীক্ষ্যকারিতা।
গমথ, পুং. [গম্+অথ] পন্থা; (ত্রি.) পথিক।
গমন, ন. [গম্+অন] জিগীষো প্রয়াণ, যাত্রা, ব্রজ্যা, অভিনির্যাণ, প্রস্থান, গম, সঙ্গম, পাদবিহরণ; পঞ্চবিধকর্ম্মান্তর্গত কর্ম্মবিশেষ, তস্য ভেদ যথা।—ভ্রমণ, রেচন, স্যন্দন, ঊর্দ্ধজ্বলন, তির্য্যগ্‌গমন।
গমনরহিত, ত্রি. [গমন+রহিত] স্থগিত, অটল, অচল, গতিশূন্য। [চরিষ্ণু।
গমনশীল, ত্রি. [গমন+শীল] গমনাসক্ত,
গমনাগমন, ন. [গমন+আগমন] যাতায়াত, উপগম; সম্ভাষ।
গমনার্হ, ত্রি. [গমন+অর্হ] গমনীয়, গন্তব্য, তরণীয়, সুগম, চলনার্হ, চলিতব্য; সঙ্গতার্থ। [চরিষ্ণু।
গমনাসক্ত, ত্রি. [গমন+আসক্ত] গমনাগমন,
গমনীয়, ত্রি. [গম্+অনীয়] গন্তব্য, অভিগম্য, সুগম, গমনযোগ্য, তরণীয়।
গমনেচ্ছ-গমনেচ্ছু, ত্রি. [গমন+ইচ্ছ] গমনাসক্ত, চরিষ্ণু। [গমন।
গমাগম, পুং. [গম+আগম] যাতায়াত, গমনা-
গমি, (প্রা) বৃক্ষবিশেষ।
গমিত, ত্রি. [গম্+ইত] প্রেরিত, প্রেষিত।
গমী, ত্রি. [গম্+ইন্] গমনকর্ত্তা, গতিবিশিষ্ট।
গম্ভারিকা, স্ত্রী. [গম্ভারিক+আ] গম্ভারীবৃক্ষ।
গম্ভারী, স্ত্রী. [গম্+ভৃ+ঈ] বৃক্ষবিশেষ, গামারীগাছ, তৎপর্য্যায়।—সর্ব্বতোভদ্রা, কাশ্মরী, মধুপর্ণিকা, শ্রীপর্ণী, ভদ্রপর্ণী, কাশ্মর্য্য, কাশ্মরী, ভদ্রা, গোপভদ্রিকা, কুমুদা, সদাভদ্রা, কট্‌ফলা, কৃষ্ণবৃন্তিকা, কৃষ্ণবৃন্তা, হীরা, সর্ব্বতোভদ্রিকা, স্নিগ্ধপর্ণী, সুভদ্রা, কম্ভারী, গোপভদ্রা, বিদারিণী, ক্ষীরিণী, মহাভদ্রা, মধুপর্ণী, স্বরুভদ্রা, কৃষ্ণা, অশ্বেতা, রোহিণী, গৃষ্টি, স্থূলত্বচা, মধুমতী, সুফলা, মেদিনী মহাকুমুদা, সুদৃঢ়ত্বচা।
গম্ভীর, ত্রি. [গম্+ভ+ঈর] গভীর, অগাধ, অবগাঢ়, গাঢ়, গহন, নিম্ন, ঘন, অতলস্পর্শ, গহেরা; মন্থর; জড়; (পুং.) জম্বীর; পঙ্কজ; ঋগ্‌মন্ত্র। [রতা।
গম্ভীরতা, স্ত্রী. [গম্ভীর+তা] গাম্ভীর্য্য, গভী-
গম্ভীরনাদ, পুং. [গম্ভীর+নাদ] গভীরধ্বনি, ঘনধ্বনি।
গম্ভীরপুরুষস্বন, ত্রি. [গম্ভীর+পুরুষ+স্বন] স্ফূর্জাবান।
গম্ভীরবেদী, পুং. [গম্ভীর+বেদিন্] দুর্দ্ধরহস্তী, অঙ্কুশদুর্দ্ধর, চালক, ব্যালক, অবমতাঙ্কুশ, মত্তদন্তী, জঙ্গলাহাতী।
গম্ভীরবেধ, ত্রি. [গম্ভীর+বেধ] অতিবেধী।
গম্ভীরা, স্ত্রী. [গম্ভীর+আ] হিক্কা, হুল্লাস।
গম্ভীরার্থ, ন. [গম্ভীর+অর্থ] নিগূঢ়ার্থ, দুর্জ্ঞেয়, রহস্য।
গম্য, ত্রি. [গম্+য] প্রাপ্য, প্রাপ্তব্য, সুগম, প্রাপণীয়, সমাসাদ্য, সুলভ, সাধ্য, সুখোপসর্প; সম্ভাব্য; গমনযোগ্য; প্রণয়িতব্য; সঙ্গত। [ভতা।
গম্যতা, স্ত্রী. [গম্য+তা] অভিগম্যতা, সুল-
গম্যমান, ত্রি. [গম্য+মান] অতিক্রান্ত, পারগত; বর্ত্তমানগমনাশ্রয় গ্রামাদি।
গম্যা, স্ত্রী. [গম্য+আ] বেশ্যা, গণিকা।
গম্যাগম্য, ত্রি. [গম্য+অগম্য] সাধ্যাসাধ্য, কৃত্যাকৃত্য; শক্যাশক্য।
গয়, পুং. [গৈ+অ] বানরভেদ, বৈবস্বতপুত্র; রাজর্ষিভেদ, অমূত্ররয়ঃপুত্র; অসুর ভেদ।
গয়া, স্ত্রী. [গয়+আ] গয়রাজর্ষিপুরী, স্বনাম খ্যাততীর্থ, তীর্থভেদ; দেশবিশেষ।
গয়াকু, (প্রা) ঔষধিকাষ্ঠবিশেষ।
গয়ার, (প্রা) শ্লেষ্মা, কফ, শ্লেষ্মক, ক্লেদন, ক্লেদক, খট।
গয়াল, (প্রা) বৃষবিশেষ; তণ্ডুলভেদ।
গয়ালী, (প্রা) গয়াতীর্থবাসী, গয়াতীর্থের পুরোহিত; গয়াবাসী।

গয়াশ্বত্থ, পুং. [গয়া+অশ্বত্থ] উডুম্বরবৃক্ষবিশেষ; অশ্বত্থভেদ, গজাশ্বত্থ।
গয়াসুর, পুং. [গয়+অসুর] অসুরভেদ; ত্রিপুরাসুরপুত্র।
গয়ের, (প্রা) কফ, শ্লেষ্মা, থুথু।
গর্, (যাং) বিনা, ব্যতিরেক; যে শব্দের পূর্ব্বে থাকে তাহার অর্থের অন্যথা হয়, যথা গরতকসীর, গর্‌তদ্বীর, গর্‌হাজির ইত্যাদি।
গর, ন. [গর + অ] ববাদ্যেকাদশ করণান্তর্গত পঞ্চমকরণ; বিষ; বৎসনাভাখ্যবিষ; (পুং.) বিষ; উপবিষ; রোগ।
গরক্, (যাং) নিমগ্ন, জলে ডুবন। [গণ্ডি।
গরগণ্ড, (প্রা) গলদেশে মাংসবৃদ্ধি, গড়ু।
গরঘ্ন, পুং. [গর+ঘ্ন] কৃষ্ণার্জ্জক, বর্ব্বর, (ত্রি.) বিষঘ্ন; রোগঘ্ন। [মাছ।
গরঘ্নী, স্ত্রী. [গরঘ্ন + ঈ] মৎস্যবিশেষ, গরই-
গরজ্, (যাং) আপন ইচ্ছা, স্বেচ্ছা।
গরণ, ন. [গৃ+অন] সেচন; নিগরণ।
গরণাখাঁদা, (প্রা) শশকৌষ্ঠ, ছিন্নৌষ্ঠ।
গরদ, ন. [গর+দ] বিষ; (ত্রি.)বিষদানকর্ত্তা।
গরদ, (প্রা) পট্টবস্ত্রবিশেষ।
গরম, (যাং) উষ্ণ, উত্তপ্ত।
গরব্রত, পুং. [গর + ব্রত] ময়ূর।
গরভ, পুং. [গৃ+অভ] গর্ভ।
গরল, ন. [গৃ+অল] বিষ; পন্নগবিষ; পরিমাণ; তৃণপুলক, ঘাসেরগর্ল্লা, পুলা, আঁটি।
গরল, (প্রা) রোগবিশেষ।
গরলারি, পুং. [গরল+অরি] মরকতমণি।
গরলী, ত্রি. [গরল+ইন্] বিষালু, বিষধর, বিষযুক্ত, বিষঘটিত। [রণ।
গরা, স্ত্রী. [গর+আ] দেবদালীলতা; নিগ-
গরাগরী, স্ত্রী. [গরা+গরী] দেবতাড়বৃক্ষ।
গরাণ, (প্রা) বৃক্ষবিশেষ; গম্ভীর।
গরাণিয়া, (প্রা) বক্রমূল, দীর্ঘমূল।
গরাণিয়াআলু, (প্রা) কন্দমূলবিশেষ।
গরাম্বক, ন. [গর+আম্বক] শোভাঞ্জনবীজ।
গরাদিয়া. (প্রা) লোহাবরণ, লৌহনির্ম্মিত শঙ্কুপংক্তি; কাঠগড়া, কাষ্ঠবৃতি।
গরাধিকা, স্ত্রী. [গর+অধিকা] লাক্ষা, লা।
গরিমকারক, (প্রা) সাহঙ্কার, সাভিমান, আত্মশ্লাঘী, দর্পী, গর্ব্বী। [দম্ভ।
গরিমা, ত্রি. [গুরু+ইমন্] গুরুতা; অহঙ্কার,
গরিমান্বিত, ত্রি. [গরিমা+অন্বিত] দাম্ভিক, অভিমানী, গাফুলানিয়া।
গরিষ্ঠ, ত্রি. [গুরু+ইষ্ঠ] অতিগুরু, গরীয়ান্, বরীয়ান্, বরিষ্ঠ, জ্যায়ান্, জ্যেষ্ঠ, শ্রেষ্ঠ, প্রধান।
গরী, স্ত্রী. [গর+ঈ] দেবতাড়বৃক্ষ
গরীব্, (যাং) নির্দ্ধনী, দুঃখী। [গরিষ্ঠ।
গরীয়ান্, ত্রি. [গুরু+ঈয়স্] অতিগুরু,
গরীয়সী, স্ত্রী. [গরীয়স্+ঈ] গুরুতরা, শ্রেষ্ঠা
গরু, (প্রা) গৌ, গো, গবী, বৃষ; নির্ব্বোধ, নিতান্তমূর্খ, অল্পবুদ্ধি, হাবা।
গরুখাদক, (প্রা) গোমাংসাশী।
গরুড়, পুং. [গৃ+উড়] স্বনামখ্যাত পক্ষী, তৎপর্য্যায়।—গরুত্মান্, তার্ক্ষ্য,বৈনতেয়, খগেশ্বর, নাগান্তক, বিষ্ণুরথ, সুপর্ণ, পন্নগাশন, মহাবীর, পক্ষীসিংহ, উরগাশন, শাল্মলী, হরিবাহন, অমৃতাহরণ, নাগাশন, শাল্মলিস্থ, খগেন্দ্র, ভুজগান্তক, তরস্বী, তার্ক্ষ্যনায়ক, বিনতাসুনু, ভুজগদারণ, সিতানন, দক্ষায্য।
গরুড়ধ্বজ, পুং. [গরুড়+ধ্বজ] বিষ্ণু।
গরুড়াগ্রজ, পুং. [গরুড় + অগ্রজ] অরুণ।
গরুড়াঙ্কিত, ন. [গরুড়+অঙ্কিত] মরকতমণি। [মণি।
গরুড়াশ্মা, পুং. [গরুড় + অশ্মন্] মরকত-
গরুড়োত্তীর্ণ, ন. [গরুড়+উত্তীর্ণ]মরকতমণি।
গরুৎ, পুং. [গৃ+উৎ] পক্ষ, পক্ষ্ম, পাখা।
গরুত্মান্, পুং. [গরুৎ+মান্] গরুড়; (ত্রি.) পক্ষবান্, বিহঙ্গ, পক্ষী।
গরুতুল্য, (প্রা) গোবৎ; মূর্খ, মূঢ়, বোকা, গবা। [হাবা।
গরুন্যায়, (প্রা) গোবৎ; নির্ব্বোধ,মূর্খ,বোকা,
গরুদ্যোধী, পুং. [গরুৎ + যোধিন্] ভারতী পক্ষী, ভাঁরুই।
গরুরহাঁচি, (প্রা) উভয়সম্ভব, সন্দেহ, দ্বিধা, কল্প, কুকাপ, জঞ্জাল, অগ্রপশ্চাৎকণ্টক।

গর্গ, পুং. [গৃ+গ] মুনিবিশেষ; ব্রহ্মার-পুত্র; বাদ্যযন্ত্রের তালবিশেষ।
গর্গর, (প্রা) ক্রোধে অস্থির, আক্রোশ।
গর্গর, পুং. [গর্গ+র] মৎস্যভেদ, গাগরা-মাছ।
গর্গরী, স্ত্রী. [গর্গর+ঈ] মন্থনী, দধিমন্থন-পাত্র; কলসী, গাগরী, ক্ষুদ্রকলসী।
গর্গরীয়া, (প্রা) ক্রোধাবিষ্ট, ক্রোধান্ধ,রাঙ্গা-মুখ, কোপিত। [যোগনাবিক
গর্গাট, পুং. [গর্গ+অট] মৎস্যবিশেষ,
গর্চা, (প্রা) মৎস্যবিশেষ।
গর্জ্জ, ন. [গর্জ্জ+অ] হস্তীশব্দ; মেঘাদিশব্দ; নাদ, নিঃস্বন, শব্দ, ধ্বনি।
গর্জ্জক, পুং. [গর্জ্জ+অক] মৎস্যবিশেষ, গজাড়, শাল, শালজ।
গর্জ্জন, ন. [গর্জ্জ+অন] শব্দ, তৎপর্য্যায়।—ধ্বনি, স্বন, নিস্বন, স্বান, নাদ, নিনাদ, নিনদ, অনুনাদ, নির্হ্রাদ, সংহ্রাদ, নির্ঘোষ, ঘোষ, নিঘুষ্ট, রব, রাব, আরাব, বিরাব, সংরাব, আরব, ধ্বন, ধ্বান, নিধ্বান, মহাশব্দ, রণৎকার, কুণিন্দ; মেঘধ্বনি, মেঘনির্ঘোষ, জীমূতমন্দ্র, কোপ, ক্রোধ; অতিক্রোধ, অতিকোপ; যুদ্ধ, সংগ্রাম; ভর্ৎসন, তর্জ্জন; হিংস্রক পশু কিম্বা সর্পাদির ধ্বনি; বৃক্ষবিশেষ।
গর্জ্জনতৈল, (প্রা) তৈলভেদ।
গর্জ্জনী, (প্রা) গর্জ্জন; সিংহনাদ; মেঘশব্দ; ভর্ৎসন। [গর্জ্জনকারী।
গর্জ্জনীয়, ত্রি. [গর্জ্জ+অনীয়] নর্দ্দমান,
গর্জ্জর, ন. [গর্জ্জ+র] মূলবিশেষ, গাজর, তৎপর্য্যায়।—পিণ্ডমূল, পীতকন্দ, সুমূলক, স্বাদুমূল, সুপীত, নারঙ্গ, পীতমূলক, গৃঞ্জন।
গর্জ্জাফল, পুং. [গর্জ্জ+আ-ফল] বিকণ্টক-বৃক্ষ; যুদ্ধ; ভর্ৎসন; উত্তেজন।
গর্জ্জি, পুং. [গর্জ্জ+ই] মেঘশব্দ, ঘনস্বন।
গর্জ্জিত, পুং. ন. [গর্জ্জ+ইত] মেঘশব্দ; (পুং.) মত্তহস্তী, (ত্রি.) কৃতশব্দ।
গর্জ্জ্য, ত্রি. [গর্জ্জ+য] গর্জ্জনকারী, নাদী, রাবী।

গর্ত্ত, পুং. [গৃ+ত] ভূরন্ধ্র, তৎপর্য্যায়।—অবট, বিবর, বিল, রন্ধ্র, ভূবিশ্বভ্র, আবটি, আবটু,আবট, দর,শ্বভ্র,পৃথিবী-রন্ধ্র, ছিদ্র, কুহর, শুষির, শুষি, শুষী, কূপ, গুহা, বিরোক, রোক, রুহক, রোপ, সঙ্কু, মর্করা, ভূক, দৃক্, নির্ব্যথন, গাড়া, খাত, কুণ্ড, সন্ধিকা, কোষ্ঠ, অবটি; ত্রিগর্ত্তদেশ; কুকুন্দর; রোগ-ভেদ।
গর্ত্তাশ্রয়, ত্রি. [গর্ত্ত+আশ্রয়] গর্ত্তনিবাসী।
গর্ত্তিক, ত্রি. [গর্ত্ত+ইক] গর্ত্তসম্বন্ধীয়; গর্ত্ত-সমূহ। [ঘর।
গর্ত্তিকা, স্ত্রী. [গর্ত্ত+ইকা] তন্তুশালা, তাঁৎ-
গর্দ্দ-গর্দ্দান, (যাং) কণ্ঠ, গলা।
গর্দ্দানী, (যাং) গলহস্ত দিয়া বহিষ্কৃতকরণ।
গর্দ্দভ, পুং. [গর্দ্দ+অভ] জন্তুবিশেষ, গাদা, তৎপর্য্যায়।—চক্রীবান্, বালেয়, রাসভ, খর, রাশভ, শঙ্কুকর্ণ, ভারগ, ভূরিগম, ধূসরাহ্বয়; গন্ধ, বেশব, ধূসর, স্মরস্মর্য্য, চিরমেহী, পশুচরি, চারুপুচ্ছ, চারট, গ্রাম্যাশ্ব; গন্ধ, (ন.) শ্বেতকুমুদ; বিড়ঙ্গ; ভ্রমরভেদ অর্থাৎ গোবরিয়াপোকা।
গর্দ্দভগদ, পুং. [গর্দ্দভ+গদ] জ্বালাগর্দ্দভক-রোগ।
গর্দ্দভবৎ, ব্য. [গর্দ্দভ+বৎ] গর্দ্দভেরন্যায়; অজ্ঞান, মূর্খতারূপে। [বৃক্ষ।
গর্দ্দভশাক, পুং. [গর্দ্দভ+শাক] ব্রহ্মযষ্টি
গর্দ্দভশাকা, স্ত্রী. [গর্দ্দভ+শাকা] ব্রহ্মযষ্টি-বৃক্ষ, বামণহাটী।
গর্দ্দভশাখী, স্ত্রী. [গর্দ্দভ+শাখী] ভার্গী।
গর্দ্দভাজিন, ন. [গর্দ্দভ+অজিন] খরচর্ম্ম।
গর্দ্দভাণ্ড, পুং. [গর্দ্দভ+অণ্ড] বৃক্ষবিশেষ, গান্ধিভাট, গন্ধপিপ্পল, গর্দ্দপিপ্পলী, তৎপর্য্যায়।—কন্দরাল, কাপীতন, সুপার্শ্বক, প্লক্ষ, শুঙ্গী, প্লব, কমণ্ডলু, গর্দ্দভাণ্ড, প্লক্ষেশ, কন্দরালক, প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।
গর্দ্দভাহ্বয়, পুং. [গর্দ্দভ+আহ্বয়] কুমুদ।
গর্দ্দভিকা, স্ত্রী. [গর্দ্দভ+ইকা] ক্ষুদ্ররোগ-বিশেষ।

গর্দ্দভী, স্ত্রী. [গর্দ্দভ+ঈ] গর্দ্দভপত্নী, গাদী; ক্ষুদ্রজন্তুবিশেষ; গর্দ্দভিকারোগ; শ্বেতকণ্টকারী; কটভী; অপরাজিতা।

গর্দ্ধ, পুং. [গর্দ্ধ+অ] স্পৃহা, অত্যভিলাষ, ঔৎসুক্য, আগ্রহ; গর্দ্দভাণ্ডবৃক্ষ।

গর্দ্ধন, ত্রি. [গর্দ্ধ+অন] লুব্ধ, লোলুপ, জিঘৃক্ষু, লোলুভ; বুভুক্ষু।

গর্দ্ধী, ত্রি. [গর্দ্ধ+ইন্] লুব্ধ, বহ্বাশী; অত্যভিলাষী, অতীচ্ছ।

গর্প, (প্রা) ইতিহাস, উপন্যাস, গল্প।

গর্ব্ব, পুং. [গর্ব্ব+অ] অহঙ্কার, দর্প, দম্ভ, গরিমা, আত্মশ্লাঘা।

গর্ব্বর, ত্রি. [গর্ব্ব+র] গর্ব্বিত, দাম্ভিক।

গর্ব্বাট, পুং. [গর্ব্ব+আট] দ্বাঃস্থিত, দ্বারপাল, দ্বারী; রাজদূত।

গর্ব্বান্বিত, ত্রি. [গর্ব্ব+অন্বিত] অহঙ্কারী, দর্পী, দেমাকী।

গর্ব্বিত, ত্রি. [গর্ব্ব+ইত]দর্পী,দম্ভক,গর্ব্বযুক্ত, অহঙ্কৃত, দাম্ভিক, আত্মশ্লাঘী, দেমাকী

গর্ব্বী, ত্রি. [গর্ব্ব+ইন্] গর্ব্বিত, অহঙ্কারী।

গর্ব্ভ-গর্ভ, পুং. [গৃ+ভ] ভ্রূণ, কলন, কলল, পুখন, অন্তরাপত্য; শিশু; কুক্ষি; সন্ধি; পনসকণ্টক; মধ্য; অপবরক, সূতিকাগৃহ; গঙ্গাদির জল সন্নিহিতদেশ; অন্তঃপুর; অন্তর; উদর।

গর্ব্ভক, পুং. [গর্ব্ভ+ক] কেশমধ্যস্থিতমাল্য, খোপারমালা, মস্তকের পুষ্পমালা; (ন.) রজনীদ্বন্দ্ব, দুইরাত্রি, একদিন দুইরাত্রি।

গর্ব্ভকর, পুং. [গর্ব্ভ+কর] পুত্রজীববৃক্ষ; (ত্রি.) উৎপাদক, জনক।

গর্ব্ভকোষ, পুং. [গর্ব্ভ+কোষ] গর্ভাশয়, জরায়ু, গর্ভ, যোনি।

গর্ব্ভগৃহ, ন. [গর্ব্ভ+গৃহ] গর্ভাগার; সূতিকাগৃহ; রহস্যস্থান। [ধরণ, গর্ভাধান।

গর্ব্ভগ্রহণ, ন. [গর্ব্ভ+গ্রহণ] গর্ভধারণ; গর্ভ-

গর্ব্ভঘাতিনী, স্ত্রী. [গর্ব্ভ+ঘাতিনী] লাঙ্গলিকা বৃক্ষ; (ত্রি.) গর্ভস্থ সন্তান বিনষ্টকারিণী।

গর্ব্ভঘাতী, ত্রি. [গর্ব্ভ+ঘাতিন্] গর্ভস্রাবী।

গর্ব্ভচ্যুত, ত্রি. [গর্ব্ভ+চ্যুত] অকালজাত, অপূর্ণকালজ, গর্ভভ্রস্ত, পেটখসা।

গর্ব্ভচ্যুতি, স্ত্রী. [গর্ব্ভ+চ্যুতি] গর্ভস্রাব, গর্ভপাত, গর্ভবিস্রংসন

গর্ব্ভজ, ত্রি. [গর্ব্ভ+জ] গর্ভপ্রযুক্ত, ক্ষেত্রজ, গর্ভজাত। [নাভিরগাঁড়।

গর্ব্ভণ্ড, পুং. [গর্ব্ভ+অণ্ড] নাভিগুড়ক,

গর্ব্ভদ, পুং. [গর্ব্ভ+দ] পুত্রজীববৃক্ষ; (ত্রি) গর্ভকর, উৎপাদক, জনক।

গর্ব্ভদা, স্ত্রী. [গর্ব্ভদ+আ] স্বনামখ্যাতবৃক্ষ।

গর্ব্ভদাত্রী, স্ত্রী. [গর্ব্ভ+দাত্রী] ক্ষুপবিশেষ, গর্ভদাখ্যাত, তৎপর্য্যায়।—পুত্রদা, প্রজাদা, অপত্যদা, সৃষ্টিপ্রদা, প্রাণিমাতা, তাপসদ্রুম সন্নিভা।

গর্ব্ভদাস, পুং. [গর্ব্ভ+দাস] দাসীপুত্র

গর্ব্ভদ্রুক্, ত্রি. [গর্ব্ভ+দ্রুহ্] কৃত গর্ভস্রাব।

গর্ব্ভধারণ, ন. [গর্ব্ভ+ধারণ] গর্ভগ্রহণ, তৎপর্য্যায়।—গর্ভাধান, গর্ভিণীত্ব, গর্ভিণীভাব, সগর্ভতা, ধৃতগর্ভতা, পূর্ণগর্ভতা, সঞ্জাতগর্ভতা, গর্ভপোষণ, সসত্ত্বতা, আপন্নসত্ত্বতা, সগর্ভাবস্থা, অন্তরাপত্যতা, গর্ভনিষেক।

গর্ব্ভধারিণী, স্ত্রী. [গর্ব্ভ+ধারিণী] জননী, মাতা; গর্ভবতী।

গর্ব্ভধ্বংস, পুং. [গর্ব্ভ+ধ্বংস] গর্ভস্রাব, অকালপ্রভব, গর্ভনাশ।

গর্ব্ভনাড়ী, স্ত্রী. [গর্ব্ভ+নাড়ী] নাভিনালা, নাভিনাড়ী।

গর্ব্ভনুৎ, পুং. [গর্ব্ভ+নুৎ] কলিকারীবৃক্ষ, বিষলাঙ্গলিয়া। [গর্ভস্রাবী

গর্ব্ভপতিত, ত্রি. [গর্ব্ভ+পতিত] অকালজ,

গর্ব্ভপরিস্রব, পুং. [গর্ব্ভ+পরিস্রব] গর্ভাশয়, জরায়ু; গর্ভবেষ্টনচর্ম্ম, গর্ভপুষ্প।

গর্ব্ভপাকী, পুং. [গর্ব্ভপাক+ইন্] ষষ্টিকব্রীহি, ষেটেধান।

গর্ব্ভপাত, পুং. [গর্ব্ভ+পাত] পঞ্চ বা ষষ্ঠমাসে যাহার কঠিন শরীর জন্য গর্ভপতন অর্থাৎ গর্ভস্রাব, পেটফেলা, পেটখসা।

গর্ব্ভপাতক, পুং. [গর্ব্ভ+পাতক] রক্তশোভাঞ্জনবৃক্ষ; (ত্রি) গর্ভস্রাবী।

গর্ব্ভপাতন, পুং. [গর্ব্ভ+পাতন] রীঠাকরঞ্জ; গর্ভস্রাব।

গর্ব্ভপাতনী, স্ত্রী. [গর্ব্ভ+পাতনী] কলিকারী-বৃক্ষ [বৃক্ষ

গর্ব্ভপাতিনী, স্ত্রী. [গর্ব্ভ+পাতিনী] বিশল্যা-

গর্ব্ভপাতী, ত্রি. [গর্ব্ভপাত+ইন্] গর্ভপাতক।

গর্ব্ভপোষণ, ন. [গর্ব্ভ+পোষণ] গর্ভধারণ, গর্ভবহন, গর্ভিণীভাব।

গর্ব্ভবতী, স্ত্রী. [গর্ব্ভবৎ+ঈ] অন্তরাপত্যা, তৎপর্য্যায়।—গর্ভিণী, সগর্ভা, ধৃতগর্ভা, গর্ভধারিণী, গৃহীতগর্ভা, আপ্তগর্ভা, সঞ্জাতগর্ভা, প্ররূঢ়গর্ভা, সসত্ত্বা, আপন্নসত্ত্বা, অন্তর্ব্বত্নী, উদরিণী, গুর্ব্বিণী, দ্বিহৃদয়া, দোহদবতী, গুর্ব্বী, পোয়াতি।

গর্ব্ভবৃৎ, (প্রা) গর্ভপুষ্প, জরায়ুফুল।

গর্ব্ভবেদনা, স্ত্রী. [গর্ব্ভ+বেদনা] প্রসববেদনা।

গর্ব্ভরন্ধি, স্ত্রী. [গর্ব্ভ+রন্ধি] পাকনিষ্পত্তি।

গর্ব্ভরূপ, পুং. [গর্ব্ভ+রূপ] তরুণ।

গর্ব্ভশঙ্কু, পুং. [গর্ব্ভ+শঙ্কু] গর্ভশলাকা।

গর্ব্ভশয্যা, স্ত্রী. [গর্ব্ভ+শয্যা] গর্ভোৎপত্তিস্থান।

গর্ব্ভশ্রাব-গর্ব্ভস্রাব, পুং. [গর্ব্ভ+শ্রাব-স্রাব] চতুর্থমাসপর্য্যন্ত শোণিতরূপ গর্ভের পতন, গর্ভপাত, পেটখসা, অকালপ্রসব।

গর্ব্ভস্থ, ত্রি. [গর্ব্ভ+স্থ] অন্তরস্থ, গর্ভান্তর্বর্ত্তী।

গর্ব্ভস্থলী, স্ত্রী. [গর্ব্ভস্থল+ঈ] গর্ভস্থান, গর্ভাশয়, যোনি, যোনী, গর্ভকোষ, জরায়ু, গর্ভ, কোষ, মাতৃকুক্ষি, উল্ব, কলল, চন্বাল, ধরা।

গর্ব্ভস্রাবী, পুং. [গর্ব্ভ+স্রাবিন্] হিন্তালবৃক্ষ; (ত্রি) গর্ভঘাতী।

গর্ব্ভা, স্ত্রী. [গর্ব্ভ+আ] কালান্তর, মধ্যকাল; কালবিভক্তি।

গর্ব্ভাগার, ন. [গর্ব্ভ+আগার] গৃহমধ্যভাগ; শয়নগৃহ; গৃহান্তর্গৃহ; বাসগৃহ; গর্ভাশয়; প্রসবগৃহ, সুতিকাগার।

গর্ব্ভাঙ্ক, ন. [গর্ব্ভ+অঙ্ক] নাটকাঙ্কবিভেদ।

গর্ব্ভাধান, ন. [গর্ব্ভ+আধান] দশসংস্কারান্তর্গত প্রথম সংস্কার।

গর্ব্ভাশঙ্কা, স্ত্রী. [গর্ব্ভ+আশঙ্কা] গর্ভধারণসংশয়।

গর্ব্ভাশয়, পুং. [গর্ব্ভ+আশয়] জরায়ু, গর্ভশয্যা, গর্ব্ভস্থলী, গর্ভ, পেট।

গর্ব্ভাষ্টম, পুং. [গর্ব্ভ+অষ্টম] নিষেকহইতে অষ্টমমাস, গর্ভজনন মাসাবধি অষ্টম মাস বা অষ্টবৎসর, দেবমাস।

গর্ব্ভিণী, স্ত্রী. [গর্ব্ভ+ইন্-ঈ] গর্ভবতী, গর্ভধারিণী, গুর্ব্বিণী, অন্তরাপত্যা, পোয়াতি; ক্ষীরাবৃক্ষ, ক্ষীরাই।

গর্ব্ভিণ্যবেক্ষণ, ন. [গর্ব্ভিণী+অবেক্ষণ] কুমারভৃত্যা, গর্ভিণীপরিচর্য্যা; প্রসবকরণীয়াবিদ্যা।

গর্ব্ভোৎপাদন, ন. [গর্ব্ভ+উৎপাদন] গর্ভগ্রহণ, গর্ভাধান, গর্ভধারণ, নিষেক, সেক, সেচন, আসেক, আসেচন।

গর্ব্ভোপঘাতিনী, স্ত্রী. [গর্ব্ভ+উপঘাতিনী] গর্ভপাতিনীগো, গবড়াফেলাগাই, বেহৎ।

গর্ম্মুৎ, স্ত্রী. [গৃ+ম+উৎ] তৃণধান্যবিশেষ, ময়না ধান, গড়্গড়্; স্বর্ণ; নড়।

গর্ম্মুচ্ছদ, পুং. [গর্ম্মু+চ্ছদ] ব্রীহিভেদ, মাডুয়া। [মাডুয়া।

গর্ম্মুটিকা, স্ত্রী. [গর্ম্মুট+ইকা] ব্রীহিভেদ,

গর্ম্মোটিকা, স্ত্রী. [গর্ম্মোটিক+আ] জরড়ীতৃণ।

গর্হণ, ন. [গর্হ+অন] নিন্দা, গর্হা, ভৎর্সন

গর্হণীয়, ত্রি. [গর্হ+অনীয়] নিন্দনীয়, দূষণীয়, দূষ্য, কলঙ্কার্হ, ভৎর্সনীয়

গর্হা, স্ত্রী. [গর্হ+আ] নিন্দা, ভৎর্সনা, তিরস্কার।

গর্হিত, ত্রি. [গর্হ+ইত] নিন্দিত, জুগুপ্সিত, তিরস্কৃত, ধিক্কৃত, উপালব্ধ, অবরীণ।

চিহ্ন, ন. [চিহ্ন্+অ] অঙ্ক, লক্ষ্ম, লক্ষণ, কলঙ্ক, লাঞ্ছন, লিঙ্গ, লক্ষ্মণ, অভিজ্ঞান, ব্যঞ্জক, লক্ষ্য, ললাম, ধ্বজ, সূচক, প্রজ্ঞান, সূচনা, সঙ্কেত, স্মরণার্থকবস্তু; পতাকা।
চিহ্নক, ত্রি. [চিহ্ন+ক] চিহ্নবান্।
চিহ্নকারী, ত্রি. [চিহ্ন+কারিন্] ঘোরদর্শন; বিঘাতী।
চিহ্নধারিণী, স্ত্রী. [চিহ্ন+ধারিণী] শ্যামালতা।

চিহ্নিত, ত্রি. [চিহ্ন+ইত] চিহ্নযুক্ত, অঙ্কিত, লক্ষিত, উপলক্ষিত, লাঞ্ছিত, কৃতলক্ষণ, কৃতাঙ্ক, কৃতলাঞ্ছন, মুদ্রিত, মুদ্রাঙ্কিত।
চীঁহীঁ, (প্রা) ঘোটকধ্বনি।
চীজ্, (যাং) দ্রব্যাদি।
চীৎকার, (প্রা) উচ্চরব, উচ্চশব্দ, চেঁচান; গর্দ্দভধ্বনি।
চীড়া, স্ত্রী. [চী+ইড়া] গন্ধদ্রব্যবিশেষ, তৎপর্য্যায়।—দারুগন্ধা, গন্ধবধূ, গন্ধমাদনী, তরুণী, তারা, ভূতমারী, মঙ্গল্যা, কপটিনী, গ্রহভীতিজিৎ, চিড়াগন্ধখ্যাত।
চীন, ন. [চী+ন] পতাকা; সীসক; (পুং.) চিনাখ্যাত; দেশবিশেষ; অংশুকবিশেষ; ব্রীহিভেদ; তন্তু; মৃগবিশেষ।
চীনক, পুং. [চীন+ক] ধান্যবিশেষ, চিনা; কঙ্গুনী; চীনকর্পূর।
চীনকর্পূর-চীনাককর্পূর, পুং. [চীন+কর্পূর] কর্পূরবিশেষ, চিনকর্পূর, তৎপর্য্যায়।—চীনক, কৃত্রিম, ধবল, পটু, মেঘসার, তুষার, দ্বীপকর্পূরজ
চীনজ, ন. [চীন+জ] লৌহবিশেষ, তীক্ষ্ণলোহ।
চীনপিষ্ট, পুং. [চীন+পিষ্ট] সিন্দূর; সীসক।
চীনবঙ্গ, ন. [চীন+বঙ্গ] সীসক।
চীনাংশুক, ন. [চীন+অংশুক] চীনদেশীয় পট্ট বা রেশমবস্ত্র।
চীনা, (প্রা) লতাবিশেষ।
চীনাকর্কটী, স্ত্রী. [চীনা+কর্কটী] কর্কটীপ্রভেদ, তৎপর্য্যায়।—রাজকর্কটী, সুদীর্ঘা, রাজফলা, বালা, কুলকর্কটী
চীনাসিন্দূর, (প্রা) সিন্দূরভেদ
চীনী, (প্রা) গুড় বিকার
চীবর, ন. [চী+বর] ভিক্ষুবস্ত্র
চীবরী, পুং. [চীবর+ইন্] বুদ্ধভিক্ষুক।
চীর, ন. [চী+র] বৃক্ষত্বক্; জীর্ণবস্ত্রখণ্ড; গোস্তন; বস্ত্রভেদ; রেখাভেদ; লেখনভেদ; বস্ত্র; চূড়া; সীসক; (স্ত্রী.) ভৃঙ্গারক কীট, উচ্চাঙ্গপোকা; বস্ত্রের অঞ্চল।
চীরক, পুং, [চীর+ক] বিক্রিয়ালেখ, বিকারলেখন।
চীরপত্রিকা, স্ত্রী. [চীর+পত্রিকা] চঞ্চুশাক।
চীরপর্ণ, পুং. [চীর+পর্ণ] শালবৃক্ষ।
চীরবস্ত্রী, ত্রি. [চীর+বস্ত্রী] বল্কলধারী।
চীরবাসা, ত্রি. [চীর+বাসস্] জীর্ণবস্ত্রখণ্ড।
চীরি, স্ত্রী. [চীর+ই] নেত্রাংশুক, আচ্ছাদনী, পর্দা।
চীরিকা, স্ত্রী. [চীর+ইকা] ঝিল্লী, ভৃঙ্গারক কীট, উচ্চাঙ্গপোকা।
চীরিতচ্ছদা, স্ত্রী. [চীরিত+ছদা] পালঙ্ক্যশাক।
চীরী, স্ত্রী. [চীর+ঈ] কচ্ছাটিকা; ঝিল্লী।
চীরুক, ন. [চীর+উক] ফলবিশেষ, চেঁউর খ্যাত।
চীর্ণ, ত্রি. [চীর+ন] শীলিত, অভিজ্ঞ, শিক্ষিত পণ্ডিত; ভেদিত, বিদারিত, বিদলিত।
চীর্ণপর্ণ, পুং. [চীর্ণ+পর্ণ] নিম্ববৃক্ষ; খর্জ্জূরবৃক্ষ।
চীর্ণব্রতী, ত্রি. [চীর্ণ+ব্রতী] চিরসংকল্পিত, চিরব্রতানুষ্ঠিত; সম্পূর্ণব্রতক।
চীল, (প্রা) চিল্লপক্ষীবিশেষ।
চীলিকা, স্ত্রী. [চীল+ইকা] চীরিকা, ঝিল্লী।
চীল্লকা, স্ত্রী. [চীল্ল+কা] ঝিল্লী।
চুঁঅন, (প্রা) দগ্ধ হওন, দহন।
চুঁকন, (প্রা) তীক্ষ্ণকরণ, শানন।
চুআ, (প্রা) লতাবিশেষ; ইন্দুর; গন্ধবিশেষ; ঔষধবিশেষ।
চুক, (প্রা) ভ্রম, ত্রুটি, ভুল; অম্লশাকবিশেষ।
চুকন, (প্রা) ত্রুটিকরণ, ভ্রমে পড়ন, ভুলন।
চুকান, (প্রা) নিষ্পাদন, মিটান।
চুঁচুড়া, (প্রা) অতিক্ষুদ্র, অতিসূক্ষ্ম, লঘু; দেশবিশেষ।
চুঁচা, (প্রা) তৃণবিশেষ।
চুঁচি, (প্রা) কুচাগ্র, চুচুক, স্তনের গ্রন্থি বা বোঁটা।
চুক্কার, পুং. [চুক্ক+আর] সিংহনাদ, সিংহধ্বনি।
চুকুলি, (প্রা) সর্পের ত্বক্; সন্নাহ, বর্ম্ম।
চুক্চাক্, (প্রা) ভ্রম, ত্রুটি
চুক্চুক্, (প্রা) কান্তিযুক্ত, চিক্কণ, উজ্জ্বল।
চুক্তি, (প্রা) নিষ্পত্তি, মিটায়ন।
চুক্র, ন. [চুক+র] অম্লদ্রব্যবিশেষ, মহাদাই ইতি খ্যাত, তৎপর্য্যায়।— তিন্তিড়ী,

বৃক্ষাম্ল; পত্রশাকবিশেষ, চুকখ্যাত, তৎপর্য্যায়।—চুক্রবাস্তূক, লিকুচ, অম্লবাস্তূক, দলাম্ল, অম্লশাকাখ্য, অম্লাদি, হিলমোচিকা; কাঞ্জিকপ্রভেদ, তৎপর্য্যায়।-সহস্রবেধ, বসাম্ল, চুক্রবেধক, শাকাম্ল, ভেদন, চন্দ্র, অম্লসার, চুক্রিকা; সন্ধানবিশেষ; (পুং.) অম্ল; অম্লবেতস।

চুক্রক, ন. [চুক্র+ক] শাকবিশেষ, চুকাপালঙ্গখ্যাত।

চুক্রফল, ন. [চুক্র+ফল] বৃক্ষাম্ল।

চুক্রা, স্ত্রী. [চুক্র+আ] চাঙ্গেরী, আমরুল্খ্যাত; তিন্তিড়ী।

চুক্রাম্ল, ন. [চুক্র+অম্ল] বৃক্ষাম্ল।

চুক্রাম্লা, স্ত্রী. [চুক্রাম্ল+আ] অম্ললোণিকা; চিঞ্চা; কাঞ্জিকভেদ।

চুক্রিকা, স্ত্রী. [চুক্র+ইকা] অম্ললোণিকা; কুচাঙ্গেরী, চুকাপালঙ্গখ্যাত। [নালী।

চুঙ্গী, (প্রা) খোল, ঘরা, কলিকা, আধার,

চুচুক, স্ত্রী. [চুচু+ক] কুচাগ্র, চূচুক, চুচুক; (পুং.) কুচানন, স্তনবৃন্ত।

চুচু, পুং. [চুচ+উ] সুনিষণ্ণশাক।

চুচুক, ন. [চচু+ক] চুচুক।

চুঞ্চু, পুং. [চুঞ্চ+উ] ছুছুন্দরি।

চুঞ্চুরী-চঞ্চুলী, স্ত্রী. [চঞ্চু+রী] তিন্তিড়ীদ্যূত, কাঁইবিচির খেলাবিশেষ।

চুটন, (প্রা) মারণ।

চুটকিয়া, (প্রা) ক্ষুদ্র, তুচ্ছ, সামান্য।

চুটকি-চুট্কী, (প্রা) স্ত্রীপাদাঙ্গুলিভূষা; উন্দুর; মুষ্টি।

চুড়চি, (প্রা) মৎস্যবিশেষ।

চুড়ী, (প্রা) বিষাণময় ভুজভূষণ, হস্তালঙ্কার।

চুণী, ন. [চুণ+ইন্] মরকতমণি, পদ্মরাগমণি; (ত্রি) সূক্ষ্ম।

চুণীমুক্তা, (প্রা) ক্ষুদ্রমুক্তাবিশেষ।

চুণ্টা, স্ত্রী. [চুণ্ট+আ] কূপ।

চুণ্টী, স্ত্রী. [চুণ্ট+ঈ] কূপ; উপকূপ, কূপসমীপে স্বল্প জলাধার।

চুত, পুং. [চুত+অ] গুদদ্বার, গুহ্যদেশ।

চুতি, স্ত্রী. [চুত+ই] গুদদ্বার, পায়ু, মৈত্র, অপান।

চুনা, (প্রা) ক্ষুদ্রমৎস্যবিশেষ

চুনাট, (প্রা) আকুঞ্চিত, সঙ্কোচিত

চুন্দী, স্ত্রী. [চুন্দ+ঈ] কুট্টনী।

চুপ্-চুপ্চাপ, (প্রা) নীরব, মৌন।

চুপড়ী, (প্রা) ক্ষুদ্রকরণ্ডিকা, ঝুড়ি।

চুপন, (প্রা) অস্ত্রদ্বারা মারণ, অস্ত্রাঘাত করণ।

চুপ্সন, (প্রা) আর্দ্রীভাব হওন, ভিজন।

চুপিচুপি, (প্রা) গোপনে, অপ্রকাশে।

চুবন, (প্রা) জলমগ্নকরণ, ডুবান।

চুবনি, (প্রা) নিমজ্জন, জলান্তপ্রবেশ, অবগাহন।

চুবা, (প্রা) মগ্ন, অবগাহিত।

চুব্র, ন. [চুব+র] বদন, মুখ।

চুমন, (প্রা) চুম্বন।

চুমা, (প্রা) স্নেহপূর্ব্বক ওষ্ঠদ্বারা ওষ্ঠাদিস্পর্শ।

চুমাচুমি, (প্রা) পরস্পর চুম্বন।

চুমুক, (প্রা) স্তোকে স্তোকে পিবন।

চুমুরি, (প্রা) নারিকেলের কোষ।

চুম্কী, (প্রা) জলপাত্রবিশেষ; মিথ্যাশোভনবস্তু।

চুম্কুড়ী, (প্রা) ওষ্ঠদ্বয় মিলিতধ্বনি।

চুম্বক, পুং. [চুম্ব্+অক] কান্তলোহভেদ, কান্তপাষাণ, অয়স্কান্ত, লোহাকর্ষক; চুম্বনদাতা, পরিণিংসক; ধটের ঊর্দ্ধাবলম্বন; (ত্রি.) ধূর্ত্ত; চুম্বনপর; বহুগ্রন্থৈক দেশজ্ঞ।

চুম্বক, (প্রা) সংক্ষেপ, সংক্ষিপ্ত, নির্ঘণ্ট।

চুম্বন, ন. [চুম্ব্+অন্] মুখসংযোগ, চুমা।

চুম্বনদান, ন. [চুম্বন+দান] অধরপানদান।

চুম্বনীয়, ত্রি. [চুম্ব+অনীয়] প্রণিংসিতব্য, চুম্বনেরযোগ্য।

চুম্বিত, ত্রি. [চুম্ব+ইত] প্রণিংসিত; নিঃক্ষিপ্ত।

চুম্বিতবান্, ত্রি. [চুম্বিত+বৎ] চুম্বন্, চুম্বনবিশিষ্ট।

চুয়ন, (প্রা) ক্ষরণ, নিঃসরণ, ঝরণ।

চুয়াচন্দন, (প্রা) সুগন্ধিদ্রব্যবিশেষ।

চুয়াড়, (প্রা) পার্ব্বতীয় জাতিবিশেষ, গিরিবাসী, পাহাড়ীয়া।

চুয়ান, (প্রা) ক্ষরিত, যন্ত্রদ্বারা নিঃসারিত।
চুরট, (প্রা) শুষ্ক তাম্রকূট নল।
চুরা, স্ত্রী. [চুর+আ] চৌর, তাস্কর্য্য, পর-দ্রব্যাপহার, স্তৈন্য, চৌর্য্যকর্ম্ম।
চুরাদি, পুং. [চুর্+আদি] দশবিধ ধাত্বন্ত-র্গত ধাতুবিশেষ।
চুরী, স্ত্রী. [চুর্+ঈ] উপকূপ, কূপসমীপস্থা-ল্পজলাধার।
চুল, (প্রা) কুন্তল।
চুলা, (প্রা) চুল্লি, উনান, আখা।
চুলুক, পুং. [চুল+উক] ঘনপঙ্ক; ভাণ্ড প্র-ভেদ; গণ্ডূষ; (ন.) মাষমজ্জনজল, ক-লাই ভিজানজল।
চুলুকন, পুং.[চুল+উকন]শিশুমার, শিশুক।
চুলুকিত, ত্রি. [চুল+উকিত] উত্থাপিত, উন্নত।
চুলুকী, পুং. [চুলুক+ইন্] শিশুমারাকৃতি মৎস্য, শিশুক।
চুলুম্প. পুং. [চুলুম্প্+অ] বাললালন, অঙ্কপালন।
চুলুম্পা, স্ত্রী. [চুলুম্প+আ] ছাগী।
চুলুম্পী, পুং. [চুলুম্প+ইন] শিশুমারাকৃতি মৎস্য, উৎপলমৎস্য।
চুল্কনা-কুল্কনি, (প্রা) গাত্রকণ্ডূ; কাম।
চুল্কান, (প্রা) কণ্ডূয়ন, খুজলান।
চুল্কানি, (প্রা) কণ্ডূয়ন, কণ্ডূ, ফুস্কুড়ি।
চুল্কী, (প্রা) কুঞ্চিতকেশ।
চুল্‌চুল. (প্রা) অস্থিরতা।
চুল্‌চুলিয়া-চুল্‌বুলিয়া, (প্রা) অস্থির, চঞ্চল।
চুল্ল, পুং. [চুল্ল+অ] ক্লিন্নচক্ষু। (ত্রি) ক্লিন্নাক্ষ, পিল্ল।
চুল্লক, পুং. [চুল্ল+ক] গণ্ডূষ।
চুল্লকী, স্ত্রী. [চুল্লক+ঈ] শিশুমার; কুণ্ডী-ভেদ, তটবিশেষ।
চুল্লি, স্ত্রী. [চুল্ল+ই] পাকার্থ অগ্নিস্থান, চুলা, তৎপর্য্যায়।—অশ্মন্ত, উদ্ধান, অধিশ্রয়ণী, উদ্ধানি, অন্তিকা, অস্মন্ত, উধ্মান, উদ্ধার, চুল্লী, অন্দিকা, অগ্নি-কুণ্ড, জাতি, তেমনী, উনান, আখা।
চুল্লিপার্শ্ব, ন. [চুল্লি+পার্শ্ব] চুল্লির উপান্ত।
চুল্লিশিলা-চুল্লিশীর্ষ, স্ত্রী. ন. [চুল্লি+শিলা-শীর্ষ] চুল্লির উপরিপ্রস্তর।
চুল্লী, স্ত্রী. [চুল্ল+ঈ] চিতা, উদ্ধান।
চুস্ত, ন. [চুষ+ত] বুস্ত, মাংসপিণ্ডক, পন-সাদি ফলের অসার ভাগ, ভোতা, ভুতি।
চুঁচুঁ, (প্রা) পক্ষীশাবকের অব্যক্তধ্বনি।
চূচুক, ন. পুং. [চুচু+ক] স্তনাগ্র, কুচাগ্র, স্তন-মুখী, স্তনশিখা, স্তনবৃন্ত, পিপ্পলক, নর্ম্মঠ, বৃন্ত, স্তনেরবোঁটা।
চূড়ক, পুং. [চূড়+ক] কূপ।
চূড়া, স্ত্রী. [চূড়+আ] ময়ূরশিখা, শিরোমধ্যস্থ শিখামাত্র, শিখা, জুটিকা জূটিকা, কেশ-পাশী; বড়ভী; বাহুভূষণ; অগ্র; কূপ; মস্তক; শৃঙ্গ।
চূড়াকরণ, ন. [চূড়া+করণ] দশবিধ সংস্কারা-ন্তর্গত সংস্কারবিশেষ।
চূড়াকর্ম্ম, ন. [চূড়া+কর্ম্মন্] চূড়াকরণ।
চূড়ান্ত, পুং. ন. [চূড়া+অন্ত] সিদ্ধান্ত, শেষ, নিষ্পত্তি।
চূড়াবান্, ত্রি. [চূড়া+বৎ] শিখী, কিরীটী, শিখরী, চূড়াল, চৌড়, শেখরিত, অব-তংসিত।
চূড়ামণি, পুং. [চূড়া+মণি] শিরোরত্ন, কাক-চিঞ্চাফল, গুঞ্জা, (ত্রি.) শ্রেষ্ঠবাচক; যোগবিশেষ; বঙ্গদেশীয় পণ্ডিতদিগের উপাধি।
চূড়ামণিযোগ, পুং. [চূড়ামণি+যোগ] রবি-বারে সূর্য্যগ্রহণ কিম্বা সোমবারে চন্দ্র-গ্রহণঘটিত যোগ। [চৌড়।
চূড়াল, ন. [চূড়া+ল] মস্তক, (ত্রি.) চূড়াবান্,
চূড়ালক্ষণ, ন. [চূড়া+লক্ষণ] চূড়াকরণ, চৌড়, চৌলকর্ম্ম।
চূড়ালা, স্ত্রী. [চূড়া+লা] উচ্চটাতৃণ; শ্বেত-গুঞ্জা; নাগরমুস্তা।
চুড়িয়া, (প্রা) উড়নী, পাছুড়ী।
চুড়ী, (প্রা) কঙ্কণ, হস্তাভরণ.
চুণ-চুণা, (প্রা) প্রস্তর বা ঝিনুকাদি ভস্ম
চুণকাম, (প্রা) চুর্ণদ্বারা গৃহলেপন।
চুণারী, (প্রা) চুর্ণপ্রস্তুতকারক।
চুত, পুং. [চুষ্+ত] আম্র; গুহ্যদ্বার।

চূতক, পুং. [চুত+ক] আম্র; কূপক।
চুতি, স্ত্রী. [চুত+ই] গুহ্যদেশ, গুদদ্বার।
চূর, (প্রা) চূর্ণ, খণ্ডিত, গুঁড়া। [মত্ত।
চুরচুর- চুরচুরিয়া, (প্রা) পরিপূর্ণ, উপচানিয়া;
চূর্ণ, পুং. ন. [চূর্ণ+অ] সংপেষণ দ্বারা জাত রজ, পিষ্ট, খোদ, রেণু, পিষ্টাত, গুণ্ডক, কর্কক, বিলেপ; গন্ধগুঁড়া; ধূলি; ক্ষারবিশেষ।
চূর্ণক, ন. [চূর্ণ+অক] গদ্য ছন্দোবিশেষ, (পুং.) শক্তু, ছাতু।
চূর্ণকার, পুং. [চূর্ণ+কার] বর্ণসঙ্কর জাতিবিশেষ, চুণারী।
চূর্ণকুন্তল, পুং. [চূর্ণ+কুন্তল] অলক, ভ্রমরক, চূড়া, কাকপক্ষ, শিখণ্ডক। [ঘুঁটি।
চূর্ণখণ্ড, ন. [চূর্ণ+খণ্ড] কর্কর, কুলুই, কাঁকর,
চূর্ণতা, স্ত্রী. [চূর্ণ+তা] চূর্ণীকরণ, চূর্ণন।
চূর্ণন, ন. [চূর্ণ+অন] ক্ষোদন, খণ্ডন, গুঁড়ন।
চূর্ণনীয়, ত্রি. [চূর্ণ+অনীয়] চূর্ণীকরণযোগ্য।
চূর্ণপারদ, পুং. [চূর্ণ+পারদ] হিঙ্গুল।
চূর্ণমুষ্টি, স্ত্রী. [চূর্ণ+মুষ্টি] গন্ধগুঁড়িমুষ্টি, একমুটা ফাগ। [শাক।
চূর্ণশাকাঙ্ক, পুং. [চূর্ণ+শাকাঙ্ক] গৌর সুবর্ণ-
চূর্ণি, স্ত্রী. [চূর্ণ+ই] পাতঞ্জল ব্যাকরণ; মহাভাষ্য; কপর্দ্দক; শতসংখ্যককপর্দ্দক।
চূর্ণিকা, স্ত্রী. [চূর্ণ+ইকা] শক্তু, ছাতু; ছন্দোবিশেষ।
চূর্ণিকৃৎ, পুং. [চূর্ণি+কৃৎ] ভাষ্যকার।
চূর্ণিত, ত্রি. [চূর্ণ+ইত] পিষ্ট, সম্পিষ্টক, নিষ্পিষ্ট।
চূর্ণী, স্ত্রী. [চূর্ণ+ঈ] কপর্দ্দক; নদীবিশেষ।
চূর্ণীকৃত, ত্রি. [চূর্ণী+কৃত] চূর্ণিত, মর্দ্দিত, সম্পিষ্ট, নিষ্পিষ্ট, (ন.) ক্ষোদিত, ক্ষোদ।
চূর্ত্তি, স্ত্রী. [চুর+তি] গমন, সরণ, চলন, গতি, ক্রমণ।
চূর্ম্মালাড়ু, (প্রা) মিষ্টান্নবিশেষ।
চুল-চুলক, পুং. [চুল+অ-অক] কেশ।
চুলা, স্ত্রী. [চুল+আ] চন্দ্রশালা, গৃহোপরিগৃহ, চূড়া।
চুলিক, ন. [চুল+ইক] ঘৃতভৃষ্ট গোধুমচূর্ণ, লুচীখাত।

চুলিকা, স্ত্রী. [চুল+ইকা] হস্তিকর্ণমূল; নাটকাঙ্গবিশেষ।
চূষণ, ন, [চুষ্+অন] চোষণ, রসাদান।
চূষণীয়, ত্রি. [চুষ্+অনীয়] পীতনীয়, চোষণযোগ্য। [চোষণ।
চূষা, স্ত্রী. [চূষ্+আ] কক্ষ্যা, কাছদড়ী; চূষণ,
চুষিত, ত্রি. [চুষ্+ইত] চোষিত, নিপীত।
চুষী, (প্রা) বালকদিগের ক্রীড়নার্থ ক্ষুদ্র লাটিম, পলাদিময় ক্ষুদ্র লাটিম।
চূষ্য, ত্রি. [চুষ্+য] চোষণীয়, চুষিত, চুষিবার উপযুক্ত, চূষণে সুস্বাদু; চতুর্ব্বিধ ভোজ্য দ্রব্যান্তর্গত ভক্ষ্যদ্রব্যবিশেষ, (ন) স্তন্য।
চেঁচন-চেঁচান, (প্রা) চিৎকারকরণ, ফুকরণ।
চেঁচাড়ী, (প্রা) বংশনির্ম্মিত জিহ্বা নির্লেখন।
চেকিয়, ত্রি. [কৃ+অ] কৃতসম্পূর্ণ।
চেঙ্গড়া, (প্রা) অপ্রবীণ, অর্ব্বাচীন, ছোকরা; প্রশস্ত, প্রসারিত।
চেঙ্গড়ামী, (প্রা) অপ্রবীণতা, বালকত্ব, অজ্ঞতা, ছাওলামি।
চেঙ্গা, (প্রা) সুস্থ, নীরোগ, সবল।
চেঙ্গাড়ি, (প্রা) বংশনির্ম্মিত প্রশস্ত পাত্রবিশেষ।
চেট, পুং. [চিট+অ] দাস। [ভেদ।
চেটক, পুং. [চেট+ক] দাস; উপপতি নায়ক
চেটাই, (প্রা) আসনবিশেষ।
চেটাল, (প্রা) প্রশস্ত, চৌড়া।
চেটিকা-চেটী, স্ত্রী. [চেট+ইকা-ঈ] দাসী।
চেটো, (প্রা) তরুণ, যুবা; করপৃষ্ঠ, করতল।
চেট্বা, (প্রা) বয়স্থ, পৌরুষ, যৌবন।
চেড়-চেড়ক, পুং. [চিট্+অ-ক] দাস, ভৃত্য।
চেড়ান, (প্রা) ক্ষেপান, জ্বালান, বিরক্তকরণ।
চেড়িকা-চেড়ী, (প্রা) দাসী, পরিচারিকা।
চেৎ, ব্য. (চিত) যদি, পাছে, কি জানি।
চেতঃ, ন. (চেতস্) মন, বুদ্ধি, চিত্ত।
চেতক, ত্রি. [চিত্+অক] চেতন, চৈতন্যবিশিষ্ট। [পুষ্প।
চেতকী, স্ত্রী. [চেতক+ঈ] হরিতকী, জাতি-
চেতন, পুং. [চিত্+অন] আত্মা; মনুষ্য; প্রাণী; (ত্রি·) প্রাণযুক্ত।
চেতনকী, স্ত্রী. [চেতনক+ঈ] হরিতকী।

চেতনরূপী, ত্রি, [চেতন+রূপিন্] জ্ঞানবান্, কৃতধী, ধীমান।
চেতনা, স্ত্রী. [চেতন+আ] বুদ্ধি, ধী, মতি, মেধা, জ্ঞান,জ্ঞানশক্তি, চৈতন্য, সংবেদ, প্রজ্ঞা, চিৎ, আকলনশক্তি, শেমুষী, চিচ্ছক্তি। [রূপী।
চেতনাত্মক, ত্রি. [চেতনা+আত্মক] চেতন-
চেতনাবান্, ত্রি. [চেতনা+বৎ] চেতক, সচেতন।
চেতনীয়া, স্ত্রী.[চেতনা+ঈয়া]ঋদ্ধিনামৌষধি।
চেতনাশয়, পুং. [চেতনা+আশয়] জ্ঞানাশয়।
চেতনাস্পদ, ন. [চেতনা+আস্পদ] চৈতন্যাস্পদ। [চৈতন্য।
চেতনেশ্বর, পুং. [চেতনা+ঈশ্বর] জ্ঞানরূপী-
চেতয়-চেতয়মান, ত্রি. [চিত+অ-মান] সচেতন, প্রজ্ঞনান্, আতুরচিত্ত।
চেতব্য, ত্রি. [চি+তব্য] চয়নীয়, চেয়, সঞ্চেয়।
চেতান, (প্রা) প্রবৃত্তিজন্মান, বুঝান, জানান, জাগান।
চেতানি, (প্রা) প্ররোচন, উত্তেজন, প্রবর্ত্তন।
চেতোভূ, পুং. [চেতস্+ভূ] কন্দর্প, কাম।
চেদার, পুং. [চিৎ+আর] জ্যৈষ্ঠিক, জেঠী।
চেদি, পুং. [চিৎ+ই] দেশভেদ, ত্রৈপুর, ডাহল, চৈদ্য, তদ্দেশবাসী
চেদিপতি-চেদিরাজ, পুং. [চেদি+পতি-রাজ] শিশুপাল, চন্দ্রবংশীয় কুন্তীরাজপুত্র, র
চেপ্টা, (প্রা) পুটিত, সংবৃত
চেপ্টানাক, (প্রা) নতনাসিক, অবনাট।
চেবী, (প্রা) রাগিণীবিশেষ
চেয়, ত্রি. [চি+য়] চয়নীয়, চেতব্য।
চেরণ, (প্রা) বিদারণ, ফাড়ন।
চেরা, (প্রা) বিদারিত, ছিন্ন, চেঁড়া, ফাড়া।
চেরাই-চেরাণী, (প্রা) বিদারনীয়বেতন।
চেরৈটি, (প্রা) চিরতিক্ত, চিরতা।
চেল, ন. [চেল্+অ] বস্ত্র; (পুং.) ফললতাবিশেষ, চেলনাখ্যাত; (ত্রি.) অধম।
চেলনা, (প্রা) বস্ত্রবিশেষ।
চেলপ্রক্ষালক, পুং. [চেল+প্রক্ষালক] রজক, বস্ত্রপ্রক্ষালক, ধোবা।
চেলা, (প্রা) সন্ন্যাসির পালকপুত্র, শিষ্য; পেট্যাল; কাষ্ঠখণ্ড; মৎস্যবিশেষ।
চেলান, (প্রা) কাষ্ঠখণ্ডকরণ, কাঠকাটন।
চেলাল, পুং. [চেল্+আল] ফললতাবিশেষ, তৎপর্য্যায়।—চিত্রফল, সুখাশ, রাজতেমিষ, লতাপনস, নাটাম্র, সেহু।
চেলি, (প্রা) পট্টবস্ত্রবিশেষ।
চেলিকা, স্ত্রী. [চেল্+ইকা] পট্টবস্ত্রবিশেষ, চেলিরকাপড়; কঞ্চুলিকা।
চেলিনী-চেল্লনী, (প্রা) তণ্ডুলপ্রক্ষালনোদক, চাউল ধুয়ানি জল
চেলী, স্ত্রী. [চেল্+ঈ] চেলবস্ত্র।
চেলীম, পুং. [চেল+ঈম] ক্ষুদ্রমৎস্য।
চেলুক, পুং. [চেল+উক] বুদ্ধভিক্ষুশিষ্য, তৎপর্য্যায়।—শ্রামণের, প্রব্রজিত, মহাপাসক, গোমী।
চেষ্টক, পুং. [চেষ্ট+অক] রতিবন্ধবিশেষ; (ত্রি.) চেষ্টাকর্ত্তা, চেষ্টাকারী।
চেষ্টন, ন. [চেষ্ট্+অন] যত্নকরণ, অন্বেষণ, কায়িক ব্যাপার করণ, আরম্ভন, প্রবর্ত্তহওন। [প্রযত্নবান্।
চেষ্টমান, ত্রি. [চেষ্ট+মান] উদ্যোগী,-
চেষ্টা, স্ত্রী. [চেষ্ট্+আ] কায়িকব্যাপার, যত্ন, উদ্যোগ, উৎসাহ, উদ্যম, ব্যবসায়, প্রবৃত্তি, আয়াস, ব্যাপার; অন্বেষণ।
চেষ্টানাশ, পুং. [চেষ্টা+নাশ] বিরাম, উপরতি, নিবৃত্তি, নিবর্ত্তন; প্রলয়।
চেষ্টানিরূপণ, ন. [চেষ্টা+নিরূপণ] অনুসন্ধান, সমীক্ষণ, চর্চ্চা, নিরূপত্ব
চেষ্টান্তর, ন. [চেষ্টা+অন্তর] প্রতিসমাধান, প্রতীকার, উপায়; ব্যাপারান্তর।
চেষ্টান্বিত-চেষ্টাবান, ত্রি. [চেষ্টা+অন্বিত] যত্নবান্, উদ্যোগী, সচেষ্ট।
চেষ্টার্হ, ত্রি. [চেষ্টা+অর্হ] অন্বেষণকরণযোগ্য, ব্যাপারযোগ্য।
চেষ্টিত, ন. [চেষ্ট্+ইত] গতি; চেষ্টা, যত্ন; কর্ম্ম; (ত্রি.) চেষ্টান্বিত; অন্বেষিত, উদ্দিষ্ট; সম্পাদিত, অনুষ্ঠিত, নিষ্পন্ন।
চেষ্টিতব্য, ত্রি. [চেষ্ট্+তব্য] ব্যবসিতব্য, অধ্যাবসায়িতব্য।

চৈ, (প্রা) চব্য, চবিক, মরিচবিশেষ।
চৈতনাত্মা, পুং. [চৈতন+আত্মন্] জ্ঞানাত্মা।
চৈতন্য, ন. [চৈতন+য] প্রকৃতি; চেতনা; (পুং.) ভগবদবতারবিশেষ, কৃষ্ণচৈতন্য, জগদ্গুরু, গৌরাঙ্গ; জীবাত্মা; প্রবর্ত্তনা; উত্তেজনা।
চৈত্ত-চৈত্তিক, ত্রি. [চিত্ত+অ+ইক] চিত্তসম্ব-
চৈত্য, ন. [চিত+য] আয়তন; চিতা; (পুং.) বুদ্ধ; বিম্ব; উদ্দেশবৃক্ষ। [থবৃক্ষ।
চৈত্যদ্রু-চৈত্যদ্রুম, পুং. [চৈত্য+দ্রু-ম] অশ্ব-
চৈত্যবৃক্ষ, পুং. [চৈত্য+বৃক্ষ] অশ্বত্থবৃক্ষ।
চৈত্যমুখ, পুং. [চৈত্য+মুখ] কমণ্ডলু; যজ্ঞপাত্র।
চৈত্র, ন. [চিত্র+অ] মৃত; দেবকুল, দেউল; (পুং.) বুদ্ধভিক্ষুক; বর্ষ পর্ব্বতবিশেষ; চিত্রাগর্ভজ বুধপুত্র; মাসভেদ, চৈত্রিক, মধু, চৈত্রী, কালাদিক, চৈত্রক, চিত্রক।
চৈত্রক, পুং. [চৈত্র+ক] চৈত্রমাস।
চৈত্ররথ, ন. [চৈত্র+রথ] কুবেরের উপবন।
চৈত্রাবলী, স্ত্রী. [চৈত্র+অবলী] চৈত্রী পূর্ণিমা, মধুৎসব, সুবসন্ত, কামমহ, বাসন্তী, কর্দ্দনী। [মাস।
চৈত্রি-চৈত্রিক, পুং. [চিত্রা+ই+ক] চৈত্র-
চৈত্রী, পুং. [চৈত্র+ইন্] চৈত্রমাস।
চৈদ্য, পুং. [চেদি+য] শিশুপাল, দমোঘোষসুত।
চৈল, ত্রি. [চেল+অ] চেলসম্বন্ধীয়।
চৈলাশক, পুং. [চৈল+অশক] যুকাশক; পিশাচবিশেষ।
চো, (যাং) কুপ। [গলাওন।
চোআন, (প্রা) ক্ষরণ, বকযন্ত্রের নিঃসারণ,
চোয়ালি, (প্রা) হনস্থি, চিবুকাস্থি, পিচাস্থি, ওষ্ঠদ্বয়ের দুই প্রান্ত।
চোওয়ান, (প্রা) ক্ষরণ, নিঃসারণ, গলন।
চোঁআ, (প্রা) ভস্মীকৃত, ভস্মীভূত, অগ্নিদগ্ধ।
চোঁআন, (প্রা) অতিশয়ভর্জ্জন, খরান, অঙ্গার তুল্য করিয়া ভাজা, পোড়ান।
চৌঁকা, (প্রা) তীব্র, তেজাল।
চৌঁকান, (প্রা) তীক্ষ্ণীকরণ, শাণান।
চৌঁকাল, (প্রা) শাণিত, ধারাল, তীক্ষ্ণ।
চোঁচ, (প্রা) চঞ্চু, তন্তু, ছালের অন্তরিতভাগ, আঁষ; কাষ্ঠখণ্ড। [লেখ্য।
চোঁচা, (প্রা) দ্রুতধাবন; বীজচয়ন; পাণ্ড-
চোঁচান, (প্রা) বীজচয়ন; দ্রুতধাবন।
চোঁচাল, (প্রা) আঁষাল, চোঁচযুক্ত।
চোঁতা, (প্রা) পাণ্ডুলেখ্য।
চোকা, (প্রা) তীব্র, তেজাল, খর।
চোকান, (প্রা) তীক্ষ্ণীকরণ; নিষ্পত্তি করণ, মিটান।
চোকাল-চোখাল, (প্রা) শাণিত, তীক্ষ্ণ, খরধারবিশিষ্ট। [কন্যা।
চোঙ্গা, (প্রা) নল, নীল, সছিদ্রবংশখণ্ড;
চোচ, ন. গুড়ত্বক্, তেজপত্র; উপভুক্ত ফলাবশিষ্ট, চোঁচাখ্যাত; তালফল; কদলীফল; নারিকেল; বল্কল; চর্ম্ম।
চোচক, ন. [চোচ+ক] বল্কল, ত্বক্, ছলি, চর্ম্ম।
চোট, (প্রা) আঘাত, ঘা, ক্ষত, ঠোকর।
চোটখেকুয়া, (প্রা) আঘাতী, অস্ত্রাঘাত, পরিক্ষত।
চোটা, (প্রা) কুসীদ, একপ্রকার সুদ।
চোটান, (প্রা) আঘাতকরণ, বিদারণ; ঠোকরণ; মারণ; ঘাতন
চোটী, স্ত্রী. [চুট+ঈ] সাটী, নীবী, সাড়ী।
চোড়, পুং. [চুল+অ] দেশবিশেষ; প্রাবরণ, কঞ্চুলিয়া।
চোণা, (প্রা) গবাদির মূত্র; ক্ষুদ্রদুর্গন্ধি দ্বিদলবিশেষ।
চোণান, (প্রা) মূত্রনিঃসারণ, প্রস্রবণ।
চোদক, পুং. [চুদ+অক] প্রেরক।
চোদন-চোদনা, ন. স্ত্রী. [চুদ্+অন] বিধি, নিয়ম, বিধান; প্রেরণা, প্রস্থাপন, প্রেষণ, প্রষাপণ। [গেণ্ডু।
চোদনাগুড়, পুং. [চোদনা+গুড়] কন্দুক,
চোদিত, ত্রি. [চুদ্+ইত] প্রেরিত, প্রণোদিত, প্রণুন্ন; পাতিত; জ্ঞাপিত; প্রচোদিত।
চোদ্য, ন. [চুদ্+য] অদ্ভুত; প্রশ্ন; (ত্রি.) চোদনার্হ, প্রেরণযোগ্য, প্রেরণীয়।

চোচন, (প্রা) নির্ব্বাচন, বাছন।

চোপ, (প্রা) অস্ত্রাঘাত, শস্ত্র প্রহার; আঘাত-চিহ্ন। [গতি

চোপন, ন. [চুপ্+অন] শনৈর্গমন, মন্দ মন্দ

চোপা, (প্রা) বদন; ত্বক্, ছলি।

চোপান, (প্রা) অস্ত্রঘাতন, অস্ত্র প্রহার করণ।

চোপ্‌ষান-চোপ্‌ষাণ, (প্রা) আর্দ্রহওন, ভিজন।

চোবা, (প্রা) ত্বক্, ছাল।

চোব্‌চিনী, (যাং) সুগন্ধি ঔষধবিশেষ।

চোয়া, (প্রা) নিঃসরণ, ক্ষরণ।

চোয়ালি, (প্রা) হনুস্থি, কশের দন্ত।

চোর, পুং. [চুর+অ] স্তেয়কর্ত্তা, চৌর, তৎপর্য্যায়।—অদত্তদায়ী, অপহর্ত্তা, অপহারক, অপহারী, অভিহর্ত্তা, অদ্যাশংশ, আমোষী, ঐকাগারিক, কুম্ভিল, খনক, খনিক, চৌর্য্যকৃৎ, তস্কর, তস্কা, তৃপু, তায়ু, দস্যু, ধনহারী, ধনহর্ত্তা, নিশাচর, প্রচ্ছন্নজন, পাটচ্চর, প্রতিরোধী, প্রতিরোধক, পরদ্রব্যহারক, পরস্বাপহারী, প্রসহ্যচৌর, প্রচুরপুরুষ, পরাস্কন্দী, পরিমোষী, মোষ্টা, মাচল, বটাবীক, বিহায়া, বনগু, মোষী, মোষক, মুষীবান, বৃক, মলিম্লুচ, রজনীচর, রিপু, রিভ্বা, রিক্কা, লুণ্টাক, শঙ্কিতবর্ণ, স্তেন, স্তেয়কৃৎ, স্তেয়ী, সাহসিক, স্তেন্য, হর্ত্তা, হারক, হারী; কৃষ্ণশটী, গন্ধদ্রব্যবিশেষ।

চোরক, পুং. [চোর+ক] পৃক্কা, পিড়িঙ্গখ্যাত; সুগন্ধিদ্রব্যবিশেষ।

চোরপুষ্পিকা-পুষ্পী, স্ত্রী. [চোর+পুষ্পিক-পুষ্পী] চোরকাঁটা।

চোরকণ্টক-চোরা, পুং. [চোর+কণ্টক] চোরকাঁটা, ক্ষুদ্রকণ্টকান্বিত তৃণবিশেষ।

চোরকাঁটা, (প্রা) চোরপুষ্পী।

চোরছিদ্র, ন. [চোর+ছিদ্র] উকিঝারণছিদ্র, ক্ষুদ্রছিদ্র, ফাটলা। [কাশ।

চোরা, (প্রা) চোরিত, অপহৃত, গুপ্ত, অপ্র-

চোরাও, (প্রা) তাস্কর্য্য, অপহর, চুরি।

চোরাগর্ত্ত, পুং. [চোরা+গর্ত্ত] আবৃতগর্ত্ত, অপ্রকাশিতগহ্বর, গুপ্তখাত।

চোরাঘা-চোরাঘাত, (প্রা) গুপ্তাঘাত, অকস্মাতাঘাত।

চোরপথ, (প্রা) সঙ্কীর্ণপথ, অস্পষ্টপথ, গুপ্তপথ, গলিগুঞ্জি।

চোরাবালি, (প্রা) জলার্দ্রসিকতা, অনুপসিকতা, দ্রবসিকতা, গুপ্তবালি, দল্‌দলিয়া-স্থান।

চোরিকা-চৌরী, স্ত্রী. [চোর+ইকা] চৌর্য্য, স্তেয়, চৌরিকা, স্তৈন্য, অপহার।

চোরিত, স্ত্রী. [চোর+ইত] অপহারিত, অপহৃতদ্রব্য, হৃতস্ব।

চোলা, পুং. [চুল+আ] কঞ্চুলিকা, কূর্পাসক, কাঁচুলি, দেশবিশেষ, তাঞ্জোরখ্যাত।

চোলক, ন. [চোল+ক] বল্কল, (পুং.) বাণবার, কবচ।

চোলকী, পুং. [চোলক+ইন্] করীর, নারঙ্গ, কবচী; মণিবন্ধ।

চোলী, স্ত্রী. [চোল+ঈ] কঞ্চুলিকা, কাঁচুলি।

চোলোণ্ডুক, পুং. [চোল+ওণ্ডুক] শিরোবেষ্ট, উষ্ণীষ।

চোষ, পুং. [চুষ্+অ] পার্শ্বজ্বালা।

চোষক, পুং. [চোষ+ক] চুষণকারী, ধাতা।

চোষণ, ন. [চুষ্+অন] মুখদ্বারা রসাকর্ষণ, চুষণ।

চোষিত, ত্রি. [চুষ্+ইত] পীত, ধীত।

চোষ্য, ত্রি. [চুষ্+য] চুষণীয়।

চোস্ক, পুং. [চোস্+ক] সিন্ধুবারদেশীয়াশ্ব।

চোহাড়, (প্রা) পাহাড়ীয়া অন্ত্যজজাতি।

চোহান্, (প্রা) রাজপুতজাতিবিশেষ।

চোহালি, (প্রা) ওষ্ঠদ্বয়ের প্রান্তভাগস্থ অস্থি, চোহালির হাড়।

চোক্ষ, ত্রি. [চুষ্+ক] গীত; শুচি; দক্ষ; তীক্ষ্ণ; মনোজ্ঞ।

চৌ, (প্রা) চতুঃসংখ্যা, চারি। [মাণ।

চৌক, (প্রা) নেত্র; চারিপণ; দশসের পরি-

চৌকষ-চৌকস, (প্রা) মনোযোগী, সাবধান, সতর্ক, অনিমিষ; সমান, একপ্রকার, চৌরস, অনিম্নভূমি।

চৌকসাই-চৌকষী-চৌকসী, (প্রা) সাবধানতা, সতর্কতা, অবধানতা, মনোযোগ।

চৌকা, (প্রা) চারিকোণা পাকস্থান।
চৌকাঠ, (প্রা) দেহলী, গৃহাবগ্রহণী, গৃহতটী, শিলা, শিলী, দ্বারপিণ্ডী, দ্বারশিলাপ্রবেশের পথ।
চৌকলা, (প্রা) বৃহৎমৎস্য ধারণার্থ, টেটা, পোলাবিশেষ।
চৌকি, (প্রা) আসন, খুর্সি, পীঁড়ি, পীঠ, মোড়া, কেদারা; রক্ষা, পহরা।
চৌকিঘর, (প্রা) উদ্ঘাট, রক্ষকাদির বাসাগার, সৈন্যস্থান, সৈনিকশালা, থানা।
চৌকিয়া, (প্রা) প্রহরী, রক্ষক; চৌকের-গণনা। [চতুরস্র।
চৌকোণ, (প্রা) চতুষ্কোণবিশিষ্টস্থান, সম-
চৌকোশা, (প্রা) চতুঃক্রোশান্তর।
চৌচপটে, (প্রা) সম, সমান, বরাবর, চ্যাপ্টা, থ্যাব্ড়া।
চৌচালা, (প্রা) চারিচালাঘর। [চতুর্থী।
চৌট-চৌটা, (প্রা) চতুর্থ, চারিরপূরণ,
চৌটি-চৌঠী-চৌথ, (প্রা) চতুর্থাংশ, পোয়া।
চৌড়া, (প্রা) প্রশস্ত, আয়ত, বিস্তীর্ণ, চেটাল।
চৌড়াই, (প্রা) পরিসরতা, প্রশস্ততা।
চৌতারা, (যাং) ছাদ; বিলাসগৃহ।
চৌত্রিশ, (প্রা) চতুস্ত্রিংশৎসংখ্যা ৩৪।
চৌদিগ্, (প্রা) চতুর্দ্দিক্।
চৌদ্দ, (প্রা) চতুর্দ্দশ।
চৌধুরী, (প্রা) জনচতুষ্টয়ের শ্রেষ্ঠ।
চৌপল-চৌপহল, (প্রা) চারিকোণা কাঁচপাত্রবিশেষ।
চৌপাঠী-চৌবাড়ী, (প্রা) বিদ্যালয়, টোল।
চৌপাড়-চৌপড়ি, (প্রা) পার্ষি, অক্ষ, দ্যূত, পাশা। [কৌতুক।
চৌপাড়িখেলা, (প্রা) অক্ষক্রীড়া, পার্ষি-
চৌপায়া, (প্রা) চতুষ্পদ, পশু; খট্ট।
চৌপালা, (প্রা) চতুর্দ্দোল, যানবিশেষ।
চৌপিঠা, (প্রা) দক্ষ, চতুর, নিপুণ।
চৌবাচ্চা, (প্রা) চতুষ্কোণ খাত, কুণ্ডবিশেষ, জলকুল্যা।
চৌয়াত্তর, (প্রা) চতুঃসপ্ততি, চুয়াত্তরসংখ্যা।
চৌয়ান্ন, (প্রা) চতুঃপঞ্চাশৎ সংখ্যা।
চৌয়াল্লিশ, (প্রা) চতুঃচত্বারিংশৎ।
চৌড়, ত্রি. [চূড়া+অ] চূড়াসংযুক্ত, (ন.) ক্ষৌরকর্ম্ম।
চৌর, পুং. স্ত্রী. [চোর+অ] চোর; চোরপুষ্পী; সুগন্ধিদ্রব্যবিশেষ।
চৌরগত, ত্রি. [চৌর+গত] অপহৃত, হোড়।
চৌরগ্রাহী. ত্রি. [চৌর+গ্রাহিন্] স্তেনগ্রাহী।
চৌরতস্, ব্য. [চৌর+তস্] চোরকরণক।
চৌরস্, (হি) সমান।
চৌরহৃত-চৌরাপহৃত, ত্রি. [চৌর+অপ+হৃত] চৌরগত, অপহৃত, মুষিত।
চৌরাই, (প্রা) পক্ষীবিশেষ।
চৌরিকা-চৌরী, স্ত্রী. [চৌর+ইকা] চৌর্য্য।
চৌর্য্য, ন. [চোর+য] চৌরধর্ম্ম, স্তৈন্য, স্তেয়, চৌরিকা, চৌরী, চোরিকা, চোরী, চুরী। [রতা।
চৌর্য্যকর্ম্ম, ন. [চৌর্য্য+কর্ম্ম] তাস্কর্য্য, তস্ক-
চৌর্য্যার্জ্জিত, ত্রি. [চৌর্য্য+অর্জ্জিত] হৃতার্জ্জিত, হৃতস্ব, লুপ্ত।
চৌর্য্যশীল, ত্রি. [চৌর্য্য+শীল] স্তেয়কারী।
চৌর্য্যাসক্ত, ত্রি. [চৌর্য্য+আসক্ত] অদত্তপরধনাপহার প্রসক্ত।
চৌর্য্যাসক্তি, স্ত্রী. [চৌর্য্য+আসক্তি] তস্করতা, স্তেয়াসক্তি।
চৌলা, ত্রি. [চুলা+আ]চূড়াসম্বন্ধী।
চৌলকর্ম্ম, ন. [চৌল+কর্ম্মন্] চূড়াকর্ম্ম।
চৌলুক্য, পুং. [চৌল+উক্য] রাজর্ষিভেদ।
চৌক্ষ, ত্রি. [চোক্ষ+অ] মনোজ্ঞ।
চ্যবন, ন. [চ্যু+অন] শনৈঃ শনৈঃ স্রবণ, ক্ষরণ; ঋষিবিশেষ।
চ্যাবিত, ত্রি. [চ্যু+ইত] নিরাকৃত, নিরস্ত, ব্যপোঢ়, অবধূত, নির্ধূত।
চ্যুত, ত্রি. [চ্যু+ত] ক্ষরিত; ভ্রষ্ট, পতিত।
চ্যুতাচার, ত্রি. [চ্যুত+আচার] ধর্ম্মপ্রমাদিত, বিরুদ্ধাচার।
চ্যুতাধিকার, ত্রি. [চ্যুত+অধিকার] নিরাকৃত, অধিকারাৎপ্রভ্রংশিত, হৃতাধিকার। [ক্ষরণ।
চ্যুতি, স্ত্রী. [চ্যুত+ই] ভগ; গুদদ্বার;

চ্যুতোৎসাহ, ত্রি. [চ্যুত+উৎসাহ] গতসত্ত্ব, গততেজা।

চ্যুতমন্যু, ত্রি. [চ্যুত+মন্যু] বীতক্রোধ।

চ্যুতশঙ্ক, ত্রি. [চ্যুত+শঙ্ক] নিঃশঙ্ক, বীতভয়, গতসাধ্বস।

চ্যুতাশ, ত্রি. [চ্যুত+আশ] গতাশ, ত্যক্তাশ, হতাশ, নিরাশ।

চ্যুতাশনায়, ত্রি. [চ্যুত+আশনায়] মন্দাগ্নি, অবুভুক্ষিত, অচেষ্টাহার।

চ্যুতোদ্যোগ, ত্রি. [চ্যুত+উদ্যোগ] অনুদ্যোগী, অল্পচেষ্টিত; নিস্তেজ।

চ্যুপ, পুং. [চ্যু+প] মুখ।

চ্যোত, ন. [চ্যুত+অ] ঘৃতাদিক্ষরণ।

চ্যোত্ন, ত্রি. [চ্যু+অত্ন] গমনকর্ত্তা; অগুঞ্জ; ত্যাজ্য।

ছকার, হলবর্ণের সপ্তম বর্ণ। চবর্গের দ্বিতীয় বর্ণ। ইহার উচ্চারণ তালু হইতে হয়। তস্য নামানি যথা ছন্দন; সুষুম্না; পশু; পশুপতি; মৃতি; নির্ম্মল; তরল; বহ্নি; ভুতমাত্রাবিলাসিনী; একনেত্র; বৃষলী; দ্বিশিরা; বামকুর্পর; গোকর্ণ; লাঙ্গলী; বামকামমত্তা; সদাশিব; মাতা; নিশাচর; পায়ুর্বিক্ষত; স্থিতিশব্দক।

ছ, পুং. ছেদন, (ত্রি.) নির্ম্মল তরল, চঞ্চল।

ছ, (প্রা) ষষ্ঠ।

ছই, (প্রা) ছদ, ছাদ, নৌকারছাদ।

ছক্, (প্রা) পাশকাদির কোষ্ঠ, সতরঞ্চের কোষ্ঠ।

ছক্ড়া, (প্রা) শকট, গাড়ি; ষষ্ঠ কপর্দ্দক।

ছকার, পুং. [ছ+কার] ছ বর্ণ।

ছকারাদি, ত্রি. [ছকার+আদি] ছ আদিবর্ণ।

ছকারান্ত, ত্রি. [ছকার+অন্ত] ছ বর্ণান্ত।

ছগ, পুং. [ছো+গ] ছাগ।

ছগণ, পুং. ন. [ছ+গণ] করীষ, শুষ্কগোময়, ঘুঁটা।

ছগল, পুং. [ছো+গল] ছাগ, (ন) নীলবস্ত্র

ছগলক, পুং. [ছগল+ক] ছাগ।

ছগলা, স্ত্রী. [ছগল+আ] বৃদ্ধদারকবৃক্ষ, স্ত্রীছাগ।

ছগলাঙ্ঘ্রী, স্ত্রী. [ছগল+অঙ্ঘ্রি] বৃদ্ধদারকবৃক্ষ।

ছগলাণ্ডী, স্ত্রী. [ছগল+অণ্ডী] বৃদ্ধদারকবৃক্ষ।

ছগলান্ত্রিকা-ছগলান্ত্রী, স্ত্রী. [ছগল+অন্ত্রিকা-অন্ত্রী] বৃদ্ধদারকবৃক্ষ; বৃক।

ছগলী, স্ত্রী. [ছগল+ঈ] ছাগমাতা।

ছটা, স্ত্রী. দীপ্তি, শোভা; সজ্ঞ, সমাহার, সমূহ; সরলরেখা।

ছটাক, (প্রা) সেরের ষোড়শাংশ, চারিকাঁচ্ছা, পঞ্চতোলক।

ছটাফল, পুং. [ছটা+ফল] গুবাকবৃক্ষ।

ছটাভা, স্ত্রী. [ছটা+আভা] বিদ্যুৎ।

ছট্‌কন, (প্রা) বহির্ভূত হওন, পলায়ন, নিঃসরণ, ঠিগরণ।

ছট্‌কা, (প্রা) অপনীত, উপসংহৃত।

ছট্‌কান, (প্রা) পলায়ন, নিঃসারণ, বহির্গমন, বহিষ্করণ।

ছট্‌কাফট্‌কা, (প্রা) চিত্রিত, চিত্রাঙ্গ।

ছট্‌ফট, (প্রা) ধড়্‌ফড়, আস্ফাল।

ছট্‌ফটান, (প্রা) পীড়ায় লুণ্ঠন, আস্ফালন, ধড়্‌ফড়ান, গাত্রাদি দাহে ব্যাকুলহওন।

ছট্‌ফটিয়া, (প্রা) অস্থির, চঞ্চল, বিচেষ্টমান।

ছড়, (প্রা) বড়শা; ক্ষতচিহ্ন, আঁচড়।

ছড়ন, (প্রা) চিহ্নহওন; পরিষ্কৃতকরণ; জন্তুর চর্ম্ম উত্তোলন।

ছড়া, (প্রা) শ্লোকের টীকা, ভাষা পদ্য; মালা, নারিকেলাদি ফলের গুচ্ছ; পরিষ্কৃতদ্রব্য; প্রক্ষেপ, ছিটা; অপব্যয়।

ছড়ান, (প্রা) বিস্তৃতকরণ, বিছান; বীজাদিবপন; ইতস্ততঃ বিক্ষেপণ, ছিটান, খসান।

ছড়ানিয়া, (প্রা) অপব্যয়ী, উড়ানীয়া, বিসারণ, বিক্ষেপণ, পশ্বাদির ত্বগোত্তলনীয়া।

ছড়ী, (প্রা) অঙ্গুলযষ্টি, কশা; বালকদিগের রোগবিশেষ

ছত্র, ন. [ছদ+ত্র] রৌদ্রবৃষ্টিনিবারণার্থ আবরণ বিশেষ, তৎপর্য্যায়।— আতপত্র, ছায়ামিত্র, পটোটজ, জলত্রা, বারিত্রা,

আতপবারণ, বস্ত্রকুট্টিম, কাবারী, উষ্ণবারণ, জনত্রা, জঙ্গমকুটী, ছাতা, (পুং.) ছাতরিয়াবিষ,খরবিষ, কাঠবিষ; ভুতৃণ।

ছত্র, (প্রা) সমলতা, মলিনতা।

ছত্রক, পুং. [ছত্র+ক] মৎস্যরঙ্গপক্ষী; অতিচ্ছত্র, রাঙ্গাকুলেখাঁড়া গাছ; ঈশ্বরের গৃহবিশেষ।

ছত্রগুচ্ছ, পুং. [ছত্র+গুচ্ছ] গুণ্ডতৃণ।

ছত্রচক্র, ন. [ছত্র+চক্র] চক্রবিশেষ, নক্ষত্রচক্রমণ্ডল। [চিহ্ন।

ছত্রচামর, ন. [ছত্র+চামর] রাজলক্ষণ, রাজ-

ছত্রধর-ছত্রধার, ত্রি. [ছত্র+ধর] ছায়াকর, ছাতিধরা।

ছত্রধারক, ত্রি. [ছত্র+ধারক] ছত্রধারী।

ছত্রধারণ, ন. [ছত্র+ধারণ] আতপত্রবহন।

ছত্রধারী, ত্রি. [ছত্র+ধারিন্] ছায়াকর, ছত্রধারক, (পুং.) রাজাবিশেষ।

ছত্রপত্র, পুং. [ছত্র+পত্র] ভূর্জপত্র; মানকচু; সপ্তপর্ণবৃক্ষ।

ছত্রপ-পত্রপতি, পুং. [ছত্র+প-পতি] অধীশ্বর, অধিপতি।

ছত্রফল, (প্রা) বৃক্ষবিশেষ।

ছত্রভঙ্গ, পুং. [ছত্র+ভঙ্গ] বৈধব্য; স্বাতন্ত্র্য; নৃপনাশন; অকর্তৃত্ব, যূথভঙ্গ।

ছত্রা, স্ত্রী. [ছত্র+আ] মিষি, মৌরী; অতিচ্ছত্রা, শলুপা; কুস্তুম্বুরু, ধন্যাখ্যাত; শিলীন্ধ্র, কোঁড়কছাতা; মঞ্জিষ্ঠা।

ছত্রাক, ন. [ছত্র+অক] কিম্পাকু, ছত্রিকা, (পুং.) জালর্ব্বুরকবৃক্ষ।

ছত্রাকী, স্ত্রী. [ছত্রাক+ঈ] রাস্না।

ছত্রাতিচ্ছত্র, পুং. [ছত্র+অতিচ্ছত্র] ছত্রাকার জলোদ্ভব সুগন্ধাখ্যতৃণবিশেষ।

ছত্রাধান্য, ন. [ছত্রা+ধান্য] ধন্যাক।

ছত্রিকা, স্ত্রী. [ছত্র+ইকা] শিলীন্ধ্র, কোঁড়কছাতা। [বিশিষ্ট।

ছত্রী, পুং. [ছত্র+ইন্] নাপিত, (ত্রি.) ছত্র-

ছদ্বর, পুং. [ছদ্+বর] গৃহ; কুঞ্জ।

ছদ, পুং. [ছদ্+অ] পত্র; পক্ষ; গ্রন্থিপর্ণবৃক্ষ; তমালবৃক্ষ।

ছদ, (প্রা) ধারা, চালি

ছদন, ন. [ছদ্+অন] পত্র; পক্ষ; পিধান; তমালপত্র; তেজপত্র।

ছদপত্র, পুং. [ছদ+পত্র] ভূর্জপত্রবৃক্ষ।

ছদি, ন. [ছদ+ইস্] পটল, চালি।

ছদ্বর, পুং. [ছদ্+বর] দন্ত; নিকুঞ্জ।

ছদ্ম, ন. [ছদ্+মন] ব্যাজ, কপট, অপদেশ, স্বরূপাচ্ছাদন।

ছদ্মতাপস, পুং. [ছদ্ম+তাপস] ছলতপস্বী, সর্ব্বাভিসন্ধী, বৈড়ালব্রতিক, বেশধারী, বকব্রতী, কৌক্কুটিক,কুযোগী, ধর্ম্মধ্বজী।

ছদ্মবেশ, পুং. [ছদ্ম+বেশ] গুপ্তাকার, কপটবেশ, বেশান্ত, অন্যবেশ, কৃত্রিমবেশ।

ছদ্মবেশী, ত্রি. [ছদ্ম+বেশিন্] কপটবেশী, অলক্ষলিঙ্গ, বেশধারী।

ছদ্মরূপে, ব্য. [ছদ্ম + রূপে] প্রচ্ছন্নরূপে, অলক্ষিতে।

ছদ্মিকা, স্ত্রী. [ছদ্ম+ইকা] গুড়ুচী।

ছন্দ, পুং. [ছদ্ + অ] অভিপ্রায়; বশ; অভিলাষ; বিষ; (ত্রি.) রহঃ।

ছন্দঃ, ন. [ছদ্+অস্] পদ্য; বেদ; স্বৈরাচার; অভিলাষ; ছন্দসাংবৃত্তি নামানি যথা।—একাক্ষরাবৃত্তি— উক্থা, শ্রী। দ্ব্যক্ষরাবৃত্তি—অত্যুক্থা, স্ত্রী। ত্র্যক্ষরাবৃত্তি—মধ্যা, নারী, মৃগী। চতুরক্ষরাবৃত্তি—প্রতিষ্ঠা, কন্যা, সতী। পঞ্চাক্ষরাবৃত্তি—সুপ্রতিষ্ঠা, পঙ্ক্তি, প্রিয়া। ষড়ক্ষরাবৃত্তি—গায়ত্রী, তনুমধ্যা, শশিবদনা, সোমরাজী। সপ্তাক্ষরাবৃত্তি—উষ্ণিক্, মধুমতী, কুমারললিতা, মদলেখা। অষ্টাক্ষরাবৃত্তি—অনুষ্টুপ্, চিত্রপদা, মাণবক, ক্রীড়, বিদ্যুন্মালা, সমানিকা, প্রমাণিকা। নবাক্ষরাবৃত্তি—বৃহতী, ভুজগশিশুসৃতা, মণিমধ্য, ভুজঙ্গসঙ্গতা। দশাক্ষরা বৃত্তি—পঙ্ক্তি, রুক্মবতী, রূপবতী, চম্পকমালতী, মত্তা, ত্বরিতগতি, মনোরমা। একাদশাক্ষরাবৃত্তি—ত্রিষ্টুপ্, ইন্দ্রবজ্রা, উপেন্দ্রবজ্রা, সুমুখী, শালিনী, বাতোর্ম্মী, ভ্রমরবিলসিতা, অনুকূলা, রথোদ্ধতা, স্বাগতা, দোধক, মোটনক, শ্যেনী। দ্বাদশাক্ষরাবৃত্তি—জগতী, চন্দ্র-

বর্ম্ম, বংশস্থবিল, বংশস্তনিত, ইন্দ্রবংশা, জলোদ্ধতগতি, ভুজঙ্গপ্রয়াত, তোটক, স্রগ্বিণী, বৈশ্বদেবী, প্রমিতাক্ষরা, দ্রুতবিলম্বিত, মন্দাকিনী, কুসুমবিচিত্রা, তামরস, মালতী, যমুনা, মণিমালা. জলধরমালা। ত্রয়োদশাক্ষরাবৃত্তি—অতিজগতী, প্রহর্ষিণী, রুচিরা, মত্তময়ুর, চণ্ডী, মঞ্জুভাষিণী, সুনন্দিনী, চন্দ্রিকা, উৎপলিনী, কলহংস, সিংহনাদ, প্রবোধিতা, মৃগেন্দ্রমুখ। চতুর্দ্দশাক্ষরাবৃত্তি— শর্করী, অসম্বাধা, বসন্ততিলক, সিংহোদ্ধতা, অপরাজিতা, প্রহরণকলিকা, বাসন্তী, লোলা, নান্দীমুখী। পঞ্চদশাক্ষরাবৃত্তি —অতিশর্করী, শশিকলা, স্রক্, মণিগুণনিকর, মালিনী, লীলাখেল, বিপিনতিলক, তুণক, চন্দ্রলেখা, চিত্রা। ষোড়শাক্ষরাবৃত্তি—চিত্র, ঋষভগজবিলসিত, গজতুরগবিলসিত, চকিতা, পঞ্চচামর. মদনললিতা, বাণিনী, প্রবরললিত, অচলধৃতি, গরুড়রুত। সপ্তদশাক্ষরাবৃত্তি—অত্যষ্টি, শিখরিণী, পৃথ্বী, বংশপত্রপতিত, বংশদল, মন্দাক্রান্তা, হরিণী, নর্দ্দটক, বনকোকিলক, হারিণী, ভারাক্রান্তা। অষ্টাদশাক্ষরাবৃত্তি—ধৃতি, কুসুমিতলতা বেল্লিতা, নন্দন, নারাচ, চিত্রলেখা. শার্দ্দূললিত। ঊনবিংশত্যক্ষরাবৃত্তি—মেঘবিস্ফূর্জ্জিতা, ছায়া, শার্দ্দূল বিক্রীড়িত, সুরসা, ফুল্লদাম। বিংশত্যক্ষরাবৃত্তি—কৃতি, সুবদনা, গীতিকা, বৃত্ত. শোভা। একবিংশত্যক্ষরাবৃত্তি—প্রকৃতি, স্রগ্ধরা, সরসীসিংহক। দ্বাবিংশত্যক্ষরাবৃত্তি—আকৃতি, হংসী, মদিরা। ত্রয়োবিংশত্যক্ষরাবৃত্তি—বিকৃতি, অদ্রিতনয়া, অশ্বললিত, মত্তাক্রীড়। চতুর্বিংশত্যক্ষরাবৃত্তি— সংকৃতি, তন্বী। পঞ্চবিংশত্যক্ষরাবৃত্তি—অতিকৃতি, ক্রৌঞ্চপদা। ষড়্বিংশত্যক্ষরা বৃত্তি— উৎকৃতি, ভুজঙ্গবিজৃম্ভিত। (অথ দণ্ডকা) সপ্তবিংশত্যক্ষরাবৃত্তি—চণ্ডবৃষ্টিপ্রপাত। ত্রিংশদক্ষরাবৃত্তি—অর্ণ। ত্রয়স্ত্রিংশদক্ষরাবৃত্তি —অর্ণব। ষট্‌ত্রিংশদক্ষরাবৃত্তি—ব্যাল। ঊনচত্বারিংশদক্ষরাবৃত্তি—জীমূত। দ্বিচত্বারিংশদক্ষরাবৃত্তি—লীলাকর। পঞ্চচত্বারিংশদক্ষরাবৃত্তি— উদ্দাম। অষ্টচত্বারিংশদক্ষরাবৃত্তি—শঙ্খ। সপ্তবিংশত্যক্ষরাবৃত্তি—প্রচিতক। অষ্টবিংশত্যক্ষরাবৃত্তি— অশোকপুষ্প মঞ্জরী। সপ্তবিংশত্যক্ষরাবৃত্তি — কুসুমস্তবক। সপ্তবিংশত্যক্ষরাবৃত্তি— মত্তমাতঙ্গলীলাকর। অষ্টাবিংশত্যক্ষরাবৃত্তি— অনঙ্গশেখর ইতি সমবৃত্তানি সমাপ্তানি। অথার্দ্ধসমবৃত্তানি যথা।—উপচিত্র, বেগবতী, হরিণপ্লুতা, অপরবক্ত্র, পুষ্পিতাগ্রা, সুন্দরী ইত্যর্দ্ধসমবৃত্তানি সমাপ্তানি। অথ বিষমবৃত্তানি যথা।—উদ্গতা, সৌরভক, ললিত, বক্ত্র, পথ্যাবক্ত্র, অনুষ্টুপ ইতি বিষমবৃত্তানি। অথ মাত্রাবৃত্তানি যথা—আর্য্যা অর্থাৎ গাথা, নবধা আর্য্যা যথা—পথ্যা, বিপুলা, চপলা, মুখচপলা, জঘনচপলা, গীতি, উপগীতি, উদ্গীতি, আর্য্য গীতি। বৈতালীয়, পজ্ঝটিকা, দোহড়িকা।

ছন্দকপাতন-ছন্দপাতন, পুং. [ছন্দক+পাতন] ছদ্মতাপস, বৈড়ালব্রতিক, কপটতপস্বী।

ছন্দস্কৃত, ন. [চন্দস্+কৃত] শ্রুতি, পুণ্যশ্লোক।

চন্দস্য, ত্রি. [ছন্দস্+য] ইচ্ছতঃ, যথাকাম।

ছন্দানুবর্ত্তী, ত্রি. [ছন্দ+অনুবর্ত্তিন্] আজ্ঞানুবর্ত্তী, অনুবর্ত্তী।

ছন্দোক, পুং, [ছন্দস্+গ] সামগ, সামবেদী।

ছন্দোগপরিশিষ্ট, ন. [ছন্দোগ+পরিশিষ্ট] বাতায়ন মুনি কৃত সামবেদী কর্ম্মবোধক গোভিল সূত্রাদির পরিশেষ শাস্ত্র।

ছন্দোঘটিত, ত্রি. [ছন্দস্+ঘটিত] ছন্দোবিশিষ্ট।

ছন্দোনুবৃত্ত-ছন্দোনুবৃত্তি, ন. স্ত্রী. [ছন্দস্+অনুবৃত্ত] ছন্দোনুরোধ, অনুবিধান, ক্ষান্তি।

ছন্দোবদ্ধ, ত্রি. [ছন্দস্+বদ্ধ] পদ্যাত্মক, স্বরবদ্ধ, শাস্ত্র।

ছন্দোবান্-ছন্দোবিশিষ্ট, ত্রি. [ছন্দস্+বৎ] ছন্দোযুক্ত, ছান্দস।
ছন্দোবিচিতি, স্ত্রী. [ছন্দস্+বিচিতি] শ্রুতিঃ-ছন্দের প্রত্যায়ক।
ছন্দোভঙ্গ, পুং. [ছন্দস্+ভঙ্গ] ব্যতিক্রমছন্দ।
ছন্দোময়, ন. [ছন্দস্+ময়] বেদময়।
ছন্দোযুক্ত, ত্রি. [ছন্দস্+যুক্ত] ছন্দস।
ছন্দোরূপ, ত্রি. [ছন্দস্+রূপ] পদ্যরূপ স্বরবদ্ধ, পদ্যাত্মক।
ছন্ন, ন. [ছদ্+ন] রহঃ, নির্জ্জনস্থান, (ত্রি.) ছাদিত, গুপ্ত, গূঢ়, রহস্য।
ছন্নপথ, পুং. [ছন্ন+পথ] গুপ্তপন্থা।
ছন্নবেশী, ত্রি. [ছন্ন+বেশিন্] কাল্পনিক বেশধারী
ছপ্পর, (প্রা) আচ্ছাদন চাল।
ছবি স্ত্রী. [ছ+বি] শোভা, দীপ্তি।
ছবি, (প্রা) প্রতিমূর্ত্তি, চিত্র।
ছমণ্ড, পুং. [ছম্+অণ্ড] মৃতপিতৃক, পিতৃহীন, অপিতৃক, গতপিতৃক, অনাম, ছেমণ্ড, বন্ধুহীন।
ছম্‌ছম্, (প্রা) ত্রাসোৎপাদক শরীরকম্প।
ছয়া, স্ত্রী. ছন্দোবিশেষ।
ছর্দ্দ, ন. [ছর্দ্দ+অ] বমন।
ছর্দ্দন, ন. [ছর্দ্দ+অন] বমন, (পুং.) অলম্বুষরাক্ষস; নিম্ববৃক্ষ।
ছর্দ্দাপনিকা, স্ত্রী. [ছর্দ্দ+অপনিকা] কর্কটী।
ছর্দ্দি-ছর্দ্দিকা, স্ত্রী. [ছর্দ্দ+ই-কা] রোগবিশেষ, প্রচ্ছর্দ্দিকা, ছর্দ্দ, বমথু, বমন, বমি, ছর্দ্দিকা, বান্তি, উদ্গার, উৎকাসিকা, ছর্দ্দন, বম, উৎক্ষেপ, উত্তার, উদ্গাম, ঊর্দ্ধশোধন।
ছর্দ্দিকারিপু, পুং. [ছর্দ্দিকা+রিপু] ক্ষুদ্রৈলা, ছোটএলাইচ।
ছর্দ্দিঘ্ন, পুং. [ছর্দ্দি+ঘ্ন] নিম্ববৃক্ষ।
ছল, ন. [ছ+ল] শাঠ্য, স্খলিত, কপট, প্রতারণা, চাতুরী, দোষানুসন্ধান, ফাঁকি।
ছলকারক-ছলকারী, ত্রি. [ছল+কারক] প্রবঞ্চক, প্রতারক, ছাদ্মিক, কাপটিক।
ছলক্রমে, বা. [ছল+ক্রমে] সকৈতব, বঞ্চনার্থ, কিতববৎ।
ছলগ্রাহী-ছলগ্রাহক, ত্রি. [ছল+গ্রাহিন্] ধূর্ত্ত, কপটী, ঠক।
ছলতা, স্ত্রী. [ছল+তা] প্রবঞ্চনা, বিপ্রলম্ভ, মায়া, বঞ্চনা।
ছলন, ন. [ছল্+অন] প্রতারণ, চাতুরীকরণ, ঠকান, ভুলান।
ছলনা, স্ত্রী. [ছলন+আ] ছলতা, কপটতা।
ছলনাপর, ত্রি. [ছলনা+পর] প্রবঞ্চক ছাদ্মিক, কাপটিক, কৌটিক, প্রলম্ভক বঞ্চনশীল, শঠ।
ছলী, পুং. [ছল+ইন্] বঞ্চক, ধূর্ত্ত, কিতব, কূটকার, কূটক।
ছল্‌ছল্, (প্রা) সজল, জলপূর্ণ।
ছল্লি, স্ত্রী. [ছল্+লি] চর্ম্ম, ত্বক্, ছাল।
ছল্লী, স্ত্রী. [ছল্+লী] বীরুৎ; সন্তান, বল্কল; কুসুমবিশেষ।
ছা, স্ত্রী. আচ্ছাদন; (পুং.) শাবক।
ছাই, (প্রা) ভস্ম, পাংশু।
ছাইট, (প্রা) কশা; জলনিঃক্ষেপ, জলের ছিটা।
ছাউনি, (প্রা) শিবির, সৈন্যের আবাস, চন্দ্রাতপ।
ছাওন, (প্রা) তৃণাদির দ্বারা গৃহের উপরিভাগ আচ্ছাদন
ছাওয়াল, (প্রা) শিশু, বালক, সন্তান
ছাওলামি, (প্রা) বালকতা, ছেলেমী।
ছাঁকন, (প্রা) বস্ত্রাদির দ্বারা দ্রবদ্রব্য নিঃসারণ; জালদ্বারা পুষ্করিণীর মৎস্য উত্তোলন; পরিষ্কার করণ।
ছাঁকনা, (প্রা) উচ্ছিষ্ট; শেষাংশ; কিট্ট, মল
ছাঁকনি, (প্রা) ঝরণি, জালি, চালুনি।
ছাঁকা, (প্রা) নির্ম্মল, পরিষ্কার, অনঘ; ঝরা
ছাঁচ, (প্রা) প্রতিলিপি, প্রতিমূর্ত্তি।
ছাঁচনী, (প্রা) মন্থনদণ্ড।
ছাঁচি, (প্রা) পরছতী, অলিন্দ; শুষ্ক।
ছাঁটন, (প্রা) কর্ত্তন, ছেদন; অগ্রাহ্যকরণ অনাদরণ।
ছাঁদ, (প্রা) ছন্দ; স্বরূপ; সজলদুগ্ধ।
ছাঁদন ছাঁদনী, (প্রা) গাভীর পদবন্ধন।

ছাকন, (প্রা) বস্ত্রাদিদ্বারা দ্রবদ্রব্য নিঃসারণ; জালদ্বারা পুষ্করিণীর মৎস্য উত্তোলন; পরিষ্কার করণ, নির্ম্মলকরণ

ছাকনি, (প্রা) শোধনী, শোধনবস্ত্র; পরিষ্কারকরণীয় দ্রব্য, ঝাঝরি, চালুনী, জালি।

ছাকনী, (প্রা) শোধনকরণেদক্ষ।

ছাকা, (প্রা) নির্ম্মল, পরিষ্কার, শুদ্ধ, খাঁটী, অনঘ, নিষ্পাপী।

ছাগ, পুং. স্ত্রী. [ছো+গ] পশুবিশেষ, তৎপর্য্যায়।—বস্ত, ছগলক, অজ, স্তুভ, ছগ, ছগল, ছাগল, তভ, স্তভ, শুভ, লঘুকাম, ক্রয়সদ, বর্কর, পর্ণভোজন, লম্বকর্ণ, মেনাদ, বুক্ক, অল্পায়ু, শিবাপ্রিয়, অবুক, মেধ্য, পশু, পয়স্বল, দেবানাম্প্রিয়, স্তনক।

ছাগচর্ম্ম, ন. [ছাগ+চর্ম্ম] অজাজিন।

ছাগগন্ধ, ত্রি, [ছাগ+গন্ধ] অজগন্ধ, অজবৎ কামুক।

ছাগণ, পুং. [ছাগণ+অ] করীষাগ্নি, ঘুঁটের আগুন।

ছাগদুগ্ধ, ন. [ছাগ+দুগ্ধ] ছগলপয়ঃ।

ছাগপালক-ছাগপোষক, পুং. [ছাগ+পালক-পোষক] অজাজীব, জাবাল; অজপ।

ছাগবৎ, ব্য. [ছাগ+বৎ] কামুক, অজবৎ।

ছাগবাহন, পুং. [ছাগ+বাহন] অগ্নি।

ছাগভোজী, পুং. স্ত্রী. [ছাগ+ভোজিন্] বৃক; (ত্রি.) ছাগভক্ষক।

ছাগমাংস, ন. [ছাগ+মাংস] অজপলল, পাঁঠার মাংস।

ছাগরথ, পুং. [ছাগ+রথ] অগ্নি।

ছাগল, পুং. স্ত্রী. [ছগল+অ] ছাগ, অজা; অত্রি। [ছাগ।

ছাগলক, পুং. [ছাগল+ক] মৎস্যবিশেষ;

ছাগলগোত্রিয়া, (প্রা) কামুক, স্ত্রীলম্পট, গম্যাগম্য বিবেচনা হীন। [ঘৃত।

ছাগলাদ্য, ন. [ছাগল+আদ্য] ছাগলাদি

ছাগলান্ত্রিকা, স্ত্রী. [ছাগল+অন্ত্রিকা] বৃদ্ধদারকবৃক্ষ।

ছাগলান্ত্রী, স্ত্রী. [ছাগল+অন্ত্রী] বৃক।

ছাগলী, স্ত্রী. [ছাগল+ঈ] ছাগী, অজা

ছাগাজিন, ন. [ছাগ+অজিন] অজাজিন, ছাগচর্ম্ম।

ছাগিকা, স্ত্রী. [ছাগ+ইকা] ছাগী, অজা।

ছাগী, স্ত্রী. [ছাগ+ঈ] ছাগমাতা, অজা, পয়স্বিনী, ভীরু, মেধ্যা, গলেস্তনী, মঞ্জা, ছাগিকা, সঞ্জা, সর্ব্বভক্ষ্যা, গলস্তনী, চুলুম্পা, মুখবিলুণ্ঠিকা, বকরী, পাঁটী

ছাগীপালক, পুং. [ছাগী+পালক] অজাপালী।

ছাট, (প্রা) পর্ণকুটি, পালকুড়ি।

ছাটন, (প্রা) কর্ত্তন, ছেদন, ঝাড়ন।

ছাটা, (প্রা) কর্ত্তিত, অবচ্ছিন্ন।

ছাড়চিঠি, (প্রা) অভয়পত্র, অভিজ্ঞানপত্র, পরওয়ানা।

ছাড়ন, (প্রা) বিবর্জ্জন, ত্যজন, চলিয়া যাওন, খোলন; ক্ষমাকরণ; পলায়ন।

ছাড়া, (প্রা) ব্যতিরিক্ত, ভিন্ন, বিনা; নিবর্ত্তন, ত্যাগ।

ছাড়ান, (প্রা) উদ্ধরণ, মোচন; নিঃক্ষেপণ; অবসারণ, খসান।

ছাড়াছাড়ি, (প্রা) পৃথক্করণ, বিয়োগ বিভাগ, বিভেদ, বিচ্ছেদ

ছাড়ানি, (প্রা) মোক্ষণ, বিমোচন, মোচন।

ছাত, ত্রি. [ছো+ত] ছিন্ন; দুর্ব্বল।

ছাত, (প্রা) চাল, ছাদ।

ছাতা, (প্রা) ছত্র, আতপত্র; মলিনতা; গোময়ছত্র; বক্ষ। [চিতাপড়া।

ছাতাটিয়া-ছাতাপড়া, (প্রা) সমল, মলাবৃত,

ছাতার-ছাতারিয়া, (প্রা) পক্ষীবিশেষ।

ছাতি, (প্রা) ছাদ; ছত্র।

ছাতী, (প্রা) বক্ষ; অঙ্ক; সাহস।

ছাতু, (প্রা) যবাদিচূর্ণ, শক্তু।

ছাত্র, পুং. [ছত্র+অ] শিষ্য; বিদ্যার্থী; (ন.) বরটীচ্ছত্রসম্ভব মধু।

ছাত্রক, ন. [ছাত্র+ক] ছাত্রমধু।

ছাত্রগণ্ড, পুং. [ছাত্র+গণ্ড] পদাদ্যবিৎ, শ্লোকের চরণের বিভক্তিবা আদিমাত্রবেত্তা।

ছাত্রদর্শন, ন. [ছাত্র+দর্শন] হৈয়ঙ্গবীন; শিষ্যাবলোকন।
ছাদ, ন. [ছদ+অ] পটল, ছাত, চাল।
ছাদন, ন. [ছদ্+অন] ছদন, অন্তর্ধান; পত্র; আচ্ছাদন; (পুং.) নীলাম্লানবৃক্ষ।
ছাদনীয়, ত্রি. [ছদ্+অনীয়] গোপনীয়, আচ্ছাদনীয়।
ছাদিত, ত্রি. [ছদ্+ইত] ছিন্ন; আচ্ছাদিত।
ছাদিতব্য, ত্রি. [ছদ্+ইতব্য] প্রচ্ছাদনীয়, গোপনীয়।
ছাদ্য, ত্রি. [ছাদ+য] গোপ্য, গুহ্য।
ছাদ্মিক, ত্রি. [ছদ্মন্+ইক] কাপটিক; কপটী। [মাখন।
ছানন, (প্রা) মিশ্রণ, একত্রীকরণ, চটকান,
ছানা, (প্রা) শাবক; শিশু; দুগ্ধবিকার, আমিক্ষা; মিশ্রিত।
ছানারজল, (প্রা) মণ্ড, দধিমণ্ড, দুগ্ধমণ্ড, দধ্যুত্তর, মাত।
ছানী, (প্রা) চক্ষুরোগবিশেষ, মস্থ, নেত্রপটল, শুক্র, লিঙ্গনাশ, ফুলী, মাসুড়ীয়া।
ছান্দস, পুং. [ছান্দস্+অ] বেদাধ্যেতা; (ত্রি.) শ্রৌত, শ্রোত্রিয়, শ্রুতিজ্ঞ; বেদাধ্যাপক। [পনিষৎ।
ছান্দোগ্য, ন. [ছান্দস্+গ-য] সামবেদোছাপ, (হি) মুদ্রা; চিহ্ন; ছাপা; জাঁত।
ছাপন, (প্রা) বস্ত্রাঙ্কন, মুদ্রাঙ্কন; লুকান; উথলন।
ছাপর, (প্রা) আচ্ছাদন, ছপ্পর, ছত্রী।
ছাপরখাট, (প্রা) পর্য্যঙ্ক, খট্টা, মঞ্চ।
ছাপা, (প্রা) মুদ্রাঙ্কিত; চিহ্নিত, অঙ্কিত; গুপ্ত, অপ্রকাশিত।
ছাপাকর, (প্রা) মুদ্রাকর, মুদ্রক, চিহ্নকারী।
ছাপাছাপি, (প্রা) পরস্পর গোপন হওন; উভয়ে মুদ্রাঙ্কণ করণ।
ছাপান, (প্রা) মুদ্রাঙ্কণ; দাবন; লুকান; উথলন।
ছাপী, (প্রা) লুক্কায়িত, অপ্রকাশিত।
ছাবান, (প্রা) গৃহাচ্ছাদনকরণ
ছাবাল, (প্রা) বালক, শিশু।

ছায়া, স্ত্রী. [ছো+য] রৌদ্রশূন্য, তৎপর্য্যায়।—ভাবানুগা, শ্যামা, অতেজ, ভীরু, অনাতপ, আভীতি, আতপাভাব, ভাবালীনা, সূর্য্যপ্রকাশাভাব, অপ্রকাশ; প্রতিবিম্ব; সূর্য্যপত্নী; সাসংজ্ঞা প্রতিকৃতি; পালন; উৎকোচ; কান্তি; সচ্ছোভা; পংক্তি; কাত্যায়নী; তম; সাদৃশ্য।
ছায়াকর, পুং. [ছায়া+কর] ছত্রধার, ছাতাবরদার; (ত্রি.) ছায়াছন্ন; মিথ্যা।
ছায়াকৃতি, ত্রি. [ছায়া+কৃতি] অবাস্তবিক, অসার, অপ্রকৃত, আভাসাত্মক, মিথ্যা।
ছায়াটিয়া, (প্রা) অনাতপ, ছায়াযুক্ত।
ছায়াচ্ছন্ন-ছায়াচ্ছাদিত, ত্রি. [ছায়া+আচ্ছন্ন] সচ্ছায়, ছায়াযুক্ত।
ছায়াতনয়, পুং. [ছায়া+তনয়] শনিগ্রহ।
ছায়াতরু, পুং. [ছায়া+তরু] স্থিরচ্ছায়বৃক্ষ, সদাছায়াকর গাছ; বৃহদ্বৃক্ষ।
ছায়াত্মক, ত্রি. [ছায়া+আত্মক] অবাস্তবিক, অপ্রকৃত।
ছায়াত্মজ, পুং. [ছায়া+আত্মজ] শনিগ্রহ।
ছায়াত্মা, পুং. [ছায়া+আত্মন্] প্রতিচ্ছায়া, প্রতিবিম্ব।
ছায়াপথ, পুং. [ছায়া+পথ] দেবপথ, আকাশ।
ছায়াপাদ, (প্রা) ছায়ার পরিমাণদ্বারা কালনিরূপণ।
ছায়াপুরুষ, পুং. [ছায়া+পুরুষ] আকাশে দৃষ্ট, স্বীয়চ্ছায়ারূপ পুরুষ।
ছায়াবৎ, ত্রি. [ছায়া+বৎ] সদানুগত, কাছাধরা।
ছায়াবহুল, ত্রি. [ছায়া+বহুল] ছায়াচ্ছন্ন।
ছায়াবাহুল্য, ন. [ছায়া+বাহুল্য] আতপরাহিত্য, ছায়াযুক্ততা। [দিত।
ছায়াবৃত, ত্রি. [ছায়া+আবৃত] ছায়াচ্ছাছায়াব্যবহার, পুং. [ছায়া+ব্যবহার] জ্যোতিঃশাস্ত্রোক্তাঙ্কবিশেষ।
ছায়াভৃৎ, পুং. [ছায়া+ভৃৎ] চন্দ্র।
ছায়ামণ্ডপ, পুং. ন. [ছায়া+মণ্ডপ] চন্দ্রাতপযুক্ত স্থান, চাঁদোয়া দেওয়া স্থান; বিবাহার্থ সজ্জিতমণ্ডপ

ছায়ামণ্ডপী, ত্রি. [ছায়ামণ্ডপ + ইন্] বিবাহকালীন সমাজস্থ মান্যাস্পদ ব্যক্তি সম্বন্ধীয় মুদ্রাদান।
ছায়াময়, ত্রি. [ছায়া + ময়] সচ্ছায়, ছায়াবৃত, ছায়াযুক্ত।
ছায়ামিত্র, ন. [ছায়া+মিত্র] ছত্র, আতপত্র।
ছায়ামৃগধর, পুং. [ছায়া+মৃগ+ধর] চন্দ্র।
ছায়াযুক্ত, ত্রি. [ছায়া+যুক্ত] ছায়াময়, সচ্ছায়।
ছায়ারূপ, ত্রি. [ছায়া+রূপ] ছায়াকৃতি, অবাস্তবিক।
ছায়াসুত, পুং. [ছায়া+সুত] শনি।
ছায়াহীন, ত্রি. [ছায়া+হীন] অপচ্ছায়, ছায়ারহিত ; সাতপ।
ছার, (প্রা) ভস্মবৎ ; অধম, অপ্রিয়, অমঙ্গল।
ছারকপাল, (প্রা) দুর্ভাগ্য, দুর্গতি, অমঙ্গল, দুরদৃষ্ট।
ছারকপালিয়া, (প্রা) নির্ভাগ্য, অলক্ষ্মীবান্, অশ্রীবান্, হতভাগ্য।
ছারখার, (প্রা) ভস্মসাৎ, সর্ব্বনাশ, নষ্ট, উচ্ছিন্ন প্রচ্ছিন্ন।
ছারপোকা, (প্রা) গন্ধি, তল্পকীট, খাটমল, মৎকুণ।
ছাল, (প্রা) ত্বক্, চর্ম্ম ; বল্কল।
ছালন, (প্রা) সূপ, ব্যঞ্জন বিশেষ।
ছালনা, (প্রা) চান্দনি, চাঁদনি ; স্ত্রীপাদাভরণ
ছালনাতলা, (প্রা) যে স্থলে বর কন্যাকে একত্রে মিলন করা হয়, স্ত্রীআচার স্থান।
ছালা, (প্রা) গুণ, যুগল থলিয়াদি পূর্ণিত বস্তু; ঝুলি।
ছালিয়া, (প্রা) বালকগণ।
ছালিয়াপিলিয়া, (প্রা) বালক।
ছি, পুং. [ছো+ই] গর্হা।
ছি, (প্রা) নিন্দা, ঘৃণাসূচক শব্দ, হেয়বোধক শব্দ, ধিক্।
ছিঁচকা, (প্রা) শলাকা, শঙ্কু, শিক, গজ
ছিঁড-ছিঁড়নি, (প্রা) জলমার্গ ; ধারা, নিয়ম।
ছিঁড়া, (প্রা) বিচ্ছিন্ন, সচ্ছেদ, খণ্ডিত।
ছিকল, (প্রা) শৃঙ্খল, শিকলি।
ছিকলন-তিকলান, (প্রা) বন্ধন, যোড়ান, সংযোগকরণ।
ছিকলি, (প্রা) শৃঙ্খল।
ছিক্কক, ত্রি. [ছিক্ক্+অক] নস্য, ক্ষুৎকারী
ছিক্কন, ন. [ছিক্ক্+অন] ক্ষুত, ক্ষবথু।
ছিক্কনী, স্ত্রী. [ছিক্কন+ঈ] বৃক্ষবিশেষ, ছিক্কী, নাকছিক্কী, হাঁচুটীগাছ, তৎপর্য্যায়।—ক্ষবক্বৎ, তিক্তা, ছিক্কিকা, ঘ্রাণদুঃখদা।
ছিক্কা, স্ত্রী. [ছিক্ক+আ] ক্ষুত, ক্ষব, ক্ষবথু, ক্ষুৎ, ক্ষুতা, ছিক্কন, কাশ, প্রাণন্তী, হঞ্চি, ঘ্রাণদুঃখদা, হাঁচি, ছিঁক্
ছিক্কিকা, স্ত্রী. [ছিক্ক+ইকা] ছিক্কনী, হাঁচুটীগাছ।
ছিচকাচোর, (প্রা) অল্পচৌর্য্যাকৃৎ, অল্পস্তেয়কৃৎ।
ছিচকাঁদনিয়া, (প্রা) অল্পবিষয়নিমিত্ত ক্রন্দন।
ছিছি, (প্রা) ঘৃণাসূচক শব্দ।
ছিট, (প্রা) চিত্রিতবস্ত্র ; অবশিষ্ট।
ছিটন-ছিটান, (প্রা) বিকীরণ, বপন, ছড়ান।
ছিটা, (প্রা) চিন্দু, কণা।
ছিটাগুলি, (প্রা) সীসকগুলি, ক্ষুদ্রগুলিকা।
ছিট্‌কন-ছিট্‌কান, (প্রা) প্রক্ষেপণ, ছড়ান, ঠিকরণ।
ছিট্‌কা, (প্রা) শিকা, ফাঁসী, ফাঁদ।
ছিৎ, স্ত্রী. ছিদ্।
ছিত, ত্রি. [ছো+ত] ছিন্ন, ছেদিত, কাটা।
ছিত্তি, পুং. [ছিদ্+তি] করজবৃক্ষ ; ছেদ।
ছিত্বর, ত্রি. [ছিদ্+বর] ধূর্ত্ত ; বৈরি ; কর্ত্তরিকা
ছিদ্, স্ত্রী. ছিত্তি, খণ্ডন, ছেদন ; (ত্রি.) ছেদনকর্ত্তা।
ছিদক, ন. [ছিদ্+অক] বজ্র।
ছিদা, স্ত্রী. [ছিদ্+আ] ছেদন।
ছিদি, স্ত্রী. [ছিদ্+ই] কুঠার।
ছিদির, পুং. [ছিদ্+ইর] অগ্নি ; রজ্জু ; করবাল ; পরশ্বধ।
ছিদুর, ত্রি. [ছিদ্+উর] ছেদনদ্রব্য ; ধূর্ত্ত ; বৈরি
ছিদ্যমান, ত্রি. [ছিদা+মান] ব্যবচ্ছিন্ন, বিনিকৃত্ত।
ছিদ্র, ন. [ছিদ্+র] ভেদ, ছেঁদা ; তৎপর্য্যায়।—কুহর, শুষির, বিবর, বিল,

নির্বাথন, রোক; রন্ধ্র, শ্বভ্র, বপা, শুষির; দূষণ, দোষ।
ছিদ্রক, পুং. [ছিদ্র+ক] ছেত্তা। [কর্ণ।
ছিদ্রকর্ণ, ত্রি. [ছিদ্র+কর্ণ] বিদ্ধকর্ণ; ছিন্ন-
ছিদ্রণ, ন. [ছিদ্র+ন] ভেদকরণ।
ছিদ্রবৈদেহী, স্ত্রী. [ছিদ্র+বৈদেহী] গজ-পিপ্পলী।
ছিদ্রবিশিষ্ট, ত্রি. [ছিদ্র+বিশিষ্ট] রন্ধ্রযুক্ত।
ছিদ্রানুসন্ধান, ন. [ছিদ্র + অনুসন্ধান] দোষানুসন্ধান।
ছিদ্রানুসন্ধানী-ছিদ্রানুসন্ধায়ী, ত্রি. [ছিদ্র+ অনুসন্ধানী] পরদোষান্বেষী।
ছিদ্রানুসারী, ত্রি. [ছিদ্র+অনুসন্ধান] দোষান্বেষী।
ছিদ্রান্তঃ, পুং. [ছিদ্র+অন্তর] নল, খাড়গা।
ছিদ্রাফল, ন. [ছিদ্রা+ফল] মায়াফল।
ছিদ্রান্বেষী, ত্রি. [ছিদ্রা+অন্বেষিন্] দোষা-ন্বেষী; গহ্বরসন্ধানী।
ছিদ্রিত, ত্রি. [ছিদ্র+ইত] কৃতছিদ্র, বে-ধিত, বিদ্ধ।
ছিত্বর, ত্রি. [ছিদ্+বর] ছিত্বর।
ছিনন, (প্রা) বলদ্বারা গ্রহণ, হরণ; ধরণ।
ছিনান, (প্রা) ঘালাগান, ঠেকান।
ছিনাল, (প্রা) বেশ্যা, কুলটা।
ছিনালীপনা, (প্রা) গণিকাকর্ম্ম, বেশ্যামি।
ছিনালি, (প্রা) লম্পটী, বেশ্যাদিগের চাতুরী।
ছিন্ন, ত্রি. [ছিদ্+ন] কৃতচ্ছেদন, ছাত, লূন, কৃত্ত, দাত, দিত, তিত, বৃক্ণ, কৃষ্ট, ছা-দিত, ছেদিত, খণ্ডিত; ছেঁড়া, কাটা; বিদীর্ণ।
ছিন্নক, ত্রি. [ছিন্ন+ক] অল্পছেদন।
ছিন্নকর্ণ, ত্রি. [ছিন্ন++কর্ণ] বিদ্ধকর্ণ।
ছিন্নকেশ, ত্রি. [ছিন্ন+কেশ] কৃপ্তকেশ, মুণ্ডিত, কৃতচুড়।
ছিন্নগ্রন্থিনিকা, স্ত্রী. [ছিন্ন+গ্রন্থিনিকা] ত্রিপর্ণিকা।
ছিন্নধন্বা, পুং. [ছিন্ন+ধন্বন্] রণস্থলে যে যোদ্ধার ধনুঃছিন্ন হইয়াছে।
ছিন্ননাস-ছিন্ননাসিক, ত্রি. [ছিন্ন+নাস-নাসিক] কর্ত্তিত নাসিকা।
ছিন্ননাস্য, ত্রি. [ছিন্ন+নাস্য] কর্ত্তিত নাসিকা-
ছিন্নপত্রী, স্ত্রী. [ছিন্ন+পত্রী] অম্বষ্ঠা।
ছিন্নবন্ধন, ত্রি. [ছিন্ন+বন্ধন] বন্ধনমুক্ত, বিমোচিত।
ছিন্নবিছিন্ন, ত্রি. [ছিন্ন+বিচ্ছিন্ন] ছিন্নভিন্ন, খণ্ডিত, ব্যবচ্ছিন্ন।
ছিন্নবেশিকা, স্ত্রী. [ছিন্ন+বেশ+ইকা] পাঠা, আকনাদিলতা।
ছিন্নভিন্ন, ত্রি. [ছিন্ন+ভিন্ন] বিকীর্ণ, প্রকীর্ণ, উদস্ত, বিক্ষিপ্ত প্রস্থত।
ছিন্নমস্ত-ছিন্নমস্তক, ত্রি. [ছিন্ন+কস্ত-ক] কবন্ধ, কর্ত্তিতশিরা, বিমস্তকিত।
ছিন্নমস্তা, স্ত্রী. [ছিন্নমস্ত+আ]দশমহাবিদ্যান্ত-র্গত ষষ্ঠ মহাবিদ্যা, প্রচণ্ডচণ্ডিকা।
ছিন্নমাংস, ন. [ছিন্ন+মাংস] খণ্ডমাংস।
ছিন্নরুহ, পুং. [ছিন্ন+রুহ] তিলকবৃক্ষ।
ছিন্নরুহা, স্ত্রী. [ছিন্নরুহ+আ] গুড়ূচী; স্বর্ণকেতকী; শল্লকী।
ছিন্নশিরা, ত্রি. [ছিন্ন+শিরা] কবন্ধ, ছিন্ন-মস্তক।
ছিন্নসংশয়, ত্রি. [ছিন্ন+সংশয়] অসংশয়, অসন্দিগ্ধ, নিঃসন্দেহ। [কৃত
ছিন্নহস্ত, ত্রি. [ছিন্ন+হস্ত] বিকলাঙ্গ, বিহস্তী-
ছিন্না, স্ত্রী. [ছিন্ন+আ] গুড়ূচী; পুংশ্চলী, বেশ্যা; ছিন্নমস্তা দেবী।
ছিন্নাঙ্গ, ত্রি. [ছিন্ন+অঙ্গ] হীনাঙ্গ, অপাঙ্গ, অঙ্গবিকল।
ছিন্নোদ্ভবা, স্ত্রী. [ছিন্ন+উদ্ভবা] গুড়ূচী।
ছিপ, (প্রা) বড়সীর সূত্রবন্ধদণ্ড, মৎস্যধরণ-যন্ত্র।
ছিপন-ছিপান, (প্রা) গোপন, লুকান, দানব।
ছিপী, (প্রা) পিধান, কূপাদি ছিদ্রপিধান, গুঁজি, ছিদ্ররোধক কাষ্ঠ।
ছিবড়া, (প্রা) চর্ব্বিত বস্তুরত্যক্ত কঠিনভাগ।
ছিম, (প্রা) বর্ব্বটী, শিম্বী, শিম।
ছিমড়া-ছিমড়ি, (প্রা) শুঁটী; অনাথ, পিতৃহীন।
ছিলকা, (প্রা) বল্কল, ত্বক, বাকল, ছোল, খোসা।

ছিলন, (প্রা) ত্বক্‌নির্ম্মোচন।
ছিলা, (প্রা) জ্যা, ধনুর্গুণ। [বৃক্ষ।
ছিলিহিণ্ড, পুং. [ছিলি+হিণ্ড] পাতালগরুড়
ছুঁচ, (প্রা) সূচি, সেবনী, কূর্চ্চিকা, সোমাজি, সুঁই।
ছুঁচা-ছুছা, (প্রা) গন্ধমূষিক, ছুছুন্দরী।
ছুচাল, (প্রা) সূক্ষ্মাগ্র, সূচ্যগ্র, আগাল।
ছুঁচিপাতন, (প্রা) আড়িপাতন, উঁকিমারণ, বিরলে দর্শন।
ছুচিয়াব্রহ্মজাল, (প্রা) বিষভুজঙ্গবিশেষ।
ছুঁড়ী, (প্রা) বয়স্থাকন্যা, নবযৌবনা।
ছুঁয়ন, (প্রা) স্পর্শন, ঠেকন, হস্তাদি যোগকরণ।
ছুকরী, (প্রা) বয়স্থাকন্যা।
ছুছুন্দরী, স্ত্রী. জন্তুবিশেষ, ছুঁছা, তৎপর্য্যায়। গন্ধমূষা, চিক্ক, বেশ্মনকুল, পুংবৃষ, গন্ধমূষিক, গন্ধমূষিকা, রাজপুত্রী, প্রতিমূষিকা, সুগন্ধিমূষিকা, গন্ধশুণ্ডিনী, শুণ্ডিমূষিকা, গন্ধাখু, গন্ধনকুল, চুঞ্চু, গন্ধমুখী, গন্ধসূয়ী, লিঙ্গালিকা।
ছুট, (প্রা) ত্যাগ, বর্জ্জন।
ছুটন-ছুটনি, (প্রা) পলায়ন, দ্রুতগমন।
ছুঁটা, (প্রা) পলায়িত, দ্রুত নির্গত।
ছুটাছুটি, (প্রা) পলায়ন, নির্গতি, দৌড়াদৌড়ি।
ছুটান, (প্রা) শীঘ্রগমন করান; ছাড়ান, এড়ান।
ছুটানী, (প্রা) মুঞ্চন, মুক্তি, ছাড়ানি।
ছুটালিয়া, (প্রা) ক্ষুদ্র; সামান্য; লঘু; ফড়িয়া।
ছুটী, (প্রা) বিদায়, বিরাম; উদ্ধার, ছাড়ানি।
ছুড়ন, (প্রা) প্রক্ষেপণ, ত্যাগকরণ, ছাড়ন।
ছুৎ, (প্রা) মারী, মারক, মড়ক।
ছুত-ছুতা (প্রা) ব্যাজ, ছল; উপলক্ষ; ওজর।
ছুতল, (প্রা) খল, প্রতারক, ঠক, বঞ্চক।
ছুতার. (প্রা) সূত্রধার, তক্ষক।
ছুদ্র, ন. প্রতীকরণ; রশ্মি, কিরণ।
ছুনি, (প্রা) ক্ষুদ্র, লঘু। [যুদ্ধ
ছুপ, পুং. [ছুপ্+অ] ক্ষুপ; স্পর্শন; চপল;
ছুপন, (প্রা) চাপন, জয়করণ, আক্রমণ, ধারণ, বাড়ন।
ছুপ্ত, ত্রি. [ছুপ্+ত] স্পৃষ্ট, সংস্পৃষ্ট।
ছুরা, স্ত্রী. [ছুর্+আ] চূর্ণ; সুধা।
ছুরিকা, স্ত্রী. [ছুর+ইকা] অস্ত্রবিশেষ, তৎপর্য্যায়।—অসিপুত্রী, অসিধেনুকা, ছুরী, শস্ত্রী, খুরী, ছুরী, কৃপাণিকা, ধেনুপুত্রী, ছুরিকা, কৃন্তনিকা, কৃন্তত্র, কর্ত্তরিকা।
ছুরিত, ত্রি. [ছুর্+ইত] খচিত; ছিন্ন।
ছুরিতোদর, ত্রি. [ছুরিত+উদর] ভেদ্যোদর।
ছুরী, স্ত্রী. [ছুর্+ঈ] ছুরিকা।
ছুলি-ছুলী, (প্রা) কচ্ছু, রোগবিশেষ; চামড়ী, মরামাস, খুকী।
ছুহারা, (প্রা) খর্জ্জুরবিশেষ।
ছূরিকা, স্ত্রী. [ছূর্+ইকা] বন্ধ্যাগাভী, অপ্রসূতা গো; ছুরিকা।
ছূরিকাপত্রী, স্ত্রী. [ছুরিকা+পত্রী] শ্বেতা
ছূরী, স্ত্রী. [ছূর্+ঈ] ছুরিকা
ছে, (প্রা) খণ্ড, টুকরা।
ছেই, (প্রা) হেয়বোধকশব্দ, ছিছি।
ছেঁওড়, (প্রা) ছেমণ্ড, মাতৃ পিতৃহীন।
ছেঁক-ছেঁকন, (প্রা) অন্তর, বিরাম, বিচ্ছেদ, নিবৃত্তি।
ছেঁচকা, (প্রা) তপ্তলৌহদ্বারা দগ্ধ।
ছেঁকচি-ছেঁচকি, (প্রা) ঈষৎভ্রষ্ট।
ছেঁচন, (প্রা) সেবন, অভিষেক, ক্ষালন।
ছেঁচড়া, (প্রা) নির্লজ্জ, অনপত্রপ, বেহায়া; দুষ্ট।
ছেঁচড়ামি, (প্রা) দুষ্টতা; নীচতা; শঠতা।
ছেঁচা, (প্রা) গতজল, গততোয়; মর্দ্দি।
ছেঁচোড়, (প্রা) অল্পস্তেয়কৃৎ, পাতিচোর; দুষ্টব্যক্তি।
ছেঁড়া, (প্রা) বিদারিত, বিদীর্ণ, ছিন্ন।
ছেঁদা, (প্রা) ছিদ্র, রন্ধ্র, গর্ত্ত।
ছেক, ত্রি. [ছো+ইক] গৃহাসক্ত পক্ষি বা মৃগ, গৃহক; নাগর।
ছেকতড়কে, (প্রা) কালে কালে, বারম্বার।
ছেকোক্তি, ত্রি. [ছেক+উক্তি] বক্রোক্তি, ব্যঙ্গোক্তি; পর্য্যায়োক্তি
ছেটন, (প্রা) প্রসারণ, প্রক্ষেপণ
ছেটা, (প্রা) প্রসৃত, বিকীর্ণ্য।
ছেত্তব্য, ত্রি. [ছিদ্+তব্য] খণ্ডনার্হ।
ছেত্তা, পুং. [ছিদ্+তৃ] ছেদনকর্ত্তা।

ছেত্তৃ, পুং. [ছিদ্+তৃ] ছিত্বর, ছিদুর।
ছেদ, পুং. [ছিদ্+অ] ছেদন; খণ্ড; ভগ্নাংশ।
ছেদক, ত্রি. [ছিদ্+অক] ছেদকর, বিভেদক, ছেত্তা।
ছেদকদন্ত, পুং. [ছেদক+দন্ত] রাজদন্ত।
ছেদকর, ত্রি. [ছেদ+কর] ছিত্বর, ছিদুর।
ছেদন, ন. [ছিদ্+অন] অস্ত্রদ্বারা দ্বিধাকরণ; তৎপর্য্যায়।—বর্দ্ধন, কর্ত্তন, কল্পন, ব্রশ্চন, ছেদ, খণ্ডন, ছিদা, ছিত্তি, লূনি, লাব, দাতি, দান; ভেদ।
ছেদনীয়, পুং. [ছিদ্+অনীয়] কতকবৃক্ষ; (ত্রি.) ছেদ্য, ছেদনার্হ।
ছেদি, ত্রি. [ছিদ্+ই] ছেদনকর্ত্তা, ছেদক।
ছেদিক, পুং. [ছিদ্+ইক] বেত্র, বেতস।
ছেদিত, ত্রি. [ছিদ্+ইত] ছিন্ন, কর্ত্তিত, দাত, দিত, খণ্ডিত।
ছেদিতব্য-ছেদ্য, ত্রি. [ছিদ্+ই-তব্য] ছেদনীয়; (ন.) অঙ্গচ্ছেদন।
ছেনা, (প্রা) আমিক্ষা; শাবক।
ছেনি, (প্রা) স্বর্ণকারাদির অস্ত্রবিশেষ।
ছেপ, (প্রা) নিষ্ঠীবন, থুথু, থুক।
ছেমণ্ড, পুং. [ছে+মণ্ড] পিতৃহীন, ছেমড়া।
ছেমুয়া, (প্রা) কর্কশ, নবস্বভাব, কর্কশশীল, বানি।
ছেলিয়া-ছেল্যা, (প্রা) বালক, বালিকা, অবগণ্ড।
ছেলিয়ামি-ছেল্যামি, (প্রা) বালকতা, চিড়চিড়াম।
ছেলী, (প্রা) ছাগল; মৃগের গাত্রচিহ্ন।
ছেলীপড়া, (প্রা) চিত্রিত, বিচিত্রিত, নানাবর্ণ; চিহ্নিত।
ছেলু, পুং. [ছেল্+উ] সোমরাজীবৃক্ষ।
ছোঁ, (প্রা) পক্ষ্যাদির শীকারার্থ অবনতাঙ্গ।
ছোঁয়ন-ছোঁআন, (প্রা) স্পর্শন, গ্রহণ, সংযুক্তকরণ।
ছোঁয়া, (প্রা) স্পর্শিত; কাকত্রাসকমূর্ত্তি।
ছোঁয়াচ, (প্রা) অপবিত্র, অশুদ্ধ।
ছোঁচা, (প্রা) ছুছুন্দরী; লোলুপ।
ছোঁচান, (প্রা) জলশৌচকরণ।
ছোঁচামি, (প্রা) লুব্ধতা।

ছোঁড়া, (প্রা) বালক।
ছোকরা, (প্রা) কিঞ্চিদ্বয়স্ক বালক, শিশু।
ছোট, (প্রা) লঘু, খাট, অল্প, কনিষ্ঠ, তুচ্ছ, নীচ, অধম।
ছোটন, (প্রা) দ্রুতগমন, শীঘ্রগতি, দৌড়ন; ছাড়ন।
ছোটঠাকুর, (প্রা) শ্বশুরের কনিষ্ঠ ভ্রাতা; অথবা অভীষ্ট দেবের কনিষ্ঠভ্রাতা।
ছোটঠাকুরপো, (প্রা) স্বামির কনিষ্ঠভ্রাতা; গুরুজনের কনিষ্ঠ পুত্র।
ছোটভগিনী, (প্রা) কনিষ্ঠাভগ্নী।
ছোটমা, (প্রা) কনিষ্ঠা বিমাতা; লক্ষ্মী; সম্পত্তি।
ছোটলঙ্কা, (প্রা) ধানী লঙ্কাবিশেষ।
ছোটলোক, (প্রা) নীচলোক, অধমলোক।
ছোটশিকার, (প্রা) লম্বকর্ণ, শশক।
ছোটক্ষীরঙ্গ, (প্রা) বৃক্ষবিশেষ।
ছোটা, (প্রা) মুক্ত, বিমোহিত; কদলীপত্রের ত্বক্; দৌড়ন, পলায়ন; রজ্জুবিশেষ।
ছোটিকা, স্ত্রী. [ছুট+ইকা] তর্জ্জন্যঙ্গুষ্ঠাঙ্গুলিধ্বনি।
ছোটী, পুং. [ছো+উটিন্] কৈবর্ত্ত, ধীবর।
ছোড়ন, (প্রা) বাণাদি প্রক্ষেপণ।
ছোড়ান, (প্রা) কুঞ্চিকা, তালারকাটী।
ছোপ, (প্রা) বস্ত্রাদিতে চিহ্ন, দাগ, অঙ্ক।
ছোপান, (প্রা) বস্ত্রাঙ্কন; চিহ্নকরণ।
ছোপড়া-ছোবড়া, (প্রা) নারিকেলাদির ত্বক্, খোসা, ছিলকা।
ছোবল, (প্রা) সর্পের দংশনবিশেষ।
ছোরণ, ন. [ছুর্+অন] পরিত্যাগ।
ছোরা, (প্রা) যমধার, ছুরিকা, ছোড়ন।
ছোল, (প্রা) ত্বক্, বল্কল, ছাল।
ছোলঙ্গ, পুং. [ছোল+অঙ্গ] মাতুলঙ্গ, টাবানেবু।
ছোলন, (প্রা) ত্বচাদির উত্তোলন, ছালতোলন; চাঁচা।
ছোলা, (প্রা) চণক; ত্বক্‌নির্ম্মুক্ত।
ছ্যা, (প্রা) তুচ্ছবাক্য, হেয়জ্ঞান, ঘৃণার্হশব্দ, ছিছি।

সের, দ্রোণচতুর্থ।

জ

জকার, ব্যঞ্জনাষ্টম বর্ণ। চ বর্গের তৃতীয় বর্ণ। ইহার উচ্চারণ তালু হইতে হয়, তস্য নামানি যথা--শব; বানর; শূলী; ভোগদা; বিজয়া; স্থিরা; বলদেব; জয; জেতা; ধাতকী; সুমুখী; বিভু; লম্বোদরী; স্মৃতি; শাখা; সুপ্রভা; কর্ত্তৃকা; ধরা; দীর্ঘবাহু; রুচি; হংস; নন্দী; তেজ; সুরাধিপ; জবন; বেগিত; বাম; মানবাক্ষ; সদাত্মক; হৃন্মারুত; ঈশ্বর; বেগী; আমোদ; মদবিহ্বল।

জ, পুং. মৃত্যুঞ্জয়; জনার্দ্দন; জনি, জন্ম; তাতমাত্র; বিষ; ভুক্তি; তেজ; পিশাচ; বেগ; (ত্রি.) বেগিত; জেতা; ভক্ষিত।

জইড়, (প্রা) জটা; বৃক্ষমূল।

জওহর, (যাং) হীরক, হীরা।

জকার, পুং. [জ+কার] জ বর্ণ।

জকারাদি, ত্রি. [জকার+আদি] জ আদিবর্ণ।

জকারান্ত, ত্রি. [জকার+অন্ত] জ অন্ত্যবর্ণ।

জকুট, ন. [জকৃ+উট] বার্ত্তাকুপুষ্প; (পুং.) মলয়পর্ব্বত; কুক্কুর।

জকৃসকিয়া, (প্রা) প্রকোপিত, জাতকোপ, উত্তেজিত।

জগচ্চক্ষুঃ, পুং. [জগৎ+চক্ষুস্] সূর্য্য।

জগজ্জনক, পুং. [জগৎ+জনক] বিশ্বকর্ত্তা, লোকোৎপাদক; বিষ্ণু; ব্রহ্মাদি

জগজ্জননী, স্ত্রী. [জগৎ+জননী] বিশ্বকর্ত্রী; দুর্গাদি।

জগঝম্প, (প্রা) বাদ্যযন্ত্রবিশেষ।

জগৎ, ন. [গম্+অৎ] বিশ্ব, তৎপর্য্যায়।— জগতী, লোক, পিষ্টপ, ভুবন, বিষ্টপ, চরাচর, পৃথিবী, ভু, ভব, ভূগোল, জীবাধার, জীবাজীবাধার, সংসার, ব্রহ্মাণ্ড, ভুতসৃষ্টি, বিশ্বলোক; (পুং.) বায়ু; (ত্রি.) জঙ্গম, অস্থায়ী।

জগৎকর্ত্তা, পুং. [জগৎ+কর্ত্তৃ] ব্রহ্মা।

জগৎকৃৎস্ন, ন. [জগৎ+কৃৎস্ন] সর্ব্বজগৎ।

জগদ্ঘাতী, পুং. [জগৎ+ঘাতী] বিশ্বঘাতক, সৃষ্টিনাশক। [রক।

জগত্তারক, পুং. [জগৎ+তারক] জগদুদ্ধা-

জগত্রয়, ন. [জগৎ+ত্রয়] ত্রৈলোক্য, ত্রিভুবন, ভুবনত্রয়; স্বর্গমর্ত্যপাতাল

জগত্ত্রাণ, ন. [জগৎ+ত্রাণ] বিশ্বত্রাণ, লোকউদ্ধরণ

জগত্ত্রাতা, পুং. [জগৎ+ত্রাতা] জগত্তারক।

জগৎপতি, পুং. [জগৎ+পতি] পৃথিবীশ্বর, সর্ব্বেশ্বর।

জগৎপাতা-জগৎপালক, পুং. [জগৎ+পাতা-পালক] স্থিতিকর্ত্তা, পালনকর্ত্তা।

জগৎপ্রাণ, পুং. [জগৎ+প্রাণ] বায়ু, পবন।

জগৎসমগ্র-জগৎসর্ব্ব, ন. [জগৎ+সমগ্র-সর্ব্ব] ব্রহ্মাণ্ড, বিশ্ব।

জগৎসাক্ষী, পুং. [জগৎ+সাক্ষিন্] সূর্য্য।

জগৎস্রষ্টা, পুং. [জগৎ+স্রষ্টৃ] ব্রহ্মা, বিশ্বস্রষ্টা, জগৎকর্ত্তা, বিশ্ববিধায়ী।

জগৎসৌহৃদ্য, ন. [জগৎ+সৌহৃদ্য] সর্ব্বভূতদয়া, বিশ্বপ্রীতি।

জগৎক্ষয়, পুং. [জগৎ+ক্ষয়] প্রলয়, কল্লান্ত, জহানক, জিহানক, সংবর্ত্ত, ক্ষয়।

জগতী, স্ত্রী. [জগৎ+ঈ] ভুবন; পৃথ্বী; জন; ছন্দোবিশেষ; জম্বুবপ্র।

জগতীধর, পুং. [জগতী+ধর] পর্ব্বত; মহীধর।

জগতীপতি-জগতীপাল, পুং. [জগতী+পতি-পাল] লোকপাল, লোকেশ্বর।

জগতীভুক্, পুং [জগতী+ভুজ্] ক্ষ্মাভুক্, মহীভর্ত্তা।

জগতীরুহ, পুং. [জগতী+রুহ] বৃক্ষ।

জগদণ্ড, পুং. [জগৎ+ অণ্ড] ব্রহ্মাণ্ড।

জগদন্ত, পুং. [জগৎ+অন্ত] কল্প, ভববীতি।

জগদন্তক, পুং. [জগৎ+অন্তক] বিশ্বনাশক, প্রলয়কর্ত্তা, অন্তক। [দি।

জগদম্বা-জগদম্বিকা, স্ত্রী. [জগৎ+অম্বা] দুর্গা-

জগদাত্মক, ত্রি. [জগৎ+আত্মক] সর্ব্বব্যাপী, সর্ব্বত্রগ, জগদ্ব্যাপী।

জগদাত্মা, পুং. [জগৎ+আত্মন্] পরব্রহ্ম, তৎপর্য্যায়।--অখিলাত্মা, চিদ্রূপ, নি-

গুণ, সচ্চিদানন্দ, নিষ্ক্রিয়, ব্রহ্ম, তত্ত্ব, পরমাত্মা ; লোকাত্মা। [জগদাশ্রয়।
জগদাধার, পুং. [জগৎ+আধার] বায়ু;
জগদারম্ভ, পুং. [জগৎ+আরম্ভ] আদ্যসৃষ্টি।
জগদীশ-জগদীশ্বর,পুং.[জগৎ+ঈশ]বিষ্ণ্বাদি।
জগদীশ্বরী, স্ত্রী. [জগৎ+ঈশ্বরী] দুর্গা।
জগদুৎপত্তি, পুং. [জগৎ+উৎপত্তি] বিশ্ব-বিধান।
ঝুল, (প্রা) দীপধ্বজ, ধূমযোনিতকালী।

ঝুলন, (প্রা) ঝোলন, দোলন, লট্‌কন।

ঝুলনযাত্রা, (প্রা) হিন্দোলযাত্রা।

ঝুলনী, (প্রা) দোলায়মান, দোদুল্যমান।

ঝুলাঝুলি, (প্রা) ইতস্ততঃ পরস্পর বিচলন।

ঝুলী, (প্রা) থলী, থৈলী, বগলী, ঝোলা আধার।

ঝূঁঠ, (প্রা) মিথ্যা, কল্পিত।

ঝূঁঠা, (প্রা) মিথ্যাবাদী।

ঝূণি, পুং. [ঝুণ্+ই] ক্রমুকভেদ, গুবাক-বিশেষ; দুষ্টদৈবশ্রুতি।

ঝেঁটা, (প্রা) সংমার্জ্জনী।

ঝেঁতলা, (প্রা) কট, মাদুরভেদ।

ঝোঁক, (প্রা) ঝুঁক।

ঝোটন, (প্রা) ককুৎ, চূড়া।

ঝোড়, পুং. গুবাকবৃক্ষ।

ঝোড়-ঝোপ, (প্রা) গুল্মীবৃক্ষ, গুল্ম।

ঝোপড়া-ঝোপড়ী, (প্রা) কুটীর, কুঁড়েঘর।

ঝোর, (প্রা) পর্ব্বতের জলপ্রবাহ, ঝরণা।

ঝোরণা, (প্রা) জলপ্রপতন, জলমার্গ।

ঝোল, (প্রা) যূষ, ব্যঞ্জনাদির রস।

ঝোলা-ঝোলি, (প্রা) দোলা, দলদলিয়া।

ঞ ঞকার; ব্যঞ্জনের দশম বর্ণ। চবর্গের পঞ্চম বর্ণ। ইহার উচ্চারণ তালু হইতে হয়। অস্য নামানি যথা ঞকার; বোধনী; বিশ্বা; কুণ্ডলী; মখদ; বিয়ৎ; কৌমারী; নাগবিজ্ঞানী; সব্যাঙ্গুলনখরোবক; সর্ব্বেশ; চূর্ণিতা; বুদ্ধি; স্বর্গাত্মা; ঘর্ঘরধ্বনি; ধর্ম্মৈকপাদ; সুমুখ; বিরজা; চন্দনেশ্বরী; গায়ন; পুষ্পধন্বা; রাগাত্মা; বরাক্ষিণী।

ঞ, পুং. গায়ন; ঘর্ঘরধ্বনি; বলিবর্দ্দ; শুক্র; বামমতি।

ঞি, পুং. প্রত্যয়বিশেষ, প্রেরণার্থ; ধাতুর অনুবন্ধবিশেষ।

ঞকার, পুং. [ঞ+কার] ঞবর্ণ।

ঞকারাদি, ত্রি. [ঞকার+আদি] ঞ আদিবর্ণ। [ক্ষর।

ঞকারান্ত, ত্রি. [ঞকার+অন্ত] ঞ শেষা-

ঞ্যন্ত, পুং. [ঞি+অন্ত] ঞি প্রত্যয়ান্ত; মুগ্ধবোধ ব্যাকরণের পংক্তিচ্ছেদ বিশেষ।

ট টকার। ব্যঞ্জনের একাদশ বর্ণ। টবর্গের প্রথমাক্ষর। ইহার উচ্চারণ মূর্দ্ধা হইতে হয়। অস্য নামানি যথা।-- ট; টঙ্কার; কপালী; সোমবা; খেচরী; ধ্বনি; মুকুন্দ; বিনদা; পৃথ্বী; বৈষ্ণবী; বারুণী; নব; দক্ষাঙ্গার্দ্ধচন্দ্র; জরা; ভূমি; পুনর্ভব; বৃহস্পতিধনু; চিত্রা; প্রমোদা; বিমলা; কটি; রাজা; গিরি; মহাধনুঃ; প্রাণাত্মা; সুমুখ; মরুৎ।

ট, ন. করঙ্ক, নারিকেলের খোল; (পুং.) বামন; পাদ; নিঃস্বন। [ভূষণ।

টইয়া, (প্রা) চক্কার উপরিস্থ পক্ষচামরাদি

টক, (প্রা) অম্লরস, অম্লতা।

টকার, পুং. [ট+কার] টবর্গের আদিবর্ণ।

টকারাদি, ত্রি. [টকার+আদি] ট আদিবর্ণ।

টকারান্ত, ত্রি. [টকার+অন্ত] ট বর্ণ অন্তে।

টকুয়া, (প্রা) অম্লস্বভাব, টকো।

টক্‌টক্‌, (প্রা) রক্তবর্ণ, লোহিতবর্ণ, লাল রং।

টক্‌টকিয়া, (প্রা) লোহিতবর্ণ, শোণিতবর্ণ।

টঙ্কদেশীয়, পুং. [টঙ্ক+দেশীয়] বাস্তুকশাক

টক্কর, (প্রা) আঘাত, ঠোকর, চোট, ঘা; জিগীষা।

টগর, (প্রা) পুষ্পবিশেষ

টগর, পুং. টঙ্কণক্ষার; তেলাবিভ্রম গোচর; (ত্রি.) কেকরাক্ষ।

টগরিয়া, (প্রা) বাচাল, বহুভাষী, ফড়্‌ফড়্যা, বড়্‌বড়্যা।

টঙ্ক, পুং. [টন্‌ক্‌+অ] কোপ; কোষ; খড়্গ; গ্রাবদারণ; পরিমাণবিশেষ, চারিমাসা কিম্বা চব্বিশ রত্তিকা পরিমাণ; জঙ্ঘা; দর্প; মুদ্রা; (পুং. ন.) নীলকপিত্থ; খনিত্র; টঙ্কণ; দর্প।

টঙ্কক, পুং. [টঙ্ক+ক] রজতমুদ্রা, টাকা।

টঙ্ককপতি, পুং. [টঙ্কক+পতি] রূপাধ্যক্ষ, টঙ্ককশালানিযুক্ত, টাঁকশালের অধ্যক্ষ, নৈষ্কিক। [গৃহ, টাঁকশাল।

টঙ্ককশালা, স্ত্রী. [টঙ্কক+শালা] মুদ্রানির্ম্মাণ

টঙ্কটীক, পুং. [টঙ্ক+টীক] শিব।

টঙ্কণ, পুং. [টঙ্ক+অন] ক্ষারবিশেষ, তৎপর্য্যায়।--পাচনক, মালতীতীরজ. লোহশ্লেষণ, রসসোধন, টঙ্কণক্ষার, রঙ্গক্ষার, রসাধিক, লোহদ্রাবী, রসঘ্ন, সুভগ, রঙ্গদ, বর্ত্তুল, কনক, ক্ষার, মলিন, ধাতুবল্লভ, মালতীতীরসম্ভব, দ্রাবী, দ্রাবক, লোহশুদ্ধিকারক, স্বর্ণপাচক; টঙ্কন; সোহাগা; বন্ধন।

টঙ্কপতি, পুং. [টঙ্ক+পতি] রূপাধ্যক্ষ, টাঁকশালাধ্যক্ষ।
টঙ্কশালা, স্ত্রী. [টঙ্ক+শালা টঙ্কনির্ম্মাণাগার, টাকশাল।
টঙ্কা, স্ত্রী. [টঙ্ক+আ] জঙ্ঘা ; পর্ব্বত পার্শ্ব।
টঙ্কা, (প্রা) রজতমুদ্রা, টাকা।
টঙ্কাঙ্কয়িতা, পুং. [টঙ্ক+অঙ্কয়িতা] মুদ্রাকর, মুদ্রাঙ্কক।
টঙ্কানক, পুং. [টঙ্কা+অনক] ব্রহ্মদারুবৃক্ষ।
টঙ্কার, পুং; [টক+আর] বিস্ময়; প্রসিদ্ধ; শিঞ্জিতধ্বনি।
টঙ্কারিয়া, (প্রা) অঙ্গগ্রহ, আকর্ষণী।
টঙ্কারী, স্ত্রী. [টঙ্কার+ঈ] ক্ষুপবিশেষ, টেকারী।
টঙ্কিত, (প্রা) নিরূপিত মূল্য, বিগণিত, যাচা, অগ্রসূচা ; শব্দিত।
টঙ্গ, পুং.ন. [টঙ্গ্+অ] খনিত্র; খড়্গভেদ; জঙ্ঘা ; (পুং.) টঙ্কণ, সোহাগা ; চতুর্মাসকপরিমাণ।
টঙ্গন, পুং, [টঙ্গ+অন] টঙ্কণ, সোহাগা।
টঙ্গিনী, স্ত্রী. [টঙ্গিন্+ঈ] বৃক্ষবিশেষ, আকনাদি।
টটুনী, স্ত্রী. [টটুন্+ঈ] জ্যেষ্ঠী, টিকটিকী।
টটুরী, স্ত্রী. [টটুর+ঈ] মৃষাবাদ; লম্পাবাদ্য; পটহবাদ্য।
টটুর, পুং. [টট্+উর] ভেরীশব্দ, ঢেঁড়ারাধ্বনি।
টণ্ডা-টণ্ডাঈ, (হি) বিবাদ, কলহ, ঝকড়া
টনক, (প্রা) হটাৎ স্মরণ, জ্ঞাপকবিষয়।
টনকনড়া, (প্রা) স্মৃতিগোচর।
টন্‌ক্, (প্রা) কঠিন, শক্ত, দৃঢ়।
টন্‌টনানি, (প্রা) তীক্ষ্ণবেদনা, তীব্রবেদনা।
টন্‌টনিয়া, (প্রা) বেদনাজনক, পীড়াকর; দৃঢ়; সম্পূর্ণ; রাশিকৃত।
টপ্‌কান, (প্রা) উল্লঙ্ঘন, লম্ফন, ডিঙ্গন; অনবরত ধারা স্রবণ।
টপ্পা, (প্রা) চুম্বকগান, গীতবিশেষ।
টয়ে, (প্রা) ঢক্কালঙ্কার বিশেষ।
টলন, ন. [টল+অন] বিক্লব, বৈক্লব্য, ক্ষোভ, ব্যামোহ, টলা।
টলন, (প্রা) হেলন, দোলন, লড়ন, অস্থির হওন, চঞ্চলহওন; স্খলন।
টলনীয়, ত্রি. [টল+অনীয়] টলনার্হ।
টলটলায়মান, (প্রা) দোদুল্যমান, টলমল।
টলনিয়া-টলা, (প্রা) চঞ্চল, আন্দোলিত, অস্থির।
টলাবাঘ, (প্রা) বিড়ালাকৃতি ব্যাঘ্রবিশেষ।
টলটল, (প্রা) বিচলন, চলন।
টলটলিয়া, (প্রা) চঞ্চল, চপল, তরলিত।
টলদা, (প্রা) লতাবিশেষ।
টলমল, (প্রা) উদ্ভ্রমণ; অস্থিরগতি।
টলমলিয়া, (প্রা) অধোর্দ্ধগতি, লোল, চপল।
টলিত, [টল+ইত] চঞ্চল
টল্ল্বা, (প্রা) অস্থির, অধীর, অনবস্থিত, চলস্বভাব।
টস্-টস্‌টস্, (প্রা) বৃষ্টির জলবিন্দুপতিতশব্দ।
টস্কা, (প্রা) আশুভেদ্য, মড়কা, টুস্কা, টুস্‌কু।
টহল, (প্রা) ভিক্ষার্থ গানপূর্ব্বক পর্য্যটন; কোন উৎসব কার্য্যার্থ দ্রব্যাদি আহরণকরণ।
টহলন, (প্রা) গাইতে২ পর্য্যটন, ভিক্ষাকরণ।
টহলনী, (প্রা) ইতস্ততঃ ভ্রমণ।
টহলা, (প্রা) ভ্রমণ, ইতস্ততঃগমনাগমন।
টহলান, (প্রা) ছলপূর্ব্বক কালক্ষেপণ, টালন।
টহলানিয়া, (প্রা) ইতস্ততঃ সঞ্চালিত।
টা, স্ত্রী. পৃথিবী; শপথ।
টাউরাণ, (প্রা) শীতে শঙ্কুচিতহওন, শীতদ্বারা রোমাঞ্চিত হওন।
টাঁফন, (প্রা) অগ্রসূচন, যাচন; সিঁয়ান।
টাকা, (প্রা) সিঁয়ানি, সেলাই; যাচিত; অগ্রসূচন
টাক, (প্রা) ইন্দ্রলুপ্ত, কেশধ্বংস, খল্লিট।
টাকপড়া, (প্রা) কেশহীন, ইন্দ্রলুপ্ত, খল্লিট।
টাকশাল, (প্রা) রজতমুদ্রা গৃহ, টঙ্কালয়।
টাকা, (প্রা) রৌপ্যমুদ্রা, তঙ্কা।
টাকুয়া, (প্রা) তর্কু, কার্পাসনাসিকা, সম্পাট, মেরুযন্ত্র।
টাকুর, (প্রা) তাঁতির চরকী, নাটাই।
টাকুরাই, (প্রা) অঙ্গগ্রহ, ধনুষ্টঙ্কার, বাতরোগ।
টাকুরা, (প্রা) মুখের তালু, তালুকা, কাকুদ।

টাঙ্কর, পুং [টাং+কর] নাগবীট, অধমাচার, লম্পট।

টাঙ্গ, (প্রা) কুদ্দাল; চরণ; সোহাগা।

টাঙ্গন, (প্রা) ঝুলন; পর্ব্বতীয় অশ্ববিশেষ।

টাঙ্গা, (প্রা) প্রলম্ব, লম্বমান্।

টাঙ্গান, (প্রা) লম্বিতকরণ, দোলন।

টাঙ্গী, (প্রা) কুঠার, পরশু, যুদ্ধাস্ত্র, কুড়াল।

টাট, (প্রা) পূজার্থ তাম্রময় পাত্র; চট।

টাটান, (প্রা) ব্যথাকর, শুষ্ক।

টাটি, (প্রা) বংশাদিনির্ম্মিত আচ্ছাদন, আবরক, আগড়, বেড়া, ঝাঁপ।

টাটী, (প্রা) পানপাত্র, কটোরা, খুরি, বাটী।

টাটু, (প্রা) ক্ষুদ্রাশ্ব, পশ্চিমদেশজাত ঘোটকবিশেষ।

টাটুয়া, (প্রা) সূর্য্যাদগ্ধ, রৌদ্রপোড়া।

টাটকা, (প্রা) সদ্যস্কালীন, সদ্যস্ক, অশুষ্ক, বিম্লান।

টান, (প্রা) আকর্ষণ, খেঁচা; নদীরস্রোত; অপ্রাপ্তি, দুর্ম্মূল্য; কঠিন।

টানন, (প্রা) আকর্ষণ, খেঁচন, লট্কান; ডাঁড় মারণ।

টানা, (প্রা) আকৃষ্ট; বস্ত্রেরদীর্ঘসূত্র; দূর; কুস্বর; বিলম্বিত।

টানাটানি, (প্রা) জিগীষা; স্পর্দ্ধা; অপ্রতুল

টানিত, (প্রা) আকৃষ্ট, কৃতাকর্ষণ।

টাপর, (প্রা) ঈষৎপ্রহার, লঘ্বাঘাত, লঘুপ্রহার।

টাপু, (প্রা) দ্বীপ, পুলিন, চড়া; ক্ষুদ্রস্থান।

টামটুম, (প্রা) ক্ষুদ্রকর্ম্ম, নীচব্যবসা

টায়টায়, (প্রা) সমানেসমান, অলভ্য, আসলাসল।

টার, পুং. [টার্+অ] বাটী; লঙ্গ; তুরঙ্গ।

টাল, (প্রা) ছলদ্বারা কালহরণ, ব্যাজ, বিলম্ব, ছল, চক্রমক্র, ওজর।

টালন, (প্রা) ছলদ্বারাকালহরণ, বিলম্বন, কালযাপন; ছলন, মিথ্যাহেতু কহন, ওজরকরণ।

টালমটাল, (প্রা) অপদেশ, ব্যপদেশ, মিথ্যাহেতু, ব্যাজ

টিকন, (প্রা) বহন, রহন, থাকন, বাঁচন।

টিকর, (প্রা) উন্নত, মধ্যোন্নত।

টিকরা, (প্রা) পক্ষীভেদ।

টিকা, (প্রা) গুল, অঙ্গারাদিদ্বারা নির্ম্মিত অগ্নিজ্বালনদ্রব্য; কপালভূষা; বসন্তাবাহন।

টিকারা, (প্রা) বাদ্যবিশেষ, ধামসা, ডঙ্কা।

টিকী, (প্রা) চূড়া, শিখা, মস্তকের কেশগুচ্ছ, ঝুঁটি।

টিক্‌টিক্, (প্রা) প্রতিষেধ, প্রতিষেধোক্তি, নিষেধোক্তি, বারণ।

টিকটিকন, (প্রা) কালমাপক যন্ত্রধ্বনি।

টিকটিকী, (প্রা) গৃহগোধিকা, জ্যেষ্ঠী।

টিকলী, (প্রা) চাক্তি, টুকরা, ফালি।

টিটারি, (প্র) টিট্টিভ পক্ষী।

টিটিভক, পু. [টিটি+ভক] টিট্টিভপক্ষী।

টিট্‌কার, (প্রা) অবজ্ঞা, নিন্দা, ধিক্কার।

টিটির, (প্রা) টিট্টিভপক্ষী।

টিট্টিভ-টিট্টিভক, পুং. [টিট্টি+ভ-ক] পক্ষীবিশেষ, টীঠি, টীঠিভক, টিটিভক; ত্রয়োদশমন্বন্তরীয় ইন্দ্রশত্রু দানববিশেষ।

টিণ্টিনিকা, স্ত্রী. [টিং+টিনিকা] অম্বুশিরীষিকা।

টিণ্ডিশ, পুং. [টিন্+ডিশ] বৃক্ষবিশেষ, ডিণ্ডিশা, ঢেঁড়শী, তৎপর্য্যায়।—রোমশফল, তিন্দিশ, মুনিনির্ম্মিত, ডিণ্ডিশ।

টিপন, (প্রা) টীপন, দৃঢ়রূপেধরণ, সম্পীড়ন, চাপন। [চাপা।

টিপনী, (প্রা) সূক্ষ্মবৃষ্টিপাত; টিপ্পনী; টীকা;

টিপা, (প্রা) অবচ্ছেদ, চাপাচিহ্ন, খাঁজ, টেপা

টিপ্পনী, স্ত্রী. [টিপ্+পনী] টীকা।

টিম্‌টিম, (প্রা) প্রদীপনিমীলন; ক্ষুদ্রডিণ্ডিমধ্বনি।

টিয়া, (প্রা) পক্ষীবিশেষ।

টীকা, স্ত্রী. [টীক+আ] বিবরণগ্রন্থ, ভাষ্য, ভাষ্য, টিপ্পনী, ব্যাখ্যা, নিবন্ধ, বার্ত্তিক, সূত্রব্যাখ্যা, অর্থের বিবরণ; সঙ্কেত; খুঁট।

টীকাকার, পুং, [টীকা+কার] ভাষ্যকৃৎ, ভাষ্যকার, চূর্ণিকৃৎ, নিবন্ধা, প্রকাশক, ব্যাখ্যাত

টীপ, (প্রা) কপালচিহ্ন, ফোঁটা; অর্থসম্বলিত পত্র; হুণ্ডী।

টুঁটী, (প্রা) কণ্ঠ, গলা, গলারনলী।

টুক-টুকি, (প্রা) টুকুরা, খণ্ড, লেশ, কুটি; ভগ্নাংশ, গুঁড়া।

টুকুরী, (প্রা) ঝুঁড়ী, চুপড়ী, চেঙ্গারী।

টুক্‌টুক, (প্রা) রক্ততা, রক্তিমা, অরুণিমা।

টুক্‌টুকিয়া, রক্তবর্ণ, অরুণ, অরুণবর্ণ।

টুঙ্কার, (প্রা) ধ্বনি, শব্দ।

টুঙ্কি, (প্রা) বিটঙ্ক, কপোতাগার।

টুট, (প্রা) ন্যূনতা, ত্রুটি, মূল্যহ্রাস।

টুটন, (প্রা) অল্পীভূতহওন, ঘাটন; শ্রমছাড়ন; ভাঙ্গন।

টুণ্টুক, পুং. [টুণ্ট্‌+ক] শ্যোণাকবৃক্ষ; কৃষ্ণখদিরবৃক্ষ; পক্ষীবিশেষ, টুণ্টুনি; শ্যোণাকপ্রভেদ; (ত্রি.) নীচ; ক্রুর।

টুণ্টুকা, স্ত্রী. [টুণ্টুক+আ] টঙ্গিনীবৃক্ষ।

টুন্‌টুন, (প্রা) ক্ষুদ্রঘণ্টাধ্বনি।

টুন্‌টুনি, (প্রা) স্বনামখ্যাত পক্ষী।

টুনাকা, স্ত্রী. [টুনাক+আ] তালমূলীবৃক্ষ।

টুপী, (প্রা) মস্তকাবরণবস্ত্র, মস্তকাভরণ, টোপ, তাজ।

টুপোকুল, (প্রা) সুপক্কবদরীফল।

টুম-টুম্‌টাম, (প্রা) সামান্যব্যাপার,ক্ষুদ্রকর্ম্ম, অধমক্রিয়া।

টুসা-টুস্‌ক, (প্রা) ভঙ্গুর, সুখভেদ্য, সুভেদ্য, মড়্‌কা, ঠুনকা।

টেক, (প্রা) বক্রীভাব; নদীর বাঁক।

টেঁকন, (প্রা) বহুকালবাঁচন, বহন, থাকন,।

টেঁটা (প্রা) তিমিবেধনার্থশূল, ধীবরী, মকর বেধনী, তিমিবেধনী, তেকোলা বস্ত্র।

টেটারী, (প্রা) কংসবণিক্‌, কাঁসারি।

টেপা, (প্রা) মৎস্যভেদ; বাতফুল্ল, ধ্মাত, শ্বাসপূরিত, স্ফীত, বায়ুপূর্ণ।

টেপাগোঁজা, (প্রা) অধম, নীচ পামর।

টেপাল, (প্রা) স্ফীত, প্রস্ফুরিত, উচ্ছুন, শোথযুক্ত।

টেকাও, (প্রা) সংস্থিতি, নিত্যতা।

টেকুয়া-টেকো, (প্রা) সূত্রকাটনের যন্ত্র, তর্কু, কার্পাসনাসিকা।

টেঙ্গরা, (প্রা) ত্রিকণ্টক; মৎস্যভেদ।

টেঙ্গাছাতী, (প্রা) গোময়ছত্র, অতিচ্ছত্র।

টেড়ন, (প্রা) বক্রহওন, বাঁকন, আড়ন, ঢলন। [তির্য্যক্‌।

টেড়া, (প্রা) বক্র, বাঁকা, হেলা, কুটিল,

টেড়াদৃষ্টি-টেরাদৃষ্টি, (প্রা) কুটিলাক্ষি, বক্রদৃষ্টি, ঈষদ্দৃষ্টি, কেকর, টেরক।

টেনা, (প্রা) চীরবস্ত্র, কানি, টেনি।

টেনাপোঁদা, (প্রা) চীরবস্ত্রী।

টেপ, (প্রা) অঙ্গুলির দ্বারা অঙ্গ পেষণ, চাপা, দারা, ঠেসা।

টেপন, ন. [টিপ+অন] ক্ষেপণ।

টের-টেরক, ত্রি. [টের+অ-ক] বক্রচক্ষু, বলির, কেকর, কেদর, টগর, জিহ্মদৃষ্টি, টেরা। [বক্রতা।

টের, (প্রা) প্রান্ত; ঈষদুপলব্ধি; প্রমাণ;

টেরা-টেরচা, (প্রা) বক্র, আড়।

টেরে, (প্রা) বক্ররূপে; দূরে।

টোকা, (প্রা) শোধন, ধান্যচালন, মথন, ধান্য প্রস্ফোটন।

টোকক, (প্রা) কুচ্ছাবাদী, নিন্দক, বিবাদী।

টোকর, (প্রা) আঘাত, চোট, উচট, টক্কর; ঈষদঙ্গুলাঘাত

টোকরপাড়া, (প্রা) সংরুদ্ধচেষ্ট, প্রতিবন্ধ।

টোকৃরা, (প্রা) ঝুঁড়ী, বেত্রনির্ম্মিতাধার, চুপড়ী।

টোকা, (প্রা) অঙ্গুলিঘাত, ঠোকা; ছত্রবিশেষ; ক্রমিখাদিত, কাটা; সুচিরদ্বারা সেলাইকরা; প্রতিকথার উত্তর; অল্প সংকেত।

টোঙ্গর, (প্রা) মুসলমানের প্রতি ভর্ৎসিত বাক্যপ্রয়োগ।

টোটা, (প্রা) ভগ্ন; খণ্ড; আগ্নেয় চূর্ণকোষ, চূর্ণগুলিকাকোষ।

টোটো, (প্রা) ইতস্ততঃভ্রমণ, পর্য্যটন।

টোন, (প্রা) তূণ।

টোনা, (প্রা) ইতরলোকের সামান্য মশারি।

টোপ, (প্রা) মৎস্যেরআহার, চার; শিরোস্ত্র; বিন্দু; টোল।

টোপবৎ, (প্রা) বিম্বাকার; গণ্ডাকার; স্ফীত।

টোপর, (প্রা) শিরস্ত্র, মুকুট, টোপী।
টোপান, (প্রা) স্তোকেং পতন, ক্ষরণ!
টোপী, (প্রা) শিরচ্ছাদন, ঢাকনা।
টোবান, (প্রা) প্রেরণকরণ, পাঠান, চলান।
টোল, (প্রা) চতুষ্পাটী, চৌবাড়ী; কুটীর; ক্ষত; অসমান।
টোলা-টোলী, (প্রা) পল্লী, পাড়া, মহাল্লা।
ট্যা-ট্যাঁট্যাঁ, (প্রা) নববালকের ক্রন্দনধ্বনি।
ট্যাঁস, (প্রা) পরুষধ্বনি
ট্যামট্যাম্, (প্রা) ক্ষুদ্র পটহধ্বনি
ট্যামট্যামী, (প্রা) ক্ষুদ্রপটহ।

ঠ ঠকার; টবর্গের দ্বিতীয়বর্ণ; ব্যঞ্জনের দ্বাদশ বর্ণ; ইহার উচ্চারণ মূর্দ্ধা হইতে হয়; অস্য নামানি যথা;—শূন্য; মঞ্জরী; বীজ; পাণিনী; লাঙ্গলী; ক্ষয়া; বনজ; নন্দন; জিহ্বা; সুনঞ্জ; ঘূর্ণক; সুধা; বর্ত্তুল; কুণ্ডল; বহ্নি; অমৃত; চন্দ্রমণ্ডল; দক্ষজা,মুরুভাব; দেবভক্ষ; বৃহদ্ধ্বনি; একপাদ; বিভূতি; ললাট; সর্ব্বমিত্রক; বৃষঘ্ন; নলিনী; বিষ্ণু; মহেশ; গ্রামণী; শশী।
ঠ, পুং. শিব; মহাধ্বনি; চন্দ্রমণ্ডল; মণ্ডল; শূন্য; লোকগোচর; প্রতিমা; দেবতা।
ঠক, (প্রা) খল, দুষ্ট, কর্ণেজপ, প্রতারক, ছলী।
ঠকঠকি, (প্রা) পরস্পর প্রবঞ্চনা করণ।
ঠকান, (প্রা) প্রবঞ্চনাকরণ, প্রতারণ,হারান।
ঠকামি, (প্রা) ভেদকরা, প্রতারণা।
ঠকার, পুং. [ঠ+কার] ঠ বর্ণ।
ঠকারাদি, ত্রি. [ঠকার+আদি] ঠ আদিবর্ণ।
ঠকারান্ত, ত্রি. [ঠকার+অন্ত] ঠ অন্ত্যবর্ণ।
ঠকুর, পুং. দেবতা, ঠাকুর) [রাণী।
ঠকৃঠকী, (প্রা) দায়, ঝঞ্ঝাট, উৎপাত, ঘব-
ঠগ, (প্রা) খল, দুষ্ট, ছলী।
ঠগামি, ([illegible]) ভেদকরা, প্রতারণা, প্রবঞ্চনা।
ঠটিয়া, (প্রা) কর্কশ, অপ্রীতিজনক।
ঠট্টা, (প্রা) ব্যঙ্গ, উপহাস, অবক্ষেপ, বিদ্রূপ, গদ্দি।
ঠট্টাবাজ, (হি) বিদ্রূপী, উপহাসকারক
ঠঠং-ঠঠঠং, ব্য. অনুকরণশব্দ, ঠন্‌ঠন্‌শব্দ।
ঠঠন, (প্রা) ঘণ্টাদিরশব্দ, বাজন।
ঠঠনান, (প্রা) ঝঞ্চনান, বাজান।
ঠণ্ডা, (হি) শীত, শীতল, হিমকর, স্নিগ্ধ।
ঠণ্ডী, (হি) স্নিগ্ধ; কফ।
ঠনমনিয়া, (প্রা) বিক্লবগতি, চলবিচল।
ঠমক, (প্রা) প্রাগল্‌ভ্য, সমারোহ, আড়ম্বর
ঠসা, (প্রা) বধীর, কল্ল, কালা
ঠস্‌ঠসিয়া, (প্রা) শিথিল, স্রস্ত, শ্লথ
ঠাওরণ, (প্রা) ঠহরণ, কল্পন, বিবেচনাকরণ, চিন্তন, স্থিরকরণ, চাহন।
ঠাঁই, (প্রা) নিকট, স্থান, সঙ্গে, পরিবর্ত্তে।
ঠাকুর, (প্রা) দেবতা; গুরু; মান্যব্যক্তি; ব্রাহ্মণ।
ঠাকুরকোঠা--ঠাকুরঘর-ঠাকুরবাড়ী, (প্রা) দেবালয়, দেবগৃহ, দেবমন্দির; প্রাসাদ।
ঠাকুরঝী, (প্রা) শ্বশুরকন্যা; গুরুকন্যা।
ঠাকুরণ-ঠাকুরাণী, (প্রা) দেবী; গুরুমাতা; মান্যা স্ত্রী।
ঠাকুরদাদা, (প্রা) পিতামহ, পিতৃপিতা; মাতামহ, মাতৃপিতা।
ঠাকুরদীদী, (প্রা) পিতামহী; মাতামহী।
ঠাকুরপো, (প্রা) শ্যালক; ভগ্নিপতি; দেবর।
ঠাকুরবাপ, (প্রা) পিতামহ।
ঠাকুরমা, (প্রা) পিতামহী।
ঠাকুরাণীদীদী, (প্রা) পিতামহী।
ঠাকুরালী, (প্রা) কর্ত্তৃত্ব, মান্যতা।
ঠাট, (প্রা) ছলনা, ভঙ্গি; ঘটা; ভিড়; পাণ্ডুলেখ্য; ছাঁচ; কাটাম।
ঠাটর, (প্রা) পাণ্ডুলেখ্য; কৃত্রিম অনিত্যরূপ।
ঠাট্টা, (প্রা) বিদ্রূপ, উপহাস, ব্যাঙ্গোক্তি, অবপেক্ষ
ঠাঠঠমক, (প্রা) জমক, প্রাগল্‌ভ্য; ভুমুতড়াক; জাঁকজমক, ডিল্‌ডালী, বড়্‌ফট্টাই।
ঠাঠঠমকী, (প্রা) আড়ম্বরী, সটোপ; ভুমুতড়াকী, জাঁকজমকী।
ঠাড়, (প্রা) উন্নত, উচ্চ, দণ্ডায়মান।
ঠাণ্ডা, (হি) শীতল; কুশলী।
ঠাণ্ডাই, (হি) শীতলতা; কুশলতা।

ঠাণ্ডী, (হি) শ্লেষ্ম, কফ।
ঠাপ্, (প্রা) অঙ্গসঙ্গ, মৈথুনক্রিয়াঘাত।
ঠাম, (প্রা) চারু, সুন্দর, সুরূপ, মনোহর।
ঠায়, (প্রা) নিতান্ত, অবশ্য, নিঃসন্দেহে।
ঠার, (প্রা) ইঙ্গিত, সঙ্কেত, ইশারা, খাবরা।
ঠারণ, (প্রা) সঙ্কেতে জানান, ইঙ্গিতকর ইলন।
ঠারাঠারি, (প্রা) পরস্পর ইঙ্গিত।
ঠাসন, (প্রা) মর্দ্দন, ছানন, গাদন, দলন সঙ্কীর্ণতাকরণ।
ঠাহর, (প্রা) অনুমান, চিন্তা, বিবেচনা, বিতর্ক, অনুভব।
ঠাহরাণ, (প্রা) বিবেচনাকরণ, চিন্তাকরণ।
ঠিক, (প্রা) নিশ্চিত, প্রকৃত, শুদ্ধ, পূরা, যথার্থ, নিশ্চয়; সংযত।
ঠিক্‌ঠাক্, (প্রা) যথার্থ, সত্য, প্রকৃত।
ঠিকরণ, (প্রা) উৎপতন, উৎপ্লুত, বিসর্পণ।
ঠিকরী, (প্রা) খোলা, খাপরা।
ঠিকা, (প্রা) দিবসিকবেতনগ্রাহী, ভৃতক, বৈতনিক।
ঠিকানা, (প্রা) নৈশ্চিতস্থান, বসতিরনিদর্শন, শিরোনামা
ঠিলি-ঠিলিয়া, (প্রা) ক্ষুদ্রকলসী, কলস।
ঠুঁটা, (প্রা) বিকলাঙ্গ, বিহস্তীকৃত, হস্তহীন, মুলা; ছিন্নবৃক্ষ।
ঠুকন-ঠোকন, (প্রা) প্রহরণ, আঘাতকরণ, মারণ, থাবড়ান, চড়ান।
ঠুকরণ-ঠোকরণ, (প্রা) চঞ্চুদ্বারা আঘাত।
ঠুন্‌ঠুন্, (প্রা) ক্ষুদ্রঘণ্টাধ্বনি।
ঠুন্‌কা, (প্রা) সুখভেদ্য, খণ্ডনীয়, ভঙ্গুর; স্ত্রীলোকদিগের স্তনব্রণবিশেষ।
ঠুলী, (প্রা) চক্ষুরোধকদ্রব্য, আবরণ; গুলিবাঁট পত্র।
ঠেঁটা, (প্রা) দুষ্ট, অবাধ্য, একগুঁয়া।
ঠেঁটামি, (প্রা) দুষ্টতা, অবাধ্যতা
ঠেঁটী, (প্রা) বিধবার পরিধেয় বস্ত্র।
ঠেক, (প্রা) অবলম্বন; আটক; ব্যাঘাত. প্রতিবন্ধক, শস্যের আধার বড় থলিয়া।
ঠেকন-ঠেকান, (প্রা) স্পর্শন, লাগন; ঘা মারণ; আট্‌কান; দায়েপড়ন।
ঠেকনা-ঠেকুয়া, (প্রা) অবলম্বন, ঠেস।
ঠেকার, (প্রা) অহঙ্কার, দর্প, গর্ব্ব, দম্ভ।
ঠেকারিয়া-ঠেকারী, (প্রা) দাম্ভিক, অহঙ্কারী
ঠেকাল, (প্রা) দুষ্কর. ঝঞ্ঝাটিয়া, কঠি
ঠেকু, (প্রা) আটক, ব্যাঘাত, বাধা, বিঘ্ন।
ঠেকুয়া, (প্রা) অবলম্বন, ঠেকো।
ঠেঙ্গ, (প্রা) চরণ, অঙ্ঘ্রি।
ঠেঙ্গা, (প্রা) দণ্ড, যষ্টি, লাঠী, মুগুর, গদা
ঠেঙ্গাঠেঙ্গি, (প্রা) পরস্পর যষ্টিপ্রহারণ
ঠেঙ্গাড়িয়া, (প্রা) লাঠাল।
ঠেঙ্গান, (প্রা) যষ্টিদ্বারা প্রহারকরণ
ঠেঙ্গুয়া, (প্রা) চিঙ্গট মৎস্যাদির পাদাদি।
ঠের, ত্রি. [ঠ-ইর] বৃদ্ধ।
ঠেলন. (প্রা) হেলন; অমান্যকরণ; নিঃসারণ; দূরীকরণ; চালান; খেদান
ঠেলা, (প্রা) ঠেস, ধাক্কা, ঢুসা
ঠেলাঠেলি-ঠেসাঠেসি, (প্রা) ভীড়, কষাকষি; লোক সমারোহ।
ঠেস, (প্রা) অবলম্বন, আশ্রয়, নির্ভর।
ঠেসন, (প্রা) হেলন, ঠেলন, বোঁকন; দুষ্টকে বিবর্জন।
ঠেসান, (প্রা) অবলম্বন, ভোজন; ঠেকান।
ঠোঁকন, (প্রা) গুঁড়ীকরণ, চূর্ণকরণ।
ঠোঁট, (প্রা) চঞ্চু, ওষ্ঠ, নখর; সেতু, কাঁধা।
ঠোঁটকাটা, (প্রা) ধূর্ত্ত; প্রগল্‌ভ; দুষ্ট।
ঠোকন, (প্রা) প্রহারকরণ।
ঠোকর, (প্রা) উচোট, স্খলন, গুঁতা।
ঠোকরান, (প্রা) চঞ্চুদ্বারা আঘাত করণ, ঠোঁটমারণ; কুঠারাদির দ্বারা আঘাত।
ঠোনা, (প্রা) ঠোকর, অঙ্গুলির দ্বারা প্রহার।
ঠোস-ঠোসা, (প্রা) বিস্ফোটক, ফোস্কা; ফোটা; ঘুণ্টী, বটী।
ঠোসেঠাসে, (প্রা) সংক্ষেপতঃ, সমাসতঃ, অল্পেতে. ইঙ্গিতে।
ঠৌর, (প্রা) ধৈর্য্য, ধীরতা, নিশ্চয়; চৈতন্য।
ঠ্যাঙসঠ্যাস, (প্রা) পঙ্গুব্যক্তির গতি সদৃশ।.

ড কার; ব্যঞ্জনের ত্রয়োদশ বর্ণ; টবর্গের তৃতীয় বর্ণ; ইহার উচ্চারণ মূর্দ্ধা হইতে হয়; অস্য নামানি যথা।—স্মৃতি; দারুক; নন্দিরূপিণী; যোগিনীপ্রিয়; কৌমারী; শঙ্কর; ত্রাস; ত্রিবক্র; নদক; ধ্বনি; দুরূহ; জটিলী; ভীমা; দ্বিজিহ্ব; পৃথিবী; সতী; কোর; গিরি; ক্ষমা; কান্তি; নাভি; স্বাতী; লোচন।

ড, পুং. শিব; শব্দ; ত্রাস; বাড়বাগ্নি।

ডকার, পুং. [ড+কার] ড বর্ণ।

ডকারাদি, পুং. [ডকার + আদি] ড আদি অক্ষর।

ডকারান্ত, ত্রি. [ডকার+অন্ত] ড অন্ত্যবর্ণ।

ডগর, (প্র) ডমরু, ঢক্কাবিশেষ; ড্রগড়।

ডগরমগর, (প্রা) ছিন্নঢক্কার ধ্বনি। [ছল।

ডগা, (প্রা) বৃক্ষাগ্র, আগা, অগ্রভাগ, শিখা,

ডগাকড়ি, (প্রা) বৃহদাকার বিশিষ্ট কড়ি।

ডগাল, (প্রা) সূচ্যগ্রাকার, আগাল, শাখা-যুক্ত।

ডগি, (প্রা) বংশাদির অগ্রভাগ; কোমল।

ডগিরা, (প্রা) উচ্চ, বৃহৎ, বড়, ডাগর।

ডগিরাকলা, (প্রা) কদলীভেদ।

ডগ্‌ডগ্, (প্রা) অত্যন্ত রক্তবর্ণ।

ডগ্‌ডগিয়া, (প্রা) রক্তিমাবর্ণ, অরুণিমা।

ডঙ্কা, (প্রা) বৃহৎঢক্কাবিশেষ, ধামসা,টিকারা।

ডঙ্কোণি, (প্রা) লতাবিশেষ।

ডঙ্গর, (প্রা) বৃক্ষবিশেষ।

ডঙ্গরী-ডঙ্গারী, স্ত্রী. [ডঙ্গর+ঈ] ফলবিশেষ, তৎপর্য্যায়।—ডাঙ্গরী, দীর্ঘের্ব্বারু, নাম শুণ্ডী, দণ্ডরী, গজদন্তফলা।

ডণ্ড, (প্রা) দণ্ড, যষ্টি, লাঠি, ছড়ি, ঠেঙ্গা।

ডণ্ডা, (প্রা) বৃক্ষের শাখা; পক্ষির দাঁড়বিশেষ, প্রদীপাধার, পিলসুজ; ঠেকুয়া।

ডণ্ডী, (প্রা) দণ্ডী, দণ্ডযোগ্য, দণ্ডার্হ।

ডন্, (প্রা) বলনিমিত্ত শরীরাবৃত্তি।

ডবিত্থ, পুং. [ড+বিত্থ] কাষ্ঠময় মৃগ।

ডব্‌ডবিয়া, (প্রা) আর্দ্র, শ্লথ, ভিজা; ঢক্কাধ্বনিভেদ।

ডম, পুং. বর্ণসঙ্কর নীচজাতি, ডোম, চাণ্ডাল ঔরসে লেটজাতি স্ত্রীর গর্ভে জাত; অবস্করক, মার্গসম্মার্জ্জক।

ডমর, ন. [ডম্+অর] ভয়ে পলায়ন, ভয়প্রযুক্ত প্রস্থান, শৃগালিকা, বিদ্রব, ডিম্ব; (পুং.) পরচক্রাদিভয়; অস্ত্রকলহ, স্বামী; ডিম্ব, বিপ্লব, বিম্ব, ডামর।

ডমরু, পুং. [ডমর্+উ] বাদ্যবিশেষ, কপালী যোগিদিগের বাদ্য; ড্রগড়বাদ্য; ক্ষীণমধ্য গুটিকাদ্বয় লম্বিত; চমৎকার।

ডমরুমধ্য, পুং. [ডমরু+মধ্য] দুই দ্বীপের মধ্যস্থ সুঁড়িপথ, যোজক; দ্বীপকল্প।

ডম্ফ, (যাং) খঞ্জরীবিশেষ।

ডয়ন, ন. [ডী+অন] কর্ণীরথ; নভোগতি।

ডর, (প্রা) ভয়, ত্রাস, শঙ্কা।

ডরকর, (প্রা) দারুকরঞ্জ।

ডরণ-ডরাণ, (প্রা) ত্রাসিত হওন, ভয়পাওন, শঙ্কাকরণ।

ডরাণিয়া, (প্রা) ত্রাসান্বিত, ভীত।

ডরালু-ডরুক, (প্রা) ভয়ান্বিত, ত্রস্ত।

ডলক, পুং. [ডল+ক] বংশাদি নির্ম্মিত পাত্র, ডালা।

ডলন, (প্রা) মর্দ্দন; শাণন; পেষণ; ঘর্ষণ।

ডলনা, (প্রা) পেষণী, বেলুন, লোড়া।

ডল্লক, ন. বংশাদি নির্ম্মিতপাত্র, ডালা।

ডহর-ডহরা, (প্রা) সরোবর, হ্রদ; গভীর জল; অতিনিম্নস্থান, গভীর; নৌকার খোল।

ডহু-ডহূ, পুং. [দহ+উ] বৃক্ষবিশেষ,ডেহুয়া, মাঁদার, লকুচ, লিকুচ।

ডহুয়া, (প্রা) বৃক্ষবিশেষ।

ডা, স্ত্রী. [ড+আ] ডাকিনী।

ডাইন, (প্রা) দক্ষিণ, অপসব্য; ডাকিনী, খুসনী।

ডাইনী, (প্রা) পূতনা, মায়িনী, ডাকিনী।

ডাইনপনা, (প্রা) জাদু, অভিচার, মায়া, পূতনাত্ব।

ডাং, (প্রা) দণ্ড।

ডাঁট, (প্রা) অপক্ক, কঠিন।

ডাঁটন, (প্রা) ভয়প্রদর্শন।

ডাঁটা, (প্রা) কাণ্ড, বৃন্ত; দণ্ড; বোঁটা।
ডাঁটাল, (প্রা) কাণ্ডান্বিত, বৃন্তাল, বহুনাড়িক
ডাঁড়, (প্রা) দন্ত।
ডাঁড়, (প্রা) বটিয়া, দণ্ড, নৌকাবাহনদণ্ড; পক্ষির দাঁড়। [কাক।
ডাঁড়কাক, (প্রা) শবভুক্, দগ্ধকাক; দ্রোণ-
ডাঁড়ন, (প্রা) দণ্ডায়মান থাকন, রহন।
ডাঁড়া, (প্রা) রীতি চরিত্র; মেরুদণ্ড; দণ্ডায়মান।
ডাঁড়ান, (প্রা) দণ্ডায়মান হওন।
ডাঁড়াশ, (প্রা) অহিংস্রক সর্পভেদ।
ডাঁড়ী, (প্রা) নাবিক,নৌকাদণ্ডবাহক; তুলাদণ্ড; লিপির বিচ্ছেদচিহ্ন (।)।
ডাঁড়ুকা, (প্রা) নিগড়, বেড়ী।
ডাঁপ, (প্রা) কাঠগড়া, গরাদি, বেড়া।
ডাঁশ, (প্রা) দংশকমক্ষিকা। [নালডাঁড়া।
ডাঁশা, অপূর্ণপক্ক; চক্রবাড় দিগ্বর্ত্তী; নাগদন্ত;
ডাঁশাল, (প্রা) পক্কোন্মুখ।
ডাক, (প্রা) আহ্বান, হাঁক, শব্দ, চিৎকার; পত্রবাহক।
ডাকঘর, (প্রা) পত্রাগার, পত্রস্থান, পত্রাদি প্রেরণের দপ্তরখানা।
ডাকন, (প্রা) আহ্বানকরণ, হাঁকন, ধ্বনিকরণ, ফুকরণ, শব্দকরণ, চেচান
ডাকা-ডাকাইত, (প্রা) দস্যু, বাটপাড়, অপহর্ত্তা; চৌর্য্যবৃত্তিকারী।
ডাকাইতি-ডাকাতি, (প্রা) দস্যুবৃত্তি, বাটপাড়ি, বলপূর্ব্বক তস্করতা।
ডাকাবুকা, (প্রা) নির্ভয়, দুঃসাহসী, নির্লজ্জ, ঠেঁটা।
ডাকিনী, স্ত্রী. [ডাক্+ইন্-ঈ] কালীয়গণবিশেষ, কুহকিনী, ভুতিনী, ডাইনী, খুসনী।
ডাকু, (প্রা) দস্যু, বাটপাড়।
ডাগর, (প্রা) বৃহৎ, প্রকাণ্ড, উচ্চ, বড়।
ডাণ্ড, (প্রা) দণ্ড।
ডাঙ্গপিটা, (প্রা) দুরন্ত, দুষ্ট, অবাধ্য,উচণ্ড
ডাঙ্গরী, স্ত্রী,[ডাঙ্গর+ঈ] ডঙ্গরীফল।
ডাঙ্গশ, (প্রা) অঙ্কুশ, তোদন, হস্তীচালনদণ্ড।
ডাঙ্গা, (প্রা) নির্জ্জলস্থান, উচ্চস্থল।
ডাঙ্গাপথ, (প্রা) স্থলমার্গ। [দাঁত।
ডাড়, (প্রা) দন্ত; নখ; থাবা; হুল; চাবির-
ডাড়াল, (প্রা) করাতবদ্দন্তবিশিষ্ট।
ডাণ্ডা, (প্রা) ক্রীড়ার্থ দণ্ডবিশেষ; ভিত্তির উপর প্রোথিত ক্ষুদ্রদণ্ড; স্তম্ভ।
ডাণ্ডী, (প্রা) স্তম্ভ; নৌকার পালিদণ্ড; যষ্টি; খুঁটি। [পাখা।
ডানা, (প্রা) পক্ষ, গরুৎ, পতত্র, বাহুমুখ;
ডাব, (প্রা) জলপূর্ণ অপক্ক নারিকেল, কোমলনারীকেল।
ডাবর, (প্রা) হস্তাদি ক্ষালনপাত্র, বহুগুণা।
ডাবরী, (প্রা) ক্ষুদ্রকদলী; চিলমচি; ছোটঠিলি। [মেচলা।
ডাবা, (প্রা) মৃণ্ময় পাত্রবিশেষ, গামলা,
ডাবু, (প্রা) ডাবরী।
ডামর, পুং. [ডমর+অ] শিবোক্ত শাস্ত্রবিশেষ, তৎ ষড়্বিধ যথা।—যোগডামর, শিবডামর, দুর্গাডামর, সারস্বতডামর, ব্রহ্মডামর, গন্ধর্ব্বডামর; ভুতডামর, চমৎকার।
ডামর্, (হি) সর্জ্জরস, ধুনা; উল্কা, মশাল।
ডামাডোল, (প্রা) কোলাহল, চমৎকার, ডিম্বাবহ, আহব; বিপ্লব।
ডাল, (প্রা) শাখা, বৃক্ষাবয়ব।
ডালকচু, (প্রা) লতাবিশেষ।
ডালচিনী, (প্রা) দারুচিনী, গুড়ত্বক্, গন্ধবল্কল, সুগন্ধত্বক্, দারুগন্ধ, তিক্তবল্কল। [ফেলন।
ডালন, (প্রা) কর্ত্তন, ছাঁটন, তুলিয়া-
ডালনা, (প্রা) ব্যঞ্জনবিশেষ।
ডালা, (প্রা) ডল্লক, ঢাকনা; বংশনির্ম্মিত পাত্রবিশেষ।
ডালি, (প্রা) উপঢৌকন, উপায়ন, ভেটী; কলায়বিশেষ। [ফল।
ডালিম, পুং. [দল+ইম] দালিম, দাড়িম-
ডাহল, পুং. [দহ+অল] ত্রিপুরদেশ।
ডাহুক, পুং. [দহ+উক] দাত্যুহপক্ষী, ডাকপাখী; পানকৌড়ী; হৃষ্টপুষ্টাঙ্গ; ভৃত্য; ছল, কপট

ডিকরী, স্ত্রী. [ডিকু+অর-ঈ] যুবতিস্ত্রীলোক।
ডিঙ্গন, (প্রা) উল্লংঘন, উৎক্রমণ, অতিক্রমণ; লম্ফন, কঁুদন।
ডিঙ্গর, পুং. ভঙ্গর; ক্ষেপ; খল, ধূর্ত্ত; সেবক।
ডিঙ্গরামি, (প্রা) কদর্য্যতা, বৈগুণ্য।
ডিঙ্গা, (প্রা) নৌকাভেদ, পোত, তরণী।
ডিঙ্গাচকা, (প্রা) চক্রবাকভেদ।
ডিঙ্গাচালক, (প্রা) নাবিক, কর্ণধার, পোতবাহক।
ডিঙ্গাধিপতি, (প্রা) পোতাধ্যক্ষ।
ডিঙ্গান, (প্রা) উল্লংঘন, লম্ফন।
ডিঙ্গী, (প্রা) ক্ষুদ্রনৌকা, দ্রোণী, ডুঙ্গী।
ডিডিম্‌ডিম, (প্রা) খঞ্জরীবাদ্য।
ডিণ্ডিম, পুং. [ডিণ্ডি+ম] বাদ্যপ্রভেদ, ডেঙ্গরী; মৃদঙ্গ; মাহেশ্বর দণ্ডী; কৃষ্ণপাকফল, পানিআমলা, পেনালা।
ডিণ্ডির, পুং. [ডিণ্ডি+র] সমুদ্রফেণ।
ডিণ্ডিরমোদক, ন. [ডিণ্ডির+মোদক] গৃঞ্জন, গাজর।
ডিণ্ডিশ, পুং. [ডিণ্ডি+শ] টিণ্ডিশ।
ডিত্থ, পুং. কাষ্ঠময়হস্তী; বিশেষলক্ষণযুক্তপুরুষ। [রাখিবারপাত্র।
ডিবা, (প্রা) পাত্রবিশেষ, কৌটা, ঔষধাদি-
ডিম, (প্রা) ডিম্ব।
ডিম, পুং. [ডিম্‌+অ] নাটকের রূপকবিশেষ।
ডিম্ব, ন. [ডিম্‌+ব] ভয়; কলল; ফুস্‌ফুস; ডমর; (পুং.) ভয়ধ্বনি; প্লীহা; বিপ্লব; ডিম্ভ, অণ্ড, কোশ, কোষ, পেশি, পেশী।
ডিম্বকারী, ত্রি. [ডিম্ব+কারিন্‌] তুমুলকারী।
ডিম্বজ, ত্রি. [ডিম্ব+জ] ডিম্ভজ, অণ্ডজ।
ডিম্বসাঁচ, (প্রা) অণ্ডমধ্যভাগ, অণ্ডহৃদয়, অণ্ডমধ্যস্থপীতভাগ।
ডিম্বাহব, পুং. [ডিম্ব+আহব] নৃপতিরহিতযুদ্ধ, সেনামুখযুদ্ধ।
ডিম্বযুদ্ধ, ন. [ডিম্ব+যুদ্ধ] ডিম্বাহব; ডমর।
ডিম্বিকা, স্ত্রী. [ডিম্ব+ইকা] কামুকী; জলবিম্ব; শোণকবৃক্ষ।
ডিম্ভ, পুং. [ডিভ্‌+অ] শিশু; মুর্খ; ডিম্ব, অণ্ড; পশুশাবক।
ডিম্ভক, ত্রি. [ডিম্ভ+ক] বালক।
ডিম্ভচক্র, ন. [ডিম্ভ+চক্র] মনুষ্যোরশুভাশুভ নির্ণায়কচক্রবিশেষ।
ডিম্ভজ, ত্রি. [ডিম্ভ+জ] অণ্ডজ, দ্বিজন্মা, অযোনিজ, দ্বিজ।
ডিম্ভা, স্ত্রী. [ডিম্ভ+আ] অতিশিশু।
ডিম্ভোৎপাদক, ত্রি. [ডিম্ভ+উৎপাদক] অণ্ডজনক ডিম্ভজ।
ডিহী, (যাং) ক্ষুদ্র গ্রাম।
ডীত, ত্রি. [ডী+ত] আকাশগামী।
ডীন, ন. [ডী+অন] পক্ষিরগতি, উড়ন, তৎপতনভেদে ষড়্‌বিংশতি যথা।—১উড্‌ডীন—উর্দ্ধগমন, ২ অবডীন—অধঃপতন, ৩ প্রডীন—পতনবেগবত্তা, ৪ ডীন—পতনমাত্র, ৫ নিডীন—নীচৈঃপতন, ৬ সংডীন—সম্যক্‌পতন, ৭ তির্য্যগ্‌ডীন—তির্য্যক্‌ পতন, ৮ বিডীন—বিচিত্রপতন, ৯ পরিডীন—সর্ব্বতঃপতন, ১০ পরাডীন—পরাবৃত্য গমন, ১১ সুডীন—সুকুমার পাত, ১২ অভিডীন—আভিমুখ্যে পুনঃপুনঃ পতন, ১৩ মহাডীন—ক্ষুদ্রপতনক্রমে প্রত্যাবৃত্তি, ১৪ নিডীন—ভক্ষ্যদ্রব্য আহরণার্থ পতন, ১৫ অতি ডীন—দীর্ঘ পতন, ১৬ অবডীন—অধঃ পতন, ১৭ প্রডীন—অধঃপতনে বেগবত্তা, ১৮ অবসংডীন—অধঃ পতনে শোভনবত্তা, ১৯ ডীনডীনক—নির্বিশেষণ ও কুৎসিত পতন, ২০ সংডীনোড্‌ডীন—শোভন পূর্ব্বক উর্দ্ধে গমন, ২১ সংডীনডীন—শোভন গমন মাত্র, ২২ পুনর্ডীন—সামান্যগমন, ২৩ ডীনাবডীনক—কুৎসিত অধঃপতন, ২৪ সম্পাত—অনেকের সহিত গমন, ২৫ সমুদীষণ—পরস্পর স্পর্দ্ধাপূর্ব্বক গমন, ২৬ ততোন্যং ব্যতিরিক্তক—স্পর্দ্ধাপূর্ব্বক আগমন করিয়া স্নেহকৃত পতন। আগম শাস্ত্র বিশেষ।
ডীনডীনক, ন. [ডীন+ডীনক] পক্ষিদিগের গতিক্রিয়া বিশেষ। [বিশেষ।
ডীনাবডীন, ন. [ডীন+অবডীন] পক্ষিরগতি-

ডীরমান, ত্রি. [ডীর+মৎ] খবিসর্পী, নভোগতি।

ডুকরণ-ডুকরণী, (প্রা) মনস্তাপপূর্ব্বকক্রন্দন, হায়ছাড়ান, ক্রন্দন, ধকধকান, গদ্গদ, শব্দ সহিত ক্রন্দন, ফুৎকরণ

ডুগুডুগু, (প্রা) আরক্ত বর্ণ

ডুগডুগী, (প্রা সাপুড়োর সর্পক্রীড়ন বাদ্য।

ডুঙ্গী, (প্রা) দ্রোণী, ক্ষুদ্রনৌকা

ডণ্ডু-ডুণ্ডুভ, পুং. [ডুণ্ডু+ভ] সর্পবিশেষ, রাজিল, ডুণ্ডুভ, নাগভুৎ, ঢোঁড়া।

ডুণ্ডুল, পুং. [ডুণ্ডু+ল] ক্ষুদ্রপেচক, ক্ষুদ্রোলূক, শাকুনেয়, পিঙ্গল, বৃক্ষাশ্রয়ী, বৃহদ্রাবী, বিশালাক্ষ, ভয়ঙ্কর, ছোটপেঁচা; কুঠুরে পেঁচা।

ডুন্দুক, পুং. দাত্যূহ পক্ষী।

ডুব, (প্রা) অবগাহন, স্নান করা, নিমজ্জন।

ডুবক, (প্রা) নিমজ্জনকারী, অবগাহক; জলসংস্কারী।

ডুবড়িয়া-ডুবরী, (প্রা) মজ্জনকারী, যে অধিকক্ষণ জলে নিমগ্ন হইয়া থাকিতে পারে, অবগাহিতা, গাহিতা, নিমংক্তা, মংক্তা, জলেবাহ। [বুড়ন।

ডুবন-ডোবন, (প্রা) মজ্জন, অবগাহন,

ডুবান, (প্রা) জলনিমগ্নকরণ, বুড়ান।

ডুবানিয়া, (প্রা) জলনিমগ্নকারী, বুড়ন।

ডুবারা-ডুবারী (প্রা) নিমজ্জনকারী; পক্ষীবিশেষ।

ডুবারু-ডুবু, (প্রা) নিমজ্জনকারীপক্ষীবিশেষ।

ডুবিত. (প্রা) অবগাহিত, মগ্ন, মজ্জিত।

ডুবুডুবু, (প্রা) মগ্নোন্মুখ, প্রায় মগ্ন।

ডুমা, (প্রা) ক্ষুদ্রখণ্ড, টুকুর।

ডুমুর-ডুম্বর, (প্রা) উডুম্বরবৃক্ষ।

ডুরিয়া, (প্রা) নানাবর্ণরেখাঙ্কিত, চিত্রিত, চিত্রাঙ্গ, রেখাঙ্কিত; শ্বপোষক, কুক্কুররক্ষক।

ডুরী, (প্রা) রজ্জু, দড়ী, পাশ, ডোর, গুণ।

ডুরীপড়া, (প্রা) চিত্রিত।

ডুলি, স্ত্রী. [ডুল+ই] কমঠী, ডুলি

ডুলিকা, স্ত্রী. [ডুলিক+আ] খঞ্জনাকার পক্ষী বিশেষ।

ডুলী, স্ত্রী. [ডুল+ঈ] চিল্লীশাক

ডুলী, (প্রা) শিবিকা, পাল্কী।

ডুলীডুলী, (প্রা) সভয়কম্প।

ডেউআ, (প্রা) ডহু।

ডেউআপিপীড়া, (প্রা) বৃহৎকৃষ্ণবর্ণ পিপীলিকা ভেদ। [দণ্ডিত।

ডেঁড়ে, (প্রা) সূচিকর্ম্মদ্বারা ভগ্নবস্ত্র সেলাই;

ডেঁপ, (প্রা) চোষক।

ডেঁফল, (প্রা) ডহুফল, ডেপল

ডেকরা, (প্রা) অসৎ, অধম, পাজি, বিটলিয়া।

ডেকরামি, (প্রা) দুষ্টপনা, বিটলামি।

ডেকরী, (প্রা) দুষ্টাস্ত্রী।

ডেগ্, (যাং) পাত্রবিশেষ।

ডেঙ্গর, (প্রা) মৎকুণ, উকুন, কেশকীট।

ডেঙ্গুয়া, (প্রা) মৃতদার, মৃতভার্য্য, মৃতপত্নিক, বিধুর, অযোগ, যে ব্যক্তির স্ত্রী মরিয়াছে; শাকবিশেষ

ডেঙ্গুয়াশাক, (প্রা) শাকবিশেষ।

ডেড়-ডেড়া, (প্রা) সার্দ্ধেক, অর্দ্ধাধিকএক।

ডেড়ী, (প্রা) দরিদ্রতা; অস্বাস্থ্য, পীড়া।

ডেনা, (প্রা) পক্ষ, পাখা, বাহুপাশ।

ডেবরা, (প্রা) স্ফীত, উচ্চ, কূর্ম্মপৃষ্ঠাকার;

ডেবরাচক্ষুয়া, (প্রা) বৃহৎ অক্ষিযুক্ত।

ডেরা, (প্রা) রজ্জু; বস্ত্রগৃহ, তাঁবু।

ডেলা, (প্রা) লোষ্ট্র, শুষ্কমৎপিণ্ড, ঢিল।

ডেলাভাঙ্গামুদ্গার, (প্রা) কোটিশ, লোষ্টভেদন

ডেহুয়া, (প্রা) ডহু।

ডোগ, (প্রা) মৎস্যবিশেষ।

ডোঙ্গা, (প্রা) তালবৃক্ষনির্ম্মিত ক্ষুদ্রতরি, দ্রোণী, ডিঙ্গী, শাল্তী।

ডোড়ী, স্ত্রী. [ডোড়+ঈ] ক্ষুপ বিশেষ, তৎপর্য্যায়।—জীবন্তী, শাকশ্রেষ্ঠা, বহুবল্লী, সুখালুকা, দীর্ঘপত্রা, সূক্ষ্মপত্রা, জীবনী।

ডোবা, (প্রা) জলনিমগ্ন; গর্ত্ত; ক্ষুদ্রজলাশয়, পল্বল। [জাতি।

ডোম, পুং. [ড+উম] স্বনামখ্যাত অস্পৃশ্য-

ডোম, (প্রা) বর্ণসঙ্কর বেদ ব্রাহ্মণবর্জ্জিত নীচ জাতিশেষ, পেত্যাদি নির্ম্মায়ক, মুচী।

ডোমচালু, (প্রা) চাউলবিশেষ।

ডোমচিল, (প্রা) পক্ষীবিশেষ।

ডোমনী, (প্রা) ডোমের স্ত্রী, ডোমভার্য্যা।

ডোর, ন. হস্তাদির বন্ধন সুত্র; সুতা, রজ্জু, দড়ী, গুণ। [বন্ধনসূত্র।

ডোরক, ন. [ডোর+ক] ডোর, ব্রতাদ্যর্থ হস্ত

ডোরড়ী, স্ত্রী বৃহতীবৃক্ষ, ব্যাকুলগাছ।

ডোরা, (প্রা) রেখা, চিহ্ন, দীর্ঘাকৃতি রেখা, লেখা, ছেদ, রাজী

ডোরী, (প্রা) রজ্জু, দড়ী, রশি, গুণ।

ডোল, (প্রা) ভাণ্ডার, ধান্যাদির রক্ষণপাত্র; নলাদি নির্ম্মিতপাত্র বিশেষ; বালতী; জাহাজের মাস্তুল; মৎস্যাদিগের অণ্ড রাখিবার স্থান

ডোলী, (প্রা) শিবিকা, পাল্কী, যানবিশেষ, ডুলী।

ডৌল, (হি) প্রকার, রূপ; ধার; ঢপ; মূর্ত্তি।

ড্যাং-ড্যাংড্যাং (প্রা) ঢক্কাদির বাদ্যবিশেষ।

ঢ

ঢকার, ব্যঞ্জনের চতুর্দ্দশ বর্ণ। টবর্গের চতুর্থ বর্ণ। ইহার উচ্চারণ মূর্দ্ধা হইতে হয়। অস্য নামানি যথা।—ঢো; ঢক্কা; নির্ণয়; পূর্ব্ব; যজ্ঞেশাদনদেশ্বর; অর্দ্ধনারীশ্বর; তোয়; ঈশ্বরী; ত্রিশিখী; নব; দক্ষপাদাঙ্গুলের্ম্মূল; সিদ্ধিদণ্ডা; বিনায়ক; প্রহাসা; ত্রিবেরা; ঋদ্ধি; নির্গুণ; নিধন; ধ্বনি; বিঘ্নেশ; পালিনী; স্কন্ধধারিণী; ক্রোড়পুচ্ছক; এলাপুর; ত্বগাত্মা; বিশাখা; শ্রীমনোরতি।

ঢ, পুং. ঢক্কা; কুক্কুর; শ্বলাঙ্গুল; নির্গুণ; ধ্বনি; সর্প।

ঢং, (প্রা) কাংস্যধ্বনি।

ঢক, (প্রা) পরিমাপকদ্রব্য, ভারপরিমাণ, তোল, বাট্‌খারা; বস্তু।

ঢক্, (প্রা) অপসারণ, সঞ্চালন; আঘাত।

ঢকাৎ, (প্রা) গিরণধ্বনি, গিলনশব্দ।

ঢকার, পুং. [ঢ+কার] ঢ অক্ষর।

ঢকারাদি. [ঢকার+আদি] ত্রি. আদিবর্ণ ঢকার।

ঢকারান্ত, ত্রি, [ঢকার+অন্ত] ঢ বর্ণান্ত।

ঢক্ক, পুং. [ঢক্+ক] দেশবিশেষ, ঢাকা; আবরণ।

ঢক্কা, স্ত্রী. [ঢক্ক+আ] বাদ্যবিশেষ, যশঃপটহ, বিজয়মর্দ্দল, আড়ম্বর, মদ্গু, অবনদ্ধ, বৃহৎঢোল, ঢাক, কাড়া।

ঢক্কারী, স্ত্রী. [ঢক্কা+রী] তারিণী, দুর্গা।

ঢঙ্গ, (প্রা) খল, শঠ, প্রতারক, প্রবঞ্চক, ছল, ঢণ্টী, স্ত্রী বাক্যবিশেষ।

ঢনা, (প্রা) ম্লান, শুষ্ক, ক্ষীণ, কৃশ, তনু।

ঢনুমনিয়া, (প্রা) অতিকৃশ, দুর্ব্বল।

ঢণ্টী, স্ত্রী. বাক্যবিশেষ।

ঢপ, (প্রা) মূর্ত্তি, ধারা, প্রকার; চালি; গানবিশেষ।

ঢপ্‌ঢপ্, (প্রা) জলসিক্ত চর্ম্মপটিকার বাদ্য, ঢব্‌ঢবে শব্দ।

ঢভাব, পুং. [ঢ+ভাব] কর্ম্মণিবাচ্য।

ঢল, (প্রা) পর্ব্বতাদি হইতে নির্গত জল; শিথিল।

ঢলন, (প্রা) অবসাদ, ম্লানহওন; গড়ান, হেলন, ঝুঁকন, ঠেসন।

ঢলনাবা, (প্রা) পর্ব্বতীয় জলাগমন।

ঢলাঢলি, (প্রা) ঘৃণাস্পদক্রিয়া।

ঢলান, (প্রা) নিন্দিতকর্ম্ম প্রকাশ করণ, কুকর্ম্মপ্রচারণ, লোচ্চাম।

ঢলানী, (প্র) লম্পটী, কামুকী, কুলটা।

ঢল্ক, (প্রা) শিথিল, অদৃঢ়, অশক্ত, আল্‌গা, ঢিলা।

ঢল্কন, (প্রা) অস্তগমন, শিথিলহওন; গড়াওন, হেলন, ঝোঁকন; ঘূরণ, গলন, নাশন, ভাঙ্গন।

ঢল্‌ঢলিয়া, (প্রা) দীপ্যমান, উজ্জ্বল; দ্রুত; কোমল; চঞ্চল।

ঢল্‌ঢল্, (প্রা) শিথিল, অদৃঢ়।

ঢসন, (প্রা) নিঃসরণ ভগ্নহওন, গলন, পতন; ভাঙ্গিয়া পড়ন।

ঢসা, (প্রা) পতিত, অধঃপতন।

ঢাক, (প্রা) ঢক্কা।

ঢাকঢেকী, (প্রা) বৃক্ষবিশেষ। [গোপন।

ঢাকন, (প্রা) আচ্ছাদন, ব্যাপন, আবরণ

ঢাকনা, (প্রা) আচ্ছাদক, আবরক।
ঢাকনী, (প্রা) আচ্ছাদনপাত্র, আবরণ।
ঢাকা, (প্রা) আচ্ছাদিত, আবৃত; পূর্ব্বাঞ্চলীয় দেশবিশেষ।
ঢাকাঘোড়া-ঢাকাঢোকা, (প্রা) আবৃত, আ-ড়াল, আচ্ছাদিত।
ঢাকী, (প্রা) ঢক্কাবাদক, ঢাকবাজানীয়া।
ঢাকনী, (প্রা) আবরণপাত্র, আচ্ছাদন, সরপোষ।
ঢাণ্ডা, (প্রা) লোকসমূহ, জনতা, সংঘট্ট।
ঢাপা, (প্রা) আচ্ছাদন আবরণ।
ঢামরা, স্ত্রী. [ঢামর+আ] হংসী।
ঢাল, ন. [ঢ+অল] ফলক, ফল, চর্ম্ম আবরণ, চর্ম্মাবরণ, আবরক, স্ফুর. খড়্গরাট্, খেটিকা, অস্থল।
ঢাল, (প্রা) গড়ান, নিম্নস্থান; ফলক।
ঢালন, (প্রা) জলাদি অধঃক্ষেপণ, ঝরান।
ঢালাউব্‌রা, (প্রা) ইতস্ততঃনিঃক্ষেপণ।
ঢালী, পুং. [ঢাল+ইন্] ঢালবিশিষ্ট, চর্ম্মী, ফলকপাণি ফলকভৃৎ।
ঢালু, (প্রা) নিম্নস্থান, গড়ানিয়া।
ঢিপন-ঢিপনী, (প্রা) প্রহারকরণ, আঘাত-করণ, মারণ, কীলান, মুষ্ট্যাঘাত।
ঢিপান-ঢিপানী, (প্রা) প্রহারকরণ, মারণ।
ঢিপি, (প্রা) উচ্চস্থান; রাশি, স্তূপ, সঞ্চয়।
ঢিপল্যা, (প্রা) ত্রুটি, কোন বিষয় পুরণার্থ কোমলদ্রব্য।
ঢিবী, (প্রা) স্তূপ, রাশি.কাঁড়ি, গাদি উচ্চ-স্থান।
ঢিমা, (প্রা) মৃদু, নম্র, ক্ষীণ, কৃশ; ঢেলা।
ঢিল, (প্রা) লোষ্ট্র, ঢিলা, ডেলা; শিথিলতা।
ঢিলা-ঢীলা, (প্রা) দীর্ঘসূত্রী; অশক্ত, অদৃঢ়, আলগা; লোষ্ট্র; ডেলা।
ঢিলান, (প্রা) লোষ্ট্রাদিক্ষেপণ, ডেলামারণ।
ঢিল্‌মিলিয়া, (প্রা) লোলিত, অশক্ত, কোমল, আল্‌গা, ফস্কা।
ঢিলামি, (প্রা) শিথিলতা, দীর্ঘসূত্রতা, আ-লস্য, কুড়্যামি, জড়তা।
ঢ, (প্রা) মেষাদি পশুদিগের পরস্পর মস্তকা-ঘাত, ঢষ।
ঢুঁড়, (প্রা) অন্বেষণ, অনুসন্ধান, জিজ্ঞাসা।
ঢুকন, (প্রা) প্রবেশন, অন্তর্গতিকরণ,ঘুষকরণ।
ঢুকান, (প্রা) প্রবেশকরান, অন্তর্গতকরণ, সাঁধাইয়া দেওন।
ঢুকুৎ, (প্রা) শব্দবিশেষ, গলাধঃকরণ শব্দ।
ঢুণ্ঢন, ন. [ঢুণ্ট্+অন] অন্বেষণ, অনুসন্ধান, খোঁজন, মার্গণ।
ঢুণ্ঢি, পুং. [ঢুণ্ট্+ই] গণেশ।
ঢুণ্ঢিত, ত্রি. [ঢুণ্ট্+ইত] অন্বেষিত, অন্বিষ্ট, মার্গিত।
ঢুণ্ডুভ, (প্রা) ঢোঁড়াসাপ।
ঢুপ, (প্রা) শূন্যতা, রিক্ততা, অভাব।
ঢুল্‌ঢুল্, (প্রা) নিদ্রালু, তন্দ্রাযুক্ত, সুষুপ্তা-বস্থা আসননিদ্রাবস্থা।
ঢুলন, (প্রা) নিদ্রাবসন্নতাদ্বারা পতন,ঝিমন।
ঢুলান, (প্রা) দোলান, কম্পিতকরণ, নড়ান, হেলান, বহন।
ঢুষ, (প্রা) মেষাদির পরস্পর মস্তাকাঘাত, মস্তকে মস্তকে আঘাত।
ঢুষণ, (প্রা) শৃঙ্গাদিদ্বারা আঘাতকরণ, মস্তক দ্বারা আঘাতকরণ।
ঢুষনা-ঢুষণী, (প্রা) অকর্ম্মঠ, কার্য্যাক্ষম, আ-লস্যা, অলস, অকর্ম্মণ্য।
ঢেউ, (প্রা) তরঙ্গ, বীচি, হিল্লোল, উর্ম্মি, ভঙ্গ, ভঙ্গী, কল্লোল, জললতা, পয়ো-রাশি, উল্লোল, অর্গল; অকস্মাদ্বাসনা।
ঢেঁকী, (প্রা) পাদিক, তণ্ডুলাদি কণ্ডনের যন্ত্র, চাউল কাঁড়িবার কারণ বৃহৎ কাষ্ঠময় যন্ত্র; অবোধ।
ঢেঁকীশালা, (প্রা) যে স্থলে তণ্ডুলাদি কণ্ডন করা হয়, ঢেঁকশেল।
ঢেঁটা, (প্রা) শঠ, দুষ্ট, খল, অবাধ্য, অশিষ্ট।
ঢেঁটামি, (প্রা) খলতা, শঠতা, দুষ্টপণা।
ঢেঁড়রা-ঢেঁড়া, (প্রা) ঢক্কাবাদনপূর্ব্বক ঘোষ-ণাকরণ।
ঢেঁড়ি, (প্রা) ঘোষক, ঢেঁড়রাপেটক।
ঢেঁড়ী, (প্র.) কর্ণালঙ্কারবিশেষ।
ঢেঁশা, (প্রা) আঘাত; ধাক্কা; বিদ্রূপ, দোষ-সূচক দৃষ্টান্ত।
ঢেকচালুয়া, (প্রা) অপরিপক্বতণ্ডুল।

ঢেকা, (প্রা) ধাক্কা, ঠেলা।

ঢেকান, (প্রা) ধাক্কামারণ, ঠেলন, নির্গতিকরণ, ঠেসান।

ঢেকুর, (প্রা) হিক্কা, উদ্গার, উদ্গিরণ, উদ্বমন।

ঢেঙ্গা, (প্রা) দীর্ঘ, লম্বা, উচ্চ।

ঢেগন, (প্রা) জারজ, অসতীপুত্র; ভ্রষ্ট; দুষ্ট, ধূর্ত্ত।

ঢেমনা, (প্রা) উপপতি, জার; ভ্রষ্ট; বিজন্মা, অনভিজাত।

ঢেমনী, (প্রা) ভোগ্যা স্ত্রী, উপপত্নী, নায়িকা।

ঢের, (প্রা) যথেষ্ট, প্রচুর, অনেক।

ঢেরা, (প্রা) শণসূত্রাদি কাটনের যন্ত্র; নিরক্ষরের দস্তখতের চিহ্নবিশেষ (×)।

ঢেরি-ঢেরী, (প্রা) স্তূপ, রাশি।

ঢেলা, (প্রা) লোষ্ট্র, ডেলা।

ঢোওন, (প্রা) ভারবহন; যানবাহন, যানপ্রচালক।

ঢোঁড়ন, (প্রা) অন্বেষণকরণ, অনুসন্ধান, তত্ত্বকরণ।

ঢোঁড়া, (প্রা) সর্পবিশেষ, ডুণ্ডুভ, জলসর্প।

ঢোক, (প্রা) গলাধঃকরণ, গিলন, গলদেশের নীচেনয়ন।

ঢোকন-ঢোকান, (প্রা) অন্তর্গতকরণ, প্রবেশন, ঘুষ্কান; অবলম্বন; ঠেসিয়া রাখন।

ঢোল, পুং. [ঢ+ওল] স্বনামখ্যাত বাদ্যযন্ত্রবিশেষ; উপাধিবিশেষ।

ঢোলক, (প্রা) বাদ্যযন্ত্রবিশেষ।

ঢোলকলমী, (প্রা) জলীয় লতাশাকবিশেষ।

ঢোলন, (প্রা) দোদুল্যমান, দোলান, ঝুলান, হেলান।

ঢোলসমুদ্রিকা, স্ত্রী. [ঢোল+সমুদ্র-ইকা] লতাবিশেষ।

ঢোলী, (প্রা) ঢোলবাদ্য বাদক।

ঢোষা, (প্রা) শৃঙ্গাঘাত; অকর্ম্মণ্য।

ঢৌকন, পুং. [ঢৌ+কন] উৎকোচ, ঘুষ।

ণ ণকার, ব্যঞ্জনের পঞ্চদশ বর্ণ, টবর্গের পঞ্চমবর্ণ, ইহার উচ্চারণস্থান মূর্দ্ধা। তস্য নামানি, যথা—নির্গুণ; রতি জ্ঞান; জম্ভন; পক্ষিবাহন; জয়া; শম্ভো; নরকজিৎ; নিষ্কলা; যোগিনীপ্রিয়; দ্বিমুখ; কোটবী; শ্রোত্র; সমৃদ্ধি; বোধনী; মতা; ত্রিনেত্র; মানুষী; ব্যোম; দক্ষপাদাঙ্গুলের্ম্মুখ; মাধব; শঙ্খিনী; বীর; নারায়ণ; নির্ণয়।

ণ, পুং. জ্ঞান; নিশ্চয়; বিন্দুদেব; বুদ্ধদেবতাবিশেষ; ভূষণ; গুণবর্জ্জিত; পানীয়নিলয়; শিব; দান; অপহ্নব শব্দ; ধর্ম্ম; আত্মা।

ণকার, পুং. [ণ+কার] ণ বর্ণ।

ণকারাদি, ত্রি. [ণকার+আদি] ণ আদি বর্ণ।

ণকারান্ত, ত্রি. [ণকার+অন্ত] ণবর্ণান্ত।

ণত্ব, ন. [ণ+ত্ব] ণকারভাব; অথ ণত্ববিধান।—ঋ ৠ র এবং মূর্দ্ধন্য ষ, এই চারি বর্ণের পর দন্ত্য ন থাকিলে মূর্দ্ধন্য হয়। যথা নৃণাম্, ভ্রাতৃণাম, চতুর্ণাম্, দোষ্ণা ইত্যাদি। যদি স্বরবর্ণ, কবর্গ, পবর্গ, য, ব, হ ও অনুস্বার মধ্যে ব্যবধান থাকে তাহা হইলেও দন্ত্য ন মূর্দ্ধন্য হয়। যথা করাণাম, করিণা, গুরুণা, দর্পেণ, রেফেণ, গর্ব্বেণ ইত্যাদি। যদি পদের অন্তে দন্ত্য ন থাকে এবং পূর্ব্বোক্ত স্বরবর্ণ কবর্গ ও পবর্গাদি ব্যতিরিক্ত বর্ণ ব্যবধান থাকে, অথবা তবর্গ, প ও ত যুক্ত দন্ত্য ন হয় তাহা হইলে ঋ, ৠ, র, ষ, এই সকল বর্ণ পূর্ব্বে থাকিলেও মূর্দ্ধন্য হইবেক না, যথা নরান্, হরীন্, গুরূন্, অর্চ্চনা, অর্থেন, গ্রন্থন, বৃন্দ ইত্যাদি। যদি এক পদে ঋ ৠ র ষ ও অন্য পদে ন থাকে তাহা হইলে মূর্দ্ধন্য হয় না। যথা গিরিনন্দিনী, রঘুনন্দন, ত্রিনয়ন, নরবাহন ইত্যাদি। যদি অন্য

পদস্থিত দন্ত্য ন বিভক্তিস্থানে জাত অথবা বিভক্তিযুক্ত হয়, কিম্বা স্ত্রীলিঙ্গ বিহিত ঈ প্রত্যয়ের সহিত মিলিত থাকে তাহা হইলে বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা (বিভক্তি স্থানে জাত ন) প্রভাবেণ, প্রভাবেন, (বিভক্তিযুক্ত ন) নগরযায়িণা, নগরযায়িনা, বিষপায়িণা, বিষপায়িনা; (ঈ প্রত্যয় মিলিত ন) নগরযায়িণী, নগরযায়িনী; বিষপায়িণী, বিষপায়িনী ইত্যাদি। যুবন্ শব্দ এবং ভগিনী, কামিনী প্রভৃতি কতিপয় শব্দের ন মূর্দ্ধন্য হয় না। যথা নৃযুবানৌ, ক্ষত্রিয়যূনা, শূদ্রযূনাম্, পিতৃভগিনী, হরকামিনী, হরিভাবিনী, ঘোর যামিনী, ক্ষত্রিয়যূনী ইত্যাদি। যদি পর পদ এক স্বর বিশিষ্ট অথবা কবর্গযুক্ত থাকে তাহা হইলে দন্ত্য ন নিত্য মূর্দ্ধন্য হয়। যথা (এক স্বরবিশিষ্ট) প্রভুণা বৃত্রহণ; (কবর্গযুক্ত) শ্রীকামেণ, নগরগামিণী ইত্যাদি। রম্যযূনা, রম্যাহ্না, রম্যপক্কেন, পরিপক্কানি এই সকলশব্দের নকার মূর্দ্ধন্য হইবেক না। ওষধি বাচক ও বৃক্ষবাচক শব্দের পরস্থিত বন শব্দের ন বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা (ওষধিবাচক) ব্রীহিবণ, ব্রীহিবন; দূর্ব্বাবণ, দূর্ব্বাবন; রম্ভাবণ, রম্ভাবন ইত্যাদি। (বৃক্ষবাচক) লোধ্রবণ, লোধ্রবন; দ্রাক্ষাবণ, দ্রাক্ষাবন; মালূরবণ, মালূরবন ইত্যাদি। দেবদারুবন, উডুম্বরবন, নাগরঙ্গবন, সহকারবন ইত্যাদি শব্দের বহুস্বর প্রযুক্ত মূর্দ্ধন্য হইবেক না। শর, ইক্ষু, প্লক্ষ, আম্র, খদির এই কয়েক শব্দের পরস্থিত বন শব্দের ন নিত্য মূর্দ্ধন্য হয়। যথ. শরবণ, ইক্ষুবণ, প্লক্ষবণ, আম্রবণ, খদিরবণ। প্র, নির্, অন্তর্, অগ্রে এই কয় শব্দের পরস্থিত বন শব্দের ন মূর্দ্ধন্য হয়। যথা প্রবণ, নির্বণ, অন্তর্বণ, অগ্রেবণ। অন্য পদস্থিত র প্রভৃতি পরবর্ত্তী পান শব্দের ন বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা ক্ষীরপাণ, ক্ষীরপান; নীরপান, নীরপাণ; বিলপাণ,

বিষপাম ইত্যাদি। ত্রি ও চতুর্ শব্দের পরবর্ত্তী হায়ন শব্দের ন মূর্দ্ধন্য হয় বয়সার্থে। যথা ত্রিহায়ণো বৎসঃ, চতুর্হায়ণী গৌঃ। প্র, পূর্ব্ব, অপর প্রভৃতি শব্দের পরবর্ত্তী অহ্নশব্দের ন মূর্দ্ধন্য হয়। যথা প্রাহ্ণ, পূর্ব্বাহ্ণ, অপরাহ্ণ। পর, পার, উত্তর, রাম, চান্দ্র ও নারা শব্দের পরবর্ত্তী অয়ন শব্দের ন মূর্দ্ধন্য হয়। যথা পরায়ণ, পারায়ণ, উত্তরায়ণ, রামায়ণ, চান্দ্রায়ণ, নারায়ণ। অগ্র ও গ্রাম শব্দের পরবর্ত্তী নী শব্দের ন মূর্দ্ধন্য হয়। যথা অগ্রণী, গ্রামণী। শূর্পের পরস্থিত নখের ন, এবং প্র, দ্রু, খর ও বার্দ্ধ্রী শব্দের পরস্থিত নসের ন মূর্দ্ধন্য হয়। যথা শূর্পণখা; প্রণস, দ্রুণস, খরণস, বার্দ্ধ্রীণস। গিরিনদী প্রভৃতি কতিপয় শব্দের ন বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা গিরিণদী, গিরিনদী; স্বর্ণদী, স্বর্নদী; গিরিণিতম্ব, গিরিনিতম্ব; গিরিণখ, গিরিনখ; চক্রণদী, চক্রনদী; চক্রণিতম্ব, চক্রনিতম্ব; তূর্য্যমাণ, তূর্য্যমান; ইত্যাদি। পূর্ব্বপদের অন্তে মূর্দ্ধন্য য থাকিলে পর পদের ন মূর্দ্ধন্য হয় না। যথা নিষ্পান, হবিষ্পান, দুষ্পান ইত্যাদি। প্র, পরা, পরি, নির্ এই চারি উপসর্গের ও অন্তর্ শব্দের পর যদি নদাদিগণ ধাতু থাকে তাহা হইলে উহাদের ন মূর্দ্ধন্য হয়। যথা প্রণদতি, প্রণমতি, প্রণশ্যতি, প্রণদ্যতে, প্রণয়তি, প্রণোতি, প্রণুদতি, প্রাণিতি, প্রহণ্যতে, পরাণদতি, পরিণদতি, নির্ণদতি, অন্তর্ণদতি ইত্যাদি। নশ ধাতুর শ মূর্দ্ধন্য হইলে ন মূর্দ্ধন্য হয় না। যথা প্রনষ্ট, পরিনষ্ট, নির্নষ্ট অন্তর্নষ্ট। হন ধাতুর হ স্থানে ঘ হইলে ন মূর্দ্ধন্য হয় না। যথা প্রঘ্নন্তি, পরিঘ্নন্তি, শত্রুঘ্ন ইত্যাদি। গদপ্রভৃতি কতকগুলিন ধাতুর পূর্ব্ববর্ত্তী নি উপসর্গের ন মূর্দ্ধন্য হয়। যথা প্রণিগদতি, প্রণিপতভি, প্রণিদদাতি, প্রণিধান, প্রণিহিত ইত্যাদি।

ত

তকার, ব্যঞ্জনের ষোড়শবর্ণ। এই ত বর্ণের উচ্চারণ দন্ত হইতে হয়। তস্য নামানি যথা।—পূতনা; হরি; শুদ্ধি; শক্তী; শাক্তি; জটী; ধ্বজা; বামজ্ঞিক; বামকটি; কামিনী; মধ্যকর্ণ; আষাঢ়ী; তণ্ড-তুন্ন; কামিকা; পৃষ্ঠপুচ্ছ; রত্নক; শ্যাম-মুখী; বারাহী; মকর; অরুণ; সুগভ; অর্দ্ধমুখী; বুদ্ধজানু; ক্রোড়পুচ্ছক; গন্ধ: বিশ্বামরুচ্ছত্র; চাম্বরাধা; সৌরক; জয়ন্তি পুলকো; ভ্রান্তি; অনঙ্গ; মদনাতুরা।

ত, ন.স্ত্রী. তরণ; পুণ্য; (পুং.) চৌর; অমৃত; পুচ্ছ; ক্রোড; ম্লেচ্ছ; গর্ভ; শঠ; রত্ন; সুগত; যোধ; গৌরবিবর্জ্জিতপুচ্ছ; ক্রোষ্টপুচ্ছ; বৃক্ষ; খাস্ত।

তঅজ্জব্, (যাং) বিস্ময়, চমৎকার।

তঅল্লক্, (যাং) সম্বন্ধ; চিন্তা; লোকসংসর্গ; আধিপত্য।

তঈনাৎ, (যাং) নিয়োগ; কর্ম্ম।

তউ, (প্রা) পিত্তলাদি ধাতু পাত্রবিশেষ।

তংখা, (যাং) বেতন, মাহিনা।

তক, ত্রি. [তৎ+ক] তৎসম্বন্ধীয়।

তক্, (হি) পর্য্যন্ত, অবধি; অন্ত।

তকল্লবী, (যাং) ক্লেশিত; উত্তাপিত।

তকাবী, (যাং) অগ্রে মূল্যদেওন।

তকার, পুং. [ত+কার] তবর্ণ

তকারাদি, ত্রি. [তকার+আদি] ত আদিবর্ণ।

তকারান্ত, ত্রি. [তকার+অন্ত] ত বর্ণান্ত।

তকিৎ, (যাং) নির্ণয়, নির্দ্ধারণ।

তকিল, ত্রি. [তক+ইল] ধূর্ত্ত

তকিলা, স্ত্রী. [তকিল+আ] ঔষধ।

তক্য, ত্রি. [তক+য] হাস্য; সহনীয়।

তক্ত্, (যাং) সিংহাসন।

তক্তা, (যাং) কাষ্ঠফলক।

তকৃরার, (যাং) বাক্ কলহ।

তকৃলীফ্, (যাং) দুঃখ, ক্লেশ।

তকৃসীর, (যাং) দোষ।

তকৃসীরদার, (যাং) অপরাধী।

তক্র, ন. [তক্+র] পাদাম্বু সংযুক্ত দধি, তৎপর্য্যায়।—গোরসজ, ঘোল, কালসেয়, বিলোড়িত, দণ্ডাহত, অরিষ্ট, অম্ল, উদশ্বিৎ, মথিত, দ্রব; উদ্ধৃতসারদধি।

তক্রকূর্চ্চিকা, স্ত্রী. [তক্র+কূর্চ্চিকা] উষ্ণদুগ্ধে তক্র যোগজাত, ছানা।

তক্রমাংস, ন. [তক্র+মাংস] ব্যঞ্জনবিশেষ।

তক্রাট, পুং. [তক্র+অট] মন্থান দণ্ড।

তখন-তখনি, (প্রা) সেইকালে, তৎকালে, তৎক্ষণে, সেই সময়ে।

তগর, পুং. [তগ্+অর] পুষ্পবৃক্ষবিশেষ, টগরফুল, তৎপর্য্যায়।—সিতপুষ্প, কালপর্ণ, কটুচ্ছদ; মদনবৃক্ষ; (ন.) নদীবৃক্ষ, গন্ধদ্রব্যবিশেষ, পিণ্ডতগর, তগরমূল, ইতিখ্যাত, তৎপর্য্যায়।—কালানুসারিবা, বক্র, কুটিল, শঠ, মহোরগ, নত, জিহ্ম, দীপন, তগরপাদিক, বিনম্র, কুঞ্চিত, ষণ্ট, নহুষাখ্য, দণ্ডহস্ত, বর্হণ, পিণ্ডীতগরক, পার্থিব, রাজহর্ষণ, কালানুসারক, ক্ষত্র, দীন।

তগরপাদিক, স্ত্রী. [তগর+পাদিক] তগর।

তগরপাদুকা, (প্রা) ওষধিলতাবিশেষ; তামাকু।

তগ্লুব্, (যাং) প্রতারণ, কপট।

তঙ্ক, পুং. ন. [তন্ক+অ] পাষাণদারণ; কুঠার; প্রিয়বিরহজ তাপ; ভয়।

তঙ্কন, ন. [তক্+অন] দুঃখ; ক্লেশ।

তঙ্কা, (প্রা) মুদ্রা, টঙ্ক; রূপামুদ্রা, টাকা।

তঙ্কী, (প্রা) অনুসন্ধান, তত্ত্ব, অন্বেষণ।

তচ্চরণ, ন. [তৎ+চরণ] তৎপদ, সেই চরণ।

তচ্ছম, (প্রা) শান্তি, নিবৃত্তি, উপশম।

তচ্ছমকরণ, (প্রা) শান্তিকরণ, উপশমকরণ, থামান

তজ্জ, ত্রি; [তৎ+জ] তদুদ্ভব, তাহাহইতে জাত

তজ্জন্য, ত্রি. [তৎ+জন্য] তৎকারণ।

তজ্বীজ্, (যাং) নিরুপণ; অন্বেষণ, অনুসন্ধান।

তঞ্চী, ত্রি. [তচ্+উ-ঈ] হিঙ্গুপত্রী

তঞ্চ, (প্রা) গণত, প্রবঞ্চনা, প্রতারণা।

তঞ্চক, (প্রা) প্রবঞ্চক, প্রতারক, ছলনিয়া

তঞ্চকতা, (প্রা) কাপট্য, প্রবঞ্চনা, ছল।
তট, ন. [তট্+অ] ক্ষেত্র; (ত্রি) নদ্যাদিরতীর।
তটস্থ, ন. [তট+স্থ] লক্ষণস্বরূপ, স্বরূপলক্ষণাতিরিক্ত লক্ষণা; পারমার্থিকতা; অ-পক্ষপাতী, অগণাক্রান্ত; (ত্রি.) তীরস্থ; চমৎকৃত; ব্যস্ত; সঙ্কুচিত।
তটাক, পুং. [তট + অক] তড়াগ, পদ্মাদিযুক্ত সর, বৃহজ্জলাশয়।
তটিনী, স্ত্রী. [তট + ইনী] নদী।
তটী, স্ত্রী. [তট+ঈ] নদীর তীর।
তড়, (প্রা) তট; নদ্যাদির সলিলাল্পতা।
তড়গ, পুং. [তড্+অগ] তড়াগ।
তড়তড়, (প্রা) অব্যক্তশব্দ; বৃষ্টিপতনশব্দ।
তড়পথ, (প্রা) স্থলপথ।
তড়পন, (প্রা) আস্ফালন, উল্লম্ফন।
তড়তড়িয়া-তড়বড়িয়া, (প্রা) অধৈর্য্য, ব্যস্ত।
তড়া, (প্রা) তট, কূল
তড়াক, পুং. [তড়+আক] তড়াগ, নদী।
তড়াকৃতড়াক্, (প্রা) পুনঃ পুনঃ উল্লম্ফন।
তড়াকা, স্ত্রী. [তড়াক+আ] নদী এবং সমুদ্রের তটভাগ; আঘাত।
তড়াগ, পুং. ন. [তড়+আগ] যন্ত্রকূটক; পদ্মাদিযুক্ত সর, পদ্মাকর, তড়াক,তটাক, তড়গ; পঞ্চশত ধনুপরিমাণ জলাশয়।
তড়াঘাত, পুং. [তড়া+আঘাত] ঊর্দ্ধীকৃত্য হস্তী শুণ্ডাঘাত।
তড়িৎ, স্ত্রী. [তড়+ইৎ] বিদ্যুৎ, সৌদামিনী।
তড়িত্বান, পুং. [তড়িৎ+বৎ] মেঘ; মুস্তক।
তড়িল্লতা, স্ত্রী. [তড়িৎ+লতা] বিদ্যুল্লতা, দ্যোত্র।
তণ্ডক, পুং. [তড্+ক] খঞ্জনপক্ষী; ফেণ; সমাস প্রায় বাক্; গৃহদারু; তরুস্কন্ধ; (ত্রি.) মায়াবহুল; (পুং.ন.) পরিস্কার, নির্ম্মল। [শিক্ষক।
তণ্ড, পুং. [তড্+উ] শিবদ্বারপাল; অনুকর্ম্ম-
তণ্ডুরীণ, পুং. [তণ্ডুর+ঈণ] কীটমাত্র; তণ্ডুলোদক; (ত্রি.) বর্ব্বর।
তণ্ডুল, পুং. [তড্+উল] বিড়ঙ্গ; তণ্ডুলীয়পাক; ধান্যাদি নিকর, ধান্যাস্থি, ধান্যসার, শালিসার, চাউল
তণ্ডুলকণ, পুং. [তণ্ডুল+কণ] ধান্যসারকণ, ধান্যসারাংশ; (প্রা) খুদ
তণ্ডুলপরীক্ষা, স্ত্রী. [তণ্ডুল+পরীক্ষা] নববিধ দিব্যান্তর্গত দিব্যবিশেষ, চালুপড়া।
তণ্ডুলা, স্ত্রী. [তণ্ডুল+আ] মহাসমঙ্গা; বিড়ঙ্গ।
তণ্ডুলাম্বু, ন. [তণ্ডুল+অম্বু] তণ্ডুলোদক, জ্যোষ্ঠাম্বু, তণ্ডুলোথ, চেলুনি।
তণ্ডুলী, স্ত্রী. [তণ্ডুল+ঈ] যবতিক্তালতা; শশাণ্ডুলী, কর্কটী; তণ্ডুলীয়শাক,নটেশাক
তণ্ডুলীক, পুং. [তণ্ডুলী+ক] তণ্ডুলীয় শাক।
তণ্ডুলীয়, পুং. [তণ্ডুল+ঈয়] পত্রশাকবিশেষ, চাঁপানটে, ক্ষুদ্র নটিয়া; তৎপর্য্যায়।— অল্পমারিষ, তণ্ডুলীক, তণ্ডুল, তণ্ডীর, তণ্ডুলী, তণ্ডুলীয়ক, তণ্ডুলের, গ্রন্থিল, বহুবীর্য্য, মেঘনাদ, ঘনস্বন, সুশাক, পথ্যশাক, স্ফূর্জথু, স্বনিতাহ্বয়, বীর, তণ্ডুলনামা; বিড়ঙ্গ; তাপ্য।
তণ্ডুলীয়ক, পুং. [তণ্ডুলীয়+ক] তণ্ডুলীয়শাক।
তণ্ডুলীয়িকা, স্ত্রী. [তণ্ডুলীয়+ইকা] বিড়ঙ্গ।
তণ্ডুলু, স্ত্রী. [তড্+উলু] বিড়ঙ্গ।
তণ্ডুলের, পুং. [তণ্ডুল+এর] তণ্ডুলীয় শাক।
তণ্ডুলোত্থ-তণ্ডুলোদক, ন. [তণ্ডুল+উত্থ] তণ্ডুলাম্বু।
তণ্ডুলৌঘ, পুং. [তণ্ডুল+ওঘ] বেষ্টবংশ, বেউড়বাঁশ; তণ্ডুলসমূহ, ধান্যাচল, ধান্যধেনু।
তৎ, ব্য. [তন্+অ] হেতু; তস্য, তথায়, তস্মিন্, তেন, তস্মাৎ; (ত্রি.) বুদ্ধিস্থ পরামর্শ, সেই; সর্ব্বনামশব্দ; (ন.) ব্রহ্মের বিশেষণ যথা।—ওঁ তৎ সৎ।
তত, ন, [তন্+ত] বীণাদিবাদ্য; (ত্রি.) বিস্তৃত, ব্যাপ্ত; (পুং.) বায়ু; (ব্য.) হেতু; আদি; পরিপ্রশ্ন; পঞ্চম্যর্থ; কথান্তর; আনন্তর্য্য।
ততঃপ্রভৃতি, ব্য. [ততস্+প্রভৃতি] তদাপ্রভৃতি, তদবধি, তৎকালাদারভ্য, তৎকালাবধি; তদারভ্য।
ততচিহ্ন, ত্রি. [তত+চিহ্ন] ব্যক্তরূপেচিহ্নিত।
তততত, পুং. [তত+তত] পিতৃপিতা; আদিপুরুষ

ততদিন, (প্রা) তাবদ্দিবস, তৎপরিমিত দিন, সেই পর্যান্ত।
ততপত্রী, স্ত্রী. [তত+পত্রী] কদলীবৃক্ষ।
ততম, ত্রি. [তদ্+তম] অনেকের মধ্যে সেই।
ততর, ত্রি. [তদ্+তর] দুয়ের মধ্যে সেই।
ততস্ত্য, ত্রি. [ততস্+ষ] তৎসম্বন্ধীয়, তার।
ততস্তস্, ব্য. [ততস্+তস্] ততঃপ্রভৃতি।
ততস্ত্যা, ত্রি. [ততস্+ত-ষ] তৎসম্বন্ধীয়, তার।
ততি, ত্রি. [তন্+তি] তৎপরিমাণ, ততগুলি; বিস্তার; (স্ত্রী.) শ্রেণী। [পর।
তৎকর, ত্রি. [তৎ+কর] আজ্ঞাকর, আজ্ঞা-
তৎকরণক, ত্রি. [তৎ+করণক] তদ্দ্বারা, তাহাতে।
তৎকর্ত্তৃক, ত্রি. [তৎ+কর্ত্তৃক] তিনিই কর্ত্তা, তাহা কর্ত্তৃক।
তৎকর্ম্ম-তৎকার্য্য, পুং. [তৎ+কর্ম্ম-কার্য্য] সেইকর্ম্ম, সেইকার্য্য। [মিস্ত্র।
তৎকারণ, ন. [তৎ+কারণ] সেইহেতু, তন্নি-
তৎকাল. পুং. [তৎ+কাল] বর্ত্তমানকাল, তদাত্ব; সাম্প্রতকাল, ইহকাল, সদাস্কাল, তৎক্ষণ, তদানীং।
তৎকালধী, পুং. [তৎকাল+ধী] প্রত্যুৎপন্নমতি, উপস্থিত বুদ্ধি।
তৎকালে, ব্য. [তৎ+কালে] সেই কালে সেইসময়ে।
তৎকালীক, ব্য. [তৎ+কালীক] সেই সময়ের, তদানীন্তন।
তৎকালীন, ব্য. [তৎ+কালীন] সেইকালীন, সেই সময়ের। [সময়জাত।
তৎকালোৎপন্ন, ত্রি. [তৎ+কালোৎপন্ন] সেই
তৎকৃত, ত্রি. [তৎ+কৃত] তাহা হইতেরচিত।
তৎক্রমে, ব্য, [তৎ+ক্রমে] তদনুসারে, সেই ক্রমে।
তৎক্রিয়, ত্রি. [তৎ+ক্রিয়] কর্ম্মকার, বেতন বিনা ভারবহনাদি কর্ত্তা।
তত্তুল্য, ত্রি. [তৎ+তুল্য] তুল্যগুণ, সমগুণ, সদৃশ, সধর্ম্মা।
তত্ত্ব, ন. [তৎ+ত্ব] স্বরূপ; পরমাত্মা; বিলম্বিত নৃত্য; বাদ্যপ্রভেদ; বস্তু; চেতঃ; চতুর্ব্বিংশতি তত্ত্ব যথা।—ক্ষিতি, আপ, তেজ, মরুৎ, ব্যোম, গন্ধ, রস, রূপ, স্পর্শ, শব্দ, নেত্র, নাসিকা, জিহ্বা, কর্ণ, ত্বক্, হস্ত, পাদ, মুখ, পায়ু, লিঙ্গ, প্রকৃতি, মনঃ, বুদ্ধি, অহঙ্কার।
তত্ত্ব, ন. (প্রা) তত্ত্ব, অন্বেষণ, অনুসন্ধান।
তত্ত্বকারক, পুং. [তত্ত্ব+কারক] যথার্থ বিচারক, ন্যায়কারী; পণ্ডিত; অন্বেষ্ট, সন্ধানকারক।
তত্ত্বজিজ্ঞাসু, ত্রি. [তত্ত্ব+জিজ্ঞাসু] তত্ত্বজ্ঞানেচ্ছু।
তত্ত্বজ্ঞান, ন. [তত্ত্ব+জ্ঞান] বুদ্ধিগুণবিশেষ, ব্রহ্মজ্ঞান, পরমার্থজ্ঞান, অধ্যাত্মবিদ্যা, আত্মবিদ্যা, ব্রহ্মবিদ্যা, পরমার্থ।
তত্ত্বজ্ঞানী, ত্রি. [তত্ত্ব+জ্ঞানিন্] ব্রহ্মজ্ঞানী।
তত্ত্বতস্, ব্য. [তত্ত্ব+তস্] যথার্থ, সম্যক্, ঋত, সসৌক্ষ্য; তত্ত্ব হইতে।
তত্ত্বন্যাস, পুং. [তত্ত্ব+ন্যাস] বিষ্ণুপূজাবিষয়ক ন্যাসবিশেষ।
তত্ত্ববাদী, ত্রি. [তত্ত্ব+বাদিন্] যথার্থবক্তা. সত্যভাষী; ব্রহ্মবাদী; অভেদকথন।
তত্ত্ববার্ত্তা, স্ত্রী. [তত্ত্ব+বার্ত্তা] অনুসন্ধান; বিতর্ক।
তত্ত্ববিৎ, ত্রি. [তত্ত্ব+বিৎ] সত্যবিৎ; ব্রহ্মজ্ঞ।
তত্ত্ববিজ্ঞান, ন. [তত্ত্ব+বিজ্ঞান] তত্ত্বজ্ঞান।
তত্ত্ববিবিৎসা, স্ত্রী. [তত্ত্ব+বিবিৎসা] ব্রহ্মজ্ঞানেচ্ছা, তত্ত্বজ্ঞানেচ্ছা।
তত্ত্ববেত্তা, পুং. [তত্ত্ব+বেত্তৃ] ব্রহ্মজ্ঞানী।
তত্ত্বানুসন্ধান, ন. [তত্ত্ব+অনুসন্ধান] যথার্থ অন্বেষণ, বিশেষবৃত্তান্তানুসন্ধান।
তত্ত্বাবধারক, পুং. [তত্ত্ব+অবধারক] রক্ষণাবেক্ষণকর্ত্তা, অভিভাবক, অধ্যক্ষ।
তত্ত্বাবধারণ, ন. [তত্ত্ব+অবধারণ] রক্ষণাবেক্ষণ, অধ্যক্ষতা; মনোনিবেশ।
তত্ত্বাববোধ, পুং. [তত্ত্ব+অববোধ] পরমার্থবোধ, আত্মবোধ, ব্রহ্মোপদেশ।
তত্ত্বার্থবিদ্, ত্রি. [তত্ত্ব+অর্থ-বিদ্]তত্ত্বজ্ঞানী।
তত্ত্বাভিযোগ, পুং. [তত্ত্ব+অভিযোগ] লতাবৃক্ষবিশেষ।
তৎপর, ত্রি. [তৎ+পর] নিপুণ, দক্ষ, পটু, পারক; প্রয়াসী, শ্রমী, আসক্ত।

তৎপরায়ণ, ত্রি. [তৎ+পরায়ণ] তদাসক্ত, তদনুরক্ত। [ততঃপর।
তৎপরে, ব্য. [তৎ+পরে] তদনন্তর, অনন্তর,
তৎপশ্চাৎ, ব্য. [তৎ+পশ্চাৎ] তদনন্তরে, তস্মাৎপর।
তৎপার্শ্বে, ব্য. [তৎ+পার্শ্বে] তাহার নিকটে, তাহার পাশে।
তৎপুরুষ, পুং. [তৎ+পুরুষ] সমাসবিশেষ; শিবমূর্ত্তিবিশেষ।
তৎপূর্ব্ব, ত্রি. [তৎ+পূর্ব্ব] প্রাকৃতাংশ, পূর্ব্বকাল, পৌর্ব্বিক, পূর্ব্বতন।
তৎপৃষ্ঠে, ব্য. [তৎ+পৃষ্ঠে] তদুপরে।
তৎপোষণ, ন. [তৎ+পোষণ]তৎপ্রতিপালন।
তৎপ্রকারক, ত্রি. [তৎ+প্রকারক] তদ্রূপ, সেইপ্রকার।
তৎফল, ত্রি. [তৎ+ফল] প্রত্যুৎপন্ন ফল, (পুং.) সিতোৎপল; দেবজম্ভ, সৌগন্ধিক।
তত্র, ব্য. [তদ্+ত্র] তথায়, তৎস্থানে, তস্মিন্স্থানে, সেস্থানে, সেখানে।
তত্রত্য-তত্রস্থ, ত্রি. [তত্র+ত্য-স্থ] তৎস্থানীয়, সেখানকার।
তত্রজাত, ন; [তত্র+জাত] তদতিসমস্ক।
তত্রভবান্, ত্রি. [তত্র+ভবৎ] পূজ্য, মান্য, শ্লাঘ্য।
তত্রাপি, ব্য. [তত্র+অপি] তথাপি, অন্যথাসূচকশব্দ, তথাচ, তবু, তাহা হইলেও, সেখানেও।
তত্রোপরি, ব্য. [তত্র+উপরি] তদুপরি।
তৎক্ষণ, ন. [তৎ+ক্ষণ] বর্ত্তমানকাল, তৎকাল, তদাত্ব, সাম্প্রতকাল, ইহকাল, সদা, সদ্যস্কাল, ইহসময়, তখন।
তৎক্ষণে, ব্য. [তৎ+ক্ষণে] সম্প্রতি, অধুনাকালে, সাম্প্রত, এতর্হি, অধুনু, তখনই, অবিলম্বে।
তৎক্ষণাৎ, ব্য; [তৎ+ক্ষণাৎ] অবিলম্বে, তখনই, সেই অবধি, সেইক্ষণে।
তথা, ব্য. [তদ্+থা] সাম্য; অভ্যুপগম; পৃষ্টপ্রতিবাক্য, সমুচ্চয়, নিশ্চয়; পূর্ব্বাবৎ, সেইরূপ, সেইপ্রকার, তেমনি।
তথাকৃত, ত্রি. [তথা+কৃত] তদবস্থ।
তথাগত, পুং. [তথা+গত] বুদ্ধ; (ত্রি.) পূর্ব্বোক্তপ্রকার আগত।
তথাচ, ব্য. [তথা+চ] পূর্ব্বোক্তার্থ দৃঢ়ীকরণ, তথাপি, তত্রাপি, তবু।
তথাতে, (গ্রা) তদ্রূপে, তৎপ্রকারে।
তথাত্ব, ন. [তথা+ত্ব] তাদৃগ্ভাব, তৎপ্রকারতা।
তথাপি, ব্য. [তথা+অপি] তত্রাপি, পরন্তু, অপি, কিন্তু, তবু, তথাচ।
তথাবিধ, ত্রি. [তথা+বিধ] ঈদৃশ ঈদৃক্ষ, ঈদৃক্, অমূদৃশ, অমূদৃক্ষ; এবম্ভূত, এবম্বিধ, এতদৃক্ষ, এতাদৃক্, এতাদৃশ, তাদৃক্ষ, তাদৃক্, তাদৃশ।
তথায়, (গ্রা) তত্র, তথা, সেখানে, সেইস্থানে।
তথারাজ, পুং. [তথা+রাজ] বৌদ্ধবিশেষ।
তথাস্তু, ব্য. [তথা+অস্তু] এবমস্তু, এমনি হউক, তাহাই হউক।
তথেতি, ব্য. [তথা+ইতি] এতাদৃশ, তথাহি, তথা।
তথৈব, ব্য. [তথা+এব] তদ্বদেব, তেমনি, সেইপ্রকার, যৎসামান্যবোধক, যেমন তেমন।
তথ্য, ন. [তথা+য] সত্য, ঋত, তত্ত্বার্থ,যথার্থ বচন, যাথার্থ্য; (ত্রি.) যথার্থ, সত্য।
তথ্যজ্ঞান, ন. [তথ্য+জ্ঞান] সত্যজ্ঞান।
তথ্যবোধ, পুং. [তথ্য+বোধ] নিশ্চয়বোধ, পরিজ্ঞান, সুনিশ্চয়।
তথ্যানুসন্ধান, ন. [তথ্য+অনুসন্ধান] সত্যসন্ধান, তত্ত্বান্বেষণ।
তদ্, ত্রি. [তন্+অদ] তৎ। [অংশ।
তদংশ, পুং. [তদ্+অংশ] তদ্বিভাগ, তাহার
তদকরণ, ন. [তদ্+অকরণ] তদননুষ্ঠান, তদবিধান, তাহা না করণ।
তদঙ্গ, ন. [তদ্+অঙ্গ] তদ্দেহ, তচ্ছরীর।
তদতিপাত, ত্রি. [তদ্+অতিপাত] অতিক্রম, উৎপাত।
তদধিক, ত্রি. [তদ্+অধিক] তদতিরিক্ত, অন্যোধিক।

তদনন্তর, ব্য. [অদ্+অনন্তর] অনন্তর, তৎপশ্চাৎ, তাহারপরে।
অদনুগ-তদনুগত, ত্রি. [তদ্+অনুগ] তৎপশ্চাদ্গামী, তাহার অনুগত, তাহার পশ্চাৎ গমনকারী।
তদনুযায়ী, ত্রি. [তদ্+অনুযায়িন্] তদনুরূপ, সেইমত
তদনুরূপ, ত্রি. [তদ্+অনুরূপ] তাদৃশ, তত্তুল্য, সেইরূপ, সেইপ্রকার।
তদনুসরণক্রমেণ, ব্য.[তদ্+অনুসরণ+ক্রমেণ] অতঃপর, তদনন্তর, তৎপশ্চাৎ।
তদনুসার, ব্য. [তদ্+অনুসার] তদনুরূপ।
তদনুসারতা, স্ত্রী. [তদনুসার+তা] যোগ্যতা, যুক্ততা, ঔচিত্য, সদৃশতা।
তদনুসারী, ত্রি. [তদ্+অনুসারিন্]তৎপশ্চাৎ, তদনুপথ, তদনুপদ। [তদ্রূপে।
তদনুসারে, ব্য. [তদ্+অনুসারে] সেইমতে,
তদন্ত, ব্য. [তদ্+অন্ত] তচ্ছেষ, শেষ, সীমা; নির্যাস; তন্মধ্য, তদভ্যন্তর; (পুং.) উদ্দেশ, অভিপ্রায়, বিষয়।
তদন্তর, ব্য, [তদ্+অন্তর] তদ্ভিন্ন, তাহা ব্যতিরেক।
তদন্তঃপাতী, ত্রি. [তদ্+অন্তর+পাতিন্] তন্মধ্যবর্ত্তী, তাহার অভ্যন্তরে পতিত।
তদন্ন, ন. [তদ্+অন্ন] তাহার অন্ন, সেইঅন্ন।
তদন্বক্ষ, ত্রি. [তদ্+অন্বক্ষ] তদনুগ, তদনুযায়ী।
তদপি, ব্য. [তদ্+অপি] তথাপি।
তদবধি, ব্য. [তদ্অবধি] সেই অবধি, সেই পর্য্যন্ত, তখন হইতে।
তদবস্থ, ত্রি. [তদ্+অবস্থা] একদশাপন্ন, সেইপ্রকার অবস্থাপন্ন।
তদভ্যন্তর, ব্য. [তদ্+অভ্যন্তর] তন্মধ্যে।
তদভ্যাস, পুং. [তদ্+অভ্যাস] সেইসংস্কার।
তদভ্যাসী. ত্রি. [তদ্+অভ্যাসিন্] সেই সংস্কারাপন্ন।
তদর্থ, ব্য. [তদ্+অর্থ] তন্নিমিত্ত, তদ্ধেতু, (ত্রি.) তদভিপ্রায়; তন্মত, তদ্ভাব।
তদর্পণ, ন [তদ্+অর্পণ] প্রত্যর্পণ, প্রতিদান

তদা, ব্য. [তদ্+আ] তস্মিন্‌কালে, সেই সময়ে, সেই কালে।
তদাত্ব, ন. [তদা+ত্ব] তৎকাল, বর্ত্তমানকাল।
তদাদি, ব্য. [তদ্+আদি] তদবধি; তৎপ্রভৃতি, আদিকালাবধি।
তদাদিতদন্ত, ত্রি. [তদাদি+তদন্ত] আদ্যোপান্ত, পূর্ব্বাপর।
তদানীং, ব্য. [তদ্+আনীম্] তস্মিন্‌কালে, সেইকালে, তখন, তদা। [সম্বন্ধী।
তদানীন্তন, ত্রি. [তদানীং+তন] তৎকাল-
তদাপ্রভৃতি, ব্য. [তদা+প্রভৃতি] তদবধি. ততঃপ্রভৃতি।
তদামুখ, ন. [তদা+মুখ] আরম্ভ, উদ্যোগ, প্রারব্ধি, আদি, উপক্রম, অভ্যাদান।
তদারভ্য, ব্য. [তদ্+আরভ্য] তৎকালাদারভ্য, তদাপ্রভৃতি, তদবধি।
তদিতর, ত্রি. [তদ্+ইতর] তদ্ভিন্ন।
তদীয়, ত্রি. [তদ্+ঈয়] তৎসম্বন্ধীয়।
তদুক্তি, স্ত্রী. [তদ্উক্তি] তদ্ভাষা, তদ্বচন; তল্লপিত।
তদুচিত, ত্রি. [তদ্+উচিত] যথার্হ, তদোপযুক্ত, তদ্যোগ্য।
তদুত্তম, ত্রি. [তদ্+উত্তম] তদপেক্ষা উত্তম।
তদুত্তর, ন. [তদ্+উত্তর] প্রতিবচন, প্রত্যুক্তি, প্রত্যুত্তর।
তদুপকার, পুং. [তদ্+উপকার] তাহার অনুগ্রহ।
তদুপরি, ব্য. [তদ্+উপরি] তাহার উপরি, তত্রোপরি, অত্রান্তরে।
তদেকচিত্ত, ত্রি. [তদ্+একচিত্ত] সমস্বভাব, সমানশীল।
তদেব, ব্য. [তদ্+এব] অনন্য, সেই, তাহাই. অভিন্ন, সমান, পৃথক্।
তদ্গত, ত্রি. [তদ্+গত] তদনুরক্ত, তৎপরায়ণ। [অবিলম্বে।
তদ্দণ্ডে, ব্য. [তদ্+দণ্ডে] তৎক্ষণাৎ,
তদ্দিন, ব্য. [তদ্+দিন] প্রতিদিন, অহন্যহনি; (ন.) পূর্ব্বোক্তদিন।
তদ্দিবসে, ব্য. [তদ্+দিবসে] সেইদিবসে।
তদ্দেশ, পুং. [তদ্+দেশ] সেইদেশ, তদ্রাষ্ট্র।

তদ্ধন, ত্রি. [তদ্+ধন] কৃপণ, ব্যয়কুণ্ঠ, তম্মাত্রধন।

তদ্ধনজীবন, ন. [তদ্ধন+জীবন] তাহাই প্রাণতুল্য। [বিহিত।

তদ্ধিত, পুং. [তদ্+হিত] ব্যাকরণের প্রত্যয়

তদ্বৎ, ব্য. [তদ্+বৎ] তদ্রূপ, তৎসদৃশ, সেইরূপ, তাদৃশ, তাদৃক্, তাদৃক্ষ।

তদ্বৎপ্রায়, ব্য. [তদ্বৎ+প্রায়] তদ্ভূয়িষ্ঠ, প্রায়, সেইরূপ।

তদ্বলা, স্ত্রী. [তদ্+বলা] বাণবিশেষ।

তদ্বাচক, ত্রি. [তদ্+বাচক] তদ্ভাষিত, তদবিধান, তদাখ্যান, তদর্থসূচক।

তদ্বিধ, ত্রি. [তদ্+বিধ] তদ্রূপ।

তদ্বিষয়, ন. [তদ্+বিষয়] তদ্ব্যাপার, সেই কর্ম্ম। [স্বীয়।

তদ্বিষয়ক, ত্রি. [তদ্+বিষয়ক] তদ্বিষয় সম্ব-

তদ্ভিন্ন, ত্রি. [তদ্+ভিন্ন] তদন্যতর, তদেতর, তদ্ব্যতিরিক্ত।

তদ্যুক্ত, ত্রি. [তদ্+যুক্ত] তৎসংযুক্ত, তদন্বিত

তদ্রূপ, ত্রি. [তদ্+রূপ] তৎপ্রকার, সেইরূপ; তন্মূর্ত্তি।

তধী, (প্রা) তদা, তৎক্ষণাৎ, সেইক্ষণ।

তনয়, পুং. [তন্+অয়] পুত্র।

তনয়া, স্ত্রী. [তনয়+আ]কন্যা; চক্রকুল্যালতা।

ত্রিমুকুট, পুং. [ত্রি+মুকুট] চিত্রকুট পর্ব্বত।
ত্রিমুখ, পুং. [ত্রি+মুখ] বুদ্ধবিশেষ; (ত্রি.) ত্রিবক্ত্র।
ত্রিমুখা, স্ত্রী. [ত্রি+মুখা] বুদ্ধদেবতাভেদ, মায়াদেবী, তৎপর্য্যায়।—মারীচি, বজ্র-কালিকা, বিকটা, বজ্রবারাহী, গৌরী, পোত্রিরথা।
ত্রিমূর্ত্তি, পুং. [ত্রি+মূর্ত্তি] বুদ্ধ; ব্রহ্মা বিষ্ণু শিবাখ্যমূর্ত্তিত্রয়।
ত্রিমূর্দ্ধ, ত্রি. [ত্রি+মূর্দ্ধ] ত্রিমস্তক, ত্রিশির।
ত্রিয়ট, (প্রা) বাদ্যযন্ত্রের তালবিশেষ, তে-ওট।
ত্রিয়ণ, (প্রা) স্বরভেদ।
ত্রিযব, পুং. [ত্রি+যব] রতিপরিমাণ।
ত্রিযষ্টি, পুং. [ত্রি+যষ্টি] ক্ষেত্রপর্প্পটী।
ত্রিযামক, ন. [ত্রি+যামক] পাপ।
ত্রিযামা, স্ত্রী. [ত্রি+যামা] রাত্রি; হরিদ্রা; যমুনা; নীলী; কৃষ্ণত্রিবৃৎ।
ত্রিযুগ, পু. [ত্রি+যুগ] বিষ্ণু।
ত্রিযূহ, পুং. [ত্রি+যূহ] কপিলাশ্ব।
ত্রিযোনি, স্ত্রী. [ত্রি+যোনি] লোভাদিজনিত বিবাদ। [রাত্রি।
ত্রিরাত্র, ন. [ত্রি+রাত্র] রাত্রিত্রয়, ত্রিস্থণ-
ত্রিরাশিপ, ত্রি. [ত্রি+রাশিপ] রাশিচক্রের ত্রিরাশ্যধিপ।
ত্রিরেখ, পুং. [ত্রি+রেখা] শঙ্খ।
ত্রিলবণ, ন. [ত্রি+লবণ] সৈন্ধব বিড় রুচক মিলিত লবণত্রয়।
ত্রিলোক, পুং. [ত্রি+লোক] লোক, বিশ্ব-লোক, ব্রহ্মাণ্ড, ব্রহ্মগোল, সৃষ্টি, ত্রি-ভুবন, স্বর্গ মর্ত্য পাতাল, ত্রিজগৎ।
ত্রিলোকস্থ, ত্রি. [ত্রিলোক+স্থ] স্বর্গ মর্ত্য পাতালাবস্থিত।
ত্রিলোকী, স্ত্রী. [ত্রিলোক+ঈ] ত্রিলোক স-মাহার যথা।—ভূর্লোক, ভুবর্লোক, স্বর্লোক, ত্রিভুবন, ত্রিজগৎ।
ত্রিলোকেশ, পুং. [ত্রিলোক+ঈশ] সূর্য্য।
ত্রিলোচন, পুং. [ত্রি+লোচন] শিব।
ত্রিলোচনা, স্ত্রী. [ত্রিলোচন+আ] বুদ্ধদেবী-ভেদ; দুর্গা।
ত্রিলোচনাষ্টমী, স্ত্রী. [ত্রিলোচন+অষ্টমী] গৌণচান্দ্রজৈাষ্ঠকৃষ্ণাষ্টমী।
ত্রিলোচনী, স্ত্রী. [ত্রিলোচন+ঈ] দুর্গা।
ত্রিলোহক, ন. [ত্রি+লোহক] সুবর্ণ রজত তাম্র এতদ্ধাতুত্রয়।
ত্রিলৌহী. স্ত্রী. [ত্রি+লৌহী] মুদ্রাবিশেষ।
ত্রিশঙ্কু, পুং. [ত্রি+শঙ্কু] সূর্য্যবংশীয় রাজা-বিশেষ, ইক্ষ্বাকু বংশোদ্ভব পৃথুরাজপুত্র; বিড়াল; শলভ; চাতকপক্ষী; খদ্যোত।
ত্রিশঙ্কুজ, পুং. [ত্রিশঙ্কু+জ] হরিশ্চন্দ্ররাজ।
ত্রিশঙ্কুযাজী, পুং. [ত্রিশঙ্কু+যাজিন্] বিশ্বা-মিত্র।
ত্রিশরণ, পুং. [ত্রি+শরণ] জিন।
ত্রিশর্করা, স্ত্রী. [ত্রি+শর্করা] মিলিত গুড়োৎ-পন্ন হিমোত্থমধুর। [বর্দ্ধমানমাতা।
ত্রিশলা, স্ত্রী. [ত্রি+শলা] বৃত্তার্হন্মাতৃবিশেষ,
ত্রিশা, (প্রা) মাসের ত্রিংশদ্দিবস।
ত্রিশাখপত্র, পুং [ত্রিশাখ+পত্র] বিল্ব।
ত্রিশিখ, ন. [ত্রি+শিখ] ত্রিশূল; কিরীট; (পুং.) রাক্ষসবিশেষ, রাবণপুত্র; বিল্ব; (ত্রি.) ত্রিমূর্দ্ধ।
ত্রিশিখিদলা, স্ত্রী. [ত্রিশিখি+দলা] মালাকন্দ।
ত্রিশিরা, পুং. [ত্রি+শিরস্] কুবের; জ্বর; রাবণপুত্রবিশেষ; খরসেনাপতি; (ত্রি.) ত্রিমস্তক।
ত্রিশীর্ষক, ন. [ত্রি+শীর্ষক] ত্রিশূল, ত্রিফলা।
ত্রিশূল, ন. [ত্রি+শূল] অস্ত্রবিশেষ, ত্রিশিখ, শূল, ত্রিশীর্ষক, শিবের অস্ত্র, ডেকালা।
ত্রিশূলী, পুং. [ত্রি+শূলী] শিব।
ত্রিশূলধারী, ত্রি. [ত্রিশূল+ধারিন্] শিবাস্ত্র-ধারী। [কোণ।
ত্রিশৃঙ্গ, পুং. [ত্রি+শৃঙ্গ] ত্রিকূটপর্ব্বত; ত্রি-
ত্রিশৃঙ্গী, পুং. [ত্রিশৃঙ্গ+ইন্] রোহিতমৎস্য।
ত্রিষবণ, ন. [ত্রি+সবন] দিনমধ্যে বারত্রয় স্নান।
ত্রিষবণস্নায়ী, পুং. [ত্রিষবণ+স্নায়িন্] দিন-মধ্যে যে ব্যক্তি বারত্রয় স্নান করে।

ত্রিষ্ঠ, ত্রি. [ত্রি+স্থা] স্থানত্রয় মধ্য

ত্রিষ্টুপ্, স্ত্রী. [ত্রি+ষ্টুভ্] ছন্দোবিশেষ।

ত্রিসন্ধি, স্ত্রী. [ত্রি+সন্ধি] পুষ্পবিশেষ, তৎপর্য্যায়।—সান্ধ্যকুসুম, সন্ধিবল্লী, সদাফলা, ত্রিসন্ধ্যাকুসুমা, কান্তা, সুকুমারা সন্ধিজা; ইহা ত্রিবিধ যথা।—রক্ত, সিত, অসিত।

ত্রিসন্ধ্য, ত্রি. [ত্রি+সন্ধ্যা] পূর্ব্বাহ্ন মধ্যাহ্নাপরাহ্নকাল, ত্রিসন্ধ্যা।

ত্রিসন্ধ্যাব্যাপিনী, স্ত্রী. [ত্রিসন্ধ্যা+ব্যাপিনী] ত্রিসন্ধ্যা ঘটকীভুত যাবৎক্ষণ ব্যাপিনী তিথি।

ত্রিসবন, ন. [ত্রি+সবন] ত্রিকাল।

ত্রিসবনস্নায়ী, পুং. [ত্রিসবন+স্নায়িন্] ত্রিকাল স্নায়ী।

ত্রিসম, ন. [ত্রি+সম] সমত্রয় অর্থাৎ সমভাগ হরীতকী নাগর গুড়।

ত্রিসমচতুরস্র, ন. [ত্রিসম+চতুরস্র] ক্ষেত্র পরিমাণ, অর্থাৎ যে চতুষ্কোণে তিনদিগ সমান।

ত্রিসর, ন. [ত্রি+সর] কৃশর, তিলমিশ্রিতান্ন।

ত্রিসিতা, স্ত্রী. [ত্রি+সিতা] ত্রিশর্করা।

ত্রিসীত্য, ত্রি. [ত্রি+সীত্য] ত্রিহল্য, বারত্রয়কৃষ্টক্ষেত্র, তিনবার চষাভূমি।

ত্রিসুগন্ধি, ন. [ত্রি+সুগন্ধি] ত্রিজাতক।

ত্রিসুপর্ণ, পুং. [ত্রি+সুপর্ণ] ঋক্ এবং যজুর্ব্বেদাংশ।

ত্রিসুপর্ণিক, পুং. [ত্রি+সুপর্ণিক] ঋক্ এবং যজুর্ব্বেদাংশ ব্রতাবলম্বী।

ত্রিহল্য, ত্রি. [ত্রি+হল্য] বারত্রয়কৃষ্টক্ষেত্র, ত্রিগুণাকৃত, তৃতীয়াকৃত, ত্রিসীত্য।

ত্রিহায়ণী, স্ত্রী. [ত্রি+হায়ন-ঈ] ত্রিবর্ষাগৌ; দ্রৌপদী।

ত্রিক্ষার, ন. [ত্রি+ক্ষার] ক্ষারত্রয়।

ত্রিক্ষুর, পুং. [ত্রি+ক্ষুর] কোকিলাখ্যবৃক্ষ, কুলেখাঁড়াখ্যাত।

ত্রুটি, স্ত্রী. [ত্রুট+ই] ক্ষুদ্রৈলা; অল্প; সংশয়; কালভেদ, মুহূর্ত্ত, ক্ষণদ্বয়াত্মক; নাশ, অপচয়; খণ্ডন; অপরাধ; প্রতিজ্ঞার অন্যথা; ভ্রম; আজ্ঞালঙ্ঘন।

ত্রুটিকারক, পুং. [ত্রুটি+কারক] ক্ষতিকারক, অপচয়কারী; অপরাধী।

ত্রুটিত-ত্রুটিতবান্, ত্রি. [ত্রুট+ইত] খণ্ডিত; ক্ষত

ত্রুটিবীজ, পুং. [ত্রুটি+বীজ] কচু।

ত্রুটী, স্ত্রী. [ত্রুট+ঈ] ত্রুটি

ত্রেতা, স্ত্রী. [ত্রি+তা] দ্বিতীয়যুগ; যজ্ঞাগ্নিত্রয়।

ত্রেতাগ্নি, পুং. [ত্রেতা+অগ্নি] যজ্ঞাগ্নিত্রয় রক্ষাকারী।

ত্রেতাযুগ, ন. [ত্রেতা+যুগ] দ্বিতীয়যুগ।

ত্রেতাযুগাদ্যা, স্ত্রী. [ত্রেতাযুগ+আদ্যা] ত্রেতাযুগারম্ভতিথি, কার্ত্তিকীশুক্লানবমী তিথি।

ত্রেধা, ব্য. [ত্রি+ধা] ত্রিধা, ত্রিবিধ।

ত্রৈগুণিক, ত্রি. [ত্রিগুণ+ইক] ত্রিগুণসম্বন্ধীয়।

ত্রৈগুণ্য, ন. [ত্রিগুণ+য] ত্রিগুণধর্ম্ম, সত্ত্বরজস্তম; তিনের পূরণ। [ন্ধীয়

ত্রৈদশিক, ত্রি. [ত্রিদশ+ইক] দৈব, দেবতাসম্ব-

ত্রৈধ, ব্য. [ত্রি+ধস্] ত্রিধা, তিনপ্রকার।

ত্রৈপুর, পুং. [ত্রিপুর+অ] ত্রিপুরদেশ, ডাহল, চৈদ্য, চেদি।

ত্রৈবর্গিক-ত্রৈবর্ণিক, ত্রি. [ত্রিবর্গ+ইক] ত্রিবর্গ সম্বন্ধীয়।

ত্রৈবার্ষিক, ত্রি. [ত্রিবর্ষ+ইক] ত্রিবর্ষাত্মক, ত্র্যাব্দিক।

ত্রৈবিদ্য, পুং. [ত্রিবিদ্যা+অ] ত্রিবেদজ্ঞ, ত্রিবিদ্যাবেত্তা।

ত্রৈবিধ্য, ন. [ত্রিবিধ+য] ত্রিবিধ।

ত্রৈবেদিক, ত্রি. [ত্রিবেদ+ইক] শ্রুত্যুক্ত, বেদোক্ত, বৈদিক।

ত্রৈমাসিক, ত্রি. [ত্রিমাস+ইক] ত্রিমাসীন, পাদিক

ত্রৈরাশিক, পুং.-স্ত্রী. [ত্রিরাশি+ক] অঙ্কপ্রকরণবিশেষ

ত্রৈরূপ্য, ন. [ত্রিরূপ+য] ত্রিমূর্ত্তি, মূর্ত্তিত্রয়।

ত্রৈলোক্য, ন. [ত্রিলোক+য] ত্রিলোকী, স্বর্গমর্ত্ত্যপাতাল।

ত্রৈলোক্যবিজয়া, স্ত্রী. [ত্রৈলোক্য+বিজয়া] ভঙ্গা, ভাং; সিদ্ধি, সম্বিদা।

ত্রৈস্বর্য্য, ন. [ত্রিস্বর+য] ত্রিস্বর, হ্রস্ব, দীর্ঘ, প্লুতোচ্চারণ।
ত্রৈহায়ণ, ন. [ত্রি+হায়ন] ত্রিবর্ষ, ত্র্যব্দ।
ত্রোটক, ন.[ত্রুট+ক] ক্রোধোক্তি, রুষ্টবাক্য; উপনাটক।
ত্রোটকী. স্ত্রী. [ত্রোটক+ঈ] রাগিণীবিশেষ।
ত্রোটি, স্ত্রী. [ত্রুট+ই] চঞ্চু; কট্‌ফল; পক্ষী; মৎস্যভেদ।
ত্রোটিহস্ত, পুং. [ত্রোটি+হস্ত] পক্ষী
ত্রোটী, স্ত্রী. [ত্রোট+ঈ] ত্রোটি।
ত্রোত্র, ন. [ত্রৈ+উত্র] গবাদিতাড়ন দণ্ড, পাঁচনী; হস্তীতোদন দণ্ড, অঙ্কুশ; অস্ত্র; আরূপক্রিয়া; ব্যাধিভেদ।
ত্র্যংশ, পুং. [ত্রি+অংশ] ত্রিভাগ, ত্রিপাদ।
ত্র্যঙ্গট, পুং. ন. [ত্রি+অঙ্গট] শিক্যভেদ; ধৌতাঞ্জনী; (পুং.) শিব, ঈশ্বর।
ত্র্যচ্‌ক, ত্রি. [ত্রি+অচ্‌ক] ত্রিবর্ণ, ত্র্যক্ষর।
ত্র্যঞ্জন, ন. [ত্রি+অঞ্জন] অঞ্জনত্রয়, যথা—কালাঞ্জন, পুষ্পাঞ্জন, রসাঞ্জন।
ত্র্যধিষ্ঠান,ত্রি, [ত্রি+অধিষ্ঠান] স্থানত্রয়স্থিত।
ত্র্যধীশ, পুং. [ত্রি+অধীশ] ত্রিকালাধিপতি, ত্রিলোকেশ; সূর্য্য।
ত্র্যধ্বগা, স্ত্রী. [ত্রি+অধ্বগা] গঙ্গা।
ত্র্যব্দ, ন. [ত্রি+অব্দ] বর্ষত্রয়।
ত্র্যবর, ত্রি, [ত্রি+অবর] অবরত্রয় সম্বন্ধী; (ব্য) বারত্রয়, ত্রিকৃত্ব।
ত্র্যবান্তর, (প্রা) তেপান্তর, মাঠ।
ত্র্যম্বক, পুং. [ত্রি+অম্বক] শিব; শিবাংশ চন্দ্রশেখর নামক পৌষ্যরাজ পুত্র
ত্র্যম্বকসখ, পুং. [ত্র্যম্বক+সখা] কুবের।
ত্র্যম্বকা, স্ত্রী. [ত্র্যম্বক+আ] দুর্গা।
ত্র্যশীত, ত্রি. [ত্রি+অশীত] তৃতীয়াশীত, তৃতীয়াশীতিক।
ত্র্যশীতি, স্ত্রী. [ত্রি+অশীতি] অশীতিত্রয়।
ত্র্যস্র, ন. [ত্রি+অস্র] ত্রিকোণ।
ত্র্যস্রাকার, ত্রি. [ত্র্যস্র+আকার] ত্রিকোণাকৃতি।
ত্র্যহ, ন. [ত্রি+অহ] দিবসত্রয়।
ত্র্যহস্পর্শ-ত্র্যহস্পৃশ, পুং. [ত্রি+অহ+স্পর্শ] ত্রিদিনস্পৃক্, তিথিত্রয়স্পর্শযুক্ত দিন।
ত্র্যক্ষ, পুং. [ত্রি+অক্ষ] শিব; (ত্রি.)ত্রিনয়ন।
ত্র্যক্ষর, পুং. [ত্রি+অক্ষর] ঘটক; তিন অক্ষর শব্দ।
ত্র্যক্ষরক, ত্রি. [ত্র্যক্ষর+ক] ত্রিবর্ণ।
ত্র্যহৈহিক, ত্রি. [ত্র্যহ+ঐহিক] দিনত্রয় নির্ব্বাহোচিতধনযুক্ত।
ত্র্যাহিক, ত্রি. [ত্রি+আহ্নিক] তৃতীয় দিবসে উৎপাদ, দুইদিবসান্তে ভাবিরোগাদি; ত্রয়দিবসিক; ত্রিদিনান্তর; তেঘেইয়াজ্বর; ত্র্যাহান্তরিত।
ত্র্যার্ষেয়, পুং. [ত্রি+আর্ষেয়]অন্ধ বধির মূক।
ত্র্যেক, ত্রি. [ত্রি+এক] ত্রয়াত্মকৈক।
ত্র্যূষণ,-ত্র্যূষণ, ন. [ত্রি+উষণ] মিলিত শুণ্ঠী পিপ্পলী মরীচ।
ত্বং, ত্রি. (যুষ্মদ্) ভবান্, তুমি।
ত্বঃ, ত্রি. [তন্+ব] ভিন্ন, অন্য।
ত্বক্, স্ত্রী. [তন্+বচ্] ইন্দ্রিয়বিশেষ; বল্কল; গুড়ত্বক্; চর্ম্ম, তৎপর্য্যায়।—অসৃগ্ধরা, অসৃগ্ধরা ত্বচ, ত্বচা, ছলী ছল্লী; ত্বচ, দারচিনি।
ত্বক্‌কণ্ডুর, পুং. [ত্বচ্+কণ্ডুর] ব্রণ, স্ফোটক।
ত্বক্‌ছদ, পুং. [ত্বচ্+ছদ] ক্ষীরীশবৃক্ষ, ক্ষীরকঞ্চুকী খ্যাত।
ত্বক্‌ছেদ-ত্বক্‌ছেদন, পুং. [ত্বচ্+ছেদ] পরিক্ষতি; লিঙ্গাগ্র চর্ম্মচ্ছেদন, দৌশ্চর্ম্ম্য, পরিকর্ত্তন।
ত্বক্ত, ত্রি. [ত্বক্+ত]কর্ত্তনকরণক ম্লানীকৃত।
ত্বক্ত্র, ন. [ত্বক্+ত্র] তনুত্র, বাণবারণ।
ত্বক্‌পত্র, ন. [ত্বচ্+পত্র] গুড়ত্বক্; তেজপত্র তৎপর্য্যায়।—সুৎকট, ভৃঙ্গ, ত্বচ, চোচ, বরাঙ্গক।
ত্বক্‌পত্রী, স্ত্রী. [ত্বক্‌পত্র+ঈ] হিঙ্গুপত্রী তৎপর্য্যায়।—কারবী, পৃথ্বী, বাষ্পীকা, কবরী, পৃথু, তৎপত্রী।
ত্বক্‌পরিপুটন, ন. [ত্বচ্+পরিপুটন] অস্থিপরিপুটন, অধ্যস্থিপরিপুটন, নিস্ত্বচীকরণ। [মাঞ্চ; কিলাস
ত্বক্‌পুষ্প, ন. [ত্বচ্+পুষ্প] রোমাঞ্চ, লো-
ত্বক্‌পুষ্পিকা-ত্বক্‌পুষ্পী, স্ত্রী. [ত্বচ্+পুষ্পিকা] কিলাস, ছুলীখ্যাত।

ত্বক্‌সার, পুং. [ত্বচ্‌+সার] বংশ, বাঁশ; গুড়ত্বক্‌; শোণবৃক্ষ; রন্ধ্রবংশ।

ত্বক্‌সারা, স্ত্রী. [ত্বক্‌সার+আ] বংশরোচনা।

ত্বক্‌সারভেদিনী, স্ত্রী. [ত্বক্‌সার+ভেদিন্‌-ঈ]

ত্বক্‌সুগন্ধ, পুং. [ত্বচ্‌+সুগন্ধ] নারঙ্গ, কমলানেবু।

ত্বক্‌সুগন্ধা, স্ত্রী. [ত্বচ্‌+সুগন্ধা] এলবালুক নামক গন্ধদ্রব্য

ত্বক্‌ক্ষীরা-ত্বক্‌ক্ষীরী, স্ত্রী. [ত্বচ্‌+ক্ষীরা] বংশরোচনা।

ত্বগঙ্কুর, পুং. [ত্বক্‌+অঙ্কুর] রোমাঞ্চ।

ত্বগস্থিমাত্রশেষ, ত্রি. [ত্বক্‌+অস্থি+মাত্র+শেষ] ত্বগস্থিভূত।

ত্বগাক্ষীরী, স্ত্রী. [ত্বচ্‌+আ-ক্ষীরী] ত্বগাক্ষীরী, বংশলোচনা।

ত্বগ্‌গন্ধ, পুং. [ত্বচ্‌+গন্ধ] নাগরঙ্গ।

ত্বগ্‌জ, ন. [ত্বচ্‌+জ] রোম; রুধির।

ত্বগ্‌দোষ, পুং [ত্বচ+দোষ] কোঠরোগ, ত্বগ্‌জাতরোগ।

ত্বগ্‌দোষাপহা, স্ত্রী. [তগ্‌দোষ+অপহা] বাকুচী। [কন্দ।

ত্বগ্‌দোষারি, পুং. [ত্বগ্‌দোষ+অরি] হস্তী-

ত্বগ্‌ভেদ-ত্বগ্‌ভেদক, পুং. [ত্বচ্‌+ভেদ] চর্ম্মচ্ছেদ। [রোগ।

ত্বগ্‌রোগ, পুং. [ত্বচ্‌+রোগ] কুষ্ঠ, ত্বগ্‌জাত-

ত্বঙ্কার, ন. [ত্বং+কার] তুমি।

ত্বঙ্ময়, ত্রি.[ত্বক্‌+ময়] চর্ম্মময়, বল্কলবিশিষ্ট।

ত্বচ. ন. [ত্বচ্‌+অ] বৃক্ষবিশেষ, দারচিনী, তৎপর্য্যায়।—ত্বক্‌, বল্কল, ভৃঙ্গ, বরাঙ্গ, মুখশোধন, শকল, সিংহল, বন্য, সুরস, কামবল্লভ, উৎকট, বহুগন্ধ, বিজ্জুল, বনপ্রিয়, নবপর্ণ, গন্ধবল্ক, বর, শীত, বল্কল; চঠি; গুড়ত্বক

ত্বচা, স্ত্রী. [ত্বচ্‌+আ] ত্বক্‌, ছাল।

ত্বচাপত্র, ন. [ত্বচা+পত্র] ত্বক্‌পত্র, দারচিনি।

ত্বচিষ্ঠ, ত্রি. [ত্বচ্‌+ইষ্ঠ] ত্বচীয়ান্‌, অতিশয় ত্বগ্‌বিশিষ্ট। [তালাদিবৃক্ষ।

ত্বচিসার, পুং. [ত্বচি+সার] বংশ, বাঁশ;

ত্বচিসুগন্ধা, স্ত্রী. [ত্বচি+সুগন্ধা] ক্ষুদ্রৈলা।

ত্বচীয়ান্‌, ত্রি. [ত্বচ্‌+ঈয়স্‌] অতিশয় ত্বগ্‌বিশিষ্ট। [প্রত্যক্ষ।

ত্বজ্‌জ্ঞান, ত্রি. [ত্বচ্‌+জ্ঞান] স্পর্শরোগ, ত্বচি-

ত্বজ্‌জ্ঞেয়, ত্রি. [ত্বচ্‌+জ্ঞেয়] স্পর্শদ্বারা জ্ঞাত, স্পর্শনীয়।

ত্বঞ্চ, (প্রা) প্রবঞ্চনা, প্রতারণা, ধূর্ত্ততা।

ত্বৎ, ত্রি. [ত্বন্‌+বৎ] ভিন্ন; ভবতঃ, তোমা-হইতে।

ত্বৎক-ত্বদীয়, ত্রি. [ত্বৎ+ক] তব, তবক, ভবদীয়, তাবকীন, তাবক, তোমারই।

ত্বরণ, ন. [ত্বর্‌+অন] ত্বরা।

ত্বরত্বরিয়া, (প্রা) অতিতীক্ষ্ণ, উৎসুক; শীঘ্রকারী।

ত্বরমাণ, ত্রি. [ত্বর+মান] ত্বরাযুক্ত, ত্বরান্বিত।

ত্বরা, স্ত্রী. [ত্বর+আ] বেগ, তৎপর্য্যায়।—সম্ভ্রম, আবেগ, ত্বরি, তূর্ণি, সম্বেগ, আবিষ্ট, সত্বরতা, শৈঘ্র্য, জব, জূতি, জূর্ণি, রভস, রংহতি, দ্রুতত্ব, ত্বরণ, ক্ষিপ্রতা, অবিলম্ব, জবন, রয়, রংহ, স্যদ।

ত্বরাকারক, পুং. [ত্বরা+কারক] শীঘ্রকারী, দ্রুতকারী।

ত্বরান্বিত, ত্রি. [ত্বরা+অন্বিত] অবিলম্বিত, তূর্ণ, ত্বরিত।

ত্বরায়, (প্রা) শীঘ্র।

ত্বরায়ণ, ত্রি. [ত্বরা+অয়ন] পরায়ণ, তুরায়ণ, সম্প্রীতি, প্রসক্তি।

ত্বরাযুক্ত, ত্রি. [ত্বরা+যুক্ত] ত্বরান্বিত।

ত্বরি, স্ত্রী. [ত্বর+ই] ত্বরা।

ত্বরিত, ন. [ত্বর+ইত] শীঘ্র; (ত্রি.) ত্বরান্বিত।

ত্বরিতগতি, স্ত্রী. [ত্বরিত+গতি] দ্রুতগমন; ছন্দোবিশেষ।

ত্বরিতোদিত, ত্রি. [ত্বরিত+উদিত] শীঘ্রোচ্চারিত বাক্য, নিরুক্ত।

ত্বষ্ট, ত্রি. [ত্বক্ষ্‌+ত] তনূকৃত, চাঁচা, ছোলা, তৎপর্য্যায়।— তষ্ট, কৃপ্ত, অবছিন্ন, উল্লিখিত।

ত্বষ্টা, পুং. [ত্বক্ষ্‌+তৃ] আদিত্যবিশেষ, সূর্য্য; বিশ্বকর্ম্মা; বর্ণসঙ্কর জাতিবিশেষ, সূত্রধার।

ত্বষ্টি, স্ত্রী. [ত্বক্ষ্‌+ই] তক্ষণ, সূত্রধারকর্ম্ম।

ত্বক্ষণ, ন. [তক্ষ্+অন] নিম্নচীকরণ, ত্বক্-পরিপুটন।
ত্বাচ, ত্রি. [ত্বচ্+অ] বাহ্যত্বক্সম্বন্ধী; সংস্পর্শজ, স্পর্শসঞ্চারী।
ত্বাচপ্রত্যক্ষ, ন. [ত্বাচ+প্রত্যক্ষ] স্পর্শজ্ঞান, দ্রব্যাদি, স্পর্শ মাত্র বোধ।
ত্বাষ্টী, স্ত্রী. দুর্গা।
ত্বাষ্ট্র, পুং. [ত্বষ্টৃ+অ] বৃত্রাসুর।
ত্বাষ্ট্রী, স্ত্রী. [ত্বাষ্ট্র+ঈ] চিত্রানক্ষত্র; সংজ্ঞা-নাম সূর্য্যপত্নী; রথিকা, ক্ষুদ্ররথ।
ত্বিট্, স্ত্রী. [ত্বিষ্+অ] শোভা; প্রভা; বাক্; ব্যবসায়; জিগীষা।
ত্বিষা, স্ত্রী. [ত্বিষ্+আ] দীপ্তিদ্বারা।
ত্বিষাম্পতি, পুং [ত্বিষাং+পতি] সূর্য্য।
ত্বিষি, পুং. [ত্বিষ্+ই] কিরণ।
ৎসরু, পুং. [ৎসর্+উ] খড়্গমুষ্টি, মুষ্টি, তাল, তল।

থ

থকার। ব্যঞ্জনের সপ্তদশ বর্ণ। তবর্গের দ্বিতীয় বর্ণ। ইহার উচ্চারণ দন্ত হইতে হয়। অন্য নামানি যথা।—স্থিরামী; মহাগ্রন্থি; গ্রন্থিগ্রাহ; ভয়ানক; শিলী; শিরসিজ; দণ্ডী; ভদ্রকালী; শিলোচ্চয়; কৃষ্ণ; বুদ্ধি; বিকর্ম্মা; দক্ষনাশাধিপ; অমর; বরদা; ভোগদা; কেশ; বামজানুরস; অনল; লোলোজ্জয়িনী; গুহ্য; শরচ্চন্দ্রবিদারক।
থ, ন. রক্ষণ; মঙ্গল; সাধ্বস; (পুং.) পর্ব্বত; ভয়রক্ষক; ব্যাধিভেদ; ভয়চিহ্ন; ভক্ষণ।
থই, (প্রা) ইষ্টক গৃহাদিনির্ম্মাতা, রাজ; তলস্পর্শ।
থইথই, (প্রা) বায়ুসঞ্চালন দ্বারা নদী এবং পুষ্করিণ্যাদির জলহিল্লোল।
থইপনা-থইমি, (প্রা) রাজের কর্ম্ম।
থকা, (প্রা) পুষ্পগুচ্ছ, স্তবক, গোছা, থোবা, কাঁদি, থলুয়া।
থকার, পুং. [থ+কার] থ অক্ষর।
থকারাদি, ত্রি. [থকার+আদি] থ আদিবর্ণ।
থকারান্ত, ত্রি. [থকার+অন্ত] থ অন্ত্যবর্ণ।
থক্কড়-থপড়া-থপ্পর, (প্রা) চপেট, করাঘাত, চড়, চাপড়, থাবড়া।
থড়্থড়্, (প্রা) নিদ্রাসময়ে নাসিকা ডাকন, ঘোটকের ন্যায় নাক ডাকা।
থম্কান, (প্রা) ভয়পাওন, চম্কান, ত্রস্তহওন, বিস্ময়ান্বিত হওন, থামন।
থম্থমিয়া, (প্রা) উপবেশন শীল, শিথিল, অলস, অশক্ত।
থর, (প্রা) শ্রেণী, পংক্তি, থাক; জালবিশেষ।
থরেথরে, (প্রা) শ্রেণীপূর্ব্বক।
থর্থর্, (প্রা) কম্পান্বিত, অত্যন্তকম্প, স্পন্দন, লড়ন।
থর্থরাণি, (প্রা) অত্যন্তকম্প, লড়নী।
থর্থরী-থর্মরী, (প্রা) স্পন্দন, প্রতিস্পন্দন, বেপন, বেপথু।
থর্সা, (প্রা) অর্দ্ধভর্জ্জিত অথচ রসযুক্ত।
থল, (প্রা) স্থান, স্থল, দেশ, প্রদেশ।
থলকুড়ী, (প্রা) বনচারা, বনগাছ।
থলপদ্ম, (প্রা) লতাবিশেষ।
থলিয়া-থলী, (প্রা) গুণ, ছালাবিশেষ, বল্লী।
থলুয়া, (প্রা) গুচ্ছ, স্তবক, থোবা, কাঁদি।
থল্থলিয়া, (প্রা) লোলিত, ঝল্ঝলিয়া।
থল্যাৎ, (প্রা) অপহৃত দ্রব্যরক্ষিত।
থা, (প্রা) স্থান; স্থির, নিশ্চিত।
থাই, (প্রা) নদীরতলা; তলস্পর্শ; শ্রেণী, মঞ্চ, মাচা; পক্ষ।
থাউকা, (প্রা) সম্পূর্ণরূপে, সর্ব্বথা, সমুদায়, একুনে, সর্ব্বসুদ্ধা।
থাক্, (প্রা) বৃতি ছেদ; শ্রেণী; রহ, তিষ্ঠ।
থাকন, (প্রা) স্থিতিকরণ, তিষ্ঠন, রহন; টিকন; বাসকরণ; হওন; ছেকন
থাড়্কাঁতী, (প্রা) নদীর ধার।
থাড়ান, (প্রা) সরলভাব, সোজা।
থাতান, (প্রা) শান্তকরণ, সুস্থির করণ।
থাতামুখা, (প্রা) লঘুপ্রভাব, তৃণপ্রায়।
থান, (প্রা) খণ্ড, খান, টুকি; স্থান এক তা কাগজ; এক থান কাপড়।
থান্কবা, (প্রা) অঙ্কশাস্ত্রভেদ।
থান্কুনী, (প্রা) থলকুড়ী।

থানছাড়া, (প্রা) বিকীর্ণ, বিক্রত, বিক্ষিপ্ত, বিগলিত।
থান্‌থান, (প্রা) খণ্ডখণ্ড।
থানা, (প্রা) আড্ডা, চৌকীস্থান, দস্যুরক্ষকাদির মিলন স্থান
থানাথানা, (প্রা) খণ্ডখণ্ড, খানখান।
থানে, (প্রা) স্থানের অপভ্রংশ শব্দ; নির্দ্দিষ্ট স্থানে, একস্থানে, সেইস্থানে।
থাপড়, (প্রা) চাপড, করতল, থাবা, চড়।
থাবড়ান, (প্র) চ্যাপ্টাকরণ, দলন; চপেটাঘাত করণ।
থাবা, (প্রা) পশুপক্ষ্যাদির নখ; করতল, চাপড়, চপেট, চড়, পূর্ণ
থাম, (প্রা) স্তম্ভের অপভ্রংশ শব্দ; গৃহাদির খুঁটি; খম্বা।
থামন, (প্রা) উপশম, শান্তহওন; ক্ষান্তহওন; থাকন, মিটন, টুটন, থিতন।
থামান, (প্রা) শান্তকরণ,স্থিরকরণ; বন্ধকরণ।
থাল-থালা, (প্রা) স্থালের অপভ্রংশ শব্দ; ধাতুময় ভোজন পাত্রবিশেষ।
থালী, (প্রা) পাত্র, বাসন; তৈলাদি স্থাপনার্থক মৃণ্ময়পাত্র।
থাল্করী, (প্রা) লতাবৃক্ষবিশেষ।
থাসন-থাসা, (প্রা) মর্দ্দন, ছানন, ঠাসন, গাদন।
থিতন, (প্রা) চঞ্চল দ্রবদ্রব্যের স্থিরহওন।
থু, (প্রা) থুক্, থুথু, ছেপ, পিক, নিষ্ঠীবন; ঘৃণার্হ, ছিছি। [দেওন।
থুঅন, (প্রা) রাখন, স্থাপন; অর্পণ; নাম-
থুক্, (প্রা) নিষ্ঠীবন, থুথু; ঘৃণাবাচক।
থুকন, (প্রা) নিষ্ঠীবন, থুথুফেলন।
থুতনী, (প্রা) চিবুক, ওষ্ঠের অধোভাগ।
থুতি, (প্রা) মুখ; চিবুক, দাড়ি।
থুৎকার, পুং. [থুৎ+কার] নিষ্ঠীবন ত্যাগানুকরণ শব্দ।
থুৎকুড়ী, (প্রা) থুথু, নিষ্ঠীবন।
থুথু, (প্রা) ঘৃণাবাচক শব্দ; নিষ্ঠীবন।
থুবড়ন, (প্রা) অধোমুখে পতন, প্রণতহওন।
থুবড়া, (প্রা) অধিক বয়স পর্য্যন্ত অকৃতবিবাহ।

থুবা, (প্রা) গুচ্ছ, স্তবক, থোবা, কাঁদি, ঝাব্বা
থুর্‌থুর্, (প্রা) কম্পন।
থুর্‌থুরিয়া, (প্রা) অতিবৃদ্ধ; রোগাক্রান্ত।
থুরণ, (প্রা) কুচন, কুচিং কাটন, খণ্ডং করণ।
থুর্ব্বণ, ন. [থুর্ব্ব+অন] হনন।
থূথূ, ব্য. নিষ্ঠীবন ত্যাগানুকরণ শব্দ।
থেঁতলান, (প্রা) দলন, কুটন, পিটান।
থেকা, (প্রা) বিঘ্ন, ব্যাঘাত।
থেগুয়াথেগুয়া, (প্রা) গোলমালরূপে।
থেবড়া, (প্রা) চ্যাপ্টা, নত, চৌড়া।
থেবা, (প্রা) লতাবিশেষ।
থেলুয়া, (প্রা) প্রশস্ত।
থৈকর, (প্রা) অট্টালিকাকার, রাজমন্ত্রী।
থৈথৈ, ব্য. বাদ্যানুকরণ শব্দবিশেষ।
থৈলী, (হি) থলিয়া, বস্নী, গুণ।
থোওন, (প্রা) রক্ষণ, রাখন, স্থাপন, গছান।
থোঁতা, (প্রা) চিবুক; পক্ষী চঞ্চুবিশেষ।
থোক, (প্রা) সঞ্চয়, রাশি, পিণ্ড, একুন।
থোকথোক, (প্রা) সমুদয়, রাশি, স্তূপ, একুন।
থোকেথাকে, (প্রা) সমুদায়ে, একেবারে, মোটে, একুনে।
থোকেবিক্রয়, (প্রা) অখণ্ডবিক্রয়, মহাবিক্রয়, সমস্ত বিক্রয়।
থোড়, (প্রা) ফলিত কদলীবৃক্ষের গর্ভ।
থোড়ন, পুং. [থোড়+অন] সম্বরণ; শাম্য হওন; খণ্ডং করণ; আচ্ছাদন; বস্ত্রান্বিত করণ।
থোড়া, (হি) অল্প, সামান্য, কিঞ্চিৎ।
থোড়াল, (প্রা) মোটা, বিকশনোদ্যত।
থোড়ান, (প্রা) ঘবরাণ, অপ্রতিভকরণ।
থোপ, (প্রা) গুচ্ছ, স্তবক।
থোপলা, (প্রা) মুখ, আনন, আস্য, বদন।
থোপা-থোপনা, (প্রা) প্রলম্বক, ঝাব্বা।
থোপাথোপা, (প্রা) স্তবকময়।
থোবড়া, (প্রা) নিম্নীকৃত, নম্রীকৃত।
থোবনা, (প্রা) মুখ।
থোবা, (প্রা) গুচ্ছ, কাঁদি।
থোয়ণ, (প্রা) রাখন, অর্পণ, স্থাপন, গছান।

দ

দকার। ব্যঞ্জনের অষ্টাদশবর্ণ; ত-বর্গের তৃতীয়বর্ণ; ইহার উচ্চারণ দন্ত হইতে হয়। অস্য নামানি যথা।—অত্রীশ; ধাতকি; ধাতা; দাতা; দল; কলত্রক; জ্ঞান; দান; ভক্তি; আহবনী; ধরা; সুষুম্না; যোগিনী; সদ্য; কুণ্ডল; বামগুল্‌ফ; কাত্যায়নী; শিবা; দুর্গা; লজ্জনা; মা; ত্রিকণ্ডকী; স্বস্তিক; কুটিলরূপ; কৃষ্ণ; উমা; জিতেন্দ্রিয়; ধর্ম্ম; হৃৎ; বামদেব; ভ্রমা; বহুসূচঞ্চলা; হরিদ্রা; পুরমন্ত্র; দক্ষপাণি; ত্রিরেখ।

দ, ন. ভার্য্যা; (পুং.) দাতা; পর্ব্বত; দান; দন্ত; (স্ত্রী.ন.) খণ্ডন; দান; (স্ত্রী.) রক্ষণ; পাবন; সন্তাপ।

দই, (প্রা) দধিশব্দের অপভ্রংশ, ঘনীভূত, বিকৃত দুগ্ধ।

দইয়াল, (প্রা) সুস্বরযুক্ত স্বনামখ্যাতপক্ষী।

দংশ, পুং. [দংশ+অ] কীটবিশেষ, ডাঁশ, তৎপর্য্যায়।—বনমক্ষিকা, গোমক্ষিকা, অরণ্যমক্ষিকা, ভম্ভরালিকা, পাংশুর, দংশক, দুষ্টমুখ, ক্রুর, ক্ষুদ্রিকা, নীলাঙ্গু; দংশী; বর্ম্ম; দংশন; খণ্ডন; দোষ; মর্ম্ম; সর্পক্ষত; দন্ত। [কারী।

দংশক, পুং. [দংশ+ক] দংশ; (ত্রি.) দংশন-

দংশন, ন. [দংশ+অন] বর্ম্ম; দন্তাদি দ্বারা খণ্ডন, কামড়ান, হুলফুটান।

দংশভীরু. পুং. [দংশ+ভীরু] মহিষ।

দংশমূল, পুং. [দংশ+মূল] শিগ্রু।

দংশিত, ত্রি. [দংশ+ইত] বর্ম্মিত; দষ্ট, দন্তাদিদ্বারা খণ্ডিত, সন্দষ্ট।

দংশী, স্ত্রী. [দংশ+ঈ] ক্ষুদ্রদংশ, ছোটডাঁশ।

দংশের, ত্রি. [দংশ্‌+এর] ঘাতুক, হিংসক; দংশক, পীড়াকর।

দংষ্টা, পুং. [দংশ্‌+তা] দংশক, খাদিতা।

দংষ্ট্রা, ত্রি. [দংশ্‌+ত্রা] দন্তবিশেষ, দাড়া, বৃহদ্দন্ত।

দংষ্ট্রিকা. স্ত্রী. [দংষ্ট্রা+ইকা] মুখাবয়ববিশেষ, দাড়িকা, দাড়ী।

দংষ্ট্রী, পুং. [দংষ্ট্রা+ইন্‌] শুকর; সর্প; (ত্রি.) দংষ্ট্রবিশিষ্ট, দাঁতাল।

দংসন, ন. [দংস্‌+অন] দংশন।

দঁক, (প্রা) পঙ্ককর্ব্বট।

দক, ন. (উদক) জল।

দকাইত, (প্রা) দস্যু, হোড়া।

দকাইতী, (প্রা) গৃহভঙ্গ, ভিত্তিচৌর্য্য।

দক্তি, (প্রা) তাঁতের অঙ্গবিশেষ।

দকৃদকৃ, (প্রা) দীপ্ত।

দকৃদকিয়া, (প্রা) দীপ্তিমান।

দখল, (যাং) অধিকার, অধিকৃতি।

দগা, (যাং) কপট; বিশ্বাসভঙ্গ।

দগাদার, (যাং) বিশ্বাসঘাতী; কপটী।

দগাবাজ, (যাং) দাম্ভিক, কপটী, কুহকী।

দগ্ধ, ন. [দহ+ত] কতৃণ; (ত্রি.) ভস্মীকৃত, পোড়া, তৎপর্য্যায়।—প্রুষ্ট, প্লুষ্ট, উষিত, বিপ্লুষ্ট, তপ্ত, জ্বলিত, সন্তপ্ত।

দগ্ধকাক, পুং. [দগ্ধ+কাক] দ্রোণকাক।

দগ্ধব্য, ত্রি. [দহ+তব্য] দাহ্য, দহনীয়, জ্বলনীয়। [ধ্বংস।

দগ্ধযোনি, ত্রি. [দগ্ধ+যোনি] নষ্টবীজ; মূল-

দগ্ধরথ, পুং. [দগ্ধ+রথ] চিত্ররথগন্ধর্ব্ব।

দগ্ধরুহ, পুং. [দগ্ধ+রুহ] তিলকবৃক্ষ

দগ্ধরুহা, স্ত্রী. [দগ্ধ+রুহা] দগ্ধবৃক্ষ।

দগ্ধা, স্ত্রী. [দগ্ধ+আ] স্থিতার্কাদিক্‌; বৃক্ষবিশেষ, কুরুহখ্যাত, তৎপর্য্যায়।—দগ্ধরুহা, দগ্ধিকা, স্থলেরুহা, রোগশা, কর্কশদলা, ভস্মরোহা, সুদগ্ধিকা; অশুভকাল; অমঙ্গল্য তিথিবিশেষ; (পুং.) দাহক।

দগ্ধিকা, স্ত্রী. [দগ্ধ+ইকা] দগ্ধান্ন, পোড়াভাত ও চাঁচীখ্যাত, তৎপর্য্যায়।—ভিস্‌সটা, ভিস্‌সিটা, ভিস্মিট, ভিস্মিটা, ভিস্মিষ্টা, ভিস্মিরা; দগ্ধাবৃক্ষ

দগ্ধেষ্টকা, স্ত্রী. [দগ্ধ+ইষ্টকা] ঝামক, খরপোড়াইট, ঝামা।

দগ্ধোদর, ত্রি. [দগ্ধ+উদর] ক্ষুধার্ত্ত, ক্ষুধাপীড়িত; (ন.) আহারাদি বাঞ্ছা, বুভুক্ষা।

দজ্জাল, (যাং) কপটী, মিথ্যাবাদী।
দন্তচ্ছদ, পুং. অধর, ওষ্ঠ। [ঠিন।
দড়, (প্রা) দৃঢ়ের অপভ্রংশ, দৃঢ়, শক্ত, ক-
দড়মাসা, (প্রা) চক্রাবিশেষ।
দড়া, (প্রা) দীর্ঘস্থূল রজ্জু, কাছী
দড়ী, (প্রা) রজ্জু, গুণ, রশি।
দড়কা, (প্রা) আবেশ, আক্রমণ, বেগ।
দড়্যা, (প্রা) রজ্জুকার।
দড়্দড়, (প্রা) শীঘ্র।
দঢ়, (প্রা) দৃঢ়শব্দের অপভ্রংশ, কঠিন, শক্ত।
দণ, (প্রা) পাঁচসের পরিমাণ।
দণ্ড, পুং.ন. [দণ্ড+অ] লগুড়, যষ্টি; (পুং.) দমন, ইহা রাজাদিগের চতুর্থ উপায়, তাহাও ত্রিবিধ যথা।—বধ, অর্থগ্রহণ, তাড়নাদি, তৎপর্য্যায়।—সাহস, দম; ঊর্দ্ধস্থিতি, দাঁড়ান; বূহভেদ; প্রকাণ্ড; অশ্ব; কোণ; মন্থান; সৈন্য; কাল, ঘড়ী; মানভেদ, কাঠাখ্যাত; চণ্ডাংশু-পারিপার্ষিক; যম; অভিমান; গ্রহভেদ; ইক্ষ্বাকুরাজপুত্র; সন্ন্যাসধর্ম্ম।
দণ্ডক, পুং.ন. [দণ্ড+ক] শ্লোকবিশেষ, ছন্দোভেদ; পাত্র; (ন.) আশ্রমবিশেষ।
দণ্ডকন্দক, পুং. [দণ্ড+কন্দক] ধরণীকন্দ।
দণ্ডকর্ত্তা, পুং. [দণ্ড+কর্ত্তৃ] দণ্ডয়িতা, শাস্তা।
দণ্ডকা, স্ত্রী.[দণ্ডক+আ]জনস্থান,দণ্ডকারণ্য।
দণ্ডকাক, পুং. [দণ্ড+কাক] দ্রোণকাক।
দণ্ডকারণ্য, ন. [দণ্ডক+অরণ্য] দণ্ডক, আশ্রমবিশেষ।
দণ্ডগ্রহণ, ন. [দণ্ড+গ্রহণ] সন্ন্যাসধর্ম্মগ্রহণ।
দণ্ডঘ্ন, পুং. [দণ্ড+ঘ্ন] যষ্টিযোদ্ধা, দণ্ডভঙ্গকারক।
দণ্ডজিত, ত্রি. [দণ্ড+জিত] শাসনজিত।
দণ্ডঢক্কা, স্ত্রী. [দণ্ড+ঢক্কা] বাদ্যবিশেষ, দামামা, নাগরাখ্যাত, তৎপর্য্যায়।—নালী ঘটী, যামনালী, যমেরুকা, যামঘোষ, দম্মন, দুন্দুভি, দুন্দু, গভীরিকা।
দণ্ডতাম্রী, স্ত্রী. [দণ্ড+তাম্রী] তাম্রীবাদ্য।
দণ্ডদাতা-দণ্ডদায়ী, পুং. [দণ্ড+দাতৃ] শাসনকর্ত্তা, শাস্তা, রাজা, বিচারক।
দণ্ডদাস, পুং. [দণ্ড+দাস] ভৃত্যভেদ।
দণ্ডধর, পুং. [দণ্ড+ধর] যম; রাজা; কুলাল, সন্ন্যাসী; (ত্রি.) লগুড়ধারক।
দণ্ডধার, পুং. [দণ্ড+ধার] পৃথ্বীনাথ; প্রেতাধিপ, যম; (ত্রি.) দণ্ডধর
দণ্ডধারী, পুং. [দণ্ড+ধারিন্] রাজা; যম; সন্ন্যাসী।
দণ্ডন, ন. [দণ্ড+অন] অনুশাসন, তৎপর্য্যায়।—শাসন, শাস্তি, শিষ্টি, তাড়ন, দমন, দমথ, দমথু, নিগ্রহ, শিক্ষণ, দণ্ড।
দণ্ডনায়ক, পুং. [দণ্ড+নায়ক] সেনানী, চতুরঙ্গবলাধ্যক্ষ; রাজপুরুষ; দণ্ডাধিকারী।
দণ্ডনার্হ, ত্রি. [দণ্ডন+অর্হ] দণ্ডার্হ।
দণ্ডনীতি, স্ত্রী. [দণ্ড+নীতি] অর্থশাস্ত্র, চাণক্যাদিপ্রণীত নীতিশাস্ত্র; রাজনীতি, রাজ্যব্যবস্থা, রাজ্যকরণ নিয়ম; অনুশাসন; দুর্গা।
দণ্ডনীয়, ত্রি. [দণ্ড+অনীয়] দণ্ড্য, দমনীয়, শাস্য, তাড়নীয়।
দণ্ডনেতৃত্ব, ন. [দণ্ড+নেতৃত্ব] দণ্ডীকরণ, শাসন, দণ্ডন।
দণ্ডপাংশুল, পুং. [দণ্ড+পাংশুল] দ্বারপাল, দ্বারী।
দণ্ডপাণি, পুং. [দণ্ড+পাণি] যম; কাশীস্থ শিবগণবিশেষ; দণ্ডধর।
দণ্ডপাতী, ত্রি. [দণ্ড+পাতী] দণ্ডিত, অবহৃত, তাড়িত; বিচারিত।
দণ্ডপারুষ্য, ন. [দণ্ড+পারুষ্য] রাজার সপ্তব্যসনান্তর্গত ব্যসনবিশেষ; অষ্টাদশ বিবাদান্তর্গত বিবাদবিশেষ, তাড়নাদি; অভিযোগ।
দণ্ডপাল, পুং. [দণ্ড+পাল] অর্দ্ধশফরমৎস্য, দাঁড়িকাখ্যাত; দ্বারপাল।
দণ্ডপালক, পুং. [দণ্ড+পালক] শকুলমৎস্য, শোলমাছ।
দণ্ডপাশিক, পুং. [দণ্ড+পাশিক] ঘাতুকপুরুষ, বধকর্ম্মাধিকারী, মৃতপা।
দণ্ডপ্রণয়ন, ন. [দণ্ড+প্রণয়ন] দণ্ডযোগ।
দণ্ডপ্রণেতা, পুং. [দণ্ড+প্রণেতা] তাড়ক, শাস্তা, দণ্ডয়িতা।

দণ্ডবৎ, ত্রি. [দণ্ড+বৎ] প্রণিপতিত, তৎপর্য্যায়।—চরণগত, পাদপ্রণত, উপনত, প্রণত, সাষ্টাঙ্গপ্রণত, সাষ্টাঙ্গনমস্কার; অবমূর্দ্ধশয়, ভূমিশায়ী, ভূমিঙ্গত, অবনীঙ্গত, ক্ষিপ্তদেহ; (পুং.) প্রণিপাত, অষ্টাঙ্গপাত, চরণপতন; দণ্ডেরন্যায় নমস্কার

দণ্ডবাদী, পুং. [দণ্ড+বাদিন্] দর্ব্বট, দ্বারপাল, লগুড়ধারী; অনিষ্টাবেদী; (ত্রি.) দণ্ডবক্তা।

দণ্ডবালধি, পুং. [দণ্ড+বালধি] হস্তী।

দণ্ডবাসী, পুং. [দণ্ড+বাসিন্]দ্বারপাল; এক গ্রমাধিকৃতজন।

দণ্ডবিকল্প, পুং. [দণ্ড+বিকল্প] সম্যক্‌দণ্ডন।

দণ্ডবিধি, স্ত্রী. [দণ্ড+বিধি] শাসন ব্যবস্থা, দণ্ডবিধান।

দণ্ডবিশেষ, পুং. [দণ্ড+বিশেষ] দণ্ডবিধান।

দণ্ডবিষ্কম্ভ, পুং. [দণ্ড + বিষ্কম্ভ] দধিমন্থনদণ্ড, কুঠর, ঘোলমওয়া খুঁটি।

দণ্ডবৃক্ষক, পুং. [দণ্ড + বৃক্ষক] স্নুহীবৃক্ষ।

দণ্ডভয়, ন. [দণ্ড+ভয়] দণ্ডভীতি।

দণ্ডভীতি, স্ত্রী. [দণ্ড+ভীতি] শাসনভয়।

দণ্ডভৃৎ, পুং. [দণ্ড+ভৃৎ] কুম্ভকার; (ত্রি.) দণ্ডধারক।

দণ্ডমানক, পুং. [দণ্ড+মানক] সন্ন্যাসী।

দণ্ডযাত্রা, স্ত্রী. [দণ্ড+যাত্রা] দিগ্বিজয়; সংযান; বরযাত্রা। [অগস্ত্য।

দণ্ডযান, পুং. [দণ্ড+যান] যম ; দিন;

দণ্ডযোগ, পুং. [দণ্ড+যোগ] দণ্ডপ্রণয়ন।

দণ্ডযোগ্য, ত্রি. [দণ্ড+ যোগ্য] দণ্ডার্হ, দণ্ডনীয়, তাড্য, শাসনার্হ।

দণ্ডরী, স্ত্রী. [দণ্ড+রী] ডঙ্গরীফল।

দণ্ডলেশ, ন. [দণ্ড+লেশ] অল্পদণ্ড, অর্থদণ্ড, লঘুদণ্ড

দণ্ডশাস্ত্র, ন. [দণ্ড+শাস্ত্র] দণ্ডবিধি।

দণ্ডহস্ত, পুং. [দণ্ড+হস্ত] দ্বারপাল, লগুড়ধারক; (ন.) তগরপুষ্প। [আকৃতি।

দণ্ডাকার, ত্রি. [দণ্ড+আকার] দণ্ডেরন্যায়

দণ্ডাঘাত, পুং. [দণ্ড+আঘাত] লগুড়াঘাত, যষ্টিদ্বারা প্রহার।

দণ্ডাজিন, ন. [দণ্ড+অজিন] শাঠ্য, ছদ্ম

দণ্ডাজ্ঞা, স্ত্রী. [দণ্ড+আজ্ঞা] দোষীকরণ, অপরাধ নির্ণয়।

দণ্ডাদণ্ডি, ব্য. [দণ্ডা+দণ্ডি] যষ্টিদ্বারা পরস্পর যুদ্ধ, পরস্পর দণ্ড লইয়া রণকরণ, লাঠালাঠী। [দণ্ডকরণ।

দণ্ডান, (প্রা) উত্তিষ্ঠন, দাঁড়ান, দণ্ডায়মান;

দণ্ডায়মান, ত্রি. [দণ্ড+আয়মান] উত্থান, উঠন, দাঁড়ান, খাড়া।

দণ্ডার, পুং. [দণ্ড+আর] বাহন; মত্তহস্তী; শরযন্ত্রক; কুম্ভকারের চক্র। [শাসনার্হ।

দণ্ডার্হ, ত্রি. [দণ্ড+অর্হ] শাসনযোগ্য, অনু-

দণ্ডাশ্রম, পুং. [দণ্ড+আশ্রম] সন্ন্যাসধর্ম্ম, দণ্ডীর আশ্রম, যত্যাচার।

দণ্ডাশ্রমী, পুং. [দণ্ড+আশ্রমী] সন্ন্যাসী, দণ্ডী, বিষয় ত্যাগী, সংসারত্যাগী।

দণ্ডাহত, পুং. [দণ্ড+আহত] তক্র, ঘোল; দণ্ডদ্বারা আঘাতী।

দণ্ডিক, পুং. [দণ্ড+ইক] দণ্ডধারক, ছড়িবরদার, আসাবরদারখ্যাত; মৎস্যবিশেষ, ডানিকণামাছখ্যাত।

দণ্ডিকা, স্ত্রী. [দণ্ড+ইকা] হারবিশেষ; রজ্জু; দণ্ডিকারজ্জু।

দণ্ডিত, ত্রি. [দণ্ড+ইত] কৃতদণ্ড, দাপিত, সাধিত; শাসিত,শিষ্ট,তাড়িত, নিগৃহীত, পীড়িত, বিনীত, শিক্ষিত।

দণ্ডী, পুং, [দণ্ড+ইন্] জিনবিশেষ; দমনক বৃক্ষ; যম; দ্বাঃস্থ; (ত্রি.) দণ্ডযুক্ত; চতুর্থাশ্রমী।

দণ্ডোৎপল, ন. [দণ্ড+উৎপল] বৃক্ষবিশেষ, ডানিপোলা; ডানিকোণা ডানকুনি ইহা পীত রক্ত শ্বেতভেদে ত্রিবিধ, পীতস্য পর্য্যায়।—গোবন্দনী, গন্ধবল্লী, সহদেবী, সহা, রক্তস্যপর্য্যায়।—বিশ্বদেবা, শ্বেতস্যপর্য্যায়।—দণ্ডোৎপলা।

দণ্ডোৎপলা, স্ত্রী. [দণ্ড+উৎপলা] শ্বেতপুষ্পদণ্ডোৎপল।

দণ্ডোপযুক্ত, ত্রি. [দণ্ড + উপযুক্ত] দণ্ডার্হ, শাসনযোগ্য অনুশাসনার্হ। [দণ্ডার্হ

দণ্ড্য, ত্রি. [দণ্ড+য] দণ্ডনীয়, দণ্ডিতব্য,।

দৎ, পুং. [দম্+অৎ] দন্ত, দত।
দত্ত, ত্রি. [দা+ত] রক্ষিত; কৃতদান, বিসৃষ্ট, বিশ্রাণিত; (ন.) দান; (পুং.) রাজবিশেষ, অগ্নিসিংহনন্দন; বৈশ্যউপাধিবিশেষ; কায়স্থাদির উপাধিবিশেষ; ভগবদবতারবিশেষ অত্রিপুত্র দত্তাত্রেয় নামে খ্যাত।
দত্তক-দত্তকপুত্র, পুং. [দত্ত+ক-পুত্র] পোষ্যপুত্র, কৃত্রিমপুত্র, গৃহীতপুত্র, দ্বাদশবিধ পুত্রান্তর্গত পুত্রবিশেষ; নিজ পিতৃ মাতৃ ত্যক্ত যে পোষ্যপুত্র।
দত্তজ, ত্রি. [দত্ত+জ] দত্তকুলোদ্ভব।
দত্তধন, ন. [দত্ত+ধন] বিতরণ, বিসর্জ্জন, বিশ্রাণন, প্রদান, ত্যাগ, পারিতোষিক।
দত্তপ্রাণ, ত্রি. [দত্ত+প্রাণ] অর্পিতপ্রাণ, ত্যাগী, বিশ্রাণিত ধন; জীবোৎসর্গী।
দত্তবান্, ত্রি. [দত্ত+বৎ] সমর্পিতবান্।
দত্তশুল্কা, স্ত্রী. [দত্ত+শুল্কা] গৃহীতকন্যা, ক্রীতী নববধূ।
দত্তা, স্ত্রী. [দত্ত+আ] বিবাহিতা, পাণিগৃহীতা; বিবাহসম্বন্ধা, বাগ্‌দত্তা।
দত্তাত্মা, পুং. [দত্ত+আত্মন্] পুত্রবিশেষ, স্বদত্তপালকপুত্র, স্বয়ংদত্তপুত্র; (ত্রি.) আত্মার্পিত। [দত্তনামখ্যাত।
দত্তাত্রেয়, পুং. [দত্ত+আত্রেয়] অত্রিপুত্র
দত্তাদত্ত, ত্রি. [দত্ত+আদত্ত] দত্তাপহৃত।
দত্তাদর, ত্রি. [দত্ত+আদর] সৎকৃত, সুব্যবহারিত, সেবিত, সেব্যমান।
দত্তানপকর্ম্ম, ন. [দত্ত+অনপকর্ম্মন্] দানকরিয়া পুনরাহরণ না করণ; দত্তাপ্রদানিক।
দত্তাপহৃত, ত্রি. [দত্ত+অপহৃত] দান করিয়া প্রত্যাদান।
দত্তাপ্রদানিক, ন. [দত্ত+অপ্রদানিক] অষ্টাদশ বিবাদ পদান্তর্গত বিবাদ পদবিশেষ; দান করিয়া প্রত্যাদানার্থ বিবাদ।
দত্তাবধান, ত্রি. [দত্ত+অবধান] কৃতাবধান, অভিনিবিষ্ট, আসক্ত, আসক্তচিত্ত।
দত্তাসন, ত্রি. [দত্ত+আসন] উপবেশন দান।
দত্তি, স্ত্রী. [দা+তি] দান।
দত্তেয়, পুং. [দত্ত+এয়] ইন্দ্র।
দত্রিম-দত্রিমপুত্র, পুং. [দা+ত্রিম] দত্তকপুত্র।
দদ, ত্রি. [দদ্+অ] দত্তবান্, প্রদত্ত।
দদন, ন. [দদ্+অন] দান।
দদি-দদিবান্, ত্রি. [দা+ই] দত্ত, কৃতদান।
দদৃৎ, ত্রি. [দৃ+অৎ] ভয়ার্ত্ত, সভয়।
দদৃশিবান্-দদৃশ্বান্, ত্রি. [দৃশ+বস্] ঈক্ষমান, প্রেক্ষমান।
দদ্রু, পুং. [দদ্+রু] রোগবিশেষ, দাদু; তৎপর্য্যায়।—দদ্রু, দদ্রূ, দদ্রূ, কচ্ছপ]
দদ্রুক, পুং. [দদ্রু+ক] দদ্রুরোগ।
দদ্রুঘ্ন, ন. [দদ্রু+ঘ্ন] চক্রমর্দ্দক।
দদ্রুণ, ত্রি. [দদ্রু+ণ] দদ্রুরোগী; জটুলী।
দদ্রুনাশিনী, স্ত্রী. [দদ্রু+নাশিনী] তৈলিনীকীট।
দদ্রুরোগী, ত্রি. [দদ্রু+রোগিন্] দদ্রুরোগবিশিষ্ট, দদ্রুণ, দেদ্রুয়া।
দদ্রূ, পুং. [দদ্+রূ] দদ্রু।
দদ্রূঘ্ন, ন. [দদ্রূ+ঘ্ন] দদ্রুঘ্ন, দদ্রুরোগী।
দধ, ত্রি. [দধ্+অ] দধান, বিদধৎ, ধারী, শালী, ধারয়ন্।
দধৎ-দধান, ত্রি. [ধা+অৎ] ধারী, শালী, আদদান, আদধান।
দধি, ন. [ধা+ই] শ্রীবাস; বাসন; ক্ষীরোত্তরাবস্থাভাব, তৎপর্য্যায়।—ক্ষীরজ, মঙ্গল্য, বিরল, পয়স্য, গব্য, কিলাট, গোরসজ, দ্রপ্স্য, দ্রপ্সা, রসালা, মার্জ্জিতা, দইখ্যাত; (ত্রি.) দধান।
দধিকূর্চ্চিকা, স্ত্রী. [দধি+কূর্চ্চিকা] অর্দ্ধোদকোষ্ণদুগ্ধে দধ্যম্ল সংযোগে, অথবা উষ্ণ দুগ্ধে দধ্যম্ল সংযোগে জাতদ্রব্য অর্থাৎ আমিক্ষা।
দধিচার, পুং. [দধি+চার] দধিমন্থনদণ্ড, বৈশাখ, তক্রাট, করঘর্ষণ।
দধিজ, ন. [দধি+জ] নবনীত।
দধিত্থ, পুং. [দধি+স্থা] কপিত্থ।
দধিত্থাখ্য, পুং. [দধিত্থ+আখ্য] সরলদ্রব, লোনুবাখ্যাত।
দধিধেনু, স্ত্রী. [দধি+ধেনু] দানার্থদধ্যাদি নির্ম্মিতাধেনু। [জিতা।
দধিপুষ্পিকা, স্ত্রী. [দধি+পুষ্পিকা] অপরা-

দধিপুষ্পী, স্ত্রী. [দধি+পুষ্পী] কোলশিম্বী।
দধিফল, পুং. [দধি+ফল] কপিত্থবৃক্ষ।
দধিভাণ্ড, ন. [দধি+ভাণ্ড] দুগ্ধভাজন, দোহনপাত্র।
দধিমণ্ড, পুং. [দধি+মণ্ড] মণ্ড, দুগ্ধমণ্ড, দধ্যুত্তর, মাৎ; দধিসিন্ধু।
দধিমণ্ডোদ, পুং. [দধিমণ্ড+উদ] সপ্ত-সমুদ্রান্তর্গত দধিসমুদ্র।
দধিমন্থন, ন. [দধি+মন্থন] নবনীনিমিত্ত দধিমথন।
দধিময়, ত্রি. [দধি+ময়] ঘনীভূত, দধিবৎ সংহত।
দধিমুখ, পুং. [দধি+মুখ] বানরবিশেষ, সুগ্রীবের শ্বশুর।
দধিশোন, পুং. [দধি+শোন] বানর।
দধিসক্তব, পুং. [দধি+সক্তব] করম্ভ, দধি-দ্বারা উপসিক্তসক্তু, দইছাতু।
দধিসর, পুং. [দধি+সর] দধির ঘনীভূত, ফেণ, দধিস্নেহ।
দধিসার, ন. [দধি+সার] নবনীত।
দধিস্নেহ, পুং. [দধি+স্নেহ] দধিসর, সর, দধ্যুত্তরগ, কটর।
দধিস্বেদ, পুং. [দধি+স্বেদ] তক্র, ঘোল।
দধীচ-দধীচি, পুং. [দধী+চ] মুনিবিশেষ
দধীচ্যস্থি, ন. [দধীচি+অস্থি] হীরক; বজ্র; দধীচিমুনিরঅস্থি।
দধৃক্, ত্রি. [ধৃষ্+ক্বিন্] ধৃষ্ট, নির্লজ্জ।
দধ্ন, পুং. [ধা+ন] যম।
দধ্যাকর, পুং. [দধি+আকর] দধিসমুদ্র।
দধ্যাধার, ন. [দধি+আধার] দধিভাণ্ড।
দধ্যানী, স্ত্রী. [দধি+আনী] সুদর্শনা, সুদর্শন, গুলঞ্চ, দয়েখয়েখ্যাত, (হি.) মদনমস্ত।
দধ্যাম্র, পুং. [দধি+আম্র] কপিত্থ।
দধ্যুত্তর-দধ্যুত্তরগ, ন. [দধি+উত্তর] দধি-স্নেহ
দধ্যুদ, পুং. [দধি+উদ] দধিসমুদ্র।
দন, (প্রা) ঝাড়িবৃক্ষবিশেষ।
দনু, স্ত্রী. [দন+উ] কশ্যপপত্নী, দক্ষরাজ-কন্যা, দানবমাতা।

দনুজ, পুং. [দনু+জ] অসুর; দনুপুত্রদানব।
দনুজদ্বিট্, পুং. [দনুজ+দ্বিষ্] দেব।
দনুজারি, পুং. [দনুজ+অরি] দেবতা, সুর।
দনুসূনু, পুং. [দনু+সূনু] অসুর।
দন্ত, পুং. [দম+ত] অদ্রিকটক; কুঞ্জ; শৈল-শৃঙ্গ; চর্ব্বণ সাধনাস্থি, দাঁত, তৎপর্য্যায়। রদন, দশন, রদ, দ্বিজ, খরু, দংশ, দংষ্ট্রা, খাদন, দাঢ়া, দ্বিজন্মা, মুখজ, ছদ্বর, দন্দশ, জম্ভ, হালু, বক্ত্রখুর, রুচক, মল্লক, ফট। [দন্ত।
দন্তক, পুং. [দন্ত+ক] পর্ব্বতশৃঙ্গ; নাগদন্ত;
দন্তফলা, স্ত্রী. [দন্ত+ফলা] পিপ্পলী।
দন্তকর্ষণ, পুং. [দন্ত+কর্ষণ] জম্বীর, নেবু।
দন্তকাষ্ঠ, ন. [দন্ত+কাষ্ঠ] বিকঙ্কতবৃক্ষ; দন্ত-ধাবনার্থকাষ্ঠ
দন্তকাষ্ঠক, ন. [দন্তকাষ্ঠ+ক] আহুল্যবৃক্ষ।
দন্তকিড়িকিড়ি-দন্তকিড়িমিড়ি, (প্রা) দন্তঘর্ষণ, ক্ষ্বেড়ন, কট্‌কট্ শব্দ। [দন্ত।
দন্তগত, ত্রি. [দন্ত+গত] দশনলগ্ন; গলিত-
দন্তঘর্ষণ, ন. [দন্ত+ঘর্ষণ] ক্ষ্বেড়ন।
দন্তচ্ছদ, পুং. [দন্ত+ছদ] ওষ্ঠ।
দন্তচ্ছদৌ, পুং. [দন্তচ্ছদ+ঔ] দ্বিবচনান্ত রদনচ্ছদৌ। [বিম্বফল।
দন্তচ্ছদোপমা, স্ত্রী. [দন্তচ্ছদ+উপমা] বিম্বী,
দন্তজ, ত্রি. [দন্ত+জ] দন্তজন্য; (ন.) দংশন, কামড়ান।
দন্তজনন; ন. [দন্ত+জনন] দন্তোদ্ভব, দন্তো-স্ফোট। [দন্তী।
দন্তজাত, ত্রি. [দন্ত+জাত] জাতদন্ত, সদন্ত,
দন্তধাবন, ন. [দন্ত+ধাবন] দন্তমার্জ্জন; দন্তকাষ্ঠ; (পুং.) খদিরবৃক্ষ; গুচ্ছকরঞ্জ; বকুল।
দন্তপংক্তি, স্ত্রী. [দন্ত+পংক্তি] দশনাবলি, রদনরাজী।
দন্তপত্র, ন. [দন্ত+পত্র] কুণ্ডল।
দন্তপত্রক, ন. [দন্ত+পত্রক] কুন্দপুষ্প।
দন্তপত্রিকা, স্ত্রী. [দন্ত+পত্রিকা] কুণ্ডল।
দন্তপবন, ন. [দন্ত+পবন] নিশ্চূর্ণ, দন্ত-শাণ। [চর্ব্বিত।
দন্তপিষ্ট, ত্রি. [দন্ত+পিষ্ট] কৃতচর্ব্বণ,

দন্তপুপ্পুটক, পুং. [দন্ত+পুপ্পুটক] দন্তব্রণ, দন্তার্ব্বুদ, উপকুশ, বৈদর্ভ।

দন্তপুষ্প, পুং. [দন্ত+পুষ্প] কতকফল।

দন্তফল, ন. [দন্ত+ফল] কতকফল; (পুং.) কপিত্থ।

দন্তবস্ত্র, ন. [দন্ত+বস্ত্র] ওষ্ঠ,রদনচ্ছদ, ঠোঁট।

দন্তবাসা, পুং. [দন্ত+বাসস্] রদনচ্ছদ, ওষ্ঠ।

দন্তবিস্ফোট-দন্তব্রণ, পুং. [দন্ত+বিস্ফোট] দ্বিজব্রণ, দন্তার্ব্বুদ।

দন্তবীজক, পুং. [দন্ত+বীজক] দাড়িম।

দন্তবেষ্ট, পুং. [দন্ত+বেষ্ট] দন্তমাংস, মাড়ি।

দন্তব্যথা-দন্তব্যসন, স্ত্রী. ন. [দন্ত+ব্যথা] দন্তশূল, দাঁতেরবেদনা।

দন্তভাগ, পুং. [দন্ত+ভাগ] গজাগ্রভাগ; গজের মুখ ও স্কন্ধপর্য্যন্ত দন্তসহিত; দন্তাংশ। [পুষ্পিকা।

দন্তমল, পুং. ন. [দন্ত+মল] দন্তলগ্নক্লেদ,

দন্তমাংস, ন. [দন্ত+মাংস] দন্তবেষ্ট, মাড়ি।

দন্তমূল, ন. [দন্ত+মূল] দন্তমাংস, মাড়ি॥

দন্তমূলিকা, স্ত্রী, [দন্ত+মূলিকা] দন্তীবৃক্ষ।

দন্তরোগ, পুং. [দন্ত+রোগ] রদনাময়।

দন্তশট, পুং. [দন্ত+শট] দন্তশঠ।

দন্তশঠা, পুং. [দন্ত+শঠ] জম্বীর; কপিত্থ; কর্ম্মরঙ্গক; নাগরঙ্গক; অম্ল।

দন্তশঠা, স্ত্রী. [দন্ত+শঠা] চাঙ্গেরী; ক্ষুদ্রাম্লিকা।

দন্তশর্করা, স্ত্রী. [দন্ত+শর্করা] কফ বায়ু শোষিত দন্তগতমল, পাথুরীখ্যাত।

দন্তশাণ, ন. [দন্ত+শাণ] নিশ্চূর্ণ, মিশি।

দন্তশিরা, স্ত্রী. [দন্ত+শিরা] দন্তমাংস, মাড়ি।

দন্তশুদ্ধি, স্ত্রী. [দন্ত+শুদ্ধি] দন্তধাবন, দন্তমার্জ্জন। [নির্দশন।

দন্তশূন্য, ত্রি. [দন্ত+শূন্য] অদন্ত, নীরদ,

দন্তশূল, পুং. [দন্ত+শূল] দালন, দন্তবেদনা।

দন্তশোধনী, স্ত্রী, [দন্ত+শোধনী] শলাকা, দন্তনির্ঘর্ষণক।

দন্তশোক, পুং. [দন্ত+শোক] দন্তমূল।

দন্তশ্লিষ্ট-দন্তসক্ত, ত্রি. [দন্ত+শ্লিষ্ট] দন্তলগ্ন।

দন্তহর্ষ, পুং. [দন্ত+হর্ষ] দন্তরোগবিশেষ।

দন্তহর্ষক-দন্তহর্ষণ, পুং. [দন্তহর্ষ+ক] জম্বীর।

দন্তহীন, ত্রি. [দন্ত+হীন] গলিতদন্ত, নির্দশন, দশনোচ্ছিষ্ট

দন্তাঘাত, পুং. [দন্ত+আঘাত] নিম্বুক; দশনাঘাত।

দন্তাদর, পুং. [দন্ত+আদর] দন্তমর্য্যাদা।

দন্তাবল, পুং. [দন্তা+বল] হস্তী।

দন্তায়ুধ, পুং. [দন্ত+আয়ুধ] শূকর।

দন্তার্ব্বুদ, পুং. [দন্ত+অর্ব্বুদ] দন্তরোগভেদ, দন্তশূল, দন্তশোক, দ্বিজব্রণ।

দন্তালিকা, স্ত্রী. [দন্ত+অলিকা] বল্‌গা, বাগা, রশ্মি, বাগডোরখ্যাত।

দন্তিকা-দন্তিজা, স্ত্রী. [দন্ত+ইকা] দন্তীবৃক্ষ।

দন্তিনী, স্ত্রী. [দন্তিন্+ঈ] হস্তিনী; বৃক্ষবিশেষ।

দন্তিমদ, পুং. [দন্তি+মদ] হস্তীমদ।

দন্তী, স্ত্রী. [দন্ত+ইন্] স্বনামখ্যাতবৃক্ষ; তৎপর্য্যায়।—শীঘ্রা, শ্যেনঘণ্টা, নিকুম্ভী, নাগস্ফোতা, দন্তিনী, উপচিত্রা, ভদ্রা, রুক্ষা, রেচনী, অনুকুলা, নিঃশল্যা, চক্রদন্তী, বিশল্যা, মধুপুষ্পা, এরণ্ডফলা, তরুণী, এরণ্ডপত্রিকা, অণুরেবতী, বিশোধনী, কুম্ভী, উড়ুম্বরদলা, নিকুম্ভ, দন্তিকা, প্রত্যকৃপর্ণী, উদুম্বরপর্ণী, (পুং. স্ত্রী.) হস্তী; (পুং.) পর্ব্বত; (ত্রি.) দংষ্ট্রী, বিষাণী।

দন্তীবীজ, ন. [দন্তী+বীজ] জয়পাল।

দন্তুর, ত্রি. [দন্ত+উর] উন্নতদন্ত, বৃহদ্দন্তী, দাঁতাল, দেঁতো; উন্নতানত; উদয়মান্; হৃষিত, পুলকিত।

দন্তুরচ্ছদ, পুং. [দন্তুর+চ্ছদ] বীজপূর।

দন্ত্য, ত্রি. [দন্ত+য] দন্তসংযোগে উচ্চারিত, দন্তোদ্ভব।

দন্ত্যবর্ণ, ত্রি. [দন্ত্য+বর্ণ] দন্তদ্বারা উচ্চারিত অক্ষর, যথা—৯ৠ ত থ দ ধ ন ল স ব।

দন্তোৎপত্তি, স্ত্রী. পুং. [দন্ত+উৎপত্তি] দন্তজনন।

দন্তোদয়-দন্তোদ্ভব, পুং. [দন্ত+উদয়] দন্তজনন।

দন্তোদ্ভেদ, পুং. [দন্ত+উদ্ভেদ] দন্তোদ্ভেদকাল, দন্তবৃদ্ধি।

দন্তোলুখলিক, পুং. [দন্ত+উলুখলিক] বান-প্রস্থবিশেষ, দন্তদ্বারা ছেদনকরিয়া যে ভক্ষণ করে।

দন্দভঙ্গ, পুং. [দন্দ+ভঙ্গ] পলায়ন, দণ্ডভঙ্গ।

দন্দশ, পুং. [দশং+দশ] দশন, রদ।

দন্দশূক, পুং. [দন্দশ+উক] সর্প; রাক্ষস; নরকবিশেষ; (ত্রি.) হিংস্র,, হিংসক।

দভ্রম-দভ্রমণ, ন. [ভ্রম+অ] মন্দগতি; (ত্রি.) মন্দ মন্দ গমনশীল। [গর্ব্ব।

দপট, (প্রা) দর্পশব্দের অপভ্রংশ অহঙ্কার,

দপর, (প্রা) ঢেঁকীপাড়ের শব্দ।

দপ্‌দপ্, (প্রা) দীপ্তি, ধগ্‌ধগ্।

দফলত্তি, (যাং) বিলম্ব, দীর্ঘসূত্রতা।

দফা, (যাং) সকৃৎ, একবার।

দফাদফা, (যাং) পুনঃ পুনঃ, বারম্বার।

দফ্‌তর্, (যাং) আহ্নিকব্যবহার পুস্তক।

দফ্‌তরখানা, (যাং) লেখাস্থান।

দফরা, (প্রা) তরঙ্গ, ঢেউ। [তাপ।

দব, পুং. [দু+অ] বন; বনাগ্নি; অগ্নি; উপ-

দবথু, পুং. [দু+অথু] পরিতাপ, সন্তাপ; চক্ষুরাদিরদাহ। [শাসন।

দবন-দবান, (প্রা) মর্দ্দন, দলন, দমন,

দবয়ন্, ত্রি. [দব+অৎ] পলায়িত,দুরগত।

দবাগ্নি, পুং. [দব+অগ্নি] দাবানল, বনাগ্নি।

দবাৎ, (যাং) মস্যাধার।

দবিষ্ঠ, ত্রি. [দব+ইষ্ঠ] সুদূর, অত্যন্তদূরবর্ত্তী, অতিশয়, দুরস্থ।

দবীয়ান্, ত্রি. [দব+ঈয়স্] সুদূর, অসন্নিহিত. বিদুর, আরাতীয়।

দবকন, (প্রা) চমকন; হটন; ভীতহওন।

দব্‌কান, (প্রা) লুকান, গোপনেরাখন

দভ্র, ত্রি. [দভ+র] কিঞ্চিৎ, অল্প; (পুং.) সমুদ্র। [বুদ্ধি।

দভ্রবুদ্ধি, ত্রি. [দভ্র+বুদ্ধি] কৃপণধী, কৃপণ-

দম্, ব্য. [দম্+অ] স্ত্রীবিশেষ, (পুং.) মরুত্ত-বংশীয় রাজা।

দম, পুং. [দম্+অ] দণ্ড; তপক্লেশ সহিষ্ণুতা, দমথ; দমন, বাহ্যেন্দ্রিয় নিগ্রহ; কর্দ্দম, কাদা

দম, (প্রা) গর্ব্ব, গরিমা, ফুসলান

দমক, ত্রি. [দম্+অক] দমনকারী, শাসন-কর্ত্তা। [কৃত।

দমকর্ত্তা, পুং. [দম+কর্ত্তৃ] শাসক, অধি-

দমঘোষ, পুং. [দম+ঘোষ] চন্দ্রবংশীয় রাজবিশেষ, চেদিদেশপতি, শিশুপাল-পিতা। [পাল।

দমঘোষসুত, পুং. [দমঘোষ+সুত] শিশু-

দমথ, পুং. [দম্+অথ] দণ্ড; দম।

দমথু, পুং. [দম্+অথু] দণ্ড; দম।

দমন. ন. [দম্+অন] দণ্ড; (পুং.) পুষ্প-বিশেষ, দোনাখ্যাত, পুষ্পচামর; বীর, শূর; উপশান্ত; কুন্দবৃক্ষ।

দমনক, পুং. [দমন+ক] বৃক্ষবিশেষ, দোনা-খ্যাত, তৎপর্য্যায়।—দমন,দান্ত, গন্ধোৎ-কটা, মুনি, জটিলা, দণ্ডী, পাণ্ডুরাগ, ব্রহ্মজটা, পুণ্ডরীক, তাপসপত্রী, পত্রী, পবিত্রক, দেবশেখর, কুলপত্র, বিনীত, তপস্বীপুত্র, মুনিপুত্র, তপোধন, গ-ন্ধোৎকট, ব্রহ্মজটী, কুলপুত্রক।

দমনকর্ত্তা-দমনকারক, পুং. [দমন+কর্ত্তৃ] শাসনকর্ত্তা, দণ্ডকর্ত্তা।

দমনকারোপণোৎসব, পুং. [দমন+কারো-পণ+উৎসব] শ্রীকৃষ্ণের দমনকার্পণার্থ মহাপূজারূপোৎসব।

দমনী, স্ত্রী. [দমন+ঈ] অগ্নিদমনীবৃক্ষ।

দমনীয়, ত্রি. [দম্+অনীয়] দম্য, সুদম, শাস-নীয়।

দময়ন্তী, স্ত্রী. [দময়ৎ+ঈ] ভদ্রমল্লিকা; নল-রাজপত্নী, বিদর্ভদেশীয় ভীমরাজকন্যা।

দময়ন্, ত্রি. [দম্+অৎ] দমনবিশিষ্ট, দমী; দান্ত, দমিত; (স্ত্রী.) দময়ন্তী; ভদ্র-মল্লিকা।

দমস্বসা, স্ত্রী. [দম+স্বসৃ] দময়ন্তী।

দমিত, ত্রি. [দম+ইত] দান্ত, শান্ত, শান্ত-ক্রৌর্য্য, বশম্বদ, জিত। [ক্রিয়।

দমী, ত্রি. [দম+ইন্] দমনবিশিষ্ট; জিতে-

দমুনা, পুং. [দম+উনস্] অগ্নি; শুক্রাচার্য্য।

দমুনা. পুং. [দম+উনস্] অগ্নি, বহ্নি।

দম্‌কল, (প্রা) ভারিদ্রব্য উত্তোলনার্থ যন্ত্র-বিশেষ, জলোত্তলন যন্ত্র।

দম্‌কলী, (প্রা) জল প্রক্ষেপণার্থ ক্ষুদ্র কল-বিশেষ, ধারাযন্ত্র, নলিকা, বস্তি, ধারা-নালী।
দম্‌কা, (প্রা) অত্যন্ত, অতিশয়, হঠাৎ।
দম্‌কান, (প্রা) বলদ্বারা আক্রমণ, চাপন, দাবন, বৈসন।
দম্‌কাবাতাস, (প্রা) প্রচণ্ডবায়ু, নির্ঘাত।
দম্‌খাওন, (প্রা) বঞ্চিত হওন।
দম্পতী, পুং. [দম্+পতি] ভার্য্যাপতী, স্ত্রী-পুরুষ উভয়; যুগল।
দম্‌ফ্‌, (যাং) বাদ্যবিশেষ।
দম্‌বাজ্, (যাং) প্রতারক, ঠক।
দম্ভ, পুং. [দম্ভ+অ] কপট; কল্ক, পাপ; শাটোপাহঙ্কৃতী; অহঙ্কার।
দম্ভান্বিত, ত্রি. [দম্ভ+অন্বিত] প্রগল্‌ভ, আত্ম-শ্লাঘী, অহঙ্কারী
দম্ভী, ত্রি, [দম্ভ+ইন্] অহঙ্কারী; মহাতেজা; বিস্মাপক; কাপটিক; দুষ্ট, খল।
দম্ভোক্তি, স্ত্রী. [দম্ভ+উক্তি] গর্ব্বোক্তি, অহ-ঙ্কারজনকবাক্য।
দম্ভোলি, পুং. [দম্ভ+উলি] বজ্র।
দভ্র, পুং. [দম্ভ+র] সমুদ্র; (ত্রি.) ক্ষুদ্র।
দম্য, পুং. [দম+য] বৎসতর, অনড্বান; (ত্রি.) দমনীয়
দয়, পুং. [দয়+অ] দয়া, করুণা, অনুকম্পা; (ত্রি) সকরুণ, সানুকম্প, কৃপাবান্।
দয়মান, ত্রি. [দয়+মান] রক্ষান্বিত, ত্রাণযুক্ত, ক্ষেমকরণবিশিষ্ট।
দয়া, স্ত্রী. [দয়+আ] করুণা, তৎপর্য্যায়।—কারুণ্য, কৃপা, অনুকম্পা, দয়ালুতা, বাৎ-সল্য, ঘৃণা, অনুক্রোশ, মায়া, অনুগ্রহ, হৃন্তোক্তি, আপন্নরক্ষণ, অন্যদুঃখে দুঃ-খিতা, অনুবেদনা, সমদুঃখত্ব, সমদুঃখ সুখিতা, পরদুঃখহরণেচ্ছা, স্নেহ।
দয়াকর, ত্রি. [দয়া+কর] করুণাকর।
দয়াকূর্চ্চ, পুং. [দয়া+কূর্চ্চ] বুদ্ধ।
দয়াকৃৎ-দয়ান্বিত-দয়াযুক্ত, ত্রি. [দয়া+কৃৎ] হিতবান্, অনুকম্পক, করুণাত্মা, পর-হিতেচ্ছু, অনুগ্রাহী। [নিধান।
দয়ানিধি, পুং. [দয়া+নিধি] করুণার্ণব, কৃপা-
দয়াপাত্র, ন. [দয়া+পাত্র] স্নেহপাত্র।
দয়াবান্, ত্রি. [দয়া+বৎ] কৃপান্বিত, কৃতা-নুকম্প, দয়িত।
দয়াময়-দয়াশীল, ত্রি. [দয়া+ময়] কৃপাময়, করুণার্দ্র, দয়াকর।
দয়াল, পুং. [দয়া+ল] নদীকূলভঙ্গ।
দয়ালু, ত্রি. [দয়া+আলু] দয়াযুক্ত, কারুণিক, কৃপালু, সুরত, ঘৃণী, সানুক্রোশ, অনু-কম্পী, সদয়, ক্ষমাবান্, দয়াকর, হৃদ-য়ালু, করুণার্দ্র, বৎসল।
দয়ালুত্ব, ন. [দয়ালু+ত্ব] কৃপালুতা, আনু-কূল্য।
দয়িত, ত্রি. [দয়া+ইত] প্রিয়; (পুং) পতি।
দয়িতা, স্ত্রী. দয়িত+আ] ভার্য্যা; প্রিয়া।
দয়িতাধীন, ত্রি. [দয়িতা+অধীন] স্ত্রীবশবর্ত্তী, স্ত্রীবিশেষ, ভার্য্যাতিক।
দর, ন. [দৃ+অ] শঙ্খ; (পুং. ন.) ভয়; গর্ত্ত; (পুং.স্ত্রী.) কন্দর; (ত্রি.) ক্ষুদ্র; (বা.) ঈষদর্থঃ।
দর, (প্রা) মূল্য।
দরকণ্টিকা, স্ত্রী. [দর+কণ্টিকা] শতাবরী।
দর্‌কার্, (যাং) আবশ্যকতা।
দর্‌খাস্ত্, (যাং) নিবেদনপত্র, প্রার্থনাপত্র।
দর্‌গুজর, (যাং) ক্ষমা, পত্রমোচন।
দর্‌জবাব, (যাং) প্রতিবচন, প্রত্যুত্তর।
দর্‌জা, (যাং) ক্রম, অন্বয়।
দর্‌জী, (যাং) সৌচিক, তুন্নবায়।
দরণ, (প্রা) পচন, পল্কন, বিগড়ন, বিকৃত-হওন।
দরণি, পুং. [দৃ+অনি] কূলভঙ্গ, ভাঙ্গন; তৎপর্য্যায়।—কূলহণ্ড, কূলতণ্ডুল।
দরৎ, স্ত্রী. [দৃ+অদ্] প্রপাত; ভয়; পর্ব্বত; ম্লেচ্ছজাতি; হৃৎ; তীর, কূল।
দরদ, ন. [দরদ্+অ] হিঙ্গুল; (পুং.) দেশ-বিশেষ; কিরাত ম্লেচ্ছজাতিভেদ; ভয়
দরদর, (প্রা) জলনিঃসরণ, ক্ষরণ, স্রবণ, বিন্দুপতন
দর্‌পেশ, (যাং) সম্মুখে, সাক্ষাতে।
দর্‌বাজা, (যাং) দ্বার, কপাট।
দর্‌বান্, (যাং) দ্বারী, দৌবারিক

দর্‌বার, (যাং) বিচারস্থান।
দর্‌বিশ, (যাং) সন্ন্যাসী, ফকীর।
দর্‌মাহা, (যাং) মাসিকবেতন, মাসহারা।
দররোজ, (যাং) প্রাত্যহিক, দৈনিক।
দরাখ্‌ৎ (যাং) বৃক্ষ।
দরাজ্, (যাং) দীর্ঘ, আয়ত।
দরবিদলিত, ত্রি. [দর+বিদলিত] ঈষদুন্মীলিত, অল্প প্রকাশ।
দরমা, (প্রা) ঘাসবিশেষ, তন্নির্ম্মিতআসন, চাঁচ।
দরা, (প্রা) জীর্ণ, পচা, গলিত।
দরাব, (প্রা) তক্ষা, মুদ্রাকর, ভাস্কর।
দরাম, (প্রা) মূল্য, অর্ঘ।
দরি, স্ত্রী. [দৃ+ই] দরী, গুহা।
দরিত, ত্রি. [দৃ+ইত] ভীত; ছিন্ন।
দরিদ্র, পুং. [দরিদ্রা+অ] নির্ধন,তৎপর্য্যায়। নিঃস্ব, নির্ধন, অধন, অল্পধন, ধনহীন, ক্ষীণধন, ধনশূন্য, অর্থহীন, বিত্তহীন, গতার্থ, দুর্গত, নিষ্কাঞ্চন, নিঃকাঞ্চন, অকাঞ্চন, দুর্ব্বিধ, দীন, দুর্ভগ, কীকট, দুঃস্থ, অস্তমিত, দুরাঢ্য, নিষ্কিঞ্চন,অনর্থ, দুঃখী।
দরিদ্রতা, স্ত্রী. [দরিদ্র+তা] নির্ধনতা, নিঃস্বতা, দৈন্য, দীনতা, ধনাভাব অস্বত্ব।
দরিদ্রায়ক, ত্রি. [দরিদ্রায়+ক] দরিদ্র।
দরিদ্রিত,ত্রি. [দরিদ্রা+ইত] দরিদ্র, দারিদ্র্যযুক্ত।
দরিদ্রিতা, স্ত্রী, [দরিদ্রা+তৃ] দরিদ্রায়ক।
দরিয়া, (যাং) নদী।
দরিয়াফ্‌ৎ, (যাং) বিবেচনা, বুদ্ধি। [বিল।
দরী, স্ত্রী.পুং.[দৃ+ঈ]কন্দর, গুহা; দেবখাত,
দরী, (প্রা) নবা, আধুনিক; চিত্রিতবস্ত্র।
দরীভূ, স্ত্রী. [দরী+ভূ] কন্দর, শৈলরন্ধ্র।
দরীভৃৎ. পুং. [দরী+ভৃৎ] পর্ব্বত।
দরীয়াউ, (যাং) নাবিক।
দরেন্দ্র, [দর+ইন্দ্র] বিষ্ণুশঙ্খ।
দরোদর, ন. [দর+উদর] দুরোদর; দ্যুতক্রীড়া; (পুং.) অক্ষক্রীড়ক; কীলক।
দরোবস্তু, (যাং) সকল, সমুদায়।
দর্দ্দর, পুং. [দৃ+দর] পর্ব্বত; (ত্রি.) ঈষদ্ভগ্ন
দর্দ্দরাস্ত্র, পুং. [দর্দ্দর+অস্ত্র] ব্যঞ্জনবিশেষ, মীনাম্ব্রীণ।
দর্দ্দরীক, ন. [দ+ঈক] বাদ্য; (পুং.) মেঘ; বাদ্যভেদ; ভেক।
দর্দ্দুর, ন. [দৃ+উর] গ্রামজাল; (পুং.স্ত্রী.) ভেক; (পুং.) মেঘ; বাদ্যভাণ্ডভেদ; পর্ব্বতবিশেষ; রাক্ষস।
দর্দ্দুরপুট, পুং. [দর্দ্দুর+পুট] বেণুমুখ।
দর্দ্দূরা, স্ত্রী. [দর্দ্দূর+আ] দুর্গা।
দর্দ্দ, পুং. [দর্দ্দ+উ] দদ্রুরোগ।
দদ্রু-দদ্রু, পুং. [দরিদ্রা+উ-উ] গজকর্ণ, খর্জ্জূ, দাদুরোগ।
দদ্রুঘ্ন, পুং. [দদ্রু+ঘ্ন] চক্রমর্দ্দক।
দদ্রুণ-দদ্রুণ, ত্রি. [দদ্রু+ণ] দদ্রুরোগী।
দদ্রুরোগী, ত্রি. [দদ্রু+রোগিন্] ত্বগ্রোগী, চর্ম্মদূষিক।
দর্প, পুং. [দৃপ+অ] উচ্ছৃঙ্খলত্ব; কস্তূরী; ঊষ্মা; অহঙ্কৃতী, গর্ব্ব, অহঙ্কার, অবলিপ্ততা, অভিমান, মমতা, মান, চিত্তোন্নতি, স্ময়।
দর্পক, পুং. [দৃপ+অক] কামদেব; (ত্রি.) অহঙ্কারী। [গর্ব্বিত।
দর্পকারী, ত্রি. [দর্প+কারিন্] অহঙ্কারী,
দর্পণ, পুং. [দৃপ+অন] রূপদর্শনাধার, আর্শিখ্যাত, তৎপর্য্যায়।—মুকুর, আদর্শ, আত্মদর্শ, নন্দর, দর্শন, প্রতিবিম্বাত, কর্ক, কর্কর, (ন.) চক্ষু; সন্দীপন; পর্ব্বতভেদ; নদবিশেষ।
দর্পধ্মাত, ত্রি. [দর্প+ধ্মাত] মহাহঙ্কারী, আত্মশ্লাঘী, গর্ব্বপূর্ণ; মহামানী।
দর্পভঙ্গ, পুং. [দর্প+ভঙ্গ] মানভঙ্গ, নম্রীকরণ।
দর্পহ, ত্রি. [দর্প+হ] দর্পহর।
দর্পহর, ত্রি. [দর্প+হর] মানহর, দম্ভহীন।
দর্পহরণ. ন. [দর্প+হরণ] মানভঙ্গ, দর্পভঙ্গ।
দর্পারম্ভ, পুং. [দর্প+আরম্ভ] অহঙ্কারারম্ভ; মটস্ফটি, আটোপ, স্ময়; অহমহমিকা; অহঙ্কারোক্তি।
দর্পাপশান্তি, স্ত্রী. [দর্প+অপশান্তি] সান্ত্ব, সান্ত্বন, অনুরঞ্জন, প্রসাদন।

দর্পিত, ত্রি. [দৃপ্+ইত] অহঙ্কারী, আত্মশ্লাঘী। [গর্ব্ব
দর্পী, স্ত্রী. [দর্প+ইন্] মদোদ্ধত, প্রাগলভ্‌,
দর্পীকৃত, ত্রি. [দর্পী+কৃত] গর্ব্বিত,প্রধর্ষিত।
দর্ব্ব, পুং. [দৃ+ব] রাক্ষস; হিংস্র।
দর্ব্বট, পুং. [দৃ+বট] দণ্ডবাদী, গর্ব্বাট, দণ্ডপাণি, দ্বারী। [ভেদ।
দর্ব্বরীক, পুং. [দর্ব্ব+রীক] ইন্দ্র; বায়ু; বাদ্য-
দর্ব্বি, স্ত্রী. [দৃ+বি] ব্যঞ্জনাদিদারক, হাতাখ্যাত; তৎপর্য্যায়।—কম্বি, খজাকা, খজাকজ, দর্ব্বী, কম্বী; ফণা।
দর্ব্বিক, পুং. [দর্ব্বি+ক] দর্ব্বী, হাতা।
দর্ব্বিকা, স্ত্রী. [দর্ব্বিক+আ] দার্ব্বিকা, খজাকা; কজ্জল।
দর্ব্বী, স্ত্রী. [দৃ+বি-ঈ] ব্যঞ্জনাদিদারক, হাতা।
দর্ব্বীকর, পুং. [দর্ব্বী+কর] সর্প; (ত্রি.) খজাকাকারক।
দর্ভ, পুং. [দৃ+ভ] কুশ; উলপতৃণ; কাশতৃণ। [স্থান।
দর্ভট- পুং. [দৃ+ভট] নিভৃতাগৃহ; নির্জ্জন-
দর্ভপত্র, পুং. [দর্ভ+পত্র] কাশতৃণ; যজ্ঞীয়তৃণবিশেষ।
দর্ভাহ্বয়, পুং. [দর্ভ+আহ্বয়] মুঞ্জ।
দর্শ, পুং. [দৃশ্+অ] অমাবস্যা; অবলোকন; পক্ষান্তকৃত যাগবিশেষ।
দর্শক, পুং. [দৃশ্+অক] দ্বারপাল; দর্শয়িতা; প্রবীণ; (ত্রি.) ঈক্ষমাণ।
দর্শত, পুং. [দৃশ্+অত] সূর্য্য; চন্দ্র।
দর্শন, ন. [দৃশ্+অন্] নয়ন, চক্ষু; স্বপ্ন; বুদ্ধি; ধর্ম্ম; উপলব্ধি; দর্পণ; শাস্ত্র, তৎষড়্‌বিধ যথা—বৈশেষিক, ন্যায়, মীমাংসা, সাংখ্য, পাতঞ্জল, বেদান্ত। ইজ্যা; বর্ণ; চাক্ষুষজ্ঞান, তৎপর্য্যায়।—নির্বর্ণন, নিধ্যান, আলোকন, ঈক্ষণ, নিভালন, দেখা খ্যাত।
দর্শনপ্রতিভূ, পুং. [দর্শন+প্রতিভূ] দর্শনপারিভাব্য, প্রতিনিধি, লগ্নক, হাজির জামিন।
দর্শনপ্রাতিভাব্য, ন. [দর্শন+প্রাতিভাব্য] প্রতিনিধি, লগ্নক, পারিভাব্য।
দর্শনী, (প্রা) পারিতোষিক, ভেট
দর্শনীয়, ত্রি. [দৃশ্+অনীয়] মনোজ্ঞ; দর্শনযোগ্য
দর্শনীয়মানী, ত্রি. [দর্শনীয়+মানিন্] আত্মগর্ব্বিত, আপনাকে সুন্দর বলিয়া যিনি প্রশংসা করেন। [স্পৃহা।
দর্শনেচ্ছা, ন. [দর্শন+ইচ্ছা] অবলোকন-
দর্শবিপৎ, পুং. [দর্শ+বিপদ্] চন্দ্র
দর্শযামিনী, স্ত্রী. [দর্শ+যামিনী] অমাবস্যা রাত্রি; তমিস্রা, অন্ধকাররাত্রি।
দর্শয়িতা, পুং. [দৃশ্+তৃ] প্রতীহার, দৌবারিক; দর্শক।
দর্শয়িষ্যন্, ত্রি. [দৃশ্+অৎ] দর্শনবিষয়ক।
দর্শান, (প্রা) দর্শন করান, দেখান, প্রকাশন।
দর্শিত, ত্রি. [দৃশ+ত] দর্শনকারিত, তৎপর্য্যায়।—প্রকাশিত, আবিষ্কৃত, প্রকটিত, চাক্ষুষ, উদ্ভুত, চক্ষুষ্মান্, সমক্ষ, নির্দ্দিষ্ট, প্রদিষ্ট, সূচিত, জ্ঞাপিত, দ্যোতিত, বিবৃত, স্পষ্টীকৃত, ব্যাকৃত।
দর্শিতবান্, ত্রি. [দর্শিত+বৎ] দর্শনবিশিষ্ট।
দর্শী, পুং. [দর্শ+ইন্] নিরীক্ষক, প্রকাশক, দর্শনকারী।
দল, ন. [দল্+অ] উৎসেধ; খণ্ড; শস্ত্রীচ্ছদ; অপদ্রব্য; পত্র; ঘন; তমালপত্র; অর্দ্ধ; বহুজনসমূহ থাক।
দল, (প্রা) স্থূলতা; পাইল; দাম।
দলক, (প্রা) অনবরত বৃষ্টিপাত; কাদাযুক্ত। [পত্র।
দলকপাট, পুং. [দল+কপাট] পুটীকৃত-
দলকোষ, পুং. [দল+কোষ] কুন্দপুষ্পবৃক্ষ।
দলদ্ধৃদয়, ত্রি. [দলৎ+হৃদয়] ভগ্নান্তঃকরণ, ছেদিতান্তঃকরণ।
দলন, ন. [দল্+অৎ] মর্দ্দন, খণ্ডন, ঝাড়ান, ছানন, বাটন; (ত্রি.) খণ্ডিত।
দলনির্ম্মোক, পুং. [দল+নির্ম্মোক] ভূর্জ্জবৃক্ষ। [ভেদকর্ত্তৃ।
দলনী, স্ত্রী. [দলন+ঈ] লোষ্ট, ডেলা, (ত্রি.)
দলনীয়, ত্রি. [দল্+অনীয়] মর্দ্দনীয়, সম্পীড়িত, সম্পিষ্ট।

দলপ, পুং.[দল+অপ] স্বর্ণ; শাস্ত্র; দলপতি।
দলপতি, পুং.[দল+পতি] দলশ্রেষ্ঠ; সৈন্যাধ্যক্ষ, দলপ।
দলপুষ্পা-ষ্পী, স্ত্রী. [দল+পুষ্পা] কেতকী।
দলয়মান, ত্রি. [দলয়+মান] লোলমান, ইতস্ততঃ বিচলমান।
দলসারিণী, স্ত্রী. [দল+সারিণী] কেমুক।
দলসূচি, পুং. [দল+সূচি] কণ্টক।
দলস্নসা, স্ত্রী, [দল+স্নসা] পত্রশিরা, মাড়ি, পত্রনাড়িকা।
দলা, (প্রা) লোষ্ট, ডেলা।
দলাক্রান্ত, ত্রি. [দল+আক্রান্ত] সৈন্যদ্বারা আক্রমিত।
দলাঢ়ক, পুং. [দল+আঢ়ক] স্বয়ং জাত তিল; পৃশ্নী; গৈরিক; ফেন; খাতক; নাগকেশর; গহ্বর; কুন্দ; করিকর্ণ; শিরীষ; বাত্যা, প্রচণ্ডবায়ু।
দলাঢ্য, পুং. [দল+আঢ্য] পঙ্ককর্ব্বট, দল্‌দলিখ্যাত।
দলাদল-দলাদলি, (প্রা) ভেদ, বিরোধ, দ্বন্দ্ব।
দলান, (প্রা) মর্দ্দন, মাড়ান, ছানন, বাটন।
দলামল, ন. [দল+অমল] মরুবকবৃক্ষ; দমনবৃক্ষ; মদনবৃক্ষ।
দলাম্ল, ন. [দল+অম্ল] চুক্র।
দলি, স্ত্রী.পুং. [দল+ই] লোষ্ট, দলা, ডেলা।
দলিক, পুং. [দল+ইক] কাষ্ঠ।
দলিত, ত্রি. [দল+ইত] প্রফুল্ল, বিকসিত; খণ্ডিত, বিনির্ধূত; পাদমর্দ্দিত; পদস্পৃষ্ট।
দলীজ্, (যাং) দারপ্রকোষ্ঠক, দারমণ্ডপ।
দলীল, (যাং) প্রামাণ্য,লেখ্যপ্রমাণ; নায়াক, দর্শক। [ভস্‌ভসিয়া।
দলুয়া, (প্রা). গুড়বিকার, খাড়; অম্নপিণ্ড;
দলেগন্ধি, পুং. [দলে+গন্ধি] সপ্তপর্ণবৃক্ষ।
দল্‌দল্, (প্রা) কম্পন, স্পন্দন। [মান।
দল্‌দলি-দল্‌দলিয়া, (প্রা) ভস্‌ভসিয়া; স্পন্দ-
দলবল, (প্রা) শ্রেণীপ্রবন্ধ, অনুচরবর্গ; জনসমূহ।
দল্ভ, পুং. [দল্+ভ] প্রতারণা; পাপ; মুনিভেদ; চক্র।
দল্মি, পুং. [দল্+মি] ইন্দ্র; বজ্র।
দল্লাল, (যাং) পরার্থব্যবসায়ী, ক্রয় বিক্রয় প্রয়োজক, দালাল।
দশ, ত্রি. [দশ+অন্] সংখ্যাবিশেষ, দ্বিগুণিতপঞ্চ ১০; দশবাচক সমূহশব্দ যথা—হস্তাঙ্গুলি, শম্ভুবাহু, রাবণমস্তক, কৃষ্ণাবতার, দিক্, বিশ্বদেব, অবস্থা, চন্দ্রাশ্ব, প্রচেত, পংক্তি।
দশক, ত্রি. [দশ+ক সংখ্যাবিশেষ।
দশকণ্ঠ, পুং. [দশ+কণ্ঠ] রাবণ।
দশকণ্ঠভিৎ, পুং. [দশকণ্ঠ+ভিৎ] শ্রীরাম।
দশকন্ধজিৎ, পুং. [দশকন্ধ+জিৎ] শ্রীরাম।
দশকন্ধর, পুং. [দশ+কন্ধর] রাবণ।
দশকর্ম্ম, ন. [দশ+কর্ম্মন্] দশবিধ সংস্কারবিশেষ, যথা—গর্ভাধান, পুংসবন, সীমন্তোন্নয়ন, জাতকর্ম্ম, নামকরণ, নিষ্ক্রামণ, অন্নপ্রাশন,চূড়াকরণ, উপনয়ন, বিবাহ।
দশকামজব্যসন, ন. [দশ+কাম+জ-ব্যসন] দশবিধ পাপবিশেষ, যথা—মৃগয়া,অক্ষাদিক্রীড়া, দিবানিদ্রা, পারুষ্য, লাম্পট্য, মদ, নৃত্য, গীত, ক্রীড়া, বৃথাপর্য্যটন।
দশকিয়া, (প্রা) গণিতশাস্ত্র, দশগণ্ডারগণনা।
দশগুণ, ব্য. [দশ+গুণ] দ্বিপঞ্চগুণ।
দশগ্রাম, ন. [দশ+গ্রাম] দশখানিগ্রাম।
দশগ্রামপতি,পুং. [দশগ্রাম+পতি] দণ্ডনায়ক, দণ্ডপ্রণেতা, শাসনকর্ত্তা, হাকিমখ্যাত।
দশগ্রামী, পুং. [দশগ্রাম+ইন্] দশগ্রামের পতি।
দশগ্রীব, পুং. [দশ+গ্রীব] রাবণ; একাদশমন্বন্তরীয় বৃষনামক ইন্দ্র শত্রুবিশেষ।
দশত, ত্রি. [দশ+ত] দ্বিপঞ্চসংখ্যামিলিত।
দশতি, ত্রিং. [দশ+তি] শতসংখ্যা।
দশতী, স্ত্রী. [দশ+তী] সামবেদাংশ।
দশদিক, ত্রি. [দশ+দিশ্] পূর্ব্ব, পশ্চিম, উত্তর, দক্ষিণ, ঈশান, অগ্নি, নৈর্ঋত, বায়ু, ঊর্দ্ধ, অধঃ।
দশধা, ব্য. [দশ+ধা] দশপ্রকার।
দশনু, ত্রি. [দশ+অনু] সংখ্যাবিশেষ।
দশন, ন. [দশ+অন] কবচ; (পুং.) শিখর; (পুং ন.) দন্ত।

দশনচ্ছদ, [দশন+ছদ] ওষ্ঠ।
দশনচ্ছদৌ, পুং. [দশনচ্ছদ+ঔ] দ্বিবচনান্ত ওষ্ঠাধরৌ।
দশনবাসঃ, পুং. [দশন+বাস্] ওষ্ঠ।
দশনাংশু, পুং. [দশন+অংশু] দন্তরুচি।
দশনাঙ্ক, পুং. [দশন+অঙ্ক] দংশনের চিহ্ন, কামড়ানদাগ।
দশনাঢ্যা, স্ত্রী. [দশন+আঢ্যা] চুক্রিকা।
দশনোচ্ছিষ্ট, পুং. [দশন+উচ্ছিষ্ট] নিশ্বাস; অধরচুম্বন; ওষ্ঠ; (ত্রি.) দন্তহীন; দন্তত্যক্ত।
দশপারমিতাধর, পুং. [দশ+পারমিতা+ধর] বুদ্ধ; দশভূমি গমনকর্ত্তা।
দশপিণ্ড, ন. [দশ+পিণ্ড] পুরকাখ্য প্রেতপিণ্ড।
দশপুর-দশপুর, ন. [দশ+পুর] কৈবর্ত্তীমুস্তক; দেশভেদ, মালবদেশের একখণ্ড; পুরভেদ।
দশবল, পুং. [দশ+বল] বুদ্ধ।
দশবর্ষীণ-দশবর্ষীয়-দশবার্ষিক, ত্রি. [দশ+-বর্ষীণ] দশাব্দিক।
দশবাজী, পুং. [দশ+বাজিন্] চন্দ্র।
দশবাহুচণ্ডী, (প্রা) লতাবৃক্ষবিশেষ।
দশভুজা, স্ত্রী. [দশ+ভুজা] দুর্গা। [বুদ্ধ।
দশভুমিগ-দশভূমীশ, পুং. [দশ+ভূমি+গ]
দশম, ত্রি, [দশন্+ম] দশমাঙ্ক পূরিত, দশই।
দশমহাবিদ্যা, স্ত্রী. [দশ+মহা+বিদ্যা] দশবিধ দেবীবিশেষ, যথা—কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধুমাবতী, বগলা, মাতঙ্গী, কমলা।
দশমাংশ, পুং. [দশম+অংশ] দশমভাগ।
দশমাবতার, পুং. [দশম+অবতার] ভগবানের দশম অবতার, কল্কী অবতার।
দশমাল, ন.স্ত্রী. [দশ+মাল] দশনর হার।
দশমী, স্ত্রী. [দশম+ঈ] তিথিবিশেষ, চন্দ্রের দশমকলা ক্রিয়ারূপাতদুপলক্ষিত কালপরা, বিমুক্তাবস্থা; মরণাবস্থা; অতিশেষবয়োবস্থা; (ত্রি.) অতিবৃদ্ধ।
দশমীগত, ত্রি. [দশমীম্+গত] অতিবৃদ্ধ, অতি প্রাচীন। [মৃতাশন।
দশমীস্থ, ত্রি. [দশমী+স্থ] ক্ষীণরাগ; বৃদ্ধ;

দশমুখ, পুং. [দশ+মুখ] রাবণ।
দশমুখান্তক, পুং. [দশমুখ+অন্তক] শ্রীরাম।
দশমূত্রক, ন. [দশ+মূত্রক] হস্তী-মহিষ-উষ্ট্র-অশ্ব-গো-অজ-মেষ-গর্দ্দভ-মানুষ-মানুষীর মূত্র।
দশমূল, ন. [দশ+মূল] পাঁচনবিশেষ। যথা বিল্ব, শ্যোণাক, গাম্ভারী, পাটলা, গণিকারিকা, শালপর্ণী, বৃহতীদ্বয়, গোক্ষুর ইত্যাদি।
দশযোগভঙ্গ, পুং. [দশ+যোগ+ভঙ্গ] সংস্কার কর্ম্মজন্য নক্ষত্রবেধবিশেষ।
দশরথ, পুং. [দশ+রথ] ইক্ষ্বাকুবংশীয় রাজবিশেষ, অযোধ্যাধিপতি, শ্রীরামপিতা, অজরাজপুত্র।
দশরাত্র, ন. [দশ+রাত্র] দ্বিপঞ্চনিশি।
দশরূপভৃৎ, পুং. [দশরূপ+ভৃৎ] বিষ্ণু।
দশলক্ষণ, ন. [দশ+লক্ষণ] দ্বিপঞ্চাঙ্ক।
দশশত, ন. [দশ+শত] সহস্রসংখ্যা।
দশশতাংশু, পুং. [দশশত+অংশু] সূর্য্য।
দশসহস্র, ন. [দশ+সহস্র] অযুত, ১০০০০ সংখ্যা।
দশহরা, স্ত্রী. [দশ+হরা] জ্যৈষ্ঠশুক্লাদশমী; শারদীয় পূজার নীরাজন দিবস।
দশা, স্ত্রী. [দশ+আ] অবস্থা, ভাব, গতি, বৃত্তি, স্থিতি; দীপবর্ত্তি; বস্ত্রান্ত; চেত; শরীরস্থ দশদশাবস্থা যথা—গর্ভবাস, জন্ম, বাল্য, কৌমার, পৌগণ্ড, যৌবন, স্থাবির্য্য, জরা, প্রাণরোধ, নাশ।
দশাকর্ষ-দশাকর্ষী, পুং. [দশা+আকর্ষ] প্রদীপ।
দশাঙ্গুল, ন. [দশ+অঙ্গুল] খর্ব্বুজ।
দশানন, পুং. [দশ+আনন] রাবণ। [মোহ।
দশানিক, পুং. [দশ+আনিক] দন্তীবৃক্ষ; মহা-
দশাপন্ন, ত্রি. [দশা+আপন্ন] জীবনের সুস্থাসুস্থ ভাবপ্রাপ্ত।
দশাফল, ন. [দশা+ফল] স্থূল, অন্তঃ, প্রত্যন্তর গ্রহস্থিত শুভাশুভফল।
দশাবতার, পুং. [দশ+অবতার] বিষ্ণু, তস্য অবতার যথা—মৎস্য, কূর্ম্ম, বরাহ, নৃসিংহ, বামন, জামদগ্ন্য, শ্রীরাম, বলরাম, বুদ্ধ, কল্কী।

দশাবিপাক, পুং [দশা+বিপাক] দুঃখের চরমাবস্থা। [বস্থা।

দশাবিশেষ, পুং. [দশা+বিশেষ] বিশেষা-

দশারুহা, স্ত্রী. [দশ+আরুহা] কৈবর্ত্তিকা।

দশার্ণ, পুং. [দশ + ঋণ] দেশবিশেষ অর্থাৎ বিন্ধ্যপর্ব্বতের পূর্ব্ব দক্ষিণদিকে।

দশার্ণা, স্ত্রী. [দশার্ণ+আ] নদীবিশেষ।

দশার্হ, পুং. [দশ+অর্হ] বুদ্ধ; যদুদেশ; যদুদেশস্থব্যক্তি।

দশাশ্ব, পুং. [দশ+অশ্ব] চন্দ্র।

দশাস্য, পুং. [দশ+আস্য] রাবণ।

দশাস্যজিৎ, পুং. [দশাস্য+জিৎ] শ্রীরাম।

দশাস্থিতি, স্ত্রী. [দশা+স্থিতি] অবস্থা, সংস্থিতি।

দশাহ, ন. [দশ+অহন্] দশদিন।

দশাহীন, ত্রি. [দশা+হীন] দুর্ভাগা, দুরবস্থ, দুর্দশাপন্ন; বস্ত্রপ্রান্তরহিত।

দশাঙ্ক, পুং. [দশ+অঙ্ক] পঞ্চানন।

দশী, পুং, [দশ+ইন্] দণ্ডকর্ত্তা; (ত্রি.) দশসংখ্যাসম্বন্ধী।

দশুই, (প্রা) মাসের দশদিবস।

দশেন্দ্রিয়, পুং. [দশ+ইন্দ্রিয়] দশবিধ ইন্দ্রিয় যথা।—চক্ষু, কর্ণ, নাসিকা, জিহ্বা, ত্বক্, বাক্, হস্ত, পদ, গুহ্য, উপস্থ।

দশেন্ধন, পুং. [দশা+ইন্ধন] প্রদীপ।

দশের, পুং. [দশ+এর] হিংস্র।

দশেরক-দশেরুক, পুং. [দশএর+ক] মরুদেশ; মরুদেশবাসী।

দষ্ট, ত্রি. [দশ+ত] দংশিত।

দষ্টদচ্ছদ, ত্রি. [দষ্টদ+চ্ছদ] সন্দষ্টৌষ্ঠপুট, সন্দষ্টৌষ্ঠ।

দসন, ন. [দস্+অন] উৎক্ষেপণ; প্রস্থাপন।

দস্ত, ত্রি. [দস্+ত] প্রক্ষিপ্ত; প্রস্থাপিত; নষ্ট।

দস্ত, (যাং) হস্ত, হাত।

দস্তা, (হি) ধাতুবিশেষ। [পত্র।

দস্তক্, (যাং) করতালি; অভিজ্ঞানপত্র, অভয়

দস্তখৎ, (যাং) হস্তাক্ষর, স্বাক্ষর

দস্তানা, (যাং) হস্তাচ্ছাদন, করবেষ্টন।

দস্তর, (য্যাং) ধারা, নিয়ম।

দস্তরী, (যাং) ক্রয়দ্রব্যাদির অবান্তর মূল্য হইতে ভৃত্যাদিগের নিমিত্ত কিঞ্চিৎ গ্রহণ করণ

দস্ম, পুং. [দস্+ম] যজমান; চৌর; অগ্নি; খল। [সিক।

দস্যু, পুং. [দস্+যু] চৌর; রিপু; মহাসাহ-

দস্যুতা, স্ত্রী. [দস্যু+তা] দস্যুব্যবহার।

দস্যুবৃত্তি, পুং. [দস্যু+বৃত্তি] দস্যুকর্ম্ম।

দস্যুহ, ন. [দস্যু+হ] বালিনামধেয়।

দস্র, ন. [দস্+র] শিশির; (পুং.) গর্দ্দভ; অশ্বিনীকুমার। [নক্ষত্র।

দস্রদেবতা, স্ত্রী. [দস্র+দেবতা] অশ্বিনী-

দস্রসূ, স্ত্রী. [দস্র+সূ] সংজ্ঞা, সূর্য্যপত্নী, অশ্বিনীকুমারমাতা।

দস্রৌ, পুং. [দস্র+ঔ] আশ্বিনৌ, অশ্বিনীকুমারদ্বয়।

দহ, (প্রা) আবর্ত্ত; অতলস্পর্শ; গহ্বর।

দহন, ন. [দহ্+অন] দাহ, ভস্মীকরণ, পোড়ান; (পুং.) অগ্নি; চিত্রক; ভল্লাতক; (ত্রি.) দুষ্টচিত্ত; কপোত।

দহনকেতন, পুং. [দহন+কেতন] ধুম,ধুঁয়া।

দহনপ্রিয়া, স্ত্রী. [দহন+প্রিয়া] অগ্নিভার্য্যা, স্বাহা।

দহনবহুল, পুং. [দহন+বহুল] অগ্নি।

দহনাগুরু, ন. [দহন+অগুরু] দাহাগুরু।

দহনারাতি, পুং. [দহন+অরাতি] জল।

দহনীয়, ত্রি. [দহ্+অনীয়] দাহ্য, দীপনীয়, জ্বলনার্হ, জ্বলনশীল, দীপ্য, জ্বলনীয়, দগ্ধব্য, তাপনীয়।

দহনোপম, পুং. [দহন+উপম] সূর্য্যকান্তমণি; অগ্নিতুল্য। [মণি।

দহনোপল, পুং. [দহন+উপল] সূর্য্যকান্ত-

দহর, পুং. [দহ্+অর] মূষিক; স্বল্প; ভ্রাতা; বালক; সূক্ষ্ম; গহ্বরস্থ আকাশ; হৃদয়াকাশ।

দহরম-দহরমমহরম, (প্রা) হৃদ্যতা বন্ধুতা, প্রিয়তা।

দহমান, ত্রি. [দহ্+মান] দগ্ধ, প্লুষ্ট, জ্বলিত, প্রকুষ্ট, তপ্ত, উষিত।

দহ্র পুং. [দহ্+র] অগ্নি; দাবানল; হৃদয়াকাশ; জঠর; মন্ত্রাগ্নি, জঠরাগ্নি।

দত্রাগ্নি, পুং. [দত্র+অগ্নি] জঠরাগ্নি।
দক্ষ, পুং. [দক্ষ+অ] প্রজাপতিবিশেষ; ব্রহ্মার দক্ষিণাঙ্গুষ্ঠজাত; তাম্রচূড়; মুনিভেদ; হরবৃষ; দ্রুমভেদ; অগ্নি; শিব; প্রিয়; (ত্রি.) পটু, দক্ষিণহস্ত; নিপুণ
দক্ষকন্যা, স্ত্রী. [দক্ষ+কন্যা] সতী, দুর্গা।
দক্ষজা, স্ত্রী. [দক্ষ+জ+আ] দুর্গা; সপ্তবিংশতি নক্ষত্র
দক্ষজাপতি, পুং. [দক্ষজা+পতি] চন্দ্র; শিব; কশ্যপ, ধর্ম্ম, রুদ্র।
দক্ষণাবান্, ত্রি. [দক্ষণা+বৎ] দক্ষিণাগ্রাহী।
দক্ষতা, স্ত্রী. [দক্ষ+তা] চাতুর্য্য, পটুত্ব, নৈপুণ্য, দাক্ষ্য।
দক্ষযজ্ঞ, ন. [দক্ষ+যজ্ঞ] প্রজাপতির যজ্ঞবিশেষ। [দুর্গা।
দক্ষযজ্ঞবিনাশিনী, স্ত্রী. [দক্ষযজ্ঞ+বিনাশিনী]
দক্ষযজ্ঞভঙ্গ, পুং. [দক্ষযজ্ঞ+ভঙ্গ] শিবকৃত দক্ষ প্রজাপতির যজ্ঞনাশ।
দক্ষসাবর্ণি, পুং. [দক্ষ+সাবর্ণি] নবমমনু।
দক্ষা, স্ত্রী. [দক্ষ+আ] পৃথিবী; নিপুণা।
দক্ষাধ্বরধ্বংসকৃৎ, পুং. [দক্ষ+অধ্বর+ধ্বংসকৃত] শিব।
দক্ষায্য, পুং. [দক্ষ+আয্য] গরুড়; গৃধ্র।
দক্ষিণ, ত্রি. [দক্ষ+ইন] দক্ষিণোদ্ভূত; সরল; পরছন্দানুবর্ত্তী; আরাম; দক্ষ অপসব্য, ডাহিনখ্যাত; চতুর্দ্ধাপত্যান্তর্গত পতিবিশেষ। [দ্যাশক্তি।
দক্ষিণকালিকা, স্ত্রী. [দক্ষিণ+কালিকা] আ-
দক্ষিণতঃ, ব্য. [দক্ষিণ+তস্] দক্ষিণদিক্।
দক্ষিণতার, ন. [দক্ষিণ+তার] দক্ষিণতীর; দক্ষিণদিক্। [দক্ষিণাশা।
দক্ষিণদিক্, স্ত্রী. [দক্ষিণ+দিশ্] যাম্যা,
দক্ষিণদিক্স্থ-দক্ষিণদিগ্স্থ, ত্রি. [দক্ষিণদিক্+স্থ] দক্ষিণস্থ
দক্ষিণদিশি, ব্য. [দক্ষিণ+দিশি] দক্ষিণতঃ।
দক্ষিণদেশ, পুং. [দক্ষিণ+দেশ] স্বনামখ্যাত দেশ
দক্ষিণদেশীয়, ত্রি. [দক্ষিণ+দেশীয়] দক্ষিণদিক্স্থ, দক্ষিণদিক, দাক্ষিণাত্য, দাক্ষিণ্য।
দক্ষিণপথ, ন. [দক্ষিণ+পথ] দক্ষিণদিক্।
দক্ষিণপশ্চিম, ত্রি. [দক্ষিণ+পশ্চিম] নৈর্ঋতিস্থ।
দক্ষিণপাশ্চাত্য, ত্রি. [দক্ষিণ+পাশ্চাত্য] দক্ষিণ পশ্চিম; নৈর্ঋতকোণ।
দক্ষিণপাণি, পুং. [দক্ষিণ+পাণি] দক্ষিণহস্ত।
দক্ষিণপূর্ব্ব-দক্ষিণপূর্ব্বস্থ, ত্রি. [দক্ষিণ+পূর্ব্ব] আগ্নেয়, প্রাগবাঙ্।
দক্ষিণপূর্ব্বা, স্ত্রী. [দক্ষিণ+পূর্ব্বা] পূর্ব্বদক্ষিণকোণ, আগ্নেয়ি, প্রাগবাচী।
দক্ষিপ্রতীচী, স্ত্রী. [দক্ষিণ+প্রতীচী] নৈর্ঋতি।
দক্ষিণপ্রতীচীন, ত্রি. [দক্ষিণ+প্রতীচীন] দক্ষিণ পশ্চিম। [পূর্ব্ব অগ্নিকোণ।
দক্ষিণপ্রাচী, স্ত্রী. [দক্ষিণ+প্রাচী] দক্ষিণ-
দক্ষিণপশ্চিমা, স্ত্রী. [দক্ষিণ+পশ্চিমা] দক্ষিণ প্রতীচীকোণ, নৈর্ঋতি, পশ্চাদবাচী।
দক্ষিণস্থ, পুং. [দক্ষিণ+স্থ] সারথি; (ত্রি.) দক্ষিণস্থিত। [মুখ।
দক্ষিণপ্রবণ, ত্রি. [দক্ষিণ+প্রবণ] দক্ষিণাভি-
দক্ষিণহস্ত, পুং. [দক্ষিণ+হস্ত] অগ্রপাণি, অগ্রকর, অপসব্যহস্ত, বামেতরকর।
দক্ষিণবর্ত্তীসৈন্য, (প্রা) সেনাপক্ষ, দক্ষিণপার্শ্বস্থ সৈন্যপক্ষ।
দক্ষিণা, স্ত্রী. [দক্ষিণ+আ] দক্ষিণদিক্, তৎপর্য্যায়।—অবাচী, শমনী, যামী, বৈবস্বতী; যজ্ঞাদি বিধিদান; প্রতিষ্ঠা; যজ্ঞাদি সম্পাদক তদন্ত বিহিত দান, যজ্ঞপত্নী শ্রীকৃষ্ণদক্ষিণাংশভূতা; নায়িকাবিশেষ; কর্ম্মের শেষাঙ্গ।
দক্ষিণাগ্নি, পুং. [দক্ষিণ+অগ্নি] যজ্ঞাগ্নিবিশেষ; দক্ষিণদিগের অগ্নি।
দক্ষিণাগ্র, ত্রি. [দক্ষিণ+অগ্র] দক্ষিণস্থ।
দক্ষিণাচল, পুং. [দক্ষিণ+অচল] মলয় মহেন্দ্র ত্রিকুটাদি পর্ব্বত
দক্ষিণাচার, পুং. [দক্ষিণ+আচার] আচারবিশেষ; দক্ষিণদেশীয় ব্যবহারবিশেষ এবং তন্ত্রোক্ত উপাসনার পশ্বাচার।
দক্ষিণাৎ, ব্য. [দক্ষিণ+আৎ] দক্ষিণতঃ, দক্ষিণ দিশি; দক্ষিণ হইতে। [অবাচীন।
দক্ষিণাত্য, ত্রি. [দক্ষিণ+অত্য] দাক্ষিণিক,
দক্ষিণাত্যায়, পুং. [দক্ষিণ+অত্যায়] দক্ষিণদিগ্বাসী।

দক্ষিণাপথ, পুং. [দক্ষিণা+পথ] দক্ষিণদিক্, আবাচী, যাম্যা।
দক্ষিণাপথজন্মা, পুং. [দক্ষিণাপথ+জন্মন্] জাতিবিশেষ; দক্ষিণদিগ্বাসী।
দক্ষিণাপ্রবণ, ত্রি. [দক্ষিণা+প্রবণ] দক্ষিণস্থ, দক্ষিণাগ্র।
দক্ষিণাবর্ত্ত, পুং. [দক্ষিণ+আবর্ত্ত] দক্ষিণবিবৃত শঙ্খ ও মঙ্গলসূচক অগ্নি।
দক্ষিণাবর্ত্তকী, স্ত্রী. [দক্ষিণ+আবর্ত্তকী]বৃশ্চিকালী, ভৃঙ্গাবলী।
দক্ষিণাভিমুখ-দক্ষিণামুখ, ত্রি. [দক্ষিণ+অভিমুখ]দক্ষিণদিগ্মুখ,দক্ষিণদিশ্য,দক্ষিণাগ্র।
দক্ষিণায়ন,ন.[দক্ষিণ+অয়ন]সূর্য্যেরদক্ষিণগতি।
দক্ষিণারণ্য,ন.[দক্ষিণ+অরণ্য]দণ্ডকারণ্যাদি।
দক্ষিণারু, পুং. [দক্ষিণ+অরু] ব্যাধকর্ত্তৃক দক্ষিণাঙ্গ ব্রণিতমৃগ।
দক্ষিণার্হ, ত্রি. [দক্ষিণ+অর্হ] দক্ষিণাযোগ্য, দক্ষিণীয়, দক্ষিণ্য। [অবাচী।
দক্ষিণাশা, স্ত্রী. [দক্ষিণ+আশা] দক্ষিণদিক্,
দক্ষিণাশাপতি, পুং. [দক্ষিণাশা+পতি] যম
দক্ষিণীয়, ত্রি. [দক্ষিণ+ঈয়] দক্ষিণার্হ; প্রাপ্তব্য, প্রাপণীয়।
দক্ষিণেন, ব্য. [দক্ষিণ+এন] দক্ষিণভাগে।
দক্ষিণের্ম্মা, পুং. [দক্ষিণ+ঈর্ম্মন্] দক্ষিণারু, ব্যাধশরাঘাতদ্বারা দক্ষিণাঙ্গব্রণযুক্তমৃগ।
দক্ষিণ্য, ত্রি. [দক্ষিণ+য] দক্ষিণার্হ।
দক্ষিণোত্তর, ত্রি. [দক্ষিণ+উত্তর] দক্ষিণ উত্তরস্থ বিষুবরেখাস্থিত।
দক্ষিণোত্তরবৃত্ত, ন. [দক্ষিণোত্তর+বৃত্ত] যাম্যোত্তর বৃত্ত খমধ্য।
দা,স্ত্রী.শোধন;দান;ছেদ; উপতাপ; রক্ষা।
দা, (প্রা) কর্ত্তরী, কাতান।
দাউদ, (প্রা) দদ্রুশব্দেরঅপভ্রংশ; ত্বগ্রোগ।
দাউদমর্দ্দন, (প্রা) দদ্রুমর্দ্দনবৃক্ষ।
দাউলিয়া,(প্রা) শস্যছেদক, নির্দাতা, কার্ত্তক, অপভাষায় কাচ্‌ভিয়া।
দাঁও, (প্রা) কোন কর্ত্তব্যকর্ম্মের বিশেষকাল।
দাওয়া, (যাং) অধিকার।
দাওন, (প্রা) শস্যছেদন, তৃণকাটন, কাচিতা।
দাঁড়,(প্রা)নৌকাদণ্ড;আড়াবাড়ি:নিগ্রহ,দমন।
দাঁড়কাক, (প্রা) দ্রোণকাক
দাঁড়ঘরা, (প্রা) নাটমন্দির।
দাঁড়া, (প্রা) মেরুদণ্ড; যষ্টি; উটঙ্ক; নিগৃহীত; রীতি, আচার, ব্যবহার, খারা; দাপিত; খাড়া, দণ্ডায়মান।
দাঁড়াগুলি, (প্রা) বালকদিগের ক্রীড়াদ্রব্য, গুলিকাক্রীড়া।
দাঁড়াগো পান, (প্রা) প্রবাসী পতি পুত্রপ্রভৃতির মঙ্গল নিমিত্ত স্ত্রীলোকের সুবচনী দুর্গাব্রতবিশেষ। [তিষ্ঠন
দাঁড়ান, (প্রা) দণ্ডায়মান, দণ্ডান, থাকন,
দাঁড়াশ, (প্রা) অহিংস্রক সর্প।
দাঁড়ী, (প্রা) নৌকাবাহক, পোতবাহক, নাবিক; মূঢ়; তুলাদণ্ড; ছেদসূচকরেখা, আলি, (।)।
দাঁড়ীকোট, (প্রা) ক্রীড়াভেদ। [দাঁড়ী।
দাঁড়ীপাল্লা, (প্রা) পরিমাণযন্ত্র, তুলা, তৌল-
দাঁড়ুকা, (প্রা) পদবন্ধনী, নিগড়, বেড়ী।
দাঁত, (প্রা) দন্তের অপভ্রংশ শব্দ, দশন।
দাঁতকড়া, (প্র) দন্তশূল
দাঁতকপাটী, (প্রা) হনুস্তম্ভ, হনুগ্রহ।
দাঁতখামাটি, (প্রা) ওষ্ঠ দংশন।
দাঁতন, (প্রা) দন্তধাবন, দন্তমার্জ্জন। [কা।
দাঁতনকাঠি,(প্রা)দন্তশোধনী,নিষ্কণ্টক, শলা-
দাঁতলসা, (প্রা) দন্তব্রণ। [শূল।
দাঁতশূল-দাঁতশূলা, (প্রা) দন্তবেদনা, দন্ত-
দাঁতাল, (প্রা)বৃহদন্তবিশিষ্ট,শূকর; দন্তায়ুধ।
দাঁতি (প্রা) লঘুবল্গা, কড়িয়ালি; বৃহদ্দন্তবিশিষ্ট।
দাঁতুয়া, (প্রা) বৃহদ্দন্তবিশিষ্ট, দংষ্ট্রী।
দাক, পুং. [দা+ক] যজমান; দাতা।
দাখিল; (যাং) দ্রব্যাদি সমর্পণ।
দাগ, (যাং) চিহ্ন, অঙ্ক, কলঙ্ক, আদর্শ।
দাগাবাজ, (যাং) শঠ, ধূর্ত্ত।
দাগুড়া, (প্রা) দদ্রুবিশিষ্ট, দেদো।
দাড়,(প্রা) দন্ত,রদন; নখ; হুল; চঞ্চু; চিবুক।
দাড়ক, পুং. [দাড়+ক] দন্ত; বৃহদ্দন্ত।
দাড়কাক, (প্রা) দণ্ডকাক।
দাড়া, (প্রা) বৃহদ্দন্ত।
দাড়ি, (প্রা) ওষ্ঠেরঅধোভাগ, চিবুক; শ্মশ্রু।

দাড়িম, ত্রি. [দড়্+ইম] এলা, ফলবৃক্ষবিশেষ তৎপর্য্যায়।—করক, পিণ্ডপুষ্প, দাড়িম্ব, পর্ব্বরুচ্, স্বাদ্বম্ল, পিণ্ডীর, ফলশাড়ব, শুকবল্লভ, রক্তপুষ্প, দড়িমীসার, কুট্টিম ফলসাড়ব, ফলষাড়ব, রক্তবীজ, সুফল, দন্তবীজক, মধুবীজ, কুচফল, রোচন, মণিবীজ, কল্কফল, বৃত্তফল, সুনীল, নীলপত্র, ডালিম, দালিম, সৎফল, নীরস।

দাড়িমপুষ্পক, পুং. [দাড়িম+পুষ্পক] রোহিতকবৃক্ষ, রোহড়া।

দাড়িমপ্রিয়, পুং. [দাড়িম+প্রিয়] শুকপক্ষী।

দাড়িমভক্ষণ, পুং. [দাড়িম+ভক্ষণ] কীরপক্ষী।

দাড়িমী, স্ত্রী. [দাড়িম+ঈ] দাড়িম।

দাড়িমীসার, পুং. [দাড়িমী+সার] দাড়িম।

দাড়িম্ব, পুং. [দাড়্+ইম্ব] দাড়িম।

দাঢ়া, স্ত্রী. [দা+ঢ়া] দন্তবিশেষ, দংষ্ট্রা, জন্তু; প্রার্থনা; সমূহ।

দাঢ়ি, (প্রা) চিবুক, ওষ্ঠের অধোভাগ।

দাঢ়িকা, স্ত্রী. [দাঢ়া+ইকা] মুখাবয়ববিশেষ, দাড়ি, দংষ্ট্রিকা; শ্মশ্রু।

দাণ্ড, ত্রি. [দণ্ড+অ] দণ্ডবিশেষ।

দাণ্ডপাতা, স্ত্রী. [দাণ্ড+পাতা] লতাবৃক্ষবিশেষ।

দাণ্ডা, (প্রা) গৃহাদিরভিত্তির উপরি প্রোথিত ক্ষুদ্রদণ্ড; যষ্টি।

দাণ্ডাজিনিক, ত্রি. [দণ্ডাজিন+ইক] কুহক, কুটক, ছাম্মিক

দাণ্ডিমাথিক, ত্রি. [দণ্ডমাথ+ইক] আলোড়িত, মথিত।

দাত, ত্রি. [দা+ত] ছিন্ন, কর্ত্তিত।

দাতব্য, ত্রি. [দা+তব্য] দানযোগ্য, দানার্হ।

দাতা, ত্রি. [দা+তৃ] দানকর্ত্তা, দারু, মুচির, দাক, দাদি, দায়ক, প্রদাতা, বদান্য, ত্যাগশীল, অকৃপণ, মুক্তহস্ত, দানশীল, দাশ্ব, উদাত্ত, পরিনির্ব্বপ্তা, দরিদ্রবৎসল, দয়ালু, পরোপকারী, দীনবৎসল, করুণাত্মক, সর্ব্বভূতানুকম্পক।

দাতি, স্ত্রী [দা+তি] ছেদন, খণ্ডন।

দাতৃতা—দাতৃত্ব, স্ত্রী. ন. [দাতৃ+তা-ত্ব] বদান্যতা, অকার্পণ্য।

দাত্যূহ, পুং. [দাতি+ঊহ] পক্ষীবিশেষ, ডাকপাখী, কালকণ্ঠক, অত্যূহ, দাত্যৌহ, কালকণ্ঠ, মাসক্ত, সিতিকণ্ঠ, কচাটুর, কাকমদ্গু; জলকাক; চাতক; মেঘ।

দাত্যৌহ, পুং. [দৈত্য+বহ] দাত্যূহ; (ত্রি.) দৈত্যের যানসম্বন্ধীয়।

দাত্র, ন. [দা+ত্র] অস্ত্রবিশেষ, লবিত্র, খড়্গীক, দা, কাস্ত্যা।

দাত্রী, স্ত্রী. [দাত্র+ঈ] দানকর্ত্রী।

দাত্ব, পুং. [দা+ত্ব] দাতা, দানকর্ত্তা।

দাদ, পুং. [দদ+অ] দান, বিতরণ।

দাদ্‌খানি, (বাং) তণ্ডুলবিশেষ।

দাদন্, (বাং) অগ্রে মূল্য প্রদান।

দাদদ, পুং. [দাদ+দ] দাতা। [মহ।

দাদা, (প্রা) জ্যেষ্ঠভ্রাতা; পিতামহ; মাতা-

দাদি, (প্রা) দদ্রুশব্দের অপভ্রংশ, ত্বগ্রোগ।

দাদী, ত্রি. [দদ+ইন্] দানশীল, ত্যাগশীল।

দাদী, (বাং) পূর্ব্ববাদী, ফরিয়াদী।

দাদু, (প্রা) দদ্রু।

দাধিক, ত্রি. [দধি+ক] দধিসংস্কৃতবস্তু, দধিমিশ্রিতবস্তু, দধিমিশ্রিত মিষ্টান্ন, দহিয়াবড়া।

দান, ন. [দা+অন] গজমদ; পালন; ছেদন; শুদ্ধি; বৃক্ষকোটরকীটজমধু; দেব ব্রাহ্মণাদি সম্প্রদানকমোচন, তৎপর্য্যায়।—ত্যাগ, বিহাপিত, উৎসর্জ্জন, বিসর্জ্জন, বিশ্রাণন, বিতরণ, স্পর্শন, প্রতিপাদন, প্রাদেশন, নির্ব্বপণ, অপবর্জ্জন, অংহতি, দায়, প্রদান, দদন, বিশ্রণন, দত্তি, অংহতী, উৎসর্গ, অতিসর্জ্জন, স্পর্শ, বিসর্গ, ক্ষণন, প্রদেশন, প্রদেয়, সম্প্রদান, উপহার, উপায়ন, উপগ্রাহ্য, উপঢৌকন, উপদা, উপদানক, প্রদা, দায়, দা, দ, উপচার, প্রতিদান, প্রাভৃত, হরণ।

দানকণা (প্রা) মৎস্যভেদ।

দানকর্ত্তা, পুং. [দান+কর্ত্তৃ] দাতা।

দানকর্ম্ম, ন. [দান+কর্ম্ম] দানক্রিয়া তৎপর্য্যায়।—দাতি, দাশতি, দানতি, রাতি,

রাসন্তি, পৃণক্তি, পৃণাতি, শিক্ষতি, তুগ্রতি, মহত।

দানকুল্যা, স্ত্রী. [দান+কুল্যা] হস্তীমদ।

দানড়া, (প্রা) তস্টিদার, ভিক্ষুক।

দানধর্ম্ম পুং. [দান+ধর্ম্ম] দানকার্য্য, দরিদ্রপোষণ, ভিক্ষাদান; দানের ফল।

দানপতি, পুং. [দান+পতি] সততদাতা, নিরন্তর দানকর্ত্তা; অক্রুর

দানপত্র, ন. [দান+পত্র] বৃত্তিদানলিপি, উত্তরাধিকার লিপি, দানবোধকপত্র।

দানপ্রাতিভাব্য, ন. [দান+প্রাতিভাব্য] ঋণমার্গণ।

দানফল, ন. [দান+ফল] দানজন্য ফল।

দানব, পুং. [দনু+অ] অসুর, দক্ষকন্যা দনুগর্ভে কশ্যপ ঔরসজাত একষষ্টি সংখ্যক দানব তদষ্টাদশ প্রধান নাম যথা—দ্বিমূর্দ্ধা, শম্বর, অরিষ্ট, হয়গ্রীব, বিভাবসু, অয়োমুখ, শঙ্কুশিরা, স্বর্ভানু, কপিল, অরুণ, পুলোমা, বৃষপর্ব্বা, একচক্র, তাপন, ধূম্রকেশ, বিরূপাক্ষ, বিপ্রচিত্তি, দুর্জ্জয়।

দানবজ্র, পুং. [দান+বজ্র] বৈশ্য।

দানবর্ষী, পুং. [দান+বর্ষী] মদোৎকট, মদকল; দাতা, দানকর্ত্তা।

দানবাড়ী, (প্রা) দরিদ্র বিতরণশালা।

দানবারি, পুং. [দানব+অরি] দেবতা।

দানবিধি, পুং. [দান+বিধি] দানের বিধান।

দানবীর, পুং. [দান+বীর] অতিদানকর্ত্তা।

দানব্যত্যাস, পুং. [দান+ব্যত্যাস] ভ্রমক্রমে কুব্যক্তি প্রতি দান।

দানব্রত, ত্রি. [দান+ব্রত] বদান্য, বহুপ্রদ।

দানলেখ্য, ন. [দান+লেখ্য] দানপত্র।

দানশক্তি, স্ত্রী. [দান+শক্তি] বদান্যশীল।

দানশীল, ত্রি. [দান+শীল] দাতা, বদান্য, বদন্য, ত্যাগশীল।

দানশৌণ্ড, ত্রি. [দান+শৌণ্ড] বহুপ্রদ, বহুদ।

দানশীলতা-দানশীলত্ব, স্ত্রী. ন. [দানশীল+তা-ত্ব] ঔদার্য্য, বহু প্রদত্ত, ত্যাগিতা।

দানসাগর, পুং. [দান+সাগর] ষোড়শসংখ্যক ষোড়শ।

দানা, (প্রা) দানব শব্দের অপভ্রংশ, দৈত্য, ভূত, দেবযোনি; মটরাদি; বীজ; মুক্তা; মালাবিশেষ।

দানাগণ, (প্রা) দানবসমূহ।

দানাধিকারী, পুং. [দান+ অধিকারী] দানপরায়ণ

দানী, ত্রি. [দান+ইন্] দানশীল, দানপ্রাপ্ত; দাতা।

দানী, (বাং) পাত্র, আধার।

দানীয়, ত্রি. [দান+অনীয়] সম্প্রদান, দাতব্য, প্রতিদেয়, দেয়। [বায়ু।

দানু, পুং. [দা+নু] দাতা; বিক্রান্ত; শর্ম্ম

দানুয়া, (প্রা) নিবেদিত, ত্যক্ত, দত্ত, উৎসৃষ্ট

দানো, (প্রা) দানবের অপভ্রংশশব্দ, ভূৎ দৈত্য, দানা।

দান্ত, ত্রি. [দম+ত] তপঃক্লেশসহ, দমিত, শান্ত; দন্ত্য; দাতা; (পুং.) পর্ব্বতশৃঙ্গস্থকূপ; দমনকবৃক্ষ; শিক্ষিতবৃষ।

দান্তি, স্ত্রী. [দম+তি] তপঃক্লেশসহিষ্ণুতা, দমথু, দম; বশীকরণ, অধীনীকরণ।

দাপ, (প্রা) দর্পশব্দের অপভ্রংশ, প্রতাপ, গর্ব্ব, আত্মশ্লাঘা।

দাপট, (প্রা) প্রভাব, প্রতাপ, দর্প।

দাপন, (প্রা) পদদ্বারাদলিতকরণ, পা-মাড়ন।

দাপনীয়, ত্রি. [দাপ্+অনীয়] দণ্ডযোগ্য, শাসনীয়, দাপ্য

দাপিত, ত্রি. [দাপ্+ইত] সাধিত, অপরাধিত; দণ্ডিত; শোধিতদ্রব্য; দায়িত; ধনাদি দ্বারা আয়ত্তীকৃত, ধৃ ী; বিচারসিদ্ধ।

দাপ্য, ত্রি. [দাপ্+য] দাপনীয়, শাসনীয়।

দাব, পুং. [দু+অ] বন; দাবানল, বনবহ্নি; অগ্নি; উপতাপ।

দাবন, (প্রা) দামন; দমনকরণ; অপহরণ; গোপনকরণ; ইন্দ্রিয় দমন; চাপন, ঠাসন, মাড়ান।

দাবা, (বাং) প্রার্থনা; দ্বারপ্রকোষ্ঠক; চতুরঙ্গ ক্রিয়ার সারিকা বিশেষ অর্থাৎ মন্ত্রী।

দাবাগ্নি, পুং. [দাব+অগ্নি] বনোদ্ভব অগ্নি, তৎপর্য্যায়।—দবাগ্নি, দাবানল, দব, দাব, বনের অগ্নিদাহ।

দাবানল, পুং. [দাব+অনল] দাবাগ্নি।
দাবিক, ত্রি. [দব+ইক] দেবিকা নদীসম্ভব।
দাবী, (বাং) অনুনয়।
দাবীদার, (বাং) পূর্ব্ববাদী, অভিযোগী।
দাভ্য, ত্রি. [দভ+য] শাস্ত, শাসনযোগ্য।
দাম, ন. স্ত্রী. [দা+মন্] অনেক গো বন্ধন রজ্জু, সন্দান, দাওনি, দোঁকা; রজ্জু
দাম, (প্রা) মূল্য; শিয়ালা। [খণ্ডাদি।
দামড়া, (প্রা) বলীবর্দ্দ, বলদ, মুক্তমুষ্ক-
দামড়ি, (প্রা) পাঁচগণ্ডা।
দামন, ত্রি. [দামন্+অ] দাম সম্বন্ধীয়।
দামনপর্ব্ব, ন. [দামন+পর্ব্ব] দমনভঞ্জন-তিথি, চৈত্রশুক্লচতুর্দ্দশী।
দামনী, স্ত্রী. [দামন্+ঈ] পশুবন্ধনরজ্জু, পশুরজ্জু, দড়ী; পটুঁয়া; বস্ত্রের নীচভাগ।
দামলিপ্ত, ন. [দাম+লিপ্ত] তমোলিপ্তদেশ।
দামা, স্ত্রী. [দামন্+আ] দাম, রজ্জু, দামনী, গুণ, সূত্র, উদ্বাহিনী.
দামা, (প্রা) গোঁয়ার, সাহসিক; বাদ্যভেদ; পক্ষীভেদ।
দামাঞ্চন, ন. [দাম+অঞ্চন] অশ্বাদির পাদ বন্ধনরজ্জু।
দামাঞ্চল, ন. [দাম+অঞ্চল] একশফাংঘ্রি-বন্ধ, অশ্বাদির পাদ বন্ধনরজ্জু।
দামান, (প্রা) বাতাভিমুখ দিশা।
দামামা, (প্রা) বৃহৎঢক্কা, বাদ্যযন্ত্রবিশেষ।
দামাসাহী, (প্রা) ঋণসংগ্রহণ; করগ্রহণ; রাজস্ব।
দামোদর, পুং. [দামন্+উদর] বিষ্ণু; জৈন, ভূতার্হদ্বিশেষ।
দাম্পত্য, ন. [দম্পতি+অ] পরিণয়াবস্থা।
দাম্বাল, (প্রা) দুরন্তশিশু, অতিশয় চঞ্চল।
দাম্ভিক, ত্রি. [দম্ভ+ইক] অহঙ্কৃত, আত্মশ্লাঘী, দম্ভযুক্ত; (পুং.স্ত্রী.) বকপক্ষী।
দায়, পুং. [দা+য] যৌতুকাদি দেয় ধন, কন্যাদান কালীন জামাত্রাদি অথবা ব্রতভিক্ষাদিতে ব্রাহ্মণদিগের যে সকল দ্রব্যাদি দান করা যায়; হরণ; সোল্লুণ্ঠ-ভাষণ; বিভক্তব্যপিতৃদ্রব্য; দান; স্থান; খণ্ডন; লয়; বিপত্তি; (ত্রি.) পালক।
দায়ক, ত্রি. [দায়+ক] দাতা, দানশীল; দায়ী।
দায়ক, (প্রা) দোষদ, অপবাদকারক, অভি-যোগী, পরীবাদক।
দায়গ্রস্ত, ত্রি. [দায়+গ্রস্ত] বিপত্তিযুক্ত, বিপদেপতিত, অনুযোগাধীন।
দায়ঠেকা, (প্রা) ঝুঁকি, দায়ী, জবাবদিহী।
দায়পত্র, ন. [দায়+পত্র] অসম্মতি পত্র।
দায়বন্ধু, পুং, [দায়+বন্ধু] ভ্রাতা।
দায়ভাগ, পুং. [দায়+ভাগ] সম্বন্ধীমাত্র সম্বন্ধীধনবিভাগ, পৈতৃকধন বিভাগ; গ্রন্থ-বিশেষ।
দায়বিভাগ, পুং. [দায়+বিভাগ] দায়ভাগ।
দায়াদ, পুং. [দায়+অদ] পুত্র; সপিণ্ড; পুত্রাদি, উত্তরাধিকারী।
দায়াদবান্, ত্রি. [দায়াদ+বৎ] পুত্রসম্বন্ধীয়; (পুং.) পিতা।
দায়াদা-দায়াদী, স্ত্রী. [দায়াদ+আ] কন্যা।
দায়াপবর্ত্তন, ন. [দায়+অপবর্ত্তন] বিত্ত-হানি।
দায়ার্হ, ত্রি. [দায়+অর্হ] পিত্রাদির ধনে অধিকারী হইবার যোগ্য; বিচার্য্য; বিবাদার্হ।
দায়িক, (প্রা) দায়ক।
দায়িত, ত্রি. [দায়+ইত] দাপিত; অপরাধিত; অত্যর্পিত।
দায়ী, ত্রি. [দায়+ইন্] দায়ক, ঋণগ্রস্ত, ভার-গ্রস্ত; ক্লেশযুক্ত; প্রতিবাদী; দানশীল।
দার, পুং. [দৃ+আ] ভার্য্যা, স্ত্রী।
দারক, ত্রি. [দৃ+অক] ভেদক; (পুং.) পুত্র, শিশু, বালক; বিষ্ণুর সারথি, দারুক; গ্রাম্যশূকর।
দারকর্ম্ম, ন. [দার+কর্ম্মন্] বিবাহ।
দারক্রিয়া, স্ত্রী. [দার+ক্রিয়া] পরিণয়।
দারচিনী, (বাং) দারুচিনী।
দারণ, ন. [দৃ+অন] কতক, নির্ম্মলী; বিদারণ।
দারত্যাগী, ত্রি. [দার+ত্যাগিন্] স্বপত্নী ত্যাগশীল।
দারদ, পুং. [দরদ্+অ] দরদ দেশোদ্ভব বিষভেদ; পারদ; হিঙ্গুল; সমুদ্র।

দারপরিগ্রহ, পুং. [দার+পরিগ্রহ] পাণিগ্রহ, বিবাহ, উদ্বাহ।
দারব, ত্রি. [দারু+অ] কাষ্ঠময়, দারুময়।
দারবলিভুক্, পুং. [দার+বলিভুজ্] বকপক্ষী; চটকপক্ষী; কাক।
দারমুচ, (প্রা) বিষাক্ত কাষ্ঠ।
দারসংগ্রহ, পুং. [দার+সংগ্রহ] বিবাহ।
দারা, স্ত্রী. [দার+আ] ভার্য্যা, স্ত্রী।
দারাঙ্গী, (প্রা) মৎস্যবিশেষ। [গ্রহণ।
দারাধিগমন, ন. [দার+অধিগমন] পাণি-
দারাধীন, ত্রি. [দার+অধীন] স্ত্রৈণ, স্ত্রীবাধ্য।
দারাপত্য, পুং. [দার+অপত্য] স্ত্রীপুত্র।
দারি, ত্রি. [দৃ+ইন্] বিদারক, বিদীর্ণকারক; ক্ষুদ্ররোগবিশেষ।
দারিকা, স্ত্রী. [দৃ+ইকা] কন্যা; বেশ্যা।
দারিকাদান, ন. [দারিকা+দান] বিবাহে কন্যাসম্প্রদান।
দারিত, ত্রি. [দৃ+ইত] কৃতবিদারণ, তৎপর্য্যায়।—ভিন্ন, ভেদিত, বিদারিত, বিদীর্ণ, বিদলিত, দীর্ণ, দলিত।
দারিদ্র, ন. [দরিদ্র+অ] দরিদ্রতা, দীনতা।
দারিদ্র্য, ন. [দরিদ্র+য] দরিদ্রাবস্থা, দৈন্য।
দারী, পুং. [দার+ইন] ক্ষুদ্ররোগবিশেষ, বিবাহ; ধুস্তুরতৈল; পতি; (ত্রি.) বহুদার বিশিষ্ট; পরদারগামী।
দারু, পুং. ন. [দৃ+উ] কাষ্ঠ; (ন.) দেবদারু; পিত্তল; (ত্রি.) শিল্পী; দারক; দাতা।
দারু, (হি.) মদ্য, মদিরা, সুরা; বারুদ।
দারুক, ন. [দারু+ক] দেবদারু; (পুং.) শ্রীকৃষ্ণের সারথি।
দারুকদলী, স্ত্রী. [দারু+কদলী] বনকদলী।
দারুকা, স্ত্রী. [দারুক+আ] কাষ্ঠময়স্ত্রী, কাঠের পুতুল, তৎপর্য্যায়।—পুত্রিকা, দারুস্ত্রী, শালভঞ্জিকা, শালভঞ্জী, শালাঙ্কী, দারুপুত্রিকা, কুরুণ্টী, দারুগর্ভা। [দ্রব্য
দারুগন্ধা, স্ত্রী. [দারু+গন্ধা] চিড়া নামক গন্ধ-
দারুগর্ভা, স্ত্রী. [দারু+গর্ভা] দারুময়ী স্ত্রী।
দারুচিনী, (প্রা) গুড়ত্বক্, দারুচিনী।
দারুজ, পুং. [দারু+জ] মর্দ্দল; (ত্রি.) কাষ্ঠনির্ম্মিত।
দারুণ, পুং. [দৃ+উন] চিত্রক; ভয়ানকরস; (ত্রি.) ভয়ঙ্কর, ভৈরব; (পুং. ন.) ভীষণ।
দারুণক, ন. [দারুণ+ক] মরুকজাত ক্ষুদ্ররোগবিশেষ, রূসীখ্যাত গুঞ্জাতৈল।
দারুণবীর্য্যা, ত্রি. [দারুণ+বীর্য্যা] ভয়ানক, ঘোর, দারুণ, ভীম।
দারুনিশা, স্ত্রী. [দারু+নিশা] দারুহরিদ্রা।
দারুপত্রী, স্ত্রী. [দারু+পত্রী হিঙ্গুপত্রী।
দারুপীতা, স্ত্রী. [দারু+পীতা] দারুহরিদ্রা।
দারুপুত্রিকা, স্ত্রী. [দারু+পুত্রিকা] দারুকা, কাঠেরপুতুল।
দারুবহ, ত্রি. [দারু+বহ] কাষ্ঠবাহী।
দারুময়, ত্রি. [দারু+ময়] কাষ্ঠময়, কাষ্ঠনির্ম্মিত
দারুমুখ্যাহ্বয়া, স্ত্রী. [দারু+মুখ্যা+আহ্বয়া] গোধা, গোসাপ। [চিনী।
দারুসিতা, স্ত্রী. [দারু+সিতা] গুড়ত্বক্, দারু-
দারুস্ত্রী, স্ত্রী. [দারু+স্ত্রী] দারুকা।
দারুহরিদ্রা, স্ত্রী. [দারু+হরিদ্রা] স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—পীতদ্রু, কালেয়ক, হরিদ্রু, দার্ব্বী, পচম্পচা, পর্জ্জনী, পীতিকা, পীতদারু, স্থিররাগা, কামিনী, কটঙ্কটেরী, পর্জ্জন্যা, পীতা দারুনিশা, কালীয়ক, কামবতী, দারুপীতা, কর্কটিনী, দারু, নিশা, হরিদ্রা।
দারুহস্তক, পুং. [দারু+হস্তক] কাষ্ঠনির্ম্মিত হস্ত, কাঠের হাতা, তদু।
দারোগা, (বাং) কর্ম্মাধ্যক্ষ।
দারোপসংগ্রহ, পুং. [দার+উপসংগ্রহ] দারসংগ্রহ।
দার্ঘসত্র, ত্রি. [দীর্ঘসত্র+অ] দীর্ঘসত্র যাগোদ্ভব
দার্ঢ্য ন. [দৃঢ+য] দৃঢ়তা, কাঠিন্য।
দার্ত্তেয়, ত্রি. [দৃতি+অ] চর্ম্মময়, অজিনীয়, চর্ম্মনির্ম্মিত।
দার্দ্দুর, ন. [দর্দ্দুর+অ] দক্ষিণাবর্ত্তশঙ্খ; জতু; জল; দর্দ্দুরধর্ম্ম; (ত্রি.) মেঘসম্বন্ধীয়
দার্ব্বট, ন. [দারু+অট] চিন্তাবেশ্ম, বিচারালয়
দার্ব্বণ্ড, পুং. [দারু+অণ্ড] ময়ূর।

দার্ব্বাঘাট-দার্ব্বাঘাত, পুং. [দারু+আঘাট-ত] শতপত্রকপক্ষী, কাটঠোকুরা পাখী।
দার্ব্বিকা, স্ত্রী. [দার্ব্বী+ইকা] ক্বাথোদ্ভবতুথ, গোজিহ্বা। [জিহ্বা।
দার্ব্বিপত্রিকা, স্ত্রী. [দার্ব্বি+পত্রিকা] গো-
দার্ব্বী, স্ত্রী. [দৃ+উন্+ঈ] দারুহরিদ্রা; গোজিহ্বা; দেবদারু; হরিদ্রা।
দার্ব্বীক্বাথোদ্ভব, ন. [দার্ব্বী+ক্বাথ+উদ্ভব] রসাঞ্জন, কৃত্রিমরসাঞ্জন।
দার্শনিক, ত্রি. [দর্শন+ইক] দর্শনশাস্ত্রবেত্তা, ন্যায়কারী, নৈয়ায়িকাদি। [দ্ভব।
দাষদ, ত্রি. [দৃষদ্+অ] পাষাণনির্ম্মিত; দৃষ-
দার্ষ্টান্ত, ত্রি. [দৃষ্টান্ত+অ] উপমিত, উপমেয়, আদর্শ।
দাল, ন. [দল+অ] বনামধু, ইন্দ্রনীলদলাকার সূক্ষ্মমক্ষিকোৎপন্ন বৃক্ষকোটরান্তরভব মধু; (পুং.) কোদ্রব।
দাল-দালি-দালী, (প্রা) কলায় প্রভৃতি।
দালচিনী, (প্রা) দারুচিনী।
দালন, ন. [দল+অন] দন্তশূল।
দালব, পুং. [দলু+অ] স্থাবর বিষভেদ।
দালা স্ত্রী. [দাল+আ] মহাকাল, বিষঘ্নী।
দালান্, (বাং) দ্বারোপান্তে মহাশালা, চণ্ডীমণ্ডপ।
দালাল্, (বাং) ক্রয়বিক্রয় প্রয়োজক।
দালিকা, স্ত্রী. [দাল+ইকা] মহাকাল।
দালিম, পুং. [দল+ইম] দাড়িম।
দালী, স্ত্রী. [দাল+ঈ] দেবদারুলতা।
দাল্‌ভ্য, পুং. [দাল্‌ভ+য] মুনিবিশেষ।
দাল্মি, পুং. [দল+মি] ইন্দ্র।
দাশ, পুং. [দাশ+অ] ভৃত্য; কৈবর্ত্ত।
দাশনন্দিনী, স্ত্রী. [দাশ+নন্দিনী] ব্যাসমাতা।
দাশপুর-দাশপুর, ন. [দাশ+পুর] দশপুর।
দাশরথ-দাশরথি, পুং. [দশরথ+অ-ই] দশরথের পুত্র, শ্রীরাম। [দেশজ।
দাশার্হ, পুং. [দশার্হ+অ] বিষ্ণু; দশার্হ
দাশু, ত্রি. [দা+শু] দাতা।
দাশেয়, পুং. [দাশ+এয়] ভৃত্য।
দাশেয়ী, স্ত্রী. [দাশ+এয়-ঈ] ব্যাসমাতা।
দাশের, পুং. [দাশ+এর] ভৃত্য; উষ্ট্র।
দাশেরক, পুং. [দাশের+ক] মালব দেশ।
দাশ্ব, ত্রি. [দাশ+ব] দাতা; (পুং.) দানকর্ত্তা।
দাশ্বন্, ত্রি. [দশ+বৎ] দত্তবান্; দাতা।
দাস, পুং. [দাস্+অ] শূদ্র; জ্ঞাতাত্মা; ধীবর; দানপাত্র; শূদ্রাদির পদ্ধতিবিশেষ; চাকর, তৎপর্য্যায়।—ভৃত্য, দাসের. দাসেয়, গোপ্যক, চেটক, নিয়োজ্য, কিঙ্কর, ভৈষ্য, ভুজিষ্য, পরিচারক, প্রেষ্য, প্রেষ, ভৈষ, পরিকর্ম্মা, পরিচর, সহায়, উপস্থাতা, সেবক, অভিসর, অনুগ।
দাসত্ব, ন. [দাস+ত্ব] দাস্য, সেবকভাব।
দাসনন্দিনী, স্ত্রী. [দাস+নন্দিনী] সত্যবতী, ব্যাসমাতা। [চারিণী।
দাসদাসী, স্ত্রী. [দাস+দাসী] পরিচারক পরি-
দাসপুর, পুং. [দাস+পুর] কৈবর্ত্তীমুস্তক।
দাসানুদাস, পুং. [দাস+অনুদাস] সেবকানুসেবক।
দাসিকা, স্ত্রী. [দাস+ইকা] দাসী, পরিচারিণী। [নষ্ট।
দাসিত, ত্রি. [দাস+ইত] পতিত, প্রক্ষিপ্ত;
দাসী, স্ত্রী, [দাস+ঈ] ভুজিষ্যা, তৎপর্য্যায়। পরিচারিণী, কর্ম্মকরী, দাসেরী, দাসেয়ী, গোপক্যচেটকী, নিযোজ্যী, কিঙ্করী, ভৈষ্যা, ভুজিষ্যা, পরিচারকা, প্রেষ্যা, প্রেষা, ভৈষা, পরিকর্ম্মিণী, পরিচরা, সহায়ী, উপস্থাত্রী, সেবকা, অভিসরা, অনুগা; কাকজঙ্ঘা; নীলাম্লান; নীলঝিণ্টী; পীতঝিণ্টী; বেদী; শূদ্রপত্নী; কৈবর্ত্তপত্নী।
দাসীঘট, পুং. [দাসী+ঘট] প্রায়শ্চিত্তভেদ।
দাসীপুত্র, পুং. [দাসী+পুত্র] পরিচারিকাসুত, কিঙ্করীতনয়। [সভা।
দাসীসভ, ন. [দাসী+সভা] পরিচারিণীর
দাসেয়, পুং. [দাস+এয়] দাস; কৈবর্ত্ত; (ত্রি.) দাসোৎপন্ন।
দাসেয়ী, স্ত্রী. [দাসেয়+ঈ] সত্যবতী, ব্যাসমাতা।

দাসেয়, পুং. [দাস+এয়] দাস; কৈবর্ত্ত; উষ্ট্র; (ত্রি.) দাসিকোদ্ভব।
দাসেরক, পুং. [দাসের+ক] উষ্ট্র; দাসীপুত্র।
দাস্য, ন. [দাস+য] দাসভাভাব, দাসত্ব; সেবাজীবিকা, দাসবৎ।
দাস্যবৃত্তি, স্ত্রী. [দাস্য+বৃত্তি] সেবাকর্ম্ম
দাস্যমান, ত্রি. [দাস্য+মান] ভবিষ্যৎদান-

দাস্যযোগ, পুং. [দাস্য+যোগ] ভৃত্যত্ব, স্ববৃত্তি। [জ্বালা।
দাহ, পুং. [দহ+অ] দহন, ভস্মীকরণ, তাপ,
দাহক, পুং. [দাহ+ক] চিত্রক; রক্তচিত্রক; (ত্রি.) দাহকর্ত্তা।
দাহকাষ্ঠ, ন. [দাহ+কাষ্ঠ] সুগন্ধিদ্রব্যবিশেষ। [জ্বালাকর।
দাহজনক, ত্রি. [দাহ+জনক] তাপজনক,
দাহজ্বর, পুং. [দাহ+জ্বর] গাত্রজ্বালাযুক্তজ্বররোগ।
দাহন, ন. [দাহ+অন] ভস্মীকরণ, প্রেরণ, পোড়ান, তাপান। [বিশেষ।
দাহনগুরু, ন. [দাহন+গুরু] সুগন্ধিদ্রব্য-
দাহনীয়, ত্রি. [দহ+অনীয়] দহনীয়, দাহ্য,

দাহবান্. ত্রি. [দাহ+বৎ] অগ্নিবান্
দাহসর, পুং. [দাহ+সর] শ্মশান, শবদাহস্থান।
দাহস্থল, পুং. [দাহ+স্থল] শ্মশান, শবদাহস্থান, চিতাভূমি, মৃতদেহ দাহ করণ স্থান।
দাহহরণ, ন. [দাহ+হরণ] বীরণমূল।
দাহাগুরু, ন. [দাহ+অগুরু] সুগন্ধিদ্রব্যবিশেষ, তৎপর্য্যায়।—দাহনাগুরু, দাহকাষ্ঠ, ধূপাগুরু, তৈলাগুরু, পুর, বনবল্লভ। [দাহ।
দাহাত্মক, ত্রি. [দাহ+আত্মক] দীপনীয়,
দাহার্হ, ত্রি. [দাহ+অর্হ] দাহ্য, দহনযোগ্য।
দাহিক, ত্রি. [দহ+ইক] দাহবান্, সদাহ।
দাহোৎপাদক, ত্রি. [দাহ+উৎপাদক] দাহজনক, দীপক।

দাহ্য, ত্রি. [দাহ+য] জ্বালনীয়, দাহার্হ।
দাক্ষক, ন. [দক্ষ+ক] দক্ষিণাসমূহ।
দাক্ষায়ণ, ন. [দক্ষ+আয়ন] স্বর্ণ; কুণ্ডল; (ত্রি.) দক্ষসম্বন্ধীয়; স্বর্ণালঙ্কৃত।
দাক্ষায়ণী, স্ত্রী. [দাক্ষায়ণ+ঈ] দুর্গা; রোহিণীনক্ষত্র; দন্তীবৃক্ষ; অশ্বিন্যাদি সপ্তবিংশতিতারা
দাক্ষায়ণীপ, পুং. [দাক্ষায়ণী+প] শিব; চন্দ্র; কশ্যপ; ধর্ম্ম; রুদ্র।
দাক্ষায়ণীপতি, পুং. [দাক্ষায়ণী+পতি] চন্দ্র।
দাক্ষায়ণীরমণ, পুং. [দাক্ষায়ণী+রমণ] চন্দ্র।
দাক্ষার্য্য, পুং. [দক্ষ+আর্য্য] গৃধ্র, শকুনি।
দাক্ষিকন্থা, স্ত্রী. [দাক্ষি+কন্থা] বাহ্লিক গ্রাম সংজ্ঞা।
দাক্ষিকন্তীয়, ত্রি. [দাক্ষিকন্ত+ঈয়] বাহ্লিকগ্রামজাত।
দাক্ষিণ, ত্রি. [দক্ষিণ+অ] অবাচীন, অবাচ্য; দক্ষিণা সম্বন্ধীয়।
দাক্ষিণাত্য, ত্রি.[দাক্ষিণ+অত্য]দক্ষিণদেশোদ্ভব; (পুং.) নারিকেল।
দাক্ষিণিক, ত্রি. [দক্ষিণ+ইক] দাক্ষিণাত্য।
দাক্ষিণ্য, ন. [দক্ষিণা+য] অনুকূলতা; ভাববিশেষ, দক্ষিণাচাররূপ; (ত্রি.) দক্ষিণার্হ।
দাক্ষিপুত্র-দাক্ষেয়, পুং. [দাক্ষি+পুত্র] পাণিনি মুনি।
দাক্ষ্য, ন. [দক্ষ+য] দক্ষতা, নিপুণতা।
দিক্, স্ত্রী. (দিশ্) অবকাশং দদাতি যা, তৎপর্য্যায়।—ককুপ্, কাষ্ঠা, আশা, হরিৎ, নিদেশিনী, দিগা, ককুভ্, হরীত, গো, আতা, আশা, উপরা, কাষ্ঠা, ব্যোম; দশদিগ্‌যথা।—পূর্ব্বা, আগ্নেয়ী, দক্ষিণা, নৈর্ঋতী, পশ্চিমা, বায়বী, উত্তরা, ঐশানী, ঊর্দ্ধ, অধঃ।
দিক, পুং. [দিক্+ক] করিশাবক, করভ।
দিক্কর, ত্রি. [দিক্+কর] যুবা।
দিক্করবাসিনী, স্ত্রী. [দিক্কর+বাসিনী] দেবীবিশেষ।
দিক্করিকা, স্ত্রী. [দিক্কর+ইকা] নদীবিশেষ।
দিক্করী, স্ত্রী. [দিক্কর+ঈ] যুবতী

দিক্কুঞ্জর, পুং. [দিক্‌+কুঞ্জর] দিগ্‌গজ
দিক্‌দার, (ঘাং) কষ্টকারক, দুঃখাবহ।
দিক্‌দারী, (ঘাং) ক্লেশ, কষ্ট, সন্তাপ।
দিক্‌পতি, পুং. [দিক্‌+পতি] দিগধীশ্বর, তদ্‌যথা—প্রাচ্যাধিপ রবি, অগ্নিকোণাধিপ শুক্র, দক্ষিণাধিপ মঙ্গল, নৈর্ঋতকোণাধিপ রাহু, প্রতীচ্যাধিপ শনি, বায়ুকোণাধিপ চন্দ্র, উত্তরাধিপ বুধ, ঈশানকোণাধিপ বৃহস্পতি।
দিক্‌পাল, পুং. [দিক্‌+পাল] পূর্ব্বাদি দশদিগ্‌পালক; তদ্‌যথা।—পূর্ব্বদিক্‌পাল ইন্দ্র, অগ্নিকোণপাল বহ্নি, দক্ষিণদিক্‌পাল যম, নৈর্ঋতকোণপাল নৈর্ঋত, পশ্চিম দিক্‌পাল বরুণ, বায়ুকোণপাল পবন, উত্তরদিক্‌পাল কুবের, ঈশানকোণদিক্‌পাল শিব, ঊর্দ্ধদিক্‌পাল ব্রহ্মা, অধোদিক্‌পাল অনন্ত।
দিক্‌শূল, ন. [দিক্‌+শূল] দিগ্বিশেষ গমন নিষিদ্ধবারাদি। [টস্থ।
দিক্‌স্থ, ত্রি. [দিক্‌+স্থা-অ] সমীপবর্ত্তী, নিক-
দিগন্ত, পুং. [দিক্‌+অন্ত] দিঙ্মণ্ডল, চক্রবাল, আকাশকক্ষা, অম্বরান্ত।
দিগন্তর-দিগন্তরাল, ন. [দিক্‌+অন্তর] শূন্যস্থ, আকাশ, ব্যোম। [রেখ।
দিগন্তসম, ত্রি. [দিগন্ত+সম] অনুপ্রস্থ, সম-
দিগম্বর, পুং. [দিক্‌+অম্বর] শিব; ক্ষপণক; (ত্রি.) নগ্ন; তমঃ; অম্বরাম্বর।
দিগম্বরী, স্ত্রী. [দিক্‌+অম্বর-ঈ] দুর্গা; (ত্রি.) নগ্না।
দিগ্‌গজ, পুং. [দিক্‌+গজ] অষ্টদিগ্‌হস্তী, তদ্‌যথা।—ঐরাবত, পুণ্ডরীক, বামন, কুমুদ, অঞ্জন, পুষ্পদন্ত সার্ব্বভৌম, সুপ্রতীক। [কন।
দিগ্‌দর্শন, ন. [দিক্‌+দর্শন] সর্ব্বত্রাবলো-
দিগ্‌দাহ, পুং. [দিক্‌+দাহ] বিশ্বের অগ্নিদাহ।
দিগ্ধ, পুং. [দিহ+ত] বিষাক্তবাণ, লিপ্তক; স্নেহ; অগ্নি; প্রবন্ধ; (ত্রি.) লিপ্ত, অক্ত।
দিগ্বাসাঃ, পুং. [দিক্‌+বাসস্‌] শিব; (ত্রি.) নগ্ন, বিবস্ত্র, দিগম্বর।
দিগ্বিজয়, পুং. [দিক্‌+বিজয়] বিদ্যাদ্বারা অথবা যুদ্ধদ্বারা দেশজয়।
দিগ্বিজয়ক্রম, পুং. [দিগ্বিজয়+ক্রম] অবস্কন্দ, অভিনির্যান, আক্রমণ।
দিগ্বিজয়ী, ত্রি. [দিক্‌+বিজয়িন্‌] বিশ্বজেতা, সর্ব্বত্রজয়ী। [দিক্‌।
দিগ্বিদিক্‌, স্ত্রী. [দিক্‌+বিদিক্‌] সর্ব্বত্র, সকল
দিগ্বিদিক্‌স্থ, ত্রি. [দিগ্বিদিক্‌+স্থ] বেষ্টিত, পরিবেষ্টিত, পরিবৃত, আবৃত, বৃত, পরিগত।
দিগ্বিদিগ্‌জ্ঞান, ন. [দিগ্বিদিক্‌+জ্ঞান] বিবেক, বিজ্ঞান। [কাষ্ঠা।
দিগ্বিভাগ, পুং. [দিক্‌+বিভাগ] দিশা,
দিগ্বিভাবিত, ত্রি. [দিক্‌+বিভাবিত] বিশ্রুত, খ্যাত, বিখ্যাত, প্রথিত, অনুবর্ণিত।
দিগ্‌ব্যাপী, ত্রি. [দিক্‌+ব্যাপিন্‌] বহুবিস্তৃত, সন্তত, বহুপ্রতাপী, সর্ব্বব্যাপী।
দিগ্‌ভ্রম, পুং. [দিক্‌+ভ্রম] দিগের অন্যথাজ্ঞান, দিগ্‌ভুল
দিগভ্রমণ, ন. [দিক্‌+ভ্রমণ] দেশভ্রমণ, সর্ব্বত্র পর্য্যটন।
দিগ্‌মণ্ডল, ন. [দিক্‌+মণ্ডল] চক্রবাল, চক্র, দিঙ্মণ্ডল, মণ্ডল, দিগন্ত, আকাশকক্ষা, অম্বরান্ত, চক্রপাল।
দিঙ্ক, পুং. [দিং+ক] লিক্ষা, নিক্ষা, রিক্ষা, যূকাণ্ড, উৎকুণডিম্ব।
দিঙ্মণ্ডল, ন. [দিক্‌+মণ্ডল] দিগন্ত, চক্রবাল।
দিঙ্মুখ, ত্রি. [দিক্‌+মুখ] দিশাভিমুখ।
দিঙ্‌নাগ, [দিক্‌+নাগ] দিগ্‌গজ, দিক্কুঞ্জর।
দিত, ত্রি. [দো+ত] ছিন্ন, কর্ত্তিত, ছিত।
দিতি, স্ত্রী. [দো+তি] দৈত্যমাতা, দক্ষকন্যা, কশ্যপপত্নী; খণ্ডন; (পুং.) রাজবিশেষ।
দিতিজ-দিতিসুত-দিত্য, পুং. [দিতি+জন-অ] দৈত্য; দৈতেয়।
দিৎসা, স্ত্রী. [দা+স-আ] দানকরণেচ্ছা, বিতরণেচ্ছা।
দিৎসু, ত্রি. [দা+স-উ] দানেচ্ছু। [মহী।
দিদী, (গ্রা) জ্যেষ্ঠাভগিনী; মাতামহী; পিতা-
দিদৃক্ষমাণ, ত্রি. [দিদৃক্ষ+মৎ] অবলোকনেচ্ছু, দর্শনেচ্ছু।

দিদৃক্ষা, স্ত্রী. [দৃশ+স-আ] দর্শনেচ্ছা।
দিদৃক্ষাবান্, ত্রি. [দিদৃক্ষা+বৎ] দর্শনেচ্ছু, অবলোকনেচ্ছু।
দিদৃক্ষু, ত্রি. [দৃশ+স-উ] দর্শনেচ্ছু।
দিদেবিষণ, ত্রি. [দিব+স-অন] ক্রীড়নেচ্ছু, কৌতুকেচ্ছু। [মান।
দিদ্যুৎ, ত্রি. [দ্যু+অৎ] দীপ্তিবিশিষ্ট, দ্যোত-
দিদ্যোতিষু, ত্রি. [দ্যু+স-উ] দীপ্তিকরণেচ্ছু।
দিধক্ষমাণ, ন[দহ+স-মান] দগ্ধেচ্ছু, দাহ-নেচ্ছু
দিধক্ষয়ন্, ত্রি. [দহ+স-অৎ] দগ্ধকরণেচ্ছু।
দিধক্ষা, স্ত্রী. [দহ+স-আ] দগ্ধেচ্ছা।
দিধক্ষু, ত্রি. [দহ+স-উ] দগ্ধেচ্ছু।
দিধি, স্ত্রী. [ধা+ই] স্থিরতামতি, অভিমাত্রা।
দিধিষাপ্য, পুং. [ধা+স-আপ্য] আরোপিত-বন্ধু; প্রিয়বন্ধু।
দিধিষু, পুং. [ধিষ+উ] দ্বিরূঢ়াপতি; দুই-বার বিবাহিতা স্ত্রী।
দিধিষ-দিধীষূ, স্ত্রী. [ধিষ+উ] দ্বিরূঢ়া, বার-দ্বয় বিবাহিতাস্ত্রী, পুনর্ভ,দিধিষু; জ্যেষ্ঠা ভগিনী বিদ্যমানে কনিষ্ঠাভগিনী বিবাহ।
দিধিষূপতি, পুং. [দিধিষূ+পতি] দ্বিরূঢা-পতি, দ্বিরূঢ়া স্ত্রীরপতি।
দিন, পুং. ন. [দো+ন] সূর্য্য জ্যোতিরব-চ্ছিন্নকাল, কালবিশেষ, তৎপর্য্যায়।— ঘস্র, অহঃ, দিবস, বাসর, ভাস্বর, দিবা, বার, অংশক, দ্যুঃ, বাশ্র, বস্তো, ভানু, স্বসরাণি, ঘংস, ঘর্ম্ম, ঘৃণ, দিবেদিবে, দ্যাবিদ্যাবি; সিংহ, কন্যা, তুলা, বৃশ্চিক, কুম্ভ, মীনলগ্ন।
দিনকর, পুং. [দিন+কর] সূর্য্য।
দিনকরাত্মজ, পুং. [দিনকর+আত্মজ] শনি; যম; কর্ণ; মনু।
দিনকরাত্মজা, স্ত্রী. [দিনকর+আত্মজ+আ] যমুনা; তপতী।
দিনকাটা, (প্রা) দিনক্ষেপ।
দিনকাল, পুং. [দিন+কাল] দিবসকাল, সূর্য্যসময়।
দিনকৃৎ, পুং. [দিন+কৃৎ] সূর্য্য।
দিনকেশব, পুং. [দিন+কেশব] অন্ধকার।
দিনজ্যোতিঃ, পুং. [দিন+জ্যোতিস্] আতপ, রৌদ্র
দিনভী, (প্রা) প্রতিদিন, দিনে দিনে।
দিনদিন, (প্রা) প্রত্যহ, অনুদিন, অহরহ, প্রতিবাসর, দিনেদিনে। [পক্ষী।
দিনদুঃখিত, পুং. [দিন+দুঃখিত] চক্রবাক
দিননাথ-দিনপতি, পুং. [দিন+নাথ] সূর্য্য।
দিনপাত, (প্রা) কালযাপন; উপজীবিকা, জীবনসাধন।
দিনপ্রণী, পুং. [দিন+প্রণী] সূর্য্য।
দিনবল, পুং. [দিন+বল] পঞ্চম ষষ্ঠ সপ্তমা-ষ্টমৈকাদশদ্বাদশরাশি।
দিনমণি, পুং. [দিন+মণি] সূর্য্য।
দিনমান, (প্রা) দিবস, দিবসকাল।
দিনমূর্দ্ধা, পুং. [দিন+মূর্দ্ধন্] পূর্ব্বাদ্রি, উদ-য়াচল।
দিনরাত, (প্রা) দিবারাত্রি, অনবরত।
দিনাংশ, পুং. [দিন+অংশ] প্রাহ্ণ মধ্যাহ্ন পরাহ্ণ সায়াহ্নাদি; ঘটিকা, ঘটীযন্ত্র।
দিনাদি, পুং. [দিন+আদি] প্রভাত, প্রত্যূষ, প্রাতঃকাল।
দিনান্ত, পুং. [দিন+অন্ত] দিবাবসান।
দিনান্তক, পুং. [দিন+অন্তক] অন্ধকার।
দিনাবসান, ন. [দিন+অবসান] দিনান্ত।
দিনারম্ভ, পুং. [দিন+আরম্ভ] প্রাতঃকাল, প্রভাত।
দিনালোক,পুং. [দিন+আলোক] সূর্য্যরশ্মি।
দিনিকা, স্ত্রী. [দিন+ইকা] একদিনকৃত কর্ম্ম-মূল্য, দিবসিকবেতন, দৈনিক।
দিনেদিনে, ব্য. [দিনে+দিনে] প্রতিদিন, অহরহ, দিবসেদিবসে।
দিব্, স্ত্রী. [দিব্+অ] স্বর্গ; আকাশ।
দিব, ন. [দিব্+অ] স্বর্গ; আকাশ; দিবা; বন।
দিবস, পুং. ন. [দিব্+অস্] দিন।
দিবসকর, পুং. [দিবস+কর] সূর্য্য।
দিবসমুখ, ন. [দিবস+মুখ] প্রভাত।
দিবসাত্যয়, পুং. [দিবস+অত্যয়] সায়ং।
দিবসাবসান, ন. [দিবস+অবসান] সায়ং, দিনান্ত।

দিবসিক-দিবসীয়, ত্রি. [দিবস+ইক] আহ্নিক, প্রাত্যহিক।
দিবস্পতি. পুং. [দিবস্+পতি] ইন্দ্র।
দিবস্পৃথিব্যৌ, স্ত্রী. [দিবস্+পৃথিব্যৌ] রোদসী; (দ্বিবচনান্ত শব্দ) স্বর্গ এবং পৃথিবী, আকাশ, এবং ভূমি।
দিবা, ব্য. [দিব+অন্] দিন; (পুং.) দিবস।
দিবাকর, পুং. [দিবা+কর] সূর্য্য; অর্কবৃক্ষ; কাক; পুষ্পবিশেষ।
দিবাকীর্ত্তি, পুং. [দিবা+কীর্ত্তি] নাপিত; চণ্ডাল; উলূক, পেচক।
দিবাকৃত, ত্রি. [দিবা+কৃত] দিনকৃত।
দিবাচর, ত্রি. [দিবা+চর] অহশ্চর।
দিবাটন, পুং. [দিবা+অটন] কাক।
দিবাতন, ত্রি. [দিবা+তন] দিনভব, আহ্নিক, প্রাত্যহিক।
দিবান্, (যাং) রাজকর্ম্মচারী।
দিবানিশি, ন. [দিবা+নিশি] অহোরাত্র, অহর্নিশ, ক্ষপাহ, দিনরাত।
দিবান্ধ, পুং. [দিবা+অন্ধ] পেচক; (ত্রি.) অস্পষ্টদৃক্, হতদৃষ্টি।
দিবান্ধকী, স্ত্রী. [দিবান্ধ+কী] ছুছুন্দরী।
দিবান্ধা, স্ত্রী. [দিবান্ধ+আ] বল্গুলাপক্ষী।
দিবাপ্রদীপ, পুং. [দিবা+প্রদীপ] অহর্দীপ (ত্রি.) অকর্ম্মণ্য।
দিবাভীত, পুং. [দিবা+ভীত] উলূক; কুমুদাকর; চৌর; (ত্রি.) দিনভয়ান্বিত।
দিবাভীতি, স্ত্রী. [দিবা+ভীতি] পেচক।
দিবামণি, পুং. [দিবা+মণি] সূর্য্য।
দিবামধ্য, ন. [দিবা+মধ্য] মধ্যাহ্ন, দিনমধ্য, উদ্দিন, মধ্যদিন, দুই প্রহর কাল।
দিবারাত্র-দিবারাত্রি, ন. স্ত্রী. [দিবা+রাত্র] অহোরাত্র, দিবানিশ, ক্ষপাহ।
দিবাসুপ্ত, ত্রি. [দিবা+সুপ্ত] দিবানিদ্রা।
দিবাস্বাপা, স্ত্রী. [দিবা+স্বাপা] বল্গুলাপক্ষী।
দিবি, পুং. [দিব+ই] চাষপক্ষী।
দিবি, (প্রা) দিব্, আকাশ।
দিবিজ, ত্রি. [দিবি+জ] স্বর্গীয়, দৈব, দিব্য।
দিবিষৎ, পুং. [দিবি+সদ] দেবতা, দেব।
দিবিষ্ঠ, ত্রি. [দিবি+স্থ] স্বর্গস্থ, নভঃস্থ।
দিবিস্পৃশ্, ত্রি. [দিবি+স্পৃশ] গগনস্পর্শ।
দিবী, স্ত্রী. [দিব+ঈ] উপজিহ্বিকা কীট।
দিবোকাঃ, পুং, [দিব+ওকস্] দেবতা; চাতক।
দিবোদাস, পুং. [দিবঃ+দাস] কাশীরাজ, চন্দ্রবংশীয় ভীমরথ রাজপুত্র।
দিবোদ্ভব, ত্রি. [দিব+উদ্ভব] স্বর্গোদ্ভব, দিবিজাত।
দিবোদ্ভবা, স্ত্রী. [দিবোদ্ভব+আ] এলা, এলাইচ; (ত্রি.) দিবিজাত।
দিবৌকাঃ, পুং. [দিব+ওকস্] দেবতা, দেব; চাতক; মৃগ; মধুমক্ষিকা; হস্তী।
দিব্বি, (প্রা) শপথ, সুকৃতি, আশ্বাসদেওয়া।
দিব্য, ন. [দিব+য] লবঙ্গ; হরিচন্দন; শপথ; (ত্রি.) মনোজ্ঞ; দিবিজাত; (পুং.) গুগ্গুলু; যব; ভাববিশেষ; নায়কভেদ।
দিব্যকরণ, ন. [দিব্য+করণ] কোষগ্রহণ।
দিব্যকারী, ত্রি. [দিব্য+কারিন্] কোষগ্রাহী।
দিব্যকুণ্ড, ন. [দিব্য+কুণ্ড] কামরূপে ক্ষোভকপর্ব্বতের পূর্ব্বভাগস্থ পুষ্করিণীবিশেষ।
দিব্যগন্ধ, ন. [দিব্য+গন্ধ] লবঙ্গ; (পুং.) গন্ধক। [চঞ্চুশাক।
দিব্যগন্ধা, স্ত্রী. [দিব্য+গন্ধা] স্থূলৈলা; মহা-
দিব্যগায়ন, পুং. [দিব্য+গায়ন] গন্ধর্ব্ব, স্বর্গগায়ক। [গ্রহণ।
দিব্যগ্রহণ, [দিব্য+গ্রহণ] দিব্যকরণ, কোষ-
দিব্যচক্ষুঃ, পুং. [দিব্য+চক্ষুস্] মর্কট; সুগন্ধভেদ; (ন.) জ্ঞানচক্ষু; উপচক্ষু, চস্মা; (ত্রি.) চারুনেত্র, সুলোচন।
দিব্যজ্ঞান, ন. [দিব্য+জ্ঞান] অলৌকিকজ্ঞান, অপৌরুষেয় ধীঃ।
দিব্যতেজা, স্ত্রী. [দিব্য+তেজস্] ব্রাহ্মী।
দিব্যদোহদ, ত্রি. [দিব্য+দোহদ] উপযাচিত, দেবদেয় বস্তু।
দিব্যধর্ম্মী, স্ত্রী. [দিব্য+ধর্ম্মিন্] ধার্ম্মিক, ধর্ম্মাত্মা; রম্য, মনোজ্ঞ।
দিব্যপঞ্চামৃত, ন. [দিব্য+পঞ্চ+অমৃত] মিলিত গব্যঘৃত, গব্যদধি গব্যক্ষীর মধু শর্করারূপ।

দিব্যপুষ্প, পুং. [দিব্য+পুষ্প] করবীর।
দিব্যপুষ্পা, স্ত্রী. [দিব্য+পুষ্পা] মহাদ্রোণা।
দিব্যপুষ্পিকা, স্ত্রী. [দিব্য+পুষ্পিকা] লোহিত বর্ণার্কবৃক্ষ।
দিব্যবস্ত্র, পুং. [দিব্য+বস্ত্র] সূর্য্যশোভা; (ত্রি.) সুন্দর বস্ত্রযুক্ত; (ন.) সুন্দরবস্ত্র দিবি ভববস্ত্র।
দিব্যবাক্য, ন. [দিব্য+বাক্য] দৈববাণী।
দিব্যযমুনা, স্ত্রী. [দিব্য+যমুনা] কামরূপে দমনীকা নদীর পূর্ব্বভাগস্থ নদীবিশেষ।
দিব্যরত্ন, ন. [দিব্য+রত্ন] চিন্তামণি।
দিব্যরথ, পুং. [দিব্য+রথ] ব্যোমযান, দেববিমান।
দিব্যরস, পুং. [দিব্য+রস] পারদ, পারা।
দিব্যলতা, স্ত্রী. [দিব্য+লতা] মূর্ব্বালতা।
দিব্যসার, পুং. [দিব্য+সার] শালবৃক্ষ।
দিব্যা, স্ত্রী. [দিব্য+আ] ধাত্রী; বন্ধ্যাকর্কোটকী; শতাবরী; মহামেদা; ব্রাহ্মী, স্থূলজীরক; শ্বেতদূর্ব্বা; হরীতকী; পুরা; নায়িকাভেদ।
দিব্যাঙ্গনা, স্ত্রী. [দিব্য+অঙ্গনা] রূপবতী, প্রমদা, বরাঙ্গনা, স্বর্গীয় স্ত্রী। [ভেদ।
দিব্যাদিব্য, পুং. [দিব্য+অদিব্য] নায়ক-
দিব্যাদিব্যা, স্ত্রী. [দিব্যাদিব্য+আ] উপদেবীবিশেষ; নায়িকাভেদ।
দিব্যোদক, ন. [দিব্য+উদক] আকাশজল, খবারি, আকাশসলিল, ব্যোমোদক, অন্তরীক্ষজল; তুষার।
দিব্যোপপাদুক, ত্রি. [দিব্য+উপপাদুক] স্বর্গীয়, দিব্য, দিবিষ্ঠ; দেবতা।
দিব্যৌধ্য, পুং. [দিব্য+ওধ্য] শিবমূর্ত্তি, ভৈরব; গুরুবিশেষ।
দিমাগ্, (যাং) অহঙ্কার, গর্ব্ব।
দিরিং, (যাং) পুরাতন, জীর্ণ।
দিল্, (যাং) অন্তঃকরণ; সাহস।
দিলোসা, (যাং) আনন্দজনক।
দিল্গীর্, (যাং) দুঃখিত।
দিশ্-দিশাঃ, ত্রি. [দিশ্+অস্] দিক্
দিশাহারা, (প্রা) সম্ভ্রান্ত, আকুলিত, পথভুলনিয়া, বিমনা, ভ্রান্ত।

দিশ্য, ত্রি. [দিশ্+য] দিগ্‌ভব বস্তু, দিগ্‌জাত; অবস্থিত।
দিষ্ট, পুং. [দিশ্+ত] কাল; দারুহরিদ্রা; (ন.) ভাগ্য; (ত্রি.) উপদিষ্ট।
দিষ্টভুক্, ত্রি. [দিষ্ট+ভুক্] ভাগ্যাধীন।
দিষ্টান্ত, পুং. [দিষ্ট+অন্ত] মরণ।
দিষ্টি, স্ত্রী. [দিশ্+তি] হর্ষ; পরিমাণবিশেষ।
দিষ্ট্যা, ব্য. [দিশ্+তৈ্যা] আনন্দ; সুভগ।
দিষ্ণু, ত্রি. [দা+ইষ্ণু] দাতা।
দিস্তা, (যাং) পত্রচতুর্বিংশক; বস্ত্রের সূত্রবিভিন্নতা।
দী, স্ত্রী. নাশ, ক্ষয়, ক্রিয়া।
দীউটী, (প্রা) দীপ।
দীউটীয়া, (প্রা) দীপধারী।
দীগী-দীঘি-দীঘী, (প্রা) দীর্ঘিকা, পুষ্করিণী।
দীঘ-দীঘল, (প্রা) দীর্ঘ।
দীঘে, (প্রা) অম্বায়তন, দীর্ঘে, লম্বালম্বী।
দীত, ত্রি. [দী+ত] ক্ষয়িত, বিশীর্ণ।
দীদ, ত্রি. [দী+দ] উচ্ছিন্ন, হত, ধ্বংসিত।
দীদিবি, পুং. ন. [দিব্+ক্বিন্] অন্ন; (পুং.) বৃহস্পতি; (ত্রি.) উদিত।
দীদী, (প্রা) জ্যেষ্ঠাভগিনী; পিতামহী।
দীধিতি, স্ত্রী. [দীধি+তি] কিরণ।
দীন, ন. [দী+ন] তগরপুষ্প; (ত্রি.) দরিদ্র, দুঃখী, নিঃস্ব; ভীত।
দীনক, ত্রি. [দীন+ক] দীন, দরিদ্র।
দীনচেতন, ত্রি. [দীন+চেতন] বিষণ্ণ, অবসন্ন, উদ্বিগ্নমনা।
দীনচেতা, ত্রি. [দীন+চেতস্] নিরহঙ্কার, নির্ব্বিণ্ন।
দীনতা, স্ত্রী. [দীন+তা] দারিদ্র্য, নিঃস্বতা; অন্নাভাবজন্য ক্লেশ।
দীনদয়াময়-দীনদয়ালু, ত্রি. [দীন+দয়া+ময়] কৃপাময়, কারুণ্যহৃদয়, করুণাত্মক।
দীনদৈন্য, ত্রি. [দীন+দৈন্য] দুঃখী, দরিদ্র, নিঃস্বঃ নিষ্কিঞ্চন।
দীনধীঃ, ত্রি. [দীন+ধীঃ] দীনমনস্ক, দীনচেতন; গতিহীন।
দীননাথ, পুং. [দীন+নাথ] দীনপ্রতিপালক, দীনরক্ষক।

দীনমনস্ক-দীনমনা, ত্রি. [দীন+মনস্ক] নির্ব্বিণ্ণ, বিষণ্ণ, দুর্ম্মনা, দীনচেতন।

দীনবৎসল, ত্রি. [দীন+বৎসল] করুণাত্মা, কৃপালু।

দীনমুখ, ত্রি. [দীন+মুখ] অধোবদন, অধোমুখ।

দীনা, স্ত্রী. [দীন+আ] মুষিকস্ত্রী, বেশ্মনকুল লিঙ্গালিকা, চিকা।

দীনার, পুং. [দীন+ঋ] স্বর্ণভূষা; মুদ্রা; নিষ্কপরিমাণ; সুবর্ণ কর্ষদ্বয়; সম্যগ্ব্যবহারার্থ মানবস্তু; লৌকিক; দ্বাত্রিংশ-রত্তিকাপরিমিত কাঞ্চন।

দীনানুকম্পন-দীনানুকম্পক, ত্রি. [দীন+অনুকম্পন] দীনবৎসল।

দীপ, পুং. [দীপ্+অ] বর্ত্তিস্থ জ্বলদগ্নিশিখা, পাদিমখ্যাত, তৎপর্য্যায়।—প্রদীপ, স্নেহাশ, দীপক, কজ্জলধ্বজ, শিখাতরু, গৃহমণি, জ্যোৎস্নাবৃক্ষ, দশেন্ধন, দোষাতিলক, দোষাস্য, নয়নোৎসব, শিখাবান্, শিখী, স্নেহপ্রিয়।

দীপক, ন. [দীপ্+অক] বাক্যালঙ্কার; কুঙ্কুম; (ত্রি.) দীপ্তিকারক; (পুং.) যবানী; লোচমস্তক; দীপ; পক্ষীভেদ, শিকরাবাজখ্যাত; ষড্রাগান্তর্গত দ্বিতীয় রাগ।

দীপকজ্জল, ন. [দীপ+কজ্জল] দীপকিট্ট।

দীপকিট্ট, ন. [দীপ+কিট্ট] দীপজাতকজ্জল, কাজল।

দীপকূপী, স্ত্রী. [দীপ+কূপী] দীপবর্ত্তি, তৈলমালী, দীপখোরী, বিদাহিকা, শলিতাখ্যাত। [শলিতা।

দীপখোরী, স্ত্রী. [দীপ+খোরী] দীপবর্ত্তি,

দীপগাছ-দীপঝাড়, (প্রা) বৃহদ্দ্যুতি, উদ্দ্যোত, দীপ্তি, বেলয়ারির ঝাড়।

দীপতরু, পুং. [দীপ+তরু] দীপবৃক্ষ।

দীপদ্যুতি-দীপপ্রভা, স্ত্রী. [দীপ+দ্যুতি] দীপপ্রকাশ

দীপধ্বজ, পুং. ন. [দীপ+ধ্বজ] কজ্জল।

দীপন, ন. [দীপ্+অন্] তগরমূল; কুঙ্কুম; (পুং.) ময়ূরশিখা; শালিঞ্চশাক; কাসমর্দ্দ; পলাণ্ডু; (ত্রি.) প্রজ্বালিত, প্রদীপ্ত; অগ্নিবর্দ্ধক, পাচক।

দীপনী, স্ত্রী. [দীপন+ঈ] মেথিকা, পাঠা; যবনী, যবানি।

দীপনীয়, পুং. [দীপ্+অনীয়] যবানি; ঔষধ বর্গবিশেষ; (ত্রি.) বিকাশনীয়

দীপপাদপ, পুং. [দীপ+পাদপ] দীপবৃক্ষ।

দীপপুষ্প, পুং. [দীপ+পুষ্প] চম্পকবৃক্ষ।

দীপবতী, স্ত্রী. [দীপ+বতী] কামাখ্যা নদীবিশেষ, ইহার পূর্ব্বে শৃঙ্গাটো নামক পর্ব্বত।

দীপবৃক্ষ, পুং. [দীপ+বৃক্ষ] দীপাধার, পিলসুজ, দেলুকা, তৎপর্য্যায়।—দীপতরু, জ্যোৎস্নাবৃক্ষ, দীপপাদপ।

দীপমালা, স্ত্রী. [দীপ+মালা] দীপাবলি।

দীপশিখা, স্ত্রী. [দীপ+শিখা] কজ্জল; প্রদীপজ্বালা।

দীপশৃঙ্খলা, স্ত্রী. [দীপ+শৃঙ্খলা] দীপাবলি, দীপশ্রেণী, দীপালী।

দীপাধার, পুং. [দীপ+আধার] দীপবৃক্ষ, শিখাতরু, বাতির আধার।

দীপান্বিত, ত্রি. [দীপ+অন্বিত] দীপিত, উজ্জ্বলিত, অবভাসিত।

দীপান্বিতা, স্ত্রী. [দীপান্বিত+আ] মুখ্যচান্দ্র আশ্বিনের গৌণচান্দ্র কার্ত্তিকী অমাবস্যা; উজ্জ্বলতা, ভ্রাজিষ্ণুতা, দ্যুতি, প্রদীপন।

দীপাবলী, স্ত্রী. [দীপ+আবলী] দীপালী, দীপশ্রেণি, দেওয়ালী।

দীপালী, স্ত্রী. [দীপ+আলী] দীপমালা, দীপশৃঙ্খলা; দীপান্বিতামাবস্যা, যক্ষরাত্রি, দেওয়ালিখ্যাত।

দীপিকা, স্ত্রী. [দীপ+ইকা] মহিস্তাপনীয় শ্রীনিবাসকৃত জোতিগ্র্গন্থবিশেষ; রাগিনীবিশেষ, হিন্দোলরাগের পত্নী; (ত্রি.) প্রকাশিত।

দীপিত, ত্রি. [দীপ্+ইত] দীপ্ত, প্রজ্বলিত, প্রকাশিত, শোভান্বিত, দ্যোতিত, রাজিত, চকাশিত; ব্যক্তীকৃত; দীপ্তিকর্ত্তা।

দীপিতা, পুং. [দীপিত+আ] দীপ্তিকর্ত্তা, দ্যুতিকর।

দীপ্ত, ন. [দীপ্+ত] স্বর্ণ; হিঙ্গু; (পুং.) নিবুক; সিংহ; (ত্রি.) নির্ভাসিত; দগ্ধ; জ্বলিত।

দীপ্তক, ন. [দীপ্ত+ক] স্বর্ণ।

দীপ্তজিহ্বা, স্ত্রী. [দীপ্ত+জিহ্বা] উল্কামুখী, শৃগালী।

দীপ্তপিঙ্গল, পুং. [দীপ্ত+পিঙ্গল] সিংহ।

দীপ্তরস, পুং. [দীপ্ত+রস] কিঞ্চুলুক, মহীলতা, কেঁচো।

দীপ্তলোচন, পুং. [দীপ্ত+লোচন] বিড়াল।

দীপ্তলোহ, পুং. [দীপ্ত+লোহ] কাংস্য।

দীপ্তা, স্ত্রী. [দীপ্ত+আ] লাঙ্গলিকাবৃক্ষ; জ্যোতিষ্মতী;।

দীপ্তাগ্নি, পুং. [দীপ্ত+অগ্নি] অগস্ত্যমুনি; (ত্রি.) তীক্ষ্ণজঠরানল যুক্ত; প্রজ্বলিত অগ্নি।

দীপ্তাঙ্গ, পুং. [দীপ্ত+অঙ্গ] ময়ূর।

দীপ্তাক্ষ, পুং. [দীপ্ত+অক্ষি] বিড়াল; ময়ূর।

দীপ্তি, স্ত্রী. [দীপ্+তি] দীপন, তৎপর্য্যায়।—প্রভা, রুক্, রুচি, ত্বিট্, ভা, ছবি, দ্যুতি, রোচিঃ, শোচিঃ, তেজঃ, জ্যোতিঃ,আভা, কান্তি, ছটা, নিভা, ছায়া, ত্বিষা, বর্চ্চ, মহ, দ্যোত, দৃশান, মরীচি, ঝল্লিকা; বাণবেগেরতীব্রতা; স্ত্রীলোকের অযত্নজগুণ; লাক্ষা; কাংস্য।

দীপ্তিক, পুং. [দীপ্তি+ক] দুগ্ধপাষাণবৃক্ষ।

দীপ্তিকর, ত্রি. [দীপ্তি+কর] তেজস্বী, দীপজনক, উজ্জ্বলকর।

দীপ্তিমত্ত্ব, ন. [দীপ্তি+মত্ত্ব] সপ্রকাশতা, দীপ্ততা।

দীপ্তিমান্, ত্রি. [দীপ্তি+মৎ] শোভাকর, প্রকাশমান্, দীপ্তিবিশিষ্ট।

দীপ্তোপল, পুং. [দীপ্ত+উপল] সূর্য্যকান্তমণি।

দীপ্য, পুং. [দীপ+য] যমানী; জীরক; ময়ূরশিখা; রুদ্রজটা; (ত্রি.) দীপনীয়।

দীপ্যক, ন. [দীপ্য+ক] অজমোদা; যমানী; বর্হিচূড়া; (পুং.) অলঙ্কার; যবানী; লোচমস্তক।

দীপ্যমান, ত্রি. [দীপ্য+মান] শোভাকর, বিকাশিত; প্রত্যক্ষ। [মান।

দীপ্র, ত্রি. [দীপ্+র] দীপ্তিবিশিষ্ট, প্রকাশ-

দীপ্রাস্ত্রধর, ত্রি. [দীপ্র+অস্ত্রধর] সদস্তিসম্বদ্ধ।

দীবি, পুং. [দীব+ই] কিকীদিবি, নীলকণ্ঠ পক্ষী।

দীবান্, ত্রি. [দিব+অৎ] ক্রীড়াশীল।

দীব্যমান, ত্রি. [দিব্য+মান] ক্রীড়াশীল।

দীয়মান, ত্রি. [দীয়+মান] যাহা দেওয়া যাইতেছে, দেও; বর্ত্তমান দানসম্বন্ধি বস্তু।

দীয়া, (প্রা) প্রদীপ।

দীর্ঘ পুং. [দৃ+ঘ] লতাশালবৃক্ষ; ইৎকট; রামশর; উষ্ট্র; পঞ্চম ষষ্ঠ সপ্তাষ্টম রাশি; দ্বিমাত্রবর্ণ, তদ্যথা।—আ ঈ ঊ ৠ এ ঐ ঔ; গুরুবর্ণ; (ত্রি.) আয়ত; দ্রাঘিবান্, আয়ামী, আয়ামবান্, ব্যায়ত, আয়তিমান্, লম্ব, চির; উত্তুঙ্গ, উচ্চ।

দীর্ঘকণা, স্ত্রী. [দীর্ঘ+কণা] গৌরজীরক।

দীর্ঘকণ্টক, পুং. [দীর্ঘ+কণ্টক] বর্ব্বূর।

দীর্ঘকণ্ঠ, ত্রি. [দীর্ঘ+কণ্ঠ] আয়তগ্রীব, দীর্ঘগ্রীব।

দীর্ঘকণ্ঠক, পুং. [দীর্ঘ+কণ্ঠক] বকপক্ষী।

দীর্ঘকন্দক, ন. [দীর্ঘ+কন্দক] মূলক।

দীর্ঘকন্দিকা, স্ত্রী. [দীর্ঘ+কন্দিকা] মুষলী।

দীর্ঘকন্ধর, পুং. [দীর্ঘ+কন্ধর] বকপক্ষী।

দীর্ঘকর্ণ, ত্রি. [দীর্ঘ+কর্ণ] লম্বকর্ণ; (পুং.) ছাগল।

দীর্ঘকাণ্ড, পুং. [দীর্ঘ+কাণ্ড] গুণ্ডতৃণ।

দীর্ঘকাণ্ডা, স্ত্রী. [দীর্ঘকাণ্ড+আ] পাতালগড়ুরীলতা।

দীর্ঘকায়, ত্রি. [দীর্ঘ+কায়] দীর্ঘদেহ, আয়তদেহ।

দীর্ঘকাল, ন. [দীর্ঘ+কাল] চিরকাল, বহুকাল, আয়তায়তি।

দীর্ঘকালজীবী, স্ত্রী. [দীর্ঘকাল+জীবী] দীর্ঘায়ু, আয়ুষ্মান্।

দীর্ঘকালিক-দীর্ঘকালীন, ত্রি. [দীর্ঘকাল+ইক] চিরন্তন, চিরকালিক।

দীর্ঘকাষ্ঠ, ন. [দীর্ঘ+কাষ্ঠ] বৃহৎকাষ্ঠ, স্থূণা।

দীর্ঘকীল-দীর্ঘকীলক, পুং. [দীর্ঘ+কীল] অঙ্কোঠবৃক্ষ।

দীর্ঘকুরক, পুং. [দীর্ঘ+কুরক] রাজান

দীর্ঘকেশ, পুং. [দীর্ঘ+কেশ] ভল্লুক; (ত্রি.) আয়তকেশ, সুন্দরকচ।
দীর্ঘকোশিকা-দীর্ঘকোষিকা, স্ত্রী. [দীর্ঘ+কোশিকা] ঝিণায়িকা, সুর্নামা, সিতালিকা, শুক্তি, ঝিণুক।
দীর্ঘগতি, পুং. [দীর্ঘ+গতি] উষ্ট্র।
দীর্ঘগ্রন্থি, পুং. [দীর্ঘ+গ্রন্থি] গজপিপ্পলী।
দীর্ঘগ্রীব, পুং. [দীর্ঘ+গ্রীব] উষ্ট্র; নীলক্রৌঞ্চ; (ত্রি.) দীর্ঘকণ্ঠ।
দীর্ঘঘাটিক, পুং. [দীর্ঘ+ঘাটিক] উষ্ট্র।
দীর্ঘছন্দঃ, ন. [দীর্ঘ+ছন্দস্] ছন্দোবিশেষ।
দীর্ঘজঙ্গল, পুং. [দীর্ঘ+জঙ্গল] ভঙ্গানমৎস্য, ভাঙ্গনমাছ।
দীর্ঘজঙ্ঘ, পুং. [দীর্ঘ+জঙ্ঘ] বক; উষ্ট্র; (ত্রি.) আয়তজানুযুক্ত। [দীর্ঘরসন।
দীর্ঘজিহ্ব, পুং. [দীর্ঘ+জীহ্বা] সর্প; (ত্রি.)
দীর্ঘজীব, পুং. [দীর্ঘ+জীব] চিরঞ্জীবিত্ব, চিরায়ু; কাক। [বিত্ব
দীর্ঘজীবিতা, স্ত্রী. [দীর্ঘ+জীবিতা] চিরঞ্জী-
দীর্ঘজীবী, ত্রি. [দীর্ঘ+জীবিন্] চিরঞ্জীবী, জীবথ, জৈবাতৃক।
দীর্ঘতনু, ত্রি. [দীর্ঘ+তনু] দীর্ঘকায়, বৃহদাকৃতি।
দীর্ঘতম, ত্রি. [দীর্ঘ+তম] দ্রাঘিষ্ঠ।
দীর্ঘতমকাল, ন. [দীর্ঘতম+কাল] সুদীর্ঘকাল।
দীর্ঘতর, ত্রি. [দীর্ঘ+তর] দ্রাঘীয়ান্।
দীর্ঘতরকাল, ন. [দীর্ঘতর+কাল] বহুতরকাল
দীর্ঘতরু, পুং. [দীর্ঘ+তরু] তালবৃক্ষ।
দীর্ঘতিমিষা, স্ত্রী. [দীর্ঘ+তিমিষা] কর্কটী।
দীর্ঘতুণ্ডা, স্ত্রী. [দীর্ঘ+তুণ্ডা] ছুছুন্দরী।
দীর্ঘতৃণ, পুং. [দীর্ঘ+তৃণ] পল্লিবাহ।
দীর্ঘদণ্ড-দীর্ঘদণ্ডক, পুং. [দীর্ঘ+দণ্ড] এরণ্ড বৃক্ষ।
দীর্ঘদণ্ডী, স্ত্রী. [দীর্ঘ+দণ্ডী] গোরক্ষী।
দীর্ঘদর্শন, ন. [দীর্ঘ+দর্শন] দূরদৃষ্টি, দীর্ঘদৃষ্টি, দূরদর্শন।
দীর্ঘদর্শী, পুং. [দীর্ঘ+দর্শী] পণ্ডিত; গৃধ্র; ভল্লুক; (ত্রি.) দূরদর্শী, দূরদৃষ্টি, দূরদর্শক, পারদর্শী, অগ্রদর্শী।
দীর্ঘদৃষ্টি, ত্রি. [দীর্ঘ+দৃষ্টি] দূরদর্শী, (পুং.) পণ্ডিত।
দীর্ঘদৃষ্ট্যা, ব্য. [দীর্ঘ+দৃষ্ট্যা] প্রসমীক্ষ্য, প্রবিমৃশ্য, অগ্রদর্শনপূর্ব্বক।
দীর্ঘদ্রু, পুং. [দীর্ঘ+দ্রু] তালবৃক্ষ।
দীর্ঘদ্রুম, পুং. [দীর্ঘ+দ্রুম] শাল্মলি।
দীর্ঘনয়ন, ত্রি. [দীর্ঘ+নয়ন] আয়তাক্ষ।
দীর্ঘনাদ, পুং. [দীর্ঘ+নাদ] শঙ্খ; (ত্রি.) দীর্ঘরাব।
দীর্ঘনাল, ন. [দীর্ঘ+নাল] কতৃণভেদ; বৃত্তগুণ্ড; যাবনাল।
দীর্ঘনিদ্রা, স্ত্রী. [দীর্ঘ+নিদ্রা] মৃত্যু, মরণ, মহানিদ্রা। [ত্যাগকরতঃ।
দীর্ঘনিশ্বস্য, ব্য. [দীর্ঘ+নিশ্বস্য] দীর্ঘনিশ্বাস
দীর্ঘনিঃশ্বাস-দীর্ঘনিশ্বাস, পুং. [দীর্ঘ+নিঃশ্বাস] বিনিঃশ্বাস, নিঃশ্বসন।
দীর্ঘনৌকা, স্ত্রী. [দীর্ঘ+নৌকা] বৃহন্নৌকা
দীর্ঘপটোলিকা, স্ত্রী. [দীর্ঘ+পটোলিকা] লতাফলবিশেষ, ধুঁধুল।
দীর্ঘপত্র, পুং. [দীর্ঘ+পত্র] রাজপলাণ্ডু; বিষ্ণুকন্দ; হরিদর্ভ; কুন্দর; তাল; কুপীলু; (ত্রি.) আয়তপত্র।
দীর্ঘপত্রক, পুং. [দীর্ঘ+পত্রক] রক্তলশুন; এরণ্ড; হিজ্জল; বেতস; করীরবৃক্ষ; জলজমধুক; লশুন; পলাণ্ডু।
দীর্ঘপত্রা, স্ত্রী. [দীর্ঘ+পত্রা] চিত্রপর্ণিকা, চাকুলিয়াভেদ; হ্রস্বজম্বু; গন্ধপত্রা; কেতকী; ডোড়ীক্ষুপ।
দীর্ঘপত্রিকা, স্ত্রী. [দীর্ঘ+পত্রিকা] শ্বেতবচা; ঘৃতকুমারী; শালপর্ণী।
দীর্ঘপত্রী, স্ত্রী. [দীর্ঘ+পত্রী] পলাশীলতা;
দীর্ঘপরিমাণ, ত্রি. [দীর্ঘ+পরিমাণ] দীর্ঘাকার, দীর্ঘতনু।
দীর্ঘপর্ণ, ত্রি. [দীর্ঘ+পর্ণ] লম্বপত্র।
দীর্ঘপর্ণী, স্ত্রী. [দীর্ঘ+পর্ণী] পৃশ্নিপর্ণী।
দীর্ঘপল্লব, পুং. [দীর্ঘ+পল্লব] শণবৃক্ষ। (ন.) আয়তচ্ছদ; (ত্রি.) লম্বপত্র।
দীর্ঘপাৎ-দীর্ঘপাদ, পুং. [দীর্ঘ+পাৎ] কঙ্কপক্ষী; (ত্রি.) দীর্ঘজঙ্ঘ।

দীর্ঘপাদপ, পুং. [দীর্ঘ+পাদপ] তাল; পুগ।
দীর্ঘপাণি, ত্রি. [দীর্ঘ+পাণি] দীর্ঘহস্ত।
দীর্ঘপৃষ্ঠ, পুং. [দীর্ঘ+পৃষ্ঠ] সর্প।
দীর্ঘপ্রস্থ, (প্রা) লম্বাচৌড়া; আড়ে দীর্ঘে।
দীর্ঘফল, পুং. [দীর্ঘ+ফল] আরগ্বধবৃক্ষ।
দীর্ঘফলক, পুং. [দীর্ঘফল+ক] অগস্ত্যবৃক্ষ।
দীর্ঘফলা, স্ত্রী. [দীর্ঘ+ফলা] জতুকা; কপিলদ্রাক্ষা।
দীর্ঘবংশ, পুং. [দীর্ঘ+বংশ] নল; (ত্রি.) আয়তকুল; আয়তভৃণধ্বজ।
দীর্ঘবক্ত্র, পুং. [দীর্ঘ+বক্ত্র] হস্তী; (ত্রি.) দীর্ঘমুখ।
দীর্ঘবদন, ত্রি. [দীর্ঘ+বদন] তনুবদন, ক্ষীণবদন, দীর্ঘমুখ।
দীর্ঘবহ্নিকা, স্ত্রী. [দীর্ঘ+বহ্নিকা] কুম্ভীর।
দীর্ঘবর্ণ, পুং. [দীর্ঘ+বর্ণ] দীর্ঘস্বর।
দীর্ঘবর্ত্মা, পুং. [দীর্ঘ+বর্ত্মন্] দীর্ঘাধ্ব, আয়তপথ।
দীর্ঘবল্লী, স্ত্রী. [দীর্ঘ+বল্লী] মহেন্দ্রবারুণী; পাতালগরুড়ী; পলাশী; (ত্রি.) আয়তলতা।
দীর্ঘবালা, স্ত্রী. [দীর্ঘ+বালা] চমরী।
দীর্ঘবৃন্ত-দীর্ঘবৃন্তক, পুং. [দীর্ঘ+বৃন্ত] শোণাকবৃক্ষ; শোণাকপ্রভেদ।
দীর্ঘবৃন্তা, স্ত্রী. [দীর্ঘ+বৃন্তা] ইন্দ্রচির্ভিটী।
দীর্ঘবৃন্তিকা, স্ত্রী. [দীর্ঘবৃন্ত+ইকা] এলাপর্ণী। [হস্ত।
দীর্ঘবাহু-দীর্ঘভুজ, ত্রি. [দীর্ঘ+বাহু] লম্ব-
দীর্ঘমারুত, পুং. [দীর্ঘ+মারুত] হস্তী।
দীর্ঘমুখ, ত্রি. [দীর্ঘ+মুখ] লম্বানন।
দীর্ঘমাল, ন. [দীর্ঘ+মাল] দীর্ঘরোহিষক।
দীর্ঘমূল, পুং. [দীর্ঘ+মূল] মোরটলতা; বিল্বান্তরবৃক্ষ; (ন.) লামজ্জকবৃক্ষ।
দীর্ঘমূলক, ন. [দীর্ঘ+মূলক] মূলক।
দীর্ঘমূলা, ন. [দীর্ঘ+মূলা] শ্যামালতা; শালপর্ণী; (ত্রি.) আয়তমূল।
দীর্ঘমূলী, স্ত্রী. [দীর্ঘ+মূলী] দুরালভা।
দীর্ঘরত-দীর্ঘরদ, পুং. [দীর্ঘ+রত] শূকর; (ত্রি.) বৃহদ্দন্ত। [দীর্ঘজিহ্ব।
দীর্ঘরসন, পুং. [দীর্ঘ+রসন] সর্প; (ত্রি.)
দীর্ঘরাগা, স্ত্রী. [দীর্ঘ+রাগা] হরিদ্রা।
দীর্ঘরাত্র, ন. [দীর্ঘ+রাত্র] চিরকাল; (ত্রি.) দীর্ঘনিশা।
দীর্ঘরাব, ত্রি. [দীর্ঘ+রাব] দীর্ঘনাদী।
দীর্ঘরুত, ন. [দীর্ঘ+রুত] চিৎকার।
দীর্ঘরোগী, ত্রি. [দীর্ঘ+রোগিন্] চিররোগী, দীর্ঘাময়।
দীর্ঘরোমা, পুং. [দীর্ঘ+রোমন্] ভল্লুক।
দীর্ঘরোহিষক, ন. [দীর্ঘ+রোহিষক] কতৃণভেদ, সুগন্ধিতৃণবিশেষ, তৎপর্য্যায়।— দৃঢ়কাণ্ড, দৃঢ়চ্ছদ, যজ্ঞেষ্ট, দীর্ঘনাল, তিক্তসার।
দীর্ঘশর, পুং. [দীর্ঘ+শর] যাবনাল।
দীর্ঘশাখ, পুং. [দীর্ঘ+শাখা] শণবৃক্ষ।
দীর্ঘশাখিকা, স্ত্রী. [দীর্ঘ+শাখিকা] নীলাম্লীক্ষুপ।
দীর্ঘশিম্বিক, পুং. [দীর্ঘ+শিম্বিক] কব।
দীর্ঘশূকক, ন, [দীর্ঘ+শূকক] রাজান্ন।
দীর্ঘসক্থ, ত্রি. [দীর্ঘ+সক্থ] দীর্ঘোরু, দীর্ঘজঙ্ঘ, ঊর্দ্ধজানু।
দীর্ঘসক্থি, ন. [দীর্ঘ+সক্থি] শকট।
দীর্ঘসত্র, ন. [দীর্ঘ+সত্র] যজ্ঞবিশেষ; তীর্থবিশেষ।
দীর্ঘসন্ধানী, ত্রি. [দীর্ঘ+সন্ধানী] বিদগ্ধমতি, সূক্ষ্মবুদ্ধি। [ক্রিয়া।
দীর্ঘসন্ধ্যাত্ব, ন. [দীর্ঘ+সন্ধ্যাত্ব] নিত্যসংস্কার
দীর্ঘসুরত, পুং. [দীর্ঘ+সুরত] কুক্কুর।
দীর্ঘসূত্র, ত্রি. [দীর্ঘ+সূত্র] চিরক্রিয়, জড়ক্রিয়, মন্দায়মান, চিরকারী, মনাক্কর; বিলম্বিতভক্ত।
দীর্ঘসূত্রতা, স্ত্রী. [দীর্ঘ+সূত্রতা] চিরকারীতা, মান্দ্য, বিলম্বিত। [ক্রিয়।
দীর্ঘসূত্রী, ত্রি. [দীর্ঘ+সূত্রিন্] দীর্ঘসূত্র, চির-
দীর্ঘস্কন্ধ, পুং. [দীর্ঘ+স্কন্ধ] তালবৃক্ষ; (ত্রি.) আয়তস্কন্ধ। [স্বর।
দীর্ঘস্বর, পুং. [দীর্ঘ+স্বর] দীর্ঘবর্ণ, গভীর-
দীর্ঘহস্ত, ত্রি. [দীর্ঘ+হস্ত] লম্বহস্ত।
দীর্ঘা, স্ত্রী. [দীর্ঘ+আ] পৃশ্নিপর্ণী।
দীর্ঘাকার, পুং. [দীর্ঘ+আকার] আয়ত, দীর্ঘচতুরস্রাকার।

দীর্ঘাকৃতি. পুং. [দীর্ঘ+আকৃতি] আয়ত, দীর্ঘচতুরস্রাকার; (ত্রি.) দীর্ঘাকার।
দীর্ঘাধ্বা, ন. [দীর্ঘ+অধ্বন্] দীর্ঘবর্ত্ম।
দীর্ঘাধ্বগ, ত্রি.[দীর্ঘ+অধ্বগ] লেখহার, পত্রবাহক, ধাউড়িয়া; (পুং.) উষ্ট্র।
দীর্ঘানন, ত্রি. [দীর্ঘ+আনন] দীর্ঘবক্ত্র।
দীর্ঘাময়, ত্রি. [দীর্ঘ+আময়] চিররোগী।
দীর্ঘায়ুঃ, পুং. [দীর্ঘ+আয়ুস্] শাল্মলিবৃক্ষ; কাক; জীবকবৃক্ষ; মার্কণ্ডেয় মুনি; (ন.) দীর্ঘজীবী; (ত্রি) চিরজীবী, চিরায়ু।
দীর্ঘায়ুধ, পুং. [দীর্ঘ+আয়ুধ] কুন্তাস্ত্র. তোমর; শূকর।
দীর্ঘায়ুষ্য, পুং. [দীর্ঘ+আয়ুষ্য] শ্বেতমন্দারক; (ত্রি.) চিরায়ু।
দীর্ঘায়ু, ত্রি. [দীর্ঘ+আয়ু] চিরজীবী।
দীর্ঘালর্ক, পুং. [দীর্ঘ+অলর্ক] শ্বেতমন্দারক।
দীর্ঘাক্ষর, ন. [দীর্ঘ+অক্ষর] হার, বহ্বক্ষর।
দীর্ঘিকা, স্ত্রী. [দীর্ঘ+ইকা] ত্রিশতধনুঃপরিমিত জলাশয়, বাপী, দীঘী; হিঙ্গুপত্রী।
দীর্ঘকৃত, ত্রি. [দীর্ঘ+কৃত] আয়ত, বিস্তৃত।
দীর্ঘে, বা. [দীর্ঘ+এ] আয়ামদিশি, লম্বায়তন।
দীর্ঘের্ব্বারু, পুং. [দীর্ঘ+ইর্ব্বারু] ডঙ্গরী।
দীর্ঘোদর, ত্রি. [দীর্ঘ+উদর] লম্বোদর।
দীর্ণ, ত্রি. [দৄ+ন] বিদারিত; ভীত।
দীক্ষক, পুং. [দীক্ষ্+অক] গুরু, উপদেষ্টা, দীক্ষাকর্ত্তা। [সৌমিকী।
দীক্ষণীয়েষ্টি, ত্রি. [দীক্ষণ+ইষ্টি] যজ্ঞবিশেষ,
দীক্ষা, স্ত্রী. [দীক্ষ+আ] যজন; পুজন; ব্রতসংগ্রহ; গুরু মুখদ্বারা স্বেষ্টদেবমন্ত্র গ্রহণ; দুর্গা।
দীক্ষাকর্ত্তা, পুং. [দীক্ষা+কর্ত্তৃ] গুরু।
দীক্ষান্ত, পুং. [দীক্ষা+অন্ত] অবভৃথ।
দীক্ষিত, ত্রি. [দীক্ষা+ইত] সোমপান বিশিষ্ট যাগকর্ত্তা; গুরুমুখ হইতে গৃহীত মন্ত্র; কাম্পিল্ল নগরস্থ যজ্ঞদত্ত নামক ব্রাহ্মণ।
দীক্ষিতা, পুং. [দীক্ষ+তৃ] সোমযাজী; দীক্ষাবিশিষ্ট।
দীক্ষিতায়নী, স্ত্রী. [দীক্ষিতা+অয়নী] কাম্পিল্লনগরস্থ দীক্ষিতনামক ব্রাহ্মণপত্নী।

দু, (প্রা) দ্বি, দুই। [সারণ।
দুঅন, (প্রা) গবাদির স্তন হইতে দুগ্ধ নিঃ-
দুআ, (প্রা.) ঘৃণিত, অগ্রাহ্য।
দুআর, (প্রা) দ্বার, কপাট।
দুই, (প্রা) দ্বি, একের দ্বিত্ব।
দুইএক, (প্রা) অল্প, এক কিম্বা দুই
দুইখান, (প্রা) দ্বিখণ্ড।
দুইগুণ, (প্রা) দ্বিগুণ, বারদ্বয়।
দুইপ্রহর, (প্রা) দ্বাদশ ঘটিকা, মধ্যাহ্ন।
দুইমনা, (প্রা) দ্বিমনস্ক।
দুঃকুল, পুং. [দুঃ+কুল] চোরনাম গন্ধদ্রব্য।
দুঃখ, ন. [দুঃখ্+অ] সংসার; মনোধর্ম্মবিশেষ; আত্মগুণভেদ, তৎপর্য্যায়।—পীড়া, বাধা, ব্যথা, অমানস্য, প্রসূতিজ, কষ্ট, কৃচ্ছ্র, আভীল, অর্ত্তি, আর্ত্তি, পীড়ন, অবাধা, বাধন, আমনস্য, আমানস্য, বিবাধন, পীড়িত, বিহেঠন, দুর্দ্দশা, দুরবস্থা, দুর্গতি, দৌর্গত্য, শোক, সন্তাপ, উদ্বেগ, বৈক্লব্য, আপদ, বিপদ, বিপত্তি, ব্যসন, বিপ্লব, উপপ্লব, উৎপাত, বিধুর, অরিষ্ট, মন্যু, দৈন্য, বৃজিন, বিড়ম্বনা, আদীনব, আস্রব, তাপ, পরিতাপ, আবাধা, যাতনা, ক্লেশ, খেদ, যন্ত্রণা, দুস্থ, অসুখ, তোদ, তোদন, রায়ণ, বিধানক, বিরাধান।
দুঃখকর, ত্রি. [দুঃখ+কর] ক্লেশক, ব্যথাকর, পীড়াকর, আত্যয়িক, উদ্বেজক।
দুঃখছিন্ন-দুঃখচ্ছেদ্য, ত্রি. [দুঃখ+ছিন্ন] দুশ্ছেদ্য, কঠিন, দৃঢ়; দুঃখিত।
দুঃখজীবী, ত্রি. [দুঃখ+জীবী] জীবিতদুঃখ।
দুঃখদ-দুঃখদায়ক, ত্রি. [দুঃখ+দ] পীড়াকারক, বাধক।
দুঃখদগ্ধ, ত্রি. [দুঃখ+দগ্ধ] শোকদগ্ধ, পীড়িত।
দুঃখদশা, ত্রি. [দুঃখ+দশা] দুরবস্থা।
দুঃখদোহ্যা, স্ত্রী. [দুঃখ+দোহ্যা] দুর্দ্দোহগবী, করটা।
দুঃখধন্দা, (প্রা) অতিদুঃখ দৈন্য, গাঢ়দুঃখ।
দুঃখপ্রায়, ত্রি. [দুঃখ+প্রায়] পূর্ণশোক, পূর্ণার্ত্ত; দুঃখময় সবাধ

দুঃখবহুল, ত্রি. [দুঃখ+বহুল] বহুদুঃখ-বিশিষ্ট, অতিপীড়াযুক্ত

দুঃখভাগী-দুঃখভোগী, ত্রি. [দুঃখ+ভোগী] দুঃখী।

দুঃখময়, ত্রি. [দুঃখ+ময়] সব্যাপ্ত, দুঃখী।

দুঃখমোক্ষ, পুং. [দুঃখ+মোক্ষ] পরিত্রাণ, পরিমোক্ষণ।

দুঃখযোগ, পুং. [দুঃখ+যোগ] দুঃখঘটনা, ক্লেশোৎপন্ন।

দুঃখলভ্য, ত্রি. [দুঃখ+লভ্য] দুঃখসাধ্য।

দুঃখসংবর্দ্ধিত, ত্রি. [দুঃখ+সংবর্দ্ধিত] কষ্টে প্রতিপালিত। [গম।

দুঃখসংযোগ, পুং. [দুঃখ+সংযোগ] দুঃখা-

দুঃখসংস্থিতি, ত্রি. [দুঃখ+সংস্থিতি] অতি-দীন, অতিদুঃখী, অধন্য।

দুঃখসাগর, পুং. [দুঃখ+সাগর] শোকার্ণব; সংসার; অতিদুঃখ।

দুঃখহা, ত্রি. [দুঃখ+হা] পীড়ামুক্ত, অব্যথ।

দুঃখাতীত, ত্রি. [দুঃখ+অতীত] দুঃখমুক্ত; ক্লেশ হইতে পরিমুক্ত।

দুঃখান্ত, পুং. [দুঃখ+অন্ত] দুঃখাবসান, দুঃখের শেষ।

দুঃখান্বিত, ত্রি. [দুঃখ+অন্বিত] তাপিত, সন্তাপিত, কৃচ্ছ্রগত, অর্দ্দিত।

দুঃখার্ত্ত, ত্রি. [দুঃখ+আর্ত্ত] পীড়িত, ব্যথিত।

দুঃখিত, ত্রি. [দুঃখ+ইত] দুঃখী, ক্লেশিত, ক্লিষ্ট, সন্তপ্ত, আতুর, সবেদন, তাপিত।

দুঃখিতচিত্ত, পুং. [দুঃখিত+চিত্ত] দুঃখান্তঃকরণ।

দুঃখী, স্ত্রী. [দুঃখ+ইন্] দুঃখান্বিত।

দুঃখোক্তি, স্ত্রী. [দুঃখ+উক্তি] শোকোক্তি।

দুঃখোপেত, ত্রি. [দুঃখ+উপেত] দুঃখী।

দুঃখপ্রাপ্ত-দুঃপ্রাপ্য, ত্রি. [দুঃখ+প্রাপ্ত] কষ্টলব্ধ, দুঃখোপার্জ্জিত।

দুঃশাসন, পুং. [দুর্+শাসন] দুর্য্যোধন ভ্রাতা; (ত্রি.) অশাস্ত, দুর্নিগ্রহ, দুর্নি-বার।

দুঃশীল, ত্রি. [দুর্+শীল] দুষ্টস্বভাব, দুশ্চ-রিত্র, কুরীতি। [গম্য

দুঃষমম, বা. [দুর্+সমম] নিন্দনীয়, নিঃষম,

দুঃসূতি, পুং. [দুর্+সূতি] কুপুত্র।

দুঃসন্ধান, ত্রি. [দুর্+সন্ধান] অসম্বদ্ধ, অসঙ্গত, অসমবেত। [অন্যায্য।

দুঃসম, ত্রি. [দুর্+সম] অসমঞ্জস, অযোগ্য,

দুঃসময়, পুং. [দুর্+সময়] অসময়, অপ্রতুল-সময়, বিপৎকাল।

দুঃসহ-দুঃসহ্য, ত্রি. [দুর্+সহ] অসহ্য, দুর্বিষহ, দুরাসদ, দুরুদ্বহ; উৎকট।

দুঃসহা, স্ত্রী. [দুর্+সহা] নাগদমনী।

দুঃসহজব, ত্রি. [দুর্+সহজব] অসহনীয় গতি, অতিদ্রুতগতি। [দ্বারী

দুঃসাধী, পুং. [দুর্+সাধিন্] দৌবারিক,

দুঃসাধ্য ত্রি. [দুর্+সাধ্য] দুঃখনিষ্পাদ্য, কষ্ট-সাধ্য, দুষ্কর, কঠিন, অসাধ্য, অশক্য।

দুঃসাহস, ন. [দুর্+সাহস] নির্ভয়তা, অসম-সাহস।

দুঃসাহসী, ত্রি. [দুর্+সাহসী] অসমসাহসী, অপরিণামদর্শী, প্রমত্ত

দুঃস্থ, ত্রি. [দুর্+স্থ] দুর্গত; মূর্খ; মন্দভাগ্য, লুব্ধ; (ন.) ক্লেশ।

দুঃস্থিতি, স্ত্রী. [দুর্+স্থিতি] অনবস্থিতি, অস্থৈর্য্য; অসুখী; নিরানন্দ, অধন্য।

দুঃস্পর্শ, পুং. [দুর্+স্পর্শ] দুরালভা; লতাকরঞ্জ; (ত্রি.) খরস্পর্শ।

দুঃস্পর্শা, স্ত্রী. [দুর্+স্পর্শা] কপিকচ্ছু; আকাশবল্লী; কণ্টকারী; দরালভা।

দুঃস্ফোট, পুং. [দুর্+স্ফোট] শস্ত্রভেদ।

দুঃস্বপনাশন, ত্রি. [দুর্+স্বপ+নাশন] কুস্বাপনিরোধন।

দুঃস্বপ্ন, পুং. [দুর্+স্বপ্ন] কুস্বপ্ন, মন্দস্বপ্ন।

দুঃস্বভাব, ত্রি. [দুর্+স্বভাব] কুস্বভাব, কুরীতি।

দুঁড়িয়া, (প্রা) মৎস্যধারক যন্ত্র, আঁটল।

দুঁড়িয়া, (প্রা) দুরন্ত, দুর্দ্দান্ত, দুষ্ট।

দুঁদ্যামি, (প্রা) দুষ্টতা, দুরন্তপনা।

দুকাট, (প্রা) দ্বিখণ্ডিত।

দুকান্, (বাং) পণ্যবীথী।

দুকুল, (প্রা) পিতৃকুল এবং মাতৃকুল।

দুকুল-দুগুল, ন. [দু+কুল] ক্ষৌমবস্ত্র, সূক্ষ্ম-বস্ত্র, পট্টবস্ত্র

দুকুল, (প্রা) নদীকূলদ্বয়; পট্টবস্ত্র।
দুকেন্দ্র, (প্রা) বৃক্ষবিশেষ।
দুকর, (প্রা) শূকর। [ক্লান্ত।
দুগড়িয়া, (প্রা) প্রবঞ্চক, দোঠকা; দ্বিদলা-
দুগুণ, (প্রা) দ্বিগুণ, দ্বিবিধ, দ্বৈধ।
দুগূল, নং. [দুর্+গূল] দুকূল; পট্টবস্ত্র, তসরকাপড়।
দুগ্ধ, ন. [দুহ+ত] স্ত্রীজাতিস্তননিঃসৃত দ্রব-দ্রব্য, দুধ, তৎপর্য্যায়।—ক্ষীর, পীযূষ ঊধস্য, স্তন্য, পয়ঃ, অমৃত, বালজীবন, গোরস, অবদোহ, ঊধন্য, দৌহজ, দোহাপনয়, সোমজ, পেয়, পায়স, গব্য, দোহন; (ত্রি.) প্রপূরিত; কৃতদোহন।
দুগ্ধকূপিকা, স্ত্রী. [দুগ্ধ+কূপিকা] পিষ্টক-বিশেষ।
দুগ্ধতা, স্ত্রী. [দুগ্ধ+তা] পায়সত্ব, ক্ষীরীতা।
দুগ্ধতালীয়, ন. [দুগ্ধতা+লীয়] দুগ্ধাভ্র, দুগ্ধ এবং আভ্র; ক্ষীরফেণ; দুগ্ধাগ্র।
দুগ্ধপাচন, ন. [দুগ্ধ+পাচন] দুগ্ধপাকপাত্র, বজ্রক, কেঁড়ে।
দুগ্ধপাত্র, ন. [দুগ্ধ+পাত্র] দোহনপাত্র, গোদোহনী, দুগ্ধভাণ্ড, ক্ষীরভাণ্ড, দুগ্ধ ভাজন।
দুগ্ধপায়ী, ত্রি. [দুগ্ধ+পায়িন্] ক্ষীরপায়ী।
দুগ্ধপাষাণ-দুগ্ধপাষাণক, পুং. [দুগ্ধ+পাষাণ] বৃক্ষবিশেষ, শিরগোলাখ্যাত, তৎপর্য্যায়। —দুগ্ধাশ্মা, ক্ষীরী, গোমেদ সন্নিভ, বজ্রাভ্র, দীপ্তিক, দুগ্ধী, ক্ষীরক্ষব।
দুগ্ধপুচ্ছী, স্ত্রী. [দুগ্ধ+পুচ্ছী] বৃক্ষবিশেষ, দুগ্ধপেয়াখ্যাত।
দুগ্ধপোষ্য, পুং. [দুগ্ধ+পোষ্য] অতিশিশু, ক্ষীরকণ্ঠ বালক, স্তন্যপায়ী, দুধিয়া।
দুগ্ধপ্রদ, ত্রি. [দুগ্ধ+প্রদ] ক্ষীরদ, বহুদুগ্ধ।
দুগ্ধফেণ, পুং. [দুগ্ধ+ফেণ] ক্ষীরহিণ্ডীর, শার্করে।
দুগ্ধফেণী, স্ত্রী. [দুগ্ধ+ফেনী] ক্ষুদ্রক্ষুপ-বিশেষ, পয়ঃফেনী, ফেনদুগ্ধা, পয়স্বিনী, লূতারি, ব্রণকেতুঘ্নী, গোজাপর্ণী।
দুগ্ধবতী, স্ত্রী. [দুগ্ধ+বতী] পীবরস্তনী, ক্ষীরিণী, দোগ্ধ্রী।
দৈবাসুর, পুং. [দেব+অসুর-অ] দেবতা ও অসুরদিগের ন্যায় নিত্যবৈরিতা।

দৈবাহোরাত্র, পুং. [দৈব+অহন্+রাত্র] দেবতাদিগের এক দিবস, মনুষ্যদিগের সম্বৎসর।

দৈবিক, ত্রি. [দেব+ইক] দেবসম্বন্ধীয়; দৈবেভব, দৈবাৎ উৎপন্ন।

দৈবী, স্ত্রী. [দৈব+ঈ] হঠাৎ ঘটনা, আপদ।

দৈবোঢ়, স্ত্রী. [দৈব+উঢ়া] দৈবনিয়মানুসারে যে স্ত্রীলোকের বিবাহ হয়।

দৈবোৎপাত, পুং. [দৈব+উৎপাত] দৈববশত উৎপাত।

দৈবোপহত, ত্রি. [দৈব+উপহত] দুর্ভাগ্য, হতভাগ্য।

দৈব্য, ন. [দেব+য] দৈব, ভাগ্য, অদৃষ্ট।

দৈর্ঘ্য, পুং. [দীর্ঘ+অ] দীর্ঘত্ব, তৎপর্য্যায়। আয়াম, আরোহ, আরোহস্থানে আনাহ, দ্রাঘিমা, লম্বাই। [পুত্র রঘু।

দৈলীপি, পুং. [দিলীপ+ই] দিলীপরাজার

দৈশিক, ত্রি. [দেশ+ইক] দেশসম্বন্ধি, সম্বন্ধবিশেষ; দেশনিষ্ঠবিশেষণতা।

দৈষ্টিক, পুং. [দিষ্ট+ইক] দিষ্টভব, ভাগ্যাধীন জাত, কালজাত।

দৈহিক, ত্রি. [দেহ+ইক] দেহ সম্বন্ধীয়, কায়িক।

দোঃ, পুং, [দম্+ওস্] বাহু, হস্ত।

দোঃশিখর, ন. [দোস্+শিখর] স্কন্ধ, কাঁধ।

দোঃসহস্রভৃৎ, পুং. [দোস্+সহস্র+ভৃৎ] কার্ত্তবীর্য্যার্জ্জুন; বাণরাজা।

দোআ, (যাং) ঈশ্বরারাধনা, ভজনা।

দোআঁশ, (প্রা) দ্বিঅংশ।

দোআত, (যাং) মস্যাধার।

দোআনী, (প্রা) তঙ্কার অষ্টমভাগ; গোদাগা অস্ত্রবিশেষ; মূল্য।

দোআসলা, (যাং) গঙ্গা এবংযমুনার মধ্যবর্ত্তী দেশ।

দোআব, (যাং) সংকীর্ণজাতীয় দুইজাত্বে জন্ম; সর্পভেদ।

দোঁহা, (হি) পদ্যবিশেষ।

দোকতা, (প্রা) তাম্রকুটপত্র।

দোকর, (প্রা) পুনঃ কৃত, দ্বিবার, পুনর্ব্বার।

দোকান, (যাং) পণ্যশালা, পণ্যালয়।

দোখা, (প্রা) গলাসী, গোবন্ধন রজ্জু।

দোগ্ধা, পুং. [দুহ+তৃ] অর্থোপজীবি কবি; বৎস; গোপাল,(ত্রি.)দোহনকর্ত্তা; ধেনু।

দোগ্ধ্রী, স্ত্রী. [দোগ্ধৃ+ঈ] দুগ্ধবতীগাভী,

দোজক, (যাং) নরক।

দোটানা, (প্রা) দুইদিগে মনের আকর্ষণ

দোঠকা, (প্রা) শঠ, খল; পরস্পর ভেদক।

দোতত্ব, (প্রা) উভয়ের মধ্যে মনঃ সংযোগ।

দোতার, (যাং). দোতারা, দ্বিতন্ত্র।

দোতালা, (প্রা) ইষ্টকময় দুইতলা উচ্চ গৃহবিশেষ; দোপেঁচচাবি।

দোদুল্যমান, ত্রি. [দোদুল্য+মান] পুনঃপুনঃ অতিশয় দোলনবিশিষ্ট; ঝুলানিয়া।

দোধ, পুং. [দুহ+অ] গোবৎস, বাছুর।

দোধক, পুং. [দোধ+ক] ছন্দোবিশেষ

দোধূয়মান, ত্রি. [ধু+মান] পুনঃপুনঃ অতিশয় কম্পনবিশিষ্ট।

দোনা, (প্রা) বৃক্ষ বিশেষ।
দোপড়া, (প্রা) দ্বিরূঢ়া, দ্বিবিবাহিতা কন্যা।
দোপট্টে, (প্রা) দ্বিপঙক্তি।
দোপাইয়া, (যাং) দ্বিপদ বিশিষ্ট।
দোপাটী, (প্রা) পুষ্পবিশেষ।
দোফলা, (প্রা) যে বৃক্ষে বৎসরে দুইবার ফল জন্মে।
দোমালা (প্রা) অর্দ্ধপক্ক নারিকেল।
দোয়াতি, (যাং) মস্যাধার, দোয়াত।
দোয়ার, (প্রা) দ্বার, কবাট।
দোরক, পুং স্ত্রী. [দোস+অক] বীণাতন্তু বন্ধনরজ্জু।
দোর, (প্রা)) দ্বার, কবাট।
দোরঙ্গী, (প্রা) সংকীর্ণ জাতীয়।
দোর্গডু, পুং. [দোস্+গডু] কুণ্ঠিতহস্ত, কুনৃপ, বাহু, কুণ্ঠ, বক্রহস্ত, বাঁকাহাত।
দোর্গ্রহ, ত্রি. [দোস্+গ্রহ] বলবান্, শক্তিমান, তৎপর্য্যায়।—কৈরাত, ক্ষাম; হস্ত গ্রহণ, হস্তব্যথা।
দোর্দণ্ড, পুং. [দোস্+দণ্ড] বাহুদণ্ড, হস্তরূপদণ্ড।
দোর্মধ্য. ন. [দোস্+মধ্য] বাহুমধ্যভাগ, বাজু।
দোর্মূল, ন. [দোস্+মূল] কক্ষদেশ, বগল, তৎপর্য্যায়।-ভুজঙ্গকোটর, খণ্ডিক, কক্ষা।
দোল, পুং. [দুল+অ] দোলন, শ্রীকৃষ্ণের দোলযাত্রা, পর্ব্বাহবিশেষ।
দোলন, ন. [দুল+অন] ঝুলন, হেলন।
দোলনা, (প্রা) ঝোলনা, ঝোলা, হিন্দোল।
দোলনী, স্ত্রী. [দুল+অন+ঈ] ঝোলনা, দোলা।
দোলমাল, (প্রা) ঝোলানি, দোলানি।
দোলযাত্রা, স্ত্রী. [দোল+যাত্রা] শ্রীকৃষ্ণের ফলগূৎসব, যাত্রাবিশেষ।
দোলা, স্ত্রী. [দুল+আ] নীলিনী; উদ্যানাদিতে ক্রীড়ার্থ কাষ্ঠাদিময় হিন্দোলক, হেঁদলা; বাহুখট্টা, শিবিকাবিশেষ, ডুলী, তৎপর্য্যায়।—প্রেঙ্খা, দোলী, খট্বালা, দোলিকা, প্রেঙ্খ, দোলিকা, হিন্দোলা,
দোলান, (প্রা) ঝোলান, লড়ান।
দোলাবাহক, পুং. [দোলা+বাহক] দুলিয়াজাতি, শিবিকাবাহী, যাহারা ডুলীবহে।
দোলায়মান, ত্রি. [দোলায়+মান] দোলনবিশিষ্ট, আন্দোলিত, ঝুলনিয়া নড়ানিয়া দোদুল্যমান।
দোলিকা, স্ত্রী. [দুল + ইকা] হিন্দোলা হেঁদলা।
দোলিয়া, (প্রা) দোলাবাহক; জাতিবিশেষ।
দোলী, স্ত্রী. [দোল+ঈ] দোলা, ডুলী, শিবিকা।
দোষ, পুং. [দুষ+অ] দূষণ; পাপ; বাত পিত্ত কফ; গোবৎস; কাব্যগুণেতর রসাদাপকর্ষক; ক্রটি; কলঙ্ক; ভ্রম; অপরাধ; নিন্দা; অনিষ্ট।
দোষক, পুং. [দোষ+ক] গোবৎস, বাছুর।
দোষকল্পন, ন. [দোষ+কল্পন] পরিভাষণ, নিন্দা।
দোষকর, পুং. [দোষ+কৃ] দূষণাবহ, অনিষ্টকর, নিন্দাকর।
দোষখণ্ডন, ন. [দোষ+খণ্ডন] অপরাধমার্জ্জন; কলঙ্কভঞ্জন।
দোষগায়ক, পুং. [দোষ+গায়ক] নিন্দক, পরকুৎসাকথক।
দোষগ্রাহক, পুং. [দোষ+গ্রাহক] দোষ গ্রহণকর্ত্তা; অপবাদকারক, নিন্দক, খল।
দোষগ্রাহী, পুং. [দোষ+গ্রাহিন্] নিন্দক, (ত্রি)দোষগ্রহণ কর্ত্তা, তৎপর্য্যায়।-খল, পুরোভাগী, দ্বিজিহ্ব, মৎসরী।
দোষজ্ঞ, পুং. [দোষ+জ্ঞা] পণ্ডিত; চিকিৎসক; দোষবিষয়ক জ্ঞানযুক্ত, দোষবেত্তা।
দোষণ, (প্রা) দোষদেওন; নিন্দন।
দোষণীয়. ত্রি. [দুষ্+অনীয়] নিন্দার্হ; নিন্দনীয়।
দোষত্রয়, ন. [দোষ+ত্রয়] বাত পিত্ত কফ।
দোষদ, পুং. [দোষ+দা] দোষদায়ক, দোষদায়ী।
দোষনাশ, পুং. [দোষ+নাশ] পাপমোচন,

দোষপ্রসঙ্গ, পুং. [দোষ+প্রসঙ্গ] দণ্ড; নিন্দা, অপবাদ।

দোষভাক্, ত্রি. [দোষ+ভাজ] অপরাধী, নিন্দার্হ।

দোষস্থান, ন. [দোষ+স্থান] দোষক্ষেত্র; নিন্দাস্পদ, কুৎসাস্থান।

দোষক্ষেত্র, ন. [দোষ+ক্ষেত্র] অধিক অপরাধেরস্থান, বহুদোষশালী।

দোষা স্ত্রী. [দোষ+আ] রাত্রি; ভুজ; (ব্য) নিশামুখ, প্রদোষ।

দোষাকর, পুং. [দোষা+কর] চন্দ্র, (ত্রি) দোষের আকর, দোষস্থান। [রিকা।

দোষাক্লেশী, স্ত্রী. [দোষা+ক্লেশী] বনবর্ব্ব-

দোষাতন, ত্রি. [দোষা+তন] রাত্রিভব, নিশাজাত। [দীপ।

দোষাতিলক, পুং. [দোষা+তিলক] প্রদীপ,

দোষাদোষ, (প্রা) গুণাগুণ, ভালমন্দ।

দোষাদোষি, (প্রা) পরস্পর দোষ দেওন।

দোষাবহ, ত্রি. [দোষ+আবহ] দষোৎপন্ন বাহা হইতে দোষ উৎপন্ন হয়।

দোষাস্য, পুং. [দোষ+আস্য] প্রদীপ, দীপ।

দোষিক, পুং. [দোষ+ইক] রোগ, পীড়া

দোষী, পুং. [দোষ+ইন্] অপরাধী; দোষযুক্ত; অশুদ্ধ; পাপী।

দোষৈকদৃক্, ত্রি. [দোষ+এক+দৃশ্] দোষমাত্রদর্শী, যে গুণত্যাগ করিয়া কেবল দোষ অন্বেষণ করে, পুরোভাগী।

দোসর, (প্রা) দ্বিতীয়; সঙ্গী, সহকারী।

দোসরা, (প্রা) অন্য; ভিন্ন।

দোসরা, (হি) ত্রি. দ্বিতীয় দিবস।

দোস্তী, ত্রি. [দোস্+তী] হস্তেদ্বারাধৃত।

দোস্ত, (বাং) বন্ধু।

দোস্থ, পুং. [দুস্+স্থা] ক্রীড়া; ক্রীড়ক; সেবা; সেবক, (ত্রি.) হস্তস্থিত।

দোহ, পুং. [দুহ+অ] দোহনপাত্র, দুধেরকেঁড়ে।

দোহজ, ন. [দুহ+জন] দুগ্ধ, পয়ঃ, ক্ষীর।

দোহড়িকা, স্ত্রী. [দোহ+ড়িকা] ছন্দোবি-

দোহদ, পুংন. [দোহ+দা] গর্ভিণী স্ত্রীলোকের অভিলাস, সাদ, তৎপর্য্যায়।—সাদ, দৌর্হৃদ, শ্রদ্ধা, লালসা, জাতজ; গর্ব্ভচিহ্ন; (ন.) ইচ্ছা; স্পৃহা। [গর্ব্ভচিহ্ন।

দোহদলক্ষণ, ন. [দোহদ+লক্ষণ] বয়ঃসন্ধি;

দোহদবতী, স্ত্রী. [দোহদ+বৎ+ঈ] অন্নপানাদি দ্রব্য বিশেষ অভিলাষবতী, গর্ব্ভবতী, শ্রদ্ধালু।

দোহদান্বিতা, স্ত্রী. [দোহদ+অন্বিতা] দোহদবতী, গর্ব্ভবতীস্ত্রী।

দোহন, ন. [দুহ+অন] স্তন হইতে দুগ্ধ নিঃসারণ, আকর্ষণ, দোয়া।

দোহনী, স্ত্রী. [দোহন+ঈ] দোহনপাত্র, লেপন, পারী, দোহ, দোহন।

দোহল, পুং. [দোহ+লা] দোহদ, ইচ্ছা, বাঞ্ছা, স্পৃহা।

দোহলী, স্ত্রী. [দোহল+ঈ] অশোকবৃক্ষ।

দোহা, (প্রা) শ্লোক, পদ্যবিশেষ; দুই।

দোহাই, (প্রা) বিচার প্রার্থনা করণ; শপথ, দিব্য।

দোহাতা, (প্রা) দ্বিহস্ত পরিমাণ

দোহাপনয়, পুং. [দোহ+অপনয়] দুগ্ধ, ক্ষীর, পয়ঃ।

দোহার, (প্রা) সহায়; উত্তর সাধক।

দোহারা, (প্রা) দ্বিগুণ; দ্বিতীয়বার; স্থূলকায়, পুষ্টাঙ্গ।

দোহী, ত্রি. [দুহ+ইন্] দোগ্ধা, দোহক।

দোহীয়ান্, পুং. [দোহ+ঈয়স] অতিশয় দোহক। [দোগ্ধব্য।

দোহ্য, ত্রি. [দুহ+য] দোহনীয়, দুহ্য,

দোঃসাধিক, পুং. [দুস্+সাধিক] দ্বাঃস্থিত, দ্বারপাল; দণ্ডী।

দৌকূল, ত্রি. [দুকূল+অ] পট্টবস্ত্রাবৃত রথাদি।

দৌড়, (প্রা) অতিবেগে গমন, দ্রুতচলন, ধাবন, চেষ্টা।

দৌড়ধাঁপ, (প্রা) চেষ্টা; দৌড়াদৌড়ি।

দৌড়ন, (প্রা) ধাবন, বেগেচলন।

দৌড়ান, (প্রা) বেগেচলান, ছুটান, চালান

দৌত্য, ন. [দূত+য] দূত্য, দূতেরভাব;

দৌত্য-ক্রিয়া, স্ত্রী. [দৌত্য+ক্রিয়া] দূতকর্ম্ম, দৌত্য।

দৌরাত্ম্য, ন. [দুরাত্মা+য] দুরাত্মার ভাব; দুরাত্মার কর্ম্ম, দুর্নিন্দিতাত্মা, দুর্নিন্দিত যত্ন, ধৃতি, দুর্নিন্দিত বুদ্ধি, দুর্নিন্দিত স্বভাব, উৎপাত; দুষ্টতা; অনিষ্ট করণ। [গন্ধ।

দৌর্গন্ধি, ন. [দুর্গন্ধ+ই] দৌর্গন্ধ, কুৎসিত

দৌর্গ্য, ন. [দুর্গ+য] দুর্গবৃত্তিধর্ম্ম, কেল্লার কর্ম্ম, দুর্গসম্বন্ধি।

দৌর্জ্জন্য. ন. [দুর্জ্জন+য] দুরাচারতা, দুর্জ্জনতা, দুষ্টতা, বিটলামী।

দৌর্ব্বল্য, ন. [দুর্ব্বল+য] দুর্ব্বলতা, অল্পবলত্ব, ক্ষীণতা।

দৌর্ভাগিণেয়, পুং. [দুর্ভগা+ইনেয়] দুর্ভগা পুত্র; দুঃখিনীর সন্তান।

দৌর্ভাগিণেয়ী, স্ত্রী. [দুর্ভগা+ইনেয়+ঈ] দুর্ভগা স্ত্রীর কন্যা।

দৌর্ভাগ্য, ন. [দুর্ভাগ+য] দুর্ভগত্ব, মন্দভাগ্য, দুরদৃষ্ট।

দৌর্ম্মনস্য, ন. [দুর্ম্মনস্+য] দুর্ম্মনারভাব; দুঃখনিবন্ধনচিত্তাবসাদ, চিন্তাকুলতা, ব্যাকুল চিত্ততা; মানসিক উদ্বেগ।

দৌর্ব্বীণ, ন. [দুর্ব্বা+ঈন] ইষ্টপর্ণ; দুর্ব্বারস

দৌর্হৃদ, ন. [দুর্হৃদ+অ] দোহদ, দুষ্ট ইচ্ছা, বাঞ্ছা, স্পৃহা।

দৌলেয়, পুং. [দুলী+এয়] কচ্ছপ, কূর্ম্ম, কাছিম।

দৌবারিক, পুং. [দু+বার+ইক] দ্বাররক্ষক, তৎপর্য্যায়।—দ্বাঃস্থ, ক্ষত্তা, দণ্ডী, বেত্রধর, প্রতীহার, প্রতিহার, দর্শক, দ্বারী, বেতাল, দ্বারপালক, দৌঃসাধিক, বর্ত্তরূঢ়, গর্ব্বাট, দণ্ডপাংশুল, দ্বাঃস্থিত, বেত্রধারক, বর্ত্তরূক, দণ্ডবাসী।

দৌল্মি পুং. [দুল্+ম-ই] ইন্দ্র, সুরপতি।

দৌষ্কুলেয়, ন. [দুষ্কুল+এয়] দুষ্কুলোদ্ভব, কুবংশজাত বর্ণসঙ্কর জাতি।

দৌলৎ, (বাং) অর্থ, ধন।

দৌশ্চর্ম্ম্য, ন. [দুশ্চর্ম্ম+য] পরিকর্ত্তন, অপ্রা-

দৌষ্ঠব, ন. [দুষ্ঠ+অ] দৌরাত্ম্য, দৌর্জ্জন্য

দৌষ্মন্তি-দৌষান্তি, পুং. [দুষ্মন্ত+ই] দুষ্মন্তরাজপুত্র, ভরতরাজা।

দৌহিত্র, পুং. স্ত্রী. [দুহিতৃ+অ] দুহিতার সন্তান, কুতুপ; (স্ত্রী) দুহিতার কন্যা, কন্যার কন্যা, নাতিনী।

দ্যাবাপৃথিব্যৌ স্ত্রী. [দ্যৌ+পৃথিবী+ঔ] স্বর্গ পৃথিবী।

দ্যাবাভূমী, স্ত্রী. [দ্যা+ভূমী] স্বর্গপৃথিব্যৌ।

দ্যাবাক্ষমে, স্ত্রী. [দ্যৌ+ক্ষমা] স্বর্গ এবং পৃথিবী। [স্বর্গ, (পুং.) অগ্নি।

দ্যুঃ, ন. [দুস্+অ] দিন; খগণ, আকাশ;

দ্যুক, পুং. পেচক, পেঁচা।

দ্যুগ, পুং. [দ্যু+গম] পক্ষী, বিহঙ্গ।

দ্যুগণ, পুং. [দ্যু+গণ] অহর্গণ

দ্যুত, পুং. [দ্যু+ত] পাষ্টি, পাশক।

দ্যুৎ, পুং. [দ্যু+ৎ] কিরণ, রশ্মি, দীপ্তি।

দ্যুতি, স্ত্রী. [দ্যুত্+ই] দীপ্তি, শোভা, কিরণ, তেজঃ।

দ্যুতিকর, পুং. [দ্যুতি+কর] ধ্রুব, (ত্রি) দীপ্তিকারক, শোভাকর

দ্যুতিত, ত্রি. [দ্যুত+ইত] দীপ্তিবিশিষ্ট, দ্যোতিত, শোভান্বিত।

দ্যুতিমান, ত্রি. [দ্যুতি+মৎ] দীপ্তিবিশিষ্ট, প্রভাযুক্ত

দ্যুতিলা, স্ত্রী. [দ্যুতি+লা] বৃক্ষ লতাবিশেষ

দ্যুন, ন. [দ্যু+ন] লগ্ন হইতে সপ্তম রাশি।

দ্যুনিশ, ন. [দ্যু+নিশা] অহোরাত্র, দিবারাত্র। [বাসী।

দ্যুনিবাস, পুং. [দ্যু+নিবাস] দেবতা; স্বর্গ-

দ্যুনিবাসী, পুং. [দ্যু+নিবাসিন্] দেবতা, স্বর্গবাসী।

দ্যুপতি, পুং. [দ্যু+পতি] সূর্য্য; ইন্দ্র।

দ্যুবা, পুং. [দ্যু+বন্] সূর্য্য; স্বর্গ, দ্যৌ।

দ্যুমণি, পুং. [দ্যু+মণি] সূর্য্য; অর্কবৃক্ষ, আকন্দগাছ।

দ্যুময়ী, স্ত্রী. [দ্যু+ময়+ঈ] বিশ্বকর্ম্মার কন্যা, সূর্য্যপত্নী।

দ্যুম্ন, পুং. [দ্যু+ম্না] ধন; বল।

দ্যূত, পুং ক্লী. [দিব+ত] পাশকাদি ক্রিয়া, অক্ষাদিকরণক ক্রীড়া, জুয়া, পাতি, পাশাখেলা, অক্ষবতী, কৈতব, পণ; যেমন।

দ্যূতকর, ত্রি. [দ্যূত+কর] দ্যূতকর্ত্তা, জুয়ারী, তৎপর্য্যায়।—ধার্ত্ত, ধূর্ত্ত, অক্ষধূর্ত্ত, অক্ষদেবী, দুরোদর, দ্যূতকৃৎ, কিতব, দ্যূতকোবিদ।

দ্যূতকার, ত্রি. [দ্যূত+কার] দ্যূতকারয়িতা, সাহিয়ার, সভিক, সভীক।

দ্যূতকারক, পুং. [দ্যূত+কারক] দ্যূতকারয়িতা, সাহিয়ার, সভিক।

দ্যূতকৃৎ, ত্রি. [দ্যূত+কৃৎ] দ্যূতকর, অক্ষক্রীড়ক, পাশাখেলক, জুয়ারী।

দ্যূতক্রীড়া, স্ত্রী. [দ্যূত+ক্রীড়া] পণপূর্ব্বক পাশাখেলা; জুয়াখেলা। [পূর্ণিমা।

দ্যূতপূর্ণিমা, স্ত্রী. [দ্যূত+পূর্ণিমা] কোজাগর

দ্যূতপৌর্ণমী, স্ত্রী. [দ্যূত+পৌর্ণমী] দ্যূতপূর্ণিমা, কোজাগর পূর্ণিমা।

দ্যূতপ্রতিপৎ স্ত্রী. [দ্যূত+প্রতিপৎ] কার্ত্তিকী শুক্লাপ্রতিপৎ, কৌমুদী।

দ্যূতবীজ, ন. [দ্যূত+বীজ] কপর্দ্দক, কড়ি, কৌড়ি; দ্যূতক্রীড়ার কারণ।

দ্যূন, ন. [দ্যু+ত] লগ্ন হইতে সপ্তমরাশি।

দ্যো, স্ত্রী. স্বর্গ, সুরলোক; আকাশ।

দ্যোত, পুং. [দ্যুত+অ] প্রকাশ, আতপ, দীপ্তি; রৌদ্র। [প্রদীপ।

দ্যোতন, ন. [দ্যুত+অন] দর্শন; প্রকাশন;

দ্যোতিত, ত্রি. [দ্যুত+ত] দ্যুতিত, দীপ্ত; প্রকটিত, প্রকাশিত; ব্যক্তীকৃত।

দ্যোভূমি, পুং. [দ্যো+ভূমি] পক্ষী; স্বর্গ, পৃথিবী। [অমর।

দ্যোষৎ, পুং. [দ্যো+সদ] দেব, দেবতা,

দ্যোঃ, স্ত্রী. [দ্যো+অস্] স্বর্গ; আকাশ।

দ্যৌক, ন. [দ্যো+অ] জ্যোতিঃ দীপ্তি, প্রকাশ।

দ্রগড়, পুং. [দ্রগ+ড়] বাদ্যবিশেষ, দগড়, [illegible], প্রাতিপর্দ্ধ্যা। [গৃহ।

[illegible], ত্রি. [দ্রম+গম] পুরী, ভবন, আলয়,

[illegible], ক্লী. [দ্রম+অথ] জোলক, কোল, [illegible], অনার্য্য।

দ্রঢ়িমা, পুং. [দৃঢ়+ইমন] দৃঢ়তা, কাঠিন্যতা।

দ্রঢ়িষ্ঠ, পুং. [দৃঢ়+ইষ্ঠ] অত্যচীয়ান, বহুর মধ্যে অতিশয় দৃঢ়।

দ্রপ্সা, ন. [দ্রপ্+সা] ঘনেতরদধি, বগাদই, দ্রপ্স, দ্রাপ্স, দ্রপ্সা।

দ্রব, পুং. [দ্রু+অ] পরীহাস; পলায়ন; রস; গতি; বেগ; স্নেহদ্রব্য, (ত্রি.) তরল; গলন।

দ্রবজ, পুং. [দ্রব+জ] গুড়, দ্রবদ্রব্যজাত বস্তুমাত্র। [তাপ।

দ্রবণ, ন. [দ্রু+অন] গমন; ক্ষরণ; অম্বু

দ্রবত্ব, ন. [দ্রব+ত্ব] দ্রবেরভাব, দ্রবীভাব, গলিয়াযাওন।

দ্রবৎপত্রী, স্ত্রী. [দ্রবৎ+পত্রী] শিমূড়ীবৃক্ষ।

দ্রবন্তী, স্ত্রী. [দ্রবৎ+ঈ] নদী, সরিৎ; মূষিকপর্ণী, মুষাকাণীছোটা, ভোজনী, তৎপর্য্যায়।—শম্বরী, চিত্রা, ন্যগ্রোধী, শত্রুমূলিকা, প্রত্যকশ্রেণী, আখুকর্ণিকা, মূষিককর্ণী, প্রতিপর্ণশিফা, সহস্রমূলী, বিক্রান্তা; লতাবিশেষ।

দ্রবভাব, ন. [দ্রব+ভাব] তরলভাব, গলিত।

দ্রবরসা, স্ত্রী. [দ্রব+রসা] লাক্ষা, লা।

দ্রবাধার, পুং. [দ্রব+আধার] চুলুক, আখা, উলান; দ্রবদ্রব্য রক্ষাপাত্র।

দ্রবার্হ, ন. [দ্রব+অর্হ] দ্রবণীয়, গলনীয়, দ্রবযোগ্য। [দেশবিশেষ।

দ্রবিড়, পুং. [দ্রব+ইড়] বর্ণসঙ্করজাতি;

দ্রবিড়ী, স্ত্রী. [দ্রবিড়+ঈ] রাগিণীবিশেষ।

দ্রবিণ, ন. [দ্রু+ইন] ধন, কাঞ্চন; বল।

দ্রবিণনাশন, পুং. [দ্রবিণ+নাশন] শোভাঞ্জনবৃক্ষ।

দ্রবিণোদাঃ, পুং. [দ্রবিণ+উদস্] অগ্নি, বহ্নি।

দ্রবীকরণ, ন. [দ্রব+করণ] অদ্রববস্তুর দ্রবকরণ, গালান, কঠিন দ্রব্য তরলকরণ।

দ্রবীভূত, ন. [দ্রবী+ভূত] গলিত; মিশ্রিত।

দ্রব্য, ন. [দ্রু+য] পিত্তল; বিত্ত; পৃথি-

দ্রব্যসম্বন্ধি।

দ্রব্যপ্রয়োজন, ন. [দ্রব্য+প্রয়োজন] কোন দ্রব্যের আবশ্যক।

দ্রব্যময়, ত্রি. [দ্রব্য+ময়] দ্রব্যে পরিপূর্ণ।

দ্রব্যযজ্ঞ, পুং. [দ্রব্য+যজ্ঞ] যজ্ঞবিশেষ।

দ্রব্যসংস্কার পুং. [দ্রব্য+সংস্কার] দ্রব্যশুদ্ধি।

দ্রষ্টব্য, ন. [দৃশ+তব্য] দর্শনীয়, দর্শনযোগ্য।

দ্রষ্টা, ত্রি. [দৃশ+তৃ] দর্শক, দর্শনকারক।

দ্রা, স্ত্রী. [দ্রৈ+আ] স্বপ্ন; পলায়ন।

দ্রাঘ, পুং. [দ্রাঘ+অ] শ্রম; আয়াস, শক্তি।

দ্রাঘিমা, পুং. [দীর্ঘ+ইমন] দীর্ঘত্ব, দীর্ঘের ভাব; ভূগোলের দীর্ঘতা; দৈর্ঘ্য, লম্বাই।

দ্রাণ, ত্রি. [দ্রা+ত] সুপ্ত; পলায়িত।

দ্রাপ, পুং. [দ্রু+পা] পঙ্ক; আকাশ; কাপর্দী; মূর্খ।

দ্রামিল, পুং. [দ্রমিল+অ] চাণক্যমুনি।

দ্রাব, পুং. [দ্রু+অ] গমন; স্রবণ; অনুতাপ; ক্ষরণ; গলন।

দ্রাবক, ন. [দ্রু+অক] সিক্থক, প্লীহারোগের ঔষধি; (পুং.) প্রস্তরভেদ; বিদগ্ধ; মোষক; শিড়ল; রসভেদ; হৃদয়গ্রাহী দ্রবকারক।

দ্রাবককন্দ, পুং. [দ্রাবক+কন্দ] তৈলকন্দ।

দ্রাবকর, ন. [দ্রাব+কর] শ্বেতটঙ্কণ।

দ্রাবণ, ন. [দ্রু+অন] কতকফল, নির্ম্মলী; বিদ্রাবণ; দ্রবকরণ, গলান।

দ্রাবিকা, স্ত্রী. [দ্রাব+ইকা] লালা।

দ্রাবিড়, ত্রি. [দ্রবিড়+অ] দেশবিশেষে জাত; সংখ্যাভেদ; কেশমুস্তা; কর্চ্চুর; পঞ্চদ্রাবিড় যথা মহারাষ্ট্র, তৈলঙ্গ, দ্রবিড, কর্ণাট, গুজরাট।

দ্রাবিড়ক, ন. [দ্রাবিড়+ক] বিটলবণ; (পুং.) কেশমুস্তায়, তিঁকর মস্তিশাক।

দ্রাবিড়ভূতিক, পুং. [দ্রাবিড়+ভূতিক]

দ্রাবী, পুং. [দ্রু+ইন্] দ্রাব্য, গলনীয়।

দ্রাব্য, ত্রি. [দ্রু+য] অবশ্য গমনীয়; অবশ্য ক্ষরণীয়; অবশ্যানুতাপনীয়; গলনীয়; দ্রবপদার্থ।

দ্রাক্ষা, স্ত্রী. [দ্রাক্ষ+আ] ফলবিশেষ, দাখ, কিসমিস, তৎপর্য্যায়।—মৃদ্বীকা, গোস্তনী, স্বাদ্বী, মধুরসা, চারুফলা, কৃষ্ণা, প্রিয়ালা, তাপসপ্রিয়া, গুচ্ছফলা, রসালা অমৃতফলা; অঙ্কুর।

দ্রাক্ষারস, ন. [দ্রাক্ষা+রস] মদিরা, মদ্য।

দ্রাক্ষালতা, স্ত্রী. [দ্রাক্ষা+লতা] কিসমিসের গাছ।

দ্রু, পুং. শ্রুতি, শ্রবণ; গতি, গমন; অনুতাপ; বৃক্ষ, তরু, গাছ।

দ্রুকিলিম, ন. [দ্রু+কিলিম] দেবদারুবৃক্ষ।

দ্রুঘণ, পুং. [দ্রু+হন] মুদ্গর, সূত্রধারাদি মুদ্গরাকার লৌহময় অস্ত্রবিশেষ, ব্রহ্মা; কুঠার; ভূমিচম্পক, ভূইচাঁপা।

দ্রুণ, ন. [দ্রুণ+অ] ধনুঃ; খড়্গ; (পুং.) বৃশ্চিক, বিছা; ভৃঙ্গ; পিশুন।

দ্রুণস, ত্রি. [দ্রু+নস] দীর্ঘনাসিকাযুক্ত।

দ্রুণহ, পুং. [দ্রুণ+হন] খড়্গপিধান, খড়্গেরকোষ, তরবারির খাপ।

দ্রুণা, স্ত্রী. [দ্রুণ+আ] জ্যা, ধনুকের ছিলা।

দ্রুণি, স্ত্রী. [দ্রুণ+ই] দ্রোণী, কর্ণজলৌকা, কানকোটারি; কচ্ছপী।

দ্রুণী, স্ত্রী. [দ্রু+নি+ঈ] কর্ণজলৌকা; কচ্ছপী; কাষ্ঠাম্বুবাহিনী।

দ্রুত, ত্রি. [দ্রু+ক্ত] জাতদ্রবীভাবযুক্ত স্বর্ণাদি, তৎপর্য্যায়।—অবশীর্ণ, বিলীন, বিদ্রুত; শীঘ্র; বিরাম; (ন.) নৃত্যবিষয়ক শীঘ্রগমন, ত্বরা, শীঘ্রকর, শীঘ্র ত্বরিত, ঝটিতি; গলিত; (পুং.) পলায়িত; বৃক্ষ।

দ্রুতগামী, পুং. [দ্রুত+গামিন্] শীঘ্রগামী।

দ্রুনখ, পুং. [দ্রু+নখ] কণ্টক, কাঁটা।

[illegible], ন. [illegible] পরিমাণ, তোলন।

দ্রুম, পুং. [দ্রু+ম] বৃক্ষ, পারিজাত; কুবের।

দ্রুমনখ, পুং. [দ্রুম+নখ] কণ্টক, কাঁটা।

দ্রুমব্যাধি, পুং; [দ্রুম+ব্যাধি] লাক্ষা, লা।

দ্রুমর, পুং [দ্রু+মৃ-অ] কণ্টক, কাঁটা।

দ্রুমশীর্ষ, ন. [দ্রুম+শীর্ষ] কুট্টিমভেদ; দাড়িম্ববৃক্ষ।

দ্রুমশ্রেষ্ঠ, পুং. [দ্রুম+শ্রেষ্ঠ] তালবৃক্ষ; বৃক্ষশ্রেষ্ঠ, শ্রেষ্ঠগাছ।

দ্রুমাঙ্গ, পুং. [দ্রুম+অঙ্গ] বৃক্ষশাখা, বৃক্ষের ডাল।

দ্রুমাময়, পুং. [দ্রুম+আময়] লাক্ষা, লা।

দ্রুমারি, পুং. [দ্রুম+অরি] হস্তী, করী বৃক্ষেরশত্রু।

দ্রুমাশ্রয়, পুং. [দ্রুম+আশ্রয়] সরট, কৃকলাস, কাঁকলাস (ত্রি.) বৃক্ষাশ্রিত মাত্র।

দ্রুমেশ্বর, পুং. [দ্রুম+ঈশ্বর] তালবৃক্ষ; চন্দ্র, নিশাকর।

দ্রুমোৎপল, পুং. [দ্রুম+উৎপল] কর্ণিকার বৃক্ষ।

দ্রুসল্লক, পুং. [দ্রু+সল্লক] পিয়ালবৃক্ষ।

দ্রুহ, পুং. [দ্রুহ+অ] জিঘাংসা, হননেচ্ছা, অনিষ্টচিন্তা; পুত্র, তনয়।

দ্রুহণ, পুং. [দ্রুহ+অন] ব্রহ্মা, প্রজাপতি।

দ্রুহিণ, পুং. [দ্রুহ+ইন] ব্রহ্মা, বিধি, বিধাতা।

দ্রুহী, স্ত্রী. [দ্রুহ+ঈ] দুহিতা, কন্যা।

দ্রূ, পুং. [দ্রু+উ] স্বর্ণ, হেম, কাঞ্চন।

দ্রূঘন, পুং. [দ্রু+ঘন] দ্রুঘন।

দ্রূণ, পুং. [দ্রূ+ণ] দ্রুণ, বৃশ্চিক, অলি, বিছা।

দ্রেক্ক, পুং. [দ্রেক্ক+ক] লগ্ন তৃতীয়ভাগৈক ভাগ, লগ্নের তৃতীয় ভাগের একভাগ।

দ্রেক্কাণ, পুং. [দ্রেক্ক+আন] লগ্ন তৃতীয় ভাগৈক ভাগ, লগ্নের তৃতীয়ভাগের একভাগ।

দ্রোণ, ন.পুং. [দ্রুঃ+ন] আঢ়ক পরিমাণ, আঢক চতুষ্টয়, ৩২ সেরের ইহা লৌকিক মান, লম্বণ, অর্ম্মণ, (পুং.) দ্রোণাচার্য্য; দগ্ধকাক; বৃশ্চিক; চারিশত ধনুঃ পরিমিত জলাশয়; শ্বেতবর্ণ ক্ষুদ্র পুষ্পবিশেষ।

দ্রোণকাক, পুং. [দ্রোণ+কাক] বনকাক, দাঁড়কাক, তৎপর্য্যায়।—কাকোল, দ্রোণ, অরণ্যবায়স, বনবাসী, মহাপ্রাণ, ক্রূররাবী, পলপ্রিয়, কাকল।

দ্রোণকাকল, পুং. [দ্রোণ+কাকল] দ্রোণকাক।

দ্রোণগন্ধিকা, স্ত্রী. [দ্রোণ+গন্ধিকা] রাস্না।

দ্রোণঘা, স্ত্রী; [দ্রোণ+দুহ] দ্রোণদুঘা।

দ্রোণদুগ্ধা, স্ত্রী. [দ্রোণ+দুগ্ধা] দ্রোণক্ষীরা।

দ্রোণদুঘা, স্ত্রী. [দ্রোণ+দুহ] দ্রোণ পরিমিত দুগ্ধদাত্রী গাভী, তৎপর্য্যায়,।—দ্রোণক্ষীরা, দ্রোণমানা, দ্রোণঘা, পয়স্বিনী, দ্রোণদুগ্ধা।

দ্রোণপুষ্পী, স্ত্রী. [দ্রোণ+পুষ্পী] ক্ষুদ্রক্ষুপ বিশেষ, গূমা, তৎপর্য্যায়।—খর্ব্বপত্রা, কুম্ভযোনি, কুরুম্বিকা, চিত্রাক্ষুপ, কুরুম্বা, সুপুষ্পা, চিত্রপত্রিকা, দ্রোণা, ফলেপুষ্পা; গোশীর্ষকবৃক্ষ।

দ্রোণম্পচ, ত্রি. [দ্রোণং+পচ] দ্রোণপরিমিত বস্তু পাককর্ত্তা।

দ্রোণমানা, স্ত্রী. [দ্রোণ+মানা] দ্রোণদুঘা, দ্রোণপরিমিত দুগ্ধদাত্রী গাভী।

দ্রোণমুখ, ন. [দ্রোণ+মুখ] চারিশত গ্রামের মধ্যে মনোহর গ্রাম।

দ্রোণা, স্ত্রী. [দ্রোণ+আ] দ্রোণপুষ্পী, ক্ষুদ্রক্ষুপ বিশেষ, গূমা।

দ্রোণাচার্য্য, পুং. [দ্রোণ+আচার্য্য] ভরদ্বাজপুত্র, অশ্বত্থামার পিতা, কৃপীপতি, পাণ্ডবদিগের অস্ত্রশিক্ষা গুরু, তৎপর্য্যায়।—দ্রোণ, গুরু, আচার্য্য, কীর্ত্তিভাক, ভারদ্বাজ, কুম্ভযোনি, দ্রোণাচার্য্যক।

দ্রোণি, স্ত্রী. [দ্রোণ+ই] দ্রোণী।

দ্রোণিকা, স্ত্রী. [দ্রোণ+ইকা] নীলীবৃক্ষ।

দ্রোণী, স্ত্রী. [দ্রোণ+ঈ] দেশবিশেষ; নদী-

তরী, গবাদনী; নীলীবৃক্ষ; শৈলভেদ; শৈলদ্বয়েরসন্ধি; ইন্দ্রচির্ভিটী; দ্রোণী লবণ; নদীবিশেষ; দ্বিসূর্পপরিমাণ, ১২৮ সের, বাহ, গোণী।

দ্রোণীদল, পুং. [দ্রোণী+দল] কেতকীপুষ্প, কেঁয়াফুল।

দ্রোণীমুখ, ন. [দ্রোণী+মুখ] দ্রোণমুখ, কাকের মুখ।

দ্রোণীলবণ, ন. [দ্রোণী+লবণ] উপকর্ণাট দেশপ্রসিদ্ধ লবণবিশেষ, তৎপর্য্যায়।— দ্রোণেয়, বার্দ্ধেয়, দ্রোণীজ, বারিজ, বার্দ্ধিভব, দ্রোণী, ত্রিকুট লবণ।

দ্রোহ, পুং. [দ্রুহ+অ] জিঘাংসা, হননইচ্ছা, অনিষ্টচিন্তন, অপক্রিয়া, অপকার, ক্ষতি, হিংসা। [মন্দকারক।

দ্রোহক, পুং. [দ্রুহ+অক] হিংস্রক, দ্বেষী,

দ্রোহকারী, পুং. [দ্রোহ+কারিন্] হিংসক, মন্দকারক, দ্বেষী।

দ্রোহচিন্তন, ন. [দ্রোহ+চিন্তন] পরানিষ্ট চিন্তা, অন্যের মন্দচেষ্টা করা, অপক্রিয়া করণ, ব্যাপাদ।

দ্রোহাট, পুং. [দ্রোহ+অট] কথাপ্রভেদ; মৃগলুব্ধক; বৈড়ালব্রতিক।

দ্রোহী, পুং. [দ্রুহ+ইন] দ্রোহক, পরানিষ্ট চিন্তক, মন্দকারী, হিংস্রক।

দ্রৌণায়ন, পুং. [দ্রোণ+আয়ন] অশ্বত্থামা, দ্রোণাচার্য্যেরপুত্র।

দ্রৌণি, পুং. [দ্রোণ+ই] অশ্বত্থামা, দ্রোণাচার্য্যপুত্র।

দ্রৌণিক, ত্রি. [দ্রোণ+ইক] দ্রোণপরিমিত বীজবপন যোগ্য ক্ষেত্র।

দ্রৌপদী, স্ত্রী. [দ্রুপদ+ঈ] দ্রুপদরাজকন্যা, তৎপর্য্যায়।—পাঞ্চালী, কৃষ্ণা, সৈরিন্ধ্রী, নিত্যযৌবনা, বেদিজা, যাজ্ঞসেনী।

দ্বন্দ, ন. [দ্বি+দ] মিথুন।

দ্বন্দ্ব, ন. [দ্বি+দ্ব] রহস্য; কলহ; মিথুন যুগ্ম, স্ত্রীপুরুষের সংযোগ; বিবাদ, কলহ; রোগবিশেষ; সমাসবিশেষ।

দ্বন্দ্বকারী, পুং. [দ্বন্দ্ব+কারিন্] কলহকারক,

দ্বন্দ্বচর, পুং. [দ্বন্দ্ব+চর] চক্রবাকপক্ষী।

দ্বন্দ্বচারী, পুং. [দ্বন্দ্ব+চারিন] চক্রবাকপক্ষী।

দ্বন্দ্বজ, পুং. [দ্বন্দ্ব+জন] দ্বিদোষজরোগ, কলহজাত; বিবাদ বিসম্বাদ।

দ্বন্দ্বদুঃখ, ন. [দ্বন্দ্ব+দুঃখ] শীত এবং গ্রীষ্মের পরস্পর দুঃখ।

দ্বন্দ্বভিন্ন, ন. [দ্বন্দ্ব+ভিন্ন] স্ত্রীবিচ্ছেদ।

দ্বন্দ্বযুদ্ধ, ন. [দ্বন্দ্ব+যুদ্ধ] পরস্পর যুদ্ধ।

দ্বন্দ্বাতীত, ত্রি. [দ্বন্দ্ব+অতীত] মায়াতীত; দ্বৈতভাবরহিত।

দ্বয়, ন. [দ্বি+অ] দ্ব্যাত্মক, দুই, তৎপর্য্যায়।— উভয়, দ্বি, যুগল, দ্বিতয়, যুগ, দ্বৈত, যম, দ্বন্দ্ব, যুগ্ম, যমল, যামল।

দ্বয়াগ্নি, পুং. [দ্বয়+অগ্নি] বৃক্ষবিশেষ, রাং-চিতা, তৎপর্য্যায়।—পাঠী, হ্রস্বাগ্নি।

দ্বয়াতিগ, ত্রি. [দ্বয়+অতিগ] রজস্তমোগুণ শূন্য, সত্ত্বগুণযুক্ত।

দ্বাঃ স্ত্রী. [দ্বার্] দ্বার, উপায়।

দ্বাঃস্থ, পুং. [দ্বার্+স্থা] দ্বারপাল, দ্বাঃস্থিত; নন্দিকেশ্বরী। [রক্ষক।

দ্বাঃস্থিত, পুং. [দ্বার্+স্থিত] দ্বারপাল, দ্বার-

দ্বাঃস্থিতদর্শক, ত্রি. [দ্বাঃস্থিত+দর্শক] দ্বার-পাল, দ্বারস্থিত বস্তুদর্শী।

দ্বাঃস্থিতদর্শী, পুং. [দ্বাঃস্থিত+দর্শিন] দ্বার-পাল, দ্বাররক্ষক, দ্বারস্থিত বস্তুদর্শী।

দ্বাচত্বারিংশৎ, স্ত্রী. [দ্বি+চত্বারিংশৎ] দ্বি-চত্বারিংশৎ, ৪২ বেয়াল্লিশ, দুই অধিক চল্লিশসংখ্যা।

দ্বাত্রিংশৎ, স্ত্রী. [দ্বি+ত্রিংশৎ] দ্ব্যধিক ত্রিং-শৎসংখ্যা, দুই অধিক ত্রিংশৎসংখ্যা, ৩২ বত্রিশ। [গ্রন্থ, পুস্তক।

দ্বাত্রিংশদক্ষরী, পুং. [দ্বাত্রিংশৎ+অক্ষরিন্]

দ্বাত্রিংশল্লক্ষণোপেত, পুং. [দ্বাত্রিংশৎ+লক্ষণ উপেত] মহাপুরুষ বত্রিশলক্ষণযুক্ত।

দ্বাদশ, ত্রি. [দ্বি+দশন] দ্ব্যধিকদশ, দুই অধিক দশ সংখ্যা, ১২ বার, দ্বাদশবাচক যথা।—সূর্য্য, মাস, রাশি, সংক্রান্তি, গুহ-বাহু, সারিকোষ্ঠ, গুহনেত্র, রাজমণ্ডল।

দ্বাদশ, ত্রি. [দ্বি+দশ] দ্বাদশের পূরণ, ১২

দ্বাদশকর, পুং. [দ্বাদশ+কর] বৃহস্পতি; কার্ত্তিকেয়।

দ্বাদশপত্রক, ন. [দ্বাদশ+পত্রক] যোগবিশেষ।

দ্বাদশলোচন, পুং. [দ্বাদশ+লোচন] কার্ত্তিকেয়, কুমার।

দ্বাদশাংশু, পুং. [দ্বাদশ+অংশু] বৃহস্পতি, সুরাচার্য্য।

দ্বাদশাখ্য, পুং. [দ্বাদশ+আখ্য] বুদ্ধ।

দ্বাদশাঙ্গুল, পুং. [দ্বাদশ+অঙ্গুল] বিতস্তি পরিমাণ, এক বিঘত, অর্দ্ধহস্ত।

দ্বাদশাত্মা, পুং. [দ্বাদশ+আত্মন] সূর্য্য; অর্কবৃক্ষ, আকন্দগাছ

দ্বাদশায়ুঃ, পুং. [দ্বাদশ+আয়ুস্] কুক্কুর, শ্বা, কুকুর। [দেবগুরু।

দ্বাদশার্চ্চিঃ, পুং. [দ্বাদশ+অর্চ্চিস] বৃহস্পতি,

দ্বাদশাক্ষ, পুং. [দ্বাদশ+অক্ষ] কার্ত্তিকেয়, গুহ, ষড়ানন; বুদ্ধ।

দ্বাদশাক্ষরমন্ত্র, পুং. [দ্বাদশাক্ষর+মন্ত্র] দ্বাদশবর্ণাত্মক বিষ্ণু বিষয়ক মন্ত্রবিশেষ যথা।—ওঁনমো ভগবতে বাসুদেবায়।

দ্বাদশী, স্ত্রী. [দ্বাদশ+ঈ] তিথিবিশেষ, চন্দ্রের দ্বাদশ কলায় ক্রিয়াকাল; বিষ্ণুতিথি, তৎপর্য্যায়।—মৎস্যদ্বাদশী, কূর্ম্মদ্বাদশী, বরাহদ্বাদশী, নৃসিংহদ্বাদশী, বামনদ্বাদশী, জামদগ্ন্যদ্বাদশী, রামদ্বাদশী, কৃষ্ণদ্বাদশী, বুদ্ধদ্বাদশী, কাকীদ্বাদশী, পদ্মনাভদ্বাদশী, নারায়ণদ্বাদশী, ইহাদিগের অপর নাম ধরণীব্রত।

দ্বানবতি, স্ত্রী. [দ্বি+নবতি] সংখ্যাবিশেষ ৯২ বিরানব্বই।

দ্বাপর, পুং. [দ্বি+পর] সন্দেহ; যুগবিশেষ তৃতীয়যুগ।

দ্বাপরযুগাদ্যা, স্ত্রী. [দ্বাপরযুগ+আদ্যা] দ্বাপর যুগারম্ভ তিথি।

দ্বাপঞ্চাশৎ, স্ত্রী. [দ্বি+পঞ্চাশৎ] সংখ্যাবিশেষ, বায়ান্ন ৫২।

দ্বাবিংশতি, স্ত্রী. [দ্বি+বিংশতি] দুই অধিক বিংশতি সংখ্যা, বাইশ, ২২।

দ্বার, ন. [দৃ+অ] বিনির্গমন পথ, দরোজা; উপায়; দ্বাঃ, প্রতীহার, বারক।

দ্বারক, পুং. [দ্বার+ক] দ্বারকা শ্রীকৃষ্ণেরপুরী বিশেষ। [কপাট।

দ্বারকণ্টক, পুং. [দ্বার+কণ্টক] কবাট,

দ্বারকা, স্ত্রী. [দৃ+অক-আ] স্বনামখ্যাতপুরী, শ্রীকৃষ্ণেরনগরী, তৎপর্য্যায়।—দ্বারাবতী, দ্বারবতী, বনমালিনী, দ্বারিকা, অব্ধিনগরী, দ্বারক।

দ্বারকেশ, পুং. [দ্বারকা+ঈশ] শ্রীকৃষ্ণ দ্বারকাধিপতি। [সহ বৃক্ষ।

দ্বারদাতু, পুং. [দ্বার+দাতু] বরদাতু, ভূমি

দ্বারপাল, ত্রি. [দ্বার+পাল] দ্বাররক্ষক, দরবান, তৎপর্য্যায়।—প্রতীহার, দ্বাঃস্থ, দ্বাঃস্থিত, দর্শক, বেত্রধারক, দ্বৌঃসাধিক, বর্ত্তরুক, গর্ব্বাট, দণ্ডবাসী, দ্বারস্থ, ক্ষত্তা, দ্বারপালক, দৌবারিক, বেত্রী, উৎসারক, দণ্ডী।

দ্বারপালক, পুং. [দ্বার+পালক] দ্বারপাল, দ্বাররক্ষক, দ্বারবান।

দ্বারপিণ্ডী, স্ত্রী. [দ্বার+পিণ্ডী] দেহলী; ঘরের ছাইচ; চৌকাট।

দ্বারবতী, স্ত্রী. [দ্বার+বৎ-ঈ] দ্বারকা, শ্রীকৃষ্ণের পুরী।

দ্বারবলিভুক, পুং. [দ্বার+বলিভুজ] বকপক্ষী

দ্বারযন্ত্র, ন. [দ্বার+যন্ত্র] তালক, তালা, কুলুপ। [দ্বারস্থিত।

দ্বারস্থ, পুং. [দ্বার+স্থা] দ্বারপাল, দ্বাররক্ষক,

দ্বারা, (প্রা) করণবোধার্থ, দিয়া।

দ্বারাবতী, স্ত্রী. [দ্বারা+বৎ-ঈ] দ্বারকা শ্রীকৃষ্ণের পুরী।

দ্বারিক, পুং. [দ্বার+ইক] দ্বারপাল, দ্বাররক্ষক, দ্বারী।

দ্বারিকা, স্ত্রী. [দ্বার+ইক-আ] দ্বারকাপুরী, শ্রীকৃষ্ণেরপুরী।

দ্বারী, পুং. [দ্বার+ইন] দ্বারপাল, দ্বাররক্ষক।

দ্বাষষ্টি, স্ত্রী. [দ্বি+ষষ্টি] দুই অধিক ষষ্টি সংখ্যা, বাষট্টি ৬২।

দ্বাসপ্ততি, স্ত্রী. [দ্বি+সপ্ততি] দ্বিসপ্ততি, দুই অধিক সপ্ততিসংখ্যা, বাহাত্তর ৭২।

দ্বাস্থ, পুং. [দ্বার+স্থা] দ্বারপাল, দ্বাররক্ষক, দ্বারী।

দ্বাস্থিত, পুং. [দ্বার+স্থিত] দ্বারপাল, দ্বাররক্ষক, দ্বারী।

দ্বাস্থিতদর্শক, পুং. [দ্বাস্থিত+দর্শক] দৌবারিক, দ্বারপাল।

দ্বিঃ, ব্য, বারদ্বয়, দুইবার; তদ্বাচক, যথা।—পক্ষ, নদীকূল, অসিধারা, রামপুত্র, চক্ষুঃ, হস্ত, স্তন; সহচর যথা।—ইন্দ্র অগ্নি; নারদ পর্ব্বত; অশ্বিনীকুমার; ভার্য্যাপতি।

দ্বিঃশ্রুতিধর, পুং. [দ্বিঃ+শ্রুতিধর] কোন কথা দুই বার শ্রবণকরিলে যাহার স্মরণ থাকে। [কোক।

দ্বিক, ন. [দ্বি+ক] দ্বয়, দুই; (পুং.) কাক;

দ্বিককার, পুং. [দ্বিক+কার] কাক; কোকিল।

দ্বিককুৎ, পুং. [দ্বি+ককুদ] উষ্ট্র, উট।

দ্বিকর, ন. [দ্বি+কর] দুই হস্ত, দুইকর।

দ্বিখণ্ড, ন. [দ্বি+খণ্ড] দুইখণ্ডে দুই অংশ।

দ্বিগু, ন. [দ্বি+গো] ষট সমাসের অন্তর্গত সমাসবিশেষ, সংখ্যা পূর্ব্বপদের সমাস, ইহা তিন প্রকার যথা।—তদ্ধিতার্থ, সমাহার, উত্তরপদ পর।

দ্বিগুণ, ত্রি. [দ্বি+গুণ] দুই সংখ্যারদ্বারা গুণিত, দোহারা, দুগুণ।

দ্বিগুণাকৃত, ত্রি. [দ্বিগুণা+কৃত] বারদ্বয়কৃষ্ট ক্ষেত্র, দোচসা ভূমি।

দ্বিগুণিত, ত্রি. [দ্বিগুণ+ইত] দ্বিগুণীকৃত।

দ্বিচত্বারিংশৎ, স্ত্রী. [দ্বি+চত্বারিংশৎ] সংখ্যা বিশেষ, বিয়াল্লিশ ৪২।

দ্বিজ, পুং. [দ্বি+জন] সংস্কৃত ব্রাহ্মণ, সদ্বৃত্ত ব্রাহ্মণ, বারদ্বয়জাত; ক্ষত্রিয়; বৈশ্য; দন্ত; অণ্ডজ, পক্ষী; সর্প; মৎস্যাদি; তুম্বুরবৃক্ষ।

দ্বিজকুৎসিত, পুং. [দ্বিজ+কুৎসিত] শ্লেষ্মানাশক বৃক্ষ।

দ্বিজদাস, পুং. [দ্বিজ+দাস] শূদ্র, অবরবর্ণ; (ত্রি.) ব্রাহ্মণ ক্ষত্রিয় ও বৈশ্যের দাস।

পুং. [দ্বি+জন্মন্] ব্রাহ্মণ, বিপ্র; দন্ত পক্ষী; ক্ষত্রিয়; বৈশ্য; (ত্রি.) দুইবার জন্মযুক্ত।

দ্বিজপতি, পুং, [দ্বিজ+পতি] চন্দ্র, শশাঙ্ক।

দ্বিজপ্রপা, স্ত্রী. [দ্বিজ+প্রপা] আলবাল, জলাবদার জন্য গাছের গোড়া বাঁধান

দ্বিজপ্রিয়া, স্ত্রী. [দ্বিজ+প্রিয়া] সোমলতা; (ত্রি.) ব্রাহ্মণ প্রিয় বস্তু

দ্বিজব্রুব, পুং. [দ্বিজ+ব্রুব] ব্রাহ্মণব্রুব, জাতি মাত্রোপজীবী ব্রাহ্মণ

দ্বিজবন্ধু, পুং. [দ্বিজ+বন্ধু] অব্রাহ্মণ, ভট্ট দৈবজ্ঞাদি।

দ্বিজবর্য্য, পুং. [দ্বিজ+বর্য্য] শ্রেষ্ঠব্রাহ্মণ।

দ্বিজব্রণ, পুং. [দ্বিজ+ব্রণ] দন্তার্ব্বুদ।

দ্বিজলিঙ্গী, পুং. [দ্বিজ+লিঙ্গিন] ক্ষত্রিয়; (ত্রি.) ব্রাহ্মণবেশ ধারী।

দ্বিজরাজ, পুং. [দ্বিজ+রাজন] চন্দ্র; কর্পূর; অনন্ত; গরুড়; বিপ্র।

দ্বিজশপ্ত, পুং. [দ্বিজ+শপ্ত] রাজমাস, বরবটী কলাই।

দ্বিজশুশ্রূষা, স্ত্রী. [দ্বিজ+শুশ্রূষা] দ্বিজসেবা।

দ্বিজসেবক, পুং. [দ্বিজ+সেবক] শূদ্র, (ত্রি.) ব্রাহ্মণাদির সেবক।

দ্বিজা, স্ত্রী. [দ্বিজ+আ] রেণুকা নাম গন্ধদ্রব্য; ভার্গী; পালঙ্কী।

দ্বিজাত, পুং. [দ্বি+জাত] দ্বিজাতি, পুনর্ব্বার জন্মপ্রাপ্ত।

দ্বিজাঙ্গী, স্ত্রী. [দ্বিজ+অঙ্গ-ঈ] কটুকা।

দ্বিজাতি, পুং. [দ্বি+জাতি] ব্রাহ্মণ; অণ্ডজ, পক্ষী, ক্ষত্রিয়; বৈশ্য। [সম্বন্ধীয়।

দ্বিজাতীয়, ন. [দ্বিজাত+ঈয়] ব্রাহ্মণ

দ্বিজানুলোম, ন. [দ্বিজ+অনুলোম] প্রথম তিন শ্রেণীর নিয়মবদ্ধ।

দ্বিজায়নী, স্ত্রী. [দ্বিজ+অয়ন-ঈ] যজ্ঞোপবীত, পৈতা। [ব্রাহ্মণেরগৃহ।

দ্বিজালয়, পুং. [দ্বিজ+আলয়] বৃক্ষ কোটর;

দ্বিজিহ্ব, ত্রি. [দ্বি+জিহ্বা] সর্প; সূচক; পিশুন; খল, চৌর; দুঃসাধ্য।

দ্বিজিহ্বতা, স্ত্রী. [দ্বিজিহ্ব+তা] শঠতা, দুই কথা। [গরুড়।

দ্বিজোত্তম, পুং. [দ্বিজ+উত্তম] ব্রাহ্মণ;

দ্বিজ্যা, স্ত্রী. [দ্বি+জ্যা] গোলাধ্যায়ের রেখা বিশেষ। [শেষ।

দ্বিজ্যামার্গ, ন. [দ্বিজ্যা+মার্গ] সমরেখা বি-

দ্বিট্‌সেবা, স্ত্রী. [দ্বিষ্‌+সেবা] শঠতা, প্রবঞ্চনা।
দ্বিট্‌সেবী, ন. [দ্বিষ্‌+সেবিন্‌] শঠ, ধূর্ত্ত।
দ্বিট্, পুং. [দ্বি+স] শত্রু, (ত্রি.) দ্বেষ্টা, দ্বেষকারক।
দ্বিঠ, পুং, [দ্বি+ঠ] বহ্নিজায়া, স্বাহা; বিসর্গ; ঠকারদ্বয়।
দ্বিতয়, ন [দ্বি+তয়] দ্বয়, যুগ্ম, দুই
দ্বিতীয়, ত্রি. [দ্বিত+ঈয়] দুয়েরপুরণ, দ্বয়।
দ্বিতীয়া স্ত্রী. [দ্বিতীয়+আ] গেহিনী, ভার্য্যা, তিথিবিশেষ চন্দ্রের দ্বিতীয় ও সপ্তদশকলার ক্রিয়াকাল।
দ্বিতীয়াকৃত, ত্রি. [দ্বিতীয়+আকৃত] বারদ্বয় কৃষ্টক্ষেত্র, দুইবারচসাভূমি।
দ্বিতীয়াভা, স্ত্রী. [দ্বিতীয়+আভা] দারুহরিদ্রা।
দ্বিত্র্যহ, পুং. [দ্বি+ত্রি+অহন] দুই তিন দিন।
দ্বিত্রা, ত্রি. [দ্বি+ত্র-আ] দুয়ের তিনের পরিমাণ, দ্বিত্রাঃশব্দ বহুবচনান্ত।
দ্বিত্ব, ন. [দ্বি+ত্ব] দুই সংখ্যা; পুনঃকরণ; বারদ্বয়।
দ্বিদন, ত্রি.[দ্বি+দৎ]দন্তদ্বয়যুক্ত বৃষাদি হস্তী।
দ্বিদলিয়া, (গ্রা) দুইপক্ষাক্রান্ত, উভয়দলস্থ।
দ্বিদাম্নী, স্ত্রী. [দ্বি+দামন-ঈ] রজ্জুদ্বয়যুক্তাগাভী।
দ্বিদেহ, পুং: [দ্বি+দেহ] গণেশ, হেরম্ব।
দ্বিদৈবত্যা, স্ত্রী. [দ্বি+দৈবত্য-আ] বিশাখানক্ষত্র। [সন্দেহ।
দ্বিধা, বা. [দ্বি+ধা] দ্বিপ্রকার; দ্ব্যর্থ;
দ্বিধাকল্প, ন. [দ্বিধা+কল্প] সন্দেহ বিষয়; অনিশ্চিত।
দ্বিধাকল্পন, ন. [দ্বিধা+কল্পন] সন্দেহকরণ; বিতর্ককরণ; চিন্তন।
দ্বিধাগতি, পুং. [দ্বিধা+গতি] কুম্ভীর, কুমীর; (ত্রি.) দ্বিপ্রকারগতিযুক্ত।
দ্বিধাতু, পুং. [দ্বি+ধাতু] গণেশ; (ন.) ধাতুদ্বয়।
দ্বিধাত্মক, ন. [দ্বিধা+আত্মক] জাতীফল।
দ্বিধালেখ্য, পুং. [দ্বিধা+লেখ্য] হিন্তালবৃক্ষ, হেঁতালগাছ, (ত্রি.) দুইপ্রকার লেখনীয়।
দ্বিনগ্নক, পুং. [দ্বি+নগ্নক] দুশ্চর্ম্মা, অনাবৃত মেঢ্র।
দ্বিপ, পুং. স্ত্রী. [দ্বি+পা] হস্তী, দ্বিরদ, (পুং.) নাগকেশর।
দ্বিপঞ্চাশৎ,স্ত্রী. [দ্বি+পঞ্চাশৎ]সংখ্যাবিশেষ, বায়ান্ন ৫২।
দ্বিপথ, ন. [দ্বি+পথ] পথদ্বয়, দুইপথ, দোমাথাপথ; চারুপথ, (ত্রি.) দুইপথ আছে যে গ্রামে।
দ্বিপদ, পুং. স্ত্রী. [দ্বি+পদ] মনুষ্য; দেব; পক্ষী; রাক্ষস; দুইপাদবিশিষ্ট।
দ্বিপদরাশি, পুং. [দ্বিপদ+রাশি] মিথুন; তুলা; কুম্ভ; কন্যা; ধনুর পূর্ব্বভাগ।
দ্বিপমদ, পুং. [দ্বিপ+মদ] হস্তীমদ।
দ্বিপর্ণী, স্ত্রী. [দ্বি+পর্ণী] বনকোলী; (ত্রি.) পর্ণদ্বয়যুক্ত।
দ্বিপাৎ, ত্রি. [দ্বি+পাদ] পাদদ্বয় বিশিষ্ট।
দ্বিপাদ্য, ন. [দ্বি+পাদ্য] দ্বিগুণদণ্ড।
দ্বিপায়ী, পুং. [দ্বি+পায়িন] হস্তী, গজ, দন্তী
দ্বিপাশ্ব, পুং. [দ্বি+পাশ্ব] হস্তী,গজ, দন্তী।
দ্বিপৃষ্ঠ, পুং. [দ্বি+পৃষ্ঠ] রাজভেদ, ব্রহ্মসম্ভব।
দ্বিবর্ষা, স্ত্রী. [দ্বি+বর্ষা] দ্বিহায়নী, দুই বৎসরবয়স্কা গাভী।
দ্বিবর্ষিকা, স্ত্রী. [দ্বি+বর্ষিকা] দ্বিবর্ষাগো, দুইবৎসরের গাভী। [বর্ষবয়স্ক।
দ্বিবর্ষীণ, ত্রি. [দ্বি+বর্ষীণ] দ্বিবার্ষিক, দুই-
দ্বিবর্ষীয়ান্‌, পুং. [দ্বিবর্ষ+ঈয়স্‌] দ্বিবর্ষবয়স্ক, যাহার দুইবৎসর বয়ঃক্রম।
দ্বিবার্ষিক, ত্রি. [দ্বিবর্ষ+ইক] দ্বিবর্ষভব, বর্ষদ্বয়জাত।
দ্বিবাহিকা, স্ত্রী. [দ্বি+বাহিকা] দোলা,ডুলী।
দ্বিবিদ, পুং. [দ্বি+বিদ] বানরবিশেষ।
দ্বিবিদারি, পুং.[দ্বিবিদ+অরি]বিষ্ণু,বলরাম।
দ্বিবিধ, ব্য. [দ্বি+বিধ] দুইপ্রকার, দ্বিধা।
দ্বিবেশরা, স্ত্রী. [দ্বি+বেশরা] লঘুরথ, ক্ষুদ্ররথ, ছোটরথ, গন্ত্রী, লঘী।
দ্বিমাতৃজ, পুং. [দ্বি+মাতৃজ] গণেশ, গজাননঃ ভগীরথ।

দ্বিমুখ, পুং. [দ্বি+মুখ] রাজসর্প; ধূর্ত্ত; (ত্রি.) মুখদ্বয় বিশিষ্ট।

দ্বিমুখা, স্ত্রী. [দ্বি+মুখা] কর্করী, গগরী, গাড়ু; জলৌকা, জোঁক।

দ্বিমুখাহি, পুং. [দ্বিমুখ+অহি] সর্পবিশেষ, শাঁখিনীসাপ, তৎপর্য্যায় যথা।—অহীরলি, রাজাহি. রাজসর্প দ্বিমুখ, সর্পভুক।

দ্বিমুখোরগ, পুং. [দ্বিমুখ+উরগ] রাজসর্প, সর্পভুক, শাখিনীসাপ।

দ্বিমূর্দ্ধা, ত্রি. [দ্বি+মূর্দ্ধন] মস্তকদ্বয়বিশিষ্ট।

দ্বিরদ, পুং. [দ্বি+রদ] হস্তী, বারণ।

দ্বিরদান্তক, পুং. [দ্বিরদ+অন্তক] সিংহ, কেশরী।

দ্বিরশন, ন. [দ্বির+অশন] ভোজনদ্বয়, দুই-বার আহার।

দ্বিরসন, পুং. [দ্বির+অসন] সর্প, অহি, বিষধর।

দ্বিরাগমন, ন. [দ্বির+আগমন] পুনরাগমন, নববধূর পুনর্ব্বার পতিগৃহে গমন।

দ্বিরাপ, পুং. [দ্বির+আপ] হস্তী, করী।

দ্বিরুক্ত, ত্রি. [দ্বির+উক্ত] দ্বিবারকথিত, দুই-বার উক্ত

দ্বিরুক্তি, স্ত্রী. [দ্বির+উক্তি] বারদ্বয় কথন, দুইবারকহা, পুনঃকথন।

দ্বিরূঢ়, স্ত্রী. [দ্বির+বহ] দ্বিবার বিবাহিতা কন্যা, দোপড়া, দিধিষু, পুনর্ভূ।

দ্বিরূপ, পুং. [দ্বি+রূপ] দ্ব্যাকার শব্দাদি যথা, দ্বিরূপ কোষাদি; দ্বিবারগ্রন্থাবৃত্তি যথা, দ্বিরূপ, চণ্ডীপুরাণাদি পাঠ; [ত্রি] রূপ-দ্বয়বিশিষ্ট।

দ্বিরূপী, পুং. [দ্বি+রূপিন্] দ্বিমূর্ত্তি; বিভিন্ন প্রকার রূপ কারক।

দ্বিরেফ, পুং. [দ্বি+রেফ] ভ্রমর. ভৃঙ্গ, অলি; [ত্রি] বর্ব্বর, মূর্খ।

দ্বির্ভোজন, ন. [দ্বি+ভোজন] দুইবারভোজন

দ্বিশঃ, বং. [দ্বি+শাস্] বারদ্বয়, দুইবার

দ্বিশফ, পুং. [দ্বি+শফ] দ্বিখুরযুক্তপশু, যথা। গাভী, অজ, মহিষ, কৃষ্ণশূকর, গবয়, রুরু, উষ্ট্র, গর্দ্দভ।

দ্বিষতীতাপ, ত্রি. [দ্বিষতী+তাপ] স্ত্রীশত্রু-তাপক।

দ্বিষন, ত্রি. [দ্বিষ+অৎ] শত্রু, বৈরী, দ্বেষ্টা।

দ্বিষন্তপ, ত্রি. [দ্বিষ+তপ] শত্রুন্তপ, শত্রুতা-পকারক, শত্রুতাপজনক।

দ্বিষ্ট, ন. [দ্বিষ+ত] দাস্ট, তাম্র, তাঁমা; দ্বেষ [ত্রি] বিষয়ীভূত। [মধ্যস্থিত।

দ্বিষ্ঠ. ত্রি. [দ্বি+স্থা] দ্বয়স্থ, উভয়স্থ, দুইয়ের

দ্বিসপ্ততি, স্ত্রী. [দ্বি+সপ্ততি] দ্ব্যধিকসপ্ততি, ৭২ বায়াত্তর সংখ্যা।

দ্বিসম, ত্রি. [দ্বি+সম] দুইদিক সমতুল্য।

দ্বিসমচতুরস্র, ন. [দ্বিসম+চতুরস্র] যে চতু-ষ্কোণের দুইদিক সমতুল্য।

দ্বিসমত্রিভুজ, ন. [দ্বিসম+ত্রিভুজ] যে ত্রি-কোণের দুইদিক সমতুল্য।

দ্বিসহস্রাক্ষ, পুং. [দ্বি+সহস্রাক্ষ] অনন্তদেব।

দ্বিসীতা, ত্রি. [দ্বি+সীতা] বারদ্বয় কৃষ্টক্ষেত্র, দোচসাভূমি, তৎপর্য্যায়, দ্বিগুণাকৃত, দ্বিতীয়াকৃত, সম্বাকৃত, শম্বাকৃত; দ্বিহল্য। [সিদ্ধচাউল।

দ্বিস্বিন্নান্ন, ন. [দ্বিস্বিন্ন+অন্ন] সিদ্ধতণ্ডুল;

দ্বিহল্য, ত্রি. [দ্বি+হল্য] দ্বিধাকৃষ্টক্ষেত্র, দোচসাক্ষেত।

দ্বিহা, পুং. [দ্বি+হন] হস্তী, গজ, করী, দন্তী।

দ্বিহায়নী, স্ত্রী. [দ্বি+হায়নী] দ্বিবর্ষাগাভী, দুইবয়স্কাগাভী।

দ্বীন্দ্রিয়গ্রাহ্য, পুং. [দ্বি+ইন্দ্রিয়—গ্রাহ্য] ইন্দ্রিয়দ্বয় গ্রহণীয় গুণ, সংখ্যাদি সপ্ত দ্রবত্ব স্নেহ স্বরূপ।

দ্বীপ, ন. [দ্বি+আ-প] ব্যাঘ্রচর্ম্ম; ব্যাঘ্র; [পুং] বারিমধ্যতট, জলবেষ্টিত ভূমি, অন্তরীপ

দ্বীপকর্পূরক, পুং. [দ্বীপ+কর্পূর] চীন-কর্পূর।

দ্বীপখর্জ্জুর, ন. [দ্বীপ+খর্জ্জুর] মহাপারেবত।

দ্বীপজ, ন. [দ্বীপ+জন] মহাপারেবত।

দ্বীপবতী, স্ত্রী. [দ্বীপ+বৎ—ঈ] নদী; ভূমি।

দ্বীপবান, পুং. [দ্বীপ+বৎ] সমুদ্র; নদ।

দ্বীপশত্রু, পুং. [দ্বীপ+শত্রু] শতাবরী।

দ্বীপস্থ, পুং. [দ্বীপ+স্থা] দ্বীপেস্থিতিকারী. দ্বীপবাসী।

দ্বীপিকা, স্ত্রী. [দ্বীপ+ইকা] শতাবরী।

দ্বীপিনখ, পুং. [দ্বীপি+নখ] ব্যাঘ্রনখ, সাপের নখ।

দ্বীপিশত্রু, পুং. [দ্বীপি+শত্রু] শতমূলী-লতাবিশেষ।

দ্বীপী, পুং. [দ্বীপ+ইন] চিত্রক; ব্যাঘ্র, চিতেবাঘ।

দ্বীপ্য, ত্রি. [দ্বীপ+য] দ্বীপেভব, দ্বৈপ্য।

দ্বৃ, ন. [দ্বৃ] সংসরণ; বরণ, স্বীকার।

দ্বেধা, ব্য. [দ্বি+ধা] দ্বিপ্রকার, দ্বিবার বারদ্বয়।

দ্বেষ, পুং. [দ্বিষ+অ] শত্রুতা, হিংসা, বৈরি, বিরোধ, বিদ্বেষ, দ্বেষণ।

দ্বেষণ, ন. [দ্বিষ+অন] দ্বেষ; [ত্রি] শত্রু; হিংসন, শত্রুতাকরণ।

দ্বেষী, ত্রি. [দ্বিষ+ইন] শত্রু, বৈরী, হিংসক।

দ্বেষ্টা, নি. [দ্বিষ+তৃ] বিদ্বেষকর্ত্তা, বিদ্বেষক।

দ্বেষ্য, ত্রি. [দ্বিষ+য] দ্বেষবিষক, বিদ্বেষার্হ, অক্ষিগত।

দ্বৈগুণ্য, ন. [দ্বিগুণ+য] দ্বিগুণীকৃত।

দ্বৈগুণিক, ত্রি. [দ্বিগুণ+ইক] বৃদ্ধ্যাজীব. দ্বিগুণ গ্রহণকারক।

দ্বৈত, ন. [দ্বি+ত] দ্বয়, দুইপ্রকার; লোকাদিরূপ; ভেদ, সন্দেহ।

দ্বৈতবাদী, ত্রি. [দ্বৈত+বাদিন] জীব ও ঈশ্বরের ভেদবক্তা, ঈশ্বরাতিরিক্ত জীববক্তা। [শ্বরবাদী।

দ্বৈতজ্ঞ, পুং. [দ্বৈত+জ্ঞা] দ্বৈতবাদী, ভিন্নে-

দ্বৈতজ্ঞান, ন. [দ্বৈত+জ্ঞান] দ্বৈতবাদ, ভিন্নেশ্বর জ্ঞান।

দ্বৈতীয়ীক, ত্রি. [দ্বিতীয়+ঈক] দ্বিতীয়।

দ্বৈধ, ব্য. [দ্বি+ধা] দ্বিপ্রকার, একের সহিত সন্ধি অপরের সহিত বিগ্রহ; বিবাদ সংশয়; ঘোরার্থ; ব্যঙ্গোক্তি।

দ্বৈধীকরণ, ন. [দ্বৈধী+করণ] দ্বৈধীকৃত।

দ্বৈপ, পুং. [দ্বীপ+অ] দ্বীপচর্ম্মাবৃত রথ; (ত্রি.) দ্বীপসম্বন্ধীয়; ব্যাঘ্রচর্ম্ম সম্বন্ধীয়।

দ্বৈপায়ন, পুং. [দ্বীপ+অয়ন] ব্যাসদেব, পুরাণবক্তা।

দ্বৈপ্য, ত্রি. [দ্বীপ+য] দ্বীপসম্বন্ধীয়।

দ্বৈমাতুর, পুং. [দ্বিমাতৃ+উর] গণেশ; জরাসন্ধ রাজা; (ত্রি.) দ্বিমাতৃ জাত, দুই মাতার পুত্র, ভগীরথ।

দ্বৈমাতৃক, পুং. [দ্বিমাতৃ+ক] নদীবৃষ্টি জলোদ্ভূত ধান্য ভূতোদেশ, যে দেশে নদীর জল দ্বারা ধান্যাদি জন্মে; দুই মাতার পুত্র, ভগীরথ।

দ্বৈমিত্রি, ত্রি. [দ্বি+মিত্রি] দুই মিত্রজাত।

দ্বৈয়হ্নিক, ত্রি. [দ্ব্যহন+ইক] দুইদিবস সম্বন্ধীয়।

দ্বৈরথ, পুং. [দ্বিরথ+অ] দুই রথীতে পরস্পর যুদ্ধ।

দ্বৈরাত্রিক, ত্রি. [দ্বিরাত্র+ইক] দুইরাত্র সম্বন্ধীয়।

দ্বৈবর্ষিক, ত্রি. [দ্বিবর্ষ+ইক] দুইবর্ষসম্বন্ধীয়।

দ্বৈবিধ্য, ন. [দ্বিবিধ+য] দুই প্রকার।

দ্বৈহায়ন, ন, [দ্বিহায়ন+অ] দুইবর্ষ।

দ্বৈষণীয়া, স্ত্রী. [দ্বেষণ+ঈয়] নাগবলী ভেদ।

দ্ব্যগ্র, ন. [দ্বি+অগ্র] অগ্রদ্বয় বিশিষ্ট।

দ্ব্যঙ্গুল, ত্রি. [দ্বি+অঙ্গুল] অঙ্গুলিদ্বয় পরিমিত, (ন.) অঙ্গুলিদ্বয় মাত্র।

দ্ব্যঙ্গুলি, পুং. [দ্বি+অঙ্গুলি] দুই অঙ্গুলি, অঙ্গুলিদ্বয় পরিমিত।

দ্ব্যঙ্গুল, ত্রি. [দ্বি+অঙ্গুল] অঙ্গুলিদ্বয় পরিমিত, দুই অঙ্গুলি পরিমাণ; (ন.) অঙ্গুলিদ্বয় মাত্র।

দ্ব্যণুক, ন. [দ্বি+অণুক] পরমাণু সমবেত দ্রব্য, পরমাণুদ্বয়, দুই পরমাণু পরিমাণ।

দ্ব্যন্য, ত্রি. [দ্বি+অন্য] দুইয়ের অন্য।

দ্ব্যর্থ, ত্রি. [দ্বি+অর্থ] অর্থদ্বয়যুক্ত শব্দাদি; দুই প্রকার অর্থ, ব্যঙ্গার্থ, ঘোরার্থ।

দ্ব্যষ্ট, ন. [দ্বি+অষ্টন] তাম্র, তাঁমা।

দ্ব্যহ, পুং. [দ্বি+অহ] অহর্দ্বয়, দুইদিন।

দ্ব্যক্ষর, ন. [দ্বি+অক্ষর] বর্ণদ্বয়, দুই অক্ষর; (ত্রি.) অক্ষরদ্বয় যুক্ত শব্দাদি।

দ্ব্যাত্মক, পুং. [দ্বি+আত্মক] মিথুন-কন্যা ধনু-মীন-রাশি; দুইয়ের স্বরূপ, দ্বিবিধ।

দ্ব্যাহিক, ত্রি. [দ্বি+অহ+ইক] দিনদ্বয় ভব, দুইদিনের পর উৎপত্তি শালী, দিনদ্বয় জন

ধ ধ কার, তবর্গের চতুর্থ বর্ণ, এবং ব্যঞ্জনের ঊনবিংশতি বর্ণ; ইহার উচ্চারণ স্থান দন্ত, অস্যনামানি যথা।-ধনার্থ, রুচিঃ, স্থাণু, সাত্বত, যোগিনীপ্রিয়, মীনেশ, শঙ্খিনী, জল, অনন্ত, বিশ্বপাবনী, বিষণা, ধরণা, চিন্তা, নেত্রযুগ্ম, প্রিয়, মতি, পীতবাসা, ত্রিবর্ণা, ধাতা, স্মপ্লবঙ্গম, সন্দর্শা, মোহন, লজ্জা, বজ্রতুণ্ডাধর, পৃথ্বী, বামপাদাঙ্গুলিমূল, জ্যেষ্ঠা, সুরপুর, ভব, স্পর্শাত্মা, দীর্ঘজঙ্ঘা, কুবের, ধনসঞ্চয়।

ধ, পুং. ব্রহ্মা; কুবের; ধর্ম্ম; (ন.) ধন।

ধক্কা, (প্রা) আঘাত, অভিঘাত।

ধক্‌ধক্‌, (প্রা) দ্যোতমান, উজ্জ্বল।

ধট, পুং. [ধণ+অ] তুলা, তোলনদণ্ড, তরাজু, ধারা; তুলারাশি; তুলাপরীক্ষা।

ধটক, পুং. [ধট+ক] চতুর্দ্দশ বল্ল পরিমাণ, দ্বিচত্বা-রিংশ রত্তিকা, ৪২রতি পরিমাণ।

ধটী, স্ত্রী. [ধট+ঈ] চীরবস্ত্র; কৌপীন।

ধটীদান, ন. [ধটী+দান] গর্ভাধানের পর স্ত্রী সম্প্রদানক চীর বস্ত্রদান।

ধড়, (প্রা) দেহ, কায়, শরীর।

ধড়া, (প্রা) জীর্ণবস্ত্র; চেলখণ্ড; নেকড়া।

ধড়ী, (প্রা) শঠ, প্রতারক।

ধড়ীবাজ, (যাং) শঠ, ধূর্ত্ত

ধত্তূর, পুং. [ধেট+উর] ধূস্তূর, ধুস্তুর, ধুতুরা।

ধন, ন; [ধন+অ] স্নেহপাত্র; ধন, গোধন; জীবনোপায় তৎপর্য্যায় যথা।—দ্রব্য, চিত্ত স্বাপতেয়, রিকৃথ, ঋকৃথ, বসু, হিরণ্য দ্রবিণ, দ্যুম্ন, অর্থ, রা, বিভব, কাঞ্চন, লক্ষ্মী, ভোগ্য, সম্পৎ, ঋদ্ধি, ব্যবহার্য্য।

ধনকেলি, পুং. [ধন+কেলি] কুবের, ধনাধিপ। [অহঙ্কারী।

ধনগর্ব্বিত, পুং. [ধন+গর্ব্বিত] ধনগর্ব্বী,

ধনচেষ্টা, স্ত্রী. [ধন+চেষ্টা] অর্থচিন্তা, ধনপ্রাপ্তীচ্ছা।

ধনচ্ছ, স্ত্রী. [ধন+চ্ছো] করেটুপক্ষী বিশেষ।

ধনঞ্জয়, পুং. [ধনং+জয়] অগ্নি; চিত্রকবৃক্ষ; অর্জ্জুন; নাগভেদ, জলাশয়াধিপতি; দেহমারুত, শরীরবায়ু পঞ্চবায়ন্তর্গত; অর্জুন বৃক্ষ।

ধনতৃষ্ণা, স্ত্রী. [ধন+তৃষ্ণা] ধনলিপ্সা, ধনলালসা, বিত্তেহা।

ধনদ, পুং. [ধন+দা] কুবের, ধনপতি, ধনাধিপ, [ত্রি] ধনদাতা; হিজ্জল বৃক্ষ

ধনদণ্ড, পুং. [ধন+দণ্ড] অর্থদণ্ড, ফাইন্‌ ইতি ইংরাজী; (যাং) জরিমানা।

ধনদর্প, পুং. [ধন+দর্প] ধনের অহঙ্কার।

ধনদানুজ, পুং. [ধনদ+অনুজ] রাবণ, দশানন।

ধনদায়ী, পুং. [ধন+দায়িন] অগ্নি, অনল, হুতাশন; [ত্রি] ধনদাতা।

ধনদাক্ষী, স্ত্রী. [ধনদ+অক্ষিন] লতাকরঞ্জ, করঞ্চা।

ধনন্দদা, স্ত্রী. [ধনং+দদ-আ] বুদ্ধশক্তিভেদ।

ধনপতি, পুং. [ধন+পতি] কুবের, ধনেশ্বর।

ধনপিশাচিকা, স্ত্রী. [ধন+পিশাচিকা] ধনাশা, তৃষ্ণা।

ধনপিশাচী, স্ত্রী. [ধন+পিশাচী] তৃষ্ণা, ধনলোভ, ধনাশা।

ধনপ্রিয়া, স্ত্রী. [ধন+প্রিয়া] কাকজম্বু।

ধনবতী, স্ত্রী. [ধন+বৎ-ঈ] ধনিষ্ঠানক্ষত্র; ধনান্বিতা স্ত্রী, ধনিনী।

ধনবান, পুং. [ধন+বৎ] ধনবিশিষ্ট, ধনী, ভাগ্যবন্ত।

ধনবাহুল্য, ন. [ধন+বাহুল্য] অর্থাধিক্য, ধনবান, ধনী। [ধনভাগ।

ধনবিভাগ, পুং. [ধন+বিভাগ] অর্থবিভাগ,

ধনমত্ত, পুং. [ধন+মত্ত] ধনগর্ব্বী, ধনাহঙ্কারী।

ধনমদ, পুং. [ধন+মদ] বিভবগর্ব্ব, ধনের নিমিত্ত অহঙ্কার। [লোভী।

ধনলুব্ধ, পুং. [ধন+লুব্ধ] ধনলিপ্সু, অর্থ-

ধনস্থ, পুং. [ধন+স্থ] পক্ষীবিশেষ, কলিঙ্গ, ফিঙ্গক। [লতা।

ধনস্তক, পুং. [ধন+স্তক] গোক্ষুর, গোক্ষুরা

ধনহর, পুং. [ধন+হর] ধনগ্রাহী, ধনহারক।

ধনহরী, স্ত্রী. [ধন+হরিন্] চোরনামক গন্ধদ্রব্য তৎপর্য্যায় যথা, রাক্ষসী, চণ্ডা, ক্ষেম, দুষ্পত্র, গণহাসক; [ত্রি] ধনহারক ধনগ্রাহিণী। [তস্কর।

ধনহারী, ত্রি. [ধন+হারিন্] ধনাধিকারী;

ধনহীন, ত্রি. [ধন+হীন] নির্দ্ধন, গরীব্।

ধনা, স্ত্রী. [ধন+আ] রাগিণীবিশেষ, ধনাশ্রী-রাগিণী।

ধনাগম, পুং. [ধন+আগম] ধনের আয়।

ধনাগার, ন. [ধন+আগার] ধনরক্ষণ স্থান, ভাণ্ডার।

ধনাদান, ন. [ধন+আদান] অর্থ প্রতিগ্রহ।

ধনাঢ্য, পুং. [ধন+আঢ্য] ধনবিশিষ্ট, অর্থশালী, ধনসম্পন্ন, ভাগ্যবন্ত।

ধনাধার, ন. [ধন+আধার] ধনাগার, ভাণ্ডার; বাক্স, সিন্দুকাদি।

ধনাধিকারী, পুং. স্ত্রী. [ধন+অধিকারিন্] ধনহারী, উত্তরাধিকারী; (পুং.) কোষাধ্যক্ষ। [ধ্যক্ষ।

ধনাধিকৃত, পুং. [ধন+অধিকৃত] কোষা-

ধনাধিপ, পুং. [ধন+অধিপ] কুবের, ধনাধীশ্বর, ধনাধিপতি।

ধনাধিপতি, পুং. [ধন+অধিপতি] কুবের, ধনাধিপ, ধনেশ্বর।

ধনাধ্যক্ষ, পুং. [ধন+অধ্যক্ষ] কুবের; ধনাধিকৃত, ধনরক্ষক, তহবিলদার, খাজাঞ্চি।

ধনার্জ্জন, ন. [ধন+অর্জন] অর্থোপায়চেষ্টা, ধনসঙ্কলন, সম্পত্তি করণ।

ধনাশা, স্ত্রী. [ধন+আশা] ধনলোভ, অর্থেচ্ছা, ধনবাঞ্ছা।

ধনাশ্রী, স্ত্রী. [ধনা+শ্রী] রাগিণীবিশেষ, ধানসী, শ্রীরাগের তৃতীয় ভার্য্যা; মেঘরাগের চতুর্থভার্য্যা; মালকোষপুত্র গান্ধার রাগের পত্নী।

ধনিক, পুং. [ধন+ইক] সাধু, উত্তমর্ণ, ঋণদাতা, মহাজন; ধনী, ধনবিশিষ্ট, ধন্যাক; ধন্যা; স্বামী।

ধনিকা, স্ত্রী. [ধন+ইক] সাধুনারী, উত্তমর্ণের স্ত্রী; বধূ; যুবতী।

ধনিয়া, (প্রা.) বৃক্ষবিশেষ, ধন্‌েগাছ

ধনিতা, স্ত্রী. [ধনিন্+তা] বহুধন, ঐশ্বর্য্য।

ধনিষ্ঠা, স্ত্রী. [ধন+ইষ্ঠা] ত্রয়োবিংশ নক্ষত্র, শ্রবিষ্ঠা, বসুদেবতা।

ধনী, পুং. [ধন+ইন্] ধনবান, ইভ্য, আঢ্য, ধন সম্পন্ন

ধনীকা, স্ত্রী. [ধনী+ক-আ] যুবতী, তরুণী।

ধনীয়ক, ন. [ধন+ঈয়ক] ধন্যাক, ধন্যা।

ধনুঃ, পুং. [ধন+উস্] পিয়ালবৃক্ষ; (ত্রি.) ধনুর্দ্ধর; (পুং.ন.) শর নিঃক্ষেপযন্ত্র, কার্ম্মুক, তৎপর্য্যায়।—চাপ, ধন্ব, শরাসন, কোদণ্ড, কার্ম্মুক, ইষ্বাস, স্থাবর, গুণী, শরাবাপ, ধনুঃ, তৃণতা, ত্রিণতা, অস্ত্র ধনু; নবমরাশি; চতুর্হস্ত পরিমাণ।

ধনু, পুং. [ধন+উ] চাপ; রাশিবিশেষ; প্রিয়াল বৃক্ষ।

ধনুষ্কাণ্ড, ন. [ধনুস্+কাণ্ড] ধনুর্ব্বাণ।

ধনুষ্পট, পুং. [ধনুস+পট] পিয়াল বৃক্ষ।

ধনুঃশাখা, স্ত্রী. [ধনুস+শাখা] মূর্ব্বা; ছিলা, জ্যা, মৌর্ব্বী।

ধনুঃশ্রেণী, স্ত্রী. [ধনুস+শ্রেণী] মূর্ব্বা; মহেন্দ্রবারুণী।

ধনুক, (প্রা) শরণিক্ষেপ যন্ত্র, কার্ম্মুক।

ধনুখরা, (প্রা) ধনুখারা।

ধনুর্গুণা, স্ত্রী. [ধনুস+গুণা] মূর্ব্বা, জ্যা, মৌর্ব্বী।

ধনুদ্রুম, পুং. [ধনুস+দ্রুম] বংশ, বাঁশ।

ধনুর্ধর, ত্রি. [ধনুস+ধর] ধনুর্ধারী, তীরান্দাজ, তৎপর্য্যায়।—ধন্বী, ধনুষ্মান, ধানুষ্ক, নিষঙ্গী, অস্ত্রী, তুণীর, ধনুর্ভৃৎ।

ধনুর্ধারী, পুং. [ধনুস্+ধারিন] ধনুর্ধর, ধানুষ্ক, তীরান্দাজ।

ধনুর্বৃক্ষ, পুং. [ধনুস+বৃক্ষ; বংশ; ভল্লাতক; অশ্বত্থ।

ধনুর্ব্বেদ, পুং. [ধনুস্+বেদ] ধনুর্ব্বেদ বোধকশাস্ত্র।

ধনুর্ভৃৎ, পুং. [ধনুস্+ভৃৎ] ধনুর্ধর, ধনুর্ধারী, ধানুষ্ক, তীরান্দাজ।

ধনুর্মধ্য, ন. [ধনুস্+মধ্য] চাপমধ্যভাগ, মস্তক।

ধনুর্মার্গণ, ন. [ধনুস্+মার্গ] বক্ররেখা।

ধনুর্মালা, স্ত্রী. [ধনুস্+মালা] মূর্ব্বা, ছিলা, জ্যা। [লতা।
ধনুর্য্যাস, পুং. [ধনুস্+য্যাস] ধন্বয়াস, দুরা-
ধনুর্লতা, স্ত্রী. [ধনুস্+লতা] সোমবল্লী।
ধনুর্ম্মৎ, ন. [ধনুস্+মৎ] ধনুরাকার চক্র।
ধনুষ্কর, পুং. [ধনুস্+কর] ধানুষ্ক, ধনুর্ধারী, তীরান্দাজ।
ধনুষ্টঙ্কার, [ধনুস্+টঙ্কার] ধনুরছিলার শব্দ, জ্যাশব্দ; অঙ্গগ্রহ, রোগবিশেষ।
ধনুষ্মান, পুং. [ধনুস+মৎ] ধনুর্ধর, তীরান্দাজ। [কাঠিন্য।
ধনুস্তম্ভ, পুং. [ধনু+স্তম্ভ] রোগজনিত মাংস
ধনুঃ, স্ত্রী. [ধনু+উস] ধনুঃ, বাণনিঃক্ষেপযন্ত্র; [পুং.) ধান্যসঞ্চয়।
ধনেয়ক, ন. [ধন+এয়ক] ধন্যাক।
ধনেশ, পুং. [ধন+ঈশ] ধনাধিপতি, কুবের, যক্ষরাজ। [ধিপতি।
ধনেশ্বর, পুং. [ধন+ঈশ্বর] কুবের, ধনা-
ধনেষী, পুং. [ধন+এষিন্] উত্তমর্ণ।
ধনোপার্জন, ন. [ধন+উপার্জন] অর্থসঞ্চয়, ধনচেষ্টা।
ধন্দা, (প্রা) দৃষ্টিভ্রম, অন্ধতা, ভ্রম।
ধন্য, পুং. [ধন+য] অশ্বকর্ণবৃক্ষ; কৃতকর্ত্তা,
ধন্বয়বাসক, পুং. [ধন্বয়+বাসক] দুরালভা।
ধন্যবাদ, পুং. [ধন্য+বাদ] সাধুবাদ, প্রশংসাবাদ; স্তবকরা, গুণোৎকীর্ত্তন।
ধন্যব্রত, ন. [ধন্য+ব্রত] ধনজনকব্রত কৃৎপুরুষ।
ধন্যা, স্ত্রী. [ধন+য-আ] আমলকী; ধন্যাক, ধনিয়া; কৃতার্থস্ত্রী।
ধন্যাক, ন. [ধন্যা+ক] ধনিয়া, ধন্যা; তৎপর্য্যায় যথা।— ছত্রা, বিতুন্নক, কুস্তুম্বুরু, ধান্যাক, ধন্য, ধনিক, ধনীয়ক, রী, ধান্যাক, তুম্বুরু, ধন্যা, তুম্বুরী, ধনেয়ক; ধানক, ধান্য, ধানেয়, ধনিকা, ছত্রাধান্য, সুগন্ধি, শাকযোগ্য, সূক্ষ্মপত্র, জনপ্রিয়, ধান্যবীজ, বীজধান্য, বেধক, কুলটী, ধেনিকা, ধন্যক, ধান্য, ধানেয়ক।
ধন্যাশী, স্ত্রী. [ধন্য+আশী] রাগিণীবিশেষ।

ধন্বন্, ন.পুং. [ধন্বি+অ] ধনুঃ, ধনুক; স্থল,।
ধন্ব, ন. [ধনু+অ] ধনু, ধনুক।
ধন্বঙ্গ, পুং. [ধনু+অঙ্গ] ধন্বনবৃক্ষ, বৃক্ষবিশেষ, ধামিনী, ধনুবৃক্ষ, গোত্রবৃক্ষ, সুতেজন।
ধন্বদুর্গ, ন. [ধন্ব+দুর্গ] নির্জলদেশ, জলশূন্যস্থান, মরুদেশ।
ধন্বন, পুং. [ধনু+ন] বৃক্ষবিশেষ, ধামনি, তৎপর্য্যায় যথা — রক্তকুসুম, ধনুবৃক্ষ, মহাবল, রুজাসহ, পিচ্ছিলক, রূক্ষস্বাদুফল।
ধন্বন্তরি, পুং. [ধন্বন্+তরি] বেদ্যদেব, দিবোদাস; বিক্রমাদিত্যের রাজসভার নবরত্নান্তর্গত রত্নবিশেষ; ভগবানের অবতার।
ধন্বন্তরিগ্রস্তা, স্ত্রী.[ধন্বন্তরি+গ্রস্তা] কটুকী।
ধন্ববাস, পুং. [ধন্ব+বাস] দুরালভা।
ধন্বযবাস, পুং. [ধন্ব+যবাস] দুরালভা।
ধন্বযাস, পুং. [ধন্ব+যাস] দুরালভা।
ধন্বা, পুং. [ধন্বন্+আ] মরুদেশ, হাজাভূমি।
ধন্বী, পুং. [ধন্ব+ইন] ধনুর্ধর, তীরান্দাজ, বিদগ্ধ। [উজ্জ্বল।
ধপধপিয়া, (প্রা) শ্বেতবর্ণ, পরিষ্কার,
ধব, পুং. [ধু+অ] পতি, স্বামী; নর; ধূর্ত্ত; স্বনাখখ্যাতবৃক্ষ, ধাওয়াগাছ, তৎপর্য্যায় যথা।— ধুরন্ধর, শাকটাখ্য দৃঢ়তরু, গৌর, কষায়, মধুরত্বক, শুক্লবৃক্ষ, পাণ্ডুতরু, ধবল, পাণ্ডুর।
ধবল, পুং. [ধব+ল] ধববৃক্ষ, ধাওয়াগাছ, চীনকর্পূর; বৃষশ্রেষ্ঠ; শুক্ল; (ত্রি.) সুন্দর; শ্বেতগুণযুক্ত; (ন.) শ্বেতমরীচ, রাগবিশেষ, হিন্দোলরাগের অষ্টমপুত্র; শ্বিত্র, রোগবিশেষ।
ধবলকুষ্ঠ, ন. [ধবল+কুষ্ঠ] ব্যাধিবিশেষ।
ধবলপক্ষ, পুং. [ধবল+পক্ষ] হংস, বক; শুক্লপক্ষ।
ধবলপাটলী, স্ত্রী. [ধবল+পাটলী] সিতপাটলিকা; সেউতী।
ধবলমৃত্তিকা, স্ত্রী. [ধবল+মৃত্তিকা] খটিনী, খটিকা, খড়িমাটী।

ধবলযাবনাল, পুং. [ধবল+যাবনাল] যাবনালবিশেষ, তৎপর্য্যায় যথা।—পাণ্ডুর, তারতণ্ডুল, নক্ষত্রকান্তিবিস্তার, বৃত্ত, মৌক্তিকতণ্ডুল।

ধবলা, স্ত্রী. [ধবল+আ] শুক্লাগাভী, সাদাগরু; শ্বেতবর্ণ।

ধবলী, স্ত্রী. [ধবল+ঈ] শুক্লাগাভী, সাদাগরু; ধবলরোগযুক্ত।

ধবলোৎপল, ন. [ধবল+উৎপল] কুমুদ, শ্বেতপদ্ম।

ধবাণক, পুং. [ধব+আণক] বায়ু, পবন।

ধবিত্র, ন. [ধূ+ইত্র] মৃগচর্ম্মরচিত ব্যজন, মৃগচর্ম্মেরপাখা।

ধম, ত্রি. [ধ্মা+অ] অগ্নিসংযোগকর্ত্তা; শব্দকর্ত্তা।

ধমক, পুং. [ধ্মা+ক] কর্ম্মকার, কামার, (প্রা) ভয়প্রদর্শনার্থ, ভর্ৎসনা, তাড়না।

ধমন, পুং. [ধ্মা+অন] নল; (ত্রি.) ভস্ত্রাধ্মাপক, যাঁতাদ্বারা বায়ুসঞ্চালিতকরণ; ক্রুর।

ধমনি, স্ত্রী. [ধ্মা+অনি] ধমনী, নাড়ী।

ধমনী, স্ত্রী. [ধ্মা+অনি ঈ] নাড়ী, শিরা, হট্টবিলাসিনী; গ্রীবা; গলা, হরিদ্রা, হলুদ

ধমকা, (প্রা) ভস্ত্রা; বায়ুবেগ; ঝড়।

ধমকান, (প্রা) তাড়ন, ভর্ৎসন, বক্সোগু।

ধম্মিল্ল, পুং. [ধম্+মিল] সংযতকেশ; চুলেরখোপা; কুসুম গর্ভো মৌক্তিক পদ্মরাগ লতিকাদিনাবহিঃ সংযতোবদ্ধ কেশকলাপ

ধয়া, ত্রি. [ধে+অ] পানকর্ত্তা; (স্ত্রী.) বালিকা।

ধর, পুং. [ধৃ+অ] পর্ব্বত; কার্পাস তুলা; কূর্ম্মরাজ; বসুভেদ।

ধরণ, ন. [ধৃ+অন] মানভেদ, চতুর্বিংশতি রতিকারূপ, ২৪ রতি, পলদশমাংশ; ধারণ; (পুং.) অদ্রিপতি; লোক; স্তন; ধান্য; দিবাকর; সেতু; রাখন; আকর্ষণ; গ্রহণ; অবলম্বন; তিষ্ঠন।

ধরণা, (প্রা) ভক্তি, প্রবন্ধবিশেষ।

ধরণাদায়ক, (প্রা) উত্তেজনকারী, সম্প্রতিরোধক, ঋণাদি আদয় নিমিত্ত পানাশন ত্যাগপূর্ব্বক যে নিকটে থাকে।

ধরণি, স্ত্রী. [ধৃ+অণি] অচলা, পৃথিবী।

ধরণিধর, পুং. [ধরণি+ধর] বিষ্ণু; কূর্ম্ম; পর্ব্বত।

ধরণিয়া, (প্রা) ধারণকর্ত্তা, ধারক।

ধরণী, স্ত্রী. [ধৃ+অনি-ঈ] পৃথ্বী, পৃথিবী, মেদিনী; নাড়ী; শাল্মলিবৃক্ষ; মূলবিশেষ, তৎপর্য্যায় যথা।—ধারণীয়া, ধীরপত্রী, সুকন্দক, কন্দালু, বনকন্দ, কন্দাঢ্য, দণ্ডকন্দক।

ধরণীকন্দ, পুং. [ধরণী+কন্দ] ধরণীনাম মূল বিশেষ।　[গিরি, শৈল।

ধরণীকীলক, পুং. [ধরণী+কীলক] পর্ব্বত,

ধরণীতল, ন. [ধরণী+তল] অবনীতল, পৃথিবী, বসুমতী; পাতাল।　[কূর্ম্ম।

ধরণীধর, পুং. [ধরণী+ধর] বিষ্ণু; পর্ব্বত;

ধরণীপতি, পুং. [ধরণী+পতি] ভূপতি, মহীপতি, রাজা।

ধরণীপাল, পুং. [ধরণী+পাল] মহীপাল, ভূপাল, রাজা।

ধরণীপূর, পুং. [ধরণী+পূর] সমুদ্র, সাগর।

ধরণীপ্লব, পুং. [ধরণী+প্লব] সমুদ্র, সাগর

ধরণীশ্বর, পুং. [ধরণী+ঈশ্বর] শিব, মহাদেব; বিষ্ণু; ভূপতি, রাজা

ধরণীসুতা, স্ত্রী. [ধরণী+সুতা] সীতা, জানকী।

ধরসংস্থ, ত্রি. [ধর+সংস্থ] পর্ব্বততুল্য।

ধরা, স্ত্রী. [ধৃ+অ-আ] পৃথিবী; গর্ভাশয়; মেদ; নাড়ী; মহাদান বিশেষ; ধৃত; রক্ষিত।　[বৃদ্ধিবিশেষ।

ধরাট, (প্রা) সাবধান; উদ্ধার; ঋনদানের

ধরাণ, (প্রা) গ্রহণকারক; ধৃত করান।

ধরাকদম্ব, পুং. [ধরা+কদম্ব] ধারাকদম্ববৃক্ষ; মৈনাক

ধরাত্মজ, পুং. [ধরা+আত্মজ] মঙ্গলগ্রহ।

ধরাধর, পুং. [ধরা+ধর] বিষ্ণু; কূর্ম্ম; পর্ব্বত।

ধরামর, পুং. [ধরা+অমর] বিপ্র, ব্রাহ্মণ, ভূদেব।　[ভূতলে নিদ্রিত।

ধরাশয়, ত্রি. [ধরা+শয়] ভূমেপতিত কিম্বা

ধরিত্রী, স্ত্রী. [ধৃ+ত্র-ঈ] পৃথিবী,পৃথ্বী,অবনী।
ধরিমমেয়, ত্রি. [ধরিম+মেয়] তুলাকরণ, ওজন করণ
ধরিমা, পুং. [ধৃ+ইমন্‌-অ] রূপ ; তুলা।
ধরুণ, পুং. [ধৃ+উন] ব্রহ্মা; স্বর্গ; নীর, জল, সম্মত।
ধর্ণা, (প্রা) উত্তেজনা, দ্রব্যাদি আদায়ার্থ নিকট পরিত্যাগ নাকরণ।
ধর্ত্তব্য, ত্রি. [ধৃ+তব্য] ধারণীয়, গ্রাহ্য; স্থাতব্য; পতনীয়; মান্য।
ধর্ত্র, ন. [ধৃ+ত্র] গৃহ ; ক্রতু, যজ্ঞ; ধর্ম্ম।
ধর্ম্ম, পুং. ন. [ধৃ+মন] শুভাদৃষ্ট, তৎপর্য্যায়।—পুণ্য,শ্রেয়ঃ,সুকৃত,বৃষ;ন্যায়; স্বভাব; আচার; উপমা; ক্রতু; অহিংসা; উপনিষৎ; (ন.) দানাদি; (পুং.) ধনুঃ;] যম; সোমপ; সৎসঙ্গ; অর্হন; দেবতাবিশেষ, ব্রহ্মার দক্ষিণ স্তন হইতে জাত; কর্ত্তব্যকর্ম্ম; সদনুষ্ঠান; স্বভাব; রীতি; জাতি ব্যবহার।
ধর্ম্মকর্ম্ম, ন. [ধর্ম্ম+কর্ম্ম] ধর্ম্মকার্য্য, শুভাদৃষ্ট প্রতিপাদক ক্রিয়া।
ধর্ম্মকায়, পুং. [ধর্ম্ম+কায়] বুদ্ধ।
ধর্ম্মকার্য্য, ন. [ধর্ম্ম+কার্য] ধর্ম্মকর্ম্ম।
ধর্ম্মকীল, পুং. [ধর্ম্ম+কীল] গুরুশাসন, রাজশাসন।
ধর্ম্মকীলক, পুং. [ধর্ম্ম+কীলক] ব্রহ্মশাসন।
ধর্ম্মকৃত্য, ন. [ধর্ম্ম+কৃত্য] ধর্ম্মকর্ম্ম।
ধর্ম্মকেতু, পুং. [ধর্ম্ম+কেতু] বুদ্ধ।
ধর্ম্মকোষ, পুং. [ধর্ম্ম+কোষ] ধর্ম্ম সঞ্চয়, ধর্ম্মের পুঁজি।
ধর্ম্মক্রিয়া, স্ত্রী. [ধর্ম্ম+ক্রিয়া] ধর্ম্মকর্ম্ম।
ধর্ম্মগ্রহণ, ন. [ধর্ম্ম+গ্রহণ] ধর্ম্মে প্রবেশ হওন; ধর্ম্মানুযায়ী, ধর্ম্মকরণ।
ধর্ম্মঘ্ন, ত্রি. [ধর্ম্ম+ঘ্ন] ধর্ম্মঘাতী, পাপী; যথেষ্টাচারী।
ধর্ম্মচক্র, পুং [ধর্ম্ম+চক্র] বুদ্ধ।
ধর্ম্মচক্রভৃৎ, পুং. [ধর্ম্ম+চক্রভৃৎ] জিন।
ধর্ম্মচারিণী, স্ত্রী. [ধর্ম্ম+চরিন-ঈ] জায়া, সহধর্ম্মিণী, বনিতা, স্ত্রী, ভার্য্যা; লতাবিশেষ।
ধর্ম্মচিন্তন. ন. [ধর্ম্ম+চিন্তন] ধর্ম্মচিন্তা, পুণ্যকর্ম্ম করণ।
ধর্ম্মচিন্তা, স্ত্রী. [ধর্ম্ম+চিন্তা] পুণ্যভাবনা, উপাধি, সৎকর্ম্মের চিন্তাকরণ।
ধর্ম্মজীবন, পুং. [ধর্ম্ম+জীবন] ধর্ম্মানুযায়ী ব্রাহ্মণ। [ধর্ম্মিষ্ঠ, ধার্ম্মিক।
ধর্ম্মজ্ঞ, ত্রি. [ধর্ম্ম+জ্ঞা] ধর্ম্মজ্ঞানবিশিষ্ট,
ধর্ম্মজ্ঞান, ন. [ধর্ম্ম+জ্ঞান] পারত্রিক হিতাহিত বোধ; কর্ত্তব্যতা, ধর্ম্মবোধ।
ধর্ম্মণ, পুং. [ধৃ+মন] বৃক্ষবিশেষ, ধামিনিয়া; সর্পবিশেষ, ঢেমনাসাপ।
ধর্ম্মতঃ, ন. [ধর্ম্ম+তস] ন্যায়তঃ,ধর্ম্মানুসারে, যথার্থরূপে, যথার্থতঃ।
ধর্ম্মতত্ত্ব, ন. [ধর্ম্ম+তত্ত্ব] ধর্ম্মের যাথার্থ্য, ধর্ম্মের রহস্য।
ধর্ম্মত্ব, ন. [ধর্ম্ম+ত্ব] বৃত্তিমত্ত্ব, আধেয়ত্ব।
ধর্ম্মদ্রবী, স্ত্রী. [ধর্ম্ম+দ্রব-ঈ]গঙ্গা,ভাগিরথী।
ধর্ম্মদ্রোহী, ত্রি. [ধর্ম্ম+দ্রোহিন্] ধর্ম্মঘাতী, পাপীষ্ঠ; শাস্ত্রনিন্দক
ধর্ম্মদান, ন. [ধর্ম্মদান] প্রয়োজন; আকাঙ্ক্ষা না করিয়া কেবল উদ্দিশ্য সৎপাত্রেদান।
ধর্ম্মধাতু, পুং. [ধর্ম্ম+ধাতু] বুদ্ধ।
ধর্ম্মধ্বজী, ত্রি. [ধর্ম্ম+ধ্বজিন] জীবিকার্থ জটাদিবেশধারী, কপট সন্ন্যাসী, লিঙ্গবৃত্তি; ধর্ম্মবহিষ্কৃত।
ধর্ম্মনিষ্ঠ, পুং. [ধর্ম্ম+নিষ্ঠ] ধর্ম্মিষ্ঠ, পুণ্যবান, ধর্ম্ম স্থাপক। [শ্রাবন্তী।
ধর্ম্মপত্তন, ন. [ধর্ম্ম+পত্তন] মরিচ; ধর্ম্মপুরী,
ধর্ম্মপত্নী, স্ত্রী. [ধর্ম্ম+পত্নী] স্বগোত্রা বিবাহিতাস্ত্রী; ধর্ম্মেরপত্নী দক্ষকন্যা।
ধর্ম্মপত্র, পুং. [ধর্ম্ম+পত্র] যজ্ঞোডুম্বর, যজ্ঞডুমুর।
ধর্ম্মপর, ত্রি. [ধর্ম্ম+পর] ধর্ম্মবিশিষ্ট।
ধর্ম্মপরাঙ্মুখ, ন. [ধর্ম্ম+পরাঙ্মুখ] ধর্ম্মপ্রতিকুল; ধর্ম্মত্যাগী।
ধর্ম্মপাঠক, পুং. [ধর্ম্ম+পাঠক] ধর্ম্মপ্রবক্তা।
ধর্ম্মপুত্র, পুং. [ধর্ম্ম+পুত্র]যুধিষ্ঠিররাজা; নর নারায়ণঋষি; ধর্ম্মতঃকৃতপুত্র,ধরমবেটা।
ধর্ম্মবান, পুং, [ধর্ম্ম+বৎ] ধর্ম্মবিশিষ্ট, ধর্ম্মিষ্ঠ, পুণ্যবান, সৎক্রিয়ান্বিত।

ধর্ম্মবাসর, পুং. [ধর্ম্ম+বাসর] পৌর্ণমাসী, পূর্ণিমা।
ধর্ম্মবাহন, পুং. [ধর্ম্ম+বাহন] শিব; (ন.) ধর্ম্মের যান।
ধর্ম্মবিদ্, ত্রি. [ধর্ম্ম+বিৎ] ধর্ম্মজ্ঞ।
ধর্ম্মভাগিনী, স্ত্রী. [ধর্ম্ম+ভাগিনী]ভার্য্যা,স্ত্রী।
ধর্ম্মভাণক, পুং. [ধর্ম্ম+ভাণক] ভারতাদি পাঠক। [যাজক।
ধর্ম্মভিক্ষুক, পুং. [ধর্ম্ম+ভিক্ষুক] সন্ন্যাসী,
ধর্ম্মভ্রাতা,পুং.[ধর্ম্ম+ভ্রাতৃ-অ]সমপাঠাধ্যায়ী।
ধর্ম্মযাজক, পুং. [ধর্ম্ম+যাজক] ভারতাদি পাঠক।
ধর্ম্ময়ু, ত্রি. [ধর্ম্ম+য়ু] ধর্ম্মবিশিষ্ট, ধার্ম্মিক।
ধর্ম্মযুক্, ত্রি. [ধর্ম্ম+যুজ্] ধর্ম্মযুক্ত, ধার্ম্মিক।
ধর্ম্মরাজ, পুং. [ধর্ম্ম+রাজ] জিন; যম; নরপতি; যুধিষ্ঠির।
ধর্ম্মরোধী, ত্রি. [ধর্ম্ম+রোধিন্] ধর্ম্মঘ্ন, ধর্ম্মদ্রোহী।
ধর্ম্মলক্ষণ, ন. [ধর্ম্ম+লক্ষণ] ধর্ম্মের চিহ্ন।
ধর্ম্মযুক্ত, পুং. [ধর্ম্ম+যুক্ত] ধর্ম্মনিষ্ঠ,ধার্ম্মিক, পুণ্যবান, যম; যুধিষ্ঠির।
ধর্ম্মশালা, স্ত্রী. [ধর্ম্ম+শালা] উপাসনাগৃহ; দানগৃহ; অতিথিশালা; বিচারস্থান।
ধর্ম্মশালী, পুং. [ধর্ম্ম+শালিন্-ঈ] ধর্ম্মনিষ্ঠ, ধার্ম্মিক, ধর্ম্মবিশিষ্ট।
ধর্ম্মশাস্ত্র, ন. [ধর্ম্ম+শাস্ত্র] মন্বাদিপ্রণীতশাস্ত্র, ব্যবস্থাশাস্ত্র, স্মৃতি, ধর্ম্ম সংহিতা।
ধর্ম্মশীল, ত্রি.[ধর্ম্ম+শীল]ধার্ম্মিক,পুণ্যশীল।
ধর্ম্মসংহিতা, স্ত্রী. [ধর্ম্ম+সংহিতা]স্মৃতিশাস্ত্র, স্মৃতিগ্রন্থ।
ধর্ম্মসঙ্গ, পুং. [ধর্ম্ম+সঙ্গ] ধর্ম্ম; কপটধর্ম্ম।
ধর্ম্মসন্তানসূ, ত্রি. [ধর্ম্ম+সন্তানসূ] ধার্ম্মিক, ধর্ম্মিষ্ঠ।
ধর্ম্মসভা, স্ত্রী. [ধর্ম্ম+সভা] বিচারালয়।
ধর্ম্মসাবর্ণি, পুং. [ধর্ম্ম+সাবর্ণি]একাদশমনু।
ধর্ম্মসুত, পুং. [ধর্ম্ম+সুত] যুধিষ্ঠিররাজ; নর নারায়ণ ঋষী।
ধর্ম্মসূ, পুং. [ধর্ম্ম+সূ] ধুম্যাটপক্ষী, কিঙ্গা-
ধর্ম্মহন্তা, পুং. [ধর্ম্ম+হন্তা] ধর্ম্ম বিনাশক।
ধর্ম্মক্ষেত্র, ন. [ধর্ম্ম+ক্ষেত্র] কুরুক্ষেত্র; (ত্রি.) ধর্ম্মাধার, ধর্ম্মের আধার।
ধর্ম্মাত্মা, পুং. [ধর্ম্ম+আত্মন্-অ] ধর্ম্মশীল; সাধু; ধর্ম্মনিষ্ঠ।
ধর্ম্মাধর্ম্ম, ন. [ধর্ম্ম+অধর্ম্ম] পুণ্যাপুণ্য; ন্যায্যান্যায্য।
ধর্ম্মাধর্ম্মপরীক্ষণ, ন. [ধর্ম্মাধর্ম্ম+পরীক্ষণ] পরীক্ষাবিশেষ।
ধর্ম্মাধিকরণ, ন, [ধর্ম্ম+অধিকরণ] রাজার বিচারস্থান, বিচারাগার,ধর্ম্মালয়; (পুং.) ধর্ম্মাধ্যক্ষ।
ধর্ম্মাধিকরণী, স্ত্রী. [ধর্ম্ম+অধিকরণ-অ]বিচারক ধর্ম্মাধ্যক্ষ। [ধ্যক্ষতা।
ধর্ম্মাধিকার, পুং. [ধর্ম্ম+অধিকৃ-অ]বিচারা-
ধর্ম্মাধিকারী, পুং. [ধর্ম্ম+অধিকারিন্-অ] ধর্ম্মধিকরণবিশিষ্ট, বিচারকর্ত্তা, বিচারক, ধর্ম্মাধ্যক্ষ, ধার্ম্মিক; প্রাড়্বিবাক্।
ধর্ম্মাধ্যক্ষ, পুং. [ধর্ম্ম+অধ্যক্ষ] ধর্ম্মাধিকরণী; বিচারকর্ত্তা, বিচারক।
ধর্ম্মারণ্য, ন. [ধর্ম্ম+অরণ্য] পুণ্যবনবিশেষ, পবিত্রবন।
ধর্ম্মাসন, ন. [ধর্ম্ম+আসন] বিচারাসন, বিচারাকর অধিবেশনস্থান, বেঞ্চ।
ধর্ম্মিণী, স্ত্রী. [ধর্ম্ম+ইন-ঈ] রেণুকা; ধর্ম্মযুক্তাস্ত্রী; সহধর্ম্মচারিণী।
ধর্ম্মী, পুং. [ধর্ম্ম+ইন] ধর্ম্মবান, পুণ্যশীল।
ধর্ম্মিষ্ঠ, পুং. [ধর্ম্ম+ইষ্ঠ] সাধু, পুণ্যশীল, ধার্ম্মিক। [আচার্য্য।
ধর্ম্মোপদেশক, পুং. [ধর্ম্ম+উপদেশক] গুরু,
ধর্ম্ম্য, ত্রি. [ধর্ম্ম+য] ধর্ম্মাদানপেত, ধর্ম্মযুক্ত, ন্যায্য, উচিত।
ধর্ষ, পুং. [ধৃষ+অ] প্রাগল্‌ভ; অমর্ষ; সাহস; শক্তিবন্ধন; হিংসা; সংহতি।
ধর্ষক, ত্রি. [ধৃষ+অক] নট; সাহসী; দুরন্ত; গর্ব্বিত।
ধর্ষকারিণী, স্ত্রী. [ধর্ষ+কারিন্-ঈ] দূষিতকন্যা, দোষপ্রাপ্তাকুমারী।
ধর্ষণ, ন. [ধৃষ+অন] পরিভব, পরাভবকরণ; রতি; সাহসকরণ।
ধর্ষণি, স্ত্রী. [ধৃষ+অনি] বন্ধকী; বৃষলী।

ধর্ষণী, স্ত্রী. [ধৃষ+অনি-ঈ] পুংশ্চলী, অসতী, নষ্টা, ব্যভিচারিণী।
ধর্ষিণী, স্ত্রী. [ধৃষ+অনি-ঈ] পুংশ্চলী, অসতী, নষ্টা, ব্যভিচারিণী।
ধর্ষবর, পুং. [ধর্ষ+বর] মহল্লরক্ষক।
ধর্ষিত, ন. [ধৃষ+ত] রতি, মৈথুন; পরিভূত; (ত্রি.) কৃতধর্ষণ
নিষ্কাম, ত্রি. [নির্+কাম] কামনাশূন্য, ইচ্ছারহিত।

নিষ্কারণ, ত্রি. [নির্+কারণ] কারণহীন, হেতুশূন্য।

নিষ্কাশ, পুং. [নির্+কাশ] প্রাসাদ্ব্যপস্থান, সাজা, বারাণ্ডা।

নিষ্কাশন, ন. [নির্+কাশ-অন] বহিষ্করণ, দূরীকরণ, তাড়ন।

নিষ্কাশিত, ত্রি. [নির্+কাশিত] নিষ্কাসিত, বহিষ্ককরণ; দূরীকৃত।

নিষ্কাসিত, ত্রি. [নির্+কাসিত] বহিষ্কৃত, দূরীকৃত, তৎপর্য্যায় ।—অবকৃষ্ট, নিঃসারিত; নির্গমিত; আহিত, অধিকৃত ।

নিষ্কুট, পুং. [নির্+কুট] গৃহসমীপস্থ উপবন, ক্ষেত্র, ক্ষুদ্র উদ্যান; কবাট;পত্ন্যাট, (বাং) যানানামহল; ক্ষেত ।

নিষ্কুটি, স্ত্রী. [নির্+কুট-ই] এলা,এলাইচ ।

নিষ্কুটী, স্ত্রী. [নির্+কুট-ঈ] নিষ্কুটি, এলা এলাইচ । [শূন্য ।

নিষ্কুম্ভ, পুং. [নির্+কুম্ভ]দন্তীবৃক্ষ,(ত্রি.) কুম্ভ

নিষ্কুল, ত্রি. [নির্+কুল] কুলরহিত, অকুলীন ।

নিষ্কুশিত, ত্রি. [নির্+কুশিত] নিষ্কাসিত; খণ্ডে কৃত ।

নিষ্কুহ, পুং. [নির্+কুহ] বৃক্ষকোটর, গাছের খোঁড়ল ।

নিষ্কৃতি, ত্রি. [নির্+কৃতি] নির্ম্মুক্তি, নিস্তার, উদ্ধার, রক্ষা, মুক্তি, মোচন ।

নিষ্কৃত্রিম, ত্রি. [নির্+কৃত্রিম] কৃত্রিমতা শূন্য, অকৃত্রিম, অকল্পিত, প্রকৃত ।

নিষ্কৃষ্ট, ত্রি. [নির্+কৃষ্ট] নিশ্চিত; সারার্থ; (পুং.) তাৎপর্য্য ।

নিষ্ক্রম, পুং. [নির্+ক্রম] ধীশক্তি; নির্গম; দুষ্কুল, নিষ্ক্রমণসংস্কার ।

নিষ্ক্রমণ, ন. [নির্+ক্রমণ] দশসংস্কারান্তর্গত সংস্কারবিশেষ; বহির্গমন, নিঃসারণ ।

নিষ্ক্রয়, পুং. [নির্+ক্রয়] ভৃতি, বেতন; বুদ্ধিযোগ; সামর্থ্য; নির্গতি; প্রত্যুপকার; বিনিময় ।

নিষ্ক্রান্ত, ত্রি. [নির্+ক্রান্ত] নির্গত, প্রস্থিত, বহির্গত, নিঃসৃত ।

নিষ্ক্রামক, ত্রি. [নির্+ক্রামক] বহিষ্কারক, নিঃসারক, নির্গত কারক

নিষ্ক্রিয়, ন. [নির্+ক্রিয়া] ব্রহ্ম, নিরঞ্জন; (ত্রি.) ক্রিয়াশূন্য ।

নিষ্ক্রিয়া, ত্রি. [নির্+ক্রিয়া] নিষ্কর্ম্মা; ক্রিয়াশূন্য; জড় ।

নিষ্ক্রোধ, ত্রি. [নির্+ক্রোধ] ক্রোধরহিত, ক্রোধশূন্য ।

নিষ্ক্বাথ, পুং. [নির্+ক্বাথ] মাংসাদিক্বাথ, ঝোল, যুস, তৎপর্য্যায় ।—রসক; (ত্রি.) ক্বাথশূন্য, শুষ্ক, নীরস ।

নিষ্টপ্ত, ত্রি. [নির্+তপ্ত] উত্তমরূপে পরিপাচিত; উজ্জ্বল ।

নিষ্ট্যা, পুং. [নিষ্টি+য] ম্লেচ্ছ জাতিবিশেষ ।

নিষ্ঠ, ত্রি. [নি+স্থা-অ] স্থিত, স্থির; তৎপর; অভিনিবিষ্ট

নিষ্ঠা, স্ত্রী. [নি+স্থা] নিষ্পত্তি; নাশ; অন্তঃ; নির্ব্বহণ; যাচ্ঞা; ধর্ম্মাদিতে শ্রদ্ধা, দৃঢ়ভক্তি; বিশ্বাস,স্থিরতা; প্রাপ্য ।

নিষ্ঠান, ন. [নি+স্থা-অন] ব্যঞ্জন, উপস্কর, উপকরণ ।

নিষ্ঠিত, ত্রি. [নি+স্থা-ত] নিতরাংস্থিত, সুতরাং স্থিত; নিষ্ঠাবিশিষ্ট; নিশ্চয়ে স্থিত ।

নিষ্ঠীব, পুং. [নি+ষ্ঠীব] নিষ্ঠীবন, থুথু, শ্লেষ্মাদি, পিক্ ।

নিষ্ঠীবন, ন. [নি+ষ্ঠীবন] মুখ হইতে শ্লেষ্মাদিবমন, ছেপ, থুথু, তৎপর্য্যায় ।—নিষ্ঠেব, নিষ্ঠ্যুতি, নিষ্ঠেবন, নিষ্ঠেবা, নিষ্ঠেব ।

নিষ্ঠীবনপাত্র, ন. [নিষ্ঠীবন+পাত্র] পিক্দান, থুথু ফেলাপাত্র ।

নিষ্ঠুর, ত্রি. [নি+স্থা-উর] পরুষ, কঠিন; নির্দ্দয়, কঠিন, ক্রূর, দুরন্ত ।

নিষ্ঠুরতা, স্ত্রী. [নিষ্ঠুর+ত-আ] নির্দ্দয়তা, ক্রূরতা, কঠোরতা ।

নিষ্ঠ্যূত, ত্রি. [নিষ্ঠিব+ত] ক্ষিপ্ত, উন্মত্ত ।

নিষ্ঠ্যূতি, স্ত্রী. [নিষ্ঠ্যূত+ই] নিষ্ঠীবন, থুথু, ছেপ । [ছেপ ।

নিষ্ঠেব, ত্রি. [নি+ষ্ঠিব-অ] নিষ্ঠীবন, থুথু,

নিষ্ঠেবন, ন. [নি+ষ্ঠিব-অন] নিষ্ঠীবন, থুথুত্যাগ, থুথু ফেলন ।

নিষ্ণ, ত্রি. [নি+স্না-অ] নিষ্ণাত, নিপুণ ।

নিষ্ণাত, ত্রি. [ন+স্না-ত] বিজ্ঞ, নিপুণ; প্রবীণ, পণ্ডিত; পারগ ।

নিষ্পক্ব, ত্রি. [নির্+পক্ব] অতিপক্কব্যঞ্জন দশমূলাদি, তৎপর্য্যায় ।-ক্বথিত; পক্বতাশূন্য ।

নিষ্পঙ্ক, ত্রি. [নির্+পঙ্ক] পঙ্করহিত, নির্ম্মল।

নিষ্পতাকাধ্বজ, পুং. স্ত্রী. [নিষ্পতাকা+ধ্বজ] রাজাদিগের পতাকা শূন্য দণ্ডবিশেষ।

নিষ্পত্তি, স্ত্রী. [নির্+পত-তি] সমাপ্তি, শেষ; সিদ্ধি; অবধারণ, নিশ্চয়।

নিষ্পত্তিকর, পুং. [নিষ্পত্তি+কর] মধ্যস্থ; সিদ্ধান্তকারক, সমাপন কর্ত্তা।

নিষ্পত্তিকারক, পুং. [নিষ্পত্তি+কারক] মধ্যস্থ, সমাপ্তিকারক।

নিষ্পত্রাকৃতি, স্ত্রী. [নিষ্পত্র+আকৃতি] সপত্রাকৃতি, অত্যন্তপীড়া, অতিশয় ক্লেশ।

নিষ্পত্রিকা, স্ত্রী. [নিষ্পত্র+ইক-আ] করীর বৃক্ষ বিশেষ।

নিষ্পদযান, ন. [নিষ্পদ+যান] পদরহিত বাহন, নৌকাদি।

নিষ্পন্দ, ত্রি. [নির্+পন্দ] স্পন্দরহিত, অচলন।

নিষ্পন্ন, ত্রি. [নির্+পদ-ত] নিষ্পত্তিবিশিষ্ট, সম্পন্ন, সমাপ্ত, শেষ, তৎপর্য্যায়।-সিদ্ধ, নির্বৃত্ত।

নিষ্পরাক্রম, ত্রি. [নির্+পরাক্রম]

নিষ্পরিগ্রহ, পুং. [নির্+পরিগ্রহ] যোগী, তপস্বী।

নিষ্পাদন, ন. [নির্+পাদ-অন] নিষ্পত্তিকরণ, শেষকরণ, সিদ্ধান্তকরণ, সমাধাকরণ, প্রতিজ্ঞাপূরণ; নিষ্পত্তি, নিযুক্তি।

নিষ্পাদনা, স্ত্রী. [নিষ্পাদন+আ] নিষ্পত্তি প্রেরণ। [সমাপ্য।

নিষ্পাদনীয়, ত্রি. [নির্+পদ-অনীয়] নিষ্পাদ্য,

নিষ্পাদিত, ত্রি. [নির্+পাদ-ত] কৃতনিষ্পাদন, সম্পন্নকরা, সমাপিত।

নিষ্পাদ্য, ত্রি. [নির্+পাদ-য] নিষ্পাদনীয়, সাধ্য; সমাপ্য।

নিষ্পান, ন. [নির্+পান] পান, নীতি।

নিষ্পাপী, পুং. [নির্+পাপিন্] পাপহীন, নির্দ্দোষী, নিরপরাধী।

নিষ্পাব, পুং. [নির্+পাব] ধান্যাদির নির্বাতীকরণ, বহুলীকরণ, তৎপর্য্যায়।-পবন, পব, পূতীকরণ; সূর্পবায়ু; রাজমাষ; কড়ঙ্গর; সমীরণ; শিম্বিকা; (ত্রি.) নির্বিকল্প; শ্বেতশিম্বী; রাজশিম্বীবীজ; (হিং.) ভট্টবাস্তু, ভূণ্টবাংশ।

নিষ্পাবক, পুং. [নিষ্পাব+ক] শ্বেতশিম্বী, শ্বেতসীম।

নিষ্পাবী, স্ত্রী. [নিষ্পাব+ঈ] শিম্বীবিশেষ, বোড়া, যথা।—হরিতবর্ণ ও পীতবর্ণ, হরিতবর্ণ, পর্য্যায়।—গ্রামজা, ফলিনী, নখপূর্ব্বিকা, মণ্ডপী, ফলিকা, শিম্বী, গুচ্ছফলা, বিশালফলিকা, নিষ্পাবি, চিপিটা, শুক্লশিম্বী পর্য্যায়।—অঙ্গুলিফলা, নখনিষ্পাবিকা, বৃন্তনিষ্পাবিকা, গ্রাম্যা, নখপুঞ্জফলা, অশনা।

নিষ্পিষ্ট, ত্রি. [নির্+পিষ্ট] চূর্ণিত, খণ্ডিত।

নিষ্পীড়ন, ন. [নির্+পীড়ন] নিঙ্গড়ান; কর্ষণ; রগড়ান।

নিষ্পুত্র, পুং. [নির্+পুত্র] নিঃসন্তান, অনপত্য।

নিষ্পুরুষ, ত্রি. [নির্+পুরুষ] পুরুষশূন্য; পুরুষত্ব রহিত, (পুং.) খোজা, ক্লীব।

নিষ্পেষণ, ন. [নির্+পেষণ] মর্দ্দন, বাটন, ঘর্ষণ। [মূর্খ।

নিষ্প্রতিত, ত্রি. [নির্+প্রতিত] নির্ব্বোধ,

নিষ্প্রতিভ, ত্রি. [নির্+প্রতিভ] অজ্ঞ, জড়, মূর্খ।

নিষ্প্রত্যূহ, ত্রি. [নির্+প্রত্যূহ] নির্ব্বিঘ্ন, বাধাহীন, নিরাপদ।

নিষ্প্রবাণি, ত্রি. [নির্+প্রবাণি] নূতনবস্ত্র, তৎপর্য্যায়।—অনাহত, তন্ত্রক, নবাম্বর, আহত, অহত, নববস্ত্র।

নিষ্প্রবাণ, ত্রি. [নির্+প্রবাণ] তন্ত্রোবিমুক্তবাস, নূতনবস্ত্র।

নিষ্প্রভ, ত্রি. [নির্+প্রভা] প্রভাশূন্য, দীপ্তিরহিত, তৎপর্য্যায়।—বিগত, অরোক, অস্বস্থ।

নিষ্প্রয়োজন, ত্রি. [নির্+প্রয়োজন] প্রয়োজনরহিত, অপ্রয়োজন, নিরর্থক, অহেতুক, অকারণ।

নিষ্পৃহ, ত্রি. [নির্+স্পৃহা] স্পৃহারহিত, অনেচ্ছু।

নিষ্ফল, ত্রি. [নির্+ফল] ফলশূন্য, বিফল, নিরর্থক, ব্যর্থ।

নিষ্ফলা, স্ত্রী. [নির্+ফল-আ] পঞ্চপঞ্চাশৎ বৎসরের উর্দ্ধগত রজস্কা, তৎপর্য্যায়।—নিষ্ফলী, নিষ্কলী, নিষ্কলা, বিকলী, বিকলা, ঋতুহীনা; বিরজাঃ, বিগতার্ত্তবা।

নিষ্ফলী, স্ত্রী. [নির+ফল-ঈ] নিষ্ফলা, ঋতুহীনা স্ত্রী।

নিসম্পাত, পুং. [নি+সম্পাত] নিঃসম্পাত, নিশীথ, অর্দ্ধরাত্র।

নিসর্গ, পুং. [নি+সর্গ] স্বভাব,প্রকৃতি; রূপ; সর্গ; স্বাভাবিক।

নিসাড়, (প্রা) স্পর্শজ্ঞানরহিত; অচেতন, সংজ্ঞাহীন।

নিসিন্ধা, (প্র.) নিসিন্ধনামে বৃক্ষ বিশেষ।

নিসিন্ধু, পুং. [নি+সিন্ধু] বৃক্ষবিশেষ, নিসিন্ধাগাছ, তৎপর্য্যায়।—সিন্ধুক, সিন্ধু, তাপিঞ্জ,শুক্লপৃষ্ঠক, সিন্ধুবার, ইন্দ্রসুরিষ, নির্গুণ্ডী, ইন্দ্রাণিকা।

নিসূদন, ন. [নি+সূদন] নিহিংসন, বধ, হনন, নাশন।

নিসৃতা, স্ত্রী. [নি+সৃত-আ] ত্রিবৃতা,তেউড়ি, তেহারা। [মধ্যস্থ।

নিসৃষ্ট, ত্রি. [নি+সৃষ্ট] ন্যস্ত, অর্পিত;

নিসৃষ্টার্থ, পুং. [নিসৃষ্ট+অর্থ] দূতবিশেষ; ধনের আয়ব্যয় পালনাদিবিষয়ে নিযুক্ত; পুরুষবিশেষ।

নিস্তনী, স্ত্রী. [নি+স্তন-ঈ] বটিকা, বড়ি; স্তনহীনা স্ত্রী।

নিস্তরণ, ন. [নির্+তরণ] উপায়; নিস্তার, মুক্তহওন; তরণ, পারহওন, উদ্ধরণ; নির্গম।

নিস্তর্হণ, ন. [নির্+তর্হণ] মারণ,বধ, হনন।

নিস্তল, ত্রি. [নির্+তল] বর্ত্তুল, বাটুল, গোলাকার; চল; তল

নিস্তার, পুং. [নির্+তার] নিস্তরণ, উদ্ধার, রক্ষা, ত্রাণ, মুক্তি।

নিস্তারক, পুং. [নির্+তারক] ত্রাণকর্ত্তা, উদ্ধারকর্ত্তা। [রক্ষণ।

নিস্তারণ, ন. [নির্+তারণ] উদ্ধরণ, মুক্তকরণ

নিস্তারবীজ, ন. [নিস্তার+বীজ] সংসারতরণ কারণ। [মুক্ত।

নিস্তীর্ণ, ত্রি. [নির্+তীর্ণ] রক্ষিত, উদ্ধৃত,

নিস্তিতীর্ষৎ, ত্রি.[নির্+তিতীর্ষৎ]নিস্তরণেচ্ছু

নিস্তুল, ত্রি. [নির্+তুল] অসম, অসদৃশ, অনুপম, অতুল, তুলনারহিত।

নিস্তুষ, ত্রি. [নির্+তুষ] ত্বক্‌রহিত, ছালতোলা। [গম।

নিস্তুষক্ষীর, পুং. [নিস্তুষ+ক্ষীর] গোধুম,

নিস্তুষরত্ন, ন. [নিস্তুষ+রত্ন]স্ফটিক; বেল্লোর।

নিস্তুষিত, ত্রি. [নির্+তুষিত] ত্যক্ত; ত্বখিহীন; লঘূকৃত; নিস্তুষকরা।

নিস্তেজাঃ, ত্রি. [নির্+তেজস্] তেজোরহিত, প্রতাপশূন্য, দুর্ব্বল।

নিস্ত্রপ, ত্রি. [নির্+ত্রপা] নির্লজ্জ; অশিষ্ট।

নিস্ত্রপা, স্ত্রী. [নির্+ত্রপা] লজ্জাভাব।

নিস্ত্রিংশ, পুং. [নির+ত্রিংশ] খড়্গ, অসি; (ত্রি.) নির্দ্দয়, নিষ্ঠুর; ত্রিংশৎশূন্য!

নিস্ত্রিংশধারী, [নিস্ত্রিংশ+ধারিন্] খড়্গধারী, অসিধারী।

নিস্ত্রিংশপত্রিকা, স্ত্রী. [নিস্ত্রিংশ+পত্রিকা] স্নুহীবৃক্ষ, সিজগাছ।

নিস্ত্বক্, ত্রি. [নির্+ত্বক্] ত্বচহীন, ছালরহিত।

নিস্ত্রৈণপুষ্পিক, পুং. [নিস্ত্রৈণ+পুষ্পিক] রাজধুস্তূরক। [কারী।

নিস্নেহফলা, স্ত্রী. [নিস্নেহ+ফলা] শ্বেতকণ্ট-

নিস্পন্দ, পুং. [নি+স্পন্দ] স্পন্দন; (ত্রি.) স্পন্দনরহিত, ঈষৎকম্পন শূন্য]

নিস্পন্দতর, ত্রি. [নি+স্পন্দতর]একান্তস্পন্দরহিত

নিস্পৃহ, ত্রি. [নি+স্পৃহা] স্পৃহাশূন্য, বাঞ্ছাহীন, অনাকাঙ্ক্ষী।

নিস্পৃহা স্ত্রী. [নি+স্পৃহা] অগ্নিশিখাবৃক্ষ; স্পৃহাভাব, ইচ্ছারঅভাব, অনিচ্ছা

নিস্যন্দ, পুং. [নি+স্যন্দ] স্যন্দন, ক্ষরণ, চুয়ান, গলিয়াপড়ন।

নিস্রাব, পুং. [নি+স্রাব] ভক্তসমুদ্ভবমণ্ড, ভাতেরমণ্ড, অন্নরস, ফেন, মাড়, তৎপর্য্যায়।—মাসর, আচাম।

নিস্ব, ত্রি. [নি+স্ব] নিঃস্ব; নির্ধন, দুঃখী, অর্থহীন। [নিনাদ।
নিস্বন, পুং. [নি+স্বন] নিঃস্বন, শব্দ, ধ্বনি,
নিস্বান, পুং. [নি+স্বান] নিঃস্বান, শব্দ, নিঃশব্দ।
নিহনন, ন. [নি+হনন] মারণ, নাশন, বধকরণ।
নিহন্তা, ত্রি. [নি+হন্তৃ] হননকর্ত্তা নাশক, ঘাতক, সংহারক, বধকর্ত্তা।
নিহব, পুং. [নি+হ্বে+অ] আহ্বান
নিহাকা, স্ত্রী. [নি+হাক-আ] গোধিকা,গোসাপ।
নিহানী (প্রা) অয়োঘন,;নিহালী, নেহাই।
নিহায়ৎ, (প্রা) অত্যন্ত,অতিশয়, অপরিমিত।
নিহার, পুং. [নি+হৃ-অ] নীহার, শিশির, হিম। [ঠাহরণ।
নিহারণ, (প্রা) অবলোকন; অনুমানকরণ,
নিহালী, (প্রা) অয়োঘন, নেহাই।
নিহিংসন, ন. [নি+হিংসন] মারণ, হনন, বধকরণ। [গচ্ছিত।
নিহিত, ন. [নি+হিত] স্থাপিত, অর্পিত,
নিহীন, ত্রি. [নি+হীন] নীচ, পামর।
নিহ্নব, পুং. [নি+হ্নু-অ] অপলাপ, তৎপর্য্যায় ।—নিহ্নুতি, অপহ্নুতি, অপহ্নব; গুপ্ত,গোপন,লুকান; নিকৃতি; অবিশ্বাস, অস্বীকার, নামানা।
নিহ্নুত ত্রি. [নি+হ্নু-ত] অপলাপিত, অস্বীকৃত; গুপ্ত, অপ্রকাশিত।
নিহ্নুতি, স্ত্রী. [নি+হ্নু-তি] নিহ্নব; অপ্রত্যয়; প্রবঞ্চন, প্রতারণ; গোপন, লুকান।
নিহ্নোতা, পুং. [নি+হ্নু-তৃ] অপলাপী, অপ্রত্যয়ী, প্রতারক। [রব।
নিহ্রাদ, পুং. [নি+হ্রাদ] শব্দ, ধ্বনি, নাদ,
নিক্ষণ, ন. [নিক্ষ+অন] চুম্বন।
নিক্ষা, স্ত্রী. [নিক্ষ+আ] লিখ্যা, যূক, নিকী, কেশকীট, উকুন।
নিক্ষিপ্ত, ত্রি. [নি+ক্ষিপ্ত] ত্যক্ত,তৎপর্য্যায়।- পরিক্ষিপ্ত, নিবৃত, পরীত, পরিবেষ্টিত, ন্যস্ত, নিসৃষ্ট; স্থাপিত, ধনাদি, গচ্ছিত, অর্পিত ইত্যাদি।
নিক্ষেপ, পুং. [নি+ক্ষেপ] ক্ষেপণ, ত্যাগ; সমর্পিতবস্তু, গচ্ছিতদ্রব্য, তৎপর্য্যায়।— উপনিধি, ন্যাস, সমর্পণ, স্থাপন।
নিক্ষেপক, পুং. [নি+ক্ষেপক] স্থাপনকর্ত্তা, সমর্পক।
নিক্ষেপণ, ন. [নি+ ক্ষেপণ] স্থাপন; সমর্পণ; ত্যাগকরণ, ফেলন, দূরীকৃতকরণ।
নীক, পুং. [নী+ক] বৃক্ষবিশেষ।
নীকার, পুং. [নী+কার] ন্যাক্কার, ঘৃণা; ধিক্কার।
নীকাশ, ত্রি. [নী+কাশ]তুল্য,উপমা; (পুং.) নিশ্চয়; (প্রা) হিসাব; সমাপন, শেষ।
নীচ, ত্রি. [নী+অনচ] হীনজাতি; অপকর্ম্মা, বর্ব্বর,অপকৃষ্ট,অধম,জঘন্য,তৎপর্য্যায়।- বিবর্ণ, পামর, প্রাকৃত, পৃথক্‌জন, নিহীন, অপসদ, জাল্ম, ক্ষুল্লক, ইতর, অপশদ, খুল্লক, হীন, ক্ষুল্ল, ক্ষুণ্ণ,বেতক; অমুচ্চ, তৎপর্য্যায়।—বামন, নাঙ্,খর্ব্ব, হ্রস্ব; নিম্ন, অধ; (পুং.) চোরকনাম গন্ধদ্রব্য। [ক্ষুদ্র, খাঁট।
নীচক, ত্রি. [নীচ+ক] বামন, খর্ব্ব, হ্রস্ব,
নীচকা,স্ত্রী. [নীচ+ক-আ]নৈচকী,উত্তমগবী।
নীচকী, পুং. [নীচক+ইন্] উচ্চ,উপরিভাগ; উত্তম গবীমান।
নীচৈকঃ বা. [নীচৈক+অস্] নীচৈঃ, নিম্নে।
নীচগ, ন. [নীচ+গম-অ] জল; (ত্রি.) পামর; নীচগামী।
নীচগা, স্ত্রী. [নীচ+গম-আ] নিম্নগা, নদী, হ্রদিনী।
নীচতা, স্ত্রী. [নীচ+ত-আ] অধমতা, অপকৃষ্টতা, জঘন্যতা।
নীচব্রজ, পুং. [নীচ+ব্রজ] মণিবিশেষ, বৈক্রান্তমণি।
নীচভাষা, স্ত্রী. [নীর+ভাষা] অবভাষা।
নীচভোজ্য, পুং. [নীচ+ভোজ্য] পলাণ্ডু, পেঁয়াজ; (ত্রি.) পামরভক্ষ্য, অন্ত্যজ ব্যক্তির ভক্ষণীয়।
নীচাশয়, ত্রি. [নীচ+আশয়] ক্ষুদ্রাশয়, ক্ষুদ্রান্তঃকরণ, লঘুস্পৃহা।
নীচিকী, স্ত্রী. [নীচ+ইক-ঈ] নৈচিকী।

নিচু, (প্রা) কেবল; অধস্তল; বৃক্ষবিশেষ।

নীচে, (প্রা) নিম্নে, অধোভাগে।

নীচৈঃ, বা. [নিচৈ+স] অল্প; অনুচ্চ।

নীড়, পুং. ন. [নি+ঈড়] পক্ষির বাসস্থান, পাখির বাসা, কুলায়; স্থান।

নীড়জ, পুং. [নীড়+জন-অ] পক্ষী, বিহঙ্গ, পাখী।

নীড়জেন্দ্র, পুং. [নীড়জ+ইন্দ্র] গরুড়, বৈনতেয়। [ঙ্গম, পাখী।

নীড়োদ্ভব, পুং. [নীড়+উদ্ভব] পক্ষী, বিহ-

নীত, ত্রি. [নী+ত] প্রাপ্ত, গৃহীত, নেওয়া, লওয়া।

নীতি, স্ত্রী. [নী+তি] নয়; প্রাপণ; ন্যায্য-ব্যবহার; শাস্ত্রবিশেষ।

নীতিকথা, স্ত্রী. [নীতি+কথা] নীতিকথন, হিতোপদেশ, ক্ষুদ্র উপাখ্যান।

নীতিঘোষ, পুং. [নীতি+ঘোষ] বৃহস্পতির রথ; নূতনশব্দ। [রাজমন্ত্রী।

নীতিজ্ঞ, ত্রি. [নীতি+জ্ঞ] নীতিশাস্ত্র বিশারদ;

নীতিবিৎ, [নীতি+বিদ] নীতিবেদী, নীতিশাস্ত্রবেত্তা, হিতোপদেশজ্ঞ।

নীতিবিদ্যা, স্ত্রী. [নীতি+বিদ্যা] নীতিশাস্ত্র, হিতোপদেশশাস্ত্র।

নীতিমান, পুং. [নীতি+মৎ] নীতিজ্ঞ, ন্যায়যুক্ত

নীতিসার, পুং. [নীতি+সার] ইন্দ্রেরপ্রতি বৃহস্পত্যুক্ত নীতিশাস্ত্রবিশেষ।

নীথ, পুং. [নী+থ] নিয়ন্তা, প্রাপয়িতা; (ন.) জল।

নীধ্র, ন. [নী+ইধ্র] বলীক; বন, অরণ্য; নেমি, রথচক্র; চন্দ্র; রেবতীনক্ষত্র; নীব্র

নীপ, পুং. [নী+প] কদম্ববৃক্ষ; ধারাকদম্ব. কেলিকদম্ব; বন্ধুকবৃক্ষ; নীলাশোকবৃক্ষ।

নীবর, পুং. [নী+বর] বণিজক; বাস্তব্য; ভিক্ষুক; পরিব্রাট্, পরিব্রাজক; পঙ্ক, পাঁক; (ন.) জল।

নীবাক, পুং. [নীব+অক] মহার্ঘহেতুধান্যাদিতে মনুষ্যদিগের আদরাতিশয়; তুলাধরণাধিক্য; ক্রমাক্রমাদর; মূল্যাধিক্য হেতু নিশ্চয়দ্বারাপরিচ্ছেদন, প্রয়াম।

নীবার, পুং. [নী+বার] তৃণধান্যবিশেষ, উড়ীধান, তৎপর্য্যায়।—অরণ্যধান্য, মুনিধান্য, তৃণোদ্ভব, অরণ্যশালি।

নীবি, স্ত্রী. [নীব+ই] পরিপণ, বণিকদিগের মূলধন; রাজপুত্রাদিরবন্ধক; স্ত্রীলোকের কটীবন্ধবস্ত্র, কোঁড়চী; পুরুষের কটীবন্ধবস্ত্র; শূদ্রদিগের পিত্রাদিশ্রাদ্ধে মোটক বন্ধন।

নীবী, স্ত্রী. [নীব+ঈ] নীবি।

নীবৃৎ. পুং. [নী+বৃৎ] জনপদ, দেশ, যথা।—অঙ্গ, বঙ্গ, কলিঙ্গ, পঞ্চাল, মগধ, কোশলাদি।

নীব্র, ন. [নীব্+র] ছদিঃপ্রান্তভাগ, গৃহের ছাদেরপ্রান্তভাগ, আলিসা, ছাইচ, তৎপর্য্যায়।—বলীক, পটলপ্রান্ত; নীধ্র, নেমি, রথচক্র; চন্দ্র; রেবতীনক্ষত্র; বন, কানন। [মান, লওয়া।

নীয়মান, ত্রি. [নীয়+আন] প্রাপ্যমান, গৃহ্য-

নীর, ন. [নী+র] জল, সলিল, পয়ঃ; রস।

নীরক্ত, ত্রি. [নির্+রক্ত] রক্তহীন, রক্তশূন্য

নীরজ, ন. [নীর্+জন-অ] কুষ্ঠৌষধি, কুড়; পদ্ম; মুক্তা; (ত্রি.) জলজাতবস্তু (পুং.) উদ্রজন্তু, উশিরী; (ত্রি.) অরেণু,নির্ধুলি; (স্ত্রী.) অরজস্বলা; রজোগুণহীনা।

নীরত, ত্রি. [নির্+রত] বিরত,রমণাভাববান্, ক্ষান্ত, নিবৃত্ত।

নীরদ, পুং. [নীর+দা] মেঘ, জলদ; মুস্তক, মুথা; (ত্রি.) রদশূন্য, দন্তহীন।

নীরধি, পুং. [নীর+ধা] সমুদ্র, পয়োনিধি।

নীরনিধি, পুং. [নীর+নিধি] সমুদ্র, সাগর, জলধি। [নিবিড়

নীরন্ধ্র, ত্রি. [নির্+রন্ধ্র] ঘন; ছিদ্ররহিত;

নীরব, ত্রি. [নির্+রব] নিঃশব্দ, বাক্যরহিত, অবাক্।

নীরময়, ন. [নীর+ময়] জলময়, জলবেষ্টিত, জলুয়া।

নীরস, পুং. [নির্+রস] দাড়িম; (ত্রি.) রসশূন্য, রসহীন, শুষ্ক; বিস্বাদ।

নীরসতা, স্ত্রী. [নির্+রসতা] রসাভাব, রসশূন্যত্ব; শুষ্কতা।

নীরসবাক, ন. [নীরস+বাক] অরসবাক্য, রসবিহীন কথা।

নীরাখু, পুং. [নীর্+আখু] উদ্র, ভোঁদড়, উদ্বিড়াল, তৎপর্য্যায়।—জলনকুল,জলবিড়াল, জলপ্লব, উর্দ্র, জলাখু,নীরক্ষঃ ; নকুল।

নীরাগ, (প্রা) রাগরহিত, ক্রোধশূন্য, শান্ত।

নীরাজনা, স্ত্রী. [নীর+অজন-আ] বিসর্জন; নির্ম্মঞ্জন, আরত্রিক, আরতি।

নীরিন্দু, পুং. [নীর+ইন্দু] অশ্বশাখোটবৃক্ষ, আশ্বেওড়াগাছ।

[illegible] পুং. স্ত্রী, [নির্+রুজ্] রোগাভাব, তৎপর্য্যায়।—স্বাস্থ্য, বার্ত্ত, অনাময়, আরোগ্য ; (ত্রি.) রোগশূন্য, তৎপর্য্যায়। পটু, উল্লাঘ, বার্ত্ত, কল্য।

নীরুজ, ন. [নির্+রুজ] কুষ্ঠৌষধি; (ত্রি.) রোগের, অভাব।

নীরূপ, ত্রি. [নির্+রূপ] রূপাভাববিশিষ্ট, কুৎসিত।

নীরেণুক, ত্রি. [নিঃ+রেণুক]ধুলিশূন্যভূম্যাদি।

নীরোগী, ত্রি. [নির্+রোগিন্] রোগশূন্য, পীড়ারহিত, সুস্থ।

নীল, ন. [নী+ল] নীলী, কৃষ্ণবর্ণ; নীলরসযুক্তবৃক্ষ; কাচলবণ; তালীশপত্র; বিষ, গরল; সৌবারাঞ্জন, তুত্থ; নৃত্যাঙ্গ ১০৮ করণমধ্যে করণবিশেষ; (পুং.) পর্ব্বতবিশেষ, ইহা ইলাবর্ষের উত্তর, রম্যকবর্ষের সীমাপর্ব্বত; মণিবিশেষ, নিলম্, তৎপর্য্যায়।-সৌরিরত্ন, নীলাশ্ম, নীলোৎপল, তৃণগ্রাহী, মহানীল, সুনীলক; বানরবিশেষ; অজমীঢ়রাজার রাজ্ঞী নীলিনীর গর্ভজাতপুত্র; নীলবর্ণ; নীলৌষধি; নিধিবিশেষ, লাঞ্ছন; মঞ্জুঘোষ; বটবৃক্ষ; (ত্রি.) নীলবর্ণযুক্ত, যথা।—শুক, শৈবাল, দূর্ব্বা, বালতৃণ, বুধ, বংশাঙ্কুর, মরকত, ইন্দ্রনীলমণি, সূর্য্যাশ্বাদি।

নীলক, ন. [নীল+ক] কাচলবণ ; বর্ত্তলৌহ ; (পুং.) বৃক্ষবিশেষ, অশনবৃক্ষ।

নীলকণ্ঠ, পুং. [নীল+কণ্ঠ] শিব, মহাদেব; ময়ূর; পীতসার; দাত্যুহ; গ্রামচটক; খঞ্জরীট,খঞ্জন; স্বনামখ্যাত পক্ষীবিশেষ (ন.) মূলক।

নীলকণ্ঠাক্ষ, ন. [নীলকণ্ঠ+অক্ষ] রুদ্রাক্ষ; (ত্রি.) খঞ্জনাক্ষ, খঞ্জনেরচক্ষুঃ

নীলকন্দ, পুং. [নীল+কন্দ] মহিষকন্দবিশেষ, তৎপর্য্যায়।—সর্পাখ্য, বনবাসী, বিষকন্দ, মহিষীকন্দ; নীলবর্ণ মূল।

নীলকমল, ন. [নীল+কমল] নীলবর্ণপদ্ম, তৎপর্য্যায়।—উৎপল, নীলপঙ্কজ, নীলপদ্ম, নীলাব্জ; নীলবর্ণজল

নীলকান্ত, পুং. [নীল+কান্ত] নীলম্, মণিবিশেষ।   [দির সখীবিশেষ।

নীলকুন্তলা, স্ত্রী. [নীল+কুন্তল-আ] গৌর্য্যা-

নীলকুরণ্টক,পুং.[নীল+কুরণ্টক] নীলঝিণ্টী, নীলবর্ণঝাটিফুল।

নীলক্রান্তা, স্ত্রী. [নীল+ক্রান্তা] বিষ্ণুক্রান্তা ; ভারতবর্ষের তিনখণ্ডেরমধ্যে একখণ্ডভূমি যথা।-অশেচনকখণ্ড,যাহাকেআসিয়াবলে।

নীলক্রৌঞ্চ, পুং. [নীল+ক্রৌঞ্চ] নীলবক, তৎপর্য্যায়।—নীলাঙ্গ, দীর্ঘগ্রীব, অতিজাগর।   [পতি।

নীলগণেশ, পুং. [নীল+গণেশ] নীলবর্ণগণ-

নীলগ্রীব, পুং. [নীল+গ্রীবা] মহাদেব, শিব; (ত্রি.) নীলবর্ণগ্রীবাযুক্ত।

নীলঙ্গু, পুং. [নীল+গম-উ] অতিশয়ক্ষুদ্রজন্তু, ক্রমিবিশেষ; শৃগাল।

নীলচর্ম্ম, ন. [নীল+চর্ম্মন্] পরূষক ; নীলবর্ণ ; নীলবর্ণ ব্যাঘ্রচর্ম্ম।

নীলজ, ন. [নীল+জন-অ] বর্ত্তলোহ;ইস্পাত (ত্রি.) নীলজাত।

নীলঝিণ্টী, স্ত্রী. [নীল+ঝিণ্টী] নীলবর্ণ ঝিণ্টীপুষ্পবৃক্ষ, তৎপর্য্যায়।—নীলকুরণ্ট, নীলকুসুমা, বালা, বাণা, দাসী, কণ্টার্ত্তগলা।

নীলতরু, পুং. [নীল+তরু] নারিকেলবৃক্ষ।

নীলতাল, পুং. [নীল+তাল] হিন্তাল, হেঁতাল ; তমাল।

নীলদূর্ব্বা, স্ত্রী. [নীল+দূর্ব্বা] হরিতদূর্ব্বা, তৎপর্য্যায়।—হরিতা, শাম্ভবী, শ্যামা, শীতা, শতপর্ব্বিকা, অমৃতা, পূতা, শত-

গ্রন্থি, অসুরুবল্লিকা, শিবা, শিবেষ্টা, মঙ্গলা, জয়া, সুভগা, ভূতহন্ত্রী, শতমূলা, মহৌষধি, বিজয়া, গৌরী, শান্তা।

নীলধ্বজ, পুং. [নীল+ধ্বজ] রাজাবিশেষ; তমালবৃক্ষ; (ত্রি.) নীলধ্বজা বিশিষ্ট, নীলপতাকা।

নীলনির্গুণ্ডী, স্ত্রী. [নীল+নির্গুণ্ডী] নীলসিন্ধুবার।

নীলনির্যাসক, পুং. [নীল+নির্যাসক] নীলাসন বৃক্ষ; কৃষ্ণবর্ণ নির্যাস।

নীলপঙ্ক, ন. [নীল+পঙ্ক] অন্ধকার, ধ্বান্ত, তমঃ; কৃষ্ণবর্ণ কর্দ্দম

নীলপত্র, ন. [নীল+পত্র] ইন্দীবর, (ত্রি.) নীলবর্ণপত্র, (পুং.) গুণ্ডতৃণ; অশ্মন্তক বৃক্ষ; নীলাসন বৃক্ষ; দাড়িম।

নীলপদ্ম, ন. [নীল+পদ্ম] নীলকমল, উৎপল। [বিশেষ।

নীলপিঙ্গলা, স্ত্রী. [নীল+পিঙ্গলা] গো জাতি-

নীলপিচ্ছ, পুং. [নীল+পিচ্ছ] শ্যেনপক্ষী, শিকরা, শয়চান

নীলপুনর্ণবা, স্ত্রী. [নীল+পুনর্ণবা] কৃষ্ণবর্ণ পুনর্ণবাশাক, (হিং) নীলগদহপড়োআ, তৎপর্য্যায়।—নীলা, শ্যামা, কৃষ্ণাখ্যা, নীলবর্ষাভূ।

নীলপুষ্প, ন. [নীল+পুষ্প] গ্রন্থিপর্ণ; নীলবর্ণ কুসুম; (পুং.) নীল ভৃঙ্গরাজ; নীলাম্লান। [অপরাজিতা।

নীলপুষ্পা, স্ত্রী. [নীল+পুষ্পা] বিষ্ণুক্রান্তা;

নীলপুষ্পিকা, স্ত্রী. [নীল+পুষ্পিকা] অতসী, নীলী।

নীলপুষ্পী, স্ত্রী. [নীল+পুষ্প-ঈ] নীলবুহ্না।

নীলপৃষ্ঠ, পুং. [নীল+পৃষ্ঠ] মৎস্যবিশেষ, রোহিতমৎস্য।

নীলফলা, স্ত্রী. [নীল+ফল-আ] জম্বু।

নীলবল্লী, স্ত্রী. [নীল+বল্লী] বন্দা।

নীলবর্ষাভূ, স্ত্রী. [নীল+বর্ষাভূ] নীলপুনর্ণবা; (পুং.) কৃষ্ণবর্ণ ভেক।

নীলবসন, পুং. [নীল+বসন] শনৈশ্চর, শনিগ্রহ; (ত্রি.) নীলবস্ত্র, নীলাম্বর, নীলবর্ণ কাপড়; বলরাম।

নীলবস্ত্র, পুং. [নীল+বস্ত্র] বলরাম; (ন.) নীলবর্ণ বসন।

নীলবাসাঃ, পুং. [নীল+বাসস্] শনিগ্রহ।

নীলবুহ্না, স্ত্রী. [নীল+বুহ্না] নীলবৃধ্না, নীলবর্ণ বোনা, তৎপর্য্যায়।—অজান্ত্রী, নীলপুষ্পী, অতি লোমশা।

নীলবৃন্তক, ন. [নীল+বৃন্তক] তূল, কাবাস।

নীলবৃষ, পুং. [নীল+বৃষ] কৃষ্ণবর্ণ বৃষ; বৃষবিশেষ। [বেগুণ।

নীলবৃষা, স্ত্রী. [নীল+বৃষ-আ] বার্ত্তাকী,

নীলবৃক্ষ, পুং. [নীল+বৃক্ষ] বৃক্ষপ্রভেদ, তৎপর্য্যায়।—নীল, বাতারি, শোফনাশন, নরনামা, নখবৃক্ষ, নখালু, নরপ্রিয়।

নীলব্রত, ন. [নীল+ব্রত] ব্রতবিশেষ; নীললোহিত ব্রত।

নীলভৃঙ্গরাজ, পুং. [নীল+ভৃঙ্গরাজ] নীলবর্ণ ভৃঙ্গরাজ, নীলকেশরিআ, নীলভেগরিআ, তৎপর্য্যায়।—মহাভৃঙ্গ, মহানীল, সুনীলক, নীলপুষ্প, শ্যামল।

নীলম, (প্রা) রত্নবিশেষ, নীলকান্ত মণি।

নীলমণি, পুং. [নীল+মণি] স্বনামখ্যাত মণি, নীলম্, নীলকান্ত মণি, রত্নবিশেষ, মসার।

নীলমাধব, পুং. [নীল+মাধব] বিষ্ণু, নারায়ণ, কৃষ্ণ; জগন্নাথদেব।

নীলমাণিক, (প্রা) খদ্যোত, জোনাকিপোকা।

নীলমাস, পুং. [নীল+মাস] রাজমাস।

নীলমৌলিক, পুং. [নীল+মৌলিক] খদ্যোত, জোনাকীপোকা।

নীলমৃত্তিকা, স্ত্রী. [নীল+মৃত্তিকা] পুষ্পকাসীস; কৃষ্ণবর্ণ মৃত্তিকা।

নীললোহ, ন. [নীল+লোহ] বর্ত্তলোহ।

নীললোহিত, পুং. [নীল+লোহিত] শিব; নীলরক্ত মিশ্রিত বর্ণ, বেগুণে রঙ্।

নীললোহিতা, স্ত্রী. [নীল+লোহিতা] ভূমিজম্বু।

নীলশিগ্রু, পুং. [নীল+শিগ্রু] নীলশোভাঞ্জন, সজিনাগাছ।

নীলসার, পুং. [নীল+সার] তিন্দুকবৃক্ষ।

নীলসিন্ধুবার, পুং. [নীল+সিন্ধুবার] কৃষ্ণবর্ণ সিন্ধুবার বৃক্ষ, নীলসিঁদুয়ার, তৎপর্য্যায়।—শীতসহা, নির্গুণ্ডী, নীলসিন্ধুক, সিন্ধুক, কপিকা, ভূতকেশী, ন্দ্রাণী, নীলিকা, নীলনির্গুণ্ডী।

নীলা, স্ত্রী. [নীল+আ] নীলবর্ণ মক্ষিকা, নীলবর্ণ মাছি; নীলপুনর্ণবা, নীলী; মল্লাররাগের স্ত্রী।

নীলাঙ্গ, পুং. [নীল+অঙ্গ] সারসপক্ষী; চাসপক্ষী।

নীলাঙ্গু, পুং. [নীল+অঙ্গ-উ] কৃমি, কীট, পোকা; (স্ত্রী.) ভ্রমরালী, ভ্রমরী; শুষির, বিবর, ছিদ্র।

নীলাঞ্জন, ন. [নীল+অঞ্জন] সৌবীরাঞ্জন, উপধাতুবিশেষ; তুথ, তুতে

নীলাঞ্জনা, স্ত্রী. [নীল+অঞ্জন-আ] বিদ্যুৎ, সৌদামিনী। [ঞ্জনী রূপ।

নীলাঞ্জনী, স্ত্রী. [নীল+অঞ্জন-ঈ] কালা-

নীলাঞ্জসা, স্ত্রী. [নীল+অঞ্জস-আ] অপ্সরাবিশেষ; নদীবিশেষ; বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী।

নীলাপরাজিতা, স্ত্রী. [নীল+অপরাজিতা] নীলবর্ণ অপরাজিতা লতা, তৎপর্য্যায়।—নীলপুষ্পী, মহানীলী, নীলগিরি কর্ণিকা, গবাদনী, ব্যক্তগন্ধা, নীলসন্ধ্যা, নীলাদ্রি কর্ণী।

নীলাভ্র, পুং. [নীল+অভ্র] নীলবর্ণ মেঘ।

নীলাব্জ, ন. [নীল+অব্জ] নীলোৎপল, নীলপদ্ম।

নীলাম্বর, ন. [নীল+অম্বর] তালীশপত্র; নীলবস্ত্র; (পুং.) বলদেব; রাক্ষস; শনিগ্রহ; নীলবর্ণ বস্ত্রধারী; নীলবসন।

নীলাম্বুজ, ন. [নীল+অম্বুজ] নীলোৎপল, নীলপদ্ম।

নীলাম্বুজন্ম, ন. [নীল+অম্বুজন্মন্] নীলোৎপল, নীলপদ্ম।

নীলাম্লান, পুং. [নীল+আম্লান] পুষ্প বৃক্ষবিশেষ, (হিং) কালাকোরাঠা, তৎপর্য্যায়।—দাসী, ছাদন, বালা, আর্ত্তগলা, নীলপুষ্প।

নীলাম্লী, স্ত্রী. [নীল+আম্লী] ক্ষুপবিশেষ, (হিং) নল্লবুলগুড়, তৎপর্য্যায়।—নীলপিষ্টোড়ী, শ্যামাম্লী, দীর্ঘশাখিকা।

নীলালু, পুং. [নীল+আলু] কন্দবিশেষ, তৎপর্য্যায়।—অসিতালু, শ্যামলালুক।

নীলাশ্মা, পুং. [নীল+অশ্মন্] নীলমণি, নীলকান্তমণি।

নীলাসন, পুং. [নীল+অসন] অসন বৃক্ষবিশেষ, পিয়াশালপ্রভেদ, তৎপর্য্যায়।—নীলবীজ, নীলপত্র, সুনীলক, নীলদ্রুম, নীলসার, নীলনির্য্যাসক; রতিবন্ধবিশেষ।

নীলিকা, স্ত্রী. [নীল+ইক-আ] নীলসিন্ধুবার; নালিনী, শেফালিকা, শিউলী; নেত্ররোগবিশেষ; ক্ষুদ্র রোগবিশেষ; জলেরজ্বর, নীলগাছ।

নীলিনী, স্ত্রী. [নীল+ইন-ঈ] নীলীবৃক্ষ, নীলগাছ; শ্যামত্রিপুটা; অজমীঢ়রাজার পত্নী।

নীলী, স্ত্রী. [নীল+ঈ] বৃক্ষভেদ, নীলেরগাছ, তৎপর্য্যায়।—কালা, ক্লীতকিকা, গ্রামীণা, মধুপর্ণিকা, রঞ্জনী, শ্রীফলী, তুথা, তুণী, দোলা, নালিনী, নীলা, তূলী, দ্রোণী, মেলা, নীলপত্রী, রাঞ্জী, নীলিকা, নীলপুষ্পী, কালী, শ্যামা, শোধনী, শ্রীফলা, গ্রাম্যা, ভদ্রা, ভারবাহী, মোচা, কৃষ্ণা, ব্যঞ্জনকেশী, মহাফলা, অসিতা, ক্লীতনী, কেশী, চারটিকা, গন্ধপুষ্পা, শ্যামলিকা, রঙ্গপত্রী, মহাবলা, স্থিররঙ্গা, রঙ্গপুষ্পী, দূলী, দূলিকা, দ্রোণিকা; নীলিকা রোগ

নীলীরাগ, পুং. [নীলী+রাগ] স্থিরপ্রেম পুরুষ, তৎপর্য্যায়।—স্থিরসৌহৃদ্য; নীল বর্ণ; নায়ক নায়িকার পূর্ব্বরাগবিশেষ।

নীলোৎপল, ন. [নীল+উৎপল] নীলবর্ণ উৎপল, নীলশাঁপলা, তৎপর্য্যায়।—উৎপলক, কুবলয়, ইন্দীবর, কন্দোত্থ, সৌগন্ধিক, সুগন্ধ, কুড্মলক, অসিতোৎপল, নীলপদ্ম।

নীলোৎপলী, পুং. [নীল+উৎপল-ইন্] মঞ্জুঘোষ; শিবরূপবিশেষ।

নীশার, পুং. [নী+শার] হিম ও বায়ু নিবারক আচরণ, কাণ্ডার; কাণ্ডপট; মসারি; কানাৎ

নীহার, পুং. [নী+হার] ঘনীভূত শিশির, বরফ, তৎপর্য্যায়।—অবশ্যায়, তুষার, তুহিন, হিম, প্রালেয়, মহিকা, খজল, নিশাজল, নিহার, মিহিকা।

নীহারস্ফোট, পুং. [নীহার+স্ফোট] বৃহদাকার নীহারপিণ্ড, বরফের বড় চাঙ্গড়।

নীহারিকা, স্ত্রী. [নীহার+ইক-আ] যে সকল নক্ষত্র চক্ষুর গোচর না কিন্তু দূরবীক্ষণ দিয়া দেখিলে কুজ্ঝটিকাবৎ প্রতীয়মান হয়।

নুয়ন, (প্রা) নম্র হওন, বক্রহওন, নয়; বাঁকন।

নু, ব্য বিতর্ক; অপমান; বিকল্প; অনুনয়; অতীত; প্রশ্ন; হেতু; অপদেশ; সম্বোধন; সংশয়; ভেদ; ছল; সম্মান; (পুং.) অনুস্বার।

নুটী, (প্রা) আঁটি, পুলিন্দা, গোছ বেশা।

নুর, (প্রা) গুচ্ছ, গোছা, (যাং) দড়ি।

নুড়ী, (প্রা) ক্ষুদ্র প্রস্তর, কঙ্কর, কাঁকর, শিলাপুত্র।

নুণ, (প্রা) লবণ, লোণ।

নুণিয়া, (প্রা) সলবণ, লোণা, লবণাক্ত।

নুণী, (প্রা) নুণীশাক।

নুত, ত্রি. [নু+ত] স্তুত, কৃতস্তব, প্রশংসিত; পূজিত।

নুতি, স্ত্রী. [নু+তি] স্তুতি, স্তব; পূজা।

নুত্ত, ত্রি. [নুদ্+ত] ক্ষিপ্ত, প্রেরিত, পাঠান।

নুদি, (প্রা) স্থূলোদর, ভুঁড়ি, মোটাপেট।

নুন্ন, ত্রি. [নুদ্+ন] নুত্ত; প্রেরিত, পাঠান; ক্ষিপ্ত, পরিত্যক্ত, ছিন্ন। [ক্লিব্।

নুনুড়ী, (প্রা) ঘণ্টার জিহ্বা, ঘুণ্টী; আল-

নুয়ান, (প্রা) নতকরণ, বাঁকান, বক্রকরণ।

নুরী, (প্রা) পক্ষীবিশেষ, তোতাপাখী।

নুলো, (প্রা) ক্ষুদ্রহস্তবিশিষ্ট, ভগ্নহস্ত

নূত, ত্রি. [নু+ত] স্তুত, কৃতস্তব, প্রশংসিত।

নূতন, ত্রি. [নু+তন] অপুরাতন, নয়া, তৎপর্য্যায়।—প্রত্যগ্র, অভিনব, নব্য, নবীন, নব, নূত্ন, সদ্যস্ক, অজীর্ণ, অভ্যগ্র, প্রতিনব।

নূত্ন, ত্রি. [নু+ত্ন] নূতন, নবীন, অভিনব।

নূদ, পুং. [নুদ্+অ] ব্রহ্মদারুবৃক্ষ।

নূনং, ব্য, [নু+নম্] তর্ক, উহ, অর্থ নিশ্চয়, সত্য, অবধারণ; স্মরণ, বাক্যপূরণ।

নূপুর, পুং. ন. [নূ+পুর] স্বনামখ্যাত পাদভূষণ, (প্রা) নপুর, তৎপর্য্যায়।—পাদাঙ্গদ,তুলাকোটি, মঞ্জীর, হংসক, পদাঙ্গদ, পাদকটক। [শব্দ।

নৃ, পুং নর, মনুষ্য, পুরুষ; পুংলিঙ্গ বাচক

নৃকপাল, পুং.ন. [নৃ+কপাল] মনুষ্যের মাথার খুলি।

নৃকেশরী, পুং. [নৃ+কেশরী] নরসিংহাবতার মনুষ্যশ্রেষ্ঠ। [তনয়।

নৃগ, পুং. [নৃ+গম] রাজাবিশেষ, ইক্ষ্বাকু-

নৃঘ্ন, পুং. [নৃ+হন] মনুষ্যঘাতক, মানব হিংসক। [নিশাচর।

নৃচক্ষাঃ, পুং. [নৃ+চক্ষস্] রাক্ষস, কৌণপ,

নৃচক্ষুঃ, পুং. [নৃ+চক্ষস্] সুনীথরাজপুত্র।

নৃতি, স্ত্রী. [নৃত+ই] নর্ত্তন, নৃত্য, নাচ; অভিনয়।

নৃতু, পুং. [নৃত+উ] নর্ত্তক; ভূমি; দীর্ঘ; ক্রিমি। [অভিনয়।

নৃত্ত, ন. [নৃত++ত] নৃত্য, নর্ত্তন, নাচ,

নৃত্য, ন. [নৃত+য] তালমানরসাশ্রয়বিলাসযুক্ত অঙ্গের বিক্ষেপ, নাচ, তৎপর্য্যায়।—তাণ্ডব, নটন, নাট্য, লাস্য, নর্ত্তন, নৃত্ত, নাট, লাস, নাস্যক, নৃতি।

নৃদেব, পুং. [নৃ+দেব] রাজা, নরপতি, পার্থিব, ভূপতি; ব্রাহ্মণ।

নৃধর্ম্মা, পুং. [নৃ+ধর্ম্মন্] কুবের, ধনাধিপতি; মনুষ্যধর্ম্মাক্রান্ত।

নৃপ, পুং. [নৃ+পা+অ] নরপতি, রাজা, ভূপাল, ভূপ।

নৃপকন্দ, পুং. [নৃপ+কন্দ] রাজপলাণ্ড।

নৃপতি, পুং. [নৃ+পতি] কুবের; রাজা, ভূপতি, ভূপাল।

নৃপতিবল্লভ, পুং.. [নৃপতি+বল্লভ] ঔষধ বিশেষ, নৃপবল্লভ

নৃপত্ব, ন. [নৃপ+ত্ব] রাজত্ব, প্রভুত্ব, কর্তৃত্ব,

নৃপদ্রুম, ঐঃ; [নৃপ+দ্রুম] আরগ্বধবৃক্ষ, রাজাদনীবৃক্ষ, শোদালীগাছ।

নৃপনীতি, স্ত্রী. [নৃপ+নীতি] রাজনীতি।

নৃপপ্রিয়, পুং. [নৃপ+প্রিয়] বেষ্টবংশ। বেউড়বাঁশ; রাজপলাণ্ডু; রামবাণ; শালিধান্য; আম্র।

নৃপপ্রিয়ফলা, স্ত্রী. [নৃপ+প্রিয়ফলা] বার্ত্তাকী, বেগুণ।

নৃপপ্রিয়া, পুং. [নৃপ+প্রিয়া] বেগুকী; রাজখর্জ্জূরী

নৃপবদর, পুং. [নৃপ+বদর] রাজবদরবৃক্ষ; (ন.) তৎফল।

নৃপবর, পুং. [নৃপ+বর] নৃপতিশ্রেষ্ঠ, রাজাধিরাজ। [রাজপ্রিয়।

নৃপবল্লভ, পুং. [নৃপ+বল্লভ] রাজাম্র; (ত্রি.)

নৃপবল্লভা, স্ত্রী. [নৃপ+বল্লভা] কেবিকাপুষ্প, ভৃঙ্গমারী, কেবের; রাজমহিষী, রাজ্ঞী।

নৃপমন্দির, ন. [নৃপ+মন্দির] রাজসদন, তৎপর্য্যায়।—সৌধ, রাজগৃহ; প্রাসদ।

নৃপমাঙ্গল্যক, ন. [নৃপ+মাঙ্গল্যক] আহুল্যবৃক্ষ, তরবট, তগর।

নৃপলক্ষ্ম, ন. [নৃপ+লক্ষ্মন্] রাজচ্ছত্র; রাজচিহ্ন। [ধারী।

নৃপলিঙ্গধর, পুং, [নৃপ+লিঙ্গধর] রাজবেশ

নৃপসভ, ন. [নৃপ+সভা] রাজার গৃহ; নৃপসমূহ; রাজসভা।

নৃপাত্মজ, পুং. [নৃপ+আত্মজ] রাজকুমার রাজপুত্র।

নৃপাত্মজা, স্ত্রী. [নৃপ+আত্মজা] কটুতুম্বী, তিতলাউ, রাজকন্যা, রাজপুত্রী।

নৃপাধ্বর, পুং. [পনৃ+অধ্বর] রাজসূয়যজ্ঞ।

নৃপান্ন, ন. [নৃপ+অন্ন] রাজান্ননাম ধান্য; রাজার ওদন।

নৃপাভীর, ন. [নৃপ+আভীর] ভক্তভূর্য্য, রাজার ভোজন কালীন বাদ্যবিশেষ।

নৃপাবর্ত্ত, ন. [নৃপ+আবর্ত্ত] রাজ[illegible]

নৃপাময়, পুং. [নৃপ+আময়] রাজযক্ষ্মা, ক্ষয়রোগ, রাজার রোগ।

নৃপাল, পুং. [নৃ+পাল] রাজা, ভূপতি, ভূপ।

নৃপাসন, ন. [নৃপ+আসন] রাজাসন, সিংহাসন, ভদ্রাসন।

নৃপাহ্বয়, পুং. [নৃপ+আহ্বয়] রাজ পলাণ্ডু; নৃপনামা।

নৃপোচিত, পুং. [নৃপ+উচিত] রাজমাষ; (ত্রি.) রাজযোগ্য

নৃবরাহ, পুং. [নৃ+বরাহ] বরাহরূপধৃগভগবদবতার। [করণ।

নৃযজ্ঞ, পুং. [নৃ+যজ্ঞ] অতিথিসেবা, আতিথ্য-

নৃশংস, পুং. [নৃ+শনৃস] ক্রূর, পরদ্রোহী, নিষ্ঠুর, পরমদ্বেষী।

নৃসিংহ, পুং. [নৃ+সিংহ] বিষ্ণু, বিষ্ণুর দশাবতারের মধ্যে চতুর্থ পূর্ণাবতার, মহাবিষ্ণু; ষোড়শ রতিবন্ধান্তর্গত নবমবন্ধ; নরশ্রেষ্ঠ, প্রধান মনুষ্য।

নৃসিংহচতুর্দ্দশী, স্ত্রী. [নৃসিংহ+চতুর্দ্দশী] বৈশাখ মাসের শুক্লা চতুর্দ্দশী।

নৃসেনা, ন. স্ত্রী. [নৃ+সেনা] মনুষ্যাদিগের সেনা।

নৃসোম, পুং. [নৃ+সোম] নরশ্রেষ্ঠ, প্রধানমনুষ্য, নরচন্দ্রমা।

নৃহরি, পুং. [নৃ+হরি] নৃসিংহাবতার, নরসিংহ।

নেউট, (প্রা) পোষাজন্তু, বশীভূত।

নেউটন, (প্রা) ফিরণ; যাতায়াত করণ।

নেউটপাড়া, (প্রা) যাতায়াতকরণ, যাওয়া আসাকরণ।

নেউল, (প্রা) বেজী, নকুল।

নেং, (প্রা) পাদ, অঙ্ঘ্রি, জঙ্ঘা।

নেংচান, (প্রা) নেংড়ান, খোড়ান

নেংট, (প্র।) উলঙ্গ, নগ্ন, বিবস্ত্র; কাছ।

নেংটিয়া, (প্রা) ক্ষুদ্রমুষিক, ছোট উন্দুর।

নেকা, (প্র।) ন্যাটা, বামহস্তে কর্ম্মকারী।

নেকড়া, (প্রা) ছিন্নবস্ত্র, জীর্ণ বসনখণ্ড, চীর, কানি।

নেকড়িয়া, (প্রা) বৃক, ব্যাঘ্রবিশেষ, ভেড়িয়া বাঘ, গোবাঘা।

নেকা, (প্রা) অস্পষ্ট বাক, অবোধ; ঠেঁটা।

নেকার, (প্রা) বমন, বমি।

নেঙ্গ, (প্রা) দীর্ঘ করিয়া পাদক্ষেপণ, লম্ফ, লাফ।

নেঙ্গড়া, (প্রা) পাদবিকল, খঞ্জ, খোঁড়া।

নেঙ্গা, (প্রা) বামহস্তে বলাধিক্য; অনাবৃত।

নেঙ্গুল, (প্রা) লাঙ্গুল, লেজ, পুচ্ছ।

নেঙ্গলেজ, (প্রা) লাঙ্গুল, লেঙ্গুড়, পুচ্ছ।

নেজক, পুং. স্ত্রী. [নিজ+অক] নির্ণেজক, রজক, বর্ণসঙ্কর জাতিবিশেষ, ধোপা, প্রক্ষালক। [ধিক্য।

নেটা, (প্রা) ন্যাওঃ, যাহার বামহস্তে বলা-

নেটুয়া, (প্রা) নট, নর্ত্তক, ভণ্ড।

নেড়া, (প্রা) মুণ্ডিকেশ, মুণ্ড; ছদ্ম, বৈষ্ণব বেশধারী, ভিক্ষুক বিশেষ। [সিজ।

নেড়াসিজ, (প্রা) বৃক্ষবিশেষ, তেকাঁটা-

নেড়ী, (প্রা) ছদ্মবৈষ্ণবী; গায়কী বিশেষ

নেড্যা, (প্রা) যবন, ম্লেচ্ছজাতি।

নেত, (প্রা) বস্ত্রবিশেষ, ছিন্নবস্ত্র।

নেতা, ত্রি. [নী+তৃ] প্রভু, স্বামী, নায়ক; নিম্ববৃক্ষ; প্রাপয়িতা, গ্রহীতা, অগ্রগামী; গৃহমার্জ্জনোপযোগিখণ্ড ব-পুঞ্জ।

নেতাড়ী, (প্রা) অর্দ্ধশ্লোক; অর্দ্ধ সংশ্রব।

নেত্র, ন. [নি+ত্র] চক্ষুঃ, নয়ন, অক্ষি; জটা; অংশুক; মন্থগুণ; বৃক্ষমূল; রথ; (ত্রি.) নেতা, নায়ক; নাড়ী; বস্তিশলাকা।

নেত্রচ্ছদ, পুং. [নেত্র+ছদ] নেত্রপিধায়ক চর্ম্মপুট, চক্ষুরপাতা

নেত্রপর্য্যন্ত, পুং. [নেত্র+পর্য্যন্ত] অপাঙ্গ, কটাক্ষ; (ত্রি.) নয়নাবধি, নয়নপর্য্যন্ত।

নেত্রপিণ্ড, পুং. [নেত্র+পিণ্ড] বিড়াল, মার্জ্জার; চক্ষুর্গোলক।

নেত্রপুষ্করা, স্ত্রী. [নেত্র+পুষ্করা] রুদ্রজটা।

নেত্রমণি, পুং. [নেত্র+মণি] চক্ষুরতারা, নেত্রস্থজ্যোতিরূপ।

নেত্রমল, ন. [নেত্র+মলা] চক্ষুরমল বা পিচুটী। [লতা।

নেত্রমীনা, স্ত্রী. [নেত্র+মীনা] যবতিক্তা-

নেত্রযোনি, পুং [নেত্র+যোনি] ইন্দ্র, শক্র, দেবরাজ; চন্দ্র; শশধর, বিধু।

নেত্ররঞ্জন, ন. [নেত্র+রঞ্জন] কজ্জল, অঞ্জন, কাজল। [ক্ষিপীড়া।

নেত্ররোগ, পুং. [নেত্র+রোগ] চক্ষুরোগ, অ-

নেত্ররোগহা, পুং. [নেত্র+রোগহন্] বৃশ্চিকালীবৃক্ষ, বিছাটীগাছ; (ত্রি.) চক্ষুরোগ নাশক। [অক্ষিপীড়া।

নেত্রাময়, পুং. [নেত্র+আময়] চক্ষুরোগ,

নেত্রাম্বু, ন. [নেত্র+অম্বু] অশ্রু, চক্ষুরজল।

নেত্রারি, পুং. [নেত্র+অরি] সেহুণ্ডবৃক্ষ, স্নুহী, মনসাগাছ

নেত্রী, স্ত্রী. [নেত্র+ঈ] লক্ষ্মী; নাড়ী; নদী; প্রাপণকর্ত্রী।

নেত্রোপমফল, পুং. [নেত্র+উপম-ফল] বাতাদ, বাদাম্।

নেত্রৌষধ, ন. [নেত্র+ঔষধ] পুষ্পকাসীস চক্ষুরোগের ঔষধিমাত্র, মলীমস।

নেত্রৌষধী, স্ত্রী. [নেত্র+ঔষধী] অজশৃঙ্গী, কোঁগা।

নেদি, (প্রা) গোময়পিণ্ড, ঘুঁটে

নেদিষ্ঠ, ত্রি.[অন্তিক+ইষ্ঠ]অন্তিকতম, সমীপ, অতিনিকট; নিপুণ; (পুং.) বৃক্ষবিশেষ, অঙ্কোঠবৃক্ষ।

নেদীয়ান্, ত্রি.[অন্তিক+ইয়স্]নেদিষ্ঠ,অত্যন্ত সমীপ, অতিশয়নিকট।

নেন্য, ত্রি. [নী+অ] সর্ব্বদা পরিগৃহীত।

নেপ, পুং. [নী+প] পুরোহিত; জল, উদক; (প্রা) শীতনিবারক আচ্ছাদনবিশেষ। [রঙ্গভূমি।

নেপথ্য, ন. [নে+পথ্য] বেশ; অলঙ্কার;

নেপা, (প্রা) ত্বক্, চর্ম্ম, ছাল।

নেপাল, পুং. [নে+পাল] স্বনাম প্রসিদ্ধদেশবিশেষ।

নেপালনিম্ব, পুং. [নেপাল+নিম্ব] নেপালদেশোদ্ভব নিম্ববৃক্ষ, তৎপর্য্যায় '।—নৈপাল, তৃণনিম্ব, জ্বরান্তক, নাড়ীতিক্ত, নিদ্রারি, সন্নিপাতরিপু।

নেপুর, (প্রা) নূপুর। [শিলা।

নেপালিকা, স্ত্রী. [নেপাল+ইক-আ] মনঃ

নেবা, (প্রা) রোগবিশেষ,পাণ্ডুবর্ণচক্ষুরোগ।

নেবু, (প্রা) লেবু, জম্বীর

নেম, পুং. [নী+ম] কাল; অবধি; খণ্ড; প্রাকার; কৈতব; অৰ্দ্ধ; গৰ্ত্ত; নাট্যাদি; অন্য, সায়ংকাল; কীল; মূল্য; ঊৰ্দ্ধ।

নেমি, স্ত্রী. [নী+মি] চক্রপরিধি, রথচক্রের ভূমিস্পর্শি ভাগ, তৎপর্য্যায়।—প্রধি, নেমী; কূপোপরিস্থ পট্টপ্রান্তভাগ; ভূমিস্থ কূপপট্ট; কূপের নিকট সমানস্থান; (ত্রি.) কূপেরসমীপে রজ্জুধারণের নিমিত্ত ত্রিদারুযন্ত্র, ত্রিকা. (পুং.) জিনবিশেষ; তিনিশবৃক্ষ, তিনাশ।

নেমিচক্র, পুং. [নেমি+চক্র] পরীক্ষিদ্বংশজাত অশীমকৃষ্ণের পুত্র।

নেমী, পুং. [নেমি+ইন] তিনিশবৃক্ষ, তিনাশ; (স্ত্রী.) নেমি, রথচক্রেরশেষ ভাগ।

নেয়ে, (প্রা) নাবিক, কর্ণধার, মাঝি।

নেলান, (প্রা) চেতান; প্রেরণ; দর্শান।

নেশা, (যাং) মত্তুতা, মাতলামি।

নেশাখুরী, (যাং) উন্মত্ততা, নেশাবাজী।

নেষ্টা, পুং. [নিস+তৃ] ঋত্বিক্, পুরোহিত।

নেশাখোর, (যাং) মদ্যপানাসক্ত, নেশাবদ্ধ।

নেহাই, (হি) শূর্ম্মি, লোহপ্রতিমা, নিহানী।

নেহারণ, (প্রা) দর্শন, অবলোকন, দেখন।

নৈ, (প্রা) মৃত্তিকাদিরপিণ্ড,নবীনস্ত্রী গোবৎস

নৈকটিক, ত্রি. [নিকট+ইক] নিকটবর্ত্তী, সমীপবর্ত্তী।

নৈকট্য, ন. [নিকট+য] নিকটত্ব, সামীপ্য।

নৈকভেদ, ত্রি, [নৈক+ভেদ] উচ্চাবচ, নানাবিধ, অনেক প্রকার।

নৈকষেয়, পুং. [নিকষা+এয়] নিকষাপুত্র, রাক্ষস, রাবণ প্রভৃতি।

নৈকৃতিক, ত্রি. [নিকৃতি+অক] নিষ্ঠুর, অপকৃষ্ট।

নৈগম, পুং. [নিগম+অ] উপনিষৎ; বণিক; নাগর, নগরবাসী; নয়; নায়ক; শ্রুতি; পথ; (ত্রি.) নিগম সম্বন্ধীয়।

নৈচিক, ন. [নিচিক+অ] গো শিরোভাগ, গরুর মাথা।

নৈচিকী, স্ত্রী. [নৈচিক+ঈ] উত্তমা গাভী।

নৈজ, ত্রি. [নিজ+অ] নিজসম্বন্ধীয়, স্বীয়, আপন সম্বন্ধীয়।

নৈত্য, ন. [নিত্য+অ] নিত্যত্ব, নিত্য সম্বন্ধ, স্থায়িত্ব।

নৈধান, ত্রি. [নিধান+অ] নিধান সম্বন্ধীয়।

নৈধানী, স্ত্রী. [নিধান+অ+ঈ] অনশ্বর; ভূমিচিহ্ন।

নৈপাল, পুং. [নেপাল+অ] নেপালনিম্ব; (ত্রি.) নেপাল দেশ সম্বন্ধীয়।

নৈপালিক, ন. [নেপাল+ইক] তাম্র, তাঁমা, তাঁবা; নেপাল দেশোদ্ভব।

নৈপালী, স্ত্রী. [নেপাল+অ+ঈ] নবমল্লিকা; শেফালিকা; মনঃশিলা; নিলী।

নৈপুণ, ন. [নিপুণ+অ] নৈপুণ্য, নিপুণতা, দক্ষতা, পটুতা। [পটুতা।

নৈপুণ্য, ন. [নিপুণ+য] নিপুণতা, দক্ষতা,

নৈবিড্য, ন. [নিবিড়+য] বংশফুৎকার গুণ বিশেষ; নিবিড়তা।

নৈবেদ্য, ত্রি. [নিবেদ+য] দেবতাদিগের নিবেদনীয় দ্রব্য, তৎপঞ্চবিধ, যথা।—ভক্ষ্য, ভোজ্য, লেহ্য, পেয়, চোষ্য; ভ্যক্তদ্রব্য।

নৈবেশিক, ন. [নিবেশ+ইক] নিবেশনের নিমিত্ত গার্হস্থ্যকে কন্যাদান, (ত্রি.) নিবেশ সম্বন্ধীয়।

নৈমিত্তিক, ত্রি. [নিমিত্ত+ইক] নিমিত্ত,জন্য, হেতু, কারণ সম্ভূত।

নৈমিত্তিকক্রিয়া, স্ত্রী. [নৈমিত্তিক+ক্রিয়া] নিমিত্ত নিশ্চয়ের ন্যায় অধিকারি কর্ত্তব্য কর্ম্ম।

নৈমিত্তিকদান, ন. [নৈমিত্তিক+দান] নিমিত্ত নিশ্চয়বদধিকারি কর্ত্তব্য দান।

নৈমিত্তিকলয়, পুং. [নৈমিত্তিক+লয়] প্রলয় বিশেষ, ব্রহ্মার দিনাবসান নিমিত্তিক ত্রৈলোক্যের লয়।

নৈমিত্তিকস্নান, ন. [নৈমিত্তিক+স্নান] নিমিত্ত নিশ্চয়বদধিকারি কর্ত্তব্য স্নান।

নৈমিষ, ন. [নিমিষ+অ] নৈমিষারণ্য; (ত্রি.) ক্ষণিক।

নৈমিষারণ্য, ন. [নৈমিষ+অরণ্য] অরণ্য বিশেষ; শৌনকাশ্রম। [ময়, বদল।

নৈময়, পুং. [নি+মায়] পরিবর্ত্ত, বিনি-

নৈয়গ্রোধ, ন. [ন্যাগ্রোধ+অ] ন্যগ্রোধফল, বটফল; ন্যগ্রোধজাত চমসাদি।

নৈয়ঙ্কব, ত্রিং [ন্যঙ্কু + অ] ন্যঙ্কুমৃগজাত বস্ত্র চর্ম্মাদি। [নির্দ্দেশ।

নৈয়ত্য, ন. [নিয়ত + য] নিয়তত্ব, নিশ্চয়,

নৈয়ায়িক, পুং. [ন্যায় + ইক] ন্যায়বেত্তা, ন্যায়াধ্যাপক, তৎপর্য্যায়।—স্বাক্ষপাদ, সাম্বাদিক, আর্হিত, তার্কিক।

নৈযুক্ত, ন. [নিযুক্ত + অ] নিয়োগ; (ত্রি.) নিযুক্ত সম্বন্ধীয়। [সর্ব্বদা।

নৈরন্তর্য্য, ন. [নিরন্তর + য] নিরন্তরত্ব,

নৈরাশ্য, ন. [নিরাশ+য]আশাভাব, নিরাশ, হওয়া, হতাশ হওয়া, বাঞ্ছারহিত।

নৈরুক্ত, ত্রি. [নিরুক্ত+অ] নিরুক্ত সম্বন্ধীয়।

নৈর্ঋত, পুং, [নির্ঋতি+অ] রাক্ষস; নাভির পশ্চিম দক্ষিণকোণের অধিপতি; (স্ত্রী.) নৈর্ঋতকোণ।

নৈর্ঋতী, স্ত্রী. [নির্ঋত+অ-ঈ] পশ্চিম দক্ষিণের মধ্যদিক্, নৈর্ঋতকোণ।

নৈর্গুণ্য, ন. [নির্গুণ+য] নির্গুণত্ব, মূর্খত্ব।

নৈর্ধন্য, ন. [নির্ধন+য] নির্ধনতা, দরিদ্রতা।

নৈর্ম্মল্য, ন. [নির্ম্মল+য] নির্ম্মলত্ব, পরিষ্কার, নির্ম্মল; বিষয়ে বৈরাগ্য।

নৈল্য, ন. [নীল + য] নীলত্ব, নীলের ভাব, নীলিমা।

নৈশ, ত্রি. [নিশা + অ] নিশাসম্বন্ধীয়, নিশাভব, রাত্রিকালীন।

নৈশক, ত্রি. [নিশা + অক] নিশাসম্বন্ধীয়, নিশাভব, রাত্রিকালীন।

নৈশ্চিত্য, ন. [নিশ্চিত+য়] নিশ্চিতত্ব, নিশ্চয়, স্থিরতা।

নৈষধ, পুং. [নিষধ+অ] নলরাজা; (ত্রি.) নিষধ সম্বন্ধীয়।

নৈষ্কর্ম্ম্য, ন. [নিষ্কর্ম্মন্+অ] কর্ম্মরহিত, নিষ্কারণ।

নৈষ্কশতিক, ত্রি. [নিষ্ক+শতিক] শতনিষ্কমূল্যের উপযুক্ত। [ত্রক।

নৈষ্কৃতিক, ত্রি. [নিষ্কৃতি+ক] অপকৃষ্ট, হিং-

নৈষ্কিক, পুং. [নিষ্ক+ইক] রূপ্যাধ্যক্ষ, রৌপ্য বিষয়ে নিযুক্ত; টঙ্ককপতি, টাকশালের অধ্যক্ষ; রৌপ্যনির্ম্মিত পুরুষাশ্বাদি।

নৈষ্ঠিক, পুং. [নিষ্ঠা + ইক] ব্রহ্মচর্য্যা, যাবজ্জীবন গুরুগৃহে যিনি বাস করেন; (ত্রি.) অন্তিম, চরমকালীন।

নৈষ্ঠুর্য্য, ন. [নিষ্ঠুর+য] নিষ্ঠুরতা।

নৈষ্ঠ্য, ন. [নিষ্ঠা+য[নিষ্ঠতা, দৃঢ়বিশ্বাস।

নৈসর্গিক, ত্রি. [নিসর্গ + ইক] স্বভাবিক, স্বভাবত।

নৈসর্গিকবিধান. ন. [নৈসর্গিক + বিধান] মানবজাতির ঐহিক নিয়মানুসারী পরস্পর ব্যবহার ব্যবস্থাপক শাস্ত্র, যথা—কেহ কাহাকেও হিংসা করিবে না।

নৈস্ত্রিংশিক, ত্রি. [নিস্ত্রিংশ+ইক] খড়্গধারী অসি বিশিষ্ট, খড়্গদ্বারায় যিনি প্রহার করেন, তৎপর্য্যায়।—অসিহেতি, অসিহেতিক।

নৈহারিকনক্ষত্র, ন. [নৈহারিক + নক্ষত্র] সকল নীহারিকা নক্ষত্রের লক্ষণাক্রান্ত বোধ হয়।

নো, ব্য. নহি, অভাব; নিষেধ, না।

নোয়ান, (প্রা) বাঁকান, বক্রীকৃত, নতকরা।

নোকসান, (যাং) ক্ষতি, হানি, অপচয়।

নোঙ্গর, (যাং) বৃহৎ নৌকা বদ্ধকরণের যন্ত্র বিশেষ। [কৃত।

নোঙ্গরা, (প্রা) অপবিত্র, অশুদ্ধ, অপরি-

নোড, (প্রা) ভাঁজ, খাইদ, মরা; কৃত্রিমমুদ্রা; ফলবিশেষ।

নোড়া, (প্রা) বাটনী, পেষণী, ক্ষুদ্রশিলা।

নোণা, (প্রা) সলবণ, লবণাক্ত; ফলবিশেষ।

নোণাটেঙ্গরা, (প্রা) মৎস্যবিশেষ।

নোণাভাঁটী, (প্রা) বৃক্ষবিশেষ।

নোদন, ন. [নুদ + অন] প্রেরণ, নিঃসারণ; অপসারণ; ছেদন।

নোধাঃ, পুং. [নোধ+অস্] ঋষিবিশেষ।

নোনা, (প্রা) ফলবিশেষ।

নোপস্থাতা, ত্রি.[ন+উপ-স্থা-তৃ]দুরস্থ, অসমীপস্থ; অনুপস্থিত, হীনার্থী বিশেষ।

নোয়া, (প্রা) নম্র, বক্রী, ভুত; লৌহ।

নৌ, স্ত্রী. নৌকা, তরী, তরণী, জলযান।

নৌকা, স্ত্রী; [নৌ+ক+আ] নদ্যাদি সন্তরণ নিমিত্ত কাষ্ঠাদি নির্ম্মিত যানবিশেষ, বারিরথ, তৎপর্য্যায়।—নৌ, তরিকা, তরণি, তরণী, তরি, তরী, তরণ্ডী, তরণ্ড, পাদালিন্দা, উৎপ্লবা, হোড়, বাধু, বার্দ্দট, বহিত্র, পোত, বহন।

নৌকাদণ্ড, পুং. [নৌকা+দণ্ড] ক্ষেপণী, চাইড়, ধ্বজী, নগী ; দাঁড়।

নৌতার্য্য, ত্রি. [নৌ+তার্য্য] নাব্য, নৌকাগম্য দেশাদি।

নৌবিদ্যা, স্ত্রী. [নৌ+বিদ্যা] নাবিকবিদ্যা।

নৌযায়ী, ত্রি. [নৌ+যায়িন] নৌকায় গমনকারী।

ন্যক্কার, পুং. [ন্যক্+কার] ন্যক্করণ, ঘৃণা, তৎপর্য্যায়।—অবজ্ঞা,পরীহার, পরিহার, পরাভব, অপমান, পরিভব, তিরস্কার, তিরস্ক্রিয়া, অবহেলা, হেলা, অবহেলন, হেলন, অনাদর, অভিভব, সুক্ষণ, সুর্ক্ষণ, ব্রীড়া, অভিভূতি, নিকৃতি, অসুক্ষণ, অসুর্ক্ষণ, নীকার, অবহেল, অমানন, ক্ষেপ, নিকার, ধিক্কার ; বিমাননা।

ন্যক্কারুকা, স্ত্রী. [ন্যক্কার+উকা] কীটবিশেষ, বিষ্ঠাক্রিমি।

ন্যক্কার্য্য, ত্রি. [ন্যক্+কার্য্য]ঘৃণার্হ ; বমনোৎপাদক। [বিশেষ।

ন্যগজ্জাতি, ত্রি. [ন্যক্+জাতি] নীচজাতি-

ন্যগ্রোধ, পুং. [নক্+রোধ] বটবৃক্ষ, বটগাছ ; ব্যাম পরিমাণ ; শমীবৃক্ষ, শাঁইগাছ ; বিষপর্ণী ; মোহনাখ্যৌষধি।

ন্যগ্রোধপরিমণ্ডল, পুং. [ন্যগ্রোধ+পরিমণ্ডল]তির্য্যক্, বাহু প্রসারিত পুরুষ।

ন্যগ্রোধপরিমণ্ডলা, স্ত্রী. [ন্যগ্রোধ+পরিমণ্ডল-আ] অঙ্গনাবিশেষ, যে স্ত্রীলোকের গ্রীষ্মে শীতল ; শীতে উষ্ণদেহ ; সুকঠিন স্তন ও বিশাল নিতম্ব এবং মধ্যক্ষীণা সেই স্ত্রীকে ন্যগ্রোধ পরিমণ্ডলা কহে, যথা।—স্তনৌ সুকঠিনৌ যস্যা নিতম্বে চ বিশালতা। মধ্যে ক্ষীণা ভবেদ্যা সা ন্যগ্রোধ পরিমণ্ডলা।

ন্যগ্রোধা, স্ত্রী. [ন্যগ্রোধ+আ] ন্যগ্রোধী, ইন্দুরকাণী

ন্যগ্রোধী, স্ত্রী. [ন্যগ্রোধ+ঈ] উপচিত্রা, ইন্দুরকাণী, খুলকুড়ী।

ন্যঙ্, ত্রি; [নি+অঞ্চ] নীচ, খর্ব্ব ; নিম্ন; কাৎর্স্ন্য।

ন্যঙ্কু, পুং; [নি+অঞ্চ+উ] মৃগবিশেষ; মণিবিশেষ। [বৃক্ষ

ন্যঙ্কুভূরুহ, পুং. [ন্যঙ্কু+ভূরুহ] শোণক-

ন্যঙ্চা, (প্রা) লেঙ্গড়া, খঞ্জ, খোঁড়া।

ন্যঞ্চিত, ত্রি. [নি+অঞ্চিত] অধঃক্ষিপ্ত, নিচে ফেলা। [মেচেতা।

ন্যচ্ছ, ন. [ন+যচ্ছ] ক্ষুদ্র রোগবিশেষ,

ন্যয়, পুং. [নি+অয়] অপচয়।

ন্যর্দ্দ, ত্রি. [নি+অর্দ্দ-অ] জিজ্ঞাসিত।

ন্যসন, ন. [নি+অসন] অর্পণ।

ন্যস্ত, ত্রি. [নি+অস-ত] নিহিত, স্থাপিত; অর্পিত, নিসৃষ্ট, নিঃক্ষিপ্ত ; ত্যক্ত।

ন্যস্তশস্ত্র, পুং; [ন্যস্ত+শস্ত্র] পিতৃলোক; (ত্রি.) ত্যক্তশস্ত্র,যে অস্ত্র পরিত্যাগ করিয়াছে।

ন্যক্ষ, ন. [নি+অক্ষ] কাৎর্স্ন্য, সাকল্য; তৃণ; (পুং.) মহিষ; জামদগ্ন্য, পরশুরাম; (ত্রি.) নিকৃষ্ট।

ন্যাক্য, ন. [ন্যক+য] ভৃষ্টতণ্ডুল, মুড়ী, ভাজাচাউল, তৎপর্য্যায়।—ভৃষ্টান্ন, কুহব।

ন্যাকা, (প্রা) অস্পষ্টবাক্, অবোধ।

ন্যাকামী, (প্রা) মূর্খতা, অবোধতা, উন্মত্ততা, পাগলামীকরা।

ন্যাকার, (প্রা) ন্যক্কার, বমন, বমি।

ন্যাটা, (প্রা) বামহস্ত প্রবল।

ন্যাড়া, (প্রা) কেশহীন, চুলরহিত।

ন্যাদ, পুং. [নি+আ-অদ] আহার, ভোজন।

ন্যায়,পুং. [নি+আয়] বিষ্ণু ; উচিত, তৎপর্য্যায়।—অভ্রেষ, কল্প, দেশরূপ, সমঞ্জস ; প্রতিজ্ঞা হেতু উদাহরণ উপনয় নিগমন এই পঞ্চাবয়বযুক্ত, ন্যায় বাক্য ; ষড়দর্শনান্তর্গত দর্শন বিশেষ, তৎপর্য্যায়।—তর্কবিদ্যা, আন্বিক্ষিকী;

উদাত্ত, অনুদাত্তস্বর, এই বিবিধ স্বর; যাথার্থ্য, উপযুক্ততা, উপচিত, বিচার; বিতর্ক, বিবেচনা; সদৃশ, যুক্তিমূলক দৃষ্টান্ত বিশেষ,ইহা বহুবিধ,তাহার মধ্যে প্রসিদ্ধ নামাদিলক্ষণ যথা।-অন্ধগোলাঙ্গুল, অন্ধপঙ্গু, অন্ধহস্তী, অশোকবনিকা, উষ্ট্রকণ্টকভোজন, কদম্বগোলক, করকঙ্কণ, কাকাক্ষি গোলক, কূর্ম্মাঙ্গ, কৈমুতিক, খলেকপোত, গুড়জিহ্বিকা, গোবলীবর্দ্দ, চালণী, তৃণারণিমণি, দগ্ধপত্র, দণ্ডচক্রাদি, দণ্ডাপূপ, পঙ্কপ্রক্ষালন, মণিমন্ত্রাদি, রাজপুরপ্রবেশ, লূতাতন্তু, বিশেষ্য বিশেষণ, বীচীতরঙ্গ, বীজাঙ্কুর, শঙ্খবেলা, শতপত্রভেদ, শৃঙ্গগ্রাহিতা, সন্দংশপ্রাপিত, সর্ব্বাপেক্ষা, সূচীকটাহ, স্থবিরলগুড়, ইত্যাদিন্যায়।

ন্যায়কর্ত্তা, পুং. [ন্যায়+কর্ত্তা] বিচারক, তর্কশাস্ত্রবেত্তা; গৌতম।

ন্যায়তঃ, ত্রি. [ন্যায়+তস্] যাথার্থতঃ, বিচারতঃ, যুক্তিসিদ্ধ।

ন্যায়পথ, পুং. [ন্যায়+পথ] যথার্থবর্ত্ম, ধর্ম্মপথ।

ন্যায়পরতা, স্ত্রী. [ন্যায়+পরতা] যে বৃত্তি দ্বারা যাথার্থের নিরূপণ হয়।

ন্যায়সারিণী, স্ত্রী. [ন্যায়+সারিন্-ঈ] যুক্তিপূর্ব্বক কর্ম্মকারিণী, লুণ্ঠী।

ন্যায়ী, পুং. [ন্যায়+ইন্] ন্যায়বান্ বিচারক, ন্যায়পর; উচিতবক্তা; যুক্তিকারক।

ন্যায্য, ত্রি. [ন্যায়+য] ন্যায় হইতে অনপেত, ন্যায়াগত ধনাদি, তৎপর্য্যায়।— যুক্ত, ঔপয়িক, লভ্য, ভজমান, অভিনীত, ক্রমোচিত, যথার্থ, উচিত, উপযুক্ত, যুক্তিসিদ্ধ।

ন্যাল, (প্রা) সূত্রাদি নির্ম্মিত রজ্জুবিশেষ; যথেষ্ট; অদেনা।

ন্যাস, পুং. [নি+আস] উপনিধি, স্থাপ্যদ্রব্য; নিক্ষেপ, গচ্ছিতকরণ, বিন্যাস, অর্পণ; ত্যাগ; কাশিকাখ্য পাণিনিসূত্র ব্যাখ্যান গ্রন্থবিশেষ; সন্ন্যাস; নাসিকা গ্রহণপূর্ব্বক বায়ুর পূরক কুম্ভক রেচকাদিরূপ প্রাণায়াম বিশেষ।

ন্যুঙ্খ, পুং. [নি+উঙ্খ] সামবেদীয় নিয়ত ষট্‌প্রণব; সম্যক্; মনোজ্ঞ; সুন্দর।

ন্যুব্জ, ন. [নি+উব্জ] কর্ম্মরঙ্গফল; শ্রাদ্ধাদিপাত্রবিশেষ; (পুং.) কুশময়স্রুক্; কুশ; স্রুক্; (ত্রি.) কুব্জ, কুঁজো, অধোমুখ, বক্র, উপুড়; রোগেরদ্বারা ক্লিষ্ট; রোগদ্বারা বক্রীকৃতপৃষ্ঠাধোমুখ পুরুষাদি; হাতা: গোলবস্তুর বাহিরেরদিক্।

ন্যুব্জখড়্গ, পুং. [ন্যুব্জ+খড়্গ] কুব্জখড়্গ, বাঁকাতরবার তৎপর্য্যায়।—কটীতল।

ন্যূন, ত্রি. [নি+উন] গর্হ্য, নিন্দনীয়; নিচু, ক্ষুদ্র; উন, অসম্পূর্ণ, অল্প।

ন্যূনতা স্ত্রী. [ন্যূন+ত-আ] জঘন্যতা; অল্পতা, অসম্পূর্ণতা।

ন্যূনত্ব, ন. [ন্যূন+ত্ব] অল্পতা; কমি; হীনতা।

ন্যূনপঞ্চাশদ্ভাব, পুং. [ন্যূন+পঞ্চাশদ্ভাব] ঊনপঞ্চাশদ্ভাব, পাগল।

ন্যূনাতিরেক, ত্রি. [ন্যূন+অতিরেক] অল্পাধিক, কমবেশ।

ন্যূনাধিক, ত্রি. [ন্যূন+অধিক] অল্পাধিক, কমবেশ। [কমবেশ।

ন্যূনাধিক্য, ন. [ন্যূন+আধিক্য] অল্পাধিক্য,

নৃস্থিমালী, পুং. [নৃ+অস্থি-মালিন্] শিব, মহাদেব; (ত্রি.) নরাস্থিমালাধারী।

প পকার, পঞ্চমবর্গের প্রথমঅক্ষর, ব্যঞ্জনের একবিংশবর্ণ, ওষ্ঠ হইতে ইহার উচ্চারণহয়, তৎপর্য্যায়।—লোহিত, পার্শ্ব, শূর অস্ত্রনামানি যথা।—পুরপ্রিয়তা; তীক্ষ্ণা; লোহিত; পঞ্চম; রমা; গুহ্যকর্ত্তা; নিধি; শেষ; কালরাত্রি; সুবাহিতা; তপন; পালন; পাতা; পদ্মরেণু; নিরঞ্জন; সাবিত্রী; পাতিনী; পান; বীরতন্ত্র; ধনুর্দ্ধর; দক্ষপার্শ্ব; সেনানী; মরীচি; পবন; নোয়ান, (প্রা) নামান, নতকরণ, নম্রকরণ।

শনি; উড্ডীশ; জয়িনী; কুম্ভ; অলস; রেখা; মোহক; মূলা; দ্বিতীয; ইন্দ্রাণী; লোকাক্ষী; মন; আত্মন।

প, পুং. পবন, বায়ু; পর্ণ, পত্র; পান; পাতা, পালনকর্ত্তা।

পইঠা, (প্রা) সিঁড়ি, সোপান, ধাপ।

পংক্তি, স্ত্রী. [পচ+তি] শ্রেণী, সারী; দশাক্ষরচ্ছন্দঃ।

পঁইছা, (প্রা) স্ত্রীলোকের হস্তাভরণবিশেষ।

পঁইত্রিশ, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চত্রিংশৎ,৩৫

পঁহুছন, (প্রা) আগমন, উত্তরণ, আইসন।

পঁচাত্তর, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চসপ্ততি,৭৫

পঁচানব্বই, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চনবতি, পঁচানই ৯৫।

পঁচাশী, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চাশীতি,৮৫।

পঁচিশ, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চবিংশতি,২৫।

পঁয়চাল্লিশ, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চচত্বারিংশৎ, ৪৫।

পঁয়ষট্টি, (প্রা) সংখ্যাবিশেষ, পঞ্চষষ্টি, ৬৫।

পকার, পুং. [প+কার] পবর্ণ।

পকুর, (প্রা) পুষ্করিণী। [গৃহ।

পক্কণ, পুং. ন. [পচ+কণ] শবরালয়,ব্যাধের-

পক্তপৌড়, পুং. [পক্ত+পৌড়] বৃক্ষবিশেষ, পখৌড়া,তৎপর্য্যায়।—পঞ্চকৃতা, বর্দ্ধন, পঞ্চরক্ষক।

পক্তা, ত্রি. [পচ+তৃ] পাককর্ত্তা, পাচক, রসুইয়া; (পুং.) অগ্নি।

পক্তি, স্ত্রী. [পচ+তি] গৌরব; পাক, রন্ধন; পাকা।

পক্তিশূল, ন. [পক্তি+শূল] পরিণামশূল, তৎপর্য্যায়।—পাকজ, পরিণামজ।

পক্ত্র, ন. [পচ+ত্র] গার্হপত্যাগ্নি, গার্হপত্যাগমের অগ্নি।

পক্ত্রিম, ত্রি. [পচ+ত্রিম] পাকিম, পাকহইতে জাত; পাকদ্বারানিষ্পন্ন, পাকজন্য।

পক্ক, ত্রি. [পচ্+ব] পরিণত, পাকা; নিষ্ঠাপ্রাপ্ত, সুদৃঢ়; নিপুণ; বিনাশের উন্মুখ; নৈকট্যবিনাশ।

পক্ককৃৎ, পুং. [পক্ক+কৃৎ] নিম্ববৃক্ষ, নিমগাছ; (ত্রি) পাককর্ত্তা, পাককারী, রন্ধনকারী।

পক্কতা, স্ত্রী. [পক্ক+ত-আ] পরিণতাবস্থা; নৈপুণ্য, দৃঢ়তা।

পক্কবারি, ন. [পক্ক+বারি] কাঞ্জিক, কাঁজী, আমানী; পক্কবারি।

পক্করস, পুং. [পচ+রস] মদ্য, মদিরা, মদ, সুরা, সরাপ

পক্কান্ন, ত্রি. [পক্ক+অন্ন] কৃতপাকতণ্ডুলাদি, পাককরাতণ্ডুলাদি; রাঁদাভাত; মিঠাইবিশেষ।

পক্কাশয়, পুং. [পক্ক+আশয়] নাভিরঅধোভাগ, তলপেট।

পগার, (প্রা) সেতু, আলি, বাঁধ। [পাপ।

পঙ্ক, পুং. ন. [পচ+ক] কর্দ্দম, কাদা, পাঁক;

পঙ্ককর্ব্বট, পুং. [পঙ্ক+কর্ব্বট]জলযুক্তপঙ্ক।

পঙ্ককীর, পুং. [পঙ্ক+কীর] কোষষ্টিপক্ষী, কাদাখোঁচাপাখী।

পঙ্কক্রীড়, পুং. [পঙ্ক+ক্রীড়া] শূকর; কর্দ্দমদ্বারা যে খেলা করে।

পঙ্কগড়ক, পুং. [পঙ্ক+গড়ক] মৎস্যবিশেষ, পাকালমাচ, তৎপর্য্যায়।—ব্রহ্মী।

পঙ্কগতি, স্ত্রী. [পঙ্ক+গতি] পঙ্কগড়কমৎস্য, পাকালমাছ।

পঙ্কগ্রাহ, পুং. [পঙ্ক+গ্রাহ] মকর; কচ্ছপ জলজন্তুবিশেষ।

পঙ্কজ, ন. [পঙ্ক+জন] পদ্ম, কমল,সরোরুহ।

পঙ্কজন্ম, ন. [পঙ্ক+জন্মন্] পদ্ম, কমল, বারিজ। [পদ্মকর, পদ্মলতা।

পঙ্কজিনী, স্ত্রী. [পঙ্কজ+ইন্-ঈ] পদ্মসমূহ;

পঙ্কণ, পুং. [পচ+কণ] পক্কণ, শবরালয়, ব্যাধেরগৃহ।

পঙ্কধূম, পুং. [পঙ্ক+ধূম] নরকবিশেষ।

পঙ্কপ্রভা, স্ত্রী. [পঙ্ক+প্রভা] কর্দ্দমযুক্তনরকবিশেষ।

পঙ্কবাস, পুং. [পঙ্ক+বাস] কর্কট, কাকড়।

পঙ্কমণ্ডুক, পুং. [পঙ্ক+মণ্ডুক] শম্বুক, শামুক।

পঙ্করুট্, ন. [পঙ্ক+রুহ] পদ্ম,কমল,সরোজ।

পঙ্করুহ, ন. [পঙ্ক+রুহ] পদ্ম, কমল,সরোজ।

পঙ্কশুক্তি, স্ত্রী. [পঙ্ক+শুক্তি] দুর্নামা, ঝিনুক। [লশুন্যেরমূল।

পঙ্কশূরণ, পুং. [পঙ্ক+শূরণ] শালক, উৎপ-

পঙ্কার, পুং. [পঙ্ক+আর] শৈবল, শৈবাল, শেওলা; সেতু, আলি, পগার; সোপান, সিঁড়ি, পৈঠা জলকুব্জক।

পঙ্কিল, ত্রি. [পঙ্ক+ল] সকর্দ্দম, পঙ্কময়, তৎপর্য্যায়।—সম্বাল, পঙ্কযুক্ত, কর্দ্দমান্বিত। [রুহ।

পঙ্কেজ, ন. [পঙ্কে+জন] পদ্ম, কমল, সরো-

পঙ্কেরুহ, ন. [পঙ্কে+রুহ] পদ্ম, কমল, সরোজ; (পুং.) শারসপক্ষী।

পঙ্কোদ্ধার, ন. [পঙ্ক+উদ্ধার] পুষ্করিণী বা জলাশয় হইতে পঙ্ক উত্তোলনকরণ।

পঙ্‌ক্তি, স্ত্রী. [পচ+ক্তি] সজাতীয়স্থানবিশেষ, শারি, পাঁতি, তৎপর্য্যায়।—বীথী, আলি, আবলি, শ্রেণী, বীথি, আলী, আবলী, পংক্তী, শ্রেণি, শরণি, সন্ততি, বিঞ্জোলী, পালি, পালী, বীথিকা; পঞ্চাক্ষরপাদছন্দোবিশেষ; দশাক্ষরপাদচ্ছন্দঃ; দশসংখ্যা; পৃথিবী; গৌরব; পাক।

পঙ্‌ক্তিগ্রীব, পুং. [পঙ্‌ক্তি+গ্রীবা] রাবণ, দশানন। [সরালি।

পঙ্‌ক্তিচর, পুং. [পঙ্‌ক্তি+চর] কুররপক্ষী:

পঙ্‌ক্তিদূষক, পুং. [পঙ্‌ক্তি+দূষক] অপাঙ্‌ক্তেয়, শ্রাদ্ধভোজনানর্হ ব্রাহ্মণ, একপঙ্‌ক্তিতে ভোজনের অযোগ্য, পতিত।

পংক্তিপাবন, পুং. [পঙ্‌ক্তি+পাবন] শ্রেণীপবিত্রকর্ত্তা, শ্রাদ্ধভোজনার্হ ব্রাহ্মণ।

পঙ্‌ক্তিবীজ, পুং. [পঙ্‌ক্তি+বীজ] বর্ব্বূরবৃক্ষ

পঙ্‌ক্তিরথ, পুং. [পঙ্‌ক্তি+রথ] দশরথরাজা।

পঙ্গ, পুং. [পদ্+গম] পতঙ্গ, ফড়িঙ্গ।

পঙ্গপাল, পুং. [পঙ্গ+পাল] পতঙ্গবিশেষ; ফড়িঙ্গসমূহ।

পঙ্গু, পুং. [পঙ্গ+উ] শনৈশ্চর; (ত্রি.) পাদবিকল, জঙ্ঘাবৈকল্যজন্য চলনে অক্ষম, খঞ্জ, খোঁড়া, তৎপর্য্যায়।—শ্রোণ, জঙ্ঘাহীন।

পঙ্গুত্ব, ন. [পঙ্গু+ত্ব] খঞ্জত্ব, পদবিকলতা।

পঙ্গুল, পুং. [পঙ্গু+ল] শুক্লকাঁচেরন্যায়ঘোটক।

পঙ্গুলহরিণী, স্ত্রী. [পঙ্গুল+হরিণ-ঈ] শিমূড়ীক্ষুপ।]

পচ, ত্রি. [পচ+অ] পাককর্ত্তা, পাক, পাচক।

পচত, পুং. [পচ+ত] সূর্য্য; অগ্নি; ইন্দ্র।

পচতিকল্প, ন. [পচতি+কল্প] ঈষৎ ঊনপাকের কর্ত্তা।

পচৎপুট, পুং. [পচৎ+পুট] সূর্য্যমণিবৃক্ষ।

পচৎ, ত্রি. [পচ+অৎ] পাককর্ত্তা, পাচক।

পচন, ন. [পচ+অন] পাক, গলন, জরণ; (পুং.) অগ্নি; পাককর্ত্তা।

পচনী, স্ত্রী. [পচ+অন-ঈ] বনবীজপুরক।

পচন্তী, স্ত্রী. [পচ+অৎ-ঈ] পাককর্ত্রী, পাচিকা।

পচমান, ত্রি. [পচ+মান] পাককর্ত্তা, পাচক।

পচম্পচা, স্ত্রী. [পচম্+পচ-আ] দারুহরিদ্রা।

পচা, স্ত্রী. [পচ+অ-আ] পাক; (প্রা) দুরিত, নষ্ট, বিকৃত।

পচাকাল, (প্রা) সরসসময়, বর্ষাকাল।

পচান, (প্রা) পাককরণ; বিকৃতকরণ, নষ্টকরণ; জরাণ।

পচাপাচকুয়া, (প্রা) ছিন্ন, নষ্ট, জীর্ণ, গলিত; বিকৃত, দুরিত।

পচাল, (প্রা) অকথ্যবাক্য, কটুবাক্য, দুর্ব্বাক্য।

পচালিয়া, (প্রা) কটুবাদী, কুৎসিত জল্পক।

পচি, পুং. [পচ+ই] অগ্নি, অনল, বহ্নি; পচন।

পচেলিম, পুং. [পচ+এলিম] সূর্য্য; অগ্নি; (ত্রি.) কর্ত্তার অনায়াস দ্বারা স্বয়ংপক্ক।

পচেলুক, পুং. [পচ+এলুক] সূদ, পাচক, রন্ধনকর্ত্তা, পাককর্ত্তা।

পচ্ছঃ, ব্য. [পদ্+শস্] একপাদহ, ক্রমেহ।

পচ্য, ত্রি. [পচ+য] পাকযোগ্য, পাককরণের উপযুক্ত, রন্ধনোপযুক্ত।

পচ্যমান, ত্রি. [পচ্য+মান] বর্ত্তমান পচনকর্ম্মতাশ্রয়, বর্ত্তমান পাকবিশিষ্ট তণ্ডুলাদি পাক হওয়া, পাক করা।

পজ্জ, পুং. [পদ্+জন] শূদ্র, অধমজাতি।

পজ্ঝটিকা, স্ত্রী. [পজ্+ঝটিকা] ছন্দোবিশেষ; ক্ষুদ্র ঘণ্টিকা।

পঞ্চ, ত্রি. [পঞ্চ+অন্] সংখ্যাবিশেষ, পাঁচ, ৫; বহুবচনান্ত, তদ্বাচক, যথা

পাণ্ডব, শিবাস্য, ইন্দ্রিয়, স্বর্গ, ব্রতাগ্নি, মহাপাতক, মহাভূত, মহাকাব্য, মহাযজ্ঞ, পুরাণলক্ষণ, অঙ্গ, প্রাণ, বর্গ, ইন্দ্রিয়ার্থ, বাণ।

পঞ্চক, ত্রি. [পঞ্চন্+ক] পঞ্চ, পাঁচ সংখ্যা; পঞ্চম সম্বন্ধীয়।

পঞ্চকপাল, পুং. [পঞ্চ+কপাল] পঞ্চকপালের মধ্যে সংস্কৃত পুরোডাঃ, যজ্ঞবিশেষ, (ন.) কপালপঞ্চক।

পঞ্চকর্ম্ম, ন. [পঞ্চ+কর্ম্মন্] পঞ্চপ্রকার শারীরিক চিকিৎসাবিশেষ, যথা।—বমন, রেচন, নস্য, নিরূহ, অনুবাসন।

পঞ্চকষায়, পুং, [পঞ্চ+কষায়] মহাস্নানীয় পঞ্চপ্রকার কষায় দ্রব্য, যথা।—জম্বু, শাল্মলি, বাট্যাল, বকুল, বদর।

পঞ্চকৃত্য, পুং. [পঞ্চ+কৃত্য]পক্কপৌড়বৃক্ষ।

পঞ্চকোল, ন. [পঞ্চ+কোল] পাচনবিশেষ যথা।—পদ্মকেলি বাণামূলং কৃষ্ণা চব্যাগ্নি নাগরৈঃ। অপরঞ্চ। পিপ্পলী পিপ্পলীমূলং চব্যচিত্রক নাগরং॥ অস্যভাষা। শুঁট্, পিপুল, চিতা, চই, মরিচ, অপর। পিপুল, পিপুলমূল, চই, চিতা, শুঁট।

পঞ্চকোষা, স্ত্রী. [পঞ্চ+কোষা] কোষের ন্যায় আত্মার আচ্ছাদক ইহা পঞ্চবিধ যথা।—অন্নময় কোষ, প্রাণময় কোষ, মনোময়কোষ, বিজ্ঞানময় কোষ,আনন্দময় কোষ। [খট্ব।

পঞ্চখট্বি, ন. স্ত্রী. [পঞ্চ+খট্ব] সমাহৃত পঞ্চ-

পঞ্চগণযোগ, পুং. [পঞ্চগণ+যোগ] বিদারী গন্ধা, বৃহতী, পৃশ্নিপর্ণী, নিদিগ্ধিকা, স্বদংষ্ট্রা এই পাঁচটী মিলিত হইয়া পঞ্চগণ যোগ হয়। [মিলিত।

পঞ্চগব, ন. স্ত্রী. [পঞ্চন্+গো-অ] পঞ্চগাভি

পঞ্চগবধন, ত্রি. [পঞ্চগব+ধন] যাহার পাঁচটী গোধন আছে।

পঞ্চগব্য, ন. [পঞ্চন+গব্য] গো সম্বন্ধীয় পঞ্চপ্রকার দ্রব্য, তদযথা।—গোময়, গোমূত্র, দুগ্ধ, দধি, ঘৃত। [কৃত।

পঞ্চগু, ত্রি. [পঞ্চন্+গো] পাঁচটী গো দ্বারা

পঞ্চগুপ্ত, ত্রি. [পঞ্চ+গুপ্ত] চার্ব্বাক্, দর্শন; কচ্ছপ, কূর্ম্ম, জেগল

পঞ্চগুপ্তিসরা, স্ত্রী. [পঞ্চন্+গুপ্তিসরা] স্পৃক্কা।

পঞ্চচামর, ন. [পঞ্চন+চামর] ষোড়শাক্ষর ছন্দোবিশেষ।

পঞ্চচীর, পুং. [পঞ্চন্+চীর] মঞ্জুঘোষ।

পঞ্চচূড়া, স্ত্রী. [পঞ্চ+চূড়া] অপ্সরাবিশেষ।

পঞ্চজন, পুং. [পঞ্চ+জন] পুরুষ; দৈত্যবিশেষ, যাহার অস্থিতে শ্রীকৃষ্ণের পাঞ্চজন্য শঙ্খ নির্ম্মিত হইয়াছে।

পঞ্চজনী, স্ত্রী. [পঞ্চন+জন-ঈ] পঞ্চজনার একত্র।

পঞ্চজনীন, পুং. [পঞ্চজন+ঈন্] ভণ্ড; (ত্রি.) পঞ্চজন সম্বন্ধীয়; পঞ্চজনের প্রভু।

পঞ্চজ্ঞান, পুং. [পঞ্চ+জ্ঞান] বুদ্ধাবতারবিশেষ।

পঞ্চতত্ত্ব, ন. [পঞ্চন+তত্ত্ব] মদ্য মাংস মৎস্য মুদ্রা মৈথুন, পঞ্চমকার, পঞ্চভূত, পৃথিবী জল তেজঃ বায়ু আকাশ এই পাঁচ। [সূক্ষ্ম পঞ্চভূত।

পঞ্চতন্মাত্র, ন. [পঞ্চন্+তন্মাত্র] পৃথিব্যাদি

পঞ্চতপাঃ ত্রি. [পঞ্চন+তপস্] অগ্নি চতুষ্টয় সূর্য্য এতৎপঞ্চ সাধ্য তপোবিশিষ্ট, পঞ্চতাপ বিশিষ্ট

পঞ্চতয়, ত্রি. [পঞ্চন্+তয়] পঞ্চাবয়ব।

পঞ্চতক্ষ, ন. স্ত্রী. [পঞ্চ+তক্ষ] একত্রিত পাঁচজন সূত্রধার।

পঞ্চতা, স্ত্রী. [পঞ্চন্+ত-আ] মৃত্যু, মরণ, নিধন, কাল ধর্ম্ম; দেহারম্ভক পৃথিব্যাদি পঞ্চমহাভূতের স্বকীয়াংশ সংযোগ হইতে পৃথক্ করণ; পঞ্চভাব।

পঞ্চতিক্ত, ন. [পঞ্চন+তিক্ত] তিক্তদ্রব্য পঞ্চক, যথা।—নিম্ব, অমৃতা, বৃষ, পটোল, নিদিগ্ধিকা।

পঞ্চতীর্থী, স্ত্রী. [পঞ্চন্+তীর্থ-ঈ] তীর্থপঞ্চক, যথা।—মার্কণ্ডেয়সরোবর, বটে, কৃষ্ণে, রৌহিণেয়, মহোদধি, ইন্দ্রদ্যুম্ন সঃ (ত্রি.) পঞ্চপ্রকার তীর্থ সেবী

পঞ্চত্ব, ন. [পঞ্চন্+ত্ব] মরণ, মৃত্যু, নিধন পাঁচের ধর্ম্ম।

পঞ্চদশ, ত্রি. [পঞ্চন+দশন্] পঞ্চদশ সংখ্যার পূরণ, পোনেরঞ্চি (বহুবচনান্ত) তদ্বাচক শব্দ যথা।—তিথি।

পঞ্চদশী, স্ত্রী. [পঞ্চন্+দশন্-ঈ] পুর্ণিমা; অমাবাস্যা; বেদান্ত গ্রন্থবিশেষ।

পঞ্চদীর্ঘ, ন. [পঞ্চন+দীর্ঘ] শরীরের পঞ্চাবয়ব লক্ষণবিশেষ, যথা।—বাহুদ্বয়, নেত্রদ্বয়, কুক্ষিদ্বয়, নাসিকাদ্বয়, স্তনদ্বয়। [বার।

পঞ্চধা, ব্য. [পঞ্চন্+ধা] পঞ্চপ্রকার, পাঁচ-

পঞ্চনখ, পুং. [পঞ্চ+নখ] মনুষ্য; বানর, হস্তী; কূর্ম্ম; ব্যাঘ্র; ভক্ষণীয় শশকাদি পঞ্চ, যথা।—শশক, শল্লকী, গোধা গণ্ডার, কূর্ম্ম

পঞ্চন্+নদ] পঞ্চনদীযুক্ত দেশবিশেষ, পঞ্জাব, তন্নামান্তর যথা।—বাহ্লীকাদি দেশ; পঞ্চ নদী যথা।-শতদ্রু, বিপাশা, ইরাবতী, চন্দ্রভাগা, বিতস্তা; (ন.) একত্রিত পঞ্চনদী।

পঞ্চনিম্ব, ন. [পঞ্চ+নিম্ব] নিম্ববৃক্ষের পত্র ত্বক্ পুষ্প ফল মূল। [বিশেষ।

পঞ্চনী, স্ত্রী. [পঞ্চন্+ঈ] শারিশৃঙ্খলা,পাশক

পঞ্চনীরাজন, ন. [পঞ্চ+নীরাজন] পঞ্চপ্রকার আরতি; পঞ্চপ্রদীপ।

পঞ্চপর্ণিকা, স্ত্রী. [পঞ্চন্+পর্ণিকা] গোরক্ষী ক্ষুপ, মালবদেশীয় ক্ষুদ্র ক্ষুপবিশেষ।

পঞ্চপল্লব, ন. [পঞ্চন্+পল্লব] আম্রাদি পল্লব পঞ্চক, যথা তন্ত্রে।—আম্র, জম্বু,কপিত্থ, বীজপূরক, বিল্ব; বৈদিকমতে পঞ্চপল্লব, আম্র, অশ্বত্থ, বট, পাকুড়, যজ্ঞডুম্বুর তন্ত্রান্তরেকার্য্যবিশেষ, যথা।—কাঁটাল আম্র, অশ্বত্থ, বট, বকুল।

পঞ্চপক্ষী, পুং. [পঞ্চন্+পক্ষিন্] পারিভাষিক পঞ্চকদার ত্রিকাল জ্ঞানার্থ শিবপ্রণীতপ্রশ্ন গণনার্থ গ্রন্থবিশেষ,পক্ষিণাং পরিচয়। যথা, শ্যেন, কুক্কুট, ময়ূর, কাক, ইত্যাদি।

পঞ্চপাণ্ডব, পুং. [পঞ্চ+পাণ্ডব] পাণ্ডুরাজার পঞ্চপুত্র, যথা।—যুধিষ্ঠির, ভীম, অর্জ্জুন, নকুল, সহদেব।

পঞ্চপাত্র, ন. [পঞ্চন্+পাত্র] পঞ্চপাত্রের একত্রে মিলন, পঞ্চপাত্র করণক পার্ব্বণ শ্রাদ্ধ, অষ্টকাশ্রাদ্ধ, অমাবস্যামৃত প্রেত পক্ষ মৃতসাম্বৎসরিক সপিণ্ডীকরণ।

পঞ্চপিত্ত, ন. [পঞ্চন্+পিত্ত] পিত্তপঞ্চক, যথা।-বরাহ ছাগ, মহিষ, মৎস্য, ময়ূরের পিত্ত। [যুক্ত আরতি।

পঞ্চপ্রদীপ, পুং. [পঞ্চন্+প্রদীপ] পঞ্চদীপ

পঞ্চপ্রাণ, পুং. [পঞ্চন্+প্রাণ] প্রাণাদি পঞ্চ বায়ু, যথা।—প্রাণ, অপান, সমান, উদান, ব্যান।

পঞ্চপ্রাসাদ, পুং. [পঞ্চন্+প্রাসাদ] দেব গৃহবিশেষ, পঞ্চরত্ন।

পঞ্চবক্ত্র, পুং, [পঞ্চন্+বক্ত্র] মহাদেব, শিব, পঞ্চমুখ রুদ্রাখ্য।

পঞ্চবট, পুং. [পঞ্চন্+বট] উরস্কট, বুক্বাছাড়, তৎপর্য্যায়।—জ্যোটিঙ্গ, মহাব্রতী, বালযজ্ঞোপবীতক।

পঞ্চবটী, স্ত্রী. [পঞ্চন্+বট-ঈ] পঞ্চপ্রকার বৃক্ষবিশেষ, যথা।—অশ্বত্থ, বিল্ববৃক্ষ, বট, ধাত্রী, অশোক।

পঞ্চবন্ধ, পুং. [পঞ্চন্+বন্ধ] নষ্ট দ্রব্যের পঞ্চমাংশ দণ্ড।

পঞ্চবল্কল, ন. [পঞ্চন্+বল্কল] বল্কলপঞ্চক, যথা।—বট, যজ্ঞোডুম্বুর, অশ্বত্থ, পাকুড়, বেতস, এই সকল বৃক্ষের ছাল।

পঞ্চবাণ, পুং. [পঞ্চন্+বাণ] কামদেব, মদন; (ন.) একত্রিত পঞ্চবাণ; (ত্রি.) পঞ্চবাণ বিশিষ্ট। যথা বাণপরিচয়। মারণ, স্তম্ভন, হর্ষণ, শোষণ, উন্মাদন।

পঞ্চভদ্র, পুং. [পঞ্চন+ভদ্র] পঞ্চস্থানস্থিত পুষ্পবিশিষ্ট অশ্ববিশেষ, পাঁচনবিশেষ, যথা।—গুড়ুচী, ক্ষেতপাপড়া, মুস্তক, কট্‌কী, চিরতা।

পঞ্চভূত, ন. [পঞ্চন্+ভূত] পৃথিবী, জল, তেজঃ,বায়ু, আকাশ এইপঞ্চ।

পঞ্চভূতাত্মা, পুং.[পঞ্চভূত+আত্মন্] প্রাণী, জীব।

পঞ্চম, ন. [পঞ্চন+ম] মৈথুন, ভগলিঙ্গ

পিছে, (প্রা) পৃষ্ঠে, পশ্চাদ্ভাগে। [নিয়া।

পিছলা, (প্রা) তৈলবৎ, আটাহীন, গড়া-

পিঞ্জ, ন. [পিজ+অ] বল, শক্তি; (ত্রি.) ব্যাকুল, কাতর; (পুং.) বধ, হনন; কর্পূর বিশেষ।

পিঞ্জট, পুং. [পিন্জ+অট] নেত্রমল, পিচুটি, দূষিকা, দূষীকা, দূষি, পিঞ্জেট।

পিঞ্জন, ন. [পিঞ্জ+অন] কার্পাসস্ফোটন ধনুঃ, ধনুধরা, তৎপর্য্যায়।—বিহনন, তুলস্ফোটন, কার্ম্মুক।

পিঞ্জর, ন. [পিন্জ+অর] হরিতাল; স্বর্ণ; নাগকেশরপুষ্প; পক্ষ্যাদিবন্ধন গৃহ; দেহের অস্থি সমূহ; (পুং.) অশ্ববিশেষ; পীতরক্তবর্ণ; পিঁজরা, খাঁচা; (ত্রি.) পীতবর্ণ

পিঞ্জরক, ন. [পিঞ্জর+ক] হরিতাল।

পিঞ্জল, ন. [পিন্জ+অল] কুশপত্র; হরিতাল; (পুং.) অতিশয় ব্যাকুল সৈন্যাদি।

পিঞ্জলী, স্ত্রী. [পিঞ্জল+ঈ] কুশান্তরবেষ্টিত, প্রাদেশমাত্র সাগ্রকুশ পত্রদ্বয়।

পিঞ্জা, স্ত্রী. [পিঞ্জ+আ] তুল, তুলা; হরিদ্রা; হিংসা; ছড়ী, ছড়া, ছটা।

পিঞ্জান, ন. [পিঞ্জ+অন] স্বর্ণ, কাঞ্চন।

পিঞ্জাল, (প্রা) বর্ত্তিকা, বাতী; দশী, শলিতা।

পিঞ্জিকা, স্ত্রী. [পিঞ্জ+ইক-আ] তুলনালিকা, পাঁইজ। [শলিতা।

পিঞ্জূল, ন. [পিন্জ+উল] বর্ত্তিকা, দশী,

পিঞ্জূষ, পুং. [পিঞ্জ+উষ] কর্ণমল, কানের খইল। [পিচুটী।

পিঞ্জেট, পুং. [পিঞ্জ+ইট] নেত্রমল, দূষিকা,

পিঞ্জোলা, স্ত্রী. [পিঞ্জ+ওল-আ] পত্রকাহলা, পত্রশব্দ।

পিট, ন. [পিট্+অ] চাল; (পুং.) পেট, পেটারা, পেটিকা।

পিটক, পুং. [পিট+ক] বংশবেত্রাদিনির্ম্মিত সমুদ্গকপ্রায়, পেটারী, পেটা, পেড়া. তৎপর্য্যায়।—পেটক, পেড়া, মঞ্জূষা, পেট, পেটিকা, তরি, তরী, মঞ্জুষা, পেড়িকা, (ত্রি.) বিস্ফোটক।

পিটন, (প্রা) আঘাতকরণ, প্রহারকরণ, মারণ।

পিটলী, (প্রা) বৃক্ষবিশেষ; তণ্ডুলচূর্ণ জল মিশ্রিত দ্রব্য।

পিটঙ্কাশ, পুং. [পিটম্+কাশ] পর্ব্বতোর্ম্মিজাত মৎস্য।

পিটকোটী, স্ত্রী, [পিট+কোটী] ইন্দ্রবারুণী, লতাবিশেষ, রাখাল সসা।

পিটা, (প্রা) পিষ্টক; আঘাতিত।

পিটাক. পুং. [পিট+আক] মুনিবিশেষ।

পিটালী, (প্রা) বৃক্ষবিশেষ; জলযুক্ত পেষিত তণ্ডুল.

পিট্টক, ন. [পিট+টক] দন্তকিট্টক।

পিটনা (প্রা) মুদ্গার, গদাবিশেষ; পিটিবার কাষ্ঠ খণ্ড।

পিঠর, পুং. [পিঠ+র] গৃহবিশেষ, তৎপর্য্যায়।—কুড্রঙ্ক, উদ্ঘাট; স্থালী, হাঁড়ী; (ন.) মুস্তা, মুতা; মন্থানদণ্ড।

পিঠরী, স্ত্রী. [পিঠর+ঈ] স্থালী, হাঁড়ী, অন্ন পাকাধার।

পিড়ক, পুং. [পিড়+ক] স্ফোটক, ফোঁড়া।

পিড়কা, স্ত্রী. [পিডক+আ] স্ফোটকবিশেষ, প্রমেহজা, তদ্দশবিধ যথা।—শরাবিকা, কচ্ছপিকা, জালিনী, বিনতালজী, মসূরিকা, সর্ষপিকা, পুত্রিণী, বিদারিকা, বিদ্রধি।

পিড়িঙ্গ, (প্রা) শাকবিশেষ।

পিড়ী, (প্রা) কাষ্ঠাসন বিশেষ।

পিণাক, পুং. [পিণ+অক] শিবের ধনুঃ; [ত্রিশূল বাদ্যযন্ত্রবিশেষ।

পিণ্ড, ন. [পিনৃড+অ] আজীবন, জীবিকা; অয়ঃ, লৌহ; শ্রাদ্ধশেষ দ্রব্য নির্ম্মিত বিল্বফলাকার পিতৃলোকের দেয় অন্ন; (পুং.) বোল, বণিক্‌দ্রব্য; বল, সৈন্য; সান্দ্র, ঘন, নিবিড়; দেহের এক দেশ গৃহের এক দেশ; দেহমাত্র; নিবাপ, পিত্রুদ্দিশ্যাদান; গোল, মণ্ডল, বর্ত্তুলাকার; সিহ্লক, গন্ধদ্রব্যবিশেষ; ওড্রপুষ্প, জবাপুষ্প; বৃন্দ, সমূহ; কবল, গ্রাস; গজকুম্ভ; মদন বৃক্ষ।

পিণ্ডক, পুং. [পিণ্ড+ক] বোল, বণিক্‌দ্রব্য; পিণ্ডমূল; (পুং.) সিহ্ল নাম গন্ধদ্রব্য; পিশাচ; পিণ্ডালু, চুবড়িআলু। [আলু।

পিণ্ডকন্দ, পুং. [পিণ্ড+কন্দ] পিণ্ডালু, চুবড়ি

পিণ্ডখর্জ্জূর, পুং. [পিণ্ড + খর্জ্জূর] স্বনামখ্যাত খর্জ্জূর, পিণ্ডিখেজুর, তৎপর্য্যায়। রাজজম্বু, পিণ্ডী।

পিণ্ডখর্জ্জুরী, স্ত্রী. [পিণ্ড+খর্জ্জূর-ঈ] পিণ্ডখর্জ্জূর, পিণ্ডিখেজুর, তৎপর্য্যায়।—দীপ্যা, স্বর্পিণ্ডা, মধুরস্রবা, ফলপুষ্পা, স্বাদুপিণ্ডা, হয়ভক্ষা, পিণ্ডখর্জ্জুরিকা।

পিণ্ডগোস, পুং. [পিণ্ড+গোস] গন্ধরস, উপধাতুবিশেষ।

পিণ্ডতৈলক, পুং. [পিণ্ড+তৈলক] তুরুষ্ক, গন্ধদ্রব্যবিশেষ, শিলারস।

পিণ্ডদ, পুং. [পিণ্ড+দা-অ] পিণ্ডদানকর্ত্তা, পিণ্ডদাতা।

পিণ্ডদান, ন. [পিণ্ড+দান] পিণ্ডনির্ব্বাপণ; পিত্রাদির উদ্দেশে পিণ্ডনিঃক্ষেপ।

পিণ্ডপদ, ন. [পিণ্ড+পদ] অঙ্কবিশেষ।

পিণ্ডপাদ, পুং. [পিণ্ড + পাদ] হস্তী, দন্তী, করী।

পিণ্ডপুষ্প, ন. [পিণ্ড+পুষ্প] অশোকপুষ্প; জবাপুষ্প; পদ্মপুষ্প; তগরপুষ্প।

পিণ্ডপুষ্পক, পুং. [পিণ্ড+পুষ্পক] বাস্তুক, বেতোশাক।

পিণ্ডফলা, স্ত্রী. [পিণ্ড+ফল-আ] কটুতুম্বী, তিক্তালাবু, তিৎলাউ। [বৃক্ষ।

পিণ্ডবীজক, পুং. [পিণ্ড+বীজক] কর্ণিকার-

পিণ্ডভাক্, পুং. [পিণ্ড+ভাজ] পিণ্ডভাগী, পিণ্ডভোক্তা

পিণ্ডভাগী, পুং. [পিণ্ড+ভাগিন্] পিণ্ডভাক্, পিণ্ডভোক্তা।

পিণ্ডমুস্তা, স্ত্রী. [পিণ্ড+মুস্তা] নাগরমুস্তা, নাগরমুতা।

পিণ্ডমূল, ন. [পিণ্ড+মূল] গর্জ্জর, গাজর; মূলকবিশেষ; তৎপর্য্যায়।—গজাণ্ড, পিণ্ডক, পিণ্ডমূলক।

পিণ্ডল, পুং. [পিণ্ড+ল] সেতু, বাঁধ, জাঙ্গাল।

পিণ্ডস, পুং. [পিণ্ড+অস] ভিক্ষাশী, ভিক্ষোপজীবী

পিণ্ডা, স্ত্রী. [পিণ্ড+আ] পিণ্ডায়স; কস্তুরীবিশেষ, কুলত্থিকা হইতে কিঞ্চিৎ স্থূলা; বংশপত্রী।

পিণ্ডাত, পুং. [পিণ্ড+অত] সিহ্লক, দ্রব্য।

পিণ্ডাভ্র, ন. [পিণ্ড+অভ্র] ঘনোপল

পিণ্ডায়স, ন. [পিণ্ড+আয়স] তীক্ষ্ণায়স।

পিণ্ডার, ন. [পিণ্ড+আর] ফলশাকবিশেষ, (হিং) পিণ্ডারা; (পুং.) ক্ষপণক; গোপ; মহিষীরক্ষক; দ্রুমবিশেষ; বিকঙ্কতবৃক্ষ।

পিণ্ডালু, পুং. [পিণ্ড+আলু] কন্দগুড়ূচী; কন্দবিশেষ, (হিং) পেড়ালু, (প্রা) চুবড়ি-আলু, তৎপর্য্যায়।—গ্রন্থিল, পিণ্ডকন্দ, গ্রন্থি, রোমশ, রোমকন্দ, রোমালু, তাম্বুলপত্র, নানাকন্দ, পিণ্ডক।

পিণ্ডালুক, ন. [পিণ্ড+আলুক] আলুবিশেষ, গোলআলু, গুড়্আলু, চুবড়িআলু।

পিণ্ডাহ্বা, স্ত্রী. [পিণ্ড+আহ্বা] নাড়ীহিঙ্গু।

পিণ্ডি, স্ত্রী. [পিণ্ড+ই] পিণ্ডিকা, রথনাভি।

পিণ্ডিকা, স্ত্রী. [পিণ্ড+ইক-আ] রথনাভি, রথের চক্রমধ্যে মণ্ডলাকার যাহাতে সকল কাষ্ঠের সংলগ্ন থাকে; পিচিণ্ডিকা, জানুর অধোমাংস দেশ, পায়ের ডিম্; শ্বেতাম্লি; পীঠ।

পিণ্ডিত, ত্রি. [পিণ্ড+ইত] গণিত; ঘন; পরস্পর একত্রিত, মিলিত, জড়িত; গুণিত; (পুং.) তুরুষ্ক। [গণক।

পিণ্ডিল, পুং. [পিণ্ডি+ল] সেতু, জাঙ্গাল;

পিণ্ডিলা, স্ত্রী. [পিণ্ডিল+আ] গোডুম্বা।

পিণ্ডী, ত্রি. [পিণ্ড+ইন্] শরীরী; (স্ত্রী.) পিণ্ডীতগর; অলাবু, লাউ; খর্জ্জুর-বিশেষ; জ্ঞান নিরূপণার্থ উপন্যাস; পিণ্ডিকা; পিণ্ড।

পিণ্ডীতক, পুং. [পিণ্ডীত+ক] মদনবৃক্ষ, ময়নাগাছ; তগরপুষ্প; ফণিজ্ঝক।

পিণ্ডীতগর, পুং. [পিণ্ডী+তগর] তগর-বিশেষ, তৎপর্য্যায়।—কফবর্দ্ধন।

পিণ্ডীতগরক, পুং. [পিণ্ডী+তগরক] তগর-বৃক্ষ।

পিণ্ডীতরু, পুং. [পিণ্ডী+তরু] মহাপিণ্ডী-তরু। [বৃক্ষ।

পিণ্ডীপুষ্প, পুং. [পিণ্ডী+পুষ্প] অশোক-

পিণ্ডীর, পুং. [পিণ্ডী+র] দাড়িমবৃক্ষ, দাড়িম; হিণ্ডীর; (ত্রি.) নীরস, শুষ্ক।

পিণ্ডীশূর, পুং. [পিণ্ডী+শূর] স্বগৃহে থাকিয়া পরদ্বেষকারক, তৎপর্য্যায়।—গেহেনর্দী, গেহেশূর; উদর পরায়ণ; আলস্যযুক্ত।

পিণ্ডোলি, স্ত্রী. [পিণ্ডোল+ই] ভুক্ত সমুজ্ঝিত, ভুক্তদ্রব্যের ত্যাগ করা।

পিণ্যা, স্ত্রী. [পিণ্য+আ] জ্যোতিষ্মতীলতা।

পিণ্যাক, পুং. ন. [পিণ্য+অক] তিলকল্ক; হিঙ্গু; বাহ্লীক; সিহ্লকনাম গন্ধদ্রব্য; রোগবিশেষ, পিণাসরোগ, সর্ষপাদির অসারভাগ, খলি।

পিতরৌ, পুং. [পিতৃ+ঔ] জনক জনয়িত্রী, পিতা-মাতা, তৎপর্য্যায়।—মাতাপিতরৌ, মাতরপিতরৌ, তাতজনয়িত্রৌ।

পিতল, (প্রা) মিশ্রিত ধাতুবিশেষ।

পিতা, পুং. [পিতৃ+আ] অপত্যপালক, বাপ্, তৎপর্য্যায়।—তাত, জনক, প্রসবিতা, বপ্তা, জনয়িতা, গুরু, জন্মদ, জন্য, জনিতা, বীজী, বপ্র; গুরু; মহাগুরু; পঞ্চপিতা যথা।—অন্নদাতা, ভয়ত্রাতা, শশুর, জনয়িতা, উপনেতা; সপ্তপিতা যথা।—কন্যাদাতা, অন্নদাতা, জ্ঞানদাতা, অভয়প্রদ, জন্মদ, মন্ত্রদ, জ্যেষ্ঠভ্রাতা।

পিতামহ, পুং. [পিতৃ+মহৎ] ব্রহ্মা; পিতৃপিতা, ঠাকুরদাদা, আর্য্যক, মুনিবিশেষ।

পিতামহী, স্ত্রী. [পিতামহ+ঈ] পিতামহপত্নী, পিতৃজননী, ঠাকুরমা।

পিতৃ, পুং. [পি+তৃ] জনক, পিতা, বাপ্।

পিতৃঋক্থ, ন. [পিতৃ+ঋক্থ] পিতৃধন।

পিতৃক, ত্রি. [পিতৃ+ক] পিতৃসম্বন্ধীয়, পৈত্র, পিতৃক, পিত্র্য, পিতৃ হইতে আগত।

পিতৃকর্ম্ম, ন. [পিতৃ+কর্ম্মন্] পিতার ঊর্দ্ধ দেহিকাদি ক্রিয়া, পিতৃশ্রাদ্ধাদি।

পিতৃকানন, ন. [পিতৃ+কানন] শ্মশান, প্রেতভূমি। [পিতৃক্রিয়া।

পিতৃকৃত্য, ন. [পিতৃ+কৃত্য] পিতৃশ্রাদ্ধ,

পিতৃক্রিয়া, স্ত্রী. [পিতৃ+ক্রিয়া] পিতৃকর্ম্ম।

পিতৃগামী, ত্রি. [পিতৃ+গামিন্] পিতৃসম্বন্ধীয়।

পিতৃগৃহ, ন. [পিতৃ+গৃহ] শ্মশান, প্রেতভূমি; পিতার বাটী

পিতৃঘাতক, পুং. [পিতৃ+ঘাতক] পিতৃহন্তা।

পিতৃতর্পণ, ন. [পিতৃ+তর্পণ] পিতৃতীর্থ, তর্জ্জনী ও অঙ্গুষ্ঠের মধ্যস্থান; নিবাপ, পিতৃলোকের উদ্দেশে জলদান; তিল; পিতৃদিগের তৃপ্তিমাত্র।

পিতৃতিথি, স্ত্রী. [পিতৃ+তিথি] অমাবস্যা, দর্শ।

পিতৃতীর্থ, ন. [পিতৃ+তীর্থ] গয়াতীর্থ; তর্জ্জনী অঙ্গুষ্ঠের মধ্যস্থান।

পিতৃদান, ন. [পিতৃ+দান] পিত্রাদি উদ্দেশ হেতুক অন্নবস্ত্রাদিদান, তৎপর্য্যায়।—নিবাপ, নিবপন, পিতৃদানক।

পিতৃদানক, ন. [পিতৃ+দানক] পিত্রাদির উদ্দিশ্য দান।

পিতৃদৈবত, ন. [পিতৃ+দৈবত] অশ্বিন্যাদি-নক্ষত্রান্তর্গত দশমনক্ষত্র।

পিতৃদ্বিট্, ত্রি. [পিতৃ+দ্বিষ্] পিতৃদ্বেষী, পিতৃ-দ্রোহী। [সম্পত্তি।

পিতৃধন, ন. [পিতৃ+ধন] পৈতৃকবিভব, পিতৃ

পিতৃপক্ষ, পুং. [পিতৃ+পক্ষ] ভাদ্রমাসীয় কৃষ্ণপক্ষ, প্রেতপক্ষ, অপরপক্ষ; পিতৃ-নির্দ্দিষ্ট জ্ঞাতি।

পিতৃপতি, পুং. [পিতৃ+পতি] যম, কাল, দণ্ডধর, রবিসুত।

পিতৃপিতা, পুং. [পিতৃ+পিতা] পিতামহ, পিতৃজনক, ঠাকুরদাদা।

পিতৃপুরুষ, পুং. [পিতৃ+পুরুষ] পূর্ব্বপুরুষ, পিতামহাদি।

পিতৃপ্রসূ, স্ত্রী. [পিতৃ+প্রসূ] সন্ধ্যা, সায়ং-কাল; পিতামহী।

পিতৃপ্রসূতি, স্ত্রী. [পিতৃ+প্রসূতি] পিতৃ-জননী, পিতামহী, ঠাকুরমা।

পিতৃপ্রিয়, পুং. [পিতৃ+প্রিয়] ভৃঙ্গরাজবৃক্ষ, ভীমরাজ গাছ; কেশুর্ত্তা।

পিতৃবন, ন. [পিতৃ+বন] শ্মশান, প্রেত-ভূমি, শবদাহ স্থান।

পিতৃবনেচর, পুং. [পিতৃবনে+চর] শিব, শম্ভু, মহাদেব; শ্মশানচারীমাত্র।

পিতৃবন্ধু, পুং. [পিতৃ+বন্ধু] পিতামহভগিনী পুত্র; পিতামহী ভগিনীপুত্র; পিতার মাতুলপুত্র; পিতারমিত্র।

পিতৃবসতি, স্ত্রী. [পিতৃ+বসতি] শবশয়ন স্থান, শ্মশান; পিতৃনিবাস।

পিতৃবান্ধব, পুং. [পিতৃ+বান্ধব] পিতৃবন্ধু, পিতামহের ভগিনীপুত্র, পিতামহীর ভগিনীপুত্র, পিতার মাতুলপুত্র ইত্যাদি।

পিতৃব্য, পুং. [পিতৃ+ব্য] পিতৃভ্রাতা, জনক ভ্রাতা, জ্যেষ্ঠতাত, জেঠা; খুল্লতাত, খুড়া।

পিতৃভোজন, পুং. [পিতৃ+ভোজন] মাষ-কলাই; (ন.) পিতৃলোকের ভক্ষণদ্রব্য।

পিতৃভ্রাতা, পুং. [পিতৃ+ভ্রাতৃ-অ] পিতৃব্য, খুড়া, জেঠা।

পিতৃযজ্ঞ, পুং. [পিতৃ+যজ্ঞ] তর্পণ; শ্রাদ্ধ।

পিতৃলোক, পুং. [পিতৃ+লোক] পিতৃগণের স্থান; পূর্ব্বপুরুষ। [পিতৃক্রিয়া।

পিতৃশ্রাদ্ধ, ন. [পিতৃ+শ্রাদ্ধ] পিতৃকৃত্য,

পিতৃষসা, স্ত্রী. [পিতৃ+স্বসৃ-আ] পিতার ভগিনী, পিসী।

পিতৃষস্রীয়, ত্রি. [পিতৃ+স্বসৃ-ঈয়] পিতার ভগিনীপুত্র, পিতৃভাগিনেয়, পিস্তুতা-ভাই।

পিতৃসন্নিভ, পুং. [পিতৃ+সন্নিভ] পিতৃতুল্য, পিতৃসম, তৎপর্য্যায়।—মনোজব, মনো-জবস।

পিতৃসূ, স্ত্রী. [পিতৃ+সূ] সন্ধ্যা, সায়ংকাল; পিতৃজননী, পিতামহী।

পিতৃস্থান, পুং. [পিতৃ+স্থান] রক্ষক; (ন.) পিতৃলোক।

পিতৃস্বসা, স্ত্রী. [পিতৃ+স্বসৃ-আ] পিতৃ-ভগিনী, পিসী। [ঘাতক।

পিতৃহা, পুং. [পিতৃ+হন্] পিতৃহন্তা, পিতৃ-

পিতৃস্বস্রীয়, পুং. স্ত্রী. [পিতৃস্বসৃ+ঈয়] পিতারভগিনীপুত্র, পিস্তুতাভাই।

পিতৃহূ, পুং. [পিতৃ+হূ] দক্ষিণকর্ণ।

পিত্ত, ন. [পিৎ+ত] শরীরস্থ ধাতুবিশেষ, তৎপর্য্যায়।—মায়ু, পলজ্বল, তেজ, তিক্তধাতু, উষ্মা, অগ্নি, অনল, তন্নাম যথা।—পাচক, রঞ্জক, সাধক, আলো-চক, ভ্রাজক।

পিত্তঘ্নী, স্ত্রী. [পিত্ত+হন-ঈ] গুড়ূচী, গুলঞ্চ; পিত্তনাশিনী।

পিত্তজ্বর, পুং. [পিত্ত+জ্বর] পৈত্তিকজ্বর, পিত্ত নিমিত্ত গাত্র দাহাদি।

পিত্তদ্রাবী, পুং. [পিত্ত+দ্রাবিন্]মধুরজম্বীর।
পিত্তরক্ত, ন. [পিত্ত+রক্ত] রোগবিশেষ, রক্তপিত্ত পীড়া, তৎপর্য্যায় ।—রক্ত-পিত্ত, পিত্তাস্র, পিত্তশোণিত।
পিত্তল, ন. [পিত্ত+ল] ধাতুবিশেষ, পিতল, তৎপর্য্যায় ।—আরকুট, রীতি, পতি-কাবের, দ্রব্যদারু, রীতী, মিশ্র, আর, রাজরীতি, ব্রহ্মরীতি, কপিলা, পিঙ্গলা, ক্ষুদ্রসুবর্ণ, সিংহল, পিঙ্গলক, পীতলক, লোহিতক, পিঙ্গললোহ, পীতক, রীতিকা; ভূর্জপত্র; (ত্রি.) পিত্তযুক্ত
পিত্তলা, স্ত্রী. [পিত্তল+আ] তোয়পিপ্পলী।
পিত্তারি, পুং. [পিত্ত+অরি] পর্পট; লাক্ষা; বর্ব্বর
পিত্রালয়, পুং. [পিতৃ+আলয়] পিতারবাটী, তৃগৃহ, পিতৃভবন।
পিত্র্য, ন. [পিতৃ+য] মধু; পিতৃতীর্থ, তর্জ্জনী অঙ্গুষ্ঠেরমধ্য স্থান; (ত্রি.) পিতৃসম্বন্ধীয়; (পুং.) জ্যেষ্ঠভ্রাতা; মাষকলাই।
পিত্র্যা, স্ত্রী. [পিতৃ+য-আ]মঘানক্ষত্র; পৌর্ণমাসী, পূর্ণিমা। [পতনেচ্ছু।
পিৎসন্, পুং. [পিত্+অৎ] পক্ষী,বিহঙ্গ;(ত্রি.)
পিৎসল, ন. [পিৎ+সল] পন্থা, পথ, মার্গ; কর্দ্দমযুক্তপথ।
পিধান, ন. [অপি+ধান] ছদন, আচ্ছাদন, আবরণ; উদঞ্চন।
পিনদ্ধ, ত্রি. [অপি+নহ-ত] পরিহিতবস্ত্রাদি পরাকাপড়, তৎপর্য্যায় ।—আমুক্ত,প্রতি-মুক্ত, অপিনদ্ধ।
পিনস, পুং. [পি+নস]পীনস, পিনাশরোগ।
পিনহ্য, বা. [অপি+নহ-য] বস্ত্রাচ্ছাদিত।
পিনাক, পুং. ন. [পান+অক]শিবধনুঃ, অজগব; শূল; মহাদেবের শূল; পাংশুবর্ষণ; বাদ্যযন্ত্রবিশেষ।
পিনাকী, পুং. [পিনাক+ইন্] শিব, মহাদেব, মহেশ।
পিনিস, (বাং) নৌকাবিশেষ।
পিন্দন, ন. [পিন্দ+অন]ধারণ, পরণ, গ্রহণ।
পিন্ধন, ন. [পিন্ধ+অন] পরিধান, পরা।
পিন্যাস, ন. [অপি+ন্যস-অ] হিঙ্গু, হিঙ্গুল।
পিপতিষন্, ত্রি. [পিপত+অৎ] পতনেচ্ছু; (পুং.) বিহঙ্গম, পক্ষী, বিহঙ্গ।
পিপতিষা, স্ত্রী. [পত+অ-আ] পতিত হইবার বাসনা, পতনেচ্ছা।
পিপতিষু, পুং. [পত+উ] পক্ষী, বিহঙ্গম, বিহঙ্গ; (ত্রি.) পতনেচ্ছু।
পিপক্ষু, ত্রি. [পচ+স-উ] পাককরণেচ্ছু।
পিপা, (বাং) কাষ্ঠনির্ম্মিত গোলাকার বৃহৎ-পাত্র বিশেষ।
পিপাসা, স্ত্রী. [পা+অ-আ] পানেচ্ছা, তৎপর্য্যায় ।—তৃষা, তর্ষ, উপলাসিকা, তৃট্, তৃষ্ণা, উদন্যা।
পিপাসিত, ত্রি. [পিপাসা+ইত] পিপাসা-যুক্ত, তৃষিত, তৃষ্ণান্বিত, উদন্যাবিশিষ্ট।
পিপাসী, ত্রি. [পিপাস+ইন্] পিপাসান্বিত, তৃষ্ণান্বিত।
পিপাসু, ত্রি. [পা+উ] পানেচ্ছু, তৎপর্য্যায় ।—তৃষিত, তৃষ্ণক্, তৃষ্ণান্বিত।
পিপীড়া, (গ্রা) ক্ষুদ্রকীট বিশেষ, পিপীলিকা। [শেষ।
পিপীতক, পুং. [পিপীত+ক] ব্রাহ্মণবি-
পিপীতকী, স্ত্রী. [পপীতক+ঈ]বৈশাখমাসের শুক্লাদ্বাদশীতে কর্ত্তব্যব্রত।
পিপীলক, পুং. [পিপীল+ক] পীলক, ডেউয়াপিঁপীড়া
পিপীলিকা, স্ত্রী. [পিপীলক+আ] হীনাঙ্গী, ক্ষুদেপিঁপীড়া, তৎপর্য্যায় ।—পিপীলিক, পিপীল, পীলক, পিপীলী, পিপিলী, স্ত্রীসংজ্ঞা, হীরা।
পিপীলী, স্ত্রী, [পিপীল+ঈ] পিপীলিকা, পিঁপীড়া।
পিপুল, (গ্রা) কলবিশেষ, পিপ্পলী।
পিপুলপাতা, (গ্রা) পিপুলবৃক্ষের পাতা; কর্ণাভরণ বিশেষ। [ণেচ্ছু।
পিপৃচ্ছিষু, ত্রি. [প্রচ্ছ+স-উ] জিজ্ঞাসাকর-
পিপ্পটা, স্ত্রী. [পিপ্+পট-আ] খাদ্যদ্রব্য বিশেষ, তৎপর্য্যায় ।—গুড়শর্করা।
পিপ্পল, ন. [পা+পল] জল, নীর; বস্ত্রচ্ছেদ বিশেষ; (পুং.) অশ্বত্থবৃক্ষ; নিরংশুক; পক্ষীবিশেষ।

পিপ্পলক, ন. [পিপ্পল+ক] স্তনবৃন্ত, স্তনাগ্রভাগ; সীবনসূত্র।

পিপ্পলাদ, পুং. [পিপ্পল+অদ] ঋষিবিশেষ।

পিপ্পলি, স্ত্রী. [পিপ্পল+ই] পিপ্পলী, পিঁপুল।

পিপ্পলী, স্ত্রী. [পিপ্পল+ঈ] বৃক্ষবিশেষ, পিঁপুল, তৎপর্য্যায়।—কৃষ্ণা, উপকুল্যা, বৈদেহী, মাগধী, চপলা, কণা, উষণা, শৌণ্ডী, কোলা, ঊষণা, পিপ্পলি, কৃকলা, কটুবীজা, কোরঙ্গী, তিক্ততণ্ডুলা, শ্যামা, দন্তফলা, মগধোদ্ভবা।

পিপ্পলীকা, স্ত্রী. [পিপ্পলী+ক-আ] অশ্বত্থ বৃক্ষ

পিপ্পলীমূল, পুং. [পিপ্পলী+মূল] স্বনাম খ্যাত মূল, পিঁপুলমূল, তৎপর্য্যায়।—গ্রন্থিক, চটিকাশির, ষড়গ্রন্থি, মূল, কোলমূল, কটুগ্রন্থি, কটুমূল, কটূষণ, সর্ব্বগ্রন্থি, পত্রাঢ্য, বিরূপ, শোষসম্ভব, সুগন্ধি, গ্রন্থিল, উষণ।

পিপ্রিকা, স্ত্রী. [পায়+ইক-আ] দন্তমল, দাঁতের মলা।

পিপ্লু, পুং. [অপি+প্লু] জটুল, জড়ুল।

পিয়াজ, (বাং) পলাণ্ডু, প্যাঁজ, মূলবিশেষ।

পিয়াদা, (বাং) রাজানুচর, দ্যুতপতি।

পিয়ান, (প্রা) পানকরান, দ্রবদ্রব্য খাওয়ান।

পিয়ারা, (প্রা) ফলবিশেষ।

পিয়াল, পুং. [পীয়+আল] বৃক্ষবিশেষ, পিয়াশাল, তৎপর্য্যায়।—রাজাদন, সন্নকদ্রু, ধনুষ্পট, রাজাতন, প্রিয়াল, সন্ন, কদ্রু, ধনুঃ, পট, দ্রুসন্নক, ধন্বপট, পিয়ালক, খরস্কন্ধ, চার, বহুলবল্কল, তাপসেষ্ট।

পিয়ালা, (বাং) পানপাত্র, চষক।

পিয়ালাবাজ, (বাং) মাতয়াল, মাতাল।

পিয়াস, (প্রা) তৃষ্ণা, পিপাসা, পানেচ্ছা।

পিরিজ, (বাং) কাচপাত্রবিশেষ।

পিল, (প্রা) পক্ষীরশাবক; কপোতশাবক।

পিলসুজ, (প্রা) দীপাধার; দীপবৃক্ষ; দারুকা।

পিলা, (প্রা) রোগবিশেষ, প্লীহা।

পিলুই, (প্রা) রোগবিশেষ, পিলা। [গাছ।

পিলুক, পুং. [পিলু+উক] পীলুবৃক্ষ, পীল-

পিলুনী, স্ত্রী. [পলুন+ঈ] মূর্ব্বা।

পিলুপর্ণী, স্ত্রী. [পিলু+পর্ণ-ঈ] মোরটা, লতাবিশেষ, মুরগা।

পিল্ল, পুং. [পিল্ল+অ] ক্লেদযুক্ত চক্ষু, পেচুটিপড়া চক্ষু (ত্রি.) তদ্বিশিষ্ট।

পিল্লকা, স্ত্রী. [পিল্লক+আ] হস্তিনী, করিণী।

পিশঙ্গ, পুং. [পিশ+গম-অ] পিঙ্গলবর্ণ; (ত্রি.) পিঙ্গলবর্ণ বিশিষ্ট।

পিশাচ, পুং. [পিশ+অচ] দেবযোনিবিশেষ, প্রেত; উপদেবতা; বিধর্ম্মীমনুষ্য, অনাচারী। [যক্ষরাজ।

পিশাচকী, পুং. [পিশাচক+ইন্] কুবের,

পিশাচদ্রু, পুং. [পিশাচ+দ্রু] শাখোটবৃক্ষ, শেওড়াগাছ।

পিশাচবৃক্ষ, পুং. [পিশাচ+বৃক্ষ] শাখোটবৃক্ষ, শেওড়াগাছ।

পিশাচসভ, ন. [পিশাচ+সভা] পিশাচদিগের সভা; ভূতেরসভা।

পিশাচী, স্ত্রী. [পিশাচ+ঈ] পিশাচিকা, স্ত্রী পিশাচী, গন্ধমাংসী।

পিশিত, ন. [পিশ+ত] মাংস, পল্।

পিশিতা, স্ত্রী. [পিশ+ত-আ] জটামাংসী।

পিশিতাশন, পুং. [পিশিত+অশন] রাক্ষস, নিশাচর।

পিশিতাশনা, স্ত্রী. [পিশিত+অশন-আ] রাক্ষসী, নিশাচরী।

পিশিতাশী, পুং. [পিশিত+অশিন্] শাক্সুল, মাংস ভক্ষক, মাংসভোজী, মাংসাশী।

পিশী, স্ত্রী. [পিশ+ঈ] জটামাংসী।

পিশু, (প্রা) ক্ষুদ্রকীট, ছোটপোকা।

পিশুন, ন. [পিশ+উন] কুঙ্কুম; (পুং.) কপিবক্ত্র; নারদ; কাক; (ত্রি.) সূচক; অপ্রকাশ দ্বারা অনুচিত প্রবোধক; পরস্পর ভেদশীল, ক্রূর; তৎপর্য্যায়।—দ্বিজিহ্ব, সূচক, কর্ণেজপ; দুর্জন, দুর্ব্বিধ, বিশ্বকদ্রু, খল।

পিশুনবচন, ন. [পিশুন+বচন] দুর্ব্বাক্য; নিষ্ঠুরবাক্য।

পিশুনা, স্ত্রী. [পিশুন+আ] পৃক্কা, পিড়িং-

পিষণ, (প্রা) মর্দ্দন, বাটন; চূর্ণ করণ।
পিষ্ট, ন. [পিষ+ত] শীশক; পিষ্টক, পিটা; (ত্রি.) চূর্ণীকৃত, মর্দ্দিত, দলিত।
পিষ্টক, ন. [পিষ্ট+ক] তিলচূর্ণ; (পুং.) তণ্ডুলাদির বিকার, পিটা, তৎপর্য্যায়।—পূপ, অপুপ, আপুপ, পিষ্ট; নেত্ররোগ বিশেষ।
পিষ্টপ, ন. পুং, [পিষ্ট+প] ভুবন, ব্রহ্মাণ্ড, জগৎ; স্বর্গ।
পিষ্টপচন, ন. [পিষ্ট+পচন] পিষ্টপাকপাত্র, তেলানী, পিটাভাজাখোলা, তৎপর্য্যায়।—ঋজীষ, পিষ্টপাকভৃৎ।
পিষ্টপাকভৃৎ, ন. [পিষ্ট+পাক+ভৃৎ] পিষ্টক পাক পাত্র।
পিষ্টপূর, পুং. [পিষ্ট+পূর] বটক, বড়া; পিষ্টকবিশেষ, তৎপর্য্যায় ।—ঘৃতপুর, ঘৃতবর, ঘার্ত্তিক।
পিষ্টবর্ত্তি, পুং. [পিষ্ট+বর্ত্তি] মুদ্গামসুরাদি পিষ্ট, তৎপর্য্যায়।—চমসি।
পিষ্টসৌরভ, ন. [পিষ্ট+সৌরভ] চন্দন, গন্ধ।
পিষ্টাত, পুং. [পিষ্ট+অত] পটবাসচূর্ণ; বস্ত্রাদিতে বাসেরনিমিত্ত একীকৃত গন্ধ দ্রব্য চূর্ণ; বুক্কা, আবীর, ফাকু, তৎপর্য্যায়।—পটবাসক, ধূলিগুচ্ছক।
পিষ্টিক, ন. [পিষ্ট+ইক] তণ্ডুলোদ্ভব তবক্ষীর; পিটালী।
পিষ্টিকা, স্ত্রী. [পিষ্ট+ইক-আ] পিষ্টদ্বিদল, (হিং.) পিঠী।
পিষ্টোড়ী, স্ত্রী. [পিষ্ট+উড়ী] শ্বেতাম্লি, অম্লিকা, ক্ষুপবিশেষ
পিসা, (প্রা) পিতার ভগিনীপতি, পিতৃস্বসার স্বামী। [কন্যা।
পিসাতভগিনী (প্রা) পিস্তুতভগিনী, পিসীর
পিসাস, (প্রা) শশুরের ভগিনী।
পিসী, (প্রা) পিতার ভগিনী, পিতৃস্বসা।
পিহিত, ত্রি. [অপি+ধা+ত]আচ্ছাদিত, ঢাকা, তৎপর্য্যায় ।—সংবীত, রুদ্ধ, আবৃত, সংবৃত, ছন্ন, স্থগিত, অপবারিত, অন্তর্হিত, তিরোধান।

পীড়ি, (প্রা) পিড়া; বেদী; আসন।
পীটন, (প্রা) মারণ, চাপন, দাপন।
পীঠ, ত্রি. [পীঠ+অ] উপবেশনাধার, পিড়ী, চৌকী, তৎপর্য্যায়।—আসন, উপাসন, পীঠী, বিষ্টর; ব্রতের আসন, কুশাসনাদি, যথা।—বিষ্টর, বৃষী; ভগবতী দেহ খণ্ড পতিত দেশ; বেদী; ন্যাসবিশেষ।
পীঠকেলি, পুং. [পীঠ+কেলি] পীঠমর্দ্দনায়ক বিশেষ।
পীঠমর্দ্দ, পুং. [পীঠ+মর্দ্দ] নায়কবিশেষ, কুপিত স্ত্রীপ্রসাদক।
পীঠসর্পী, ত্রি. [পীঠ+সর্পিন্] খঞ্জ, পঙ্গু, খোড়া, তৎপর্য্যায়।—পাংশুর।
পীঠস্থান, ন. [পীঠ+স্থান] প্রতিষ্ঠিত দেবালয়, দেবানুগৃহীত স্থান।
পীঠী, স্ত্রী. [পীঠ+ঈ] আসন, পিঁড়ী।
পীড়ন, ন. [পীড়+অন] শস্যাদিসম্পন্নদেশের পরচক্রদ্বারা পীড়ন; শত্রুকৃতগাঢ়প্রহার; পদাক্রমণ, তৎপর্য্যায়।—অবমর্দ্দ; মর্দ্দন, পিটন, চাপন; দুঃখন, ক্লেশজনন, দুঃখদেওন, যন্ত্রণাদেওন, নিগ্রহ করণ।
পীড়া, স্ত্রী. [পীড়+আ] পীড়ন, রোগ, ব্যামোহ, ক্লেশ, যন্ত্রণা, নিগ্রহ, তৎপর্য্যায়।—বাধা, ব্যথা, দুঃখ, অমানস্য, প্রসূনিজ, কষ্ট, কৃচ্ছ্র, আভীল, আবাধা, আমানস্য; কৃপা; শিরোমালা; সরল বৃক্ষ
পীড়াকর, ত্রি. [পীড়া+কর] রোগজনক, দুঃখজনক, ক্লেশকর।
পীড়ি, (প্রা) পীঠ, কাষ্ঠাসন; বেদী, মঞ্চ।
পীড়িত, ত্রি. [পীড়+ইত] স্ত্রীদিগের করণ; যন্ত্রিত; বাধিত; মর্দ্দিত; রোগী।
পীত, ন. [পা+ত] পানকরা; হরিতাল; (পুং.) বর্ণবিশেষ, হল্‌দিয়া রং, তৎপর্য্যায়।—গৌর, হরিদ্রাভ; কুসুম্ভ; অঙ্কোঠ, আকোড়; শাখোট; পুষ্পরাগ; পীতবস্তু যথা।—ব্রহ্ম, জীব, ইন্দ্র, গরুড়, ঈশ্বরদৃক্, জটা, গৌরী, দ্বাপর, গোমূত্র, মধু, বীররসা, রজঃ, হরিদ্রা, রোচনা, ক্লীতি, গন্ধক, দীপ, চম্পক, কিঞ্জল্ক,

বল্কল, শালি, হরিতাল, মনঃশিলা, কর্ণিকার, চক্রবাক, বানর, শারিকামুখ, কেশবাংশুক, মণ্ডুক, সরাগ, কনক; পীত শ্বেত বাচক যথা।—গৌর, দ্বিজরাজ, কপর্দ্দ, শম্ভু, হরি, তার্ক্ষ্য, হৈমন্তোম, অষ্টাপদ, মহারজত, চন্দ্র, কলধৌত; পীত শ্যাম বাচক যথা।—কৃষ্ণাম্বর, মধুজিৎ, ধ্বান্তজেতার, বিদ্যুৎকান্ত, ধ্বান্তদ্বেষী, হরি, স্বর্ণচ্ছায়া; (ত্রি.) পীতবর্ণযুক্ত; কৃতপান, পানকরা।

পীতক, ন. [পীত+ক] হরিতাল; কুঙ্কুম; অগুরু; পদ্মকাষ্ঠ; রীতি; মাক্ষিক; নন্দীবৃক্ষ; পীতশাল; শ্যোনাকবিশেষ; হরিদ্রু; কিংকিরাত বৃক্ষ।

পীতকদলী, স্ত্রী. [পীত+কদলী] স্বর্ণকদলী।

পীতকদ্রুম, পুং. [পীতক+দ্রুম] হরিদ্রুবৃক্ষ।

পীতকন্দ, ন. [পীত+কন্দ] গর্জ্জর, গাজোর, মূল বিশেষ।

পীতকরবীরক, পুং. [পীত+করবীরক] পীতবর্ণ করবীরপুষ্পবৃক্ষ, তৎপর্য্যায়।—পীতপ্রসব, সুগন্ধি কুসুম।

পীতকাবের, ন. [পীত+কাবের] কুঙ্কুম; পিত্তল, পিতল।

পীতকাষ্ঠ, ন. [পীত+কাষ্ঠ] পীতচন্দন।

পীতকীলা, স্ত্রী. [পীত+কীল-আ] আবর্ত্তকী লতা বিশেষ। [ঘোষালতা।

পীতঘোষা, স্ত্রী. [পীত+ঘোষা] পীতপুষ্প

পীতচন্দন, ন. [পীত+চন্দন] পীতবর্ণচন্দন, দ্রবিড় দেশীয় চন্দন; কলম্বক, তৎপর্য্যায়।—পীতগন্ধ, কালেয়, পীতক, মাধবপ্রিয়, কালেয়ক, পীতকাষ্ঠ, বর্ব্বর, কালীয়ক, কালীয়, পীতাভ, হরিচন্দন, হরিপ্রিয়, কালসার, কালানুসার্য্যক।

পীতচম্পক, পুং. [পীত+চম্পক] প্রদীপ; পীতবর্ণ চম্পক পুষ্প ও বৃক্ষ।

পীততণ্ডুল, পুং. [পীত+তণ্ডুল] কঙ্গুনী।

পীততণ্ডুলা, স্ত্রী. [পীত+তণ্ডুল-আ] ক্ষবিকা বৃক্ষ।

পীততুণ্ড, পুং. [পীত+তুণ্ড] কারণ্ডবপক্ষী, খড়্হাঁস্, তৎপর্য্যায়।—চঞ্চুসূচি, সুগৃহ।

পীততা, স্ত্রী. [পীত+ত-আ] হরিদ্রাভতা, পীতত্ব।

পীততৈলা, স্ত্রী. [পীত+তৈলা] জ্যোতিষ্মতী লতা; মহাজ্যোতিষ্মতী।

পীতদারু, ন. [পীত+দারু] দেবদারু; সরল; হরিদ্রু; পীতবর্ণ চাঁপাফুলের গাছ।

পীতদুগ্ধা, স্ত্রী. [পীত+দুগ্ধ-আ] ধেনুষ্যা, দুগ্ধবন্ধক কর্ত্তৃক সংস্থিতা গাভী, যে গাভীর দুগ্ধ পীত হইয়াছে।

পীতদ্রু, পুং. [পীত+দ্রু] সরলবৃক্ষ; দারুহরিদ্রা।

পীতন, ন. [পীত+অন] কুঙ্কুম; হরিতাল; পীতদারু; (পুং.) প্লক্ষ, পাকুড়; আম্রাতক, আমড়া।

পীতনক, পুং. [পীতন+ক] আম্রাতক, আমড়া।

পীতপর্ণী, স্ত্রী. [পীত+পর্ণ-ঈ] শ্বিত্রঘ্নী, বিছিটি।

পীতপাদা, স্ত্রী. [পীত+পাদ-আ] শারিকা পক্ষী; (ত্রি.) পীতবর্ণ চরণ বিশিষ্টা স্ত্রী।

পীতপুষ্প, ন. [পীত+পুষ্প] আহুল্যবৃক্ষ; হরিদ্রাভ কুসুম; (পুং.) কর্ণিকারবৃক্ষ; চম্পকবৃক্ষ; পীতঝিণ্টী; পিণ্ডীতক বিশেষ।

পীতপুষ্পা, স্ত্রী. [পীত+পুষ্প-আ] ইন্দ্রবারুণী; ঝিঞ্ঝরিষ্টাক্ষুপ; আঢ়কী।

পীতপুষ্পী, স্ত্রী. [পীত+পুষ্প-ঈ] শঙ্খপুষ্পী; সহদেবী; মহাকোষাতকী; ত্রপুষী।

পীতফল, পুং. [পীত+ফল] শাখোটবৃক্ষ, শেওড়াগাছ; কর্ম্মারবৃক্ষ।

পীতফলক, পুং. [পীত+ফলক] শাখোট বৃক্ষ, শেওড়াগাছ।

পীতবালুকা, স্ত্রী. [পীত+বালুকা] হরিদ্রা, হলুদ; পীতবর্ণ সিকতা, জরদাবালি।

পীতবাসাঃ, পুং. [পীত+বাসস্] শ্রীকৃষ্ণ; (ত্রি.) পীতবস্ত্রযুক্ত।

পীতবীজা, স্ত্রী. [পীত+বীজ+আ] মেথিকা-মেথী; (ত্রি.) পীতবর্ণ বীজযুক্ত।

পীতবৃক্ষ, পুং. [পীত+বৃক্ষ] শ্যোনাক বিশেষ; শরলবৃক্ষ, শালগাছ।

পীতভৃঙ্গরাজ, পুং. [পীত+ভৃঙ্গরাজ] পীত-বর্ণ ভৃঙ্গরাজ, পীত কেশুরিয়া, তৎপর্য্যায়।—স্বর্ণভৃঙ্গার, হরিপ্রিয়, দেবপ্রিয়, বন্দনীয়, পাবন।

পীতমণি, পুং. [পীত+মণি] পুষ্পরাগমণি বিশেষ; ওলন্দাজীহিরা। [মধু।

পীতমাক্ষিক, ন. [পীত+মাক্ষিক] মাক্ষিক,

পীতমুদ্গা, পুং. [পীত+মুদ্গা] মুদ্গাবিশেষ, সোণামুগ, তৎপর্য্যায়।—বসু, খণ্ডীর, প্রবেল, যশঃ, সারদ।

পীতমূলক, ন. [পীত+মূলক] গর্জ্জর, গাজোর, মূলবিশেষ।

পীতযূথী, স্ত্রী. [পীত+যূথী] স্বর্ণযূথী।

পীতরক্ত, ন. [পীত+রক্ত] পুষ্পরাগমণি।

পীতরস, ন. [পীত+রস] হরিদ্রারস।

পীতরাগ, ন. [পীত+রাগ] কিঞ্জল্ক, কেশর, ফুলের পাবড়ি; শিক্থক, মধুজাত দ্রব্য বিশেষ, মোম্; (পুং.) পীতবর্ণ. (ত্রি.) পীতবর্ণবিশিষ্ট।

পীতরোহিণী, স্ত্রী.[পীত+রোহিণী]কাশ্মরী, গাম্ভারী বৃক্ষ।

পীতল, পুং. [পীত+ল] পীতবর্ণ; (ত্রি.) পীতবর্ণযুক্ত। [বিশেষ।

পীতলক, ন. [পীতল+ক]পিত্তল, ধাতু-

পীতলোহ, ন. [পীত+লোহ]পিত্তলবিশেষ।

পীতশাল, পুং. [পীত+শাল] অসনবৃক্ষ, প্রিয়াশাল।

পীতসার, ন. [পীত+সার] পীতবর্ণচন্দন কাষ্ঠ, হরিচন্দন; (পুং.) মলয়জ, শ্বেত-চন্দন; গোমেদকমণি; বৃক্ষবিশেষ,অঙ্কোঠবৃক্ষ, আকোড়; তুরুস্ক, শিলারস; বীজক।

পীতসারক, পুং. [পীত+সারক] নিম্ববৃক্ষ; অঙ্কোঠবৃক্ষ, আকোড়।

পীতসারি, ন. [পীত+সার-ঈ] স্রোতোঞ্জন।

পীতসালক, পুং. [পীত+সালক] পীতবর্ণ শালবৃক্ষ, পিয়াসাল, তৎপর্য্যায়।—সর্জ্জক, অসন, বন্ধূক,পুষ্পপ্রিয়ক, জীবক, মহাসর্জ্জ, সৌরি, বধুকপুষ্প, প্রিয়ক, বীজবৃক্ষ, নীলক, প্রিয়শালক।

পীতস্ফটিক, পুং. [পীত+স্ফটিক]মণিবিশেষ, পুষ্পরাগমণি।

পীতা, স্ত্রী. [পীত+আ] হরিদ্রা, হলুদ; দারুহরিদ্রা; মহাজ্যোতিষ্মতী; কপিল শিংশপা; প্রিয়ঙ্গু; গোরোচনা; অতিবিষা।

পীতাঙ্গ, পুং. [পীত+অঙ্গ]শ্যোনাকবিশেষ।

পীতাব্ধি, পুং. [পীত+অব্ধি] অগস্ত্যমুনি, সমুদ্র শোষক।

পীতাম্বর, পুং. [পীত+অম্বর] বিষ্ণু, শ্রীকৃষ্ণ; শৈলূষ, নট; (ত্রি.) পীতবস্ত্র যুক্ত; (ন.) হরিদ্রাবর্ণবসন।

পীতাশ্মা, পুং. [পীত+অশ্মন্] মণিবিশেষ, পুষ্পরাগমণি।

পীতি, পুং. [পীত+ই] ঘোটক,অশ্ব; (স্ত্রী.) পান; শুণ্ডা।

পীতিকা, স্ত্রী. [পীতিক+আ]হরিদ্রা, হলুদ; দারুহরিদ্রা; স্বর্ণযূথী। [অশ্ব।

পীতী, পুং. [পীত+ইন্] পীতি, ঘোটক,

পীতু, পুং. [পীত+উ] সূর্য্য;অগ্নি; যূথপতি।

পীথ, ন. [পা+থ] জল; ঘৃত; সূর্য্য, দিবাকর; অগ্নি, অনল; কাল, অন্তক, যম।

পীথি, পুং. [পীথ+ই] পীতি, ঘোটক, অশ্ব। [মোটা।

পীন, ত্রি. [পা+ত] স্থূল, পীবর, মাংসল,

পীনপয়োধর, পুং.[পীন+পয়োধর]স্থূলস্তন, সুক্ষ্মাগ্র স্তন।

পীনস, পুং. [পীন+স] নাসিকা রোগবিশেষ, পিনাস, তৎপর্য্যায়।—প্রতিশ্যায়, অপীনস, প্রতিশ্যা, নাসিকাময়।

পীনসা, স্ত্রী. [অপি+নস-আ]কর্কটী,কাঁকড়ী।

পীনসী, ত্রি. [পীনস+ইন্] পিনসরোগী, নাসিকা রোগযুক্ত।

পীনোধ্নী, স্ত্রী. [পীন+উধস্-ঈ] পীবরস্তনী, গো, বৃহৎপালানযুক্তা গাভী।

পীপরি, পুং. [পীপর+ই] হ্রস্বপ্লক্ষ, ক্ষুদ্র পাকুড় গাছ।

পীবন্, ত্রি. [পী+বন্] স্থূল, পীবর, মোটা।

পীবর, ত্রি. [পী+বর] উপচিতাবয়ব, মোটা, তৎপর্য্যায়।—পীন, পীবা, স্থূল।

পীবরস্তনী, স্ত্রী. [পীবর+স্তন-ঈ] পীনোধ্নী, বৃহৎপালানযুক্তাগাভী; স্থূল স্তনযুক্তা-নারী।

পীবরা, স্ত্রী. [পীবর+আ] অশ্বগন্ধাবৃক্ষ; শতাবরীবৃক্ষ; স্থূলা, মোটা

পীবরী, স্ত্রী. [পীবর+ঈ] শতমূলী, বহুসুতা, শতাবরী; শালপর্ণী; তরুণী, নবযৌবনা; গো।

পীবা পুং. [পী+বন্] বলবান্; বায়ু; স্থূল, মোটা; (স্ত্রী) উদক, জল।

পীয়ন, (প্রা) পানকরণ, তরলদ্রব্যের গলাধঃ উদককরণ।

পীয়ু, পুং. [পা+য়ু] কাল, অন্তক, যম; সূর্য্য, দিবাকর; কেশকীট, যুক, ডেঙ্গর; কাক, বায়স।

পীযূষ, ন. [পীয়+ঊষ] অমৃত, সুধা; দুগ্ধ; (পুং.ন.) অভিনবদুগ্ধ, নবপ্রসূতাগাভীর দুগ্ধ। [শশী।

পীযূষমহঃ পুং. [পীযূষ+মহস্]চন্দ্র,সুধাকর,

পীযূষরুচিঃ, পুং.[পীযূষ+রুচিস্]চন্দ্র, সুধাকর, বিধু।

পীল, (প্রা) পক্ষীসাবক, পক্ষীবৎস, পাখির ছানা।

পীলক, পুং. [পীল+ক] পিপীলিকা, পিঁপীড়া, ডাঁইয়া

পীলা, (প্রা) রোগবিশেষ, প্লীহা, প্লীহরোগ।

পীলু, পুং. [পীল+উ] প্রসূন,পুষ্প; পরমাণু, সূক্ষ্ম; মাতঙ্গজ; অস্থিখণ্ড; তালকাণ্ড; বাণ; কৃমি; কোঙ্কণাদি দেশে প্রসিদ্ধ ফল ও বৃক্ষবিশেষ, পীল, তৎপর্য্যায়।— গুড়ফল, স্রংসী, পীতসহ, ধানী, বিরেচন, ফলশাখী, শ্যাম, করভ বল্লভ।

পীলুনী, স্ত্রী. [পীলুন+ঈ] মূর্ব্বা, লতাবিশেষ, ধনুর্গুণোপযুক্তা মুরগা।

পীলুপত্র, পুং. [পীলু+পত্র] মোরচালতা।

পীলুপর্ণী, স্ত্রী. [পীলু+পর্ণ-ঈ] মূর্ব্বা, লতাবিশেষ, ধনুর্গুণোপযুক্তা মুরগা; বিম্বিকা; ঔষধিবিশেষ

পুআ, (প্রা) সেরের চতুর্থভাগ।

পুং, পুং. [পুম্+ম] পুংলিঙ্গ, পুরুষবাচক।

পুম্বৎ, ব্য. [পুম্+বৎ] পুংলিঙ্গের তুল্য; পুরুষবৎ, পুরুষতুল্য।

পুংবৃষ, পুং. [পুম্+বৃষ] গন্ধমুষিক, ছুচাঁ; পুংগব।

পুংলিঙ্গ, ন. [পুম্+লিঙ্গ] পুংচিহ্ন, শিশ্ন; (পুং.) শব্দবাচক, পুরুষমাত্র।

পুংশক্তি, স্ত্রী. [পুং+শক্তি] পুরুষত্ব, পৌরুষ।

পুংশ্চল, পুং. [পুমস্+চল] ব্যভিচারী, লম্পট।

পুংশ্চলী, স্ত্রী. [পুমস্+চল-ঈ] অসতী, কুলটা, ব্যভিচারিণী, ভ্রষ্টা, তৎপর্য্যায়।— ধর্ষিণী, বন্ধকী, ইত্বরী, স্বৈরিণী, পাংশুলা, ধর্ষণী, পাংসুলা, ধ্বস্টা, দুষ্টা, ধর্ষিতা, লঙ্কা, নিশাচরী, ত্রপারণ্ডা।

পুংশ্চিহ্ন, ন. [পুংস্+চিহ্ন] শিশ্ন, লিঙ্গ, উপস্থ।

পুংসবন, ন. [পুম্+সূ+অন] দুগ্ধ; গর্ভসংস্কারবিশেষ; স্ত্রীর কর্ত্তব্য ব্রতবিশেষ।

পুংস্কোকিল, পুং. [পুম্+কোকিল] পুরুষ পিকপক্ষী। [পুরুষত্ব।

পুংস্ত্ব, ন. [পুমস্+ত্ব] শুক্র, রেতঃ, বীর্য্য;

পুংস্ত্ববিগ্রহ, পুং. [পুংস্ত্ব+বিগ্রহ] ভূতৃণ।

পুঁএশাপ, (প্রা) সর্পবিশেষ।

পুঁচন, (প্রা) মোচন, মোছা; ঘর্ষণ।

পুঁয, (প্রা) স্ফোটকাদি নির্গতক্লেদ, দুষ্টরক্ত।

পুঁজী, (প্রা) মূলধন; সঞ্চয়; রাশি।

পুঁটলী, (প্রা) বস্ত্রদ্বারা আবদ্ধ দ্রব্যসমূহ, গাঁঠরী।

পুঁটিয়া, (প্র.) ঘুন্টী; অধম; ক্ষুদ্র।

পুঁটি, (প্রা) মৎস্যবিশেষ, প্রোষ্ঠীমাছ, সফরী মৎস্য; ক্ষুদ্রাবালিকা।

পুঁটকী, (প্রা) গুহ্য, পোঁদ। [ব্যক্তি।

পুঁট্যাভেলী, (হিং) লোভী, পেটুক, কৃপণ

পুকন, (প্রা) কীটময় হওন, কৃমি জন্মান।

পুকুর, (প্রা) সরোবর, জলাশয়, পুষ্করিণী।

পুক্কশ, পুং. [পুক্+কশ] চণ্ডাল, চাড়াল, অধম জাতিবিশেষ।

পুক্কষ, পুং. [পুক্+কষ] চণ্ডাল, চাড়াল, অধম জাতিবিশেষ।

পুক্কস, পুং. [পুক্+কস] পুক্কশ, চণ্ডাল, (ত্রি.) ম্লেচ্ছাদিঅধম জাতিবিশেষ।

পুক্কসী, স্ত্রী. [পুক্কস+ঈ] কালিকা দেবী; নীলী, নীলেরগাছ; অন্ত্যজপত্নী, চণ্ডালী।

পুঙ্খ, পুং. [পুম্+খন] কাণ্ডমূল, পুঙ্খল; তথ্য; সূক্ষ্ম; শাখার অগ্রভাগ; বাণের পালক।

পুঙ্খানুপুঙ্খ, ত্রি. [পুঙ্খ+অনুপুঙ্খ] তন্নং করিয়া, বিবেচনা, সূক্ষ্মবিবেচনা।

পুঙ্গ, পুং. ন. [পুম্+গম-অ] সমূহ; রাশি, শ্রেণী, ঝাঁক।

পুঙ্গব, পুং. [পুম্+গো-অ] বৃষ, ষণ্ড, ষাঁড; ঔষধবিশেষ; উত্তরপদস্থ; শ্রেষ্ঠবাচক; ঋষভৌষধ; মহোক্ষ।

পুঙ্গল, পুং. [পুম্+গল] আত্মা, প্রাণ; জীব।

পুচ্ছ, পুং. ন. [পুচ্ছ+অ] লাঙ্গূল, ল্যাজ্; (পুং.) পশ্চাদ্ভাগ; (ন.) লোমবল্লাঙ্গূল; কলাপ।

পুচ্ছটি, ন. [পুচ্ছট+ই] অঙ্গুলিমোটন, আঙ্গুল মট্‌কান।

পুচ্ছদা, স্ত্রী. [পুচ্ছ+দা] লক্ষ্মণাকন্দ।

পুচ্ছন, (প্রা) পুছন, জিজ্ঞাসন, সুধান; প্রশ্নকরণ, আলাপন।

পুচ্ছী, পুং. [পুচ্ছ+ইন্] অর্কবৃক্ষ, আকন্দগাছ; কুক্কুট, কুঁকড়া; (ত্রি.) লাঙ্গূলযুক্ত।

পুছন, (প্রা) জিজ্ঞাসন; প্রশ্নকরণ, অধ্যেষণ।

পুঞ্জ, পুং. [পুং+জন] সমূহ, রাশি, অধিক, বহু।

পুঞ্জপুঞ্জ, পুং. [পুঞ্জ+পুঞ্জ] ভূরিং রাশিং।

পুঞ্জমান, ত্রি. [পুঞ্জ+মান] রাশীকৃত, স্তবাকার।

পুঞ্জাকার, ত্রি. [পুঞ্জ+আকার] পর্ব্বতাকার, রাশীকৃত, কাঁড়ী। [কার।

পুঞ্জীকৃত, ত্রি. [পুঞ্জী+কৃত] রাশীকৃত, স্তবা-

পুঞ্জাকৃতি, ত্রি. [পুঞ্জ+আকৃতি] রাশীকৃত; স্তবাকৃতি, কাঁড়ি, গাদি।

পুট, ন. [পুট+অ] জাতীফল; ঔষধিপাক পাত্র, অর্থাৎ উপর্য্যধোভাবাপন্ন সংযুক্ত মৃদাদি কপালদ্বয়রূপৌষধ পাকপাত্র; (পুং. ন.) অশ্বখুর; (ত্রি.) আচ্ছাদন; পত্রাদিরচিত পুষ্পাধার; পরস্পর সংশ্লেষ; চোঙ্গা; মধ্য, অভ্যন্তর; চূর্ণ, পেষণ।

পুটক, ন. [পুট+ক] পদ্ম, কমল; জাতীফল; ঔষধি পাকপাত্র; (পুং. ন.) অশ্বখুর; (ত্রি.) আচ্ছাদন; পত্রাদিরচিত পুষ্পাধার; পরস্পর সংশ্লেষ; যুগ্ম, যুগল; ঠোঙ্গা; মধ্য, অভ্যন্তর; চূর্ণ, পেষণ

পুটকন্দ, পুং. [পুট+কন্দ] কোলকন্দ, মহাকন্দবিশেষ।

পুটকিনী, স্ত্রী. [পুটক+ইন্-ঈ] পদ্মিনী, কমলিনী; পদ্মযুক্তদেশ; পদ্মসমূহ; পদ্মলতা।

পুটগ্রীব, পুং. [পুট+গ্রীবা] গর্গরী, কুম্ভ, কলস; তাম্রকুম্ভ।

পুটপাক, পুং. [পুট+পাক] পুটাভ্যন্তরিত ঔষধপচন।

পুটভেদ, পুং. [পুট+ভেদ] নদীবক্র; পত্তন; আতোদ্য।

পুটভেদন, ন. [পুট+ভেদন] নগর; গ্রাম।

পুটালু, পুং. [পুট+আলু] কোলকন্দ, মহাকন্দবিশেষ।

পুটিইক্ষু, (প্রা) ইক্ষুবিশেষ, পুণ্ড্রইক্ষু।

পুটিকা, স্ত্রী. [পুট+ইক-আ] এলা, এলাচ

পুটিত, ন. [পুট+ইত] হস্তপুট; পাটিত; (ত্রি.) স্যূত; যুক্ত, মিলিত; আদ্যন্ত প্রণবাদি যুক্তমন্ত্র; পুটপ্রাপ্ত।

পুটী, স্ত্রী. [পুট+ঈ] কৌপীন, কপিনি; আচ্ছাদন; পত্রাদিরচিত পুষ্পাধার।

পুটোটজ, ন. [পুট+উটজ] শ্বেতচ্ছত্র।

পুটোদক, পুং. [পুট+উদক] নারিকেল।

পুড়ন, (প্রা) দহন, জ্বলন; ভস্মীভুত হওন।

পুণ্ড, পুং. [পুণ্ড+অ] তিলক, ফোঁটা, টীকা।

পুণ্ডরী, পুং. [পুণ্ড+র-ইন্] শালপর্ণী পত্র তুলাপত্র, পুণ্ডরিয়া, তৎপর্য্যায়।—পৌণ্ড্রীক, পুণ্ডরীক; পুণ্ডরীয়ক, প্রপৌণ্ডরীক, চক্ষুষ্যা, পৌণ্ডর্য্য, তালপুষ্পক, সালপুষ্প, দৃষ্টিকৃত, স্থলপদ্ম, মালক।

পুণ্ডরীক, ন. [পুণ্ডর+ঈক] শুক্লপদ্ম, শ্বেতপদ্ম, তৎপর্য্যায়।—সিতাম্ভোজ, শতপত্র, মহাপদ্ম, সিতাম্বুজ, সিতাব্জ, শ্বেতবারিজ, হরিনেত্র, শরৎপদ্ম, সারদ, শম্ভুবল্লভ; পদ্মমাত্র; শ্বেতচ্ছত্র; ঔষধবিশেষ; (পুং.) অগ্নিকোণস্থ দিক্‌হস্তী; ব্যাঘ্র; কোষকারবিশেষ; সহকার, আম্রবৃক্ষ; গণধর; রাজিলসর্প; গজজ্বর, দমনবৃক্ষ; কমণ্ডলু; শ্বেতবর্ণ; কুষ্ঠবিশেষ।

পুণ্ডরীকাক্ষ, পুং. [পুণ্ডরীক+অক্ষিন্‌-অ] বিষ্ণু, শ্রীকৃষ্ণ, যাহার পদ্মবৎচক্ষু (ন.) পুণ্ডর্য্য।

পুণ্ডরীয়ক, ন. [পুণ্ডরীয়+ক] স্থলপদ্ম; পদ্ম; প্রপৌণ্ডরীক, পুণ্ডরিয়া।

পুণ্ডর্য্য, ন. [পুণ্ডর+য] প্রপৌণ্ডরীক; হস্তীর ও মনুষ্যদিগেরচক্ষুদ্বয়; ক্ষুদ্রবৃক্ষ; শালপর্ণী পত্রতুল্যপত্র; পুণ্ডরিয়া।

পুণ্ড্র, ন. [পুণ্ড+র] ইক্ষুবিশেষ, পুঁড়িআক; দৈত্যবিশেষ; চিত্র; কৃমি; দেশবিশেষ; অতিমুক্তক; পুণ্ডরীক; বহু; তিলকবৃক্ষ; হ্রস্বপ্লক্ষ, ক্ষুদ্রপাকুড়গাছ।

পুণ্ড্রক, পুং. [পুণ্ড্র+ক] মাধবীলতা, ইক্ষুবিশেষ, পুঁড়িআকু, তৎপর্য্যায়।—রসাল, ইক্ষুবাটী, যোনি, ইক্ষুযোনি, রসালী, রসদালিকা, করঙ্কশালি; তিলক বৃক্ষ; রাজাবিশেষ।

পুণ্ড্রকেলি, পুং. [পুণ্ড্র+কেলিন্‌] হস্তী, গজ, করী, দন্তী।

পুণ্য, ন. [পুণ্‌+য] শুভাদৃষ্ট, তৎপর্য্যায়।—ধর্ম্ম, শ্রেয়, সুকৃত, বৃষ; শোভনকর্ম্ম; পাবন, পবিত্র; (ত্রি.) সুন্দর; সুগন্ধি।

পুণ্যক, ন. [পুণ্য+ক] ব্রত বিশেষ।

পুণ্যকব্রত, ন. [পুণ্যক+ব্রত] পতিসৌভাগ্য ও দেবতুল্য পুত্রজনকস্ত্রীর কর্ত্তব্যনিয়ম বিশেষ। [ধর্ম্মরক্ষা করা।

পুণ্যকর্ম্ম, পুং. [পুণ্য+কর্ম্মন্‌] পবিত্রকর্ম্ম,

পুণ্যকৃৎ, ত্রি. [পুণ্য+কৃৎ] পুণ্যকর্ত্তা, ধার্ম্মিক, সুকৃতি।

পুণ্যগন্ধ, পুং. [পুণ্য+গন্ধ] চম্পকবৃক্ষ, চাঁপাগাছ।

পুণ্যজন, পুং. [পুণ্য+জন] রাক্ষস; যক্ষ; সজ্জন।

পুণ্যজনেশ্বর, পুং. [পুণ্যজন+ঈশ্বর] কুবের, যক্ষরাজ।

পুণ্যতৃণ, ন. [পুণ্য+তৃণ] শ্বেতকুশ।

পুণ্যদ, পুং. [পুণ্য+দা-অ] পুণ্যদায়ক, পুণ্যপ্রদ।

পুণ্যদর্শন, পুং. [পুণ্য+দর্শন] চাষপক্ষী।

পুণ্যফল, পুং. [পুণ্য+ফল] বনবিশেষ, তৎপর্য্যায়।—লক্ষ্মারাম; (ন.) ধর্ম্মজন্য ফল।

পুণ্যবন্ত, (প্রা) পুণ্যবান্‌, ধার্ম্মিক, সুকৃতী।

পুণ্যবান্‌, ত্রি. [পুণ্য+বৎ] পুণ্যযুক্ত, তৎপর্য্যায়।—সুকৃতী, ধন্য, সুকৃৎ, পুণ্যকৃৎ, ধর্ম্মবান্‌, শ্রেয়স্বান্‌, বৃষবান্‌; ধার্ম্মিক।

পুণ্যভাক্‌, ত্রি. [পুণ্য+ভাজ্‌] পুণ্যবিশিষ্ট, পুণ্যভাগী, সুকৃতী, ধার্ম্মিক।

পুণ্যভূ, স্ত্রী. [পুণ্য+ভূ] আর্য্যাবর্ত্ত দেশ; পবিত্র ভূমি।

পুণ্যভূমি, স্ত্রী. [পুণ্য+ভূমি] আর্য্যাবর্ত্তদেশ, বিন্ধ্যপর্ব্বত ও হিমালয় পর্ব্বতের মধ্য স্থান; পুণ্যস্থল, তীর্থ স্থান; পুত্রসূ।

পুণ্যশীল, পুং. [পুণ্য+শীল] পুণ্যশালী, ধার্ম্মিক, পবিত্র।

পুণ্যশ্লোক, পুং. [পুণ্য+শ্লোক] বিষ্ণু; যুধিষ্ঠির; নলরাজা; (ত্রি.) পুণ্যচরিত্র।

পুণ্যশ্লোকা, স্ত্রী. [পুণ্য+শ্লোক-আ] দ্রৌপদী; সীতা।

পুণ্যা, স্ত্রী. [পুণ্য+আ] তুলসী; পুণ্যজনিকা; পবিত্রা।

পুণ্যাচারী, পুং. [পুণ্য+আচারিন্‌] ধার্ম্মিক, পুণ্যশীল।

পুণ্যাত্মা, পুং. [পুণ্য+আত্মন্‌] পুণ্যস্বভাব, পুণ্যাচারী, ধর্ম্মশীল, ধার্ম্মিক, সাধু।

পুণ্যাহ, ন. [পুণ্য+অহন্‌] পুণ্যদিন; রাজস্ব আদায়ের আরম্ভদিন।

পুণ্যাহবাচন, ন. [পুণ্যাহ+বাচন] দৈবাদিকর্ম্মের স্বস্তিবাচনের অগ্রে মঙ্গলের নিমিত্ত পুণ্যাহ শব্দের বারত্রয় কথন।

পুং, ন [পুং+উৎ] [illegible]

পুত, (প্রা) পুত্র, সন্তান।
পুতল, (প্রা) রোপণ, মৃত্তিকা মধ্যে স্থাপন।
পুতী, (প্রা) পুস্তক ; কাচমাল্য
পুতুল, (প্রা) পুত্তলী, পুত্তলিকা।
পুত্তলক, পুং. [পুত্তল+ক] পত্রাদিনির্ম্মিত প্রতিমূর্ত্তি, পুতুল।
পুত্তলিকা, (প্রা) তৃণকাষ্ঠ মৃত্তিকা প্রস্তর ধাতুরত্নাদি নির্ম্মিত প্রতিমূর্ত্তি, পুতুলী।
পুত্তলী, (প্রা) মৃত্তিকাদি নির্ম্মিত প্রতিমূর্ত্তি।
পুর্ত্তিকা, স্ত্রী. [পুর্ত্তিক+আ] মধুমক্ষিকা, মউমাচী, উই তৎপর্য্যায়।—পতঙ্গিকা।
পুত্র, পুং. [পুত্+ত্রৈ-অ] লগ্ন হইতে পঞ্চম স্থান; পুংসন্তান, পুন্নাম নরক ত্রাতা, পুত, বেটা, তৎপর্য্যায়।—আত্মজ,তনয়, পুত্রক,সূনু, সুত,তনুজ, অপত্য, দায়াদ, কুলধারক, নন্দন, আত্মজন্মা, আত্মসম্ভব, অঙ্গজ, শরীরজ, তম্বুজ, তনূজনি, দারক, কুমার, উদ্বহ, দ্বিতীয়, প্রসূত, স্বজ ; তদ্দশবিধ যথা।—ঔরস, ক্ষেত্রজ, দত্ত, কৃত্রিম, গূঢ়োৎপন্ন, অপবিদ্ধ, কানীন, সহোঢ়, ক্রীত, পৌনর্ভব, স্বয়ন্দত্ত, শৌদ্র
পুত্রক, পুং. [পুত্র+ক] পুত্র, সন্তান; শরভ; ধূর্ত্ত; শৈলবিশেষ; বৃক্ষবিশেষ; পতঙ্গক; অনুকম্পান্বিত জন; কৃত্রিমপুত্র।
পুত্রকন্দা, স্ত্রী. [পুত্র+কন্দ-আ] লক্ষ্মণাকন্দবিশেষ।
পুত্রকা, স্ত্রী. [পুত্র+ক-আ] পুত্রিকা, পুত্রবৎ পালিতকন্যা।
পুত্রজীব, পুং. [পুত্র+জীব] বৃক্ষবিশেষ, জিয়াপুতা, তৎপর্য্যায়।—শ্রীপদাপহ, কুমারজীব, পুত্রঞ্জীবক, পবিত্র, গর্ভদ, সুতজীবক। [বৃক্ষ, জিয়াপুতা।
পুত্রঞ্জীবক, পুং. [পুত্রং+জীবক] পুত্রজীবক
পুত্রদা, স্ত্রী. [পুত্র+দা] বন্ধ্যাকর্কোটকী, তিক্তকর্কোটী, বাঁঝখখসা, বাঁঝচঠেল, (হিং) বাঁঝককরোল; লক্ষ্মণাকন্দ; গর্ভদাত্রীক্ষুপ।
পুত্রদাত্রী, স্ত্রী. [পুত্র+দাত্রী] মালবদেশ প্রসিদ্ধ লতা বিশেষ, তৎ পর্য্যায়।— বাতারি, ভ্রমরী, শ্বেতপুষ্পিকা, বৃতপত্রা, অতিগন্ধালু, বেশীজাতা, সুবল্লরী
পুত্রপৌত্রীণ, ত্রি. [পুত্র+পৌত্রীণ] পুত্রপরম্পরাজাত।
পুত্রপ্রতিনিধি, পুং. [পুত্র+প্রতিনিধি] পোষ্যপুত্র, পালনপুত্র।
পুত্রপ্রদা, স্ত্রী. [পুত্র+প্রদ-আ] ক্ষবিকা, বৃহতীলতা।
পুত্রভদ্রা, স্ত্রী. [পুত্র+ভদ্রা] বৃহজ্জীবন্তীলতা
পুত্রশৃঙ্গী, স্ত্রী. [পুত্র+শৃঙ্গ-ঈ] অজশৃঙ্গী।
পুত্রশ্রেণী, স্ত্রী. [পুত্র+শ্রেণী] মূষিকপর্ণী।
পুত্রসূ, স্ত্রী. [পুত্র+সূ] পুত্রজনিকা, পুত্রিকা পুত্রবতী; প্রসূ; ধনসূ; পুণ্যভূমি।
পুত্রান্নাদ, ত্রি. [পুত্র+অন্ন-অদ]পুত্রান্নভোজী সন্তানের অন্নভোজী,তৎপর্য্যায়।—কুটীচক
পুত্রার্থী, ত্রি. [পুত্র+অর্থিন্] সন্তানাকাঙ্ক্ষী, পুত্রের নিমিত্ত অভিলাষী।
পুত্রিকা, স্ত্রী. [পুত্র+ইক-আ] কন্যা, তৎপর্য্যায়।—আত্মজা, দুহিতা, পুত্রী, তনুজা, সুতা, অপত্য, পুত্রকা, স্বজা, তনয়া, নন্দিনী; পুত্রবৎকৃতা কন্যা; পুত্তলিকা; যাবতূলক।
পুত্রিকাপুত্র, পুং. [পুত্রিকা+পুত্র] পুত্রিকার সন্তান, কন্যারপুত্র, দৌহিত্র; গৌণপুত্র বিশেষ।
পুত্রিকাপ্রসূ, স্ত্রী. [পুত্রিকা+প্রসূ] পুত্রিকাজননী, ভার্য্যা, তৎপর্য্যায়।—ধনসূ।
পুত্রিকাসুত, পুং. [পুত্রিকা+সুত] পুত্রিকারপুত্র ; গৌণপুত্র। [পুত্র।
পুত্রিণী, স্ত্রী. [পুত্র+ইন্-ঈ] পুত্রবতী, সপুত্রী, পুং. [পুত্র+ইন্] পুত্রযুক্ত, পুত্রবান্; (স্ত্রী.) সুতা, তৎপর্য্যায়।—আত্মজা, দুহিতা, পুত্রী, তনুজা, অপত্য, পুত্রিকা, স্বজা, তনয়া, নন্দিনী; বৃক্ষবিশেষ।
পুত্রীয়, ত্রি. [পুত্র+ঈয়] পুত্র্য, পুত্র সম্বন্ধীয়, পুত্রসম্পর্কীয়।
পুত্রেচ্ছুক, ত্রি. [পুত্র+ইচ্ছুক] সন্তানাভিলাষী, পুত্রাভিলাষী।

পুত্রেষ্টি, স্ত্রী. [পুত্র+ইষ্টি] পুত্রনিমিত্তক যাগবিশেষ।

পুত্রেষ্টিকা, স্ত্রী. [পুত্র+ইষ্টিক-আ] পুত্রের নিমিত্তক যাগবিশেষ।

পুত্রৌ, পুং. [পুত্র+ঔ] পুত্র ও দুহিতা, ইহাদ্বিবচনান্ত শব্দ, পুত্রদ্বয়কেও বুঝায়।

পুত্র্য, ত্রি. [পুত্র+য] পুত্রীয়, পুত্রসম্বন্ধীয়।

পুথী, (প্রা) পুস্তক, গ্রন্থ, বহি।

পুদিনা, (প্রা) সুগন্ধশাকবিশেষ।

পুদ্গল, পুং. [পুদ্+গল] আত্মা; দেহ, শরীর; (ত্রি.) সুন্দরাকার; রূপাদি বিশিষ্টদ্রব্য।

পুনঃ, ব্য. [পণ+অর] অপ্রথম, দ্বিতীয়বার, পুনর্ব্বার, বারান্তর; ভেদ; অবধারণ; অধিকার; পক্ষান্তর।

পুনঃপুনঃ, ব্য. [পুনর্+পুনর্] বারংবার, তৎপর্য্যায়।—মুহুঃ, শশ্বৎ,অভীক্ষ্ণ, অসকৃৎ, বারম্বারেণ, পৌনঃপুন্য, প্রতিক্ষণ।

পুনঃপুনা,স্ত্রী. [পুনর্+পুন-আ] নদীবিশেষ, পুন্‌পুনা নদী।

পুনঃসংস্কার, পুং. [পুনর্+সংস্কার] দ্বিতীয়বারোপনয়নাদি সংস্কার।

পুনরপি, ব্য. [পুনর্+অপি]পুনর্ব্বার,দ্বিতীয় বার।

পুনরাগমন, ন. [পুনর্+আগমন] দ্বিতীয়বারাগমন, প্রত্যাগমন, ফিরে আসা।

পুনরাবৃত্তি, স্ত্রী. [পুনর্+আবৃত্তি] পুনর্ব্বার আবৃত্তিকরণ।

পুনরায়, (প্রা) পুনর্ব্বার, পুনশ্চ।

পুনরুক্ত, ন. [পুনর্+উক্ত] পুনর্ব্বার কথন, দ্বিতীয়বার উক্ত।

পুনরুক্তজন্মা, পুং. [পুনরুক্ত+জন্মন্] ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র।

পুনরুক্তি, স্ত্রী. [পুনর্+উক্তি] দ্বিতীয়বার কথন, পুনশ্চ বলা।

পুনরুত্থান, ন. [পুনর্+উত্থান] পুনর্ব্বার উঠা, দ্বিতীয়বার গাত্রোত্থান।

পুনর্জ্জন্ম, ন. [পুনর্+জন্মন্] দ্বিতীয়বার উৎপত্তি।

পুনর্জ্জন্মা, পুং. [পুনর্+জন্মন্] ব্রাহ্মণ; পক্ষী; দন্ত।

পুনর্দ্দয়া, স্ত্রী. [পুনর্+দয়া] পুনরনুগ্রহ।

পুনর্নব, পুং. [পুনর্+নব] নখ, নখর।

পুনর্নবা, স্ত্রী. [পুনর্+নব-আ] শাকবিশেষ, তৎপর্য্যায়।—শোথঘ্নী, বর্ষাভূ, প্রাবৃষায়ণী, কঠিল্লক, ইহা রক্ত-শাকের পর্য্যায়।—শ্বেতশাক পর্য্যায় যথা।—বৃশ্চীরা, চিরাটিকা, বিশাখ, কঠিল্ল,শশিবাটিকা, পৃথ্বী, সিতবর্ষাভূ; ঘনপত্র, কঠিল্লক।

পুনর্ব্বসু, পুং. [পুনর্+বসু] বিষ্ণু; শিব; কাত্যায়নমুনি; লোকবিশেষ; ধনারম্ভ; নক্ষত্রবিশেষ।

পুনর্ব্বসু, পুং. [পুনর্+বসু] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রের মধ্যে সপ্তমনক্ষত্র, তৎপর্য্যায়।—যামকৌ, আদিত্যৌ।

পুনর্ব্বিবাহ, পুং. [পুনর্+বিবাহ] প্রথমঋতু কালীন সংস্কারবিশেষ, গর্ভাধান সংস্কার, দ্বিতীয়বার বিবাহ।

পুনর্ভব, পুং. [পুনর্+ভব] নখ, কররুহ; রক্তপুনর্নবাশাক; (ত্রি.) পুনর্ব্বারজাত, পুনর্জ্জন্ম।

পুনর্ভবী, পুং. [পুনর্+ভবিন্] আত্মা,জীব।

পুনর্ভূ, স্ত্রী. [পুনর্+ভূ] দ্বিরুঢ়া,দ্বিতীয়বার বিবাহিতা স্ত্রী, তৎপর্য্যায়।—দিধিষু; (ত্রি.) পুনর্ব্বার জাত।

পুনর্যাত্রা, স্ত্রী. [পুনর্+যাত্রা] নিবর্ত্তযাত্রা, আষাঢ় শুক্লপক্ষীয় রথদ্বিতীয়ানন্তর নবমদিবস বিহিত শ্রীজগন্নাথ দেবের দক্ষিণমুখে যাত্রা, ফিরেরথ, উল্টারথ।

পুনশ্চ, ব্য. [পুনর্+চ] পুনর্ব্বার, পুনরপি, দ্বিতীয়বার।

পুন্নাগ, পুং. [পুম্+নাগ] স্বনামখ্যাত বৃহৎপুষ্প বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—পুরুষ, তুঙ্গ, কেশর, দেববল্লভ, কুম্ভীক, রক্তকেশর, পুন্নামা, পাটলদ্রুম, রক্তপুষ্প, রক্তরেণু, অরুণ; শ্বেতপদ্ম; জাতীফল; নরশ্রেষ্ঠ; পাণ্ডুনাগ।

পুন্নাট, পুং. [পুম্+নাট] চক্রমর্দ্দ।

পুন্নাড়, পুং. [পুম্+নাড়] চক্রমর্দ্দ।
পুন্নামনরক, পুং. [পুন্নাম+নরক] পুৎনামক, নরকবিশেষ। [কোষ্ঠস্থপবন।
পুপ্ফুস, পুং. [পুপ্+ফুল] উদরস্থ বায়ু,
পুপ্ফুস, পুং. [পুপ্+ফুস] পদ্মবীজাধার, তৎপর্য্যায়।—বীজকোষ, বরাটক; বামপার্শ্বস্থ মলাশয়, ফোঁকড়া, ফুলঘরা, তৎপর্য্যায়।—কোষ্ঠ, রক্তফেণজ, তিলক, (ন. পুং.) ক্লোম; ফুপ্‌ফুসোপি পাঠ।
পুমান্, পুং. [পুমস্+অ] মনুষ্যজাতিপুরুষ, তৎপর্য্যায়।—পঞ্চজন, পুরুষ, পূরুষ: মনুষ্যজাতি; পুংলিঙ্গবাচক মানব।
পুর, ন. [পুর+অ] গেহ, গৃহ, ঘর; দেহ, কায়; পাটলিপুত্র; পুষ্পাদির দলাবৃত্তি; নাগরমুস্তা; চর্ম্ম, চাম; গৃহোপরিগৃহ; (ন. স্ত্রী.) হট্টাদি বিশিষ্ট স্থান; বহুগ্রামীয় ব্যবহার স্থান, তৎপর্য্যায়।—পূঃ, পুরী, নগর, পত্তন, স্থানীয়, কটক, পট্ট, নিগম, পুটভেদন; (পুং.) গুগ্‌গুলু; পীতঝিণ্টী।
পুরঃ, ব্য. [পুরস্] অগ্রতঃ, সম্মুখে; পূর্ব্বদিক্; প্রথমকাল; পুরার্থ; অতীত।
পুরঃসর, ত্রি. [পুরস্+সর] অগ্রগামী, অগ্রে গমনকর্ত্তা, অগ্রবর্ত্তী, তৎপর্য্যায়।—পুরোগ, প্রষ্ঠ, অগ্রতঃসর, অগ্রসর, অগ্রগ, পুরোগম, পুরোগামী।
পুরজন, পুং. [পুর+জন] পুরবাসী লোক, পৌরজন। [রাজাবিশেষ।
পুরঞ্জন, পুং. [পুরং+জন] জীব, আত্মা;
পুরঞ্জনী, স্ত্রী. [পুরং+জন-ঈ] বুদ্ধি, মতি, জ্ঞান।
পুরঞ্জয়, পুং. [পুরং+জয়] সূর্য্যবংশীয় রাজবিশেষ তৎপর্য্যায়।—কাকুৎস্থ; (ত্রি.) পুরজয় কর্ত্তা।
পুরঞ্জর, পুং. [পুরং+জর] কক্ষবাহুমূল।
পুরট, ন. [পুর+অট] সুবর্ণ, স্বর্ণ, কনক।
পুরণ, পুং. [পুর+অন] সমুদ্র, সাগর, জলধি।
পুরতঃ, ব্য. [পুর+তস্] অগ্রতঃ; সম্মুখে।
পুরতটী, স্ত্রী. [পুর+তট-ঈ] হট্টী, ক্ষুদ্রহট্ট, ছোটহাট।
পুরদ্বার, ন. [পুর+দ্বার] নগরদ্বার, কটক, তৎপর্য্যায়।—গোপুর।
পুরদ্বিট্, পুং. [পুর+দ্বিষ্] শিব, ত্রিলোচন।
পুরন্দ, পুং. [পুরং+দো-অ] ইন্দ্র।
পুরন্দর, ন. [পুরং+দর] চবিক, চইবৃক্ষ; (পুং.) ইন্দ্র, দেবরাজ; চৌর, তস্কর।
পুরন্দরা, স্ত্রী. [পুরন্দর+আ] গঙ্গা, ভাগীরথী।
পুরন্ধ্রি, স্ত্রী. [পুরং+ধৃ-ই] পতিপুত্র দুহিত্রাদিমতী, তৎপর্য্যায়।—কুটুম্বিনী; স্ত্রী মাত্র।
পুরন্ধ্রী, স্ত্রী. [পুরং+ধৃ-ঈ] পতিপুত্র দুহিত্রাদিমতী, গৃহিণী, তৎপর্য্যায়।—কুটুম্বিনী; স্ত্রী মাত্র।
পুরবাসী, পুং. [পুর+বাসিন্] গৃহবাসী, পৌরজন।
পুরবী, (প্রা) রাগিণী বিশেষ।
পুরশ্চরণ, ন. [পুরস্+চরণ] পুরস্ক্রিয়া, স্বেষ্ট দেবতার মন্ত্রসিদ্ধির নিমিত্ত দেবতা পূজা পূর্ব্বক তন্মন্ত্রজপ হোম তর্পণাভিষেক ব্রাহ্মণ ভোজনরূপ পঞ্চাঙ্গ সাধনা, মন্ত্রাদি চৈতন্যকরণ।
পুরশ্ছদ, পুং. [পুরস্+ছদ] তৃণবিশেষ, উলুখড়, তৎপর্য্যায়।—দর্ভ, শপ্প, সোমপত্র, পরাৎপ্রিয়, উলূপ।
পুরস্কার, পুং. [পুরস্+কার] পুরস্ক্রিয়া; অভিশাপ; অরিগ্রহণ; অগ্রকরণ; পূজন; স্বীকার; সেক। [পূজ্য।
পুরস্কার্য্য, ত্রি. [পুরস্+কার্য্য] সম্মার্হ্য;
পুরস্কৃত, ত্রি. [পুরস্+কৃত] অভিশস্ত; অরিগ্রস্ত; অগ্রকৃত; পূজিত; স্বীকৃত; সিক্ত; পারিতোষিকদত্ত।
পুরস্তাৎ, ব্য. [পুরস্+তাৎ] পূর্ব্বদিকে; প্রথমকালে; পুরার্থে, অতীতকালে; অগ্রদেশে।
পুরস্ত্রী, স্ত্রী. [পুর+স্ত্রী] গৃহিণী, কুলবধূ; পুরবাসিনী। [বাটীস্থ।
পুরস্থ, ত্রি. [পুর+স্থা-অ] অগ্রবর্ত্তী; গৃহস্থ,
পুরস্থিত, ত্রি. [পুর+স্থিত] নগরস্থিত; গৃহস্থিত।

পুরা, ব্য. [পুর+আ] প্রবন্ধ, বাক্য রচনা- পুরাণাদি, যথা।—পুরাবিদ, চির, চির- ন্তন, অতীত, ভূত; চিরাতীত; নিকট, সন্নিহিত; আগামিক, অনাগত; নিকটা- গামিক, ভবিষ্যদাসত্তি; ভীরু, ভয়যুক্ত; (স্ত্রী.) পূর্ব্বদিক্; সুগন্ধি দ্রব্যবিশেষ তৎপর্য্যায়।—গন্ধবতী, দিব্যা, গন্ধাঢ্যা, গন্ধমাদিনী, সুরভি, ভূরিগন্ধা, কুটী, গন্ধকুটী।

পুরাকৃত, ত্রি. [পুরা+কৃত] প্রারব্ধকর্ম্ম; পূর্ব্বকাল কৃতপুণ্যাদি।

পুরাণ, ন. [পুরা+অন] ব্যাসাদি মুনি প্রণীত বেদার্থ বর্ণিত পঞ্চলক্ষণান্বিত শাস্ত্র, পূর্ব্বতন ইতিহাস, তৎপর্য্যায়।—পঞ্চ- লক্ষণ; পঞ্চলক্ষণাদি যথা।—সর্গ, প্রতি- সর্গ, বংশ, মন্বন্তর, বংশানুচরিত; মহা- পুরাণের দশলক্ষণ যথা।—সর্গ, বিসর্গ, বৃত্তি, রক্ষা, অন্তর, বংশ, বংশানুচরিত, সংস্থা, হেতু, অপাশ্রয়; অষ্টাদশ মহা- পুরাণ শ্লোকসংখ্যা যথা।—ব্রাহ্ম দশ- সহস্র; পাদ্ম-পঞ্চপঞ্চাশৎসহস্র, বৈষ্ণব ত্রয়োবিংশতি সহস্র, শৈব-চতুর্ব্বিংশতি সহস্র, ভাগবত অষ্টাদশসহস্র, নারদীয়- পঞ্চবিংশতি সহস্র, মার্কণ্ডেয় নবসহস্র, আগ্নেয়-চতুঃশতাধিক পঞ্চাদশ সহস্র, ভবিষ্য-পঞ্চশতাধিক চতুর্দ্দশ সহস্র, ব্রহ্মবৈবর্ত্ত-অষ্টাদশ সহস্র, লিঙ্গ-একা- দশ.সহস্র, বারাহ-চতুর্ব্বিংশতি সহস্র, স্কন্ধ—শতাধিক একাশীতিসহস্র, বামন- দশসহস্র, কূর্ম্ম—সপ্তদশসহস্র, মৎস্য— চতুর্দ্দশসহস্র গরুড়—উনবিংশতিসহস্র, ব্রহ্মাণ্ড-দ্বাদশ সহস্র; (পুং.) পণ; (ত্রি.) পুরাতন; (পুং. ন.) কার্ষাপণ।

পুরাণগ, পুং. [পুরাণ+গম-অ] ব্রহ্মা, প্রজা- পতি; (ত্রি.) পুরাণগায়ক।

পুরাণপুরুষ, পুং. [পুরাণ+পুরুষ] বিষ্ণু, নারায়ণ।

পুরাণবেত্তা, পুং. [পুরাণ+বেতৃ] পুরাণজ্ঞ, পুরাণাদি শাস্ত্রজ্ঞাতা।

পুরাতন, ত্রি. [পুরা+তন] পূর্ব্বকালভব, পুরাণা, তৎপর্য্যায়।—পুরাণ, প্রতন, প্রত্ন, চিরন্তন, চিরত্ন; তদ্বৈদিকপর্য্যায়। প্রত্ন, প্রদিব, প্রবয়াঃ, সনেমি, পূর্ব্ব; অহ্নায়।

পুরাতনকথা, (প্রা) ইতিহাস, প্রাচীনবৃত্তান্ত।

পুরাধ্যক্ষ, ত্রি. [পুর+অধ্যক্ষ] নগরাধিকৃত, নগরাধিপতি; অন্তঃপুরেরকর্ত্তা।

পুরাবসু, পুং. [পুরা+বসু] ভীষ্ম, গাঙ্গেয়।

পুরাবৃত্ত, পুং. [পুরা+বৃত্ত] পূর্ব্ববৃত্তান্ত নিবন্ধন, তৎপর্য্যায়।—ইতিহাস, পূর্ব্ব- চরিত।

পুরারি, পুং. [পুর+অরি] শিব, মহাদেব।

পুরার্দ্ধবিস্তর, পুং. [পুর+অর্দ্ধবিস্তর] খেট।

পুরাসিনী, স্ত্রী. [পুরা+অসিন্-ঈ] সহদেবী লতা।

পুরাসুহৃৎ, পুং. [পুর+অসুহৃৎ] শিব, মহেশ, মহাদেব।

পুরি, স্ত্রী. [পুর+ই] পুরী, নগরী; নদী, (পুং.) রাজা।

পুরী, স্ত্রী. [পুর+ই] নগরী, গৃহ, বাটী; দশনামক সন্ন্যাসির উপাধিবিশেষ; পতাকা ও ধ্বজার অঞ্চল বিশেষ, ছুড়া।

পুরীতৎ, পুং. ন. [পুরী+তন] অন্ত্র, আঁ নাড়ী।

পুরীমোহ, পুং. [পুরী+মোহ] ধুস্তূর, ধুতুরা

পুরীষ, ন. [পুরী+ঈষ] বিষ্ঠা, মল, শকৃৎ।

পুরীষণ, পুং. [পুরীষ+অন] পুরীষ, বিষ্ঠা, মল, শকৃৎ।

পুরীষম, পুং. [পুরী+সম] মাষকলাই।

পুরু, পুং. [পৄ+উ] দেবলোক; নৃপবিশেষ; যযাতিরাজার কনিষ্ঠ পুত্র; পরাগ, পুষ্পরেণু; দৈত্য; (ত্রি.) নদীবিশেষ; প্রচুর। [বিশেষ।

পুরুকুৎসব, পুং. [পুরু+কুৎসব] ইন্দ্ররিপু

পুরুত, (প্রা) যাজক, পুরোহিত।

পুরুদংশক, পুং. [পুরু+দংশক] হংস, মরাল, হাঁস।

পুরুদংশা, পুং. [পুরু+দংশস্-অ] ইন্দ্র, শক্র, সুরপতি

পুরুষ, পুং. [পুর+উষ] পুরেতে শয়নকারী; জীব,তৎপর্য্যায়।—পুরুষ, না, নর, পঞ্চজন,পুরান্, অর্থাশ্রয়, অধিকারী, কর্ম্মার্হ, জন, অর্থবান্, মনুষ্য, মানব, মর্ত্ত্য, মানুষ, মনু, রসিকরাজ, ঘনকামধামা, মদনশায়কাঙ্ক, মন্মথশায়কলক্ষ্য; চতুর্ব্বিধ পুরুষ যথা।—শশ, মৃগ, বৃষ, অশ্ব; পুমান্ তদ্বৈদিকপর্য্যায় ।—মনুষ্য, নর, ধবা, জন্তব, বিশ, ক্ষিতয়, কৃষ্ণয়,চর্ষণয়, নহুষ, হরয়, মর্য্যা, মর্ত্ত্যা, মর্ত্তা, ব্রাতা, তুর্ব্বশা, দ্রুহ্যব, আয়ব, যদব, অনব, পূরব, জগত,তৎস্থুষ, পঞ্চজনা,বিবস্বন্ত, পৃতনা, মেষ, মিথুন, সিংহ, তুলা, ধনুঃ, কুম্ভরাশি।

পুরুষক, ন. [পুরুষ+ক] ঘোটকের ঊর্দ্ধেতে স্থিতি, শীথপাঁও।

পুরুষকার, পুং. [পুরুষ+কার] পুরুষেরকর্ম্ম, পৌরুষ, চেষ্টা। [সাধু।

পুরুষকুঞ্জর, পুং. [পুরুষ+কুঞ্জর] পুরুষশ্রেষ্ঠ,

পুরুষক্রম, পুং. [পুরুষ+ক্রম] পুরুষাক্রম, পুরুষপরম্পরা, কুলপর্য্যায়।

পুরুষত্ব, ন. [পুরুষ+ত্ব] পুরুষস্বভাব, পুরুষবৃত্তি অসাধারণধর্ম্ম; পুংস্ত্ব;সাহস কৃতিত্ব।

পুরুষত্বহীন, ত্রি. [পুরুষত্ব+হীন] পুংস্ত্বরহিত, খোজা।

পুরুষত্রা, ব্য. [পুরুষ+ত্রা] পুরুষং; পুরুষো; পুরুষান্; পুরুষে; পুরুষয়োঃ; পুরুষেষু।

পুরুষদঘ্ন, ত্রি. [পুরুষ+দঘ্ন] পুরুষপরিমাণ।

পুরুষদন্তিকা, স্ত্রী. [পুরুষ+দন্তিকা] মেদা।

পুরুষদ্বয়স, ত্রি. [পুরুষ+দ্বয়স] পুরুষপরিমাণ।

পুরুষদ্বেষী, ত্রি. [পুরুষ+দ্বেষিন্] পুরুষদ্বেষশীল।

পুরুষনাগ, পুং. [পুরুষ+নাগ] পুরুষশ্রেষ্ঠ।

পুরুষপুঙ্গব, পুং. [পুরুষ+পুঙ্গব] পুরুষশ্রেষ্ঠ

পুরুষপুণ্ডরীক, পুং. [পুরুষ+পুণ্ডরীক]পুরুষব্যাঘ্র, নরশ্রেষ্ঠ; জিনরাজবিশেষ।

পুরুষব্যাঘ্র, পুং. [পুরুষ+ব্যাঘ্র]পুরুষশ্রেষ্ঠ।

পুরুষমাত্র, ত্রি, [পুরুষ+মাত্র] পুরুষেরপরিমাণ।

পুরুষর্ষভ, পুং. [পুরুষ+ঋষভ] পুরুষশ্রেষ্ঠ।

পুরুষশার্দ্দূল, পুং. [পুরুষ+শার্দ্দূল] পুরুষশ্রেষ্ঠ।

পুরুষসিংহ, পুং. [পুরুষ+সিংহ]পুরুষশ্রেষ্ঠ; জিনরাজবিশেষ, তৎপর্য্যায়।—শৈবি।

পুরুষাঙ্গ, পুং. [পুরুষ+অঙ্গ] শিশ্ন, লিঙ্গ, উপস্থ।

পুরুষাদী, পুং. [পুরুষ+অদিন্] রাক্ষস, নিশাচর; নরখাদক।

পুরুষাদ্য, পুং. [পুরুষ+আদ্য] আদিনাথ নামে জিনবিশেষ; বিষ্ণু।

পুরুষাধম, পুং. [পুরুষ+অধম] নিকৃষ্টনর, পামর মনুষ্য।

পুরুষায়ুস, পুং. [পুরুষ+আয়ুস] পুরুষের জীবন, শতবৎসর।

পুরুষার্থ, পুং. [পুরুষ+অর্থ] পুরুষেরপ্রয়োজন, যথা।—ধর্ম্ম, অর্থ, কাম, মোক্ষ, ভক্তি।

পুরুষাস্থিমালী, পুং. [পুরুষাস্থি+মালিন্] শিব, মহাদেব; নরাস্থিমালীমাত্রে।

পুরুষোত্তম, পুং. [পুরুষ+উত্তম] বিষ্ণু, জগন্নাথ; বুদ্ধার্হদ্বিশেষ, তৎপর্য্যায়।—সোমভূ। [শয়।

পুরুহ, ত্রি. [পুরু+হন]প্রচুর, যথেষ্ট, অতি-

পুরুহু, ত্রি. [পুরু+হন-উ] প্রচুর, যথেষ্ট, অত্যন্ত, অতিশয়, রাশি।

পুরুহূত, পুং. [পুরু+হূত] ইন্দ্র, পুরন্দর, দেবরাজ।

পুরূরবাঃ, পুং. [পুরু+রবস্] বুধেরপুত্র,চন্দ্রবংশীয়আদি রাজা,তৎপর্য্যায়।—বৌধ, ঐল, উর্ব্বশীরমণ; বিশ্বদেব; পার্ব্বণ শ্রাদ্ধদেব।

পুরোগ, ত্রি. [পুরস্+গম-অ] অগ্রগামী, অগ্রবর্ত্তী; প্রধান, শ্রেষ্ঠ।

পুরোগতি, পুং. [পুরস্+গতি] কুক্কুর; (ত্রি.) অগ্রগ, অগ্রগামী।

পুরোগম, ত্রি. [পুরস্+গম] অগ্রগামী, অগ্রবর্ত্তী।

পুরোগমন, ন. [পুরস্+গমন] অগ্রগমন, অগ্রবর্ত্তি হওন।

পুরোগামী, ত্রি. [পুরস্+গামিন্] অগ্রগামী, অগ্রবর্ত্তী, তৎপর্য্যায়।—পুরোগ, অগ্রেসর, প্রষ্ঠ, অগ্রতঃসর, পুরঃসর, পুরোগম, নাসীর, অগ্রসর। [রায়ভাটি।

পুরোটি, পুং. [পুরস্ অট-ই] পুত্রঝঙ্কার,

পুরোড, পুং. [পুরস্+ডাস] হবি, ঘৃত।

পুরোডাশ, পুং. [পুরস্+ডাশ] যজ্ঞীয়ঘৃত বিশেষ, যবচূর্ণ নির্ম্মিত রোটিকাবিশেষ; পিষ্টকচমসী; হুতশেষ; সোমলতা।

পুরোডাশ্য, ত্রি.[পুরোডাশ+য]পুরোড়াশীয়, হবির্যোগ্য, পুরোডার্থহিত।

পুরোদ্ভবা, স্ত্রী.[পুরা+উদ্ভব-আ].মহামেদা।

পুরোধাঃ পুং. [পুরস্+ধাস্] পুরোহিত, ঋত্বিক্, যাজক। [অগ্রগামী।

পুরোবর্ত্তী, পুং. [পুরস্+বর্ত্তিন্] অগ্রসর,

পুরোভাগী, ত্রি. [পুরস্+ভাগিন্] দোষমাত্র দর্শী; অগ্রাংশী; অগ্রগামী।

পুরোহিত, পুং. [পুরস্+হিত] দৃষ্টাদৃষ্ট ফলবিষয়ে কর্ম্মবিধায়ক, তৎপর্য্যায়।—পুরোধা, ধর্ম্মকর্ম্মাদিকারক, যাজক।

পুর্খা, (প্রা) চতুর, ধূর্ত্ত, সেয়ানা; পুরাতন।

পুল, পুং. [পুল+অ]পুলক,পর্ব্বতীয় মৃত্তিকা বিশেষ; (ত্রি.) বিপুল; সেতু।

পুলক, ন. [পুল+ক] কঙ্কুষ্ট, পর্ব্বতীয় মৃত্তিকাবিশেষ; (পুং.) রোমাঞ্চ, তৎপর্য্যায়।—রোমোদ্ভেদ, ত্বক্‌পুষ্প, ত্বগঙ্কুর; শরীরের অন্তর ও বাহ্যে উদ্ভব কীট; প্রস্তরবিশেষ; মণিদোষবিশেষ; হরিতাল; গজান্নপিণ্ড; গন্ধর্ব্ববিশেষ; অসুরাজা; গল্বর্ক।

পুলকিত, ত্রি. [পুলক+ইত] হর্ষিত,আহ্লাদিত, লোমাঞ্চযুক্ত।

পুলকী, পুং. [পুলক+ইন্] ধারাকদম্ব।

পুলস্তি, পুং. [পুলস্+তি] সপ্তঋষিরমধ্যে এক জন ঋষি, ব্রহ্মারপুত্র, পুলস্ত্যমুনি।

পুলস্ত্য, পুং. [পুলস্+ত্য] সপ্ত ঋষির মধ্যে ঋষিবিশেষ, ব্রহ্মার কর্ণ হইতে জাত, হবির্ভুগার্য্য।

পুলহ, পুং. [পুল+হ-অ] সপ্ত ঋষির মধ্যে ঋষিবিশেষ, ব্রহ্মার নাভি হইতে জাত।

পুলা, (প্রা) আটি, গুচ্ছ, গোছা।

পুলাক, পুং. [পুল+অক] তুচ্ছধান্য, আগড়া, শস্যহীনধান্য; সংক্ষেপ; অল্পত্ব; ভক্তসিক্থ, ভক্তগুলিকা; ক্ষিপ্র, শীঘ্র।

পুলাকী; পুং. [পুলাক+ইন্] বৃক্ষ, দ্রুম, তরু।

পুলায়িত, ন. [পুলায়+ইত] অশ্বগতি, ঘোটকেরগতি, তৎপর্য্যায়।—বিক্রান্তি।

পুলি, (প্রা) পিষ্টকবিশেষ, শস্কুলী, পিষ্টক।

পুলিন, ন. [পুল+ইন] তোয়োত্থিততট, চর, চড়া; জল হইতে শীঘ্র উত্থিত তট; তৎক্ষণ তোয়যুক্ত দ্বীপ; ক্রমোত্থিত তট; জল মধ্য হইতে উত্থিত তট; দ্বীপ।

পুলিন্দ, পুং. [পুলিন+দা-অ] চণ্ডালবিশেষ, ম্লেচ্ছজাতি; মোট, বোচক।

পুলিন্দা, (প্রা) গাঁঠরি, মোট, বোচকা।

পুলিপিঠা (প্রা) শস্কুলীপিষ্টক, পিষ্টকবিশেষ

পুলোমজা, স্ত্রী. [পুলোম+জন-আ] শচী, ইন্দ্রপত্নী, ইন্দ্রাণী।

পুলোমজিৎ, পুং. [পুলোম+জিৎ] ইন্দ্র,শক্র, সুরপতি।

পুলোমদ্বিট্, [পুলোম+দ্বিষ্]ইন্দ্র, দেবরাজ

পুলোমভিৎ, পুং. [পুলোমন্+ভিদ্] ইন্দ্র, পুলোমজা, শক্র।

পুলোমা, পুং. [পলো+মন্] অসুরবিশেষ, ইন্দ্রের শ্বশুর, শচীর জনক।

পুলোমারি, পুং. [পুলোম+অরি] ইন্দ্র,শচীপতি, দেবরাজ।

পুষণ, (প্রা) পোষণ, পালন, ভরণ।

পুষা, স্ত্রী. [পুষ+আ] লাঙ্গলিকীবৃক্ষ।

পুষিত, ত্রি. [পুষ+ইত] পুষ্ট, কৃতপোষণ পক্ষি মৃগাদি।

পুষ্কর, ন. [পুষ্+কর] হস্তিশুণ্ডাগ্র; বাদ্য ভাণ্ডমুখ; জল; ব্যোম, আকাশ; খড়্গ ফল; অসিকোষ, খাপ; পদ্ম; তীর্থবিশেষ, ইহার নামান্তর যথা।—রূপতীর্থ, মুখদর্শন; কুষ্ঠৌষধি;

কাণ্ড; দ্বীপবিশেষ; যুদ্ধ; (পুং.) রোগবিশেষ; নাগবিশেষ; সারসপক্ষী; নৃপবিশেষ, নলরাজার ভ্রাতা; বরুণেরপুত্র; সপ্তদ্বীপের মধ্যে দ্বীপবিশেষ; পর্ব্বতবিশেষ; ব্রহ্মারকৃত তীর্থবিশেষ; মেঘনায়ক বিশেষ; ক্রূরবার ভদ্রাতিথি ভগ্নপাদ নক্ষত্র ঘটিত অশুভজনক যোগবিশেষ।

পুষ্করকর্ণিকা, স্ত্রী. [পুষ্কর+কর্ণিকা] পুষ্পবিশেষ, স্থলপদ্মিনী।

পুষ্করনাড়ী, স্ত্রী. [পুষ্কর+নাড়ী] পুষ্পবিশেষ, স্থল পদ্মিনী।

পুষ্করমূল, ন. [পুষ্কর+মূল] পুষ্করদেশপ্রসিদ্ধ ঔষধিবিশেষ, এতদ্দেশে কুষ্ঠ, কুড়, তৎপর্য্যায়।—মূল, পুষ্কর, পদ্মপত্রক, পুষ্করিণী, বীর, পৌষ্কর, পুষ্করাহ্বয়, কাশ্মীর, ব্রহ্মতীর্থ, শ্বাসারি, মূলপুষ্কর, পুষ্করজটা, পুষ্করশিফা।

পুষ্করমূলক, ন. [পুষ্কর+মূলক] কুষ্ঠবৃক্ষের মূল, কুড়গাছের মূল।

পুষ্করশিফা, স্ত্রী. [পুষ্কর+শিফা] পুষ্করশাখার লম্বমানা জটা; পুষ্করমূল, পুষ্করদেশ প্রসিদ্ধ ঔষধবিশেষ।

পুষ্করস্রজৌ, পুং. [পুষ্কর+স্রজ-ঔ] অশ্বিনী কুমার; পুষ্করস্রজশব্দেদ্বিবচনান্ত।

পুষ্করাহ্ব, পুং. [পুষ্কর+আহ্বা] সারসপক্ষী।

পুষ্করাহ্বয়, ন. [পুষ্কর+আহ্বয়] পুষ্কর মূল।

পুষ্করাক্ষ, পুং. [পুষ্কর+অক্ষ] বিষ্ণু।

পুষ্করিণী, স্ত্রী. [পুষ্কর+ইন্-ঈ] স্থলপদ্মিনী; পুষ্করমূল; [illegible]নী; সরোজিনী, পদ্মিনী; জলাশয়; [illegible]ধনুঃ পরিমিত সমচতুরস্র জলাশয়, [illegible], পুখরি; তৎপর্য্যায়।—খাত, অ[illegible] পৌষ্করিণী।

পুষ্করী, পুং. [illegible]+ইন্] হস্তী, গজ, হাতী।

পুষ্কল, ন. [পু[illegible]ল-অ] গ্রাসচতুষ্টয়াত্মক ভিক্ষা; অ[illegible]পরিমাণ; (ত্রি.) শ্রেষ্ঠ; [illegible] উপস্থি[illegible] উত্তম।

পুষ্ট, ত্রি. [পুষ+[illegible]কৃতপোষণ, প্রতিপালিত, [illegible]পর্য্যায় [illegible]ষিত, পত।

পুষ্টতা, স্ত্রী. [পুষ্ট[illegible]ত-আ] পুষ্টি, স্থূলতা।

পুষ্টি, স্ত্রী. [পুষ+তি] পোষণ, পালন; বৃদ্ধি; স্থৌল্য; অশ্বগন্ধা; ষোড়শ মাতৃকান্তর্গত দেবতাবিশেষ।

পুষ্টিকর, ত্রি. [পুষ্টি+কর] পুষ্টিদ; স্থৌল্যবর্দ্ধক।

পুষ্টিকা, স্ত্রী. [পুষ্টিক+আ] জলশুক্তি শম্বুক, শামুক।

পুষ্টিকান্ত, পুং. [পুষ্টি + কান্ত] গণেশ, লম্বোদর। [পুষ্টিদাত্রী।

পুষ্টিদা, স্ত্রী. [পুষ্টি+দা] অশ্বগন্ধাবৃক্ষ; বৃদ্ধি,

পুষ্টিবর্দ্ধক, ত্রি. [পুষ্টি+বর্দ্ধক] স্থৌল্যবর্দ্ধক, পুষ্টিকর।

পুষ্প, ন. [পুষ্প+অ] ফুল, তৎপর্য্যায়।—প্রসূন, কুসুম, সুমনস, সুন, প্রসব, সুমন; স্ত্রীরজ; বিকাশ; কুবেরেররথ; নেত্ররোগবিশেষ, ফুলীরোগ।

পুষ্পক, ন. [পুষ্প+ক] রীতিপুষ্প; কুবেরের বিমান; নেত্ররোগ; রত্নকঙ্কণ; রসাঞ্জন; লোহকাংস্য; মৃদাঙ্গারশকটী; কাসীস।

পুষ্পকরণ্ডক, ন. [পুষ্প+করণ্ডক] উজ্জয়নী নগরে শিবের উদ্যান; ফুলেরসাজী।

পুষ্পকরণ্ডিনী, স্ত্রী. [পুষ্প+করণ্ডিনী] উজ্জয়িনী দেশবিশেষ।

পুষ্পকাসীস, ন. [পুষ্প+কাসীস] কাসীসভেদ, তৎপর্য্যায়।—কংসক, নেত্রৌষধ, বৎসক, মলীমস, ত্রুস্ব, বিষদ, নীলমৃত্তিকা; শূর্ম্মী।

পুষ্পকীট, পুং. [পুষ্প+কীট] ভ্রমর, ভৃঙ্গ, অলি; পুষ্পেরকীটমাত্র।

পুষ্পকেতন, পুং. [পুষ্প+কেতন] কামদেব, কন্দর্প।

পুষ্পকেতু, পুং. [পুষ্প+কেতু] কুসুমাঞ্জন, কুসুমাকাররীতি মলসম্ভব, অঞ্জন।

পুষ্পগণ্ডিকা, স্ত্রী. [পুষ্প+গণ্ডিকা] নিষ্ফল উপায়।

পুষ্পগিরি, পুং. [পুষ্প+গিরি] পর্ব্বতবিশেষ।

পুষ্পঘাতক, পুং. [পুষ্প+ঘাতক] বংশ, বাঁশ।

পুষ্পচাপ, পুং. [পুষ্প+চাপ] কামদেব, কন্দর্প। [বৃক্ষ।

পুষ্পচামর, [পুষ্প+চামর] দমনবৃক্ষ; কেতক।
পুষ্পদ, পুং. [পুষ্প+দা-অ] বৃক্ষ, দ্রুম; (ত্রি.) পুষ্পদাতা।
পুষ্পদন্ত, পুং. [পুষ্প+দন্ত] বায়ুকোণ স্থিত দিক্‌হস্তী; বিদ্যাধর বিশেষ; গন্ধর্ব্ব বিশেষ; জিনভেদ; নাগভেদ।
পুষ্পদন্তক, পুং. [পুষ্প+দন্তক] গন্ধর্ব্ব-বিশেষ, শিবের স্তবকর্ত্তা।
পুষ্পদ্রব, পুং. [পুষ্প+দ্রব] পুষ্পরস, পুষ্প-মধু, তৎপর্য্যায়।—পুষ্পসার, পুষ্পস্বেদ, পুষ্পনির্য্যাসক, পুষ্পাম্বুজ।
পুষ্পধন্বা, পুং. [পুষ্প+ধন্বন্] কামদেব, কন্দর্প।
পুষ্পনিক্ষ, পুং. [পুষ্প+নিক্ষ] ভ্রমর, অলি, ষট্‌পদ। [মধু।
পুষ্পনির্য্যাস, পুং. [পুষ্প+নির্য্যাস] পুষ্পরস,
পুষ্পন্ধয়, পুং. [পুষ্পং+ধে-অ] ভ্রমর, অলি, ষট্‌পদ; (ত্রি.) পুষ্পরস পানকর্ত্তা।
পুষ্পপথ, পুং. [পুষ্প+পথ] যোনি, ভগ।
পুষ্পপুর, ন. [পুষ্প+পুর] পাটলিপুত্র নগর, পাটনা।
পুষ্পফল, পুং. [পুষ্প+ফল] কপিত্থ, কত-বেল; কুষ্মাণ্ড।
পুষ্পবতী, স্ত্রী. [পুষ্প+বৎ-ঈ] রজস্বলা, ঋতুমতী; (ত্রি.) পুষ্পবিশিষ্টালতা।
পুষ্পবন্তৌ, পু. [পুষ্পবৎ+ঔ] চন্দ্র ও সূর্য্য; এতৎশব্দদ্বিবচনান্ত।
পুষ্পবর্ষ, পুং. [পুষ্প+বর্ষ] পুষ্পবৃষ্টি।
পুষ্পবাটী, স্ত্রী. [পুষ্প+বাটী] পুষ্পোদ্যান, ফুলবাগান্।
পুষ্পবাহন, পুং. [পুষ্প+বাহন] পুষ্কররাজ।
পুষ্পবৃষ্টি, স্ত্রী. [পুষ্প+বৃষ্টি] পুষ্পবর্ষণ, উপর হইতে পুষ্পপতন।
পুষ্পমাস, পুং. [পুষ্প+মাস] বসন্তকাল।
পুষ্পরক্ত, পুং. [পুষ্প+রক্ত] সূর্য্যমণিবৃক্ষ।
পুষ্পরস, পুং. [পুষ্প+রস] মকরন্দ, মধু, আসব।
পুষ্পরসাহ্বয়, পুং. [পুষ্পরস+আহ্বয়] মধু।
পুষ্পরাগ, পুং. [পুষ্প+রাগ] মণিবিশেষ, পুখরাজ, তৎপর্য্যায়।—মঞ্জুমণি, বাচ-স্পতি বল্লভ, পীত, পীত স্ফটিক পীতরক্ত, পীতাশ্ম, গুরুরত্ন, পীতমণি পুষ্পরাজ।
পুষ্পরেণু, পুং. [পুষ্প+রেণু] পরাগ, পুষ্প রজ, পুষ্পধূলি। [পুষ্প
পুষ্পরোচন, পুং. [পুষ্প+রোচন] নাগকেশর
পুষ্পলাব, পুং. [পুষ্প+লাব] মালাকার. মালী। [মালী
পুষ্পলাবী, পুং [পুষ্প+লাবিন্] মালাকার.
পুষ্পলিট, পুং. [পুষ্প+লিহ] ভ্রমর, মধুকর।
পুষ্পলিক্ষ, পুং. [পুষ্প+লিক্ষ] ভ্রমর।
পুষ্পশকটী, স্ত্রী. [পুষ্প+শকটী] আকাশবাণী, দৈববাণী, চিত্রোক্তি, দৈবপ্রশ্ন, উপ-শ্রুতি। [কামদেব।
পুষ্পশর, পুং. [পুষ্প+শর] কন্দর্প, কুসুমেষু-
পুষ্পশরাসন, পুং. [পুষ্প+শরাসন] কন্দর্প, পুষ্পধন্বা, মদন, কামদেব।
পুষ্পশয্যা, স্ত্রী. [পুষ্প+শয্যা] ফুলশয্যা, ফুলের বিছানা।
পুষ্পশূন্য, পুং. [পুষ্প+শূন্য] উডুম্বর, ডুম্বুর; (ত্রি.) পুষ্পরহিত।
পুষ্পসময়, পুং. [পুষ্প+সময়] বসন্তকাল।
পুষ্পসাধারণ, পুং. [পুষ্প+সাধারণ] বসন্ত-কাল। [রস।
পুষ্পসার, পুং. [পুষ্প+সার] পুষ্পদ্রব, পুষ্প-
পুষ্পসৌরভা, স্ত্রী. [পুষ্প+সৌরভ-আ] কলি-কারীবৃক্ষ। [পুষ্পরস।
পুষ্পস্বেদ, পুং. [পুষ্প+স্বেদ] পুষ্পদ্রব,
পুষ্পহাসা, স্ত্রী. [পুষ্প+হাস-আ] রজস্বলা, ঋতুমতী।
পুষ্পহীনা, স্ত্রী. [পুষ্প+হীনা] উডুম্বরবৃক্ষ; নিষ্ফলা, রজঃশূন্যা।
পুষ্পা, স্ত্রী. [পুষ্প+আ] কর্ণপুরী, ভাগল পুর, তৎপর্য্যায়।—চম্পা, মালিনী।
পুষ্পাজীব, পুং. [পুষ্প+আজীব] মালাকার, মালী। [কার, মালী।
পুষ্পাজীবী, পুং. [পুষ্প+আজীবিন্] মালা-
পুষ্পাঞ্জন, ন. [পুষ্প+অঞ্জন] অঞ্জনভেদ তৎপর্য্যায়।—পুষ্পকেতু, কৌসুম্ভ, কুসুম-মাঞ্জন, রীতিক, রীতিপুষ্প, পৌষ্পক।

পুষ্পাঞ্জলি, পুং. [পুষ্প+অঞ্জলি] কুসুমাঞ্জলি, প্রসূনাঞ্জলি, পুষ্পপূর্ণ করদ্বয়, ফুলের আঁজলা।

পুষ্পাবচয়ন, ন. [পুষ্প+অবচয়ন] ফুলতোলন, কুসুমাহরণ।

পুষ্পাবচায়ী, পুং. [পুষ্প+অবচায়িন্]মালাকার, মালী। [পুষ্পরস।

পুষ্পাসব, ন. [পুষ্প+আসব] মধু, মকরন্দ,

পুষ্পাস্ত্র, পুং. [পুষ্প+অস্ত্র] কন্দর্প, কামদেব, পুষ্পধন্বা।

পুষ্পাহ্বা, স্ত্রী. [পুষ্প+আহ্বা] শতপুষ্পা।

পুষ্পিকা, স্ত্রী. [পুষ্প+ইক-আ] দন্তমল; লিঙ্গমল; প্রকরণার্থ সংক্ষেপ।

পুষ্পিত, ত্রি. [পুষ্প+ইত] জাতপুষ্প, পুষ্পবিশিষ্ট, কুসুমিত।

পুষ্পিতা, স্ত্রী. [পুষ্পিত+আ] রজঃস্বলা, ঋতুমতী। [বিশেষ।

পুষ্পিতাগ্রা, স্ত্রী. [পুষ্পিত+অগ্র-আ] ছন্দো

পুষ্পেষু, পুং. [পুষ্প+ইষু] কামদেব, পুষ্পধন্বা, মদন।

পুষ্পোৎসব, পুং. [পুষ্প+উৎসব] স্ত্রীলোকের প্রথমরজোদর্শনের উৎসববিশেষ।

পুষ্য, পুং. [পুষ+য]অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত অষ্টম নক্ষত্র, বাণাকার একতারাত্মক,তৎপর্য্যায়।—সিধ্য, তিষ্য, পুষ্যা: পৌষমাস; কলিযুগ।

পুষ্যরথ, পুং. [পুষ্য+রথ] যাত্রা বা উসৎবাদি দর্শনার্থ রথবিশেষ, তৎপর্য্যায়।—চক্রযান।

পুষ্যলক, পুং. [পুষ্যল+ক] গন্ধমৃগ; ক্ষপণক; কীল।

পুষ্যস্নান, ন. [পুষ্য+স্নান] পুষ্যাভিষেক।

পুষ্যা, স্ত্রী. [পুষ্য+আ] পুষ্যনক্ষত্র, সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত অষ্টম নক্ষত্র।

পুস্ত, ন. [পুস্ত+অ] লেপ্যাদি শিল্পকর্ম্ম, প্রথম কাষ্ঠপুত্তলিকা খনিত্র খননাদি কর্ম্ম; (ন.স্ত্রী.) পুস্তক, গ্রন্থ।

পুস্তক, ন.স্ত্রী. [পুস্ত+ক] পুস্ত, পুস্তী,পুথি।

পুস্তকর্ম্মা, ত্রি. [পুস্ত+কর্ম্মন্] লিপ্যাদি শিল্প কর্ম্মকর্ত্তা।

পুস্ত, (প্রা) অবলম্বন, বাঁধ, জাঙ্গাল, পুলবন্দী, ভেড়ীবন্দী।

পুস্তী. স্ত্রী. [পুস্ত+ঈ] পুস্তক, গ্রন্থ, পুথি।

পুঁইশাক, (প্রা) পূতিকা শাকবিশেষ।

পুঁজ, (প্রা) ক্লেদ, দুর্গন্ধ বিকৃত শোণিত।

পূগ, পুং. [পূ+গন অ] গুবাক, সুপারি; সমূহ; ছন্দঃ, ভাব; কণ্টকিবৃক্ষ; (ন.) গুবাকফল।

পূগপাত্র, ন. [পূগ+পাত্র] পূগপীঠ, পিক্দানী, তৎপর্য্যায়।—মরুবক।

পূগপীঠ, ন. [পূগ+পীঠ] পূগপাত্র, তৎপর্য্যায়।—কটকোল, পতদ্গ্রহ।

পূগপুষ্পিকা, স্ত্রী. [পূগ+পুষ্পিকা] বিবাহ সম্বন্ধীয় পুষ্প তাম্বুল, তৎপর্য্যায়।—কুহলি।

পূগফল, ন. [পূগ+ফল] গুবাকফল,সুপারি, তৎপর্য্যায়।—পূগ, চিক্কণী, চিক্কা, চিক্কণ, সোঞ্চক, উদ্বেগ, ক্রমুক ফল।

পূগরোট, পুং. [পূগ+রোট] হিন্তালবৃক্ষ, হেঁতাল গাছ।

পূজক, ত্রি. [পূজ+অক] পূজাকর্ত্তা, উপাসক, সেবক, অর্চ্চক।

পূজন, ন. [পূজ+অন] পূজা, অর্চ্চন, যজন, সেবন।

পূজনী, স্ত্রী. [পূজন+ঈ] চটকা।

পূজনীয়, ত্রি. [পূজ+অনীয়] পূজ্য, মান্য, সৎকার্য্য। [উপাসক।

পূজয়িতা, ত্রি. [পূজয়+তৃ] যাজক, অর্চ্চক,

পূজা, স্ত্রী. [পূজ+আ] পূজন, তৎপর্য্যায়।—নমস্যা, অপচিতি, সপর্য্যা, অর্চ্চা, অর্হণা, স্তুতি।

পূজানর্হ, ত্রি. [পূজা+অনর্হ] অর্চ্চনার অযোগ্য, যাজকের অনুপযুক্ত।

পূজারী, (প্রা) দেবল ব্রাহ্মণ, পূজাজীবী।

পূজার্হ, ত্রি. [পূজা+অর্হ] পূজারযোগ্য, মান্য, পূজ্য, পূজনীয়, পূজাপাত্র।

পূজিত, ত্রি. [পূজ+ইত] প্রাপ্তপূজ, অর্চ্চিত, তৎপর্য্যায়।—অঞ্চিত।

পূজিতব্য, ত্রি. [পূজি+তব্য] পূজনীয়, পূজ্য, মান্য।

পূজিল, পুং. [পূজ+ইল] দেবতা; (ত্রি.) পূজ্য, পূজনীয়, মান্য।

পূজ্য, পুং. [পূজ+য] শ্বশুর; (ত্রি.) পূজনীয়, উপাস্য, সেব্য, তৎপর্য্যায়।—প্রতীক্ষ্য।

পূট, (প্রা) দ্রাবক, দ্রবকারক, গলানিয়া।

পূত, ন. [পূ+ত] অপনীত বুষধান্য,বগুলান ধান, তৎপর্য্যায়।—বহুলীকৃত; (ত্রি.) ব্রতাদিদ্বারাশুদ্ধ, তৎপর্য্যায়।—পবিত্র, প্রযত; শুদ্ধ, যথা।—দধি গোময়াদি, তৎপর্য্যায়।—পবিত্র,মেধ্য; সত্য; (পুং.) শঙ্খ; শ্বেতকুশ; বিকঙ্কতবৃক্ষ; শুদ্ধিবিশিষ্ট।

পূতক্রতায়ী, স্ত্রী. [পূতক্রতু+আয়-ঈ] ইন্দ্রপত্নী, শচী, পুলোমজ্ঞা।

পূতক্রতু, পুং. [পূত+ক্রতু] ইন্দ্র, শচীপতি, দেবরাজ।

পূতগন্ধ, পুং. [পূত+গন্ধ] বর্ব্বর।

পূততা, স্ত্রী. [পূত+তা] শুদ্ধতা, পবিত্রতা, নির্ম্মলত্ব।

পূততৃণ, পুং. [পূত+তৃণ] শ্বেতকুশ।

পূতদ্রু, পুং. [পূত+দ্রু] পলাশবৃক্ষ, কিংশুক।

পূতধান্য, ন. [পূত+ধান্য] তিল; যব।

পূতনা, স্ত্রী. [পূত+অন-আ] হরিতকী; গন্ধমাংসী; দানবীবিশেষ, বকাসুরভগিনী; রোগবিশেষ; অহিপূতনা নামক বালকরোগ; বালমাতৃকাবিশেষ।

পূতনারি, পুং. [পূতনা+অরি] শ্রীকৃষ্ণ,নারায়ণ, পূতনার বধকারী। [বিষ্ণু।

পূতনাসূদন, পুং. [পূতনা+সূদন] শ্রীকৃষ্ণ,

পূতনাহা, পুং. [পূতনা+হন্] শ্রীকৃষ্ণ,বিষ্ণু।

পূতফল, পুং. [পূত+ফল] পনস, কণ্টকিফল, কাঁটাল।

পূতা, স্ত্রী. [পূত+আ] দূর্ব্বা; পবিত্রা, শুদ্ধা।

পূতাত্মা, পুং. [পূত+আত্মন্] পবিত্রস্বভাব; শুদ্ধদেহ, নিষ্পাপ শরীর।

পূতি, স্ত্রী. [পূ+তি] পবিত্রতা; দুর্গন্ধ; খট্টাশের অণ্ডকোষ, খাটাশী; (ন.) রোহিষ তৃণ।

পূতিক, ন. [পূতি+ক] বিষ্ঠা, মল, পুরীষ; (পুং.) পূতিকরঞ্জ বৃক্ষ; রোগবিশেষ।

পূতিকরজ, পুং. [পূতি+করজ] পূতিকরঞ্জ বৃক্ষ।

পূতিকরঞ্জ, পুং. [পূতি+করঞ্জ] করঞ্জবিশেষ, নাটাকরঞ্জ, (হিং) কঠকরেজ, তৎপর্য্যায়।—প্রকীর্য্য, পূতিকরজ, পূতীকরজ, পূতিক, পূতীক, কলিকারক, কলিমালক, ফলহনাশন, প্রকীর্ণ, রজনীপুষ্প, সুমনা; পূতিকর্ণিক, কৈডর্য্য, কলিমাল্য।

পূতিকর্ণ, পুং. [পূতি+কর্ণ] কর্ণরোগবিশেষ।

পূতিকর্ণক, পুং. [পূতি+কর্ণক] কর্ণরোগ বিশেষ, কাণপাকা।

পূতিকা, স্ত্রী. [পূতিক+আ] মার্জারী,বিড়ালী; লতাশাকবিশেষ,পুঁইশাক,তৎপর্য্যায়।—কলম্বা, পিচ্ছিলা, পিচ্ছিলদা, মোহনী, মদশাম, বিশালা, বলিপোদকী।

পূতিকামুখ, পুং. [পূতিকা+মুখ] শম্বুক, শামুক।

পূতিকাষ্ঠ, ন. [পূতি+কাষ্ঠ] দেবদারু; সরল বৃক্ষ; পবিত্রদারু।

পূতিকাষ্ঠক, পুং. [পূতি+কাষ্ঠক] সরলবৃক্ষ।

পূতিগন্ধ, ন. [পূতি+গন্ধ] রঙ্গ, রাং; (পুং.) গন্ধক; ইঙ্গুদীবৃক্ষ; (ত্রি.) দুর্গন্ধ।

পূতিগন্ধি, ত্রি. [পূতি+গন্ধ-ই] দুর্গন্ধ।

পূতিগন্ধিক, ত্রি. [পূতি+গন্ধিক] দুর্গন্ধ।

পূতিগন্ধিকা, স্ত্রী. [পূতি+গন্ধিকা] বাকুচী, ঔষধবিশেষ, হাকুচ্।

পূতিতৈলা, স্ত্রী. [পূতি+তৈলা] জ্যোতিষ্মতী, নয়াফট্‌কী।

পূতিনস্য, পুং. [পূতি+নস্য] নাসারোগভেদ, পিনাস। [প্রভেদ।

পূতিপত্র, পুং. [পূতি+পত্র] শ্যোনাক

পূতিপুষ্পিকা, স্ত্রী. [পূতি+পুষ্পিকা] মাতুলঙ্গ, মধুরনেবু, মৌটাবা।

পূতিফলা, স্ত্রী. [পূতি+ফলা] সোমরাজী।

পূতিফলী, স্ত্রী. [পূতি+ফল-ঈ]সোমরাজী।

পূতিবাত, পুং. [পূতি+বাত] বিল্ববৃক্ষ; দুর্গন্ধবায়ু।

পূতিবৃক্ষ, পুং. [পূতি+বৃক্ষ] শ্যোনাকবৃক্ষ; পবিত্রবৃক্ষ; দুর্গন্ধবৃক্ষ। [গন্ধা।

পূতিময়ূরিকা, স্ত্রী. [পূতি+ময়ূরিকা] অজ-

পূতিমেদ, পুং. [পূতি+মেদ] অরিমেদ।

পূতিশারিজা, স্ত্রী. [পূতি+শারিজা] খট্টাসি।

পূতীক, পুং. [পূতী+ক] পূতিকরঞ্জ; গন্ধ-মার্জ্জার, খট্টাশ, গন্ধনকুল।

পূতীকরজ, পুং. [পূতী+করজ] পূতীকরঞ্জ।

পূতীকৃত, ত্রি. [পূতী+কৃত] সঞ্চিত, সমবেত

পূতীকরঞ্জ, পুং. [পূতী+করঞ্জ] পূতিকরঞ্জ, নাটা। [শাক।

পূতীকা, স্ত্রী. [পূতীক+আ] পূতিকা, পুঁই-

পূত্যণ্ড, পুং. [পূতি+অণ্ড] গন্ধকীট, গঁদো পোকা; জন্তুবিশেষ, মৃগনাভী, কস্তুরী।

পূত্য, পুং. [পূতি+অ] গন্ধকীট, গঁদো-পোকা, কাষ্ঠবিশেষ।

পূন, ত্রি. [পূ+ত] নষ্ট, নাশপ্রাপ্ত।

পূপ, পুং. [পূ+প] পিষ্টক, পিটা।

পূপলা, স্ত্রী. [পূপ+ল-আ] পোলিকা, (হিং) পাত্‌লারোটী।

পূপালী, স্ত্রী. [পূপ+আলী] পিষ্টকবিশেষ, পোলী।

পূপাষ্টকা, স্ত্রী. [পূপ+অষ্টকা] অগ্রহায়ণী পূর্ণিমারপর কৃষ্ণাষ্টমী।

পূপিকা, স্ত্রী. [পূপ+ইক-আ] পুলিকা।

পূয, ন. [পূ+য়] পক্কব্রণাদি সম্ভব ঘনীভূত শুক্লবর্ণ বিকৃতরক্ত, দুর্গন্ধরক্ত, ক্লেদ, পুঁজ, তৎপর্য্যায়।—ক্ষতজ, মলজ, পূয়ন, প্রসিত।

পূযন, ন. [পূয+অন] পূয়, পক্কব্রণাদি সম্ভব ঘনীভূত শুক্লবর্ণ বিকৃতরক্ত

পূযরক্ত, পুং. [পূয+রক্ত] নাসারোগবিশেষ পিনাস; দুর্গন্ধরক্ত, বিকৃতরক্ত।

পূযারি, পুং. [পূয+অরি] নিম্ববৃক্ষ, নিম-গাছ।

পূযালস, পুং. [পূয+অলস] সন্ধিগত রোগ-বিশেষ।

পূর, ন. [পূর্+অ] দাহাগুরু; (পুং.) জল-সমূহ; জলপ্রবাহ; ব্রণসংশুদ্ধি; খাদ্য-বিশেষ; পিষ্টকবিশেষ।

পূরক, পুং. [পূর+ক] বীজপূর; গুণকাঙ্ক, পূরণকারক; নিঃশ্বাসাকর্ষণ; ষোড়শ চতুরন্যতর সংখ্যাক প্রণব বীজান্যতর জপেনৈক নাসাপুট করণক প্রাণায়ামাঙ্গ বায়ুপূরণ ধ্যাতৃনাসিকাগতোচ্ছ্বাস, ব্রহ্ম-ধ্যানপূর্ব্বকপ্রাণায়ামাঙ্গ তত্তন্মন্ত্রং জপন্ বামনাসিকা বায়ুদ্বা দেহপূরণ; প্রেত-দেহ নিষ্পাদক অশৌচকালে দেয় দশ-পিণ্ড; (ত্রি.) পূরণকর্ত্তা।

পূরট, ত্রি. [পূর+অট] মুদ্রিতা স্বর্ণ; পূর্ণ; সমূহ।

পূরণ, ন. [পূর+অন] পিণ্ডপ্রভেদ; বৃষ্টি; কুটন্নট; অঙ্কেরগুণন; বাপতন্তু; (পুং.) বিষ্ণুতৈল; সেতু; সমুদ্র; (ত্রি.) পূরক; শেষ।

পূরণী, স্ত্রী. [পূরণ+ঈ] শাল্মলীবৃক্ষ,শিমূল-গাছ; পূরণকারিণী।

পূরণীয়, ত্রি. [পূর+অনীয়] পূর্য্য, পূর্ণকর-ণোপযুক্ত, শেষ হওনযোগ্য।

পূরা, (প্রা) সম্পূর্ণ, পরিপূর্ণ, পরিপূর্ণতা প্রাপ্ত।

পূরাণ, (প্র.) পূর্ণকরণ; ভরাণ।

পূরাম্ল, ন. [পূর+অম্ল] বৃক্ষাম্ল।

পূরাহত, (প্রা) রাগিণীবিশেষ।

পূরিকা, স্ত্রী. [পূর+ইক-আ] পিষ্টকবিশেষ, পূরী, কচুরী।

পূরিত, ত্রি. [পূর+ইত] কৃতপূরণ, পূর্ণ; গুণিত।

পূরু, (প্রা) স্থূল, বেধ, মোটা।

পূরুষ, পুং. [পূরু+ষ] পুরুষ, পুমান্, নর, পুমজ্জাতীয় মানব

পূর্খা, (প্রা) চতুর, চালাক; প্রখর।

পূর্ণ, ত্রি. [পৃ+ত] পূরিত; সকল; শক্ত; স্বীয় সুখেচ্ছাহেতুক বহুপ্রদ।

পূর্ণক, পুং. [পূর্ণ+ক] স্বর্ণচূড়পক্ষী।

পূর্ণকুম্ভ, পুং. [পূর্ণ+কুম্ভ] জলপূরিত ঘট, ভদ্রকুম্ভ; পূর্ণকলসাদি।

পূর্ণকোষ্ঠা, স্ত্রী. [পূর্ণ+কোষ্ঠা] নাগরমুস্তা।

পূর্ণতা, স্ত্রী. [পূর্ণ+ত-আ] পূর্ত্তি, পূরণ, ভরা; সম্পূর্ণের ভাব।

পূর্ণপাত্র, ন. [পূর্ণ+পাত্র] বস্ত্রপূর্ণপাত্র, হোমকালীন দেয় তণ্ডুলাদি পূর্ণপাত্র; বর্দ্ধাপক, নাড়ীচ্ছেদন; উৎসবকালীন হর্ষহেতুক গৃহীত বস্ত্রালঙ্কারাদি, তৎপর্য্যায়।—পূর্ণালক।

পূর্ণবীজ, পুং. [পূর্ণ+বীজ] বীজপূর।

পূর্ণমা, স্ত্রী. [পূর্ণ+মা] পূর্ণিমা।

পূর্ণমাস, পুং. [পূর্ণ+মাস] পৌর্ণমাস যাগ।

পূর্ণমাসী, স্ত্রী. [পূর্ণ+মাস-ঈ] পূর্ণিমা, শুক্লপক্ষের পঞ্চদশী তিথি।

পূর্ণা, স্ত্রী. [পূর্ণ+আ] পঞ্চমী; দশমী; পূর্ণিমা অমাবস্যা। [রাম; কৃষ্ণ।

পূর্ণাবতার, পুং. [পূর্ণ+অবতার] নৃসিংহ;

পূর্ণালক, ন. [পূর্ণ+অলক] বার্দ্ধায়নাপ্ত, পূর্ণপাত্র, পূর্ণানক।

পূর্ণিকা, স্ত্রী. [পূর্ণ+ইক-আ] নাসাচ্ছিন্নী-নামক পক্ষী।

পূর্ণিমা, স্ত্রী. [পূর্ণ+ই-মা] শুক্লপক্ষের পঞ্চদশ তিথী, তৎপর্য্যায়।—পৌর্ণমাসী, নিশাকরে কলাহীন অনুমতি, পূর্ণ নিশাকরে রাকা, পিত্র্যা, চান্দ্রী, পূর্ণমাসী, অনন্তা, চন্দ্রমাতা, নিরঞ্জনা, পূর্ণমা, জ্যোৎস্নী, ইন্দুমতী, সিতা; চন্দ্রের তিথি।

পূর্ত্ত, ন. [পৄ+ত] পালন; খাতাদিকর্ম্ম, দেবকুল্যাদিক্রিয়া, পুষ্করিণী খননাদিকর্ম্ম; (ত্রি.) পুরিত; ছন্ন।

পূর্ত্তি, স্ত্রী. [পৄ+তি] পূরণ, ভরণ; পালন।

পূর্ব্ব, ত্রি. [পূর্ব্ব+অ] প্রথম, আদি; প্রাক্; দিক্‌দেশ কাল; সমগ্র; অগ্র।

পূর্ব্বকাষ্ঠা, স্ত্রী. [পূর্ব্ব+কাষ্ঠা] পূর্ব্বদিক্।

পূর্ব্বগ, ত্রি. [পূর্ব্ব+গম-অ] অগ্রগামী, পূর্ব্ববর্ত্তী

পূর্ব্বগঙ্গা, স্ত্রী. [পূর্ব্ব+গঙ্গা] নর্ম্মদানদী।

পূর্ব্বজ, পুং. [পূর্ব্ব+জন-অ] জ্যেষ্ঠভ্রাতা,

পূর্ব্বজন্মা, পুং. [পূর্ব্ব+জন্মন্] অগ্রজ, জ্যেষ্ঠ, প্রথমে উৎপন্ন।

পূর্ব্বজাঃ, পুং. [পূর্ব্ব+জন-অ] দেবগণ; পিতৃগণ, তৎপর্য্যায়।—পিতর, চন্দ্রগোলস্থ, ন্যস্তশাস্ত্রা, স্বধাভুজ, কব্যবাহাদি; বহুবচনান্ত এই শব্দ।

পূর্ব্বজা, স্ত্রী, [পূর্ব্ব+জন-আ] অগ্রজা, জ্যেষ্ঠাভগিনী।

পূর্ব্বজাত, ত্রি. [পূর্ব্ব+জাত] অগ্রে উৎপন্ন, প্রথমে হওয়া।

পূর্ব্বজিন, পুং. [পূর্ব্ব+জিন] অতীতজিন বিশেষ, তৎপর্য্যায়।—মঞ্জুশ্রী, জ্ঞানদর্পণ, মঞ্জুভদ্র, মঞ্জুঘোষ, কুমার, অষ্টার চক্রবান্, স্থিরচক্র, বজ্রধর, প্রজ্ঞাকায়, আদিরাট্, নীলোৎপলী, মহারাজ, নীল, শার্দ্দূলবাহন, ধিয়াম্পতি, খড়্গী, দণ্ডী, বিভূষণ, বালব্রত, পঞ্চচীর, সিংহকেলি, শিখাধর, বাগীশ্বর।

পূর্ব্বদিক্, স্ত্রী. [পূর্ব্ব+দিশ্] প্রাচীদিক্, যে দিকে সূর্য্যউদয় হন; ইন্দ্রদিক, তৎপর্য্যায়।—প্রাচী, পুরা, মাঘোণী. ঐন্দ্রী, মাঘবতী।

পূর্ব্বদিক্‌পতি, পুং. [পূর্ব্বদিক্+পতি] ইন্দ্র, সুরপতি, দেবরাজ।

পূর্ব্বদিন. (প্রা) গতদিবস, গতকল্য।

পূর্ব্বদেব, পুং. [পূর্ব্ব+দেব] অসুর; দানব; দৈত্য।

পূর্ব্বদেশ, পুং. [পূর্ব্ব+দেশ] প্রাচীদিগবস্থিত জন বাসস্থান, তৎপর্য্যায়।—বর্ত্তনি।

পূর্ব্বনিবন্ধ, ত্রি. [পূর্ব্ব+নিবন্ধ] পূর্ব্বেকৃত নিশ্চয়, অগ্রেকৃত সম্বন্ধ; স্থিরীকৃত।

পূর্ব্বপদ, ন. [পূর্ব্ব+পদ] পরপদ প্রাগ্বর্ত্তি বিভক্ত্যন্ত প্রকৃতি।

পূর্ব্বপর্ব্বত, পুং. [পূর্ব্ব+পর্ব্বত] উদয়াচল, উদয়গিরি।

পূর্ব্বপক্ষ, পুং. [পূর্ব্ব+পক্ষ] শুক্লপক্ষ; শাস্ত্রীয়প্রশ্ন, সিদ্ধান্তের বিরুদ্ধকোটি; তৎপর্য্যায়।—চোদ্য, দেশ্য, ফক্কিকা, ফাকি।

পূর্ব্বপক্ষপাদ, পুং. [পূর্ব্বপক্ষ+পাদ] চতুষ্পাদ ব্যবহারান্তর্গত প্রথম পাদ, তন্নামানি যথা।—ভাষা, প্রতিজ্ঞা, পক্ষ।

পূর্ব্বপুরুষ, পুং. [পূর্ব্ব+পুরুষ] পিতৃপিতামহাদি।

পূর্ব্বফল্গুনী, স্ত্রী. [পূর্ব্ব+ফল্গুনী] সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত নক্ষত্রবিশেষ।

পূর্ব্বফল্গুনীভব, পুং. [পূর্ব্বফল্গুনী+ভব] বৃহস্পতি, সুরাচার্য্য।

পূর্ব্ববৎ, ব্য. [পূর্ব্ব+বৎ] প্রাগ্বৎ, পূর্ব্বের ন্যায়।

পূর্ব্ববর্ত্তী, ত্রি. [পূর্ব্ব+বর্ত্তিন্] অগ্রসর, অগ্রবর্ত্তী।

পূর্ব্ববাদ, পুং. [পূর্ব্ব+বাদ] রাজাদিসমীপে প্রথমাবেদন।

পূর্ব্ববাদী, পুং. [পূর্ব্ব+বাদিন্] প্রথম অভিযোগকর্ত্তা, প্রথম বিবাদী,পূর্ব্বফরিয়াদী।

পূর্ব্বভদ্রপদ, পুং. [পূর্ব্বভদ্র+পদ] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত পঞ্চবিংশতি নক্ষত্র,তৎপর্য্যায়।—প্রোষ্ঠপদ

পূর্ব্বভদ্রপদা, স্ত্রী. [পূর্ব্বভদ্র+পদ–আ] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত পঞ্চবিংশতিনক্ষত্র, তৎপর্য্যায় —প্রোষ্ঠপদ।

পূর্ব্বভাদ্রপদা, স্ত্রী. [পূর্ব্বভাদ্র+পদা] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত পঞ্চবিংশতি নক্ষত্র, প্রোষ্ঠপদ, প্রামাদিক্।

পূর্ব্বযক্ষ, পুং. [পূর্ব্ব+যক্ষ] জিনবিশেষ, তৎপর্য্যায়।—মণিভদ্র, জম্ভল, জলেন্দ্র।

পূর্ব্বরঙ্গ, পুং. [পূর্ব্ব+রঙ্গ] নাট্যোপক্রম, তৎপর্য্যায়।—প্রাক্, সংগীত, গুণনিকা।

পূর্ব্বরাগ, পুং. [পূর্ব্ব+রাগ] নায়কনায়িকার অবস্থাবিশেষ; মিলনের পূর্ব্বভাব।

পূর্ব্বরাত্র, পুং. [পূর্ব্ব+রাত্র] রাত্রির পূর্ব্বভাগ; বিগতদিবসের রাত্রি।

পূর্ব্বরূপ, ন. [পূর্ব্ব+রূপ] পূর্ব্বলক্ষণ ; ভাবিব্যাধি বোধকচিহ্ন; পূর্ব্বের ন্যায়।

পূর্ব্বশৈল, পুং. [পূর্ব্ব+শৈল] উদয়পর্ব্বত, উদয়গিরি।

পূর্ব্বসর, ত্রি. [পূর্ব্ব+সর] অগ্রগামী, অগ্রবর্ত্তী। [কাল।

পূর্ব্বসন্ধ্যা, স্ত্রী. [পূর্ব্ব+সন্ধ্যা] সন্ধ্যার প্রাক্

পূর্ব্বসার, ত্রি. [পূর্ব্ব+সার] পূর্ব্বসর, অগ্রগামী, অগ্রবর্ত্তী

পূর্ব্বা, স্ত্রী. [পূর্ব্ব+আ] পূর্ব্বদিক্, তৎপর্য্যায়।—প্রাচী, পুরা, মাঘোণী, ঐন্দ্রী, মাঘবতী; (পুং.) পূর্ব্বজ, প্রথমজাত; পূর্ব্বপুরুষ। [(ন.) নিষ্পত্তি।

পূর্ব্বাপর, ত্রি. [পূর্ব্ব+অপর] অগ্রপশ্চাৎ;

পূর্ব্বাবধি, ত্রি. [পূর্ব্ব+অবধি] পূর্ব্বকালাবধি, চিরকালপর্য্যন্ত।

পূর্ব্বাবস্থা,স্ত্রী. [পূর্ব্ব+অবস্থা] প্রথমাবস্থা, পূর্ব্ব আহোয়াল।

পূর্ব্বাদ্রি, পুং. [পূর্ব্ব+অদ্রি] উদয়াচল,উদয়গিরি, তৎপর্য্যায়।—দিনমূর্দ্ধা।

পূর্ব্বাষাঢ়া, স্ত্রী. [পূর্ব্ব+আষাঢ়া] অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত বিংশতিনক্ষত্র।

পূর্ব্বাহ্ণ, পুং. [পূর্ব্ব+অহন্] ত্রিধাবিভক্ত দিবসের প্রথমাংশ, ত্রিংশদ্দণ্ড দিনমানের সূর্য্যউদয়াবধি দশদণ্ডকাল।

পূর্ব্বাহ্ণেতন, ত্রি. [পূর্ব্বাহ্ণে+তন] পূর্ব্বদিবস জাত।

পূর্ব্বে, (প্রা) অগ্রে, প্রথমে; পূর্ব্বদিকে।

পূর্ব্বেদ্যুঃ, ব্য. [পূর্ব্ব+এদ্যুস্] পূর্ব্বদিন; প্রাতঃকাল; ধর্ম্মবাসর।

পূর্ব্বোক্ত, ত্রি. [পূর্ব্ব+উক্ত] অগ্রেকথিত।

পূর্য্য, ত্রি. [পূব্+য] পূরণীয়, পূর্ণহওনোপযুক্ত।

পূষ, পুং. [পূষ+অ] ব্রহ্মদারুবৃক্ষ, তুত।

পূষক, পুং. [পূষ+ক] ব্রহ্মদারুবৃক্ষ, (হিং.) পলাশপিপল, অন্য পর্য্যায়।—তুলশব্দে দ্রষ্টব্য।

পূষভাষা, স্ত্রী. [পূষ+ভাষা] ইন্দ্রনগরী, তৎপর্য্যায়।—সুরপুরী, অমরাবতী।

পূষসুহৃৎ, পুং. [পূষ+সুহৃৎ] শিব, মহাদেব

পূষা, পুং. [পূষ+অন] সূর্য্য, রবি, ভাস্কর, দিবাকর।

পৃক্কা, স্ত্রী.[পৃশ+ক–আ] শাকবিশেষ,পিড়িংশাক, তৎপর্য্যায়।—মরুন্মালা, পিশুনা, দেবী, লতা, লঘু, সমুদ্রান্তা, বধূ, কোটিবর্ষা, লঙ্কায়িকা, মরুৎ, মালা, স্পৃক্কা, কোটী, বর্ষা, লঙ্কাপিকা, বর্ষালঙ্কায়িকা, তস্কর, চোরক, চণ্ড।

পৃক্ত, ন. [পৃচ+ত] ধন; (ত্রি.) সম্পর্কযুক্ত, মিশ্রিত, সংলগ্ন।

পৃক্তি, স্ত্রী. [পৃচ+তি] সম্পর্ক, স্পর্শ, সম্বন্ধ, স্পৃষ্টি।

পৃচ্ছা, স্ত্রী. [প্রচ্ছ+অ-আ] প্রশ্ন জিজ্ঞাসা।

পৃতনা, স্ত্রী. [পৃ+তন-আ] সেনা; সেনাবিশেষ; বাহিনীত্রয়, গজত্রিচত্বারিংশদধিক শতদ্বয় ২৪৩, রথ ত্রিত্বারিংশদধিক শতদ্বয় ২৪৩, অশ্ব উনত্রিংশ দধিক সপ্তশত ৭২৯ পদাতিক, পঞ্চদশাধিক শত দ্বয়াধিক সহস্র ১২১৫,সমুদায়ত্রিংশদধিক চতুশতাধিক সহস্রদ্বয় ২৪৩০।

পৃতনাষট, পুং. [পৃতনা+ষাহ] ইন্দ্র,শচীপতি।

পৃথক্‌, বা. [পৃথ+ক] ভিন্ন, তৎপর্য্যায়।—বিনা, অন্তরেণ, ঋতে, হিরুক্‌, নানা, বর্জ্জন; বিচ্ছেদ।

পৃথক্‌ত্ব, ন. [পৃথক্‌+ত্ব] চতুর্ব্বিংশতি গুণান্তর্গত সপ্তম গুণ; ভিন্নতা, প্রভিন্ন, অনৈক্যতা।

পৃথক্‌ত্বচা, স্ত্রী. [পৃথক্‌+ত্বচ-আ] মূর্ব্বা।

পৃথক্‌পর্ণী, স্ত্রী. [পৃথক্‌+পর্ণী] ক্ষুদ্রবৃক্ষ বিশেষ, চাকুলিয়াগাছ, তৎপর্য্যায়।—পৃশ্নিপর্ণী, চিত্রপর্ণী, অঙ্ঘ্রিবল্লিকা।

পৃথক্‌ক্ষেত্র, পুং. [পৃথক্‌+ক্ষেত্র] এক হইতে নানা বর্ণ স্ত্রীর গর্ভজাত পুত্র।

পৃথগাত্মতা, স্ত্রী. [পৃথক্‌+আত্মতা] বিবেক, বিরক্তত!, বিবেক।

পৃথগাত্মিকা, স্ত্রী. [পৃথক্‌+আত্মিকা] ব্যক্তি।

পৃথগ্‌জন, পুং. [পৃথক্‌+জন] মূর্খ; নীচ; পাপী; ভিন্নলোক।

পৃথগ্বিধ, ত্রি. [পৃথক্‌+বিধ] নানারূপ, বিবিধ, বহুরূপ। [ভেলা।

পৃথগ্বীজ, পুং. [পৃথক্‌+বীজ] ভল্লাতক,

পৃথবী, স্ত্রী. [পৃথ+ইব-ঈ] পৃথিবী, পৃথ্বী, ধরা, সর্ব্বংসহা, রসা।

পৃথা, স্ত্রী. [পৃথ+আ] কুন্তী, পাণ্ডব মাতা।

পৃথাজ, পুং. [পৃথা+জন-অ] অর্জুনবৃক্ষ; কুন্তীপুত্র পাণ্ডব।

পৃথাপতি, পুং. [পৃথা+পতি] পাণ্ডুরাজ।

পৃথিকা, স্ত্রী. [পৃথ+ইক-আ] শতপদী।

পৃথিবি, স্ত্রী. [প্রথ+ইবি] পৃথিবী, ধরণী।

পৃথিবী, স্ত্রী. [প্রথ+ইব-ঈ] বিস্তারপ্রাপ্তা, তৎপর্য্যায়।—অচলকীলা, অদ্রিকীলা, অচলা, অনন্তা, অদিতি, অবনি, অবনী, অব্ধিমেখলা, অব্ধিদ্বীপ, আদিমা,আদ্যা, ইড়া, ইড়িকা, ইরা, ইলা, ইলিকা, ঈলা, উর্ব্বী, কাশ্যপী, কু, ক্রোড়কান্তা, খগবতী, খণ্ডনী, খন্তনী, গন্ধবতী, গন্ধমাতা, গিরিকর্ণিকা, গো, গোত্রা, জগতী, জগদ্যোনি, জগদ্বহ, ইজ্যা, তাবিষী, দক্ষা, দেহিনী, দৈত্যমেদজা, দ্বিরা, ধরা, ধরিত্রী, ধরণি, ধরণী, ধাত্রী, ধারিণী, ধারয়িত্রী,নিশ্চলা,বল্লি,বিপুলা, বিশ্বগন্ধা, পৃথু, পৃথ্বী, পারা, বিশ্বধারিণী, বিশ্বম্ভরা, বরা, বসুমতী, বসুধা, বসুন্ধরা, বিষ্টপ, বীজপ্রসূ, বেদমন্ডলী, ভুবনমাতা, ভূ, ভূগোল, ভূতধাত্রী, ভূমি,ভূমী, ভূরিক্‌,ধারিণী,মধুজা, মধ্যম লোক, মধ্যলোক, মর্ত্ত্যা, মহাকাণ্ড, মহি, মহী, মেদিনী, রত্নগর্ভা রত্নসূ, রসা, শরণি, শ্যাম, সংসার, সপ্তদ্বীপ, সমুদ্র মেখলা, সহুরি, সমুদ্ররমণা, সমুদ্রাম্বরা, সহা, সাগরনেমি, সাগরমেখলা, সাগরাম্বরা, স্থিরা, হিরণ্যদা, ক্ষমা, ক্ষণি, ক্ষোণি, ক্ষোণী, ক্ষৌণি, ক্ষৌণী, ক্ষ্মা, ক্ষিতি,সর্ব্বংসহা,সহা; তদ্বৈদিকপর্য্যায়।—গো, গ্মা, জ্মা, ক্ষ্মা, ক্ষা, ক্ষামা, ক্ষোণী, ক্ষিতি, অবনি, উর্ব্বী, পৃথ্বি, মহী, বিপ, অদিতি, ইলা, নির্ঋতি, ভূ, ভূমি, পূষা, গাতু, গোত্রা; অস্যা গুণ যথা।—স্পর্শ, সংখ্যা, পরিমিতি, পৃথক্‌ত্ব, সংযোগ, বিভাগ, পরত্ব, অপরত্ব, বেগ, দ্রবত্ব, গুরুত্ব, রূপ, রস, গন্ধ।

পৃথিবীগীতা, স্ত্রী. [পৃথিবী+গীতা] পৃথিবী কথা, পৃথ্বীবাক্য।

পৃথিবীপতি, পুং. [পৃথিবী+পতি] রাজা, ভূপতি; ঋষভনাম ঔষধি; যম; বরাহ।

পৃথিবীপাল, পুং. [পৃথিবী+পাল] রাজা, ভূপতি, ভূমীশ্বর।

পৃথিবীপালক, পুং. [পৃথিবী+পালক] রাজা, ভূপতি, দণ্ডধর।

পৃথিবীশক্র, পুং. [পৃথিবী+শক্র] রাজা, ভূপতি, ভূমীশ্বর

পৃথু, পুং. [পৃথ+উ] ত্রেতাযুগে মনুবংশীয় পঞ্চম নৃপ, আদিরাজা; অবেণাভূরাজ পুত্র; অগ্নি; (স্ত্রী.) কৃষ্ণজীরক; ত্বক্-পর্ণী; হিঙ্গুপত্রী; অহিফেণ, আফিং; (ত্রি.) মহৎ; নিপুণ

পৃথুক, পুং. [পৃথু+ক] চিপিটক, চিড়া; (ত্রি.) বালক, শিশু; খুদ।

পৃথুকা, স্ত্রী. [পৃথুক+আ] হিঙ্গুপত্রী; বালিকা।

পৃথুকোল, পুং. [পৃথু+কোল] রাজবদর।

পৃথুচ্ছদ, পুং. [পৃথু+চ্ছদ] হরিদর্ভ; (ত্রি.) বৃহৎপত্র।

পৃথুপত্র, পুং. [পৃথু+পত্র] রক্তলশুন, রাঙ্গা পেঁয়াইজ।

পৃথুপলাশিকা, স্ত্রী. [পৃথু+পলাশিকা] শটী।

পৃথুরোমা, পুং. [পৃথু+রোমন] মৎস্য; (ত্রি.) বৃহল্লোম যুক্ত। [বিস্তৃত।

পৃথুল, ত্রি. [পৃথু+ল] মহৎ, বড়; অতি

পৃথুলা, স্ত্রী. [পৃথুল+আ] হিঙ্গুপত্রী।

পৃথুলোমা, পুং. [পৃথু+লোমন্] মৎস্যবিশেষ; (ত্রি.) বৃহৎলোম যুক্ত।

পৃথুশেখর, পুং. [পৃথু+শেখর] পর্ব্বত, শৈল, গিরি

পৃথুশিম্ব, পুং. [পৃথু+শিম্ব] শেনাকপ্রভেদ।

পৃথুস্কন্ধ, পুং. [পৃথু+স্কন্ধ] শূকর, বরাহ।

পৃথূদক, ন. [পৃথু+উদক] তীর্থবিশেষ।

পৃথূদর, পুং. [পৃথু+উদর] মেষ; (ত্রি.) বৃহৎ-কুক্ষি যুক্ত

পৃথ্বী, স্ত্রী. [প্রথু+ঈ] পৃথিবী, ধরণী, ধরিত্রী; হিঙ্গুপত্রী; কৃষ্ণজীরক; বৃত্তাই মাতা; পুনর্নবা; স্থূলৈলা বড়এলাইচ।

পৃথ্বীকা, স্ত্রী. [পৃথ্বী+ক-আ] বৃহদেলা, বড়-এলাইচ; সূক্ষ্মৈলা, ছোটএলাইচ; কৃষ্ণজীরক; হিঙ্গুপত্রী।

পৃথ্বীকুরুবক, পুং. [পৃথ্বী+কুরুবক] শ্বেত-মন্দারক, শুক্লপারিজাত।

পৃথ্বীজ, পুং. [পৃথ্বী+জন-অ] অক্ষলবণ; মঙ্গল গ্রহ; নরকরাজা।

পৃথ্বীপতি, পুং [পৃথ্বী+পতি] রাজা, ভূমীশ্বর।

পৃথ্বীপাল, পুং. [পৃথ্বী+পাল] রাজা, ভূমীশ্বর।

পৃদাকু, পুং. [পৃৎ+আকু] সর্প; বৃশ্চিক, বিছা; ব্যাঘ্র; চিত্রক; কুঞ্জর, হস্তী; বৃক্ষ।

পৃশ্নি, ত্রি. [পৃশ+নি] অল্পতনু, অল্পশরীর; খর্ব্বাস্থি; দুর্ব্বলাস্থি; অল্পাস্থি; (স্ত্রী.) রশ্মি; সুতপারাজার পত্নী, জন্মান্তরে দেবকী।

পৃশ্নিকা, স্ত্রী. [পৃশ্নি+ক-আ] কুম্ভিকা, পানা।

পৃশ্নিগর্ভ, পুং. [পৃশ্নি+গর্ভ] শ্রীকৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।

পৃশ্নিপর্ণী, স্ত্রী. [পৃশ্নি+পর্ণী] লতাবিশেষ, চাকুলিয়া, (হিং) চকরোৎ, তৎপর্য্যায়।—পৃথক্‌পর্ণী, চিত্রপর্ণী, অঙ্ঘ্রিবল্লিকা, ক্রোষ্টুবিন্না, সিংহপুচ্ছী, কলশি, ধাবনি, গুহা, পিষ্টপর্ণী, লাঙ্গলী, ক্রোষ্টুপুচ্ছিকা, পূর্ণপর্ণী, কলশী, ক্রোষ্টুকমেখলা, দীর্ঘা, শৃগালবৃন্তা, ত্রিপর্ণী, সিংহপুচ্ছিকা, দীর্ঘপত্রা, অতিগুহা, ঘৃষ্টিলা, চিত্রপর্ণিকা, গুহা, শৃগালবিন্না, ধমনী, মেখলা, লাঙ্গুলিক, পৃষ্টিপর্ণী, দীর্ঘপর্ণী, অঙ্ঘ্রি-পর্ণী, ধাবনী।

পৃশ্নিভদ্র, পুং. [পৃশ্নি+ভদ্র] শ্রীকৃষ্ণ, নারায়ণ।

পৃশ্নিশৃঙ্গ, পুং. [পৃশ্নি+শৃঙ্গ] বিষ্ণু; গণেশ লম্বোদর। [পানা।

পৃশ্নী, স্ত্রী. [পৃশ+নি-ঈ] বারিপর্ণী, কুম্ভিকা,

পৃষত, পুং. [পৃষ+ত] বিন্দু, কণা; শ্বেত-বিন্দুযুক্ত মৃগ, তৎপর্য্যায়।—রঙ্কু, শবল-পৃষ্ঠক; রাজাবিশেষ।

পৃষতাম্পতি, পুং. [পৃষতাম্+পতি] বায়ু, অনিল, বাতাস।

পৃষতাশ্ব, পুং. [পৃষত+অশ্ব] বায়ু, বাত, অনিল।

পৃষতী, স্ত্রী. [পৃষৎ+ঈ] শ্বেতবিন্দুযুক্তামৃগী।

পৃষৎ, ন. [পৃষ+অৎ] বিন্দু, কণা।

পৃষৎক, পুং. [পৃষৎ+ক] বাণ, ইষু, শর।

পৃষদশ্ব, পুং. [পৃষৎ+অশ্ব] বায়ু, বাতাস, অনিল; রাজাবিশেষ।

পৃষদাজ্য, ন. [পৃষৎ+আজ্য] সদধ্যাজ্য, দধিমিশ্রিত ঘৃত।

পৃষদ্বল, পুং. [পৃষৎ+বল] বায়ু; অশ্ব।

পৃষন্তি, পুং. [পৃষ+অন্তি] বিন্দু, কণা,ক্ষুদ্র-অবয়ব।

পৃষভাষা, স্ত্রী. [পৃষ+ভাষা] অমরাবতী।

পৃষাকরা, স্ত্রী. [পৃশ+আকর-আ] ক্ষুদ্রশিলা, বাটখারা।

পৃষাতক, ন. [পৃষ+অতক] দধিযুক্ত ঘৃত।

পৃষোদর, ত্রি. [পৃষ+উদর] অল্পোদর, ক্ষুদ্র-পেট।

পৃষোদ্যান, ন. [পৃষ+উদ্যান] ক্ষুদ্রোপবন, ছোট বাগিচা।

পৃষ্ট, ত্রি. [প্রচ্ছ+ত] জিজ্ঞাসিত, কৃতপ্রশ্ন।

পৃষ্টি, পুং. [পৃষ্+তি] সূর্য্যের রশ্মি।

পৃষ্ঠ, ন. [পৃষ্+থ] শরীরের পশ্চাদ্ভাগ, পিঠ; চরম গাত্র। [কুঁজ।

পৃষ্ঠগ্রন্থি, পুং. [পৃষ্ঠ+গ্রন্থি] গড়ু, কুব্জ,

পৃষ্ঠচক্ষু, পুং. [পৃষ্ঠ+চক্ষুস্] কর্কট,কাঁকড়া।

পৃষ্ঠতঃ, বা. [পৃষ্ঠ+তস্] পশ্চাৎ, পৃষ্ঠদেশে পাছে। [দাঁড়া।

পৃষ্ঠদণ্ড, ন. [পৃষ্ঠ+দণ্ড] মেরুদণ্ড,পৃষ্ঠেরশির-

পৃষ্ঠদৃষ্টি, পুং. [পৃষ্ঠ+দৃষ্টি] ভল্লুক; পশ্চাদ্ভাগে যাহার দৃষ্টি থাকে।

পৃষ্ঠবংশ, পুং. [পৃষ্ঠ+বংশ] পৃষ্ঠাস্থি, পিঠের দাঁড়া, তৎপর্য্যায়।—রীঢ়ক, মেরুদণ্ড।

পৃষ্ঠবাট্, পুং. [পৃষ্ঠ+বাহ] যুগপাশ্ব গবৃষ, পিঠেবাঁধা গরু।

পৃষ্ঠবাড়, পুং. [পৃষ্ঠ+বাহ] যুগপার্শ্ববৃষ, পিঠেবাঁধা গরু।

পৃষ্ঠবাহ্য, পুং. [পৃষ্ঠ+বাহ] ভারবাহকবৃষ, বলদ, তৎপর্য্যায়।—স্থৌরী, পৃষ্ঠ্য।

পৃষ্ঠব্রণ, ন. [পৃষ্ঠ+ব্রণ] পৃষ্ঠদেশে উৎপন্ন স্ফোটক বিশেষ।

পৃষ্ঠমাংসাদ, ত্রি. [পৃষ্ঠমাংস+অদ] বাক্যাভিধায়ী, পরোক্ষে অপবাদক, পরিবাদক, নিন্দক, (যাং) চোলোলখোর।

পৃষ্ঠমাংসাদন, ন. [পৃষ্ঠমাংস+অদন] পরোক্ষে দোষ কীর্ত্তন; (ত্রি.) অপ্রত্যক্ষে দোষ কীর্ত্তন বিশিষ্ট।

পৃষ্ঠশৃঙ্গ, পুং. [পৃষ্ঠ+শৃঙ্গ] বনছাগ, বন ছাগল।

পৃষ্ঠশৃঙ্গী, পুং. [পৃষ্ঠ+শৃঙ্গিন্] ভীমসেন; নপুংসক; মহিষ।

পৃষ্ঠোদয়, পুং. [পৃষ্ঠ+উদয়] মেষ বৃষ কর্কট ধনুঃ মকর মীন লগ্ন।

পৃষ্ঠ্য, ন. [পৃষ্ঠ+য] পৃষ্ঠসমূহ; (পুং.) পৃষ্ঠদ্বারা ভারবাহক অশ্ব, তৎপর্য্যায়।—স্থৌরী।

পৃশ্নি, ত্রি. [পৃষ+নি] প্রশ্নি; (স্ত্রী.) পার্ষ্ণি।

পাঁক, (প্রা.) কর্দ্দম, কাদা।

পাঁকাল (প্রা) মৎস্যবিশেষ; পর্য্যুষিতান্ন।

পেঁচ, (প্রা) ঘূর্ণিতকল, পাক।

পেঁচা, (প্রা) উলুক, দিবান্ধ।

পেঁচাও, (প্রা) ঘূর্ণন; ছল; প্রতারণা।

পেঁচান, (প্রা) পাক দেওন; শঠতাচরণ; ছেদন, কাটন। [শক্ত।

পেঁচাপেঁচি (প্রা) উভয়তঃ কঠিন, দুষ্কর,

পেঁচাল, (প্রা) চক্রাকার; বিদগ্ধ।

পেঁজন, (প্রা) তুলা পরিষ্কার করণ।

পেঁটরা, (প্রা) পেটিকা, পেটেরা।

পেঁপিয়া, (প্র.) ফল বৃক্ষবিশেষ।

পেওন, (প্রা) পানকরণ, দ্রবদ্রব্যের গলাধঃকরণ।

পেচক, পুং. [পেচ+ক] পক্ষীবিশেষ,পেঁচা, তৎপর্য্যায়।—উলূক, বায়সারাতি, শক্রাখ্য, দিবান্ধ, বক্রনাসিক, হরিনেত্র, দিবাভীত, নখাশী, পীয়ু, ঘর্ঘর, কাকভীরু, নক্তচারী, নিশাচর, কৌশিক, রূপনাশন, পেচ, রক্তনাসিক, ভীরুক, হস্তীর লাঙ্গুলের শেষাংশ; গুদাচ্ছাদক মাংসপিণ্ডবিশেষ; পর্য্যঙ্ক; বৃক; মেঘ।

পেচকী, পুং. [পেচক+ইন্]হস্তী, করী,গজ।

পেচিল, পুং. [পেচ+ইল] হস্তী, করী,গজ।

পেচু, ন. [পিচ+উ] পেচুলী, শাকবিশেষ, কচুশাক। [কচুশাক।

পেচুলী, স্ত্রী. [পেচুল+ঈ] শাকবিশেষ,

পেট, পুং. [পিট+অ] প্রহস্ত, অঙ্গুলি ও পাণির বিস্তার, চপেট, (ত্রি.) পেটক, পুস্তকাদির মঞ্জুষা, পেটরা; উদর।

পেটক, পুং. [পিট+ক] বংশবেত্রাদিময় সমুদ্গক প্রায়, পেটারী; ঝাঁপি, পেটী, পেড়া, তৎপর্য্যায়।—পিটক, পেড়া, মঞ্জূষা; (ন.) ক্ষুদ্রপেটিরার, মহাপেটিরার; পুস্তকাদির মঞ্জূষা, পেটরা; কদম্বক, সমূহ।

পেটখসা, (প্রা) গর্ব্ভস্রাব।

পেটচলা, (প্রা) উদরভঙ্গ, অতিসার; ভেদ।

পেটজ্বালা, (প্রা) জঠরানল; বুভুক্ষা, ক্ষুধা।

পেটধরা, (প্রা) অতিসারাদি নিবৃত্তি।

পেটন, (প্রা) মারণ, তাড়ন, আঘাতকরণ।

পেটফেলন, (প্রা) গর্ব্ভস্রাব, পেটখসান।

পেটরা, (প্রা) ঝাঁপী; পেঁড়া।

পেটসর্ব্বস্ব, (প্রা) উদরম্ভরি, পেটার্থী।

পেটা, (প্রা) ঝাঁপি; মর্দ্দিত, পিস্ট।

পেটাক, পুং. [পেটা+ক] পেটক, পুস্তকাদির মঞ্জূষা, পেট্‌রা।

পেটারা, (প্রা) পেটিকা, মঞ্জূষা, পেঁড়া।

পেটার্থী, (প্রা) পেটসর্ব্বস্ব, পেটুক।

পেটাল, (প্রা) তুন্দিল, বৃহদুদরযুক্ত, ভুঁড়ি, পেটমোটা।

পেটিকা, স্ত্রী. [পেটিক+আ] বৃক্ষবিশেষ, পেটারিগাছ, তৎপর্য্যায়।—কুবেরাক্ষী, কুলিঙ্গাক্ষী, কৃষ্ণবৃন্তিকা; ঝাপা।

পেটী, স্ত্রী. [পেট+ঈ] পেটক, পুস্তকাদির মঞ্জূষা, পেটরা, পেঁড়া।

পেটুক, (প্রা) অবক্ষুধিত, উদরসর্ব্বস্ব, উদরম্ভরি। [বড়পেঁড়া।

পেড়া, স্ত্রী. [পিড়+আ] মঞ্জূষা, মহাপেটিকা,

পেড়াপেড়ি, (প্রা) উত্তেজনা, ক্লেশ, যন্ত্রণা।

পেতনী, (প্রা) ভূতযোনি, পরচ্ছায়া, অপদেবতা, পিশাচী।

পেতী, (প্রা) অপরিস্কৃতলোক, জঘন্য, প্রেত।

পেত্ব, ন. [পা+ইত্ব] অমৃত; ঘৃত।

পেনেট, (প্রা) শিব লিঙ্গের আধার।

পেয়, ন. [পা+য়] জল; দুগ্ধ; অষ্টবিধ অন্নের মধ্যে অন্নবিশেষ; (ত্রি.) পাতব্য, পানীয়, পানের যোগ্য।

পেয়া, স্ত্রী. [পা+য-আ] সিকৃথ সমন্বিত পেয়দ্রব্য; মিশ্রেয়া; প্রাণা; অন্নমণ্ড।

পেয়াজ, (যাং) পলাণ্ডু।

পেয়াদা, (যাং) পদাতিক, (যাং) বরকন্দাজ।

পেয়ারা, (প্রা) ফলবিশেষ, আঁক্রি।

পেয়ালা, (যাং) পাত্রবিশেষ, বাটী; মদ্যাদি পানপাত্র।

পেয়ূষ, পুং. ন. [পীয়+উষ] অভিনব পয়ঃ; নবপ্রসূতা গাভির সপ্তাহের পূর্ব্বে দুগ্ধ; অমৃত; অভিনব ঘৃত। [বিশেষ।

পেরু, পুং. [পা+রু] বহ্নি; সমুদ্র; পক্ষী-

পেরেক, (প্রা) লৌহ শলাকা, ক্ষুদ্রগজাল।

পেরোজ, ন. [পেরো+জন-অ] উপরত্ন বিশেষ, (যাং) পীরোজা, তৎপর্য্যায়।—হরিতাশ্ম, পেরজ, তদ্দ্বিবিধ যথা।—ভস্মাঙ্গ, হরিত। [লিঙ্গ।

পেল, ন. [পেল+অ] অণ্ডকোষ; উপস্থ,

পেলব, পুং. [পিশ্‌+অ] মনোহর, স্নিগ্ধ।

পেলব, ত্রি. [পেল+ব] বিরল; কৃশ, কোমল।

পেশকবজ, (যাং) অস্ত্রবিশেষ, ছোরা।

পেশ্‌কার, (যাং) কর্ম্মচারী বিশেষ।

পেশল, ত্রি. [পিশ্‌+অল] চারু, সুন্দর; দক্ষ, চতুর; কোমল; শঠ, ধূর্ত্ত।

পেশস্কৃৎ, পুং. [পেশস্‌+কৃৎ] কীটবিশেষ, কুমিরকে।

পেশি, পুং. [পিশ+ই] শতকোটি; (স্ত্রী.) অণ্ড, মাষবিদল।

পেশী, স্ত্রী. [পিশ+ঈ] অণ্ড; সুপক্ককলিকা; মাংসী; খড়্গাপিধানক, অসিকোষ, খাপ; মাংসপিণ্ডী; নদীবিশেষ; পিশাচীবিশেষ; রাক্ষসীবিশেষ।

পেশ্বর, ত্রি. [পিশ্‌+বর] মর্দ্দনকারী।

পেষণ, ন. [পিষ+অন] চূর্ণন, মর্দ্দন, পিষ্টকরণ, বাটন।

পেষণি, স্ত্রী. [পিষ্‌+অনি] পেষণশিলা, শিল, তৎপর্য্যায়।—পেষণী, পট্ট, গৃহাশ্মা, গৃহকচ্ছপ।

পেষণী, স্ত্রী. [পিষ্‌+অনি-ঈ] পেষণশিলা, শিল, তৎপর্য্যায়।—পট্ট, গৃহাশ্ম, গৃহকচ্ছপ।

পেষল, ত্রি. [পিষ্‌+অল] পেশল, কোমল, নরম; চারু, মনোহর।

পেষাক, পুং. [পিষ+আক] পেষণি।
পেসল, ত্রি. [পিশ্+অল] পেশল, কোমল, নরম; চারু, মনোহর, সুন্দর।
পৈঙ্গুষ, পুং. [পিঙ্গি+উ]ষ কর্ণ, শ্রোত্র,কাণ।
পৈঠর, ত্রি. [পিঠর+অ]স্থালীপক্ক মাংসাদি।
পৈঠা, (প্রা) সোপান. সিঁড়ী।
পৈঠীনসি, পুং. [পিঠীনস+অ] মুনিবিশেষ, স্মৃতি ও গোত্রকারক।
পৈণ্ডিন্য, ন. [পিণ্ডিন+য] ভৈক্ষজীবিকা, যাচ্ঞাবৃত্তি।
পৈতা, (প্রা) উপবীত, যজ্ঞোপবীত।
পৈতামহ, ত্রি. [পিতামহ+অ] পিতামহ সম্বন্ধি ধনাদি। [বিভবাদি।
পৈতৃক, ত্রি. [পিতৃ+ক] পিতৃ সম্বন্ধীয়, পিতৃ
পৈতৃকধন, ন. [পৈতৃক+ধন] পিতৃসম্বন্ধীয় বিভব, পিতার ধন।
পৈতৃকবাটী, (প্রা) পিতৃ পিতামহাদির বাস স্থান।
পৈতৃকভূমি, স্ত্রী. [পৈতৃক+ভূমি] পিতৃ সম্বন্ধীয় স্থান।
পৈতৃষ্বসেয়, পুং.স্ত্রী. [পিতৃষ্বসা+এয়]পিতৃ ভগিনী পুত্র, পিস্তুত ভাই।
পৈতৃষ্বস্রীয়, পুং.স্ত্রী. [পিতৃষ্বসা+ঈয়] পিতৃ ভগিনী পুত্র, পিস্তুত ভাই।
পৈতৃষ্বস্রেয়, পুং. স্ত্রী. [পিতৃষ্বসা+এয়] পিতার ভাগিনেয়, পিস্তুতভাই।
পৈত্ত, ত্রি. [পিত্ত+অ] পিত্তজব্যাধি, পিত্তজাত রোগ।
পৈত্তিক, ত্রি. [পিত্ত+ইক] পিত্তজন্য ব্যাধি, পিত্তজাত রোগ।
পৈত্র, ন. [পিতৃ+অ] পিতৃতীর্থ, অঙ্গুষ্ঠ ও তর্জ্জনীর মধ্যস্থান; (ত্রি.) পিতৃসম্বন্ধীয়।
পৈত্রাহোরাত্র, পুং. [পৈত্র+অহোরাত্র]পিতৃ লোকের দিবারাত্রি, মনুষ্যমানে একমাস।
পৈল, পুং. [পিল+অ] মুনিবিশেষ, ঋগ্বেদী দ্বিজ।
পৈশাচ, পুং. [পিশাচ+অ] অষ্টপ্রকার বিবাহান্তর্গত অষ্টম বিবাহ; (ত্রি.) পিশাচ সম্বন্ধীয়।
পৈশুন্য, ন. [পিশুন+য] পিশুনতা, খলতা, দশবিধ পাপান্তর্গত, বাঙ্ময় পাপবিশেষ; পরগ্লানি কথন, পরনিন্দা।
পৈষ্ট, ত্রি. [পিষ্ট+অ] পিষ্টসম্বন্ধীয়, পিষ্টবস্তুতে প্রস্তুত
পৈষ্টিক, ন. [পিষ্ট+ইক] পিষ্টসমূহ; মদ্যবিশেষ।
পৈষ্টী, স্ত্রী. [পিষ্ট+ঈ] বিবিধধান্যবিকার জাত মদিরা।
পো, (প্রা) পুত্র; পরিমাণবিশেষ, শেরের চতুর্থ ভাগেকভাগ।
পোআ, (প্রা)শেরের চতুর্থভাগের একভাগ।
পোআতি, (প্রা) নবপ্রসূতাস্ত্রী, প্রসুতি, অন্তঃসত্ত্বা, গর্ব্ভিণী।
পোচ, (প্রা) লেপন; মোছন; বালিচুন।
পোঁচন, (প্রা) লেপন; মোছন; খণ্ডন, নিরাকরণ।
পোঁচা, (প্রা) হাতেরকব্জা; পাঞ্জা; লেপিত; মার্জ্জিত
পোঁটা, (প্রা) নাড়ী, অন্ত্রঃ, আঁত।
পোঁদ, (প্রা) গুহ্যদেশ, পায়ু; নিতম্ব, পাছা।
পোকা, (প্রা) কীট, কৃমি।
পোক্ত, (প্রা) পরিপক্ক, পাকা; সম্পূর্ণ।
পোখরাজ, (যাং) পীতসার. পীতমণি।
পোগণ্ড,পুং.[অপি+গড়-অ]দশবর্ষীয়বালক, শ্মশ্রুহীনযুবক; (ত্রি.) অপোগণ্ড, স্বভাবতঃ ন্যূনাধিকাঙ্গ, উনবিংশতি অঙ্গুলী অবধি একবিংশতি অঙ্গুলী পর্য্যন্ত পরিমিত মনুষ্য; বক্র; বিকলাঙ্গ।
পোঙ্গা, (প্রা) গুহ্যদেশ, পায়ু; নিতম্ব,পাছা।
পোট, পুং. [পুট+অ] বেশ্মভূমি; সংশ্লেষ; অগ্র, গোড়া; তলা; নীচ।
পোটগল, পুং. [পোট+গল] নল; তৃণবিশেষ, কাশ, কেশে; মৎস্য।
পোটলিকা, স্ত্রী. [পোটল+ইক-আ] সংশ্লিষ্ট বস্ত্রাদি, পুঁটলি, গাঁঠরি।
পোটা, স্ত্রী. [পোট+আ] পুরুষ লক্ষণযুক্তা স্ত্রী, দাড়ি গোঁপবিশিষ্টা স্ত্রী
পোটিক, পুং. [পোট+ইক] বিস্ফোটক, ফোড়া।

পোট্টলিকা, স্ত্রী. [পোট্টল+ইক-আ] বস্ত্র বদ্ধদ্রব্য, পুটলি, গাঁঠরি।
পোট্টলী, স্ত্রী. [পোট্টল+ঈ] পোট্টলিকা, বস্ত্রবদ্ধদ্রব্য, পুঁটলি, গাঁঠরি।
পোড়ন, (প্রা) দহন, জ্বলন, ভস্ম হওন।
পোড়া, (প্রা) দগ্ধ, কৃতদাহ; জ্বলিত, ভস্মীভূত।
পোড়াকপালিয়া, (প্রা) দুর্ভাগ্য, মন্দকপাল যুক্ত।
পোড়ান, (প্রা) দাহন, দগ্ধকরণ, জ্বলান।
পোড়ানিয়া, (প্রা) দাহক, জ্বালানিয়া।
পোড্রু, পুং. [পুড্র+উ] কপালের অস্থিতল।
পোত, পুং. স্ত্রী. [পূ+ত] শিশু, শাবক, বৎস; (পুং.) বহিত্র, দাঁড়; তরণী, নৌকা; গৃহস্থান, পোত, বস্ত্র; দশবর্ষীয় হস্তী; সমুদ্রযান, জাহাজ।
পোতকী, স্ত্রী. [পূত+ক-ঈ] পূতিকা, পুঁইশাক; শ্যামাপক্ষী।
পোতজ, পুং. [পোত+জন-অ] হস্তী অশ্ব ইত্যাদি।
পোতদার, (যাং) পোদ্দার, বণিক, বেণে।
পোতন, (প্রা) মৃত্তিকায়, প্রবেশন, গাড়ন, প্রোথন।
পোতবণিক্, পুং. [পোত+বণিজ্] নৌকাদি দ্বারা বাণিজ্য কারক, বহিত্রদ্বারা বাণিজ্য কর্ত্তা, তৎপর্য্যায়।—সাংযাত্রিক, সমুদ্রযানচারী, নৌবাণিজ্য কর; সামুদ্রবাণিজক।
পোতবাহ, পুং. [পোত+বাহ] বহিত্রবাহক, দাঁড়ি, তৎপর্য্যায়।—নিয়ামক, নৌকাবাহক; নাবিক।
পোতবাহক, পুং. [পোত+বাহক] নৌকাবাহক, নাবিক, দাঁড়ী।
পোতরক্ষ, পুং. [পোত+রক্ষ] কেনিপাতক, হালি; মাজী। [বিশেষ।
পোতলকপ্রিয়, পুং. [পোতলক+প্রিয়] বুদ্ধ-
পোতা, পুং, [পু+তৃ] বিষ্ণু; ঋত্বিক, পুরোহিত; পৌত্র; মৃত্তিকায় প্রোথিত।
পোতাচ্ছাদন, ন. [পোত+আচ্ছাদন] বস্ত্র কুট্টিম।
পোতাধান, ন. [পোত+আধান] ক্ষুদ্রাণ্ড মৎসসমূহ, পোনা।
পোতিকা, স্ত্রী. [পোতিক+আ] পূতিকা, পুঁইশাক; শতপুষ্পা; মূলপোতী।
পোতাস, পুং. [পোত+অস] কর্পূরবিশেষ।
পোত্র, ন. [পু+ত্র] বস্ত্র; শূকর মুখাগ্র; লাঙ্গল মুখাগ্র; বহিত্র, জাহাজ; তরণী, নৌকা। [বরাহ।
পোত্রায়ুধ, পুং. [পোত্র+আয়ুধ] শূকর,
পোত্রিরথা, স্ত্রী. [পোত্রি+রথ-আ] জিন শক্তি বিশেষ।
পোত্রী, পুং. [পোত্র+ইন্] শূকর, বরাহ; (ত্রি.) পোত্রবিশিষ্ট।
পোদ, (প্রা) বর্ণসঙ্কর নীচজাতিবিশেষ।
পোদ্দার, (যাং) পোতদার, বণিক, বেণে।
পোনা, (প্রা) পোতাধান, ক্ষুদ্র২ মৎস্যশাবক।
পোয়া, (প্রা) একপাদ, চতুর্থাংশ, শেরের চতুর্থভাগের একভাগ।
পোয়াতি, (প্রা) প্রসূতি, নবপ্রসূতা, অন্তঃসত্ত্বা। [করণ।
পোয়ান, (প্রা) ঘটাদি দাহস্থান; প্রভাত
পোয়াল, (প্রা) বিচিলি মর্দ্দিত খড়, পলখড়;
পোরাণ, (প্রা) পূর্ণকরণ, ভরণ।
পোলা, (প্রা) পুত্র; মৎস্যধারণ যন্ত্রবিশেষ।
পোলাত, (যাং) ইস্পাত, পরিষ্কার লৌহ।
পোলিকা, স্ত্রী. [পোল+ইক-আ] পিষ্টকবিশেষ, পাতলারোটী, তৎপর্য্যায়।—পুলিকা, পোলি, পুপিকা, পু-পলা।
পোলিন্দ, পুং. [পোল+ইন্দ] নৌকাবয়ববিশেষ, তরির এক অঙ্গ, তৎপর্য্যায়।—পাদারক।
পোলী, স্ত্রী. [পোল+ঈ] পিষ্টকবিশেষ, তৎপর্য্যায়।—পুপালী, চর্পটী।
পোলো, (প্রা) বৃহৎ মৎস্যধারণার্থ টেটা।
পোশাক্, (যাং) উত্তম পরিচ্ছদবিশেষ।
পোষ, পুং. [পুষ+অ] পোষণ, প্রতিপালন।
পোষক, পুং. [পুষ+অক] পালক, ভরণকর্ত্তা; বাক্যের সাহায্যকারী।
পোষণ, ন. [পুষ+অন] পুষ্টি, প্রতিপালন, ভরণ; ধৃতি, ধৈর্য্য।

পোষয়িত্নু, পুং. [পুষ+ইত্নু] কোকিল; ভর্ত্তা, পতি; (ত্রি.) পোষণকর্ত্তা।

পোষা, (প্রা) পালিত, পোষিত, পালনকরা।

পোষাণ, (প্রা) রক্ষণ, পালন; পূরণ; সামলান।

পোষিত, ত্রি. [পুষ+ত] পালিত, রক্ষিত, প্রতিপালন করা।

পোষ্টা, পুং. [পুষ+তৃ] পূতীক, কাঁটাকরঞ্জ; (ত্রি.) পোষণকর্ত্তা।

পোষ্টৃবর, ত্রি. [পোষ্টৃ+বর] পোষকশ্রেষ্ঠ, প্রতিপালক প্রধান; পোষণকর্ত্তা।

পোষ্য, ত্রি. [পুষ+য] পোষণীয়, পোষিতব্য, পাল্য প্রতিপালিতব্য।

পোষ্যপুত্র, পুং. [পোষ্য+পুত্র] পালনাদিদ্বারা পুত্রত্বপ্রাপ্ত; দত্তকপুত্র।

পোষ্যবর্গ, পুং. [পোষ্য+বর্গ] প্রতিপালনীয়গণ, মাত্রাদি, যথা।—মাতা, পিতা, গুরু, পত্নী, অপত্য, সমাশ্রিত, অভ্যাগত, অতিথি, অগ্নি, অনাথ। ভগ্নীকন্যা ইত্যাদি।

পোস্ত,(বাং) অহিফেণবৃক্ষ; আফিমেরবীজ।

পোস্তা, (বাং) দুর্গ, গড়, পুলবন্দি।

পোহান, (প্রা) প্রভাতকরণ, প্রত্যূষহওন।

পৌংসবন, ন. [পুংসবন+অ] পুংসবন সংস্কার।

পৌংস্ন, ন. [পুংস্ন+অ] পুংস্ন, পুংচিহ্ন, উপস্থ, লিঙ্গ, মেঢ্র, মেহন।

পৌগণ্ড, ন. [পোগণ্ড+অ] অবস্থাবিশেষ, দশমবর্ষ বয়স্ক।

পৌঁছন, (প্রা) উত্তরণ; প্রাপণ; উপস্থিত [হওন।

পৌঁছান, (প্রা) প্রেরণ, পাঠাইয়া দেওন।

পৌঢ়ি, (প্রা) সামর্থ্য; প্রগল্‌ভতা; বাদানুবাদ; অধ্যবসায়।

পৌণ্ডরীক, ন. [পুণ্ডরীক+অ] প্রপৌণ্ডরীক, শালপর্ণী পত্রের ন্যায় পত্র।

পৌণ্ডর্য্য, ন. [পুণ্ডর্য্য+অ] পুণ্ডর্য্য, শালপর্ণী পত্র তুল্যপত্র, পুণ্ডরিয়া।

পৌণ্ড্র, পুং. [পুণ্ড্র+অ] দেশবিশেষ, চন্দেল দেশ; ভীমসেনের শঙ্খ; ইক্ষুবিশেষ, পুঁড়িআক।

পৌণ্ড্রক, পুং. [পুণ্ড্র+ক] ইক্ষুবিশেষ, পুঁড়ি আকু; জাতিবিশেষ,পুঁড়ো ইহা শৌণ্ডিকার গর্ভে বৈশ্য ঔরসে জাত।

পৌণ্ড্রবর্দ্ধন, পুং. [পৌণ্ড্র+বর্দ্ধন] দেশবিশেষ, বেহার।

পৌণ্ড্রিক, পুং. [পুণ্ড্র+ইক] ইক্ষুবিশেষ, পুঁড়িআকু, তৎপর্য্যায়।—পুণ্ড্রেক্ষু, পুণ্ড্র, সেব্য, অতিরস, মধু।

পৌতন, ন. [পুতন্+অ] পরিমাণবিশেষ, মাপ, ওজন।

পৌতিনাসিক্য, ন. [পুতিনাসিকা+অ] দুর্গন্ধনাসিকা।

পৌত্তিক, ন. [পুত্তিকা+অ] পিঙ্গলবর্ণ পুত্তিকাখ্য বৃহন্মক্ষিকাহৃত ঘৃতবর্ণ মধু।

পৌত্তলিক, ত্রি. [পুত্তল+ইক] প্রতিমাপূজক, সাকারোপাসক।

পৌত্র, পুং. [পুত্র+অ] পুত্রের পুত্র, নাতি, তৎপর্য্যায়।—নপ্তা।

পৌত্রিক, ত্রি. [পুত্র+ইক] পুত্র কিম্বা পৌত্র সম্বন্ধীয়।

পৌত্রিকেয়, পুং. [পুত্রক+এয়]কন্যারপুত্র।

পৌত্রী, স্ত্রী. [পুত্র+ঈ] পুত্রাত্মজা, নাতিনী, তৎপর্য্যায়।—নপ্ত্রী।

পৌনঃপুন্য, ব্য. [পুনঃ+পুনঃ-য] পুনর্ব্বার, তৎপর্য্যায়।—বারম্বার, মুহুঃ, শশ্বৎ, অসকৃৎ, পুনঃ পুনঃ, বারম্বার, অভীক্ষ্ণ, প্রতীক্ষ্ণ।

পৌনঃপুনিক, ত্রি. [পুনঃ+পুনঃ-ইক] পুনঃ পুনর্ভব, বারংবার হওয়া।

পৌনরুক্ত, ন.[পুনঃ+উক্ত-অ] পুনরুক্তিতা, দ্বিরুক্তিতা, এক বাক্যের দুইবার কথন।

পৌনর্ভব, পুং. [পুনর্ভব+অ] দ্বাদশবিধ পুত্রের অন্তর্গত পুত্রবিশেষ, দ্বিরূঢ়ার সন্তান, পুনর্ভূ পুত্র।

পৌর, ন. [পুর+অ] রৌহিষ তৃণ, রামকর্পূর; (ত্রি.) নগর সম্বন্ধীয়।

পৌরক, পুং. [পৌর+ক] গৃহের বাহ্যোপবন, তৎপর্য্যায়।—নিষ্কুট, গৃহারাম, বাহ্যারাম।

পৌরস্ত্য, ত্রি. [পুরস্+ত্য] প্রথম, আদ্য।
পৌরাণিক, পুং. [পুরাণ+ইক] পুরাণবেত্তা; পুরাণমতাবলম্বী।
পৌরুষ, ন. [পুরুষ+অ] পুরুষত্ব, পুরুষের কর্ম্ম; পুরুষের তেজঃ, পুরুষ পরিমাণ।
পৌরুষেয়, পুং. [পুরুষ+এয়] সমূহ; বধ; পুরুষের পদান্তর; (ত্রি.) পুরুষ কৃত; পুরুষ বিকার।
পৌরোগব, পুং. স্ত্রী. [পুরস্+গো] পাকশালাধ্যক্ষ; পাচক, পাককর্ত্তা।
পৌরোডাশ, পুং, [পুরোডাশ+অ] পুরোডাশ সহচরিত মন্ত্র।
পৌরোডাশক, পুং. [পুরোডাশ+ইক] পুরোডাশ ব্যাখ্যাত।
পৌরোহিত্য, ন. [পুরোহিত+য] পুরোহিতের কর্ম্ম, যাজকতা, যাজন ক্রিয়া।
পৌর্ণমাস, পুং. [পূর্ণমাস+অ] যাগবিশেষ।
পৌর্ণমাসী, স্ত্রী. [পৌর্ণমাস+ঈ] পূর্ণিমা, শুক্লপক্ষের পঞ্চদশ তিথি; বৃন্দাবনের অধিষ্ঠাত্রী।
পৌর্ব্বাহ্নিক, ত্রি. [পূর্ব্বাহ্ন+ইক] পূর্ব্বাহ্ন ভবঃ পূর্ব্বাহ্ন সম্বন্ধীয়।
পৌলস্ত্য, পুং. [পুলস্ত+য] কুবের: রাবণ; কুম্ভকর্ণ, বিভীষণ। [পৌলস্ত্য পুত্র।
পৌলস্ত্যী, স্ত্রী. [পুলস্ত+ঈ] সূর্পণখা রাক্ষসা;
পৌলি, পুং. [পুল+ই] পাকাবস্থাগত কলায়াদি; আরব্ধপাক যব সর্ষপাদি; বহ্নি দ্বারা ঈষদ্দগ্ধ চুট্‌চুট্ শব্দ বিশিষ্ট, দরদগ্ধ, তৎপর্য্যায়।—আপক্ক, অভ্যূষ, অভ্যূস, অভোষ।
পৌলোমী, স্ত্রী. [পুলোম+ঈ] শচী, ইন্দ্রাণী।
পৌষ, পুং. [পুষ+অ] বৈশাখাদি দ্বাদশ মাসান্তর্গত নবম মাস, যে মাসেতে পুষ্যানক্ষত্রযুক্তা পৌর্ণমাসী হয়, তৎপর্য্যায়।—তৈষ, সহস্য, পৌষিক, হৈমন, তিষ্য, তিষ্যক
পৌষী, স্ত্রী. [পোষ+ঈ] পুষ্যানক্ষত্রযুক্তা পূর্ণিমা, পৌষমাসীয় পূর্ণিমা; পুষ্যানক্ষত্রযুক্তা রাত্রি।
পৌষ্কর, ন. [পুষ্কর+অ] পুষ্কর মূল।
পৌষ্করমূল, ন. [পুষ্কর+মূল] পুষ্করমূল।
পৌষ্করিণী, স্ত্রী. [পুষ্কর+ইন-ঈ] পুষ্করিণী।
পৌষ্টিক, ন. [পুষ্ট+ইক] ক্ষৌর সময়ে গাত্রাচ্ছাদন বস্ত্র বিশেষ, কাবাই; পুষ্টিবর্দ্ধক, কর্ম্ম।
পৌষ্প, ত্রি. [পুষ্প+অ] পুষ্পনির্ম্মিত; পুষ্প সম্বন্ধীয়
পৌষ্পক, ন. [পুষ্প+ক] কুসুমাঞ্জন।
পৌষ্পী, স্ত্রী. [পৌষ্প+ঈ] দেশবিশেষ; (ত্রি.) পুষ্প সম্বন্ধীয়।
পৌষ্য, পুং. [পুষ+য] পুষপুত্র, করবীর পুরের রাজা চন্দ্রশেখরের পিতা।
প্যাঁচ, (প্র) ঘূর্ণিত কল, পাক।
প্যাট, ব্য. হে; ভো।
প্র, ব্য. উপসর্গ, বিংশতি উপসর্গান্তর্গত প্রথমোপসর্গ, অস্যার্থগতি; আরম্ভ; উৎকর্ষ; সর্ব্বতোভাব; প্রাথম্য; খ্যাতি; উৎপত্তি; ব্যবহার।
প্রকট, ত্রি. [প্র+কট] স্পষ্ট, তৎপর্য্যায়।—দ্যোত, আতপ।
প্রকটিত, ত্রি. [প্রকট+ইত] প্রকাশিত, ব্যক্ত, স্পষ্ট।
প্রকম্পন, পুং. [প্র+কম্পন] বায়ু; নরকবিশেষ; (ন.) অতিশয় কম্পন।
প্রকর, ন. [প্র+কর] অগুরু; (পুং.) সমূহ; বিকীর্ণ কুসুমাদি
প্রকরণ, ন. [প্র+করণ] প্রস্তাব; অভিনেয় প্রকার; রূপকভেদ; গ্রন্থের সন্ধি; পাদ, একার্থাবচ্ছিন্ন সূত্র সমূহ; প্রসঙ্গ; কাণ্ড, বিষয়; অধ্যায়, পরিচ্ছেদ।
প্রকরী, স্ত্রী. [প্রকর+ঈ] নাট্যাঙ্গ; চত্বরভূমি, অঙ্গিনা, উঠান।
প্রকর্ষ, পুং. [প্র+কর্ষ] উৎকর্ষ, উত্তমতা; প্রশস্ত।
প্রকর্ষিত, ত্রি. [প্র+কর্ষিত] আকর্ষিত, স্থাপিত; উত্তমাবস্থা প্রাপিত।
প্রকাণ্ড, পুং. ন. [প্র+কাণ্ড] মূল হইতে শাখা অবধি বৃক্ষেরভাগ, গুঁড়ী, গাছের-গোড়া, তৎপর্য্যায়।—স্কন্ধ, কাণ্ড, দণ্ড; বিটপ; শস্ত।

প্রকাণ্ডকায়, ত্রি. [প্রকাণ্ড+কায়] প্রকাণ্ড শরীর, বৃহদ্দেহযুক্ত।

প্রকাণ্ডর, পুং. [প্রকাণ্ড+র] বৃক্ষ, দ্রুম, তরু।

প্রকাম, ত্রি. [প্র+কাম] যথেপ্সিত, যথেষ্ট।

প্রকার, পুং. [প্র+কার] ভেদ; সাদৃশ্য; বিশেষ; ধারা।

প্রকারান্তর, ত্রি. [প্রকার+অন্তর] অন্যবিধ, অন্যপ্রকার। [সময়।

প্রকাল, পুং. [প্র+কাল] বহুকাল; প্রসিদ্ধ

প্রকাশ, ন. [প্র+কাশ] কাংস্য, কাঁসা; (পুং.) রৌদ্র, তৎপর্য্যায়।—দ্যোত, আতপ, দীপ্তি, রোচিস্, ত্বিষ্, ওজস্, ভাস্, রুচিঃ, বিভা, আলোক, তেজঃ, রুক্; প্রদীপ্ত, তৎপর্য্যায়।—স্ফুট, স্পষ্ট, প্রকট, উল্বণ, ব্যক্ত, প্রব্যক্ত, উদ্রিক্ত; প্রহাস; অতি প্রসিদ্ধ; পরিস্কার; বিকাস; উদয়ত্বিষ।

প্রকাশক, ত্রি. [প্রকাশ+অক] প্রকাশকর্ত্তা, দীপ্তিকারক।

প্রকাশকজ্ঞাতা, পুং.[প্রকাশক+জ্ঞাতৃ]কুক্কুট; (ত্রি.) প্রকাশক জ্ঞান কর্ত্তা।

প্রকাশন, ন. [প্রকাশ+অন] প্রচারকরণ, ব্যক্তকরণ।

প্রকাশনীয়, ত্রি. [প্রকাশ+অনীয়] প্রকাশ্য, প্রকাশের যোগ্য।

প্রকাশাত্মা, পুং. [প্রকাশ+আত্মন্] সূর্য্য, দিবাকর; (ত্রি.) ব্যক্ত স্বভাব।

প্রকাশার্হ, ত্রি. [প্রকাশ+অর্হ] প্রকাশ-যোগ্য, ব্যক্তকরণোপযুক্ত।

প্রকাশিত, ত্রি. [প্রকাশ+ত] প্রকাশবিশিষ্ট, তৎপর্য্যায়।—দর্শিত, আবিষ্কৃত, প্রকটিত; উদিত, ব্যক্তীভূত।

প্রকাশ্য, ত্রি. [প্রকাশ+য] প্রকাশ করণের যোগ্য প্রকটনীয়।

প্রকীর্ণ, ন. [প্র+কীর্ণ] গ্রন্থবিচ্ছেদ; চামর; (পুং.) পূতিকরঞ্জ; (ত্রি.)বিক্ষিপ্ত; বিস্তৃত, ছড়ান; নানাপ্রকার মিশ্রিত।

প্রকীর্ণক, ন. [প্র+কীর্ণক] চামর; বিস্তার; গ্রন্থবিচ্ছেদ; পাপবিশেষ; (পুং.) তুরঙ্গম, ঘোটক।

প্রকীর্ত্তন, ন. [প্র+কীর্ত্তন] প্রস্তাবন; বর্ণন, কথন। [ভাষিত, উক্ত।

প্রকীর্ত্তিত, ত্রি. [প্র+কীর্ত্তিত] কথিত,

প্রকীর্য্য, পুং, [প্র+কীর্য্য] করঞ্জভেদ,নাটা-করঞ্জ; রীঠাকরঞ্জ, ঘৃতকরঞ্জ।

প্রকুপিত, ত্রি. [প্র+কুপিত] ক্রোধান্বিত।

প্রকুল, ন. [প্র+কুল] প্রশস্তবপুঃ, বিস্তৃত-দেহ

প্রকৃত, ত্রি. [প্র+কৃত] প্রকরণপ্রাপ্ত; প্রকর্ষে কৃত; অবিকৃত; যথার্থ, সত্য, বাস্তবিক।

প্রকৃততা, [প্রকৃত+ত-আ] প্রকৃতত্ব, যথার্থতা; উপযুক্ততা

প্রকৃতার্থিক, ত্রি. [প্রকৃত+অর্থিক] যাথার্থিক; ধার্ম্মিক; সরল।

প্রকৃতি, স্ত্রী.[প্র+কৃতি] স্বভাব; যোনি; লিঙ্গ; স্বামী; অমাত্য; সুহৃৎ; কোষ; রাষ্ট্র; দুর্গ; বল; পুরবাসিসমূহ; শিল্পী; শক্তি; যোষিৎ, স্ত্রী; পরমাত্মা; পঞ্চভূত, যথা।—ক্ষিতি, অপ,তেজঃ,বায়ু,আকাশ; করণ; গুহ; জন্তু; এক বিংশত্যক্ষর পাদ-ছন্দোবিশেষ; মাতা; প্রত্যয়ের প্রথম; সত্ত্বরজস্তম গুণের সাম্যাবস্থা, তৎপর্য্যায়।—প্রধান, মায়া, শক্তি, চৈতন্য; ভগবানের মায়ানাম শক্তি।

প্রকৃতিসিদ্ধ, ত্রি. [প্রকৃতি+সিদ্ধ] স্বভাবজাত, স্বাভাবিক।

প্রকৃষ্ট, ত্রি. [প্র+কৃষ্ট] প্রকর্ষযুক্ত, শ্রেষ্ঠ, তৎপর্য্যায়।—মুখ্য, প্রমুখ, প্রবর্হ, বর্য্য, বরেণ্য, প্রবর, পুরোগ, অনুত্তর, প্রাগ্রহর, প্রবেক, প্রধান, অগ্রেসর, উত্তম, অগ্র, গ্রামণী, অগ্রণী, অগ্রিম, জ্যাতা, অগ্র্য, অনুত্তম, অনবরার্দ্ধ্য,শ্রেষ্ঠ, পরার্দ্ধ্য, পর।

প্রকোপ, পুং. [প্র+কোপ] ক্রোধকরণ।

প্রকোষ্ঠ, পুং. [প্র+কোষ্ঠ] কফোণির অধো মণিবন্ধ পর্য্যন্ত হস্তভাগ, বাহুর অধোভাগ; গৃহদ্বার পিণ্ডক, বীথী, বৃহন্দ।

প্রকৃখর, পুং. [প্র+কৃখর] অশ্বেরকবচ; প্রখর, প্রক্ষর পাঠ।

প্রক্রন্তা, ত্রি. [প্র+ক্রন্ত] উপক্রমকর্ত্তা, আরম্ভ কর্ত্তা ।

প্রক্রম, পুং. [প্র+ক্রম] ক্রম; অবসর; প্রথমারম্ভ, উপক্রম, উদ্যোগ, অনুষ্ঠান ।

প্রক্রান্ত, ত্রি. [প্র+ক্রান্ত] প্রকরণস্থ; আরব্ধ; অনুষ্ঠিত ।

প্রক্রিয়া, স্ত্রী. [প্র+ক্রিয়া] রাজাদিগের চামর ব্যজন ও ছত্র ধারণাদি ব্যাপার, তৎপর্য্যায় ।—অধিকার, অধীকার, নিয়ত বিধি; প্রকৃষ্টকার্য্য, দৈবচেষ্টা; দৈবকর্ম্ম ।

প্রক্লিন্ন, ত্রি. [প্র+ক্লিন্ন] তৃপ্ত, তুষ্ট; অতিশয় ক্লেদযুক্ত ।

প্রক্কণ, পুং. [প্র+ক্কণ] বীণার কণিত; বীণাশব্দ, তৎপর্য্যায় ।—প্রক্কাণ, সুক্কাণ, সুক্কণ, উপক্কাণ, উপক্কণ । [শব্দ ।

প্রক্কাণ, পুং. [প্র+ক্কাণ] প্রক্কণ, বীণাদির

প্রখর, পুং. [প্র+খর] হয় সন্নাহ; কুকুর; অশ্বতর; (ত্রি.) অত্যন্ত খর ।

প্রখরজ্যোতিঃ, পুং. [প্রখর+জ্যোতিস্] উগ্ররশ্মি; সূর্য্য ।

প্রখরবুদ্ধি, স্ত্রী. [প্রখর+বুদ্ধি] তীক্ষ্ণবুদ্ধি, সূক্ষ্মবুদ্ধি ব্যক্তি ।

প্রখ্য, ত্রি. [প্র+খ্য] তুল্যার্থবাচক, সদৃশ ।

প্রখ্যাত, ত্রি. [প্র+খ্যাত] প্রকৃষ্ট খ্যাতিযুক্ত, বিখ্যাত ব্যক্তি ।

প্রখ্যাতবপ্তৃক, পুং. [প্রখ্যাত+বপ্তৃক] বিখ্যাতপিতৃক । [বিখ্যাতি ।

প্রখ্যাতি, স্ত্রী. [প্র+খ্যাতি] প্রকীষ্টকীর্ত্তি,

প্রগণ্ড, পুং. [প্র+গণ্ড] বাহুর উপরিভাগ, কনুইঅবধি বগলপর্য্যন্ত ।

প্রগণ্ডী, স্ত্রী. [প্র+গণ্ড+ঈ] বহিঃপ্রাকার; দুর্গপ্রাকার ভিত্তিতে বলীদিগের উপবেশন স্থান ।

প্রগত, ত্রি. [প্র+গত] বিস্তৃত; বৃদ্ধি প্রাপ্ত ।

প্রগতজানু, ত্রি. [প্রগত+জানু] প্রগত জানুক, বক্রপদ, খঞ্জবিশেষ; (ত্রি.) যাহার জানুর মধ্যে নিত্য মহদন্তরাল, পাকারাক্ ব্যক্তি, তৎপর্য্যায় ।—প্রজ্ঞ, প্রগতজানু ।

প্রগন্ধ, পুং. [প্র+গন্ধ] পর্পট ।

প্রগল্‌ভ, ত্রি. [প্র+গল্‌ভ] প্রত্যুৎপন্ন মতি, তৎপর্য্যায় ।—প্রতিভান্বিত; দাম্ভিক; ব্যাপক ।

প্রগল্‌ভতা, স্ত্রী. [প্রগল্‌ভ+ত-আ] প্রগল্‌ভের স্বভাব, প্রাগল্‌ভ্য, তৎপর্য্যায় ।—উৎসাহ, অভিযোগ, উদ্যম, প্রৌঢ়ি, উদ্যোগ, কিয়দেতিকা, অধ্যবসায়, উর্জ্জ; ব্যাপকতা; দাম্ভিকতা ।

প্রগল্‌ভা, স্ত্রী. [প্রগল্‌ভ+আ] নায়িকাবিশেষ; ধ্যাপিকা; দাম্ভিকা ।

প্রগাঢ়, ত্রি. [প্র+গাঢ়] ভৃশ; কৃচ্ছ্র; দৃঢ়, শক্ত ।

প্রগাঢ়তা, স্ত্রী. [প্র+গাঢ়তা] দৃঢ়তা; গভীরতা ।

প্রগাতা, ত্রি. [প্র+গাতৃ] উত্তমগায়ক, উৎকৃষ্ট গীতকারী, সুগায়ক ।

প্রগুণ, ত্রি. [প্র+গুণ] ঋজু, সরল; (ন.) উত্তম স্বভাব ।

প্রগৃহ্য, ত্রি. [প্র+গৃহ্য] সন্ধিরহিত পদ ।

প্রগে, ব্য. প্রাতঃকালে, প্রত্যুষে ।

প্রগেতন, ত্রি. [প্রগে+তন] প্রগেভব, প্রাতর্ভব, প্রাতঃকালীন, শ্বস্তন ।

প্রগ্রহ, পুং. [প্র+গ্রহ] তুলাসূত্র; অশ্বাদির রশ্মি, লাগাম, রজ্জু; বন্দী, স্তুতিপাঠক. নিয়মন; ভুজ; রশ্মি; সুবর্ণালু মহীরুহ; কর্ণিকার বৃক্ষ ।

প্রগ্রাহ, পুং. [প্র+গ্রাহ] প্রগ্রহ, অশ্বাদির রশ্মি, লাগাম, রজ্জু ।

প্রগ্রীব, পুং. ম, [প্র+গ্রীব] গৃহাদির প্রান্তে ধারণ দারুপংক্তি; বাতায়ন, গবাক্ষদ্বার, ঝরকা; সুখশালা; অশ্বশালা, মন্দুরা, আস্তাবল; ক্রমশীর্ষকর ।

প্রঘটাবিৎ, ত্রি. [প্র+ঘটা-বিদ্] শাস্ত্রগণ্ড ।

প্রঘণ, পুং. [প্র+ঘণ] বহির্দ্বার প্রকোষ্ঠক, বাহিরের বারাণ্ডা, তৎপর্য্যায় ।—প্রঘাণ, অলিন্দ, আলিন্দ; তাম্রকুণ্ড; লৌহ মুদ্গর ।

প্রঘন, পুং. [প্র+ঘন] প্রঘণ; অলিন্দ, বাহিরের বারাণ্ডা; তাম্রকুণ্ড; লৌহ মুদ্গর ।

প্রঘস, পুং. [প্র+ঘস] অসুর, দৈত্য ।

প্রঘাণ, পুং. [প্র+ঘাণ] প্রঘণ, অলিন্দ, বাহিরের বারাণ্ডা; তাম্রকুণ্ড; লৌহ মুদ্গার। [প্রকৃষ্ট আঘাত।

প্রঘাত, পুং. [প্র+ঘাত] যুদ্ধ, সংগ্রাম, রণ;

প্রঘান, পুং. [প্র+ঘান] প্রঘণ, অলিন্দ, বাহিরের বারাণ্ডা; তাম্রকুণ্ড; লৌহ মুদ্গার।

প্রঘূর্ণ, পুং. [প্র+ঘূর্ণ] অতিথি; (ত্রি.) অতিশয় ঘূর্ণনিযুক্ত।

প্রঘোষক, পুং. [প্র+ঘোষক] ধ্বনি, শব্দ, নাদ; ঘোষণাকারী ব্যক্তি।

প্রঘোষবান্, পুং. [প্রঘোষ+বৎ] ঘোষণাকারী ব্যক্তি। [সেনা।

প্রচক্র, ন. [প্র+চক্র] চলিত সৈন্য, প্রস্থিত

প্রচণ্ড, পুং. [প্র+চণ্ড] শ্বেতকরবীর; (ত্রি.) দুর্ব্বহ, দুর্দ্ধর্ষ; অত্যুগ্র; প্রগল্ভ, প্রতাপী।

প্রচণ্ডমূর্ত্তি, স্ত্রী. [প্রচণ্ড+মূর্ত্তি] বরুণবৃক্ষ; প্রতাপযুক্ত শরীর, উগ্রমূর্ত্তি, ভয়ানক আকার।

প্রচণ্ডা, স্ত্রী. [প্র+চণ্ড-আ] ভগবতীর নায়িকাবিশেষ; শ্বেতদূর্ব্বা; ভয়ঙ্করমূর্ত্তিবিশিষ্টাস্ত্রী

প্রচয়, পুং. [প্র+চয়] সমূহ, রাশি, সকল; শিথিলাখ্য সংযোগ, পরিমাণে অনেক।

প্রচর, পুং. [প্র+চর] পন্থা, পথ; প্রকর্ষে গমন।

প্রচরদ্রূপ, ত্রি. [প্রচরৎ+রূপ] ব্যক্তরূপ, প্রচারবিশিষ্ট; সর্ব্বত্র চলিত, প্রচলিত।

প্রচলন, ন. [প্র+চলন] প্রচার, সর্ব্বগ্রাহ্যতা।

প্রচলাক, পুং. [প্র+চলাক] শরাঘাত; শিখণ্ড, ময়ূর; ভুজঙ্গম, সর্প।

প্রচলাকী, পুং. [প্রচল+অকিন্] ময়ূর, শিখী, কলাপী। [ঘূর্ণিত।

প্রচলায়িত, ত্রি. [প্র+চলায়িত] নিদ্রাদিদ্বারা

প্রচলিত, ত্রি. [প্র+চলিত] প্রসিদ্ধ; সর্ব্বত্র গৃহীত; চঞ্চল। [গুরু।

প্রচক্ষ্য, পুং. [প্র+চক্ষস] বৃহস্পতি, দেব-

প্রচার, পুং. [প্র+চার] প্রচরণ, ব্যক্ত, প্রকাশ; ঘোষণা; গবাদি পালন।

প্রচারক, ত্রি. [প্র+চারক] প্রকাশক; ব্যক্তকারক। [প্রকাশক।

প্রচারণ, ন. [প্র+চারণ] ব্যক্তকরণ, প্রকাশ করণ; চরাওন।

প্রচুর, ত্রি. [প্র+চুর] অনেক, তৎপর্য্যায়।—প্রভূত, প্রাজ্য, অদভ্র, বহুল, বহু, পুরুহ, পুরু, ভূয়িষ্ঠ, স্ফির, ভূয়, ভূরি।

প্রচুরতা, স্ত্রী. [প্রচুর+ত-আ] বাহুল্য, আধিক্য। [আধিক্য।

প্রচুরত্ব, ন. [প্রচুর+ত্ব] যথেষ্টতা, বাহুল্য

প্রচুরপুরুষ, পুং. [প্রচুর+পুরুষ] চৌর, তস্কর; ব্যক্তিসমূহ।

প্রচেতসী, স্ত্রী. [প্রচেতস্+ঈ] কট্‌ফল; প্রচেতামুনির কন্যা।

প্রচেতাঃ, পুং. [প্র+চেতস্] বরুণ; মুনি-ব্রহ্মপুত্রবিশেষ; প্রকৃষ্টচিত্ত; প্রাচীন বর্হিরাজার পুত্র; প্রজাপতি।

প্রচেতা, পুং. [প্র+চেতৃ] রথবাহক সারথি

প্রচেল, ন. [প্র+চেল] সুগন্ধিকাষ্ঠবিশেষ, পীতকাষ্ঠ; প্রকৃষ্টবস্ত্র। [উত্তমবস্ত্র।

প্রচেলক, পুং. [প্র+চেলক] ঘোটক, অশ্ব;

প্রচোদন, ন. [প্র+চোদন] বাক্‌প্রয়োগ, কথন। [বৃক্ষ।

প্রচোদনী, স্ত্রী. [প্র+চোদনী] কণ্টকারী

প্রচোদিত, ত্রি. [প্র+চোদিত] প্রেরিত নিয়োজিত, গমনানুমতি প্রাপ্ত; সম্যক্ কথিত।

প্রচ্যুত, ত্রি. [প্র+চ্যুত] পতিত; ক্ষরিত।

প্রচ্ছক, ত্রি. [প্রচ্ছ+অক] প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক। [বস্ত্র।

প্রচ্ছদ, পুং. [প্র+ছদ] আচ্ছাদন, উত্তরীয়-

প্রচ্ছদপট, পুং. [প্রচ্ছদ+পট] উত্তরীয়বসন; পাছুড়ি, তৎপর্য্যায়।—নিচোল, নিচুল, নিচোলী।

প্রচ্ছনা, স্ত্রী. [প্রচ্ছ+অন-আ] আমন্ত্রণ, নিমন্ত্রণ।

প্রচ্ছন্ন, [প্র+ছন্ন] অন্তর্দ্বার; (ত্রি) আচ্ছাদিত, আচ্ছন্ন; গুপ্ত।

প্রচ্ছন্নরূপে, বা. [প্রচ্ছন্ন+রূপে] গুপ্তরূপে, গোপনভাবে।

প্রচ্ছর্দ্দিকা, স্ত্রী. [প্র+ছর্দ্দিকা] বমি, বমন,

প্রচ্ছাদন, ন [প্র+চ্ছাদন] উত্তরীযবস্ত্র, তৎ-
পর্য্যায।—প্রাবরণ, সংব্যান, উত্তরী-
য়ক।

প্রচ্ছাদিত, ত্রি. [প্র+চ্ছাদিত] আচ্ছাদিত,
আবৃত। [প্রজাবান্পুরুষ।

প্রজ, পুং. [প্র+জন-অ] পতি, স্বামী, ভর্ত্তা.

প্রজন, পুং. [প্র+জন] উপসর: স্ত্রী গবা-
দিতে পুঙ্গবাদির প্রথম গর্ব্ভাধানের
নিমিত্ত মৈথুনাভিযোগ; (ন.) পশুদিগের
গর্ব্ভগ্রহণকাল; গাভীদিগের প্রথম গর্ব্ভ-
গ্রহণাভিযোগ; স্ত্রীগবীতে পুঙ্গবাদির
প্রথম গমন; যোনি; জন্ম, উৎপত্তি।

প্রজনন, ন. [প্র+জনন] যোনি; জন্ম, উৎ-
পত্তি, প্রগম।

প্রজনিকা, স্ত্রী. [প্র+জনিকা] মাতা, জননী।

প্রজনিষ্ণু, ত্রি. [প্রজন+ইষ্ণু] উৎপত্তি;
উৎপত্তিমৎ।

প্রজব, পুং. [প্র+জব] প্রকৃষ্টবেগ; অতিশয়
বেগ।

প্রজবী, ত্রি. [প্র+জবিন্] প্রকৃষ্ট বেগযুক্ত,
অতিশয় বেগ বিশিষ্ট।

প্রজল্প, পুং. [প্র+জল্প] বাক্যবিশেষ; গল্প।

প্রজা, স্ত্রী. [প্র+জন-আ] সন্ততি, সন্তান;
অধিকারস্থিত, জন; রাইয়ত

প্রজাগর, পুং. [প্র+জাগর] অতিশয় জাগ-
রণ; অতিশয় চিন্তা।

প্রজাতা, স্ত্রী. [প্র+জাত-আ] জাতাপত্যা,
প্রসূতা; কন্যাপ্রজা।

প্রজাদা, স্ত্রী. [প্রজা+দা] গর্ব্ভদাত্রী ক্ষুপ;
(ত্রি.) প্রজা দাতৃ।

প্রজাদান, ন. [প্রজা+দান] রজত, রৌপ্য,
রূপা। [কর্ম্ম।

প্রজাধর্ম্ম, পুং. [প্রজা+ধর্ম্ম] প্রজারকর্ত্তব্য

প্রজানত, ত্রি. [প্র+জানত্] বিজ্ঞ, জ্ঞানী।

প্রজানন্তী, স্ত্রী. [প্র+জানন্তী] পণ্ডিতা,
প্রাজ্ঞী, বিজ্ঞা।

প্রজাপ, পুং. [প্রজা+পা-অ] রাজা, নৃপ,
ভূপতি; পিতা।

প্রজাপতি, পুং. [প্রজা+পতি] ব্রহ্মা; দক্ষ-
কশ্যপাদি; মহীপাল; জামাতা; দিবা-
কর, বহ্নি, ত্বষ্টা, দশপ্রজাপতি, যথা।—
মরীচি, অত্রি, অঙ্গিরাঃ, পুলস্ত্য, পুলহ,
ক্রতু, প্রচেতাঃ, বশিষ্ঠ, ভৃগু, নারদ;
একবিংশতি প্রজাপতি, যথা।—ব্রহ্মা,
স্থাণু, মনু, দক্ষ, ভৃগু, ধর্ম্ম, যম,
মরীচিঃ, অঙ্গিরা, অত্রি, পুলস্ত্য, পুলহ,
ক্রতু, বশিষ্ঠ, পরমেষ্ঠী, বিবস্বান্, সোম,
কর্দ্দম, ক্রোধ, অর্ব্বাক্, ক্রীত; পিতা;
স্বনামখ্যাত কীটবিশেষ।

প্রজাবতী, স্ত্রী. [প্রজা+বৎ-ঈ] ভ্রাতৃজায়া;
জ্যেষ্ঠভ্রাতৃপত্নী; পুত্রবতী, সন্তান-
বিশিষ্টা।

প্রজাবর্গ, পুং. [প্রজা+বর্গ] প্রজাসমূহ,
অধিকারস্থিত জনসমূহ।

প্রজাবিতা, পুং. [প্রজা+বিতৃ] প্রজাপালন
কর্ত্তা।

প্রজাবৃদ্ধি, স্ত্রী. [প্রজা+বৃদ্ধি] বংশবৃদ্ধি;
প্রজাসম্বর্দ্ধন।

প্রজাসেয়মন, ত্রি. [প্রজা+সেয়মন] প্রজা
ধ্বংসকরণ; (পুং.) প্রজাপীড়ক।

প্রজাহিত, ন. [প্রজা+হিত] জল; (ত্রি.)
প্রজোপকার।

প্রজিন, পুং. [প্র+জিন] বায়ু, অনিল
বাতাস।

প্রজীন, পুং. [প্র+জীন] বায়ু, অনিল,
বাতাস।

প্রজীবন, ন. [প্র+জীবন] জীবনোপায়।

প্রজুষ্ট, ত্রি. [প্র+জুষ্+ত] আসক্ত; ভক্তি-
মান। ।নৃপতি।

প্রজেশ্বর, পুং. [প্রজা+ঈশ্বর] রাজা, ভূপতি,

প্রজ্ঞ, ত্রি. [প্র+জ্ঞা-অ] পণ্ডিত, বুদ্ধিমান্,
বিজ্ঞ, প্রবীণ; প্রগতজানুক।

প্রজ্ঞপ্তি, স্ত্রী. [প্র+জ্ঞপ্তি] সঙ্কেত; জ্ঞাত-
করণ, বিজ্ঞাপন।

প্রজ্ঞপ্তী, স্ত্রী. [প্র+জ্ঞপ্তি-ঈ] জিনবিদ্যা
দেবীবিশেষ।

প্রজ্ঞা, স্ত্রী. [প্র+জ্ঞা] বুদ্ধি, তদ্বৈদিক
পর্য্যায়।—কেতু, কেত, চেতঃ, চিত্ত,
ক্রতু, অসু, ধী, শচী, মায়া, বয়ুন,
অভিখ্যা; প্রাজ্ঞী; সরস্বতী।

প্রজ্ঞাকায়, পুং. [প্রজ্ঞা+কায়] মঞ্জুঘোষ।

প্রজ্ঞাচক্ষুঃ, পুং. [প্রজ্ঞা+চক্ষুস্] ধৃতরাষ্ট্র, দুর্য্যোধনের পিতা, (ত্রি.) বুদ্ধিমান, যে জ্ঞানদৃষ্টিদ্বারা অবলোকন করে।

প্রজ্ঞাত, ত্রি. [প্র+জ্ঞাত] বিখ্যাত, জানিত।

প্রজ্ঞান, ন. [প্র+জ্ঞান] বুদ্ধি; চিহ্ন; (ত্রি.) পণ্ডিত।

প্রজ্ঞাবৎ, ত্রি. [প্রজ্ঞা+বৎ] প্রজ্ঞাবিশিষ্ট, বুদ্ধিমান।

প্রজ্ঞাহীন, ত্রি. [প্রজ্ঞা+হীন] প্রজ্ঞাশূন্য, বুদ্ধিহীন, ধী শক্তিরহিত।

প্রজ্ঞী, ত্রি. [প্রজ্ঞা+ইন্] পণ্ডিত, বিদ্বান্, জ্ঞানী।

প্রজ্ঞু, পুং. [প্র+জ্ঞু] প্রগতজানুক।

প্রজ্বলন, ন. [প্র+জ্বলন] উদ্দীপন; দহন।

প্রজ্বলিত, ত্রি. [প্র+জ্বলিত] প্রকৃষ্ট জ্বলনবিশিষ্ট, জ্বলন্ত।

প্রজ্বাল, পুং. [প্র+জ্বাল] মহাক্রোধী; উদ্দীপ্তবহ্নি।

প্রডীন, ন. [প্র+ডীন] পক্ষীদিগের গতিবিশেষ; প্রথমডীন, তির্য্যগ্গমন।

প্রণ, পুং. [প্র+ণ] পুরাণ, পুরাতন, বহুকালীন।

প্রণত, ত্রি. [প্র+নত] প্রকর্ষেণনত, প্রণতিবিশিষ্ট, কৃতপ্রণাম, চরণেপতিত; নম্র।

প্রণতি, স্ত্রী. [প্র+নতি] প্রণামী, তৎপর্য্যায়। প্রণিপাত, অনুনয়; নম্রভাব; নমস্কার।

প্রণদিত, ত্রি. [প্র+নদিত] শব্দকরণ।

প্রণব, পুং. [প্র+নব] ওঁকার, তৎপর্য্যায়।—তার, বেদাদি, বেদাদ্য, বর্ত্তুল, ধ্রুব, ত্রৈগুণ্য, ত্রিগুণ, ব্রহ্ম, সত্য, মন্ত্রাদি, অব্যয়, ব্রহ্মবীজ, ত্রিতত্ত্ব, পঞ্চরশ্মি, ত্রিদৈবত; মন্ত্রসেতু।

প্রণয়, পুং. [প্র+নয়] প্রীতিযুক্ত প্রার্থনা, তৎপর্য্যায়।—প্রশ্রয়, প্রসর, প্রসব, যাচ্ঞা; বিশ্রম্ভ; নির্ব্বাণ; প্রেম, প্রীতি, অনুরাগ, আনুরক্তি, ভালবাসা।

প্রণয়ন, ন. [প্র+নয়ন] রচন, প্রস্তুতকরণ; সংস্কার করণ।

প্রণয়মান, পুং. [প্রণয়+মান] প্রচালিত।

প্রণয়ান, পুং. [প্র+নয়ান] প্রণয়ের বিবাদ, পিরিতের ঝকড়া।

প্রণয়িনী, স্ত্রী. [প্রণয়িন্+ঈ] ভার্য্যা, প্রেমাস্পদ বনিতা, অঙ্গনা, স্ত্রী।

প্রণয়ী, পুং. [প্রণয়+ইন্] স্বামী; (ত্রি.) প্রণয়যুক্ত, কৃতপ্রেমা, অনুরাগী অনুরক্ত।

প্রণষ্ট, ত্রি. [প্র+নষ্ট] অতিশয় নাশযুক্ত, বিনষ্ট; অপচিত, অপহৃত।

প্রণাদ, পুং. [প্র+নাদ] অনুরাগ জন্য মুখ কণ্ঠাদির শব্দ; গুণানুরক্ত লোকপ্রভব শব্দ; তার শব্দ; শ্রবণাময়; কর্ণনাদ।

প্রণাম, পুং. [প্র+ণম–অ] প্রণতি, প্রণিপাত, ভক্তি শ্রদ্ধাতিশয়যুক্ত নমস্কার, স্বাপকর্ষবোধক ব্যাপারবিশেষ, তাহা চারিপ্রকার, যথা।—অভিবাদন, অষ্টাঙ্গ, পঞ্চাঙ্গ, করশিরঃ সংযোগ।

প্রণামী, পুং. [প্র+নামিন্] নমস্কারী; প্রণামার্থ দেয় বস্তু।

প্রণায্য, ক্লি. [প্র+নায্য] অসম্মত; অভিলাষবিবর্জ্জিত; সাধু; প্রিয়।

প্রণাল, পুং. [প্র+নাল] জলনিঃসরণমার্গ; পয়নালা।

প্রণালী, স্ত্রী. [প্র+নাল–ঈ] জলনিঃসরণ পথ, পয়নালা, নর্দ্দমা; ধারা, রীতি।

প্রণাশ, পুং. [প্র+নাশ] ধ্বংস; উৎখাত; ক্ষতি।

প্রণিধান, ন. [প্র+নিধান] প্রযত্ন, সমাধি; প্রবেশন; অবগতি, ধ্যান।

প্রণিধি, পুং. [প্র+নিধি] চর, দূত; প্রার্থনা; অবধান; অনুচর; মনোযোগ।

প্রণিপাত, পুং. [প্র+নিপাত] প্রণতি, প্রণাম, নমস্কার।

প্রণিহিত, ত্রি. [প্র+নিহিত] স্থাপিত; প্রাপ্ত; সমাহিত, মনোযোগকৃত; রক্ষিত।

প্রণীত, ত্রি. [প্র+নীত] উপসম্পন্ন, পাকদ্বারা রূপরসসম্পন্ন ব্যঞ্জনাদি; ক্ষিপ্ত; বিহিত; প্রবেশিত; কৃত; (পুং) সংস্কৃতানল, যজ্ঞে মন্ত্রাদিদ্বারা প্রজ্বালিত অগ্নি।

প্রণীতা, স্ত্রী. [প্র+নীত–আ] যজ্ঞেরপাত্র বিশেষ; যেহেতু সে বিবাহে ...

প্রণুত, ত্রি. [প্র + নুত] স্তুত, কৃতস্তব, স্তব-করা।

প্রণেয়, ত্রি. [প্র + নেয়] বশ্য, বশতাপন্ন প্রণয়পাত্র; প্রশস্ত দানগ্রহণ।

প্রণোদ, পুং. [প্র + নোদ] প্রেরণ.

প্রণোদিৎ, ত্রি. [প্রণোদ+ইত] প্রেরিত।

প্রততি, স্ত্রী. [প্র + ততি] বিস্তৃতি, বিস্তার; সমূহ; বল্লী।

প্রততী, স্ত্রী. [প্র + ততি-ঈ] ব্রততী।

প্রতন, ত্রি. [প্র + তন] পুরাতন, চিরকালীন, পুরাণ।

প্রতনু, ত্রি. [প্র + তনু] অতিশয় সূক্ষ্ম।

প্রতপ্ত, ত্রি. [প্র+তপ্ত] উত্তপ্ত; খ্যাতাপন্ন, সন্ত্রাস্ত; প্রভাবান্বিত।

প্রতর্কণ, ন. [প্র + তর্কণ] বিতর্ক, বাদানুবাদ, তৎপর্য্যায়।—তর্ক, বিতর্ক, বূহ বহ, উহ, বিতর্কণ, অধ্যাহার, অধ্যাহরণ উহন।

প্রতল, ন. [প্র + তল] পাতালভেদ; (পুং.) বিস্তৃতাঙ্গুলিপাণি, চপেট, চাপড়।

প্রতান, পুং. [প্র+তান] বিস্তৃত, বিস্তার; চৌড়া, ওসার; বায়ুরোগবিশেষ, অপতানক, অবতানক।

প্রতানিনী, স্ত্রী. [প্রতান+ইন্‌-ঈ]প্রতানবতী, বিস্তৃতালতাদি।

প্রশংসন, ন. [প্র+শংসন] সুখ্যাতিকথন, গুণকীর্ত্তন।

প্রশংসনীয়, ত্রি. [প্র+শংসনীয়] সদ্গুণ বিশিষ্ট, সুখ্যাতি ভাজন, প্রতিষ্ঠারযোগ্য।

প্রশংসা, স্ত্রী. [প্র+শংস+আ] প্রশংসন, গুণকথন, তৎপর্য্যায়।—বর্ণনা, ঈড়া, স্তব, স্তোত্র, স্তুতি, নুতি, শ্লাঘা, অর্থবাদ, প্রতিষ্ঠা।

প্রশংসিত, ত্রি. [প্রশংসা+ইত] প্রশস্ত, প্রতিষ্ঠিত, শ্লাঘ্য, স্তুত্য।

প্রশংসিতব্য, ত্রি. [প্রশংসা+ইতব্য] প্রশংসার উপযুক্ত।

প্রশংসী, ত্রি. [প্র+শংসিন্] শ্লাঘাবিশিষ্ট, প্রশংসাযুক্ত; গুণানুবাদী, স্তাবক।

প্রশম, পুং. [প্র+শম] শমতা, উপশম; বিরাম; নিবারণ।

প্রশমন, ন. [প্র+শমন] মারণ, বধ; শমতা, প্রশান্তি; বিরতি; নিবারণ।

প্রশমিত, ত্রি. [প্র+শমিত] উপশমবিশিষ্ট।

প্রশস্ত, ত্রি. [প্র+শস্ত] ক্ষেম, মঙ্গল; প্রশংসনীয়, অতিশ্রেষ্ঠ, অত্যুত্তম; বিস্তৃত, পরিসরান্বিত; বৈধ।

প্রশস্তি, স্ত্রী. [প্র+শস্তি] উত্তমতা; গুণস্তুতি।

প্রশান্, ত্রি. [প্র+শাম্]প্রকৃষ্টরূপে শমতাবিশিষ্ট, শান্ত, অতিধীর।

প্রশান্ত, ত্রি. [প্র+শান্ত] প্রকৃষ্টরূপে শমতাবিশিষ্ট, শান্ত, অতিধীর।

প্রশাম, পুং. [প্র+শাম-অ] প্রশান্ত, স্বাস্থ্য।

প্রশাসন, ন. [প্র+শাসন] শাসন, দণ্ড।

প্রশাস্য, ত্রি. [প্র+শাস্য] প্রশংসনীয়; শাসনোপযোগ্য।

প্রশাস্তা, ত্রি. [প্র+শাস্তৃ] ঋত্বিক; মিত্র; শাসনকর্ত্তা। [প্রশস্ত।

প্রশুদ্ধ, ত্রি. [প্র+শুদ্ধ] প্রবিত্র; যথার্থ;

প্রশ্ন, পুং. [প্র+শম-ত] জিজ্ঞাসা, তৎপর্য্যায়।—অনুযোগ, পৃচ্ছা, অন্বেষণ।

প্রশ্নদূতী, স্ত্রী. [প্রশ্ন+দূতী] প্রহেলিকা, হেঁয়ালী।

প্রশ্রথ, পুং. [প্র+শ্রথ] শিথিলতা।

প্রশ্রবণ, ন. [প্র+শ্রবণ] পর্ব্বতের নির্ঝর।

প্রশ্নী, স্ত্রী. [প্রশ্ন+ঈ] কুম্ভিকা, পানা, বারিপর্ণ। [প্রাগল্ভ্য।

প্রশ্রয়, পুং. [প্র+শ্রয়] প্রণয়, স্নেহ; স্পর্দ্ধা,

প্রশ্রয়ান্বিত, ত্রি. [প্র+শ্রয়+অন্বিত] প্রণয়ী; বিনয়ান্বিত; স্পর্দ্ধাযুক্ত; (প্র.) আস্কারা প্রাপ্ত।

প্রশ্রিত, ত্রি. [প্র+শ্রিত] বিনীত; স্নেহান্বিত, সিক্ত; এককরের অঞ্জলিতে যত দ্রব্য ধরে।

প্রশ্লথ, ত্রি. [প্র+শ্লথ] শিথিল; অশক্ত, অকঠিন; আল্‌গা, ঢিলা।

প্রশ্বাস, পুং. [প্র+শ্বাস] দীর্ঘনিঃশ্বাস; নাসিকাস্থবায়ুর রেচন।

প্রষ্টা, ত্রি. [প্রচ্ছ+তৃ] প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক, তৎপর্য্যায়।—কথংকথিত।

প্রষ্ঠ, ত্রি. [প্র+স্থা-ক] অগ্রগামী; শ্রেষ্ঠ, প্রধান।

প্রষ্ঠবাট্, পুং. [প্রষ্ঠ+বাহ] যুগপার্শ্বগ; শিক্ষার্থযুগপার্শ্বে যোজিত অশ্বাদি; যুবা বৃষাদির দমনার্থ যোজিত।

প্রষ্ঠী, স্ত্রী. [প্রষ্ঠ+ঈ] শ্রেষ্ঠভার্য্যা, অগ্রগামী পত্নী। [শ্রেষ্ঠ।

প্রষ্ঠু, ত্রি. [প্রষ্ঠ+উ] অগ্রগামী; প্রধান;

প্রষ্ঠৌহী, স্ত্রী. [প্রষ্ঠ+বহ-ঈ] বালগর্ভিনী, প্রথমগর্ভবতী গাভী।

প্রসক্ত, ন. [প্র+সক্ত] নিত্য; (ত্রি.) প্রসঙ্গবিশিষ্ট; অতিশয়; অনুরক্ত, যুক্ত।

প্রসক্তি, স্ত্রী. [প্র+সক্তি] প্রসঙ্গ, প্রণয় ; অনুমিতি, অনুরাগ; আপত্তি; সম্ভাবনা।

প্রসঙ্গ, পুং. [প্র+সঙ্গ] সঙ্গতিবিশেষ; প্রসক্তি প্রস্তাব; মৈথুন ; সম্বন্ধ; উদ্দেশ ; উপলক্ষ।

প্রসঙ্গসঙ্গতি, স্ত্রী. [প্রসঙ্গ + সঙ্গতি] প্রসঙ্গাধীন, অসঙ্গতঃ।

প্রসজ্যপ্রতিষেধ, পুং. [প্রসজ্য+প্রতিষেধ] নিষেধবিশেষ।

প্রসত্তি, স্ত্রী. [প্র+সত্তি] প্রসন্নতা, নৈর্ম্মল্য, নির্ম্মলতা। [খ্যাতি।

প্রসত্বরী, স্ত্রী. [প্র+সত্বর ঈ] প্রতিপত্তি,

প্রসত্বা, পুং. [প্র+সত্বন্] ধর্ম্ম ; প্রজাপতি

প্রসন্ন, ত্রি. [প্র+সন্ন] নির্ম্মল, তৎপর্য্যায় — অচ্ছ, প্রফুল্ল ; সন্তুষ্ট।

প্রসন্নচিত্ত, ত্রি. [প্রসন্ন+চিত্ত] সন্তুষ্টচিত্ত ; দয়ালু, অনুগ্রাহক।

প্রসন্নতা, স্ত্রী. [প্র+সন্ন–তা] সন্তোষ, তৎপর্য্যায়।—প্রসাদ, প্রফুল্লতা ; নির্ম্মলতা, স্বচ্ছতা।

প্রসন্না, স্ত্রী. [প্র + সন্ন–আ] সুরা; মদ্যবিশেষ; প্রসাদবিশিষ্টা।

প্রসন্নান্তঃকরণ, ত্রি. [প্রসন্ন + অন্তঃ+করণ] প্রসন্নমনা, সন্তুষ্টচিত্ত ; দয়ালু।

প্রসন্নেরা, স্ত্রী. [প্রসন্ন+ইরা] মদিরা, সুরা, মদ্য।

প্রসব, পুং. [প্র+সব] গর্ভমোচন, তৎপর্য্যায়।—প্রসূতি, অপত্যজন্মান, উৎপাদ; অপত্য ; ফল; কুসুম।

প্রসবক, পুং. [প্রসব + ক] পিয়ালবৃক্ষ।

প্রসবগৃহ, পুং. [প্রসব + গৃহ] সূতিকাগৃহ, গর্ভমোচনশালা, প্রসবাগার, আঁতুড়ঘর।

প্রসবন, ন. [প্র + সবন] উৎপাদন, জন্মান।

প্রসববন্ধন, ন. [প্রসব + বন্ধন] বৃন্ত, বোঁটা।

প্রসবস্থলী, স্ত্রী. [প্রসব+স্থলী] মাতা, জননী; প্রসবাগার।

প্রসবাগার, পুং. [প্রসব+আগার] সূতিকাগার, আঁতুড়ঘর।

প্রসবিতা, পুং. [প্র + সবিতৃ] পিতা, জনক, উৎপাদক।

প্রসবিত্রী, স্ত্রী. [প্র + সবিত্রী] জনয়িত্রী, মাতা, উৎপাদিকা।

প্রসব্য, ত্রি. [প্র+সব্য] প্রতিকূল ; প্রতিপক্ষ; বিপরীত।

প্রসভ, পুং. [প্র + সভ] বলাৎকার; (ত্রি.) হঠাৎ, অকস্মাৎ।

প্রসর, পুং. [প্র+সর] প্রকৃষ্টরূপে সঞ্চার, তৎপর্য্যায়।—বিসর্প; প্রণয় ; বেগ ; সমূহ ; যুদ্ধ; নারাচ, অস্ত্র।

প্রসরণ, ন. [প্র + সরণ] সৈন্যাদির চতুর্দ্দিক ব্যাপন, তৎপর্য্যায়।—আসার, প্রসরণী, প্রসরণি, অসারণী, ; সৈন্যাদিগের তৃণকাষ্ঠাদিনিমিত্ত ইতস্ততোগমন।

প্রসরণী, স্ত্রী. [প্র+সরণ–ঈ] প্রসরণ, সৈন্যাদির চতুর্দ্দিক ব্যাপন।

প্রসর্পণ, ন. [প্র + সর্পণ] গমন ; প্রসরণ।

প্রসহ, পুং. [প্র+সহ] বলাৎকার দ্বারা ভক্ষণকারীপক্ষী, যথা।—কুররপক্ষী, শ্যেন-গৃধ্র, উলূক, চিল্ল, শশঘাত, চাস, ভাস. পক্ষী তাদি।

প্রসহন, পুং. [প্র+সহন] হিংস্রকপশু; (ন.) আলিঙ্গন; সহকরণ; (ত্রি.) প্রসহকারী। [ব্যাকুড়।

প্রসহা, স্ত্রী. [প্র + সহ] বৃহতিকা, বৃহতী,

প্রসহ্য, অ. [প্র+সহ্য] হঠার্থক, বলাৎকারার্থ, বলপূর্ব্বক।

প্রসহ্যচৌর, পুং. [প্রসহ্য+চৌর] হঠাৎচৌর্য্যকারী, ডাকাইত, লুটেরা, তৎপর্য্যায়।—বন্দীকার, মাচল, চিল্লাভ।

প্রসহ্যাপহারী, ত্রি. [প্রসহ্য + অপহারিন্] অকস্মাৎ চৌর্য্যকারী, ডাকাইত।

প্রসাতিকা, স্ত্রী. [প্র+সাতিকা] অণুব্রীহি, সূক্ষ্মধান্য, সরুধান।

প্রসাদ, পুং. [প্র+সাদ] প্রসন্নতা, নৈর্ম্মল্য, অনুগ্রহ ; কাব্যপ্রাণ; স্বাস্থ্য, সুস্থতা ; প্রসত্তি; বৈদর্ভীরীতিযুক্তকাব্যেরগুণ; দেবনিবেদিত দ্রব্য ; গুর্ব্বাদিরভুক্তাবশেষ।

প্রসাদন, ন. [প্র+সাদন]অন্ন; প্রসন্নতাকারক, সেবক; শত্রুদূরীকরণ।

প্রসাদনা, স্ত্রী. [প্র+সাদন-আ] সেবা, পরিচর্য্যা, শুশ্রূষা, উপাসনা।

প্রসাদভোগী, ত্রি. [প্রসাদ+ভোগিন্] বৃত্তিভোগী; অনুগ্রহভাগী; দেবাদির নিবেদিত দ্রব্যাকাঙ্ক্ষী।

প্রসাদিত, ত্রি. [প্র+সাদিত] অনুগৃহিত; নিবেদন করা।

প্রসাদী, ত্রি. [প্র+সাদিন্] অনুগ্রাহক, প্রসন্নতাযুক্ত, কৃপাবিশিষ্ট; নিবেদিত দ্রব্য।

প্রসাধন, ন. [প্র+সাধন] বেশ; কঙ্কতিকা, কাঁকই, চিরণী; প্রকৃষ্ট নিষ্পত্তি, নিষ্পাদন।

প্রসাধনী, স্ত্রী. [প্র+সাধনী] কঙ্কতিকা, চিরণী; সিদ্ধি।

প্রসাধিকা, স্ত্রী. [প্র+সাধিকা] নীবারধান্য বিশেষ; বেশকারিণী।

প্রসাধিত, ত্রি. [প্র+সাধিত] অলঙ্কৃত, ভূষিত; প্রকৃষ্টরূপে নিষ্পন্ন, সম্পন্ন; নিষ্পাদিত।

প্রসার, পুং. [প্র+সার] প্রসরণ; প্রকরণ; বিস্তার, ওসার।

প্রসারণ, ন. [প্র+সারণ] পঞ্চবিধ কর্ম্মান্তর্গত কর্ম্মবিশেষ, বিস্তারকরণ, বিছাওন।

প্রসারণী, স্ত্রী. [প্রসারণ+ঈ] প্রতাবিশেষ, গন্ধভাদালিয়া; সৈন্যদিগের সর্ব্বতঃ ব্যাপ্তি।

প্রসারিণী, স্ত্রী. [প্র+সারিন্-ঈ] লজ্জালুলতা; প্রসারণী, গন্ধভাদালিয়া, তৎপর্য্যায়।—সুপ্রসরা, সারিণী, প্রসরা, সরা, চারুপর্ণী, রাজবলা, ভদ্রপর্ণী, প্রতানিকা, প্রবলা, রাজপর্ণী, চন্দ্রপর্ণী, ভদ্রবলা, চন্দবল্লী, প্রভদ্রা।

প্রসারিত, ত্রি. [প্র+সারিত] বিস্তারিত, বিস্তৃত।

প্রসারী, ত্রি. [প্র+সারিন্] প্রসরণশীল, বিস্তারযুক্ত, তৎপর্য্যায়।—বিসৃত্বর, বিসৃমর, বিসারী।

প্রসিত, ন. [প্র+সিত] পূয; (ত্রি.) আসক্ত, অনুরক্ত।

প্রসিতি, স্ত্রী. [প্র+সিতি] বন্ধনসাধন, রজ্জু নিগড়াদি।

প্রসিদ্ধ, ত্রি. [প্র+সিদ্ধ] ভূষিত; খ্যাত; নামলুব্ধ; প্রচলিত।

প্রসিদ্ধি, স্ত্রী. [প্র+সিদ্ধি]টঙ্কার, খ্যাতি, প্রচার; প্রচলতা; ভূষা।

প্রসূ, স্ত্রী. [প্র+সূ] মাতা, জননী; ঘোটকী; কদলী; বীরুৎলতা।

প্রসূকা, স্ত্রী. [প্র+সূ+ক-আ] বাজিনী, ঘোটকী, ঘুড়া।

প্রসূত, ন. [প্র+সূত] কুসুম, পুষ্প; (ত্রি.) সংজাত, প্রসবকরা; সুত, পুত্র।

প্রসূতা, স্ত্রী. [প্র+সূত-আ] জাতসন্তানা, তৎপর্য্যায়।—জাতাপত্যা, প্রজাতা, প্রসূতিকা।

প্রসূতি, স্ত্রী. [প্র+সূতি] প্রসব; উদ্ভব; তনয়; দুহিতা, কন্যা; প্রসবকারিণী।

প্রসূতিকা, স্ত্রী. [প্র+সূতি-কা] প্রসূতা, জাতসন্তানা, জাতাপত্যা।

প্রসূতিজ, ন. [প্রসূতি+জ] দুঃখ, ক্লেশ, যাতনা।

প্রসূন, ন. [প্র+সূন] পুষ্প, কুসুম; ফল; (ত্রি.) জাত; উৎপন্ন।

প্রসূনেষু, পুং. [প্রসূন+ইষু] কামদেব, কন্দর্প, মদন।

প্রসৃত, ন. [প্র+সৃত] পলদ্বয়, দুইপল; (পুং) নিকুব্জপাণি, অর্দ্ধাঞ্জলি, আকুঞ্চিত হস্ত; (ত্রি.) প্রবৃদ্ধ, প্রসারিত, বিনীত; বেগিত; গত; নিযুক্ত।

প্রসৃতা, স্ত্রী. [প্র+সৃত-আ] জঙ্ঘা, জাং।

প্রসৃতি, স্ত্রী. [প্র+সৃতি] প্রসৃত, আকুঞ্চিতপাণি, অর্দ্ধাঞ্জলি, এককোষ, এক গণ্ডূষ।

প্রসেক, পুং. [প্র+সেক] সেচন; চ্যুতি, ক্ষরণ।

প্রসেদিকা, স্ত্রী. [প্র+সেদিকা] ক্ষুদ্রারাম, ক্ষুদ্র উপবন।

প্রসেদিবান্, ত্রি. [প্র+সেদিবস্] প্রসন্ন, অনুগ্রহান্বিত।

প্রসেব, পুং. [প্র+সেব] বীণাঙ্গ, বীণাপ্রান্তবক্রকাষ্ঠ; স্যূত।

প্রসেবক, পুং. [প্র+সেবক] বীণাপ্রান্তবক্র-কাষ্ঠ;দণ্ডের নিম্নেগাম্ভীর্য্য শব্দেরনিমিত্ত চর্ম্মাচ্ছাদা দারুময় ভাণ্ড; বীণাস্থিত অলাবুফল, তৎপর্য্যায়।—ককুভ; সূত্র-রচিতভাণ্ড, থোকড়া, তৎপর্য্যায়।—স্যূন, স্যোন, ধৌতকট, স্যোড, স্যূত; প্রকুন্ট; তন্তু সন্তান কর্ত্তা।

প্রস্কন্দন, ন. [প্র+স্কন্দন] বিরেক, রেচন, উদরভঙ্গ; স্খলন। [অতিসার।

প্রস্কন্দিকা, স্ত্রী. [প্রস্কন্দ+ইকা] প্রবাহিকা,

প্রস্কন্ন, পুং. [প্র+স্কন্ন] ঋষিবিশেষ, বৈদিক সন্ধ্যান্তর্গত সূর্য্যোপস্থান মন্ত্রের ঋষি; (ত্রি.) পতিত, স্খলিত।

প্রস্তক্রমরঞ্জিত. ত্রি. [প্রস্তক্রম+রঞ্জিত] রাগিণীবিশেষ। [বিশেষ।

প্রস্তপরসাদ, পুং. [প্রস্ত+পরসাদ] রাগিণী-

প্রস্তপ্রস্থার, পুং. [প্রস্ত+প্রস্থার] রাগিণী-বিশেষ।

প্রস্তমধ্য, পুং. [প্রস্ত+মধ্য] রাগিণীবিশেষ।

প্রস্তর, পুং. [প্রস্ত+র] আচ্ছাদক, পাতর, তৎপর্য্যায়।—গ্রাবা, পাষাণ, উপল, অশ্মা, দৃশৎ, দৃষৎ, পারারুক, পারটীর, মুম্মরু, কাচক, শিলা; পল্লবাদি রচিত শয্যা; মণি।

প্রস্তরিণী, স্ত্রী. [প্রস্তর+ইন্-ঈ] গোলো-মিকা, গোধূমা, পাথরী।

প্রস্তাব, পুং. [প্র+স্তাব] অবসর; প্রসঙ্গস্তুতি; প্রসঙ্গ; প্রকরণ, বৃত্তান্ত, কথানুষ্ঠান।

প্রস্তাবনা, স্ত্রী; [প্র+স্তাবন-আ] আরম্ভ, বাক্যানুষ্ঠান; সূত্রধারের সহিত নটী ও বিদূষকাদির পরস্পর কথন।

প্রস্তাবিত, ত্রি. [প্র+স্তাবিত] কথিত,উল্লি-খিত, কৃত প্রসঙ্গ।

প্রস্তার, পুং. [প্র+স্তার] তৃণবন, তৎপ-র্য্যায়।—তৃণাটবী, ঋষ; পল্লবাদি বির-চিত শয্যা; শয্যা; ছন্দঃপ্রভৃতির প্রভেদ জ্ঞাপক সঙ্কেত বিশেষ।

প্রস্তার্য্যর্ম্ম, ন. [প্রস্তারি+অর্ম্মন্] নেত্ররোগ বিশেষ। [শয্যা।

প্রস্তির, পুং. [প্র+স্তির] পল্লবাদি রচিত

প্রস্তীত, ত্রি. [প্র+স্তীত] সংহত; ধ্বনিত, শব্দিত।

প্রস্তীম, ত্রি. [প্র+স্তীম] সংহত; ধ্বনিত, শব্দিত।

প্রস্তুত, ত্রি. [প্র+স্তুত] প্রকরণ প্রাপ্ত; প্রাক-রণিক, প্রাসঙ্গিক; নিষ্পন্ন; প্রকর্ষস্তুতি যুক্ত; উপস্থিত; প্রতিপন্ন; উদ্যুক্ত, উদাত্ত।

প্রস্তৃত, ত্রি. [প্র+স্তৃত] অন্তরিত, অন্তর্ধান।

প্রস্থ, পুং. [প্র+স্থা-অ] পরিমাণবিশেষ, চতুর্থ কুড়বরূপ; আঢ়ক চতুর্থাংশ; দ্বিশরাব পরিমাণ; (ন.পুং.) পর্ব্বতের সমান ভূভাগ; পর্ব্বতের এক দেশ, তৎ-পর্য্যায়।—স্নু, সানু; উন্মিতবস্তু; বিস্তার, চৌড়া, পরিসর; (ত্রি.) প্রকৃষ্ট স্থিতি-বিশিষ্ট।

প্রস্থপুষ্প, পুং. [প্রস্থ+পুষ্প] মরুবক: স্বল্প-পত্র তুলসী; জম্বীরবিশেষ; জম্বীরসা-মান্য, নেবুমাত্র।

প্রস্থান, ন. [প্র+স্থান] জয়েচ্ছুকব্যক্তিরগমন; প্রয়াণ।

প্রস্থানবিঘ্ন, পুং. [প্রস্থান+বিঘ্ন] গমন-ব্যাঘাত, গমনের প্রতিবন্ধক।

প্রস্থাপন, ন. [প্র+স্থাপন] প্রেরণ, প্রেষণ, পাঠান।

প্রস্থাপিত, ত্রি. [প্র+স্থাপিত] প্রেষিত, প্রেরিত; প্রকৃষ্ট রূপে স্থাপিত।

প্রস্থাপ্য, ত্রি. [প্র+স্থাপ্য] প্রেরণযোগ্য; গমনোপযুক্ত।

প্রস্থিকা, স্ত্রী. [প্র+স্থা-ইক-আ] অম্বষ্ঠা, অম্বাড়া।

প্রস্থিত, ত্রি. [প্র+স্থিত] প্রয়াত, গত, চলিত। [প্রকাশ।

প্রস্ফুট, ত্রি. [প্র+স্ফুট] প্রফুল্ল, ব্যক্ত,

প্রস্ফুটিত, ত্রি. [প্র+স্ফুটিত] প্রফুল্লিত, প্রকাশিত, বিকশিত।

প্রস্ফোটন, ন. [প্র+স্ফোটন] সূর্প, কুলা, তাড়ন; বিকাশন; পচন; ব্যক্ত হওন।

প্রস্রবণ, ন. [প্র+স্রবণ] যে স্থান হইতে জল অবিচ্ছেদ রূপে পতিত হয়, পর্ব্ব-

তের নির্ঝর; ঝরনা; নিরন্তর মন্দবেগে জল পতন, তৎপর্য্যায়।—উৎস, জল প্রস্রাব; (পুং.) মাল্যবান পর্ব্বত; স্বেদ, ঘর্ম্ম; প্রকৃষ্টরূপে ক্ষরণ।

প্রস্রাব, পুং. [প্র+স্রাব] মূত্র, মুত।

প্রস্বান, পুং. [প্র+স্বান] উচ্চৈঃশব্দ, মহাধ্বনি।

প্রস্বিন্ন, ত্রি. [প্র+স্বিন্ন] প্রস্বেদিত, ঘর্ম্মযুক্ত।

প্রস্বেদ, পুং. [প্র+স্বেদ] অতিশয় ঘর্ম্ম, অতিশয় ঘাম। [প্রাবীগাত্র।

প্রস্বেদিত, ত্রি. [প্র+স্বেদিত] প্রস্বিন্ন, ঘর্ম্ম-

প্রহত, ত্রি. [প্র+হত] বিতত, বিস্তৃত; ক্ষুণ্ণ; প্রকৃষ্ট রূপে হিংসিত; গত, বিকষ্ট

প্রহনন, ন. [প্র+হনন] মারণ, হিংসন, ঘাতন। [শশী।

প্রহনেমি, পুং. [প্রহ+নেমি] চন্দ্র, বিধু.

প্রহর, পুং. [প্র+হর] দিবসের অষ্টম-ভাগের একভাগ, যাম।

প্রহরকুটুম্বী, স্ত্রী. [প্রহর+কুটুম্বী] কুটুম্বিনী ক্ষুপ বিশেষ, পয়স্যা, ক্ষিরিণী।

প্রহরণ, ন. [প্র+হরণ] অস্ত্র; কর্ণীরথ; যুদ্ধ; প্রহার।

প্রহরণকলিকা, স্ত্রী. [প্রহরণ+কলিকা] ছন্দোবিশেষ।

প্রহরী, ত্রি. [প্রহর+ইন্] যামিক, কোটাল, চৌকীদার।

প্রহর্ত্তা, ত্রি. [প্র+হর্ত্তৃ] প্রহারকারী, আঘাত-কর্ত্তা, ঘাতক, হিংসক।

প্রহর্ষ, পুং. [প্র+হর্ষ] অতিশয় আহ্লাদ, উল্লাস।

প্রহর্ষণ, পুং. [প্র+হর্ষণ] বুধগ্রহ; হর্ষবিশিষ্ট, হর্ষকারক

প্রহর্ষণী, স্ত্রী. [প্র+হর্ষণ-ঈ] হরিদ্রা, হলুদ; ত্রয়োদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ।

প্রহসন, ন. [প্র+হসন] প্রহাস; রূপকবিশেষ; পরিহাস; আক্ষেপ।

প্রহসন্তী, স্ত্রী. [প্র+হসৎ-ঈ] যূথী, যুঁই; বাসন্তী, মাধবীলতা; প্রকৃষ্ট অঙ্গারধানী, আকৃট, সাঁজাল। [যুক্ত।

প্রহসিত, ন. [প্র+হসিত] আনন্দ, অনন্দ-

প্রহস্ত, পুং. [প্র+হস্ত] বিস্তৃত অঙ্গুলি পাণি, চপেট, চাপড়; রাবণের সেনাপতিবিশেষ।

প্রহাণ, ন. [প্র+হন] নাশ, বিনাশ।

প্রহাপণ, ন. [প্র+হাপণ] পৃথক্করণ।

প্রহার, পুং. [প্র+হার] আঘাত, মারণ।

প্রহারক, ত্রি. [প্র+হারক] আঘাতকারী, আঘাতী; আঘাতক।

প্রহারণ, ন. [প্র+হারণ] কাম্যদান; আঘাত করণ, মারণ।

প্রহারবল্লী, স্ত্রী. [প্রহার+বল্লী] মাংস-রোহিণী।

প্রহারী, ত্রি. [প্র+হারিন্] আঘাতকারক, মারণ, কারী

প্রহাস, পুং. [প্র+হাস] শিব, মহাদেব; নট, সোমতীর্থ; অট্টহাস, উচ্চহাস।

প্রহাসী, পুং. [প্র+হাসিন্] প্রকৃষ্ট হাসক, ভাঁড়, তৎপর্য্যায়।—বাসন্তিক, কেলিকিল বৈহাসিক, বিদূষক, প্রীতিদ।

প্রহি, পুং. [প্র+হি] কূপ, কুয়া।

প্রহিত, ন. [প্র+হিত] সূপ, ব্যঞ্জন; (ত্রি.) ক্ষিপ্ত; নিরস্ত প্রেরিত, প্রেষিত।

প্রহীণ, ত্রি. [প্র+হীন] পরিত্যক্ত, ত্যাগকরা।

প্রহীণজীবিত, ত্রি. [প্রহীণ+জীবিত] মৃত।

প্রহুত, ন. [প্র+হুত] ভূতের যজ্ঞ

প্রহৃত, ত্রি. [প্র+হৃত] প্রহার প্রাপ্ত, আঘাতিত।

প্রহৃষ্ট, ত্রি. [প্র+হৃষ্ট] সন্তুষ্ট, উল্লাসিত, আনন্দিত।

প্রহৃষ্টমনাঃ ত্রি. [প্রহৃষ্ট+মনস] সন্তুষ্টচিত্ত, আমোদিতমন।

প্রহেণক, ন. [প্র+হেণক] পিষ্টকবিশেষ, তৎপর্য্যায়।—বাচন, ব্রতোপায়ন, প্রহেলক, বাচনক।

প্রহেলক, ন. [প্র+হেলক] পিষ্টকবিশেষ, প্রহেণক

প্রহেলিকা, স্ত্রী. [প্র+হেলিকা] দুর্ব্বিজ্ঞানার্থ প্রশ্ন, কূটার্থ ভাষিত কথা, হেঁয়ালি, তৎপর্য্যায়।—প্রবহ্লিকা, প্রবহ্লীকা, প্রবহ্লি, প্রবহ্লী, প্রহেলি, প্রশ্নদূতী, প্রবহ্লীকা।

প্রহ্লাদ, পুং. [প্র+হ্লাদ] আহ্লাদ, হিরণ্যকশিপুর পুত্র, ধার্ম্মিক দৈত্য, প্রহ্লাদ।

প্রহ্লত্তি, স্ত্রী. [প্র+হ্লাদ-তি] প্রীতি, আনন্দ, তুষ্টি।

প্রহ্লন্ন, ত্রি. [প্র+হ্লাদ্-ত] প্রীত, আহ্লাদ, আনন্দ।

প্রহ্লাদ, পুং. [প্র+হ্লাদ] প্রহ্লাদ, হিরণ্যকশিপুর পুত্র; প্রমোদ, হর্ষ; শব্দ।

প্রহ্ব, ত্রি. [প্র+হ্বে-অ] নম্র, নত, বিনীত; আসক্তি, অনুরক্ততা।

প্রহ্বণ, ন. [প্র+হ্বন] প্রণাম, প্রণতি।

প্রহ্বাঞ্জলি, ত্রি. [প্রহ্ব+অঞ্জলি] হস্তাঞ্জলি পূর্ব্বক নতহওন।

প্রহ্বায়, পুং. [প্র+হ্বায়] প্রাহ্বান, আহুতি।

প্রক্ষর, পুং. [প্র+ক্ষর] অশ্বসন্নাহ, ঘোটকের সাজোয়া।

প্রক্ষালন, ন. [প্র+ক্ষালন] ধাবন, মার্জ্জন, ধৌতকরণ।

প্রক্ষালিত, ত্রি. [প্র+ক্ষালিত] ধৌত, মার্জ্জিত, ধোয়া, মাজা।

প্রক্ষেপ, পুং. [প্র+ক্ষেপ] ঔষধাদিতে ক্ষেপণীয় দ্রব্য; বিক্ষেপ, ক্ষেপণ, ফেলা।

প্রক্ষেপণ, ন. [প্র+ক্ষেপন] প্রকৃষ্ট রূপে ক্ষেপ, বিক্ষেপণ; ফেলিয়া দেওন, ত্যাগকরণ; দূরে ফেলন।

প্রক্ষ্বেদনা, স্ত্রী. [প্র+ক্ষ্বেদন-আ] লৌহময়বাণ বিশেষ, নারাচ।

প্রক্ষ্বেড়ন, ন. [প্র+ক্ষ্বেড়ন] লৌহময়বাণ বিশেষ, নারাচ।

প্রক্ষ্বেড়না, স্ত্রী. [প্র+ক্ষ্বেড়ন-আ] লৌহময়বাণ বিশেষ, নারাচ।

প্রক্ষ্বেদন, পুং. [প্র+ক্ষ্বেদন] লৌহময়বাণ বিশেষ, নারাচ।

প্রাংশু, ত্রি. [প্র+অংশু] ঊর্দ্ধ, উচ্চ।

প্রাক্, ব্য. [প্র+অনূচ] পূর্ব্বদিগদেশকাল, যথা।—প্রাচীদিক্, প্রাগ্দেশ, প্রাক্কাল; পূর্ব্ব; প্রভাত; অবান্তর; অতীত; অগ্র; ক্রমপ্রাপ্তি।

প্রাকষিক, পুং. [প্র+আকষিক] শিল্পী, লম্পট, কামুক; মায়ানর্ত্তক।

প্রাকাম্য, ন. [প্র+আকাম্য] শিবের অষ্ট প্রকার ঐশ্বর্য্যের অন্তর্গত ঐশ্বর্য্যবিশেষ, ইচ্ছানভিঘাত যথেষ্টতা প্রাচুর্য্য; স্বাচ্ছন্দ্যানুমতি, তৎপর্য্যায়।—অবসর্গ, স্বাচ্ছন্দ্যানুমনন।

প্রাকার, পুং. [প্র+আকার] ইষ্টকাদি রচিত বেষ্টন, বেড়া, তৎপর্য্যায়।—বরণ, সাল, শাল, বপ্র।

প্রাকৃত, ত্রি. [প্রকৃত+অ] নীচ, অন্ত্যজ; ভাষাবিশেষ, সংস্কৃত প্রকৃতক; প্রকৃত সম্বন্ধীয়।

প্রাকৃতজ্বর, পুং. [প্রাকৃত+জ্বর] বর্ষা শরৎ বসন্ত ঋতুতে ক্রমে বাত পিত্ত কফ জ্বর।

প্রাকৃতদোষ, পুং. [প্রাকৃত+দোষ] বর্ষা শরৎ বসন্ত ঋতুতে কুপিত বাত পিত্ত কফ।

প্রাকৃতপ্রলয়, পুং. [প্রাকৃত+প্রলয়] প্রলয় বিশেষ, প্রকৃতির লয়, প্রকৃতির নাশ, মহাপ্রলয়।

প্রাকৃতমানুষ, পুং. [প্রাকৃত+মানুষ] সামান্য মনুষ্য।

প্রাকৃতমিত্র, ন. [প্রাকৃত+মিত্র] স্বদেশের ব্যবহিত দেশাবস্থিত রাজাদি।

প্রাকৃতশত্রু, পুং. [প্রাকৃত+শত্রু] এক বিষয়াভিলাষী রাজাদি।

প্রাকৃতিক, ত্রি. [প্রাকৃত+ইক] প্রকৃতিবিকার; প্রকৃতি সম্বন্ধীয়।

প্রাক্, ব্য. [প্র+অনূচ] পূর্ব্বদিক, পূর্ব্বদেশ, পূর্ব্বকাল, পূর্ব্ব; প্রভাত; অবান্তর; অতীত; অগ্র, আদি; ক্রম প্রাপ্তি।

প্রাক্কাল, পুং. [প্রাক্+কাল] পূর্ব্বকাল, পূর্ব্বসময়।

প্রাক্কালীন, ত্রি. [প্রাক্কাল+ঈন] পূর্ব্ব, অগ্র।

প্রাক্তন, ত্রি. [প্রাক্+তন] প্রাগ্ভব, পূর্ব্বকালীন; ভাগ্য, কপাল, অদৃষ্ট।

প্রাক্তনকর্ম্ম, ন. [প্রাক্তন+কর্ম্ম] ভাগ্য, অদৃষ্ট, কপাল; পূর্ব্বকৃত কার্য্য।

প্রাক্ফল, পুং. [প্রাক্+ফল] পনস, কাঁঠাল।

প্রাক্ফাল্গুন, পুং. [প্রাক্+ফাল্গুন] বৃহস্পতি, সুরাচার্য্য; পূর্ব্বফল্গুনী নক্ষত্রে জাত।

প্রাক্‌ফল্গুনা, স্ত্রী. [প্রাক্‌+ফল্গুনী] পূর্ব্বফল্গুনী নক্ষত্র।

প্রাক্‌ফল্গুনীভব, পুং. [প্রাক্‌+ফল্গুনী+ভব] বৃহস্পতি, দেবগুরু।

প্রাক্‌ফাল্গুনেয়, পুং. [প্রাক্‌+ফাল্গুনেয়] বৃহস্পতি, সুরাচার্য্য।

প্রাখর্য্য, ন. [প্রখর+য] প্রখরত্ব, তীক্ষ্ণতা, ধার।

প্রাগভাব, পুং. [প্রাক্‌+অভাব] সংসর্গাভাব বিশেষ, বিনাশভাবত্ব; সম্ভাবনা।

প্রাগল্‌ভ্য, ন. [প্রগল্‌ভ+য] প্রগল্‌ভতা, ধ্যাপকতা, ঔদ্ধত্য; স্ত্রীলোকের অযত্নভাববিশেষ।

প্রাগুদীচী, স্ত্রী. [প্রাক্‌+উদীচী] পূর্ব্বোত্তর দিক্‌, ঈশানকোণ।

প্রাগ্‌জ্যোতিষ, পুং. [প্রাক্‌+জ্যোতিষ] কামরূপদেশ, নরক রাজার পুর।

প্রাগ্বংশ, পুং. [প্রাক্‌+বংশ] পূর্ব্বদিকে যজমান কৃত সদশ্যাদির স্থিতি নিমিত্ত গৃহ; পূর্ব্বকুল, পূর্ব্ববংশ, পূর্ব্বপুরুষ।

প্রাগ্বৎ, ব্য. [প্রাক্‌+বৎ] পূর্ব্ববৎ, পূর্ব্বেরন্যায়।

প্রাগ্‌ভাব, পুং. [প্রাক্‌+ভাব] পূর্ব্বজন্ম, উত্তমত্ব; পর্ব্বতের অগ্রভাগ।

প্রাগ্‌ভার, পুং. [প্রাক্‌+ভার] পর্ব্বতের, অগ্রভাগ; কোনং স্থলে প্রাগ্‌ভাব ইতি পাঠ; জন্মাদির পূর্ব্বকারণ। [প্রধান।

প্রাগ্রহর, ত্রি. [প্রাগ্র+হর] শ্রেষ্ঠ, উত্তম,

প্রাগ্রাট, ন. [প্র+অগ্র-অট] অঘনদধি, পাতলাদধি।

প্রাগ্র্য, ত্রি. [প্র+অগ্র্য] শ্রেষ্ঠ, প্রধান, বর।

প্রাঘাত, পুং. [প্র+আঘাত] যুদ্ধ, রণ, সমর।

প্রাঘার, পুং. [প্র+আঘার] ঘৃতাদিক্ষরণ, তৎপর্য্যায়।—শ্চোত, শ্চোতন।

প্রাঘুণ, পুং. [প্র+আঘুণ] অতিথি; অভ্যাগত

প্রাঘুণিক, পুং. [প্রাঘুণ+ইক] অতিথি, অভ্যাগত। [অভ্যাগত।

প্রাঘূর্ণিক, পুং. [প্রাঘূর্ণ+ইক] অতিথি,

প্রাঙ্‌, ত্রি. [প্র+অন্‌চ] পূর্ব্বদিক্‌; পূর্ব্বদেশ; পূর্ব্বকাল। [বাদ্য।

প্রাঙ্গ, পুং. [প্র+অঙ্গ] বাদ্যবিশেষ, পণব-

প্রাঙ্গণ, ন. [প্র+অঙ্গন] বাদ্যবিশেষ, পণববাদ্য; গৃহভূমি, অঙ্গিনা, উঠান, তৎপর্য্যায়।—অজির, চত্বর, অঙ্গন।

প্রাঙ্‌ন্যায়, পুং. [প্রাক্‌+ন্যায়] চতুর্ব্বিধ উত্তরান্তর্গত উত্তরবিশেষ; পূর্ব্ববৎ, পূর্ব্বেরন্যায়। [র্ব্বাসা।

প্রাঙ্‌মুখ, ত্রি. [প্রাক্‌+মুখ] পূর্ব্বমুখ, পূ-

প্রাচিকা, স্ত্রী. [প্র+অন্‌চ+ইক-আ] বনমক্ষিকা, ডাঁশ, দংশকীট।

প্রাচী, স্ত্রী. [প্রাচ+ইন্] পূর্ব্বদিক, সূর্য্যোদয় দিক্‌; পূজক, পূজ্যের অগ্র।

প্রাচীন, ত্রি. [প্রাচ+ঈন] পূর্ব্বদিকে বা পূর্ব্বদেশে বা পূর্ব্বকালে জাত, তৎপর্য্যায়।—প্রাক্‌; প্রাচীর, তৎপর্য্যায়।—আবেষ্টক, বৃতি; পুরাতন, পূর্ব্বকালীন, বৃদ্ধ।

প্রাচীনগাথা, স্ত্রী. [প্রাচীন+গাথা] ঐতিহ্য, পুরাতনকথা।

প্রাচীনতা, স্ত্রী. [প্রাচীন+ত-আ] প্রাচীনত্ব, পূর্ব্বকালীনতা, বৃদ্ধাবস্থা।

প্রাচীনতিলক, পুং. [প্রাচীন+তিলক] চন্দ্র, শশধর।

প্রাচীনপনস, পুং. [প্রাচীন+পনস] বিল্ব, বেল, শ্রীফল।

প্রাচীনবর্হি, পুং. [প্রাচীন+বর্হিস্] ইন্দ্র; রাজাবিশেষ।

প্রাচীনা, স্ত্রী. [প্রাচীন+আ] বনতিক্তিকা, আকনাদিলতা, রাস্না, প্রাগ্‌ভবা, প্রাগ্‌জাতা, পুরাতনী; বৃদ্ধা, স্থবিরা।

প্রাচীনাবীত, ন. [প্রাচীন+আবীত] বামকর বহিষ্কৃত করিয়া দক্ষিণস্কন্ধার্পিত যজ্ঞসূত্রাদি।

প্রাচীনাবীতী, পুং. [প্রাচীন+আবীতিন্] প্রাচীনাবীতবিশিষ্ট।

প্রাচীনামলক, ন. [প্রাচীন+আমলক] পানীয়ামলক, পানীআমলা, তৎপর্য্যায়।—বারিবদর।

প্রাচীপতি, পুং. [প্রাচী+পতি] ইন্দ্র, শক্র, সুরপতি।

প্রাচীর, ন, [প্রাচ+ঈর] প্রান্ততোবৃতি, পাঁচীল, তৎপর্য্যায়।—বৃতি, প্রাচীন, প্রাচীর, প্রাবর, প্রাবৃতি, ভিত্তি। [বহুত্ব।

প্রাচুর্য্য, ন· [প্রচুর+ষ] বাহুল্য, প্রচুরতা,

প্রাচেতস, পুং. [প্রচেতস্+অ] বাল্মীকিমুনি; প্রাচীন বর্হিরাজারপুত্র।

প্রাচ্য, পুং. [প্রাচী+য] শরাবতীনদীর পূঃ দক্ষিণদেশ; (ত্রি.) পূর্ব্বদেশীয়।

প্রাজক, পুং [প্র+অজ-অক] সারথি, রথচালক, কৌচম্যান।

প্রাজন, ন. [প্র+অজ-অন] তোদন,পাচনীবাড়ী, চাবুক, অশ্বাদির তাড়নদণ্ড.

প্রাজাপত্য, পুং. [প্রজাপতি+য] প্রয়াগ; জৈনরাজাবিশেষ, তৎপর্য্যায়।—ত্রিপৃষ্ঠ; কায়নামক বিবাহবিশেষ; যাগবিশেষ; (ন.) দ্বাদশাহসাধ্য ব্রতবিশেষ; রোহিণীনক্ষত্র

প্রাজাপত্যা, স্ত্রী. [প্রজাপতি+য-আ] প্রব্রজ্যাশ্রমে প্রবেশার্থ সর্ব্বস্বদক্ষিণা দিয়া যজ্ঞকরণ।

প্রাজিতা, পুং. [প্র+অজ-তৃ] সারথি, রথচালক; অকৃষ্টগন্তা।

প্রাজ্ঞ, পুং. [প্র+অ+জ্ঞা-অ] কল্কিদেবের জ্যেষ্ঠভ্রাতা; পণ্ডিত;রাজশুক; (ত্রি.) পণ্ডিত,বিদ্বান; দক্ষ, নিপুণ

প্রাজ্ঞতা, স্ত্রী. [প্রাজ্ঞ+ত-আ] নিপুণতা, দক্ষতা; জ্ঞান, বিদ্যা, গুণ; পাণ্ডিত্য।

প্রাজ্ঞত্ব, ন. [প্রাজ্ঞ+ত্ব] জ্ঞান,বিদ্যা; দক্ষতা, নিপুণতা।

প্রাজ্ঞমানী, ত্রি. [প্রাজ্ঞ+মানিন্] পণ্ডিতাভিমানী, পণ্ডিতম্মন্য।

প্রাজ্ঞা, স্ত্রী. [প্রাজ্ঞ+আ] বুদ্ধিমতী, তৎপর্য্যায়।—ধীমতী; বুদ্ধি; পণ্ডিতা, নিপুণা।

প্রাজ্ঞী, স্ত্রী. [প্রাজ্ঞ+ঈ] স্বয়ং জ্ঞাত্রী, তৎপর্য্যায়।—প্রজ্ঞা; পণ্ডিতপত্নী।

প্রাজ্য, ত্রি. [প্র+আজ্য] প্রচুর, যথেষ্ট, বহু, অধিক।

প্রাঞ্জল, ত্রি. [প্র+অঞ্জল] সরল, ঋজু, সোজা, জিহ্ম, প্রগুণ।

প্রাঞ্জলি, স্ত্রী. [প্র+অঞ্জলি] সংযুক্তকরদ্বয়, অঞ্জলিপুট।

প্রাট্, পুং. [প্রচ্ছ+অ] প্রশ্নকর্ত্তা; জিজ্ঞাসক; নিপাতনসাধ্যপদ।

প্রাড্বিবাক, পুং. [প্রাট্+বিবাক] ব্যবহার দ্রষ্টা, (যাং) জজ, তৎপর্য্যায়।—অক্ষদর্শক, ব্যবহারদর্শী

প্রাণ, পুং. [প্র+অন] ব্রহ্মা, প্রজাপতি; হৃদিস্থবায়ু, জীব; বোল, স্বনামখ্যাত বণিকৃদ্রব্য; কাব্যজীব; অনিল, বায়ু; বল, সামর্থ; (ত্রি.) পূরিত; উপহিতচৈতন্য; ধাতুপুত্র, নিঃশ্বাস.

প্রাণক, পুং. [প্রাণ+ক] সত্ত্বজাতি, প্রাণীমাত্র; জীবকবৃক্ষ; চোল, কঞ্চুলিকা, কাঁচুলি।

প্রাণগ্রহ, পুং. [প্রাণ+গ্রহ] প্রাণনাশক, প্রাণ হরণ।

প্রাণগ্রহণ, ন. [প্রাণ+গ্রহণ] প্রাণহরণ, অসুবিনাশন।

প্রাণঘাতক, ত্রি. [প্রাণ+ঘাতক]প্রাণনাশক, প্রাণহারী, প্রাণহন্তা।

প্রাণঘাতী, ত্রি. [প্রাণ+ঘাতিন্] প্রাণহন্তা, অসুবিনাশক।

প্রাণত্যাগ, পুং. [প্রাণ+ত্যাগ] জীবন বিসর্জ্জন, জীবনত্যাগ, মৃত্যু, মরণ।

প্রাণতুল্য, ত্রি. [প্রাণ+তুল্য] প্রাণসদৃশ, জীবনতুল্য।

প্রাণথ, পুং.[প্রাণ+থ]বায়ু; বলবান্; প্রজাপতি; তীর্থ।

প্রাণদ, ন. [প্রাণ+দা-অ] জল; রক্ত; (পুং.) জীবকবৃক্ষ। [নাশকদণ্ড।

প্রাণদণ্ড, পুং. [প্রাণ+দণ্ড] বধদণ্ড, প্রাণ-

প্রাণদা, স্ত্রী. [প্রাণদ+আ] ঋদ্ধিবৃক্ষ; হরীতকী; প্রাণদাত্রী।

প্রাণদাতা, পুং. [প্রাণ+দাতৃ] জীবনদাতা, প্রাণদ।

প্রাণন, ন. [প্রাণ+অন] জীবন, প্রাণ; (পুং.) গলদেশ, গলা।

প্রাণনাথ, পুং. [প্রাণ+নাথ] পতি; স্বামী, প্রভু।

প্রাণন্ত, পুং. [প্রাণ+তন] বায়ু, অনিল; রসাঞ্জন।

প্রাণন্তী, স্ত্রী. [প্রাণ+তন-ঈ] ক্ষুৎ, ক্ষুধা হিক্কা; হাঁচি।

প্রাণপণ, (প্রা) প্রাণ উৎসর্গ, প্রাণান্ত, প্রাণ-পর্য্যন্ত প্রতিজ্ঞা।

প্রাণপরিগ্রহ, পুং. [প্রাণ+পরিগ্রহ] জীবনধারণ।

প্রাণপ্রতিম, ত্রি. [প্রাণ+প্রতিম] প্রাণতুল্য প্রিয়তম।

প্রাণপ্রতিষ্ঠা, স্ত্রী. [প্রাণ+প্রতিষ্ঠা] প্রতিমাদিতে দেবত্বকরণ, জীবসংস্থান।

প্রাণপ্রদা, স্ত্রী. [প্রাণ+প্রদ-আ] ঋদ্ধিনামক ঔষধ; প্রাণদাত্রী, জীবনদাত্রী।

প্রাণপ্রিয়, ত্রি. [প্রাণ+প্রিয়] প্রিয়তম, প্রাণতুল্য প্রিয়।

প্রাণবন্ত, (প্রা) সজীব, জীবিত, জীবন্ত।

প্রাণবাধ, পুং. [প্রাণ+বাধ] জীবন সঙ্কট।

প্রাণবিয়োগ, পুং. [প্রাণ+বিয়োগ] মৃত্যু, মরণ, প্রাণব্যয়, দেহত্যাগ।

প্রাণবৃত্তি, স্ত্রী. [প্রাণ+বৃত্তি] জীবনোপায়।

প্রাণব্যাপাদক, ত্রি. [প্রাণ+ব্যাপাদক] প্রাণধ্বংসী, প্রাণহন্তা, অসু বিনাশক।

প্রাণভাস্বান্, পুং. [প্রাণ+ভাস্বৎ] সমুদ্র, সাগর, জলধি।

প্রাণভৃৎ, ত্রি. [প্রাণ+ভৃৎ] চেতন, সজীব।

প্রাণযাত্রা, স্ত্রী. [প্রাণ+যাত্রা] জীবনযাত্রা।

প্রাণময়কোষ, পুং. [প্রাণ+ময়+কোষ] কর্ম্মেন্দ্রিয় সহিত প্রাণাদি পঞ্চক।

প্রাণসংযম, পুং. [প্রাণ+সংযম] প্রাণায়াম, ন্যাস। [তনু।

প্রাণসদ্ম, ন. [প্রাণ+সদ্মন্] শরীর, দেহ,

প্রাণসম, ত্রি. [প্রাণ+সম] প্রাণতুল্য, প্রাণসদৃশ। [দারা।

প্রাণসমা, স্ত্রী. [প্রাণ+সম-আ] পত্নী, জায়া,

প্রাণহন্তা, পুং. [প্রাণ+হন্তৃ] প্রাণনাশক, জীবন হত্যাকারী।

প্রাণহা, পুং. [প্রাণ+হন্] প্রাণঘাতক, প্রাণহিংসক।

প্রাণহারক, ন. [প্রাণ+হারক] বৎসনাভ বিষ; (ত্রি.) প্রাণনাশক।

প্রাণহিংসা, স্ত্রী. [প্রাণ+হিংসা] প্রাণনাশ, প্রাণধ্বংস।

প্রাণাঃ, পুং. [প্র+অন] অসব; সমুদয় অসু, বহু বচনান্ত প্রাণ শব্দ; শরীরস্থ পঞ্চ প্রাণাঃ যথা।—প্রাণ, অপান, সমান, উদান, ব্যান; পক্ষিণীবিশেষ।

প্রাণাধার, ন. [প্রাণ+আধার] শরীর, দেহ, তনু।

প্রাণাধিক, ত্রি. [প্রাণ+অধিক] প্রাণঅপেক্ষা অধিক স্নেহপাত্র।

প্রাণাধিনাথ, পুং [প্রাণ+অধিনাথ] পতি, স্বামী।

প্রাণান্ত, ন. [প্রাণ+অন্ত] প্রাণাবসান, প্রাণশেষ, মরণ।

প্রাণাপানৌ, পুং. [প্রাণ+অপান-ঔ] অশ্বিনীকুমার; প্রাণ এবং অপানবায়ু।

প্রাণায়াম, পুং. [প্রাণ+আয়াম] যোগাঙ্গ বিশেষ, ন্যাসবিশেষ, রেচক পূরক কুম্ভকরূপ প্রাণ দমন করিবার উপায়।

প্রাণিদ্যূত, ন. [প্রাণি+দ্যূত] পণ পূর্ব্বক মেষ কুক্কুটাদির যুদ্ধ, তৎপর্য্যায়।—সমাহ্বয়, সাহ্বয়।

প্রাণিপীড়া, স্ত্রী. [প্রাণি+পীড়া] জীবহিংসা।

প্রাণিমাতা, স্ত্রী. [প্রাণি+মাতা] জননী; গর্ভদাত্রী ক্ষুপ।

প্রাণিহিংসা, স্ত্রী. [প্রাণ+হিংসা] জীবহিংসা।

প্রাণিহিত, ত্রি. [প্রাণি+হিত] প্রাণিদিগের হিতকারী।

প্রাণিহিতা, স্ত্রী. [প্রাণি+হিত-আ] পাদুকা; লোকহিত কারিণী।

প্রাণী, ত্রি. [প্রাণ+ইন্] প্রাণবিশিষ্ট, মনুষ্যাদি, তৎপর্য্যায়।—চেতন, জন্মী, জন্তু, জন্যু, শরীরী। [ধার।

প্রাণীত্য, ন. [প্র+আনীত-য] ঋণ, কর্জ্জ,

প্রাণেশ, পুং. [প্রাণ+ঈশ] পতি, স্বামী, প্রাণের ঈশ্বর।

প্রাণেশা, স্ত্রী. [প্রাণ+ঈশ-আ] ভার্য্যা।
প্রাণেশ্বর, পুং. [প্রাণ+ঈশ্বর] পতি, স্বামী, প্রাণেরঈশ্বর।
প্রাণ্যঙ্গ, ন. [প্রাণী+অঙ্গ] জীবদেহাদিহইতে উৎপন্ন দ্রব্যাদি, যথা।—মাংস অস্থি দুগ্ধ ঘৃতাদি।
প্রাতঃ, ব্য. [প্রাত+র] প্রভাত, সূর্য্যোদয়াবধি ত্রিমুহূর্ত্তকাল, তৎপর্য্যায়।-প্রগে।
প্রাতঃকর্ম্ম, পুং. [প্রাতর্+কর্ম্ম] প্রাতঃকালের কর্ত্তব্য কর্ম্ম।
প্রাতঃকাল, পুং. [প্রাতর্+কাল] সূর্য্যোদয়ের পর ছয় দণ্ড, প্রভাত, অহর্ম্মুখ।
প্রাতঃকৃত্য, ন. [প্রাতর্+কৃত্য] প্রভাতে কর্ত্তব্য কর্ম্ম।
প্রাতঃক্রিয়া, স্ত্রী. [প্রাতর্+ক্রিয়া] প্রভাতে কর্ত্তব্য ক্রিয়া।
প্রাতঃসন্ধ্যা, স্ত্রী. [প্রাতর্+সন্ধ্যা] প্রাতঃকালীন সন্ধ্যা, প্রাতঃকালের কর্ত্তব্য, বৈদিক, তান্ত্রিকোপাসনা।
প্রাতঃস্নান, ন. [প্রাতর্+স্নান] প্রভাতে কর্ত্তব্য অবগাহনাদি।
প্রাতঃস্নায়ী, ত্রি. [প্রাতর্+স্নায়িন্] প্রাতঃ স্নান কর্ত্তা, প্রাতঃস্নানকারী।
প্রাতরাশ, পুং. [প্রাতর্+আশ] প্রাতঃকালীন ভোজন, তৎপর্য্যায়।—কল্যবর্ত্ত, প্রাতর্ভোজন, কল্যজগ্ধি।
প্রাতর্গেয়, পুং. [প্রাতর্+গেয়] প্রাতঃকালে গেয় ঈশ্বরাদি, স্তুতিপাঠক, তৎপর্য্যায়।-স্তুতিব্রত; (ত্রি.) প্রভাতে গাতব্য।
প্রাতর্ভোক্তা, পুং. [প্রাতর্+ভোক্তৃ] কাক, বায়স; (ত্রি.) প্রভাতে ভোজন কর্ত্তা।
প্রাতর্ভোজন, ন. [প্রাতর্+ভোজন] প্রাতরাশ, প্রাতঃকালীন ভোজন।
প্রাতিকা, স্ত্রী. [প্রতি+ক-আ] পুষ্পবিশেষ, জবাপুষ্প। [রীত।
প্রাতিকূলিক, ত্রি. [প্রতি+কূল-ইক] বিপ-
প্রাতিকূল্য, ন. [প্রতি+কূল+য] বৈপরীত্য; বিপক্ষতা, শত্রুতা।
প্রাতিজনীন, ত্রি. [প্রতিজন+ইন] প্রতিজনের উপযোগী।
প্রাতিপদিক, পুং. [প্রতিপদ+ইক] অগ্নি; অনল; (ন.) নামসংজ্ঞা।
প্রাতিপথিক, ত্রি. [প্রতিপথ+ইক] বিরুদ্ধ, বিরোধী।
প্রাতিবেশ্য, পুং. [প্রতিবেশ+য] প্রতিবাসী।
প্রাতিভাব্য, ন. [প্রতি+ভূ+য] প্রতিভূত্ব, জামিনী, লগ্নকত্ব।
প্রাতিলোম্য, ন. [প্রতিলোম+য] বৈপরীত্য, ব্যতিক্রম।
প্রাতিস্বিক, ত্রি. [প্রতি-স্ব+ইক] অসাধারণ, তৎপর্য্যায়।—অন্যাসাধারণ, আবেশিক।
প্রাতিহর, পুং. [প্রতিহার+অ] মায়াকার, ভেল্কী মায়াজীবী।
প্রাতিহার, পুং. [প্রতিহার+অ] প্রাতিহারিক, মায়াকার, বাজীকার।
প্রাতিহারক, পুং. [প্রতিহার+ক] মায়াকার, বাজীকার।
প্রাতিহারিক, পুং. [প্রতিহার+ইক] মায়াকার, বাজীকার।
প্রাতীপ, পুং, [প্রতীপ+অ] প্রতীপরাজার পুত্র, শান্তনুরাজা।
প্রাত্যয়িক, ত্রি. [প্রত্যয়+ইক] বিশ্বাসবিষয়ক, বিশ্বাস্য; প্রত্যয়জাত।
প্রাথমকল্পিক, পুং. [প্রাথম+কল্প+ইক] যে ব্যক্তি প্রথম বেদাধ্যয়ন আরম্ভ করিয়াছে, প্রথমারব্ধ বেদাধ্যয়ন, তৎপর্য্যায়। শৈক্ষ্য।
প্রাথমিক, ত্রি. [প্রথম+ইক] প্রথমোদ্ভব, প্রাথম্য, অগ্রিম, আদিম।
প্রাথম্য, ত্রি, [প্রথম+য] প্রথমোদ্ভব, প্রথমতা।
প্রাদুঃ, ব্য. [প্রা+দুস্] নাম; প্রাকাশ্য, স্ফুটত্ব, তৎপর্য্যায়।—আবিঃ; আবির্ভূত; প্রকাশ; সম্ভাব্য; বৃত্তি।
প্রাদুর্ভাব, পুং. [প্রাদুস্+ভাব] আবির্ভাব, উদয়; প্রকাশ, মহিমা। [ব্যক্ত।
প্রাদুর্ভূত, ত্রি. [প্রাদুস্+ভূত] প্রকাশিত,
প্রাদেশ, পুং. [প্র+আদেশ] তর্জ্জনীসহিত বিস্তৃতাঙ্গুষ্ঠ, বিতস্তি, বিঘত; দেশমাত্র।

প্রাদেশন, ন. [প্র+আদেশন] দান, অর্পণ।
প্রাদোষ, ত্রি. [প্রদোষ+অ] প্রদোষসম্বন্ধীয়, সায়ংকালীন।
প্রাদোষিক, ত্রি. [প্রদোষ+ইক]প্রদোষসম্বন্ধী, সায়ংকালীন।
প্রাধান্য ন. [প্রধান+য] প্রধানত্ব, শ্রেষ্ঠত্ব।
প্রাধান্যতঃ, ব্য. [প্রাধান্য+তস্] প্রাধান্যরূপে।
প্রাধান্যরূপে, (প্রা) সর্ব্বশ্রেষ্ঠ রূপে।
প্রাধ্ব, ত্রি. [প্র+অধ্বন্] দূরপথ; প্রহ্ব; বন্ধ; রথ; (ব্য.) অনুকূল; নম্র।
প্রান্ত, পুং. [প্র+অন্ত] অন্তভাগ, শেষসীমা।
প্রান্ততঃ, ব্য. [প্র+অন্ততস্] প্রান্তভাগে, শেষভাগে।
প্রান্তর, ন. [প্র+অন্তর] দূরশূন্যপথ, দুর্গম পথ; বিপিন, কানন; ছায়া জলাদি রহিত পথ; কোটর।
প্রান্তশূন্য, ন. [প্রান্ত+শূন্য] দূরশূন্য পথ, ছায়াদি রহিত পথ।
প্রাপণ, ন. [প্র+আপ-অন] নয়ন, প্রাপ্তি, পাতন; প্রাপ্তি প্রেরণা; প্রকৃষ্টরূপে ব্যাপন; মিলন, ঘটন।
প্রাপণিক, পুং. [প্র+আপণ-ইক] পণ্যবিক্রয়ী, দ্রব্যাদি বিক্রেতা।
প্রাপণীয়, ত্রি. [প্র+আপ+অনীয়] প্রাপ্য, প্রাপ্তব্য।
প্রাপয়িতব্য, ত্রি.[প্র+আপ-তব্য] প্রাপণীয়, প্রাপ্য। [বিশেষ।
প্রাপেয়, পুং. [প্র+আপ-এয়] গন্ধর্ব্বগণ
প্রাপ্ত, ত্রি. [প্র+আপ-ত] প্রস্থাপিত, তৎপর্য্যায়।—প্রণিহিত; লব্ধ, তৎপর্য্যায়।—বিন্ন, ভাবিত, আসাদিত, ভূত।
প্রাপ্তকাল, ত্রি. [প্রাপ্ত+কাল] নির্দ্দিষ্টসময়; উপযুক্তকাল।
প্রাপ্তপঞ্চত্ব, ত্রি. [প্রাপ্ত+পঞ্চত্ব] মৃত, গত, প্রেত।
প্রাপ্তব্য, ত্রি. [প্র+আপ-তব্য] প্রাপ্য, পাইবার যোগ্য।
প্রাপ্তব্যবহার, পুং. [প্রাপ্ত+ব্যবহার] বয়ঃপ্রাপ্ত বালক।
প্রাপ্তভাব, পুং. [প্রাপ্ত+ভাব] জাতোক্ষ; (ত্রি.) লব্ধ সত্তাদি।
প্রাপ্তভার, পুং. [প্রাপ্ত+ভার] ধুরন্ধর, ভারবাহক বৃষ।
প্রাপ্তযৌবন, ত্রি. [প্রাপ্ত+যৌবন] তরুণ, ষোড়শবর্ষ বয়স্ক, যুবা।
প্রাপ্তরূপ, ত্রি. [প্রাপ্ত+রূপ] পণ্ডিত; মনোজ্ঞ; রূপবান্।
প্রাপ্তি, স্ত্রী. [প্র+আপ-তি] উদয়, ধনাদি বৃদ্ধি; অধিগম; লাভ; পাওয়া, প্রাপণ; সংহতি, সমূহ; অনিমাদি অষ্ট ঐশ্বর্য্যান্তর্গত ঐশ্বর্য্যবিশেষ, অভীপ্সিত প্রাপণ; উপস্বত্ব।
প্রাপ্য, ত্রি. [প্র+আপ-য] প্রাপ্তব্য, তৎপর্য্যায়।—গম্য, সমাসন্ন, প্রাপণীয়।
প্রাফুল্য, ন. [প্রফুল্ল+য] হর্ষ, আহ্লাদ, বিকাশ, প্রফুল্লতা।
প্রাবট, পুং. [প্র+আবট] শস্যবিশেষ, যব।
প্রাবর, পুং. [প্র+আবর] প্রাচীর, ভিত্তি, বেষ্টন।
প্রাবরণ, ন. [প্র+আবরণ] উত্তরীয়বস্ত্র, তৎপর্য্যায়।—প্রচ্ছাদন, সংব্যান, উত্তরীয়ক; প্রকৃষ্ট রূপে আচ্ছাদন, আড়াল।
প্রাবর্ত্তক, ত্রি. [প্র+আবর্ত্তক] প্রবৃত্তিজনক, নিয়োগকারক।
প্রাবল্য, ন. [প্রবল+য] প্রবলতা, সামর্থ্য, বিক্রম।
প্রাবার, পুং. [প্র+আবার] উত্তরাসঙ্গ, উত্তরীয় বস্ত্র।
প্রাবারকীট, পুং. [প্রাবার+কীট] কীটবিশেষ, তৎপর্য্যায়।—কুণ।
প্রাবীণ্য, ন. [প্রবীণ+য] প্রবীণতা, পাণ্ডিত্য।
প্রাবৃট্, স্ত্রী. [প্র+আ-বৃষ] বর্ষাকাল, শ্রাবণ ভাদ্র মাস। [কাল।
প্রাবৃড়ত্যয়, পুং. [প্রাবৃট্+অত্যয়] শরৎ-
প্রাবৃত, ত্রি. [প্র+আবৃত] প্রকৃষ্টাবরণ, ওড়িতবস্ত্র, উপরিভাগে বস্ত্রাদি দ্বারা আচ্ছাদিত, ঘেরা, তৎপর্য্যায়।—নিবীত, নিবৃত।

প্রাবৃতি, স্ত্রী. [প্র+আবৃতি] প্রাচীর, পাঁচীল, দেওয়াল।

প্রাবৃষা, স্ত্রী. [প্রাবৃষ+আ] ঘনাগম, বর্ষা-কাল, মেঘাগম।

প্রাবৃষায়ণী, স্ত্রী. [প্রাবৃষ+অয়ন-ঈ] কপি-কচ্ছু, আলকুশী।

প্রাবৃষিক, পুং. [প্রাবৃষ+ইক] ময়ূর; (ত্রি.) বর্ষাকাল জাত।

প্রাবৃষিজ, ত্রি. [প্রাবৃষ্+ই-জ] বর্ষাকালো-[দ্ভব।

প্রাবৃষেণ্য, পুং. [প্রাবৃষ+এন্য] কদম্ববৃক্ষ; কুটজবৃক্ষ; ধারাকদম্ব; (ত্রি.) প্রাচুর্য্য, প্রচুরতা; বর্ষাকালজাত।

প্রাবৃষেণ্য, ত্রি. [প্রাবৃষ্+এন্য] বর্ষাকালো-দ্ভব, (পুং.) কদম্ববৃক্ষ।

প্রাবৃষেণ্যা, স্ত্রী. [প্রাবৃষ+এন্য-আ] কপি-কচ্ছুলতা, আলকুশী; শাকবিশেষ, রক্ত পুনর্নবা।

প্রাবৃষ্য, ন. [প্রাবৃষ+য] বৈদূর্য্যমণি; (ত্রি.) বর্ষাকালে উৎপন্ন; (পুং.) কুটজপুষ্প, কুরচিফুল; ধারাকদম্ব; বিকণ্টক।

প্রাবেশন, ন. [প্র+আবেশন] কর্ম্মশালা, কারখানা।

প্রাবোধিক, পুং. [প্রবোধ+ইক] উষাকাল, উষাসময়; প্রবোধক ইতি পাঠ।

প্রাভব, ন. [প্রভব+অ] শ্রেষ্ঠত্ব, প্রধানত্ব।

প্রাভাকার, পুং. [প্রাভা+কার] মীমাংসক বিশেষ।

প্রাভৃত, ন. [প্র+আভৃত] উপঢৌকন, উপহার, ভেট, সওগাত।

প্রাভৃতক, ন. [প্র+আভৃতক] প্রাভৃত, উপ-ঢৌকন, তৎপর্য্যায়।—কৌশলিকা।

প্রামাণিক, ত্রি. [প্রমাণ+ইক] হৈতুক; মর্য্যাদার্হ; শাস্ত্রজ্ঞ; পরিচ্ছেদক; প্রমাণ কর্ত্তা; প্রমাণলব্ধ; (পুং.) দলপতি।

প্রামাণ্য, ন. [প্রমাণ+য] প্রমাণকরণত্ব, প্রমাণসিদ্ধত্ব; গ্রাহ্যত্ব।

প্রামাণ্যবাদ, পুং. [প্রামাণ্য+বাদ] প্রমাণ-করণতা কথন।

প্রামাদ্য, পুং. [প্রমাদ+য] বাসকবৃক্ষ; (ন.) অনবধানতা, অমনোযোগতা।

প্রামীত্য, ন. [প্রমীত+য] ঋণ, ধার; মৃতত্ব।

প্রায়, পুং. [প্র+অয়-অ] মরণ; অনশনেমৃত্যু, তুল্য; বাহুল্য; বয়স্।

প্রায়ঃ, ব্য. [প্র+অয়-অস্] বাহুল্য, আধিক্য।

প্রায়শঃ, ব্য. [প্রায়+শস্] কিঞ্চিন্ন্যূন, বাহু-ল্য রূপ।

প্রায়শ্চিত্ত, ন. [প্রায়স্+চিত্ত] পাপক্ষয় মাত্র সাধন কর্ম্ম, পাপনাশন কার্য্য।

প্রায়শ্চিত্তযোগ্য, ত্রি. [প্রায়শ্চিত্ত+যোগ্য] প্রায়শ্চিত্ত দ্বারা বিমোচনীয়।

প্রায়শ্চিত্তানর্হ, ত্রি. [প্রায়শ্চিত্ত+অনর্হ] পাপনাশন কার্য্যের অনুপযুক্ত।

প্রায়শ্চিত্তার্হ, ত্রি. [প্রায়শ্চিত্ত+অর্হ] পাপ-নাশন কার্য্যের যোগ্য।

প্রায়িক, ত্রি. [প্রায়+ইক] বাহুল্য; কিঞ্চি-ন্ন্যূন সর্ব্বত্র।

প্রায়ুধেষী, পুং. [প্র+আয়ুধ+ইষ-ইন্] ঘোটক, অশ্ব।

প্রাযোজ্য, ত্রি. [প্র+আ+যুজ-য] প্রয়োজ-নার্হ, প্রয়োজন যোগ্য।

প্রায়োপবিষ্ট, ত্রি. [প্রায়+উপ+বিষ্ট] প্রায়োপবেশ বিশিষ্ট; মৃত্যুপর্য্যন্ত অভোজনে উপবিষ্ট।

প্রায়োপবেশ, পুং. [প্রায়+উপবেশ] সন্ন্যাস-পূর্ব্বক অনশনে স্থিতি।

প্রারব্ধ, পুং. [প্র+আরব্ধ] প্রালব্ধ, শরীরের আরম্ভক অদৃষ্টবিশেষ; অনুষ্ঠিত, আরব্ধ করা; পূর্ব্বকর্ম্ম। [রজ্জু।

প্রারব্ধি, স্ত্রী. [প্র+আরভ-তি] গজবন্ধন

প্রারম্ভ, পুং. [প্র+আরম্ভ] প্রকৃষ্ট রূপে আরম্ভ; উপক্রম, অনুষ্ঠান।

প্রার্থন, ন. [প্র+অর্থন] প্রকৃষ্ট রূপে যাচন, তৎপর্য্যায়।—যাচ্ঞা, অভিশস্তি, যাচনা, অর্থনা।

প্রার্থনা, স্ত্রী. [প্রার্থন+আ] প্রকৃষ্ট রূপে যাচন, যাচনা, অর্থনা।

প্রার্থনাকারক, ত্রি. [প্রার্থনা+কারক] যাচ্ঞা কারক; নিবেদক।

প্রার্থনীয়, ন. [প্র+অর্থনীয়] দ্বাপরযুগ; (ত্রি.) প্রার্থনার বিষয় যাচনীয়।

প্রার্থিত, ত্রি. [প্র+অর্থিত] যাচিত; শত্রুসংরুদ্ধ; অভিহিত, হত।

প্রালব্ধ্য, ত্রি. [প্র+আলব্ধ-য] অদৃষ্ট,কপাল, প্রাক্তন।

প্রালম্ব, ন. [প্র+আলম্ব] কণ্ঠাবধি ঋজুভাবে লম্বমান মালা।

প্রালম্বিকা, স্ত্রী. [প্রালম্ব+ইকা] স্বর্ণরচিত ললন্তিকা, সুবর্ণ হার।

প্রালেয়, ন. [প্রলয়+এয়] হিম, শিশির, তুষার, বরফ।

প্রালেয়াংশু, পুং. [প্রালেয়+অংশু] চন্দ্র, শশী, শিতাংশু। [আহার।

প্রাশন, ন. [প্র+অশন] প্রকৃষ্টভোজন,

প্রাশস্ত্য, ন. [প্রশস্ত+য] প্রশস্ততা, উত্তমতা; বিস্তারত্ব, পরিসর, চৌড়াই।

প্রাশিত, ন. [প্র+অশিত] পিতৃযজ্ঞ; (ত্রি.) ভক্ষিত, খাদিত।

প্রাশী, ত্রি. [প্র+অশিন্] ভক্ষণকারী, ভোক্তা, খাদক।

প্রাশ্নিক, পুং. [প্রশ্ন+ইক] সভ্য; (ত্রি.) প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক। [কোঁচ।

প্রাস, পুং. [প্র+অস] অস্ত্রবিশেষ, কুন্তাস্ত্র,

প্রাসক, পুং. [প্রাস+অক] পাশক, পাশা; প্রাসস্ত্র, কুন্ত, কোঁচ।

প্রাসঙ্গ, পুং. [প্রসঙ্গ+অ] যুগ, যোয়ালি।

প্রাসঙ্গ্য, পুং. [প্রসঙ্গ+য] যুগবোঢ়বৃষ, যোয়ালি বাহক বৃষ।

প্রাসাদ, পুং. [প্র+অ+সদ-অ] দেবগৃহ; রাজগৃহ; বৃহৎঅট্টালিকা।

প্রাসাদকুক্কুট, পুং. [প্রাসাদ+কুক্কুট] পারাবত, পায়রা, কপোত।

প্রাসিক, পুং. [প্রাস+ইক] প্রাসাস্ত্রধারী, প্রাসপ্রহারী, তৎপর্য্যায়।—কৌন্তিক।

প্রাস্থিক, ত্রি. [প্রস্থ+ইক] কটাহ, তৈলাদি পাক পাত্র।

প্রাহ, বা. [প্র+আহ] প্রকৃষ্টরূপ কথন।

প্রাহ্ণঃ, পুং. [প্র+অহন্] নৃত্যোপদেশ, নাচশিক্ষা। [ভাগ।

প্রাহ্ণ, পুং. [প্র+অহ্ন] পূর্ব্বাহ্ন, দিবার প্রথম

প্রাহ্নে, বা. পূর্ব্বাহ্নে, দিবসের প্রথম ভাগ।

প্রাহ্নেতন, ত্রি. [প্রাহ্ণ+ইতন] পূর্ব্বাহ্ন সম্বন্ধীয়, পূর্ব্বাহ্নকালীন।

প্রাহ্নেতরাং, বা. [প্রাহ্নে+তরাং] অতিশয় পূর্ব্বাহ্নে।

প্রিয়, পুং. [প্রী+অ] ভর্ত্তা, স্বামী; মৃগবিশেষ; ঋদ্ধি নামৌষধ; জীবকৌষধ; (ত্রি.) হৃদ্য, স্নেহপাত্র; জীবকৌষক

প্রিয়ক, পুং. [প্রিয়+ক] পীতশালক; নীপ, কদম্ববৃক্ষ; চিত্রমৃগ; অলি,ভ্রমর; প্রিয়ঙ্গু, পিয়াল; কুঙ্কুম; ধারাকদম্ব; অশনবৃক্ষ।

প্রিয়ঙ্কর, ত্রি. [প্রিয়ং+কর] প্রিয়কারক, প্রীতিভাজন।

প্রিয়ঙ্করী, স্ত্রী. [প্রিয়ং+কর-ঈ] বৃহজ্জীবন্তী বৃক্ষ; শ্বেতকণ্টকারী; অশ্বগন্ধাবৃক্ষ; প্রিয়কারিণী

প্রিয়ঙ্গু, স্ত্রী. [প্রিয়+গম-উ] সুগন্ধি বৃক্ষ বিশেষ,তৎপর্য্যায়।–শ্যামা,মহিলাহ্বয়া, লতা, গোবন্দনী, গুন্দ্রা, ফলিনী, ফলী, বিশ্বক্সেনা, গন্ধফলী, কারম্ভা, প্রিয়ক, প্রিয়বল্লী, ফলপ্রিয়া, গৌরী, বৃত্তা, কঙ্গু, কঙ্গুনী, ভঙ্গুরা, গৌরবল্লী, সুভগা, পর্ণভেদিনী, শুভা, পীতা, মঙ্গল্যা, শ্রেয়সী; রাজিকা, রাইসর্ষা; পিপ্পলী; কটুকী, কট্‌কী, (পুং) পিঁপুল; কঙ্গু, উগ্রসেনের পুত্র কংসাসুরেরভ্রাতা।

প্রিয়জন, পুং. [প্রিয়+জন] হৃদ্যলোক, স্নেহপাত্র; প্রৌঢভাবজ্ঞ।

প্রিয়জীব, পুং. [প্রিয়+জীব] শ্যোনাক বৃক্ষ।

প্রিয়তম, পুং. [প্রিয়+তম] ময়ূরশিখা বৃক্ষ; (ত্রি.) অতিশয়প্রিয়।

প্রিয়তর, ত্রি. [প্রিয়+তর] অত্যন্তহৃদ্য, অতিশয়প্রিয়; (পুং.) ময়ূরপুচ্ছ বৃক্ষবিশেষ।

প্রিয়তা, স্ত্রী. [প্রিয়+ত-আ] হার্দ্দ্য, হৃদ্যতা; স্নেহ, প্রেম।

প্রিয়তোষণ, পুং. [প্রিয়+তোষণ] রতিবন্ধাতিরিক্ত, (ত্রি.) প্রিয়েরতুষ্টিকরণ বিশেষ।

প্রিয়ত্ব, ন. [প্রিয়+ত্ব] প্রিয়তা, তৎপর্য্যায়।-প্রেম, প্রেমা, স্নেহ, প্রণয়,হার্দ্দ, প্রিয়তা, স্নিগ্ধতা।

প্রিয়দর্শন, ত্রি. [প্রিয়+দর্শন] সুদৃশ্য, তৎপর্য্যায়।—চক্ষুষ্য, মনোজ্ঞ; (পুং.) শুকপক্ষী; ক্ষীরিকাবৃক্ষ।

প্রিয়পাত্র, ত্রি. [প্রিয়+পাত্র] স্নেহভাজন, প্রিয়তম।

প্রিয়প্রায়, ন. [প্রিয়+প্রায়স্] প্রিয়বাক্য, চাটুবচন, তৎপর্য্যায়।—চটু, চাটু।

প্রিয়প্রেপ্সু, ত্রি. [প্রিয়+প্রেপ্সু] ইষ্টার্থে উদ্যুক্ত, প্রিয়ার্থ উৎসুক, প্রিয় সমাগমাভিলাসী।

প্রিয়বক্তা, পুং. [প্রিয়+বক্তৃ] চারুকথক, মনোহর বক্তা।

প্রিয়বর্ণী, স্ত্রী. [প্রিয়+বর্ণ-ঈ] প্রিয়ঙ্গুবৃক্ষ, শ্যামা। [প্রিয়কথা।

প্রিয়বাক্য, ন. প্রিয়+বাক্য] মনোরঞ্জকবাক্য,

প্রিয়বাদী, ত্রি. [প্রিয়+বাদিন্] মনোজ্ঞবক্তা, চারুকথক, প্রিয়বক্তা।

প্রিয়ব্রত, পুং. [প্রিয়+ব্রত] স্বায়ম্ভুব মনুর পুত্র। [শ্যামা।

প্রিয়বল্লী, স্ত্রী. [প্রিয়+বল্লী] প্রিয়ঙ্গুবৃক্ষ,

প্রিয়ভাষী, ত্রি. [প্রিয়+ভাষিন্] চারুকথক, প্রিয়বাদী, মনোজ্ঞ বক্তা।

প্রিয়মধু, পুং. [প্রিয়+মধু] বলরাম, বলদেব।

প্রিয়ম্বদ, পুং. [প্রিয়ং+বদ] খেচর, গন্ধর্ব্ব বিশেষ; (ত্রি.) প্রিয়ভাষী, মিষ্টবাদী।

প্রিয়সখ, পুং. [প্রিয়+সখ] খদির, খএর; প্রিয়বন্ধু।

প্রিয়সত্য, ন. [প্রিয়+সত্য] সুনৃতবাক্য, সত্য অথচ প্রিয়কথা

প্রিয়সন্দেশ, পুং. [প্রিয়+সন্দেশ] চম্পকবৃক্ষ; প্রিয়সম্বাদ।

প্রিয়সালক, পুং. [প্রিয়+সালক] বৃক্ষবিশেষ, অশনবৃক্ষ, পেয়াসাল গাছ।

প্রিয়া, স্ত্রী. [প্রিয়+আ] নারী; ভার্য্যা; এলাইচ; মল্লিকা; মদিরা; বার্ত্তা

প্রিয়াম্বু, পুং. [প্রিয়+অম্বু] আম্রবৃক্ষ, আম্র; (ন.) হৃদ্যজল; আম্রফল।

প্রিয়াল, পুং. [প্রিয়+আল] বৃক্ষবিশেষ, পিয়াল, তৎপর্য্যায়।—চার, অখট্ট, খরস্কন্ধ, ললন, চারক, বহুবল্কল, সন্নদ্রু, তাপসপ্রিয়, স্নেহবীজ,উপবট,অক্ষবীর্য্য, পিয়াল, বহুবল্কল, রাজাদন, তাপসেষ্ট, সন্নকদ্রু, ধনুঃপট।

প্রিয়ালা স্ত্রী. [প্রিয়াল+আ] দ্রাক্ষা,কিস্‌মিস্‌

প্রিয়ালাপ, পুং. [প্রিয়+আলাপ] মনোজ্ঞ, কথোপকথন, মনোরঞ্জন কথাবার্ত্তা।

প্রিয়োদিত, ত্রি. [প্রিয়+উদিত] চাটুবাক্য; প্রিয়বাক্যের বিষয়।

প্রীণ, ত্রি. [প্রীণ+ন] পুরাতন,প্রীত, সন্তৃপ্ত।

প্রীণন, ন. [প্রী+অন] তৃপ্তিকরণ, তৎপর্য্যায়।—তর্পণ; অবন।

প্রীণস, পুং. [প্রী+নস] গণ্ডক, খড়্গী, গণ্ডার।

প্রীত, ত্রি. [প্রী+ত] প্রীতিযুক্ত,তৎপর্য্যায়।-হৃষ্ট, মত্ত, তৃপ্ত, প্রহ্লন্ন, প্রমুদিত,হৃষিত; নর্ম্ম।

প্রীতি, স্ত্রী. [প্রী+তি] তৃপ্তি, তৎপর্য্যায় মুৎ, প্রমদ, হর্ষ, প্রমোদ, আমোদ, সম্মদ, আনন্দথু, আনন্দ, শর্ম্ম, সাত, সুখ; ইষ্টদর্শন জন্য সুখ; কামপত্নী, রতী; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত দ্বিতীয়যোগ; (ন.) প্রেম।

প্রীতিকর, ত্রি. [প্রীতি+কৃর] প্রমোদজনক, তৃপ্তিকর, হর্ষজনক, আহ্লাদ জনক।

প্রীতিজুষা স্ত্রী. [প্রীতি+জুষা] অনিরুদ্ধপত্নী, উষা।

প্রীতিদ, পুং. [প্রীতি+দ] ভণ্ড, ভাঁড়, তৎপর্য্যায়।—বাসন্তিক,কেলিকিল,বৈহাসিক, বিদূষক, প্রহাসী; (ত্রি.) হর্ষদাতা; সুখদাতা; প্রেম।

প্রীতিদত্ত, ন. [প্রীতি+দত্ত] প্রীতিপূর্ব্বক দেওয়া বস্তু; প্রীতিপূর্ব্বক দান

প্রীতিভোজ্য, ত্রি. [প্রীতি+ভোজ্য] প্রীতিপূর্ব্বক ভক্ষণীয় অন্নাদি।

প্রীতিমান্, ত্রি. [প্রীতি+মৎ] স্নেহান্বিত, প্রণয়ী।

প্রুষ্ট, ত্রি. [প্রুষ+ত] দগ্ধ, পোড়া।

প্রুষ্ব, পুং. [প্রুষ+ব] ঋতু;দিবাকর, সূর্য্য।

প্রুষ্বা, স্ত্রী. [প্রুষ্ব+আ] জলবিন্দু,জলকণা।

প্রেক, (হি) কীলক, শঙ্কু, গজাল।

প্রেঙ্খণ, ন. [প্র+ইংখ+অন] গমন; প্রবেশন; নাটকবিশেষ

প্রেঙ্খন্, ত্রি. [প্র+ইংখ+অৎ] চলনবিশিষ্ট, চঞ্চল; সংশক্তি বিশিষ্ট।

প্রেঙ্খা, স্ত্রী. [প্র+ইঙ্খ-আ] দোলা; পর্য্যটন; অশ্বগতি; সম্বেশনানন্তর, নৃত্য।

প্রেঙ্খিত, ত্রি. [প্র+ইঙ্খিত] কম্পিত, দোলিত। [ঝোলা।

প্রেঙ্খোলন, ন. [প্রেঙ্খোল+অন] দোলা,

প্রেঙ্খোলিত, ত্রি. [প্রেঙ্খোল+ত] দোলিত, তৎপর্য্যায়।—তরলিত, লুলিত, প্রেঙ্খিত, ধুত, চলিত, কম্পিত, ধূত, বেল্লিত, আন্দোলিত।

প্রেত, পুং. [প্র+ইত] নরকস্থ প্রাণী; ভূতবিশেষ; (ত্রি.) মৃত, পিশাচ।

প্রেতকার্য্য, ন. [প্রেত+কার্য্য] প্রেতকর্ম্ম, মৃত ব্যক্তির দাহাদি সপিণ্ডী করণান্ত কর্ম্ম। [স্থান।

প্রেতগৃহ, ন. [প্রেত+গৃহ] শ্মশান, শবদাহ

প্রেততর্পণ, ন. [প্রেত+তর্পণ] মরণাবধি সপিণ্ডীকরণ পর্য্যন্ত প্রেত শব্দোল্লেখে জলদান।

প্রেতদেহ, পুং.ন. [প্রেত+দেহ] প্রেতশরীর।

প্রেতনদী, স্ত্রী. [প্রেত+নদী] বৈতরণীনদী, যমদ্বারস্থা নদী।

প্রেতপটহ, পুং. [প্রেত+পটহ] মরণকালীন বাদনীয় বাদ্যবিশেষ, তৎপর্য্যায়।—ভবরুৎ, মৃত্যু ভঙ্গুরক।

প্রেতপতি, পুং. [প্রেত + পতি] যম, কাল, মৃত্যু।

প্রেতপক্ষ, পুং. [প্রেত + পক্ষ] গৌণচান্দ্র আশ্বিন মাসের কৃষ্ণপক্ষ।

প্রেতপিণ্ড, পুং. [প্রেত+পিণ্ড] মরণাবধি সপিণ্ডীকরণ পর্য্যন্ত প্রেত সম্প্রদানক পিণ্ডাকার অন্ন।

প্রেতপুর, ন. [প্রেত+পুর] যমালয়, যমপুরী।

প্রেতবন, ন. [প্রেত+বন] শ্মশান, শবদাহ স্থান।

প্রেতবাহিত, ত্রি. [প্রেত+বাহিত] ভূতাবিষ্ট, ভূতেপাওয়া।

প্রেতভাব, ন. [প্রেত+ভাব] প্রেতত্ব, প্রেতের ধর্ম্ম, প্রেতের স্বভাব

প্রেতরাক্ষসী, স্ত্রী. [প্রেত+রাক্ষসী] তুলসী বৃক্ষ

প্রেতশিলা, স্ত্রী. [প্রেত+শিলা] পিণ্ডদানার্থ গয়াস্থিত প্রস্তর বিশেষ।

প্রেতশৌচ, ন. [প্রেত+শৌচ] মৃত ব্যক্তির সংস্কারাদি।

প্রেতশ্রাদ্ধ, ন. [প্রেত+শ্রাদ্ধ] প্রেতোদ্দিশ্য শ্রাদ্ধবিশেষ।

প্রেতহার, পুং. [প্রেত+হার] শববাহক।

প্রেতা, স্ত্রী. [প্রেত+আ] প্রেত ভাবাপন্না; মৃতা।

প্রেত্য, ব্য. [প্রেত+য] লোকান্তর, তৎপর্য্যায়।—অমুত্র, পরকাল।

প্রেপ্সু, ত্রি. [প্র+ঈপ্সু] প্রাপ্তেচ্ছু।

প্রেম, ন. [প্র+ইমন্] সৌহৃদ্য, তৎপর্য্যায়।—প্রেমা, প্রিয়তা, হার্দ্দ, স্নেহ, প্রণয়, প্রীতি; নর্ম্ম।

প্রেমদায়ক, ত্রি. [প্রেম+দায়ক] প্রেমদায়ী, স্নেহদায়ক।

প্রেমপাতন, ন. [প্রেম+পাতন] রোদন, নেত্রজল।

প্রেমভক্তি, স্ত্রী. [প্রেম+ভক্তি] স্নেহযুক্ত শ্রীকৃষ্ণের সেবা, বিষ্ণুতে একান্ত মমতা।

প্রেমভাজন, ত্রি. [প্রেম+ভাজন] প্রণয়াধার, প্রিয়, স্নিগ্ধ, স্নেহাধার, প্রণয়ভাজন।

প্রেমা, পুং. [প্রেমন্] স্নেহ, প্রেম; বাসব; বায়ু।

প্রেমার্ণব, পুং. [প্রেম+অর্ণব] প্রেমসমুদ্র, স্নেহসাগর।

প্রেমালিঙ্গন, ন. [প্রেম+আলিঙ্গন] স্নেহপূর্ব্বক পরিষ্বঙ্গ; নায়ক নায়িকার আলিঙ্গনবিশেষ।

প্রেমাস্পদ, ত্রি. [প্রেম+আস্পদ] স্নেহভাজন, প্রণয়স্থান।

প্রেমী, ত্রি. [প্রেম+ইন্] প্রেমযুক্ত, স্নেহবিশিষ্ট।

প্রেমেচ্ছা, স্ত্রী. [প্রেম+ইচ্ছা] সৌহৃদেচ্ছা, প্রণয়াভিলাস

প্রেয়সী, স্ত্রী. [প্রিয়+ঈয়স্-ঈ] প্রিয়তমা নারী, তৎপর্য্যায়।—দয়িতা, কান্তা, প্রাণেশা, বল্লভা, প্রিয়া, হৃদয়েশা, প্রাণসমা, প্রেষ্ঠা, প্রণয়নী।

প্রেয়ান্, পুং. [প্রিয়+ঈয়স্] পতি, তৎপর্য্যায়।—দয়িত, কান্ত, প্রাণেশ, বল্লভ, প্রিয়, হৃদয়েশ, প্রাণসম, প্রেষ্ঠ, প্রণয়ী, (ত্রি.) অতিপ্রিয়।

প্রেরণ, ন. [প্র+ঈর-অন] প্রেষণ, পাঠান।

প্রেরণা, স্ত্রী. [প্রেরণ+আ] চোদনা, ফলভাবনা, বিধি।

প্রেরয়িতা, পুং. [প্র+ঈর্-তৃ] প্রেরক, প্রেরণকর্ত্তা

প্রেরিত, ত্রি. [প্র+ঈর-ত] প্রেষিত, নিয়োজিত।

প্রত্বরী, স্ত্রী. [প্র+ইত্বর-ঈ] নদী, সরিৎ, তটিনী; অতিশয় ব্যভিচারিণী।

প্রেত্বা, পুং. [প্র+ইত্বন্] সমুদ্র, জলধি, সাগর।

প্রেষ, পুং. [প্র+ঈষ-অ] প্রেষণ, প্রেরণ, পাঠান; পীড়া, দুঃখ।

প্রেষণ, ন. [প্রেষ্+অন] প্রেরণ, পাঠান।

প্রেষণীয়, ত্রি. [প্রেষ্+অনীয়] প্রেরণীয়, পাঠাইবার যোগ্য।

প্রেষিত, ত্রি. [প্রেষ্+ত] প্রেরিত, নিয়োজিত, তৎপর্য্যায়।—প্রস্থাপিত, প্রতিশিষ্ট; প্রতিহত; প্রতিনির্দ্দিষ্ট।

প্রেষ্ঠ, ত্রি. [প্র+ইষ্ঠ] অতিশয় প্রিয়, অত্যন্ত স্নেহপাত্র, অত্যন্ত বল্লভ।

প্রেষ্ঠা, স্ত্রী. [প্র+ইষ্ঠ-আ] প্রেয়সী, প্রিয়তমা স্ত্রী; জঙ্ঘা, জানু। [ণীয়।

প্রেষ্য, ত্রি. [প্রেষ্+য] দাস, ভৃত্য; প্রের-

প্রক্ষণ, ন. [প্র+ঈক্ষণ] চক্ষু; দর্শন, অবলোকন।

প্রেক্ষণকূট, পুং. [প্র-ঈক্ষণ+কূট] চক্ষুর্গোলক নেত্ররোগ।

প্রেক্ষা, স্ত্রী. [প্র+ঈক্ষ-আ] নৃত্যেক্ষণ; প্রজ্ঞা; ঈক্ষণ, দর্শন; শাখা।

প্রৈষ, পুং. [প্র+এষ] ক্লেশ; মর্দ্দন; উন্মাদ; প্রেষণ, পাঠান।

প্রৈষ্য, পুং. [প্র+এষ্য] প্রেষ্য, দাস, ভৃত্য, প্রেরণীয়।

প্রোক্ত, ত্রি.[প্র+উক্ত]কথিত,প্রকর্ষেণোক্ত।

প্রোঞ্ছন, ন. [প্র+উঞ্ছন] প্রবর্জ্জন, লোপন, পরিষ্কার করণ, মোছা, পোঁছা।

প্রোজ্জাসন, ন. [প্র+উজ্জাসন] মারণ,প্রাণী হিংসাকরণ, হনন।

প্রোজ্ঝিত, ত্রি. [প্র+উজ্ঝিত] ত্যক্ত, বর্জ্জিত।

প্রোষ্ঠ, পুং. [প্র+উষ্ঠ] পতদ্‌গ্রহ, আচমনক, কটকোল, নিষ্ঠীবনপাত্র, পিক্‌দান।

প্রোত, ন. [প্র+উত] বস্ত্র; (ত্রি.) খচিত, স্যূত; গুম্ফিত; পোঁত।

প্রোতোৎসাদন, ন. [প্রোত+উৎসাদন] বস্ত্রকুট্টিম; ছত্র, ছাতা।

প্রোৎফল, পুং. [প্র+উৎফল] বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—সিংহলাঙ্গুল, ছড়া, ছটা, পিঙ্গা।

প্রোৎফুল্ল, ত্রি. [প্র+উৎফুল্ল] বিকসিত, প্রকাশিত।

প্রোৎসাহ, পুং. [প্র+উৎসাহ] প্রকৃষ্টোৎসাহ, অতিশয় যত্ন, অধ্যবসায়।

প্রোৎসাহক, পুং. [প্র+উৎসাহক]প্রবর্ত্তক; উৎসাহবর্দ্ধক।

প্রোথ, পুং.ন.[প্রু+থ] অশ্বনাসিকা; (পুং.) কটী; শাটক; স্ত্রীগর্ভ; গর্ত্ত; ভীষণ, ভয়ানক, স্ফিক্; অশ্বমুখ; (ত্রি.) অধ্বগ, পথিস্থ, বত্মস্থ,প্রোথিত, পোঁতা,নিখাত; স্থাপিত।

প্রোথিত, ত্রি. [প্রোথ+ইত]নিখাত, পোতা, গাড়া।

প্রোদ্ঘুষ্ট, ত্রি. [প্র+উদ্ঘুষ্ট] অনুনাদী, সংঘুষ্ট। [করণ।

প্রোদ্ঘোষণ, ন. [প্র+উদ্ঘোষণ] উচ্চৈঃশব্দ-

প্রোল্লন, ন. [প্র+উন্দ-অন] পরিপূর্ণকরণ।

প্রোল্লাঘিত, ত্রি. [প্র+উল্লাঘিত] নিরাময়, রোগোপশম।

প্রোষ, পুং. [প্রুষ+অ] সন্তাপ,ক্লেশ, দুঃখ।

প্রোষিত, ত্রি. [প্র+উষিত] প্রবাসগত, বিদেশস্থ

প্রোষিতপতিকা, স্ত্রী. [প্রোষিত+পতিকা] বিদেশস্থ পতিকা।

প্রোষিতভর্ত্তৃকা, স্ত্রী. [প্রোষিত+ভর্ত্তৃকা] বিদেশস্থ পতিকা, স্বীয়াদিনায়িকাভেদ, তচ্চেষ্টা দশাবস্থা, যথা।—পত্যভিলাষ, চিন্তা, স্মৃতি, গুণোৎকীর্ত্তন, উদ্বেগ, বিলাপ, উন্মাদ, ব্যধি, জড়তা, নিধন। [মাচ।

প্রোষ্ঠ, পুং. [প্র+উষ্ঠ] প্রোষ্ঠীমৎস্য, পুটী-

প্রোষ্ঠপদ, পুং. [প্রোষ্ঠ+পদ] ভাদ্রমাস।

প্রোষ্ঠপদা, স্ত্রী. [প্রোষ্ঠ+পদ-আ] পূর্ব্বভাদ্রপদনক্ষত্র,২৫; উত্তরভাদ্রপদনক্ষত্র, ২৬, তৎপর্য্যায়।—ভাদ্রপদা।

প্রোষ্ঠপদী, স্ত্রী. [প্রোষ্ঠ+পদ-ঈ] ভাদ্রীপূর্ণিমা।

প্রোষ্ঠপাদ, ত্রি. [প্রোষ্ঠ+পাদ] পূর্ব্বভাদ্রপদ নক্ষত্রে জাত।

প্রোষ্ঠী, স্ত্রী. [প্রোষ্ঠ+ঈ] মৎস্যবিশেষ, পুঁটি মাচ, তৎপর্য্যায়।—শফরী, শফর, শ্বেত কোল।

প্রোহ, পুং. [প্র+উহ]হস্তিচরণ; পর্ব্ব; গজচরণপর্ব্ব; (ত্রি.) নিপুণ, তর্ক, বিতর্ক-করণ, অনুমান করণ।

প্রোক্ষণ, ন, [প্র+উক্ষণ] যজ্ঞার্থ পশু হনন, বধ, মারণ; সেচন; জলস্পর্শপূর্ব্বক সংস্কার করণ।

প্রোক্ষণীয়, ত্রি. [প্র+উক্ষণীয়] জলসেক দ্বারা সংস্কার্য্য।

প্রোক্ষিত, ত্রি. [প্র+উক্ষিত] নিহত; সিক্ত, যজ্ঞার্থ মন্ত্রদ্বারা সংস্কৃত মাংসাদি।

প্রৌঢ়, ত্রি. [প্র+বহ-ত] বর্দ্ধিত, তৎপর্য্যায়। প্রবৃদ্ধ, এধিত; প্রগল্ভ; নিপুণ; যৌবনাবস্থার পরিবর্ত্তি অবস্থাপ্রাপ্ত; বিবাহিত।

প্রৌঢ়পাদ, পুং. [প্রৌঢ়+পাদ] আসনারোপিত পাদতল, আসনোপরি পাদতলদ্বয় সংযোগপূর্ব্বক উপবেষ্টা; বস্ত্রাদিদ্বারা পৃষ্ঠ জানু জঙ্ঘাদ্বয় দৃঢ় বন্ধনপূর্ব্বক উপবেশনকারী।

প্রৌঢ়া, স্ত্রী. [প্রৌঢ়+আ] নায়িকাবিশেষ, ত্রিংশৎ বৎসরাবধি পঞ্চ পঞ্চাশদ্বর্ষ পর্যান্তবয়স্কা স্ত্রী, তৎপর্য্যায়।—চিরিণ্টী, সুবয়াঃ; শ্যামা, অদৃষ্টরজা।

প্রৌঢ়ি, স্ত্রী. [প্র+বহ-তি]সামর্থ্য, তৎপর্য্যায়। উৎসাহ, প্রগল্ভতা, অভিযোগ, উদ্যম, উদ্যোগ, কিয়দেতিকা, অধ্যবসায়,

প্রৌঢ়িবাদ, পুং. [প্রৌঢ়ি+বাদ] বাদানুবাদ, বিবাদ।

প্রৌণ, ত্রি. [প্র+ওন] নিপুণ, দক্ষ, পটু।

প্রৌষ্ঠপদ, পুং. [প্রৌষ্ঠ+পদ] ভাদ্রমাস।

প্রৌহ, পুং. [প্র+উহ] প্রকুষ্টোহ, উত্তম বাহন

প্লব, পুং. [প্লু+অ] প্লুতগতি, প্লবন; ভেল, ভেলা; ভেক, মণ্ডূক; অবি, মেষ; শ্বপচ, চণ্ডাল; কপি, বানর; জলকাক, পাণীকৌড়ী; কুলক, হরিতসর্প; প্রবণ, ক্রমনিম্নভূমি, গড়ানভূমি; পর্কটীদ্রুম, পাকুড়গাছ; কারণ্ডববিহগ, খড়হাঁস; শব্দ, ধ্বনি; প্রতিগতি; প্রেরণ; শক্র; জলান্তর; পলব, পোলো; জল-কুক্কুট, গাংচিল; জলচর পক্ষী, যথা।—হংস, সারস, চক্রবাক, বক, ক্রৌঞ্চ, সরারিকা, নান্দীমুখী, কদম্ব, বলাক; (ন.) কৈবর্ত্তীমুস্তক; গন্ধতৃণ; (ত্রি.) প্লুতগ

প্লবক, পুং. [প্লব+ক]খড়্গধারাদিনর্ত্তক, তৎপর্য্যায়।—কেলক, কেকল,নর্ত্তু, কেলিকোষ, কলায়ন; চণ্ডাল; ভেক; প্লক্ষ, পাকুড়গাছ।

প্লবগ, পুং. [প্লব+গম-অ] বানর; ভেক; সূর্য্যসারথি; প্লবপক্ষী; শিরীষবৃক্ষ।

প্লবগতি, পুং. [প্লব+গতি] ভেক, মণ্ডূক, বেংগ; বানর।

প্লবঙ্গ, পুং. [প্লব+গম-অ] বানর; মৃগ; প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

প্লবঙ্গম, পুং. [প্লব+গম] ভেক; বানর; (ত্রি.) প্লুতগতিযুক্ত।

প্লবন, ত্রি. [প্লু+অন] প্রবণ, ক্রম নিম্নভূমি, গড়ান, ঢালু।

প্লক্ষ, পুং. [প্লক্ষ+অ] বৃক্ষবিশেষ, পাকুড়গাছ, তৎপর্য্যায়।—জটী, পর্কটী, পর্কটি,

প্লক্ষ, প্লীক্ষ, জটি, কপীতন, ক্ষীরী, সুপার্শ্ব, কমণ্ডলু, শৃঙ্গী, অবরোহণশাখী, গর্দ্দভাণ্ড, কপীতক, দৃঢ়প্ররোহ, প্লবক, প্লবঙ্গ, মহাবল; ক্ষুদ্র প্লক্ষের পর্য্যায়।—সুক্ষ্ম, সুশীত, শীতবীর্য্যক, পুণ্ড্র, মহাবরোহ, হ্রস্বপর্ণ; পিম্বরি, ভেদুর, মঙ্গলচ্ছায়; কন্দরালবৃক্ষ, গর্দ্দভাণ্ডবৃক্ষ; দ্বীপবিশেষ; অশ্বত্থবৃক্ষ, পক্ষক।

প্লক্ষদ্বীপ, পুং. [প্লক্ষ+দ্বীপ] সপ্তদ্বীপান্তর্গত দ্বীপবিশেষ।

প্লাটিনা, (ইং) ধাতুবিশেষ।

প্লাবন, ন. [প্লু+অন] দ্রবদ্রব্যের ঊর্দ্ধে বিস্তারণ, উথলন, বন্যা, বহুতর জলসংযোগ।

প্লাবিত, ত্রি. [প্লু+ত] জলাদিমগ্ন স্থান, জলময় স্থান, জলে ভাসা।

প্লাবী, পুং. [প্লু+ইন্] বিহঙ্গ, পক্ষী।

প্লাক্ষ, ন. [প্লক্ষ+অ] প্লক্ষবৃক্ষের ফল, পাকুড় ফল।

প্লিহা, পুং. [প্লি+হন্] প্লীহরোগ, পিলা।

প্লীহঘ্ন, পুং. [প্লিহ+হন] বৃক্ষবিশেষ, রোহড়াগাছ, তৎপর্য্যায়।—রোহী, রোহিতক, প্লীহশত্রু, দাড়িমপুষ্পক, মাংসদলন, যকৃদ্বৈরী, চলচ্ছদ, রৌহিতের, রোহিত, রোহীতক, রৌহী।

প্লীহশত্রু, পুং. [প্লীহ+শত্রু] প্লীহঘ্নবৃক্ষ, রোহড়া গাছ।

প্লীহা, স্ত্রী. [প্লি+হন্] প্লিহরোগ; (পুং.) কুক্ষির বামপার্শ্বস্থ মাংস খণ্ড, পিলা, তৎপর্য্যায়।—গুল্ম, প্লিহা।

প্লীহারি, পুং. [প্লীহা+অরি] অশ্বত্থবৃক্ষ।

প্লীহাশত্রু, পুং. [প্লীহা+শত্রু] প্লীহশত্রু, প্লীহঘ্নবৃক্ষ, রোহড়াগাছ।

প্লুত, ন. [প্লু+ত] অশ্বগতিবিশেষ, ত্বরা হেতুক লম্ফ দিয়া গমন, সালম্ফ গতি; তির্য্যগগতি, বক্রগতি; (পুং.) ত্রিমাত্র বর্ণ; (ত্রি.) ঝম্পগতিযুক্ত।

প্লুতগতি, স্ত্রী. [প্লুত+গতি] লম্ফ দিয়া গমন, সলম্ফ গমন।

প্লুষ, পুং. [প্লুষ+অ] দহন, ভস্মীকরণ।

প্লুষ্ট, ত্রি. [প্লুষ+ত] দগ্ধ, পোড়া।

প্লুষি, পুং. [প্লুষ্+সি] অগ্নি; স্নেহ; গৃহদাহ।

প্লোষ, পুং. [প্লুষ+অ] দাহ, দগ্ধ, পোড়া।

প্সা, স্ত্রী. [প্সা+অ] ভক্ষণ, অশন, ভোজন।

প্সাত, ত্রি. [প্সা+ত] ভক্ষিত, খাদিত।

প্সান, ন. [প্সা+অন] ভোজন ভক্ষণ, অশন।

ফ

ফকার, দ্বাবিংশতিতম ব্যঞ্জনবর্ণ, প বর্গের দ্বিতীয় বর্ণ, ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, তৎপর্য্যায়।—মহেশানি, শিখী, জনার্দ্দন। অস্যনামানি যথা।—ফ; সখী; দুর্গিনী; ধূম্রা; বামপার্শ্ব; জনার্দ্দন; জয়া; পাদ; শিখা; রৌদ্রী; ফেৎকার; শশিশেখরীপ্রিয়; উমা; বিহঙ্গম; কাল; কুব্জিনীপ্রিয়; পাবক; প্রলয়াগ্নি; নীলপাদ; অক্ষর; পশুপতি; শশী; ফুৎকার; যামিনী; ব্যক্তা; পাবন; মোহবর্দ্ধন; নিষ্ফলবাগহঙ্কার; প্রয়াগ; গ্রামনী; ফল।

ফ, ন. রূক্ষোক্তি; ফুৎকৃতি, নিষ্ফলভাষণ; (পুং.) যক্ষসাধন; স্ফান; ঝঞ্ঝাবাত; বর্দ্ধক; জৃম্ভানিস্ফার, হাইতোলা; স্ফুট, ব্যক্ত; ফললাভ; সংজ্ঞাবিশেষ।

ফকৎ, (যাং) একমাত্র, কেবল।

ফকন, (প্রা) হারণ; ফাকিপড়ন, বঞ্চিত হওন, প্রতারিত হওন।

ফকান, (প্রা) হারাণ; প্রতারণ; ভুলান।

ফকীর, (যাং) দরিদ্র ব্যক্তি; যবন ভিক্ষুক।

ফক্ক, ত্রি. [ফক্ক+ক] ব্যর্থ, নিরর্থ, বিফল, মিথ্যা, কুৎসিত ব্যবহারী।

ফক্কা, (প্রা) পূর্ব্বপক্ষ; বিতণ্ডা, মিথ্যা, ফাকি।

ফক্কিকা, স্ত্রী. [ফক্ক+ইক-আ] অসদ্ব্যবহার, ফাকি, তৎপর্য্যায়।—চোদ্য, দেশ্য, পূর্ব্বপক্ষ; ন্যায় সম্বন্ধীয় ব্যাখ্যা।

ফক্কা, (প্রা) দীন, নির্ধন, দরিদ্র, শূন্য, রিক্ত।
ফখর্, (যাং) সুখ্যাতি।
ফঙ্গ, (প্রা) অফল, নিরর্থক, মিথ্যা।
ফঙ্গবানি, (প্রা) অসার, অসক্ত, অদৃঢ়।
ফঙ্গবানী, (প্রা) মিথ্যা, অসার, ক্ষীণ, অদৃঢ়।
ফঙ্গমানি, (প্রা) অসার; ক্ষীণ, অদৃঢ়।
ফজিহৎ, (যাং) অপমান, দুর্নাম।
ফঞ্জিকা, স্ত্রী. [ফঞ্জ+ইক-আ] ব্রাহ্মণ যষ্টিকাবৃক্ষ, বামনহাটী গাছ; দেবতাড়; দুরালভা।
ফঞ্জিপত্রিকা, স্ত্রী. [ফঞ্জি+পত্রিকা] আখুপর্ণী, ইন্দুরকানীলতা।
ফঞ্জী, স্ত্রী. [ফঞ্জ+ঈ] ভার্গীলতা, ভাদালিয়া।
ফট, পুং. স্ত্রী. [স্ফুট+অ] ফণা, সর্পের মস্তকস্থিতচর্ম্মপট্টিকা; সর্পমস্তক।
ফটক, (যাং) দ্বার, ক্ষুদ্রদরজা।
ফটকবন্দী (যাং) কারাবন্ধ।
ফটা স্ত্রী. [ফট+আ] ফণা, সর্পমস্তকস্থ চর্ম্মপট্টিকা; সর্পের মস্তক; দন্ত; কিতব।
ফটিক, (প্রা) প্রস্তরবিশেষ, কাঁচবিশেষ।
ফট্, বা. অনুকরণ শব্দ, অব্যক্ত ধ্বনি; অস্ত্রবীজ। [একানিয়া।
ফট্কা, (প্রা) চিত্রিত, দাগ; ত্যক্ত পথভ্রষ্ট;
ফট্কিরী, (প্রা) বণিক্ দ্রব্যবিশেষ।
ফড়, (হি) দ্যূত ক্রীড়ার স্থান; রঙ্গস্থান।
ফড়কি, (প্রা) ক্ষুদ্র শাখ, পল্লব।
ফড়িঙ্গ, (প্রা) ঝিল্লিকা, ঝিল্লীপোকা।
ফড়িঙ্গা, স্ত্রী. ঝিল্লিকা, ফড়িঙ্গ, পতঙ্গ।
ফড়িয়া, (হি) ক্রয়পূর্ব্বক বিক্রয়কারী, বেপারী।
ফড়ফড়ানি, (প্রা) প্রাগল্ভ্যতা, ধৃষ্টতা।
ফণ, ত্রি. [ফণ+অ] সর্পের বিস্তৃত মস্তক; সর্পমস্তকস্থচর্ম্মপট্টিকা, তৎপর্য্যায়।—ফণা, ফণ, ফটা, ফট, স্ফটা, স্ফট, দর্ব্বী, ভোগ, স্ফুট, স্ফুটা, দর্ব্বি, ফটী। [ধর।
ফণকর, পুং. [ফণ+কর] ভুজঙ্গ, সর্প, বিষ-
ফণধর, পুং. [ফণ+ধর] সর্প, ভুজঙ্গ, অহি।
ফণধরধর, পুং. [ফণধর+ধর] শিব, মহাদেব; ব্যালগ্রাহী।
ফণবান্, পুং. [ফণ+বৎ] সর্প, ভুজঙ্গ, অহি।
ফণভৃৎ, পুং. [ফণ+ভৃৎ] সর্প, বিষধর, ভুজঙ্গ। [মস্তক
ফণা, স্ত্রী. [ফণ+আ] সর্পফটা, সর্পের বিস্তৃ
ফণাকর, পুং. [ফণা+কর] সর্প, ভুজগ ভুজঙ্গ, অহি।
ফণাধর, পুং. [ফণা+ধর] সর্প, চক্রী, ভুজঙ্গ
ফণাধারী, পুং. [ফণা+ধারিন্] সর্প, ভুজগ অহি।
ফণাবান্, পুং. [ফণা+বৎ] সর্প, ভুজঙ্গ ভুজগ। [ভুজগ
ফণাভর, পুং. [ফণা+ভর] সর্প, অহি.
ফণিকেশর, পুং. [ফণি+কেশর] নাগকেশর, নাগেশ্বরচম্পকপুষ্প বৃক্ষবিশেষ।
ফণিখেল, পুং. [ফণি+খেল] ভারতীপক্ষী, ভারই।
ফণিচক্র, ন. [ফণি+চক্র] বিবাহাদি কর্ম্মে শুভাশুভ জ্ঞানার্থ সপ্তবিংশতি নক্ষত্র ঘটিত সর্পাকার ত্রিনাড়ী চক্র।
ফণিজিহ্বা, স্ত্রী. [ফণি+জিহ্বা] মহাশতাবরী; মহাসমঙ্গা।
ফণিজ্ঝক, পুং. [ফণি+জ্ঝক] ক্ষুদ্রপত্র তুলসী; জম্বীরবিশেষ; জম্বীর সামান্য নেবু, তৎপর্য্যায়।—সমীরণ, মরুবক, গ্রন্থিপুষ্প, জম্বীর।
ফণিত, ত্রি. [ফণ+ইত] গত; নিঃস্নেহিত।
ফণিতল্পগ, পুং. [ফণি+তল্পগ] বিষ্ণু, নারায়ণ, কৃষ্ণ। [বাতাস।
ফণিপ্রিয়, পুং. [ফণি+প্রিয়] বায়ু, অনিল,
ফণিফেণ, পুং. [ফণি+ফেণ] অহিফেণ, আফিং। [বিশেষ; পান।
ফণিবল্লী, স্ত্রী. [ফণি+বল্লী] নাগবল্লী, লতা-
ফণিমনসা, (প্রা) কণ্টকবৃক্ষবিশেষ।
ফণিহন্ত্রী, স্ত্রী. [ফণি+হন্তৃ-ঈ] গন্ধনাকুলী, গন্ধগোকুলা।
ফণিহৃৎ, স্ত্রী. [ফণি+হৃৎ] ক্ষুদ্র দুরালভা।
ফণী, পুং. [ফণা+ইন্] সর্প; সর্পিনীনামক ঔষধি। [বাসুকি।
ফণীন্দ্র, পুং. [ফণী+ইন্দ্র] সর্পরাজ, অনন্ত;
ফণীশ্বর, পুং. [ফণী+ঈশ্বর] অনন্ত, সর্পরাজ, শেষ; বাসুকি।

ফণ্ড, পুং. [ফণ+ত] জঠর, উদর, পেট।
ফতুয়া, (যাং) অঙ্গরক্ষিণী, জামা; দরিদ্র।
ফতুর, (যাং) ক্ষীণ, কৃশ; নির্ধন, দরিদ্র।
ফৎকারী, পুং. [ফৎ+কারিন্] পক্ষী মাত্র।
ফন্দী, (প্রা) ছল, ছুতা; প্রতারণা, বঞ্চনা।
ফয়দা, (যাং) লাভ, উপায়, প্রাপ্তি মুনফা।
ফয়সালা, (যাং) মোকদ্দমার নিষ্পত্তি পত্র।
ফর, ন. [ফর+অ] ফলক, তক্তা; ঢাল।
ফরসা, (প্রা) নির্ম্মল, স্বচ্ছ, পরিষ্কার; শেষ, নিষ্পন্ন।
ফরাস্, (যাং) ক্ষুদ্রকর্ম্মকারী বিশেষ।
ফরিদী, (প্রা) পক্ষীবিশেষ।
ফরিয়াদ্, (যাং) অভিযোগ, নালিস।
ফরিয়াদী (যাং) অভিযোক্তা, বিবাদার্থী।
ফরুবক, ন. [ফরু+বক] পূগপাত্র।
ফর্জি, (যাং) চতুরঙ্গের মন্ত্রী, দাবা।
ফর্ফরণ, (প্রা) চঞ্চলস্বভাব; লাফিয়া বেড়ান; দম্ভ করণ।
ফর্ফরাণ, (প্রা) প্রাগলভ্যাচরণ, ধৃষ্টতাকরণ, লাফিয়া বেড়ান।
ফর্ফরীক, পুং. [ফর্ফর+ঈক] চপেট, চাপড়; (ন.) মার্দ্দব, বর্ণশঙ্কর জাতিবিশেষ।
ফর্ফরীকা, স্ত্রী. [ফর্ফর+ঈক-আ] পাদুকা, বিনামা, জুতা; মদন, কামদেব।
ফর্মাইশ্, (যাং) হুকুম।
ফল, ন. [ফল+অ] লাভ; শস্য; ফলক, চর্ম্ম, ঢাল; হেতুকৃত; জাতীফল; বৃষ্টি; ত্রিফলা, যথা।—আমলকী, হরিতকী, বয়ড়া; কঙ্কোল; বাণাগ্র; আর্ত্তব; ফাল; দান; মুষ্ক, অণ্ডকোষ; (পুং.) কুটজবৃক্ষ, কুরচী গাছ, ইষ্টসিদ্ধি; অভিপ্রায়; কর্ম্মজন্য শুভাদৃষ্ট দুরদৃষ্ট, সম্ভব স্বর্গনরকাদি ইহা ত্রিবিধ। অনিষ্ট, ইষ্ট, মিশ্র; ক্ষেত্রফল; গোলাধ্যায়ের প্রাঙ্গণ বিশেষ।
ফলই, (প্রা) মৎস্যবিশেষ, চেতলমাছ।
ফলক, ন. [ফল+ক] চর্ম্ম, ঢাল; (পুং.) অস্থিখণ্ড; নাগকেশর; কাষ্ঠাদি পট্টক, তক্তা; রজকপট্ট, ধোপার পাট্। [ঢালী।
ফলকপাণি, পুং. [ফলক+পাণি] চর্ম্মী,
ফলকাম, ত্রি. [ফল+কাম] কর্ম্মের ফলকামী।
ফলকর্কশা, স্ত্রী. [ফল+কর্কশা] বনকোলি বনোদ্ভব বদরী, বনকুল।
ফলকী, পুং. [ফলক+ইন্] মৎস্যবিশেষ-ফলইমাছ; (ত্রি.) ফলকযুক্ত, ঢালী।
ফলকৃষ্ণ, পুং. [ফল+কৃষ্ণ] পানীয়ামলক, পেনেলা।
ফলকেশর, পুং. [ফল+কেশর] নারিকেলবৃক্ষ। [কোষ।
ফলকোষক, পুং. [ফল+কোষক] মুষ্ক, অণ্ড-
ফলগ্রহি, ত্রি. [ফল+গ্রহি] ফলেগ্রহি, যথা সময়ে ফলধর বৃক্ষ।
ফলগ্রাহী, পুং. [ফল+গ্রাহিন্] বৃক্ষ, গাছ; (ত্রি.) ফলগ্রহণ কর্ত্তা।
ফলচমস, পুং. [ফল+চমস্] দধিমিশ্রিত বটত্বক্চূর্ণ।
ফলচোরক, পুং. [ফল+চোরক] চোরকনামক গন্ধদ্রব্য।
ফলতঃ, ব্য. [ফল+তস্] বস্তুতঃ, বাস্তবিক, অর্থাৎ।
ফলত্রয়, ন. [ফল+ত্রয়] দ্রাক্ষা-পরূষ-কাশ্মারী; ত্রিফলা।
ফলত্রিক, ন. [ফল+ত্রিক] ত্রিফলা, শুঁঠ-পিপুল-মরীচ।
ফলদ, পুং. [ফল+দ] বৃক্ষ; (ত্রি.) ফলদাতা, অভীষ্টপ্রদ; সফল।
ফলন, ন. [ফল+অন] উৎপাদন, ইষ্টসাধন, ফলজনন।
ফলন্ত, (প্রা) ফলবান, ফলযুক্ত, ফলী।
ফলপঞ্চাম্ল, ন. [ফল+পঞ্চাম্ল] অম্লপঞ্চফল।
ফলপ্রদ, ত্রি. [ফল+প্রদ] ফলদাতা, অভীষ্টপ্রদ; বৃক্ষ।
ফলপাক, পুং. [ফল+পাক] করমচা; করমর্দ্দক, পানীয়ামলক, পেনেলা।
ফলপাকান্তা, স্ত্রী. [ফলপাক+অন্ত-আ] ওষধি, ধান্য কদল্যাদি।
ফলপাকী, পুং. [ফল+পাকিন্] গর্দ্দভাণ্ড, গাব্ধিভাঁট।
ফলপুচ্ছ, পুং. [ফল+পুচ্ছ] বরণ্ডালু, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ; ফুলকন্দ।

ফলপুষ্পা, স্ত্রী. [ফল+পুষ্প–আ] পিণ্ড খর্জ্জুরী, পিণ্ডী খাজুর; নেবু, পেয়ারা।

ফলপূর, পুং. [ফল+পূর] বীজপূর, দাড়িম্ব; নেবু, পেয়ারা। [দাড়িম্ব।

ফলপূরক, পুং. [ফল+পূরক] বীজপূর,

ফলপ্রিয়া, স্ত্রী. [ফল+প্রিয়া] সুগন্ধিবৃক্ষ বিশেষ, প্রিয়ঙ্গু, গন্ধফলী। [মুদ্গ।

ফলবর্ত্তুল, ন. [ফল+বর্ত্তুল] কালিঙ্গ, তর-

ফলবান্, ত্রি. [ফল+বৎ] ফলযুক্তবৃক্ষ, তৎ-পর্য্যায়।—ফলিন, ফলী, ফলিত

ফলবিক্রয়িনী, ত্রি. [ফল+বিক্রয়িন্–ঈ] ফল বিক্রেত্রী, (হিং.) কুজ্‌ড়ায়িনী।

ফলবৃক্ষক, পুং. [ফল+বৃক্ষক] পনস, কাঁটাল।

ফলভাক্, ত্রি. [ফল+ভাজ্] ফলভাগী।

ফলভূমি, স্ত্রী. [ফল+ভূমি] কর্ম্মফল ভোগ স্থান।

ফলমুখ, পুং. [ফল+মুখ] ফলিবারকাল ফলধরিবার সময়, (প্রা) শস্য সংগ্রহ-কাল, ফলপাড়িবার সময়।

ফলমুখ্যা, স্ত্রী. [ফল+মুখ্য–আ] অজমোদা, বনযমানী, বনযউন।

ফলমুদ্গারিকা, স্ত্রী. [ফল+মুদ্গারিকা] পিণ্ড-খর্জুর, পিণ্ডীখাজুর।

ফলমূল, (প্রা) শস্যোৎপন্নেরকাল; ফল জননের উন্মুখ; ফলেরকারণ।

ফললক্ষণা, স্ত্রী. [ফল+লক্ষণা] প্রয়োজনবতী সুফলা, শুভলক্ষণা।

ফলশাক, ন. [ফল+শাক] ষড়্‌বিধ শাকান্তর্গত ফলরূপশাক, তদ্যথা।—পত্র, পুষ্প, ফল, নাল, কন্দ, সংস্বেদজ।

ফলশাড়ব, পুং. [ফল+শাড়ব] দাড়িম, দাড়িম্ব; (স্ত্রী.) দাড়িম্বী। ফলবিশিষ্ট।

ফলশালী, ত্রি. [ফল+শালিন্] ফলাশ্রয়;

ফলশৈশির, পুং. [ফল+শৈশির] বদরবৃক্ষ, কুলগাছ।

ফলশ্রুতি, স্ত্রী. [ফল+শ্রুতি] কর্ম্মফল শ্রবণ।

ফলশ্রেষ্ঠ, পুং. [ফল+শ্রেষ্ঠ] আম্রবৃক্ষ, আঁমগাছ। [গাছ।

ফলস, পুং. [ফল+অস] পনসবৃক্ষ, কাঁটাল-

ফলস্নেহ, পুং. [ফল+স্নেহ] আখোটবৃক্ষ; অক্ষোটক, আখরোটগাছ.

ফলহারী, স্ত্রী. [ফল+হারী] কালীমূর্ত্তি বিশেষ, ভগবতী; (পুং.) ফলহরণকর্ত্তা।

ফলা, স্ত্রী. [ফল+আ] ঝিঞ্জিরিষ্টাক্ষুপ, ঝিঞ্জিরিটা; সংযুক্ত অক্ষর; বাণাদির অগ্রস্থিত লৌহ; (ত্রি.) ফলযুক্ত।

ফলাঙ্গ, ন. [ফল+অঙ্গ] প্লুতগতি, লাফিয়া যাওন।

ফলাট, (প্রা) শিল; গোপযোনি; প্রশস্ত।

ফলাঢ্যা, স্ত্রী. [ফল+আঢ্য–আ] কাষ্ঠকদলী; ফলযুক্তা।

ফলাধ্যক্ষ, ন. [ফল+অধ্যক্ষ] রাজাদনবৃক্ষ, ক্ষীরিকাগাছ; (ত্রি.) ফলাধিকারী।

ফলাদন, পুং. [ফল+অদন] শুকপক্ষী; (ত্রি.) ফলভক্ষক। [illegible]

ফলান, (প্রা) ফলোৎপাদন, ফল জন্মান; উজ্জ্বলকরণ।

ফলাম্ভু, পুং. [ফল+অম্ভু] বংশ, বাঁশ [illegible]

ফলান্বেষক, ত্রি. [ফল+অন্বেষক] ফল-অনুসন্ধানকারী; লাভদর্শক। [illegible]

ফলাপলাপ, পুং. [ফল+অপলাপ] যথার্থের অপহ্নব, যথার্থগোপন।

ফলাফল, ন. [ফল+অফল] লাভালাভ; হিতাহিত।

ফলাম্ল, ন. [ফল+অম্ল] বৃক্ষাম্লঃ (পুং.) অম্লবেতস। [ঝিঁঝিপোকা।

ফলাযোষিৎ, স্ত্রী. [ফলা+যোষিৎ] ঝিল্লিকা,

ফলার (প্রা) ফলভোজন; উচ্চাবচ ভক্ষ্যদ্রব্যাদি দধ্যাদিতে দ্রবীকৃত করিয়া ভোজন, এবং লুচি মণ্ডাদি ভক্ষণ।

ফলার্থী, ত্রি. [ফল+অর্থিন্] ফলকামী, ফলেচ্ছুক।

ফলাশন, পুং. [ফল+অশন] শুকপক্ষী; (ত্রি.) ফলভক্ষক তপস্বী।

ফলাসঙ্গ, ন. [ফল+আসঙ্গ] ফলাসক্তি, ফলাভিলাস।

ফলাহার, পুং. [ফল+আহার] ফলভোজন; অন্নাতিরিক্ত আহার। [মাছ।

ফলি, পুং. [ফল+ই] মৎস্যবিশেষ, ফলুই-

ফলিকা, স্ত্রী. [ফল+ইক-আ] নিষ্পাবী, বোড়াশিম।

ফলিত, ত্রি. [ফল+ইত] ফলবিশিষ্ট, ফলজাত, (পুং.) বৃক্ষ; (ন.) শৈলেয়নামক গন্ধদ্রব্যবিশেষ, শৈলজ।

ফলিতার্থ, ত্রি. [ফলিত+অর্থ] নিষ্কৃষ্টার্থ, অর্থাৎ।

ফলিন, ত্রি. [ফল+ইন] ফলবান্; (পুং.) পনস, কাঠাল; ফলবিশিষ্ট বৃক্ষ।

ফলিনী, স্ত্রী. [ফলিন্+ঈ] প্রিয়ঙ্গুবৃক্ষ; অগ্নিশিখাবৃক্ষ।

ফলী, ত্রি. [ফল+ইন্] ফলযুক্তবৃক্ষাদি; (স্ত্রী.) প্রিয়ঙ্গুবৃক্ষ; ফলিমৎস্য, ফলুইমাছ।

ফলূষ, পুং. [ফল+উষ] লতাবিশেষ।

ফলেগ্রহি, পুং. [ফলে+গ্রহি] যথাসময়ে ফলধরবৃক্ষ; (ত্রি.) ফলগ্রহণ কর্ত্তা।

ফলেগ্রাহি, পুং. [ফলে+গ্রাহি] ফলেগ্রহি, যথা সময়ে ফলধরবৃক্ষ; (ত্রি.) ফলগ্রহণ কর্ত্তা।

ফলেন্দ্র, পুং. [ফল+ইন্দ্র] বৃহজ্জম্বু, বড়জাম, তৎপর্য্যায়।—নন্দ, রাজজম্বু, মহাফলা, সুরভিপত্রা, মহাজম্বু।

ফলেপুষ্পা, স্ত্রী. [ফলে+পুষ্প-আ] ক্ষুদ্র ক্ষুপবিশেষ, (হিং.) গূয়া, তৎপর্য্যায়।—দ্রোণা, দ্রোণপুষ্পী। [বৃক্ষ।

ফলেরুহা, স্ত্রী. [ফলে+রুহ-আ] পাটলি-

ফলেসক্ত, ত্রি. [ফলে+সক্ত] ফলাসক্ত, ফলকামী।

ফলোত্তমা, স্ত্রী. [ফল+উত্তমা] কাকলীদ্রাক্ষা, বেদানা কিস্‌মিস্।

ফলোৎপত্তি, পুং. [ফল+উৎপত্তি] আম্রবৃক্ষ, আঁমগাছ।

ফলোদয়, পুং. [ফল+উদয়] লাভ; সুরালয়, দেবালয়; হর্ষ; ফলোৎপত্তি।

ফলোপদেষ্টা, পুং. [ফল+উপদেষ্টৃ] কার্য্যের ফল উপদেশকর্ত্তা।

ফল্ক, পুং. [ফল্+ক] বিস্তারিতাঙ্গ, বিস্তারিত দেহ

ফল্গু, ত্রি. [ফল্গ+উ] অসার; নিরর্থক; (স্ত্রী.) গয়াস্থ নদীবিশেষ; কাকোডুম্বরিকা, কাকডুমুর; রেণুবিশেষ, ফাগু; মিথ্যাবাক্য; বসন্তঋতু।

ফল্গুদা, স্ত্রী. [ফল্গু+দা] গয়াস্থ নদীবিশেষ, ফল্গুনদী।

ফল্গুন, পুং. [ফল্গু+ন] অর্জ্জুন; ফাল্গুনমাস।

ফল্গুনাল, পুং. [ফল্গু+নাল] ফাল্গুনমাস, ফাল্গুন।

ফল্গুনী, স্ত্রী. [ফল্গুন+ঈ] নক্ষত্রবিশেষ, পূর্ব্বফল্গুনী; উত্তরফল্গুনী; কাকডুমুর।

ফল্গুবাটিকা, স্ত্রী. [ফল্গু+বাটিকা] কাকোডুম্বরিকা, কাকডুমুর।

ফল্গুবৃন্তাক, পুং. [ফল্গু+বৃন্তাক] শ্যোনাকবিশেষ।

ফল্গুৎসব, পুং. [ফল্গু+উৎসব] ফল্গুকরণক শ্রীকৃষ্ণের উৎসব, দোলযাত্রা।

ফল্য, ন. [ফল+য] কুসুম, পুষ্প, ফুল।

ফল্লকী, পুং. [ফল্লক+ইন্] মৎস্যবিশেষ, ফলুইমাছ।

ফল্লফল, পুং. [ফল্ল+ফল] সূর্পবাত, কুলার বাতাস।

ফষ্টি, (প্রা) পরিহাস, কৌতুক, তামাসা।

ফষ্টিয়া, (প্রা) ভণ্ড; পরিহাসক, গল্পিয়া।

ফষ্ট্যা, (প্রা) পরিহাসক, ভণ্ড, ভাঁড়।

ফসল, (যাং) শস্য; শস্য সংগ্রহকাল।

ফস্কা, (প্রা) অশক্ত, শ্লথ, আলগা, ঢিলা।

ফা, পুং. [ফ+অ] সন্তাপ; নিস্ফল কথন; বৃদ্ধি; বর্দ্ধক।

ফাও, (প্রা) পরিমাণের কিঞ্চিৎ অধিক, অতিরেক, উদ্বৃত্ত, উপরি।

ফাঁক, (প্রা) ছিদ্র, রন্ধ্র, ছেঁদা, অন্তর।

ফাঁড়, (প্রা) প্রস্থ, বিস্তার; উদর।

ফাঁড়া, (প্রা) রিষ্টি, আপদ, বিপদ, বিভ্রাট।

ফাঁদ, (প্রা) পক্ষ্যাদিধারণ যন্ত্র, ফাঁশ, পাশ, জাল।

ফাঁদন, (প্রা) পত্তন, আরম্ভণ; বিস্তারকরণ; ফলান।

ফাঁদনী, (প্রা) কৌশল, উপায়; অনুষ্ঠান; বিস্তার; আড়ম্বরী।

ফাঁপ, (প্রা) স্ফীতভাব; উন্নত; কোষ্কা।

ফাঁপন, (প্রা) স্ফীতহওন, ফুলন, বাড়ন।

ফাঁপা, (প্রা) অসার; স্ফীত, ফুলা।
ফাঁপান, (প্রা) স্ফীতকরণ, ফুলান।
ফাঁপানী; (প্রা) স্ফীতভাব, ফুলা।
ফাঁস, (প্রা) ফাঁদ, পাশ, জাল।
ফাঁসা, (প্রা) ছিদ্র; ফাঁক; ফাইট।
ফাঁসী, (প্রা) উদ্বন্ধন, ফাঁস, পাশ।
ফাঁসীদেওন, (প্রা) প্রাণ বিনাশার্থ উদ্বন্ধনে দেহ যোজন।
ফাকৃফাকৃ, (প্রা) অন্তর২, ভিন্ন২, পৃথক২।
ফাকড়া, (প্রা) ছল, ব্যাজ; ক্ষুদ্রশাখা; সামান্য অবয়ব।
ফাকা, (প্রা) প্রসার; অনাহার; চূর্ণদ্রব্য।
ফাকী, (প্রা) প্রতারণা, চাতুরী, কৌশল, মিথ্যা; চূর্ণ; পূর্ব্বপক্ষ।
ফাগু, (প্রা) রক্তবর্ণ চূর্ণবিশেষ।
ফাটকী, স্ত্রী. [ফাটক+ঈ] স্ফটী; স্ফটিক নির্ম্মিত।
ফাটন, (প্রা) বিদারণ, ভাঙ্গন, স্ফুটন, স্ফটিকময়।
ফাটল, (প্রা) ছিদ্র, রন্ধ্র, ফাঁক।
ফাটান, (প্রা) বিদীর্ণকরণ, বিদারণ।
ফাড়ন, (প্রা) বিদারণ, খণ্ডন। [শক্তু।
ফাণি, স্ত্রী. [ফাণ+ই] গুড়; করম্ভ; দধি-
ফাণিত, ন. [ফাণ+ইত]অর্দ্ধ আবর্ত্তিত ইক্ষুরস; ফেণী,ফেণীবাতাসা; খাঁড়গুড়
ফাণ্ট, ত্রি. [ফাণ+ট] অনায়াসকৃত; কষায়বিশেষ।
ফাতনা, (প্রা) ছিপেরসূত্রসংলগ্ন শোলা, তরণ্ডিকা।
ফাতা, (প্রা) ফাতনা, মৎস্যধারণ উপায়, ছিপেরসূত্রসংলগ্ন তরণ্ড।
ফানস, (যাং) লাণ্ঠান; সেজ, দেয়ালগিরি
ফাল, ন. [ফল+অ] হলোপকরণ; (পুং.) লাঙ্গলস্থ ভূমিবিদারক লৌহ, তৎপর্য্যায়।—কুষিক, কৃষক, ফল, কৃষিকা, ফাল, কুশিক; মহাদেব; বলরাম; (ত্রি.) কার্পাসবস্ত্র; নববিধ দিব্যান্তর্গত অষ্টমদিব্য।
ফালকৃষ্ট, ত্রি. [ফাল+কৃষ্ট] ফালদ্বারা কর্ষিত ভূম্যাদি।
ফালপড়ন, (প্রা) চষণ, ভূমিবিদারণ।
ফালপাড়ন, (প্রা) লম্ফন, কুঁদন।
ফালা, পুং. [ফাল+আ] জম্বীর বীজসমূহ, ফালী, খণ্ড, কুচি।
ফাল্গুন, পুং. [ফল্গুন+অ] গুড়াকেশ, অর্জুন; নদীজবৃক্ষ; অর্জুনবৃক্ষ; তপস্যমাস; বৈশাখাদি দ্বাদশমাসান্তর্গত একাদশমাস, তৎপর্য্যায়।—তপস্য, ফাল্গুনিক, ফাগুন, বৎসরোপান্তক।
ফাল্গুনানুজ, পুং. [ফাল্গুন+অনুজ] বসন্তকাল; অর্জুনের কনিষ্ঠভ্রাতা।
ফাগুনিক, পুং. [ফাল্গুন+ইক] ফাল্গুনমাস, তপস্য।
ফাল্গুনী, স্ত্রী. [ফাগুন+ঈ] ফাল্গুনমাসের পূর্ণিমা; পূর্ব্বফল্গুনীনক্ষত্র; উত্তরফল্গুনী নক্ষত্র; (পুং) অর্জ্জুন।
ফাল্লা, (প্রা) ছিদ্র; বিদারিত, ফাড়া।
ফাসা, (প্রা) বিদীর্ণ, ফাটা; ছিদ্র, ফাঁক।
ফি, পুং. [ফল+ই] পাপ; নিষ্ফলবাক্য; কোপ, রাগ।
ফিক, (প্রা) পার্শ্ব, পাশ।
ফিকনা, (প্রা) যষ্টিদ্বারা অবলম্বন, ঠেকুয়া।
ফিকা, (প্রা) পাণ্ডুবর্ণ; অনুজ্জ্বল, ম্লান।
ফিকির, (যাং) কল্পনা, উপায়, চিন্তা।
ফিঙ্কি, (প্রা) অগ্নিকণা, স্ফুলিঙ্গ।
ফিঙ্গক, পুং. [ফিং+গক] পক্ষীবিশেষ, ফিঙ্গা, তৎপর্য্যায়।—কুলিঙ্গ, ফলিঙ্গ, ধূম্যাট, ভৃঙ্গ; লোষ্ট্রাদিত্যাগকরণার্থ রজ্জু।
ফিঙ্গা, (প্রা) পক্ষীবিশেষ, ফিঙ্গাপাখী; লোষ্ট্রাদিত্যাগকরণার্থ রজ্জু
ফিচাল, (প্রা) ধূর্ত্ত, শঠ, দুষ্ট।
ফিরঙ্গ, পুং. [ফিরং+গম-অ] স্বনামখ্যাত ম্লেচ্ছদেশ; রোগবিশেষ।
ফিরঙ্গরোটী, স্ত্রী. [ফিরঙ্গ+রোটী] রোটিকাবিশেষ, পাওরোটী, পাউরুটি, অপূপ, শক্তুবাটাল। [দেশোদ্ভবনারী।
ফিরঙ্গিণী, স্ত্রী. [ফিরঙ্গ+ইন্-ঈ] ফিরিঙ্গ
ফিরঙ্গী, পুং. [ফিরঙ্গ+ইন্] ফিরঙ্গ দেশোদ্ভব পুরুষ। [পুনরাহ্বান।
ফিরণ, (প্রা) ঘূরণ, ঘোরা; প্রত্যাবর্ত্তন;

ফিরণিয়া, (প্রা) ভ্রমণকর্ত্তা, পর্য্যটক।

ফিরৎ, (প্রা) পুনরাবৃত্ত, পুনরাগত; পুনর্দ্দত্ত।

ফিরতী, (প্রা) প্রতিদান, ফিরিয়া দেওয়া।

ফিরাণ, (প্রা) ঘূরাণ; প্রত্যাবর্ত্তন, পুনরাবর্ত্তন।

ফিরিস্তি, (যাং) ফর্দ্দ, তালিকা; নির্ঘণ্ট।

ফিরে, (প্রা) পুনশ্চ, আরবার, পুনরায়।

ফিস্‌ফিসিনি, (প্রা) সূক্ষ্মবৃষ্টিপাত; কর্ণেকর্ণে কথন।

ফু, পুং [ফ+উ] মস্তক; তুচ্ছবাক্য; উপেক্ষাবোধকপদ; (প্রা) ফুৎকার।

ফুঁকন, (প্রা) ফুৎকার দেওন; উড়ান।

ফুঁড়ন, (প্রা) বেধন, ভেদন।

ফুঁপন, (প্রা) হাঁপন, শিশদেওন।

ফুক, পুং. [ফ+উক] পক্ষী, পাকী, বিহগ।

ফুকন. (প্রা) ফুৎকারকরণ, ফুঁদেওন।

ফুকর, (প্রা) ছিদ্র,রন্ধ্র,ছেদা, (যাং) উচ্চরব।

ফুকরাণ, (প্রা) আহ্বান, ডাকন, হাঁকন।

ফুট, ত্রি. [ফুট+অ] সর্পফণা; (প্রা) ছিদ্র; ভগ্ন; ত্যক্ত। [করণ।

ফুটন, (প্রা) ছিদ্রকরণ, স্পষ্টকরণ; প্রকাশ-

ফুটা, (প্রা) সরন্ধ্র, সচ্ছিদ্র।

ফুটান, (প্রা) ছিদ্রকরণ; বিকসিতকরণ, প্রকাশকরণ।

ফুটি, (প্রা) ফলবিশেষ, পক্ককাঁকুড়।

ফুড়ুৎ, (প্রা) বিহঙ্গমের একস্থান হইতে অন্য স্থানে উড্ডীন সময়ের অব্যক্ত শব্দবিশেষ।

ফুৎ, বা, [ফ্‌+উৎ] অনুকরণশব্দ; তুচ্ছভাষণ।

ফুৎকর, পুং. [ফুৎ+কর] অগ্নি, অনল, বহ্নি।

ফুৎকরণ, ন. [ফুৎ+করণ] ফুৎকার, ফুঁদেওন, ফুকন।

ফুৎকার, পুং. [ফুৎ+কার] ফুৎকরণ, ফুঁ, ফুঁক্। [ফুঁক্।

ফুৎকৃতি, স্ত্রী. [ফুৎ+কৃতি] ফুৎকার, ফুঁ,

ফুপ্‌ফুস, পুং. [ফুপ্‌ফ+উস] পুপ্‌ফুস, কোষ্ঠবিশেষ, হৃদয় নাড়িকা সংলগ্ন বায়ুর আশয় ভস্ত্রাকার বায়ুযন্ত্রবিশেষ, ফ্যাপড়া, ফুলকা, কাপাসে।

ফুয়ান, (প্রা) ধুঁয়ান; ব্যয়করণ; উড়ান।

ফুরণ, (প্রা) কর্ম্ম নির্দ্ধারণ; অকুলন, অনাটন, শেষ হওন।

ফুরাণ, (প্রা) শেষ হওন, নির্দ্ধারিত।

ফুরসৎ, (যাং) সুযোগ, বিরাম।

ফুল, (প্রা) পুষ্প, কুসুম।

ফুলখড়ী, (প্রা) শ্বেতবর্ণ খটিকা, চা খড়ী।

ফুলগন্ধক, (প্রা) চূর্ণগন্ধক।

ফুলন, (প্রা) স্ফীতহওন ফাঁপন।

ফুলফুলিয়া, (প্রা) পরিষ্কৃত, সুশ্রী।

ফুলবাগান, (যাং) পুষ্পবাটিকা।

ফুলরী, (প্রা) পিষ্টকবিশেষ, বড়া।

ফুলশয্যা, (প্রা) নববিবাহিতার শয়নার্থ ফুল রচিত শয্যা।

ফুলা, (প্রা) স্ফীত, ফাঁপা।

ফুলান, (প্রা) স্ফীতকরণ; পুষ্পোৎপাদন।

ফুলী, (প্রা) ছানী, চক্ষের ফুলা।

ফুল্কা, (প্রা) মৎস্যের গলদেশস্থ অবয়ববিশেষ, কাণকুয়া। [জন্মান।

ফুল্লতি, স্ত্রী. [ফুল্ল+তি] ফলন; ফুলন, ফুল

ফুল্ল, ত্রি. [ফুল্ল+ত] বিকসিত; পুষ্প, ফুল।

ফুল্লদাম, ন. [ফুল্ল+দাম] ছন্দোবিশেষ।

ফুল্লফাল, পুং. [ফুল্ল+ফাল] সূর্পবাত, কুলার বাতাস।

ফুল্ললোচন, পুং. [ফুল্ল+লোচন] মৃগবিশেষ; (ত্রি.) প্রফুল্ল নেত্রযুক্ত, বিকসিত নয়ন।

ফুল্লরীক, পুং. [ফুল্লর+ঈক] দেশ; সর্প, ভুজঙ্গ।

ফুল্লারবিন্দ, ন. [ফুল্ল+অরবিন্দ] প্রস্ফুটিত পদ্ম, বিকসিতকমল, স্ফুটন্তপদ্ম; প্রফুল্ল কুমুদবিশেষ। [স্ফুটন।

ফুল্লি, স্ত্রী. [ফুল্ল+ই] বিকাশ, প্রকাশ;

ফুস্কি, (প্রা) নিঃশব্দ মরুৎক্রিয়া, বাতকর্ম্ম।

ফুস্কুড়ী, (প্রা) স্ফোটক, ক্ষুদ্রব্রণ।

ফুস্‌ফুস্, (প্রা) অনুচ্চে কথন, গোপনে ভাষণ।

ফুসলান, (প্রা) পরামর্শ দেওন, ভুলান।

ফুস্বি, (প্রা) নির্ধন, দরিদ্র, নিঃস্ব; তুচ্ছ।

ফুস্ফুস, (প্রা) কোষ্ঠবিশেষ, ফ্যাপড়া, ফুলকা, কাপাসে।

ফেঁকড়ী, (প্রা) অঙ্কুর; ক্ষুদ্রশাখা।
ফেঁপড়া, (প্রা) স্ফীত, ফুলন্ত।
ফেকুড়ি, (প্রা) ক্ষুদ্রশাখা; অঙ্কুর।
ফেটী, (প্রা) সূত্রসমূহ, লুটী; জালবিশেষ।
ফেণ-কেন, পুং. [স্ফায়া+ন] ফেন, তরল-দ্রব্যের উপরে উত্থিত বুদ্বুদাকার ফেণা; হিণ্ডীর, সমুদ্রফেনা।
ফেণপ পুং. [ফণ+প] স্বয়ংপতিত ফলোপ-জীবি মুনিবিশেষ; ফেণপায়ী।
ফেণা, স্ত্রী. [ফেণ+আ] দ্রবদ্রব্যের উপরে উত্থিত বুদ্বুদাকার হিণ্ডীর, সমুদ্র ফেণা।
ফেণায়মান্, ত্রি. [ফেণ+মান] উত্থিত ফেন দুগ্ধাদি।
ফেণিল, ত্রি. [ফেণ+ইল] ফেণাযুক্ত, ফেণা-বিশিষ্ট।
ফেণী, স্ত্রী. [ফেণ+ঈ] স্বনামখ্যাত মিষ্টান্ন-বিশেষ, গুড়বিকার; বড় বাতাসা।
ফেৎকারিণী, স্ত্রী. [ফেৎকারিন্+ঈ] তন্ত্র শাস্ত্রবিশেষ।
ফেৎকারীয়, পুং. [ফেৎকার+ঈয়] তন্ত্র শাস্ত্রবিশেষ।
ফেন, পুং. [স্ফায়ী+ন] ফেণ, ফেণা, তৎ-পর্য্যায়।—হিণ্ডীর, অব্ধিকফ, হিণ্ডির, সমুদ্রকফ, জলহাস, ফেণক।
ফেনক, পুং. [ফেন+ক] ফেন, ফেনা; পিষ্টকবিশেষ।
ফেনকা, স্ত্রী. [ফেনক+আ] জলপক্ব তণ্ডুল চূর্ণ।
ফেনদুগ্ধা, স্ত্রী. [ফেণ+দুগ্ধ-আ] দুগ্ধফেনী ক্ষুপ। [ফল।
ফেনবান্, ত্রি. [ফেন+বৎ] ফেনিল, বদরী-
ফেনবাহী, পুং. [ফেন+বাহিন্] বস্ত্র, বসন, কাপড়; বস্ত্র।
ফেনল, ত্রি. [ফেন+ল] ফেনবান, ফেনিল, বদরীফল।
ফেনা, স্ত্রী. [ফেন+আ] সাতলা ক্ষুপ।
ফেনাগ্র, ন. [ফেন+অগ্র] বুদ্বুদ, জলবিম্ব।
ফেনাশনি, পুং. [ফেন+অশনি] ইন্দ্র, দেব-রাজ।
ফেনিকা, স্ত্রী. [ফেন+ইক-আ] পকান্নবিশেষ খাজা।
ফেনিল, ন. [ফেন+ইল] কোলিফল, বদরী ফল, কুল; মদনফল; (ত্রি.) সফেন, ফেনাযুক্ত; (পুং.) অরিষ্টবৃক্ষ, হারিঠা, রিঠাফলের গাছ; বদরবৃক্ষ।
ফের, পুং. [ফ+এর] শৃগাল, জম্বুক, শিয়াল; (প্রা) পুনশ্চ।
ফেরণ, (প্রা) আবর্ত্তন, ঘূর্ণন, পুনরাগমন।
ফেরণ্ড, পুং. [ফে+রম্-ড] শৃগাল, শিবা, শিয়াল।
ফেরত, (প্রা) প্রতিদত্ত, পুনরায় দেওয়া।
ফেরতা, (প্রা) পুনরাগমন, প্রত্যাবর্ত্তন।
ফেরৎ, (প্রা) প্রতিদত্ত, পুনরায় দেওয়া।
ফেরফার, (প্রা) বিপর্য্যয়, ব্যত্যাস, উল্টা পাল্টা।
ফেরব, পুং. [ফে+রু-অ] শৃগাল সমূহ; রাক্ষস; (ত্রি.) ধূর্ত্ত, শঠ; হিংস্র, খল।
ফেরা, (প্রা) ঘূর্ণন; পুনরাবৃত্তি, ব্যতিক্রম; চূর্ণসুরকির পরিমাণ পাত্রবিশেষ।
ফেরু, পুং. [ফে+রু] শৃগাল, বঞ্চক, শিয়াল।
ফেরেব, (যাং) ছলনা, চাতুর্য্য, কাপট্য।
ফেল, ন. [ফেল+অ] ভুক্ত সমুজ্ঝিত, উচ্ছিষ্ট, এঁটো।
ফেলক, পুং, [ফেল+ক] ভুক্ত সমুজ্ঝিত, উচ্ছিষ্ট, এঁটো।
ফেলন, (প্রা) ক্ষেপণ, দূরীকরণ, ত্যাগকরা।
ফেলা, স্ত্রী. [ফেল+অ] ভুক্ত সমুজ্ঝিত, ভুক্তাবশেষ, উচ্ছিষ্ট, এঁটো; (প্রা) নিঃক্ষিপ্ত, ছাড়া, ত্যাগকরা।
ফেলি, স্ত্রী. [ফেল+ই] ভুক্তাবশেষ, উচ্ছিষ্ট, এঁটো।
ফেলিকা, স্ত্রী. [ফেল+ইক-আ] উচ্ছিষ্ট-ভুক্তাবশেষ।
ফেলী, স্ত্রী. [ফেল+ঈ] ভুক্তসমুজ্ঝিত, উচ্ছিষ্ট, ভুক্তাবশেষ, এঁটো।
ফৈজৎ, (যাং) অপমান, লজ্জা, কলঙ্ক।
ফোঁটা, (প্রা) তিলক, টীকা।
ফোঁড়ন, (প্রা) বিন্ধন, ছিদ্রকরণ

ফোঁপন, (প্রা) মনস্তাপ করণ, হাঁপন।

ফোঁপরা, (প্রা) ফাঁপা, সচ্ছিদ্র।

ফোঁপল, (প্রা) নারিকেলাদি মধ্যগত শস্য;

ফোঁস, (প্রা) সর্পগর্জ্জনের অব্যক্তশব্দবিশেষ; নিঃশ্বাস প্রশ্বাসের শব্দ; ভেদদর্শান

ফোড়, (প্রা) তৃণাদি উত্তোলনার্থ অস্ত্র-বিশেষ; ছেঁদা।

ফোকড়া, (প্রা) বিস্ফোটক, ব্রণবিশেষ।

ফোলন, (প্রা) স্ফীতহওন, বর্দ্ধন।

ফোলান, (প্রা) স্ফীতকরণ, বাড়ান, ফোপান।

ফোস্কা, (প্রা) অগ্নিদাহ জন্য ক্ষত, জলযুক্ত ব্রণবিশেষ।

ফৌজ, (যাং) সেনা, সৈন্য, যোদ্ধা।

ফৌজদার, (যাং) কর্ম্মচারী বিশেষ।

ফৌত, (যাং) মৃত্যু, মরণ, নিধন।

ফৌতিক, (প্রা) আগন্তুক লাভ, অস্বামিক

ব বকার, ত্রয়োবিংশ ব্যঞ্জনবর্ণ, পবর্গের তৃতীয় বর্ণ, ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, অস্য নামানি যথা।—বো; বনী; ভূধর; মার্গ; ঘর্ঘরী; লোচনপ্রিয়; প্রচেতাঃ; কলস; পক্ষী; স্থলগণ্ড; কপর্দ্দিনী; পৃষ্ঠবংশ; জয়ানাতু; শিখিবাহ; যুগন্ধর; মুখবিন্দু; বলী; ঘণ্টা; যোদ্ধা; ত্রিলোচনপ্রিয়; ক্লেদিনী; তাপিনী; ভূমি; স্থগণিজ্র; বলিপ্রিয়; সুরভি; মুখবিষ্ণু; সংহার; বসুধাধিপ; ষষ্ঠীপুর; চপেটা; মোদক; গগনপ্রতি; পূর্ব্বাষাঢ়া; মধ্যালিঙ্গ; শনি; কুম্ভ; তৃতীয়ক। অন্তঃস্থ বকার, ব্যঞ্জনের ঊনত্রিংশবর্ণ, ইহার উচ্চারণ স্থান দন্ত এবং ওষ্ঠ, এইনিমিত্ত ইহাকে দন্তৌষ্ঠ্যবর্ণ কহে, অস্য নামানি যথা।—বো; বাণ; বারুণী; সূক্ষ্মা; বরুণ; বেদসংজ্ঞা; খড্গীশ; জ্বলিনী; বক্ষ; কলসধ্বনিবাচক, উৎকারীপ; নাবীত; বজ্র; স্ফিক্; সাগর; ত্রিধাতু; শঙ্কর; শ্রেষ্ঠ; বিশেষ; যমসাধন

ব, ব্য. ইবার্থ, সাদৃশ্য; (পুং.) বরুণ; কুম্ভ; সিন্ধু, সাগর; ভগ, যোনি; তোয়, জল; গন্ত; গন্ধন; তন্তুসন্তান; বপন; সান্ত্বন; বায়ু; বাহু; মন্ত্রণ; কল্যাণ; বলবান্; বসতি; বরুণালয়; ব্যাঘ্র; বস্ত্র; শালুক; বন্দন; (ন.) বরুণ; বরুণবীজ, তস্য সাঙ্কেতিক নামানি যথা।—যুগন্ধর, সুরভি, মুখবিষ্ণু, সংহার, বসুধাধিপ, ভূধর, দশগণ্ড, (ত্রি. যুষ্মদশব্দের দ্বিতীয়া চতুর্থী ও ষষ্ঠির বহুবচনান্ত পদ, যথা।—যুষ্মান্; যুষ্মাভ্যা; যুষ্মাকং।

বই, (প্রা) পুস্তক; বিনা, ব্যতিরেক।

বইন, (প্রা) ভগিনী, স্বসা।

বউ, (প্রা) স্নুষা, পুত্রবধূ; স্ত্রী।

বউনি, (প্রা) বহনের বেতন; বিক্রয়আরম্ভ।

বউভাত, (প্রা) নববিবাহিতার পাকস্পর্শ।

বং, ন. প্রচেতাঃ; বরুণবীজ।

বংশ, পুং. [বন্+শ] পুত্রপৌত্রাদি, তৎ-পর্য্যায়।—সন্ততি, গোত্র, জনন, কুল, অভিজন, অন্বয়, অন্ববায়, সন্তান, নিঘন-জ্ঞাতি; তৃণজাতিবিশেষ, বাঁশ, তৎ-পর্য্যায়।—ত্বক্সার, কর্ম্মার, ত্বচিসার, তৃণধ্বজ, শতপর্ব্বা, যবফল, বেণু, মস্কর, তেজন, কিষ্কুপর্ব্ব, রন্ধ্র, তৃণকেতুক, তৃণ-কেতনকণ্টালু, কণ্টকী, মহাবল, দৃঢ়গ্রন্থি, দৃঢ়পত্র, ধনুর্দ্রুম, ধানুষ্য, দৃঢ়কাণ্ড পৃষ্ঠাবয়ব, পিঠেরদাঁড়া; বর্গ; বাদ্য-ভাণ্ড বিশেষ, বাঁশী; ইক্ষু; শালবৃক্ষ

বংশক, পুং. [বংশ+ক] মৎস্যবিশেষ, বাঁশ-পাতামাছ; ইক্ষুবিশেষ, বাঁশাই, সোম-শাড়া; (ন.) অগুরু।

বংশকফ, ন. [বংশ+কফ] আকাশোত্তরীয়-মান সূত্র, আকাশ বুড়ির সুতা।

বংশকর, ত্রি. [বংশ+কর] কুলরক্ষক, গোত্র-স্থাপক।

বংশকর্পূররোচনা, স্ত্রী. [বংশ+কর্পূর+রোচনা] বংশরোচনা, বংশলোচন, বংশপর্ব্ব-স্থিত ঔষধিবিশেষ।

ফোঁপন, (প্রা) মনস্তাপ করণ, হাঁপন।

ফোঁপরা, (প্রা) ফাঁপা, সচ্ছিদ্র।

ফোঁপল, (প্রা) নারিকেলাদি মধ্যগত শস্য;

ফোঁস্, (প্রা) সর্পগর্জ্জনের অব্যক্তশব্দবিশেষ; নিঃশ্বাস প্রশ্বাসের শব্দ; ভেদদর্শান

ফোড়, (প্রা) তৃণাদি উত্তোলনার্থ অস্ত্রবিশেষ; ছেঁদা।

ফোকড়া, (প্রা) বিস্ফোটক, ব্রণবিশেষ।

ফোলন, (প্রা) স্ফীতহওন, বর্দ্ধন।

ফোলান, (প্রা) স্ফীতকরণ, বাড়ান, ফোপান।

ফোস্কা, (প্রা) অগ্নিদাহ জন্য ক্ষত, জলযুক্ত ব্রণবিশেষ।

ফৌজ, (যা°) সেনা, সৈন্য, যোদ্ধা।

ফৌজদার, (যা°) কর্ম্মচারী বিশেষ।

ফৌত, (যা°) মৃত্যু, মরণ, নিধন।

ফৌতিক, (প্রা) আগন্তুক লাভ, অস্বামিক

ব

বকার, ত্রয়োবিংশ ব্যঞ্জনবর্ণ, পবর্গের তৃতীয় বর্ণ, ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, অস্য নামানি যথা।—বো; বনী; ভূধর; মার্গ; ঘর্ঘরী; লোচনপ্রিয়; প্রচেতাঃ; কলস; পক্ষী; স্থলগণ্ড; কপর্দ্দিনী; পৃষ্ঠবংশ; জয়ানাতু; শিখিবাহ; যুগন্ধর; মুখবিন্দু; বলী; ঘণ্টা; যোদ্ধা; ত্রিলোচনপ্রিয়; ক্লেদিনী; তাপিনী; ভূমি; সুগন্ধি; বলিপ্রিয়; সুরভি; মুখবিষ্ণু; সংহার; বসুধাধিপ; ষষ্ঠীপুর; চপেটা; মোদক; গগনপ্রতি; পূর্ব্বাষাঢ়া; মধ্যালিঙ্গ; শনি; কুম্ভ; তৃতীয়ক। অন্তঃস্থ বকার, ব্যঞ্জনের ঊনত্রিংশবর্ণ, ইহার উচ্চারণ স্থান দন্ত এবং ওষ্ঠ, এইনিমিত্ত ইহাকে দন্তৌষ্ঠ্যবর্ণ কহে, অস্য নামানি যথা।—বো; বাণ; বারুণী; সূক্ষ্মা; বরুণ; বেদসংজ্ঞা; খড্গীশ; জ্বলিনী; বক্ষ; কলসধ্বনিবাচক, উৎকারীপ; নাবীত; বজ্র; স্ফিক্; সাগর; ত্রিধাতু; শঙ্কর; শ্রেষ্ঠ; বিশেষ; যমসাধন

ব, ব্য. ইবার্থ, সাদৃশ্য; (পুং.) বরুণ; কুম্ভ; সিন্ধু, সাগর; ভগ, যোনি; তোয়, জল; গন্ত; গন্ধন; তন্তুসন্তান; বপন; সান্ত্বন; বায়ু; বাহু; মন্ত্রণ; কল্যাণ; বলবান্; বসতি; বরুণালয়; ব্যাঘ্র; বস্ত্র; শালুক; বন্দন; (ন.) বরুণ; বরুণবীজ, তস্য সাঙ্কেতিক নামানি যথা।—যুগন্ধর, সুরভি, মুখবিষ্ণু, সংহার, বসুধাধিপ, ভূধর, দশগণ্ড, (ত্রি. যুষ্মদশব্দের দ্বিতীয়া চতুর্থী ও ষষ্ঠির বহুবচনান্ত পদ, যথা।—যুষ্মান্; যুষ্মাভ্যা; যুষ্মাকং।

বই, (প্রা) পুস্তক; বিনা, ব্যতিরেক।

বইন, (প্রা) ভগিনী, স্বসা।

বউ, (প্রা) স্নুষা, পুত্রবধূ; স্ত্রী।

বউনি, (প্রা) বহনের বেতন; বিক্রয়আরম্ভ।

বউভাত, (প্রা) নববিবাহিতার পাকস্পর্শ।

বং, ন. প্রচেতাঃ; বরুণবীজ।

বংশ, পুং. [বন্+শ] পুত্রপৌত্রাদি, তৎপর্য্যায়।—সন্ততি, গোত্র, জনন, কুল, অভিজন, অন্বয়, অন্ববায়, সন্তান, নিঘনজ্ঞাতি; তৃণজাতিবিশেষ, বাঁশ, তৎপর্য্যায়।—ত্বক্সার, কর্ম্মার, ত্বচিসার, তৃণধ্বজ, শতপর্ব্বা, যবফল, বেণু, মস্কর, তেজন, কিষ্কুপর্ব্ব, রন্ধ্র, তৃণকেতুক, তৃণকেতনকণ্টালু, কণ্টকী, মহাবল, দৃঢ়গ্রন্থি, দৃঢ়পত্র, ধনুর্দ্রুম, ধানুষ্য, দৃঢ়কাণ্ড পৃষ্ঠাবয়ব, পিঠেরদাঁড়া; বর্গ; বাদ্যভাণ্ড বিশেষ, বাঁশী; ইক্ষু; শালবৃক্ষ

বংশক, পুং. [বংশ+ক] মৎস্যবিশেষ, বাঁশপাতামাছ; ইক্ষুবিশেষ, বাঁশাই, সোমশাড়া; (ন.) অগুরু।

বংশকফ, ন. [বংশ+কফ] আকাশোত্তরীয়মান সূত্র, আকাশ বুড়ির সুতা।

বংশকর, ত্রি. [বংশ+কর] কুলরক্ষক, গোত্রস্থাপক।

বংশকর্পূররোচনা, স্ত্রী. [বংশ+কর্পূর+রোচনা] বংশরোচনা, বংশলোচন, বংশপর্ব্বস্থিত ঔষধিবিশেষ।

বংশকীর্ত্তি, ত্রি. [বংশ+কীর্ত্তি] সুখ্যাত, যশস্বী।
বংশজ, ত্রি. [বংশ+জন-অ] সদ্বংশজাত, সৎকুলে উৎপন্ন, তৎপর্য্যায়।—বীজ্য, বংশ্য; (পুং.) বেণুযব, বাঁশের চাউল।
বংশজনক, পুং. [বংশ+জনক] পূর্ব্বপুরুষ, আদি পুরুষ।
বংশজা, স্ত্রী. [বংশ+জা] বংশরোচনা, বংশী; কুলীনা।
বংশতণ্ডুল, পুং. [বংশ+তণ্ডুল] বেণুযব, বাঁশের চাউল। [সন্তান।
বংশধর, পুং. [বংশ+ধর] কুলরক্ষক,
বংশধান্য, ন. [বংশ+ধান্য] বেণুযব, বাঁশের চাউল। [বাঁশী।
বংশনালিকা, স্ত্রী. [বংশ+নালিকা] বেণু,
বংশনেত্র, ন. [বংশ+নেত্র] ইক্ষুমূল, আকের গোড়া; বংশলোচন।
বংশপত্র, পুং. [বংশ+পত্র] নল; (ন.) বংশদল, বাঁশের পাতা।
বংশপত্রক, ন. [বংশ+পত্রক] হরিতালবিশেষ; (পুং.) ক্ষুদ্র মৎস্যবিশেষ, বাঁশপাতা মাছ; নল; শ্বেত ইক্ষু।
বংশপত্রপতিত, ন. [বংশ+পত্র+পতিত] সপ্তদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ; বংশপত্র চরিত; বংশদল।
বংশপত্রী, স্ত্রী. [বংশ+পত্র-ঈ] নাডীহিঙ্গু, (হিং) কলঃপতিহিঙ্গু, তৎপর্য্যায়।—বেণুপত্রী, পিণ্ডা, হিঙ্গু, শিবাটিকা, হিঙ্গুপত্রী; তৃণবিশেষ, তৎপর্য্যায়।—বংশদলা, জীরিকা, জীর্ণপত্রিকা।
বংশপীত, পুং. [বংশ+পীত] কণগুগ্‌গুলু।
বংশপুষ্পা, স্ত্রী. [বংশ+পুষ্প-আ] সহদেবী লতা।
বংশপূরক, ন. [বংশ+পূরক] ইক্ষুমূল, আউকের গোড়া।
বংশবিততি, স্ত্রী. [বংশ+বিততি] শরস্তম্ব; সন্ততি, অন্বয় বংশবিস্তৃত।
বংশবিশুদ্ধ, ত্রি. [বংশ+বিশুদ্ধ] উত্তমবংশ।
বংশভোজ্য, ন. [বংশ+ভোজ্য] পৈতৃক বিষয়।
বংশরোচনা, স্ত্রী. [বংশ+রোচনা] বংশ পর্ব্বস্থিত শ্বেতবর্ণ ঔষধিবিশেষ, বংশলোচন, তৎপর্য্যায়।—ত্বক্‌ক্ষীরা, বংশলোচনা, তুগাক্ষীরী, শুভা, বংশী, বংশজা, ক্ষীরিকা, তুগা, ত্বক্‌ক্ষীরী, শুভ্রা, বংশক্ষীরী, বৈণবী, ত্বক্‌সারা, কর্ম্মরী, শ্বেতা, বংশকর্পূররোচনা, তুঙ্গা, রোচনিকা, পিঙ্গা, বংশ শর্করা।
বংশলোচন, (প্রা) বংশরোচনা, বংশপর্ব্বস্থিত শ্বেতবর্ণ ঔষধিবিশেষ।
বংশলোচনা, স্ত্রী. [বংশ+লোচনা] বংশরোচনা, বাঁশের পর্ব্বস্থিত ঔষধিবিশেষ।
বংশশর্করা, স্ত্রী. [বংশ+শর্কর-আ] বংশলোচনা, বংশ পর্ব্বস্থিত ঔষধিবিশেষ।
বংশশলাকা, স্ত্রী. [বংশ+শলাকা] বীণামূল; বংশ নির্ম্মিতশলাকা, বাঁশের শলা।
বংশস্তনিত, ন. [বংশ+স্তনিত] দ্বাদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ; বাঁশবন্দ।
বংশস্থবিল, ন. [বংশস্থ+বিল] দ্বাদশাক্ষর পাদচ্ছন্দোবিশেষ; বাঁশছিদ্র।
বংশক্ষীরী, স্ত্রী. [বংশ+ক্ষীরী] বংশরোচনা, বংশলোচন।
বংশাগ্র, ন. [বংশ+অগ্র] বংশাঙ্কুর, বাঁশের কোঁড়া; বাঁশের ফেকড়ী; কঞ্চী।
বংশাঙ্কুর, পুং. [বংশ+অঙ্কুর] বংশের অঙ্কুর, বাঁশের কোঁড়া, তৎপর্য্যায়।—করীর, বংশাগ্র, যবফলাঙ্কুর।
বংশানুচরিত, ন. [বংশ+অনুচরিত] বংশচরিত্র বর্ণন, পূর্ব্বপুরুষদের ইতি বৃত্ত।
বংশাবলি-লী, স্ত্রী. [বংশ+আবলি] বংশশ্রেণী, পূর্ব্ব পুরুষের নামাবলি।
বংশি, (প্রা) বাঁশী, মুরলী, বেণু।
বংশিক, ন. [বংশ+ইক] অগুরু, গন্ধদ্রব্যবিশেষ।
বংশিকা, স্ত্রী. [বংশ+ইক-আ] অগুরু; বংশী, বাঁশী। [কর্ষ চতুষ্টয়।
বংশী, স্ত্রী. [বংশ+ঈ] মুরলী, বেণু, বাঁশী;
বংশীধর, পুং. [বংশী+ধর] মুরলীধারী; শ্রীকৃষ্ণ।

বংশীধারী, পুং. [বংশী+ধারিন্] বংশীধর; শ্রীকৃষ্ণ।

বংশীয়, ত্রি. [বংশ+ঈয়] গোত্রজ, বংশজাত, কুলজ।

বংশ্য, ত্রি. [বংশ+য] সদ্বংশজাত, তৎপর্য্যায়।—কুল্য, বীজ্য।

বংহিষ্ঠ, ত্রি. [বহুল+ইষ্ঠ] অতিশয় বহুল।

বংহীয়ান্, ত্রি. [বহুল+ঈয়স্] অতিশয় বহুল।

বঁইচ, (প্রা) বৃক্ষবিশেষ।

বঁধু, (প্রা) বন্ধু।

বক, পুং. [বচ+অ] স্বনাম খ্যাত পক্ষীবিশেষ, তৎপর্য্যায়।—কহ্ব, দ্বারবলিভুক্, কঙ্কেরু, শুক্লবায়স, দীর্ঘজঙ্ঘ, বকোট, গৃহবলিপ্রিয়, নিশৈত, শিখী, চন্দ্রবিহঙ্গম, তীর্থসেবী, তাপস, মীনঘাতী, মৃযাধ্যায়ী, নিশ্চলাঙ্গ, দাম্ভিক; স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ, তৎপর্য্যায়।—শিববল্লী, পাশুপত, একাষ্ঠীল, বসু, একাষ্ঠীলা, বুক, বসুক, বসুক, বকপুষ্প, শিবমল্লী, কাকশীর্ষ, স্থূলপুষ্প, শিবপ্রিয়, কাকনামা, বসহট্ট, স্বপূরক, রক্তপুষ্প, মুনিতরু, অগস্তি, বঙ্গসেনক, অগস্ত্য, শাস্ত্রপুষ্প, মুনিদ্রুম, ব্রণারি, দীর্ঘফলক, বক্রপুষ্প, সুরপ্রিয়; তালব্যশকার; কুবের; রাক্ষসবিশেষ; ভীমকর্ত্তৃক হত; যন্ত্রবিশেষ; অসুরবিশেষ, বকাসুর শ্রীকৃষ্ণকর্ত্তৃক হত।

বকচিঞ্চিকা, স্ত্রী. [বক+চিঞ্চিকা] মৎবিশেষ, তৎপর্য্যায়।—বকাচী।

বকজিৎ, পুং. [বক+জিৎ] ভীমসেন; শ্রীকৃষ্ণ।

বকধূপ, পুং. [বক+ধূপ] বৃকধূপ]।

বকন, (প্রা) নিরর্থক বাক্য ব্যয়করণ, অনর্থকভাষণ, জল্পন; ভর্জ্জন

বকনা, (প্রা) বর্কর, অল্পবয়স্কা স্ত্রী গবী।

বকনি, (প্রা) জল্পন, বৃথা কথন, মিথ্যাভাষণ; ভর্জ্জন, ভৎর্সনা।

বকনিসূদন, ন. [বক+নিসূদন] ভীমসেন; শ্রীকৃষ্ণ।

বকপঞ্চক, ন. [বক+পঞ্চক] কার্ত্তিকশুক্ল একাদশ্যাদি পূর্ণিমাপর্য্যন্ত পঞ্চতিথি।

বকপুষ্প, পুং. [বক+পুষ্প] বকবৃক্ষ, বকফুল; (ন.) অগস্তি কুসুম।

বকবৃত্তি, পুং. [বক+বৃত্তি] বকতুল্য বর্ত্তনবিশিষ্ট; শঠ, ধূর্ত্ত; বকের ন্যায় জীবিকা।

বকবৈরী, পুং. [বক+বৈরিন্] ভীমসেন; শ্রীকৃষ্ণ।

বকব্রতী, পুং. [বক+ব্রতিন্] মিথ্যাবিনীত, বকবৃত্তি, ভণ্ডব্রতী, ভণ্ডতপস্বী।

বকম, (যাং) বৃক্ষবিশেষ,রঞ্জিত কাষ্ঠবিশেষ।

বকলম্, (যাং) কলমের সহিত।

বকরা, (প্রা) অজা, ছাগল, পাঁটা; অংশ, ভাগ।

বকরী, (প্রা) ছাগী।

বকাচী, স্ত্রী. [বক+অচ+ঈ] মৎস্যবিশেষ, বকচিঞ্চিকা মৎস্য, গাঁগদাড়ামাছ।

বকাটি, (প্রা) বস্ত্রবয়ন কালীন সূত্রমধ্যস্থ যষ্টিবিশেষ।

বকাণ্ডপ্রত্যাশা, স্ত্রী. [বক+অণ্ড+প্রত্যাশা] বৃথাশ্বাস, মিথ্যা আশা।

বকান, (প্রা) মিথ্যাবাক্য বলান, মিথ্যাকথা কহান। [বিবাদ।

বকাবকি, (প্রা) বাক্ কলহ, বাক্য দ্বারা

বকারি, পুং. [বক+অরি] শ্রীকৃষ্ণ; ভীমসেন। [কারক।

বকুয়া, (প্রা) বাবদূক, মিথ্যাভাষী, গল্প-

বকুল, পুং. [বক+উল] স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ, তৎপর্য্যায়।—কেসর, কেশর, বকুল, সিংহকেশর, বরলব্ধ, শীধুগন্ধ, মুকুল, বঞ্জুল, স্ত্রীমুখমধু, দোহল, মধুপুষ্প, সুরভি, ভ্রমরানন্দ, স্থিরকুসুম, শারদিক, করব,সীসংজ্ঞ, বিশারদ, গূঢ়পুষ্পক, ধন্বী, মদন, মদ্যামোদ, চিরপুষ্প।

বকুলা, স্ত্রী. [বকুল+আ] বটুকা।

বকুলী, স্ত্রী. [বকুল+ঈ] কাকোলীনামক ঔষধিবিশেষ। [গাছ।

বকুল, পুং. [বক+উল] বকুলবৃক্ষ, বকুল-

বকেয়া, (যাং) অবশেষ, বাকী, বক্রী।

বকেরুকা, স্ত্রী. [বক+ইরুক-আ] বলাকা. বকশ্রেণী, বকের পংক্তি বা শারী, ক্রৌঞ্চদল; বাতবর্জ্জিতশাখা।

বকোট, পুং. [বক+ওট] বক, ক্রৌঞ্চপক্ষী।

বক্ত, (যাং) সময়, কাল; অদৃষ্ট।

বক্তব্য, ত্রি. [বচ+তব্য] কুৎসিত, নিন্দনীয়; হীন; বচনার্হ, কথনযোগ্য; (ন.) বচন।

বক্তা, ত্রি. [বচ+তৃ] বচোজ্ঞ, তৎপর্য্যায়।—বদ, বদাবদ, বদান্য, বপ্তা, সুষ্টুবক্তা; বহুভাষী, তৎপর্য্যায়।—বাচোযুক্তি-পটু, বাগ্মী, বাবদূক, বচক্ন, সুবচাঃ, প্রবাক্; পণ্ডিত।

বক্ত্র, ন. [বচ+ত্র] মুখ, আনন, আস্য; তগ-রমূল; বস্ত্রবিশেষ; ছন্দোবিশেষ।

বক্ত্রখুর, পুং. [বক্ত্র+খুর] দন্ত, দশন, দাঁত, রদন।

বক্ত্রজ, পুং. [বক্ত্র+জ] ব্রাহ্মণ; (ত্রি.) মুখ-জাত, মুখোৎপন্ন।

বক্ত্রতাল, পুং. [বক্ত্র+তাল] মুখবাদ্য, গালবাদ্য।

বক্ত্রতুণ্ড, পুং. [বক্ত্র+তুণ্ড] গণপতি,গণেশ।

বক্ত্রপট্ট, পুং. [বক্ত্র+পট্ট] অশ্বাদির ভোজন পাত্র, তোবড়া, তৎপর্য্যায়।—তলিকা, তলসারক।

বক্ত্রবাস, পুং. [বক্ত্র+বাস] নারঙ্গ, নারাঙ্গা-নেবু, মুখগন্ধ।

বক্ত্রভেদী, পুং. [বক্ত্র+ভেদিন] তিক্তরস; (ত্রি.) মুখভেদক।

বক্ত্রশোধন, ন. [বক্ত্র+শোধন] ভব্য; মুখ-শুদ্ধি করণ।

বক্ত্রশোধী, পুং. [বক্ত্র+শোধিন্] জম্বীর, নেবু; (ত্রি.) মুখশোধক।

বক্ত্রাসব, পুং. [বক্ত্র+আসব] অধর মধু, মুখামৃত।

বকুবকম, (প্রা) বহু জল্পন, বাচালতাকরণ; কপোত ধ্বনি, পারাবতের রব।

বক্র, ন. [বক+র] নদীবক্ষ, নদীর বাঁক,তৎ-পর্য্যায়।—পুটভেদ, বঙ্ক; (পুং.) শনৈ-শ্চর গ্রহ; রুদ্র; ত্রিপুরাসুর; পর্পট; বক্রগতিবিশিষ্টগ্রহ; (ত্রি.) অনৃজু,বাঁকা, যথা।—অরাল, বৃজিন, জিহ্ম, ঊর্ম্মিমৎ, কুঞ্চিত, নত, আবিদ্ধ, কুটিল, ভুগ্ন, বেল্লিত, বঙ্কুর, বেঙ্ক, বিনত, উন্দুর, অবনত, আনত, ভঙ্গুর; বক্রসংখ্যাকবর্ণ যথা।—অলক, ভাল, ভ্রূ, নখচিহ্ন, অ-ঙ্কুশ, কুঞ্চিকা, ভগ্নকঙ্কণ, বালেন্দু, দাত্র, কুদ্দাল, চন্দ্রক, শুকাস্য, পলাশপুষ্প, বিদ্যুৎ, কটাক্ষ, শক্রধনু, ফণা, প্রবোধ, কর, হস্তিদন্ত, শূকরদন্ত, সিংহনখাদি; ক্রূর, খল।

বক্রকণ্ট, পুং. [বক্র+কণ্ট] বদরবৃক্ষ, কুল-গাছ; কুটিলকণ্টক।

বক্রকণ্টক, পুং. [বক্র+কণ্টক] খদিরবৃক্ষ; কুটিল কাঁটা।

বক্রখড়্গ, পুং. [বক্র+খড়্গ] করবাল,তর-বারি, তলোবার; অস্ত্রবিশেষ বাঁকা খাঁড়া।

বক্রগ্রীব, পুং. [বক্র+গ্রীব] উষ্ট্র, ক্রমেলক, [উট।

বক্রচঞ্চু, পুং. [বক্র+চঞ্চু] শুকপক্ষী, টিয়া-পাখী।

বক্রতা, স্ত্রী. [বক্র+ত-আ] বক্রভাব, কুটি-লতা; অসার তুল্য; প্রাতিকূল্য, বিপ-ক্ষতা।

বক্রত্ব, ন. [বক্র+ত্ব] বক্রভাব, কুটিলতা; অসারতুল্য; প্রাতিকূল্য, বিপক্ষতা।

বক্রতাল, ন. [বক্র+তাল] বাদ্যবিশেষ, তৎ-পর্য্যায়।—মুখতাল, বক্রনাল।

বক্রতালী, স্ত্রী. [বক্র+তাল-ঈ] বাদ্যবিশেষ, মুখতাল, গালবাদ্য।

বক্রতুণ্ড, পুং. [বক্র+তুণ্ড] শুকপক্ষী, টিয়া-পাখী।

বক্রদংষ্ট্র, পুং. [বক্র+দংষ্ট্র] শূকর, বরাহ, কোল।

বক্রদৃষ্টি, স্ত্রী. [বক্র+দৃষ্টি] অপাঙ্গদর্শন; [টেরা।

বক্রনক্র, পুং. [বক্র+নক্র] পিশুন, খল; শুকপক্ষী।

বক্রনাল, ন. [বক্র+নাল] মুখবাদ্য, গাল-বাদ্য।

বক্রনাসিক, পুং. [বক্র+নাসিক] পেচক, উলূক, পেঁচা; (ত্রি.) কুটিল নাসাযুক্ত।

বক্রপাদ, ত্রি. [বক্র+পাদ] অসরলপাদ, খোঁড়া পা।

বক্রপুচ্ছ, পুং. স্ত্রী. [বক্র+পুচ্ছ] কুক্কুর, কুকুর; সলোমকুটিল লাঙ্গুল।

বক্রবক্ত্র, পুং. [বক্র+বক্ত্র] শূকর; বরাহ; (ত্রি.) কুটিল মুখবিশিষ্ট, বাঁকা মুখ।

বক্রবালধি, পুং. [বক্র+বালধি] কুক্কুর, কুকুর; কুটিলপুচ্ছ।

বক্রভণিত, ন. [বক্র+ভণিত] কুটিল বাক্য, শ্লিষ্টবাক্য, তৎপর্য্যায়।—ছেকোক্তি, শ্লেষোক্তি।

বক্রম, পুং. [অব+ক্রম] পলায়ন, প্রস্থান।

বক্রলাঙ্গুল, পুং. [বক্র+লাঙ্গুল] কুক্কুর, কুকুর; (ন.) কুটিলপুচ্ছ।

বক্রশল্যা, স্ত্রী. [বক্র+শল্য-আ] কুটুম্বিনী ক্ষুপ।

বক্রাগ্র, ন. [বক্র+অগ্র] কবাটবক্রবৃক্ষ; কুটিলাগ্র ভাগ।

বক্রাঙ্গ, পুং. [বক্র+অঙ্গ] হংস, হাঁস; চন্দ্র, চাঁদ; (ন.) কুটিলাবয়ব, বাঁকা অঙ্গ।

বক্রি, ত্রি. [বক্র+ই] মিথ্যাবাদী, অসত্যভাষী।

বক্রী, পুং. [বক্র+ইন্] বুদ্ধ; (ত্রি.) বক্রবিশিষ্ট; বাঁকা।

বক্রোক্তি, স্ত্রী. [বক্র+উক্তি] কাকুক্তি; কুটিলোক্তি, শ্লেষ কথা, ব্যঙ্গ বাক্য, ঠাট্টা

বক্রোষ্ঠিকা স্ত্রী. [বক্র+ওষ্ঠ+ইকা] অদৃষ্টরদহাস্য, ঈষদ্ধাস্য, তৎপর্য্যায়।—স্মিত। [বিভাগ।

বকুরা, (প্রা) অজা, ছাগল, পাঁটা; বস্ত্র

বকুরী, (প্রা) ছাগী, পাঁটী।

বকৃশী, (যাং) সরদার, সৈন্যাধ্যক্ষ।

বকৃশীশ, (যাং) পুরস্কার, পারিতোষিক, দান।

বখীল, (যাং) লোভী।

বগল, (যাং) বাহুমূল, কক্ষদেশ।

বগলা, স্ত্রী. [বগল+আ] দশমহাবিদ্যান্তর্গত দেবীবিশেষ।

বগলামুখী, স্ত্রী. [বগলা+মুখ-ঈ] দশমহাবিদ্যান্তর্গত দেবীবিশেষ।

বগলী, (যাং) সোপকার দ্রব্যাধার, থলিয়া বিশেষ।

বগা, (প্রা) অস্ত্রবিশেষ, ক্ষুদ্র খড়্গ।

বগাহ, পুং. [অব+গাহ] অবগাহ, জলে নিমগ্ন হইয়া স্নান।

বগী, (যাং) ক্ষুদ্রখড়্গবিশেষ; শকটবিশেষ।

বগ্নু, পুং. [বচ+নু] বক্তা; বাবদূক, কথক।

বঙ্ক, পুং. [বন্ক+অ] নদীবক্র, নদীর বাঁক; আড়।

বঙ্কা, স্ত্রী, [বঙ্ক+আ] বল্গাগ্রভাগ, তৎপর্য্যায়।—পলায়ন।

বঙ্কিম, পুং. [বঙ্ক+ইম] বক্র, বাঁকা, অনৃজু।

বঙ্কিল, পুং. [বঙ্ক+ইল] কণ্টক, কাঁটা।

বঙ্ক্রি পুং. ন. [বঙ্ক+ক্রি] বাদ্যবিশেষ; গৃহদারু; পার্শ্বাস্থি, পঞ্জর, পাঁজরা; (ন.) পার্শ্বাস্থি তৎপর্য্যায়।—পর্শুক।

বঙ্ক্য, ত্রি. [বঙ্ক+য] বক্র, বাঁকা।

বঙ্গ, ন. [বঙ্গ+অ] ধাতুবিশেষ, রাং, তৎপর্য্যায়।—ত্রপু, স্বর্ণজ, নাগজীবন, মৃদ্বঙ্গ, রঙ্গ, গুরুপত্র, পিচ্চট, চক্রসংজ্ঞ, তমর, নাগজ, কস্তীর, আলীনক, সিংহল স্ববেত, নাগ; সীসক, সীসা; (পুং.) দেশবিশেষ, বাঙ্গালাদেশ, পূর্ব্বদেশান্তর্গত দেশবিশেষ; চন্দ্রবংশীয় বলিরাজপুত্র; বাণপুত্র; বার্ত্তাকু, বেগুণ; কার্পাস, তুলা।

বঙ্গজ, ন. [বঙ্গ+জন-অ] সিন্দুর, সিঁদুর; (ত্রি.) বঙ্গদেশ জাত।

বঙ্গন, পুং. [বঙ্গ+অন] বার্ত্তাকু, বেগুণ; ফলবিশেষ।

বঙ্গলা, স্ত্রী. [বঙ্গ+লা] রাগিণীবিশেষ, বঙ্গালী।

বঙ্গশুল্বজ, ন. [বঙ্গ+শুল্বজ] কাংস্য, কাঁসা; ধাতুবিশেষ।

বঙ্গসেন, পুং. [বঙ্গ+সেন] বকবৃক্ষ, বকফুলের গাছ

বঙ্গসেনক, পুং. [বঙ্গ+সেনক] বকবৃক্ষ, বকফুলের গাছ।

বঙ্গারি, পুং. [বঙ্গ+অরি] হরিতাল, হর্ত্তেল।

বঙ্গাল, পুং. [বঙ্গ + আল] রাগবিশেষ, ভৈরবরাগের পুত্র।

বঙ্গালা, (প্রা) রাগিণীবিশেষ।

বঙ্গালী, স্ত্রী. [বঙ্গাল+ঈ] রাগিণীবিশেষ, ভৈরবরাগের ভার্য্যা।

বঙ্ক্ষণ, পুং. [বঙ্ক্ষ+অন] উরুসন্ধি, কুচ্‌কী।

বঙ্‌ক্ষু, স্ত্রী. [বক্ষ + উ] গঙ্গাস্রোতবিশেষ, কেতুমালবর্ষস্থা গঙ্গা।

বচ, পুং. [বচ+অ] কীরপক্ষী, শুকপক্ষী, টেয়াপাখী; ঔষধবিশেষ, বচা।

বচঃ, ন. [বচ+অস্] বাক্য, কথন।

বচক্নু, পুং. [বচ+ক্নু] ব্রাহ্মণ, দ্বিজ; (ত্রি.) বাবদূক, বক্তা, বহুভাষী।

বচণ্ডী, স্ত্রী. [বচ+অণ্ড-ঈ] শারিকাপক্ষিণী; বর্ত্তি, বাতি; শস্ত্রবিশেষ; বচণ্ডা, বরণ্ডা ইতি পাঠ।

বচন, ন. [বচ+অন] শুণ্ঠী, শুঁঠ; বাক্য, তৎপর্য্যায়।—ইরা, সরস্বতী, ব্রাহ্মী, ভাষা, বাণী, সারদা, গিরা, গী, গিরাং-দেবী, গীর্দ্দেবী, ভারতীশ্বরী, বাগ্ব চা, বচসামীশা, বাগ্‌দেবী, বর্ণমাতৃকা, ভাষিতা, উক্তি, ব্যাহারোলপিত, বচঃ; তদ্বৈদিক পর্য্যায়।—শ্লোক, ধারা, ইলা, গৌ, গৌরী, গান্ধর্ব্বী, গভীরা, গম্ভীরা, মন্দ্রা, মন্দ্রাজনী, বাঁশী, বাণী, বাণীচী, বাণ, পবি, ভারতী, ধমনি, নালী, মেলী, মেনা, সূর্য্যা, নিবিৎ, স্বাহা, বগ্নু, উপব্দি, বায়ু, কাকুৎ, জিহ্বা, ঘোষ, স্বর, স্বন, শব্দ, ঋক্‌, হোত্রা, গীঃ, গাথা, গণ, ধেনা, গ্না, বিপা, লনা, কশা, ধিষণা, নৌ, অক্ষর, মহী, অদিতি, শচী, বাক্‌, অনুষ্টুপ্‌, ধেনু, বল্গু, গল্দা, সর, সুপর্ণী, বেকুর; বিভক্তিরএকত্বাদি; ঋষিপ্রণীত পদ্য।

বচনগ্রাহী, ত্রি. [বচন+গ্রাহিন্] বচনেস্থিত, বাক্যস্থ, কথার বশ।

বচনীয়, ত্রি. [বচ+অনীয়] কথনীয়, নিন্দনীয়, অপবাদের যোগ্য।

বচনীয়তা, স্ত্রী. [বচনীয়+ত-আ] লোকাপবাদ, জনপ্রবাদ, কৌলীন, বিগান, নিন্দতা; নিন্দা।

বচনেস্থিত, ত্রি. [বচনে+স্থিত] বচনস্থ, অধীন, বশম্বদ, তৎপর্য্যায়।—বিধেয়, বিনয়গ্রাহী, আশ্রব, বশ্য, প্রণেয়।

বচনোপক্রম, পুং. [বচন+উপক্রম] বাক্যারম্ভ, কথারম্ভ, তৎপর্য্যায়।—উপন্যাস, বাঙ্মুখ।

বচর, পুং. [বচ+অর] কুক্কুট, কুঁকড়া; শঠ, ধূর্ত্ত।

বচলু, পুং. [বচ+লু] শত্রু, অরি, রিপু; দোষ।

বচসা, (প্রা) বাক্যব্যয়; বকাবকি, বাক্‌কলহ, মিথ্যা বাদানুবাদ।

বচসাম্পতি, পুং. [বচসাম্+পতি] বৃহস্পতি, দেবগুরু।

বচস্কর, ত্রি. [বচস্+কর] বচনেস্থিত, বচনস্থ, কথার বশ।

বচা, স্ত্রী. [বচ+আ] ঔষধবিশেষ, বচ, তৎপর্য্যায়।—উগ্রগন্ধা, ষড্‌গ্রন্থা, গোলোমী, শতপর্ব্বিকা, তীক্ষ্ণা, জটিলা, মঙ্গল্যা, বিজয়া, উগ্রা, রক্ষোঘ্নী, বচ্যা, লোমশা, ভদ্রা।

বচাবচ, (প্রা) বাদানুবাদ, কলহ, দ্বন্দ্ব।

বচোগ্রহ, পুং. [বচস্+গ্রহ] কর্ণ, শ্রোত্র, কাণ।

বজরা, (প্রা) নৌকাবিশেষ, বৃহৎ তরী।

বজরাটি, (প্রা) পুরাতন ছাদ সংস্কারপূর্ব্বক পুনর্নির্ম্মাণ; ছাদ মেরামৎ।

বজ্জাত, (যাং) জারজ, বিজন্মা, অধমজাত।

বজ্র, পুং. ন. [বজ+র] ইন্দ্রের অস্ত্রবিশেষ; বাজ, তৎপর্য্যায়।—হ্লাদিনী, কুলিশ, ভিদুর, ভিদ, পবি, শতকোটিৎসরু, শম্ব, দম্ভোলি, অশনি, কুলীশ, ভিদির, ভিদু, স্বরুস্, সম্ব, সংব, অশনী, জম্ভারি, ত্রিদশায়ুধ, শতধার, শতার, বহুধার, ষট্‌কোণ, আপোত্র, জম্ভুরি, পেশি, অব্জজ, গিরিকণ্টক, গৌ, অভ্রোত্থ, মেঘভূতি, গিরিজ্বর, গিরিধ্বজ, জাম্ববি, দম্ভ, ভিদ্র, অম্বুজ, ছিদক, তদ্বৈদিক,পর্য্যায়। বিদ্যুৎ, নেমি, হেতি, নম, পবি, সৃক,

বৃক, বধ, বজ্র, অর্ক, কুৎস, কুলিশ, তুঞ্জ, তিগ্ম, নেমি, স্বধিতি, সায়ক, পরশু; রত্নবিশেষ, হীরা, তৎপর্য্যায়।—ইন্দ্রায়ুধ, হীর, ভিদুর, অভেদ্য, অশির, রত্ন দৃঢ়, ভার্গবক, বহুধার, শতকোটি; কোকিলাক্ষবৃক্ষ; শ্বেতকুশ; সেহুণ্ডবৃক্ষ; শ্রীকৃষ্ণেরপ্রপৌত্র, অনিরুদ্ধপুত্র; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত পঞ্চদশ যোগ; (ন.) বালক; ধাত্রী; কাঞ্জিক; বজ্রপুষ্প; লৌহবিশেষ, তদ্বহুধা, যথা।—নীলপিণ্ড, অরুণাভ, মোরক, নাগকেশর, তিন্তিরাঙ্গ, স্বর্ণবজ্র, শৈবালবজ্র, শোণবজ্র, রোহিণী, কাঙ্কোল, গ্রন্থিবজ্রক, মদনাখ্য; অভ্রবিশেষ।

বজ্রক, ন. [বজ্র+ক] বজ্রক্ষার; সর্ব্বতোভদ্রচক্রান্তর্গত সূর্য্য ভোগ্যনক্ষত্র হইতে ত্রয়োবিংশ নক্ষত্রস্বরূপ উপগ্রহ।

বজ্রকঙ্কট, পুং. [বজ্র+কঙ্কট] হনুমান, পবনপুত্র।

বজ্রকন্টক, পুং. [বজ্র+কন্টক] স্নুহীবৃক্ষ, সিজগাছ; কোকিলাক্ষবৃক্ষ।

বজ্রকন্দ, পুং. [বজ্র+কন্দ] বজ্রকর্ণ, সকরকন্দ আলু।

বজ্রকপালী, পুং. [বজ্র+কপালিন্] বুদ্ধবিশেষ, তৎপর্য্যায়।—হেরম্ব, হেরুক, চক্রসম্বর, দেব, নিশুম্ভীশ, শশিশেখর, বজ্রকীট।

বজ্রকালিকা, স্ত্রী. [বজ্র+কালিকা] মায়াদেবী।

বজ্রকেতু, পুং. [বজ্র+কেতু] নরক রাজা।

বজ্রচর্ম্মা, পুং. [বজ্র+চর্ম্মন্] খড়্গী, গণ্ডক, গণ্ডার।

বজ্রজিৎ, পুং. [বজ্র+জিৎ] গরুড়, বৈনতেয়, পক্ষীরাজ।

বজ্রজ্বালা, স্ত্রী. [বজ্র+জ্বালা] বজ্রাগ্নি, বিদ্যুতের অনল। [বুদ্ধ।

বজ্রটীক, পুং. [বজ্র+টীক] বজ্রকপালীনামক

বজ্রতুণ্ড, পুং. [বজ্র+তুণ্ড] গরুড়, বৈনতেয়, গণেশ; গৃধ্র, শকুনি; মশক।

বজ্রদন্ত, পুং. [বজ্র+দন্ত] শূকর, বরাহ; মূষিক, ইঁদুর; রাবণসেনানী।

বজ্রদশন, পুং. [বজ্র+দশন] মুষিক, উন্দুর; শূকর, বরাহ; রাক্ষসবিশেষ। [গাছ।

বজ্রদ্রু, পুং. [বজ্র+দ্রু] স্নুহীবৃক্ষ, সিজ-

বজ্রদ্রুম, পুং. [বজ্র+দ্রুম] স্নুহীবৃক্ষ, সিজগাছ।

বজ্রধর, পুং. [বজ্র+ধর] ইন্দ্র, দেবরাজ; জিনবিশেষ।

বজ্রনির্ঘোষ, পুং. [বজ্র+নির্ঘোষ] বজ্রজনিত শব্দ, স্ফূর্জ্জথু।

বজ্রনিষ্পেষ, পুং. [বজ্র+নিষ্পেষ] বজ্রনির্ঘোষ, বজ্রপাতজনিত শব্দ, তৎপর্য্যায়।—স্ফূর্জথু।

বজ্রনিঃস্বন, ন. [বজ্র+নিঃস্বন] বজ্রশব্দ; মেঘগর্জ্জন। [রাজ।

বজ্রপাণি, পুং. [বজ্র+পাণি] ইন্দ্র, দেব-

বজ্রপুষ্প, ন. [বজ্র+পুষ্প] তিলপুষ্প, তিলফুল; তন্ত্রোক্ত স্ত্রীরজোবিশেষ।

বজ্রপুষ্পা, স্ত্রী. [বজ্র+পুষ্প-আ] শতপুষ্পা।

বজ্রবৎ, ব্য. [বজ্র+বৎ] অশনি সদৃশ; অত্যন্তকঠিন। [লতা।

বজ্রবল্লী, স্ত্রী. [বজ্র+বল্লী] অস্থি সংহার

বজ্রবাঁটুল, (প্র.) অতিশয় অথচ ক্ষুদ্র গোলাকার বস্তু, কঠিন অথচ বর্ত্তুল।

বজ্রবারাহী, স্ত্রী. [বজ্র+বারাহী] মায়াদেবী, তৎপর্য্যায়।—মারীচী, ত্রিমুখা, বজ্রকালিকা, বিকটা, গৌরী; পোত্রিরথা।

বজ্রবারণ, পুং. [বজ্র+বারণ] ত্রিকন্ধসভা।

বজ্রবীজক, পুং. [বজ্র+বীজক] লতাকরঞ্জ।

বজ্রবৃক্ষ, পুং. [বজ্র+বৃক্ষ] সেহুণ্ডবৃক্ষ।

বজ্রমূলী, স্ত্রী. [বজ্র+মূল-ঈ] মাষপর্ণী।

বজ্ররথ, পুং. [বজ্র+রথ] ক্ষত্রিয়, জাতি, দ্বিতীয়বর্ণ। [দন্ত।

বজ্ররদ, পুং. [বজ্র+রদ] শূকর; বজ্রতুল্য

বজ্রশল্য, পুং. [বজ্র+শল্য] শল্যকনামা জন্তুবিশেষ।

বজ্রশৃঙ্খলা, স্ত্রী. [বজ্র+শৃঙ্খল-আ] বিদ্যাদেবী।

বজ্রসূর্য্য, পুং. [বজ্র+সূর্য্য] বুদ্ধবিশেষ।

বজ্রক্ষার, ন. [বজ্র+ক্ষার] ক্ষারবিশেষ, তৎপর্য্যায়।—বজ্রক, ক্ষারশ্রেষ্ঠ, বিদারক, সার, চন্দনসার, ধুমোত্থ, ধুমজাঙ্গক।

বজ্রা, স্ত্রী. [বজ্র+আ] স্নুহীবৃক্ষ, সিজগাছ; গুড়ূচীলতা; দুর্গা, ভগবতী

বজ্রাঘাত, পুং. [বজ্র+আঘাত] কুলিশপতন; মহাবিপদ; ভয়ানক শব্দ।

বজ্রাঙ্গ, পুং. [বজ্র+অঙ্গ] সর্প; (ত্রি) বজ্রতুল্য কঠিন অঙ্গ; বক্রাঙ্গ ইতিপাঠ।

বজ্রাঙ্গী, স্ত্রী. [বজ্র+অঙ্গ-ঈ] গবেধুকা; আস্থসংহারী।

বজ্রাভ, পুং. [বজ্র+আভ] দুগ্ধপাষাণ; (ত্রি.) হীরকতুল্য দীপ্তিমতী।

বজ্রাশনি, পুং. [বজ্র+অশনি] বজ্র, বাজ, অশনি।

বজ্রাস্থিশৃঙ্খলা, স্ত্রী. [বজ্রাস্থি+শৃঙ্খল-আ] কোকিলাক্ষবৃক্ষ।

বজ্রী, পুং. [বজ্র+ইন্] ইন্দ্র, দেবরাজ; বুদ্ধ; (স্ত্রী.) স্নুহীবৃক্ষভেদ, একপ্রকার সিজগাছ।

বঞ্চক, পুং. [বঞ্চ+অক] শৃগাল; গৃহবভ্রু; (ত্রি.) খল; ধূর্ত্ত, প্রতারক, ঠকানিয়া।

বঞ্চথ, পুং. [বঞ্চ+অথ] ধূর্ত্ত, প্রতারক, ঠকানিয়া; বঞ্চনা; কোকিল।

বঞ্চথুঃ, পুং. [বঞ্চ+অথুস্] ধূর্ত্ত; বঞ্চনা; কোকিল।

বঞ্চন, ন. [বঞ্চ+অন] প্রতারণ, ঠকান।

বঞ্চনা, স্ত্রী. [বঞ্চন+আ] প্রতারণা, ঠকান, ছলনা।

বঞ্চনার্হ, ত্রি. [বঞ্চন+অর্হ] প্রতারণার যোগ্য, ঠকাইবার উপযুক্ত।

বঞ্চিত, ত্রি. [বঞ্চ+ইত] বঞ্চনাবিশিষ্ট, প্রতারিত, তৎপর্য্যায়।—বিপ্রলব্ধ; নিরাসিত।

বঞ্চুক, ত্রি. [বঞ্চ+উক] প্রতারণশীল. প্রতারক, তৎপর্য্যায়।—ধূর্ত্ত, বঞ্চুক।

বঞ্চ্য, ত্রি. [বঞ্চ+য] গমনীয়, গন্তব্য।

বঞ্জুল, পুং. [বন্জ+উল] তিনিশবৃক্ষ; অশোকবৃক্ষ; বেতসবৃক্ষ; বকুলবৃক্ষ; পক্ষীবিশেষ; স্থলপদ্ম বৃক্ষ।

বঞ্জুলদ্রুম, পুং. [বঞ্জুল+দ্রুম] অশোকবৃক্ষ; বকুলবৃক্ষ। [বেতগাছ।

বঞ্জুলপ্রিয়, পুং. [বঞ্জুল+প্রিয়] বেতসবৃক্ষ,

বঞ্জুলা, স্ত্রী. [বঞ্জুল+আ] বহুদুগ্ধা গাভী।

বট, পুং. [বট+অ] বৃক্ষবিশেষ, বড়্গাছ, তৎপর্য্যায়।—ন্যগ্রোধ, বহুপাৎ, বৃক্ষনাথ, যমপ্রিয়, রক্তফল, শৃঙ্গী, কর্ম্মজ, ধ্রুব, ক্ষীরী, বৈশ্রবণাবাস, ভাণ্ডীর, জটাল, রোহিণ, অবরোহী, বিটপী, স্কন্ধারুহ, মণ্ডলী, মহাচ্ছায়, ভৃঙ্গী, যক্ষাবাস, যক্ষতরু, পাদরোহণ, নীল, শিফারুহ, বহুপাদ, বনস্পতি; গণপতিপ্রিয়; কপর্দ্দ, কড়ি; গোল; ভক্ষ্য, বড়া; সাম্য; (ত্রি.) গুণ, বেটে দড়ি।

বটক, পুং. [বট+ক] পিষ্টকবিশেষ, বড়া; অষ্টমাষক পরিমাণ, অষ্টমাষা।

বটপত্র, পুং. [বট+পত্র] সিতার্জক, শ্বেততুলসী। [পুষ্পবৃক্ষ।

বটপত্রা, স্ত্রী. [বট+পত্র-আ] ত্রিপুরমালী

বটপত্রী, স্ত্রী. [বট+পত্র-ঈ] পাষাণভেদীবিশেষ, তৎপর্য্যায়।—ইদানী, ঐরাবতী, গোধাবতী, ইরাবতী, শ্যামা, বটাঙ্গনামিকা।

বটবাসী, পুং. স্ত্রী. [বট+বাসিন্] যক্ষ; (ত্রি.) বটবৃক্ষে-বাসকর্ত্তা।

বটর, পুং. [বট+র] কুক্কুট, কুঁক্ড়া বিশেষ; বেষ্ট, বেষ্টন; শঠ, ধূর্ত্ত; চৌর, চোর; চঞ্চল।

বটাকর, পুং. [বট+আকর] রজ্জু, রশ্মি, দড়া। [বেটে।

বটাকরা, স্ত্রী. [বট+আকর-আ] রজ্জু, দড়ী,

বটাবীক, পুং. [বটাব+ঈক] চৌরবিশেষ।

বটি, স্ত্রী. [বট+ই] উপজিহ্বিকা, আল-

বটিকা, স্ত্রী. [বটি+ক-আ] বটী, বড়ী, তৎপর্য্যায়।—নিস্তুলী; ব্যঞ্জনের উপযোগি দ্রব্যবিশেষ, বড়ী।

বটিয়া, (প্রা) নৌকাবাহনার্থ ক্ষুদ্রদণ্ড, দাঁড়।

বটী, স্ত্রী. [বট+ঈ] বটিকা, বড়া; বৃক্ষবিশেষ, নদীবট, বজ্রবৃক্ষ, সিদ্ধার্থ, বটক, অমরা,

ভুজঙ্গিনী, ক্ষীরকাষ্ঠা ; (ত্রি.) রজ্জু, রশ্মি, রশি, দড়ি।

বটু, পুং. [বট্+উ] মাণবক, ব্রাহ্মণকুমার; ব্রাহ্মণ; ব্রহ্মচারী; কুটন্নটবৃক্ষ; বালক।

বটুক. পুং. [বটু+ক] বালক; ভৈরববিশেষ।

বটুকরণ, ন. [বটু+করণ] উপনয়ন, যজ্ঞোপবীত দানসংস্কার।

বটে, (প্রা) স্বীকারবোধক শব্দ, হাঁ।

বট্‌করা, (প্রা) বিদ্রূপ, পরিহাস, ঠাট্টা।

বট্‌কেরা, (প্রা) পরিহাস, ব্যঙ্গ, বিদ্রূপ, ঠাট্টা।

বঠর, পুং. [বঠ+অর] মূর্খ, অজ্ঞ; অম্বষ্ঠ, বৈদ্যজাতি; শব্দকার; বক্র; (ত্রি.) শঠ; মন্দ।

বড়, (প্রা) বৃহৎ; প্রধান, শ্রেষ্ঠ।

বড়বা, স্ত্রী. [বড়ব+আ] ঘোটকী; অশ্বিনীনক্ষত্র; বাড়বাগ্নি; দাসী।

বড়বাকৃত, পুং. [বড়বা+কৃত] পঞ্চদশদাসান্তর্গত দাসবিশেষ, গৃহদাসীর স্বামী।

বড়বাগ্নি, পুং. [বড়বা+অগ্নি] সমুদ্রস্থিতাগ্নি, জলমধ্যস্থিতঅগ্নি, তৎপর্য্যায়।—সলিলেন্ধন, বড়বামুখ, কাকধ্বজ, বাণিজ, স্কন্দাগ্নি, তৃণধূক্, কাষ্ঠধূক্।

বড়বানল. পুং. [বড়বা+অনল] বড়বাগ্নি, তৎপর্য্যায়।—ঊর্ব্ব, বাড়ব; লঙ্কার দক্ষিণে পৃথিবীর চতুর্থভাগরূপ স্থানবিশেষ।

বড়বাভৃত, পুং. [বড়বা+ভৃত] দাসীর জার হইয়া দাসভাবাপন্ন ব্যক্তি।

বড়বামুখ, পুং. [বড়বা+মুখ] বাড়বানল, বাড়বাগ্নি।

বড়বাসুত, পুং. [বড়বা+সুত] অশ্বিনীকুমার; দাসীপুত্র।

বড়বাহৃত, পুং. [বড়বা+আহৃত] বড়বাকৃত, পঞ্চদশ দাসান্তর্গত দাসবিশেষ, গৃহদাসীর স্বামী

বড়ভি-বড়ভী, স্ত্রী. [বড়ভ+ঈ] গৃহচূড়া, মুদনি, তৎপর্য্যায়।—গোপানসী, চন্দ্রশালিকা, কূটাগার; খিল।

বড়্‌মা, (প্রা) অলক্ষ্মী; অপবাদ; বিপত্তি।

বড়শা, (প্রা) অস্ত্রবিশেষ, বল্লম।

বড়শী, (প্রা) বঁড়িশ, মৎস্যধারণার্থ কাঁটা।

বড়া, স্ত্রী- [বড়+আ] বটক; পিষ্টকবিশেষ।

বড়াই, (প্রা) গৌরব, দম্ভ, গর্ব্ব; বৃন্দাবনস্থা বৃদ্ধা গোপীবিশেষ।

বড়িয়া, (প্রা) শতরঞ্চ খেলার বড়ে।

বড়িশ, ন. স্ত্রী. [বটিশ্+অ] মৎস্যধারণার্থ বক্রলৌহ কণ্টকবিশেষ, বড়শী তৎপর্য্যায়।—মৎস্যবেধন, বলিশ, বড়িশী, বড়িশা, বলিশী, মৎস্যবেধনী, বলিসী, বলিস, বরিশী, বলিশি, মৎস্যভেদন।

বড়িশী, স্ত্রী. [বড়িশ+ঈ] বড়িশ, মৎস্যধারণার্থ বক্রলৌহ কণ্টকবিশেষ।

বড়ী, (প্রা) বটী; গুলী।

বড়ু, (প্রা) পরিচারক; দেবল ব্রাহ্মণ।

বড়্‌বড়ন, (প্রা) বহুভাষণ, বকন।

বড্র, ত্রি. [বড+র] বৃহৎ, শ্রেষ্ঠ, বড়।

বঢ়ই, (প্রা) সূত্রধার, ছুতার; গৃহনির্ম্মাতা।

বণ, পুং. [বণ+অ] শব্দ, ধ্বনি, নাদ।

বণিক্, পুং. [বণ+ইজ্] ক্রয়বিক্রয়কর্ত্তা, বাণিজ্যকারক, তৎপর্য্যায়।—বৈদেহক, সার্থবাহক, নৈগম, বণিজ, পণ্যাজীব, আপণিক, ক্রয়বিক্রয়িক, বৈদেহ, বাণিজ, বাণিজিক, ক্রায়িক, বিক্রয়িক, বাণিজক, বাণিজ্যকার; করণান্তর; বৈশ্যজাতি; (স্ত্রী.) বাণিজ্য।

বণিক্‌পথ, ন. [বণিক্+পথ] বাণিজ্য।

বণিগ্বন্ধু, পুং. [বণিক্+বন্ধু] নীলীবৃক্ষ, নীলগাছ।

বাণিগ্বহ, পুং. [বাণিক্+বহ] উষ্ট্র, উট।

বণিগ্‌ভাব, পুং. [বণিক্+ভাব] বাণিজ্য, ব্যবসায়, তৎপর্য্যায়।—সত্যানৃত, বাণিজ্য, বাণিজ্যা, বণিক্‌পথ।

বণিজ, পুং. [বণিজ্+অ] বণিক্, ক্রয়বিক্রয়কারী, বাণিজ্য ব্যবসায়ী; ববাদি একাদশ করণান্তর্গত ষষ্ঠকরণ।

বণিজ্য, ন. [বণিজ+য] বাণিজ্য, বণিগ্বৃত্তি, ব্যবসা।

বণিজ্যা, স্ত্রী. [বণিজ্য+আ] বাণিজ্য, বণিগ্বৃত্তি, ব্যবসা, ক্রয় বিক্রয় ব্যবহার।

বণ্ট, পুং [বণ্ট+অ] ভাগ, অংশ, হিস্সা, বাঁটা; দাত্রমুষ্টি, দারবাঁট; অকৃতোদ্বাহ, অবিবাহিত।

বণ্টক, পুং, [বণ্ট+ক] ভাগ; (ত্রি.) ভাগকর্ত্তা, অংশকারী। [করণ।

বণ্টন, ন. [বণ্ট+অন] বিভাগকরণ, অংশ-

বণ্ঠ, পুং, [বণ্ঠ+অ] অকৃতোদ্বাহ, অবিবাহিত; খর্ব্ব, খাট; কুন্তায়ুধ, কোঁচনামক অস্ত্রবিশেষ

বণ্ঠর, পুং. [বণ্ঠ+র] স্থগিকারজ্জু, কুক্কুরের লাঙ্গুল; করীরকোষ; তালের পল্লব; পয়োধর, মেঘ।

বণ্ঠাল, পুং. [বণ্ঠ+আল] শূরযুদ্ধ; নৌকা; খণিত্র, খন্তা।

বণ্ড, ত্রি. [বণ্ড+অ] হস্তাদি বর্জিত, বেঁড়ে; (পুং.) অনাবৃতমেঢ়্র, তৎপর্য্যায়।—ত্রুশ্চর্ম্মা, ছিনগ্রক, শিপিবিষ্ট।

বণ্ডর, পুং. [বণ্ড+র] কৃপণব্যক্তি; খোজা, বর্ষবর।

বণ্ডা, স্ত্রী. [বণ্ড+আ] পাংশুলা; ধূলিযুক্ত; লিঙ্গ, উপস্থ।

বণ্ডাল, পুং. [বণ্ড+অল] যুদ্ধবিবরণ: নৌকা; খনিত্র। [আমন্ত্রণ।

বত, ব্য. খেদ; অনুকম্পা; সন্তোষ; বিস্ময়;

বতংস, পুং. [অব+তংস] কর্ণপুর, কর্ণভূষণ; শেখর, শিরোভূষণ।

বতণ্ড, পুং. [অব+তণ্ড] মুনিবিশেষ।

বতু, পুং. [বত+উ] দেবনদী; সত্যবাক্; পন্থা, বর্ত্ম, পথ; অক্ষিরোগ, চক্ষুরোগ; রক্ষা।

বতোকা, স্ত্রী. [অব+তোক-আ] অবতোক, পতদ্গার্ভ্ভ গাভী, গাবড়া গাই।

বত্রিশ, (প্রা) সংখ্যাবিশেষ ৩২।

বত্রিশসিংহাসন, (প্রা) গ্রন্থবিশেষ; দ্বাত্রিংশৎ পুত্তলিকাযুক্ত সিংহাসন।

বৎ, ব্য. সাম্য, তৎপর্য্যায়।—বা, যথা, তথা, এব, এবং।

বৎস, ন্ন. [বদ্+স] বক্ষ; (পুং) বর্ষ, বৎসর; গোশিশু, বাছুর, তৎপর্য্যায়।—শকৃৎকরি, তর্ণক, দোগ্ধা, দোহন দোষ, রোহিণেয়, বাহুলেয়, তন্তুভ; সদ্যোজাতস্তপর্য্যায়।—তর্ণক, তর্ণভ, তন্তুভ, কচ; পুত্রাদি, বাছা।

বৎসক, ন. [বৎস+ক] পুষ্পকাসীস; সীসা; (পুং.) কুটজ, কুরচীগাছ; ইন্দ্রযব; বৎস।

বৎসকবীজ, ন. [বৎসক+বীজ] ইন্দ্রযব।

বৎসকামা, স্ত্রী. [বৎস+কাম-আ] বৎসাভিলাসিনী গাভী, তৎপর্য্যায়।—বৎসলা; পুত্রাদিকামাস্ত্রী।

বৎসগুরু, পুং. [বৎস+গুরু] শিক্ষক।

বৎসতর, পুং. [বৎস+তর] প্রাপ্তদমনকাল বাছুর, দোয়ানে বাছুর, তৎপর্য্যায়।—দম্য, দুদান্ত, গাড়ি।

বৎসতরী, স্ত্রী. [বৎস+তর-ঈ] বৃষোৎসর্গে বৃষের পত্নীরূপে কল্পিতা তিনবৎসরের গাভী।

বৎসতন্ত্রী, স্ত্রী. [বৎস+তন্ত্রী] বৎসবন্ধনরজ্জু।

বৎসনাভ, পুং. [বৎস+নাভ] বিষবৃক্ষবিশেষ, স্থাবরবিষ বিশেষ, ইহার সিন্ধুবার পত্রসদৃশ পত্র, তৎপর্য্যায়।—অমৃত, বিষ, উগ্র, মহৌষধ, গরল, মারণ, নাগ, স্তোকক, প্রাণহারক, স্থাবরাদি।

বৎসপত্তন, ন. [বৎস+পত্তন] ভারতবর্ষের উত্তরস্থ দেশ বিশেষ, কৌশাম্বীদেশ।

বৎসপাল, পুং. [বৎস+পাল] শ্রীকৃষ্ণ; বলদেব; গোবৎস পালনমাত্র।

বৎসর, পুং. [বদ্+সর] দ্বাদশমাসাত্মককাল, অয়নদ্বয়াত্মক, তৎপর্য্যায়।—সম্বৎসর, অব্দ, হায়ন, শরৎ, সমা, শরদা, বর্ষ, সম্বৎ, বরিষ। [মাস।

বৎসরান্তক, পুং. [বৎসর+অন্তক] ফাল্গুন

বৎসল, ত্রি. [বৎস+ল] স্নেহযুক্ত, তৎপর্য্যায়।—স্নিগ্ধ; (পুং.) শৃঙ্গারাদি দশ রসান্তর্গত রসবিশেষ, তৎপর্য্যায়।—বাৎসল্য।

বৎসলতা, স্ত্রী. [বৎসল+ত-আ] স্নেহ, প্রেম।

বৎসলা, স্ত্রী. [বৎসল+আ] বৎসকামা গাভী; স্নেহান্বিতা।

বৎসাদন, পুং. [বৎস+অদন] বৃক, কুক্কুর পরিমাণ জন্তুবিশেষ, ঘোঘ।

বৎসাদনী, স্ত্রী. [বৎস+অদন-ঈ] গুড়ুচী, গুলঞ্চ।

বৎসাক্ষী, স্ত্রী. [বৎস+অক্ষিন্-ঈ] গোডুম্বা।

বদ, ত্রি. [বদ্+অ] বক্তা, বাগ্মী, কথক।

বদন, ন. [বদ্+অন] মুখ, আস্য, আনন; কথন।

বদনসরোজ, ন. [বদন+সরোজ] বদনাম্বুরুহ, বদনারবিন্দ।

বদনামৃত, পুং. [বদন+অমৃত] অধর মধু, মুখামৃত, বদনাসব।

বদনাসব, পুং. [বদন+আসব] অধরমধু, বদনামৃত, মুখামৃত।

বদনেন্দু, পুং. [বদন+ইন্দু] বদনচন্দ্র, মুখচন্দ্র।

বদন্তি, স্ত্রী. [বদৎ+ই] কথা, বাক্য।

বদন্তী, স্ত্রী. [বদৎ+ঈ] কথা, বাক্য।

বদন্য, ত্রি. [বদ+অন্য] বদান্য, বহুপ্রদ, দাতা, উদার, বল্গুবাক্।

বদর, ন. [বদ+র] সেবিফল; কার্পাসফল; কোলিফল, কুল; কোলিবিশেষ, শেয়াকোলি, তৎপর্য্যায়।—ঘোণ্টা, গোপঘোণ্টা, হস্তিকোলি, গোপঘোণ্টী, বদরীচ্ছদা, শৃগালকোলি, কর্কন্ধু, বাদির; কুলমাত্র, তৎপর্য্যায়।—কর্কন্ধু, বদরী, কোলী, কোল, ফেনিল, কুবল, সৌবীর, অজাপ্রিয়া, কুহা, কোলি, বিষম ভয়কণ্টক, সৌবীরক, গুড়ফল, বালেষ্ট, ফলশৈশির, দৃঢ়বীজ, বৃত্তফল, কণ্টকী, বক্রকণ্টক, সুরস, সুফল, স্বচ্ছ, কর্কন্ধূ, বদর, কোলা, কুবলী, স্বাদুফলা, গৃধ্রনখী, পিচ্ছিলা, কুবল; বৃহৎকোলি, বড়কুল, যথা।—সৌবীর; (পুং) কোলিবৃক্ষ; দেবসর্ষপবৃক্ষ; কার্পাসাস্থি, কাপাসের বিচি।

বদরফলী, স্ত্রী; [বদর+ফল-ই] ভূবদরী, ভুঁইকুল।

বদরবল্লী, স্ত্রী. [বদর+বল্লী] ভূবদরী, ভুঁইকুল।

বদরা, স্ত্রী. [বদর+আ] বরাহক্রান্তা বৃক্ষ; কার্পাসীবৃক্ষ; এলাপর্ণী; বিষ্ণুক্রান্তা।

বদরামলক, ন. [বদর+আমলক] প্রাচীন আমলক, পুরাতন আমলকী।

বদরি, স্ত্রী. [বদর+ই] কোলিবৃক্ষ, কুলগাছ।

বদরিকাশ্রম, পুং. [বদরিক+আশ্রম] তীর্থবিশেষ, নরনারায়ণ ও বেদব্যাসের আশ্রম, বদরীশৈল।

বদরী, স্ত্রী. [বদর+ঈ] কোলিবৃক্ষ, কুলগাছ; কার্পাসবৃক্ষ; কপিকচ্ছু।

বদরীচ্ছদা, স্ত্রী. [বদরী+ছদ-আ] হস্তিকোলি বৃক্ষ; শঙ্খনখী।

বদরীপত্র, পুং. [বদরী+পত্র] নখীনাম গন্ধদ্রব্য বিশেষ।

বদরীপত্রক, ন. [বদরী+পত্রক] স্বনামক গন্ধদ্রব্য।

বদরীফলা, স্ত্রী. [বদরী+ফল-আ]নীলশেফালিকা, কালশিউলি।

বদরীশৈল, পুং. [বদরী+শৈল] হিমালয় পর্ব্বতের একদেশ, অর্থাৎ শ্রীনগর নামক দেশে অলকনন্দা নদীর পশ্চিম তীরে বদরীবন, বদরিকাশ্রম।

বদল, (যাং) প্রতিদান, বিনিময়, পরিবর্ত্তন।

বদলান, (যাং) প্রতিদান করণ, বিনিময়করণ, পরিবর্ত্তন করণ।

বদ্‌খো, (যাং) হিংস্রক।

বদজাত, (যাং) দুষ্ট, অধম।

বদান্য, ত্রি. [বদ+অন্য] বহুপ্রদ, দাতা, দানশীল, মুক্তহস্ত; বল্গুবাক্, মনোহর বাক্য।

বদাবদ, ত্রি. [বদ+অবদ] বক্তা, বাগ্মী, কথক।

বদাম, ন. [বদ+আম] ফলবিশেষ, বাদাম, তৎপর্য্যায়।—সুফল, বাতবৈরি, নেত্রোপম।

বদাল, পুং. [বদ+আল] মৎস্যবিশেষ, বোয়ালি মাছ, তৎপর্য্যায়।—পাঠীন।

বদালক, পুং. [বদাল+ক] পাঠীন মৎস্য, বোয়ালি মাছ।

বদ্ধ, ত্রি. [বন্ধ+অ] বন্ধনযুক্ত, বাঁধা, তৎপর্য্যায়।—সন্দানিত, মূর্ণ, উদ্ধিত, সন্দিত, সিত, নিগড়িত, নদ্ধ, কীলিত, যন্ত্রিত, সংযত।

বদ্ধকফ, (প্রা) গাঢ়শ্লেষ্মাযুক্ত।

বদ্ধকোপ, ত্রি. [বদ্ধ+কোপ] রাগসম্বরণ।

বদ্ধগুদ, ন. [বদ্ধ+গুদ] উদররোগ বিশেষ।

বদ্ধপাগল, (প্রা) অতিশয় পাগল।

বদ্ধপিণ্ডি, ন. [বদ্ধ+অপিণ্ডি] বদ্ধপাণি, মুষ্টি, মুটা।

বদ্ধফল, পুং. [বদ্ধ+ফল] করঞ্জবৃক্ষ, করম্চা গাছ।

বদ্ধমূল, ত্রি. [বদ্ধ+মূল] দৃঢ়মূল. উৎপাটনের অযোগ্যমূল।

বদ্ধমুষ্টি, ত্রি. [বদ্ধ+মুষ্টি] দৃঢ়মুষ্টি, কৃপণ।

বদ্ধরসাল, পুং. [বদ্ধ+রসাল] ত্রিবিধ প্রকার আম্রান্তর্গত অত্যুত্তম আম্র, তৎপর্য্যায়।—চক্রতলাম্র, মধ্বাম্র,সিতজাম্রক, বনেজ্য, মন্মথানন্দ, মদনেচ্ছাফল।

বদ্ধশিখ, ত্রি. [বদ্ধ+শিখ] শিশু, বালক; শিখাবন্ধনবিশিষ্ট।

বদ্ধশিখা, স্ত্রী. [বদ্ধ+শিখা] উচ্চটা, গুঞ্জা; সম্বদ্ধকেশ।

বদ্ধাঞ্জলি, ত্রি. [বদ্ধ+অঞ্জলি] করদ্বয় সংযুক্ত করণ।

বদ্‌নাম, (যাং) কুনাম, কুযশ, অখ্যাতি।

বধ, পুং. [বধ+অ] প্রাণবিয়োগ করণ,প্রাণহত্যা, তৎপর্য্যায়।—প্রমাপণ, নিবর্হণ, নিকারণ, নিশারণ, প্রবাসন, পরাসন, নিষূদন; নিহিংসন, নির্ব্বাসন, সংজ্ঞপন, নিগ্রন্থন, অপাসন, নিস্তর্হণ, নিহনন, ক্ষণন, পরিবর্জ্জন, নির্ব্বাপণ, বিশসন, মারণ, প্রতিঘাতন, উদ্বাসন, প্রমথন, ক্রথন, উজ্জাসন, আলম্ভ, পিঞ্জ, বিশর, ঘাত, উন্মন্থ, হিংসা, ঘাতন, বিদারণ, পিঞ্জক, পাত, পরিঘ, পরিঘাতন, কদন, নিবারণ, সমাঘাত, নির্গন্ধন, মারি, মারী, উৎপাত, মারক, মরক, মার, সংঘাত।

বধক, পুং. [বধ+অক] বধকর্ত্তা; হিংস্র; ব্যাধি; মৃত্যু।

বধকর্ম্ম, ন; [বধ+কর্ম্মন্] প্রাণবিয়োগ কর্ম্ম, তদ্বৈদিক পর্য্যায়।—দভ্নোতি, শ্লথতি, ধরতি, ধূর্ব্বতি, বৃণক্তি, বৃশ্চতি কৃণ্বতি, কৃন্ততি, শ্বাসিতি,নভতে,অর্দ্দয়তি,স্তৃণাক্তি, স্নেহয়তি, যাতয়তি, স্ফুরতি, স্ফুলতি, নিবয়ন্ত, অবতিরতি, বিষাত, আতিরৎ, তলিৎ, আখণ্ডল, দ্রুরাতি, অশ্নাতি, শৃণাতি; শাম্নাতি, তৃণোলিহ, তালিহ, নিতোশতে, নিবর্হয়তি, গিনোতি, মিনোতি, ধমতি।

বধকারক, ত্রি. [বধ+কারক] হিংস্র, হন্তা, হননকর্ত্তা।

বধজীবী, পুং. [বধ+জীবিন্] ব্যাধ; কসাই।

বধত্র, ন. [বধ+ত্র] অস্ত্র, আয়ুধ, শস্ত্র।

বধদণ্ড, ন. [বধ+দণ্ড] প্রাণদণ্ড, প্রাণনাশক; শাস্তি।

বধনীয়, ত্রি. [বধ+অনীয়] বধ্য, হননীয়. বধযোগ্য। [বধনীয়।

বধযোগ্য, ত্রি. [বধ+যোগ্য] হননীয়, বধ্য,

বধস্থলী, স্ত্রী. [বধ+স্থল-ঈ] প্রাণি বধস্থল, মশান তৎপর্য্যায়।—আঘাত, প্রঘাত, বধস্থান, আঘাতন।

বধস্থান, ন. [বধ+স্থান] বধস্থলী, প্রাণি বধস্থল, মশান।

বধাঙ্গক, ন. [বধ+অঙ্গক]কারাবেশ্ম, কারাগার; বিষ। [যোগ্য।

বধানর্হ, ত্রি. [বধ+অনর্হ] অবধ্য, বধা-

বধাবধি, (প্রা) পরস্পর বধকরণ, হানাহানি, মারামারি, কাটাকাটি।

বধার্হ, ত্রি. [বধ+অর্হ] বধ্য, হননযোগ্য।

বধিক, ত্রি. [বধ+ইক] হন্তা, হিংস্রক, বধকারী।

বধির, ত্রি. [বধ+ইর] শ্রবণেন্দ্রিয়রহিত, শ্রুতিশক্তিহীন, কালা, তৎপর্য্যায়।—এড়, কল্ল, শ্রবণাপটু, উচ্চৈঃশ্রবাঃ।

বধী, ত্রি. [বধ+ইন্] বধকর্ত্তা, প্রাণহিংসক, ঘাতক।

বধু-বধূ, স্ত্রী.[বহ-বধ+ঊ] নারী, স্ত্রী; পৃক্কা; স্নুষা,পুত্রবধূ, বৌ; সারিবৌষধি; শটী; নবোঢ়া, নববিবাহিতা; ভার্য্যা, পত্নী।

বধূজন, পুং. [বধূ+জন] বধূ, যোষিৎ, বউ ।

বধূটশয়ন, ন. [বধূট+শয়ন] গবাক্ষ, বাতায়ন, জানালা ।

বধূটি, স্ত্রী. [বধূ+টি] পুত্রভার্য্যা; স্নুষা ।

বধূটী, স্ত্রী. [বধূটি+ঈ] পুত্রভার্য্যা, স্নুষা, পুত্রবধূ; সুবাসিনী; অল্পবধূ, ক্ষুদ্রা বধূ ।

বধূৎসবপ্রসব, পুং. [বধূ+উৎসবপ্রসব] রক্তাম্লান, রক্তবর্ণ পুষ্পবিশেষ; রক্তসহা ।

বধোদ্যত, ত্রি. [বধ+উদ্যত] পরের বধ নিমিত্ত উদযুক্ত, তৎপর্য্যায়।—সন্নদ্ধ, আততায়ী ।

বধ্য, ত্রি. [বধ+য] বধার্হ, বধ করিবার যোগ্য, তৎপর্য্যায়।—শীর্ষচ্ছেদ্য; অবধ্য যথা।—গো, ব্রাহ্মণ, বৃদ্ধ, গুপ্ত, বালক, স্ববন্ধু, সুদুষ্টাযোষিৎ, গুরু ।

বধ্যপাল, পুং. [বধ্য+পাল] কারাগৃহরক্ষক, কারাগারের রক্ষিতা, কারারক্ষক ।

বধ্যভূমি, স্ত্রী. [বধ্য+ভূমি] বধস্থলী ।

বধ্র, ন. [বধ্+র] সীসক, সীসা; বপ্র, প্রচীর ।

বধ্রী স্ত্রী. [বধ্র+ঈ] চর্ম্মরজ্জু, চামড়ার দড়ি; বিনামা ।

বধ্র্য, ন. [বধ্র+য] বিনামা, জুতা ।

বন, ন. স্ত্রী. [বন+অ] বহুবৃক্ষযুক্ত স্থান, তৎপর্য্যায়।—অটবী, অরণ্য, বিপিন, গহন, কানন, দাব, দব, অটবি, ভীরুক, ঝাট, গুহিন, শত্র, সমজ, প্রান্তর, বিবিক্ত, কান্তার; (ন.) জল; নিবাস; আলয়, গৃহ; প্রস্রবণ, পাহাড়ের ঝরনা ।

বনকচু, পুং. [বন+কচু] কচুবিশেষ ।

বনকরী, পুং. [বন+করিন্] বন্যগজ, অরণ্যহস্তী ।

বনকদলী, স্ত্রী. [বন+কদলী] কাষ্ঠকদলী, বনকলা ।

বনকন্দ, পুং. [বন+কন্দ] বনশূরণ, বুনো-ওল; ধরণীকন্দ ।

বনকার্পাসী, স্ত্রী. [বন+কার্পাস-ঈ] বনোদ্ভব কার্পাস, তৎপর্য্যায়।—ত্রিপর্ণী, ভারদ্বাজী, বনোদ্ভবা ।

বনকোলি, স্ত্রী. [বন+কোলি] বনজাত বদরী, বন্যকুল, তৎপর্য্যায়।—কর্কশিকা, ফলকর্কশা ।

বনগহন, ন. [বন+গহন] অরণ্যানী, মহাবন

বনগো, স্ত্রী. [বন+গো] গবাকার পশুবিশেষ, গবয় ।

বনগোচর, পুং. [বন+গোচর] ব্যাধ, নিষাদ, বনেচর । [বৃক্ষ ।

বনচন্দন, ন. [বন+চন্দন] অগুরু; দেবদারু-

বনচন্দ্রিকা, স্ত্রী. [বন+চন্দ্রিকা] মল্লিকাপুষ্প ।

বনচম্পক, পুং. [বন+চম্পক] বনজাত চম্পক পুষ্পবৃক্ষ, তৎপর্য্যায়।—বনদীপ, হেমাঙ্গ, সুকুমার ।

বনচর, ত্রি. [বন+চর] অরণ্যবাসী; বনে ভ্রমণকর্ত্তা ।

বনচাঁড়াল, (প্রা) বৃক্ষবিশেষ, যে বৃক্ষের নিকটে তুড়ি দিলে তাহার পত্র কম্পিত হয় ।

বনচ্ছাগ, পুং. [বন+ছাগ] অরণ্যচ্ছগল, তৎপর্য্যায়।—এড়ক, শিশুবাহক, শূকর ।

বনজ, ন. [বন+জ] অম্বুজ; (পুং.) মুস্তক, মুথা; গজহস্তী; বনশূরণ; বন্য, অরণ্যজাত ।

বনজা, স্ত্রী. [বন+জ-আ] মুদ্গপর্ণী; অরণ্যকার্পাসী বনোপোদকী; অশ্বগন্ধা; গন্ধপত্রা; মিশ্রেয়া; ঐন্দ্র, আদা ;

বনজীর, পুং. [বন+জীর] বনোদ্ভব জীরক, বনজীরা, তৎপর্য্যায়।— বৃহৎপালী, শূক্ষ্মপত্র, অরণ্যজীর, কণ ।

বনতিক্ত, পুং. [বন+তিক্ত] হরীতকী ।

বনতিক্তা, স্ত্রী. [বন+তিক্তা] বনতিক্তিকা, পাঠা, আকনাদিলতা ।

বনতিক্তিকা, স্ত্রী. [বন+তিক্তিকা] পাঠা, আকনাদিলতা ।

বনদ, পুং. [বন+দ] মেঘ, বারিদ; (ত্রি.) বনদাতা ।

বনদমন, পুং. [বন+দমন] অরণ্যদমন ।

বনদীপ, পুং. [বন+দীপ] বনচম্পক, বনচাঁপা

বনধেনু, পুং. [বন+ধেনু] গবয়ী, গবাকার স্ত্রীজাতি পশুবিশেষ।

বনপল্লব, পুং. [বন+পল্লব] শোভাঞ্জন বৃক্ষ, শজিনাগাছ; অরণ্যজাত পত্র।

বনপাংশুল, পুং. [বন+পাংশুল] ব্যাধ, নিষাদ, চণ্ডাল।

বনপিপ্পলী, স্ত্রী. [বন+পিপ্পলী] বনোদ্ভব-পিপ্পলী, অরণ্যজাত পিঁপুল, তৎপর্য্যায়।—সূক্ষ্মপিপ্পলী, ক্ষুদ্রপিপ্পলী, বনকণা। [মৌরি।

বনপুষ্পা, স্ত্রী. [বন+পুষ্প-আ] শতপুষ্পা,

বনপূরক, পুং. [বন+পূরক] বনবীজপূরক, বন্য ডালিম।

বনপ্রবেশ, পুং. [বন+প্রবেশ] অরণ্যপ্রবেশ, বনগমন, বন প্রস্থান।

বনপ্রিয়, ন. [বন+প্রিয়] ত্বচ; (পুং.) কোকিল; (ত্রি.) যে অরণ্যে থাকিতে ভালবাসে।

বনবর্ব্বর, পুং. [বন+বর্ব্বর] কৃষ্ণার্জ্জক, কালতুলসী।

বনবর্ব্বরিকা, স্ত্রী. [বন+বর্ব্বরিকা] অরণ্যজাত বর্ব্বরী, বনবাবুই, তৎপর্য্যায়।—সুগন্ধি, সুপ্রসন্নক, দোষাক্লেশী, বিষঘ্ন, সুমুখ, সূক্ষ্মপত্রক, নিদ্রালু, শোকহারী, সুবক্ত্র।

বনবল্লরী, স্ত্রী. [বন+বল্লরী] নিঃশ্রেণিকা তৃণ, নিঃশ্রেণী নামক তৃণকোংকণদেশে প্রসিদ্ধ তৃণ। [অগ্নি।

বনবহ্নি, পুং. [বন+বহ্নি] দাবানল, বন্য

বনবাসন, পুং. [বন+বাসন] ক্ষুদ্রজন্তুবিশেষ, খাটাস, খটাস; (ন.) বনে বাসকরণ।

বনবাসী, পুং. [বন+বাসিন্] ঋষভ নামৌষধ; মুষ্ককবৃক্ষ; বাহারীকন্দ, শাল্মলীকন্দ; নীলমহিষকন্দ; (ত্রি.) বনে বাসকর্ত্তা। [টাস।

বনবিল্লী, (প্রা) বনমার্জ্জার, বনবিড়াল; খ-

বনবীজ, পুং. [বন+বীজ] বনবীজপূরক, অরণ্যজাত ডালিম।

বনবীজক, পুং. [বন+বীজক] বনবীজপূরক, অরণ্য জাত ডালিম।

বনবীজপূরক, পুং. [বন+বীজপূরক] অরণ্যজাত বীজপুর;বন ডালিম, তৎপর্য্যায়।—বনজ, বনবীজক, বনবীজ, অত্যম্লা, গন্ধাম্লা, বনোদ্ভবা, দেবদূতী, পীড্ঘ্নী, দেবদাসী, দেবেষ্টা, মাতুলঙ্গিকা, পচনী মহাফলা।

বনবৃন্তাকী, স্ত্রী. [বন+বৃন্তাকী] বৃহতী, কণ্টকারী। [ধান্য।

বনব্রীহি, পুং. [বন+ব্রীহি] নীবার, উড়ি-

বনভদ্রিকা, স্ত্রী. [বন+ভদ্রিকা] ভদ্রবলা, গন্ধভাদালিয়া লতা।

বনভুক্, পুং. [বন+ভুজ্] ঋষভ নাম ঔষধবিশেষ।

বনমল্লী, স্ত্রী. [বন+মল্লী] বনোদ্ভব মল্লিকা, বনজাত মল্লিকা পুষ্পবৃক্ষ, কাষ্ঠমল্লিকা।

বনমক্ষিকা-বনমাক্ষিকা, স্ত্রী. [বন+মক্ষিকা] দংশ, ডাঁশ, দাঁশ।

বনমানুষ, (প্রা) জন্তুবিশেষ; বানরবিশেষ।

বনমালা, স্ত্রী. [বন+মালা] শ্রীকৃষ্ণের মালা।

বনমালিনী, স্ত্রী. [বন+মালিন্-ঈ] দ্বারকাপুরী, শ্রীকৃষ্ণের পুরী; বারাহী।

বনমালী, পুং. [বন+মালিন্] শ্রীকৃষ্ণ, নারায়ণ। [জলদ।

বনমুক্, পুং. [বন+মুচ্] মেঘ, ঘন, জলধর,

বনমুদ্গা, পুং. [বন+মুদ্গা] মুকুষ্টক, মুগানি, তৎপর্য্যায়।—বরক, নিগূঢ়ক, কুলীনক, খণ্ডী, মপষ্ট, ময়ষ্টক, মুকুট, ময়ষ্ঠ, মপষ্টক, মুদ্গাষ্টক, মকুষ্টক, ময়ুষ্টক।

বনমুদ্গা, স্ত্রী. [বন+মুদ্গ-আ] মুদ্গপর্ণী বনমুদ্গা, মুগানী।

বনমুত, পুং. [বন+মুত] মেঘ, জলধর; বারিদ।

বনমূর্দ্ধজা, স্ত্রী. [বন+মূর্দ্ধজা] বৃক্ষবিশেষ, কর্কটশৃঙ্গী, কাঁকড়াশিঙ্গী।

বনমোচা, স্ত্রী. [বন+মোচা] কাষ্ঠকদলী, বনকলা।

বনর, পুং. [বন+র-অ] বানর, কপি, মর্কট

বনরাজ, পুং. [বন+রাজ] সিংহ, কেশরী; বনের রাজা।

বনরাজি-বনরাজী, ত্রি. [বন+রাজি-ঈ] বন-শোভাকারী; (স্ত্রী.) বনশ্রেণী; সুদীর্ঘবন।

বনলক্ষ্মী, স্ত্রী. [বন+লক্ষ্মী] কদলী, রম্ভা, কলা; বনের শোভা।

বনশূকর, পুং. [বন+শূকর] বনবরাহ, বুনোশুয়ার।

বনশূকরী, স্ত্রী. [বন+শূকরী] কপিকচ্ছু, আলকুশী; আরণ্যবরাহী।

বনশূরণ, পুং. [বন+শূরণ] বনজাত ওল, বনওল, তৎপর্য্যায়।—সিতশূরণ, বন্য, বনকন্দ, অরণ্যশূরণ, বনজ, শ্বেতশূরণ, বনকণ্ডুল।

বনশৃঙ্গাট, পুং. [বন+শৃঙ্গাট] গোক্ষুরক, গোখুরি, গোখুরু।

বনশৃঙ্গাটক, পুং. [বন+শৃঙ্গাটক] গোক্ষুরক, গোখুরি, গোখুরু।

বনশোভন, ন. [বন+শোভন] পদ্ম; (ত্রি.) বনের শোভাকর্ত্তা।

বনশ্বা, পুং. [বন+শ্বন্] গন্ধমার্জ্জার, গন্ধগোকুলা; বঞ্চক; ব্যাঘ্র।

বনসঙ্কট, পুং. [বন+সঙ্কট] মসুর, মসুরি কলাই বৃক্ষ।

বনসমূহ, পুং. [বন+সমূহ] অরণ্যসংহতি, তৎপর্য্যায়।—বন্যা, বান্যা; জলসমূহ।

বনসরোজিনী, স্ত্রী. [বন+সরোজিনী] বনকার্পাসী, বনকাপাসী।

বনস্থ, পুং. [বন+স্থ] মৃগ, হরিণ; (ত্রি.) বনবাসী, অরণ্যেবাসকারী।

বনস্থা, স্ত্রী. [বন+স্থা] অশ্বত্থীবৃক্ষ।

বনস্পতি, পুং. [বন+পতি] পুষ্পবিনা ফলযুক্তবৃক্ষ; বৃক্ষমাত্র; স্থালীবৃক্ষ।

বনহরিদ্রা, [বন+হরিদ্রা] অরণ্যজাত হরিদ্রা, তৎপর্য্যায়।—শোলা, শোলিকা, বনারিষ্টা।

বনহাস, পুং. [বন+হাস] কাশতৃণ, কেশে; কুন্দবৃক্ষ, কুঁদফুলেরগাছ। [কেশে।

বনহাসক, পুং. [বন+হাসক] কাশতৃণ,

বনাও, (প্র.) ঐক্যমত, মিল; এক বাক্যতা; (হি.) প্রস্তুতিকরণার্থ।

বনাখু, পুং. [বন+আখু] শশক, খরগোশ।

বনাখুক, পুং. [বন+আখুক] মুদ্গ, মুগানি।

বনাজ, পুং. [বন+অজ] বনচ্ছাগ, তৎপর্য্যায়।—ইভিক্ষ, শিশুবাহক, পৃষ্ঠশৃঙ্গ। [মক্ষিকা।

বনাটু, পুং. [বন+অট-উ] বর্ব্বণা, নীল-

বনাত, (যাং) ঊর্ণানির্ম্মিত স্থূলবস্ত্রবিশেষ।

বনান, (প্রা) নির্ম্মাণ, গঠন, রচন।

বনামল, পুং. [বন+আমল] কৃষ্ণপাকফল।

বনাম্র, পুং. [বন+আম্র] কোশাম্র, কোশাম গাছ। [মিলন।

বনায়, (প্রা) আত্মীয়তা; প্রণয়ন, প্রীতি, বস্তি,

বনায়ু, পুং. [বন+আয়ু] দেশবিশেষ।

বনায়ুজ, পুং. [বন+আয়ুজ] বনায়ুদেশোদ্ভব ঘোটক, বানায়ুজ।

বনারিষ্টা, স্ত্রী. [বন+অরিষ্টা] বনহরিদ্রা, বনহলুদ।

বনার্চ্চক, পুং. [বন+অর্চ্চক] পুষ্পজীবী, মালাকার, মালী।

বনার্দ্রক, পুং. [বন+আর্দ্রক] বনজাত আর্দ্রক, বনআদা।

বনার্দ্রকা, স্ত্রী. [বন+আর্দ্রক-আ] বনজাত আর্দ্রক, বনআদা, বনজা, অরণ্যজার্দ্রকা।

বনালিকা, স্ত্রী. [বন+আলিকা] হস্তিশুণ্ডী, হাতিরশুঁড়।

বনাশ্রয়, পুং. [বন+আশ্রয়] দ্রোণকাক, দাঁড়কাক।

বনাহির, পুং. [বন+আহির] শূকর, বরাহ।

বনি, পুং. [বন+ই] অগ্নি, বহ্নি, হুতাশন, অনল।

বনিত, ত্রি. [বনি+ত] যাচিত; সেবিত।

বনিতা, স্ত্রী. [বনিত+আ] জাতরাগা স্ত্রী; ভার্য্যা; স্ত্রীমাত্র।

বনিষ্ঠু, পুং. [বন+ইষ্ঠু] যজ্ঞে অন্নপ্রদান।

বনী, স্ত্রী. [বন+ঈ] বন, অরণ্য, কানন; (পুং.) বানপ্রস্থাশ্রমী; বনস্থ।

বনীক, ত্রি. [বনি+ঈক] যাচক, প্রার্থক, ভিক্ষুক।

বনীয়ক, ত্রি. [বনি+ঈয়-ক] যাচক, প্রার্থক, ভিক্ষুক।

বন্ধুই, (প্রা) ভগিনীরস্বামী, ভগিনীপতি, আবুত্ত; শিবভোগ।

বন্ধুয়া, (প্রা) অসভ্য, বন্য, জঙ্গলা।

বনেচর, পুং. [বনে+চর] অরণ্যচারী, বনে ভ্রমণকারী।

বনেচরাগ্র, পুং. [বনেচর + অগ্র] সন্ন্যাসী, উদাসীন।

বনেজ্য, পুং. [বন+ইজ্য] বন্ধুরসাল।

বনেশয়, ত্রি. [বনে + শয়] বনবাসী।

বনেসর্জ্জ, পুং. [বনে+সর্জ্জ] অসনবৃক্ষ।

বনেক্ষুদ্রা, স্ত্রী. [বনে+ক্ষুদ্রা] করঞ্জ, করমচা। [ভাগ।

বনৈকদেশ, পুং. [বন+একদেশ] বনের এক

বনোৎসাহ, পুং. [বন+উৎসাহ] খড়্গী, গণ্ডার।

বনোদ্ভবা, স্ত্রী. [বন+উদ্ভব-আ]বনকার্পাসী, বনকাপাস।

বনৌকাঃ, পুং. [বন+ওকস্] বানর, কপি, শাখামৃগ।

বন্তি, (প্রা) অন্তরঙ্গতা, আত্মীয়তা, প্রণয়, প্রীতি, বনায়; বনাত।

বন্দ, (প্রা) ভূমিরখণ্ডবিশেষ; আবদ্ধকরণ।

বন্দক, পুং. [বন্দ+অক] বন্দনাকর্ত্তা, সেবক, পূজক, স্তাবক; পরগাছা।

বন্দকা, স্ত্রী. [বন্দক+আ] বন্দা, সেবা।

বন্দথ, পুং. [বন্দ+অথ] স্তোতা, স্তাবক, বন্দনাকারী; স্তুতা।

বন্দন, ন. [বন্দ+অন] বদন; প্রণাম, ষোড়শ প্রকার ভক্ত্যন্তর্গত ভক্তিবিশেষ, ভক্তিপুস্তক স্তবকরণ।

বন্দনমালা, স্ত্রী. [বন্দন+মালা] তোরণ, বহির্দ্বার; রম্ভাস্তম্ভচতুষ্টয় বেষ্টিত আম্রপত্র রচিতমালা।

বন্দনমালিকা, স্ত্রী. [বন্দন + মালিকা] বহির্দ্বারোপরি শুভদা মালা।

বন্দনা, স্ত্রী. [বন্দন+আ] স্তুতি, স্তবকরণ, তৎপর্য্যায়।—সমীচী; প্রণাম; মঙ্গলাচরণ।

বন্দনী, স্ত্রী. [বন্দন+ঈ] নতি, স্তুতি; জীবাতু, ক্ষত; বটী; যাচনকর্ম্ম।

বন্দনীয়, ত্রি. [বন্দ+অনীয়] স্তবনীয়, স্তুত্য, বন্দ্য, বন্দিতব্য; (পুং.) পীতভৃঙ্গরাজ বৃক্ষ।

বন্দনীয়া, স্ত্রী. [বন্দ+অনীয়-আ] গোরোচনা।

বন্দর, (যাং) বাণিজ্যের আড্ডা, গঞ্জ, আড়ত, হাট, বাজার।

বন্দা, স্ত্রী. [বন্দ+আ] বৃক্ষোপরিবৃক্ষ, বাঁদু, পরগাছা, তৎপর্য্যায়।—বৃক্ষাদনী, বৃক্ষরুহা, জীবন্তিকা, বন্দাকা, শেখরী, সেবা, বন্দকা, বন্দক, নীলবল্লী, বন্দাকী, পরবাসিকা, বশিনী, পুত্রিণী, বন্দ্যা, পরপুষ্টা, পরসারা, পরাশ্রয়া; লতাবিশেষ; ভিক্ষুকী।

বন্দাক, পুং. [বন্দা+ক] বৃক্ষোপরিবৃক্ষ বাঁদা, পরগাছা, তৎপর্য্যায়।—পাদপরুহা, কামবৃক্ষ, শেখরী, কেশরুহা, তরুরুহা, শিখরী, তরুরোহিণী, বৃক্ষাদনী, বৃক্ষরুহা, তরুস্থা, গন্ধমাদনী, কামিনী, তরুভুক্, শ্যামা, উপদী।

বন্দাকা, স্ত্রী. [বন্দাক+আ] বৃক্ষোপরিবৃক্ষ, বাঁছু, পরগাছা।

বন্দাকী, স্ত্রী. [বন্দাক+ঈ] বন্দা, বৃক্ষোপরিবৃক্ষ, বাঁছু, পরগাছা।

বন্দারু, ত্রি. [বন্দ+আরু] বন্দনশীল, প্রণাম কর্ত্তা, তৎপর্য্যায়।—অভিবাদক, অভিবাদয়িতা।

বন্দি, স্ত্রী. [বন্দ+ই] আকৃষ্ট মনুষ্যগবাদি, কএদী, তৎপর্য্যায়।—প্রগ্রহ, উপগ্রহ, বন্দী, বন্দিকা; সোপানক, পৈঠা, সিঁড়; স্তুতিপাঠক।

বন্দিগ্রাহ, পুং. [বন্দি+গ্রাহ] অগ্ন্যায়ুধ, দেবতাগার ভেদক।

বন্দিচৌর, পুং. [বন্দি+চৌর] বন্দিগ্রাহ, অগ্ন্যায়ুধ দেবতাগারভেদক, তৎপর্য্যায়।—মাচল, বন্দীকার।

বন্দিপাঠ, পুং. [বন্দি+পাঠ] স্তুতিগ্রন্থ, ভোগাবলী, স্তুতিপাঠকদিগের বাক্য।

বন্দী, স্ত্রী. [বন্দি+ঈ] বন্দি, কারাবদ্ধ, কয়েদি; স্তুতিকারক, স্তুতিপাঠক, তৎপর্য্যায়।—মাগধ, মগধ।

বন্দীকার, পুং. [বন্দী+কার] বন্দিগ্রাহ, সিঁদেলচোর, তৎপর্য্যায়।—মাচল,প্রসহ্য চৌর, চিল্লাভ।

বন্দীঘর, (প্রা) বন্দীশালা, কারাগার, কয়েদখানা।

বন্দীয়ান, (প্রা) বন্দী, কারাবদ্ধ, কয়েদী।

বন্দীশালা, (প্রা) কারাগার, কয়েদখানা।

বন্দুক, (যাং) অগ্ন্যস্ত্রবিশেষ।

বন্দেশ, (যাং) বন্ধন; সুচ্ছন্দঃ।

বন্দ্য, ত্রি. [বন্দ+য] বন্দনীয়, পূজনীয়, নমস্য।

বন্দ্যা, স্ত্রী. [বন্দ্য+আ] বন্দা, বৃক্ষোপরিবৃক্ষ, পরসারা, বাঁদু, পরগাছা; গোরোচনা।

বন্দ্র, ন. [বন্দ+র] কল্যাণ, মঙ্গল; (ত্রি.) পূজক, স্তাবক

বন্ধ, পুং. [বন্ধ+অ] আধি, বাঁধা; বন্ধন; শরীর; গৃহাদিবেষ্টন; বোধ; বন্ধক।

বন্ধক, ন. [বন্ধ+ক] ঋণগ্রহণার্থ স্থাপিত বস্তু, বাঁধা; আধি, পীড়া; রতহিণ্ডক।

বন্ধকী, স্ত্রী. [বন্ধক+ঈ] পুংশ্চলী, পরপুরুষগামিনী, কুলটা, পঞ্চপুরুষ গামিনী; ইভী, হস্তিনী, (পুং.ন.) বন্ধকদেওয়া বস্তু। [বন্ধনীয়সূত্র।

বন্ধতন্ত্র, ন. [বন্ধ+তন্ত্র] চতুরঙ্গিণী সৈন্য;

বন্ধন, ন. [বন্ধ+অন] বন্ধনক্রিয়া; বাঁধা, বাঁধন, তৎপর্য্যায়।—উদ্দান, কঙ্কন, বন্ধ, সংযমন; বধ; হিংসা; (ত্রি.) রজ্জু, দড়ী।

বন্ধনখোদা, (প্রা) কারাগৃহ, কয়েদখানা।

বন্ধনগ্রন্থি, পুং. [বন্ধন+গ্রন্থি] পশুবন্ধন রজ্জুগ্রন্থ

বন্ধনবেশ্ম, ন. [বন্ধন+বেশ্মন্] কারাগার, কয়েদখানা।

বন্ধনস্তম্ভ, পুং. [বন্ধন+স্তম্ভ] পদাদিবন্ধনস্তম্ভ গোঁজ, তৎপর্য্যায়।—আলান, শঙ্কু, অঙ্কোড়।

বন্ধনাগার, পুং. [বন্ধন+আগার] কারাবেশ্ম, কারাগার, কএদখানা।

বন্ধনালয়, পুং. [বন্ধন+আলয়] কারাগার, বন্দীশালা, কএদখানা।

বন্ধনী, (প্রা) নিবন্ধ, নিয়ত প্রাপ্তির নিয়ম; স্থিরবৃত্তি; রজ্জু, দড়ী, পাশ

বন্ধান, (প্রা) বেতন, মাসিক, মাহিয়ানা।

বন্ধিত্র, ন. [বন্ধ+ইত্র] কামদেব, কন্দর্প; চর্ম্মব্যঞ্জন।

বন্ধী, ত্রি. [বন্ধ+ইন্] বন্ধনবিশিষ্ট, বন্ধনযুক্ত।

বন্ধু, পুং. [বন্ধ+উ] মিত্র; সুহৃৎ, তৎপর্য্যায়—স্বগোত্র, বান্ধব, জ্ঞাতি, স্ব, স্বজন, দায়াদ, গোত্র, তত্রিবিধ যথা।—আত্ম বন্ধু, পিতৃবন্ধু, মাতৃবন্ধু। বন্ধূক পুষ্পবৃক্ষ; নিত্র; ভ্রাতা।

বন্ধুক, পুং. [বন্ধু+ক] বন্ধূক পুষ্পবৃক্ষ; বাঁদুলীফুল।

বন্ধুজীব, পুং. [বন্ধু+জীব] বন্ধূক পুষ্পবৃক্ষ, বাঁদুলীফুল।

বন্ধুজীবক, পুং.[বন্ধু+জীবক]বন্ধূকপুষ্পবৃক্ষ, বাঁদুলীফুল।

বন্ধুতা, স্ত্রী. [বন্ধু+ত-আ] বন্ধুসমূহ; মিত্রতা, আত্মীয়তা, সৌহৃদ্য।

বন্ধুত্ব, ন. [বন্ধু+ত্ব] মিত্রতা, সৌহৃদ্য।

বন্ধুদত্ত, ন. [বন্ধু+দত্ত] পিতৃ মাতৃ কর্ত্তৃক দত্ত স্ত্রীধন।

বন্ধুদ্রোহী, ত্রি. [বন্ধু+দ্রোহিন্] মিত্রদ্রোহী; জ্ঞাতিহিংসক; কৃতঘ্ন।

বন্ধুর, ন. [বন্ধু+র] মুকুট; (পুং.) স্ত্রীচিহ্ন; তিলকল্ক, তিলেরখলি; বন্ধূক, পীতশালক; বধির; হংস; বিড়ঙ্গ; ঋষভনামে ঔষধ; বক; বিহঙ্গ; (ত্রি.) রম্য; নম্র; উন্নতাবনত, উচ্চনীচ।

বন্ধুরা, স্ত্রী. [বন্ধুর+আ] পণ্যযোষা, বারযোষিৎ, বেশ্যা; (পুং.) শক্তু, ছাতু।

বন্ধুল, পুং. [বন্ধু+ল] অসতীসুত, জারজ; বন্ধূক, পীতশালক; (ত্রি.) সুন্দর; নম্র, বিনীত।

বন্ধূক, পুং. [বন্ধ+ঊক] পীতশালক পুষ্প বৃক্ষবিশেষ; বাঁদুলি, (হি) দোপহরিয়া, তৎপর্য্যায়।—রক্তক, বন্ধুজীবক, বন্ধুক, বন্ধু, বন্ধূল, বন্ধুজীবক, বন্ধুজীব, বন্ধূলি, বন্ধূর, রক্ত, মাধ্যাহ্নিক, ওড্রপুষ্প, অর্ক-

বল্লভ, মধ্যন্দিন, রক্তপুষ্প, রাগপুষ্প, হরিপ্রিয়; (ন.) খধূপ; বন্ধুক।
বন্ধুকপুষ্প, পুং. [বন্ধুক+পুষ্প] পীতশাল; বীজক।
বন্ধুর, পুং. [বন্ধ+উর] বিবর, গর্ত্ত; (ত্রি.) রম্য; নম্র; উন্নতানত, উচ্চনীচ।
বন্ধূলি, পুং. [বন্ধ+উলি] বন্ধূকবৃক্ষ, বাঁধুলি গাছ।
বন্ধ্য, ত্রি. [বন্ধ+য] ফলরহিত বৃক্ষাদি, তৎপর্য্যায়।—অফল, অবকেশী, বিফল, নিষ্ফল; বন্ধনীয়, বন্ধনার্হ।
বন্ধ্যা, স্ত্রী. [বন্ধ্য+আ] অপ্রজস্ত্রী, বাঁঝা; অপত্যশূন্য গো, তৎপর্য্যায়।—বশা; বালাখ্য গন্ধদ্রব্য; বৃষলীবিশেষ; যোনি রোগবিশেষ।
বন্ধ্যাকর্কোটকী, স্ত্রী. [বন্ধ্যা+কর্কোটকী] তিক্তকর্কোটকী, (হি)বাঁঝখখসা, বাঁঝচ-ঠেল,বাঁঝককরোল,তৎপর্য্যায়।—বন্ধ্যা, দেবী, নাগারাতি, নাগহন্ত্রী, মনোজ্ঞা, পথ্যা, দিব্যা, পুত্রদা, সকন্দা, শ্রীকন্দা, কন্দবল্লী, ঈশ্বরী, সুগন্ধা, সর্পদমনী, বিষকণ্টকিনী, পরা, কুমারী, ভূতহন্ত্রী।
বন্য, ন, [বন+য] ত্বচ, (ত্রি.) বনোদ্ভূত, বনজাত; (পুং.) বনশূরণ, বুনোওল; বারাহীকন্দ; দেবনল।
বন্যা, স্ত্রী. [বন+য-আ] বনসমূহ; জল-সংহতি, জলপ্লাবন; মুদ্গাপর্ণী, মুগানী, গোপালকর্কটী; গুঞ্জা, কুঁচ; মিশ্রেয়া; ভদ্রমুস্তা; গন্ধপত্রা।
বন্যোপোদকী, স্ত্রী. [বন্য+উপোদকী] লতাবিশেষ,বনপুঁই,তৎপর্য্যায়।-বনজা, বনসাহ্বয়া। [ধিকারী।
বন্ন, পুং. [বন+র] অংশী, ভাগী, ভাগা-
বপ, পুং. [বপ্+অ] কেশমুণ্ডন, বীজ-বপন। [বুনন।
বপন, ন. [বপ+অন] কেশমুণ্ডন; বীজাধান,
বপনী, স্ত্রী. [বপ+অন-ঈ] নাপিতশালা, নাপিত গৃহ।
বপা, স্ত্রী. [বপ+আ] ছিদ্র, রন্ধ্র; মেদ, ভুঁড়ি।
বপিল, পুং. [বপ+ইল] পিতা, জনক, তাত, বাপ।
বপুঃ,ন. [বপ+উস্] শরীর; প্রশস্ত আকৃতি।
বপুঃস্রব, পুং. [বপুস্+স্রব]শরীরস্থরসধাতু, রক্ত। [সুর।
বপুন, পুং. [বপ+উন] দেবতা, অমর,
বপুষা, স্ত্রী. [বপ+উস্-আ] হবুষা বণিক-দ্রব্যবিশেষ।
বপুষ্টমা, স্ত্রী. [বপুষ+তমা] পদ্মচারিণী জনমেজয় রাজমহিষী।
বপ্তা, ত্রি. [বপ+তৃ] বাপক, (পুং.) পিতা, জনক, বাপ; কবি; বপনকর্ত্তা, বীজ-বপনকারী।
বপ্র, ন. [বপ+র] খাত হইতে উদ্ধৃত মৃত্তি-কাদ্বারা নির্ম্মিত দুর্গাদির প্রাকার, তৎ-পর্য্যায়।—চয়, মৃত্তিকাস্তূপ; বীজবপন স্থান, ক্ষেত, তৎপর্য্যায়।-কেদার, ক্ষেত্র, নিষ্কুট, বনজ, বাজিকা, পাটীর; রেণু, ধূলা; তট,তীর; (ন.)সীসক,সীসা; (পুং.) তাত, পিতা; প্রাকার; প্রজাপতি।
বপ্রক্রীড়া, স্ত্রী. [বপ্র+ক্রীড়া] হস্তী কিম্বা ষণ্ডাদির যুদ্ধার্থ উন্নত ভূভাগ। [শেষ।
বপ্রা, স্ত্রী. [বপ্র+আ] মঞ্জিষ্ঠালতা; নদীবি-
বপ্রি, পুং. [বপ+রি] ক্ষেত্র; দুর্গতি; সমুদ্র।
বপ্রী, স্ত্রী. [বপ+রি-ঈ] বল্মীক,উইপোকা।
বব, পুং. [বব+অ] একাদশ করণের অন্তর্গত প্রথম করণ।
বর্ব্বলিয়া, (প্রা) যে ব্যক্তি বিচারালয়ে উৎ-কোচ গ্রহণ পূর্ব্বক মিথ্যাসাক্ষ্য দেয়।
বভ্রবী, স্ত্রী. [বভ্রু+ঈ] দুর্গা, পার্ব্বতী।
বভ্রি, পুং.[বভ্র+ই] বজ্র,অশনি,কুলিশ,বাজ।
বভ্রু, পুং. [বভ্র+উ] অগ্নি; শিব; বিষ্ণু; বিশাল, বড়; নকুল; মুনিবিশেষ; দেশ-বিশেষ; সিতাবর শাক; (ত্রি.) পিঙ্গলবর্ণ; খলতি, (স্ত্রী.) বকুনাগরু।
বভ্রুধাতু, পুং. [বভ্রু+ধাতু] সুবর্ণগৈরিক, পীতবর্ণ গেরিমাটী।
বভ্রুবাহন, পুং. [বভ্রু+বাহন] মণিপুরের রাজা চিত্রাঙ্গদার গর্ব্ভে অর্জ্জুনের ঔরস পুত্র।

বম্, ব্য. শিবপূজার অন্তেকপোলবাদ্যবিশেষ; বরুণবীজ। [বমি।

বম্, পুং. স্ত্রী. [বম+অ] বমন, উদ্গিরণ,

বমথু, পুং. [বম্+অথু] বমি, বমন; হস্তিশুণ্ড নির্গত জলকণা, তৎপর্য্যায়।—কর-শীকর।

বমন, ন. [বম্+অন] ছর্দ্দন, ছর্দ্দি; অর্দ্দন; আহুতি; (পুং.) শণ।

বমনী, স্ত্রী. [বমন+ঈ] জলৌকা, জোঁক; বমিজনক ঔষধিবিশেষ।

বমনীয়া, স্ত্রী. [বম্+অনীয়-আ] মক্ষিকা, মাছী; (ত্রি.) বমনযোগ্য।

বমি, স্ত্রী. [বম্+ই] প্রচ্ছর্দ্দিকা, ছর্দ্দি; (পুং.) অগ্নি; ধূর্ত্ত।

বমিত, ত্রি. [বম্+ইত] বান্ত, বমনকৃত বস্তু।

বম্ভ, পুং. [বম্+ভ-অ] বংশ, বাঁশ।

বম্ভর, পুং. [বম্+ভর] মধুমক্ষিকা।

বম্ভরালী, স্ত্রী. [বম্+ভরালী] মক্ষিকা।

বম্রী, স্ত্রী. [বম্র+ঈ] বল্মীক, উইপোকা।

বম্রীকূট, পুং. [বম্রী+কূট] বল্মীক, কৃমিশৈল, বামমূল।

বম্কী, (প্রা) ছর্দ্দি; বলদ্বারা জলাদির ঊর্দ্ধ-নিঃসারণ।

বম্বেটিয়া, (যাং) সমুদ্রতস্কর, যাহারা জল পথে ডাকাইতি করে।

বয়ং, ত্রি. অস্মদাদি, আমরা।

বয়ঃ, ন. [বয়+অস্] পক্ষী; বাল্যাদিকাল; যৌবন; বয়স, পরমায়ু।

বয়ঃক্রম, পুদ. [বয়স্+ক্রম] বয়স, পরমায়ুর সংখ্যা।

বয়ঃপ্রাপ্ত, ত্রি. [বয়স্+প্রাপ্ত] বয়ঃস্থ, যুবা, প্রাপ্ত ব্যবহার। [নযুক্ত।

বয়ঃস্থ, ত্রি. [বয়স্+স্থ] যুবা, বয়ঃপ্রাপ্ত, যৌব-

বয়ঃস্থা, স্ত্রী. [বয়স্+স্থ-আ] আমলকী; হরীতকী; সোমবল্লরী; গুড়ূচী; সূক্ষ্মৈলা, ছোটএলাইচ; কাকোলী; আলী, সখী; শাল্মলি; ক্ষীরকাকোলী; অত্যম্লপর্ণী; মৎস্যাক্ষী; যুবতী, যৌবনাবস্থাপন্না।

বয়স্য, পুং. [বয়স্+য] সমানবয়স্ক, সখা, তৎপর্য্যায়।—স্নিগ্ধ, সবয়া।

বয়স্যা, স্ত্রী. [বয়স্য+আ] খগী, সমবয়স্কস্ত্রী

বয়ান, (যাং) ব্যাখ্যা, অর্থ; (প্রা) মুখ, বদন

বয়ার, (প্রা) মহিষ; বাতাস; বলবান।

বয়ুন, পুং. [বয়্+উন] দেবতাগার; (ন.) জ্ঞান, বোধ।

বয়েৎ (যাং) শ্লোকদ্বয়, দ্বিপদ।

বয়োধ, পুং. [বয়ঃ+অধস্] যুবা, তরুণ, বয়ঃস্থ।

বয়োরঙ্গ, ন. [বয়স্+রঙ্গ] সীসক, সীসা।

বর, ন. [বর্+অ] কুঙ্কুম; ত্বচ, ছাল; বালক; আর্দ্রক, আদা; ঈষদৃষ্ট, মনাক্‌প্রিয়, (পুং.) জামাতা; দেবতাদির বাঞ্ছিত; শিড়্গ; বরণ, তৎপর্য্যায়।—বৃতি. গুগ্গুলু; পতি; (ত্রি.) শ্রেষ্ঠ; বিবাহার্থ আগত; প্রার্থনাবিশেষ; দেবতা হইতে বর যাচিঞা; দেবতা হইতে বৃত।

বরক, ন. [বর+ক] পোতাচ্ছাদন; ধৌতা-ধৌত সাধারণ বস্ত্র; (পুং.) বনমুদ্গা-পর্পট; তৃণধান্য বিশেষ, চীনা, তৎপর্য্যায়।—স্থূলকঙ্গু, রুক্ষ, স্থূলপ্রিয়ঙ্গু।

বরকন্দাজ, (যাং) চাপরাসী, পেয়াদা।

বরক্রতু, পুং. [বর+ক্রতু] ইন্দ্র, শক্র, দেবরাজ।

বরখাস্ত, (যাং.) অপদস্থ, পদচ্যুত।

বরগা, (প্রা) ইষ্টকময় গৃহের আচ্ছাদনার্থ ক্ষুদ্রকাষ্ঠবিশেষ; তৃণগৃহের সাঁড়কবদ্ধ বাকারী। [দারু।

বরচন্দন, ন. [বর+চন্দন] কালীয়সর্প; দেব-

বরজ, ত্রি. [বর+জন্] শ্রেষ্ঠবংশজ, (প্রা) পর্ণক্ষেত্র, পানের ক্ষেত।

বরঞ্চ, ব্য. [বরং+চ] বৈপরীত্য; অপেক্ষাকৃত অভীষ্টবোধক; ঈষৎ প্রিয়ার্থক।

বরট, ন. [বৃ+অট] কুন্দপুষ্প, কুঁদফুল; (পুং.) হংস; কীটবিশেষ, বোলতা, তৎপর্য্যায়।—গন্ধোলী, গন্ধোলি, বরটা, বরলা, বরলী, ক্ষুদ্রা, ক্রুরা, ক্ষুদ্রবর্ব্বণা।

বরটা, স্ত্রী. [বরট+আ] হংসী; গন্ধোলী, বোলতা, বরলা; কুসুম্ভবীজ।

বরটী, স্ত্রী. [বরট+ঈ] হংসী, গন্ধোলী, বোলতা।

বরণ্টিকা, স্ত্রী. [বরণ্ট+ইক-কা] কুসুম্ভবীজ, তৎপর্য্যায় ।—বরটা।

বরণ, পুং. [বৃ+অন] প্রাকার, প্রাচীর; বরুণবৃক্ষ; উষ্ট্র, উট; সংক্রম, সাঁকো; (ন.) কন্যাদি বরণ; বেষ্টন; পূজনাদি প্রার্থন; প্রতিনিধি নির্দ্ধারণ।

বরণডালা, (প্রা) বরণের উপকরণ পাত্র।

বরণসী, স্ত্রী. [বরণা+অসি-ঈ] বারাণসী, কাশী।

বরণা, স্ত্রী. [বরণ+আ] নদীবিশেষ, বারাণসীর উত্তরসীমাস্থ নদী।

বরণীয়, ত্রি. [বৃ+অনীয়] বরণযোগ্য; প্রার্থনীয়; উপযুক্ত।

বরণ্ড, পুং. [বৃ+অণ্ড] অন্তরাবেদি; সমূহ; মুখরোগ, ব্রণ, বয়স্ফোট।

বরণ্ডক, পুং. [বর্+অণ্ডক] মাতঙ্গবেদি, হাতির হাওদা; যৌবনকণ্টক, বয়স্-ফোটক; বর্ত্তুল, গোল; ভিত্তি, দেওয়াল; (ত্রি.) বিশাল; ভয়সম্পন্ন, ভীত; কৃপণ।

বরণ্ডা, স্ত্রী. [বরণ্ড+আ] সারিকা; বর্ত্তি, বাতি; শস্ত্রবিশেষ। [ভেরাণ্ডাগাছ।

বরণ্ডালু, পুং. [বরণ্ড+আলু] এরণ্ডবৃক্ষ,

বরতনু, স্ত্রী. [বর+তনু] উত্তমা স্ত্রী, (স্ত্রী.) উত্তম শরীরবিশিষ্ট।

বরতরফ, (যাং) পদচ্যুত।

বরতিক্ত, পুং. [বর+তিক্ত] কুটজবৃক্ষ, কুরচীগাছ; চিরাতা।

বরতিক্তিকা, স্ত্রী. [বর+তিক্তিকা] পাঠা, আকনাদিলতা, নিমুখী। [গন্ধদ্রব্য।

বরৎকরী, স্ত্রী. [বরৎ+করী] রেণুকানাম

বরত্রা, স্ত্রী. [বর+ত্র-অ] হস্তিকক্ষরজ্জু, কাছদড়ী, তৎপর্য্যায় ।—চূষা, কক্ষ্যা, কক্ষা; চর্ম্মরজ্জু, তৎপর্য্যায় ।—নদ্ধ্রী, বধ্রী, বর্দ্ধ্রী, বাধ্রী।

বরত্বচ, পুং. [বর+ত্বচ] নিম্ববৃক্ষ, নিমগাছ; (ন.) শ্রেষ্ঠবল্কল।

বরদ, ত্রি. [বর+দ] অভীষ্টদাতা, তৎপর্য্যায়। —সমর্দ্ধক, সমর্দ্ধ, বাঞ্ছিতার্থদ; প্রসন্ন, বরদানোন্মুখ।

বরদা, স্ত্রী. [বর+দ-আ] কন্যা; আদিত্যভক্তা; অশ্বগন্ধাবৃক্ষ; বরদাত্রী।

বরদাচতুর্থী, স্ত্রী. [বরদা+চতুর্থী] মাঘশুক্ল চতুর্থী।

বরদাতা, পুং. [বর+দাতৃ] অভীষ্টদায়ক, প্রার্থনা সিদ্ধির আদেশকারী।

বরদারু, পুং. [বর+দারু]বৃক্ষবিশেষ, (হিং.) ভুইসহ, তৎপর্য্যায় ।—ভুমীসহ, স্বারদারু, খরচ্ছদ।

বরদায়ক, পুং. [বর+দায়ক] অভীষ্টদায়ক, বাঞ্ছিতার্থ প্রদায়ক।

বরদাস্ত, (যাং) সহিষ্ণুতা, সহ্য।

বরপর্ণাখ্য, পুং. [বর+পর্ণাখ্য] ক্ষীরকঞ্চুকীবৃক্ষ।

বরদার, (যাং) বাহক, ধারক।

বরপাত্র, (প্রা) কন্যাদানার্থ আহুত ব্যক্তি, বিবাহার্থ আগত, জামাতা।

বরপ্রদা, স্ত্রী. [বর+প্রদ-আ] লোপামুদ্রা, অগস্ত্যমুনির ভার্য্যা; বরদাত্রী; অভীষ্টদায়িনী।

বরফ, (যাং) তুষার, হিমানী, নীহার।

বরফল, পুং. [বর+ফল] নারিকেলবৃক্ষ; (ন.) নারিকেল ফল; শ্রেষ্ঠ ফল।

বরবৎসলা, স্ত্রী. [বর+বৎসল-আ] শ্বশুর ভার্য্যা, শাশুড়ী।

বরবর্ণিনী, স্ত্রী. [বর+বর্ণিনী] অত্যুত্তমাস্ত্রী, তৎপর্য্যায় ।—বরারোহা, মত্তকাসিনী, উত্তমা, মত্তকাশিনী; লাক্ষা; হরিদ্রা; রোচনা; ফলিনী; সাধ্বীস্ত্রী; গৌরী; সরস্বতী; লক্ষ্মী।

বরবারণ, পুং. [বর+বারণ] উত্তমহস্তী।

বরবাহ্লীক, ন. [বর+বাহ্লীক] গন্ধদ্রব্যবিশেষ, কুঙ্কুম।

বরবৃদ্ধ, পুং. [বর+বৃদ্ধ] শিব, মহাদেব।

বরমুখী, স্ত্রী. [বর+মুখী] রেণুকানামক গন্ধদ্রব্যবিশেষ,উত্তম সুখশ্রীবিশিষ্টস্ত্রী।

বরম্, ব্য. [বৃ+অম্] ঈষৎপ্রিয়, অল্পপ্রিয়।

বরবরা, স্ত্রী. [বরম্+বর-আ] চক্রপর্ণী, চাকুলিয়া।

বরযাত্রী, পুং. [বর+যাত্রিন্] বরের সহচর,

বিবাহার্থ প্রস্থিত ব্যক্তির সমভি-ব্যাহারী।
বরয়িতা, পুং. [বর+তৃ] ভর্ত্তা, স্বামী; বরণকারয়িতা।
বররুচি, পুং. [বর+রুচি] কবিবিশেষ, বিক্রমাদিত্য রাজার সভাস্থ নবরত্নের এক-রত্ন, তৎপর্য্যায়।—পুনর্ব্বসু।
বরল, পুং. স্ত্রী. [বর+ল] বরট, বোলতা।
বরলব্ধ, পুং. [বর+লব্ধ] চম্পকবৃক্ষ; (ত্রি.) বরপ্রাপ্ত।
বরলা, স্ত্রী. [বর+ল-আ] হংসী; বরটা, বোলতা।
বরলী, স্ত্রী. [বর+ল-ঈ] বরটা, বোলতা।
বরশা, (প্রা) অস্ত্রবিশেষ, বঁড়শা।
বরা, স্ত্রী. [বর+আ] ফলত্রিক, ত্রিফলা; গুড়চী; মেদা; ব্রাহ্মী; বিড়ঙ্গ; পাঠা; হরিদ্রা; রেণুকানাম গন্ধদ্রব্য; শ্রেষ্ঠা।
বরাক, পুং. [বৃ+আক] শিব; বুদ্ধ; (ত্রি.) শোচনীয়, অবর, কনিষ্ঠ।
বরাঙ্গ, ন. [বর+অঙ্গ] মস্তক; গুহ্য; গুড়-ত্বক্; যোনি (ন.) শ্রেষ্ঠাবয়ব; (পুং.) হস্তী; বিষ্ণু; (ত্রি.) তদ্যুক্ত।
বরাঙ্গক, ন. [বর+অঙ্গক] গুড়ত্বক্; (ত্রি.) শ্রেষ্ঠ অবয়বযুক্ত।
বরাঙ্গনা, স্ত্রী. [বর+অঙ্গনা] অতি প্রশস্তাঙ্গ-যুক্তাস্ত্রী, উত্তমানারী।
বরাঙ্গরূপোপেত, ত্রি. [বরাঙ্গ+রূপ+উপেত] শ্রেষ্ঠরূপযুক্ত, সুন্দর, তৎপর্য্যায়।—সিংহসংহনন।
বরাঙ্গী, স্ত্রী. [বর+অঙ্গ-ঈ] হরিদ্রা; (পুং.) অম্লবেতস, (ত্রি.) শ্রেষ্ঠাঙ্গযুক্তা।
বরাট, পুং. [বৃ+অট] কপর্দ্দক, কড়ি; রজ্জু, দড়ি; পদ্মবীজ।
বরাটক, পুং. স্ত্রী. [বরাট+ক] কপর্দ্দক, কড়ি; (পুং.) রজ্জু; পদ্মবীজ।
বরাটকরজাঃ, পুং. [বরাটক+রজস্] নাগ-কেশরবৃক্ষ।
বরাটিকা, স্ত্রী. [বরাট+ইক-আ] কপর্দ্দক, কড়ি; তুচ্ছবাক্য। যথা।—প্রয়াগে মুড়েতে যেন তেন গঙ্গা বরাটিকা।
বরাটী, (প্রা) রাগিণীবিশেষ।
বরাণ, পুং. [বর+আন] ইন্দ্র, দেবরাজ; বরুণবৃক্ষ। [ণসীনদীদ্বয়।
বরাণসী, স্ত্রী. [বরণা+অসী] কাশী; বারা-
বরাদন, ন. [বর+অদন] রাজাদন বৃক্ষ।
বরাবর, (বাং) সম্মুখ, সমান, সমীপ, ঠিক।
বরাভিধ, পুং. [বর+অভিধ] অম্লবেতস বৃক্ষ; শ্রেষ্ঠনামা। [পাণিআমলা।
বরাম্র, পুং. [বর+আম্র] করমর্দ্দ, করাম্ল,
বরাক, পুং. [বর+অক] দুঃখী।
বরাকর, পুং. [বরা+কর] নদীবিশেষ।
বরারক, ন. [বর+আরক] হীরক, হীরা।
বরারি, (প্রা) রাগিণীবিশেষ।
বরারোহ, পুং. [বর+আরোহ] হস্ত্যারোহ; অবরোহ; শ্রেষ্ঠপুরুষ।
বরারোহা, স্ত্রী. [বর+আরোহ-আ] উত্তমা-স্ত্রী, পরমসুন্দরী; কটীদেশ।
বরালিকা, স্ত্রী. [বর+আলিক-আ] দুর্গা, ভগবতী।
বরাশি, পুং. [বর+অশ-ই] স্থূলবস্ত্র, মোটা-কাপড়, তৎপর্য্যায়।—স্থূলমাটক, ব-রাসি, স্থূলশাটক, স্থূলশাটিকা, স্থূল-পট্টাক, (ন.) বরাশি।
বরাসন, ন. [বর+আসন] ওড্রপুষ্প, জবা-ফুল; উত্তমাসন; (পুং.) ষিড়্গ, লম্পট; দ্বারপাল, দরওয়ান; বরের আসন।
বরাসি, পুং. [বর+অসি] স্থূলশাটক, মোটা-কাপড়; খড়্গধারী; উত্তমখড়্গ।
বরাসী, স্ত্রী. [বর+অসি-ঈ] ম্লানবাস, মলিন-বস্ত্র।
বরাহ, পুং. [বর+অহন্] পশুবিশেষ, সূকর, তৎপর্য্যায়।—শূকর, ঘৃষ্টি, গৃষ্টি, কোল, পোত্রী, কিরি, কিটি; দংষ্ট্রী, ঘোণী, স্তব্ধরোমা, ক্রোড়, ভূদার, কির, মুস্তাদ, মুখলাঙ্গল, স্থূলনাসিক, দন্তায়ুধ, বক্র-বক্ত্র, বক্ররদ, বহুপ্রজ, দীর্ঘতর, আখ-নিক, ভূক্ষিৎ, বহুসূ; বিষ্ণু; (পুং) বিষ্ণু; মানবিশেষ; পর্ব্বতবিশেষ মুস্তা; মুতা; শিশুমার; বারাহীকন্দ; অষ্টাদশ দ্বীপান্তর্গত ক্ষুদ্র দ্বীপবিশেষ।

বরাহকন্দ, পুং. [বরাহ+কন্দ] বারাহী, বরাহক্রান্তা, চামারালু।

বরাহকান্তা, স্ত্রী. [বরাহ+কান্ত-আ] বারাহী-বৃক্ষ, চামারালু।

বরাহকালী, স্ত্রী. [বরাহ+কালী] সূর্য্যমণি পুষ্পবৃক্ষ, তৎপর্য্যায়।—সূর্য্যাবর্ত্ত।

বরাহক্রান্তা, স্ত্রী. [বরাহ+আক্রান্তা] ক্ষুপ-বিশেষ, তৎপর্য্যায়।—লজ্জালু, সমঙ্গা, লজকারিকা, বরাহনামা, বদরা, শূকরী, তিক্তগন্ধিকা, নমস্কারী, গণ্ডকালী, খদিরী, লজ্জালুকা, অঞ্জলিকারিকা, কৃতাঞ্জলি,গণ্ডকারী, সমীচ্ছদা; বরাহী; চামারালু।

বরাহনামা, পুং. [বরাহ+নামন্] বারাহী-কন্দ, চামারালু।

বরাহিকা, স্ত্রী. [বরাহ+ইক-আ] কপিকচ্ছু, আলকুশী

বরাহী, স্ত্রী. [বরাহ+ঈ] ভদ্রমুস্তা, এক-প্রকার মুথা, শূকরকন্দ।

বরিবসিত, ত্রি. [বরিবস্যা+ইত] উপাসিত, সেবিত, পূজিত।

বরিবস্যা, স্ত্রী. [বরিবস+য-আ] শুশ্রূষা, উপাসনা, সেবা। [সেবিত।

বরিবস্থিত, ত্রি. [বরিবস্য+ইত] উপাসিত,

বরিশী, স্ত্রী. [বরিশ+ঈ] বড়িশী, বড়শী।

বরিষ, ন. [বৃষ+ইষ] বৎসর, বর্ষ।

বরিষণ, (প্রা) বর্ষণ, বৃষ্টিপতন।

বরিষা, স্ত্রী. [বরিষ+আ] বর্ষা, প্রাবৃট্‌কাল।

বরিষাপ্রিয়, পুং. [বরিষা+প্রিয়] চাতক-পক্ষী; ময়ূর।

বরিষ্ঠ, ন, [বর্+ইষ্ঠ] তাম্র, তাঁবা; মরিচ; (ত্রি.) বরতম, শ্রেষ্ঠতম; বৎস; (পুং.) তিত্তিরীপক্ষী; নারঙ্গবৃক্ষ।

বরিষ্ঠা, স্ত্রী. [বরিষ্ঠ+আ] আদিত্যভক্তা।

বরী, স্ত্রী. [বর্+ঈ] শতাবরী; সূর্য্যপত্নী।

বরীবর্দ্দ, পুং. [বরী+বর্দ্দ] বলীবর্দ্দ, বৃষ, ষাঁড়

বরীয়ান্, পুং. [বর+ঈয়স্] বিষ্কুম্ভাদি সপ্ত-বিংশতি যোগান্তর্গত অষ্টাদশযোগ; শ্রেষ্ঠতম, গরিষ্ঠ।

বরীষু, পুং. [বরি+ইষু] কাম, কামনা অভিলাষ।

বরুট, পুং. [বর+উট] ম্লেচ্ছজাতিবিশেষ।

বরুড়, পুং. [বর্+উড়] অন্ত্যজ জাতি-বিশেষ।

বরুণ, পুং. [বৃ+উন] দেবতাবিশেষ, জলাধি-পতি, পশ্চিমদিক্‌পাল, [তৎপর্য্যায়।—প্রচেতাঃ; পাশী, যাদসাম্পতি, অপ্পতি, যাদঃপতি, অপাম্পতি, জম্বুক, মেঘনাদ, জলেশ্বর, পরঞ্জয়, দৈত্যদেব, জীবনা-বাস, নন্দপাল, বারিলোম, কুণ্ডলী,রাম, সুখাশ; স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, তৎ-পর্য্যায়।—বরণ, সেতু, তিক্তশাক, কুমা-রক, অশ্মরীঘ্ন, সেতুক, বরাণ, শিখি-মণ্ডন, শ্বেতবৃক্ষ, শ্বেতদ্রুম, সাধুবৃক্ষ, তমাল, মারুতাপহ; জল; সূর্য্য।

বরুণাত্মজা, স্ত্রী [বরুণ+আত্মজ-আ] বারুণী মদ্য, সুরা, মদিরা।

বরুণানী, স্ত্রী. [বরুণ+আন-ঈ] বরুণপত্নী।

বরুত্র, ন. [বৃ+উত্র] উত্তরীয় বস্ত্র, চাদর, দোবচা।

বরুল, পুং. [বৃ+উল] সংভক্ত, বিভক্ত।

বরূথ, ন. [বৃ+উথ] তনুত্রাণ, বর্ম্ম, সাঁজোয়া; চর্ম্ম; (পুং.) শত্রুর প্রহরণাদি বারণার্থ রথাবরণবিশেষ, তৎপর্য্যায়।—রথ-গুপ্তি, রথসংবৃতি।

বরূথিনী, স্ত্রী. [বরূথ+ইন্-ঈ] সেনা, সৈন্য, পদাতিক।

বরেণ, পুং. [বর্+এণ] বরল, বোল্‌তা।

বরেণ্য, ত্রি. [বৃ+এন্য] প্রধান, শ্রেষ্ঠ; (ন.) কুঙ্কুম।

বরেন্দ্রী, স্ত্রী. [বর+ইন্দ্র-ঈ] গৌড়দেশ।

বরেশ্বর, পুং. [বর+ঈশ্বর] শিব, মহাদেব, ত্রিলোচন।

বরোট, ন. [বর্+উট] মরুবকপুষ্প।

বরোল, পুং. স্ত্রী. [বৃ+ওল] বরট, বোলতা।

বর্কর, পুং. [বৃক+র] যুবপশু; মেষশাবক; ছাগ; পরিহাস।

বর্করাট, পুং; [বর্কর+অট] কটাক্ষ, অপাঙ্গ-দর্শন; নবোদিত সূর্য্যের দীপ্তি; (ন.)

নায়ককর্ত্তৃক নায়িকার স্তনে কৃত নখ-ক্ষত ।

র্গ, পুং. [বৃজ + অ] স্বজাতীয় সমূহ, গ্রন্থপরিচ্ছেদ, যথা ।—সর্গ, পরিচ্ছেদ, উপদ্ঘাত, অধ্যায়, অঙ্ক, সংগ্রহ, উচ্ছ্বাস, পরিবর্ত্ত, পটল, কাণ্ড, স্থান, প্রকরণ, পর্ব্বাহ্নিক, গ্রন্থসন্ধি, উল্লাস; সমান-অঙ্কদ্বয়ের পূরণ, তৎপর্য্যায় ।—কৃতি ।

বর্গমূল, ন. [বর্গ+মূল] পূরিত সমান অঙ্ক-দ্বয়ের আদ্য অঙ্ক ।

বর্গীকৃত, ত্রি. [বর্গী+কৃত] সমান অঙ্কেরপূরণ করা, সমান অঙ্ক দ্বারা গুণিত ।

বর্গীয়, ত্রি. [বর্গ+ঈয়] কবর্গাদি বর্গ মধ্যে গণিত ।

বর্গোত্তম, পুং. [বর্গ+উত্তম] মেষ কর্কট তুলা মকর রাশির প্রথম অংশ; বৃষ সিংহ বৃশ্চিক কুম্ভরাশির পঞ্চম অংশ; মিথুন কন্যা ধনুঃ মীনরাশির নবম অংশ; রাশিদিগের স্বকীয় নবাংশ ।

বর্চ্চঃ, ন. [বর্চ্চ+অস্] রূপ; বিষ্ঠা; তেজঃ, দীপ্তি ।

বর্চ্চস্ক, পুং. ন. [বর্চ্চস্+ক] বিষ্ঠা, মল, পুরীষ ।

বর্চ্চস্বী, পুং. [বর্চ্চস্+বিন্] চন্দ্র, নিশাকর; (ত্রি.) তেজস্বী । [সৌম্য ।

বর্চ্চাঃ, পুং. [বর্চ্চ+অস্] চন্দ্রপুত্র, বধু,

বর্জ্জন, ন. [বৃজ+অন] হিংসা; ত্যাগ, পরিহার; মারণ, বধকরণ ।

বর্জ্জনীয়, ত্রি. [বৃজ+অনীয়] ত্যাজ্য, বর্জ্জন যোগ্য, পরিহার্য্য, ত্যক্তব্য ।

বর্জ্জিত, ত্রি. [বৃজ+ত] ত্যক্ত, নিরাকৃত, রহিত ।

বর্জ্জ্য, ত্রি. [বৃজ+য] বর্জ্জনীয়, ত্যক্তব্য ।

বর্ণ, ন. [বর্ণ+অ] কুঙ্কুম; (পুং.) জাতি অর্থাৎ ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র ইত্যাদি; গজ চিত্রকম্বল, হাতির ঝুল, তৎপ-র্য্যায় ।—প্রবেণী, আস্তরণ, পরিস্তোম, কুথ, কুথা, প্রবেণি, পরিষ্টোম, (ন.) কুথ; শুক্ল কৃষ্ণ রক্তাদি রঙ্গ, তৎ-বহুধার্থ্যথা ।—শ্বেত, পাণ্ডু, ধূসর, কৃষ্ণ, পীত, হরিত, রক্ত, শোণ, অরুণ, পাটল, শ্যাম, ধূম্র, পিঙ্গল, কর্ব্বুর; গর্ভস্থ বালকের ষষ্ঠমাসোদ্ভব বর্ণ; যশ; গুণ; স্তুতি; স্বর্ণ; ব্রত; রূপ; অক্ষর; ভেদ; গীতক্রম; চিত্র; তালবিশেষ; অঙ্গরাগ; (পুং. ন.) ভেদ; রূপ; অক্ষর; বিলে-পন; ককারাদি অক্ষর ।

বর্ণক, ন. [বর্ণ+ক] হরিতাল; গাত্রানুলেপন যোগ্য পেষিত কিম্বা ঘটিত সুগন্ধি দ্রব্য; চন্দন; (পুং.ন.) বিলেপন; চন্দন; (পুং. স্ত্রী.) হিঙ্গুল হরিতাল কাচনীলী-কাদি; (পুং.) চারণ, স্তুতিপাঠক; মণ্ডল ।

বর্ণকবি, পুং. [বর্ণ+কবি] কুবের পুত্র ।

বর্ণকূপিকা, স্ত্রী. [বর্ণ+কূপিকা] মস্যাধার, দোয়াত, মসীধানী, মসিমণি, মেলান্ধু ।

বর্ণচারক, ত্রি. [বর্ণ+চারক] চিত্রকার, পটুয়া ;

বর্ণজ্যেষ্ঠ, পুং. [বর্ণ+জ্যেষ্ঠ] ব্রাহ্মণ; (ত্রি.) স্ববর্ণাপেক্ষা উত্তমবর্ণ; শ্রেষ্ঠ জাতি ।

বর্ণতুলি, পুং. [বর্ণ+তুলি] লেখনী, কলম ।

বর্ণতুলিকা, স্ত্রী. [বর্ণ+তুলিকা] লেখনী, কলম ।

বর্ণতুলী, স্ত্রী. [বর্ণ+তুলী] লেখনী, কলম ।

বর্ণদ, ন. [বর্ণ+দ] কালীয়ক সর্প; (ত্রি.) বর্ণদাতা ।

বর্ণদাত্রী, স্ত্রী. [বর্ণ+দাতৃ–ঈ] হরিদ্রা, হলুদ; (ত্রি.) বর্ণদাতা ।

বর্ণদূত, পুং. [বর্ণ+দূত] লিপিপত্র, তৎ-পর্য্যায় ।—লেখ, বাচিকহারক, স্বস্তি-মুখ ।

বর্ণদূষক, ত্রি. [বর্ণ+দূষক] জাতিহীনকারী ।

বর্ণধর্ম্ম, পুং. ন. [বর্ণ+ধর্ম্ম] ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রাদির কর্ত্তব্য কর্ম্ম, তদ্যথা ।—যজন, যাজন, দান, প্রতিগ্রহ, অধ্যা-পন, অধ্যয়নাদি ।

বর্ণন, ন. [বর্ণ+অন] স্তবন; বিস্তরণ; শুক্লাদিবর্ণ যোজন; দীপন

বর্ণনা, স্ত্রী. [বর্ণন+আ] গুণকথন, তৎ-পর্য্যায় ।—ইড়া, স্তব, স্তোত্র, স্তুতি, নুতি, শ্লাঘা, প্রশংসা, অর্থবাদ ।

বর্ণনার্হ, ত্রি. [বর্ণন+অর্হ] বর্ণিতব্য, গুণ-কথন যোগ্য।

বর্ণনীয়, ত্রি. [বর্ণ+অনীয়] বর্ণ্য, বর্ণিতব্য, গুণকথন যোগ্য।

বর্ণপত্র-বর্ণপাত্র, ন. [বর্ণ+পত্র-পাত্র] চিত্রকারকের লিপ্যাদি রাগের আধার, রঙ্গের পাত্র।

বর্ণপুষ্পক, পুং. [বর্ণ+পুষ্পক] রাজতরুণী পুষ্পবৃক্ষ।

বর্ণপুষ্পী, স্ত্রী. [বর্ণ+পুষ্প-ঈ] উষ্ট্রকাণ্ডী পুষ্পবৃক্ষ।

বর্ণপ্রসাদন, ন, [বর্ণ+প্রসাদন] অগুরু; রঙ্গান; বর্ণপরিষ্কারক দ্রব্য।

বর্ণবতী, স্ত্রী. [বর্ণ+বত্-ঈ] হরিদ্রা হলুদ; (ত্রি.) বর্ণবিশিষ্ট।

বর্ণবিলোড়ক, পুং. [বর্ণ+বিলোড়ক] শ্লোক-স্তেন, শ্লোক চোর; সন্ধিচোর, সিঁদেল-চোর। [বিশেষ।

বর্ণবৃত্ত, ন. [বর্ণ+বৃত্ত] ছন্দের অক্ষরবিন্যাস

বর্ণমাতা, স্ত্রী. [বর্ণ+মাতৃ] লেখনী, কলম।

বর্ণমাতৃকা, স্ত্রী. [বর্ণ+মাতৃকা] সরস্বতী, বাগ্‌দেবী, বাণী; লেখনী; মসিধানী।

বর্ণমালা, স্ত্রী. [বর্ণ+মালা] জাতিমালা; অক্ষরশ্রেণী, তৎসংখ্যা যথা।—সংস্কৃত-বর্ণ ৫০, জপমালা ৫১, ইঙ্গরেজীয়বর্ণ ২৬, ফরাসীয় ২৩, ইহুদীয় ২২, আরবীয় ২৮, পারসীয় ৩১, তুরস্কীয় ৩৩, রুশীয় ৪১, গ্রিক্ ২৪, লাটিন্‌দেশীয় ২২, ওলন্দা-জীয় ২৬, স্পান্‌দেশীয় ২৭, ইটেলি-দেশীয় ২০, তাতারীয় ২০২, ব্রহ্মদেশীয় ১৯, চীনদেশীয়বর্ণ শব্দাত্মক তচ্ছব্দ সংখ্যা ৮০০০০, অকারাদি ক্ষকারান্ত বর্ণরূপ এক পঞ্চাশজ্জপমালা।

বর্ণয়িতব্য, ত্রি. [বর্ণ+তব্য] গুণকথন যোগ্য, বর্ণিতব্য, বর্ণনার্হ, বর্ণনীয়।

বর্ণরেখা, স্ত্রী. [বর্ণ+রেখা] কঠিনী, খড়ি; অক্ষর শ্রেণী।

বর্ণলেখা, স্ত্রী. [বর্ণ+লেখা] কঠিনী, খড়ি।

বর্ণলেখিকা, স্ত্রী. [বর্ণ+লেখিকা] কঠিনী, খড়ি।

বর্ণসংহার, পুং. [বর্ণ+সংহার] চতুর্ব্বর্ণের বিচ্ছেদশূন্য।

বর্ণসঙ্কর, পুং. [বর্ণ+সঙ্কর] মিশ্রিতজাতি, সঙ্কীর্ণ বর্ণ।

বর্ণসি, পুং. [বৃন্+অসি] জল, সলিল, বারি, পয়ঃ। [বিশেষ।

বর্ণা, স্ত্রী. [বর্ণ+আ] আঢ়কী, পরিমাণ পাত্র-

বর্ণাঙ্কা, স্ত্রী. [বর্ণ+অঙ্ক-আ] লেখনী, কলম।

বর্ণাট, পুং. [বর্ণ+অট] গায়ন; চিত্রকর; স্ত্রীকৃত জীবন।

বর্ণাত্মা, পুং. [বর্ণ+আত্মন্] শব্দ।

বর্ণাধিপ, পুং. [বর্ণ+অধিপ] ব্রাহ্মণ ক্ষত্রিয়-বৈশ্য শূদ্রাদির অধিপতি গ্রহ।

বর্ণাপসদ, পুং. [বর্ণ+অপসদ] বর্ণহীন।

বর্ণাপেত, ত্রি. [বর্ণ+অপেত] বর্ণাপসদ, বর্ণহীন।

বর্ণার্হ, পুং. [বর্ণ+অর্হ] মুদ্গ, মুগ।

বর্ণাশ্রম, ন. [বর্ণ+আশ্রম] বর্ণধর্ম্ম।

বর্ণি, ন. [বর্ণ+ই] স্বর্ণ, সুবর্ণ, হেম, সোণা।

বর্ণিক, পুং. [বর্ণ+ইক] লেখক; লিপিকর।

বর্ণিকা, স্ত্রী. [বর্ণ+ইক-আ] কঠিনী, খড়ী; কালী, মসি; কাঞ্চনোৎকর্ষ।

বর্ণিত, ত্রি. [বর্ণ+ইত] স্তুতিযুক্ত, তৎপর্য্যায়। ঈলিত, শস্ত, পণায়িত, পনায়িত, প্রণুত, পণিত, পনিত, গীর্ণ, অভিষ্টুত, ঈড়িত, স্তুত, নুত; ব্যাখ্যাত।

বর্ণিনী, স্ত্রী. [বর্ণ+ইন্-ঈ] হরিদ্রা; বনিতা।

বর্ণিলিঙ্গী, পুং. [বর্ণি+লিঙ্গিন্] তপস্বী, সন্ন্যাসী।

বর্ণী, পুং. [বর্ণ+ইন্] লেখক; চিত্রকর; ব্রহ্মচারী; (ত্রি.) বর্ণসম্বন্ধীয়, ব্রাহ্মণাদি-বর্ণ। [সূর্য্য।

বর্ণু, পুং. [বর্ণ+উ] নদবিশেষ; আদিত্য,

বর্ত্তক, ন. [বৃত+অক] বর্ত্তলোহ, বিদরি.; (পুং.) পক্ষীবিশেষ, ভারুই; অশ্বের ক্ষুর। [ভারুই।

বর্ত্তকা, স্ত্রী. [বৃত+অক-আ] বর্ত্তকপক্ষী,

বর্ত্তজন্মা, পুং. [বর্ত্ত+জন্মন্] মেঘ, জলধর, জলদ।

বর্ত্তন, ন. [বৃত+অন] বৃত্তি, জীবন, জীবিকোপায; সাধারণবর্ত্তুল; (ন. স্ত্রী.) তুলনালা, চরকারটেকো; তর্কুপীঠ; জীবন; (পুং.) বামন, খর্ব্ব; (ত্রি.) বর্ত্তিষ্ণু, বর্ত্তশীল; বিদ্যমানতা।

বর্ত্তনি, পুং. [বর্ত্তন+ই] পূর্ব্বদেশ, পূর্ব্বস্থান।

বর্ত্তনী, স্ত্রী. [বর্ত্তন+ঈ] পেষণ; পন্থা, পথ।

বর্ত্তনীয়, ত্রি. [বৃত+অনীয়] বর্ত্তনযোগ্য; বৃত্তির উপযুক্ত।

বর্ত্তমান, পুং. [বৃত+আন] প্রয়োগের অধিকরণীভূতকাল; (ত্রি.) তৎকালবৃত্ত, তৎ পর্য্যায়।— অদ্যতন, অধুনাতন; আরব্ধ হইতে পরিসমাপ্তি পর্য্যন্ত কাল, তচ্চতুর্ব্বিধ যথা।—প্রবৃত্তোপরত, বৃত্তাবিরত, নিত্যপ্রবৃত্ত, সামীপ্য, তদ্দ্বিবিধ, যথা।—ভূত সামীপ্য, ভবিষ্যৎ সামীপ্য।

বর্ত্তমানতা, স্ত্রী. [বর্ত্তমান+ত-আ] বর্ত্তমানত্ব, উপস্থিততা।

বর্ত্তরূক, পুং. [বর্ত্ত+রূক] নদীবিশেষ; কাকনীড়; জলাবট; দ্বারপাল; দ্বাঃস্থিত।

বর্ত্তলোহ, ন. [বর্ত্ত+লোহ] লৌহবিশেষ, বিদ্রি, তৎপর্য্যায়।—বর্ত্ততীক্ষ্ণ, বর্ত্তক, লোহসঙ্কর, নীলক, নীললোহ, নীলঙ্গ, বর্ত্তলোহক।

বর্ত্তি, স্ত্রী. [বৃত+ই] ভেষজ নির্ম্মাণ, ঔষধকরণ; নয়নাঞ্জন; লেখ; গাত্রানুলেপনী, দীপদশা, প্রদীপের শলিতা, বাতী; দীপ।

বর্ত্তিক, পুং. [বৃত+ইক] পক্ষীবিশেষ, ভারুই, বটের, তৎপর্য্যায়।—বার্ত্তিক, বর্ত্তী, গাঞ্জিকায়।

বর্ত্তিকা, স্ত্রী. [বর্ত্তিক+আ] বর্ত্তকপক্ষী, বাটভার, বটের পক্ষী; অজশৃঙ্গী; বর্ত্তি, বাতি, শলিতা, পলিতা ইহা পঞ্চবিধ, যথা।—পদ্মসূত্রভবা, দর্ভগর্ভসূত্রভবা, শালজা, বাদরী, ফলকোষোদ্ভবা।

বর্ত্তিত, ত্রি. [বৃত+ত] স্থাপিত; উৎপাদিত।

বর্ত্তিষ্ণু, ত্রি. [বৃত+ইষ্ণু] বর্ত্তনশীল, বিদ্যমান, বর্ত্তন; বর্ত্তী, দীপেরশলিতা।

বর্ত্তিষ্যমাণ, ত্রি. [বৃত+স্য-মান] ভবিষ্যৎ কালাদি; বর্ত্তন প্রাগভাবকালাশ্রয়।

বর্ত্তী, স্ত্রী. [বৃত+ই-ঈ] বর্ত্তি; ভেষজ, নির্ম্মাণ, দীপদশা, দীপেরশলিতা, বাতি, (ত্রি.) বর্ত্তিষ্ণু, বর্ত্তনশীল।

বর্ত্তুল, ত্রি. [বৃত+উল] গোলবস্তু, তৎপর্য্যায়।—নিস্তল, বৃত্ত, মণ্ডলায়িত; (ন.) গৃঞ্জন, গাজর; (পুং.) কলায়বিশেষ, বাটুলা কলাই।

বর্ত্তুলা, স্ত্রী. [বর্ত্তুল+আ] তক্রপাঠী, টেকোর নুটি।

বর্ত্তুলাকার, ত্রি. [বর্ত্তুল+আকার] গোলাকার।

বর্ত্তুলী, স্ত্রী. [বর্ত্তুল+ঈ] গজপিপ্পলী, গজপিঁপুল।

বর্ত্ম, ন. [বৃত+মন্] পন্থা, পথ; নেত্রচ্ছদ, নেত্রজল।

বর্ত্মন, ন. [বৃত+মন] পন্থা, পথ; নেত্রজল।

বর্ত্মনি, স্ত্রী. [বর্ত্মন্+ই] পন্থা, পথ।

বর্দ্ধ, ন. [বৃধ+অ] সীসক, সীসা; (পুং.) ব্রাহ্মণযষ্টিকা বৃক্ষ, বামনহাটী গাছ; পূর্ত্তি, পূরণ; ছেদ।

বর্দ্ধক, পুং. [বৃধ+অক] ব্রাহ্মণযষ্টিকা বৃক্ষ, বামনহাটী গাছ; (ত্রি.) পূরক; ছেদক।

বর্দ্ধকি, পুং. [বর্দ্ধক+ই] ত্বষ্টা, সূত্রধার।

বর্দ্ধকী, পুং. [বর্দ্ধক+ইন্] বর্ণসঙ্কর জাতিবিশেষ, বঢ়ই, তৎপর্য্যায়।—ত্বষ্টা, বর্দ্ধকি, তক্ষা, সূত্রধার, রথকার, রথকর, কাষ্ঠতট্, কাষ্ঠতক্ষক; প্রধাননট।

বর্দ্ধন, ন. [বৃধ+অন] ছেদন; বৃদ্ধি; (ত্রি.) বর্দ্ধিষ্ণু, উন্নত হওন।

বর্দ্ধনী, স্ত্রী. [বর্দ্ধন+ঈ] ঘটী; সম্মার্জ্জনী; খাওরা; সনালপাত্র বিশেষ, বদ্না।

বর্দ্ধনীয়, ত্রি. [বৃধ+অনীয়] বৃদ্ধিকরণের যোগ্য, উন্নত করণীয়।

বর্দ্ধমান, পুং. [বৃধ+মান] এরণ্ডবৃক্ষ; পশুবিশেষ; শরাব; শরা; বিষ্ণু; জিনবিশেষ, তৎপর্য্যায়।—বীর, চরমতীর্থকৃৎ, মহাবীর, দেবার্য্য, জ্ঞাতনন্দন;

ধর্ম্মিদিগের গৃহবিশেষ; স্বনামখ্যাত দেশবিশেষ।

বর্দ্ধমানক, ত্রি. [বর্দ্ধমান+ক] বৃদ্ধিবিশিষ্ট ; শরাব, শরা, এরণ্ডবৃক্ষ। [বাজার।

বর্দ্ধাপন, ন. [বর্দ্ধ+আপন] নাড়ীছেদন; বড়

বর্দ্ধিত, ত্রি. [বৃধ+র] প্রসৃত; ছিন্ন; পূরিত; উন্নত, বৃদ্ধিযুক্ত।

বর্দ্ধিষ্ণু, ত্রি. [বৃধ+ইষ্ণু] বর্দ্ধনশীল, বৃদ্ধিযুক্ত, তৎপর্য্যায় ।—বর্দ্ধন।

বর্দ্ধ্র, ন. [বৃধ+অ] চর্ম্ম, চামড়া।

বর্দ্ধ্রী, স্ত্রী. [বর্দ্ধ্র+ইন্] চর্ম্মরজ্জু,চামড়ারদড়ী, বধ্রী, তৎপর্য্যায় ।—নদ্ধ্রী, বরত্রা, বদ্ধ্রী।

বর্পঃ, ন. [বৃপ+অস্] রূপ, সৌন্দর্য্য।

বর্ফি, (যাং) মিষ্টান্নবিশেষ। [কলাই।

বর্ব্বট, পুং. [বর্ব্ব+অট] রাজমাষ, বর্ব্বটী-

বর্ব্বটী, স্ত্রী. [বর্ব্বট+ঈ] পণ্যযোষা, বেশ্যা ; ব্রীহিবিশেষ।

বর্ব্বণা, স্ত্রী. [বর+বণ-আ] নীলমক্ষিকা,নীলবর্ণমাছী, ভণভণিয়া।

বর্ব্বর, ন. [বৃ+বর] হিঙ্গুল; পীতচন্দন ; বোল, বণিকৃদ্রব্য ; (পুং.) পামর, নীচজাতি; কেশ,বাবরী ; চক্কল;দেশবিশেষ; ফঞ্জিকা ; বৃক্ষবিশেষ, কালবাবুই ; তৎপর্য্যায় ।—সুমুখ, গরম্ন, কৃষ্ণবর্ব্বরক, সুকন্দজ, গন্ধপত্র, পূতগন্ধ, সুবাহক ; মূর্খ, অজ্ঞ, গোঁয়ার।

বর্ব্বরক, ন. [বর্ব্বর+ক] চন্দনবিশেষ, তৎপর্য্যায় !—বর্ব্বরোথ, শ্বেতবর্ব্বরক, শীত, সুগন্ধি, পিত্তারি, সুরভি।

বর্ব্বরা, স্ত্রী. [বর্ব্বর + আ] পুষ্পবিশেষ; শাকবিশেষ ; মক্ষিকাবিশেষ;ক্ষুদ্রবৃক্ষবিশেষ, বাবুই, তৎপর্য্যায় ।—কবরী, তুঙ্গী,খরপুষ্পা, অজগন্ধিকা, অজগন্ধা, কবরা, খরপুষ্পিকা।

বর্ব্বরী, স্ত্রী. [বর্ব্বর+ঈ] ক্ষুদ্রবৃক্ষ বিশেষ, বাবুই, তৎপর্য্যায় ।-বর্ব্বরাশব্দ দেখ।

বর্ব্বরীক, পুং. [বর্ব্বর+ঈক] ব্রাহ্মণযষ্টিকা বৃক্ষ, বামনহাটীগাছ; কুটিল কুন্তল, বাউরি; অজগন্ধিকা, বাবুই তুলসী ; মহাকাল।

বর্ব্বা, স্ত্রী. [বর্ব্ব+আ]বর্ব্বরী,ক্ষুদ্রবৃক্ষবিশেষ, বাবুই।

বর্ব্বি, পুং. [বর্ব্ব+ই] ঘস্মর, ঘস্মর,ভক্ষক।

বর্ব্বূর, পুং. [বর্ব্ব+উর] বৃক্ষবিশেষ, বাবলাগাছ, তৎপর্য্যায় ।—যুগলাক্ষ, কণ্টালু, তীক্ষ্ণকণ্টক, গোশৃঙ্গ, পংক্তিবীজ, দীর্ঘকণ্ট, কফান্তক, দৃঢ়বীজ, অজভক্ষ।

বর্ম্ম, ন. [বৃ+মন্] তনুত্র, গাত্রীয়কবচ, সাঁজোয়া।

বর্ম্মকণ্টক, পুং. [বর্ম্মন্+কণ্টক] পর্পট, ক্ষেতপাপড়া। [কষা।

বর্ম্মকষা, স্ত্রী. [বর্ম্মন্+কষা] সপ্তলা, জামার

বর্ম্মা, পুং. [বৃ+মন্] ক্ষত্রিয়জাতির পদবী, ক্ষত্রিয়ের উপাধি।

বর্ম্মি, পুং. [বর্ম্মন্+ই] মৎস্যবিশেষ, বানিমাছ।

বর্ম্মিত, ত্রি. [বর্ম্ম+ইত] বর্ম্মযুক্ত, কৃতসন্নাহ, তৎপর্য্যায় ।—সন্নদ্ধ, সজ্জ, দংশিত,ব্যূঢ়কঙ্কট, ঊঢ়কঙ্কট। [ধারী।

বর্ম্মী, পুং. [বর্ম্ম+ইন্] কবচী, সাঁজোয়া-

বর্ম্মূষ, পুং. [বর্ম্ম+উষ) মৎস্যবিশেষ, বামিরুষ।

বর্য্য, ত্রি. [বৃ+য] প্রধান; শ্রেষ্ঠ,মান্য;(পুং.) কামদেব।

বর্য্যা, স্ত্রী. [বৃ+য-আ] পতিম্বরা; কন্যা।

বর্শি, (প্রা) মৎস্যধারণার্থ লৌহকাঁটা,বড়িশ, বঁড়শী; বর্শা।

বর্ষ, পুং. ন. [বৃষ+অ] বৃষ্টি, বর্ষণ; জম্বুদ্বীপাংশ,বৎসর; জম্বুদ্বীপ; মেঘ।

বর্ষকরী, স্ত্রী. [বর্ষ+কর-ঈ] ঝিল্লিকা, উচ্চিঙ্গিড়া।

বর্ষকেতু, পুং. [বর্ষ+কেতু] রক্ত পুনর্নবা।

বর্ষকোষ, পুং. [বর্ষ+কোষ] দৈবজ্ঞ, গণক ; মাস।

বর্ষজ, ত্রি. [বর্ষ+জ] বৃষ্টিজাত; বৎসরজাত ; জম্বুদ্বীপজাত; দ্বীপাংশজাত; মেঘজাত।

বর্ষজীবী, পুং. [বর্ষ+জীবিন্] ওষধী,কলপাকান্ত বৃক্ষ; বৎসরজীবী ; চাতকপক্ষী।

বর্ষণ, ন. [বৃষ+অন] বৃষ্টি; বৃষ্টিপাতন।

র্ষণি, স্ত্রী. [বর্ষণ+ই] বর্ত্তন; কৃতি; ক্রতু, যজ্ঞ; বর্ষণ।

র্ষপর্ব্বত, পুং. [বর্ষ+পর্ব্বত] বর্ষবিভাজক গিরি, যথা।—হিমবান্, হেমকুট, নিষধ, মেরু, চৈত্র, কর্ণী, শৃঙ্গী।

র্ষপাকী, পুং. [বর্ষ+পাকিন্] আম্রাতক, আমড়া।

র্ষপুষ্পা, স্ত্রী. [বর্ষ+পুষ্প-আ] সহদেবী-লতা।

র্ষপ্রিয়, পুং. [বর্ষ+প্রিয়] চাতকপক্ষী।

র্ষবর, পুং. [বর্ষ+বর] ষণ্ড, ক্লীব, খোজা।

র্ষবৃদ্ধি, স্ত্রী. [বর্ষ+বৃদ্ধি] জন্মতিথি, বর্ষ-প্রবেশ দিন।

র্ষশত, ন. [বর্ষ+শত] একশতবর্ষ।

র্ষসহস্র, ন. [বর্ষ+সহস্র] হাজার বৎসর।

র্ষা, স্ত্রী. [বর্ষ+আ]স্বনামখ্যাত ঋতুবিশেষ, তৎপর্য্যায়।—প্রাবৃট, ঘনকাল, জলার্ণব, প্রাবৃট্, মেঘাগম, ঘনাকর, প্রাবৃট্।

র্ষাংশ, পুং. [বর্ষ+অংশ] মাস, বৎসরের এক ভাগ।

র্ষাঘোষ, পুং. [বর্ষা+ঘোষ] মহামণ্ডূক, সোণাব্যাং। [ভাগ।

র্ষাঙ্গ, পুং. [বর্ষা+অঙ্গ] মাস বৎসরের দ্বাদশ

র্ষাঙ্গী. স্ত্রী. [বর্ষ+অঙ্গ-ঈ] পুনর্নবা শাক, শুশুনিয়া শাক।

র্ষাতি, (প্রা) ঘোটকের পাদরোগ বিশেষ।

র্ষাবসান, পুং. [বর্ষা+অবসান] শরৎকাল, বর্ষারশেষ সময়।

র্ষাভব, পুং. [বর্ষা+ভব] রক্তপুনর্ণবা; (ত্রি.) বর্ষাজাত।

র্ষাভু, পুং. [বর্ষা+ভূ] ভেক, মণ্ডূক, ব্যাং ইন্দ্রগোপ; ভূলতা; (স্ত্রী.) পুনর্নবা; ভেকী; (ত্রি.) বর্ষাজাত।

র্ষাভ্বী, স্ত্রী. [বর্ষা+ভূ-ঈ] ভেকী, কমঠী; পুনর্ণবা।

র্ষামদ, পুং. [বর্ষা+আমদ] ময়ূর, শিখী।

র্ষামোদ, পুং. [বর্ষা+আমোদ] ময়ূর, শিখী।

র্ষাম্ভঃপারণব্রত, পুং. [বর্ষা+অম্ভস্+পারণ+ব্রত] চাতকপক্ষী।

র্ষাযুত, ন. [বর্ষ+অযুত] সহস্রবৎসর

বর্ষারাত্রি, পুং. [বর্ষা+রাত্রি] বর্ষাকালীন রাত্রি।

বর্ষার্চ্চিঃ, পুং. [বর্ষা+অর্চ্চিস্] মঙ্গলগ্রহ।

বর্ষালঙ্কারিকা, স্ত্রী. [বর্ষা+অলঙ্কারিকা]পূকা, পিড়িংশাক। [সম্বন্ধি।

বর্ষিক, ত্রি. [বর্ষা+ইক] বর্ষাসম্বন্ধীয়; বর্ষ-

বর্ষিষ্ঠ, ত্রি. [বৃষ+ইষ্ঠ] অতিশয় বৃদ্ধ, বড় প্রাচীন। [স্ত্রী।

বর্ষীয়সী, স্ত্রী. [বর্ষ+ইয়স্-ঈ] অতিশয়প্রাচীনা

বর্ষীয়ান্, ত্রি. [বর্ষ+ঈয়স্] অতিবৃদ্ধ, প্রাচীন, তৎপর্য্যায়।—দশমী, জ্যায়ান্।

বর্ষুক, ত্রি. [বৃষ+উক] বর্ষণকর্ত্তা, বর্ষণকারী, বর্ষণশীল।

বর্ষুকাব্দ, পুং. [বর্ষুক+অব্দ] বর্ষণশীলমেঘ।

বর্ষেজ, ত্রি. [বর্ষে+জ]বর্ষাকালজাত; বৎসর জাত।

বর্ষোপল, পুং. [বর্ষ+উপল] মেঘজাত শিলা, করকা, শিল।

বর্ষ্ম, ন. [বৃষ+মন্] শরীর; প্রমাণ, উন্নতি, ইয়ত্তা; অতিসুন্দরাকৃতি।

বর্ষ্মন্, ন. [বৃষ-মন্] দেহ, শরীর; পরিমাণ।

বর্হ, ন. [বৃহ+অ] ময়ূরপিচ্ছ; পত্র; পরীবার; গ্রন্থিপর্ণ; পত্র।

বর্হণ, ন. [বৃহ+অন] পত্র, দল, পাতা।

বর্হিঃ, পুং. [বৃহ+ইস্] অগ্নি; দীপ্তি; যজ্ঞ; চিত্রক, (পুং. ন.) কুশতৃণ; (ন.) গ্রন্থি-পর্ণ।

বর্হিঃপুষ্প, ন. [বর্হিস্+পুষ্প] গ্রন্থিপর্ণবৃক্ষ, গাঁঠিয়ালা গাছ।

বর্হিঃশুষ্মা, পুং. [বর্হিস্+শুষ্মন্] অগ্নি, অনল, বহ্নি।

বর্হিঃষ্ঠ, ন. [বর্হিস্+স্থা-অ] বর্হিষ্ঠ, হ্রীবের।

বর্হিকুসুম, ন. [বর্হি+কুসুম] গ্রন্থিপর্ণবৃক্ষ, গাঁঠিয়ালা গাছ।

বর্হিণ, পুং. [বর্হ+ইন] ময়ূর, শিখী, কলাপী।

বর্হিণবাহন, পুং. [বর্হিণ+বাহন] কার্ত্তি-কেয়, কুমার, স্কন্দ; বিশাখ।

বর্হিধ্বজা, স্ত্রী. [বর্হি+ধ্বজা] চণ্ডী, দুর্গা, ভগবতী।

বর্হিপুষ্প, ন. [বর্হি+পুষ্প] গ্রন্থিপর্ণ, গাঁঠিয়ালা; অগ্নি।

বর্হির্জ্যোতি, পুং. [বর্হিস্+জ্যোতিস্] বহ্নি।

বর্হির্মুখ, পুং. [বর্হিস্+মুখ] দেবতা, সুর, অমর।

বর্হিঃশুষ্মা, পুং. [বর্হিস্+শুষ্মান্] বহ্নি, অগ্নি, অনল।

বর্হিষদ, পুং. [বর্হিষ্+অদ] পিতৃগণবিশেষ।

বর্হিষ্কেশ, পুং. [বর্হিস্+কেশ] অগ্নি, বহ্নি, অনল।

বর্হিষ্ঠ, ন. [বর্হিস্+স্থা+অ] হ্রীবের।

বর্হী, পুং. [বর্হ+ইন্] ময়ূর, শিখী, কলাপী

বল, ন. [বল+অ] সৈন্য; স্থৌল্য, স্থূলতা; সামর্থ্য, তৎপর্য্যায়।—দ্রবিণ, তর, সহ, শৌর্য্য, স্থাম, শুষ্ম, শক্তি, পরাক্রম, প্রাণ, মহ, শুষ্ম; ঊর্জ্জ, তদ্বৈদিক পর্য্যায়।—ওজঃ, পাজ, শব, তব, তর, ত্বক্ষ, শর্দ্ধ, বাধ, নৃম্ণ, তবিষী, শুষ্ম, শূষ, দক্ষ, বীলু, ত্যোত্র, কৃষৎসহ, যহ, বধ, বর্গ, বৃজন, বৃক্, মজ্মনা, পৌংস্যানি, ধর্ণসি, দ্রবিণ, স্যন্দ্রাস, সম্বর; গন্ধরস; রূপ; শুক্র; শরীর; পল্লব; রক্ত; তেজঃ,(ত্রি.) বলযুক্ত; দশবিধ বল, যথা।—বিদ্যা, অভিজন, মিত্র, বৃদ্ধি, সত্ত্ব, ধন, তপঃ, সহায়, বীর্য্য, দৈব; (পুং.) কাক; বলদেব; বরুণবৃক্ষ; দৈত্যবিশেষ।

বলকা, (প্রা) অল্পতপ্ত, ঈষদুষ্ণ।

বলগ্ন, পুং. ন. [বল+গ্ন] মধ্য মাঝার।

বলজ, ন. [বল+জ] ক্ষেত্র; পুরদ্বার; শস্য; যুদ্ধ; (ত্রি.) বলজন্য, বলজাত।

বলজনক, ত্রি. [বল+জনক] শক্তিজনক, সামর্থকর।

বলজা, স্ত্রী. [বল+জ-আ] বরযোষা, শ্রেষ্ঠা স্ত্রী; যূথী, যুঁইফুলগাছ।

বলভী, স্ত্রী. [বল+ভ-ঈ] প্রাসাদোপরি মণ্ডপিকা।

বলদ, পুং. [বল+দ] জীবক; পৌষ্টিককর্ম্মাঙ্গ হোমাগ্নি; (ত্রি.) বলদাতা; (প্রা) বলীবর্দ্দ, বৃষ, দামড়া।

বলদা, স্ত্রী. [বলদ+আ] অশ্বগন্ধা।

বলদায়ক, ত্রি. [বল+দায়ক] সামর্থদায়ক, শক্তিদায়ক।

বলদীনতা, স্ত্রী. [বল+দীনতা] গ্লানি, দৌর্ব্বল্য।

বলদেব, পুং. [বল+দেব] বলরাম, তৎপর্য্যায়।—বলভদ্র, প্রলম্বঘ্ন, অচ্যুতাগ্রজ, রেবতীরমণ, রাম, কামপাল, হলায়ুধ, নীলাম্বর, রৌহিণেয়, তালাঙ্ক, মূষলী, হলী, সঙ্কর্ষণ, সীরপাণি, কালিন্দীভেদন, বল, রুক্মিদর্পঘ্ন, মধুপ্রিয়, হলধর, হলভৃৎ, হালভৃৎ, সৌনন্দী, গুপ্তবর, সম্বর্ত্তক, বলী; বায়ু, অনিল।

বলদেবা, স্ত্রী. [বল+দেব-আ] ত্রায়মাণৌষধি।

বলদ্বিট্, পুং. [বল+দ্বিষ্] ইন্দ্র, দেবরাজ।

বলন, (প্রা) কথন, কহন, বাক্যপ্রয়োগ; ঔজ্জ্বল্যকরণ।

বলপ্রসূ, স্ত্রী. [বল+প্রসূ] রোহিণী, বলরাম [মাতা

বলবতী, স্ত্রী. [বল+বৎ-ঈ] বলবিশিষ্টা, প্রবলা, তেজস্বী।

বলবৎ, ব্য. [বল+বৎ] অতিশয়, বলবিশিষ্ট, প্রবল, শক্ত; বলবান্, বীর্য্যবান।

বলবত্তা, স্ত্রী. [বল+বৎ-ত-আ] শক্তি, সামর্থ্য, বলবত্ত্ব।

বলবত্ত্ব, ন. [বল+বৎ-ত্ব] বলবত্তা; দৃঢ়তা, স্থিরতা, শক্তিমান, সামর্থ্য।

বলবান, ত্রি. [বল+বৎ] শক্তিবিশিষ্ট, বলবিশিষ্ট, তৎপর্য্যায়।—মাংসল, অংশল, বীর্য্যবান্, বলী। [বধি।

বলবর্দ্ধিনী, স্ত্রী. [বল+বর্দ্ধিন্-ঈ] জীবকৌ-

বলবিন্যাস, পুং. [বল+বিন্যাস] যুদ্ধার্থ সৈন্যদিগের দেশবিশেষ দুর্লঙ্ঘ্যত্ব নিমিত্ত ব্যূহ রচনাবিশেষ, তৎপর্য্যায়।—ব্যূহ।

বলবৃত্রনিসূদন, পুং. [বল+বৃত্র+নিসূদন] ইন্দ্র, দেবরাজ। [রাজ।

বলবৃত্রহা, পুং. [বল+বৃত্র+হন্] ইন্দ্র, দেব-

বলভদ্র, পুং. [বল+ভদ্র] বলদেব, বলরাম, অনন্ত; বলশালী; লোধ্র, লোদকাষ্ঠ, গবয়।

বলভদ্রা, স্ত্রী. [বল+ভদ্র-আ] কুমারী; ত্রায়মাণা।

বলভদ্রিকা, স্ত্রী. [বল+ভদ্রিকা] ত্রায়মাণা।

বলভি, স্ত্রী. [বল+ভি] বড়ভী, গৃহচূড়া, ঘরের মুদনা; খিল।

বলভিদ্, পুং. [বল+ভিদ্] ইন্দ্র, দেবরাজ, (ত্রি) বূহভেদ।

বলভী, স্ত্রী. [বলভ+ইন] বড়ভী, গৃহচূড়া, ঘরের মুদনী; খিল।

বলম্ব, পুং. [অব+লম্বি] লম্বক, অধোলম্ব।

বলয়, পুং. [বল+য়] অষ্টাদশ গলরোগান্তর্গত রোগবিশেষ; (পুং. ন.) স্বর্ণাদি রচিত প্রকোষ্টাভরণ করভূষণ, বালা, তৎপর্য্যায়।— আবাপক, পরিহার্য্য, কটক, পারিহার্য্য, শঙ্খক, কম্বু, কুণ্ডল।

বলয়িত, ত্রি. [বলয়+ইত] বেষ্টিত, আবৃত, ঘেরা।

বলরহিত, ত্রি. [বল+রহিত] সামর্থহীন, শক্তিরহিত, দুর্ব্বল।

বলরাম, পুং. [বল+রাম] বলদেব, হলধর, বলভদ্র।

বলল, পুং. [বল+ল] বলরাম, বলদেব, হলধর। [সুরপতি।

বলসূদন, পুং. [বল+সূদন] ইন্দ্র, দেবরাজ,

বলস্থিতি, স্ত্রী. [বল+স্থিতি] শিবির, সৈন্যদিগের ছাউনি, বস্ত্রাগার তম্বু।

বলহা, পুং. [বল+হন্] শ্লেষ্মা, সর্দ্দি, কফ।

বলক্ষ, পুং. [বল+অক্ষ] ধবল, শুক্লবর্ণ, শ্বেত।

বলক্ষগু পুং. [বলক্ষ+গো] চন্দ্র।

বলা, স্ত্রী. [বল+আ] ক্ষুদ্র বৃক্ষবিশেষ, বাড়িয়ালা, বালা, শ্বেতবাট্যাল, তৎপর্য্যায়।—বাট্যালক, সমঙ্গা, ওদনিকা, ভদ্রা, ভদ্রোদনী, খরকাষ্ঠিকা, কল্যাণিনী, ভদ্রবলা, মোটা, পাটী, বলাদ্যা, শীতপাকী, বাট্যা, বাটী, বিনয়া, বাট্যালী, বাটিকা, বাট্যপুষ্পী, সমাংশা, বিললা; পীতবাট্যাল পর্য্যায়।—ঋষ্যপ্রোক্তা, অতিবলা, অতীপুষ্পী, মহাবলা; বিদ্যাবিশেষ।

বলাক, পুং. [বল+অক] বকজাতি, ক্ষুদ্রবক জাতি।

বলাকা, স্ত্রী. [বলাক+আ] বকজাতিবিশেষ, তৎপর্য্যায়।—বিসকণ্ঠিকা, বিষকণ্ঠ, বলাকী, বিষকণ্ঠী, শুক্লাঙ্গা, দীর্ঘকন্ধরা, ধর্ম্মান্ত্রা, কামুকী, শ্বেতা, মেঘানন্দা, জলাশ্রয়া, বিষকণ্ঠিকা, বিষকণ্ঠা, কারায়িকা, লিঙ্গলিকা।

বলাঞ্চিতা, স্ত্রী. [বল+অঞ্চিত+আ] রামবীণা।

বলাট, পুং. [বল+অট] মুদ্গ, মুগকলাই; গোযোনি। [স্মাৎ; বলপূর্ব্বক।

বলাৎ, পুং. [বল+অত] হঠাৎ, দৈবাৎ, অক-

বলাৎকার, পুং. [বলাৎ+কার] হঠাৎকরণ, তৎপর্য্যায়।—প্রসভ, হঠ, হঠাৎকার; কন্যাদূষণ, কন্যাহরণ।

বলাম্বিকা, স্ত্রী. [বল+আম্বিকা] হস্তিশুণ্ডীবৃক্ষ, হাতিশুঁড়গাছ।

বলাদ্যা, স্ত্রী. [বল+আদ্যা] বলানামে ঔষধি বিশেষ, বেড়েলা, বলা।

বলাধান, ন. [বল+আধান] বলেরযোগ, মহত্তেজঃ, সবল।

বলান, (প্রা) কহান, অঙ্গীকার করান।

বলানুজ, পুং. [বল+অনুজ] শ্রীকৃষ্ণ, বলরামের কনিষ্ঠ।

বলাবল, (প্রা) সারাসার, শক্তাশক্তি।

বলাবলি, (প্রা) পরস্পর অকথন; বিবাদ।

বলামোটা, স্ত্রী. [বলা+মোটা] ক্ষুদ্র ক্ষুপবিশেষ, নাগদমনী।

বলায়, পুং, [বল+অয়] বরুণবৃক্ষ।

বলারাতি, পুং. [বল+আরাতি] ইন্দ্র, দেবরাজ, শক্র, সুরপতি।

বলালক, পুং. [বল+আলক] পানীয়ামলক, পেনেলা।

বলাশ, পুং. [বল+অশ] শ্লেষ্মা, কফ, শিরস্থ ধাতু বিশেষ।

বলাস, পুং. [বল+অস] শ্লেষ্মা, কফ।

বলাসক, পুং. কোকিল, ভেক।

বলাসম, পুং. [বল+অসম] অবতারবিশেষ, বুদ্ধ।

বলাহ, ন. [বল+আহ] বারি, জল।

বলাহক, পুং. [বল+অহক] মেঘ; মুস্তক, মুতা; পর্ব্বত; দৈত্যবিশেষ; নাগবিশেষ; রমাগর্ভোদ্ভব কল্কিদেব পুত্র; শ্রীকৃষ্ণের ঘোটকবিশেষ।

বলাম্বুকন্দ, পুং. [বল+অম্বু+কন্দ] গুলঞ্চ-কন্দ, গুলঞ্চ নামক লতার মূল।

বলি, পুং. [বল+ই] কর, রাজগ্রাহ্যোভাগ; উপহার, পূজাসামগ্রী; চামরদণ্ড; পঞ্চ মহাযজ্ঞান্তর্গত ভূতযজ্ঞ; দৈত্যবিশেষ, বিরোচন পুত্র বলিরাজা; বলিবৈশ্ব-নামক পঞ্চ যজ্ঞান্তর্গত যজ্ঞবিশেষ; দেবতার উদ্দেশে আঘাতার্থ উপকল্পিত ছাগাদি পশু; (স্ত্রী.) জরাদ্বারা লোলিত গাত্রচর্ম্ম তৎপর্য্যায়।—চর্ম্মতরঙ্গ,ত্বগূর্ম্মি, ত্বক্‌তরঙ্গ; জঠরাবয়ব, ত্রিবলী; গৃহদারু বিশেষ; গুদাঙ্কুর।

বলিক, পুং.ন. [বলি+ক] পটলপ্রান্ত, তৃণাচ্ছাদিত গৃহের প্রান্তভাগ, ছাঁইচ।

বলিকা, স্ত্রী. [বলিক+আ] অতিবলা, পীতবর্ণ বেড়েলা।

বলিত, ত্রি. [বল+ইত] বেষ্টিত।

বলিদান, ন. [বলি+দান] দেবতার উদ্দেশে যথাবিধি পূজোপহার দেওয়া, দুর্গাদি দেবতার উদ্দেশে সংকল্পপূর্ব্বক ছাগাদি পশুঘাতন; দেবোদ্দেশে পশুবধ; শ্রীকৃষ্ণ পার্শ্বদগণের উদ্দিশ্য নিবেদিত নৈবেদ্যাংশ দান। [য়ণ।

বলিধ্বংসী, পুং. [বলি+ধ্বংসিন্] বিষ্ণু, নারা-

বলিন, ত্রি. [বল+ইন্] বলিত, জরাদিদ্বারা ললিত চর্ম্মযুক্ত

বলিনন্দন, পুং. [বলি+নন্দন] বাণাসুর, বাণ রাজা।

বলিনী, স্ত্রী. [বল+ইন্-ই] বাট্যালক, বেড়েলা।

বলিপুষ্ট, পুং. [বলি+পুষ্ট] কাক, বায়স।

বলিপোদকী, স্ত্রী. [বলিপ+উদকী] উপোদকী।

বলিপ্রিয়, পুং. [বলি+প্রিয়] লোধ্রবৃক্ষ লোধগাছ; কাক; শকুনি; বলিভোক্তা।

বলিভ, ত্রি. [বল+ইভ] বলিন, জরা হেতুক শ্লথচর্ম্মযুক্ত।

বলিভুক্, পুং. [বলি+ভুজ্] কাক, বায়স; বলিমাংসাহারী।

বলিমন্দির, ন. [বলি+মন্দির] অধোলোক, পাতাল।

বলিমান্, ত্রি. [বলি+মৎ] বলিন, বার্দ্ধক্য হেতু শ্লথচর্ম্মযুক্ত, লোলিত মাংস বিশিষ্ট। [মর্কট।

বলিমুখ, পুং. [বলি+মুখ] বানর, কপি,

বলির, ত্রি. [বল+ইর] বোবা।

বলিশ, স্ত্রী. [বলি+শো] বড়িশ, বাড়শী।

বলিশি, ন. [বলিন্+শো] বড়িশ, বড়শী।

বলিশী, স্ত্রী. [বলিশ+ঈ] বড়িশ. বড়শী।

বলিষ্ঠ, পুং. [বল+ইষ্ঠ] উষ্ট্র, উট; (ত্রি.) অতিশয়বলবান্; বলিষ্ঠোযথা, বায়ু, বিষ্ণু, গরুড়, হনুমান, যম, মহাবরাহ, সরভ. সৎপ্রতিজ্ঞা, গজ, পৃথুরাজ, বলরাম, বালী, বলিরাজা, ভীম, সতী, শেষ, পুরাকৃত।

বলিষ্ণু ত্রি [বল+ইষ্ণু] অপমানিত ভর্ৎসিত, তিরস্কৃত।

বলিসঙ্গ, পুং. [বলি+সঙ্গ] বানরসমূহ; চর্ম্মরজ্জু, কষা; বামলুর।

বলিসদ্ম, ন. [বলি+সদ্মন্] রসাতল, পাতাল। [শ্রীকৃষ্ণ।

বলিহা, পুং. [বলি+হন্] বিষ্ণু, নারায়ণ,

বলী, পুং [বল+ইন্] বলরাম; উষ্ট্র, উট; মহিষ; বৃষভ; শূকর; কফ; কুন্দবৃক্ষ; মাষ; (ত্রি.) বলযুক্ত, তৎপর্য্যায়। অংশল নির্দ্দিগ্ধ,মাংসল,উপচিত; (স্ত্রী.) বলি, জরাহেতুক শ্লথচর্ম্ম, ত্রিবলী।

বলীক, ন. [বল+ঈক] পটলপ্রান্ত, ছাচি; (ন, পুং.) লম্বিতভৃণোৎকর, ছাঁইচ।

বলীবর্দ্দ, পুং. [বলী+বর্দ্দ] বৃষ, বলদ, ষাঁড়।

বলীমুখ, পুং [বলী+মুখ] বানর, মর্কট, শাখামৃগ, কপি।

বলীয়ান্, ত্রি. [বল+ঈয়স্] অতিশয় বলযুক্ত, অত্যন্ত বলবান্, অতি তেজাল।

বলূক, ন. [বল+উক] পদ্মমূল; (পুং.) পক্ষী বিশেষ।

বলূল, ত্রি. [বল+উল] বলবান্, শক্তিযুক্ত।

বল্ক, ন. [বল্ক+অ] বল্কল, বৃক্ষত্বক্, গাছেরছাল; শল্ক, মাছের আঁইষ; খণ্ড; (পুং.) পট্টিকালোধ্র।

বল্কতরু, পুং. [বল্ক+তরু] পূগবৃক্ষ, গুবাক গাছ।

বল্কদ্রুম, পুং. [বল্ক+দ্রুম] ভূর্জবৃক্ষ, ভূর্জপত্রের গাছ।

বল্কন, (প্রা) উথলন; ফুটন, ঈষদুষ্ণ হওন।

বল্কবান্, পুং. [বল্ক+বৎ] মৎস্য; (ত্রি) বল্কলযুক্ত, ছালবিশিষ্ট।

বল্কল, ন. [বল্ক+ল] ত্বচ, ডালচিনি; (পুং. ন.) বৃক্ষত্বক্, বাকল,তৎপর্য্যায়।—ত্বক, বল্ক, ত্বচা, চোচ. চোলক, শল্ক ছল্লক, ছল্লি, ছল্লী, চোতক।

বল্কলা, স্ত্রী; [বল্কল+আ] শিলা বল্কা।

বল্কলোধ্র, পুং. [বল্ক+লোধ্র] পট্টিকা-লোধ্র।

বল্কা, (প্রা) ঈষদুষ্ণ, অল্পতপ্ত।

বল্কান, (প্রা) উথলন, ফুটিয়া পড়ন।

বল্কিল, পুং. [বল্ক+ইল] কণ্টক, কাঁটা।

বল্কুত, ন. [বল্ক+উত] বল্কল, বাকল, বৃক্ষত্বক্।

বল্গ, ত্রি. [বল্গ+অ] সুন্দর, সুশ্রী, মনোহর।

বল্গন, ন. [বল্গ+অন] প্লুতগমন, লাফিয়া যাওন; বহুভাষণ, বাচালতা করণ।

বল্গা, স্ত্রী. [বল্গ+আ] দন্তালিকা, লাগাম্ তৎপর্য্যায়।—অবক্ষেপণী, রশ্মি, কুশ।

বল্গিত, ন. [বল্গ+ইত]অশ্বেরগতি বিশেষ, বেগদ্বারা বিক্ষিপ্ত পরিচরণ; গমন; বহুভাষণ।

বল্গু, পুং. [বল্গ+উ] ছাগ, ছাগল, (ত্রি) সুন্দর, মনোহর।

বল্গুক, ন. [বল্গু+ক] চন্দন; বি নন; পণ; (ত্রি.) রুচির, মনোহর।

বল্গুপত্র, পুং. [বল্গু+পত্র] বনমুদ্গা, বনমুগ।

বল্গুলা, স্ত্রী. [বল্গুল+আ] বাকুচী হাকুচ; পক্ষীবিশেষ, তৎপর্য্যায়।—চক্রবিষ্টা; দিবান্ধা, নিশাচরী, স্বৈরিণী, দিবাস্বাপা, মাংসেষ্টা, মাতৃবাহিণী।

বল্গুলিকা, স্ত্রী. [বল্গুল+ইক-আ] তৈল পায়িকা, তেলাপোকা, আর্শুলা, তৎ-পর্য্যায়।—মুখবিষ্ঠা, পরোক্ষী।

বল্বজ, পুং. [বল্ব+জ] তৃণবিশেষ, উলু-খড়।

[ভোজন।

বল্ভন, ন. [বল্ভ+অন] ভক্ষণ, অদন,

বল্মিক, পুং. ন. [বল্ম+ইক] বল্মীক, উয়ী পোকা কৃতমৃত্তিকাস্তূপ, উয়ের ঢপী।

বল্মিকি, পুং.ন. [বল্মিক+ই] বল্মীক, উয়ের ঢিপী।

বল্মীক, পুং. ন. [বল্ম+ঈক] উয়ীপোকা কৃত মৃত্তিকাস্তূপ, উয়ের ঢিপী, তৎ-পর্য্যায়।—বামলূর, নাকু, বল্মিক, বাল্মীক, বাল্মীকি, বাল্মিকি, পুগলক, শক্রমূর্দ্ধা, কৃমিশৈলক; (পুং.) বাল্মীকি মুনি; রোগবিশেষ।

বল্মীকি, পুং. [বল্মীক+ই] বল্মীক, উয়ী-পোকা।

বল্মীকশীর্ষ, ন. [বল্মীক+শীর্ষ] স্রোতো-ঞ্জন, যমুনা স্রোতোভবাঞ্জন।

বল্মীকূট, ন. [বল্মী+কূট] বল্মীক, উয়ী-ঢিপী।

বল্য, ন. [বল+য] প্রধানধাতু, শুক্র; (ত্রি.) বলকর; (পুং.) বুদ্ধভিক্ষুক।

বল্ল, পুং. [বল্ল+অ] গুঞ্জাত্রয় পরিমাণ, তিন কুঁচ ওজন; দ্বিগুঞ্জা; সার্দ্ধগুঞ্জা।

বল্লকী, স্ত্রী. [বল্লক+ঈ] বীণা; বৃক্ষবিশেষ, শল্লকীবৃক্ষ।

বল্লব, পুং. [বল্লর+অ] গোপ; (ত্রি.) সুপ-কার, পাচক।

বল্লবী, স্ত্রী. [বল্লব+ঈ] বল্লবজাতির স্ত্রী,বল্লব পত্নী, তৎপর্য্যায়।—আভীরী, গোপিকা, গোপী, মহাশূদ্রী, গোপালিকা

বল্লভ, পুং. [বল্ল+অভ] দয়িত, প্রিয়; অ-ধ্যক্ষ; শুভলক্ষণাক্রান্ত ঘোটক; (ত্রি.) প্রিয়; অধ্যক্ষ।

বল্লভপালক, পুং. [বল্লভ+পালক] অশ্বরক্ষক, সইস।

বল্লভা, স্ত্রী. [বল্লভ+আ] প্রিয়া, তৎপর্য্যায়—প্রেয়সী, দয়িতা, কান্তা, প্রাণেশা, হৃদয়েশা, প্রাণসমা, প্রেষ্ঠা, প্রণয়িনী।

বল্লর, ন. [বল্ল+র] কৃষ্ণাগুরু; মঞ্জরী; গহন; কুঞ্জ।

বল্লরি-বল্লরী, স্ত্রী. [বল্লর+ই] মঞ্জরী; মেথিকা; চিত্রমূল; লতা।

বল্লি, স্ত্রী. [বল্ল+ই] লতা; পৃথিবী।

বল্লিকণ্টকারিকা, স্ত্রী. [বল্লি+কণ্টকারিকা] অগ্নিদমনী ক্ষুপ।

বল্লিদূর্ব্বা, স্ত্রী. [বল্লি+দূর্ব্বা] মালাদূর্ব্বা, মালাই দূর্ব্বা

বল্লিমুদ্গা, পুং. [বল্লি+মুদ্গা] মকুষ্টক।

বল্লিশাকটপোতিকা, স্ত্রী. [বল্লি+শাকট+পোতিকা] মূলপোতী।

বল্লিসূরণ, পুং. [বল্লি+সূরণ] অতাম্রপর্ণী।

বল্লী, স্ত্রী. [বল্লি+ঈ] লতা, কুষ্মাণ্ডাদি লতা; অজমোদা; কৈবর্ত্তিকা; চব্য।

বল্লীগড়, পুং. [বল্লী+গড়] মৎস্যবিশেষ, ভোলামাছ, বালিকড় মৎস্য।

বল্লীজ, ন. [বল্লী+জ] মরীচ।

বল্লীবদরী, স্ত্রী. [বল্লী+বদরী] ভূবদরী।

বল্লীবৃক্ষ, পুং. [বল্লী+বৃক্ষ] সালবৃক্ষ, শালগাছ।

বল্লুক, ন [বল্ল+উক] কুঞ্জ; মঞ্জরী; ক্ষেত্র; নির্জ্জনস্থান; শাদ্বল; গহন।

বল্লুর, ন. [বল্ল+উর] কুঞ্জ; মঞ্জরী; ক্ষেত্র; নির্জ্জনস্থান; শাদ্বল; গহন।

বল্লর, ত্রি [বল্ল+র] রৌদ্রাদিতে শুষ্কমাংস; শূকরমাংস; বনক্ষেত্র; বাহন; ঊষরভূমি।

বল্ল্যা, স্ত্রী. [বল্ল্য+আ] ধাত্রীবৃক্ষ, আমলকী গাছ। [বাব।

বল্বজ, পুং, [বল্ব+জ] উলপ, উলুখড়,

বল্বজা, স্ত্রী. [বল্বজ+আ] তৃণবিশেষ, (হিং) সাবেবাগে, তৎপর্য্যায়—দৃঢ়পত্রী, তৃণেক্ষু, তৃণবল্বজা মৌঞ্জীপত্রা, দৃঢ়তৃণা পানীয়াম্রা, দৃঢ়ক্ষুর

বশ, ন. [বশ+অ] ইচ্ছা; প্রভুত্ব; আয়ত্ততা; (ত্রি) আয়ত্ত; (পুং) ইচ্ছা; বেশ্যাগৃহ; আয়ত্ততা; প্রভুত্ব; জন্ম।

বশকর্ত্তা, পুং. [বশ+কর্ত্তৃ] প্রভু; আয়ত্তকারী।

বশকা, স্ত্রী [বশ+ক-আ] বশ্যা নারী, বশতাপন্নাস্ত্রী।

বশক্রিয়া, স্ত্রী. [বশ+ক্রিয়া] বশীকরণ, বশবর্ত্তি করা, তৎপর্য্যায়।—সংবদন।

বশগ, ত্রি. [বশ+গম-অ] বশীভূত, বশবর্ত্তী, বশ্য।

বশগা, স্ত্রী. [বশগ+আ] বশীভূতা।

বশঙ্গত, ত্রি. [বশং+গত] বশানুগ, বশীভূত।

বশতঃ, ত্রি, [বশ+তস্] অধীনতাহেতু, বশীভূতাপ্রযুক্ত, অধীনতার কারণ।

বশতা, স্ত্রী. [বশত+আ] অধীনতা, বশ্যতা, বশীভূতত্ব।

বশতাপন্ন, ত্রি. [বশত+আপন্ন] বশম্বদ, বশবর্ত্তী, আয়ত্ত, অধীন, বশীভূত।

বশত্ব, ন; [বশ+ত্ব] অধীনতা, বশতা; বশীভূতত্ব।

বশম্বদ, ত্রি. [বশং+বদ] আয়ত্তকর বাক্যবক্তা; বশীভূত।

বশা, স্ত্রী. [বশ+আ] বন্ধ্যাস্ত্রী; কন্যা; যোষা; স্ত্রীগবী; হস্তিনী; বন্ধ্যাগবী।

বশাকু, পুং. [বশ+অকু] পক্ষী।

বশাঢ্যক, পুং. [বশ+আঢ্যক] শিশুমার, শুশুকনামে জলজন্তু বিশেষ।

বশানুগ, ত্রি. [বশ+অনুগ] বশঙ্গত, বশীভূত।

বশাপায়ী, পুং. [বশা+পায়িন্] কুক্কুর, কুকুর।

বশি, ন. [বশ+ই] বশিত্ব, বশবর্ত্তিতা, বশ্যতা।

বশিক, ত্রি. [বশি+ক] শূন্য।

বশিকা, স্ত্রী. [বশিক+আ] অগুরু।

বশিতা, স্ত্রী. [বশিত+আ] বশিত্ব, বশতাপন্নত্ব, অধীনতা।

বশিত্ব, ন. [বশি+ত্ব] আয়ত্তত্ব; অধীনতা; শিবের অষ্ট ঐশ্বর্য্যান্তর্গত ঐশ্বর্য্যবিশেষ; জিতেন্দ্রিয়ত্ব।

বশিনী, স্ত্রী, [বশ+ইন্-ঈ] শমীবৃক্ষ, শাঁই-গাছ; বন্দা।

বশির, ন. [বশি+র] সামুদ্রলবণ, করকচ লবণ; (পুং) গজপিপ্পলী, গজপিপুল; চব্য চঁই; অপামার্গ, আপাংগাছ; বচা, বচ।

বশিষ্ঠ, পুং. [বশি+স্থা-অ] স্বনাম খ্যাত মুনি, ব্রহ্মার প্রাণজ সন্তান; মিত্রাবরুণের পুত্র, তৎপর্য্যায়।—অরুন্ধতীস্বামী, অরুন্ধতীনাথ, বসিষ্ঠ।

বশী, ত্রি. [বশ+ইন্] জিতেন্দ্রিয় দমনশীল।

বশীকরণ, ন. [বশী+করণ] মণিমন্ত্রৌষধি-দ্বারা আয়ত্ত করণ; মোহন।

বশীকৃত, ত্রি. [বশ+কৃত] বশে আনীত, আয়ত্তীকৃত, দমিত।

বশীভূত, ত্রি. [বশ+ভূত] বশতাপ্রাপ্ত; বশতাপন্ন, বশীকৃত, অধীন, বশম্বদ, বশবর্ত্তী।

বশীর, পুং. [বশী+র] গজপিপ্পলী।

বশ্য, ন. [বশ+য] লবঙ্গ; (ত্রি) আয়ত্ততা প্রাপ্ত, তৎপর্য্যায়।—প্রণেয়, বশ।

বশ্যকা, স্ত্রী. [বশ্য+ক-আ] বশগাস্ত্রী, বশীভূতা নারী।

বশ্যতা, স্ত্রী. [বশ্য+ত-আ] বশতাপন্নের ভাব, অধীনতা।

বশ্যা, স্ত্রী [বশ+য-আ] বশীভূতা নারী, তৎপর্য্যায়।—বশগা, বশাস্যা, বশ্যকা।

বষট্, ব্য. [বষ+অস্] দেবোদ্দেশে হবিস্ত্যাগ মন্ত্র।

বষট্কার, পুং. [বষট্+কার] দেবোদ্দেশ্যক যাগ, তৎপর্য্যায়।—দেবযজ্ঞ, আহুতি, হোম, হোত্র।

বষট্কৃত, ত্রি. [বষট্+কৃত] হুত, হোম-করা।

বষ্কয়, পুং. [বষ্ক+অয়] একহায়ন বৎস, এক বৎসর বয়স্ক বাছুর।

বষ্কয়ণী-বষ্কয়িণী, স্ত্রী. [বষ্কয়+নী] চিরপ্রসূতা গো, অনেক দিনের প্রসূতা গাভী; বকনা।

বস, (ব্যাং) প্রচুর, যথেষ্ট, যথোচিত।

বসতি-বসতী, স্ত্রী. [বস+তি-তী] বাস; রাত্রি; নিকেতন, নিবাসস্থান

বসৎ, (প্রা) বসতি, আবাসস্থান, বাসকারী।

বসৎবাটী, (প্রা) বাসালয়, বসতিগৃহ।

বসন, ন. [বস+অন] বস্ত্র আচ্ছাদন, ছাদন; নিবাস; স্ত্রীকটী ভূষণ; (প্রা) স্থিতি-করণ; উপবিষ্ট হওন।

বসনসদ্ম, ন. [বসন+সদ্মন্] কাণ্ডপট, তাম্বু।। [হার।

বসনা, স্ত্রী. [বসন+আ] স্ত্রী কটীভূষণ, চন্দ্র-

বসনিয়া, (প্রা) বসতি; নিবাসী, বাসেন্দা।

বসনিশা, (প্রা) পরিবারের সহিত বসতি-কারী।

বসন্ত, পুং. [বস+অন্ত] অতিসার; ঋতু-বিশেষ, চৈত্র বৈশাখ মাসদ্বয়, তৎপর্য্যায়।—পুষ্পসময়, সুরভি, মধু, মাধব, কুসুমাকর; পুষ্পসাধারণ কাল ফল্গু, ঋতুরাজ, পুষ্পমাস, পিকানন্দ, কান্ত, কামসখ; ষড়্রাগান্তর্গত দ্বিতীয় রাগ; দুষ্ট রোগবিশেষ, ক্ষুদ্রবটী রোগ; তাল-বিশেষ। [বিশেষ।

বসন্তক, পুং. [বসন্ত+ক] শোনাকবৃক্ষ-

বসন্তকাল, পুং. [বসন্ত+কাল] কুসুম সময়, [illegible]খ মাসদ্বয়।

বস[illegible], পুং. [বসন্ত+কুসুম] বৃক্ষবিশেষ।

বসন্তকুসুমাকর, পুং. [বসন্ত+কুসুম+আকর] ঔষধ বিশেষ। [বসন্তগৌরী।

বসন্তগরল, পুং. [বসন্ত+গরল] পক্ষীবিশেষ,

বসন্তঘোষী, পুং. [বসন্ত+ঘোষিন্] কোকিল পিক, পরভৃত। [মাধবীলতা।

বসন্তজা, স্ত্রী. [বসন্ত+জ-আ] বাসন্তীলতা,

বসন্ততিলক, ন. [বসন্ত+তিলক] চতুর্দ্দশাক্ষর পাদছন্দোবিশেষ; পুষ্পবিশেষ; ঔষধ বিশেষ।

বসন্তদূত, পুং. [বসন্ত+দূত] আম্রবৃক্ষ; কোকিল; পঞ্চম রাগ।

বসন্তদূতী, স্ত্রী. [বসন্ত+দূতী] পাটলীবৃক্ষ; মাধবীলতা; গণিকারীবৃক্ষ; পিকী, কোকিলা।

বসন্তদ্রু, পুং. [বসন্ত+দ্রু] আম্রবৃক্ষ, আমগাছ।

বসন্তপঞ্চমী, স্ত্রী. [বসন্ত+পঞ্চমী] শ্রীপঞ্চমী।

বসন্তসখ, পুং. [বসন্ত+সখ] কামদেব,মদন।

বসন্তী, (প্রা) হরিদ্রাবর্ণ, হলদী রং।

বসন্তোৎসব, পুং. [বসন্ত+উৎসব] ফাল্গুনোৎসব।

বসা, স্ত্রী. [বস+আ] মাংসোদ্ভব ধাতুবিশেষ; মাংসরোহিণী; (প্রা) উপবেশন।

বসাঢ্য-বসাঢ্যক, পুং. [বস+আঢ্য-ক] শিশুমার, শুশুক।

বসান, (প্রা) অবস্থান করণ, সংস্থাপন, উপবিষ্ট করান।

বসি, পুং. [বস+ই] বসন, বস্ত্র।

বসিন্দা, (প্রা) বসতিকারী,নিবাসী, বাসেন্দা।

বসির, ন. [বস+ইর] সামুদ্রলবণ; গজপিপ্পলী।

বসিষ্ঠ, পুং. [বসি+স্থা-অ] বশিষ্ঠমুনি, ব্রহ্মার প্রাণজসন্তান।

বসু, ন. [বস+উ] রত্ন, ধন; বৃদ্ধৌষধ; শ্যাম; হাটক; জল; (পুং.) বকবৃক্ষ; অনল; রশ্মি; গণদেবতাবিশেষ; অষ্টসংখ্যা; অষ্টবসু যথা।—ধর, ধ্রুব, সোম, বিষ্ণু, অথবা সাবিত্র, অনিল, অনল, প্রত্যুষ, প্রভাস; যোক্ত্র, যোৎদড়ি; রাজা; ধনাধিপ; সাধু; পীতমুদ্গ, সোনামু[illegible]ক; পুষ্করিণী; শিব; সূর্য্য; কুলীন কায়স্থের পদ্ধতি বিশেষ; (স্ত্রী.) দীপ্তি; বৃদ্ধৌষধ; (ত্রি.) মধুর; শুষ্ক।

বসুক, পুং. ন. [বসু+ক] অর্কবৃক্ষ, আকন্দ গাছ; (ন.) সাম্ভরি লবণ; পাংশব; বাস্তুক; (পুং.) শিবমল্লী; পুষ্পবিশেষ, শ্বেতরক্তভেদে দুইপ্রকার তৎপর্য্যায়।—শৈব, বক, শিবমল্লিকা, পাশুপত, শিবমত, সুরেষ্ট, শিবশেখর।

বসুকীট, পুং. [বসু+কীট] যাচক, ধনাকাঙ্ক্ষী, লোভী।

বসুচ্ছিদ্রা, স্ত্রী. [বসু+ছিদ্র] মহামেদাবৃক্ষ।

বসুদ, পুং. [বসু+দ] কুবের, (ত্রি.) ধনদাতা।

বসুদা, স্ত্রী. [বসু+দা-আ] পৃথ্বী, পৃথিবী।

বসুদেব, পুং. [বসু+দেব] শ্রীকৃষ্ণজনক, তৎপর্য্যায়।—আনকদুন্দুভি, শূর, কৃষ্ণপিতা।

বসুদেবতা, স্ত্রী. [বসু+দেবতা] ধনিষ্ঠানক্ষত্র।

বসুদেবভূ, পুং. [বসু+দেব-ভূ] শ্রীকৃষ্ণ; বাসুদেব। [স্ফটিক।

বসুধর্ম্মিকা, স্ত্রী. [বসু+ধর্ম্মিকা] সিতোপল,

বসুধা, স্ত্রী. [বসু+ধা] পৃথিবী, ধরণী।

বসুধাখর্জুরিকা, স্ত্রী. [বসুধা+খর্জুরিকা] ভূখর্জুরিকা।

বসুধাধর, পুং. [বসুধা+ধর] শৈল, পর্ব্বত।

বসুধাধিপ, পুং. [বসুধা+অধিপ] রাজা, ভূপতি।

বসুধানগর, ন. [বসুধা+নগর] বরুণালয়।

বসুধারা, স্ত্রী. [বসু+ধারা] জিনশক্তিবিশেষ, তৎপর্য্যায়।—তারা, মহাশ্রী, ওঙ্কারা স্বাহা, শ্রী, মনোরমা, তারিণী, জয়া. অনন্তা, শিবা, লোকেশ্বরা, আত্মজা, খদূরবাসিনী, ভদ্রা, বৈশ্যা, নীলসরস্বতী, শঙ্খিনী, মহাতারা, ধনন্দদা, ত্রিলোচনা, অলোচনা; কুবেরপুরী; বৃদ্ধিশ্রাদ্ধের পূর্ব্বেকর্ত্তব্য চেদিরাজ বসুদ্দেশ্যক কুড্যা লগ্ন ঘৃতধারা, দেওয়ালে দেয় ঘৃতধারা।

বসুন্ধরা, স্ত্রী. [বসুং+ধরা] পৃথিবী, পৃথ্বী, মহী।

বসুপ্রাণ, পুং. [বসু+প্রাণ] অগ্নি, বহ্নি, অনল।

বসুমতী, স্ত্রী. [বসু+মতী] পৃথিবী, পৃথ্বী।

বসুরোচিঃ, ন. [বসু+রোচিস্] যজ্ঞ, ক্রতু, যাগ।

বসুল, পুং. [বসু+ল] দেবতা, সুর, অমর।

বসুশ্রেষ্ঠ, পুং. [বসু+শ্রেষ্ঠ] রূপা, রজত, রূপা।

বসুষেণ, পুং. [বসু+সেন] কর্ণরাজ।

বসুসেন, পুং. [বসু+সেন] কর্ণরাজ, সূর্য্যপুত্র।

বসুস্থলী, স্ত্রী. [বসু+স্থল-ঈ] কুবেরপুরী।

বসুহট্ট, পুং. [বসু+হট্ট] বকবৃক্ষ, বকগাছ।

বসুহট্টক, পুং. [বসু+হট্টক] বকবৃক্ষ, বকগাছ।

বসুক, ন. [বসু+উক] সাম্ভরি লবণ; বক-পুষ্প।

বসুরা, স্ত্রী. [বসু+উরা] বেশ্যা, বারাঙ্গনা।

বস্ক, পুং. [বস্ক+অ] অধ্যবসায়, উৎসাহ, যত্ন।

বস্কয় পুং. [বস্ক+অয়] এক হায়ন বৎস, এক বৎসরের বাছুর।

বস্কয়ণী-বস্কয়নী, স্ত্রী. [বস্কয়+অন-ঈ] চির-প্রসূতা গো, অনেক দিনের প্রসূতা গাভী। [বিছা।

বস্করাটিকা, স্ত্রী. [বস্কর+আটিকা] বৃশ্চিক,

বস্ত, পুং. [বস্ত+অ] ছাগ, ছাগল; গৃহ।

বস্তক, ন. [বস্ত+ক] কৃত্রিম লবণ।

বস্তকর্ণ, পুং. [বস্ত+কর্ণ] শালবৃক্ষ, শাল-গাছ

বস্তগন্ধা, স্ত্রী. [বস্ত+গন্ধা] অজগন্ধা।

বস্তমোদা, স্ত্রী· [বস্ত+মোদা] অজমোদা।

বস্তয়, পুং.স্ত্রী. [বস্ত+অয়] বস্ত্রের দশা, কাপড়ের দশী।

বস্তান্ত্রী, স্ত্রী. [বস্ত+অন্ত্র-ঈ] ছগলান্ত্রীক্ষুপ, তৎপর্য্যায়।—বৃষগন্ধাখ্যা; মেষান্ত্রী, বৃষপত্রিকা, অজান্ত্রী, বোকড়ী।

বস্তি, পুং. স্ত্রী. [বস্ত+ই] নাভির অধোভাগ, বস্ত্রের দশা।

বস্তিকর্ম্মাঢ্য, পুং. [বস্তি+কর্ম্ম-আঢ্য] অ-রিষ্টবৃক্ষ, ভূরিঠা।

বস্তিমল, ন. [বস্তি+মল] মূত্র, প্রস্রাব।

বস্তু, ন. [বস্‌+তু] দ্রব্য, সামগ্রী, পদার্থ।

বস্তুক, ন. [বস্তু+ক] বাস্তুক, বেতোশাক।

বস্তুতঃ, ব্য. [বস্তু+তস্‌] বাস্তবিক, ফলতঃ, যথার্থতঃ।

বস্তুতত্ত্ব, ন. [বস্তু+তত্ত্ব] পদার্থের যথার্থতা জ্ঞান।

বস্তুতস্তু, ব্য. [বস্তুতস্‌+তু] ফলতঃ, যথার্থতঃ।

বস্তুত্ব, ন. [বস্তু+ত্ব] পদার্থতা; প্রকৃতত্ত্ব।

বস্তূকী, স্ত্রী, [বস্তূক+ঈ] শ্বেতচিল্লীশাক।

বস্ত্য, ন. [বস্‌+ত-য] গৃহ, গেহ, নিকেতন।

বস্ত্র, ন. [বস্‌+ত্র] পরিধানাদ্যুপযুক্ত কার্পা-সাদি নির্ম্মিত বস্ত্র, কাপড়, তৎপর্য্যায়। আচ্ছাদন, বাসঃ, চেল, বসন, অংশুক, সিচয়, প্রোত, নক্তক, কর্পট, শাটক, কশিপু, বাসন, দ্বিচয়, ছাদ, চ্ছাদন, বাস।

বস্ত্রকুট্টিম, ন. [বস্ত্র+কুট্টিম] ছত্র; বস্ত্রগৃহ, তাম্বু, তাঁবু।

বস্ত্রগৃহ, ন. [বস্ত্র+গৃহ] বস্ত্রনির্ম্মিতশালা, তাঁবু, তৎপর্য্যায়।—পটবাপ, পটময়, দুষ্য, স্থূল।

বস্ত্রগ্রন্থি, পুং. [বস্ত্র+গ্রন্থি] পরিধানবস্ত্রের গ্রন্থন, তৎপর্য্যায়।—উচ্চয়, নীবী।

বস্ত্রপঞ্জল, পুং. [বস্ত্র+পঞ্জল] কোলকন্দ।

বস্ত্রপুত্রিকা, স্ত্রী. [বস্ত্র+পুত্রিকা] বস্ত্রনির্ম্মিত পুত্তলিকা।

বস্ত্রভূষণ, পুং. [বস্ত্র+ভূষণ] শাকরুণ্ডবৃক্ষ।

বস্ত্রভেদক, পুং. [বস্ত্র+ভেদক] সূচীজীবী, দরজী। [দরজী।

বস্ত্রভেদী, পুং. [বস্ত্র+ভেদিন্‌] সূচীজীবী

বস্ত্রিক, ত্রি. [বস্ত্র+ইক] বৈতনিক; বেতন-ভোগী।

বস্ত্রভূষণা, স্ত্রী. [বস্ত্র+ভূষণা] মঞ্জিষ্ঠালতা।

বস্ত্রযোনি, স্ত্রী. [বস্ত্র+যোনি] বসনোৎ-পত্তি করণ। [রঙ্গ।

বস্ত্ররঞ্জন, পুং. [বস্ত্র+রঞ্জন] কুসুম্ভ; কুসুম-

বস্ত্রাগার, ন. [বস্ত্র+আগার] বস্ত্রগৃহ, তাঁবু।

বস্ত্বন্তর, ন. [বস্তু+অন্তর] অন্যবস্তু, ভিন্নদ্রব্য।

বস্ন, ন. [বস্‌+ন] বেতন; মূল্য; বসন; দ্রব্য; ধন; মৃতি; ত্বক্‌; (পুং.) মূল্য।

বস্নন, ন. [বস্ন+অন] কটিভূষণ, চন্দ্রহার, গোট।

বস্নসা, স্ত্রী. [বস্ন+অস-আ] শরীরস্থ ধাতু-বিশেষ, স্নায়ু।

বস্বৌকসারা, স্ত্রী. [বসু+ঔকসারা] ইন্দ্রপুরী; ইন্দ্রনদী, কুবেরপুরী; কুবের নদী।

বহ, পুং. [বহ+অ] বৃষস্কন্ধদেশ; ঘোটক; বায়ু; পন্থা, পথ; নদ।

বহত, পুং. [বহ+ত] বৃষ; পান্থ, পথিক।

বহতি, পুং. [বহ+তি] বায়ু; গাভী; সচিব;

বহতী, স্ত্রী. [বহ+তি+ঈ] নদী, তটিনী, সরিৎ।

বহতু, পুং. [বহ+তু] পথিক; বৃষভ, ষাড়।

বহন, ন. [বহ+অন] হোড়, হুড়ী ; ভেলক, ভেলা; লইয়া যাওন ; ধারণ।
বহনি, (প্রা) বহনের বেতন বা মূল্য।
বহনীয়, ত্রি. [বহ+অনীয়] বহনের যোগ্য, ভেলক, ভেলা।
বহন্ত, পুং. [বহ+অন্ত] বায়ু; (ত্রি.) বাল, বালক। [সমূহ।
বহর, (প্রা) জলোপরি ভাসমান পোত-
বহরা, (প্রা) বৃক্ষবিশেষ, বহেড়াগাছ।
বহল, পুং. [বহ+ল] পোত, নৌকা; (ত্রি.) দৃঢ়, শক্ত।
বহলগন্ধ, ন. [বহল+গন্ধ] শম্বরচন্দন।
বহলচক্ষুঃ, পুং. [বহল+চক্ষুস্] মেষশৃঙ্গী।
বহলত্বচ, পুং. [বহল+ত্বচ] শ্বেতলোধ্র।
বহলা, স্ত্রী. [বহল+আ]শতপুষ্পা; স্থূলৈলা, বড়এলাচ। [তটিনী।
বহা, স্ত্রী. [বহ+আ] নদী, সরিৎ, তরঙ্গিনী,
বহান, (প্রা) যাপন,ক্ষেপণ; প্রেরণ; চালান; যানাদি চালান।
বহি, (যাং) খাতা, ক্ষুদ্রপুস্তক, পুথী,লিপী।
বহিঃ, ব্য. [বহ+ইস্] বাহ্য, বহির্দ্দেশ।
বহিঃকুটীচর, পুং. [বহিস্+কুটীচর] কুলীর, কর্কট। [স্থিত।
বহিঃস্থ, ত্রি. [বহিস্+স্থা-অ] বাহ্যস্থ,বাহিরে
বহিত, ত্রি. [অব+হিত] অবহিত ; একমনা।
বহিত্র, ন. [বহি+ত্র] পোত, জলজান, তৎপর্য্যায়।—বার্বট, দাঁড়। [পাত্র।
বহিত্রক, ন. [বহিত্র+ক] জলযান, যান-
বহিনী, (প্রা) ভগিনী, স্বসা, বুন; নৌকা।
বহিরঙ্গ, (প্রা) অন্য, পর, অনাত্মীয়।
বহিরিন্দ্রিয়, ন.[বহিস্+ইন্দ্রিয়] কর্ম্মেন্দ্রিয়, হস্তপাদাদি।
বহির্দ্দেশ, পুং. [বহিস্+দেশ] বাহ্যস্থান, গৃহ হইতে পৃথক্ ভূমিখণ্ড; শৌচ প্রস্রাব পরিত্যাগের স্থান।
বহির্দ্বার, ন. [বহিস্+দ্বার] তোরণ, বাহিরের দরজা
বহির্দ্বারপ্রকোষ্ঠক, ন. [বহিস্+দ্বার-প্রকোষ্ঠক] গৃহদ্বার হইতে বহিঃপ্রকোষ্ঠ, তৎপর্য্যায়।—প্রঘাণ, প্রঘণ, লিন্দ।

বহির্বাসঃ, ন. [বহিস্+বাস] কৌপীনাচ্ছাদন, বাহ্যবসন, সন্ন্যাসি প্রভৃতির আচ্ছাদন।
বহির্ভূত, ত্রি. [বহিস্+ভূত] বহির্গত, নিঃসারিত।
বহির্মুখ, ত্রি. [বহিস্+মুখ] বিমুখ, মুখফিরাওন ; ব্যতিরেক, বিনা।
বহিশ্চর, পুং. [বহিস্+চর] কর্কট, কুলীর, কাঁকড়া।
বহিষ্করণ, ন. [বহিস্+করণ] নিরাকরণ, নিঃসারণ, দূরীকরণ।
বহিস্তন. ন. [বহিস্+তন] উপরিভাগ; বাহ্য; বহির্দ্দেশ; বহির্ভাগস্থ।
বহিস্ত্বক্, ন. [বহিস্+ত্বক্] উত্তরীয় বস্ত্র; মাংস; চর্ম্ম
বহী, (যাং) পুস্তক, খাতা।
বহীকার, (যাং) বহীকারক, খাতাকার, দপ্তরী।
বহু, ত্রি. [বহ+উ] ত্র্যাদিসংখ্যা, অনেক; বিপুল, তৎপর্য্যায়।—প্রভূত, প্রচুর, প্রাজ্য, অদভ্র, বহুল, পুরুহ, পুরু, ভূয়িষ্ঠ, স্ফির, ভূয়, ভূরি; তদ্বৈদিকপর্য্যায়।—উরু, ওবি, পুরু, ভূরি, শশ্বৎ, বিশ্ব, পরিণসা, ব্যানসি, শত, সহস্র, সলিল, কুবিৎ।
বহুক, পুং. [বহু+ক] কর্কট, কাঁকড়া; অর্ক; দাত্যুহ, পাণিকৌড়ী ; জলখাতক।
বহুকণ্টক, পুং. [বহু+কণ্টক] ক্ষুদ্রগোক্ষুর লতা; যবাস; হিন্তাল; হেঁতালগাছ।
বহুকণ্টকা, স্ত্রী. [বহু+কণ্টক-আ] অগ্নিদমনী
বহুকণ্টা, স্ত্রী. [বহু+কণ্টা] কণ্টকারীবৃক্ষ।
বহুকন্দ, পুং. [বহু+কন্দ] শূরণ, ওল।
বহুকন্দা, স্ত্রী. [বহু+কন্দ-আ] কর্কটী, কাঁকড়া।
বহুকর, পুং. [বহু+কর] উষ্ট্র, উট; (ত্রি.) মার্জ্জনকরী, তৎপর্য্যায়।—খলপূ, ভূমিসম্মার্জ্জক; বহুকার্য্য কর্ত্তা।
বহুকরী, স্ত্রী. [বহু+করী] সম্মার্জ্জনী,খাজরা, ঝাঁটা।

বহুকর্ণিকা, স্ত্রী. [বহু+কর্ণিকা] আখুকর্ণী, ইঁদুরকানী গাছ।

বহুকালিক, ত্রি. [বহু+কালিক] বহুকাল স্থায়ী, প্রাচীন, পুরাতন।

বহুকালীন, ত্রি. [বহু+কালীন] বহু কাল-বর্ত্তী, প্রাচীন; অনেক কাল ব্যাপী।

বহুকূর্চ্চ, পুং. [বহু+কূর্চ্চ] মধু নারিকেরিক, সুমিষ্ট নারিকেল।

বহুগন্ধ, ন. [বহু+গন্ধ] ত্বচ, ছাল; (পুং.) কুন্দুরুকনামে সুগন্ধি দ্রব্য।

বহুগন্ধদা, স্ত্রী. [বহু+গন্ধ-দা] কস্তূরী, মৃগ-মদ।

বহুগন্ধা, স্ত্রী. [বহু+গন্ধা] চম্পকলি, চাঁপার-কলিকা; যূথিকা; কৃষ্ণজীরক, কেলে-জিরে।

বহুগর্হ্যবাক্, ত্রি. [বহু+গর্হ্য-বাচ্] কুৎসিত বহুভাষী, বাচালতাকরণ।

বহুগুণা, (প্রা) পিত্তলময় পাক পাত্রবিশেষ।

বহুগ্রন্থি, পুং. [বহু+গ্রন্থি] ঝাবুক, ঝাউ-গাছ।

বহুচ্ছিন্না, স্ত্রী. [বহু+ছিন্না] কন্দগুড়ূচী।

বহুতঃ, ব্য. [বহু+তস্] বহুভা, অনেক হই-তে; বহুপ্রকারে, বিস্তররূপে।

বহুতন্ত্রি-বহুতন্ত্রী-বহুতন্ত্রীক, ত্রি. [বহু+তন্ত্রি] বহু তন্ত্রবিশিষ্ট।

বহুতরকণিশ, পুং. [বহুতর+কণিশ] রাগী-ধান্য।

বহুতা, স্ত্রী. [বহু+ত-আ] বহুত্ব, বাহুল্য, [প্রাচুর্য্য।

বহুতিক্তা, স্ত্রী. [বহু+তিক্তা] কাকমাচী লতা।

বহুতিথ, ত্রি. [বহু+তিথ] বিস্তর, প্রচুর, বহুরপুরণ।

বহুত্র, ব্য. [বহু+ত্র] বহুস্থানে, অনেক স্থানে।

বহুত্ব, ন. [বহু+ত্ব] অনেকত্ব, প্রাচুর্য্য, বাহুল্য।

বহুত্বক্, পুং. [বহু+ত্বচ্] ভূর্জ্জবৃক্ষ, ভূর্জ্জ-পত্রের গাছ।

বহুত্বক, পুং. [বহু+ত্বচ্-ক] ভূর্জ্জবৃক্ষ, ভূর্জ্জ-পত্রের গাছ। [বিশিষ্ট।

বহুদণ্ডিক, ত্রি. [বহু+দণ্ডিক] বহু দণ্ড-

বহুদর্শক, ত্রি. [বহু+দর্শক] বহুদর্শী, জ্ঞানী, প্রাজ্ঞ।

বহুদর্শিতা, স্ত্রী. [বহু+দর্শিতা] বহুদর্শিত্ব, জ্ঞানিত্ব, বিজ্ঞতা।

বহুদর্শী, ত্রি. [বহু+দর্শিন্] নানাবিষয় দ্রষ্টা, বহুজ্ঞ।

বহুদুগ্ধ, পুং. [বহু+দুগ্ধ] গোধূম, গম।

বহুদুগ্ধা, স্ত্রী. [বহু+দুগ্ধা] বহুক্ষীরাগাভী, বহুদুগ্ধবতী গরু, তৎপর্য্যায়।—বঞ্জুলা।

বহুদুগ্ধিকা, স্ত্রী. [বহু+দুগ্ধিকা] স্নুহীবৃক্ষ, সিজগাছ।

বহুধা, ব্য. [বহু+ধা] বহু প্রকার, অনেক প্রকার, নানাবিধ, বহুবিধ, বিবিধ।

বহুধার, ন. [বহু+ধার] বজ্র, অশনি, বাজ।

বহুনাড়িক, ত্রি. [বহু+নাড়িক] কায়, গাত্র, দেহ।

বহুনাড়ীক, ত্রি. [বহু+নাড়ীক] দিবস, দিবা; স্তম্ভ, থাম।

বহুনাদ, পুং. [বহু+নাদ] শঙ্খ, কম্বু, শাঁখ।

বহুপটু, ত্রি. [বহু+পটু] ঈষদূন পটু; বহু-কর্ম্মে দক্ষ।

বহুপত্র, ন. [বহু+পত্র] অভ্রক, অভ্র; (পুং.) পলাণ্ডু, পেঁয়াজ; (ত্রি.) অনেক পত্র-যুক্ত।

বহুপত্রা, স্ত্রী. [বহু+পত্রা] তরুণীপুষ্প।

বহুপত্রিকা, স্ত্রী. [বহু+পত্রিকা] ভূম্যামলকী; ভুঁই আমলকী; মেথিকা, মেথী; মহা-শতাবরী।

বহুপত্রী, স্ত্রী. [বহু+পত্রী] লিঙ্গিনী নামে লতাবিশেষ, (হিং) পঞ্চগুরিয়া; গৃহ-কন্যা, ঘৃতকুমারী; তুলসী; জতুকা; বৃহতী; গোরক্ষ দুগ্ধা।

বহুপর্ণ, পুং. [বহু+পর্ণ] সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিম-গাছ; (ত্রি.) অনেক পত্রযুক্ত।

বহুপর্ণিকা, স্ত্রী. [বহু+পর্ণিকা] আখুকর্ণী, ইঁদুরকাণীগাছ।

বহুপর্ণী, স্ত্রী. [বহু+পর্ণ-ঈ] মেথিকা, মেথী।

বহুপাৎ, পুং. [বহু+পাদ্] বটবৃক্ষ, বট-গাছ; বরণ।

বহুপাদ, পুং. [বহু+পাদ] বটবৃক্ষ, বটগাছ; বরুণ।

বহুপুত্র, পুং. [বহু+পুত্র] সপ্তপর্ণ, ছাতিমগাছ; (ত্রি.) অনেক সুতবিশিষ্ট।

বহুপুত্রী, স্ত্রী. [বহু+পুত্র-ঈ] শতমূলীলতা; বহুসুতযুক্তাস্ত্রী।

বহুপুষ্প, পুং. [বহু+পুষ্প] পারিভদ্রবৃক্ষ, নিমগাছ।

বহুপুষ্পক, পুং. [বহু+পুষ্পক] অনেক পুষ্পযুক্ত; পারিভদ্র বৃক্ষ।

বহুপুষ্পিকা, স্ত্রী. [বহু+পুষ্পিকা] ধাতকী, ধাইফুল।

বহুপ্রজ. পুং. [বহু+প্রজ] মুঞ্জতৃণ; শূকর; (ত্রি.) অনেক প্রজাবিশিষ্ট।

বহুপ্রতিজ্ঞ, ত্রি. [বহু+প্রতি-জ্ঞ] অনেক পদসংকীর্ণ পূর্ব্ব পক্ষবিশিষ্ট ব্যবহার; (ত্রি.) অনেক বিষয়ক প্রতিজ্ঞাযুক্ত।

বহুপ্রদ, ত্রি. [বহু+প্রদ] প্রচুরদাতা, তৎপর্য্যায়।—বদান্য, স্থূললক্ষ্য, দানশৌণ্ড, স্থূললক্ষ, দানবীর, দানপূর্ণ।

বহুপ্রসু, স্ত্রী. [বহু+প্রসু] বহু সন্তান প্রসব কারিণী, তৎপর্য্যায়।—কৃমিলা।

বহুপ্রসূতা, স্ত্রী. [বহু+প্রসূতা] বহুফলা, অনেক সন্তান প্রসবকারিণী।

বহুফল, পুং. [বহু+ফল] কদম্বৃক্ষ; বিকঙ্কত; তেজঃফল।

বহুফলা, স্ত্রী. [বহু+ফল-আ] ক্ষবিকা, বৃহতীবিশেষ; মাষপর্ণী; কাকমাচী; ত্রপুসী; শশাণ্ডুলী, কর্কটীবিশেষ; ক্ষুদ্রকারবেল্লী, ছোটকরলা; ভূমি আমলকী।

বহুফলিকা, স্ত্রী. [বহু+ফলিকা] ভূবদরী।

বহুফলী, স্ত্রী. [বহু+ফলী] মৃগের্ব্বারু, শ্বেতেন্দ্রবারুণী. (হিং) সিঁধিনী; আমলকী।

বহুফেনা, স্ত্রী. [বহু+ফেনা] সাতলা, চর্ম্মকষা।

বহুবল, পুং. [বহু+বল] সিংহ; (ত্রি.) অতিশয় বলযুক্ত; অনেক সৈন্যযুক্ত।

বহুবল্ক, পুং. [বহু+বল্ক] প্রিয়ালবৃক্ষ।

বহুবচন, ন. [বহু+বচন] বহুসংখ্যাবিশেষ।

বহুবল্লী, স্ত্রী. [বহু+বল্লী] ডোডিক্ষুপ।

বহুবার-বহুবারক, পুং. [বহু+বার-ক] বৃক্ষবিশেষ, বহুবার, চাকুলিয়াগাছ, তৎপর্য্যায়।—শেলু, শীত, শ্লেষ্মাত, শ্লেষ্মাতক, উদ্দালক, সেলু।

বহুবিধ, ত্রি. [বহু+বিধ] নানাপ্রকার, অনেক প্রকার, তৎপর্য্যায়।—বিবিধ, নানারূপ, পৃথগ্বিধ।

বহুবিস্তীর্ণা, স্ত্রী. [বহু+বিস্তীর্ণা] কুটিকাবৃক্ষ, কুচ্‌ইগাছ।

বহুবীজ, ন. [বহু+বীজ] গণ্ডগাত্র, আতাফল।

বহুবীর্য্য, পুং. [বহু+বীর্য্য] বিভীতকবৃক্ষ; তণ্ডুলীয়শাক; শাল্মলীবৃক্ষ, শিমুলগাছ; মরুবক।

বহুবীর্য্যা, স্ত্রী. [বহু+বীর্য্যা] ভূমীআমলকী।

বহুব্রীহি, পুং. [বহু+ব্রীহি] ষট্‌সমাসান্তর্গত সমাসবিশেষ, ইহার সাঙ্কেতিক নাম হ, উত্তরপদ প্রধান সমাস; (ত্রি.) প্রচুর ধান্যযুক্ত।

বহুভার্য্য, পুং. [বহু+ভার্য্যা] অনেক স্ত্রীযুক্ত, বহুবনিতা বিশিষ্ট; কুক্কুট।

বহুভাষিতা, স্ত্রী. [বহু+ভাষিতা] বাচালতা, বাবদূকতা।

বহুভাষী, পুং. [বহু+ভাষিন্] বাচাল, বাবদূক।

বহুমঞ্জরী, স্ত্রী. [বহু+মঞ্জরী] তুলসী।

বহুমল, পুং. [বহু+মল] সীসক, সীসা; (ত্রি.) অনেকমলযুক্ত।

বহুমার্গ, ন. [বহু+মার্গ] চত্বর, চতুষ্পথ, চৌমাথা; (ত্রি.) অনেক পথযুক্ত।

বহুমূত্র, ন. [বহু+মূত্র] রোগবিশেষ, প্রস্রাব বৃদ্ধির পীড়া।

বহুমূর্ত্তি, স্ত্রী, [বহু+মূর্ত্তি] বনকার্পাস; নানা প্রকার; অনেক রূপ, বহুরূপ।

বহুমূর্দ্ধা, পুং. [বহু+মূর্দ্ধন্] বিষ্ণু, নারায়ণ; অনেক মস্তকযুক্ত।

বহুমূল, পুং. [বহু+মূল] ইক্কট; শিগ্রু; স্থূলসর; (ত্রি.) অনেক মূলযুক্ত।

বহুমূলক, ন. [বহু+মূলক] উশীর; (পুং.) ইক্কট।

বহুমূলা, স্ত্রী. [বহু+মূলা] শতাবরী।

বহুমূলী, স্ত্রী. [বহু+মূলী] মাকন্দী।

বহুমূল্য, ত্রি. [বহু+মূল্য] মহার্ঘবস্তু, আক্রেয়, আক্রা, তৎপর্য্যায়।—মহাধন।

বহুরন্ধ্রিকা, স্ত্রী. [বহু+রন্ধ্রিকা] মেদানামে ঔষধিবিশেষ।

বহুরসা, স্ত্রী. [বহু+রসা] মহাজ্যোতিষ্মতী।

বহুরুহা, স্ত্রী. [বহু+রুহা] কন্দগুড়ূচী।

বহুরূপ, পুং. [বহু+রূপ] সর্জরস, ধুনা; শিব; বিষ্ণু; কামদেব; সরট, কাকলাস; ব্রহ্মা; কেশ; বুদ্ধবিশেষ; (ত্রি.) নানা রূপযুক্ত।

বহুরূপক, পুং. [বহু+রূপক] জাহক জন্তু।

বহুরূপা, স্ত্রী. [বহু+রূপা] দুর্গা, ভগবতী; নানা বর্ণা।

বহুরূপী, ত্রি. [বহু+রূপিন্] নানাবেশ ধারী; কাঁকলাস; সর্পবিশেষ।

বহুরেখা, স্ত্রী. [বহু+রেখা] প্রচুর দীর্ঘচিহ্ন, অনেক দাগ। [পতি।

বহুরেতঃ, পুং. [বহু+রেতস্] ব্রহ্মা, প্রজা-

বহুরোমা, পুং. [বহু+রোমন্] মেষ; (ত্রি.) লোমশ, অনেক লোমযুক্ত।

বহুল, পুং. [বহু+ল] অগ্নি; কৃষ্ণপক্ষ; (ন.) আকাশ; সিতমরীচ; (ত্রি.) প্রচুর, অনেক; কৃষ্ণবর্ণ; কৃষ্ণপক্ষ। [ইচ।

বহুলগন্ধা, স্ত্রী. [বহুল+গন্ধা] এলা, এলা-

বহুলচ্ছদ, পুং. [বহুল+ছদ] রক্তশিগ, রক্তবর্ণ সজিনাগাছ।

বহুলবণ, ন. [বহু+লবণ] ঔষরক, মৃত্তিকালবণ, খারীলোণ।

বহুলা, স্ত্রী. [বহুল+আ] নীলিকা, নীলসিন্দুবার; এলা, এলাইচ; গাভী; দেবী বিশেষ। [স্ত্রীসমূহ।

বহুলাঃ, স্ত্রী. [বহুল+আ] কৃত্তিকানক্ষত্র;

বহুলীকৃত, ত্রি. [বহুলী+কৃত] অপনীততুষ ধান্যাদি, বওলান, তৎপর্য্যায়।—পূত; অনেক গুণকরা; প্রচুর, যথেষ্ট, বিস্তার কৃত।

বহুশঃ, ব্য. [বহু+শস্] বহুন্, অনেকবার, অনেক প্রকার।

বহুশত্রু, পুং. [বহু+শত্রু] চটক, চড়া; অনেক বৈরী।

বহুশল্য, ত্রি. [বহু+শল্য] রক্তখাদির; (ত্রি.) অনেক শল্যযুক্ত।

হুশাল, পুং. [বহু+শাল] স্নুহী, সিজগাছ।

হুশিখা, স্ত্রী. [বহু+শিখা] জলপিপ্পলী; অনেক শিখা।

হুসন্ততি, পুং. [বহু+সন্ততি] ব্রহ্মযষ্টি; বেড়ুবাঁশ; (ত্রি.) অনেক সন্তানযুক্ত।

হুসম্পুট, পুং. [বহু+সম্পুট] বিষ্ণুকন্দ।

হুসার, পুং. [বহু+সার] খদির, খএর।

হুসুতা, স্ত্রী. [বহু+সুতা] শতমূলীলতা; অনেক কন্যা।

বহুসূ, স্ত্রী. [বহু+সূ] শূকরী; বহুপ্রসবা।

বহুসূতি, স্ত্রী. [বহু+সূতি] বহুবৎসাগাভী; বহু সন্তানপ্রসবা।

বহুস্রবা, স্ত্রী. [বহু+স্রব-আ] শল্লকীবৃক্ষ; অনেক রক্ষণশীলা।

বহুস্বন, পুং. [বহু+স্বন] পেচক, পেচা; (ত্রি.) অনেক শব্দযুক্ত।

বহুস্বামিক, ত্রি. [বহু+স্বামিক] সাধারণ, যাহাতে অনেকের স্বত্ব আছে।

বহুস্ত্রীক, পুং. [বহু+স্ত্রীক] অনেক স্ত্রীযুক্ত, বহুবনিতাবিশিষ্ট।

বহেড়ুক, পুং, [বহেড়+উক] বিভীতকবৃক্ষ, বহেড়াগাছ।

বহ্নি, পুং. [বহ+নি] চিত্রক; ভল্লাতক, ভেলা; নিম্বুক; রেফ; অগ্নি। [ফুল।

বহ্নিকরী, স্ত্রী. [বহ্নি+করী] ধাত্রীশ্বরী, ধাই-

বহ্নিকাষ্ঠ, ন. [বহ্নি+কাষ্ঠ] দাহাগুরু।

বহ্নিগন্ধ, পুং. [বহ্নি+গন্ধ] যক্ষধুপ, ধুনা।

বহ্নিগর্ভ, পুং. [বহ্ন+গর্ভ] বংশ, বেণু, বাঁশ।

বহ্নিগর্ভা, স্ত্রী. [বহ্ন+গর্ভা] শমীবৃক্ষ, শাঁইগাছ।

বাহ্নচক্রা, স্ত্রী. [বাহ্ন+চক্রা] কালকারীবৃক্ষ।

বহ্নিজ্বালা; স্ত্রী. [বহ্নি+জ্বালা] ধাতকীবৃক্ষ; অগ্নির শিখা। [কুপ।

বহ্নিদমনী, স্ত্রী. [বহ্নি+দমনী] অগ্নিদমনী

বহ্নিদীপক, পুং. [বহ্নি+দীপক] কুসুম্ভ, কুসুমফুল।

বহ্নিদীপিকা, স্ত্রী. [বহ্নি+দীপিকা] অজমোদা, যমানিকা, যউন্।

বহ্নিনামা, পুং. [বহ্নি+নামন্] চিত্রকবৃক্ষ, চিতাগাছ; ভল্লাতক, ভেলা।

বহ্নিনী, স্ত্রী. [বহ্নিন+ঈ] জটামাংসীনামে ঔষধিবিশেষ।

বহ্নিপুষ্পী, স্ত্রী. [বহ্নি+পুষ্পী] ধাতকীবৃক্ষ।

বহ্নিবধূ, স্ত্রী. [বহ্নি+বধূ] স্বাহা।

বহ্নিবর্ণ, ন. [বহ্নি+বর্ণ] রক্তোৎপল, রাঙ্গা-সুঁদী; অগ্নিবর্ণ; শোণবর্ণ; রক্তবর্ণ।

বহ্নিবল্লভ, পুং, [বহ্নি+বল্লভ] সর্জ্জরস, ধুনা, শালগাছের আটা।

বহ্নিবীজ, ন. [বহ্নি+বীজ] রংবীজ; নিম্বুক; স্বর্ণ। [আজ্য।

বহ্নিভোগ্য, ন. [বহ্নি+ভোগ্য] ঘৃত, হবিঃ,

বহ্নিমন্থ, পুং. [বহ্নি+মন্থ] গণিকারিকাবৃক্ষ, গণেরীগাছ; অগ্নিমন্থ।

বহ্নিমারক, ন, [বহ্নি+মারক] জল, সলিল, উদক। [পবন।

বহ্নিমিত্র, পুং. [বহ্নি+মিত্র] বায়ু, অনিল,

বহ্নিমুখ, পুং. [বহ্নি+মুখ] দেবতা, অসুর, অমর। [দেব।

বহ্নিরেতাঃ, পুং. [বহ্নি+রেতস্] শিব, মহা-

বহ্নিলোহক, ন. [বহ্নি+লোহ] কাংস্য, কাঁসা; তাম্র। [কুঙ্কুম।

বহ্নিশিখ, ন. [বহ্নি+শিখ] কুসুম্ভ, কুসুমফুল;

বহ্নিশিখা, স্ত্রী, [বহ্নি+শিখা] কলিনী; কলিকারী, গণিকারিবৃক্ষ; ধাতকীবৃক্ষ, ধাঁই-ফুলের গাছ; অগ্নিশিখা।

বহ্নিসংজ্ঞক, পুং. [বহ্নি+সংজ্ঞক] চিত্রকবৃক্ষ, চিতাগাছ। [বায়ু।

বহ্নিসখ, পুং. [বহ্নি+সখা] জীরক, জীরা;

বহ্য, ন. [বহ্+য] বাহন; শকট, গাড়ি।

বহ্যা, স্ত্রী. [বহ্য+আ] মুনিপত্নী; বহু সন্তান-যুক্ত।

বহ্বপত্য, পুং. স্ত্রী. [বহু+অপত্য] শূকর; মূষক, মূষিক, ইন্দুর; (ত্রি.) বহু সন্তান-যুক্ত।

বহ্বাশ, ত্রি. [বহু+আশা] বহু বাঞ্ছান্বিত; অতৃপ্ত

বহ্বাশা, স্ত্রী. [বহু+আশা] বহুবাঞ্ছা, অনেক আকাঙ্ক্ষা।

বহ্বাশী, ত্রি. [বহু+আশিন্] বহুভোজনশীল; বহ্বাশাবিশিষ্ট।

বহ্বৃক্, স্ত্রী. [বহু+ঋচ্] ঋগ্বেদ; (ন.) সূক্ত। [পত্নী।

বহ্বৃচী, স্ত্রী. [বহু+ঋচ্+ঈ] ঋগ্বেদবেত্তার

বক্ষঃ, ন. [বচ+সস্] অঙ্গবিশেষ, হৃদয়, উরঃস্থল, বুক, তৎপর্য্যায়।—ভুজান্তর, ক্রোড়, উরঃ, বৎস, অঙ্ক, উৎসঙ্গ, বক্ষণ, গণপীঠক। [উরঃ।

বক্ষণ, ন. [বক্ষ + অন] বক্ষঃ, হৃদয়,

বক্ষোজ, ন. [বক্ষস্+জ] স্তন, পয়োধর।

বক্ষোরুহ, পুং. [বক্ষস্+রুহ্] স্তন, পয়োধর।

বক্ষ্যমাণ, ত্রি [বচ+স্যমান] ভবিষ্যৎ কথনীয় বিষয়, পশ্চাৎ কথিতব্য, পশ্চাৎ বক্তব্য এবং বর্ত্তমান বিষয়কে।

বা, বা. উপমা; বিকল্প; বিতর্ক; পাদপূরণ; সমুচ্চয়; এবার্থ। (ন.) জল।

বাই, (প্রা) বায়ুরোগ, উন্মাদ; অনিঃ নর্ত্তকীবিশেষ।

বাইচ, (প্রা) নৌকার পরিচালনবিশেষ।

বাইন, (প্রা) মৎস্যবিশেষ।

বাইনশাল, (প্রা) ইক্ষুরসাদিসম্ভূত, গুড়, প্রস্তুতকরণালয়।

বাইনাচ, (প্রা) নৃত্যবিশেষ।

বাইশ, (প্রা) কুঠারবিশেষ; দ্বাবিংশ সংখ্যা; বিস্ময় প্রকাশক উক্তি।

বাউড়া, (প্রা) ক্ষিপ্ত, পাগল; অকর্ম্মণ্য।

বাউনিয়া, (প্রা) খর্ব্ব, খাট, বামন।

বাউল, (প্রা) ক্ষিপ্ত, পাগল; সঙ্গীতকারক; গৌরাঙ্গের ভক্তবিশেষ।

বাওলান, (প্রা) শস্যউড়ান, উঁচলান।

বাংশ, ত্রি. [বংশ+অ] বংশসম্বন্ধীয়; বংশ-নির্ম্মিত।

বাংশিক, ত্রি. [বংশ+ইক] বংশসম্বন্ধীয়; বংশীবাদক, বাঁশী বাজানিয়া।

বাংশী, স্ত্রী. [বাংশ+ঈ] ঔষধবিশেষ, বংশরোচনা, বংশলোচন।

বাঁ, (প্রা) সব্য, বাম।

বাঁউ, (প্রা) ব্যাম, বাউঁ পরিমাণ।

বাঁউড়ী, (প্রা) স্ত্রীলোকের করভূষণবিশেষ।

বাঁউনী, (প্রা) মকরসংক্রান্তির পূর্ব্ব দিন।

বাঁও, (প্রা) ব্যাম, যুগ; ধনুঃ।

বাঁওড়, (প্রা) বাঁক; বৃহৎ জলাশয়।

বাঁক, (প্রা) জলআনয়নার্থ শিকাবদ্ধ যোয়ালি; নদীর বক্রগতি; বক্র, বাঁকা।

বাঁকুড়া, (প্রা) নির্লজ্জ; দুরন্ত, দুষ্ট।

বাঁকন, (প্রা) বক্রহওন; নম্রহওন।

বাঁচন, (প্রা) জীবনধারণ, প্রাণ রক্ষাকরণ।

বাঁচা, (প্রা) রক্ষা; জীবিত, সজীব।

বাঁচাও, (প্রা) রক্ষা, নিস্তার, পরিত্রাণ।

বাঁচান, (প্রা) জীবন রক্ষাকরণ, প্রাণদান।

বাঁঝা, (প্রা) বন্ধ্যা, অফল।

বাঁট, (প্রা) বণ্টন, বিভাগ; পশুর স্তন।

বাঁটখারা, (প্রা) পরিমাণ দ্রব্য, চক।

বাঁটন, (প্রা) বণ্টন, বিভাগকরণ, বিলিকরণ।

বাঁটা, (প্রা) বণ্টন, বিভাগ; ব্যাজ।

বাঁটিয়া, (প্রা) বামন, খর্ব্ব, হ্রস্বাঙ্গ।

বাটুল, (প্রা) বর্ত্তুলাকার ক্ষুদ্রবস্তু, গুলি।

বাঁটোয়ারা, (প্রা) বিভাগ লিপি, ভাগলেখ্য, অংশনির্ণয় পত্র।

বাঁটা, (প্রা) ব্যাজ; বৃদ্ধি, সুদ।

বাঁঠিয়া, (প্রা) বামন, খর্ব্ব, খাট।

বাঁড়িয়া, (প্রা) পুচ্ছহীন, লাঙ্গুলরহিত, বণ্ড।

বাঁদর, (প্রা) মর্কট, কপি, শাখামৃগ।

বাঁধ, (প্রা) বন্ধন, সেতু, আলি, রোধ।

বাঁধন, (প্রা) বন্ধন; অবরোধন।

বাঁধনী, (প্রা) আটনী, কথার ঐক্য।

বাঁধা, (প্রা) বন্ধনকরণ; বন্ধক, আধি; রোধকরণ, আটককরণ।

বাঁধান, (প্রা) বন্ধনকরণ, বান্ধিয়া দেওন।

বাঁধাল, (প্রা) সেতু, বাঁধ, আল, জাঙ্গাল।

বাঁশ, (প্রা) বংশ, বেণু।

বাঁশপাতা, (প্রা) বংশের পত্র; পক্ষীবিশেষ;

বাঁশী, (প্রা) বংশী, মুরলী।

বাঃকিটি, পুং. [বার্+কিটি] শিশুমার, শুশুক; জলশূকর।

বাঃপুষ্প, ন. [বার্+পুষ্প] লবঙ্গ।

বাঃসদন, ন. [বার্+সদন] জলাধার, জলাশয়।

বাক, ত্রি. [বক+অ] বকসম্বন্ধীয়, বক সম্পর্কীয়।

বাকল, (প্রা) বল্কল, বৃক্ষত্বক্; চর্ম্ম, ছাল।

বাকস, (প্রা) বৃক্ষবিশেষ।

বাকী, (যাং) বক্রী, অবশেষ।

বাকুচী, স্ত্রী. [বাকুচ+ঈ] বৃক্ষবিশেষ, হাকুচ, তৎপর্য্যায়।—সুবল্লিকা, সিতা, সিতাবরী, চন্দ্রলেখা, চন্দ্রী, সুপ্রভা, কুষ্ঠহন্ত্রী, কাম্বোজী, পূতিগন্ধা, বল্গুলা, চন্দ্ররাজী, ত্বগ্দোষাপহা, চন্দ্রপ্রভা, কান্তিদা, অবল্গুজা, সোমরাজী, সুপর্ণিকা, শশিলেখা, কৃষ্ণফলা, সোমা, পূতিফলী, সোমবল্লী, কালমেষী, কুষ্ঠঘ্নী।

বাকুল, ন. [বকুল+অ] বকুলফুল; বকুল বীজ।

বাক্, স্ত্রী. [বচ] বাক্য, কথা, উক্তি; সরস্বতী।

বাক্কলহ, ন. [বাক্+কলহ] বাক্যদ্বারা বিবাদ, ঝকড়া, কলহ, কচকচি, বকাবকি।

বাক্কীর, পুং. [বাক্+কীর] শ্যালক, শ্যালা।

বাক্চাতুরী, স্ত্রী. [বাক্+চাতুরী] বাক্যদ্বারা চতুরতা, কথার ভঙ্গি।

বাক্চাপল্য, ন. [বাক্+চাপল্য] বাক্যের দ্বারা চপলতাকরণ।

বাক্ছল, ন. [বাক্+ছল] বাক্যব্যাজ, কথার ছল; মিথ্যা কথন, ইহা ত্রিবিধ।—বাক্ছল, সামান্য ছল, উপচারছল।

বাক্পটু, ত্রি. [বাক্+পটু] মিষ্টভাষী, সৎকথক।

বাক্পতি, পুং. [বাক্+পতি] বৃহস্পতি, সুরাচার্য্য; (ত্রি.) উদ্দামবচন; অনবদ্যোদ্দামাদি পটুবচন; স্ববুদ্ধিদ্বারা বাক্যরচক; পটুবচন; ব্যক্তবাক্জন, তৎপ-

বাক্‌পারুষ্য, ন. [বাক্‌+পারুষ্য] অপ্রিয় বাক্যোচ্চারণ, কটূক্তি, গালাগালি; সপ্তধা ব্যসনান্তর্গত ব্যসনবিশেষ

বাক্‌প্রবন্ধ, ন. [বাক্‌+প্রবন্ধ] বাক্য বাহুল্য; বাক্য রচনা।

বাক্‌ব্যয়, পুং. [বাক্‌+ব্যয়] অনর্থক বাক্য প্রয়োগ, বৃথাকথন, মিথ্যা জল্পন।

বাক্‌যুদ্ধ, ন. [বাক্‌+যুদ্ধ] কলহ, ঝকড়া, বাক্যে বিবাদ।

বাক্‌লা, (প্রা) বৃক্ষত্বক, গাছেরছাল, বল্কল, বাকল।

বাক্লা, (প্রা) বৃক্ষবিশেষ।

বাক্‌সিদ্ধ, পুং. [বাক্‌+সিদ্ধ] বাক্যসাধন; সার্থক বাক্য।

বাক্য, ন. [বচ+য] পদসমুদায়, কথা, বচন; তিঙন্তচয়; সুবন্তচয়; কারকান্বিতাক্রিয়া।

বাক্যস্থ, ত্রি. [বাক্য+স্থ] কথনাভিপ্রেত, মুখস্থ, মৌখিক; কথার বশ

বাক্যার্থ, ন. [বাক্য+অর্থ] কর্ত্তা কর্ম্মাদিযুক্ত পদ সমূহের অর্থ, বাক্যের তাৎপর্য্য।

বাক্যালাপ, (প্রা) কথোপকথন, কথাবার্ত্তা।

বাখান, (প্রা) ব্যাখ্যা, অর্থকরা; তিরস্কার।

বাখারী, (প্রা) বংশোদ্ভব, শলাকা; চূর্ণবিশেষ।

বাগ্‌, (যাং) উদ্যান, বাগান।

বাগর, পুং. [বাক্‌+অর] বারক; শাণ; নির্ণয়; বাড়ব; বৃক, নেকড়িয়াবাগ; মুমুক্ষু; পণ্ডিত; পরিত্যক্ত ভয়, নির্ভয়।

বাগান, (প্রা) আয়ত্বকরণ, বশীভূতকরণ; (যাং) উদ্যান, উপবন।

বাগারু, ত্রি. [বাক্‌+আরু] আশাহন্তা, আশাভঞ্জক।

বাগাল, (প্রা) পশুরক্ষক, পশুচারক।

বাগাশনি, পুং. [বাক্‌+আশনি] বুদ্ধ।

বাগিচা, (যাং) উদ্যান, আরাম, উপবন।

বাগী, (প্রা) কুচকি, বাগি, ধামী, বেত্ররচিত পাত্রবিশেষ।

বাগীশ, পুং. [বাক্‌+ঈশ] বৃহস্পতি, সুরাচার্য্য; (ত্রি.) বাক্‌পতি, সুষ্টুবক্তা, বাক্য নিপুণ।

বাগীশা, স্ত্রী. [বাক্‌+ঈশা] সরস্বতী, বাণী, বাগ্‌দেবী।

বাগুজী, স্ত্রী. [বাক্‌+উজী] সোমরাজী।

বাগীশ্বর, পুং. [বাক্‌+ঈশ্বর] মঞ্জুঘোষ; (ত্রি.) বৃহস্পতি, বাক্যের অধিপতি।

বাগীশ্বরী, স্ত্রী. [বাক্‌+ঈশ্বরী] সরস্বতী, বাগ্‌দেবী।

বাগুণ, পুং. [বাক্‌+উণ] কর্ম্মরঙ্গ, কামরাঙ্গা ফল; বার্ত্তাকু, বেগুণ।

বাগুণিয়া, (প্রা) বার্ত্তাকুবর্ণবৎ, বেগুণিরং।

বাগুরা, স্ত্রী. [বা+গ-উরা] মৃগবন্ধনার্থ জালবিশেষ, ফাঁদ।

বাগুরিক, পুং. [বাগুরা+ইক] ব্যাধ, নিষাদ, পশুমারক।

বাগেবাগে, (প্রা) কৌশলে,ও দিগে এদিকে।

বাগেশ্বরী, (প্রা) সরস্বতী; রাগিণীবিশেষ।

বাগ্‌গুদ, পুং. [বাক্‌+গুদ] পক্ষীবিশেষ।

বাগ্‌গুলি, পুং. [বাক্‌+গুলি] তাম্বুলী, রাজাদের তাম্বুলদাতা।

বাগ্‌গুলিক, পুং. [বাক্‌+গুলিক] তাম্বূলদ, রাজাদিগের তাম্বুল দানকর্ত্তা।

বাগড়া, (প্রা) ব্যাঘাত, প্রতিবন্ধক।

বাগ্‌দণ্ড, পুং. [বাক্‌+দণ্ড] ভর্ৎসনা, বাক্যদ্বারা তাড়ন।

বাগ্‌দত্ত, ত্রি. [বাক্‌+দত্ত] বাক্যদ্বারা দানকরা।

বাগ্‌দত্তা, স্ত্রী. [বাক্‌+দত্তা] বাক্যদ্বারা পাত্রসাৎকৃতাকন্যা দানার্থ বাক্যে প্রতিশ্রুতা।

বাগ্‌দরিদ্র, ত্রি. [বাক্‌+দরিদ্র] মিতভাষী, পরিমিত বাক্য কথক, তৎপর্য্যায়।—বাগ্যা, অল্পভাষী।

বাগ্‌দল, ন. [বাক্‌+দল] ওষ্ঠাধর।

বাগ্‌দান, ন. [বাক্‌+দান] বাক্যদ্বারা বিবাহ নিশ্চয়করণ।

বাগ্‌দুষ্ট, পুং. [বাক্‌+দুষ্ট] ব্রাত্য; (ত্রি.) বাক্যদ্বারা অপবিত্রিত, দুষ্ট কথায় দূষিত।

বাগ্‌দেবতা, স্ত্রী. [বাক্‌+দেবতা] সরস্বতী, বাগ্‌দেবী

বাগ্দেবী, স্ত্রী. [বাক্+দেবী] সরস্বতী, বাণী ।

বাগ্বজ্র, ন. [বাক্+বজ্র] অভিশাপ; মন্যু; অমঙ্গল প্রার্থনা; ব্রাহ্মণ; রাজা ।

বাগ্বিদগ্ধ, ত্রি. [বাক্+বিদগ্ধ] সদ্বাক্য কথনে পণ্ডিত, সদ্বক্তা, বাগ্মী ।

বাগ্বিদগ্ধা, স্ত্রী. [বাক্+বিদগ্ধা] রসিকা, বক্র চাতুরীকরণে নিপুণা ।

বাগ্বৈদগ্ধী, (প্রা) বাক্চাতুরী, বাক্যদ্বারা চতুরতা ।

বাগ্মী, ত্রি. [বাক্+মিন্] বক্তা, পটু, বাবদূক, বাক্‌পটু; (পুং.) সুরাচার্য্য, বৃহস্পতি ।

বাগ্য, ত্রি. [বাচ+য] বাগ্দরিদ্র, পরিমিতভাষী; নির্ব্বেদ; কলা ।

বাগ্যত, ত্রি. [বাক্+যত] বাক্য সংযত, মৌনব্রতাবলম্বী ।

বাগ্যান, ত্রি. [বাক্+যান] অশক্ত্যাদি দ্বারা বাক্য প্রয়োগকর্ত্তা ।

বাগ্যুদ্ধ, পুং. [বাক্+যুদ্ধ] বাক্কলহ, বাক্য দ্বারা বিবাদ ।

বাঘ, (প্রা) শার্দ্দূল, ব্যাঘ্র ।

বাঘআঁক্‌ড়া-আঁচড়া, (প্রা) লতাবৃক্ষবিশেষ।

বাঘনখোশিন, (প্রা) শিম্বিকাবিশেষ ।

বাঘভেরাণ্ডা, (প্রা) এরণ্ডবৃক্ষবিশেষ ।

বাঘিনী (প্রা) ব্যাঘ্রী, ব্যাঘ্রের স্ত্রী ।

বাঘী, (প্রা) রোগবিশেষ । [নিধি ।

বাঙ্ক, পুং. [বঙ্ক+অ] সমুদ্র, সাগর, জল-

বাঙ্গলা, (প্রা) বঙ্গদেশ; তৃণাচ্ছাদিত গৃহবিশেষ; বঙ্গদেশ জাত ।

বাঙ্নিষ্ঠা, স্ত্রী. [বাক্+নিষ্ঠা] বাক্যের স্থিরতা, সত্যবাদিত্ব, যথার্থভাষিত্ব ।

বাঙ্নিষ্পত্তি, স্ত্রী. [বাক্+নিষ্পত্তি] বাক্য উচ্চারণ; উত্তর ।

বাঙ্মতী, স্ত্রী. [বাক্+মৎ-ঈ] নদীবিশেষ

বাঙ্ময়, ত্রি. [বাক্+ময়] বাক্যাত্মক, বাক্যস্বরূপ; শাস্ত্র ।

বাঙ্ময়ী, স্ত্রী. [বাক্+ময়-ঈ] সরস্বতী, বাগ্দেবী ।

বাঙ্মল, পুং. ন. [বাক্+মল] কটুবাক্য, কুৎসিত কথা ।

বাঙ্মুখ, ন. [বাক্+মুখ] উপন্যাস, উপকথা, গল্প ।

বাচ, পুং. [বচ+অ] মৎস্যবিশেষ, বাচা; বাক্য; সরস্বতী ।

বাচংযম, পুং. [বাচং+যম] মুনি; মৌনব্রতী ।

বাচক, পুং. [বচ+অক] শব্দ, তৎপর্য্যায় ।— অভিলাপ, আভিধা, অভিধান, ধ্বনি, হ্রাস, কুহরিত; কথক, পুরাণাদিপাঠক; বোধক ।

বাচড়া, (প্রা) পতিত ভূমি, পড়াজমী; ঘোটকের শাবক, ঘোড়ার বাচ্চা ।

বাচন, ন. [বাচ্+অন] পঠন; কথন; বাক্য ।

বাচনক, ন. [বচন+অক] প্রহেলিকা, হেঁয়ালী ।

বাচনিক, ত্রি. [বাচন+ইক] শাস্ত্রপ্রসিদ্ধ; বচন প্রমাণসিদ্ধ; মৌখিক ।

বাচস্পতি, পুং. [বাচস্+পতি] সুরগুরু, বৃহস্পতি, সুরাচার্য্য ।

বাচা, স্ত্রী. [বাচ+আ] বাক্য, বাক্, কথা ।

বাচাও, (প্রা) নির্ব্বাচিত; রক্ষণ; ব্যাখ্যা ।

বাচাট, ত্রি. [বাচ+অট] বাচাল, বহু কুৎসিতভাষী, জল্পাক, বাবদূক ।

বাচান, (প্রা) ব্যাখ্যাকরণ; রক্ষণ; প্রকাশন ।

বাচাল, ত্রি. [বাচ+অল] বহু কুৎসিতভাষী, তৎপর্য্যায় ।—জল্পাক, বাচাট ।

বাচালতা, স্ত্রী. [বাচাল+ত-আ] বাবদূকতা, বহুভাষিত্ব ।

বাচিক, ত্রি. [বচ+ইক] বাক্যদ্বারা কৃত, বাক্যজন্য; (পুং.) বাক্যারম্ভ, যথা ।— আলাপ, বিলাপ, সংলাপ, প্রলাপ, অনুলাপ, অপলাপ, সন্দেশ, অতিদেশিক, অপদেশ, উপদেশ, নির্দ্দেশ, ব্যপদেশক ।

বাচিকপত্র, ন. [বাচিক+পত্র] লিপি; সংবাদপত্র ।

বাচিকহারক, পুং. [বাচিক+হারক] লেখন, লিপি, লেখ্য ।

বাচিত, (প্রা) উক্ত; আদিষ্ট ।

বাচোযুক্তি, ত্রি. [বচস্+যুক্তি] বাগ্মী, বক্তা, বাক্‌পটু ।

বাচোযুক্তিপটু, ত্রি. [বাচস্ + যুক্তি-পটু] বাগ্মী, বক্তা, বাক্‌পটু।

বাচ্চা, (প্রা) শাবক; শিশু।

বাচ্য, ত্রি. [বচ+য] কুৎসিত, নিন্দিত; হীন; বচনার্হ, শক্য; (ন.) প্রতিপাদন; দূষণ।

বাছন, (প্রা) পৃথক্করণ, চুনন, নির্ব্বাচন।

বাছা, (প্রা) স্নেহপাত্র; শিশু; মনোনীত-করা; পৃথক্করা।

বাছাবাছা, (প্রা) পরপর শ্রেষ্ঠ, অত্যুৎকৃষ্ট।

বাছুর, (প্রা) গোবৎস, বৎসতর।

বাজ, ন. [বজ+অ] ঘৃত; যজ্ঞ; অন্ন; বারি, জল; (পুং.) শরপক্ষ; নিস্বন; পক্ষ; বেগ; মুনি; (যাং) পক্ষীবিশেষ, শ্যেন পক্ষী, শিক্‌রা পাখী।

বাজন, (প্রা) ক্বণন, শব্দহওন; ব্যথন; পীড়ন।

বাজনা, (প্রা) বাদ্যযন্ত্র, বাজা।

বাজন্দর, (প্রা) বাদ্যকর, বাদ্যবাদক।

বাজপেয়, ন. পুং. [বাজ + পেয়] যাগ-বিশেষ, শ্রৌতসপ্ত সংস্থান্তর্গত পঞ্চম যাগ।

বাজবহরী, (যাং) পক্ষীবিশেষ, বাজবৈরী।

বাজযাজী, পুং. [বাজ+যাজিন্] বাজপেয়, যজ্ঞকারী।

বাজভোজী, পুং. [বাজ+ভোজিন্] বাজ-পেয় যাগ।

বাজরা, (প্রা) বংশনির্ম্মিত বৃহৎ পাত্রবিশেষ; চেঙ্গড়া; শস্যবিশেষ।

বাজসনেয়, পুং. [বাজসন+এয়] জনমেজয় কৃত বেদার্থ গ্রন্থ।

বাজসনেয়ী, পুং. [বাজসনেয়+ইন্] যজু-র্ব্বেদী, যজুর্ব্বেদবেত্তা

বাজা, (প্রা) বাদ্য, বাজনা, বাদ্য যন্ত্র।

বাজাওয়ালা, (প্রা) বাদ্যকর; বাদ্যবাদক।

বাজার, (যাং) হট্ট, হাট।

বাজান, (প্রা) ঢক্কাদি বাদ্যবাদন; শব্দকরণ।

বাজিগন্ধা, স্ত্রী. [বাজিন্+গন্ধা] অশ্বগন্ধাবৃক্ষ

বাজিদন্ত, পুং. [বাজিন্+দন্ত] বাসকবৃক্ষ, বাকসগাছ।

বাজিদন্তক, পুং. [বাজিন্+দন্তক] বাসকবৃক্ষ, বাকসগাছ।

বাজিন, ন. [বাজ+ইন] আমিক্ষামস্ত,ছানার-জল।

বাজিনী, স্ত্রী. [বাজিন+ঈ] অশ্বগন্ধাবৃক্ষ; ঘোটকী, তৎপর্য্যায়।—বড়বা, বামী, প্রসূকা, আর্ত্তবী

বাজিন্, (প্রা) পক্ষী, বিহঙ্গ; ঘোটক।

বাজিপৃষ্ঠ, পুং. [বাজিন্+পৃষ্ঠ] অম্লানবৃক্ষ।

বাজিভক্ষ, পুং. [বাজিন্ + ভক্ষ] চণক, ছোলা, বুট; মাষ।

বাজিভোজন, পুং. [বাজিন্+ভোজন] মুদ্গ, মুগ কলাই।

বাজিমান্, পুং, [বাজিন্+মৎ] পটোল।

বাজিশালা, স্ত্রী. [বাজিন্ + শালা] ঘোটক গৃহ, আস্তবল, তৎপর্য্যায়।—মন্দুরা।

বাজী, পুং. [বাজ+ইন্] ঘোটক, অশ্ব; বাণ; পক্ষী; বাসক, বাকসগাছ; (যাং)কুহক, ভেল্কী।

বাজীকর, (যাং) ভেল্কীকারক, কুহকী।

বাজীকরণ, ন. [বাজী+করণ] বীর্য্যবৃদ্ধি-কর।

বাজু (প্রা) হস্তালঙ্কার বিশেষ; ব্যবধান ভিত্তি।

বাজুবন্ধ (প্রা) হস্তালঙ্কার বিশেষ।

বাঞ্ছন (প্রা) অভিলাষ করণ, ইচ্ছাকরণ; যাচন।

বাঞ্ছা, স্ত্রী. [বাঞ্ছ+আ] আত্মবৃত্তি গুণ বিশেষ, ইহা দ্বিবিধ যথা।—উপায়-বিষয়িণী, ফলবিষয়িণী, তৎপর্য্যায়।—ইচ্ছা, কাঙ্ক্ষা, স্পৃহা, ঈহা তৃট্, লিপ্সা, মনোরথ, কাম. অভিলাষ, তর্ষ, আ-কাঙ্ক্ষা, কান্তি, অগ্রচয়, দোহদ, আভি-লাষ, রুক্, রুচি, মতি, দোহল, ছন্দ।

বাঞ্ছিত, ত্রি. [বাঞ্ছ+ইত] অভিলষিত, আকাঙ্ক্ষিত।

বাঞ্ছিনী, স্ত্রী [বাঞ্ছা+ইন্-ঈ] বাঞ্ছনীয়া নারী, বাঞ্ছান্বিতা নারী, অভিলষণীয়া তৎপর্য্যায়।—লজ্জিকা, কলতুলিকা; (ত্রি.) বাঞ্ছনীয়মাত্র।

বাট, পুং. [বট+অ] মার্গ, পন্থা, পথ; বৃতি-স্থান।

বাটন (প্রা) মর্দ্দন, পেষণ, দলন।

বাটনী (প্রা) প্রেষণকারিণী।

বাটশৃঙ্খলা, স্ত্রী [বাট+শৃঙ্খলা] পথরোধক শৃঙ্খলা, পথরোধক শিকলী, তৎপর্য্যায়।—লম্ভা।

বাটা (প্রা) তাম্বূলাধার, তাম্বূল পাত্র।

বাটালী (প্রা) পাথুরা, কাষ্ঠ ছেদন করণার্থ অস্ত্রবিশেষ।

বাটিকা, স্ত্রী. [বাট+ইক-আ] বাস্তু, ক্ষুদ্র-বাটী; বাট্যালক বৃক্ষ, বেড়েলা গাছ; হিঙ্গুপত্রী।

বাটিয়া (প্রা) পট্ট নির্ম্মিত রজ্জু, বেটেদড়ী।

বাটী, স্ত্রী. [বাট+ঈ] বাট্যালক বৃক্ষ, বেড়েলাগাছ; কুটী; বাস্তু, ক্ষুদ্রবাটী, বাড়ী, বেশ্ম, ভূ, বাটিকা, গৃহ পোতক; (ত্রি.) বেষ্টিত স্থলভাগ।

বাটীদীর্ঘ, পুং. [বাটী+দীর্ঘ] ইৎকট বৃক্ষ, ইকড় গাছ।

বাটুয়া (প্রা) দস্যু, বোম্বেটিয়া; ক্ষীণ।

বাট্টক, ন. [বাট্ট+ক] ভৃষ্টযব, ভার্জা যব।

বাট্টা (প্রা) তাম্বূলাধার, পানেরবাটা; ব্যাজ; সুদ।

বাট্‌পাড় (প্রা) ডাকাইত, দস্যু; বোম্বেটিয়া, নাবিক তস্কর।

বাট্‌পাড়ী (প্রা) দস্যুতা বোম্বেটিয়াপনা।

বাট্যপুষ্পী, স্ত্রী. [বাট্যা+পুষ্পী] বাট্যালক বৃক্ষ, বেড়েলাগাছ; (ন.) চন্দন, কুঙ্কুম।

বাট্যা, স্ত্রী. [বাট্য+আ] বাট্যালকবৃক্ষ, বেড়েলাগাছ।

বাট্যাল, পুং. [বাট্যা+ল] বাট্যালক বৃক্ষ, বেড়েলাগাছ।

বাট্যালক, পুং. [বাট্যাল+ক] ক্ষুপবিশেষ, বাড়িয়ালা তৎপর্য্যায়।—শীতপাকী, বাট্যা, ভদ্রোদনী, বলা, বাটী, বিনয়া, বাট্যালী, বাটিকা।

বাট্যালী, স্ত্রী. [বাট্যাল+ঈ] বাট্যালক, বাড়িয়ালা বৃক্ষ। [কাঠাম।

বাড়, পুং. [বড়+অ] বেষ্টন; ধার, কিনারা; [স্থান।

বাড়ন্ত, (প্রা) বর্দ্ধমান, বর্দ্ধনশীল।

বাড়ব, ন. [বড়ব+অ] বড়বা সমূহ; (পুং.) ব্রাহ্মণ; বড়বানল, সমুদ্রস্থ অগ্নি, তৎপর্য্যায়।—ঔর্ব্ব, সম্বর্ত্তক, অব্ধ্যগ্নি, বড়বামুখ।

বাড়বাগ্নি, পুং. [বাড়ব+অগ্নি] বাড়বানল, সমুদ্রাগ্নি।

বাড়বাগ্র্য, পুং. [বাড়ব+অগ্র্য] ব্রাহ্মণ শ্রেষ্ঠ, দ্বিজবর।

বাড়বানল, পুং. [বাড়ব+অনল] বাড়বাগ্নি, সমুদ্রাগ্নি।

বাড়বেয়, পুং [বড়ব+এয়] অশ্বিনীকুমার, স্বর্গবৈদ্য; যণ্ড, ষাড়।

বাড়ব্য, ন. [বড়ব+য] ব্রাহ্মণসমূহ।

বাড়া (প্রা) অধিক, অতিরিক্ত, উদ্বৃত্ত।

বাড়ান (প্রা) বর্দ্ধন, বৃদ্ধিকরণ।

বাড়াবাড়ি (প্রা) অতিরিক্ত, অধিক; বাহুল্য, অতিশয়, বিস্তার।

বাড়ি (প্রা) বিস্তর; বৃদ্ধি, উন্নতি; গৃহ,বসতি

বাড়িঙ্গন, পুং. [বাড়ি+গন] বার্ত্তাকু, বেগুণ।

বাড়ী (প্রা) গৃহ, বসতিস্থান, বাটী; বৃদ্ধি-করণ।

বাড়ুন (প্রা) সম্মার্জ্জনী, খাংরা; বৃদ্ধিপাওন।

বাড়তি (প্রা) বৃদ্ধি, উন্নতি; অতিরেক।

বাঢ়, ন. [বহ+ত] অতিশয়; প্রতিজ্ঞা; স্বীকার।

বাণ, পুং. [বণ+অ] অস্ত্রবিশেষ, তীর, তৎপর্য্যায়।—পৃষৎক বিশিখ, অজিহ্মগ, খগ, আশুগ, কলম্ব, মার্গণ, শর, পত্রী, রোপ, ইষু, চিত্রপুঙ্খ, শায়ক, বীরতর, ভূর্ণ ক্ষেড়, কাণ্ড, বিপর্ষক, শরু, বাজী, পত্রবাহ, অস্ত্রকন্টক, লৌহময় বাণের পর্য্যায় যথা।—প্রক্ষেড়ন, লোহনাল, নারাচ; ক্ষিপ্তবাণের পর্য্যায়।—প্রহিত, নিরস্ত; বিষাক্ত বাণের পর্য্যায়।—তীক্ষ্ণ, লিপ্তক, দিগ্ধ; বলিরাজার জ্যেষ্ঠ পুত্র; গোস্তন; দৈত্যবিশেষ; কেবল; অগ্নি; কাণ্ডাবয়ব; ভদ্রমুঞ্জ; কবিবর; মারণ মন্ত্রাদি।

বাণগঙ্গা, স্ত্রী. [বাণ+গঙ্গা] রাবণ বাণ নির্ভিন্ন সোমেশ্বর গিরিভব নদীবিশেষ

বাণদণ্ড, পুং. [বাণ+দণ্ড] বাপদণ্ড, নরাজ, তন্তুবায়ের তন্ত্রস্থ বস্ত্রবপনার্থ দণ্ড বিশেষ, বেউ, তৎপর্য্যায়।—বেমা।

বাণপুর, ন. [বাণ+পুর] বাণ রাজার নগর, তৎপর্য্যায়।— দেবীকোট, কোটীবর্ষ, ঊষাবন, শোণিতপুর, আগ্নেয়, উমাবন, কোউরীপুর।

বাণপুঙ্খা; স্ত্রী. [বাণ+পুঙ্খা] শর পুঙ্খা।

বাণবার, পুং. [বাণ + বার] সৈন্য দিগের অঙ্গাচ্ছাদন বিশেষ, কবচ, বর্ম্ম, সাঁজোয়া, তৎপর্য্যায়।—বারবাণ, বারণ, চোলক।

বাণভট্ট, পুং. [বাণ+ভট্ট] গ্রন্থকার বিশেষ।

বাণযুদ্ধ, ন. [বাণ+যুদ্ধ] বাণরাজার সহিত শ্রীকৃষ্ণের সংগ্রাম।

বাণলিঙ্গ, ন. [বাণ+লিঙ্গ] নর্ম্মদানদ্যুদ্ভব শিবলিঙ্গ বিশেষ।

বাণসুতা, স্ত্রী. [বাণ + সুতা] ঊষা, অনিরুদ্ধ পত্নী।

বাণহা, পুং. [বাণ + হন্] বিষ্ণু, শ্রীকৃষ্ণ, চক্রপাণি।

বাণা, স্ত্রী.পুং. [বাণ+আ] নীলঝিণ্টী, নীলবর্ণঝাঁটী ফুল; (স্ত্রী.) বাণমূল; (প্রা) বালকের লিঙ্গ।

বাণারি, পুং. [বাণ+অরি] বিষ্ণু, নারায়ণ।

বাণাশ্রয়, পুং [বাণ+আশ্রয়] ধনুঃ, কার্ম্মুক, শরাসন; (ন.) বাণের সিংহাসন।

বাণাসন, ন. [বাণ+আসন] ধনুঃ, কার্ম্মুক, শরাসন।

বাণি, স্ত্রী. [বাণ+ই] বস্ত্রাদির বপন ক্রিয়া, তৎপর্য্যায়।—বূতি, ব্যূতি; বাপদণ্ড, বেমা; শিল্পকর্ম্মের বেতন।

বাণিজ, পুং. [বাণিজ+অ] বাড়বাগ্নি; বণিক্, ব্যবসায়ী।

বাণিজক, পুং. [বাণিজ+ক] ব্যবসায়ী।

বাণিজিক, পুং. [বণিজ+ইক] বাডবাগ্নি; বণিক্, বাণিজ্য ব্যবসায়ী; ধূর্ত্ত।

বাণিজ্য, ন. [বণিজ+য] বৈশ্যবৃত্তি বিশেষ, ব্যবসা, বিনিময়াদি ক্রিয়া,তৎপর্য্যায় সত্যানৃত, বাণিজ্যা বণিক্ পথ।

বাণিজ্যা, স্ত্রী. [বাণিজ্য+আ] বাণিজ্য, ব্যবসা, বণিক্পথ।

বাণিনী, স্ত্রী. [বানি+ইন্-ঈ]বিদগ্ধা; নর্ত্তকী; মত্তযোষিৎ, মত্তাস্ত্রী; ছেক।

বাণিয়া (প্রা) বণিক্, বণিজ, ব্যবসায়ী।

বাণিয়াণী (প্রা) বণিকের স্ত্রী, বেণেনী।

বাণী, স্ত্রী. [বাণ + ঈ] বাগ্দেবী, সরস্বতী; বূতি; বাক্য, বচন; বপন।

বাণ্য (প্রা) বণিক্, ব্যবসায়ী বেণিয়া।

বাত, পুং. [বাত্+অ] পঞ্চভূতান্তর্গত চতুর্থভূত, বাতাস, তৎপর্য্যায়।—গন্ধবহ, বায়ু, পবমান, মহাবল, পবন, স্পর্শন, গন্ধবাহ, মরুৎ, আশুগ, শ্বসন, মাতরিশ্বা, নভস্বান্, মারুত, অনিল, সমীরণ, জগৎপ্রাণ, সমীর, সদাগতি, জীবন, পৃষদশ্ব, তরস্বী, প্রভঞ্জন, প্রধাবন, অনবস্থান, ধূনন, মোটন, খগ; রোগ বিশেষ। (বায়ুশব্দে দ্রষ্টব্য)।

বাতক, পুং. [বাত+ক] অশনপর্ণী।

বাতকর্ম্ম, ন. [বাত + কর্ম্মন্] মরুৎক্রিয়া, পর্দ্দন, অধোবায়ুর ক্রিয়া।

বাতকিন. (প্রা) বাতরোগী, বাত রোগযুক্ত।

বাতকী, ত্রি. [বাতক+ইন্] বাতরোগযুক্ত, বেতো, তৎপর্য্যায়, বাতরোগী।

বাতকুম্ভ, পুং. [বাত + কুম্ভ] গজ কুম্ভের অধোভাগ।

বাতকেতু, পুং. [বাত+কেতু] ধূলি, ধূলা, রজঃ।

বাতকেলি. পুং. [বাত+কেলি] কলালাপ; খড়্গাদন্তক্ষত, লম্পটের নখক্ষত চিহ্ন।

বাতগামী, পুং. [বাত+গামিন্] পক্ষী, বিহঙ্গ, পাখী।

বাতগুল্ম, পুং. [বাত+গুল্ম] বাতুল, উন্মত্ত, পাগল; রোগবিশেষ।

বাতগ্রস্ত, পুং. [বাত+গ্রস্ত] বাতরোগ বিশিষ্ট, উন্মত্ত, পাগল।

বাতঘ্নী, স্ত্রী. [বাত+হনী] শালপর্ণীবৃক্ষ,

শালপাইনগাছ; অশ্বগন্ধাবৃক্ষ; শিমূড়ী কূপ।

বাততুল, ন. [বাত+তুল] আকাশোড্ডীয়মান সূত্র, বুড়িরসূতা, তৎপর্য্যায়।—বৃদ্ধসূত্রক, ইন্দ্রতুল, গ্রীষ্মহাস, বংশকফ, মরুদ্ধ্বজ।

বাতধ্বজ, পুং. [বাত+ধ্বজ] মেঘ, জলদ, বারিদ।

বাতপিত্তজশূল, ন. [বাত+পিত্তজ-শূল] শূলরোগবিশেষ।

বাতপুত্র, পুং. [বাত+পুত্র] মহাধূর্ত্ত; ভীমসেন; হনুমান্। [জনিত।

বাতপৈত্তিক, ত্রি. [বাত+পৈত্তিক] বাতপিত্ত

বাতপোথ, পুং. [বাত+পোথ] পলাশবৃক্ষ, কিংশুকগাছ।

বাতপ্রমী, পুং. স্ত্রী. [বাত+প্রমী] বাতমৃগ, বাওট্‌হরিণ; নকুল, বেজী; অশ্ব, ঘোটক।

বাতফুল্লান্ত্র, ন. [বাত + ফুল্ল-অন্ত্র] পুপ্‌ফুস বামপার্শ্বস্থ মলাশয়, ফোঁকড়া।

বাতবান্, ত্রি. [বাত+বত্] বায়ুযুক্ত, বায়ুবিশিষ্ট।

বাতবৈরী, পুং. [বাত+বৈরিন্] বাতাদ, বাদাম; (ত্রি.) বায়ুর শত্রু।

বাতব্যাধি, পুং. [বাত+ব্যাধি] বাতরোগ, বায়ুরোগ।

বাতমজ, পুং. [বাতম্+অজ] বাতমৃগ, বাওট্‌হরিণ।

বাতমণ্ডলী, স্ত্রী. [বাত+মণ্ডলী] বাত্যা, ঝটিকা, ঝড়। [হরিণ।

বাতমৃগ, পুং. [বাত+মৃগ] বাতপ্রমী, বাওট্‌-

বাতরক্ত, ন. [বাত+রক্ত] রোগবিশেষ, বায়ু ও রক্ত ঘটিত রোগ।

বাতরক্তঘ্ন, পুং. [বাত+রক্ত-হন্] কুক্কুরবৃক্ষ, কুকুরমুড়াগাছ।

বাতরক্তারি, পুং. [বাত+রক্ত-অরি] পিত্তঘ্নীলতা, গুলঞ্চ।

বাতরক্ত, পুং. [বাত+রক্ত] অশ্বত্থবৃক্ষ।

বাতরথ, পুং. [বাত+রথ] মেঘ, ঘন, জলদ, জলধর।

বাতরায়ণ, পুং. [কাতর+অয়ন] উন্মত্ত, ক্ষিপ্ত, পাগল; নিষ্প্রয়োজন পুরুষ; কাণ্ড; করপাত্র; কূট; পরসংক্রম; সরলদ্রুম, সরলবৃক্ষ।

বাতরূষ, পুং. [বাত+রূষ] বাতুল, ক্ষিপ্ত, পাগল; উৎকোচ, ঘুষ; শক্রধনুঃ; রামধনু।

বাতরোগ, পুং. [বাত+রোগ] বায়ুব্যাধি, তৎপর্য্যায়।—বাতব্যাধি, চলাতঙ্ক, অনিলাময়।

বাতরোগী, ত্রি. [বাত+রোগিন্] বাতরোগযুক্ত, বেতোরোগী, তৎপর্য্যায় —বাতকী।

বাতর্দ্ধি, পুং. [বাত+ঋর্দ্ধি] কাষ্ঠ ও লৌহনির্ম্মিত পাত্র, তৎপর্য্যায়।—কাষ্ঠলৌহী

বাতল, পুং. [বাত+ল] চণক, ছোলা; (ত্রি.) বায়ুকারক।

বাতলমণ্ডলী, স্ত্রী. [বাতল+মণ্ডলী] বাত্যা, ঝটিকা, ঝড়।

বাতশীর্ষ, ন. [বাত+শীর্ষ] বস্তি, নাভির অধোভাগ; বস্ত্রের অন্তভাগ, কাপড়ের দশী

বাতশূল, (প্রা) বায়ুজনিত শূলরোগ।

বাতশোণিত, ন. [বাত+শোণিত] বাতরক্ত রোগ।

বাতসহ, ত্রি. [বাত+সহ] অত্যন্ত বায়ুযুক্ত।

বাতসারথি, পুং. [বাত+সারথি] অগ্নি, অনল, বহ্নি।

বাতস্কন্ধ, পুং. [বাত+স্কন্ধ] আকাশের ভাগবিশেষ। [ঔষধ।

বাতহা, ত্রি. [বাহ+হন্] বাতঘ্ন, বায়ুনাশক

বাতা, পুং. [বা+তৃ] বায়ু, পবন।

বাতাট, পুং. [বাত+অট] সূর্য্যাশ্ব; বাতমৃগ, বাওট্‌হরিণ।

বাতাণ্ড, পুং. [বাত+অণ্ড] মুষ্করোগবিশেষ; ধ্বজভঙ্গ।

বাতাদ, পুং. [বাত+অদ] ফলবৃক্ষবিশেষ, বাদাম, তৎপর্য্যায়।—বাতবৈরী, নেত্রোপমফল, বাতাম্র।

বাতাপি, পুং. [বাত+অপি] অসুরবিশেষ, হ্রাদঅসুরের পুত্র, ইল্বল অসুরের ভ্রাতা, অগস্ত্যভক্ষিত।

বাতাপিদ্বিট্, পুং. [বাতাপি+দ্বিষ্] অগস্ত্যমুনি। [মুনি।

বাতাপিসূদন, পুং. [বাতাপি+সূদন] অগস্ত্য-

বাতাপিহা, পুং. [বাতাপি+হন্] অগস্ত্যমুনি।

বাতাবিনেবু, (প্রা) বৃহৎ গোলাকার নেবুবিশেষ।

বাতামোদা, স্ত্রী. [বাত+আমোদা] কস্তূরী, মৃগনাভি, মৃগমদ।

বাতায়ন, ন. [বাত+অয়ন] গবাক্ষ, ঝরকা; (পুং.) ঘোটক, ঘোড়া। [এণ।

বাতায়ু, পুং. [বাত+আয়-উ] হরিণ, মৃগ,

বাতারি, পুং. [বাত+অরি] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডাগাছ; শতমূলী; পুত্রদাত্রী; শেফালিকা; যবানী; ভার্গী, বামনহাটী বৃক্ষ; স্নুহী, সিজগাছ; বিরঙ্গ; শূরণ, ওল; ভল্লাতকবৃক্ষ; জতুকা, জউ।

বাতালী, স্ত্রী. [বাত+আলী] বাত্যা, ঝটিকা, ঝড়।

বাতাশ্ব, পুং. [বাত+অশ্ব] কুলনামাশ্ব, উত্তম ঘোটক, তৎপর্য্যায়।—হয়োত্তম, জাত্য, অজানেয়।

বাতাস, (প্রা) বাত, বায়ু, অনিল, পবন।

বাতাসহ, ত্রি. [বাত+আসহ] বাতুল, ক্ষিপ্ত, উন্মত্ত।

বাতাসা, (প্রা) গুড়বিকারবিশেষ, ফেণী।

বাতি, পুং. [বা+তি] বায়ু; সূর্য্য; চন্দ্র; প্রদীপের দশা, শলিতা

বাতিক, পুং. [বাতি+ক] বায়ুজব্যাধি, বাতোৎপন্ন রোগ।

বাতিগ, পুং. [বাতি+গম-অ] ভণ্টাকী; (ত্রি.) ধাতুবাদী।

বাতিগম, পুং. [বাতি+গম] বার্ত্তাকু, বেগুণ।

বাতিঙ্গণ, পুং. [বাতিং+গণ] বার্ত্তাকু, বেগুণ।

বাতিল, (বাং) মিথ্যা, অপকৃত, নিষ্ফল, রদ।

বাতী, (প্রা) দশা, শলিতা, বর্ত্তিকা।

বাতীয়, ন. [বাত+ঈয়] কাঞ্জিক, কাঁজি।

বাতুল, ত্রি. [বাত+উল] বাতবিকারাসহ, উন্মত্ত, বায়ুগ্রস্ত, ক্ষিপ্ত, পাগল।

বাতুলি, স্ত্রী. [বাত+উল-ই] তরুতূলিকা, বাদুড়।

বাতুল, পুং. [বাত+উল] বাত্যা, ঝটিকা, ঝড়; (ত্রি.) বাতাসহ, বাতবিকারসহ, বাইয়া, উন্মত্ত।

বাতোনা, স্ত্রী. [বাত+উন-আ] গোজিহ্বা ক্ষুপ; (ত্রি.) বায়ুহীন। [ব্যাধি।

বাতোল্বণ, (প্রা) রোগবিশেষ,বায়ুজন্য উল্বণ

বাতোল্বণী, পুং. [বাত+উল্বণ-ইন্] বাতোল্বণ রোগবিশিষ্ট।

বাত্যা, স্ত্রী. [বাত+য-আ] বাতসমূহ, প্রবলতর বায়ু, ঝটিকা, ঝড়।

বাৎসক, ন. [বৎস+ক] বৎসসমূহ।

বাৎসল্য, পুং. [বৎসল+য] রসবিশেষ; (ন.) বাৎসল্যের ভাব, স্নেহ, প্রিয়তা।

বাৎসীপুত্র, পুং. [বাৎসী+পুত্র] নাপিত, ক্ষুর কর্ম্মকারী।

বাৎস্য, পুং. [বৎস+য] মুনিবিশেষ।

বাৎস্যায়ন, পুং. [বাৎস্য+অয়ন] মুনিবিশেষ, তৎপর্য্যায়।—মল্লনাগ, পক্ষিল, স্বামী।

বাথান, (প্রা) গোশালা; গোষ্ঠ, গোঠ।

বাদ, পুং. [বদ+অ] যথার্থ বোধেচ্ছু ব্যক্তির বাক্য; বিতণ্ডা, দোষজনক বাক্য। [বক্তা।

বাদক, ত্রি. [বদ+অক] বাদ্যকর, বাদ্দার;

বাদকারী, (প্রা) বিবাদকারী, বিতণ্ডাকারক।

বাদন, ন. [বাদ+অন] বাদ্য, বাজান।

বাদবিতণ্ডা, (প্রা) বিতর্ক, তর্ক; বাদানুবাদ।

বাদর, পুং. [বদর+অ] কার্পাসবৃক্ষ; (ত্রি.) কার্পাসনির্ম্মিত বস্ত্রাদি

বাদরঙ্গ, পুং. [বাদ+রঙ্গ] অশ্বত্থবৃক্ষ।

বাদরা, স্ত্রী. [বাদর+আ] কার্পাসবৃক্ষ, তৎপর্য্যায়।—কার্পাসী, সূত্রপুষ্পা; বদরী, সমুদ্রান্তা, তুণ্ডিকেরী, কার্পাসিকা।

বাদরায়ণ, পুং. [বদর+অয়ন] ব্যাসদেব, কৃষ্ণ দ্বৈপায়ন

বাদরায়ণি, পুং. [বদর+অয়ন-ই] ব্যাসদেব-পুত্র, শুকদেব।
বাদরিক, ত্রি. [বদর+ইক] বদর চয়নকর্ত্তা, কুলফলচয়নকারক।
বাদল, ন. [বদল+অ] মধুযষ্টিকা, যষ্টিমধু; (প্রা) মেঘ, বর্ষা।
বাদলা, (প্রা) বর্ষা; গোটা, জরী, স্বর্ণসূত্র।
বাদলায়াপোকা, (প্রা) বর্ষাকালজাত কীট।
বাদবাদী, পুং. [বাদ+বাদিন্] জিনবিশেষ, তৎপর্য্যায়।—অর্হত।
বাদা, (যাং) জলময় স্থান, জলা; বন, জঙ্গল। [ঝকুড়া।
বাদানুবাদ, (প্রা) বাক্য কলহ, বাগ বিবাদ,
বাদাম, (যাং) স্বনামখ্যাত ফল; নৌকার পাইল।
বাদামতক্তি, (প্রা) মিষ্টান্নবিশেষ।
বাদামিয়া, (প্রা) অণ্ডাকৃতি; বাদাম তুল্য।
বাদান্য, ত্রি. [বদান্য+অ] বদান্য, বহুপ্রদ, বড়দাতা।
বাদাল, পুং. [বদাল+অ] মৎস্যবিশেষ, বোয়ালিগাছ, তৎপর্য্যায়।—সহস্র-দংষ্ট্র। [বান্।
বাদি, ত্রি. [বদ+ই] বিদ্বান্, পণ্ডিত, বিদ্যা-
বাদিত, (প্রা) ধ্বনিত, বাজান।
বাদিত্র, ন, [বদ+ইত্র] বাদ্য, বাজনা।
বাদিয়া, (প্রা) বর্ণসঙ্কর জাতিবিশেষ, অন্ত্যজ, বেদিয়া। [ফলবৃক্ষ।
বাদির, ন. [বদ+ইর] বদরী সদৃশ সূক্ষ্ম
বাদিরাট্, পুং. [বাদি+রাজ্] মঞ্জুঘোষ।
বাদিশ, ত্রি. [বদ+ইশ] সাধুবাদী, সাধুবাদ-কারক।
বাদী, ত্রি. [বদ+ইন্] বক্তা; অর্থী, বিবাদ-কর্ত্তা, ফরিয়াদী, অভিযোক্তা।
বাদুড়, (প্রা) পক্ষীবিশেষ, বাতলীপক্ষী।
বাদ্য, ন. [বদ+য] বাজনা, তৎপর্য্যায়।—বাদিত্র, আতোদ্য।
বাদ্যকর, (প্রা) বাদ্যবাদক, বাজন্দার, বাজা-ওয়ালা।
বাদ্যভাণ্ড, ন. [বাদ্য+ভাণ্ড] বাদনীয়পাত্র, মুরজাদি, বাদ্যযন্ত্র।
বাদ্যোদ্যম, পুং. [বাদ্য+উদ্যম] বাদ্যের শব্দ, বাদ্য কলরব।
বাদশাহ, (যাং) রাজা, নৃপতি, ভূপতি।
বাধ, পুং. [বধ+অ] প্রতিবন্ধক, ব্যাঘাত; নিবারণ।
বাধক, পুং. [বধ+অক] স্ত্রীলোকের রোগ-বিশেষ; (ত্রি.) বাধাজনক।
বাধকতা, (প্রা) প্রতিবন্ধকতা, বিপক্ষতা, প্রাতিকূল্য, বাধা।
বাধন, ন. [বাধ+অন] পীড়া, বাধা; আটক-হওন; নিবারণ, পীড়াদেওন; প্রতি-বন্ধকতা করণ, বাধাপড়ন।
বাধা, স্ত্রী. [বাধ+আ] পীড়া; নিষেধ; আটক, প্রতিবন্ধক
বাধাই, (প্রা) নন্দোৎসব; গীতবিশেষ, সংকী-র্ত্তন, নন্দোৎসবের গীতবিশেষ। [নক।
বাধাজনক, (প্রা) ব্যাঘাতজনক, নিষেধজ-
বাধাড়ি, (প্রা) চর্ম্মকারের অস্ত্রবিশেষ।
বাধিত, ত্রি. [বাধ+ইত] বাধাযুক্ত, নিবর্ত্ত; প্রতিরুদ্ধ; আবদ্ধ।
বাধির্য্য, ন. [বধির+য] কর্ণরোগবিশেষ, বধিরতা, শ্রবণশক্তি রাহিত্য।
বাধুক্য, ন. [বধুক+য] বিবাহ, উদ্বাহ, পরিণয়। [দাঁড়।
বাধু, পুং. [বাধ+উ] বহিত্র, নৌকারহাইল;
বাধ্য, ত্রি. [বাধ+য] বাধনীয়, বাধিতব্য, নিবর্ত্ত্য; বশীভূত।
বাধ্যতা, স্ত্রী. [বাধ্য+ত-আ] বাধ্যত্ব বশ্যতা, অধীনতা।
বাধ্যত্ব, ন. [বাধ্য+ত্ব] বশ্যতা, অধীনত্ব।
বাধ্রীনস, পুং. [বাধ্রী+নস] পশুবিশেষ, বার্দ্ধ্রীণস, খড়্গী, গণ্ডার; ছাগবিশেষ।
বান, ত্রি. [বন+অ] শুষ্কফল; শুষ্ক; (ন.) স্যূতিকর্ম্ম, বুনন; কট; গতি; জলসং-প্লুত বাত ও ঊর্ম্মি, জলপ্লাবন, বন্যা; সুরুঙ্গা, সৌরভ (ত্রি.) বনসম্বন্ধীয়।
বানক, (প্রা) রেসম প্রস্তুত করণের স্থান।
বানপ্রস্থ, পুং. [বান+প্রস্থ] মধুকবৃক্ষ, মহু-য়ারগাছ; পলাশবৃক্ষ; তৃতীয়াশ্রম, অর-ণ্যবাস

বানপ্রস্থী, পুং. [বন+প্রস্থ-ইন্] তৃতীয়াশ্রমী, বনাশ্রমী।

বানর, পুং. স্ত্রী. [বন+র+অ] স্বনামখ্যাত পশু, বাঁদর, তৎপর্য্যায়।—কপি, প্লবঙ্গ, প্লবগ, শাখামৃগ, বলীমুখ, মর্কট, কীশ, বনৌকা, মর্ক,প্লব, প্লবঙ্গ, প্রবগ,প্লবঙ্গম, প্রবঙ্গম, গোলাঙ্গুল, কপিথাস্য, দধিশোণ, হরি, তরুমৃগ, নগাটন, ঝম্পী, ঝম্পারু, কলিপ্রিয়, কিখি, শালাবৃক।

বানরপ্রিয়, পুং. [বানর+প্রিয়] ক্ষীরিবৃক্ষ, ক্ষিরাইগাছ, (প্রা) চাটিমকলা।

বানরাঘাত, পুং. [বানর+আঘাত] লোধ্রবৃক্ষ, লোধগাছ।

বানরামি, (প্রা) বানরেরধর্ম্ম, বানরত্ব।

বানরাক্ষ, পুং. [বানর+অক্ষ] বনচ্ছাগ,বনচ্ছাগাই।

বানরী, স্ত্রী. [বানর+ঈ]মর্কটী,বানরজাতীয় স্ত্রী; শূকশিম্বীলতা।

বানরেন্দ্র, পুং. [বানর+ইন্দ্র] সুগ্রীব, কপিরাজ। [গাছ।

বানল, পুং. [বান+ল] বাবয়, কৃষ্ণবাবুই

বানস্পত্য, পুং. [বনস্পতি+য] পুষ্পজাত ফলবৃক্ষ, আম্র জাম ইত্যাদি গাছ।

বানা, স্ত্রী. [বন+অ-আ] বৰ্ত্তিকাপক্ষী;(প্রা) শিশ্ন।

বানান, (প্রা) ব্যঞ্জনের অক্ষর সংযোগ করিয়া উচ্চারণ।

বানায়ু, পুং. [বনায়ু+অ] দেশবিশেষ, ভারতবর্ষের উত্তর পশ্চিম দেশ।

বানায়ুজ, পুং. [বানায়ু+জ] বানায়ুদেশোৎপন্ন ঘোটক।

বানীর, পুং. [বন+ইর]বেতসবৃক্ষ,বেতগাছ; বাঞ্জলুবৃক্ষ, তৎপর্য্যায়।—বৃন্তপুষ্প, শাখাল, জলবেতস, ব্যাধিঘাত, পরিব্যাধ, নাদেয়, জলসম্ভব।

বানীরক, পুং. [বানীর+ক] মুঞ্জতৃণ, মুঞ্জলতা।

বানীরজ, [বানীর+জ] কুষ্ঠ, কুড়।

বানেয়, ন, [বন+এয়] কৈবর্ত্তীমুস্তক, কেউটে মুতা।

বান্ত, ত্রি. [বম+ত] বমিতবস্তু, বমনকরা।

বান্তাদ, পুং. [বান্ত+অদ] কুক্কুর,শ্বা, সারমেয়; যে বমন করা বস্তু খায়। [বাঁতি

বান্তি, স্ত্রী. [বম+তি] বমন, বমি, উদ্গিরণ,

বান্তিহৃৎ, পুং. [বান্তি+হৃৎ] লৌহকণ্টকবৃক্ষ, ময়নাকাটা গাছ।

বান্তিদা, স্ত্রী. [বান্তি+দা] কটুকীবৃক্ষ।

বান্ধকিনেয়, ত্রি. [বন্ধকী+এয়] অসতীসুত, জারজ, গোলক। [করণ।

বান্ধন, (প্রা) বন্ধকরা, বাধন, একত্র বন্ধ-

বান্ধব, পুং. [বন্ধু+অ] জ্ঞাতি; সুহৃৎ, আত্মীয়।

বান্ধলী, (প্রা) রক্তিকা।

বান্যা, স্ত্রী. [বন+য-আ] বনসমূহ;জলসমূহ, জলরাশী।

বান্‌কী, (প্রা) অনুরূপ, নক্সা,নমুনা, নকল; নৃত্যকীদিগের বায়না দেয়া।

বাপ, পুং. [বপ+অ] বপন, বোনা; (হি.) পিতা, জনক।

বাপক, ত্রি. [বপ+অক] বপনকারয়িতা,বীজ বুনানীকারক।

বাপদণ্ড, পুং. [বাপ+দণ্ড] বপনার্থদণ্ড,বেঁয়ু, তৎপর্য্যায়।—বেমা, বেম, বায়দণ্ড।

বাপা, (প্রা) বপ্তৃ, পিতা।

বাপি, স্ত্রী. [বপ+ই] বাপী, দীর্ঘিকা, বৃহৎজলাশয়।

বাপিত, ত্রি. [বাপি+ত] বীজাকৃত; মুণ্ডিত; (ন.) ধান্যবিশেষ, বাওয়াধান।

বাপী, স্ত্রী. [বাপি+ঈ] দীর্ঘিকা,তড়াগ,বৃহজ্জলাশয়।

বাপীহ, পুং. [বাপী+হ] চাতকপক্ষী।

বাপু, (প্রা) বাছা, বৎস, স্নেহপ্রকাশক,সম্বোধন।

বাপ্য, ন. [বপ+য] কুষ্ঠৌষধ; (ত্রি.)বপনীয়; বাপীভব, জলাশয় জাত।

বাবই, (প্রা) বৃক্ষবিশেষ, বাবুই তুলসী।

বাবৎ, (ধাং) হিসাব।

বাবদূক, ত্রি. [বদ+উক] অতিশয় বচনশীল, তৎপর্য্যায়।—বাচোযুক্তি পটু, বাগ্মী, বক্তা, বচক্ল, সুবচা, প্রবাকু

বাবয়, পুং. [বা+অবয়] তুলসীবিশেষ, কৃষ্ণ বাবুই তুলসী।
বাবলা, (প্রা) কণ্টকবৃক্ষবিশেষ।
বাবরুচী, (বাং) সূপকার, পাচক।
বাবা, (বাং) পিতা, জনক, তাত।
বাবাজী (প্রা) পুত্র; জামাতা; ভ্রাতৃপুত্র; সম্মানজ্ঞাপক; বৈরাগী।
বাবু, (প্রা) ধনিব্যক্তিদিগের উপাধি; সুখভোগী, সুখাসক্ত।
বাবুই, (প্রা) পক্ষীবিশেষ।
বাবুগিরি, (প্রা) সুখাসক্তি, স্বচ্ছাশয়তা
বাবুট, পুং. [বাব+উট] বহিত্র, নৌকা, পোত।
বাবৃত্ত, ত্রি. [বা+বৃৎ-ত] কৃতবরণ, বরণকরা।
বাভ্রবী, স্ত্রী. [বভ্রু+ অ-ঈ] দুর্গা, ভগবতী, পার্ব্বতী।
বাম, ন. [বা+মন্] ধন; বাস্তূক, বেতোশাক; (ত্রি.) বক্র, মনোহর; প্রতীপ, প্রতিকূল; সব্য, দক্ষিণেতর; অধম, নীচ; (পুং.) হর, মহাদেব; কামদেব; পয়োধর, স্তন।
বামকা, (প্রা) উদ্গারকারক, বমিকারক।
বামণ, (প্রা) ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র।
বামণহাটী, (প্রা) বৃক্ষবিশেষ, ব্রাহ্মণযষ্টিকা।
বামণাই, (প্রা) ব্রাহ্মণত্ব; ব্রহ্মতেজঃ; ব্রহ্মণ্যতা।
বামণী, (প্রা) ব্রাহ্মণী, ব্রাহ্মণপত্নী।
বামদৃক্, স্ত্রী. [বাম+দৃশ] নারী, সীমন্তিনী।
বামদেব, পুং. [বাম+দেব] শিব, মহাদেব, ত্রিলোচন
বামন, পুং. [বম+অন] দক্ষিণদিগগজ; হ্রস্ব, খর্ব্ব, খাট; অঙ্কোঠবৃক্ষ; হরি; বিষ্ণুর পঞ্চমাবতার; (ত্রি.) অতিক্ষুদ্র, তৎপর্য্যায়।—ন্যঙ্, নীচ, খর্ব্ব, হ্রস্ব, অনুচ্চ অনায়ত।
বামনব্রত, ন. [বামন+ব্রত] শ্রবণাদ্বাদশী কর্ত্তব্য বামনদেবের ব্রতবিশেষ।
বামনয়না, স্ত্রী. [বাম+নয়ন-আ] স্ত্রীমাত্র; সুন্দরী স্ত্রী, চারুদর্শনা স্ত্রী।
বামনেত্র, ন. [বাম+নেত্র] দীর্ঘ ঈকার।
বামবেধশুদ্ধি, স্ত্রী. [বাম+বেধ+শুদ্ধি] স্বকীয় রাশির অপেক্ষা করিয়া দ্বাদশ চতুর্থ ও নবম গৃহস্থিত চন্দ্রবিরুদ্ধ হইয়া যদি শুক্র শনি ও মঙ্গল ও বৃহস্পতি ও সূর্য্যযুক্ত গৃহ হইতে সপ্তম গৃহে স্থিতি করেন তাহা হইলে মনুষ্যদিগের ফল দাতা হন। যদি শুক্র শনি কুজ জীব ও রবিযুক্ত গৃহ হইতে দশম পঞ্চম ও অষ্টম গৃহে স্থিতি করেন তাহা হইলে মনুষ্যদিগের স্বরাশ্যপেক্ষা করিয়া যথা সংখ্যা অষ্টম পঞ্চ ও দ্বিতীয় গৃহগত চন্দ্র প্রচুর ফলদাতা হন।
বামলূর, পুং. [বাম+লূর] বল্মীক, উইপোকা।
বামলোচনা, স্ত্রী. [বাম+লোচন-আ] স্ত্রীবিশেষ, সুন্দরনয়নাস্ত্রী, সুনয়না।
বামা, স্ত্রী. [বাম+আ] সামান্যা স্ত্রী; দুর্গা; প্রতিকূলা। [বিশেষ।
বামাচার, পুং. [বাম+আচার] আচার
বামাচারী, পুং. [বাম+আচার-ইন্] তান্ত্রিকাচারানুসারে কর্ম্মকারী।
বামাপীড়ন, পুং, [বাম+অপীড়ন] পীলুবৃক্ষ।
বামাবর্ত্ত, পুং. [বাম+আবর্ত্ত] বামভাগে চক্রাকার আবর্ত্ত শঙ্খবিশেষ।
বামাক্ষি, ন. [বাম+অক্ষি] বামচক্ষু; দীর্ঘ-ঈকার।
বামাক্ষী, স্ত্রী. [বাম+অক্ষি-ঈ] বামলোচনা স্ত্রী। [দুর্গা।
বামিকা, স্ত্রী. [বাম+ইক-আ] চণ্ডিকা,
বামিল, ত্রি. [বাম+ইল] দাম্ভিক, অহঙ্কারী, বাম, প্রতিকূল।
বামী, স্ত্রী. [বাম+ঈ] শৃগালী; বড়বা, ঘোটকী; রাসভী, গর্দ্দভী; করভী।
বামোরূ, স্ত্রী. [বাম+ঊরু-ঊ] নারীবিশেষ, সুন্দর ঊরুযুক্তা নারী।
বায়ক, পুং. [বায়+ক] সমূহ, রাশি, গণ।
বায়খা, (প্রা) উদমস্থান; নির্জ্জনস্থান।
বায়দণ্ড, পুং. [বায়+দণ্ড] বাপদণ্ড; বপনদণ্ড, বেঁয়ু, দক্তি।

বায়ন, ন. [বা+অন] পিষ্টকবিশেষ, তৎপর্য্যায়।—ব্রতোপায়ন, প্রহেণক।

বায়না, (ব্যং) দ্রব্যের নির্দ্দিষ্টমূল্যের অগ্রিম স্বল্পপ্রদান।

বায়বী, স্ত্রী. [বায়ু+অ-ঈ] উত্তর পশ্চিমদিক্ বায়ুকোণ; বায়ুপত্নী।

বায়বীয়, (প্রা) উত্তর পশ্চিম দিক্‌জাত; বায়ুসম্বন্ধীয়। [বায়ুকোণ।

বায়ব্য, ত্রি. [বায়ুব+য] বায়ুসম্বন্ধীয়দিক্,

বায়স, পুং. [বয়+অস] অগুরুবৃক্ষ, অগুরুচন্দন; শ্রীবাস; কাক।

বায়সারাতি, পুং. [বায়স+অরাতি] পেচক, পেচা।

বায়সাদনী, স্ত্রী. [বায়স+অদনী]মহাজ্যোতিষ্মতী; কাকতুণ্ডী।

বায়সাহ্বা, স্ত্রী. [বায়স+আহ্বা] কাকনামা বৃক্ষ; কাকমাচী গাছ।

বায়সী, স্ত্রী. [বায়স+ঈ] কাকোডুম্বরিকা; কাকমাচী গাছ। [কেশে।

বায়সেক্ষু, পুং. [বায়স+ইক্ষু] কাশতৃণ,

বায়সোলিকা,স্ত্রী.[বায়স+উলিকা]কাকোলী; কাকপেচকবৎ নিত্যবিরোধ,সদাবিবাদ।

বায়সোলী, স্ত্রী. [বায়স+উলী] কাকোলী; কাকপেচকবৎ নিত্য বিরোধ, সদাবিবাদ।

বায়ু, পুং. [বা+যু] উত্তর পশ্চিম কোণাধিপতি; পঞ্চভূতান্তর্গত ভূতবিশেষ,বাতাস, তৎপর্য্যায়।—অজগৎপ্রাণ, অতসঃ, অনিল, অভ্রঙ্কষ, অভ্রংলিহ, অহিকান্ত, অক্ষতি, আবক, আশুগ, কম্পলক্ষ্মা, কম্পাক, খগ, খচর, খশ্বাস, গন্ধবহ, গন্ধবাহ, চঞ্চল, জগৎ, জগদাধার, জগদ্বল, জগৎপ্রাণ, তলুন, তান্দন, দামু, দেহধৃক্, ধবাণক, ধারাবনি, ধূলিধ্বজ, ধ্বজপ্রহরণ, নভঃপ্রাণ, নভস্বর, নভস্বান, নভশ্চর, নিঘৃষ্ব, নিত্যগতি, নিশ্বাস, পব, পবন, পবমান, পর্ব্ববাণ, পাকল, প্রাচল, পৃষদশ্ব, পৃষতাম্পতি, পৃষাতাশ্ব, প্রকম্পন, প্রজিন, প্রধাবন, প্রভঞ্জন, প্রাণান্ত, ফণিপ্রিয়, বহন্ত, বহিত, বাত, বাতি, বাতল, বাস, বাহ, বিধু, বিশ্চয়ু, বিহগ, বীক, বৈক্ত, ভোগিকান্ত, মলিম্লুচ, মক, মরুৎ, মরুত, মাতরিশ্বা, মরুস্ত, মারুত, মুচির, মৃগবাহন, মৃগাঙ্ক, য যাতু, রজঃসারথি, লঘট্, লঘটি, শ্বসন, শসীনি, শার, শরণ্যু, শীভব, শুষিল, শুষ্মি, সততগতি, সতীল, সমির, সমীর, সমীরণ, সরট্, সরটি, সরণ্যু, সরয়ু, সর্ব্বত্রগ, সর্ব্বত্রগতি, সদাগতি, সুখাশ, সৃদাঙ্গ, সার, স্তমূন, স্পার্শন, স্বকম্পন, হরি; শরীরাস্তর্বাহ্ ভেদে দশধা যথা।—প্রাণ, অপান, ব্যান, সমান, উদান, নাগ, কূর্ম্ম, কৃকর, দেবদত্ত, ধনঞ্জয়।

বায়ুকেতু, স্ত্রী. [বায়ু+কেতু] ধূলী, পাংশু, ধুলা।

বায়ুকোণ, পুং. [বায়ু+কোণ] উত্তর পশ্চিম কোণ, মরুৎকোণ।

বায়ুগণ্ড, পুং. [বায়ু+গণ্ড] অজীর্ণ,অপাক।

বায়ুগুল্ম, পুং. [বায়ু+গুল্ম] জলভ্রমি, ঘূর্ণাজলা।

বায়ুগ্রন্থি, (প্রা) ঘূর্ণাবাত, ঘুরণিয়াবাতাস।

বায়ুগ্রস্ত, (প্রা) বিক্ষিপ্তচিত্ত, ক্ষিপ, বাতুল, উন্মত্ত, পাগল।

বায়ুঘ্ন, (প্রা) বাতিক নাশক, বায়ুনাশক।

বায়ুজাত, পুং. [বায়ু+জাত] হনুমান; ভীম।

বায়ুদারু, পুং. [বায়ু+দারু] মেঘ, জলধর, নীরদ।

বায়ুপুত্র, পুং. [বায়ু+পুত্র] ভীম; হনুমান্।

বায়ুফল, ন. [বায়ু+ফল] শক্রধনুঃ,রামধনুঃ; করকা, শিল। [শূন্য।

বায়ুবর্ত্মা, পুং. [বায়ু+বর্ত্মন্] আকাশ,

বায়ুবাহ, পুং. [বায়ু+বাহ] ধুম, ধুঁয়া।

বায়ুবাহিনী, স্ত্রী. [বায়ু+বহিন্-ঈ] বায়ু সঞ্চারিণী শিরা।

বায়ুব্যজন, পুং. [বায়ু+ব্যজন] পাখা, বায়ু আকর্ষণার্থ তালবৃন্তাদি।

বায়ুভক্ষক, পুং. [বায়ু+ভক্ষক] সর্প, অহি, ভুজঙ্গ; বাতভক্ষক।

বায়ুভক্ষ্য, পুং. [বায়ু+ভক্ষ্য] সর্প, ভুজঙ্গ, সাপ; (ত্রি) বাতভক্ষক।
বায়ুরোষা, স্ত্রী. [বায়ু+রোষা] রাত্রি, নিশা, রজনী।
বায়ুষ, পুং. [বায়ু+উষ] মৎস্যবিশেষ, কাল-বায়ুবপোনা। [অনল।
বায়ুসখ, পুং. [বায়ু+সখিন্-অ] অগ্নি,
বায়ুসখা, পুং. [বায়ু+সখা] অগ্নি, অনল।
বায়ুসন্তান, পুং. [বায়ু+সন্তান] ভীমসেন; হনুমান; পবনপুত্র।
বায়্যা, (প্রা) বাতগ্রস্ত, বাতুল।
বায়্বাস্পদ, ন. [বায়ু+আস্পদ] আকাশ, অম্বর, গগণ,।
বার্, ন. [বৃ+অ] জল, তোয়, বারি।
বার, ন. [বৃ+অ] মদিরাপাত্র; (পুং.) সমূহ; অবসর; সূর্য্যাদি বাসর; দ্বার; হর; কুব্জবৃক্ষ; ক্ষণ; (প্রা) জল; সংখ্যা বিশেষ, দ্বাদশ।
বারক, ন. [বৃ+অক] কষ্ট স্থান; হ্রীবের; (পুং) অশ্ববিশেষ; অশ্বগতি; (ত্রি.) নিষেধক, বারণ কর্ত্তা।
বারকী, পুং. [বৃ+অক-ঈ] শত্রু, বৈরী; চিত্রাশ্ব; পর্ণাজীবী, তাম্বূলবিক্রয়ী; পয়োধি, সমুদ্র, সাগর।
বারকীর, পুং. [বার+কীর] বারগ্রাহী; বাড়ব; যূকা, উকুন, যূক; বেণীবেধিনী; নীরাজিত হয়; শ্যালক, শ্যালা।
বারকোল (প্রা) কূর্ম্ম, কচ্ছপ।
বারকোষ (প্রা) কাষ্ঠনির্ম্মিত গোলাকার পাত্র বিশেষ; বৃহদাকার কচ্ছপ।
বারঙ্ক, পুং. [বার+অঙ্ক] পক্ষী। [পাখী।
বারঙ্গ, পুং [বৃ+অঙ্গ] পক্ষী, বিহঙ্গ,
বারঙ্গ, পুং. [বার+অঙ্গ] খড়্গাদি মুষ্টি, মুট্, বাঁট। [সমূহ।
বারট, ন. [বার+অট] ক্ষেত্র, ক্ষেত; ক্ষেত্র
বারটা, স্ত্রী. [বার+অট-আ] হংসী, স্ত্রী হাঁস।
বারণ, ন. [বৃ+অন] প্রতিষেধ, নিষেধ; হস্তবারণ; (পুং.) হস্তী; বাণবার, বর্ম্ম, সাঁজোয়া।
বারণবল্লভা, স্ত্রী. [বারণ+বল্লভ-আ] কদলী বৃক্ষ, কলাগাছ।
বারণসী, স্ত্রী. [বর+অনস-ঈ] বারাণসী, কাশী, শিবপুরী।
বারণীয়, ত্রি [বার+অনীয়] নিষিদ্ধ, প্রতি-ষিদ্ধ, বারণযোগ্য। [দড়ী।
বারত্র, ন. [বার+ত্র] চর্ম্মবন্ধনী, চামড়ার
বারদ্বয়, ত্রি. [বার+দ্বয়] দ্বিবার, দুইবার।
বারনারী, স্ত্রী. [বার+নারী] বেশ্যা, গণিকা, অনেকের ভোগ্যা স্ত্রী, বারবিলাসিনী।
বারনিধি, পুং. [বার+নিধি] সমুদ্র, সাগর, জলধি।
বারবধূ, স্ত্রী. [বার+বধূ] বারমুখ্যা, বার-যোষা, বারাঙ্গনা, বেশ্যা।
বারবাণ, পুং. ন. [বার+বাণ] কঞ্চুক, বর্ম্ম, সাঁজোয়া।
বারবাণি, পুং. [বার+বাণি] বংশীবাদক; উত্তম গায়ক; ধর্ম্মাধ্যক্ষ; সম্বৎসর; (স্ত্রী) বেশ্যা। [বেশ্যা।
বারবাণী, স্ত্রী. [বার+বাণি-ঈ] বারমুখ্যা,
বারবার (প্রা) বারম্বার, পুনঃ২।
বারবিলাসিনী, স্ত্রী. [বার+বিলাস+ইন্-ঈ] বেশ্যা, গণিকা।
বারবুষা, স্ত্রী.[বার+বুষা] কদলী, রম্ভা, কলা।
বারবূষা, স্ত্রী [বার+বূষা] কদলী, রম্ভা।
বারবেলা (প্রা) অকর্ম্মণ্য সময়, বিঘ্নদায়ক সময়।
বারমুখ্যা, স্ত্রী. [বার+মুখ্যা,] জনের সহিত সংকৃতা বেশ্যা।
বারম্বার, ব্য. [বারম্+বার] পৌনঃপুন্য, বারবার।
বারয়িতা, পুং. [বারয়ি+তৃ] পতি, স্বামী, ভর্ত্তা; নিবারণকর্ত্তা, নিবারক।
বারয়িতব্য, ত্রি. [বারয়ি+তব্য] প্রতিষিদ্ধ, নিষিদ্ধ, বারণীয়।
বারযোষা, স্ত্রী. [বার+যোষা] বেশ্যা, গণিকা। [বারাঙ্গনা।
বারযোষিৎ, স্ত্রী. [বার+যোষিৎ] বেশ্যা,
বাররমণী, স্ত্রী. [বার+রমণী] বেশ্যা, গণিকা।

বারলা, স্ত্রী. [বার+ল-আ] বরটা; হংসী, স্ত্রীহাঁস, হংসিনী। [বাবুই গাছ।

বারলীক, পুং. [বারল+ঈক] বল্বজা বৃক্ষ,

বারসুন্দরী, স্ত্রী. [বার+সুন্দরী] বেশ্যা, গণিকা।

বারসেবা, স্ত্রী. [বার+সেবা] বেশ্যাদিগের ক্রম; বেশ্যাসমূহ, বেশ্যাগণ।

বারস্ত্রী, স্ত্রী. [বার+স্ত্রী] বেশ্যা, কুলটা, পণ্যাঙ্গনা।

বারাংনিধি, পুং. [বারাং+নিধি] সমুদ্র, সাগর, জলধি। [থানকী।

বারাঙ্গনা, স্ত্রী. [বার+অঙ্গনা] বেশ্যা, কুলটা,

বারাণসী, স্ত্রী. [বর + অনস-ঈ] মোক্ষদা পুরী বিশেষ, বাণারস্ তৎপর্য্যায় ।—বরণাসী, কাশী, শিবপুরী, জিত্বরী, তপঃস্থলী, বরণসী, তীর্থরাজী, কাশিকা।

বারাণসেয়, ত্রি. [বারাণসী+এয়] বারাণসী-জাত, কাশীজাত।

বারাণ্ডা (প্রা) ছাদের বহির্ভাগ, উপরিস্থ গৃহের বহিঃ প্রকোষ্ঠ। [বার।

বারান্তর (প্রা) পুনর্ব্বার, পুনরার, দ্বিতীয়

বারাসন, ন. [বার+আসন] জলাধার, জল-পাত্র, তৎপর্য্যায়ঃ ।—বাঃসদন।

বারাহ, পুং. [বরাহ+অ] মহাপিণ্ডীতকবৃক্ষ; (ত্রি.) বরাহ সম্বন্ধীয়; রাক্ষস বিশেষ।

বারাহকর্ণী, স্ত্রী. [বারাহ+কর্ণী] অশ্বগন্ধা বৃক্ষ। [বৃক্ষ।

বারাহপত্রী, স্ত্রী. [বারাহ+পত্র-ঈ] অশ্বগন্ধা

বারাহাঙ্গী, স্ত্রী. [বারাহ+অঙ্গ-ঈ] দন্তীবৃক্ষ।

বারাহী, স্ত্রী. [বরাহ+ঈ]ব্রহ্মাণ্যাদ্যষ্টমাতৃ-কান্তর্গত মাতৃকাবিশেষ; যোগিনীবিশেষ, যথা ।—দুর্গা, চণ্ডেশ্বরী, চণ্ডী, বারাহী, কার্ত্তিকী, হরসিদ্ধা, কালা, ইন্দ্রাণী, বৈষ্ণবী, ভদ্রকালী, বিশালাক্ষী, ভৈরবী, কামরূপিণী; পৃথিবী; তীর্থবিশেষ; যথা। বারাহী, যমুনা; গঙ্গা, করতোয়া, সরস্বতী, কাবেরী, চন্দ্রভাগা, সিন্ধু, ভৈরব, সাগর; বরাহদেবের শক্তি; বরাহক্রান্তা, চামালু. তৎপর্য্যায় ।—বিষ্বক্সেনপ্রিয়া, ঘৃষ্টি, বরদা, গৃষ্টি, শূকরী, ক্রোড়কন্যা, বিষ্বক্সেন-কান্তা, বরাহী, কৌমারী, ত্রিনেত্রা, ব্রহ্ম-পুত্রী, ক্রোড়ী, কন্যা, গৃষ্টিকা, মাধবেষ্টা, শূকরকন্দ, ক্রোড়, বনবাসী, কুষ্ঠনাশন, বল্য, অমৃত, মহাবীর্য্যা, মহৌষধ, শম্বর-কন্দ, বরাহকন্দ, বীর, ব্রাহ্মীকন্দ, সুকন্দক, বৃদ্ধিদ, ব্যাধিহন্তা; শ্যামা পক্ষী, শামাপাখী।

বারি, ন. [বৃ+ই] জল, সলিল; হ্রীবের, শেওলা; (স্ত্রী.) বাকা; সরস্বতী; গজ-বন্ধনী; হস্তিবন্ধন ভূমি; বন্দি, কএদী

বারিক, (বাং) সৈন্যের বাসস্থান; শ্রেণীবদ্ধ সৈন্যগৃহ।

বারিকণ্টক, পুং. [বারি+কণ্টক] শৃঙ্গাটক, পাণীফল, শিঙ্গাড়া, বারিকুব্জ।

বারিকর্ণিকা, স্ত্রী. [বারি+কর্ণিকা] খমুলী, পানা, কুম্ভিকা। [ইলিশমাছ।

বারিকর্পূর, পুং. [বারি+কর্পূর] ইল্লিশমৎস্য,

বারিকুব্জ, পুং. [বারি + কুব্জ] শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

বারিকুব্জক, পুং. [বারি+কুব্জক] শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

বারিকুব্জ, পুং. [বারি + কুব্জ] শিঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

বারিকোল, (প্রা) বৃহৎ কচ্ছপ, কূর্ম্ম।

বারিক্রমি, পুং. [বারি + ক্রমি] জলৌকা, জলকৃমি, জোঁক।

বারিচত্বর, পুং. [বারি + চত্বর] কুম্ভিকা, খমুলী, পানা।

বারিচর, পুং. [বারি+চর] মৎস্য, জলচর জন্তু মাত্র। [শেওলা।

বারিচামর, ন. [বারি + চামর] শৈবাল,

বারিজ, ন. [বারি+জন-অ] দ্রোণীলবণ; গৌর সুবর্ণ; পদ্ম; লবঙ্গ; (পুং.) শঙ্খ; শম্বুক, শামুক; (ত্রি.) জলজাত।

বারিত, (প্রা) নিষেধিত, প্রতিষেধিত, মানা-করা।

বারিতস্কর, পুং. [বারি+তস্কর] মেঘ; সূর্য্য।

বারিত্রা, স্ত্রী. [বারি+ত্র-আ] ছত্র, ছাতি।

বারিদ, ন. [বারি + দা-অ] বালা; (পুং.) মেঘ; মুস্তক, মুতা

বারিধি, পুং. [বারি+ধা-ই] সমুদ্র, সাগর।
বারিনাথ, পুং. [বারি+নাথ] বরুণ; সমুদ্র; মেঘ
বারিনিধি, পুং. [বারি+নিধি] সমুদ্র, সাগর।
বারিপথিক, ত্রি. [বারি+পথিক] জলপথ-গামী, জলপথে গমনকর্ত্তা।
বারিপর্ণী, স্ত্রী. [বারি+পর্ণী] কুম্ভিকা, পানা
বারিপালিকা, স্ত্রী. [বারি+পালিকা] খমুলিকা, পানা।
বারিপ্রবাহ, পুং. [বারি+প্রবাহ] নির্ঝর, জল-প্রবাহ, ঝরণা।
বারিপ্রশ্নী, স্ত্রী. [বারি+প্রশ্নী] বারিপর্ণী পানা। [লক।
বারিবদরা, স্ত্রী. [বারি+বদরা] প্রাচীন আম-
বারিবদন, ন. [বারি+বদন] প্রাচীনামলক।
বারিবর, ন. [বারি+বর] করমর্দ্দক বৃক্ষ।
বারিবল্লভা, স্ত্রী. [বারি+বল্লভা] বিদারী।
বারিবালক, ন. [বারি+বালক] হ্রীবের শৈবাল, শেওলা।
বারিবাস, পুং. [বারি+বাস] শৌণ্ডিক, শুঁড়ী, মদ্যবিক্রেতা।
বারিবাহ, পুং. [বারি+বাহ] মেঘ; মুস্তা, মুতা। [ধর, ঘর।
বারিবাহন, পুং. [বারি+বাহন] মেঘ, জল
বারিভব, ন. [বারি+ভব] স্রোতোঞ্জন।
বারিভু, পুং. [বারি+ভু] ভেক, ব্যাং; জলাকর, ফোয়ারা, উহুই।
বারিমসি, পুং. [বারি+মসি] মেঘ, জলধর।
বারিমুক্, পুং. [বারি+মুচ্] মেঘ, নীরদ, বারিদ, পয়োধর।
বারিমূলী, স্ত্রী. [বারি+মূলী] বারিপর্ণী, কুম্ভিকা, পানা।
বারিরথ, পুং. [বারি+রথ] ভেলক, ভেলা।
বারিরাশি, পুং. [বারি+রাশি] সমুদ্র, সাগর, জলনিধি। [জলজাত।
বারিরুহ, ন. [বারি+রুহ] কমল, পদ্ম; (ত্রি.)
বারিলোমা, পুং. [বারি+লোমন্] বরুণ, জলাধিপতি।
বারিশ, পুং. [বারি+শী-অ] বিষ্ণু, নারায়ণ।
বারিসম্ভব, ন. [বারি+সম্ভব] লবঙ্গ; সৌবীরাঞ্জন; উশীর, খস্‌খসিয়া; (পুং.) যাবনাল শর।
বারী, স্ত্রী. [বারি+ঈ] গজবন্ধিনী, হস্তিবন্ধনার্থ রজ্জু; কলসী, জলাধার।
বারীট, পুং. [বারি+ইট] হস্তী, হাতী।
বারীশ, পুং. [বারি+ঈশ] সমুদ্র, সাগর।
বারু, পুং. [বৃ+উ] বিজয়কুঞ্জর, বিজয় হস্তী।
বারুঠ, পুং. [বার+উঠ] খট্টি, অন্তশয্যা।
বারুণ, ন. [বরুণ+অ] জল; (ত্রি.) বরুণ সম্বন্ধীয়
বারুণকর্ম্ম, ন, [বারুণ+কর্ম্ম] জলাশয় খননাদি ক্রিয়া।
বারুণি, পুং. [বরুণ+ই] অগস্ত্যমুনি।
বারুণী, স্ত্রী. [বারুণ+ঈ] সুরা, মদিরা; পশ্চিমদিক্; শতভিষানক্ষত্র; গণ্ডদূর্ব্বা; ইন্দ্রবারুণী; দূর্ব্বা; শতভিষানক্ষত্রযুক্ত চৈত্রকৃষ্ণাত্রয়োদশী।
বারুণীবল্লভ, পুং. [বারুণী+বল্লভ] বরুণ, জলাধিপতি।
বারুণ্ড, পুং. [বৃ+উণ্ড] সর্পরাজ, অনন্ত; (পুং. ন.) নৌসেকপাত্র, নৌকার জল সেচনপাত্র; নেত্রমল, পেচুটী; কর্ণমল, কানের খইল।
বারুণ্ডী, স্ত্রী. [+বারুণ্ড-ঈ] দ্বারপিণ্ডী।
বারুদ, (যাং) সোরা গন্ধক ও অঙ্গার মিশ্রিত চূর্ণবিশেষ, অগ্ন্যস্ত্রের উপযোগি বস্তু।
বারুদখানা, (যাং) বারুদপ্রস্তুত করণালয়, মেগজিন্।
বারেক, (প্রা) একবার, এক সময়, সকৃৎ।
বারেন্দ্র, (প্রা) ব্রাহ্মণজাতির শ্রেণীবিশেষ, বঙ্গদেশের অন্তর্গত বরেন্দ্রপ্রদেশীয় ব্রাহ্মণ।
বারেন্দ্রী, স্ত্রী. [বারেন্দ্র+ঈ] দেশবিশেষ, রাজসাহীনামক দেশের একদেশ।
বারেং, (প্রা) প্রতিবার, পুনঃ পুনঃ।
বারো, (প্রা) সংখ্যাবিশেষ; দ্বাদশ, ১২।
বারোআরি, (প্রা) সামান্য, সাধারণ; বারো-এয়ারী, দ্বাদশজনের কর্ত্তৃত্ব বিশিষ্ট।

বারোয়ারী, (গ্রা) দ্বাদশদ্বারযুক্ত গৃহবিশেষ; সর্ব্বত্রগামী, ভিক্ষুক। [গ্রন্থমাত্র।

বার্চ্চ, পুং. [বার+চর-অ] হংস,হাঁস,জলচর,

বার্ণিক, পুং. [বর্ণ+ইক] লেখক, লিপিকর।

বার্ত্ত, ন. [বৃত্+অ] অসার; আরোগ্য; (ত্রি.) নিরাময়, আরোগ্য; বৃত্তিশালী।

বার্ত্তক, পুং. [বৃত্+অক] পক্ষীবিশেষ,বটের-পাখী।

বার্ত্তা, স্ত্রী. [বৃত্+অ-আ] দুর্গা; বৃত্তি; জনশ্রুতি, উদন্ত; বাতিঙ্গণ; কৃষ্যাদি; বার্ত্তাকু; বেগুণ।

বার্ত্তাক, পুং. [বার্ত্তা+ক] বার্ত্তাকু, বেগুণ; বার্ত্তকপক্ষী।

বার্ত্তাকী, পুং. [বৃত+আকিন্] বার্ত্তাকু, বেগুণ, (স্ত্রী.) বৃহতী, বার্ত্তাকু।

বার্ত্তাকু, স্ত্রী. [বৃত্ত+আকু] স্বনামখ্যাত ফলবৃক্ষ, বাগুণ, তৎপর্য্যায়।—হিঙ্গুলী, সিংহী, ভণ্টাকী, দুষ্প্রধর্ষিণী, বার্ত্তাকী, বার্ত্তা, বাতিঙ্গণ, বার্ত্তাক, শাকবিল্ব, রাজকুষ্মাণ্ড, বার্ত্তিক, বাতিগন, বৃন্তাক, বঙ্গণ, অঙ্গণ, কণ্টবৃন্তাকী, কণ্টালু, কণ্টপত্রিকা, নিদ্রালু, মাংসকফলা, বৃন্তাকী, মহোটিকা, চিত্রফলা, কণ্টকিনী, মহতী, কটুফলা, মিশ্রবর্ণফলা, নীলফলা, রক্তফলা, শাকশ্রেষ্ঠা, বৃন্তফলা, নৃপপ্রিয়ফলা; (পুং.) বার্ত্তাকী, বৃহতী।

বার্ত্তাবহ, পুং. [বার্ত্তা+বহ] ধান্য তণ্ডুলাদি বার্ত্তাবহনকারী, পসারী, তৎপর্য্যায়।—বৈবধিক,বার্ত্তোবহ; (ত্রি.) সংবাদবাহক, দূত।

বার্ত্তায়ন, পুং. [বার্ত্তা+অয়ন] প্রবৃত্তিজ্ঞ, তৎপর্য্যায়। -হেরিক,গূঢ়পুরুষ,প্রণিধি, যথার্হবর্ণ, অবসর্প, মন্ত্রবিৎ, চর, স্পর্শ, চার।

বার্ত্তিক, পুং. [বার্ত্তা+ইক] প্রবৃত্তিজ্ঞ, চর; বৈশ্য; বার্ত্তিকপক্ষী; বার্ত্তাকী, বেগুণ; (ন.) উক্তানুক্তদুরুক্তার্থের প্রকাশক গ্রন্থবিশেষ।

বার্ত্তিকা, স্ত্রী. [বৃত্তি+ইক-আ] পক্ষীবিশেষ, বটের, তৎপর্য্যায়।—বিষ্কলিঙ্গী।

বার্ত্রঘ্ন, পুং. [বৃত্র+হন] অর্জ্জুন; জয়ন্ত; (ত্রি.) বৃত্রঘ্নসম্বন্ধীয়।

বার্দ্দর, ন. [বার্+দর] কৃষ্ণলাবীজ; দক্ষিণাবর্ত্ত শঙ্খ; কাকচিঞ্চাশাক; ভারতী, ভারইপাখী; কৃমিজ; জল; আম্রবীজ।

বার্দ্দল, ন. [বার্+দল] দুর্দ্দিন, বাদল; (পুং.) মেলানন্দা, মস্যাধার।

বার্দ্ধক, ন. [বৃদ্ধ+ক] বৃদ্ধসংঘাত; বৃদ্ধের-কর্ম্ম; বৃদ্ধত্ব, বৃদ্ধাবস্থা।

বার্দ্ধক্য, ন. [বার্দ্ধক+য] বৃদ্ধাবস্থা, তৎপর্য্যায়।—বার্দ্ধক, বৃদ্ধত্ব, স্থাবির।

বার্দ্ধি, পুং. [বার+ধা-ঈ] সমুদ্র, সাগর।

বার্দ্ধিভব, ন. [বার্দ্ধি+ভব] দ্রোণীলবণ।

বার্দ্ধুষি, পুং. [বৃদ্ধি+উষি] বৃদ্ধ্যাজীব।

বার্দ্ধুষিক, পুং. [বৃদ্ধি+উষিক] বৃদ্ধিজীবী, লভ্যভুক্, বাড়িখোর, সুদখোর, তৎপর্য্যায়।—কুসীদক,বৃদ্ধ্যাজীব, বার্দ্ধুষি, কুসীদ, কুসীদিক।

বার্দ্ধুষী, পুং. [বৃধুষি+ইন্] বৃদ্ধিজীবী।

বার্দ্ধুষ্য, ন. [বার্দ্ধুষ+য] ধান্যবর্দ্ধন, ধান বাড়ীদেওয়া; ঋণদান, টাকাসুদে দেওয়া।

বার্দ্ধেয়, ন. [বৃদ্ধ+এয়] দ্রোণীলবণ।

বার্দ্ধ্র, ন. স্ত্রী. [বৃদ্ধ্+অ] চর্ম্মরজ্জু, চামড়ারদড়ী।

বার্দ্ধ্রীণস, পুং. [বাদ্ধ্রী+নস] পশুবিশেষ; পক্ষীবিশেষ।

বার্দ্ধ্রীনস, পুং. [বার্দ্ধ্রী+নস] গণ্ডক, গণ্ডার।

বার্ব্বট, পুং. [বার্+বট] বহিত্র, নৌকা, তরণী, জলযান।

বার্ব্বটীর, পুং. [বার+বটীর] ত্রপু, রঙ্গ, আম্রাস্থি,আম্রবীজ; অঙ্কুর; গণিকাসুত; বেশ্যাপুত্র।

বার্ব্বণা, স্ত্রী. [বার্+বণ-আ] নীলীমক্ষিকা, নীলবর্ণমাছি।

বার্ভট, পুং. [বার্+ভট] কুম্ভীর,নক্র,কুমীর।

বার্ম্মণ, ন. [বর্ম্মণ+অ] বর্ম্মসমূহ, বহুতর কবচ। [বৃন্দ।

বার্ম্মিণ, ন. [বার্ম্মিন্+অ] বর্ম্মিসমূহ, কবচীবার্ম্মুক, পুং [বার+মুচ্] মেঘ, ঘন, জলধর।

বার্য্য, ত্রি. [বারি+য] বারিসম্বন্ধীয়, জলসম্বন্ধীয়; বারণীয়, নিবার্য্য। [জলজ।
বার্য্যুদ্ভব, ন. [বারি+উদ্ভব] পদ্ম; (ত্রি.)
বার্রাশি, পুং. [বার্+রাশি] সমুদ্র, সাগর।
বার্ষ, ত্রি. [বর্ষ+অ] বর্ষাসম্বন্ধীয়।
বার্ষক, ন. [বর্ষ+ক] সুদ্যুম্নকৃত পৃথিবীর দশভাগান্তর্গত ভাগবিশেষ।
বার্ষভাণবী, স্ত্রী. [বৃষ+ভানু-ঈ] বৃষভানু কন্যা, শ্রীরাধা।
বার্ষিক, ন. [বর্ষ+ইক] ত্রায়মাণালতা; বর্ষভব, বাৎসরিক, প্রতি বৎসর দেওয়া বা কর্ত্তব্য; বর্ষাকালোদ্ভব।
বার্ষিকী, স্ত্রী. [বর্ষ+ইক-ঈ] ত্রায়মাণালতা; বর্ষকর্ত্তব্য পূজাদি।
বার্ষিলা, স্ত্রী. [বার্+শিলা] করকা, শিল, বর্ষোপল। [বিশিষ্ট।
বার্ষুক, ত্রি. [বৃষ+উক] বর্ষশীল, বর্ষণ-
বার্হত, ন. [বৃহতি+অ] বৃহতীফল।
বার্হদ্রথ, পুং. [বৃহদ্রথ+অ] জরাসন্ধরাজা; (ত্রি.) বৃহদ্রথরাজ সম্বন্ধীয়।
বার্হদ্রথি, পুং. [বৃহদ্রথ+ই] জরাসন্ধরাজা। [সম্বন্ধীয়।
বার্হস্পত, ত্রি. [বৃহস্পতি+অ] বৃহস্পতি
বার্হস্পত্য, পুং. [বৃহস্পতি+য] নাস্তিক; (ন.) নীতিশাস্ত্র; (ত্রি.) বৃহস্পতিসম্বন্ধীয়; কচ।
বার্ক্ষ্য, ন. [বৃক্ষ+য] বন, বিপিন; (ত্রি.) বৃক্ষসম্বন্ধীয়।
বার্ক্ষী, স্ত্রী. [বৃক্ষ+অ-ঈ] স্ত্রীবিশেষ; প্রচেতা পত্নী মারিষা।
বাল, ন. পুং. [বল+অ] গন্ধদ্রব্যবিশেষ, বালা, তৎপর্য্যায়।—হ্রীবের, বর্হিষ্ঠ, উদীচ্য, কেশনামক, অম্বুনামক, হ্রিবের, বর্হিঃষ্ঠ, বালক, বারিদ, বর, হ্রীবেরক, কেশ্য, বজ্র, পিঙ্গ, ললনাপ্রিয়, কুন্তলোশীর, কচামোদ; (ত্রি.) মূর্খ; অর্ভক, তৎপর্য্যায়।—মাণবক, বালক, মানব, কিশোর, বটু, মুষ্টিন্ধয়, বটুক, কিশোরক, পাক, গর্ভ, হিতক, পৃথুক, শিশু, শাব, অর্ভ, ডিম্ভক, ডিম্ব; ষোড়শবর্ষ পর্য্যন্ত প্রথম বয়স্ক; (পুং.) শিরোভবাচ্ছাদনবিশেষ, চুল, তৎপর্য্যায়।—চিকুর, কচ, কেশ, কুন্তল, কুঞ্চর, শিরোরুহ, শিরসিরুট্, শিরোরুট্, শিরজ; ঘোটকশিশু-তৎপর্য্যায়।—কিশোর; অশ্ববালধি; করিবালধি; নারিকেল; পঞ্চমবর্ষীয়হস্তী; পুচ্ছ, লাঙ্গুল; মৎস্যবিশেষ।
বালক, ন. [বাল+ক] হ্রীবের, শেওলা; অঙ্গুলীয়ক; পারিহার্য্য; (পুং.) শিশু, বালক; অজ্ঞ, জ্ঞানহীন; হয়বালধি; হস্তিবালধি, অঙ্গুরীয়ক, হ্রীবের, শেওলা; বলয়, বালা; কেশ, চুল; (পুং. ন.) পারিহার্য্য; (ত্রি.) অঙ্গুরীয়ক।
বালককালীন, (প্রা) শিশুসাময়িক।
বালকতা, স্ত্রী. [বালক+তা] বালকত্ব, ছেলেমী
বালকপ্রিয়া, স্ত্রী. [বালক+প্রিয়া] ইন্দ্রবারুণ; কদলী, রম্ভা। [উকুণ।
বালকৃমি, পুং. [বাল+কৃমি] কেশকীট,
বালক্রীড়ন, ন. [বাল+ক্রীড়ন] বালকখেলা, বাল্যলীলা।
বালক্রীড়নক, পুং. [বাল+ক্রীড়নক] কপীর্দ্দক, কড়ী; বালকের ক্রীড়োপযোগ্য।
বালখিল্য, পুং. [বাল+খিল্য] বালিখিল্যমুনি।
বালগর্ব্ভিণী, স্ত্রী. [বাল+গর্ব্ভিণী] প্রথম গর্ব্ভবতী গাভী, তৎপর্য্যায়।—প্রষ্ঠৌহী, পলিক্নী, বালগর্ব্ভবতী।
বালগোপাল, পুং. [বাল+গোপাল] শ্রীকৃষ্ণ মূর্ত্তি বিশেষ। [বিশেষ।
বালগ্রহ, পুং. [বাল+গ্রহ] বালকহন্তৃগ্রহ
বালচর্য্য, পুং. [বাল+চর্য্য] কার্ত্তিকেয়, ষডানন; (ন.) বালকের চরিত্র।
বালতনয়, পুং. [বাল+তনয়] খদিরবৃক্ষ; বালকপুত্র।
বালতন্ত্র, ন. [বাল+তন্ত্র] গর্ব্ভিণীচর্য্যা, গর্ব্ভবতী স্ত্রীর শুশ্রূষা, তৎপর্য্যায়।—কুমার ভৃত্যা, গর্ব্ভিণ্যবেক্ষণ।
বালতৃণ, ন. [বাল+তৃণ] নবতৃণ, সুতনুঘাস, তৎপর্য্যায়।—শষ্প।
বালদলক, পুং. [বাল+দলক] খদিরবৃক্ষ খএরগাছ।

বালধি, পুং. [বাল+ধা-ই] কেশযুক্তলাঙ্গুল, সলোমলাঙ্গুল।

বালন, (প্রা) ভর্জ্জিতকলাই, ভাজাকলাই।

বালপত্র, পুং. [বাল+পত্র] খদিরবৃক্ষ, খএর গাছ; যবস, ঘাস; (ন.) নূতনপর্ণ, নবপল্লব।

বালপত্রক, পুং. [বাল+পত্রক] খদিরবৃক্ষ, খএরগাছ।

বালপাশ্যা, স্ত্রী. [বাল+পাশ্যা] সীমন্তিকাস্থিত স্বর্ণাদিরচিত পট্টিকা, সিঁথী, তৎপর্য্যায়।—পারিতথ্যা; বালপাশস্থিত মণি।

বালপুষ্পিকা, স্ত্রী. [বাল+পুষ্পিকা] যূথিকা, যুঁইফুল গাছ।

বালপুষ্পী, স্ত্রী. [বাল+পুষ্প-ঈ] যূথিকা, যুঁইফুলগাছ।

বালব, পুং. [বাল+ব] একাদশ করণান্তর্গত দ্বিতীয় করণ।

বালবৎস, পুং. [বাল+বৎস] কপোত; ঘুঘু।

বালবায়জ, ন. [বাল+বায়জ] রত্নবিশেষ, বৈদুর্য্যমণি, হিরণ্মণি।

বালবাসাঃ, ন. [বাল+বাসস্] কেশনির্ম্মিত-বস্ত্র; বালকের বস্ত্র।

বালবাহ্য, পুং. [বাল+বহ-য] বনচ্ছাগ, বন-ছাগল (ত্রি.) বালকবহনীয়।

বালব্যজন, ন. [বাল+ব্যজন] চামর, তৎপর্য্যায়।—রোমগুচ্ছ, প্রকীর্ণক; বালকের চামর।

বালব্রত, পুং. [বাল+ব্রত] মঞ্জুঘোষনামক পূর্ব্বজিন বিশেষ।

বালভদ্রক, পুং. [বাল+ভদ্রক] বিষভেদ, তৎ-পর্য্যায়।—শান্তব।

বালভৈষজ্য, ন; [বাল+ভিষজ-য] রসাঞ্জন; বালকের ঔষধবিশেষ।

বালভোজ্য, পুং. [বাল+ভোজ্য] চনক, ছোলা; (ত্রি.) বালকের ভক্ষণীয়

বালমূষিকা, স্ত্রী. [বাল+মুষিক-আ] ক্ষুদ্র-মূষিকা, ছিটকাইন্দুর, নেংটিয়াইন্দুর, তৎপর্য্যায়।—গিরিকা, চিক, বেশ্মনকুল, চিক্কা।

বালযজ্ঞোপবীতক, ন. [বাল+যজ্ঞ+উপবী-তক] উপবীতিবিশেষ, তৎপর্য্যায়।—উরস্কট, পঞ্চবট।

বালরাজ, ন. [বাল+রাজ] রত্নবিশেষ, বৈদুর্য্য মণি; (পুং.) বালকশ্রেষ্ঠ

বালরোগ, পুং. [বাল+রোগ] বালকের ব্যাধি, শিশুরপীড়া; কেশরোগ।

বালসন্ধ্যাভ, পুং. [বাল+সন্ধ্যা+আভা] অরুণবর্ণ, রক্তবর্ণ।

বালসা, (প্রা) বালকের জ্বররোগ।

বালস্, (প্রা) বালকের জ্বররোগ।

বালসূর্য্য, ন. [বাল+সূর্য্য] রত্নবিশেষ, বৈদুর্য্যমণি; (পুং.) প্রাতঃকালীন সূর্য্য।

বালসূর্য্যক, ন. [বাল+সূর্য্যক] রত্নবিশেষ, বৈদুর্য্যমণি।

বালহস্ত, পুং. [বাল+হস্ত] বালধি, লোমযুক্ত লাঙ্গুল।

বালা, স্ত্রী. [বাল+আ] নারিকেল; হরিদ্রা; মল্লিকাবিশেষ; অলঙ্কারবিশেষ, বলয়; মেধা; ত্রুটি; নারী; ঘৃতকুমারী; হ্রীবের, শেওলা; অম্বষ্ঠা; নীলঝিণ্টী; একবর্ষ বয়স্কাগাভী।

বালাই, (যাং) বিপদ, বিপত্তি, আপদ।

বালাখানা, (যাং) দোতালা; ইষ্টকালয়।

বালাধিকার, ত্রি. [বাল+অধিকার] শিশুকা-লোপযুক্ত, শৈশবাবস্থায় যোজনীয়।

বালাডুম্বর, (প্রা) ঔষধি বৃক্ষবিশেষ।

বালাম, (প্রা) বাখরগঞ্জহইতে আনীততণ্ডুল, বিশেষ।

বালার্ক, পুং. [বাল+অর্ক] প্রাতঃকালীন সূর্য্য; কন্যারাশিস্থ সূর্য্য।

বালাক্ষী, স্ত্রী. [বাল+অক্ষ-ঈ] কেশপুষ্টা-বৃক্ষ, তৎপর্য্যায়।—মানসী, দুর্গপুষ্পী, কেশধারিণী।

বালি, পুং. [বাল+ইন্] কপিবিশেষ, তৎপ-র্য্যায়।—ঐন্দ্র, বালী; (প্রা) বালুকা; কপা-টের একখণ্ড; তাল খর্জ্জুর কদলীগাছের পত্র, সম্পূর্ণ পত্রসমষ্টি।

বালিকা, স্ত্রী. [বাল+ইক-আ] বালা, কন্যা; বালুকা, বালি; পত্রকাহলা; কর্ণভূষণ এলা, এলাইচ।

বালিখিল্য, পুং. [বালি+খিল্য] পুলস্ত্যের সন্নতিনামে কন্যারগর্ভে ক্রতুরষষ্টিসহস্র সংখ্যক পুত্র, ঋষিবিশেষ, বালখিল্য।

বালিনী, স্ত্রী. [বাল+ইন্-ঈ] অশ্বিনীনক্ষত্র।

বালিয়, (প্রা) বালুকাবৎ; সিকতময়।

বালিয়া, (প্রা) মৎস্যবিশেষ, বেলেমাছ, ভোলামাছ; বালিময়।

বালিশ, ন. [বালি+শো-অ] উপধান; (ত্রি.) শিশু; মূর্খ।

বালিসম্ভব, পুং. [বালি+সম্ভব] বালিপুত্র, অঙ্গদ।

বালিহংস, (প্রা) শরাবপক্ষী; বন্যপাতিহাঁস।

বালিহন্তা, পুং. [বালি+হন্-তৃ] শ্রীরামচন্দ্র; ওড্রদেশান্তর্গত দেশবিশেষ।

বালিহাঁস, (প্রা) বন্যপাতিহংস।

বালী, পুং. [বল+ইন্] ইন্দ্রপুত্র, বানররাজ বিশেষ; (ত্রি.) বালবিশিষ্ট; বালুকা; (স্ত্রী.) কর্ণভূষণবিশেষ।

বালীচুণ, (প্রা) বালুকা ও চুণ মিশ্রিত।

বালীশ, পুং. [বালী+ঈশ] মূত্রকৃচ্ছ্র রোগ; উপধান।

বালু, স্ত্রী. [বল+উ] এলবালুক নামক গন্ধ দ্রব্য

বালুক, ন. [বালু+ক] এলবালুক নামে গন্ধদ্রব্য; (পুং.) পানীয়ালু।

বালুকা, স্ত্রী. [বালুক+আ] রেণুবিশেষ, বালি, তৎপর্য্যায়।—সিকতা, সিক্তা, শীতলা, সূক্ষ্মশর্করা, প্রবাহী, মহাসূক্ষ্মা, সূক্ষ্মা, পানীয়বর্ণিকা; শাখা, হস্ত পাদাদ; কর্কটী, কাঁকুড়; কর্পূর; যন্ত্রবিশেষ।

বালুকাগড়, পুং. [বালুকা+গড়] মৎস্যবিশেষ, বালিয়ামাছ, তৎপর্য্যায়।—সিতাঙ্ক.

বালুকাত্মিকা, স্ত্রী. [বালুক+আত্মিকা] শর্করা, চিনি; (ত্রি.) বালুকাময়।

বালুকাপ্রভা, স্ত্রী. [বালুকা+প্রভা] নরকবিশেষ।

বালুকাময়, ন. [বালুকা+ময়] সিকতাময়, বালিময়, বালিপূর্ণ।

বালুকাযন্ত্র, ন. [বালুকা+যন্ত্র] ঔষধপাকার্থ যন্ত্র বিশেষ; বেলানিরূপক যন্ত্র, বালিঘড়ী।

বালুকাস্বেদ, পুং. [বালুকা+স্বেদ] তপ্তবালুকা দ্বারা তাপন, বালিসেক।

বালুকী, স্ত্রী. [বালুক+ঈ] কর্কটীবিশেষ, কাঁকুড়, তৎপর্য্যায়।—বহুফলা, স্নিগ্ধফলা, ক্ষেত্রকর্কটী, ক্ষেত্ররুহা, কাণ্ডিকা, মূত্রলা। [কুড়।

বালুঙ্কী, স্ত্রী. [বাল+উঙ্ক-ঈ] কর্কটী, কাঁ-

বালুঙ্গিকা, স্ত্রী. [বাল+উঙ্গিক-আ] কর্কটী, কাঁকুড। [কাঁকুড়।

বালুঙ্গী, স্ত্রী. [বাল+উঙ্গ-ঈ] কর্কটী,

বালূক, পুং. [বাল+ঊক] বিষভেদ, একপ্রকার গরল।

বালেন্দু, পুং. [বাল+ইন্দু] শুক্লপক্ষের দ্বিতীয় চন্দ্র, নূতনচন্দ্র।

বালেয়, পুং. [বাল+এয়] রাসভ, গর্দ্দভ; দৈত্যবিশেষ, অঙ্গারবল্লরী; চাণক্যমূলক; (ত্রি.) মৃদু, বালকের হিত।

বালেয়শাক, পুং. [বালেয়+শাক] ব্রাহ্মণযষ্টিকা বৃক্ষ, বামনহাটী গাছ।

বালেষ্ট, পুং. [বাল+ইষ্ট] বদর, কুল; (ত্রি.) বালকের অভিলষিত।

বালোপবীত, ন. [বাল+উপবীত] বালকের পরিধান বস্ত্র, তৎপর্য্যায়।—পঞ্চাবট, উরস্কট; দ্বিজবালকের যজ্ঞসূত্র।

বাল্ক, ত্রি. [বল্ক+অ] বল্কসম্বন্ধীয়বস্ত্র, ক্ষৌমাদি।

বাল্কল, ত্রি. [বল্ক+ল-অ] বল্কলনির্ম্মিত।

বাল্কলী, স্ত্রী [বল্কল+অ-ঈ] মদিরা, সুরা, মদ্য। [বিহীনা।

বালতী, (প্রা) দুঃখিনী; অবীরা, পতিপুত্র

বাল্দী, (প্রা) কলাগাছের পত্র; নারিকেল ও তালাদি বৃক্ষের পত্র

বাল্মিকি, পুং. [বল্মিক+ই] বাল্মীকিমুনি।

বাল্মীক, পুং. [বল্মীক+অ] রামায়ণকর্ত্তা মুনি, তৎপর্য্যায়।—প্রাচেতস, বাল্মীকি, কবিজ্যেষ্ঠ, কুশীবশ, বল্মীক, কবি, আদ্যকবি।

বাল্মীকি, পুং. [বল্মীক+ই] ভৃগুবংশীয়মুনি বিশেষ।

বাল্য, ন. [বাল+ষ] বালভাব, তৎপর্য্যায়।—শিশুত্ব, শৈশব, ষোড়শবর্ষ পর্য্যন্ত।

বাল্যকাল, পুং. শৈশবসময়, বাল্যাবস্থা

বাল্যভোগ, (প্রা) প্রাতরাশ,বালকের আহারের তুল্য প্রাতঃকালীন ভোজন।

বাশা, স্ত্রী. [বশ+অ-আ] বাসকবৃক্ষ, বাসক গাছ। [হুতাশন।

বাশি, পুং. [বশ+ই] অগ্নি, অনল, বহ্নি,

বাশিকা, স্ত্রী. [বশ+ইক-আ] বাসকবৃক্ষ, বাকসগাছ।

বাশিত, ন. [বাশ+ইত] পশুপক্ষ্যাদির শব্দ; (ত্রি.) সুরভীকৃত।

বাশিতা, স্ত্রী. [বাশ+ইত-আ] স্ত্রীমাত্র; করিণী, হস্তিনী।

বাশিষ্ঠ, ত্রি. [বশিষ্ঠ+অ] বশিষ্ঠসম্বন্ধীয়।

বাশিষ্টী, স্ত্রী. [বশিষ্ঠ+অ-ঈ] গোতমীনদী।

বাশুরা, স্ত্রী. [বশ+উর-আ] রাত্রি, রজনী।

বাশ্র, পুং. [বাশ্+র] দিবস, দিন; (ন.) মন্দির; চতুষ্পথ, চৌমাথা; বেদপ্রচুর প্রয়োগ, বৎস।

বাষ্যা, (প্রা) বাসি পর্য্যুসিত।

বাষ্প, পুং. [বাষ্প+অ] উষ্মা; অশ্রু, নেত্রজল; লৌহ।

বাষ্পক, পুং. [বাষ্প+ক] মারিষ, মাটিয়াশাক। [রাঁধুনী।

বাষ্পকা, স্ত্রী. [বাষ্প+ক-আ] হিঙ্গুপত্রী,

বাষ্পিকা, স্ত্রী. [বাষ্প+ইক-আ] হিঙ্গুপত্রী তৎপর্য্যায়।—কারবী, পৃথ্বী, কবরী, পৃথু, ত্বক্‌পত্রী, বাষ্পীকা, কর্ব্বরী।

বাষ্পী, স্ত্রী. [বাষ্প+ঈ]বাষ্পিকা, হিঙ্গুপত্রী।

বাষ্পীকা, স্ত্রী. [বাষ্প+ইক-আ] হিঙ্গুপত্রী, রাঁধুনী।

বাস, পুং. [বস+অ] গৃহ; বস্ত্র; অবস্থান; বাসকবৃক্ষ, বাসকগাছ; সুগন্ধি।

বাসঃ, ন. [বাস+অস্] বস্ত্র; পত্রক; (পুং.) গৃহ; বস্ত্র; অবস্থান; বাসক; সুগন্ধি।

বাসক, পুং.[বাস+ক] বৃক্ষবিশেষ,বাসকগাছ, তৎপর্য্যায়।—বৈদ্যমাতা,সিংহী,বাসিকা, বৃষ, অটরুষ, সিংহাস্য, বাজিদন্তক, বাশা, বাশিকা, বৃশ, অটরূষ, বাশক বাসা, বাস, বাজী, বৈদ্যসিংহী, মাতৃসিংহী, বাসকা, সিংহপর্ণী, সিংহিকা, ভিষঙ্মাতা বসাদনী, সিংহমুখী, কণ্ঠীরবী, শিতকর্ণী,বাজিদন্তী,নাসা পঞ্চমুখী, সিংহপত্রী, মৃগেন্দ্রাণী; গানাঙ্গবিশেষ।

বাসকর্ণী, স্ত্রী.[বাস+কর্ণী]যজ্ঞশালা,যাগগৃহ।

বাসকসজ্জা, স্ত্রী. [বাসক+সজ্জা] স্বীয়াদি নায়িকাবিশেষ, ভূষাযুক্ত হইয়া নায়কাপেক্ষিণী নায়িকা, নায়কপ্রাপ্ত্যর্থ নায়িকার উৎকৃষ্ট বসন ভূষণ পরিধান

বাসকা,স্ত্রী. [বাস+ক-আ] বাসকবৃক্ষ, বাসক গাছ।

বাসকারী, (প্রা) বাসিন্দা, বসতিকারক।

বাসগৃহ, ন. [বাস+গৃহ] গর্ভাগার; গৃহমধ্যভাগ; শয়নগৃহ; গৃহের মধ্যগৃহ।

বাসত, পুং. [বাস+ত] গর্দ্দভ, রাসভ, গাধা।

বাসতেয়, (প্রা) নিবাসযোগ্য, বসতির উপযুক্ত। [রজনী।

বাসতেয়ী স্ত্রী. [বাসত+এয়-ঈ] রাত্রি,

বাসন, ন. [বাস+অন] ধূপন; বারিধানী, জলপাত্র; বস্ত্র; বাস; জ্ঞান; নিক্ষেপাধার; (ত্রি.) বসন সম্বন্ধীয়; পাত্র; বাঞ্ছন।

বাসনা, স্ত্রী. [বাস+অন—আ]প্রত্যাশা,বাঞ্ছা, অভিলাস; জ্ঞান; স্মরণের কারণ, তৎপর্য্যায়।—সংস্কার,ভাবনা; দুর্গা; দেহাত্মবুদ্ধি জন্য মিথ্যা সংস্কার।

বাসন্ত, পুং. [বসন্ত+অ]উষ্ট্র,উট; কোকিল; মলয়বায়ু; মুদ্গ, মুগকলাই; কৃষ্ণমুদ্গ; মদনবৃক্ষ; ময়নাগাছ; (ত্রি.) অবহিত; বসন্তকালীন।

বাসন্তক, ত্রি. [বসন্ত+ক] বসন্ত সম্বন্ধীয়।

বাসন্তিক, ত্রি. [বসন্ত+ইক] বিদূষক,কামুক।

বাসন্তী, স্ত্রী. [বসন্ত+অ-ঈ] মাধবীলতা; যূথীবৃক্ষ; পাটলাবৃক্ষ; কামোৎসব, তৎপর্য্যায়।—চৈত্রাবলী, মধূৎসব, সুবসন্ত, কামমহ, কর্দ্দনী; গণিকারীবৃক্ষ; পুষ্পলতা বিশেষ, তৎপর্য্যায়।—প্রহ-

দন্তী, বসন্তজা, মাধবী, মহাজাতি, শীত-সহা, মধুবহুলা, বসন্তদূতী; নবমল্লিকা, নেবারি।

বাসন্তীপূজা, স্ত্রী. [বাসন্তী+পূজা] চৈত্রমাসীয় শ্রীদুর্গাপূজা।

বাসব, পুং. [বসু+অ] ইন্দ্র, দেবরাজ, শক্র। [বতী।

বাসবী, স্ত্রী. [বসু+অ-ঈ] ব্যাসমাতা, সত্য-

বাসযোগ, পুং. [বাস + যোগ] চূর্ণ, গুঁড়া; দেবআবির; পটরসাক্ষোদ, সুগন্ধি দ্রব্য চূর্ণ, তৎপর্য্যায়।—গন্ধচূর্ণ, পটবাস, চূর্ণক।

বাসযোগ্য, ত্রি. বাসোপযুক্ত, বসতিযোগ্য।

বাসর, পুং. ন. [বস+র] দিবস, দিন; (পুং.) নাগবিশেষ; বিবাহরাত্রির শয়নগৃহ।

বাসরঘর, (প্রা) বিবাহরাত্রে বর কন্যার শয়ন গৃহ।

বাসরসজ্জা, (প্রা) বেশভূষান্বিত নায়িকা বিশেষ।

বাসরহিত, (প্রা) বসতিহীন; বস্ত্ররহিত।

বাসসজ্জা, স্ত্রী, [বাস+সজ্জা] নায়িকাবিশেষ।

বাসা, স্ত্রী. [বস + অ-আ] বাসকবৃক্ষ, বাসক গাছ; বসতিস্থান; পক্ষ্যাদির বাসস্থান, নীড়, কুলায়।

বাসাগার, ন [বাস+আগার] বাসগৃহ, তৎ-পর্য্যায়।—ভোগগৃহ, কন্যাট, পত্ন্যাট, নিষ্কুট।

বাসাড়িয়া, (প্রা) প্রবাসী, বিদেশী, বাসাড়ে।

বাসান, (প্রা) জিজ্ঞাসন; গন্ধযুক্ত করণ।

বাসি, পুং. [বস+ই] কুঠারবিশেষ, বাইস; (প্রা) পর্য্যুষিত; ধৌত, ধোপদাস্ত।

বাসিকা, স্ত্রী. [বস+ইক-আ] বাসকবৃক্ষ, বাকসগাছ। [কাপড়।

বাসিকাপড়, (প্রা) ধৌতবস্ত্র, দাস্তকরা,

বাসিত, ন. [বাস+ত] রুত, ধ্বনিত; জ্ঞানমাত্র; খগরব, পক্ষীরধ্বনি; (ত্রি.) সুরভীকৃত, গন্ধযুক্ত, তৎপর্য্যায়।—ভাবিত; সুগন্ধি-পুষ্পাদি বাসিতদ্রব্য; খ্যাত; বস্ত্রবেষ্টিত; পর্য্যুষিত।

বাসিতা, স্ত্রী. [বস+ইত-আ] স্ত্রীমাত্র; করি-ণী, হস্তিনী।

বাসিন, (প্রা) বাসকারী, বসতিকারক।

বাসিনী, স্ত্রী. [বস + ইন্-ঈ] শুক্লঝিণ্টী, শাদাকাঁটী।

বাসিরে, (প্রা) আশ্চর্য্যবোধক।

বাসিষ্ট, ন. [বসা + ইষ্ট] রুধির, রক্ত, শোণিত।

বাসিষ্ঠ, ত্রি. [বসিষ্ঠ+অ] বশিষ্ঠকৃত যোগ শাস্ত্রাদি; বসিষ্ঠ সম্বন্ধীয়।

বাসী, স্ত্রী. [বস+অ-ঈ] কুঠারবিশেষ, তক্ষণী, বাইস; (প্রা) বসতীকারী।

বাসু, পুং. [বাস+উ] নারায়ণ; বিশ্বরূপ; পুনর্ব্বসুনক্ষত্র।

বাসুকি, পুং. [বসুক+ই] অহিপতি, তৎ-পর্য্যায়।—সর্পরাজ, বাসুকেয়।

বাসুকেয়, পুং. [বাসুকি+ঞ্রয়] বাসুকি, সর্প-রাজ।

বাসুকেয়স্বসা, স্ত্রী. [বাসুকেয়+স্বসৃ] মনসা-দেবী, বিষহরী।

বাসুদেব, পুং. [বসুদেব+অ] শ্রীকৃষ্ণ, বসু-দেবপুত্র, তৎপর্য্যায়।—বসুদেবভূ, সবা, সুভদ্র, বাসুভদ্র, ষড়ঙ্গজিৎ, ষড়্বিন্দু, প্রশ্নিশৃঙ্গ, প্রশ্নিভদ্র, গদাগ্রজ, মার্জ্জ, বভ্রু, লোহিতাক্ষ, পরমাণ্বঙ্কক।

বাসুদেবপ্রিয়ঙ্করী, স্ত্রী. [বাসুদেব + প্রিয় + কর-ঈ] শতাবরী; শ্রীকৃষ্ণ প্রিয়কারিণী।

বাসুপূজ্য, পুং. [বাসু+পূজ্য] জিনবিশেষ।

বাসুভদ্র, পুং. [বাসু+ভদ্র] শ্রীকৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।

বাসুরা, স্ত্রী. [বাস+উর-আ] স্ত্রীমাত্র; কা-রিণী, রাত্রি; ভূমি, পৃথ্বী। [স্ত্রী।

বাসূ, স্ত্রী. [বাস+উ] নাট্যোক্তিবিষয়িকা

বাসৌকঃ, ন. [বাস+ওকস্] বাসগৃহ, বসতি স্থান।

বাস্তব, ন. [বস্তু+অ] যথার্থভূত, প্রকৃত।

বাস্তবিক, ত্রি. [বাস্তব+ইক] পরমার্থভূত বস্তু; সত্য, যথার্থ।

বাস্তবোয়া, স্ত্রী. [বাস্তব+উয়-আ] রাত্রি, রজনি।

বাস্তবোষা, স্ত্রী. [বাস্তব+উষা] রাত্রি, রজনী, প্রত্যুষ সময়।

বাস্তব্য, ত্রি. [বাস্+তব্য] বাসকর্ত্তা; বাসযোগ্য; (প্রা) বসতি।

বাস্তু, ন. [বস্+তু] বাস্তুকশাক; (পুং.ন.) গৃহকরণযোগ্য ভূমি, তৎপর্য্যায় ।—বেশ্মভূ, পোত, বাটী, বাটিকা, গৃহপোতক; বাস্তুপুরুষ।

বাস্তুক, ন. [বস্তু+ক] বাস্তুকশাক, বেতোশাক।

বাস্তুকী, স্ত্রী. [বস্তু+ক-ঈ] চিল্লীশাক।

বাস্তুদেব, পুং. [বাস্তু+দেব] গৃহদেবতা।

বাস্তুসংশমন, ন. [বাস্তু+সংশমন] নবগৃহে প্রবেশার্থ যজ্ঞ হোমাদি।

বাস্তূক, স. [বাস্তু+উক] শাকবিশেষ, বেতুয়াশাক, তৎপর্য্যায় ।—বাস্তূ, বাস্তুক, বাস্তুক, বস্তুক; হিলমোচিকা, শাকরাজ, রাজশাক, চক্রবর্ত্তী।

বাস্তেয়, ত্রি. [বস্তি+এয়] বস্তিসম্বন্ধীয়; বস্তু সম্বন্ধীয়; বাস্তুসম্বন্ধীয়।

বাস্তোষ্পতি, পুং. [বাস্তুষ্+পতি] ইন্দ্র, সুরপতি।

বাস্ত্র, ত্রি. [বস্ত্র+অ] বস্ত্রাবৃতরথ; বস্ত্রসম্বন্ধীয়।

বাস্থ, ত্রি. [বার্+স্থা-অ] জলস্থিত ব্যক্তি।

বাস্প, পুং. [বাস্প+অ]উষ্মা; লোহ; অশ্রু, নেত্রজল।

বাস্পধর্ম্মক, পুং. [বাস্প+ধর্ম্মক] ধূমতুল্য।

বাস্পযন্ত্র, ন. [বাস্প+যন্ত্র] ধূমযন্ত্র, ধুঁয়কল।

বাস্পাবিলেক্ষণ, ত্রি. [বাস্প+আবিল-ঈক্ষণ] চক্ষুরজলে পরিপূর্ণ।

বাস্পীয়, ত্রি. [বাস্প+ঈয়] বাস্পসম্বন্ধীয়।

বাস্পেয়, পুং. [বাস্প+এয়] নাগকেশর ফুল। [যুক্ত।

বাস্য, ন. [বাস+য] বাসযোগ্য, বাসোপ-

বাহ, পুং. [বহ+অ] বাহু, ভুজ; ঘোটক; পরিমাণবিশেষ; চতুর্দ্দশ ভেদ হইতে সংখ্যার অন্যথাভাব; বৃষ; বায়ু; (ত্রি.) বহনকর্ত্তা।

বাহক, ত্রি. [বহ+অক] বহনকর্ত্তা; ভারী।

বাহড়ন, (প্রা) প্রত্যাগমন, প্রত্যাবৃত্ত হওন।

বাহদ্বিষন্, পুং. [বাহ+দ্বিষৎ] মহিষ।

বাহন, ন. [বাহ+অন] হস্ত্যশ্বরথ দোলাদি, তৎপর্য্যায় ।—যান, যুগ্য, পত্র, ধোরণ।

বাহবাবাহবি, ব্য. [বাহু+বাহু] বাহুযুদ্ধ, হাতাহাতি

বাহশ্রেষ্ঠ, পুং. [বাহ+শ্রেষ্ঠ] অশ্ব, ঘোটক; গজ

বাহস, পুং. [বহ+অস] অজগরসর্প, বৃহৎভুজঙ্গ; বারিনির্যান; সুনিষণ্ণক, সুষুণীশাক।

বাহা, স্ত্রী. [বাহ+আ] বাহু, ভুজ, হস্ত।

বাহাদুর, (যাং) সাহসিক; পদবিশেষ।

বাহানা, (যাং) ছল, ব্যাজ। [তাহাতি।

বাহাবাহবি, ব্য. [বাহু+বাহু] বাহুযুদ্ধ, হা-

বাহার, (যাং) সৌন্দর্য্য, সৌষ্ঠব; বসন্তকাল।

বাহিক, পুং, [বহ+ইক] ঢক্কা, ঢাক; গোবাহ; শকটাদি; ভারবাহক।

বাহিত্থ, ন. [বাহিন্+স্থা-অ] গজকুম্ভের অধোভাগ।

বাহিনী, স্ত্রী. [বহ+ইন্-ঈ] নদী; সেনা, সৈন্য; সেনাবিশেষ।

বাহিনীপতি, পুং. [বাহিনী+পতি] সেনাপতি; সমুদ্র।

বাহির, (প্রা) বহির্ভাগ; বহির্দ্দেশ।

বাহীক, পুং. [বহি+ঈক] ম্লেচ্ছদেশবিশেষ, তৎপর্য্যায়।—আরট্টক; জার্ত্তিকজাতি, জাট্; বলদিয়া; তুরুষ্কান্তঃপাতি দেশ, জু নামে খ্যাত।

বাহু, পুং. স্ত্রী. [বহ+উ] কক্ষাবধি অঙ্গুলির অগ্রপর্য্যন্ত অবয়ব, হস্ত, হাত, তৎপর্য্যায় ।—ভুজ, প্রবেষ্ট, দোঃ, দোষ, বাহ; তন্নাম যথা ।—আয়তী, চাবানা, অনীশু, অল্পবানা, বিনংগৃসৌ; গভস্তী, কবস্নৌ, বাহূ, ভূরিজে, ক্ষিপন্তী, শক্করী, ভরিত্রে; কূর্পরের ঊর্দ্ধভাগ।

বাহুক, পুং, [বাহু+ক] নলরাজার কল্পিত নাম, তৎপর্য্যায় ।—পুণ্যশ্লোক, অশ্ববিৎ, নৈষধ

বাহুকুণ্ঠ, ত্রি. [বাহু+কুণ্ঠ] কুণ্ঠিতবাহু যুক্ত, কোপা, নুলা, তৎপর্য্যায় ।—কুম্প, দোর্গডু। [দেহকোষ।

বাহুকুম্ভ, পুং. [বাহু+কুম্ভ] পক্ষ, দেহধি,

বাহুজ, পুং. [বাহু+জন-অ] ক্ষত্রিয়জাতি; কীর; স্বয়ংজাততিল; (ত্রি.) বাহুজাত।

বাহুত্রাণ, ন. [বাহু+ত্রাণ] অস্ত্রাঘাত নিবারণার্থ বাহুবদ্ধ লৌহাদি, তৎপর্য্যায়।—বাহুল। [রাজ।

বাহুদন্তী, পুং. [বাহু+দন্তিন্] ইন্দ্র, দেব-

বাহুদা, স্ত্রী. [বাহু+দ-আ] নদীবিশেষ, বাহুদাত্রীনদী, তৎপর্য্যায় ।—সৈতবাহিনী; বাহুদাত্রী।

বাহুবল, ন. [বাহু+বল] ভুজবল, হস্তের শক্তি, হস্ত পরাক্রম। [বৃক্ষ।

বাহুবার, পুং. [বাহু + বার] শ্লেষ্মান্তক

বাহুভূষা, স্ত্রী. [বাহু+ভূষা] কেয়ূর, বলয়, বালা; বাহুভূষণ মাত্র।

বাহুভেদী, পুং. [বাহু+ভেদিন্] বিষ্ণু; (ত্রি.) বাহুভেদক।

বাহুমূল, ন. [বাহু + মূল] ভুজদ্বয়ের অধোভাগ, বগল, কাঁক, তৎপর্য্যায়।—কক্ষ, ভুজকোটর, দোর্মূল, খণ্ডিক, কক্ষা।

বাহুযুদ্ধ, ন. [বাহু + যুদ্ধ] ভুজদ্বয়ের দ্বারা সংগ্রাম, মল্লযুদ্ধ, তৎপর্য্যায় ।—নিযুদ্ধ।

বাহুল, পুং. [বাহু + ল] অগ্নি,অনল; কার্ত্তিকমাস; শাক্যমুনিসুত; বাহুত্রাণ; অস্ত্রাঘাত নিবারণার্থ বাহুবদ্ধ লৌহাদি; বহুলভাব।

বাহুলেয়, পুং. [বাহুলা + এয়] কার্ত্তিকেয়, ষড়ানন, কুমার।

বাহুল্য, ন. [বহুল + য] বহুত্ব, আতিশয্য, প্রাচুর্য্য।

বাহুল্যাংশ, (প্রা) অধিকাংশ, আতিশয্য।

বাহুসহস্রভৃৎ, পুং. [বাহু + সহস্র + ভৃৎ] কার্ত্তবীর্য্যার্জ্জুন; বাণ রাজা।

বাহুবাহবি-ক, ব্য. [বাহু + বাহু-ইচ্] হাতাহাতি।

বাহ্য, ন. [বহ+য] যান; (ত্রি.) বহনীয়; বহিঃ, বহির্ভাগ, বাহির।

বাহ্যক্রিয়া, (প্রা) শৌচক্রিয়া, মলমূত্রাদি পরিত্যাগ কর্ম্ম।

বাহ্যজ্ঞান, ন. [বহি+জ্ঞান] বহিরিন্দ্রিয় জন্য বোধ; স্থূলজ্ঞান, সামান্যবোধ।

বাহ্যস্থান, [বাহ্য+স্থান] মলমূত্রত্যাগার্থ স্থান, পায়খানা।

বাহ্যে (প্রা) বহির্দ্দেশে; প্রকাশ্যে।

বাহ্যেন্দ্রিয়, পুং. [বাহ্য+ইন্দ্রিয়] বহিরিন্দ্রিয়, তদ্যথা।—চক্ষুঃ, জিহ্বা, নাসিকা, ত্বক্, শ্রোত্র; হস্ত, পদ, আস্য, গুহ্য,লিঙ্গাদি।

বাহ্লিক, পুং. [বলহ্+ইক] চন্দ্রবংশীয়রাজা বিশেষ; বাহ্লীকদেশ; (ন) কুঙ্কুম; হিঙ্গু।

বাহ্লীক, ন. [বহ্লীক+অ] কুঙ্কুম; হিঙ্গু; (পুং.)দেশবিশেষ, বল্খ; বাহ্লীকদেশজ ঘোটক; গন্ধর্ব্ববিশেষ; রাজাবিশেষ।

বি, ব্য. নিগ্রহ; নিয়োগ; পদপূরণ; নিশ্চয়; অসহন; হেতু; অব্যাপ্তি; বিনিয়োগ; ঈষদর্থ; পরিভব; শুদ্ধ; অবলম্বন; বিজ্ঞান; বিশেষ; গতি; আলস্য; পালন; উপসর্গবিশেষ, অস্যার্থ যথা।—বিশেষ, বৈরূপ্য, নঞর্থ, গতি, দান; (পুং. স্ত্রী.) পক্ষী, খগ।

বিআজ, (হি) বিলম্ব; টাকার বৃদ্ধি, ফাও।

বিউনী, (প্রা) বেণী, বেশবন্ধন বিশেষ।

বিউলী, (প্রা) নিস্তুকুকলাই, দাইল।

বিংশ, ত্রি. [বিংশ+অ] বিংশতির পূরণ, বিশঞি, বিংশতিতম। [বিশ।

বিংশক, ত্রি. [বিংশতি+ক] বিংশতি, কুড়ী,

বিংশতি, স্ত্রী. [বিংশ+তি] সংখ্যাবিশেষ, বিশ, কুড়ি, তদ্বাচক যথা।—রাবণবাহু, অঙ্গুলি, নখ।

বিংশতিক, ত্রি. [বিংশতি + ক] বিংশতি যোগ্য।

বিংশতিতম, ত্রি. [বিংশতি + তম] বিংশ, বিংশতিরপূরণ, বিশঞি।

বিংশী, পুং. [বিংশতি+ঈ] বিংশতি, বিশ, কুড়ি।

বিঁধ, (প্রা) ছিদ্র, রন্ধ্র, ছেদা, গর্ত্ত।

বিঁধন, (প্রা) ছিদ্রকরণ, বেঁধন।

বিক, ন. [বি+ক] সদ্যপ্রসূতা গাভীর দুগ্ধ।

বিকঙ্কট, পুং. [বিকং + কট] গোক্ষুর, গোক্ষুরীলতা।

বিকঙ্কত, পুং. [বিক+কত] বৃক্ষবিশেষ, বদরীসদৃশ সূক্ষ্ম কলবৃক্ষ, বঁইচগাছ,

তৎপর্য্যায়।—স্বাদুকণ্টক, স্রুবাবৃক্ষ, গ্রন্থিল, ব্যাঘ্রপাৎ, স্রুগ্দারু, মধুপর্ণী, কণ্টপাদ, বহুফল, গোপঘোণ্টা, স্রুবাদ্রুম, মৃদুফল, দন্তকাষ্ঠ, যজ্ঞীয়ব্রহ্মপাদপ, পিণ্ডার, হিমক, পূত, কিঙ্কিনী, বৈকঙ্কত, বুভিক্ষর, কণ্টকারী, কিঙ্কিরী, স্রুগদারু।

বিকঙ্কতা, স্ত্রী. [বিকং+কত-আ] অতিবলা।

বিকচ, পুং. [বি+কচ] ক্ষপণ, রাক্ষস; কেতুগ্রহ; (ত্রি.) বিকসিত,প্রফুল্ল; কেশশূন্য, মুণ্ডিত।

বিকচা, স্ত্রী. [বি+কচ-আ] মহাশ্রাবণিকা।

বিকচ্ছ, ত্রি. [বি+কচ্ছ] কচ্ছরহিত, মুক্তকচ্ছ, কাছাহীন।

বিকট, পুং. [বি+কট] বিস্ফোটক, বিষফোড়া; (ত্রি.) বিশাল, ভয়ানক; বিকরাল; সুন্দর; দন্তুর, বৃহদ্দন্তযুক্ত; বিকৃত।

বিকটা, স্ত্রী. [বি+কট-আ] মায়াদেবী, বৌদ্ধদেবীবিশেষ,তৎপর্য্যায়।—মারীচী, ত্রিমুখা, বজ্রকালিকা, বজ্রবারাহী, গৌরী, পোত্রিরথা। [আকার।

বিকটাকার, পুং. বিকটমূর্ত্তি, ভয়ানক

বিকণ্টক, পুং. [বি+কণ্ট ক] যবস, ঘাস; বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—মৃদুফল, গ্রন্থিল, স্বাদুকণ্টক, গোকণ্টক, কাকনাস, ব্যাঘ্রপাদ, ঘনদ্রুম, গর্জাফল, ঘনফল, মেঘস্তনিতোদ্ভব, মুদিরফল, প্রাবৃষা, হাস্যফল, স্তনিতফল।

বিকত্থন, ন. [বি+কত্থন] মিথ্যাশ্লাঘা, বৃথা গর্ব্ব

বিকন, (গ্রা) বিক্রয়, বেচন।

বিকম্পিত, ত্রি. [বি+কম্প-ইত] বিশেষরূপে কম্পনবিশিষ্ট, প্রকম্পিত, অতিশয় আন্দোলিত। [আময়।

বিকর, পুং. [বি+কর] রোগ, পীড়া, ব্যাধি,

বিকরাল, ত্রি. [বি+করাল] ভয়ানক,বিকট।

বিকর্ণ, পুং. [বি+কর্ণ] দুর্য্যোধনপক্ষীয় শূরবিশেষ; যোদ্ধাবিশেষ; (ত্রি.) কর্ণহীন।

বিকর্ণিক, পুং. [বি+কর্ণ-ইক] দেশবিশেষ, সারস্বত দেশ।

বিকর্ত্তন, পুং. [বি+কৃৎ-অন] সূর্য্য; অর্কবৃক্ষ, আকন্দগাছ।

বিকর্ম্মকৃৎ, ত্রি. [বি+কর্ম্ম-কৃৎ] নিষিদ্ধ কর্ম্মকারী, বিরুদ্ধকর্ম্মকারী, প্রতিষিদ্ধাচারী।

বিকর্ম্মস্থ, ত্রি. [বি+কর্ম্ম+স্থা-অ] নিষিদ্ধকৃৎ বিরুদ্ধকর্ম্মকর্ত্তা। [বিশিখ।

বিকর্ষ, পুং. [বি+কৃষ-অ] বাণ, ইষু, শর,

বিকর্ষণ, ন. [বি+কৃষ-অন] আকর্ষণ, টানন; কুরসংযোগ সহিত নিঃক্ষেপ করণ।

বিকল, ত্রি. [বি+কল] বিহ্বল; স্বভাব হীন, অপ্রকৃতিস্থ।

বিকলপাণিক, পুং. [বি+কল+পাণি-ক] স্বভাবহীন পাণিযুক্ত, অপ্রকৃতিস্থ হস্তযুক্ত, বিকৃতহস্ত, মুলা।

বিকলা, স্ত্রী. [বি+কল-আ] ঋতুহীনাস্ত্রী; অবশা; বিহ্বলা।

বিকলাঙ্গ, ত্রি. [বিকল+অঙ্গ] স্বভাবতঃ ন্যূনাঙ্গ, খঞ্জ প্রভৃতি, তৎপর্য্যায়।—অপোগণ্ড, পোগণ্ড, অঙ্গহীনক।

বিকলী, স্ত্রী. [বি+কল-ঈ] ঋতুহীনাস্ত্রী, বিরজাঃ।

বিকলেন্দ্রিয়, ত্রি. [বিকল+ইন্দ্রিয়] অবশ হস্তপদাদি, ইন্দ্রিয় হীন।

বিকল্প, পুং. [বি+কল্প] ভ্রান্তি, সংশয়, সন্দেহ; কল্পন; বিবিধকল্প, তদ্বিবিধ যথা।—ব্যবস্থিত, ঐচ্ছিক; পক্ষান্তর কল্পনা। [করণ।

বিকল্পন, ন. বিবিধকল্পনা, করণ, সংশয়-

বিকল্পিত ত্রি. [বি+কৢপ-ত] বিকল্পযুক্ত, সন্দেহান্বিত, সন্দিগ্ধ; অনিয়ত।

বিকশন, ত্রি. [বি+কশ্+অৎ] প্রকাশন, ফুটন, প্রস্ফুটিত হওন, প্রফুল্ল হওন

বিকশিত, ত্রি. [বি+কশ্+ইত] প্রস্ফুটিত, প্রকাশিত।

বিকশ্বর, ত্রি. [বি+কশ্বর] বিকাসী, প্রকাশশীল, বিকাশবিশিষ্ট

বিকষা, স্ত্রী. [বি+কষ-আ] মঞ্জিষ্ঠালতা; মাংসরোহিণী।

বিকষ্বর, ত্রি. [বি+কষ-বর] বিকস্বর, বিকাশী, প্রকাশবিশিষ্ট।

বিকস, পুং. [বি+কস] চন্দ্র, বিধু, শশী, নিশাকর; উৎফুল্ল।

বিকসা স্ত্রী. [বি+কস-আ] মঞ্জিষ্ঠালতা।

বিকসিত, ত্রি. [বি+কস-ইত] দলেরপরস্পর বিশ্লেষ, প্রকাশিত, তৎপর্য্যায়।—উজ্জৃম্ভিত, উজ্জৃম্ভ, স্মিত, উন্মিষিত, বিনিদ্র, উন্নিদ্র, উন্মীলিত, বিজৃম্ভিত, উদ্বুদ্ধ, উদ্ভিদুর, ভিন্ন, উদ্ভিন্ন, হসিত, বিকস্বর, বিকচ, ব্যাকোষ, ফুল্ল, সংফুল্ল, স্ফুট, উদিত, দলিত, দীর্ণ, স্ফুটিত, উৎফুল্ল, প্রফুল্ল।

বিকস্বর, ত্রি. [বি+কস-বর] বিকাসশীল, তৎপর্য্যায়।—বিকাসী। [র্বা।

বিকস্বরা, স্ত্রী. [বি+কস+বর-আ] রক্ত পুনর্নবা।

বিকান, (প্রা) বিক্রয় হওন, বিক্রীত।

বিকার, পুং. [বি+কৃ-অ] প্রকৃতির অন্যথাভাব, তৎপর্য্যায়।—পরিণাম, বিকৃতি, বিক্রিয়া, বিকৃতা; রোগ; মন্দ।

বিকারঘ্ন, পুং. [বিকার+হন্] বিকারনাশক।

বিকাররহিত, ত্রি. [বিকার+রহিত] নির্ব্বিকার, মনের অন্যথাভাব শূন্য।

বিকাররাহিত্য, ত্রি. [বিকার+রহিত-য]মনের অন্যথাভাব শূন্যত্ব, নির্ব্বিকারতা।

বিকাররোগ, (প্রা) ব্যাধিবিশেষ।

বিকারী, পুং. [বিকার+ইন্] বিকৃতিকারক; বিকারবিশিষ্ট রোগী। [বিকারস্থ।

বিকার্য্য, ত্রি. [বিকার+য] বিক্রিয়ার যোগ্য,

বিকাল, পুং. [বি+কাল] দৈব পৈত্র্যাদি কর্ম্মের বিরুদ্ধকাল, বৈকাল, তৎপর্য্যায়। সায়, সায়ং, সায়ন্তন, দিনান্ত, সায়াহ্ন, উৎসব, বিকালক। [বৈকাল।

বিকালক, পুং. [বি+কাল-ক] বিকাল,

বিকালিকা, স্ত্রী. [বি+কাল+ইক-আ] মানরজ্জু, তাম্রী, ঝাঁমী।

বিকাশ, পুং. [বি+কাশ] রহঃ, নির্জন; প্রকাশ, ব্যক্ত; বিকশ; বিকচ; উৎফুল্ল।

বিকাশন, ন. [বি+কাশ-অন] বিকাশ,বিকাশন, প্রস্ফুটন।

বিকাশিত, ত্রি. [বি+কশ্+ইত] প্রকাশিত, প্রস্ফুটিত, প্রফুল্লিত।

বিকাশী, ত্রি. [বি+কাশ-ইন] বিকাসশীল, প্রকাশবিশিষ্ট।

বিকাষী, ত্রি. [বি+কাষ-ইন্] বিকাসশীল, প্রকাশবিশিষ্ট।

বিকাসী, ত্রি. [বি+কাস-ইন্] বিকস্বর, বিকাশশীল, প্রকাশবিশিষ্ট।

বিকির, পুং. [বি+কির] পক্ষী; কূপ; পূজাকালীন বিঘ্নোৎসারণার্থ ক্ষেপণীয় সর্ষপ তণ্ডুলাদি; অগ্নিদগ্ধাদির পিণ্ডদান।

বিকী, (প্রা) বিক্রয়, বেচা।

বিকীকিনী, (প্রা) ক্রয় বিক্রয়, বেচাকেনা।

বিকীরণ, ন. [বি+কৃ-অন] বিক্ষেপণ, বিস্তীর্ণতা, বিক্ষিপ্তহওন; বিহিংসন; বিজ্ঞান; (পুং.) অর্কবৃক্ষ, আকন্দগাছ।

বিকীর্ণ, ত্রি. [বি+কৃ-ত] বিক্ষিপ্ত, ছড়ান।

বিকীর্ণতা, (প্রা) বিস্তীর্ণতা, ছড়ান।

বিকীর্ণরোম, ন. [বি+কীর্ণ-রোমন্] স্থৌণেয়, গ্রন্থিপর্ণনামক গন্ধদ্রব্য; গাঁঠিয়ালা।

বিকীর্ণসংজ্ঞ, ন. [বি+কীর্ণ-সংজ্ঞ] স্থৌণেয়, গ্রন্থিপর্ণনামক গন্ধদ্রব্য, গাঁঠিয়ালা।

বিকীর্য্য, ব্য. [বি+কৢপ্+ত] বিক্ষিপ্তহওনের যোগ্য।

বিকুর্ব্বাণ, ত্রি. [বি+কৃ-আন] হর্ষমাণ।

বিকুস্র, পুং. [বি+কুস্র] চন্দ্র, বিধু, নিশাকর।

বিকুক্ষি, পুং. [বি+কুক্ষি] ইক্ষ্বাকু রাজপুত্র।

বিকুণিকা, স্ত্রী. [বি+কুণিক-আ] নাসিকা, নাসা, নাক।

বিকৃত, ত্রি. [বি+কৃ-ত] বীভৎস; পীড়িত; অসংস্কৃত; (ন.) বিকার, স্বভাবের অন্যথাভাব প্রাপ্ত, বিকারবিশিষ্ট।

বিকৃতি, স্ত্রী. [বি+কৃ-তি] বিকার, স্বভাবের অন্যথাভাব প্রাপ্ত।

বিকৃতী, স্ত্রী. [বি+কৃতি-ঈ] রোগ; ভিন্ন; বিকার; মদ্যাদি।

বিকৃষ্ট, ত্রি. [বি+কৃষ-ত] বিশেষরূপে কর্ষিত, আকৃষ্ট। [কাল।
বিকৃষ্টকাল, পুং. [বি+কৃষ্ট+কাল] চির-
বিক্লৃপ্ত, ন. [বি+ক্লৃপ্-ত] নানাপ্রকার, বহুবিধ, বহুরূপ রচিত।
বিকেশী, স্ত্রী. [বি+কেশ-ঈ] পটবর্ত্তি; কেশবর্জ্জিতাস্ত্রী; মহীরুহ; শিবপত্নী।
বিকোক, পুং. [বি+কোক] বৃকাসুর পুত্র।
বিকোষ, ত্রি. [বি+কোষ] কোষরহিত, নিষ্কোষ।
বিক্ক, পুং. [বিক্+ক] করিশাবক, করভ, হস্তি শিশু।
বিক্রম, পুং. [বি+ক্রম] বিষ্ণু; শৌর্য্যাতিশয়, অতিশয় বল, তৎপর্য্যায়।—অতিশক্তিতা; ক্রান্তিমাত্র; বিক্রমাদিত্যরাজা; চরণ; শক্তি; প্রভবাদি ষষ্টিসম্বৎসরান্তর্গত চতুর্দ্দশবর্ষ; পাদসঞ্চালনশক্তিমান।
বিক্রমরহিত, পুং. [বিক্রম+রহিত] পরাক্রম শূন্য, শক্তিরহিত, দুর্ব্বল।
বিক্রমাদিত্য, পুং. [বিক্রম+আদিত্য] স্বনামখ্যাত রাজা, উজ্জয়নীদেশাধিপতি, সম্বৎনামে শক কর্ত্তা, তৎপর্য্যায়।—সাহসাঙ্ক, শকারি।
বিক্রমার্ক, পুং. [বিক্রম+অর্ক] বিক্রমাদিত্য রাজা, উজ্জয়িনীদেশাধিপতি।
বিক্রমী, পুং. [বি+ক্রম-ইন্] সিংহ; বিষ্ণু; (ত্রি.) অতি শক্তিবিশিষ্ট।
বিক্রয়, পুং. [বি+ক্রী-অ] বিক্রয়ণ ক্রিয়া, বিক্রয়করণ, বেচা, তৎপর্য্যায়।—বিপণ, বিপণন, পণন, ব্যবহার, পণায়া।
বিক্রয়ণ, ন. [বিক্রয়-ইক] বিক্রয়, মূল্য গ্রহণপূর্ব্বক স্বত্বত্যাগ, বেচা।
বিক্রয়ণীয়, ন. [বিক্রয়ণ+ঈয়] বিক্রয়ার্হ, বিক্রেয়, বিক্রয়োপযুক্ত, বেচিবারযোগ্য
বিক্রয়িক, পুং. [বি+ক্রী-ইন্-ক] বিক্রেতা, বিক্রয়ী, বিক্রয়কর্ত্তা।
বিক্রয়ী, ত্রি. [বি+ক্রয়-ইন্] বিক্রয়কর্ত্তা, বিক্রেতা।
বিক্রান্ত, ন. [বি+ক্রম-ত] বৈক্রান্তমণি; (পুং.) শূর, বলী; সিংহ।
বিক্রান্তি, স্ত্রী. [বি+ক্রম-তি] অশ্বগতি, তৎপর্য্যায়।—পুলায়িত; বিক্রম।
বিক্রায়িক, পুং. [বি+ক্রী-ইক] বিক্রেতা, বিক্রয়কারক।
বিক্রিয়া, স্ত্রী. [বি+ক্রিয়া] বিকার, বিকৃতি, স্বভাবের অন্যথাভাব।
বিক্রী, (প্রা) বিকা, বেচা, মূল্য লইয়া স্বত্ব ত্যাগ করা।
বিক্রীড়িত, পুং. [বিক্রীড়+ইত] কৃতক্রীড়, বিলসিতক্রীড়াবৎ পুরুষ।
বিক্রীত, ত্রি. [বি+ক্রী-ত] কৃত বিক্রয়, বেচা, বিক্রয়করা।
বিক্রুষ্ট, ত্রি. [বি+ক্রুশ্-ত] নিষ্ঠুর, নির্দ্দয়, নৃশংস, নির্ম্মায়, দুরাত্মা; রব; রববিশিষ্ট
বিক্রেতা, ত্রি. [বি+ক্রী-তৃ] বিক্রয়কর্ত্তা, তৎপর্য্যায়।-বিক্রয়িক, বিক্রয়ী, বিক্রায়িক।
বিক্রেয়, ত্রি. [বি+ক্রী-এয়] বিক্রয়যোগ্য দ্রব্য, বেচিবার উপযুক্ত, তৎপর্য্যায়।—পণিতব্য, পণ্য।
বিক্রোশন, ন. [বি+ক্রুশ্+অন] নিন্দা, ভর্ৎসন; আহ্বান; শব্দবান্।
বিক্রোষ্টা, ত্রি. [বি+ক্রুশ্-তৃ] আক্রোশ, কুৎসবাদী।
বিক্লব, ত্রি. [বি+ক্লব] বিহ্বল, বিকল, জ্ঞানশূন্য। [অবসন্ন।
বিক্লান্ত, ত্রি. [বি+ক্লান্ত] শ্রান্ত, শ্রমযুক্ত,
বিক্লিন্ন, ত্রি. [বি+ক্লিদ-ত] জরাদ্বারা জীর্ণ; শীর্ণ; আর্দ্র, ভিজা; শুষ্ক; ম্লান।
বিক্লেদ, ত্রি. [বিক্লেদ+অ] আর্দ্রতা; ক্লেদ, পূঁষ, রসানি। [ছিদ্ররহিত।
বিখ, ত্রি. [বি+খ] গতনাসিক, বিখু, খাঁদা;
বিখনাঃ, পুং. [বি+খনস্] ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি, ধাতা। [অনন্বিত।
বিখারা, স্ত্রী. [বি+খার-আ] স্বরের অমিলন;
বিখাসা, স্ত্রী. বিখাস+আ] জিহ্বা।
বিখু, ত্রি. [বি+খ-উ] গতনাসিক, নাসিকাহীন, খাঁদা।
বিখুর, পুং. [বি+খুর] রাক্ষস, নিশাচর; চৌর, তস্কর। [হীন, খাঁদা।
বিখ্য, ত্রি. [বি+খ-য] গতনাসিক, নাসিকা-

বিখ্যাত, ত্রি. [বি+খ্যা-ত] খ্যাতাপন্ন, প্রসিদ্ধ।

বিখ্যাতি, স্ত্রী. [বি+খ্যা-তি] প্রসিদ্ধি, সুখ্যাতি, যশঃ।

বিখ্যাপন, ন. [বি+খ্যা-অন] ব্যাখ্যান, সুখ্যাতিকরণ।

বিখ্র, ত্রি. [বি+খ-র] গতনাসিক, অনাসিক; ছিন্ননাসিক; চন্দ্র।

বিখু, ত্রি. [বি+খু-উ] অনাসিক, নাসিকাহীন; ছিন্ননাসিক; চন্দ্র।

বিগড়ন, (প্রা) বিকৃতিহওন, মন্দহওন, নষ্টহওয়া।

বিগড়ামী, (প্রা) বিনাশক, বিকৃতহওন।

বিগণ, (প্রা) শত্রু, রিপু, বিপক্ষ, অরি।

বিগণন, ন. [বি+গণন] ঋণমুক্তি, ঋণমোচন, ঋণশোধন, ধারশোধন; গণনাকরণ।

বিগত, ত্রি. [বি+গত] প্রভারহিত, তৎপর্য্যায়।—নিষ্প্রভ, অরোক, বীত, বিশেষে গত, অতীত

বিগতশ্রীক, ত্রি. [বিগত+শ্রীক] শ্রীরহিত, শ্রীহীন, কদাকার, ভ্রষ্টশ্রীক।

বিগতকল্মষ, ত্রি. [বিগত+কল্মষ] নিষ্পাপ, কলঙ্করহিত।

বিগতজ্বর, ত্রি. [বিগত+জ্বর] জ্বরশূন্য, নির্ব্যাধি; চিন্তারহিত।

বিগতরাগ, ত্রি. [বিগত+রাগ] রাগশূন্য।

বিগতার্ত্তবা, স্ত্রী. [বিগত+আর্ত্তব-আ] পঞ্চপঞ্চাশদ্বর্ষের উর্দ্ধ নিবৃত্ত রজস্কাস্ত্রী, তৎপর্য্যায়।—নিষ্কলী, নিষ্কলা, নিষ্ফলী, নিষ্ফলা, বিকলী, বিকলা।

বিগন্তব্য, ত্রি. [বি+গম+তব্য] পৃথক্‌করণীয়, ত্যাগকরণোপযুক্ত; অপগম্য।

বিগন্ধক, পুং. [বি+গন্ধক] বৃক্ষবিশেষ, ইঙ্গুদীবৃক্ষ; জিয়াপুতা।

বিগন্ধিকা, স্ত্রী. [বি+গন্ধ+ইক-আ] হপুষা।

বিগম, পুং. [বি+গম-অ] নাশ, অপগম; অন্তর্ধান; বিচ্ছেদ

বিগর, পুং. [বি+গর] বায়ুভক্ষণ করিয়া যিনি জীবনধারণ করেন; উলঙ্গমনুষ্য; পর্ব্বত।

বিগর্হণ, ন. [বি+গর্হ-অন] নিন্দন, ভর্ৎসন, তিরস্কার।

বিগর্হণা, স্ত্রী. [বিগর্হণ+আ] নিন্দা, কুৎসা, তিরস্কার।

বিগর্হিত, ত্রি. [বি+গর্হ-ইত] নিন্দিত, কুৎসিত; নিষিদ্ধ

বিগর্হিতব্য, ত্রি. [বি+গর্হ+ইতব্য] বিগর্হণীয়, ঘৃণ্য, দুষ্য। [ক্ষরিত।

বিগলিত, ত্রি.[বি+গল-ইত] স্খলিত, পতিত,

বিগাঢ়, ত্রি. [বি+গাহ-ত] স্নাত, অবগাহিত; (প্রা) ঘন; অতিশয়। [যশঃ।

বিগান, ন. [বি+গান] নিন্দা, ভর্ৎসন, অপ-

বিগামী, ত্রি. [বি+গামিন্] প্রস্থানকারী, গমনোদ্যত।

বিগাহ, পুং. [বি+গাহ] অবগাহন, জলমজ্জন। [অবগাহন।

বিগাহন, ক্রি. [বি+গহ+অন] বিলোড়ন;

বিগাহমান, ত্রি. [বি+গাহ-আন] বিলোড়নকর্ত্তা, অবগাহনকর্ত্তা।

বিগীত, ত্রি. [বি+গী+ত] তিরস্কৃত, নিন্দিত, ভর্ৎসিত, গর্হিত।

বিগুণ, পুং. [বি+গুণ] গুণবৈপরীত্য বিশিষ্ট; গুণহীন; অকর্ম্মণ্য; অনুপকারী।

বিগূঢ়, ত্রি. [বি+গুহ-ত] গর্হিত, নিন্দিত; গুপ্ত।

বিগৃহীত, ত্রি. [বি+গ্রহ-ইত] বিরোধী, বারিত; যুদ্ধে সমাগত।

বিগোছ, (প্রা) বিশৃঙ্খল, শৃঙ্খলাশূন্য।

বিগ্র, ত্রি. [বি+গ্র] গতনাসিক, নাসিকাহীন, খাঁদা।

বিগ্রহ, পুং. [বি+গ্রহ] শরীর, মূর্ত্তি, দেহ; যুদ্ধ; বিস্তার; বিভাগ; বাক্যবিশেষ, সমাসবাক্য, তৎপর্য্যায়।—বিস্তর; দেবমূর্ত্তিবিশেষ; (পুং. ন.) যুদ্ধ, সমর।

বিগ্রহাবর, ন. [বিগ্রহ+অবর] পৃষ্ঠ, পীঠ, দেহের পশ্চাৎ ভাগ।

বিঘটন, ন. [বি+ঘটন] মন্দঘটনা; আপদ, বিপত্তি; মন্দ।

বিঘটিকা, স্ত্রী. [বি+ঘটিকা] পল, দণ্ডের ষষ্টিভাগের একভাগ।

বিঘটিত, ত্রি. [বি+ঘটিত] আপদযুক্ত; হঠাৎ উৎপাতগ্রস্ত; উপস্থিত; মন্দ।

বিঘট্টন, ন. [বি+ঘট্ট+অন] ঘর্ষণ; আঘাত অপরাধ।

বিঘট্টিত,ত্রি.[বি+ঘট্ট-ইত] বিশেষে চালিত; ঘর্ষিত; অপরাধিত; (প্রা) কৃত; মন্দ।

বিঘত, (প্রা) দ্বাদশাঙ্গুলি পরিমাণ, অর্দ্ধহস্ত।

বিঘস, ন. [বি+ঘস] শিক্থক, মোম; (পুং.) ভোজন শেষ, ভুক্তাবশেষ, উচ্ছিষ্ট; দেব পিতৃ অতিথি গুর্ব্বাদিভুক্তাবশেষ আহার। [বিশকাঠা।

বিঘা, (প্রা) ভূমির পরিমাণবিশেষ, কুড়া,

বিঘাত, পুং. ন. [বি+হন-অ] ব্যাঘাত, আঘাত; আপদ্।

বিঘাতক, ত্রি. [বি+ঘাতক] ধ্বংশক, নাশক; ব্যাঘাতকারক।

বিঘাতন, ত্রি. ত্রি. [বি+ঘাতন] আঘাতকরণ; হিংসাকরণ; নিবারণ; বাধাদেওন।

বিঘাতী, ত্রি. [বি+ঘাত-ইন্] নিবারক; ঘাতক, নাশক।

বিঘুষ্ট, ত্রি. [বি+ঘুষ্ট] ঘোষিত, প্রচারিত।

বিঘূর্ণন, ন. [বি+ঘূর্ণন] আঘূর্ণন, আবর্ত্তন; ঘুরিয়াবেড়ান।

বিঘূর্ণিত, ত্রি. [বিঘূর্ণ+ইত] ঘুরাণ, আবর্ত্তিত, ঘূর্ণিত।

বিঘোষণ, ন, [বি+ঘোষণ] প্রকাশন।

বিঘ্ন, পুং. [বি+হন-ত] ব্যাঘাত, তৎপর্য্যায়।—অন্তরায়, প্রত্যূহ, বিগ্ন; কৃষ্ণ পাককলা; উপদ্রব; ক্ষতি; আঘাত।

বিঘ্নকারী, ত্রি. [বিঘ্ন+কারিন্] ঘোরদর্শন; বিঘাতী, প্রতিবন্ধক, বাধক, বিঘ্নকারক, ব্যাঘাতকারক। [কারী।

বিঘ্নদ, ত্রি. [বিঘ্ন+দা] বিঘ্নদাতা, ব্যাঘাত-

বিঘ্ননায়ক, পুং. [বিঘ্ন+নায়ক] গণেশ, হেরম্ব, লম্বোদর, গণপতি।

বিঘ্ননাশন, পুং. [বিঘ্ন+নাশন] গণেশ, হেরম্ব; ব্যাঘাত নাশকর্ত্তা; প্রতিবন্ধক দূরীকর্ত্তা।

বিঘ্ননাশক, পুং. [বিঘ্ন+নাশক] গণেশ, গজানন, গণপতি; প্রতিবন্ধক নাশকর্ত্তা

বিঘ্নবিনায়ক, পুং. [বিঘ্ন+বিনায়ক] গণেশ, গজানন। [পতি।

বিঘ্নরাজ, পুং. [বিঘ্ন+রাজ] গণেশ, গণ-

বিঘ্নহারী, পুং. [বিঘ্ন+হরিন্] গণেশ, গণপতি, গজানন; (ত্রি.) বিঘ্ননাশক।

বিঘ্নিত, ত্রি. [বিঘ্ন+ইত] জাতবিঘ্ন; নষ্ট।

বিঘ্নেশ, পুং. [বিঘ্ন+ঈশ] গণেশ, গজানন, গণপতি।

বিঘ্নেশবাহন, পুং. [বিঘ্নেশ+বাহন] মহামূষক বৃহৎ ইন্দুর।

বিঘ্নেশানকান্তা, স্ত্রী. [বিঘ্ন+ঈশান+কান্তা] শ্বেতদূর্ব্বা; পুষ্টি।

বিঘ্রাণ, পুং. [বি+ঘ্রাণ] আঘ্রাণ, গন্ধগ্রহণ, বাসলওন; (ত্রি.) ঘ্রাণগ্রহণতাহীন।

বিঙ্খ, পুং. [বি+নখ+অ] অশ্বখুর, ঘোটকের খুর।

বিচকিল, পুং. [বিচক+ইল] মল্লীবিশেষ; মদনবৃক্ষ, ময়নাগাছ।

বিচয়, পুং, [বি+চি-অ] অনুসন্ধান।

বিচয়ন, ন. [বি+চি-অন] মার্গণ, অন্বেষণ, অনুসন্ধান।

বিচর্চ্চিকা, স্ত্রী. [বি+চর্চ্চিকা] রোগবিশেষ, বিকচ, তৎপর্য্যায়।—কচ্ছু, পাম, পামা, কচ্ছু; স্বল্প কুষ্ঠবিশেষ; পাদরোগ বিশেষ, চুলকানা।

বিচল, ত্রি. [বি+চল] অস্থির; অন্যথাচরণ; অহংকৃত।

বিচলন, ন. [বি+চলন] স্খলন, চ্যুত; অহঙ্কার; ভিন্ন।

বিচলিত, ত্রি. [বি+চলিত] স্খলিত, পতিত, চ্যুত; অস্থির, চঞ্চল।

বিচলী, স্ত্রী. [বিচল+ঈ] তৃণবিশেষ, শুষ্ক ধানের ডাঁটা, খড়।

বিচক্ষণ, পুং. [বি+চক্ষ-অন] পণ্ডিত; (ত্রি.) নিপুণ।

বিচক্ষণা, স্ত্রী. [বিচক্ষণ+আ] নাগদন্তী বৃক্ষ; নিপুণাস্ত্রী।

বিচক্ষুঃ, ত্রি. [বি+চক্ষুস্] বিমনাঃ, অন্যমনস্ক, (ত্রি.) বিগত চক্ষুঃ, নষ্টচক্ষুঃ, গতনয়ন।

বিচাড়, (প্রা) বীজক্ষেত্র, বীজবৃক্ষণের খেত।

বিচার, পুং. [বি+চর-অ] তত্ত্ব নির্ণয়; ন্যায়; সন্দিগ্ধবিষয়ে প্রমাণদ্বারা তত্ত্ব পরীক্ষা, তৎপর্য্যায়।—তর্ক, নির্ণয়, শুশ্রা, চর্চ্চা, সংখ্যা, বিচারণা, চর্চ্চন, সংখ্যান, বিচারণ, বিতর্ক, ব্যূহ, ব্যূহ, উহ, বিতর্কণ, প্রণিধান, সমাধান।

বিচারক, ত্রি. [বিচর+অক] বিচারকর্ত্তা, মীমাংসাকারক; বিবেচক।

বিচারকর্ত্তা, পুং. [বিচার+কর্তৃ] বিচারক, মীমাংসাকারক।

বিচারণ, ন. [বি+চারণ] বিচার, তত্ত্বনির্ণয়।

বিচারণা, স্ত্রী. [বি+চারণ-আ] বিচার, বিবেচনা; মীমাংসা শাস্ত্র।

বিচারণীয়, ত্রি. [বি+চার-অনীয়] বিচার্য্য, বিচার যোগ্য, বিবেচনার্হ; শাস্ত্র।

বিচারভূ, স্ত্রী. [বিচার+ভূ] যমের বিচার ভূমি; বিচারস্থান, আদালত।

বিচারসূত্র, ন. [বিচার+সূত্র] ব্যবস্থা, বিচারলক্ষণ; বিতর্কারম্ভ; বিচারের কারণ।

বিচারানর্হ, ত্রি. [বিচার+অনর্হ] বিচারযোগ্য, বিবেচনানুপযুক্ত।

বিচারিত, ত্রি. [চি+চার-ইত] কৃতবিচার, তৎপর্য্যায়।—বিন্ন, বিত্ত; বিবেচিত, বিতর্কিত; নির্ণীত। [কারী।

বিচারী, ত্রি. [বিচার+ইন্] বিচারকর্ত্তা, তর্ক-

বিচার্য্য,ত্রি. [বি+চার-য] বিচারিতব্য, বিচারণীয়, বিবেচনার্হ; তর্কযোগ্য।

বিচাল, ত্রি. [বি+চল-অ] অভ্যন্তর, অন্তরাল, মধ্যভাগ।

বিচালিত, ত্রি. [বিচল+ইত] বিগত, স্থানচ্যুত করণ; আন্দোলিত; নড়ান।

বিচালী, (প্রা) শুষ্কধান্য তৃণ, নাড়া, খড়।

বিচি, পুং· স্ত্রী. [বি+চি] বীচী, তরঙ্গ, ঢেউ; (প্রা) বীজ, দানা; মুষ্ক, অণ্ডকোষ।

বিচিকিৎসা, স্ত্রী. [বি+কিৎস-আ] সন্দেহ, সংশয়; (ত্রি.) অচিকিৎসা, অপ্রতীকার; কদর্য্য, মন্দ।

বিচিত্র, ন. [বি+চিত্র] কর্ব্বূরবর্ণ; (ত্রি.) কর্ব্বূর বর্ণবিশিষ্ট; আশ্চার্য্য, বিস্ময়, চমৎকার; নানাবর্ণ।

বিচিত্রক, পুং. [বি+চিত্র-ক] ভূর্জবৃক্ষ, ভোজপাতের গাছ।

বিচিত্রদেহ, পুং. [বি+চিত্র-দেহ] মেঘ; (ত্রি.) আশ্চর্য্য শরীর; নানাবর্ণ দেহ।

বিচিত্রবীর্য্য, পুং. [বি+চিত্র-বীর্য্য] চন্দ্রবংশীয় রাজাবিশেষ, শান্তনু রাজার ঔরসে দাসকন্যার গর্ব্ভজাত।

বিচিত্রবীর্য্যসূ, স্ত্রী. [বিচিত্রবর্য্য+সূ] সত্যবতী, ব্যাসদেবের মাতা।

বিচিত্রা, স্ত্রী. [বি+চিত্র-আ] মৃগের্ব্বারু।

বিচিত্রাঙ্গ, পুং. [বিচিত্র+অঙ্গ] ময়ূর; ব্যাঘ্র; (ত্রি.) আশ্চর্য্য শরীর।

বিচিত্রিত, ত্রি. [বিচিত্র+ইত] নানাবর্ণযুক্ত; চিত্রীকৃত।

বিচিন্তা, স্ত্রী. [বি+চিন্তা] ভাবনা, উদ্বেগ।

বিচিন্তিত, ত্রি. [বিচিন্তা+ইত] বিশেষভাবিত; কাতর্য্যান্বিত।

বিচী, স্ত্রী. [বি+চি-ঈ] তরঙ্গ, ঢেউ; (প্রা) মুষ্ক, অণ্ডকোষ।

বিচেতাঃ, ত্রি. [বি+চেতস্] বিগতচিত্ত, অন্যমনস্ক, তৎপর্য্যায়।—দুর্ম্মনাঃ, অন্তর্ম্মণাঃ, বিমনাঃ।

বিচেষ্টিত,ত্রি.[চি+চেষ্ট-ইত] বিগত; ঈহিত, অন্বেষিত; (প্রা) মন্দচেষ্টা, মন্দাচরণ।

বিচ্ছন্দক, পুং. [বি+চ্ছন্দ-ক] ঈশ্বর গৃহবিশেষ, দেবালয়বিশেষ; বিশিষ্টাভিপ্রায়; উপর্য্যুপরি গেহ।

বিচ্ছর্দ্দক, পুং· [বি+ছর্দ্দ-ক] বিচ্ছন্দক, ঈশ্বর গৃহবিশেষ, দেবালয়বিশেষ।

বিচ্ছায়, ন. [বি+চ্ছায়া] পক্ষীদিগের ছায়া; (ত্রি.) ছায়ারহিত; (পুং.) মণি।

বিচ্ছিত্তি, স্ত্রী· [বি+ছিদ্-তি] অঙ্গরাগ; বিচ্ছেদ; হারবিশেষ; ছেদ; বিনাশ; অঙ্গহার; গেহাবধি; আকল্পকল্পনা।

বিচ্ছিন্ন, ত্রি. [বি+ছিদ্-ন] সমালব্ধ; বিভক্ত, অসংলগ্ন, পৃথক্, বিরহিত, বিভিন্ন; কুটিল।

বিচ্ছু, (প্রা) ক্রীড়াবিশেষ; কর্কোটক, বিছা।

বিচ্ছেত্তব্য, (প্রা) বিচ্ছেদ্য, পৃথক্করণীয়, বিচ্ছিন্ন, ভগ্নশীল।

বিচ্ছেদ, পুং. [বি+ছিদ-অ] বিয়োগ, বিরহ; ভেদ, পার্থক্য, ভিন্নতা।

বিচ্যুত, ত্রি. [বি+চ্যুত] বিগত, স্খলিত, ভ্রষ্ট, পতিত; বিক্ষরিত।

বিচ্যুতি, স্ত্রী. [বি+চ্যুতি] বিয়োগ, বিশ্লেষ, বিচ্ছেদ, পার্থক্য।

বিছটী, (প্রা) লতাবিশেষ, বৃশ্চিকালীলতা।

বিছড়ান, (প্রা) বিক্ষেপণ, বিকীর্ণকরণ।

বিছা, (প্রা) অলি, বৃশ্চিক।

বিছান, (প্রা) বিস্তারণ; পাতন, বিকীর্ণকরণ।

বিছানা, (প্রা) শয্যা, আস্তরণ।

বিজন, ত্রি. [বি+জন] নির্জন, তৎপর্য্যায়।—বিবিক্ত, ছন্ন, নিঃশলাক, রহঃ, উপাংশু।

বিজনন, ন. [বি+জন-অন] প্রসব, গর্ভমোচন।

বিজন্মা, ত্রি. [বি+জন্মন্] উপপতি হইতে জাত, কুণ্ড, গোলক, জারজাত, জারজ; বিরুদ্ধজন্ম বিশিষ্ট।

বিজপিল, ন. [বিজ+পিল] পঙ্ক, পাঁক, কর্দ্দম, কাদা

বিজয়, পুং. [বি+জয়] জয়, জিতন; অর্জ্জুন; বৃত্তার্হৎপিতা; জিন; বলদেব; বিমান; যম; কল্কিপুত্র; ভৈরববংশীয় কল্প-রাজপুত্র, কাশীরাজ খাণ্ডববনকর্ত্তা; বিষ্ণুর অনুচরবিশেষ।

বিজয়কুঞ্জর, পুং. [বিজয়+কুঞ্জর] রাজ বাহ্য-হস্তী, রাজকীয় হস্তীবিশেষ

বিজয়চ্ছন্দ, পুং. [বিজয়+ছন্দ] পঞ্চশত মৌক্তিকহার, পাঁচশত মুক্তারহার

বিজয়নন্দন, পুং. [বিজয়+নন্দন] ইক্ষ্বাকু বংশজাত রাজাবিশেষ, তৎপর্য্যায়।—জয়; অভিমন্যু। [জয়প্রাপ্ত।

বিজয়প্রাপ্ত, পুং. [বিজয়+প্রাপ্ত] বিজয়লব্ধ,

বিজয়মর্দ্দল, পুং. [বিজয়+মর্দ্দল] ঢক্কা, ঢাক

বিজয়া, স্ত্রী. [বি+জয়-আ] তিথিবিশেষ, বিজয়াদশমী; উমার সখী, গৌতমকন্যা; বিশ্বামিত্রের উপাসিত বিদ্যাবিশেষ; দুর্গা; যমভার্য্যা; হরীতকী; বচা, বচ; জয়ন্তীবৃক্ষ; শেফালিকা; মঞ্জিষ্ঠা; শমী-বিশেষ; অগ্নিমন্থবৃক্ষ; মাদক দ্রব্যবিশেষ, ভাঙ, সিদ্ধি, তৎপর্য্যায়।—ত্রৈলোক্য-বিজয়া, ভঙ্গা, ইন্দ্রাশন, বীরপত্রা, গঞ্জা, চপলা, জয়া, অজয়া, আনন্দা, হর্ষিণী; অষ্টমহাদ্বাদশীর অন্তর্গতদ্বাদশীবিশেষ।

বিজয়াসপ্তমী, স্ত্রী. [বিজয়া+সপ্তমী] রবিবারে শুক্লপক্ষীয়া সপ্তমী।

বিজয়িন, ত্রি. [বি+জয়িন্] বিজিল, ঈষৎ সরস ব্যঞ্জনাদি।

বিজয়ী, ত্রি. [বি+জয়িন্] জয়যুক্ত, জয়-প্রাপ্ত।

বিজয়োৎসব, পুং. [বিজয়া+উৎসব] আশ্বিন-মাসের শুক্লাদশমী বিহিত ভগবদুৎসব-বিশেষ। [বস্থা।

বিজর, ত্রি. [বি+জর] জরারহিত, অবার্দ্ধক্যা-

বিজল, ত্রি. [বি+জল] বিজিল, ঈষৎ সরস ব্যঞ্জনাদি; জলশূন্য, সলিলরহিত।

বিজলী, (প্রা) বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী

বিজলীচটক, (প্রা) বৃক্ষবিশেষ।

বিজল্প, পুং. [বি+জল্প] বাক্যবিশেষ; গল্প।

বিজাত, ত্রি. [বি+জাত] বিজন্মা, জারজ; বিষম উৎপন্ন।

বিজাতক, ত্রি. [বিজাত+ক] বিজন্মা, জারজ, জারজাত।

বিজাতা, স্ত্রী. [বি+জাত-আ] জাতাপত্যা, প্রজাতা, উৎপন্নপুত্রা, প্রসূতা, কৃত-প্রসবা, প্রসূতিকা।

বিজাতি, স্ত্রী. [বি+জাতি] ভিন্নজাতি; অন্য-জাতি; অন্যপ্রকার।

বিজাতীয়, ত্রি. [বি+জাতীয়] বিভিন্ন ধর্ম্মাক্রান্ত; বিশেষ জাতিবিশিষ্ট; অন্য-প্রকার; ইতর; অসম্ভব; অতিশয়, প্রকাণ্ড।

বিজিগীষ, ত্রি. [বি+জি+স-অ] জয়েচ্ছু, জয়াকাঙ্ক্ষী

বিজিগীষা, স্ত্রী. [বিজিগীষ+আ] স্বোদর পূরণাসক্তি নিমিত্তক নিন্দা ত্যাগেচ্ছা; ব্যবহার; কশ্চিৎ প্রকর্ষ; বিজয়েচ্ছা, বিজয়াকাঙ্ক্ষা।

বিজিগীষাবিবর্জ্জিত, ত্রি. [বিজিগীষা+বি-বর্জ্জিত] কেবল উদর পরায়ণ, তৎপর্য্যায়।—আদ্যূন, ঔদরিক; ব্যবহার বিহীন; স্বোদর পূরণাসক্তি নিমিত্তক নিন্দা ত্যাগেচ্ছারহিত।

বিজিগীষু, ত্রি. [বি+জি+স-উ] জয়েচ্ছাশীল, জয়েচ্ছু, জয়াকাঙ্ক্ষী, জয়ী হইতে অভিলাষী।

বিজিত, ত্রি. [বি+জি-ত] পরাজিত, পরাভূত, পরাস্ত।

বিজিতা, পুং. [বি+জি-তৃ] পৃথক্; ভীত; কম্পিত।

বিজিতি, স্ত্রী. [বি+জি-তি] বিজয়, জয়; পরাজয় পরাভব।

বিজিন, ত্রি. [বিজ+ইন] বিজিল, ঈষৎ সরস ব্যঞ্জনাদি।

বিজিল, ত্রি. [বিজ+ইল] ঈষৎ সরস ব্যঞ্জনাদি, তৎপর্য্যায়।—পিচ্ছিল, বিজয়িন, বিজিন, বিজ্জল, উজ্জ্বল, লালসীক, বিজিবিল, বিজল।

বিজিবিল, ত্রি. [বিজি+বিল] বিজিল, ঈষৎ সরস ব্যঞ্জনাদি।

বিজিহ্ম, ত্রি. [বি+জিহ্ম] বক্র, কুটিল, বাঁকা, অসরল।

বিজুল, পুং. [বিজ+উল] শাল্মলিকন্দ।

বিজৃম্ভণ, ন. [বি+জৃম্ভণ] জৃম্ভণ, হাই; বিকসন, প্রকাসন।

বিজৃম্ভিত, ন. [বিজৃম্ভ-ইত] চেষ্টা; (ত্রি.) বিকস্বর, বিকসিত, প্রকাশশীল; জৃম্ভাযুক্ত, হাইছাড়া।

বিজেতব্য, ত্রি. [বি+জি+তব্য] বিজয়করণ যোগ্য, জয়করণার্হ।

বিজেতা, ত্রি. [বি+জি-তৃ] জয়ী, জেতা, জয়কর্ত্তা।

বিজেয়, ত্রি. [বি+জি-য়] জয়করণার্হ, জয় যোগ্য।

বিজ্জল, ত্রি. [বিদ্+জল] বিজিল, ঈষৎ সরস-ব্যঞ্জনাদি; (ন.) শর, বাণ।

বিজ্জিল, ন. [বিদ্+জিল] বিজিল, ঈষৎ সরস ব্যঞ্জনাদি।

বিজ্জুল, ন. [বিদ্+জুল] ত্বচ, ছাল; চর্ম্ম।

বিজ্জুলিকা, স্ত্রী. [বিদ্+জুলিকা] জতুকা, জৌ, লা।

বিজ্ঞ, ত্রি. [বি+জ্ঞা-অ] প্রবীণ, নিপুণ; পণ্ডিত।

বিজ্ঞতম, ত্রি. [বিজ্ঞ+তম] অতিশয় বিবেচক, প্রবীণ।

বিজ্ঞতা, স্ত্রী. [বিজ্ঞ + তা] নিপুণতা, প্রবীণতা; পাণ্ডিত্য।

বিজ্ঞত্ব, ন. [বিজ্ঞ+ত্ব] বিজ্ঞতা, সুবোধ, পাণ্ডিত্য।

বিজ্ঞপ্তি, স্ত্রী. [বি+জ্ঞা-তি] সংবাদ দান, সমাচারদেওয়া; নিবেদন; বিজ্ঞাপন, জানান।

বিজ্ঞবুদ্ধি, স্ত্রী. [বিজ্ঞ+বুদ্ধি] জটামাংসী; নিপুণ মতি।

বিজ্ঞাত, ত্রি. [বি+জ্ঞা-ত] খ্যাত, বিশেষজ্ঞাত, অবগত, বিদিত।

বিজ্ঞাতা, পুং. [বিজ্ঞা+তৃ-অ] জ্ঞাতকারক, জ্ঞানপ্রাপ্ত; যে জানে।

বিজ্ঞান, ন. [বি+জ্ঞান] জ্ঞান, বিদ্যা, পাণ্ডিত্য; কর্ম্ম; কার্ম্মণ, শিল্পাদি শাস্ত্রজ্ঞান; ব্রাহ্মণের লক্ষণবিশেষ।

বিজ্ঞানপাদ, পুং. [বিজ্ঞান+পাদ] বেদব্যাস, দ্বৈপায়ন, সত্যবতীসুত।

বিজ্ঞানময়কোষ, পুং. [বিজ্ঞান+ময়+কোষ] শ্রোত্রাদি পঞ্চ জ্ঞানেন্দ্রিয়ের সহিত বুদ্ধি।

বিজ্ঞানমাতৃক, পুং. [বিজ্ঞান+মাতৃক] বুদ্ধ।

বিজ্ঞানিক, ত্রি. [বিজ্ঞান+ইক] জ্ঞানবিশিষ্ট; বিজ্ঞ।

বিজ্ঞাপন, ন. [বি+জ্ঞাপন] বোধন, জানান, বিদিতকরণ, বিজ্ঞপ্তি।

বিজ্ঞাপনা, স্ত্রী. [বিজ্ঞাপন+আ] প্রকাশকরা, জ্ঞাপন করান। [বিজ্ঞাপ্য।

বিজ্ঞাপনীয়, ত্রি. [বি+জ্ঞা+অনীয়] প্রকাশ্য,

বিজ্ঞাপয়িতব্য, ত্রি. [বি + জ্ঞা + তব্য] বিজ্ঞাপনীয়, বিজ্ঞাপ্য, প্রকাশ্য।

বিজ্ঞাপ্তি, স্ত্রী. [বি+জ্ঞা-তি] বিজ্ঞাপন, বোধন, বিদিতকরণ, জানান।

বিজ্ঞেয়, ত্রি. [বি+জ্ঞা-য়] বিজ্ঞাতব্য, বিজ্ঞাপনীয়, প্রকাশ্য, বিজ্ঞাপ্য, জানিবার যোগ্য বা উপযুক্ত।

বিজ্ঞামর, ন. [বিজ্ঞ+অমর] চক্ষুঃ শুক্লক্ষেত্র।

বিজ্ঞোলী, স্ত্রী. [বিজ্ঞ+ওল-ঈ] পঙ্‌ক্তি, শ্রেণী, শারী।

বিট, পুং. [বিট+অ] ষিড়্গ, লম্পট, কামুক, জার, উপপতি; কামুকানুচর; ধূর্ত্ত; কামতন্ত্রকলা কোবিদ; পর্ব্বতবিশেষ; লবণবিশেষ; খদিরবিশেষ, মুষিক, ইন্দুর; নারঙ্গবৃক্ষ।

বিটঙ্ক, পুং. ন. [বি+টঙ্ক] কপোতপালিকা; পায়রার খোপ; সৌধাদির সমীপ কাষ্ঠাদি রচিত গৃহ পক্ষী স্থান।

বিটঙ্কক, পুং. ন. [বি+টঙ্ক-ক] বিটঙ্ক, কপোতপালিকা, পায়রার খোপ।

বিটপ, পুং. ন. [বিট+পা-অ] শাখাপল্লব সমুদায়, তৎপর্য্যায়।—বিস্তার; স্তম্ব; শাখা; পল্লব; মুষ্ক বঙ্ক্ষণান্তর; (পুং.) বিটাধিপ, পারদারিক শ্রেষ্ঠ, বড় লম্পট; আদিত্য পত্র আকন্দপাতা। [টতা।

বিটপতা, পুং. [বিটপ+তা] ধূর্ত্ততা; লম্প-

বিটপতাচরণ, ন. [বিটপতা+আচরণ] লম্পটাচরণ; ধূর্ত্ততা, দুষ্টতা; দুষ্টামি, ধূর্ত্তামি।

বিটপী, পুং. [বিটপ+ইন্] বৃক্ষ, তরু, শাখী, গাছ; বড়বৃক্ষ

বিটপ্রিয়, পুং. [বিট+প্রিয়] মুদ্গরবৃক্ষ।

বিটমাক্ষিক, পুং. [বিট+মাক্ষিক] ধাতুবিশেষ, তৎপর্য্যায়।—তাপ্য, নদীজ, কামারি, তারারি। [প্রতারক।

বিটল, পুং. হেলনরহিত, স্থিরদুষ্ট, ধূর্ত্ত, শঠ,

বিরালতপস্বী, পুং. [বিরাল+তপস্বিন্] ভণ্ডতপস্বী, প্রতারণার্থ ব্রতকারী।

বিরালব্রতী, পুং. [বিরাল+ব্রতী] ভণ্ডতপস্বী, প্রতারণার্থ মিথ্যা ব্রতধারী।

বিরিক্ত, ত্রি. [বি+রিক্ত] কৃতবিরেক, বিরেচন, ভেদ, মলচালন।

বিরিঞ্চ, পুং. [বি+রচ] ব্রহ্মা, প্রজাপতি; বিষ্ণু; শিব।

বিরিঞ্চন, পুং. [বি+রিচ-অন] ব্রহ্মা, প্রজাপতি, সৃষ্টিকর্ত্তা। [বিষ্ণু।

বিরিঞ্চি, পুং. [বি+রচ-ই] শিব; ব্রহ্মা;

বিরিব্ধ, পুং. [বি+রভ-ত] স্বর।

বিরুদ, পুং. [বি+রুদ] গুণোৎকর্ষাদি বর্ণন।

বিরুদাবলী, স্ত্রী. [বিরুদ+আবলী] বিরুদশ্রেণী, স্তবমালা।

বিরুদ্ধ, ত্রি. [বি+রুধ-ত] বিরোধবিশিষ্ট; উল্টা, বিপরীত; অসঙ্গত।

বিরূঢ়, ত্রি. [বি+রুহ-ত] অঙ্কুরিত, জাত, উৎপন্ন, আরোহণ বিশিষ্ট।

বিরূপ, ন. [বি+রূপ] পিপ্পলীমূল, (ত্রি.) কুৎসিত, কুরূপ, কদাকার, (পুং.) সুমনোরাজপুত্র, যথা।—সুমতি, বিরূপ, সভ্য, প্রতিকূল, বিপক্ষ, অপ্রসন্ন।

বিরূপক, ত্রি. [বি+রূপ-ক] কুৎসিৎ,

বিরূপা, স্ত্রী. [বি+রূপ-আ] দুরালভা-লতা, অতিবিষা, কুরূপা, কুৎসিতা, বিশ্রী, কদর্য্য।

বিরূপাক্ষ, পুং. [বি+রূপ+অক্ষ] শিব, মহাদেব, রুদ্রবিশেষ; বিষমচক্ষু, ভয়ানক চক্ষুঃ।

বিরূপিকা, স্ত্রী. [বি+রূপ+ইক-আ] কুরূপা বিকলাঙ্গী।

বিরূপী, পুং. [বি+রূপিন্]. জাহকজন্তু; (ত্রি.) কুরূপবিশিষ্ট।

বিরেক, পুং. [বি+রুচ্-অন] মলভেদ, মলচালন; তৎপর্য্যায়।—রেচন, রেক, রেচনা, বিরেচন, প্রস্কন্দন।

বিরেচক, ত্রি. [বি+রেচক] রেচক, বিরেককারক, সারক, মলভেদক, জোল্লাব।

বিরেচন, ন. [বি+রেচন] বিরেক, রেচন, মলচালন; (পুং) পীলুবৃক্ষ। [শূন্য।

বিরেফ, পুং. [বি+রেফ] নদমাত্র; রেফ-

বিরেভিত, ত্রি. [বি+রেভ-ইত] শব্দিত, নাদিত, ধ্বনিত।

বিরোক, ন. [বি+রুচ্-অ] ছিদ্র, রন্ধ্র; (পুং.) সূর্য্যকিরণ।

বিরোচন, পুং. [বি+রোচন] সূর্য্য; অর্কবৃক্ষ, আকন্দগাছ; প্রহ্লাদপুত্র; অগ্নি; চন্দ্র; রোহিতকবৃক্ষ; শ্যোণাকবিশেষ; ঘৃতকরঞ্জ।

বিরোচনসুত, পুং. [বিরোচন+সুত] বলিরাজা প্রহ্লাদের পৌত্র।

বিরোদ্ধা, (প্রা) বিপক্ষ, প্রতিবন্ধকতাকারী।

বিরোধ, পুং. [বি+রোধ] শত্রুতা, তৎপর্য্যায়।—বৈর, বিদ্বেষ, দ্বেষ, দ্বেষণ, অনুশয়, সমুচ্ছ্রয়, পর্য্যবস্থা, বিরোধন, সাধ্যব্যাপকাভাব প্রতিযোগিত্ব; সাধ্য সমানাধিকরণ্য; অনৈক্য; বিপরীতার্থ।

বিরোধক, পুং. [বি+রোধক] বিরোধকারী, বিবাদী; প্রতিবন্ধক।

বিরোধকর্ত্তা, পুং. [বিরোধ+কর্ত্তৃ] বিরোধকারী, শত্রু, বিপক্ষ।

বিরোধন, ন. [বি+রুধ-অন] বিরোধ,

বিরোধানর্হ, [বিরোধ+অনর্হ] বিবাদানুপযুক্ত, বিরোধের অযোগ্য।

বিরোধিতা, স্ত্রী. [বি+রোধিতা] বিরোধিত্ব, ব্যাঘাত, বাধা।

বিরোধিনী, স্ত্রী. [বি+রোধ-ইন্-ঈ] বিরোধকারিকা, বিবাদকারিণী।

বিরোধী, পুং. [বি+রুধ-ইন্] শত্রু, বৈরী, প্রভবাদি ষষ্টিসংবৎসরান্তর্গত ত্রয়োবিংশবর্ষ; (ত্রি.) বিরোধবিশিষ্ট, বিবাদী।

বিরোধোক্তি, স্ত্রী. [বিরোধ+উক্তি] পরবচন, অন্যের কথার বিরুদ্ধ বচন; তৎপর্য্যায়।—বিপ্রলাপ, বিরোধবাক্, ক্রোধোক্তি, প্রলাপ।

বিল, ন. [বিল+অ] ছিদ্র, গর্ত্ত, বিবর, গুহা; (পুং.) উচ্চৈঃশ্রবা ঘোটক; বেতস বৃক্ষ।

বিলকারী, পুং. [বিল+কারিন্] মূষক; উন্দুর; ইঁদুর; (ত্রি.) গর্ত্তকারক।

বিলগ্ন, ন. [বি+লগ্ন] মধ্য, অবলগ্ন। অসংলগ্ন, জন্মলগ্ন; মেষাদিলগ্নমাত্র (ত্রি.) সংলগ্ন।

বিলঙ্ঘন, [বি+লঙ্ঘন] উৎক্রমণ, লঙ্ঘন ডিঙ্গন।

বিলজ্জ, ত্রি. [বি+লজ্জা] লজ্জারহিত নির্লজ্জ, বেহায়া।

বিলন, (প্রা) ব্যয়করণ; বণ্টন, দানকরণ।

বিলপন, ন. [বি+লপ-অৎ] বিলাপ, ভাষণ খেদোক্তিকরণ, শোকবাক্যকথন।

বিলপিত, ত্রি. [বি+লপ-ত] ক্রন্দিত শোকোক্তি।

বিলবাস, পুং. [বিল+বাস] জন্তুবিশেষ জাহকজন্তু।

বিলবাসী, পুং. [বিল+বাসিন্] সর্প, ভুজঙ্গ (ত্রি.) গর্ত্তস্থ। [বিলমাছ

বিলমৎস্য, [বিল+মৎস্য] বিলজাত মৎস্য

বিলম্ব, পুং. [বি+লম্ব্-অ] লম্বন; গৌণ কালাতিক্রম, কালব্যাজ, অশীঘ্র, দেরি

বিলম্বন, ন. [বি+লম্ব্-অন] অশীঘ্র গৌণকরণ, কালক্ষেপণ; প্রভবাদিষষ্টি সংবৎ

বিলম্বিত, ত্রি. [বি+লম্ব্-ত] অশীঘ্র, গৌণ কালক্ষেপণ; (ন.) মন্দত্ব: বিলম্বগমনশীল পশু,তদযথা।—হস্তি,খড়্গী, উষ্ট্র, মহিষ, গো, গবয়, চমর, বরাহ।

বিলম্বী, ত্রি. [বি+লম্ব-ইন্] বিলম্ববিশিষ্ট, অসত্বর, বিলম্বকারী।

বিলম্ভ, পুং. [বি+লম্ভ] অতিদান, অতিশয় বিতরণ, তৎপর্য্যায়।—অতি সর্জ্জন। [ধ্বংস।

বিলয়, পুং. [বি+লী-অ] প্রলয়, বিনাশ

বিললা, স্ত্রী. [বি+লল-আ] শ্বেতবলা।

বিলশয়, পুং. [বিল+শী-অ] সর্প, অহি, ভুজঙ্গ, বিলেশয়।

বিলসন্, ত্রি. [বি+লস-অৎ] বিলাসযুক্ত, দীপ্তিশীল, প্রকাশবিশিষ্ট, শোভমান।

বিলসিত, স্ত্রী. [বি+লস্-ইত] আহ্লাদিত, কৃতক্রীড়, কৃতকৌতুক।

বিলক্ষ, ত্রি. [বি+লক্ষ] বিস্ময়ান্বিত, চমৎকৃত।

বিলক্ষণ, ন. [বি+লক্ষ-অন] হেতুশূন্যাবস্থা, নিষ্প্রয়োজন স্থিতি; (ত্রি.) ভিন্ন; বিশেষ লক্ষণযুক্ত; উত্তম, উৎকৃষ্ট]

বিলক্ষণা, স্ত্রী. [বি+লক্ষণ-আ] শয্যাবিশেষ, প্রেত শ্রাদ্ধে দেয় শয্যা।

বিলাছামাছ, (প্রা) বিলজাত মৎস্য, বিলমাছ।

বিলাতী, (যাং) ইউরোপ দেশীয়, ইংরাজী।

বিলাপ, পুং. [বি+লপ-অ] অনুশোচনোক্তি, শোকবাক্য,তৎপর্য্যায়।—পরিদেবন।

বিলাপন, পুং. [বিলাপ+অন্] শোককরণ, ক্রন্দন, আক্ষেপকরণ।

বিলাপী, পুং. [বিলাপ+ঈ] শোককারী, অনুশোচী, আক্ষেপ বচন শীল।

বিলাল, পুং. [বি+লল-অ] যন্ত্র, কল; বিড়াল, মার্জ্জার।

বিলাস, পুং; [বি+লস-অ] হাববিশেষ; লীলা, শোভা, রমণ, আমোদ।

বিলাসকানন, ন. [বিলাস+কানন] ক্রীড়াবন, বিলাস বিপিন, আরাম।

বিলাসবিভবানস,ত্রি.[বিলাস+বিভব+অনস] লুব্ধ, লোভী, অর্থগৃধ্নু।

বিলাসভবন, ত্রি. [বিলাস+ভবন] আমোদ প্রমোদার্থনির্ম্মিত গৃহ, বিলাসমন্দির, ক্রীড়াগৃহ, কেলিস্থান।

বিলাসমন্দির, ন, [বিলাস+মন্দির] ক্রীড়াগৃহ, কেলিগৃহ, লীলাস্থান।

বিলাসিনী, স্ত্রী. [বি+লাস-ইন্-ঈ] প্রিয়া নারী, রমণী; বেশ্যা।

বিলাসী, পুং. [বি+লস+ইন্] ভোগী, ক্রীড়ারত, কৌতুককারী, আমোদী, বিলাসশীল; ব্যাল, সর্প; কৃষ্ণ; অগ্নি; চন্দ্র; স্মর; মদন; হর, মহাদেব।

বিলিখিত, পুং. [বি+লিখিত] বিশেষে লেখা; চিত্রিত; অঙ্কিত।

বিলী, (প্রা) অংশকরণ, ভাগকরণ, বণ্টন, ব্যয়করণ; পৃথক্‌করণ; শ্রেণীবদ্ধকরণ।

বিলীন, ত্রি. [বি+লীন] প্রাপ্তদ্রবীভাব ঘৃতাদি; তৎপর্য্যায়।—বিদ্রুত, দ্রুত; বিশ্লিষ্ট, বিশেষে লীন, অন্তর্হিত।

বিলুপ্ত, ন. [বি+লুপ্-ত] লোপপ্রাপ্ত, নষ্ট, রহিত, অন্তর্হিত।

বিলেখন, ন. [বি+লিখ+অন্] লেখন; লিখন, খনন; বিশেষ লিপিকরণ, বিশেষ লিখন।

বিলেপ, পুং. [বি+লিপ-অ] লেপ, লেপন, মাখান; প্রলেপ।

বিলেপন, ন. [বি+লেপন] গাত্রানুলেপন যোগ্য সুগন্ধি দ্রব্য, তৎপর্য্যায়।—গাত্রানুলেপনী, বর্ত্তি, বর্ণক; কুঙ্কুমাদি লেপন, তৎপর্য্যায়।—সমালম্ভ।

বিলেপনী, স্ত্রী. [বি+লেপনী] যবাগু, যাউ; সুবেশা স্ত্রী।

বিলেপী, ত্রি. [বি+লেপিন্] লেপনকর্ত্তা; বিলেপনীয়।

বিলেপ্য, পুং. [বি+লেপ-য] যবাগু, যাউ; (ত্রি.) বিলেপনীয়।

বিলেবাসী, পুং. [বিলে+বাসিন্] সর্প, ভুজঙ্গ; ইন্দুর; (ত্রি.) গর্ত্তে বাসকারী।

বিলেশয়, পুং. [বিলে+শয়] সর্প; মুষিক,

ইন্দুর; গোধা, গোসাপ; শশক, খরগোশ; শল্লকী, শজারু; বিলশয়।

বিলোক, ন. [বি+লোক] নির্জ্জন, বিজন, লোকশূন্য।

বিলোকন, ন. স্ত্রী. [বি+লোক-অন] আলোকন, অবলোকন, নিরীক্ষণ, দর্শন, দেখন।

বিলোকনীয়, ত্রি. [বি+লোক+অনীয়] প্রত্যক্ষ; বোধ্য, জ্ঞেয়; দর্শনীয়।

বিলোকিত, ত্রি. [বি+লোক-ইত] আলোকিত, অবলোকিত, নিরীক্ষিত, দৃষ্ট।

বিলোকিতা, পুং. [বি+লোকি-তৃ] দ্রষ্টা; দর্শনকর্ত্তা, প্রেক্ষক, দর্শক।

বিলোচন, ন. [বি+লোচ-অন] চক্ষু, নয়ন, নেত্র; দর্শন।

বিলোটক, পুং. [বি+লোট-ক] নলমীন, বালিয়ামাছ।

বিলোড়ন, ন. [বি+লুড়-অন] মন্থন, আলোড়ন, ঘোঁটন; মর্দ্দন।

বিলোড়িত, ন. [বি+লুড়-ইত] তক্র, ঘোল; (ত্রি.) আলোড়িত, মথিত।

বিলোপ, পুং. [বি+লুপ-অ] বিশেষেলোপ, একেবারে লয়প্রাপ্তি, নাশ।

বিলোভ, পুং. [বি+লোভ] বিশেষেলোভ, অতিশয় লোলুপতা; লোভরহিত।

বিলোভন, পুং. [বি+লোভন] বিশেষে লোভ প্রদর্শন, অত্যর্থ লোভ দেখান।

বিলোম, ন. [বি+লোমন্] অরঘট্টক, মহাকূপ, বড় কুয়া; (ত্রি.) বিপরীত, ব্যতিক্রম, উল্টা, তৎপর্য্যায়।—প্রতিকূল, অপসব্য, অপষ্টুর, বাম, প্রসব্য, প্রতীপ, প্রতিলোম, অপষ্টু, সব্য, বিলোমক (পুং.) প্রদীপ; সর্প; বরুণ; কুক্কুর।

বিলোমক, পুং. [বি+লোমন্-ক] বিপরীত ব্যতিক্রম, বিপর্য্যয়।

বিলোমক্রিয়া, পুং. [বিলোম+ক্রিয়া] বিপরীতক্রিয়া; ব্যতিক্রম, বৈপরীত্য।

বিলোমজ, পুং. [বিলোম+জ] উত্তম বর্ণা স্ত্রীর গর্ব্ভে অধম বর্ণ হইতে উৎপন্ন।

বিলোমজাত, পুং. [বিলোম+জাত] অধম বর্ণপুরুষ হইতে উত্তমবর্ণা স্ত্রীর গর্ব্ভে উৎপন্ন, বিলোম।

বিলোমজিহ্ব, পুং. [বিলোম+জিহ্ব] হস্তী, করী, গজ।

বিলোমবর্ণ, পুং. [বিলোম+বর্ণ] বর্ণসঙ্কর, নীচ জাতি।

বিলোমী, স্ত্রী. [বি+লোম-ঈ] আমলকী, ধাত্রীফল।

বিলোল, ত্রি. বি+লুল-অ] চঞ্চল, চপল, অস্থির।

বিলোলন, ন. [বি+লুল-অন] চঞ্চল দোলন।

বিল্ল, ন. [বিল+ল] আলবাল, বৃক্ষমূলস্থ জলসেক স্থান; হিঙ্গু, হিং; বিল্লবৃক্ষ।

বিল্লমূলা, স্ত্রী. [বিল্ল+মূল-আ] বারাহীকন্দ, শূকরকন্দিয়া।

বিল্লসূ, স্ত্রী. [বিল্ল+সূ] প্রসূত দশপুত্রা, যে স্ত্রী দশপুত্র প্রসব হইয়াছে।

বিল্ব, ন. [বিল+ব] বিল্ববৃক্ষের ফল; পলপরিমাণ; (পুং.) ফলবৃক্ষবিশেষ, বেলগাছ, তৎপর্য্যায়।—শাণ্ডিল্য, শৈলূষ, মালূর, শ্রীফল, মহাকপিত্থ, গোহরীতকী, পূতিবাত, অতিমঙ্গল্য, মহাফল, শল্য, হৃদ্যগন্ধ, শালাটু, কণ্টাহ্ব, শৈলপত্র, শিবেষ্ট, পত্রশ্রেষ্ঠ, ত্রিপত্র, গন্ধপত্র, লক্ষ্মীফল, গন্ধফল, দুরারুহ, ত্রিশাখপত্র, ত্রিশিখ, শিবদ্রুম, সদাফল, সত্যফল, সুভূতিক, সমীরসার।

বিল্বপত্র, ন. [বিল্ব+পত্র] শ্রীফলপত্র, ত্রিপত্র, বেলপাত।

বিল্বপেষিকা, স্ত্রী. [বিল্ব+পেষিকা] শুষ্ক বিল্বখণ্ড, বেলশুঁঠা।

বিল্বা, স্ত্রী. [বিল্ব+আ] হিঙ্গুপত্রী।

বিলবিল, (প্রা) একত্র দলবদ্ধ হইয়া ঈষদ্গমন।

বিশ, ন. [বিশ+অ] মৃণাল, পদ্মেরডাঁটা; (প্রা) সংখ্যাবিশেষ, কুড়ি, ২০।

বিশকণ্ঠী, পুং. [বিশ+কণ্ঠিন্] বলাকা, ক্ষুদ্রবকশ্রেণী।

বিশঙ্ক, ত্রি. [বি+শঙ্কা] শঙ্কারহিত, নিঃশঙ্ক, নির্ভয়।

বিশঙ্কট, ত্রি. [বি+শঙ্কট] বিশাল, বৃহৎ, বড়, প্রকাণ্ড।

বিশঙ্কিত, ত্রি. [বি+শঙ্কিত] ভীত, ত্রস্ত ভয়ার্ত্ত।

বিশদ, পুং. [বি+শদ] শ্বেতবর্ণ, শাদা : (ত্রি.) বিমল, নির্ম্মল, পরিষ্কার ;ব্যক্ত, প্রকাশ; শুক্লগুণযুক্ত।

বিশম্বরা, স্ত্রী. [বিশং+বর-আ] পল্লী, পাড়া, বসতি শ্রেণী।

বিশয়, পুং. [বি+শী-অ] সংশয়, সন্দেহ, আশ্রয়।

বিশয়ী, ত্রি. [বি+শয়িন্] সংশয়ী, সন্দেহী; আশ্রয়ী।

বিশর, পুং. [বি+শৃ-অ] বধ, প্রাণীহত্যা, নাশ, হিংসা।

বিশরণ, ন. [বি+শৃ-অন] মারণ, হনন, বধকরণ।

বিশল্য, ত্রি. [বি+শল্য] শল্যরহিত, যাতনাহীন।

বিশল্যকরণী, স্ত্রী. [বি+শল্য-করণী] ঔষধি, বিশেষ।

বিশল্যকৃৎ, পুং. [বিশল্য+কৃৎ] বিশালীবৃক্ষ, কার্পাসী গাছ, তৎপর্য্যায়।—অঙ্কোডক, সুকঙ্ক, ভূপলাশ, আস্ফোত, আচরৎপ্রিয়; (ত্রি.) বিশল্যকারী।

বিশল্যা, স্ত্রী. [বি+শল্য-আ] গুড়ুচীলতা; অগ্নিশিখা বৃক্ষ; দন্তী; ত্রিপুটা; কলিকারী; অজমোদা।

বিশসন, ন. [বি+শস-অন] মারণ, নাশন, হনন; খড়্গ।

বিশসিত, ত্রি. [বি+শস্-ইত] মারিত, হিংসিত, হত। [ধৃষ্ট।

বিশস্ত, ত্রি. [বি+শস্-ত] অবিনীত, ধৃষ্ট,

বিশস্তা, পুং. [বি+শস্-তৃ] চাণ্ডাল, চাঁড়াল।

বিশাকর, পুং. [বিশ+আকর] ভদ্রচূড়, লঙ্কাসিজ্ গাছ

বিশাখ, পুং. [বি+শাখ] কার্ত্তিকেয়, কুমার, ষড়ানন; ধনুর্দ্ধারিদিগের দ্বাদশাঙ্গুলের অন্তরে পাদ সংস্থান; যাচক, ভিক্ষুক; পুনর্নবাশাক।

বিশাখজ, পুং. [বিশাখ+জ] নারঙ্গবৃক্ষ; (ত্রি.) বিশাখজাত।

বিশাখল, ন. [বিশাখ+ল] যুদ্ধকালে মধ্যে বিন্যস্ত পাদদ্বয়।

বিশাখা, স্ত্রী. [বি+শাখা] কঠিল্লক, করলা; অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত, ষোড়শনক্ষত্র, তৎপর্য্যায়।—রাধা।

বিশাতনী, স্ত্রী. [বি+শাতন-ঈ] মোচনকর্ত্রী, মুক্তিকারিণী।

বিশায়, পুং. [বি+শী-অ] প্রহরিদিগের ক্রমেতে শয়ন। [হিংসন।

বিশারণ, ন. [বি+শৃ-অন] মারণ, হনন,

বিশারদ, ত্রি. [বিশার+দা] বিদ্বান্, পণ্ডিত; প্রগল্ভ; নিপুণ; প্রসিদ্ধ; শ্রেষ্ঠ; (পুং.) বকুলপুষ্প বৃক্ষ।

বিশারদা, স্ত্রী. [বিশারদ+আ] ক্ষুদ্র দুরালভা।

বিশাল, ত্রি. [বি+শাল-অ] বৃহৎ, প্রকাণ্ড, মহৎ; (পুং.) মৃগবিশেষ; পক্ষিবিশেষ; বৃক্ষবিশেষ।

বিশালতা, স্ত্রী. [বিশাল+তা] পার্শ্ববিস্তার, ওসার, তৎপর্য্যায়।—পরিণাহ; সামান্য বিশালত্ব, মহত্ত্ব।

বিশালতৈলগর্ভ, পুং. [বিশাল+তৈল+গর্ভ] অঙ্কোঠবৃক্ষ, আকরোট্; আকোড়, খলআঁকুড়া।

বিশালত্বক্, পুং. [বিশাল+ত্বচ্] সপ্তপর্ণ বৃক্ষ, ছাতিমগাছ।

বিশালপত্র, পুং. [বিশাল+পত্র] কাসালু, কোকনদেশে প্রসিদ্ধ আলুবিশেষ, কন্দালু; স্ত্রীতাল; (বাং) শালম্।

বিশালফলিকা, স্ত্রী. [বিশাল+ফল+ইক-আ] নিষ্পাবী, বোড়াসীম।

বিশালা, পুং. [বি+শাল-আ] ইন্দ্রবারুণী; উজ্জয়নী; উপোদকী; মহেন্দ্রবারুণী; তীর্থবিশেষ; বদর্য্যাশ্রম।

বিশালাক্ষ, পুং. [বিশাল+অক্ষ] মহাদেব; গরুড়; (ত্রি.) সুনেত্র, দীর্ঘচক্ষুঃ; বিষ্ণু।

বিশালাক্ষী, স্ত্রী. [বিশাল-আক্ষিন্] বৃক্ষ; বরস্ত্রী, দীর্ঘনয়নানারী; নাগদন্তী-

পার্ব্বতী, ভগবতী; চতুঃষষ্ঠি যোগিনান্তর্গত যোগিনীবিশেষ।

বিশালী, স্ত্রী. [বি+শাল-ঈ] অজমোদা বৃক্ষ।

বিশিখ, পুং. [বি+শিখা-অ] শরবৃক্ষ; বাণ, শর, ইষু; তোমরাস্ত্র; বাদ্য যন্ত্রবিশেষ; (ত্রি.) শিখারহিত।

বিশিখা, স্ত্রী. [বি+শিখা] খনিত্রী, খন্তা; রথ্যা, রাস্তা; নালিকা, র্দ্দমা, নালা।

বিশিত, ত্রি. [বি+শি-ত] ধারযুক্ত, ধারাল।

বিশিপ, ন. [বিশ+ইপ] মন্দির, গৃহ, ভবন, আগার।

বিশিষ্ট, ত্রি. [বি+শিষ্ট] যুক্ত; বিশেষে শিষ্ট; (পুং.) বিষ্ণু; ভদ্র, উৎকৃষ্ট।

বিশিষ্টতা, ত্রি. [বিশিষ্ট+তা] ভদ্রতা, শিষ্টতা, উত্তমতা।

বিশিষ্টাদ্বৈতবাদী, ত্রি. [বিশিষ্ট+অদ্বৈতবাদিন্] বিভিন্ন প্রকৃতি পুরুষের মিলিতরূপে ব্রহ্মত্ব বাদী।

বিশীণ, ত্রি. [বি+শৃ-ত] শুষ্ক, দুর্ব্বল, গ্লানি যুক্ত।

বিশীর্ণপর্ণ, পুং. [বিশীর্ণ+পর্ণ] নিম্ববৃক্ষ, নিমগাছ।

বিশুদ্ধ, ত্রি. [বি+শুধ-ত] বিশেষে শুদ্ধ, পরিষ্কৃত, তৎপর্য্যায়।—উজ্জ্বল, বিমল, বিশাদ, বীধ্র, অবদাত, অনাবিল, শুচি; নিভৃত; সত্য; ষট্চক্রান্তর্গত পঞ্চমচক্র।

বিশুদ্ধি, স্ত্রী. [বি+শুধ-তি] সব; শোধন, পরিষ্কার, নির্ম্মলতা।

বিশুষ্ক, ন. [বি+শুষ্ক] বিশীর্ণ; নীরস, ম্লান।

বিশৃঙ্খল, ত্রি. [বি+শৃঙ্খল] শৃঙ্খলারহিত, অবদ্ধ, ক্রমরহিত, উল্টাপাল্টা।

বিশৃঙ্খলা, স্ত্রী. [বি+শৃঙ্খল-আ] বৈপরীত্য, ব্যতিক্রম, বিপর্য্যয়।

বিশেষ, পুং. [বি+শেষ] প্রভেদ, প্রকার; ব্যক্তি; তিলক; সপ্তপদার্থান্তর্গত পদার্থবিশেষ, তৎপর্য্যায়।—দ্রব্য, গুণ, কর্ম্ম, সামান্য, সবিশেষক, সমবায়, অভাব; অলঙ্কারবিশেষ; বৈলক্ষণ্য, ভেদ; উপশম।

বিশেষক, পুং. ন. [বি+শেষ-ক] ললাটে কৃততিলক; (পুং.) তিলকবৃক্ষ; (ত্রি.) বিশেষণয়িতা, ভেদসূচক, প্রভেদক।

বিশেষকচ্ছেদ্য, ন. [বিশেষক+ছেদ্য] চতুঃষষ্টিকলান্তর্গত ষষ্ঠকলা।

বিশেষগুণ, পুং. [বিশেষ+গুণ] বুদ্ধ্যাদিষট্ক; রূপাদি চতুষ্টয়; স্নেহ; স্বাভাবিক দ্রবত্ব; অদৃষ্ট; ভাবনা; শব্দ।

বিশেষণ, ন. [বি+শিষ-অন] বিশেষ্য ধর্ম্ম, গুণাদি, প্রভেদক।

বিশেষণীয়, ত্রি. [বি+শিষ্-অনীয়] প্রভেদনীয়, প্রভেদ করিবার যোগ্য।

বিশেষতঃ, ব্য. [বিশেষ+তস্] বিশেষরূপে; বৈলক্ষণ্য হেতু; অধিকন্তু; অপরঞ্চ।

বিশেষফল, (প্রা) বিশেষলাভ, বিশেষপ্রাপ্তি।

বিশেষবিধি, পুং. [বিশেষ+বিধি] অল্পবিষয়ক বিধি।

বিশেষব্যাপ্তি, স্ত্রী. [বিশেষ+ব্যাপ্তি] ব্যাপ্তি বিশেষ।

বিশেষিত, ত্রি. [বি+শিষ+ইত] ভিন্ন, ব্যবচ্ছিন্ন, পৃথক্কৃত।

বিশেষোক্তি, স্ত্রী. [বিশেষ+উক্তি] অলঙ্কারবিশেষ।

বিশেষ্য, ত্রি. [বি+শিষ-য] ধর্ম্মিপদার্থ, দ্রব্যাদি; ভাস্মান, বৈশিষ্ট্যানুযোগী; সংজ্ঞাপদ।

বিশোক, পুং. [বি+শোক] অশোকবৃক্ষ; (ত্রি.) শোকরহিত। [নিবর্ত্তন।

বিশোচন, (প্রা) শোকনাশকরণ, দুঃখ

বিশোধন, ন. [বিশেষপঅস্] শুদ্ধকরণ, শুধরণ; সংশোধন।

বিশোধনী, স্ত্রী. [বি+শোধন-ঈ] দন্তীবৃক্ষ, দন্তীর গাছ। [বিশোধ্য।

বিশোধনীয়, ত্রি. [বি+সুধ+অনীয়] শোধনার্হ,

বিশোধিনী, স্ত্রী. [বি+শোধ+ইন্-ঈ] নাগদন্তীবৃক্ষ।

বিশোধিনীবীজ, ন. [বি+শোধনী+বীজ] জয়পাল। [শোধনার্হ।

বিশোধ্য, ত্রি. [বি+শুধ+য] শোধনীয়,

বিশোভ, পুং. [বি+শোভা] শোভাহীন, শোভারহিত; কুৎসিত, কদর্য্য।

বিশোষণ, ন. [বি+শোষণ] শুষ্ক, নীরস, রসহীন।
বিশোষিত, ত্রি. [বি+শোষিত] শুষ্ক, নীরস।
বিশ্ন, পুং. [বিচ্ছ+ন] দীপ্তি, প্রকাশ; গতি, গমন।
বিশ্রণন, ন. [বি+শ্রণ-অন] বিশ্রাণন, দান, বিতরণ, অর্পণ; ত্যাগ।
বিশ্রব্ধ, ত্রি. [বি+শ্রম্ভ-ত] অনুদ্ভট; শান্ত; বিশ্বস্ত; অত্যর্থ; গাঢ়।
বিশ্রব্ধনবোঢ়া, স্ত্রী. [বিশ্রব্ধ+নব+উঢ়া] মুগ্ধানবোঢ়া স্ত্রী বিশেষ।
বিশ্রম, পুং. [বি+শ্রম] বিশ্রাম, বিরাম, ক্লেশ নিবারণ।
বিশ্রম্ভ, পুং. [বি+শ্রম্ভ] বিশ্বাস; কেলি কলহ; প্রণয়, প্রীতি, অনুরাগ; বধ, নাশ।
বিশ্রাণন, ন. [বি+শ্রণ-অন] বিশ্রণন, দান, ত্যাগ, বিতরণ অর্পণ।
বিশ্রান্ত, ত্রি. [বি+শ্রান্ত] শ্রান্তিযুক্ত; বিশ্বস্ত; সুস্থির; শ্রান্তিরহিত।
বিশ্রান্তি, স্ত্রী. [বি+শ্রান্তি] বিশ্রাম, আরাম, বিরাম; তীর্থবিশেষ।
বিশ্রাব, পুং. [বি+শ্রু-অ] অতি প্রসিদ্ধি, বড় বিখ্যাত।
বিশ্রাম, পুং. [বি+শ্রম-অ] বিরাম, শ্রম-শান্তি, আরাম। [কাল, অবসর।
বিশ্রামকাল, পুং. [বিশ্রাম+কাল] বিরাম-
বিশ্রামবার, পুং. [বিশ্রাম+বার] রবিবার, ভানুবাসর।
বিশ্রি, পুং. [বি+শৃ-ই] মৃত্যু, মরণ, অত্যয়, বিনাশ।
বিশ্রী, ত্রি. [বি+শ্রী] শ্রীহীন, শ্রীভ্রষ্ট, কুৎসিত, কদর্য্য।
বিশ্রুত, ত্রি. [বি+শ্রুত] খ্যাত, বিখ্যাত; জ্ঞাত; সংহৃষ্ট; বিশেষে শুনা।
বিশ্রুতি, স্ত্রী. [বি+শ্রু-তি] বিখ্যাতি, প্রসিদ্ধি।
বিশ্লিষ্ট, ত্রি. [বি+শ্লিষ্-ত] ভিন্ন, পৃথগ্‌ভূত; বিচ্ছিন্ন, ছাড়া।
বিশ্লেষ, পুং. [বি+শ্লিষ্-অ] বিধুর, কাতর;

বিশ্ব, ন. [বিশ+ব] জগৎ, ব্রহ্মাণ্ড, শুণ্ঠী, শুঁঠ; বোল, স্বনামখ্যাত বণিক্‌দ্রব্য; (পুং.) গণদেবতা বিশেষ, যথা।—বসু, সত্য, ক্রতু, দক্ষ, কাল, কাম, ধৃতি, কুরু, পুরূরব, মাদ্রবস, বিশ্বেদেব; নাগর; স্থুলশরীর ব্যষ্টিসহিত চৈতন্য; পরিমাণবিশেষ; (ত্রি.) সকল, সমুদায়।
বিশ্বকদ্রু, পুং. [বিশ্ব+কদ্রু] মৃগয়াকুশল কুক্কুর, শিকারী কুক্কুর; ধ্বান, শব্দ; (ত্রি.) খল, দুষ্ট।
বিশ্বকর্ম্মজা, স্ত্রী. [বিশ্ব+কর্ম্মন্+জন্-আ] সূর্য্যভার্য্যা, সংজ্ঞা।
বিশ্বকর্ম্মসুতা, স্ত্রী. [বিশ্ব+কর্ম্মন্+সুতা] সূর্য্যভার্য্যা, সংজ্ঞা।
বিশ্বকর্ম্মা, পুং. [বিশ্ব+কর্ম্মন্] সূর্য্য, দিবাকর; দেবশিল্পী, তৎপর্য্যায়।—ত্বষ্টা বিশ্বকৃৎ, দেববর্দ্ধকি; মুনিবিশেষ; বসুর পুত্র।
বিশ্বকা, স্ত্রী. [বিশ্ব+ক-আ] গঙ্গাচিল্লী, গাংচিল।
বিশ্বকৃৎ, পুং. [বিশ্ব+কৃৎ] বিশ্বকর্ম্মা, দেবশিল্পী।
বিশ্বকেতু, পুং. [বিশ্ব+কেতু] অনিরুদ্ধ, ঊষাপতি। [প্রকার।
বিশ্বক্, বা. [বিশ্ব+অঞ্চ] সর্ব্বতঃ, সর্ব্ব-
বিশ্বক্‌সেন, পুং. [বিশ্বক্+সেন] বিষ্ণু, নারায়ণ; ত্রয়োদশ মনু; বিষ্ণুরনির্ম্মাল্য ধারী দেবতা। [বৃক্ষ।
বিশ্বক্‌সেনা, স্ত্রী. [বিশ্বক্+সেন-আ] প্রিয়ঙ্গু
বিশ্বখণ্ড, ন. [বিশ্ব+খণ্ড] কঠিন; বিদ্বেষী; ধূর্ত্ত; বঞ্চক।
বিশ্বখণ্ডক, ত্রি. [বিশ্ব+খণ্ডক] অসন্তুষ্ট; পশ্চাত্তাপ বিশিষ্ট।
বিশ্বগ, পুং. [বিশ্ব+গম্-অ] ব্রহ্মা, প্রজাপতি; সর্ব্বত্রগামী।
বিশ্বগন্ধ, ন. [বিশ্ব+গন্ধ] বোল, স্বনামখ্যাত বণিক্ দ্রব্য; (পুং.) পলাণ্ডু, পেঁয়াজ।
বিশ্বগন্ধা, স্ত্রী. [বিশ্ব+গন্ধ-আ] পৃথিবী,

বিশ্বগোপ্তা, পুং. [বিশ্ব+গোপ্তৃ] বিষ্ণু, নারায়ণ; ইন্দ্র, শচীপতি; জগতের রক্ষাকর্ত্তা।

বিশ্বগ্রন্থি, স্ত্রী. [বিশ্ব+গ্রন্থি] হংসপদী, গোধাপদী, গোয়ালিয়া লতা।

বিশ্বগ্বায়ু, পুং. [বিশ্বক্+বায়ু] সর্ব্বত্র-গমনশীল পবন।

বিশ্বগঙ্, ত্রি. [বিশ্ব+অঞ্চ] সর্ব্বত্রগামী।

বিশ্বঙ্কর, পুং. [বিশ্ব+কৃ-অ] চক্ষুঃ, নয়ন, নেত্র; সর্ব্বসৃষ্টিকর।

বিশ্বচক্র, ন. [বিশ্ব+চক্র] মহাদানবিশেষ; ব্রহ্মাণ্ডরূপ চক্র।

বিশ্বচক্রাত্মা, পুং. [বিশ্ব+চক্র+আত্মন্] বিষ্ণু, নারায়ণ।

বিশ্বজন, ন. [বিশ্ব+জন] সমুদায় বিশ্বের লোক।

বিশ্বজনীন, ত্রি. [বিশ্ব+জনীন] বিশ্বের উপযোগী, বিশ্বজনীয়।

বিশ্বজয়ী, ত্রি. [বিশ্ব+জয়িন্] সর্ব্বত্র জয়প্রাপ্ত; অখিলসংসার জয়কারী।

বিশ্বজিৎ, পুং. [বিশ্ব+জিৎ] যজ্ঞবিশেষ; ন্যায়বিশেষ; বরুণপাশ; (ত্রি.) বিশ্বজয়কারী।

বিশ্বতঃ, ব্য. [বিশ্ব+তস্] সর্ব্বতঃ, সকলপ্রকারে।

বিশ্বদেব, পুং. [বিশ্ব+দেব] গণদেবতাবিশেষ।

বিশ্বদেবা, স্ত্রী. [বিশ্ব+দেব-আ] হ্রস্বগবেধুকা, গোরক্ষচাকুলিয়া; নাগবলা; অরুণপুষ্প দণ্ডোৎপল।

বিশ্বদ্র্যঙ্, ত্রি. [বিশ্ব+অদ্রি+অঞ্চ] সর্ব্বত্র গমন কর্ত্তা, সর্ব্বগ, সর্ব্বতোগামী।

বিশ্বধারিণী, স্ত্রী. [বিশ্ব+ধারিন্-ঈ] পৃথিবী পৃথ্বী, ধরা।

বিশ্বনাথ, পুং. [বিশ্ব+নাথ] শিব, মহাদেব; বিশ্বের প্রভু।

বিশ্বপর্ণী, স্ত্রী. [বিশ্ব+পর্ণ-ঈ] ভূম্যামলকী, ভুঁই আমলা।

বিশ্বপা, পুং. [বিশ্ব+পা] বিশ্বপালনকর্ত্তা, পরমেশ্বর; সূর্য্য; চন্দ্র; অগ্নি।

বিশ্বপ্সা, পুং. [বিশ্ব+অপ্সন্] অগ্নি; চন্দ্র; দেব; বিশ্বকর্ম্মা; সূর্য্য।

বিশ্ববঞ্চক, ত্রি. [বিশ্ব+বঞ্চক] বিশ্বভণ্ড, প্রসিদ্ধবঞ্চক, মহাধূর্ত্ত।

বিশ্ববেদাঃ, পুং. [বিশ্ব+বিদ-অস্] সর্ব্বজ্ঞ, বিশ্বজ্ঞাতা। [বিশেষ, বুদ্ধ।

বিশ্ববোধ, পুং. [বিশ্ব+বোধ] অবতার-

বিশ্বব্যাপক, ত্রি. [বিশ্ব+ব্যাপক] সর্ব্বত্রগামী, পরমেশ্বর।

বিশ্বব্যাপী, ত্রি. [বিশ্ব+ব্যাপিন্] সর্ব্বত্রগামী, সকল স্থানে বিস্তৃত।

বিশ্বভণ্ড, পুং. [বিশ্ব+ভণ্ড] বিশ্ববঞ্চক, প্রসিদ্ধ প্রতারক, মহাধূর্ত্ত।

বিশ্বভু, পুং. [বিশ্ব+ভু] বুদ্ধবিশেষ।

বিশ্বভেষজ, ন. [বিশ্ব+ভেষজ] শুণ্ঠী, শুঁঠ।

বিশ্বভোজঃ, পুং. [বিশ্ব+ভুজ-অস্] সর্ব্বভুক্, সকল ভোগী।

বিশ্বভোজী, পুং. [বিশ্ব+ভুজ+ইন] সর্ব্বভুক্, সর্ব্বখাদক; অগ্নি। [জিহ্বা।

বিশ্বমদা, স্ত্রী. [বিশ্ব+মদ-আ] অগ্নি-

বিশ্বম্ভর, পুং. [বিশ্ব+ভৃ-অ] বিষ্ণু; ইন্দ্র।

বিশ্বম্ভরা, স্ত্রী. [বিশ্বম্ভর+আ] পৃথিবী, বসুধা, ধরণী।

বিশ্বম্ভরাধিপ, পুং. [বিশ্বম্ভরা+অধিপ] রাজা, ভূপতি।

বিশ্বয়ু, পুং. [বিশ্ব+যু] বায়ু, অনিল, পবন।

বিশ্বরাজ্, পুং. [বিশ্ব+রাজ্] বিশ্বের রাজা; পরমেশ্বর।

বিশ্বরাট্, পুং. [বিশ্ব+রাজ্] বিশ্বেপ্রকাশমান; বিশ্বাধিপ, জগতের রাজা।

বিশ্বরূপ, পুং. [বিশ্ব+রূপ] বিষ্ণু; সর্ব্বময়; স্বনামখ্যাত ত্বষ্টামুনিপুত্র।

বিশ্বরূপক, ন. [বিশ্ব+রূপ-ক] কৃষ্ণাগুরু, অগুরুবিশেষ।

বিশ্বরেতাঃ, পুং. [বিশ্ব+রেতস্] ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি।

বিশ্বরোচন, পুং. [বিশ্ব+রোচন] নাড়ীকশাক, তৎপর্য্যায়।—কেচুক, পেচুলী, পেচনাড়ী, নাড়িকাশাক।

বিশ্বসন, ন. [বি+শ্বস্‌+অন] বিশ্বাস।
বিশ্বসনীয়, ত্রি. [বি+শ্বস্‌-অনীয়] বিশ্বাসযোগ্য, প্রত্যয়ার্হ।
বিশ্বসহা, স্ত্রী. [বিশ্ব+সহ-আ] অগ্নিজিহ্বা বিশেষ; পৃথিবী।
বিশ্বসার, ন; [বিশ্ব+সার] তন্ত্রবিশেষ; ব্রহ্মাণ্ডের মধ্যে সার পদার্থ।
বিশ্বসারক, ন. [বিশ্ব+সারক] বিদরবৃক্ষ, ফণিমনসার গাছ।
বিশ্বসিত, ত্রি. [বি+শ্বস্‌-ইত] বিশ্বস্ত, বিশ্বাস পাত্র, বিশ্বাসভাজন, বিশ্বাস্য।
বিশ্বসৃক্‌, পুং. [বিশ্ব+সৃজ্‌] ব্রহ্মা, সৃষ্টিকর্ত্তা, বিধাতা।
বিশ্বস্ত, ত্রি. [বি+শ্বস্‌-ত] জাতবিশ্বাস, বিশ্বসিত।
স্ত্রী. [বি+শ্বস্‌-ত-আ] বিধবাস্ত্রী; প্রত্যয়িতা।
বিশ্বস্থা, স্ত্রী. [বিশ্ব+স্থ-আ] শতাবরীলতা।
বিশ্বস্রষ্টা, পুং. [বিশ্ব+স্রষ্ট] সৃষ্টিকর্ত্তা, ঈশ্বর, পরমেশ্বর।
বিশ্বা, স্ত্রী. [বিশ্ব+আ] অতিবিষাবৃক্ষ, আতইষ, আতৈচ; শতাবরীলতা; পিপ্পলী, পিপুলগাছ।
বিশ্বাচী, স্ত্রী. [বিশ্ব+অঞ্চ-ঈ] অপ্সরাবিশেষ।
বিশ্বাত্মা, পুং. [বিশ্ব+আত্মন্‌] বিষ্ণু, নারায়ণ; ব্রহ্মা; বিশ্বমূর্ত্তি।
বিশ্বাধায়ঃ, পুং. [বিশ্ব+ধায়স্‌] দেবতা, সুর, ত্রিদশ, অমর।
বিশ্বাবসু, পুং. [বিশ্ব+বসু] গন্ধর্ব্ববিশেষ; (স্ত্রী.) নিশা, রাত্রি।
বিশ্বামিত্র, পুং. [বিশ্ব+মিত্র] রাজর্ষিবিশেষ, তৎপর্য্যায়।—গাধিজ, ত্রিশঙ্কুযাজী, গাধেয়, কৌশিক, গাধিভূ।
বিশ্বামিত্রপ্রিয়, পুং. [বিশ্বা+মিত্র+প্রিয়] নারিকেল।
বিশ্বাস, পুং. [বি+শ্বস-অ] প্রত্যয়, তৎপর্য্যায়।—বিশ্রম্ভ, আশ্বাস, আশ্রয়।
বিশ্বাসক, ত্রি. [বি+শ্বস+অক] প্রত্যয়কারী, প্রত্যয়ী।
বিশ্বাসঘাত, পুং. [বিশ্বাস+ঘাত] বিশ্বাসভঙ্গ।
বিশ্বাসঘাতক, পুং. [বিশ্বাস+ঘাত-ক] বিশ্বাসহন্তা, বিশ্রম্ভনাশক, অপ্রত্যয়ী; (ত্রি.) বিশ্বাসঘাতী
বিশ্বাসঘাতকতা, স্ত্রী. [বিশ্বাসঘাতক+তা] বিশ্বাসনাশকার্য; কৃতঘ্নতা ব্যবহার।
বিশ্বাসঘাতী, ত্রি. [বিশ্বাস+ঘাতিন্‌] বিশ্বাস নাশক, বিশ্বাস হন্তা।
বিশ্বাসপাত্র, ন. [বিশ্বাস+পাত্র] বিশ্বাসের উপযুক্ত ব্যক্তি।
বিশ্বাসভাজন, ন. [বিশ্বাস+ভাজন] বিশ্বাসপাত্র, বিশ্বস্ত, বিশ্বাস্য।
বিশ্বাসভূমি, স্ত্রী. [বিশ্বাস+ভূমি] বিশ্বাসস্থান, প্রত্যয়স্থল; শ্রদ্ধাবিষয়।
বিশ্বাসী, ত্রি. [বিশ্বাস+ইন্‌] বিশ্বাসকারী, বিশ্বাসক, প্রত্যয়ী।
বিশ্বাস্য, ত্রি. [বিশ্বাস+য] বিশ্বসনীয়, বিশ্বাসপাত্র; প্রত্যয়ার্হ, প্রত্যয়যোগ্য।
বিশ্বেদেবা, পুং. [বিশ্ব+দেব] অগ্নি; শ্রাদ্ধদেব।
বিশ্বেশ, পুং. [বিশ্ব+ঈশ] শিব; কাশীস্থ মহাদেব; ব্রহ্মাণ্ডের স্বামী।
বিশ্বেশ্বর, পুং. [বিশ্ব+ঈশ্বর] শিব, মহাদেব; কাশীস্থ প্রধান শিবলিঙ্গ; ব্রহ্মাণ্ডের ঈশ্বর।
বিশ্বৌষধ, ন. [বিশ্ব+ঔষধ] শুণ্ঠী শুঁঠ।
বিষ, ন. [বিষ+অ] জল; পদ্মকেশর; বোল, রসগন্ধ; বৎসনাভ; সামান্যবিষ; (পুং.ন.) জীবনাঘাত বিষ, তৎপর্য্যায়।—ক্ষ্বেড়, গরল, আহেয়, অমৃত, গরদ, কালকূট, কলাকুল, হারিদ্র, রক্তশৃঙ্গিক, নীল, গর, ঘোর, হালাহল, হলাহল, হালাহাল, হাহলশৃঙ্গী, ভুগর, জাঙ্গল, তীক্ষ্ণ, রস, রসায়ন, জঙ্গুল, জাঙ্গুল, কাকোল, প্রদীপন, সৌক্লিকেয়, সৌরাষ্ট্রিক, দারদ, নিদ, ব্রহ্মপুত্র, হালহল, হালহাল, হলহল, হাহল, ধুলক।
বিষকণ্টকিনী, স্ত্রী. [বিষ+কণ্টকিন ঈ] বন্ধ্যাকর্কোটকী।

বিষকন্দ, পুং. [বিষ+কন্দ] নীলকন্দ।

বিষঘ্না, স্ত্রী. [বিষ+হন্‌+অ-আ] লতাবিশেষ গুড়ূচী, গুলঞ্চলতা।

বিষঘাতী, পুং. [বিষ+ঘাতিন্‌] শিরীষবৃক্ষ; (ত্রি.) বিষনাশক।

বিষঘ্ন, পুং. [বিষ+হন্‌-অ] শিরীষবৃক্ষ; যবাস, ঘাস; বিভীতক, বহেড়াগাছ; চম্পকবৃক্ষ; (ত্রি.) বিষনাশক, গরলের-তেজঃ নিবারক।

বিষঘ্নী, স্ত্রী. [বিষ+হন্‌-ঈ] হিলমোচিকা, হিলঞ্চশাক; ইন্দ্রবারুণী; বনবর্ব্বরিকা; স্বল্পফলা; ভূম্যামলকী; রক্তপুনর্ণবা; হরিদ্রা; বৃশ্চিকালী, বিছাটী; মহা-করঞ্জ।

বিষজিহ্ব, পুং. [বিষ+জিহ্বা] দেবতাড়বৃক্ষ।

বিষজ্বর, পুং. [বিষ+জ্বর] মহিষ; বিষজন্য জ্বর, বিষজন্য গাত্রের উত্তাপ।

বিষণি, পুং. [বিষ+নি] গরলজন্য যন্ত্রণা, স্ফোটকাদির জ্বালা; সর্পবিশেষ।

বিষণ্ড, ন. [বিষ+ণ্ড] মৃণাল, পদ্মেরডাঁটা।

বিষণ্ণ, ত্রি. [বি+ষদ-ত] বিষাদপ্রাপ্ত, বিমর্ষ, খিন্ন; ভাবিত।

বিষণ্ণতা, স্ত্রী. [বিষণ্ণ+তা] জড়তা, জাড্য; বিমর্ষতা, বিষদ, খেদ; অবসাদ।

বিষণ্ণানন, ত্রি. [বিষণ্ণ+আনন] বিষণ্ণমুখ, ম্লানবদন।

বিষতিন্দু, পুং. [বিষৎ+ইন্দু] কারস্কর বৃক্ষ, কপীলু, মধুরতেন্দু, মাকড়াকেঁদু।

বিষদ, ন. [বিষ+দা] পুষ্পকাসীস; (পুং.) শুক্লবর্ণ, শ্বেতবর্ণ; বিষদাতা।

বিষদংষ্ট্রা, স্ত্রী. [বিষ+দংষ্ট্র-আ] সর্প-কঙ্কালীবৃক্ষ। [বিড়াল।

বিষদংশ-বিষদংশক, পুং. [বিষ+দংশ-ক]

বিষদন্তক, পুং. [বিষ+দন্ত-ক] সর্প, উরগ, অহি, ফণী। [চকোর পক্ষী।

বিষদর্শনমৃত্যুক, পুং. [বিষ+দর্শন+মৃত্যু-ক]

বিষদ্রুম, পুং. [বিষ+দ্রুম] কারস্করবৃক্ষ।

বিষধর, পুং. [বিষ+ধর] সর্প, ভুজঙ্গ, সাপ।

বিষধর্ম্মা, স্ত্রী. [বিষ+ধর্ম্মন্‌-আ] কুলক্ষয়া, আলকুশীলতা।

বিষধাত্রী, স্ত্রী. [বিষ+ধাত্রী] জরৎকারু মুনিপত্নী।

বিষনাশন, পুং. [বিষ+নাশন] শিরীষ-বৃক্ষ; (ত্রি.) বিষনাশক।

বিষনাশিনী, স্ত্রী. [বিষ+নাশিন্‌-ঈ] সর্প-কঙ্কালী বৃক্ষ।

বিষমুৎ, পুং. [বিষ+মুদ্‌] শ্যোণাকবৃক্ষ।

বিষপায়ী, ত্রি. [বিষ+পায়িন্‌] বিষপানকর্ত্তা, গরলপায়ী।

বিষপুষ্প, ন. [বিষ+পুষ্প] নীলপদ্ম; বিষ-যুক্ত পুষ্প; (পুং.) ছর্দ্দনবৃক্ষ, মনফল।

বিষপুষ্পক, পুং. [বিষ+পুষ্পক] মদনবৃক্ষ, ময়নাগাছ; বিষপুষ্প ভক্ষণ জন্য রোগ।

বিষপ্রয়োগ, পুং. [বিষ+প্রয়োগ] বিষ-প্রদান।

বিষবৎ, ব্য. [বিষ+বৎ] বিষতুল্য, বিষসদৃশ, গরলবৎ।

বিষবিদ্যা, স্ত্রী. [বিষ+বিদ্যা] বিষঘ্ন মন্ত্র, বিষনাশক মন্ত্র।

বিষবৈদ্য, পুং. [বিষ+বৈদ্য] বিষঘ্ন মন্ত্রবেত্তা, ওঝা, বিষচিকিৎসক, তৎপর্য্যায়।— জাঙ্গুলিক, জাঙ্গলিক, নরেন্দ্র, কৌশিক, কথাপ্রসঙ্গ, চক্রাট, ব্যালগ্রাহী, জাঙ্গুলি, জাঙ্গলি, অহিতুণ্ডিক, ব্যালগ্রাহ, গারু-ড়িক।

বিষবৈরিণী, স্ত্রী. [বিষ+বৈরিন্‌-ঈ] নির্ব্বিষা, নির্ব্বিষীগাছ।

বিষভিষক্‌, পুং. [বিষ+ভিষজ্‌] বিষবৈদ্য, বিষচিকিৎসক, ওঝা, সাপুড়িয়া।

বিষভুজঙ্গ, পুং. [বিষ+ভুজঙ্গ] বিষযুক্ত সর্প, বিষধর, অহি।

বিষভৃৎ, ত্রি. [বিষ+ভৃৎ] বিষাক্ত; (পুং.) সর্প।

বিষম, ত্রি. [বি+সম] অসমান; (ন.) পদের ত্রিবিধ বৃত্তান্তর্গত বৃত্তবিশেষ; বর্গ-মূলোক্ত ঊর্দ্ধরেখা; (পুং.) অযুগ্মরাশি, যথা।— মেষ মিথুন সিংহ তুলা ধনুঃ কুম্ভরাশি; তালবিশেষ; উৎকট; দুর্গম; আপদ।

বিষমকর্ণ, পুং. [বিষম+কর্ণ] ভূপরিমাণের গণনাবিশেষ।

বিষমচ্ছদ, পুং. [বিষম+ছদ] সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিয়ান গাছ; অযোগ্যপাত্র, (প্রা) লিপিপত্র, কাগজ।

বিষমকর্ম্মা, ন. [বিষম+কর্ম্মন্] উৎসাহিক কর্ম্ম; গণিতাঙ্কবিশেষ।

বিষমচতুরস্র, ন. [বিষম+চতুরস্র] বিষমচতুষ্কোণ, বিষমচতুর্ভুজ।

বিষমচ্ছায়া, স্ত্রী. [বিষম+ছায়া] বিষুবরেখাবস্থিত সূর্য্যের ছায়াবিশেষ।

বিষমত্রিভুজ, পুং. [বিষম+ত্রিভুজ] অসমরেখাযুক্ত ত্রিকোণবিশেষ।

বিষমজ্বর, পুং. [বিষম+জ্বর] জ্বররোগবিশেষ। [অসুস্থ।

বিষমধাতু, পুং. [বিষম+ধাতু] স্বাস্থ্যাভাব,

বিষমনয়ন, পুং. [বিষম+নয়ন] শিব, মহাদেব, ত্রিনেত্র।

বিষমন্ত্র, পুং. [বিষ+মন্ত্র] সর্পধারক, বাদিয়া, সাপুড়ে, তৎপর্য্যায়।—জাঙ্গলী; বিষনাশক মন্ত্র।

বিষমময়, ত্রি. [বিষম+ময়] বিষম হেতু আগত।

বিষমরূপ্য, ত্রি. [বিষম+রূপ্য] বিষম হেতু আগত।

বিষমর্দ্দিনী, স্ত্রী. [বিষ+মর্দ্দিনী] গন্ধনাকুলী। [নাকুলী।

বিষমর্দ্দিকা, স্ত্রী. [বিষ+মর্দ্দিকা] গন্ধ-

বিষমবিভাগ, পুং. [বিষম+বিভাগ] অসমানাংশ, ন্যূনাধিক ভাগ।

বিষমশিষ্ট, পুং. [বিষম+শিষ্ট] দোষবিশেষ, অনুচিত শাসনরূপ, মহদ্বৈষম্য।

বিষমসাহস, ন. [বিষম+সাহস] দুঃসাহস, অতিশয় সাহস।

বিষমস্থ, ত্রি. [বিষম+স্থা-অ] অসমানস্থিতা; উপপ্লবদেশস্থ; বিপন্ন; উৎপাতগ্রস্ত; রুগ্ন।

বিষমায়ুধ, পুং. [বিষম+আয়ুধ] কামদেব, মদন, কন্দর্প। [বঞ্চক।

বিষমাশয়, ত্রি. [বিষম+আশয়] অসৎ,

বিষমাক্ষ, পুং. [বিষম+অক্ষিন্-অ] বিষম দর্শন; মহাদেব।

বিষমিত, ত্রি. [বিষম+ইত] অসদৃশ; অনিয়মিত।

বিষমীয়, ত্রি. [বিষম+ঈয়] বিষমহেতু আগত।

বিষমুষ্টি, পুং. [বিষ+মুষ্টি] ক্ষুপবিশেষ, বিষদোড়ি, কড়সিঙ্গে, তৎপর্য্যায়।—কেশমুষ্টি, সুমুষ্টি, রণমুষ্টিক, ক্ষুপড়োড়মুষ্টি।

বিষমৃত্যু, পুং. [বিষ+মৃত্যু] জীবঞ্জীব পক্ষী, চকোরপাখী।

বিষমেষু, পুং. [বিষম+ইষু] কামদেব,মদন।

বিষয়, পুং. [বি+ষি-অ] চক্ষুরাদিগ্রাহ্য রূপ রস গন্ধ স্পর্শ, তৎপর্য্যায়।—গোচর, ইন্দ্রিয়ার্থ; দেশ; আশয়; ভোগসাধন; নিত্যসেবিত; অব্যক্ত; শুক্র; জনপদ; কান্তাদি; নিয়ামক; আরোপাশ্রয়; কার্য্য; বিভব, সম্পত্তি, ধন। [কারণ।

বিষয়ক, ত্রি. [বিষয়+ক]বিষয়সম্বন্ধীয়,হেতুক,

বিষয়কর্ম্ম, ন. [বিষয়+কর্ম্ম] সাংসারিককার্য্য।

বিষয়কর্ম্মকুশল, ত্রি. [বিষয়+কর্ম্ম-কুশল] যে সংসারিক কার্য্যাদিতে বিলক্ষণ নিপুণ।

বিষয়জ্ঞান, ন. [বিষয়+জ্ঞান] বিষয় বোধ; সাংসারিক কর্ম্মে বিজ্ঞতা।

বিষয়বাসনা, স্ত্রী. [বিষয়+বাসনা] সাংসারিক সুখভোগেচ্ছা।

বিষয়াজ্ঞান, ন. [বিষয়+অজ্ঞান] তন্দ্রা, নিদ্রা, ঘুমান।

বিষয়ান্বিত, ত্রি. [বিষয়+অন্বিত] বিষয়যুক্ত; ধনী; কর্ম্মশীল।

বিষয়ায়ী, পুং. [বিষয়+অয়-ইন্] বৈষয়িক জন; রাজা; ইন্দ্রিয়; কামদেব; বিষয়াসক্ত পুরুষ।

বিষয়াসক্ত, ত্রি. [বিষয়+আসক্ত] বিভবাসক্ত; যে চক্ষুরাদি ইন্দ্রিয় গ্রাহ্যপদার্থে আসক্ত।

বিষয়ি, ন. [বিষয়+ইন] ইন্দ্রিয়।
বিষয়ী, পুং. [বিষয়+ইন্] নৃপতি, রাজা; কামদেব; বৈষয়িক; ধ্বনি, শব্দ; আরোপ্যমাণ; (ত্রি.) বিষয়াসক্ত; বিষয়যুক্ত; ব্যবসায়ী]
বিষয়ে, বা. প্রস্তাবে; সম্বন্ধে; উপরে।
বিষয়ৈষী, ত্রি. [বিষয়+ইষ্-ঈ] বিভবেচ্ছুক, বিষয়াভিলাষী।
বিষয়োপসেবা, স্ত্রী. [বিষয়+উপসেবা] বিষয়াসক্তি, বিষয়সেবা।
বিষরূপা, স্ত্রী. [বিষ+রূপ-আ] অতিবিষা।
বিষল, ন. [বিষ+ল] বিষ, গরল, কালকূট; বিষয়ুক্ত। [সর্প।
বিষলতা, স্ত্রী. [বিষ+লতা] ইন্দ্রবারুণীলতা;
বিষশালূক, পুং. [বিষ+শালূক] পদ্মকন্দ, পদ্মের মূল। [রুল।
বিষশূক, পুং. [বিষ+শূক] ভৃঙ্গরোল, ভীম-
বিষশৃঙ্গী, পুং. [বিষ+শৃঙ্গিন্] ভৃঙ্গরোল, ভীমরুল্।
বিষসূচ, পুং. [বিষ+সূচ] পক্ষীবিশেষ, চকোরপক্ষী।
বিষসৃক্কা, পুং. [বিষ+সৃক্কন্] ভৃঙ্গরোল, কীটবিশেষ।
বিষহন্ত্রী, স্ত্রী. [বিষ+হন্তৃ-ঈ] অপরাজিতা; নির্ব্বিষালতা।
বিষহর, ত্রি. [বিষ+হর] গরলনাশক ঔষধাদি।
বিষহরা, স্ত্রী. [বিষহর+আ] মনসাদেবী, বিষহরী।
বিষহরী, স্ত্রী. [বিষ++হরী] মনসাদেবী, বিষহরা।
বিষহা, স্ত্রী. [বিষ+হন্-অ] দেবদালীলতা; নির্ব্বিষালতা।
বিষা, স্ত্রী. [বিষ+আ] লতাবিশেষ; অতিবিষালতা; বুদ্ধি, প্রজ্ঞা।
বিষাক্ত, ত্রি. [বিষ+অক্ত] গরলযুক্ত, গরলমিশ্রিত।
বিষাঙ্কুর, পুং. [বিষ+অঙ্কুর] শল্যাস্ত্রবিশেষ।
বিষাণ, পুং. [বি+ষণ-অ] কুষ্ঠৌষধ, কুড়; গজদন্ত, হস্তিদন্ত, বরাহ দন্ত।
বিষাণিকা, স্ত্রী [বি+ষাণ+ইক-আ] মেষশৃঙ্গী; সাতলা; কর্কটশৃঙ্গী; আবর্ত্তকী।
বিষাণী, স্ত্রী. [বি+ষাণ-ঈ] ক্ষীরকাকোলী; অজশৃঙ্গী; বৃশ্চিকালী, বিছাটী; তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুলগাছ; (পুং.) হস্তী; শৃঙ্গী; ঋষভনামৌষধ; শৃঙ্গাটক; পাণিফল, শিঙ্গাড়া।
বিষাদ, পুং. [বি+সদ-অ] অবসাদ, বিষণ্ণতা, খেদ, শোক, বিমর্ষ, উদ্বিগ্ন।
বিষাদনী, স্ত্রী. [বিষ+অদন-ঈ] পলাশীলতা।
বিষানন, পুং. [বিষ+আনন] সর্প, অহি, ভুজঙ্গ।
বিষান্তক, পুং. [বিষ+অন্তক] শিব, মহাদেব; (ত্রি.) বিষনাশক।
বিষাপহ, পুং. [বিষ+অপহ] মুষ্ককবৃক্ষ।
বিষাপহা, স্ত্রী. [বিষ+অপহ-আ] লতাবিশেষ, ইন্দ্রবারুণীলতা; নির্ব্বিষালতা; নাগদমনীবৃক্ষ; অর্কমূলা, ঈশ্বরমূল; সর্পকঙ্কালিকা।
বিষাভাবা, স্ত্রী. [বিষ+অভাব-আ] নির্ব্বিষালতা, নির্ব্বিষী।
বিষায়ুধ, পুং. [বিষ+আয়ুধ] সর্প, ভুজঙ্গ, (ন.) বিষযুক্তাস্ত্র।
বিষার, পুং. [বিষ+ঋ-অ] সর্প, ফণী, বিষধর।
বিষারাতি, পুং. [বিষ+অরাতি] কৃষ্ণধুস্তূরক, কৃষ্ণধুতুরা।
বিষারি, পুং. [বিষ+অরি] মহাচঞ্চুশাক; ঘৃতকরঞ্জ। [গরলযুক্ত।
বিষাল, ত্রি. [বিষ+ল] বিষালু, বিষমিশ্রিত,
বিষালু, ত্রি. [বিষ+আলু] গরলযুক্ত, বিষমিশ্রিত, বিষাল।
বিষাস্য, পুং. [বিষ+আস্য] সর্প, অহি; (ত্রি.) বিষযুক্ত মুখ।
বিষাস্যা, স্ত্রী. [বিষাস্য+আ] ভল্লাতকবৃক্ষ।
বিষু, বা. [বিষ+উ] সাম্য, সমতা; নানারূপ।
বিষুণ, পুং. [বিষু+ণ] বিষুব, সম রাত্রিদিব কাল।

বিষুপ, পুং. [বিষু+পা-অ] বিষুব, সমরাত্রিন্দিব কাল।

বিষুব, ন. [বিষু+ব] সমরাত্রিন্দিবকাল, মেষ ও তুলার সংক্রান্তি, তৎপর্য্যায়।—বিষবৎ, বিষুপ, বিম্বক্, বিশ্বক, বিষুণ, (পুং) বিষুব, মহাবিষুব; জলবিষুব।

বিষুবচ্ছায়া, স্ত্রী. [বিষুব+ছায়া] বিষুবরেখাবস্থিত সূর্য্যের ছায়াবিশেষ।

বিষুবৎ, ন. [বিষুব + অৎ] বিষুব, মেষ ও তুলার সংক্রান্তি।

বিষুবদিন, ন. [বিষুব+দিন] বিষুবরেখায় সূর্য্যের গমনকাল।

বিষুবসংক্রান্তি, স্ত্রী, [বিষুব+সংক্রান্তি] বিষুব রেখায় সূর্য্যের রাশ্যন্তরে গমন।

বিষৌষধি, স্ত্রী. [বিষ+ঔষধি] নাগদন্তীবৃক্ষ।

বিষ্কন্ন, ত্রি. [বি+স্কন্দ] বিকীর্ণ; বিক্ষিপ্ত।

বিষ্কম্ভ, পুং. [বি+স্কম্ভ-অ] সপ্তবিংশতি যোগান্তর্গত প্রথমযোগ; বিস্তার; প্রতিবন্ধ; রূপকাঙ্গবিশেষ; যোগিদিগের বন্ধনবিশেষ; বৃক্ষ; অর্গলা, হুড়কা

বিষ্কম্ভী, পুং.[বি+স্কম্ভ-ইন্] অর্গলা, কপাটধারণ কাষ্ঠ, অর্গল, হুড়কা দণ্ড, বন্ধানিমিত্ত দণ্ড (ত্রি.) প্রতিবন্ধকারী।

বিষ্কল, পুং. [বিষ্+কল] গ্রাম্যশূকর, বিড্‌বরাহ।

বিষ্কির, পুং. [বিষ্+কৃ-অ] লাবপক্ষী; ময়ূর কুক্কুটাদি, কুলিঙ্গ গবৈধা।

বিষ্ট, ত্রি. [বিশ্+ত] প্রবিষ্ট, প্রবেশবিশিষ্ট, কৃত প্রবেশ.

বিষ্টপ, ন. [বিষ্ট+প] ভুবন, জগৎ,ব্রহ্মাণ্ড।

বিষ্টম্ভ, পুং. [বি+স্তম্ভ-অ] প্রতিবন্ধক রোগবিশেষ, আনাহ রোগ।

বিষ্টম্ভী, ত্রি. [বি+স্তম্ভ-ইন্] বিষ্টম্ভ রোগজনক, আনাহ রোগজ.

বিষ্টর, পুং. [বি+স্তৃ-অ] বিটপী, বৃক্ষ; দর্ভমুষ্টি; পীঠাদ্যাসন। [নারায়ণ।

বিষ্টরশ্রবাঃ পুং. [বিষ্টর+শ্রবস্] বিষ্ণু

বিষ্টরা, স্ত্রী. [বি+স্তৃ+অ-আ] গুণ্ডাসিনী।

বিষ্টরুহা, স্ত্রী. [বিষ্ট+রুহা] স্বর্ণ কেতকী বিষ্টারুহা।

বিষ্টার, পুং. [বি+স্তৃ-অ] ছন্দোবিশেষ, পঙ্‌ক্তিচ্ছন্দঃ।

বিষ্টারুহা, স্ত্রী. [বিষ্টা+রুহা] স্বর্ণকেতকী।

বিষ্টি. স্ত্রী. [বিশ+তি] বেতন বিনা হঠাদ্যারোপ্তকনাদি ক্লেশ, অবৈতনিক পরিশ্রম, বেগার, তৎপর্য্যায়।—আজূ; বেতন; কর্ম্ম: ভদ্রা; বর্ষণ; প্রেষণ; ববাদোকাদশ করণান্তর্গত সপ্তমকরণ; (ত্রি.) কর্ম্মকর। [স্থূল।

বিষ্ঠল, ন. [বি+স্থল] দূরস্থান, ব্যবহিত

বিষ্ঠা, স্ত্রী. [বি+স্থা] বিবিধপ্রকারে উদরস্থায়ীমল, তৎপর্য্যায়। উচ্চার, অবস্কর, শমল, শকৃৎ, গূথ, পুরীষ, বর্চ্চস্ক, বিট্, বর্চ্চঃ, অমেধ্য, দূর্যা, কল্ল, মল, কিট্ট, পুরিষ।

বিষ্ঠাশী, ত্রি. [বিষ্ঠা+আশিন্] গ্রাম্যশূকর, বিড্ বরাহ।

বিষ্ণু, পুং. [বিষ+নু] অগ্নি; শুদ্ধ; বসুদেবতা; ধর্ম্মশাস্ত্রকর্ত্তা মুনিবিশেষ; ব্রহ্মের রূপবিশেষ; নারায়ণ, (অন্য পর্য্যায় কৃষ্ণশব্দ দ্রষ্টব্য)।

বিষ্ণুঋক্ষ, ন. [বিষ্ণু+ঋক্ষ] শ্রবণানক্ষত্র।

বিষ্ণুকন্দ, পুং. [বিষ্ণু+কন্দ] মূলবিশেষ, তৎপর্য্যায়।—বিষ্ণুগুপ্ত, সুপুট, বহুসংপুট, জলবাস, বৃহৎকন্দ, দীর্ঘপত্র, হরিপ্রিয়।

বিষ্ণুক্রান্তা, পুং.স্ত্রী. [বিষ্ণু+ক্রান্ত-আ] অপরাজিতা; অপরাজিতান্যায় ক্ষুপজাতি, নীল অপরাজিতা, তৎপর্য্যায়।—হরিক্রান্তা, নীলপুষ্পা, নীলক্রান্তা, সুনীলা, বিক্রান্তা, ছর্দ্দিকা; পৃথিবীস্থ ভারতবর্ষান্তর্গত খণ্ডত্রয়মধ্যে একখণ্ড, অর্থাৎ অসেচনক খণ্ড যাহাকে আসিয়া বলে।

বিষ্ণুগুপ্ত, পুং. [বিষ্ণু+গুপ্-ত] বাৎস্যায়নমুনি; মূলবিশেষ, বিষ্ণুকন্দ। [মূলক।

[illegible]ক, ন. [বিষ্ণু+গুপ্ত-[illegible]] চাণক্য-

বিষ্ণুগৃহ, ন. [বিষ্ণু+গৃহ] বিষ্ণুমন্দির; স্তবপুর, বিষ্ণুর আলয়।

বিষ্ণুচক্র, ন. [বিষ্ণু+চক্র] হস্তস্থরেখাময় চক্রবিশেষ; সুদর্শনচক্র।

বিষ্ণুতৈল, ন. [বিষ্ণু+তৈল] অশ্বিনীকুমার কৃত পক্কতৈল বিশেষ, পাকতৈল স্বল্প-বৃহৎভেদে দ্বিবিধ।

বিষ্ণুদেবত, ত্রি. [বিষ্ণু + দেবত-অ] বিষ্ণ্বধিষ্ঠাতৃদেবতা, বিষ্ণু যাহার অধিষ্ঠাতা; শ্রবণানক্ষত্র।

বিষ্ণুদৈবত্য, ত্রি. [বিষ্ণু + দেবতা-য] বিষ্ণ্বধিষ্ঠাতৃদেবতা, বিষ্ণু যাহার অধিষ্ঠাতৃ দেবতা; শ্রবণানক্ষত্র।

বিষ্ণুদৈবত্যা, স্ত্রী. [বিষ্ণু + দেবতা-য-আ] একাদশীতিথি; দ্বাদশীতিথি।

বিষ্ণুধর্ম্ম, পুং. [বিষ্ণু+ধর্ম্ম] শাস্ত্রবিশেষ; বিদ্যাবিশেষ।

বিষ্ণুধর্ম্মোত্তর, ন. [বিষ্ণু+ধর্ম্ম+উত্তর] সংহিতাবিশেষ। [বিশেষ।

বিষ্ণুপঞ্জর, ন. [বিষ্ণু+পঞ্জর] বিষ্ণুকবচ

বিষ্ণুপদ, ন. [বিষ্ণু+পদ] আকাশ; ক্ষীরোদ, ক্ষীরসমুদ্র; পদ্ম; বিষ্ণুরস্থান; বিষ্ণুরচরণ; ভ্রূমধ্য।

বিষ্ণুপদী, স্ত্রী. [বিষ্ণু+পদ-ঈ] গঙ্গা; বৃষ বৃশ্চিক সিংহ কুম্ভরাশি সংক্রান্তি।

বিষ্ণুপদীচক্র, ন. [বিষ্ণু+পদী+চক্র] জ্যৈষ্ঠ অগ্রহায়ণ ভাদ্র ফাল্গুণ মাসীয় রবি সংক্রমকালীন নক্ষত্র বিন্যাসাঙ্গ শুভাশুভ ফলজ্ঞাপক নরাকারচক্র।

বিষ্ণুবল্লভা, স্ত্রী. [বিষ্ণু+বল্লভ-আ] তুলসী; লক্ষ্মী; অগ্নিশিখাবৃক্ষ; বিষ্ণুপ্রিয়া।

বিষ্ণুবাহন, পুং. [বিষ্ণু+বাহন] গরুড়, বৈনতেয়। [তেয়।

বিষ্ণুবাহ্য, পুং. [বিষ্ণু+বাহ্য] গরুড়, বৈন-

বিষ্ণুভক্ত, ত্রি. [বিষ্ণু+ভক্ত] বৈষ্ণব, বিষ্ণুর উপাসক।

বিষ্ণুভক্তি, স্ত্রী. [বিষ্ণু+ভক্তি] ভগবৎসেবা; নারায়ণের প্রতিশ্রদ্ধা।

বিষ্ণুমায়া, স্ত্রী. [বিষ্ণু+মায়া] দুর্গা, ভগবতী।

বিষ্ণুযশাঃ, পুং. [বিষ্ণু+যশস্] ব্রাহ্মণের পুত্র, কল্কিদেবের পিতা।

বিষ্ণুরথ, পুং. [বিষ্ণু+রথ] গরুড়; বিষ্ণুর

বিষ্ণুরাত, পুং. [বিষ্ণু+রা-ত] পরীক্ষিৎ রাজা।

বিষ্ণুলিঙ্গী, স্ত্রী. [বিষ্ণু+লিঙ্গ-ঈ] বর্ত্তিকা পক্ষী। [শিলা।

বিষ্ণুশিলা, স্ত্রী. [বিষ্ণু+শিলা] শালগ্রাম-

বিষ্ণুশৃঙ্খল, পুং. [বিষ্ণু + শৃঙ্খল] একাদশী ও দ্বাদশী তিথিদ্বয়মিলিত যোগবিশেষ।

বিষ্ফার, পুং. [বি+স্ফুর-অ] ধনুর্গুণশব্দ, জ্যাশব্দ, ধনুষ্টঙ্কার।

বিষ্য, ত্রি. [বিষ+য] বিষেতেবধ্য, বিষদ্বারা হন্তব্য।

বিষ্ব, ত্রি. [বিষ+ব] হিংস্র, হিংসক; প্রাণনাশক।

বিষ্বক্, ব্য. [বিষ্ব + অঞ্চ] পরিতঃ, সর্ব্বতঃ, চারিদিকে; (ন.) বিষুব, মেষ ও তুলার সংক্রমণ; (ত্রি.) বিশ্বব্যাপক, বিশ্বব্যাপী।

বিষ্বক্সেন, পুং. [বিষ্বক্ + সেন] বিষ্ণু; বিষ্ণুর নির্ম্মাল্যধারী; ত্রয়োদশ মনু।

বিষ্বক্সেনপ্রিয়া, স্ত্রী. [বিষ্বক্+সেন+প্রিয়া] বাহারী, চামার আলু; লক্ষ্মী; তুলসী; বিষ্ণুপ্রিয়া।

বিষ্বক্সেনা, স্ত্রী. [বিষ্বক্ + সেন-আ] প্রিয়ঙ্গু ফল।

বিষ্বণন, ন. [বি+ম্বন্-অন] ভোজন; শব্দকরণ।

বিষ্বদ্রুচ্, ত্রি. [বিষ্ব+অদ্রি + অন্চ] সর্ব্বতোগামী, সর্ব্বত্রগমন কর্ত্তা।

বিষ্বাণ, পুং. [বি+স্বন্-অ] ভক্ষণ, ভোজন, অশন।

বিস, ন. [বিস+অ] মৃণাল, পদ্মের ডাঁটা।

বিসকণ্ঠিকা, স্ত্রী. [বিস+কণ্ঠিকা] বলাকা, ক্ষুদ্র জাতীয় বক, কোঁচবক।

বিসকুসুম, ন. [বিস+কুসুম] কমল, পদ্ম।

বিসঙ্কট, পুং. [বি+সঙ্কট] সিংহ; ইঙ্গুদী বৃক্ষ; অতিশয় বিশাল; বিপদ।

বিসংযোগ, পুং. [বি+সংযোগ] অমিলন, বিমিশ্রণ, বিশেষে সংযোগ।

বিসজ, ন. [বিস+জন্-অ] পদ্ম, মৃণালজাত,

বিসনাভি, পুং. [বিস+নাভি] পদ্মিনী ; পদ্ম সমূহ। [কমল।

বিসপ্রসূন, ন. [বিস+প্রসূন] পদ্ম, পঙ্কজ,

বিসম্বাদ, পুং. [বি+সম্+বাদ] বিপ্রলম্ভ, কলহ, বিরোধ।

বিসম্বাদী, ত্রি. [বিসম্বাদ+ইন্] কলহকারী, বিরোধী, কোন্দলিয়া।

বিসর, পুং. [বি+সৃ-অ] সমূহ, সকল; প্রসর; বিস্তার।

বিসরণ, পুং. [বি+সৃ-অন] গমন ; বিস্তারণ, ব্যাপন, ছড়ান।

বিসর্গ, পুং. [বি+সৃজ-অ] দান ; ত্যাগ ; মলনির্গম; সূর্য্যের অয়ন বিশেষ; মোক্ষ; বিসৃষ্ট;বিশেষসৃষ্টি; বিসর্জনীয়, তৎপর্য্যায় ।—অ, সর্গ, রসনা, দ্বিবিন্দুক, নাদ, ঊর্দ্ধ, ইন্দু, অর্দ্ধমাত্রা, কলা, রাশীশ সদাশিব, অস্ত্রচার্য্যা, তুরীয়, বিশ্বমাতা, কলাপরা, কণ্ঠক, মহাসেন, পূর্ণ, অমৃত, রবি, ইচ্ছা, ভদ্রা, গণেশ, রতি, বিদ্যা-মুখী, সুখ, সোম, অনিরুদ্ধ, দুঃখসূচক, দ্বিজিহ্ব, কুণ্ডল, বক্র, শক্তি, নিশাকর, সুন্দরী, সুযশা, অনন্তা, গণনাথ, মহে-শ্বর, বিষয়, আসন, মহেশানী, কালজ্ঞ; রমা। [সংপ্রেষণ।

বিসর্জ্জন, ন. [বি+সৃজ-অন] দান; পরিত্যাগ;

বিসর্জ্জনীয়, ত্রি. [বি+সৃজ-অনীয়] বর্জ্জনীয়; ত্যাজ্য; বিসর্গ, দ্বিবিন্দু।

বিসর্প, পুং. [বি+সৃপ-অ] রোগবিশেষ, তৎপর্য্যায় ।—বিসর্পি, সচিবাময়; গমন ; ব্যাপন।

বিসর্পঘ্ন, ন. [বিসর্প+ঘ্ন] মধূচ্ছিষ্ট, মোম।

বিসর্পণ, ন. [বি+সৃপ-অন্] প্রসর, বিস্তার, ব্যাপন ; গমন

বিসর্পৎ, ত্রি. [বি+সৃপ-অৎ] ব্যাপন; গমন।

বিসর্পি, পুং. [বি+সৃপ-ই] বিসর্প, রোগ-বিশেষ।

বিসর্পী, ত্রি. [বি+সৃপ-ইন্] প্রসর, বিস্তারী; বিসর্পরোগবিশিষ্ট।

বিসল, ন. [বি+সল] পল্লব, কুসুমাবা।

বিসার, পুং. বি+সৃ-অ] মৎস্য, মীন, মাছ; রিঙ্গণ, বিসর্প; (ন.) কাষ্ঠ, দারু।

বিসারিণী, স্ত্রী. [বিসার+ইন্-ঈ] মাষপর্ণী।

বিসারিত, ত্রি. [বি+সার-ইত] প্রসারিত, বিস্তারিত।

বিসারী, ত্রি. [বিসার+ইন্] প্রসরণশীল, বিস্তারবিশিষ্ট, তৎপর্য্যায় ।—বিসৃত্বর, বিসৃমর, প্রসারী।

বিসিনী, স্ত্রী. [বিস+ইন্-ঈ] পদ্মিনী; মৃণাল, পদ্মেরডাঁটা।

বিসূচিকা, স্ত্রী. [বি+সূচ-ইক-আ] অজীর্ণ-রোগবিশেষ, ওলাউঠারোগ; মলমূত্রাদি বদ্ধরোগ।

বিসূচী, স্ত্রী. [বি+সূচ-ঈ]অজীর্ণরোগবিশেষ, ওলাউঠারোগ।

বিসূরিত, ন. [বি+সূর-ত] অনুতাপ, পশ্চাত্তাপ, শোক। [পরিহার।

বিসৃজন, ত্রি. [বি+সৃজ-অৎ] পরিত্যক্ত,

বিসৃত, ত্রি. [বি+সৃ-ত] বিস্তৃত, প্রসারিত; পরিত্যক্ত; ছড়ান।

বিসৃত্বর, ত্রি. [বি+সৃ+বর] প্রসরণশীল, বিস্তৃত; বিসরণ, গতিবিশেষ।

বিসৃপ্ত, ত্রি. [বি+সৃপ-ত] বিসারিত, ব্যাপ্ত, প্রসারিত। [বিস্তৃত।

বিসৃমর, ত্রি. [বি+সৃ+মর] প্রসরণশীল,

বিসৃষ্ট, ত্রি. [বি+সৃজ-ত] নিক্ষিপ্ত ; বর্জ্জিত, ত্যক্ত, দত্ত; বিশেষে সৃষ্ট।

বিস্কন্তা, ত্রি. [বি+স্কন্তৃ] গমন, গতি; বিকীর্ণ।

বিস্কন্দ, পুং. [বি+স্কন্দ] গমন, বিসর্পণ।

বিস্ত, পুং. ন. [বিস্+ত] হেমের অক্ষ, অশীতিরত্তিকা পরিমিত স্বর্ণ।

বি+স্তৃ-অ] শব্দেরবিস্তার; বাক্প্রপঞ্চ; বিস্তার; প্রণয়; পীঠ; সমূহ। [ছড়ান।

বিস্তরণ, ন.[বি+স্তৃ-অন] বিস্তারণ, ব্যাপন,

বিস্তরশঃ, বা. [বিস্তর+শস্] সর্ব্বতসঃ, বিস্তরেণ।

বিস্তার পুং. [বি+স্তৃ-অ] বিটপ, বৃক্ষ; পল্লব ; বিস্তীর্ণতা, তৎপর্য্যায় ।—বিগ্রহ, ব্যাস; স্তব।

বিস্তারণ, ন. [বিস্তৃ+অন] প্রসারণ, ব্যাপন, ছড়ান ; চৌড়াকরণ ; বিবরণ করা।

বিস্তারিত,ত্রি.[বি+স্তৃ-ত]বিস্তীর্ণ, প্রসারিত।

বিস্তার্য্য, ত্রি. [বি+স্তৃ-য] বিস্তারযোগ্য ; বৃত্তান্ত প্রকাশ হওনোপযুক্ত।

বিস্তীর্ণ ত্রি. [বি+স্তৃ-ত] বিপুল, বিস্তৃত, প্রসারিত, তৎপর্য্যায় ।—বিকট, বড়, বিশাল, পৃথু।

বিস্তীর্ণপর্ণ, ত্র. [বিস্তীর্ণ+পর্ণ] মানক।

বিস্তৃত, ত্রি. [বি+স্তৃ+ত] লব্ধবিস্তার, কৃতবিস্তার, প্রসারিত, তৎপর্য্যায়।—বিস্তৃত, তত।

বিস্তৃতমুখ, ত্রি. [বিস্তৃত+মুখ] বিস্তীর্ণমুখ, হাঁ করামুখ।

বিস্পন্দন, ন. [বি+স্পন্দন] অঙ্গাদিস্পন্দন, কাঁপন,নাচন, স্ফুরণ।

বিস্পষ্ট, ত্রি.[বি+স্পষ্ট] সুস্পষ্ট, সুব্যক্ত ; প্রত্যক্ষ।

বিস্ফার, পুং. [বি+স্ফর-অ] ধনুর্গুণশব্দ, জ্যাশব্দ, ধনুকেরছিলার শব্দ, ধনুষ্টঙ্কার।

বিস্ফারিত, ত্রি. [বি+স্ফর-ইত] প্রকাশিত ; চলিত ; বিস্তারিত।

বিস্ফার্য্যমাণ, ত্রি. [বি+স্ফার্য্য+মান] প্রকাশিত ; ধনুর্গুণশব্দ কৃত।

বিস্ফুরন্, ত্রি. [বি+স্ফুর+অৎ] উপচিত, বর্দ্ধিত। [চঞ্চল।

বিস্ফুরিত, ত্রি.[বি+স্ফুর-ইত] স্ফুর্ত্তিবিশিষ্ট,

বিস্ফুলিঙ্গ, পুং. [বি+স্ফুলিঙ্গ] বিষবিশেষ; অগ্নিকণা, স্ফুলিঙ্গ।

বিস্ফূর্জথু, পুং. বি+স্ফূর্জ+অথু] বজ্র, বাজ।

বিস্ফোট, পুং. [বি+স্ফুট-অ] বিরুদ্ধ স্ফোটক, বিস্ফোড়া, তৎপর্য্যায়। পিটক, পিটকা, বিটক, বিটকা, স্ফোটক, স্ফোট।

বিস্ফোটক, পুং. [বি+স্ফোট-ক] ব্রণবিশেষ, দুষ্টব্রণ, বিস্ফোড়া, ফোড়া।

বিস্ফোড়া, (প্রা) বিস্ফোটক, দুষ্টব্রণবিশেষ।

বিস্মৎ (বাং) বিসমৎ নামক ধাতুবিশেষ।

বিস্ময়, পুং. [বি+স্মি-অ] আশ্চর্য্য, চমৎকার, তৎপর্য্যায়।—অহো, হীঁ; দর্প; সন্দেহ।

বিস্ময়ান্বিত, ত্রি. [বিস্ময়+অন্বিত] বিস্ময়যুক্ত, আশ্চর্য্যবিশিষ্ট, তৎপর্য্যায়।—বিলক্ষ।

বিস্ময়ী, ত্রি. [বিস্ময়+ইন্] বিস্ময়ান্বিত, আশ্চর্য্যবিশিষ্ট।

বিস্মরণ, ন. [বি+স্মরণ] স্মরণ হীন, ভুলন, পাসরণ। [অপস্মৃতি।

বিস্মরণীয়, ত্রি. [বি+স্মৃ+অনীয়] অনবহিত,

বিস্মাপন, পুং. [বি+স্মি-অন] কুহক, কাপট্য, মায়া; গন্ধর্ব্বনগর; কামদেব; বিস্মায়ন, বিস্ময় করান।

বিস্মার্য্য, ত্রি. [বি+স্মৃ-য] বিস্মরণীয়, ভুলিবার যোগ্য।

বিস্মিত, ত্রি. [বি+স্মি-ত] বিস্ময়ান্বিত, বিস্ময়বিশিষ্ট, চমৎকৃত, আশ্চর্য্যান্বিত।

বিস্মিতি, স্ত্রী. [বি+স্মি-তি] বিস্মরণ, ভ্রম, ভুল; আশ্চর্য্য, বিস্ময়।

বিস্মৃত, ত্রি.[বি+স্মৃ-ত] স্মরণের অবিষয়, বিস্মরণ বিশিষ্ট, ভ্রমযুক্ত, ভুল, তৎপর্য্যায়।—অন্তর্গত।

বিস্মৃতি, স্ত্রী. [বি+স্মৃ-তি] বিস্মরণ, ভ্রম, ভুলন।

বিস্মের ত্রি. [বি+স্মি-র] বিস্ময়ান্বিত, আশ্চর্য্যবিশিষ্ট।

বিস্যন্দ, পুং. [বি+স্যন্দ] ক্ষরণ, স্রব,নিস্যন্দ।

বিস্র, ন. [বিস+র] আমগন্ধি; চিতাধূমাদির গন্ধ; অপক্ক মাংসগন্ধ।

বিস্রংস, পুং. স্ত্রী. [বি+স্রংস]শিথিলীকরণ, স্রংসন; শক্তিশৈথিল্য।

বিস্রংসন, ন. [বি+স্রংস+অন] শৈথিল্য, প্রস্রথ; পতন; ক্ষরণ।

বিস্রগন্ধা, স্ত্রী. [বিস্র+গন্ধ-আ] হপুষা, বণিক্ দ্রব্যবিশেষ, মরীচ বৃন্তবদ্দীর্ঘাকার কৃষ্ণবর্ণ বস্তু, হবুষ্, হোহবের।

বিস্রগন্ধি, পুং. [বিস্র+গন্ধ-ই] হরিতাল।

বিস্রব্ধ, ত্রি. [বি+স্রম্ভ-ত] বিশ্রব্ধ, বিশ্বস্ত প্রত্যয়িত; অত্যর্থ, গাঢ়।

বিস্রম্ভ, পুং. [বি+স্রম্ভ] বিশ্বাস, প্রত্যয়; প্রণয়, পরিচয়, শৃঙ্গার প্রার্থনা; ক্রীড়া পারবশ্য; কেলিকলহ; বধ।

বিস্রস্তী, ত্রি. [বি+স্রস্ত-ইন্] বিশ্বাসী, প্রণয়ী।
বিস্রসা, স্ত্রী. [বি+স্রস্-আ] জরা, বার্দ্ধক্য দশা।
বিস্রস্ত, ত্রি. [বি+স্রস্ত] শিথিলিত, বিগলিত।
বিস্রা, স্ত্রী. [বিস+র-আ] হপুষা, বণিকদ্রব্য বিশেষ, মরীচবৃন্তবদ্দীর্ঘাকার কৃষ্ণবর্ণ বস্তু, হবুষ্, হৌহবের।
বিস্রাবণ, ন. বি+স্রু+অন] ক্ষরণ, নিস্যন্দ, সন্ধান; রক্তমোক্ষণ।
বিস্রাবিত, ত্রি. [বি+স্রু+ইত] রক্তস্রাবিত; সংপতিত, বিস্রাব্য।
বিস্রুত, ত্রি. [বি+স্রু-ত] বিস্তৃত, প্রসারিত, বিস্তীর্ণ। [পানিসিয়া।
বিস্বাদ, ত্রি. [বি+স্বাদ] রসহীন, অতার,
বিস্বাদু, ত্রি. [বি+স্বাদু] স্বাদুহীন, রসহীন, পানিসিয়া।
বিহগ, পুং. [বিহায়স্+গম্-অ] পক্ষী; বাণ; সূর্য্য; চন্দ্র; গ্রহ; মেঘ।
বিহঙ্গ, পুং. [বিহায়স্+গম্-অ] পক্ষী, বাণ; মেঘ; চন্দ্র; সূর্য্য; (ত্রি) দ্রুতগমনশীল।
বিহঙ্গম, পুং. [বিহায়স্+গম-অ] পক্ষী, পাখী। [বাঁকৃপক্ষিণী।
বিহঙ্গমা, স্ত্রী. [বিহায়স্+গম-আ] ভারযষ্টি,
বিহঙ্গরাজ, পুং. [বিহঙ্গ+রাজ] গরুড়, বৈনতেয়। [বাঁক।
বিহঙ্গিকা, স্ত্রী. [বিহঙ্গ+ইক-আ] ভারযষ্টি,
বিহৎ, স্ত্রী. [বি+হন্-ত্] গর্ভোপঘাতিনী-গাভী।
বিহত, ত্রি. [বি+হন্-ত] বিশেষে হত, বিনষ্ট, বিধ্বস্ত।
বিহনন, ন. [বি+হন্-অন] বিঘ্ন; হিংসা; তুলপিঞ্জল, তুলস্ফোটনার্থ ধনুঃ, ধুনখরা।
বিহর, পুং. [বি+হৃ-অ] বিয়োগ, বিচ্ছেদ; ত্যাগ; বিহরণ। [পর্য্যটন।
বিহরণ, ন. [বি+হৃ+অন] বিহার, ক্রীড়ার্থ
বিহর্ত্তা, পুং. [বি+হর্তৃ] বিহারী, কেলিকারী, ভ্রমশীল, বিহরণকর্ত্তা।
বিহর্ষ, পুং. [বি+হর্ষ] বিশেষে আনন্দ, অতিশয় আহ্লাদ; আহ্লাদহীন।

বিহসন, ন. [বি+হসন] হাস্যকরণ, পরিহাস করণ; ঈষদ্ধাস্য করণ।
বিহসনীয়, ন. [বি+হস্+অনীয়] হাস্যযোগ্য, পরিহাসযোগ্য।
বিহসিত, ন. [বি+হস্-ইত] মধ্যম হাস্য, মুখ বিকাশ, মুখ মুচ্‌কন।
বিহস্ত, ত্রি. [বি+হস্ত] ব্যাকুল; পণ্ডিত; বিকর, হস্তবিহীন; (পুং.) গণ্ডদেশ।
বিহা, বা, [বি+হ] স্বর্গ, সুরলোক।
বিহান, (প্রা) প্রাতঃকাল, প্রত্যূষ।
বিহাপন, পুং. [বি+হা-পন] ত্যাগ, দান; অর্পণ।
বিহাপিত, ন. [বি+হা+ত] দান, ত্যাগ।
বিহায়, বা. [বি+হায়] পরিত্যক্ত।
বিহায়ত, ন. [বি+হায়ত] দান, বিতরণ।
বিহায়ঃ, ন. পুং. [বি+হায়স্] আকাশ, শূন্য, গগন, অন্তরীক্ষ।
বিহায়স, ন.পুং. [বিহায়স্+অ] আকাশ, গগন, অন্তরীক্ষ; (পুং) পক্ষী। [মণ্ডল।
বিহায়সা, বা. [বিহায়স্+আ] আকাশ, নভো-
বিহায়াঃ, পুং. [বি+হয়+অস্] পক্ষী, বিহগ, পাখী; (প্রা) নির্লজ্জ।
বিহার, পুং. [বি+হৃ-অ] ক্রীড়ার্থ চরণদ্বারা গমন, তৎপর্য্যায়।—পরিক্রম; ভ্রমণ; স্কন্ধ; লীলা; সুগতালয়; বিন্দুরেখক পক্ষী; বৈজয়ন্ত।
বিহারকারী, ত্রি. [বিহার+কারিন্] ক্রীড়ার্থ ভ্রমণকর্ত্তা; কেলিকারী, লীলাকারক।
বিহারী, ত্রি. [বিহার+ইন্] পরিক্রমী, বিহারকর্ত্তা, বিহারক। [ঠাট্টা।
বিহাস, পুং. [বি+হাস] ঈষদ্ধাস্য; বিদ্রূপ,
বিহাস্য, ত্রি. [বি+হাস্য] হাস্যযোগ্য; বিদ্রূপযোগ্য।
বিহিত, ত্রি. [বি+হি-ত] বিধেয়, উচিত, কর্ত্তব্য। [বিধি।
বিহিতবিধান, ন. [বিহিত+বিধান] উপযুক্ত
বিহিতি, স্ত্রী. [বি+হি-তি] বিধান, বিধি।
বিহীন, ত্রি. [বি+হা-ত] বিশেষে হীন; ত্যক্ত বিরহিত।
বিহ্রুত, ন. [বি+হ্রু-ত] স্ত্রীদিগের স্বাভা-

বিক দশালঙ্কারান্তর্গত অলঙ্কার বিশেষ ; (ত্রি) ক্রীড়াশীল।

বিহৃতি, স্ত্রী. [বি+হৃ-তি] বিশেষে হরণ, বিশেষে বলাৎকার; ক্রীড়া; বিস্তৃত।

বিহেঠ, পুং. [বি+হেঠ] বিহেঠন, হিংসা।

বিহেঠন, ন.[বি+হেঠ-অন] হিংসা; মর্দ্দন; বিড়ম্বন; বিবাধা।

বিহ্বল, ত্রি. [বি+হ্ব-অল] ভয়াদিহেতুক অভিভূত, সাঙ্গধারণাশক্ত, ব্যাকুল, তৎপর্য্যায়। —বিক্লব, বিলীন।

বিহ্বলতা, স্ত্রী. [বিহ্বল+তা] অজ্ঞানতা, বৈক্লব্য, ব্যাকুলতা।

বিক্ষণ, ব্য. [বি+ক্ষণ] অত্যল্পকালপরতঃ।

বিক্ষত, পুং. [বি+ক্ষণ-ত] বিশেষে ক্ষত; ঘা, দাগ।

বিক্ষার, পুং. [বি+ক্ষু-অ] শব্দ, ধ্বনি; কাস।

বিক্ষিপ্ত, ত্রি. [বি+ক্ষিপ-ত] ত্যক্ত, বিক্ষেপণীয়; পতিত।

বিক্ষীণ, ত্রি. [বি+ক্ষীণ] নষ্ট, চ্যুত।

বিক্ষীণক, পুং. [বি+ক্ষীণ+ক] রুদ্রের সঙ্গীবিশেষ।

বিক্ষীর, পুং. [বি+ক্ষীর] অর্কবৃক্ষ, আকন্দগাছ।

বিক্ষেপ, পুং. [বি+ক্ষিপ-অ] প্রেরণ, ত্যাগ, বিক্ষেপণ; উৎকণ্ঠিত দৃষ্টি; শর।

বিক্ষেপণ, ন. [বি+ক্ষিপ-অন] ক্ষেপণকরা; ত্যাগকরণ; প্রেরণ করণ।

বিক্ষেপণীয়, ত্রি. [বি+ক্ষিপ-অনীয়] বিক্ষেপ্য, বিক্ষেপ্তব্য, ক্ষেপণযোগ্য।

বিক্ষেপধ্রুব, পুং.[বিপেক্ষ+ধ্রুব] গ্রহকক্ষার বিক্ষেপ।

বিক্ষেপ্য, ত্রি. [বি+ক্ষিপ-য] বিক্ষেপণীয়, বিক্ষেপণযোগ্য।

বিক্ষেপশক্তি, স্ত্রী. [বি+ক্ষেপ-শক্তি] মায়াশক্তি বিশেষ।

বী, পুং. গমন, চলন।

বীক, পুং. [বি+ক] বায়ু; পক্ষী; মনঃ।

বীকাশ, পুং. [বী+কাশ] রহ, নির্জ্জন; প্রকাশ।

বীঙ্খা, স্ত্রী. [বি+ইখ-অ-আ] শূকশিম্বীলতা শূয়াশিম; গতিবিশেষ; নর্ত্তন, নৃত্য নাচ অশ্বগতিবিশেষ; সন্ধি।

বীচ, (প্রা) আঁঠি; ধান্যাদির চারা; বীজ।

বীচতলা, (প্রা) মাদাবাঁধা,বীজাঙ্কুরের স্থান

বীচালি, (প্রা) ধান্যাদি শুষ্কতৃণ, খড়॥

বীচি, পুং.স্ত্রী. [বি+চি] তরঙ্গ, ঢেউ; স্বল্পতরঙ্গ; অবকাশ; সুখ; অল্প; কিরণ; বীজ।

বীচিমালী, পুং. [বীচি+মালিন্] সমুদ্র।

বীচী, স্ত্রী. [বি+চি-ঈ] বীচি, তরঙ্গ ঢেউ।

বীচীতরঙ্গ, পুং. [বীচী+তরঙ্গ] ন্যায়বিশেষ।

বীজ, ন.[বি+জন্-অ] কারণ; শুক্র; অঙ্কুর; তত্ত্বাধান; মজ্জা; গণিতবিশেষ; মন্ত্র।

বীজক, পুং. [বীজ+ক] মাতুলুঙ্গক, ছোলঙ্গবৃক্ষ; বৃক্ষবিশেষ, বিজয়াসার, তৎপর্য্যায়।—পীতসার, পীতশালক,বন্ধূকপুষ্প, প্রিয়ক, সর্জ্জক, আসন; (ন.) বীজ, বিচি।

বীজকোশ, পুং. [বীজ+কোশ] পদ্মবীজাধার চক্রিকা, ফোঁফল, তৎপর্য্যায়।—বরাটক, কর্ণিকা, বারিকুব্জ, শৃঙ্গাটক।

বীজকোষ, পুং. [বীজ+কোষ] বীজকোশ।

বীজকৃৎ, ন. [বীজ+কৃৎ] বীজকরণ, ভেল্কী করা।

বীজগণিত, ন. [বীজ+গণিত] অঙ্কবিদ্যাবিশেষ, আলজেব্রা ইতি ইংরাজী।

বীজগর্ভ, পুং. [বীজ+গর্ভ] পটোল, তিক্তফল; বীজপুরকাদি ফল।

বীজগুপ্তি, স্ত্রী. [বীজ+গুপ্-তি] শিম্বী,শিম।

বীজডাঙ্গা, (প্রা) মাদাবাঁধা, বীজতলা।

বীজধান্য, ন. [বীজ+ধান্য] ধান্যক, ধনিয়া; বীচধান।

বীজন, ন. [বাজ+অন] ব্যজন, পাখাঢুলান; বস্তু; কোক, চক্রবাকপক্ষী; (পুং.) জীবঞ্জীব, চকোরপক্ষী।

বীজপাদপ, পুং. [বীজ+পাদপ] ভল্লাতক বৃক্ষ।

বীজপুরুষ, পুং. [বীজ+পুরুষ] আদিপুরুষ, বংশের মূলব্যক্তি।

বীজপুষ্প, ন. [বীজ+পুষ্প] মরুবক, কণ্টকীবৃক্ষ; মদনবৃক্ষ, ময়নাগাছ।

বীজপুষ্পিকা স্ত্রী. [বীজ+পুষ্পিকা] শস্যবিশেষ।

বীজপূর, পুং. [বীজ+পূর] দাড়িম্ব, দালিম; ফলপুর, টাবানেবু, বিজৌরা, তৎপর্য্যায়।—বীজপূর্ণ, পূর্ণবীজ, সুকেশর, বীজক, কেশরাম্ল, মাতুলুঙ্গ, সুপূরক, রুচক, বীজফলক, জন্তুঘ্ন, দন্তুরচ্ছদ, পূরক, রোচনফল।

বীজপূরক, পুং. [বীজ+পূরক] দাড়িম্ব, দালিম; টাবালেবু প্রভৃতি।

বীজপূর্ণ, পুং. [বীজ+পূর্ণ] ছোলঙ্গ, টাবালেবু; বীজপূর, দালিম।

বীজপেশিকা, স্ত্রী. [বীজ+পেশিকা] অণ্ডকোষ, মুষ্ক, বৃষণ।

বীজফলক, পুং. [বীজ+ফলক] বীজপূর, দাড়িম, দালিম।

বীজবপন, ন. [বীজ+বপন] ক্ষেত্রে বীজক্ষেপণ, বীজবোণা। [কর্ত্তা।

বীজবাপী, পুং. [বীজ+বাপী] বীজবপন-

বীজবৃক্ষ, পুং. [বীজ+বৃক্ষ] বৃক্ষবিশেষ, অসনবৃক্ষ।

বীজমাতৃকা, স্ত্রী. [বীজ+মাতৃকা] পদ্মবীজ, পদ্মের বীচি।

বীজ্য, ত্রি. [বীজ+য] কুলসম্ভব, কুলোদ্ভব।

বীজরত্ন, পুং. [বীজ+রত্ন] মাষকলায়, মাষকলাই।

বীজরুহ, পুং. [বীজ+রুহ] শাল্যাদি, ধান্যাদি।

বীজরেচন, চ. [বীজ+রেচন] ঔষধবিশেষ, জয়পাল।

বীজসঞ্চয়, পুং. [বীজ+সঞ্চয়] বীজসংগ্রহ, বীজরাখন।

বীজসূ, স্ত্রী. [বীজ+সূ] পৃথ্বী, পৃথিবী।

বীজা, ব্য. [বীজ+আ] বীজের সহিত।

বীজাকৃত, ত্রি. [বীজা+কৃত] উপ্তকৃষ্ট, বীজের সহিত কর্ষণ।

বীজাঙ্কুর, পুং. [বীজ+অঙ্কুর] বীজের প্ররোহ, গোঁজ।

বীজাম্ল, ন. [বীজ+অম্ল] বৃক্ষাম্ল।

বীজী, পুং. [বীজ+ইন্] পিতা, জনক; (ত্রি.) বীজবিশিষ্ট; মূলপুরুষ।

বীজোদক, ন. [বীজ+উদক] করকা, শিল, বর্ষোপল।

বীজোপ্তিচক্র, ন. [বীজ+উপ্তি+চক্র] বীজবপন জন্য শুভাশুভ জ্ঞানার্থ সর্পাকার চক্র।

বীজ্য, ত্রি. [বীজ+য] যাহার কদাচিৎ কুলোদ্ভব, তৎপর্য্যায়।—কুলসম্ভব, বংশ্য, কৌলকেয়, কুলজ, কুলীন, কুল্য, কুলভব।

বীটি, স্ত্রী. [বি+ইট-ই] তাম্বূলবল্লী; সুসজ্জীকৃত তাম্বূল, পানের বীড়া, পানের খিলী।

বীটিকা, স্ত্রী. [বীট+ইক-আ] তাম্বূলবল্লী; সুসজ্জীকৃত তাম্বূল, পানেরবীড়া, পানের খিলী। [পানেরখিলী।

বীটী, স্ত্রী. [বি+ইট-ঈ] তাম্বূল, পানেরবীড়া,

বীণা, স্ত্রী. [বীণ+আ] বিদ্যুৎ; স্বনামখ্যাত বাদ্যযন্ত্রবিশেষ, তৎপর্য্যায়।—বল্লকী, বিপঞ্চী, (ইহা সপ্ততন্ত্রীযুক্তা হইলে পরিবাদিনী) ধ্বনিমালা, বল্লমল্লী, বিপঞ্চিকা, ঘোষবতী, কণ্ঠকুণিকা; তদ্ভেদা যথা।—শিবের বীণা—লম্বী, সরস্বতীর—কচ্ছপী, নারদের—মহতী, গণদেবতার—প্রভাবতী, বিশ্বাবসুর—বৃহতী, তুম্বুরুর—কলাবতী, চাণ্ডালদিগের—কণ্ডোলবীণা, ও চাণ্ডালিকা।

বীণাদণ্ড, পুং. [বীণা+দণ্ড]বীণাস্থিত অলাবুপরিকাষ্ঠ, তৎপর্য্যায়।—প্রবাল।

বীণানুবন্ধ, পুং. [বীণা+অনুবন্ধ] উপনাহ, বীণাদি তন্ত্রবন্ধন স্থান, (প্রা) সেতারার সুন্দরী বন্ধন ঠাট।

বীণাবাদ, ত্রি. [বীণা+বদ-অ] বীণাবাদক, বীণাবাদ্যকর্ত্তা, তৎপর্য্যায়।—বৈণিক।

বীণাবাদক, পুং. [বীণা+বদ-অক] বীণাবাদ্য কর্ত্তা, বৈণিক।

বীণাস্য, পুং. [বীণা+আস্য] নারদ, দেবর্ষি।

বীত, ন. [বী+ত] অসার হস্তী অশ্ব, যুদ্ধা-

ক্রম ঘোটক ও অশ্ব; অঙ্কুশকর্ম্ম; অ-তীত, গত, (ত্রি.) শান্ত ; গত, অতীত।

বীতংস, পুং. [বী+তনুস্-অ] মৃগ ও পক্ষিদিগের বন্ধনোপকরণ; মৃগ ও পক্ষিদিগের বিশ্বাসহেতু প্রাবরণ।

বীতকল্মষ, ত্রি. [বীত+কল্মষ] নিষ্পাপ।

বীতকাম, ত্রি. [বীত+কাম] নিষ্কাম।

বীতদম্ভ, ত্রি. [বীত+দম্ভ] ত্যক্তদম্ভ, দম্ভত্যাগী, তৎপর্য্যায়।—অবল্কন।

বীতন, পুং. [বীত+অন] কৃকপার্শ্বদ্বয়, স্কন্ধদেশের মধ্য স্থানের উভয় পার্শ্ব।

বীতভয়, পুং. [বীত+ভয়] বিষ্ণু, নারায়ণ ; নির্ভয়, শঙ্কাশূন্য।

বীতরাগ, পুং. [বীত+রাগ] বুদ্ধ; (ত্রি.) বিগতরাগ, রাগশূন্য।

বীতবিরুদ্ধবুদ্ধি, ত্রি. [বীত+বিরুদ্ধ+বুদ্ধি] বিরুপদ্রব, প্রশস্ত বুদ্ধি।

বীতস্পৃহ, ত্রি. [বীত+স্পৃহা] স্পৃহাবাদড়, নির্ব্বাদিত ; ইচ্ছাশূন্য।

বীতশোক, পুং. [বীত+শোক] অশোকবৃক্ষ, (ত্রি.) বিগতশোক, শোকরহিত।

বীতি, স্ত্রী. [বী+তি] গতি; দীপ্তি ; প্রজন; অশন ; ধাবন; (পুং.) ঘোটক. অশ্ব।

বীতিহোত্র, পুং. [বীতি+হোত্র] অগ্নি, অনল; সূর্য্য।

বীথি, স্ত্রী. [বিথ+ই] বীথী, পংক্তি, শ্রেণী ; বর্ত্ম, পথ ; গৃহাঙ্গ

বীথিকা, স্ত্রী. [বীথ+ইক-আ] বীথি, শ্রেণী, পংক্তি; বর্ত্ম, পথ ; গৃহাঙ্গ।

বীথী, স্ত্রী. [বীথি+ঈ] পংক্তি, শ্রেণী, গৃহাঙ্গ; নাট্যরূপক; বর্ত্ম, পথ।

বীথ্যঙ্গ, ত্রি. [বীথি+অঙ্গ] নাটকবিশেষ।

বীধ্র, ন. [বীধ+র] নভঃ, আকাশ; বায়ু ; অগ্নি; (ত্রি.) বিমল, নির্ম্মল

বীনাহ, পুং. [বী+নহ-অ] কূপের মুখবন্ধন, বিনাহ, কূপমুখবন্ধ পট, নান্দীপট।

বীপা, স্ত্রী. [বীপ+আ] বিদ্যুৎ, সৌদামিনী, তড়িৎ।

বীপ্সা, স্ত্রী. [বি+আপ-স-আ] ক্রিয়াগুণ ও দ্রব্যের এককালীন ব্যাপনেচ্ছা।

বীবধ, পুং. [বী+বধ] পর্য্যাহার ; সর্ব্বত্রে আহৃতধান্য ও তণ্ডুলাদি; মার্গ, পন্থা, পথ; ভার।

বীবধিক, পুং.স্ত্রী. [বী+বধ-ইক] ভারবাহক, ভারী; বার্ত্তাবহ।

বীবুশোক, পুং.[বীবু+শোক] কপর্দ্দক,কড়ি।

বীভৎস, পুং. [বী+বধ-স] অর্জ্জুন; (ত্রি.) ক্রূর, খল; ঘৃণাত্মা; বিকৃতি; পাপী; শৃঙ্গারাদি অষ্ট রসের মধ্যে ষষ্ঠরস, তৎপর্য্যায়।—বিকৃত।

বীভৎসু, পুং. [বী+ভৎ-স-উ] অর্জ্জুন,তৎপর্য্যায়।—ফাল্গুণ, জিষ্ণু, কিরীটী,শ্বেতবাহন, বিজয়, কৃষ্ণ, সব্যসাচী, ধনঞ্জয়।

বীর, ন. [বীর+অ] শৃঙ্গী ; নড়, নল; মরিচ; পুষ্করমূল, পদ্মমূল; কাঞ্জিক, কাঁজি; উশীর, বেণারমূল; আরুক; (পুং.) শৌর্য্যবিশিষ্ট, তৎপর্য্যায় ।—শূর, বিক্রান্ত, গভীর, তরস্বী; জিন; নট; বিষ্ণু; শৃঙ্গারাদি অষ্টরসান্তর্গত রসবিশেষ, তৎপর্য্যায় ।—উৎসাহবর্দ্ধন; তান্ত্রিকভাববিশেষ; (ত্রি.) বীরাচারবিশিষ্ট, তণ্ডুলীয়; বরাহকন্দ; লতাকরঞ্জ; করবীর; অর্জ্জুন; যজ্ঞাগ্নি;উস্তর; সুভট; শ্রেষ্ঠ, প্রধান।

বীরক, পুং. [বীর+ক] করবীরবৃক্ষ, করবী-[গাছ।

বীরখণ্ডি, (প্রা) বিষ্টান্নবিশেষ, তিলেখাজা।

বীরজয়ন্তিকা, স্ত্রী. [বীর+জয়ন্ত-ইক-আ]রণে বীরদিগের নৃত্য।

বীরণ, ন. [বীর+অন] উশীরতৃণ,বেণাগাছ, তৎপর্য্যায়।—বিরণ, কটায়ন, বীরতর, বীরভদ্র।

বীরতর, ন. [বীর+তর] বীরণ, উশীরতৃণ, বেণাগাছ ; (পুং.) শর, বাণ।

বীরতরাসন, ন. [বীর+তর+আসন] আসনবিশেষ।

বীরতরু, পুং. [বীর+তরু] অর্জ্জুনবৃক্ষ; কোকিলাক্ষবৃক্ষ; বিল্বান্তরবৃক্ষ; ভল্লাতকবৃক্ষ।

বীরতা, স্ত্রী. [বীর+তা] শূরত্ব; বিক্রম, পরাক্রম।

বীরত্ব, ন. [বীর+ত্ব] শূরত্ব, শৌর্য্য, বিক্রম।
বীরপট্ট, পুং. [বীর+পট্ট] পট্টিকা, পাটার।
বীরপর্ণ. ন. [বীর+পর্ণ] সুরসর্প।
বীরপত্নী, স্ত্রী. [বীর+পত্নী] বীরভার্য্যা শূরের স্ত্রী।
বীরপত্রা, স্ত্রী. [বীর+পত্র-আ] বিজয়া, সিদ্ধি, ভাঙ্গ।
বীরপান, ন. [বীর + পান] বীরদিগের শ্রম নাশ নিমিত্ত মদ্যাদি পান, বীরপাণ
বীরপুষ্পী, স্ত্রী. [বীর+পুষ্প-ঈ] সিন্দুর পুষ্পী।
বীরবতী, স্ত্রী. [বীর+বৎ-ঈ] মাংসরোহিণী।
বীরবৎসা, স্ত্রী. [বীর+বৎস-আ] বীরজননী, বীরসূ, বীরসন্তান প্রসূতা স্ত্রী।
বীরবাহু, পুং. [বীর+বাহু] বিষ্ণু; বীরশ্রেষ্ঠ; রাক্ষসবিশেষ।
বীরবিপ্লাবক, পুং. [বীর+বি+প্লাবক] শূদ্রের দ্রব্য দ্বারা হোমকর্ত্তা ব্রাহ্মণ।
বীরবৃক্ষ, পুং. [বীর + বৃক্ষ] ভল্লাতক বৃক্ষ, অর্জ্জুনবৃক্ষ, বিল্লান্তর; বৃক্ষবিশেষ, দেধান, তৎপর্য্যায়।—বীরতর, বৃহদ্বাত, অশ্মরীহর।
বীরবৌলি, (প্রা) কর্ণভূষণ বিশেষ, কুণ্ডল।
বীরভদ্র, পুং. [বীর+ভদ্র] অশ্বমেধাশ্ব, অশ্বমেধের ঘোটক; বীরশ্রেষ্ঠ; বীরণ, বেণারগাছ; শিবগণবিশেষ।
বীরভদ্রক, ন. [বীর+ভদ্র-ক] বীরণতৃণ, বেণারগাছ।
বীরভার্য্যা, স্ত্রী. [বীর + ভার্য্যা] বীরপত্নী, শূরের স্ত্রী।
বীরভোগ্যা, স্ত্রী. [বীর+ভোগ্য-আ] বীর ব্যক্তির ভোগার্হ; পৃথিবী।
বীরমাতা, স্ত্রী. [বীর+মাতৃ] বীরজননী, তৎপর্য্যায়।—বীরসূ, বীরপ্রসূতা।
বীরমুদ্রিকা, স্ত্রী. [বীর+মুদ্রিকা] পদাঙ্গুলির অলঙ্কার বিশেষ। [ধুলী।
বীররজঃ, ন. [বীর+রজস্] সিন্দুর; বীরের-
বীররেণু, পুং. [বীর+রেণু] ভীমসেন, ভীম, পবনপুত্র।
বীরসূ, স্ত্রী. [বীর+সূ] বীরমাতা, বীরজননী।
বীরসেন, ন. [বীর+সেন] হিমাচলে প্রসিদ্ধ ঔষধিবিশেষ, আরুকবৃক্ষ; (পুং.) নলরাজার পিতা।
বীরসেনজ, পুং. [বীর+সেনজ] নলরাজা।
বীরসৈন্য, ন. [বীর+সৈন্য] লশুন, রশুন।
বৈধ, ত্রি. [বিধি+অ] বিধিবোধিত, বিধি প্রতিপাদিত, বিহিত, যুক্তিসিদ্ধ, শা-স্ত্রীয়।

বৈধব্য, ন. [বিধবা+য] বিধবাত্ব, বিধবা ধর্ম্ম, পতিহীনতা; রণ্ডাবস্থা।

বৈধর্ম্ম, ন. [বিধর্ম্ম+য] বিধর্ম্মত্ব, নাস্তিকতা।

বৈধাত্র, পুং. [বিধাতৃ+অ] সনৎকুমার, বিধাতৃপুত্র।

বৈধাত্রী, স্ত্রী. [বিধাতৃ+অ-ঈ] ব্রাহ্মী, বিধাতার স্ত্রী।

বৈধিক, ত্রি. [বিধি+ক] বিধিসম্বন্ধীয়।

বৈধূমাগ্নী, স্ত্রী. [বিধূম+অগ্নি-ঈ] শাল্ব-দেশীয় নগরী

বৈধৃতি, স্ত্রী. [বি+ধৃত+ই] বিষ্কুম্ভাদি সপ্ত বিংশতি যোগান্তর্গত শেষযোগ।

বৈধেয়, ত্রি. [বিধেয়+অ] মূর্খ, অজ্ঞ; বিধিসম্বন্ধী; বিধেয়সম্বন্ধী।

বৈধ্যত, পুং. [বিধি+অত] যম প্রতিহার।

বৈনতেয়, পুং. [বিনতা+এয়] গরুড়; অরুণ।

বৈনয়িক, পুং. [বিনয়+ইক] শস্ত্রাভ্যাস রথ, তৎপর্য্যায়।—যোগারথ; (ত্রি) বিনয় সম্বন্ধীয়।

বৈনায়িক, পুং. [বিনায়ক+ইক] বৌদ্ধ।

বৈনাশিক, ন. [বিনাশ+ইক] নাড়ী-নক্ষত্রবিশেষ, জন্ম নক্ষত্রাবধি ত্রয়োবিংশ নক্ষত্র; নিধনতারা; (পুং) গণক; ক্ষণকাল স্থায়ী; পরতন্ত্র, পরাধীন; ঊর্ণনাভ, মাকড়সা; (ত্রি) বিনাশসম্বন্ধীয়।

বৈনীতক, পুং.ন. [বিনীত+ক] পরম্পরা আবাহন, (ত্রি) বিনীতসম্বন্ধীয়।

বৈন্য, পুং. [বেন+য] বেনপুত্র, পৃথুরাজা।

বৈপরীত্য, ন. [বিপরীত+য] বিপরীতত্ব-উল্টা, তৎপর্য্যায়।—ব্যত্যাস, বিপর্য্যাস, বিপর্য্যয়, ব্যত্যয়।

বৈপরীত্যলজ্জালু, স্ত্রী.পুং. [বৈপরীত্য+লজ্জালু] স্বল্পক্ষুপ বৃহৎকলা লজ্জালু।

বৈপিত্র, পুং. [বিপিতৃ+অ] এক মাতার গর্ব্ভে ভিন্ন ভিন্ন পিতার ঔরসে উৎপন্ন পুত্র।

বৈপুল্য, ন. [বিপুল+য] বিপুলতা, আতিশয্য, গুরুতা

বৈবধিক, ত্রি. [বিবিধ+ইক] বিবিধ ধান্য তণ্ডুলাদি দ্বারা ব্যবহার কর্ত্তা, পসারী, তৎপর্য্যায়।—বার্ত্তাবহ, বার্ত্তোবহ।

বৈবর্ণ্য, ন. [বিবর্ণ+য] বিবর্ণতা, মলিনতা।

বৈবস্বত, পুং. [বিবস্বত+অ] যম; রুদ্রবিশেষ, শনি; সপ্তমমনু।

বৈবস্বতী, স্ত্রী. [বিবস্বত+অ-ঈ] দক্ষিণ-[দিক্।

বৈবাহিক, পুং. [বিবাহ+ইক] কন্যা বা পুত্রের শ্বশুর, বেহাই, সমন্ধী; (ত্রি) বিবাহসম্বন্ধীয়; বিবাহোপযুক্ত; বিবাহ নির্ব্বাহোপযোগী।

বৈভব, পুং. [বিভব+অ] ঐশ্বর্য্য, মহিমা, গৌরব

বৈভাজিত্র, ন. [বিভাজয়িতৃ+অ] বিভাজয়িতুর ধর্ম্ম।

বৈভ্রাজ, ন. [বিভ্রাজ+অ] দেবোদ্যান, দেবতাদিগের উপবন।

বৈমনস্য, ন. [বিমনস+অ] অন্যমনস্কতা, বিমর্ষভাব, উদ্বেগ, ভাবনা।

বৈমাত্র, পুং. [বিমাতৃ+অ] বৈমাত্রেয়, বিমাতারপুত্র।

বৈমাত্রা, স্ত্রী. [বিমাতৃ+অ-আ] বিমাতৃ কন্যা, বৈমাত্রেয় ভগিনী।

বৈমাত্রেয়, পুং. [বিমাতৃ+এয়] বিমাতৃ পুত্র, ভিন্নোদর, তৎপর্য্যায়।—বিমাতৃজ, বৈমাত্র।

বৈমাত্রেয়ী, স্ত্রী. [বিমাতৃ+এয়-ঈ] বিমাতৃ কন্যা বৈমাত্রেয় ভগিনী।

বৈমুক্ত, ত্রি. [বিমুক্ত+অ] বিমুক্তিবিশিষ্ট; (ন.) বিমুক্তিশূন্য।

বৈমুখ্য ন. [বিমুখ+য] বিমুখতা, অপ্র-[সন্নতা।

বৈমেয়, পুদ. [বি+মেয়+অ] বিনিময়, পরিবর্ত্ত, বদল।

বৈয়র্থ, ন. [ব্যর্থ+অ] নিরর্থকতা; বৃথাত্ব।

বৈয়র্থ্য, ন. [ব্যর্থ+য] বৃথাত্ব; নিরর্থকতা।

বৈয়াকরণ, পুং. [ব্যাকরণ+অ] ব্যাকরণ বেত্তা; ব্যাকরণাধ্যয়নকর্ত্তা; (ত্রি.) ব্যাকরণসম্বন্ধীয়।

বৈয়াকরণভার্য্য, পুং. [বৈয়াকরণ+ভার্য্যা] যাহার বৈয়াকরণী ভার্য্যা।

বৈয়াকরণী, স্ত্রী. [ব্যাকরণ+অ-ঈ] যে স্ত্রী ব্যাকরণ বিদ্যায় পণ্ডিতা।

বৈয়াঘ্র, ত্রি. [ব্যাঘ্র+অ] ব্যাঘ্রচর্ম্মাচ্ছাদিত রথাদি, তৎপর্য্যায়।—দ্বৈপ।

বৈয়াঘ্রপদ্য, পুং. [ব্যাঘ্র+পদ-য] গোত্রকারক মুনিবিশেষ।

বৈয়াসকি, পুং. [ব্যাস+ক-ই] শুকদেব, বেদব্যাসের পুত্র।

বৈয়াসিকী, স্ত্রী. [ব্যাস+ইক-ঈ] বেদব্যাস কৃত সংহিতা।

বৈযুষ্ট, ত্রি. [ব্যুষ্ট+অ] প্রাতর্ভাব।

বৈর, ন. [বীর+অ] বিরোধ, শত্রুতা।

বৈরকর, ত্রি. [বৈর+কর] শত্রুকর; হানিকর।

বৈরকার, পুং. [বৈর+কার] শত্রু, অরাতি।

বৈরক্ত, ন. [বিরক্ত+অ] বিরক্ততা, বিরাগ, বিতৃষ্ণি, ঘৃণা।

বৈরক্তি, স্ত্রী. [বিরত+ই] বিরক্ততা, বিরাগ, বিতৃষ্ণি, ঘৃণা।

বৈরঙ্গ, (প্রা) বহিরঙ্গ, অসম্বন্ধীয়, অনাত্মীয়, শত্রু। [বিরাগ।

বৈরক্ত্য, ন. [বিরক্তি+য] বিরক্ততা;

বৈরঙ্গিক, ত্রি. [বি+রঙ্গ+ইক] বিরাগার্হ, বহিরঙ্গ সম্বন্ধীয়।

বৈরনির্য্যাতন, ন. [বৈর+নির্য্যাতন] কৃতাপকারের প্রত্যপকার করণ, তৎপর্য্যায়।—বৈরশুদ্ধি, প্রতীকার।

বৈরপ্রতিক্রিয়া, স্ত্রী. [বৈর+প্রতি+ক্রিয়া] বৈরনির্যাতন, কৃতাপকারের প্রত্যপকার।

বৈরভাব, পুং. [বৈর+ভাব] শত্রুভাব, বিপক্ষভাব।

বৈরশুদ্ধি, স্ত্রী. [বৈর+শুদ্ধি] বৈরনির্যাতন, প্রতীকার, শত্রুর প্রতিক্রিয়া।

বৈরস্য, ন. [বিরস+য] বিরসতা, রসহীনতা, বিস্বাদ।

বৈরাগ, ন. [বিরাগ+অ] পৃথিবীর সুখাদি হইতে বহির্মুখ।

বৈরাগিক, ত্রি. [বিরাগ+ইক] বিরাগার্হ; বিরাগযোগ্য।

বৈরাগী, ত্রি. [বিরাগ+ইন্] বিষয়েচ্ছারহিত, বৈরাগ্যযুক্ত: বিবেকী; উদাসীন

বৈরাগ্য, ন. [বিরাগ+য] বিষয়ে তুচ্ছবুদ্ধি, ঔদাস্য, বিবেক।

বৈরাট, পুং: [বিরাট+অ] ইন্দ্রগোপকীট, সিঁদুরেপোকা; (ত্রি) বিরাট সম্বন্ধীয়।

বৈরাট্যা, স্ত্রী. [বিরাট+য-আ] জিনষোড়শ বিদ্যা দেবীর অন্তর্গত দেবীবিশেষ।

বৈরাতঙ্ক, পুং. [বিরাতঙ্ক+অ] অর্জ্জুনবৃক্ষ।

বৈরানুবন্ধী, পুং. [বৈর+অনুবন্ধিন্] বিষ্ণু, কিরণ

বৈরায়মাণ, ত্রি. [বৈরায়+মৎ] বিরোধী, বিপক্ষ। [বিগ্রহ।

বৈরারোহ, পুং. [বৈর+আরোহ] যুদ্ধ,

বৈরিতা, স্ত্রী. [বৈরি+ত-আ] শত্রুতা, বিপক্ষতা; অরিভাব।

বৈরিত্ব, ন. [বৈরি+ত্ব] শত্রুতা, বিপক্ষতা, অরিভাব।

বৈরী, পুং. [বৈর+ইন্] শত্রু, রিপু, বিপক্ষ, (ত্রি.) বীর সম্বন্ধীয়।

বৈরূপ্য, ন. [বিরূপ+য] বিরূপতা, বিপক্ষতা, কদর্য্যভাব।

বৈরোচন, পুং. [বিরোচন+অ] বুদ্ধ; বলিরাজা; অগ্নিপুত্র; সূর্য্যপুত্র; সিদ্ধগণ।

বৈরোচননিকেতন, ন. [বৈরোচন+নিকেতন] পাতাল, রসাতল।

বৈরোচনি, পুং. [বিরোচন+ই] বুদ্ধ; বলিরাজা; সূর্য্যপুত্র; সিদ্ধগণ।

বৈরোচি, পুং. [বিরোচ+ই] বাণদৈত্য, বলিনন্দন।

বৈরোদ্ধার, পুং. [বৈর+উদ্ধার] কৃতাপকারের প্রত্যপকার, তৎপর্য্যায়।—প্রতিকার, প্রতীকার, বৈরনির্যাতন, বৈরশুদ্ধি।

বৈলক্ষণ্য, ন. [বি+লক্ষণ+য] বিলক্ষণত্ব; ভাবান্তর, প্রভেদ, ভিন্নতা।

বৈল্ব, ন. [বিল্ব+অ] বিল্বফল, শ্রীফল, (ত্রি.) বিল্বসম্বন্ধীয়।

বৈশম্পায়ন, পুং. [বিশম্পায়ন + অ] মুনি-বিশেষ

বৈশস্ত্র, ন. [বিশস্ত্র+অ] অধিকার; শস্ত্রাভাব বিশিষ্টত্ব।

বৈশাখ, ন. [বিশাখা + অ] ধনুর্বিদ্দিগের সংস্থানবিশেষ; (পুং.) মন্থানদণ্ড; দ্বাদশ মাসান্তর্গত প্রথমমাস, তৎপর্য্যায়।—মাধব, রাধ।

বৈশাখী, স্ত্রী. [বিশাখ + অ-ঈ] বৈশাখ-মাসের পূর্ণিমা; রক্তপুনর্ণবাশাক।

বৈশিক, পুং. [বেশ্যা + ইক] ত্রিবিধনায়কের অন্তর্গত নায়ক বিশেষ, বেশ্যাউপভোগ রসিক।

বৈশিষ্ট্য, ন. [বিশিষ্ট + য] বিশিষ্টত্ব, সম্বন্ধ-পদার্থ, বিশিষ্ট বুদ্ধির নিয়ামক; উৎকর্ষ; প্রভেদ, ভিন্নতা।

বৈশেষিক, পুং. [বিশেষ+ইক]কণাদমুনিকৃত দর্শনশাস্ত্রবেত্তা, তৎপর্য্যায়।—ঔলুক্য; কণাদমুনিকৃত দর্শনশাস্ত্র বিশেষ, বিশেষ পদার্থ নিরূপক গ্রন্থ।

বৈশেষ্য, ন. [বিশেষ + য] বিশেষত্ব, উৎকর্ষতা।

বৈশ্য, পুং. [বিশ্ + য] ব্রহ্মার ঊরুদেশজাত তৃতীয়বর্ণ, তৎপর্য্যায়।—ঊরুব্য, ঊরুজ, অর্য্য, ভূমিস্পৃক্, বিট্, দ্বিজ, ভূমিজীবী, ব্যবহর্ত্তা, বার্ত্তিক, বণিক, পণিক; দ্বীপ বিশেষ তন্নামানি যথা।—ঊর্দ্ধায়ন, বসুন্ধর, অভিযুক্ত, দ্রবিণ, দানব্রত, একবর্ণা; বৈশ্যের শাস্ত্র নিরূপিতধর্ম্ম তিন প্রকার যথা।—অধ্যয়ন, যজন, দান; ইহার চতুর্থা জীবিকা যথা।—কৃষি, গোরক্ষণ, বাণিজ্য, কুশীদ; তস্য ত্রিবিধ আশ্রম যথা।—ব্রহ্মচর্য্য, গার্হস্থ্য, বানপ্রস্থ্য।

বৈশ্যক্রিয়া, স্ত্রী. [বৈশ্য + ক্রিয়া] বৈশ্যকর্ম্ম, কৃষিবাণিজ্যাদি।

বৈশ্যবৃত্তি, স্ত্রী. [বৈশ্য+বৃত্তি] বৈশ্যকর্ম্ম, কৃষিবাণিজ্যাদি।

বৈশ্যা, স্ত্রী. [বৈশ্য + আ] বৈশ্যজাতী স্ত্রী, তৎপর্য্যায়।—অ্যাণী, অর্য্যা।

বৈশ্রবণ, পুং. [বিশ্রবস্ + অ] কুবের, ধনাধিপ।

বৈশ্রবণালয়, পুং. [বৈশ্রবণ+আলয়] বটবৃক্ষ; কুবেরপুরী।

বৈশ্রবণাবাস, পুং. [বৈশ্রবণ+আবাস] বটবৃক্ষ, বটগাছ; কুবের গৃহ।

বৈশ্রবণোদয়, পুং. [বৈশ্রবণ+উদয়]বটবৃক্ষ, বটগাছ।

বৈশ্বদেব, পুং. [বৈশ্ব + দেব] বিশ্বদেব সম্বন্ধীয় হোমাদি।

বৈশ্বানর, পুং. [বিশ্বানর+অ] অগ্নি, অনল, চিত্রকবৃক্ষ, চিতাগাছ।

বৈশ্বানরী, স্ত্রী. [বিশ্বনর + ঈ] যজ্ঞবিশেষ; অগ্নিসম্বন্ধিনী।

বৈশ্বী, স্ত্রী. [বিশ্ব+অ-ঈ] উত্তরাষাঢ়ানক্ষত্র।

বৈষম্য, ন. [বিষম + য] বিষমত্ব, অসম্ভব; আতিশয্য; দায়, উৎপাত

বৈষয়িক, ত্রি. [বিষয়+ইক] বিষয় সম্বন্ধীয়; বিষয়কার্য্য।

বৈষ্টুত, ন. [বিস্তুত+অ] হোমভস্ম, হোমের ছাই।

বৈষ্ট্র, ন. [বিশ+ত্রনন্] পিষ্টপ; স্বর্গ; বায়ু; বিষ্ণু।

বৈষ্ণব, ন. [বিষ্ণু+অ] হোমভস্ম, হোমের ছাই; (ত্রি.) বিষ্ণুসম্বন্ধীয়; (পুং.) বিষ্ণুমন্ত্রউপাসক, বিষ্ণুভক্ত, তৎপর্য্যায়।—কাষ্ণহার।

বৈষ্ণবাচমন, ন. [বৈষ্ণব+আচমন] বিষ্ণুপূজার আদি কর্ত্তব্য কর্ত্তার সংস্কার জন্য ওঁকারাদি নমোন্ত চতুর্থ্যন্ত বিষ্ণু নামোচ্চারণ পূর্ব্বক ত্রিবার জলপান।

বৈষ্ণবাচার, পুং. [বৈষ্ণব + আচার] বিষ্ণুভক্তদিগের আচরণ।

বৈষ্ণবী. স্ত্রী. [বিষ্ণু+অ-ঈ] বিষ্ণুভক্তি; অপরাজিতা, শতাবরী; তুলসী; দুর্গা; গঙ্গা; বিষ্ণুর উপাসকা স্ত্রী।

বৈসন, (প্রা) উপবেসন; আসন পরিগ্রহণ।

বৈসর্জ্জনিক, ত্রি. [বিসর্জন + ইক] বিসর্জন সংক্রান্ত, বিদায়ী।

বৈসারিণ, পুং. [বি+সৃ-ইন-অ] মৎস্য, মীন, মাছ।
বৈস্থচন, ন. [বিস্থচন+অ] নাট্যে পুরুষের স্ত্রী বেশধারণ।
বৈহারিক, ত্রি. [বিহার+ইক] বিহারসংক্রান্ত লীলা।
বৈহার্য্য, ত্রি. [বিহার+য] পরিহাস দ্বারা লালনীয়, শ্যালসম্বন্ধ্যাদি; বিহার সম্বন্ধীয়।
বৈহাসিক, পুং. [বিহাস+ইক] বিহাসকারক, ভণ্ড, ভাঁড়, তৎপর্য্যায়।—বাসন্তিক, কেলিকিল, বিদূষক, প্রহাসী, প্রীতিদ।
বোঁচা, (প্রা) নির্লজ্জ, বেহায়া; অশিষ্ট।
বোঁচামি (প্রা) নির্লজ্জতা, দুষ্টতা, শঠতা, ইতর স্বভাব।
বোঁট (প্রা) বৃন্ত, ডাঁটা; চুচুক, স্তনের অগ্রভাগ।
বোঁটা, (প্রা) বৃন্ত, ডাঁটা; চুচুক, স্তনের অগ্র- [ভাগ।
বোকড়ী, স্ত্রী. [বোকড়+ঈ] বস্ত্রান্ত্রী।
বোকা, (প্রা) নির্বুদ্ধি, মূঢ়; ছাগবিশেষ।
বোকামি, (প্রা) মূর্খতা, মূঢ়তা, নির্বুদ্ধিত্ব, জ্ঞানহীনত।
বোকচা, (বাং) পোটলিকা, পোটলী।
বোজা, (প্রা) মোট, ভার, ভারি দ্রব্য, মুদ্রিত।
বোঝা, (প্রা) ভার, মোট; জ্ঞান, বোধ।
বোঝাই, (প্রা) ভারপূর্ণ বহনীয় দ্রব্য সামগ্রীতে পূর্ণ।
বোঝারী, (প্রা) ভারবাহক, ভারী, মুটিয়া।
বোটা, স্ত্রী. [বুট+অ+আ] দাসী, পরিচারিকা,তৎপর্য্যায়।—পোটা, চেটী, কুটহারিকা।
বোড়, পুং. [বোট্+অ] গুবাক, সুপারি।
বোড্র, পুং. [বোড়+র] গোনসসর্প, বোড়াসর্প; মৎস্যবিশেষ।
বোড়া, (প্রা) সর্পবিশেষ; মৎস্যবিশেষ।
বোড্রী স্ত্রী. [বোড্র+ঈ] পণচতুর্থাংশ, বুড়ি, পাঁচগণ্ডা।
বোঢ়ব্য, ত্রি. [বহ+তব্য] বহনীয়, বাহ্য, বহনযোগ্য।
বোঢ়া, পুং. [বহ+তৃ] ভারিক, বাহক; বহনকর্ত্তা; মূঢ়, মূর্খ; পরিণেতা; সূত, সারথি; অনড্বান্, বৃষ, ষাঁড়; ঋষভ।
বোঢু, পুং. [বহ+তু] মুনিবিশেষ।
বোণ্ট, পুং. [বোণ্ট+অ] বৃন্ত, বোঁটা, বোঁট।
বোতল, (ইং) কাচনির্ম্মিত পাত্রবিশেষ, কাচকুপী।
বোতাম্, (ইং) বস্ত্রাঞ্চলদ্বয় গ্রন্থনার্থ বা আবদ্ধকরণার্থ গুলিকা বিশেষ।
বোদ, ত্রি. [বোদ+অ] আর্দ্র, ভিজা; নদ্যাদির কৃষ্ণবর্ণ তরল মৃত্তিকা।
বোদা, (প্রা) বিরস, কসার, কসা।
বোদাল, পুং. [বদাল+অ] মৎস্যবিশেষ, বোয়ালি, তৎপর্য্যায়।—সহস্র দংষ্ট্রী, পাঠীন, বদালক।
বোদালী, (প্রা) মৎস্যবিশেষ, বোয়াল মাছ।
বোদ্ধব্য, ত্রি. [বুধ+তব্য] বিবেচনীয়; জ্ঞাতব্য।
বোদ্ধা, ত্রি. [বুধ+তৃ] বোধকর্ত্তা, বুঝদার।
বোধ, পুং. [বুধ+অ] জ্ঞান; বুদ্ধি; অনুমান।
বোধক, পুং. [বুধ+অক] সূচক; জ্ঞাপক।
বোধকর, পুং. [বোধ+কর] নিশান্তে বোধকারক, স্তুতিপাঠক, তৎপর্য্যায়।—বৈতালিক।
বোধগম্য, ত্রি. [বোধ+গম্য] জ্ঞানগম্য, বোধ্যব্য, বুদ্ধিগম্য।
বোধজ্ঞ, পুং.] বোধ+জ্ঞ-অ] অভিপ্রায়বেত্তা; শ্রীকৃষ্ণ
বোধন, ন. [বুধ+অন] গন্ধদীপন; বেদন, বিজ্ঞাপন, জানান; চেতন।
বোধনী, স্ত্রী. [বুধ+অন-ঈ] বোধ, জ্ঞান; পিপ্পলী; কার্ত্তিকীয় শুক্লাএকাদশী, উত্থান একাদশী।
বোধনীয়, ত্রি. [বুধ+অনীয়] বোধ্য, বোধিতব্য, বোধযোগ্য, জ্ঞাতব্য।
বোধবাসর, পুং. [বোধ+বাসর] ভগবানের প্রবোধ দিন, উত্থান একাদশী।

বোধরহিত, পুং. [বোধ+রহিত] অবোধ, মূর্খ, মূঢ়।

বোধাতীত, ত্রি. [বোধ+অতীত] জ্ঞানাতীত, বুদ্ধির অগম্য।

বোধান, পুং. [বুধ+আন] গীষ্পতি, বৃহস্পতি; বিজ্ঞ, পণ্ডিত, বুধবিশেষ।

বোধাল, (প্রা) বুদ্ধিমান, সুবুদ্ধিঃ চতুর।

বোধি, পুং. [বুধ+ই] সমাধিবিশেষ; পিয়ালবৃক্ষ; বোধ; (ত্রি.) জ্ঞাতা, জ্ঞানকর্ত্তা। [রিত।

বোধিত. ত্রি. [বুধ+ইত] জ্ঞাপিত; জাগ-

বোধিতরু, পুং. [বোধি+তরু] অশ্বত্থবৃক্ষ।

বোধিতব্য, ত্রি. [বুধ+ইতব্য] জ্ঞাপিতব্য, জানাইবার যোগ্য

বোধিদ্রুম, পুং. [বোধি+দ্রুম। অশ্বত্থবৃক্ষ। [বৃক্ষ।

বোধিবৃক্ষ, পুং. [বোধি+বৃক্ষ] অশ্বত্থ-

বোধিসত্ত্ব, ন. [বোধি+সত্ত্ব] বুদ্ধিবিশেষ।

বোনন, (প্রা) বীজবপন, বুনন, ছড়ান।

বোনা, (প্রা) কৃতবপন, উপ্ত, যেখানে শস্য বপন করা হইয়াছে

বোনাই, (প্রা) ভগিনীপতি।

বোনাটিয়া, (প্রা) জঙ্গলময়, বনময়, অধিক বনযুক্ত; বন্য।

বোনাল, (প্রা) বনময়, বৃক্ষাদিযুক্ত স্থান।

বোপদেব, পুং. [বোপ+দিব-অ] মুগ্ধবোধ ব্যাকরণ-প্রণেতা।

বোবা, (প্রা) মূক, বাক্যহীন, হাবা।

বোর, (প্রা) বালকের কটিভূষণ বিশেষ; (পুং) ধান্যবিশেষ, বোরধান

বোরক, পুং. [বোর+ক] লেখক, লিপিকর। [কুঁদফুল।

বোরট, পুং. [বোর+অট] কুন্দপুষ্প,

বোরপট্টী, স্ত্রী. [বোর+পট্ট-ঈ] মন্দুরা, তৃণ নির্ম্মিত আস্তরণবিশেষ, মাদুর।

বোরক, (প্রা) ধান্যবিশেষ, বোরধান।

বোরব, পুং. [বোর+অ] ধান্যবিশেষ, বোরোধান।

বোরলা, (প্রা) বোল্তা, বরটা।

বোরা, (প্রা) গুণ, থলিয়া, ছালা; ধান্যবিশেষ।

বোরাবন্দি, (প্রা) বস্তাবন্দি, শস্যাদিদ্বারা থলিয়া পূর্ণকরণ। [অশ্ব।

বোরুখান, পুং. [বোরু+খান] পাটলবর্ণ

বোরো, (প্রা) ধান্যবিশেষ, বোরোধান।

বোল, ন. [বা+উল] স্বনামখ্যাত বণিক্‌দ্রব্য, তৎপর্য্যায়।—রক্তাপহ, মুণ্ড, সুরস, পিণ্ডক, বিষ, নির্ল্লোহ, বর্ব্বর, পিণ্ড সৌরভ, রক্তগন্ধক, রসগন্ধ, মহাগন্ধ, বিশ্ব, শুভগন্ধক, বিশ্বগন্ধ, গন্ধরস, ব্রণারি, রক্তহর; (পুং.) রসগন্ধ।

বোলক, পুং. [বোল+ক] লেখক, লিপিকর।

বোলচাল, (প্রা) বাক্য ব্যবহার, কথোপকথনে চলিত।

বোলতা, (প্রা) দংশক কীটবিশেষ, বরলা।

বোলন, (প্রা) কথন, কহন।

বোলান, (প্রা) আহ্বান, ডাকান।

বোলী, (প্রা) বাক্য, কথা, ভাষা।

বোল্লহ, পুং. [বোল্ল+অহ] অশ্ববিশেষ।

বোল্লা, (প্রা) বোল্‌তা।

বোহিত্থ, ন. [বোহ+ইত্থ] নৌকা; অর্ণবযান, জাহাজ।

বৌ, (প্রা) বধূ, স্নুষা, পুত্রবধূ।

বৌগুণা, (প্রা) পিত্তলময় পাত্রবিশেষ।

বৌড়ী, (প্রা) বধূ, পুত্রের বনিতা, স্নুষা।

বৌদ্ধ, ন. [বুদ্ধ+অ] বুদ্ধকৃত নিরীশ্বর শাস্ত্র; (পুং.) বুদ্ধশাস্ত্রাবলম্বী, তৎপর্য্যায়।—ভিক্ষক, ক্ষপণক, অহ্রীক, বৈনাযিক; জিন ধর্ম্ম।

বৌদ্ধমতাবলম্বী, পুং. [বৌদ্ধ+মত+অবলম্ব-ইন্]. বুদ্ধশাস্ত্রাবলম্বী, নাস্তিক মতাবলম্বী। [রবাঃ।

বৌধ, পুং. [বুধ+অ] বুধের পুত্র, পুরু-

বৌভাত, (প্রা) নববিবাহিতার প্রথম পাক স্পর্শ।

বৌষট্ বা. [বহ+ওষট্] দেবোদ্দেশে হবির্দ্দানমন্ত্র, তৎপর্য্যায়।—স্বাহা, বৌষট, বষট্, স্বধা।

ব্যৌসন, (প্রা) পশ্চাত্তাপকরণ, অনুতাপকরণ, খেদকরণ।

ব্যংশক, পুং. [বি+অংশক] পর্ব্বত, নগ, শৈল, গিরি।

ব্যংসক, পুং. [বি+অংসক] ধূর্ত্ত, শঠ, বঞ্চক।

ব্যংসিত, ত্রি. [বি+অংসিত] প্রতারিত, প্রবঞ্চিত।

ব্যক্ত, ত্রি. [বি+অনজ-ত] প্রাজ্ঞ; স্ফুট, স্পষ্ট, প্রকাশ; বিষ্ণু

ব্যক্তগণিত, পুং. [ব্যক্ত+গণিত] অঙ্কবিদ্যা বিশেষ।

ব্যক্ততা, স্ত্রী. [ব্যক্ত+ত-আ] স্পষ্টতা, প্রকাশভাব।

ব্যক্তদৃষ্টার্থ, পুং. [ব্যক্ত+দৃষ্ট-অর্থ] সাক্ষী, প্রত্যক্ষজ্ঞাতা, তৎপর্য্যায়।—প্রত্যক্ষী।

ব্যক্তরাশি, স্ত্রী. [ব্যক্ত+রাশি] অঙ্কশাস্ত্র বিশেষ।

ব্যক্তরূপ, পুং. [ব্যক্ত+রূপ] বিষ্ণু; (ত্রি.) স্পষ্টরূপযুক্ত।

ব্যক্তরূপে, বা. স্পষ্টরূপে, প্রকাশরূপে।

ব্যক্তি, স্ত্রী· [বি+অনজ-তি] পৃথগাত্মিকা; জন; স্পষ্টতা।

ব্যক্তিতা, স্ত্রী. [ব্যক্তি+তা] পার্থক্যতা, একতা।

ব্যক্তীকরণ, ন. [ব্যক্তি+করণ] প্রকাশকরণ।

ব্যক্তীকৃতভূত, ত্রি. [ব্যক্তী+কৃত ভূত]

ব্যক্তোদিত, ত্রি. [ব্যক্ত+উদিত] স্পষ্টকথিত।

ব্যক্তিত্ব, ন. [ব্যক্তি+ত্ব] পৃথগ্‌ভাব, বিভিন্নতা; জনত্ব।

ব্যগ্র, ত্রি. [বি+অগ্র] ব্যাসক্ত; আকুল, ব্যস্ত, সচেষ্ট; বিষ্ণু।

ব্যগ্রতা, স্ত্রী. [বি+অগ্র-তা] আকুলতা, কাতর্য্য; ব্যস্ততা।

ব্যঙ্গ, পুং. [বি+অঙ্গ] ভেক, বেঙ্গ; হীনাঙ্গ, খঞ্জ; মুখরোগবিশেষ, বিদ্রূপ, পরিহাস।

ব্যঙ্গযুক্ত, ত্রি, [ব্যঙ্গ+যুক্ত] বিকৃত অঙ্গ বিশিষ্ট; হীনাঙ্গ; পরিহাসান্বিত।

ব্যঙ্গার, ত্রি. [বি+অঙ্গার] অগ্নিরহিত।

ব্যঙ্গুল, ন. [বি+অঙ্গুল] কলার ষষ্টিভাগৈক ভাগ।

ব্যঙ্গোক্তি, স্ত্রী. [ব্যঙ্গ+উক্তি] পরিহাস বাক্য, শ্লেষোক্তি।

ব্যঙ্গ্য, ত্রি. [বি+অনজ-য] গূঢ়তাৎপর্য্যকবাক্য, শ্লেষবাক্য।

ব্যজ, পুং. [বি+অজ-অ] ব্যজন, পাখা।

ব্যজন, ন. [বি+অজ-অন] তালবৃন্তক, পাখা।

ব্যঞ্জক, পুং. [বি+অঞ্জ-অক] অভিনয়; প্রকাশক, সূচক, বোধক; শ্লেষোক্তি।

ব্যঞ্জন, ন. [বি+অঞ্জ-অন] সূপশাকাদি, সিদ্ধশাকাদি, তৎপর্য্যায়।—তেমন, নিষ্ঠান; চিহ্ন; শ্মশ্রু; দাড়ি; অবয়ব; দিন; স্ত্রী এবং পুরুষের অশুদ্ধ দেশ, উপস্থ; অর্দ্ধমাত্রক, ককারাদি ক্ষকারান্তবর্ণ, হলবর্ণ। [বৃত্তিবিশেষ; শ্লেষ।

ব্যঞ্জনা, স্ত্রী. [বি+অনজ-অন-আ] শব্দের

ব্যঞ্জনাবৃত্তি, স্ত্রী. [ব্যঞ্জনা+বৃত্তি] অলঙ্কারের বৃত্তিবিশেষ।

ব্যঞ্জয়ৎ,-ব্যঞ্জিত, ত্রি. [বি+অঞ্জ+অৎ-ইত] প্রকাশিত, ব্যক্ত।

ব্যড়ম্বক, পুং. [বি+অড়ম্ব-ক] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।

ব্যতিকর, পুং. [বি+অতি+কৃ-অ] ব্যসন; ব্যতিসঙ্গ, পরস্পর সংশ্লেষ, মিলন, আলিঙ্গন।

ব্যতিক্রম, পুং. [বি+অতি-ক্রম] ক্রমবিপর্য্যয়, ব্যত্যয়, অন্যথা, উল্টা।

ব্যতিক্রমী, ত্রি. [বি+অতি+ক্রমিন্] অন্যথাচারী, ক্রম বিপর্য্যয়কারী; প্রতিকূল।

ব্যতিক্রান্ত, ত্রি. [বি+অতি+ক্রান্ত] বিপরীত, উল্টা।

ব্যতিব্যস্ত, ত্রি. [বি+অতি+ব্যস্ত] ব্যাকুল, ব্যস্ত সমস্ত, উৎকণ্ঠিত।

ব্যতিরিক্ত, ত্রি. [বি+অতি+রিচ-ত] ব্যতিরেকবিশিষ্ট, ভিন্ন, পার্থক্য।

ব্যতিরেক, পুং. [বি+অতি+রিচ-অ] বিনা, অভাব; অলঙ্কারবিশেষ।

ব্যতিরেকী, ত্রি. [বি+অতি+রেকিন্] বিভেদক, ভিন্নতাবিশিষ্ট।

ব্যতিরেকে, ব্য. বিনা, অভাবে।

ব্যতিসঙ্গ, পুং, [বি+অতি+সঙ্গ] পরস্পর মিলন, অন্যোন্যের মিলন।

ব্যতিহার, পুং. [বি+অতি+হৃ-অ] বিনিময়, পরিবর্ত্ত, বদল; পরস্পর ক্রিয়া করণ।

ব্যতীত, ত্রি. [বি+অতি+ই-ত] অতীত, গত; ছাড়া।

ব্যতীপাত, পুং. [বি+অতি+পত-অ] মহোৎপাত, উপদ্রব; অপমান; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত সপ্তদশ যোগ; পারিভাষিক যোগবিশেষ।

ব্যতীহার, পুং. [বি+অতি+হৃ-অ] পরীবর্ত্ত, বিনিময়, বদল; পরস্পর একজাতীয় ক্রিয়াকরণ।

ব্যত্যয়, পুং. [বি+অতি+ই-অ] ব্যতিক্রম, তৎপর্য্যায়।—ব্যত্যাস, বিপর্য্যাস, বিপর্য্যয়; অন্যথা।

ব্যত্যাস, পুং. [বি+অতি+অস] বিপর্য্যয়, ব্যতিক্রম, উল্টা; অন্যথা।

ব্যথক, পুং. [ব্যথ+অক] ব্যথাকারী, বেদনাদায়ক।

ব্যথনীয়, ত্রি. [ব্যথ+অনীয়] বেদনীয়, পীড়নীয়, ব্যথাদায়ক, বেদনাকর।

ব্যথা, স্ত্রী. [ব্যথ+অ-আ] দুঃখ, বেদনা, ক্লেশ, পীড়া।

ব্যথাকর, ত্রি. [ব্যথা+কর] বেদনাকর, পীড়াদায়ক। [বেদনার্দ্দিত।

ব্যথিত, ত্রি. [ব্যথ+ইত] পীড়িত, দুঃখিত,

ব্যথিতব্য, ত্রি. [ব্যথ+ইতব্য] ব্যথনীয়, বেদনীয়, পীড়নীয়।

ব্যধ, পুং. [ব্যধ+অ] বেধ, বেধন, বেঁধা।

ব্যধ্বা, পুং. [ব্যধ+ব] ধনুর্গুণ, জ্যা, গুণ, ধনুকের ছিলা।

ব্যধ্ব, পুং. [বি+অধ্বন] কুপথ, কুৎসিতপথ, অসন্মার্গ, তৎপর্য্যায়।—দুরধ্ব, বিপথ, কদধ্বা, কাপথ, কুপথ, অসৎপথ, কুৎসিত বর্ম্ম।

ব্যম্বুনাদ, পুং. [বি+অম্বু+নাদ] প্রতিধ্বনি।

ব্যপগত, ত্রি. [বি+অপ+গত] গত, চলিত।

ব্যপত্রপমাণ, ত্রি. [বি+অপত্রপ+মান] লজ্জিত, ত্রপান্বিত।

ব্যপদিষ্ট, ত্রি. [বি+অপদিশ-ত] কথিত, ছলিলত।

ব্যপদেশ, পুং. [বি+অপ+দিশ-অ] কপট, ছল; নাম; বাক্যবিশেষ, শব্দপ্রয়োগ।

ব্যপদেষ্টা, পুং. [বি+অপ+দিশ-তৃ] কপটী, ছলকারক; শব্দ প্রয়োগকারী

ব্যপরোপণ, ন. [বি+অপ+রোপণ] দূরীকরণ।

ব্যপাকৃতি, স্ত্রী. [বি+অপ+আ+কৃ-তি] অপহ্নব, অস্বীকার; গোপন।

ব্যপাশ্রয়, পুং. [বি+অপ+আশ্রয়] আশ্রয় গ্রহণকরণ; প্রতীক্ষা।

ব্যপেত, ত্রি. [বি+অপ+ই-ত] অপগত, বিগত, দূরীভূত।

ব্যপেক্ষ, ত্রি. [বি+অপ+ঈক্ষ] প্রতীক্ষক, আকাঙ্ক্ষী।

ব্যপেক্ষা, স্ত্রী, [বি+অপেক্ষা] প্রতীক্ষা; সম্বন্ধী; ব্যাকরণমতে দুইসূত্রের মিলন।

ব্যপোঢ়, ত্রি. [বি+অপ+ঊঢ়] বিপর্য্যয়, ব্যত্যয়।

ব্যবকলন, ন. [বি+অব+কল-অন] বিয়োগ, হীন; অঙ্কের অন্তকরণ, বাকিকাটা, জমাখরচ।

ব্যবকলিত, ত্রি. [বি+অব+কল-ইত] কৃত ব্যবকলন, বিয়োগিত, অন্তরকরা, বাকীকাটা।

ব্যবক্রোশন, ন. [বি+অব+ক্রুশ-অন] তিরস্কার, পরিভাষণ।

ব্যবচ্ছিন্ন, ত্রি. [বি+অব+ছিদ্-ত] ভিন্ন, পৃথক্‌করা; অন্তর।

ব্যবচ্ছেদ, পুং. [বি+অব+ছিদ্-অ] বাণমুক্তি; পৃথক্‌ত্ব, ভিন্নত্ব; অস্ত্র চিকিৎসা।

ব্যবধা, স্ত্রী. [বি+অব-ধা] ব্যবধান, আচ্ছাদন, আড়াল, তিরোধান, অপবারণ, পিধান, পর্দ্দা।

ব্যবধান, ন. [বি+অব-ধা-অন] আচ্ছাদন, আড়াল, তৎপর্য্যায়।—তিরোধান,

অন্তর্দ্ধি, অপবারণ, ছদন, ব্যবধা, অন্তর্দ্ধা, পিধান, ছদন, ব্যবধি, অপিধান।
ব্যবধায়ক, ত্রি. [বি+অব+ধা-অক] ব্যবধানকর্ত্তা, আচ্ছাদক।
ব্যবধি, পুং. [বি+অব+ধা-ই] ব্যবধান, আচ্ছাদন, আড়াল।
ব্যবসা, (প্রা) জীবিকা, বৃত্তি; বাণিজ্য; অনুষ্ঠান।
ব্যবসায়, পুং. [বি+অব+সায়] উপজীবিকা, পেশা; অনুষ্ঠান; নিশ্চয়; ব্যবসায়াত্মিকা; বিষ্ণু; ব্যবসা, বাণিজ্য, চেষ্টা।
ব্যবসায়ী, ত্রি. [বি+অবসায়িন্] ব্যবসায়বিশিষ্ট; বাণিজ্যকারক, ব্যাপারী; অনুষ্ঠাতা, অনুষ্ঠানকারক।
ব্যবসিত, ত্রি. [বি+অব+ষো-ত] প্রতারিত; অনুষ্ঠিত; নিশ্চিত; চেষ্টিত।
ব্যবস্থা, স্ত্রী. [বি+অব+স্থা-অ] শাস্ত্রনিরূপিত বিধি, বিধান, মত।
ব্যবস্থাতিক্রম, পুং. [ব্যবস্থা+অতিক্রম] নিয়ম কিম্বা ব্যবস্থা ভঙ্গ।
ব্যবস্থান, পুং. [বি+অব+স্থা-অন] বিষ্ণু; (ন.) ব্যবস্থিত, স্থান, রাখন।
ব্যবস্থানীয়, ত্রি. [বি+অব+স্থা-অনীয়] বিধেয়, বিধি প্রতিপাদ্য।
ব্যবস্থাপক, পুং. [বি+অব+স্থা-অক] বিধানকর্ত্তা, ব্যবস্থাকর্ত্তা।
ব্যবস্থাপন, ন. [বি+অব-স্থা-অন] বিধানকরণ, বিধিস্থাপন।
ব্যবস্থাপত্র, ন. [ব্যবস্থা+পত্র] বিধানলিপি, শাস্ত্রনিরূপিত বিধিলিপি।
ব্যবস্থাপয়িতব্য, ত্রি. [বি+অব+স্থা-ইতব্য] ব্যস্থাপনীয়, বিধি স্থাপনযোগ্য।
ব্যবস্থাপয়িতা, ত্রি. [বি+অব+স্থাপয়ি-তৃ] ব্যবস্থাকর্ত্তা, বিধানদায়ক।
ব্যবস্থিত, ত্রি. [বি+অব+স্থা-ত] বিধিপূর্ব্বক স্থিত, ব্যবস্থাপিত; বিধি নির্দ্দিষ্ট।
ব্যবস্থেয়, ত্রি. [বি+অব+স্থা-এয়] বিধানযোগ্য, বিধেয়।
ব্যবহরণীয়, ত্রি. [বি+অব+হৃ-অনীয়] ব্যবহর্ত্তব্য, ব্যবহার যোগ্য; গ্রাহ্য।
ব্যবহর্ত্তব্য, ত্রি. [বি+অব+হৃ+তব্য] বিবাদাস্পদীকৃত।
ব্যবহর্ত্তা, পুং. [বি+অব+হৃ-তৃ] ব্যবহারকর্ত্তা, প্রাড়্‌বিপাক, গ্রাহকারক; নিষ্পাদক; কায়স্থজাতির উপাধিবিশেষ।
ব্যবহার, পুং. [বি+অব+হৃ-অ] বিবাদ; বৃক্ষবিশেষ; ন্যায়; পণ; স্থিতি; আচরণ; কার্য্য; চলন; মোকদ্দমা।
ব্যবহারক, ত্রি. [বি+অব+হৃ-অক] ব্যবহারী, বিবাদী; ন্যায়ী।
ব্যবহারজ্ঞ, পুং. [ব্যবহার + জ্ঞ] প্রাপ্ত ব্যবহার, (ত্রি.) ব্যবহারবেত্তা, রীতিজ্ঞ।
ব্যবহারদর্শন, ন. [ব্যবহার+দর্শন] ন্যায় দর্শন, বিচারকরণ।
ব্যবহারপদ, ন. [ব্যবহার+পদ] বাদিকর্ত্তৃক রাজাকে নিবেদন।
ব্যবহারপাদ, পুং. [ব্যবহার+পাদ] ব্যবহারাংশ, মোকদ্দমার ভাগ।
ব্যবহারপ্রাপ্ত, পুং. [ব্যবহার+প্রাপ্ত] বয়ঃক্রম প্রাপ্ত।
ব্যবহারবিধি, পুং. [ব্যবহার+বিধি] ব্যবহারের বিধান; ধর্ম্মশাস্ত্র।
ব্যবহারবিষয়, পুং. [ব্যবহার+বিষয়] ব্যবহারপদ, বাদি কর্ত্তৃক রাজাকে নিবেদন, ইহা অষ্টাদশবিধযথা।—ঋণাদান, নিঃক্ষেপ, অস্বামিবিক্রয়, সম্ভূয়সমুত্থান, দত্তস্যানপকর্ম্ম, বেতনাদান, সম্বিদোব্যতিক্রম, ক্রয়বিক্রয়ানুশয়, স্বামিপালয়োর্বিবাদ, সীমাবিবাদ ধর্ম্ম, বাক্‌পারুষ্য, দণ্ডপারুষ্য, স্তেয়, সাহস, স্ত্রীসংগ্রহণ, স্ত্রীপুংধর্ম্ম, বিভাগ, দ্যূত।
ব্যবহারমাতৃকা, স্ত্রী. [ব্যবহার+মাতৃকা] ব্যবহারোপযোগি ক্রিয়া, ব্যবহারোপযোগি বিধি প্রদর্শক প্রকরণবিশেষ।
ব্যবহারমার্গ, পুং. [ব্যবহার+মার্গ] ব্যবহারবিষয়, ব্যবহার পদ।
ব্যবহারস্থান, ন. [ব্যবহার+স্থান] ব্যবহারবিষয়, ব্যবহার পাদ।

ব্যবহারাভিশস্ত, ত্রি. [ব্যবহার+অভিশস্ত] ব্যবহারাভিযুক্ত।

ব্যবহারাযোগ্য, ত্রি. [ব্যবহার+অযোগ্য] ব্যবহারে অনুপযুক্ত; (পুং.) অপ্রাপ্ত ব্যবহার।

ব্যবহারিক, ত্রি. [ব্যবহার+ইক] ব্যবহার-যোগ্য, ব্যবহারে চলিত।

ব্যবহারিকা, স্ত্রী. [ব্যবহার+ইক-আ] লোক-যাত্রা; সম্মার্জ্জনী, খাংরা; ইঙ্গুদবৃক্ষ।

ব্যবহারী, ত্রি. [ব্যবহার+ইন্] ব্যবহার-বিশিষ্ট।

ব্যবহার্য্য, ত্রি. [বি+অব+হৃ-য] ব্যবহরণীয়, ব্যবহর্ত্তব্য, ব্যবহার যোগ্য।

ব্যবহাস, পুং. [বি+অব+হাস] পরস্পর [হাস্য।

ব্যবহিত, ত্রি. [বি+অব+হি-ত] ব্যবধান-বিশিষ্ট; দূরস্থিত।

ব্যবহৃত, ত্রি. [বি+অব+হৃ-ত] আচরিত, ব্যবহারে গৃহীত।

ব্যবায়, ন. [বি+অব+অয়-অ] তেজঃ; (পুং.) মৈথুন, স্ত্রী সংসর্গ; অন্তর্ধান; শুদ্ধি।

ব্যবায়ী, পুং.স্ত্রী. [বি+অব+অয়-ইন্] কামুক, লম্পট, সদা স্ত্রী সঙ্গেরত।

ব্যভিচার, পুং. [বি+অভি-চার] কদাচার, ভ্রষ্টাচার; দোষবিশেষ, দুষ্ক্রিয়া, তত্রিবিধ যথা।—সাধারণ, অসাধারণ, অনুপসংহারী; অন্যথাচরণ।

ব্যভিচারি, ন. [বি+অভি-চারিন্] চতুস্ত্রিংশৎপ্রকার শৃঙ্গারভাববিশেষ, তদ্যথা।—নির্ব্বেদ, গ্লানি, শঙ্কা, অসূয়া, মদ, শ্রম, আলস্য, দৈন্য, চিন্তা, মোহ, স্মৃতি, ধৃতি, ব্রীড়া, চপলতা, হর্ষ, আবেগ, জড়তা, গর্ব্ব, বিষাদ, ঔৎসুক্য, নিদ্রা, অপস্মর, সুপ্ত, বিরোধ, অমর্ষ, অবহিত্থ, উগ্রতা, মতি, উপলম্ভ, ব্যাধি, উন্মদ, মরণ, ত্রাস, বিতর্ক; অন্যথাচারী।

ব্যভিচারিণী, স্ত্রী. [বি+অভি+চারিন্-ঈ] পরপুরুষগামিনী, ভ্রষ্টা, পুংশ্চলী, অসতী, নষ্টাস্ত্রী।

ব্যভিচারী, ত্রি. [বি+অভি-চারিন্] ব্যভিচার-বিশিষ্ট, লম্পট।

ব্যয়, ন. [বি+অয়-অ] লগ্নহইতে দ্বাদশ স্থান; (পুং.) অর্থের অপগম, বিত্তসমুৎসর্গ, খরচ, ধনক্ষয়; যাপন, ক্ষেপণ।

ব্যয়কাতর, (প্রা) অদাতা, ব্যয়কুণ্ঠ, কৃপণ।

ব্যয়কুণ্ঠ, (প্রা) কৃপণ, অদাতা, সুম।

ব্যয়সাধ্য, (প্রা) অধিক ব্যয়ান্বিত, অধিক খরচ সাপেক্ষ, প্রচুর ব্যয়ে নিষ্পাদ্য।

ব্যয়ার্হ, ত্রি. [ব্যয়+অর্হ] ব্যয়যোগ্য, খরচোপযুক্ত।

ব্যয়িত, ত্রি. [ব্যয়+ইত] কৃতব্যয়, ব্যয়করা, খরচ।

ব্যয়ী, ত্রি. [ব্যয়+ইন্] ব্যয়যুক্ত, ব্যয়শীল, ব্যয়বিশিষ্ট। [হওয়া।

ব্যয়ীকৃত, ত্রি. [ব্যয়+কৃত] খরচকরা, ব্যয়

ব্যর্থ, ত্রি. [বি+অর্থ] নিরর্থক, বৃথা, তৎপর্য্যায়।—মোঘ, বিফল।

ব্যর্থতা, স্ত্রী. [ব্যর্থ+তা] নিরর্থকতা, নিষ্ফলতা, বৈয়র্থ।

ব্যর্থীকৃত, ত্রি. [ব্যর্থ+কৃত] নিষ্ফল, নিরর্থক, বিফল।

ব্যলীক, ন. [বি+অলীক] পীড়ার্থ; গতি বিপর্য্যয়; কামজন্য অপরাধ; অপ্রিয়; অকার্য্য; বৈলক্ষ্য; অপরাধ; প্রতারণা; (ত্রি.) প্রতারণাবিশিষ্ট; (পুং.) নাগর, তৎপর্য্যায়।—ষিড়্গ, ষট্প্রজ্ঞ, কামকেলি, বিদূষক, পীঠকেলি, পীঠমর্দ্দ, ভঙ্গিল, ছিদূর, বিট।

ব্যলীকতা, স্ত্রী. [ব্যলীক+তা] শঠতা, দুষ্টতা; মূর্খতা; লম্পটতা।

ব্যসন, ন. [বি+অস-অন] বিপৎ; ভ্রংশ; কামজ ও কোপজদোষ; অশুভ,অনিষ্ট, মন্দ; পাপ; বায়ু। অষ্টাদশ ব্যসন যথা।—মৃগয়া, দ্যূতক্রীড়া, দিবানিদ্রা, অসূয়া, বেশ্যাগমন, নৃত্য, গীত, ক্রীড়া, মিথ্যাপর্য্যটন, মদিরাপান, শঠতা, দণ্ড-পারুষ্য, অপকার, হিংসা, অনিষ্টেচ্ছা, প্রবঞ্চনা, বাক্পারুষ্য, আক্রমণ।

ব্যসনার্ত্ত, ত্রি. [বি+অসন-আর্ত্ত] দৈবী-মানুষী পীড়ার্ত্ত, বিপন্ন, বিপদ্গ্রস্ত, তৎপর্য্যায়।—উপরক্ত।

ব্যসনী, ত্রি. [বি+অসন-ইন্] ব্যসনবিশিষ্ট, তৎপর্য্যায়।—পঞ্চভদ্র, বিপ্লুত; বিপন্ন, বিপদ্যুক্ত।

ব্যস্ত, ত্রি. [বি+অস-ত] ব্যাকুল; ব্যাপ্ত; প্রত্যেক, পৃথক২; বিপরীত, ব্যত্যয়।

ব্যস্ততা, স্ত্রী. [ব্যস্ত+ত-আ] ব্যাকুলতা; সত্বরতা, শীঘ্রতা।

ব্যস্তত্রৈরাশিক, ন. [ব্যস্ত+ত্রৈরাশিক] অঙ্কবিদ্যাবিশেষ, বিলোমত্রৈরাশিক।

ব্যস্তপদ, ন. [ব্যস্ত+পদ] ঋণাদানাভিযোগ বিষয়ে পদান্তরকর্ত্তৃক উত্তর, কর্জটাকার নালিশের প্রতিবাদির উত্তর, ব্যাকরণমতে অযৌগিক শব্দ।

ব্যস্তার, ন. [ব্যস্ত+ঋ-অ] হস্তিমদপ্রয়োগ।

ব্যস্তবিধি] স্ত্রী. [ব্যস্ত+বিধি] বিলোমক্রিয়া।

ব্যহ্ন, ত্রি. [বি+অহ্ন] দুই দিবস মধ্যে যে ক্রিয়া নিষ্পত্তি হয়।

ব্যাঁকা, (প্রা) বক্র, অসরল, বাঁকা।

ব্যাকরণ, ন. [বি+আ+কৃ-অন] বেদাঙ্গবিশেষ, বর্ণপদাদি বোধক বিদ্যা।

ব্যাকার পুং. [বি+আকার] বক্রতা; বৈকুল্য; ব্যাখ্যা।

ব্যাকুল, ত্রি. [বি+আকুল] শোকাদিদ্বারা ইতি কর্ত্তব্যতা শূন্য,উৎকণ্ঠিত,আকুল, কাতর, তৎপর্য্যায়।—বিহস্ত।

ব্যাকুলাত্মা, ত্রি. [বি+আকুল-আত্মন্] শোকাভিহত চিত্ত, উদ্বিগ্নমনাঃ, উৎকণ্ঠিত অন্তঃকরণ।

ব্যাকুতি, স্ত্রী. [বি+আকুতি] ভঙ্গি, অঙ্গবৈকল্য। [প্রকাশিত।

ব্যাকোশ, ত্রি. [বি+আ-কোশ] বিকশিত,

ব্যাকোষ, ত্রি. [বি+আ-কোষ] প্রফুল্ল, বিকচ, প্রকাশিত।

ব্যাকৃতি, স্ত্রী. [বি+আকৃতি] বিমূর্ত্তি; বিকৃতি, কদাকার, কুরূপ।

ব্যাখ্যা, স্ত্রী. [বি+আ-খ্যা] বিবরণ, অর্থকরণ, বিবৃতি।

ব্যাখ্যাগম্য, ন. [ব্যাখ্যা+গম্য] উত্তরাভাসবিশেষ, অর্থবিবরণ বিনা যাহার বোধগম্য হয় না।

ব্যাখ্যাত, ত্রি. [বি+আখ্যা-ত] বিবৃত, কথিত, উক্ত, ব্যাখ্যাকরা; বিবরণকরা, বর্ণিত।

ব্যাখ্যান, ন. [বি+আ+খ্যা-অন] অর্থবিবরণ, অর্থপ্রকাশন।

ব্যাখ্যেয়, ত্রি. [বি+আ+খ্যা-এয়] বিবরণীয়, বর্ণনীয়, ব্যাখ্যা করিবার যোগ্য।

ব্যাঘাত, পুং. [বি+আ+হন-ত] বিষ্কম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত ত্রয়োদশ যোগ; অন্তরায়, বিঘ্ন, প্রতিবন্ধক; প্রহার; অলঙ্কারবিশেষ।

ব্যাঘাতী, ত্রি. [ব্যাঘাত+ইন্] প্রতিবন্ধকতাকারী, বিঘ্নকারক, রোধকারক।

ব্যাঘ্র, পুং. [বি+আ+ঘ্র-অ] জন্তুবিশেষ, বাঘ, তৎপর্য্যায়।—শার্দ্দূল, দ্বীপী, বিচিত্রাঙ্গ, মৃগারি, মৃগাদ, পৃদাঙ্গ, বনশ্ব, চিত্রক, পুণ্ডরীক, হিংস্রপশু, ব্যাড়, হিংস্রক, হিংসারু, শ্বাপদ, পঞ্চনখ, ব্যাল গুহাশয়, তীক্ষ্ণদংষ্ট্র, ভীরু, নখায়ুধ; নরাদিপদের উত্তরস্থিত শ্রেষ্ঠার্থ বাচকশব্দ; রক্তএরণ্ড; করঞ্জবৃক্ষ।

ব্যাঘ্রদল, পুং. [ব্যাঘ্র+দল] রক্ত এরণ্ডবৃক্ষ, লাল ভেরাণ্ডাগাছ বিশেষ।

ব্যাঘ্রনখ, ন. [ব্যাঘ্র+নখ] নখীনামে গন্ধদ্রব্য, তৎপর্য্যায়।—ব্যাড়ায়ুধ, করজ, চক্রকারক, নখাঙ্ক, নখী, নখ্য, ব্যাঘ্রনখী; কন্দবিশেষ; নখক্ষতবিশেষ; (পুং.) স্নুহীবৃক্ষ, সিজগাছ; ব্যালনখ; ব্যাঘ্রের নখ।

ব্যাঘ্রনখক, ন. [ব্যাঘ্র+নখ-ক] নখক্ষত, নখাঘাত।

ব্যাঘ্রনায়ক, পুং. [ব্যাঘ্র+নায়ক] শৃগাল, জম্বুক, শিয়াল।

ব্যাঘ্রপাৎ, পুং. [ব্যাঘ্র+পাৎ] বিকঙ্কতবৃক্ষ; মুনিবিশেষ; (ত্রি.) ব্যাঘ্রতুল্য চরণ।

ব্যাঘ্রপাদ, পুং. [ব্যাঘ্র+পাদ] বিকঙ্কতবৃক্ষ, বঁইচগাছ; বিকণ্টকবৃক্ষ।

ব্যাঘ্রপুচ্ছ, পুং. [ব্যাঘ্র+পুচ্ছ] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডাগাছ; ব্যাঘ্রের লাঙ্গুল

ব্যাঘ্রাট, পুং. [ব্যাঘ্র+অট] ভরদ্বাজপক্ষী, ভারুইপাখী।

ব্যাঘ্রাদনী, স্ত্রী. [ব্যাঘ্র+অদন-ঈ] ত্রিবৃতা, তেউড়ীলতা।

ব্যাঘ্রাস্য, পুং. [ব্যাঘ্র+আস্য] বিড়াল, মার্জ্জার; (ন.) ব্যাঘ্রমুখ।

ব্যাঘ্রী, স্ত্রী. [ব্যাঘ্র+ঈ] কণ্টকারী বৃক্ষ; ব্যাঘ্রপত্নী।

ব্যাজ, পুং. [বি+অজ্-অ] কপট, অযথার্থ ব্যবহার, ছল; বঞ্চনমাত্রফল, বঞ্চনা; অপদেশ; বাট্টা, কুষীদ, সুদ, বৃদ্ধি; কালবিলম্ব, গৌণ।

ব্যাজনিন্দা, স্ত্রী. [ব্যাজ+নিন্দা] কপট কুৎসা, ছল দ্বারা নিন্দন; অলঙ্কারবিশেষ।

ব্যাজস্তুতি, স্ত্রী. [ব্যাজ+স্তুতি] কপটপ্রশংসা, মিথ্যা সুখ্যাতি; অলঙ্কারবিশেষ, যে স্থলে নিন্দায় প্রশংসা প্রতীত হয়।

ব্যাজে, (প্রা) কালবিলম্বে, গৌণে।

ব্যাজোক্তি, স্ত্রী. [ব্যাজ+উক্তি] ছলবাক্য, কপটউক্তি; অলঙ্কারবিশেষ।

ব্যাড়, পুং. [বি+আড়] সর্প; মাংসভক্ষক পশু; ইন্দ্র; বঞ্চক।

ব্যাড়ায়ুধ, ন. [ব্যাড়+আয়ুধ] ব্যাঘ্রনখনামে গন্ধদ্রব্য বিশেষ।

ব্যাড়ি, পুং. [বি+আড়-ই] কোষকার মুনিবিশেষ, তৎপর্য্যায়।—বিন্ধ্যবাসী, নন্দিনীতনয়, বিন্ধ্যস্থ নন্দিনীসুত।

ব্যাত্ত, ত্রি. [বি+আত্ত] বিস্তৃত।

ব্যাত্যুক্ষী, স্ত্রী. [বি+আ+অতি+উক্ষ-ঈ] রসিকদিগের পরস্পর জলক্রীড়ন।

ব্যাদান, ন. [বি+আ+দা+অন] উদ্ঘাটন।

ব্যাদিশ, পুং. [বি+আ+দিশ] বিষ্ণু, নারায়ণ।

ব্যাধ, পুং. [ব্যধ+অ] মৃগহিংসকজাতি, শিকারী, তৎপর্য্যায়।—মৃগবধাজীব, মৃগয়ু, লুব্ধক, মৃগাবিৎ, দ্রোহাটক, মৃগজীবন, বলপাংশুন; দুষ্ট, খল।

ব্যাধভীত, পুং. [ব্যাধ+ভীত] মৃগ, হরিণ; ব্যাধ হইতে ভয়প্রাপ্ত।

ব্যাধাম, পুং. [বি+আ-ধা-ম] বজ্র, অশনি, বাজ।

ব্যাধি, পুং. [বি+আ-ধা-ই] কুষ্ঠরোগ; রোগ, পীড়া; কামব্যথা সন্তাপ জন্য কৃশতা।

ব্যাধিঘাত, পুং. [ব্যাধি+ঘাত] আরগ্বধবৃক্ষ, সোদালিয়াগাছ।

ব্যাধিগ্রস্ত, পুং. [ব্যাধি+গ্রস্ত] কুষ্ঠরোগাক্রান্ত, কুষ্ঠী।

ব্যাধিত, ত্রি. [ব্যাধি+ইত] ব্যাধিযুক্ত, তৎপর্য্যায়।—অময়াবী, বিকৃত, অপটু, আতুর, অভ্যমিত, অভ্যান্ত, রোগী।

ব্যাধিহন্তা, পুং. [ব্যাধি+হন্তৃ] বারাহীকন্দ, শূকরকন্দ বৃক্ষ; (ত্রি.) ব্যাধিঘাতক, ব্যাধিঘ্ন, রোগনাশক, বৈদ্য।

ব্যাধুত, ত্রি. [বি+আ-ধু-ত] কম্পিত; বায়ুবেগে চলিত।

ব্যাধুত. ত্রি. [বি+আ-ধু-ত] কম্পিত; বায়ুবেগে চলিত।

ব্যান, পুং. [বি+আ-অন] শরীরস্থ পঞ্চবায়ুর অন্তর্গত সর্ব্ব শরীরগত বায়ু।

ব্যাপক, ত্রি. [বি+আপ-অক] বিশেষদ্বারা প্রাপ্ত, ব্যাপনকারী; আচ্ছাদক, প্রগল্ভ, আড়ম্বরকারী।

ব্যাপকতা, স্ত্রী. [ব্যাপক+তা-অ] প্রাগল্ভ্য; প্রাবল্য।

ব্যাপকত্ব, ন. [ব্যাপক+ত্ব] ব্যাপকতা, প্রবলতা।

ব্যাপকন্যাস, পুং. [ব্যাপক+ন্যাস] মস্তক হইতে চরণ পর্য্যন্ত ও চরণ হইতে মস্তক পর্য্যন্ত মূলমন্ত্রের বিন্যাস।

ব্যাপদ্, স্ত্রী. [বি+আ-পদ] মৃত্যু, মরণ; আপৎ, বিপৎ।

ব্যাপন, ন. [বি+আপ-অন] আচ্ছাদন; ব্যাপ্তি, বিস্তৃত হওন, বিসর্পণ, ছড়ান।

ব্যাপন্ন, ত্রি. [বি+আ-পদ-ত] মৃত, নষ্ট, গতাসু।

ব্যাপাদ, পুং. [বি+আ-পাদ-অ] দ্রোহচিন্তন, অনিষ্ট চিন্তন, হিংসাকরণ

ব্যাপাদন, ন. [বি+আ-পদ-অন] মারণ; পরের অনিষ্ট চিন্তা, হিংসা করণ

ব্যাপাদয়িতব্য, ত্রি. [বি+আ+পদ+তব্য] ব্যাপাদনীয়, ব্যাপাদ্য।

ব্যাপাদিত, ত্রি. [বি+আ-পদ-ইত] দ্রোহ-চিন্তিত; মারিত, নাশিত, হত

ব্যাপার, পুং. [বি+আ-পৃ-অ] কর্ম্ম; ব্যবসায়; লাভজনক কর্ম্ম; আড়ম্বর।

ব্যাপারী, ত্রি. [ব্যাপার+ইন্] ব্যাপারবিশিষ্ট, ব্যবসায়ী।

ব্যাপারোপযুক্ত, ত্রি. [ব্যাপার+উপযুক্ত] কর্ম্মোপযুক্ত, ব্যবসায় যোগ্য

ব্যাপিকা, স্ত্রী. [বি+আপ-ইক-আ] ব্যাপিনী, প্রগল্‌ভাস্ত্রী, প্রবলা অবলা।

ব্যাপী, ত্রি. [বি+আপ-ইন্] বিষ্ণু. ব্যাপক; আচ্ছাদক।

ব্যাপৃত, পুং. [বি+আ-পৃ-ত] কর্ম্মসচিব, কর্ম্মদক্ষ; ব্যাপারযুক্ত।

ব্যাপ্ত, ত্রি. [বি+আপ-ত] সম্পূর্ণ, তৎপর্য্যায়।—পূর্ণ, আচিত, ছন্ন, পূরিত, ভরিত, নিচিত; খ্যাত; সমাক্রান্ত, আকীর্ণ; স্থাপিত।

ব্যাপ্তি, স্ত্রী. [বি+আপ-তি] ব্যাপন, আচ্ছাদন, রস্ত, লস্ত; শিবের অষ্ট ঐশ্বর্য্যান্তর্গত ঐশ্বর্য্য বিশেষ, যথা।—অনিমা, লঘিমা, ব্যাপ্তি, প্রাকাম্য, মহিমা, ইশিত্ব, বশিত্ব, কামাবশায়িত্ব।

ব্যাপ্তিজ্ঞান, ন. [ব্যাপ্তি+জ্ঞান] অন্তর্বর্ত্তী কারণদর্শনে বস্তুসকলের স্থায়িত্বজ্ঞান।

ব্যাপ্য, ন. [বি+আপ-য] সাধন; কুষ্ঠৌষধ, কুড়; (ত্রি.) ব্যাপ্তি বিশিষ্ট, ব্যাপনীয়।

ব্যাবকলন, ন. [বি+আ+অব+কলন] অঙ্কবিশেষ, শোধন, শুদ্ধি, জমা খরচ।

ব্যাবক্রোশী, স্ত্রী. [বি+আব-ক্রোশিন্] পরস্পর আক্রোশন, পরস্পর ক্রোধকরণ।

ব্যাবভাষী, স্ত্রী. [বি+অব-ভাষ-ঈ] ব্যাবক্রোশী, পরস্পর আক্রোশন

ব্যাবর্ত্ত, পুং. [বি+আ-বৃত্-অ] নাভিকণ্টক; বেষ্টন; ঘুরণ; নিয়োগ।

ব্যাবর্ত্তন, ন. [বি+আ-বৃত্-অন] নিয়োগ, বিমুক্ত, পৃথক্‌করণ; নিবর্ত্তন।

ব্যাবহারিক, ত্রি. [ব্যবহার+ইক] ব্যবহারোপযুক্ত; ক্রিয়া বিচারোপযোগ্য; (পুং.) পরামর্শক।

ব্যাবহারী, স্ত্রী. [ব্যাব+হার-ঈ] পরস্পর হরণ; ব্যাবহার বিশিষ্ট; অনুষ্ঠানকারী

ব্যাবহাসী, স্ত্রী. [ব্যাব+হাস-ঈ] পরস্পর হসন, পরস্পর হাস্যকরণ।

ব্যাবৃত, ত্রি [বি+আ-বৃত] বিশেষে বেষ্টিত, আবৃত, ঘেরিত।

ব্যাবৃত্ত, ত্রি. [বি+আ-বৃত্-ত] বৃত, বেষ্টিত, আবৃত; নিবৃত্ত, নিরাকৃত, পরাঙ্মুখ।

ব্যাবৃত্তি, স্ত্রী. [বি+আ-বৃত্-তি] খণ্ডন, নিরাকৃতি, নিরাকারণ; অবৃত্তি।

ব্যাম, পুং. [বি+আম-আ-অ] প্রসারিত বাহুদ্বয়, বেঁয়ু।

ব্যামন, ন. [বি+অম+আ+অন] ব্যাম, প্রসারিত বাহুদ্বয়।

ব্যামিশ্র, ন. [বি+আ-মিশ্র] সংমিলিত, ভিন্ন বিষয়ের একভাব করণ।

ব্যামুগ্ধ, ন. [বি+আ-মুগ্ধ] দুঃখিত, পীড়িত, ক্লিষ্ট।

ব্যামৃষ্ট, ত্রি. [বি+আ+মৃষ+ত] পরিমিষ্ট, অপমৃষ্ট, প্রক্ষালিত।

ব্যামোহ, পুং. [বি+আ-মুহ,অ] পীড়া, ব্যাধি, রোগ; ভ্রম।

ব্যামোহক, ত্রি. [বি+আ-মুহ-অক] পীড়াজনক রোগকর। [পীড়াজনক।

ব্যামোহকর, ত্রি. [ব্যামোহ-কর] রোগকর,

ব্যায়ত, ত্রি. [বি+আয়ত] ব্যাপৃত; দৈর্ঘ্য; দৃঢ়; অতিশয়, বিস্তৃত।

ব্যায়াম, পুং. [বি+আ+যম্-ত] পৌরুষ, পুরুষত্ব; শ্রম; বিষম; দুর্গসঞ্চার; ব্যাম, প্রসারিত হস্তদ্বয়; মল্লক্রীড়া, কুস্তি।

ব্যায়ামশীল, ত্রি. [ব্যায়াম+শীল] বলিষ্ঠ, দৃঢ়াঙ্গ।

ব্যায়োগ, পুং. [বি+আ-যোগ] দশবিধরূপকান্তর্গত রূপক বিশেষ।

ব্যাল, পুং. [বি+আ-অল-অ] সর্প; শ্বাপদ; দুষ্টগজ; চিত্রক; ব্যাঘ্র; রাজা; (ত্রি.) শঠ, ধূর্ত্ত; ব্যাধ, পশুঘাতক।

ব্যালক, পুং. [বি+আ-অল-অক] দুষ্টগজ; তৎপর্য্যায়।—গম্ভীর বেদী, অঙ্কুশদুর্দ্ধর, চালক।

ব্যালখড়্গ, পুং. [ব্যাল+খড়্গ] ব্যালনখ।

ব্যালগন্ধা, স্ত্রী. [ব্যাল+গন্ধ-আ] নাকুলী নামে গন্ধ বিশেষ, নাই।

ব্যালগ্রাহ, পুং. [ব্যাল+গ্রহ–অ] ব্যালগ্রাহী, সর্পগ্রাহী, সাপুড়িয়া।

ব্যালগ্রাহী, পুং. [ব্যাল+গ্রাহিন্] ভিক্ষার্থ সর্পধারী, সর্পখেলক, সাপুড়িয়া, তৎপর্য্যায়।—আহিতুণ্ডিক, জাঙ্গুলি, জাঙ্গলি, ব্যালগ্রাহ, গারুড়িক, বিষবৈদ্য।

ব্যালজিহ্বা, স্ত্রী. [ব্যাল+জিহ্বা] মহাসমঙ্গ, বড়খদির।

ব্যালদংষ্ট্র, পুং. [ব্যাল+দংষ্ট্র] গোক্ষুর, গোখুরীলতা।

ব্যালনখ, পুং. [ব্যাল+নখ] গন্ধদ্রব্য বিশেষ, বিঘ্নহা, তৎপর্য্যায়।—কূটস্থ, চক্রনায়ক, চক্রী, চক্রনখ, ব্যাঘ্রফল, ব্যাঘ্রনখ, দ্বীপিনখ, খপুর, ব্যালপাণিজ, ব্যালায়ুধ, ব্যালবল, ব্যালখড়্গ।

ব্যালপত্রা, স্ত্রী. [ব্যাল+পত্র-আ] এর্ব্বারু, কাঁকুড়।

ব্যালবল, পুং. [ব্যাল+বল] গন্ধদ্রব্য বিশেষ, ব্যালনখ।

ব্যালমৃগ, পুং. [ব্যাল+মৃগ] চিত্রব্যাঘ্র, চিতাবাঘ।

ব্যালম্ব, পুং. [বিল+আ-লম্ব] রক্তেরণ্ডবৃক্ষ, রাঙ্গাভেরাণ্ডা গাছ।

ব্যালা, (হি) বাদ্যযন্ত্র বিশেষ, বেহালা।

ব্যালায়ুধ, ন. [ব্যাল+আয়ুধ] নখীনাম গন্ধদ্রব্য, (পুং.) ব্যালনখ, ব্যাঘ্রনখ।

ব্যাস, পুং. [বি+অস্–অ] বিস্তার; মানবিশেষ; পাঠক ব্রাহ্মণ; গোলের মধ্যরেখা; মুনিবিশেষ, পরাশর পুত্র।

ব্যাসকুট, পুং. [ব্যাস+কুট] মহাভারতাদির দুরূহ শ্লোক সমূহ।

ব্যাসক্ত, ত্রি. [বি+আসক্ত] বিশেষে আসক্ত, সংলগ্ন।

ব্যাসঙ্গ, পুং. [বি+আ-সঙ্গ] বিশেষে সংযোগ।

ব্যাসপিঁড়ী, (গ্রা) পুরাণ কথকের বেদী।

ব্যাসপীঠ, পুং. [ব্যাস+পীঠ] ব্যাসপীড়ী, পুরাণাদি পাঠের আসন।

ব্যাসমাতা, স্ত্রী. [ব্যাস+মাতৃ] বেদব্যাস জননী, তৎপর্য্যায়।—সত্যবতী, বাসবী, গন্ধকালিকা, যোজনগন্ধা, দাসেয়ী, শালঙ্কায়নজীবসূ, শালঙ্কায়নজা, কালী, ঝষোদরী, বিচিত্রবীর্য্যসূ, চিত্রাঙ্গদসূ, যোজনগন্ধিকা, গন্ধকালী, সত্যা, দাসনন্দিনী।

ব্যাসাসন, ন. [ব্যাস+আসন] পুরাণাদি পাঠের আসন, ব্যাসপিঁড়ী।

ব্যাসিদ্ধ, ত্রি. [বি+আ-সিদ্ধ] নিষিদ্ধ, নিবারিত, মানাকরা।

ব্যাহত, ত্রি. [বি+আ-হন্–ত] বিশেষে আহত; ব্যর্থ খণ্ডিত।

ব্যাহতি, স্ত্রী. [বি+আ-হন-তি] ব্যাঘাত, বিঘ্ন, পরাজয়।

ব্যাহার, পুং. [বি+আ-হৃ-অ] বাক্য, কথা, উক্তি।

ব্যাহৃতি, স্ত্রী. [বি+আ-হৃ-তি] ব্যাহার, বাক্য; মন্ত্রবিশেষ, ভূরাদিত্রয়

ব্যুৎক্রম, পুং. [বি+উৎ-ক্রম] ক্রমবিপর্য্যয়, ব্যতিক্রম, তৎপর্য্যায়।—উৎক্রম, আক্রম।

ব্যুত্থান, ন. [বি+উৎ-স্থান] স্বাতন্ত্র্যকৃত্য, বিরোধাচরণ; প্রতিরোধন; সমাধিপারণ; নৃত্যবিশেষ; বিশেষে উত্থান।

ব্যুৎপত্তি, স্ত্রী. [বি+উৎপত্তি] বিশেষে উৎপত্তি; সংস্কার, দৃঢ়তরবোধ, জ্ঞান; শক্তিজ্ঞান।

ব্যুৎপন্ন, ত্রি. [বি+উৎপন্ন] সংস্কৃত; ব্যুৎপত্তিযুক্ত।

ব্যুৎপাদক, ত্রি. [বি+উৎপাদক] ব্যুৎপত্তিজনক, সংস্কার জনক।

ব্যুৎপাদকতা, স্ত্রী. [বি+উৎপাদকতা] ব্যুৎপাদকত্ব, ব্যুৎপত্তিজনকত্ব।

ব্যুৎপাদকশাস্ত্র, ন. [ব্যুৎপাদক+শাস্ত্র] ব্যাকরণ ও সাহিত্যাদি শাস্ত্র।

ব্যুৎপাদ্য, ত্রি. [বি+উৎপদ-য] ব্যুৎপত্তি জন্য সংস্কার্য্য।

ব্যুত, ত্রি. [বি+উত] স্যূত।

ব্যুতি, স্ত্রী. [বি + উ+তি] উতি, তন্তুসন্ততি, কাপড়বোনা।

ব্যুদাস, পুং. [বি+উৎ+আস] নিরাস, পরিত্যাগ।

ব্যপদেশ, পুং. [বি+উপদেশ] ব্যাজ, ছল।

ব্যুষ্ট, ন. [বি + বস-ত] ফল; দিন; প্রভাত; পর্য্যুষিত; (ত্রি.) উষিত; দগ্ধ।

ব্যুষ্টি, স্ত্রী. [বি+বস-তি] ফল; সমৃদ্ধি; স্তুতি; দাহ।

ব্যূঢ, ত্রি. [বি+বহ-ত] বিন্যস্ত; সংহত; প্রপুল, বিস্তীর্ণ।

ব্যূঢকঙ্কট, ত্রি. [ব্যূঢ+কঙ্কট] সন্নদ্ধ।

ব্যূঢি, স্ত্রী. [বি+বহ-তি] বিন্যাস; সংহতি; প্রথুলতা।

ব্যূত, ত্রি. [বি+বে-ত] উত, তন্তুসন্নত, বোনা; সেলাইকরা।

ব্যূতি, স্ত্রী. [বি + বে-তি] বস্ত্রাদি বপনক্রিয়া, কাপড়বোনা, তৎপর্য্যায়।—বানি, ব্যূতি, বাণী।

ব্যূহ, পুং. [বি + উহ] সমূহ, সজ্ঞ, রাশি; নির্ম্মাণ; তর্ক; দেহ; সৈন্য; যুদ্ধার্থসৈন্য রচনা, তৎপর্য্যায়।—বলবিন্যাস।

ব্যূহন, ন. [বি + উহ-অন] সৈন্যসংস্থান, সেনাদিগের শ্রেণীবদ্ধকরণ।

ব্যূহপার্ষ্ণি. পুং. [ব্যূহ+পার্ষ্ণি] ব্যূহপশ্চাদ্ভাগ, তৎপর্য্যায়।—প্রত্যাসার, প্রত্যাসর; বূহমধ্য।

ব্যূহভঙ্গ, পুং. [ব্যূহ+ভঙ্গ] সৈন্যসংস্থান বিশৃঙ্খল হওন।

ব্যূহভেদ, পুং. [ব্যূহ+ভেদ] সৈন্যদিগের শ্রেণীমধ্যে প্রবেশকরণ।

ব্যূহরচনা, স্ত্রী. [ব্যূহ + রচনা] সৈন্যদিগের শ্রেণীবদ্ধকরণ, যুদ্ধার্থবিশেষ২ আকারে সেনাসংস্থাপন।

ব্যোকার, পুং. [ব্যো+কার] লৌহকার, কর্ম্মকার, কামার।

ব্যোম, ন. [ব্যো+মন্] আকাশ; জল; সূর্য্যের অর্চ্চনাগ্রয়; অভ্রক। [মহাদেব।

ব্যোমকেশী, পুং. [ব্যোমন্ + কেশিন্] মহাদেব।

ব্যোমচারিপুর, ন. [ব্যোমচারিন্+পুর শৌভপুর, দেবপুর।

ব্যোমচারী, পুং. [ব্যোমন্+চারিন্] দেবতা; পক্ষী; চিরজীবী; দ্বিজাত।

ব্যোমধূম, পুং. [ব্যোমন্+ধূম] মেঘ, জলধর, বারিদ।

ব্যোমনাসিকা, স্ত্রী. [ব্যোমন্+নাসিকা] ভারতীপক্ষী, ভারুইপাখী।

ব্যোমমঞ্জর, ন. [ব্যোমন্+মঞ্জর] পতাকা, ধ্বজা, নিশান।

ব্যোমমণ্ডল, ন. [ব্যোমন্+মণ্ডল] পতাকা, ধ্বজা, নিশান; আকাশ। [আঘাত।

ব্যোমমুদ্গার, পুং. [ব্যোমন্+মুদ্গার] নির্ঘাত,

ব্যোমযান, ন. [ব্যোমন্ + যান] বিমান, আকাশগামি যন্ত্র, বেলুনযন্ত্র।

ব্যোমস্থলী, স্ত্রী. [ব্যোমন্ + স্থল-ঈ] ভূমি; নভস্থল।

ব্যোমোদক, ন. [ব্যোমন্+উদক] দিব্যোদক, আকাশজল; শিশির।

ব্যোমাভ, পুং. [ব্যোম+আভ] বুদ্ধ।

ব্যোষ, ন. [বি + উষ-অ] ত্রিকটু, যথা। হরীতকী, আমলকী, বিভীতকী।

ব্রজ, পুং. [ব্রজ+অ] সমূহ; গোষ্ঠ, গোস্থান; পন্থা, পথ; অগ্রবন ও মথুরার চতুঃপার্শ্ববর্ত্তিদেশ; (ন.) ব্রজন, গমন।

ব্রজক, পুং. [ব্রজ+ক] তপস্বী, যোগী; গন্তা, গমনকারী।

ব্রজকিশোর, পুং. [ব্রজ+কিশোর] শ্রীকৃষ্ণ।

ব্রজন, ন. [ব্রজ + অন] গমন, পর্য্যটন, চলন।

ব্রজনাথ, পুং. [ব্রজ + নাথ] শ্রীকৃষ্ণ।

ব্রজবর, পুং. [ব্রজ+বর] শ্রীকৃষ্ণ।

ব্রজবল্লভ, পুং. [ব্রজ + বল্লভ] শ্রীকৃষ্ণ।

ব্রজভু, পুং. [ব্রজ + ভূ] কেলিকদম্ব; (স্ত্রী.) ব্রজভূমি; (ত্রি.) ব্রজজাত।

ব্রজভূমি, স্ত্রী. [ব্রজ+ভূমি] ব্রজস্থান, বৃন্দাবন। [স্থান

ব্রজমোহন, পুং. [ব্রজ+মোহন] শ্রীকৃষ্ণ।
ব্রজাঙ্গনা, স্ত্রী. [ব্রজ+অঙ্গনা] গোপী, ব্রজনারী, ব্রজবালিকা।
ব্রজ্যা, স্ত্রী. [ব্রজ+য-আ] পর্য্যটন, ভ্রমণ; জয়েচ্ছুক ব্যক্তির গমন; গমন; বর্গ, সমূহ; রঙ্গ।
ব্রণ, পুং. ন. [ব্রণ+অ] ক্ষত,স্ফোটক,ফোড়া, তৎপর্য্যায়।—ঈর্ম্ম, অরুঃ।
ব্রণকৃৎ, পুং. [ব্রণ+কৃৎ] ভল্লাতক বৃক্ষ; (ত্রি.) ক্ষতকারক।
ব্রণকেতুঘ্নী, স্ত্রী. [ব্রণ+কেতুঘ্নী] দুগ্ধফেণী ক্ষুপ।
ব্রণঘ্ন, ত্রি. [ব্রণ+হন্-অ] ব্রণনাশক, স্ফোটক নাশক।
ব্রণদ্বিট্, পুং. [ব্রণ+দ্বিষ্] ব্রাহ্মণযষ্টিকাবৃক্ষ, বামনহাটী গাছ; (ত্রি.) ব্রণদ্বেষক।
ব্রণহ, পুং. [ব্রণ+হন্+অ] এরণ্ডবৃক্ষ,ভেরেণ্ডাগাছ; (ত্রি.) ব্রণঘাতক।
ব্রণহা, স্ত্রী. [ব্রণ+হন্-আ] গুড়ূচীলতা, গুলঞ্চ।
ব্রণহৃৎ, পুং. [ব্রণ+হৃৎ] কলিকারীবৃক্ষ।
ব্রণারি, পুং. [ব্রণ+অরি] বোল; অগস্ত্যবৃক্ষ।
ব্রত, পুং. ন. [ব্রত+অ] ভক্ষণ; পুণ্যজনক উপবাসাদি,তৎপর্য্যায়।—নিয়ম, পুণ্যক, নিয়াম, সংযম। [বল্লী।
ব্রততি, স্ত্রী. [বৃত+তন্] বিস্তার; লতা,
ব্রততী, স্ত্রী. [বৃত+তন্-ঈ] বিস্তার; বল্লী, লতা।
ব্রতভিক্ষা, স্ত্রী. [ব্রত+ভিক্ষা] উপনয়নকালীন ভিক্ষা।
ব্রতসংগ্রহ, পুং. [ব্রত+সংগ্রহ] দীক্ষা, মন্ত্র গ্রহণকরণ, উপদেশ।
ব্রতাদেশ, পুং. [ব্রত+আদেশ] উপনয়ন, সংস্কারবিশেষ।
ব্রতী, পুং. [ব্রত+ইন্] যজমান; (ত্রি.) ব্রতবিশিষ্ট; গৃহীতব্রত, নিয়মস্থ, গৃহীত নিয়ম।
ব্রতোদ্যাপন, ন. [ব্রত+উদ্যাপন] ব্রতসাঙ্গ, ব্রতসম্পূর্ণ।

ব্রধ্ন, পুং. [ব্রধ+ন] সূর্য্য; বৃক্ষমূল; অর্কবৃক্ষ, আকন্দগাছ; শিব; রোগবিশেষ।
ব্রশ্চন, ন. [ব্রশ্চ+অন] ছেদন, ছিন্নকরণ, কাটন; বৃক্ষচ্ছেদন জাত নির্য্যাস; (পুং.) স্বর্ণাদিচ্ছেদিকা, ছেনী, তৎপর্য্যায়।—পত্রপরশু, পত্রপর্শু,স্বর্ণলোহাদি ভেদক।
ব্রহ্ম, ন. [বৃহ+মন্] বেদ; তত্ত্ব; তপঃ, তপস্যা; পরমাত্মা; ব্রহ্ম নামানি যথা। বিরাট, হিরণ্যগর্ব্ভ, ঈশ্বর, তুরীয়।
ব্রহ্মকন্যকা, স্ত্রী. [ব্রহ্মন্+কন্যকা] সরস্বতী, বাগ্দেবী; ব্রাহ্মী।
ব্রহ্মকর্ম্মসমাধি, পুং.[ব্রহ্মন্+কর্ম্মন্+সমাধি] কর্ম্মাত্মক ব্রহ্মেতে চিত্তের একাগ্র।
ব্রহ্মকীট, (প্রা) ব্যাধিবিশেষ।
ব্রহ্মকুণ্ড, ন. [ব্রহ্মন্+কুণ্ড] ব্রহ্মাকর্ত্তৃক নির্ম্মিত সরোবরবিশেষ, তীর্থবিশেষ।
ব্রহ্মকূট, পুং. [ব্রহ্মন্+কূট] পর্ব্বতবিশেষ।
ব্রহ্মকূর্চ্চ, ন. [ব্রহ্মন্+কূর্চ্চ] ব্রতবিশেষ।
ব্রহ্মকোশী, স্ত্রী. [ব্রহ্মন্+কোশ-ঈ] অজমোদা, যউন।
ব্রহ্মগর্ব্ভা, স্ত্রী. [ব্রহ্মন্+গর্ব্ভ-আ] আদিত্যভক্তা, হুড়হুড়িয়া। [ব্রহ্মপর্ব্বত।
ব্রহ্মগিরি, পুং. [ব্রহ্মন্+গিরি] ব্রহ্মশৈল,
ব্রহ্মঘাতী, ত্রি. [ব্রহ্মন্+ঘাতিন্] ব্রহ্মঘ্ন, ব্রাহ্মণ হত্যাকারী।
ব্রহ্মঘ্ন, ত্রি. [ব্রহ্মন্+হন্-অ] ব্রহ্মঘাতী, ব্রাহ্মণ নাশক।
ব্রহ্মঘ্নী, স্ত্রী. [ব্রহ্মন্+হন্-অ-ঈ] গৃহকন্যা ঘৃতকুমারী; ব্রহ্মঘাতিনী।
ব্রহ্মচর্য্য, ন. [ব্রহ্মন্+চর-য] আশ্রমবিশেষ, সন্ন্যাসাশ্রম, প্রথমাশ্রম; ব্রতবিশেষ।
ব্রহ্মচারণী, স্ত্রী. [ব্রহ্মন্+চারণ-ঈ] ভার্গী, বামনহাটী গাছ।
ব্রহ্মচারিণী, স্ত্রী. [ব্রহ্মন্+চারিন্-ঈ] ব্রহ্মচর্য্যব্রত ধারিণী; দুর্গা; ব্রাহ্মীশাক; করুণীবৃক্ষ।
ব্রহ্মচারী, পুং. [ব্রহ্মন্+চারিন্] প্রথমাশ্রমী, উপনয়নানন্তর নিয়ম করিয়া গুরুকুলে যিনি বেদাভ্যাস করেন, তদ্বিবিধা যথা। উপকুর্ব্বাণ, নৈষ্ঠিক।

ব্রহ্মজটা, স্ত্রী. [ব্রহ্মন্+জটা] মদনকবৃক্ষ, ময়নাগাছ। [অস্ত্রবিশেষ।

ব্রহ্মজাল, ন. [ব্রহ্মন্+জাল] লতাবৃক্ষবিশেষ;

ব্রহ্মজন্ম, ন. [ব্রহ্ম+জন্মন্] দ্বিতীয় সংস্কার উপনয়ন।

ব্রহ্মজীবী, পুং. [ব্রহ্মন্+জীবিন্] দ্বিজকার্য্যে মূল্যদ্বারা পরিচারক, বৈতনিক মনুষ্য।

ব্রহ্মযজ্ঞ, পুং. [ব্রহ্মন্ + যজ্ঞ] সমষ্টিস্থূল দেহাভিমানি বিরাট, সর্ব্বজ্ঞ।

ব্রহ্মজ্ঞ, পুং. [ব্রহ্মন্ + জ্ঞা-অ] শ্রীগোপাল; (ত্রি.) ব্রহ্মবেত্তা, ব্রহ্মজ্ঞানী; আত্মতত্ত্বজ্ঞ।

ব্রহ্মজ্ঞান, ন. [ব্রহ্মন্+জ্ঞান] ব্রহ্মবিষয়ক জ্ঞান, আত্মজ্ঞান যথা। তত্ত্বমস্যাদি বাক্য জন্য প্রতিফলিত বৃত্যারূঢ় জ্ঞান, মিথ্যাবাসনা বিরহ বিশিষ্ট আত্মভিন্ন ভিন্নজ্ঞান; ক্লেশকর্ম্ম বিপাকাশয় নিবর্ত্তক হিরণ্যগর্ত্ত বিষয়ক জ্ঞান, প্রকৃতি পুরুষয়োর্বিবেক বিষয়জ্ঞান।

ব্রহ্মজ্ঞানী, ত্রি. [ব্রহ্মন্+জ্ঞানিন্] ব্রহ্মজ্ঞানবিশিষ্ট, আত্মতত্ত্বজ্ঞ, জ্ঞানী।

ব্রহ্মণ্য, পুং. [ব্রহ্মণ+য] বিষ্ণু; ব্রহ্মদারুবৃক্ষ; মুঞ্জতৃণ, মুজলতা, মুঞ্জা; তূলবৃক্ষ,তুলার গাছ; শনৈশ্চরগ্রহ; (ত্রি.) ব্রহ্মবিষয়ে সাধু; বেদবোধিত কর্ম্ম।

ব্রহ্মণ্যদেব, পুং. [ব্রহ্মণ্য+দেব] শ্রীকৃষ্ণ, নারায়ণ।

ব্রহ্মতত্ত্ব, ন. [ব্রহ্মন্ + তত্ত্ব] আত্মতত্ত্ব, ব্রহ্মধর্ম্ম, ব্রহ্মস্বরূপ, ব্রহ্মজ্ঞান। [পদ।

ব্রহ্মতা, স্ত্রী. [ব্রহ্মন্+ত-আ] ব্রহ্মত্ব, ব্রহ্ম-

ব্রহ্মতাল, পুং. [ব্রহ্মন্+তাল] চতুর্ম্মুখতাল, দশতালাত্মক। [টাকুরা।

ব্রহ্মতালু, ন. [ব্রহ্মন্+তালু] শিরোমধ্যভাগ;

ব্রহ্মতীর্থ, ন. [ব্রহ্মন্+তীর্থ] পুষ্করমূল; পঙ্কজবীজ; পুষ্করতীর্থ।

ব্রহ্মত্ব, ন. [ব্রহ্মন্+ত্ব] ব্রহ্মপদ, তৎপর্য্যায়। ব্রহ্মভূয়, ব্রহ্মসাযুজ্য, ব্রহ্মতন্ময়তা।

ব্রহ্মদণ্ড, পুং. [ব্রহ্মন্+দণ্ড] ব্রাহ্মণযষ্টিকা, বামনহাটী গাছ; বশিষ্ঠমুনির সিদ্ধযষ্টি; ব্রহ্মশাপ; ব্রহ্মাণ্ড।

ব্রহ্মদণ্ডী, স্ত্রী. [ব্রহ্মন্+দণ্ড-ঈ] ক্ষুদ্র ক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—অজদণ্ডী, কণ্টপত্র ফলা।

ব্রহ্মদত্ত, পুং. [ব্রহ্মন্+দত্ত] ইক্ষাকুবংশীয় রাজাবিশেষ, তৎপর্য্যায়।—ব্রহ্মসূনু।

ব্রহ্মদর্ভা, স্ত্রী. [ব্রহ্মন্+দর্ভ-আ] যমানিকা, যউন।

ব্রহ্মদারু, ন, [ব্রহ্মন্+দারু] স্বনামখ্যাত অশ্বত্থাকারবৃক্ষ বিশেষ, তৎপর্য্যায়।—সুদ, পুষ, ক্রমুক, ব্রহ্মণ্য, তুল, লাকিপশ, তল, পূগ, যূষ; (পুং.) যজ্ঞোডুম্বর বৃক্ষ।

ব্রহ্মদৈত্য, পুং. [ব্রহ্মন্+দৈত্য] প্রেতযোনিপ্রাপ্ত ব্রাহ্মণ।

ব্রহ্মনাভ, পুং. [ব্রহ্মন্+নাভি] বিষ্ণু, নারায়ণ।

ব্রহ্মনাল, ন. [ব্রহ্মন্+নাল] কাশীস্থ তীর্থবিশেষ, বারাণসীর চক্রতীর্থের পূর্ব্বভাগে পিতামহেশ্বর লিঙ্গের নিম্ন তীর্থ।

ব্রহ্মনিরূপণ, ন. [ব্রহ্মন্+নিরূপণ] আত্মতত্ত্ব নির্ণয়; ব্রহ্মনির্ণয়।

ব্রহ্মনিরূপক, ত্রি. [ব্রহ্মন্+নিরূপক] ব্রহ্মস্বরূপ নির্ণয়ক।

ব্রহ্মনির্ব্বাণ, ন. [ব্রহ্মন্+নির্ব্বাণ] ব্রহ্মনির্ব্বৃতি, নির্ব্বাণ প্রাপ্ত।

ব্রহ্মপত্র, ন. [ব্রহ্মন্ + পত্র] পলাশপত্র, পলাশপাতা।

ব্রহ্মপর্ণী, স্ত্রী. [ব্রহ্মন্+পর্ণ-ঈ] পৃশ্নিপর্ণী লতা।

ব্রহ্মপবিত্র, পুং. [ব্রহ্মন্+পবিত্র] কুশ; কাশ।

ব্রহ্মপাদপ, পুং. [ব্রহ্মন্+পাদপ] পলাশ বৃক্ষ; যজ্ঞোডুম্বর।

ব্রহ্মপুত্র, পুং. [ব্রহ্মন্+পুত্র] বিষবিশেষ; ক্ষেত্রবিশেষ; নদবিশেষ, তৎপর্য্যায়।—অমোঘানন্দন, লৌহিত্য, লোহিত।

ব্রহ্মপুত্রী, স্ত্রী. [ব্রহ্মন্ + পুত্র-ঈ] সরস্বতীনদী; বারাহীকন্দ, শূকরকন্দ।

ব্রহ্মপুরী, স্ত্রী. [ব্রহ্মন্+পুর-ঈ] বিধাতার ধাম, ব্রহ্মারপুরী; কাশী, বারাণসী

ব্রহ্মবদ্য, ন. [ব্রহ্মন্+বদ-য] ব্রহ্মার বাক্য, ব্রহ্মবাক্য।

ব্রহ্মবদ্য, ত্রি. [ব্রহ্মন্+বদ+য-আ] বাক্য, কথা।

ব্রহ্মবধী, পুং. [ব্রহ্মন্+বধিন্] ব্রহ্মঘ্ন, ব্রহ্মহত্যাকারী।

ব্রহ্মবন্ধু, পুং. [ব্রহ্মন্+বন্ধু] অধিক্ষেপ, নিন্দিত ব্রাহ্মণ, নির্দ্দেশ, অগ্রাহ্যনামক ব্রাহ্মণ; ব্রাহ্মণ জাতিবিশেষ।

ব্রহ্মবন্ধূ, পুং. [ব্রহ্ম+বন্ধূ] ব্রহ্মবন্ধু।

ব্রহ্মবর্চ্চস, ন. [ব্রহ্মন্+বর্চ্চস্] ব্রাহ্মণের বৃত্তাধ্যায়ন জন্য তেজঃ।

ব্রহ্মবর্চ্চস্বী, ত্রি. [ব্রহ্মন্+বর্চ্চস্বিন্] ব্রহ্মশক্তি বিশিষ্ট।

ব্রহ্মবর্ত্ত, পুং. [ব্রহ্মন্+বৃৎ-অ] ব্রহ্মাবর্ত্ত দেশ।

ব্রহ্মবর্দ্ধন, ন. [ব্রহ্মন্-বর্দ্ধন] তাম্র, তামা।

ব্রহ্মবাচক, ত্রি. [ব্রহ্মন্+বাচক] ব্রহ্মবাদী, বেদবেত্তা।

ব্রহ্মবাদ, পুং. [ব্রহ্মন্+বদ-অ] বেদপাঠ, বেদাধ্যয়ন, তৎপর্য্যায় :—শ্রুতাদান।

ব্রহ্মবাদিনী, স্ত্রী. [ব্রহ্মন্+বাদিন্-ঈ] গায়ত্রী, বেদমাতা, ব্রহ্মজ্ঞান, বেদান্ত বিদ্যা।

ব্রহ্মবাদী, পুং, [ব্রহ্মন্+বাদিন্] বেদবক্তা, তৎপর্য্যায়।—বেদান্তী।

ব্রহ্মবিদ, ত্রি. [ব্রহ্মন্+বিদ্] ব্রহ্মজ্ঞ।

ব্রহ্মবিদ্যা, স্ত্রী. [ব্রহ্মন্+বিদ্যা] ব্রহ্মজ্ঞান।

ব্রহ্মবিন্দু, পুং. [ব্রহ্মন্+বিন্দু] বেদপাঠে মুখনির্গত বিন্দু।

ব্রহ্মবৃত্তি, স্ত্রী. [ব্রহ্মন্+বৃত্তি] ব্রাহ্মণের জীবনোপায়; ব্রাহ্মণ্য ব্যবহার; ব্রহ্মস্ব।

ব্রহ্মবৃক্ষ, পুং. [ব্রহ্মন্+বৃক্ষ] পলাশবৃক্ষ; উডুম্বর বৃক্ষ, যজ্ঞডুম্বর।

ব্রহ্মবেদ, পুং. [ব্রহ্মন্+বিদ-অ] ব্রহ্মজ্ঞান, একাত্মবোধ।

ব্রহ্মবেদি, স্ত্রী. [ব্রহ্মন্+বেদ-ই]দেশবিশেষ।

ব্রহ্মবেদী, ত্রি. [ব্রহ্মন্+বেদিন্] ব্রহ্মজ্ঞ; বেদীবিশেষ।

ব্রহ্মবৈবর্ত্ত, ন. [ব্রহ্মন্+বৈবর্ত্ত] অষ্টাদশ মহাপুরাণান্তর্গত দশম পুরাণ।

ব্রহ্মবোধ, পুং. [ব্রহ্মন্+বোধ] পরমাত্মবিষয়ক জ্ঞান, আত্মজ্ঞান।

ব্রহ্মভূত, ত্রি. [ব্রহ্মন্+ভূত] ব্রহ্মেলয়প্রাপ্ত।

ব্রহ্মভূতি, স্ত্রী. [ব্রহ্মন্+ভূতি] সন্ধ্যা, সায়ংকাল।

ব্রহ্মভূমিজা, স্ত্রী. [ব্রহ্মন্+ভূমিজা] সিংহলী।

ব্রহ্মভূয়, ন. [ব্রহ্মন্+ভূয়] ব্রহ্মত্ব, ব্রহ্মভাব, ব্রহ্মসাযুজ্য।

ব্রহ্মমূর্দ্ধভৃৎ, পুং. [ব্রহ্মন্+মূর্দ্ধ-ভৃৎ] শিব, মহাদেব।

ব্রহ্মমেখল, পুং. [ব্রহ্মন্+মেখলা] মুঞ্জাতৃণ।

ব্রহ্মযজ্ঞ, পুং. [ব্রহ্মন্+যজ্ঞ] বিধিপূর্ব্বক বেদাভ্যাস; শিষ্যদিগের অধ্যাপনা।

ব্রহ্মযষ্টি, স্ত্রী. [ব্রহ্মন্+যষ্টি] ভার্গী, বামনহাটিগাছ।

ব্রহ্মযোনি, পুং. [ব্রহ্মন্+যোনি] ব্রহ্মগিরি, পর্ব্বতবিশেষ; বেদ।

ব্রহ্মযোনী, স্ত্রী. [ব্রহ্মন্+যোনি-ঈ] কুরুক্ষেত্রে সরস্বতী তীরে পৃথূদক নিকটস্থ তীর্থবিশেষ।

ব্রহ্মরন্ধ্র, ন. [ব্রহ্মন্+রন্ধ্র] উত্তমাঙ্গ, ব্রহ্মতালু।

ব্রহ্মরাত্র, পুং. [ব্রহ্মন্+রাত্র] ব্রাহ্মমুহূর্ত্ত, রাত্রির শেষ ৪ দণ্ড।

ব্রহ্মরাত্রি, পুং. [ব্রহ্মন্+রাত্রি] যাজ্ঞবল্ক্য মুনি; (স্ত্রী.) ব্রহ্মার রাত্রি।

ব্রহ্মরাক্ষস, পুং. [ব্রহ্মন্+রাক্ষস] ভূতবিশেষ; মহাদেবের গণবিশেষ।

ব্রহ্মরীতি স্ত্রী. [ব্রহ্মন্+রীতি] পিত্তলবিশেষ।

ব্রহ্মর্ষি, পুং. [ব্রহ্মন্+ঋষি] বশিষ্ঠাদি মুনিগণ।

ব্রহ্মর্ষিদেশ, পুং. [ব্রহ্মর্ষি+দেশ] কুরুক্ষেত্রাদি দেশ চতুষ্টয়, যথা।—কুরুক্ষেত্র, মৎস্য, পাঞ্চাল, শূরসেনক।

ব্রহ্মলোক, পুং. [ব্রহ্মন্+লোক] ব্রহ্মার ভুবন, ব্রহ্মস্থান।

ব্রহ্মশল্য, পুং. [ব্রহ্মন্+শল্য] সোমবল্ক, বাবলাগাছ।

ব্রহ্মশাসন, ন. [ব্রহ্মন্+শাসন] ব্রহ্ম বিচার গৃহ, তৎপর্য্যায়।—ধর্ম্মকীলক, ব্রহ্মের

ব্রহ্মক্ষেত্র (?)... আজ্ঞা, (পুং.) নবদ্বীপের পূর্ব্ব দক্ষিণ-কোণে গঙ্গাপারে গ্রামবিশেষ।

ব্রহ্মসংহিতা, স্ত্রী. [ব্রহ্মন্+সংহিতা] ভগবৎ সিদ্ধান্ত সংগ্রহ গ্রন্থবিশেষ।

ব্রহ্মসম্ভব, পুং. [ব্রহ্মন্+সম্ভব] দ্বিপৃষ্ঠ-নামক জৈনবিশেষ

ব্রহ্মসত্র, ন. [ব্রহ্মন্+সত্র] বেদাধ্যয়ন।

ব্রহ্মসর্প, পুং. [ব্রহ্মন্+সর্প] সর্পবিশেষ, তৎপর্য্যায় ।—হলাহল, অশ্বলালা।

ব্রহ্মসম্ভব, পুং. [ব্রহ্মন্+সম্ভব] বাসুদেবদিগের মধ্যে দ্বিতীয় জীন; (ত্রি.) ব্রহ্মজাত।

ব্রহ্মসাযুজ্য, ন. [ব্রহ্মন্+সাযুজ্য] ব্রহ্মের ভাব, তৎপর্য্যায় ।—ব্রহ্মভূয়, ব্রহ্মত্ব, ব্রহ্মসাযুজ্য।

ব্রহ্মসাবর্ণি, পুং. [ব্রহ্মন্+সাবর্ণি] দশম মনু।

ব্রহ্মসূ, পুং. [ব্রহ্মন্+সূ] প্রদ্যুম্ন; কামদেব; অনিরুদ্ধ।

ব্রহ্মসূত্র, ন. [ব্রহ্মন্+সূত্র] যজ্ঞসূত্র, তৎ-পর্য্যায় ।—পবিত্র, যজ্ঞোপবীত, দ্বিজায়নী, উপবীত, সাবিত্র, সাবিত্রী সূত্র।

ব্রহ্মসূনু, পুং. [ব্রহ্মন্+সূনু] ইক্ষ্বাকু বংশোদ্ভব রাজাবিশেষ, তৎপর্য্যায় ।—ব্রহ্মদত্ত।

ব্রহ্মস্ব, ন. [ব্রহ্মন্+স্ব] ব্রাহ্মণসম্বন্ধীয় ধন।

ব্রহ্মহত্যা, স্ত্রী. [ব্রহ্মন্+হন্-য-আ] ব্রাহ্মণ বধ।

ব্রহ্মহবিঃ, ন. [ব্রহ্মন্+হবিস্] অর্পামাণ হবিঃ যিনি তাহাই ব্রহ্ম।

ব্রহ্মহা, পুং. [ব্রহ্মন্+হন্-আ] ব্রহ্মঘ্ন, ব্রাহ্মণবধকর্ত্তা।

ব্রহ্মহুত, ন. [ব্রহ্মন্+হুত] পঞ্চমহাযজ্ঞান্ত-র্গত যজ্ঞবিশেষ, নৃযজ্ঞ, অতিথি পূজনরূপ।

ব্রহ্মা, পুং. [বৃহ+মন্] যজ্ঞের ঋত্বিক্‌বিশেষ; যোগবিশেষ, বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত পঞ্চবিংশতি যোগ; বিপ্র, ব্রাহ্মণ; অর্হদুপাসকবিশেষ; সৃষ্টিকর্ত্তা দেবতাবিশেষ, প্রজাবর্দ্ধক, তৎপর্য্যায়। অষ্টকর্ণ, অষ্টশ্রবা, অব্জজ, অব্জযোনি, আ, আত্মভূ, আত্মযোনি, আদি কবি, ক, কঞ্জ, কঞ্জজ, কঞ্জর, করি, কমলাসন, কৃপাদ্বৈত, খসর্পণ, গুণসাগর, চতুরানন, চতুর্বক্ত্র, চতুর্মুখ, চিন্তামণি, জগৎকর্ত্তা, জগদ্যোনি, জটাধর, জয়পাল, জূর্ণি, জ্ঞ, দ্রুঘণ, দ্রুহিণ, ধ, ধরুণ, ধাতা, নাভিজ নাভিজন্মা, নাভিভূ, পদ্মগর্ভ, পদ্মপাণি, পদ্মভূ, পদ্মযোনি, পদ্মাসন, পদ্মোদ্ভব, পরমেষ্ঠ, পরমেষ্ঠী, পুরাণগ, পিতামহ, প্রজাপতি, প্রভু, বহুরূপ, বহুরেতঃ, বিখনা, বিধস্, বিধাতা, বিধু, বিধি, বিরিঞ্চ, বিরিঞ্চন, বিরিঞ্চি, বিশ্বসৃক্, বিশ্বগ, বিশ্বরেতা, বেদগর্ভ, বেদীশ, বেধা, ভূতাত্মা, ভূরি, ম, মহাবীর্য্য, মঞ্জুপ্রাণ, লোকনাথ, লোকেশ, শতধৃতি, শতপত্রনিবাস, শতানন্দ, শম্ভু, শল, শুভ্রি, শ্বেতপত্ররথ, সঞ্জ, সনৎশতধৃতি, সনাতন, সন্ধ্যারাম, সরোজী, সরোরুহাসন, সর্ব্বকর্ত্তা, সর্ব্বগ, সর্ব্বতোমুখ, সাত্ত্বিক, সামযোনি, সয়ম্ভুবমনুপিতা, সুধাবর্ব্বা, স্থবির, স্বভূ, স্বয়ম্ভু, স্রষ্টা, সুরজ্যেষ্ঠ, হংসবাহন, হংসরথ, হংসারূঢ়, হিরণ্যগর্ভ, হিরণ্ময়, হেমাঙ্গ, নবমপ্রকার ব্রহ্মা যথা।—ভৃগু, পুলস্ত্য, পুলহ, ক্রতু, অঙ্গিরাঃ, মরীচি, অত্রি, দক্ষ, বশিষ্ঠ।

ব্রহ্মাগ্রভূ, পুং. [ব্রহ্মন্+অগ্র-ভূ] ঘোটক, অশ্ব, ঘোড়া।

ব্রহ্মাঞ্জলি, পুং. [ব্রহ্মন্+অঞ্জলি] সামবেদ পাঠে স্বরবিভাগার্থ অঞ্জলিকারক

ব্রহ্মাণী, স্ত্রী. [ব্রহ্মন্+ঈ] ব্রহ্মার পত্নী, শতরূপা, সাবিত্রী; সরস্বতী, গায়ত্রী; দুর্গা; রেণুকানামক গন্ধ দ্রব্যবিশেষ; ব্রহ্মশক্তি; রাজার রীতি।

ব্রহ্মাণ্ড, ন. [ব্রহ্মন্+অণ্ড] ভুবনকোষ, বিশ্ব-গোলক, জগৎ; মহাদানবিশেষ।

ব্রহ্মাত্মভূ, পুং. [ব্রহ্মন্+আত্মন্-ভূ] অশ্ব, ঘোটক।

ব্রহ্মাদনী, স্ত্রী. [ব্রহ্মন্+অদন-ঈ] হংস-পদী।

ব্রহ্মাদিজাতা, স্ত্রী. [ব্রহ্মন্+আদি+জাত-আ] গোদাবরী, নদী।

ব্রহ্মাপেত, পুং. [ব্রহ্মন্+অপেত] মাঘমাসে সূর্য্য নিকটস্থিত রাক্ষস।

ব্রহ্মাবর্ত্ত, পুং. [ব্রহ্মন্+আবর্ত্ত] দেশবিশেষ, তৎপর্য্যায়।—তপোবট।

ব্রহ্মারণ্য, ন. [ব্রহ্মন্+অরণ্য] বেদ পাঠ ভূমি।

ব্রহ্মার্পণ, ন. [ব্রহ্মন্+অর্পণ] ব্রহ্মেতে সমর্পণ।

ব্রহ্মাসন, ন. [ব্রহ্মন্+আসন] ধ্যানাসনবিশেষ; যোগাসন।

ব্রহ্মাস্ত্র, ন. [ব্রহ্মন্+অস্ত্র] ব্রহ্মস্বরূপ অস্ত্র।

ব্রহ্মাহুতি, স্ত্রী. [ব্রহ্মন্+আহুতি] অগ্নিতে ঘৃতাহুতি।

ব্রহ্মিষ্ঠা, স্ত্রী. [ব্রহ্ম+স্থা] দুর্গা, ভগবতী।

ব্রহ্মী, স্ত্রী. [বৃহ+মন্-ঈ] পঞ্চগড়ক মৎস্য, পাঁকালমাছ; কঞ্জিকাবৃক্ষ; শাকবিশেষ, ব্রমী, তৎপর্য্যায়।—মৎস্যাক্ষী, সুরসা, বয়স্থা, ব্রহ্মচারিণী, সোমবল্লরী, সরস্বতী, সৌম্যা, সুরশ্রেষ্ঠা, সুবর্চ্চলা, কপোতবেগা, বৈধাত্রী, দিব্যতেজা; মহৌষধী, স্বায়ম্ভুবী, সৌম্যলতা, সুরেষ্টা, ব্রহ্মকন্যকা, মণ্ডূকমাতা, মণ্ডূকী, মেধ্যা, বীরা, ভারতী, বরা, পরমেষ্ঠিনী, দিব্যা, সারদা।

ব্রহ্মীঘৃত, ন. [ব্রহ্মী+ঘৃত] ঔষধবিশেষ, সারস্বত ঘৃত।

ব্রহ্মোত, ত্রি. [ব্রহ্মন্+আ-উত] ব্রহ্মে সম্যক্ প্রকারে গ্রথিত।

ব্রহ্মোত্তর, ত্রি. [ব্রহ্মন্+উত্তর] ব্রাহ্মণ স্বামিক ভূম্যাদি।

ব্রহ্মোদ্য, ন. [ব্রহ্মন্+বদ-য] ব্রহ্মবাক্য, ব্রহ্মের কথা।

ব্রহ্মোদ্যা, ত্রি. [ব্রহ্মন্+বদ+য-আ] ব্রহ্মবাক্য, ব্রহ্মের কথা।

ব্রহ্মোপদেশক, পুং. [ব্রহ্মন্+উপদেশক] বেদোপদেশক; তত্ত্বজ্ঞানোপদেশক।

ব্রহ্মোপনেতা, পুং. [ব্রহ্মন্+উপ-নেতৃ] পলাশবৃক্ষ: ব্রাহ্মণোপনয়ন কর্ত্তা।

ব্রহ্মৌদন, ন. [ব্রহ্মন্+ঔদন] যজ্ঞে ঋত্বিক্দিগের দত্তঅন্ন।

ব্রাজি, স্ত্রী. [ব্রজ+ই] বায়ু, বাতাস।

ব্রাত, পুং. [ব্রত+অ] সমূহ, সংঘ, দল; বরযাত্র; ব্যাধাদি; (ন.) কায়িক পরিশ্রম।

ব্রাতীন, পুং. [ব্রাত+ঈন] সংঘজিবী।

ব্রাত্য, পুং. [ব্রত+য] দশ সংস্কাররহিত, তৎপর্য্যায়।—সংস্কারহীন, সাবিত্রী পতিত, বাগ্দুষ্ট, পরুষোক্তিক।

ব্রাত্যস্তোম, পুং. [ব্রাত্য+স্তোম] যজ্ঞবিশেষ।

ব্রাহ্ম, ন. [ব্রহ্মন্+অ] ব্রহ্মতীর্থ, অঙ্গুষ্ঠমূল, (পুং.) নারদ; বিবাহবিশেষ; ব্রহ্মপুরাণ; ব্রহ্মোপাসক।

ব্রাহ্মণ, ন. [ব্রাহ্মন্+অ] ব্রহ্মসংঘাত, ব্রাহ্মণসমূহ; বেদভাগ; (পুং.) বিপ্রতনয়, তৎপর্য্যায়।—দ্বিজাতি, অগ্রজন্মা, ভূদেব, বাড়ব, বিপ্র, দ্বিজ, সূত্রকণ্ঠ, জ্যেষ্ঠবর্ণ, অগ্রজাতক, দ্বিজন্মা, বক্ত্রজ, মৈত্র, বেদবাস, নয়, গুরু, ব্রহ্মা, ষট্কর্ম্মা, দ্বিজোত্তম, সর্ব্ববর্ণ শ্রেষ্ঠ।

ব্রাহ্মণচাণ্ডাল, পুং. [ব্রাহ্মণ+চাণ্ডাল] ব্রাহ্মণীর গর্ব্ভে শূদ্রজাত সন্তান।

ব্রাহ্মণব্রুব, পুং. [ব্রাহ্মণ+ব্রুব] ব্রাহ্মণ জাতিমাত্র উপজীবী, অবেদব্রাহ্মণ, অব্রাহ্মণ।

ব্রাহ্মণযষ্টিকা, স্ত্রী. [ব্রাহ্মণ+যষ্টিকা] বৃক্ষবিশেষ, বামনহাটী গাছ, তৎপর্য্যায়।—ফঞ্জিকা, ব্রাহ্মণী, পদ্মা, ভার্গী, অঙ্গারবল্লী, বালেয়, শাক, বর্ব্বর, বর্দ্ধক, ব্রহ্মযষ্টি, ব্রহ্মযষ্টী, ফঞ্জী, যষ্টী, ব্রহ্মযষ্টিকা, দুর্ব্বরা, অঙ্গারবল্লরী, বালেয়, ব্রাহ্মিকা, ভৃগুভবা, পথ্যা, খরশাক, হঞ্জিকা। [বামনহাটী গাছ।

ব্রাহ্মণযষ্টী, স্ত্রী. [ব্রাহ্মণ+যষ্টী] ভার্গী,

ব্রাহ্মণহিত, ত্রি. [ব্রাহ্মণ+হিত] ব্রাহ্মণের হিতকারী, তৎপর্য্যায়।—ব্রাহ্মণ্য।

ব্রাহ্মণায়ন, পুং. [ব্রাহ্মণ+অয়ন] শুদ্ধ সন্তান জাতবিপ্র।

ব্রাহ্মণী, স্ত্রী. [ব্রাহ্মণ+ঈ] কঞ্জিকা। পৃক্কা, পিড়িংশাক; ব্রাহ্মণপত্নী; বরটী, পীপিলিকাভেদ, তৎপর্য্যায়।—স্থূলশীর্ষিকা।

ব্রাহ্মণ্য, ন. [ব্রাহ্মণ+য] ব্রাহ্মণসমূহ; ব্রাহ্মণত্ব, (পুং.) শনিগ্রহ।

ব্রাহ্মমুহূর্ত্ত, পুং. [ব্রাহ্ম+মুহূর্ত্ত] অরুণোদয় কালের প্রথমদণ্ডদ্বয়, সূর্য্যোদয়ের প্রাক্কাল।

ব্রাহ্মাহোরাত্র, পুং. [ব্রাহ্ম+অহোরাত্র] ব্রহ্মার দিবারাত্রি, দৈবযুগসহস্রদ্বয়কাল।

ব্রাহ্মিকা, স্ত্রী. [ব্রহ্ম+ইক+আ] ব্রাহ্মণযষ্টিকাবৃক্ষ, বামনহাটী।

ব্রাহ্মী, স্ত্রী. [ব্রাহ্ম+ঈ] দুর্গা; শিব অষ্টমাতৃকান্তর্গত মাতৃকাবিশেষ; ব্রহ্মশক্তি; সরস্বতী; শাকবিশেষ, কঞ্জিকা, বামনহাটী, পঙ্কগড় মৎস্য, পাঁকালমাছ; সোমবল্লরী, সোমলতা; মহাজ্যোতিষ্মতী; মৎস্যাক্ষী; বারাহীকন্দ; হিলমোচিকা, হিংচা; রোহিণীনক্ষত্র।

ব্রাহ্মীকন্দ, পুং. [ব্রাহ্মী+কন্দ] বারাহীকন্দ, শূকরকন্দ।

ব্রাহ্ম্য, ন. [ব্রহ্মন্+য] বিস্ময়; দৃশ্য; (ত্রি.) ব্রহ্মসম্বন্ধীয়।

ব্রীড়, পুং. [ব্রীড়+অ] লজ্জা, ত্রপা।

ব্রীড়ন, ন. ব্রীড়+অন] লজ্জা, তৎপর্য্যায়।—মন্দাক্ষ, মন্দাস্য, লজ্জা, লজ্যা, হ্রী, ত্রপা, ব্রীড়া।

ব্রীড়া, স্ত্রী. [ব্রীড়+আ] লজ্জা, ত্রপা, সরম। [জনক।

ব্রীড়াকর, ত্রি. [ব্রীড়া+কর] লজ্জাকর, সরম,

ব্রীড়ান্বিত, ত্রি. [বীড়া+অন্বিত] লজ্জিত, ত্রপান্বিত, অপ্রতিভ।

ব্রীড়ারহিত, ত্রি. [ব্রীড়া+রহিত] লজ্জারহিত, অপত্রপ, (প্রা) সরমহীন।

ব্রীড়াশূন্য, ত্রি. [ব্রীড়া+শূন্য] লজ্জা শূন্য, ত্রপা রহিত।

ব্রীড়িত, ত্রি. [ব্রীড়+ইত] লজ্জিত,ত্রপান্বিত।

ব্রীহি, পুং. [ব্রী+হি] ধান্যমাত্র, শালি, আশুধান্য।

ব্রীহিক, ত্রি. [ব্রীহি+ক] ধান্যবিশিষ্ট, ধান্যযুক্ত। [কলাই।

ব্রীহিকাঞ্চন, পুং. [বীহি+কাঞ্চন] মসুর-

ব্রীহিপর্ণী, স্ত্রী. [ব্রীহি+পর্ণ-ঈ] শালপর্ণী, শালপাইনগাছ।

ব্রীহিভেদ, পুং. [ব্রীহি+ভেদ] ধান্যবিশেষ চিনাধান, তৎপর্য্যায়।—অনু।

ব্রীহিময়, পুং [ব্রীহি+ময়] ব্রীহিনির্ম্মিত পুরোডাশ, ধান্যনির্ম্মিত যজ্ঞীয়দ্রব্য।

ব্রীহিরাজিক, পুং. [ব্রীহি+রাজিক] কঙ্গুধান্য; চীনকধান্য, চীনাধান।

ব্রীহিশ্রেষ্ঠ, পুং. [ব্রীহি+শ্রেষ্ঠ] শালিধান্য, শরৎপক্ক ধান্য।

ব্রীহী, ত্রি. [ব্রীহি+ইন্] ব্রীহিযুক্ত ক্ষেত্রাদি ধান্যযুক্ত ভূম্যাদি।

ব্রীহ্যাগার, ন, [ব্রীহি+আগার] ধান্যগৃহ তৎপর্য্যায়।—কুসূল।

ব্রুবন্, ত্রি. [ব্রু++বৎ] কথয়ন্।

ব্রুবাণ, ত্রি. [ব্রু+আন] বক্তা; বাক্য নিষ্পাদক, কথক।

ব্রৈহ, ত্রি. [ব্রীহি+অ] ব্রীহিনির্ম্মিত, ধান্য সম্বন্ধীয়।

ব্রৈহেয়, ত্রি. [ব্রীহি+এয়] আশুধান্যোপযুক্ত ভূম্যাদি; ব্রীহিসংক্রান্ত।

ভ

ভকার, ব্যঞ্জনেরচতুর্ব্বিংশতিতমবর্ণ পবর্গের চতুর্থ-বর্ণ, ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, তন্নামানি যথা।-ক্লিন্না; ভ্রমর; ভীম; বিশ্বমূর্ত্তি; নিশাভব; দ্বিরণ্ড; ভূষণ; মূল; যজ্ঞসূত্রবাচক; নক্ষত্র; ভ্রমণা; দীপ্তি; বয়ো; ভূমি; পয়; নভ; নাভি; ভদ্র, মহাবাহু; বিতাণ্ডক; প্রাণাত্মা; তাপিনী; বজ্রা; বিশ্বরূপী; চন্দ্রিকা; ভীমসেন; সুধাসেন; সুখ; মায়াপুর; হর।

ভ, ন. [ভ+অ] নক্ষত্র; গ্রহ; রাশি; (পুং.)

ব্রাহ্মণী, স্ত্রী. [ব্রাহ্মণ+ঈ] ফঞ্জিকা। পৃক্কা, পিড়ীংশাক; ব্রাহ্মণপত্নী; বরটী, পীপিলিকাভেদ, তৎপর্য্যায়।—স্থূলশীর্ষিকা।

ব্রাহ্মণ্য, ন. [ব্রাহ্মণ+য] ব্রাহ্মণসমূহ; ব্রাহ্মণত্ব. (পুং.) সনিগ্রহ।

ব্রাহ্মমুহূর্ত্ত, পুং. [ব্রাহ্ম+মুহূর্ত্ত] অরুণোদয় কালের প্রথমদণ্ডদ্বয়, সূর্য্যোদয়ের প্রাক্কাল।

ব্রাহ্মাহোরাত্র, পুং. [ব্রাহ্ম+অহোরাত্র] ব্রহ্মার দিবারাত্রি, দৈবযুগসহস্রদ্বয়কাল।

ব্রাহ্মিকা, স্ত্রী. [ব্রহ্ম+ইক+আ] ব্রাহ্মণযষ্টিকাবৃক্ষ, বামনহাটী।

ব্রাহ্মী, স্ত্রী. [ব্রাহ্ম+ঈ] দুর্গা; শিব অষ্টমাতৃকান্তর্গত মাতৃকাবিশেষ; ব্রহ্মশক্তি; সরস্বতী; শাকবিশেষ, ফঞ্জিকা, বামনহাটী. পঙ্কগড় মৎস্য, পাঁকালমাছ; সোমবল্লরী, সোমলতা; মহাজ্যোতিষ্মতী; মৎস্যাক্ষী; বারাহীকন্দ; হিলমোচিকা, হিংচা; রোহিণীনক্ষত্র।

ব্রাহ্মীকন্দ, পুং. [ব্রাহ্মী+কন্দ] বারাহীকন্দ, শূকরকন্দ।

ব্রাহ্ম্য, ন. [ব্রহ্মন্+য] বিস্ময়; দৃশ্য; (ত্রি.) ব্রহ্মসম্বন্ধীয়।

ব্রীড়, পুং. [ব্রীড়+অ] লজ্জা, ত্রপা।

ব্রীড়ন, ন. ব্রীড়+অন] লজ্জা, তৎপর্য্যায়।—মন্দাক্ষ, মন্দাস্য, লজ্জা, লজ্যা, হ্রী, ত্রপা, ব্রীড়া।

ব্রীড়া, স্ত্রী. [ব্রীড়+আ] লজ্জা, ত্রপা, সরম। [জনক।

ব্রীড়াকর, ত্রি. [ব্রীড়া+কর] লজ্জাকর, সরম,

ব্রীড়ান্বিত, ত্রি. [ব্রীড়া+অন্বিত] লজ্জিত, ত্রপান্বিত, অপ্রতিভ।

ব্রীড়ারহিত, ত্রি. [ব্রীড়া+রহিত] লজ্জারহিত, অপত্রপ, (গ্রা) সরমহীন।

ব্রীড়াশূন্য, ত্রি. [ব্রীড়া+শূন্য] লজ্জাশূন্য, ত্রপা রহিত।

ব্রীড়িত, ত্রি. [ব্রীড়+ইত] লজ্জিত, ত্রপান্বিত।

ব্রীহি, পুং. [ব্রী+হি] ধান্যমাত্র, শালি, আশুধান্য।

ব্রীহিক, ত্রি. [ব্রীহি+ক] ধান্যবিশিষ্ট, ধান্যযুক্ত। [কলাই।

ব্রীহিকাঞ্চন, পুং. [বীহি+কাঞ্চন] মসুর-

ব্রীহিপর্ণী, স্ত্রী. [ব্রীহি+পর্ণ-ঈ] শালপর্ণী, শালপাইনগাছ।

ব্রীহিভেদ, পুং. [ব্রীহি+ভেদ] ধান্যবিশেষ চিনাধান, তৎপর্য্যায়।—অনু।

ব্রীহিময়, পুং [ব্রীহি+ময়] ব্রীহিনির্ম্মিত পুরোডাশ, ধান্যনির্ম্মিত যজ্ঞীয়দ্রব্য।

ব্রীহিরাজিক, পুং. [ব্রীহি+রাজিক] কঙ্গুধান্য; চীনকধান্য, চীনাধান।

ব্রীহিশ্রেষ্ঠ, পুং. [ব্রীহি+শ্রেষ্ঠ] শালিধান্য, শরৎপক্ক ধান্য।

ব্রীহী, ত্রি. [ব্রীহি+ইন্] ব্রীহিযুক্ত ক্ষেত্রাদি ধান্যযুক্ত ভূম্যাদি।

ব্রীহ্যাগার, ন, [ব্রীহি+আগার] ধান্যগৃহ তৎপর্য্যায়।—কুসূল।

ব্রুবন্, ত্রি. [ব্রু++বৎ] কথয়ন্।

ব্রুবাণ, ত্রি. [ব্রু+আন] বক্তা; বাক্য নিষ্পাদক, কথক।

ব্রৈহ, ত্রি. [ব্রীহি+অ] ব্রীহিনির্ম্মিত, ধান্য সম্বন্ধীয়।

ব্রৈহেয়, ত্রি. [ব্রীহি+এয়] আশুধান্যোপযুক্ত ভূম্যাদি; ব্রীহিসংক্রান্ত।

ভ

ভকার, ব্যঞ্জনেরচতুর্ব্বিংশতিতমবর্ণ পবর্গের চতুর্থবর্ণ, ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, তন্নামানি যথা।—ক্লিন্না; ভ্রমর; ভীম; বিশ্বমূর্ত্তি; নিশাভব; দ্বিরণ্ড; ভূষণ; মূল; যজ্ঞসূত্রবাচক; নক্ষত্র; ভ্রমণা; দীপ্তি; বয়ো; ভূমি; পয়; নভ; নাভি; ভদ্র, মহাবাহু; বিতাণ্ডক; প্রাণাত্মা; তাপিনী; বক্তা; বিশ্বরূপী; চন্দ্রিকা; ভীমসেন; সুধাসেন; সুখ; মায়াপুর; হর।

ভ, ন. [ভ+অ] নক্ষত্র; গ্রহ; রাশি; (পুং.)

ভঁইষ, (প্রা) মুলাপ, মহিষ।
ভইড়, (প্রা) চরণ, অঙ্ঘ্রি, পা।
ভইল, (প্রা) আকৃতি, অবয়ব, চিহ্ন।
ভকার, পুং. [ভ+কার] ভ অক্ষর।
ভক্কিকা, স্ত্রী. [ভক্কিক+আ] ঝিল্লিকা।
ভক্ত, ন. [ভজ+ত] অন্ন, ওদন, ভাত, (ত্রি.) তৎপর, অনুগত, সেবক।
ভক্তকর, পুং. [ভক্ত+কর] কৃত্রিমধূপ, (ত্রি.) ভক্তকারক, পাচক, রাঁধুনী।
ভক্তকার, পুং. [ভক্ত+কার] পাচক, রন্ধনকর্ত্তা, তৎপর্য্যায়।—সূদ, ঔদনিক, গুণ, ভক্ষ্য কার, সূপকার, সূপ আরালিক, বল্লব।
ভক্তচ্ছন্দ, ন. [ভক্ত+ছন্দ] বুভুক্ষা, আহারাদি বাঞ্ছা।
ভক্তজা, স্ত্রী. [ভক্ত+জা] অমৃত, সুধা।
ভক্ততা, স্ত্রী. [ভক্ত+ত-আ] ভক্তত্ব, ভক্তের ভাব।
ভক্ততূর্য্য, ন. [ভক্ত+তূর্য্য] ভোজনকালে বাদনীয়বাদ্যবিশেষ, তৎপর্য্যায়।—নৃপমান।
ভক্তত্ব, ন. [ভক্ত+ত্ব] ভক্ততা, ভক্তের-[ভাব।
ভক্তদ, পুং. [ভক্ত+দ] রক্ষক, ভক্তদায়ক।
ভক্তদাস, পুং. [ভক্ত+দাস] পঞ্চদশ দাসান্তর্গত দাসবিশেষ, অন্নদাস।
ভক্তবৎসল, ত্রি. [ভক্ত+বৎসল] ভক্তানুগ্রাহক, ভক্তের প্রতি স্নেহকারী।
ভক্তবিটল, (প্রা) কাল্পনিকভক্ত, কপটভক্ত; বঞ্চক, শঠ
ভক্তমণ্ড, পুং. [ভক্ত+মণ্ড] অন্নাগ্ররস, ভাতেরমাড়, তৎপর্য্যায়।—মাসর, আচাম, নিঃস্রাব, পিচ্ছা।
ভক্তি, স্ত্রী. [ভজ+তি] বিভাগ; সেবা; গৌণবৃত্তি; ভঙ্গী; শ্রদ্ধা, আনুরক্তি।
ভক্তিমান, ত্রি, [ভক্তি+মৎ] ভক্তিযুক্ত, শ্রদ্ধাবিশিষ্ট
ভক্তিযোগ, পুং. [ভক্তি+যোগ] পরমেশ্বরের ভজন সম্বন্ধ, শ্রদ্ধাযোগ।
ভক্তিযুক্ত, ত্রি. [ভক্তি+যুক্ত] শ্রদ্ধাযুক্ত; উদ্যোগী।

ভক্তিরস, পুং. [ভক্তি+রস] ভক্তিরূপরস, শ্রদ্ধারস; শান্তরস।
ভক্তিরহিত, পুং. [ভক্তি+রহিত] ভক্তিশূন্য, শ্রদ্ধাহীন, শ্রদ্ধারহিত।
ভক্তিল, পুং. [ভক্তি+ল] সাধুঘোটক, উত্তম অশ্ব; (ত্রি.) ভক্তিদাতা; ভক্তিমান।
ভক্ত্যা, (প্রা) নট, নর্ত্তক, ভাঁড়।
ভগ, ন.পুং.[ভজ+অ] স্ত্রীচিহ্ন, তৎপর্য্যায়—যোনি, বরাঙ্গ, উপস্থ, স্মরমন্দির, রতিগৃহ, জন্মবর্ত্ম, অধর, অবাচ্যদেশ, প্রকৃতি, অপথ, স্মরকূপ, অপ্রদেশ, প্রকৃতি, পুষ্পী, সংসারমার্গ, গুহ্য, স্মরাগার, স্মরধ্বজ, রত্যঙ্গ, রতিঙ্গহর, কলত্র, কুল, অধঃ; ক; বীর্য্য; ইচ্ছা; জ্ঞান; বৈরাগ্য; কীর্ত্তি; মাহাত্ম্য; ঐশ্বর্য্য; যত্ন; ধর্ম্ম; মোক্ষ; পুরুষের অপনেও মুষ্কের মধ্যভাগ; স্ত্রী; যশ; সৌভাগ্য; কান্তি; সূর্য্য; শম্ভুবিশেষ; চন্দ্র; পূর্ব্বফল্গুনী নক্ষত্র; (পুং.) রতি, সূর্য্য।
ভগক, ন. [ভগ+ক] নক্ষত্রসমূহ।
ভগণ, পুং. [ভ+গণ] নক্ষত্রসমূহ।
ভগদত্ত, পুং. [ভগ+দত্ত] রাজাবিশেষ, নরকরাজার জ্যেষ্ঠপুত্র, প্রাগ্‌জ্যোতিষ পুরাধিপ।
ভগদৈবত, পুং. [ভগ+দৈবত] পূর্ব্বফল্গুনীনক্ষত্র, বৃহস্পতির জন্মনক্ষত্র।
ভগন্দর, পুং. [ভগ+দর] অপানদেশে ব্রণরোগ বিশেষ, গুহ্যদেশের স্ফোটক।
ভগবতী, স্ত্রী. [ভগ+বৎ-ঈ] গৌরী; পূজ্যা; সরস্বতী; গঙ্গা।
ভগবদ্গীতা, স্ত্রী. [ভগবৎ+গীতা] ভগবানোক্ত জ্ঞানকাণ্ড গ্রন্থবিশেষ।
ভগবদ্ভক্ত, পুং. [ভগ+বৎ-ভক্ত] শ্রীকৃষ্ণ ভক্তিযুক্ত।
ভগবান্, পুং. [ভগ+বৎ] বুদ্ধ; শ্রীকৃষ্ণ; (ত্রি.) পূজ্য; ঐশ্বর্য্যাদি গুণবিশিষ্ট; শোভান্বিত।
ভগাঁল, (প্রা) যে গায়কের গর্দ্দভের ন্যায় বিরক্ত স্বর।

ভগভক্ষক, ত্রি. [ভগ + ভক্ষক] কুণ্ডাশী, কোটনা।

ভগাস্থ, ন. [ভগ+অস্থ] নৃকরোটি, নরমস্তক, মনুষ্যশিরঃ।

ভগালী, পুং. [ভগ + অল-ইন্] শিব, মহাদেব।

ভগিনী, স্ত্রী. [ভগ+ইন্+ঈ] সহোদরা, ভগ্নী, তৎপর্য্যায়।—স্বসা; স্ত্রীমাত্র।

ভগিনীপতি, পুং. [ভগিনী+পতি] স্বসৃভর্ত্তা, বোনাই, তৎপর্য্যায়।—আবুত্ত, ভাম।

ভগীরথ, পুং. [ভগ+ঈরথ] দিলীপরাজপুত্র।

ভগোঃ, পুং. ব্য. [ভগবৎ+ওস্] মানীব্যক্তিদিগের সম্বোধন পদ।

ভগোল, পুং. [ভ + গোল] ভপঞ্জর, নক্ষত্রচক্র।

ভগ্ন, ত্রি. [ভঞ্জ্+ত] পরাজিত; মুটিত, চূর্ণিত, ভাঙ্গা; (ন.) রোগবিশেষ।

ভগ্নপাইক, (প্রা) দূতবিশেষ. ভগ্নদূত।

ভগ্নপাদর্ক্ষ, ন. [ভগ্ন+পাদর্ক্ষ] পুষ্করনামে ষষ্ঠনক্ষত্র।

ভগ্নপ্রত্যাশ, ত্রি. [ভগ্ন+প্রতি+আশা] ভগ্নাশ, ভগ্নচেষ্ট, ভগ্নপ্রতিজ্ঞ।

ভগ্নপৃষ্ঠ, পুং. [ভগ্ন+পৃষ্ঠ] সম্মুখ; চূর্ণিত মেরুদণ্ড।

ভগ্নসন্ধি, পুং. [ভগ্ন+সন্ধি] শরীরের সন্ধিস্থান ভঙ্গরোগ বিশেষ।

ভগ্নসন্ধিক, ন. [ভগ্ন + সন্ধিক] ঘোল, তক্র।

ভগ্নাংশ, পুং, [ভগ্ন+অংশ] খণ্ডিত অংশ, ভাঙ্গা ভাগ।

ভগ্নাত্মা, পুং. [ভগ্ন+আত্মন্] চন্দ্র, শশী, বিধু; ভগ্নস্বরূপ।

ভগ্নাশ, ত্রি. [ভগ্ন+আশা] হতাশ, দীর্ঘতৃষ্ণাভঙ্গযুক্ত, নির্ভরসা।

ভগ্নী, স্ত্রী. [ভঞ্জ+ত-ঈ] ভগিনী, সহোদরা, স্বসা।

ভঙ্কারী, স্ত্রী. [ভ+কার-ঈ] দংশ, ডাঁশ; বাদুড়। [কারক।

ভঙ্গ, পুং. [ভন্জ্+অ] তরঙ্গ, ঊর্ম্মি, ঢেউ; পরাজয়; ভেদ; রোগবিশেষ কৌটিল্য, কুটিলতা; ভয়; বিচ্ছিত্তি, বিচ্ছেদ; রোগমাত্র; গমন; জলনির্গম।

ভঙ্গন, (প্রা) খণ্ডন; পরাজয়করণ, বিদারণ।

ভঙ্গবাসা, স্ত্রী. [ভঙ্গ+বাস-আ] হরিদ্রা, হলুদ।

ভঙ্গসার্থ, ত্রি. [ভঙ্গ+সার্থ] কুটিল, বক্র, বাঁকা।

ভঙ্গা, স্ত্রী. [ভঙ্গ+আ] বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—মাতুলানী; শণাখ্যশস্য; ত্রিবৃতা, তেউড়ী; ভাঙ, ঔষধবিশেষ, সিদ্ধি।

ভঙ্গান, পুং. [ভঙ্গ+অন] মৎস্যবিশেষ, ভাঙ্গনমাছ, তৎপর্য্যায়।—দীর্ঘজঙ্গল।

ভঙ্গারী, স্ত্রী. [ভঙ্গ+অরী] দংশ, কীটবিশেষ, ডাঁশ; বাদুড়।

ভঙ্গি, স্ত্রী. [ভঙ্গ+ই] বিচ্ছেদ; কৌটিল্যবিশেষ; অঙ্গ বিন্যাসবিশেষ; কল্লোল, ঢেউ; ভঙ্গ; ব্যাজ; ছলনিভ।

ভঙ্গিমা, পুং. [ভঙ্গ + ইমন্] ভঙ্গি, অঙ্গ চালনবিশেষ; লীলা; ইঙ্গিত; বক্রতা।

ভঙ্গী, স্ত্রী. [ভন্জ+ঈ] ভঙ্গি, অঙ্গচালনবিশেষ, ভঙ্গিমা।

ভঙ্গীল, ন. ইন্দ্রিয় বৈকল্য।

ভঙ্গুর, ত্রি. [ভন্জ+উর] কুটিল, বক্র; (পুং.) নদীরবাঁক; ধ্বংসশীল, নশ্বর।

ভঙ্গুরা, স্ত্রী. [ভন্জ+উর-আ]অতিবিষালতা; প্রিয়ঙ্গু বৃক্ষ।

ভঙ্গ্য, ন. [ভন্জ+য] ভঙ্গাক্ষেত্র,তৎপর্য্যায়।—ভাঙ্গীন।

ভচক্র, ন. [ভঙ্গ+চক্র] রাশিচক্র, নক্ষত্রচক্র।

ভজৎ, ত্রি. [ভজ+অৎ] ভাগকর্ত্তা; সেবাকর্ত্তা।

ভজন, ন. [ভজ+অন] ভাগ; সেবা, উপাসনা; (পুং.) শব্দধ্বনি।

ভজনা, স্ত্রী. [ভজ+অন-আ] উপাসনা।

ভজনার্হ, ত্রি. [ভজন+অর্হ] সেবাযোগ্য, উপাসনাযোগ্য, উপাস্য।

ভজনীয়, ত্রি. [ভজ+অনীয়] উপাসনীয়, উপাস্য, আরাধনার পাত্র।

ভজমান, ত্রি. [ভজ+মান] ন্যায্য, ন্যায়াগত দ্রব্যাদি; ভাগকর্ত্তা; সেবাকর্ত্তা।

ভজিষ্ণু, ত্রি. [ভজ+ইষ্ণু] উপাসক, সেবক, আরাধনাকারী।

ভজ্যমান, ত্রি. [ভজ+য-মান] সেব্যমান; বিভাজ্যমান, বণ্টনকরা, ভাগকরা।

ভঞ্জক, ত্রি. [ভন্‌জ+অক] ভঞ্জনকর্ত্তা, ভঙ্গকারী; নিষ্পত্তিকারক। [শ্রেয়।

ভঞ্জন্, ত্রি. [ভন্‌জ+অৎ] বর্ত্তমান ভঞ্জনা-

ভঞ্জন, ন. [ভন্‌জ+অন] মোটন, ভাঙ্গন; ভেদন; নাশন।

ভঞ্জনক, পুং. [ভন্‌জন+ক] মুখরোগবিশেষ।

ভঞ্জরু, পুং. [ভন্‌জ+অরু] দেবকুলোদ্ভূততরু, তৎপর্য্যায়।—কাচিম। [বতী।

ভঞ্জা, স্ত্রী. [ভন্‌জ+অ-আ] অন্নপূর্ণা, ভগ-

ভঞ্জিত, ত্রি. [ভন্‌জ+ত] খণ্ডিত; চূর্ণিত; ভাঙ্গন।

ভঞ্জী, ত্রি. [ভন্‌জ+ইন্] খণ্ডক, ভঞ্জনকর্ত্তা।

ভট, পুং. [ভট+অ] যোদ্ধা, বাহিনী, সেনা; রাজদূত; ম্লেচ্ছবিশেষ; বীর; পামরবিশেষ; রজনীচর, নিশাচর; বর্ণসঙ্কর জাতিবিশেষ। [শস্য।

ভটা, স্ত্রী. [ভট+আ] ইন্দ্রবারুণী, রাখাল

ভটিত্র, ন. [ভট+ইত্র] শূলপক্কমাংসাদি, কাবাব, দগ্ধমাংস, পোড়া মাংস।

ভট্ট, পুং. [ভট্ট+অ] জাতিবিশেষ, ভাট; মীমাংসাদি শাস্ত্রবেত্তা; বেদ; উপাধিবিশেষ।

ভট্টা, স্ত্রী. [ভট্ট+আ] বেদোজ্জ্বলা বুদ্ধি।

ভট্টাচার্য্য, পুং. [ভট্ট+আচার্য্য] বেদবিৎ; মীমাংসাদি শাস্ত্রবেত্তা, পণ্ডিত, অধ্যাপক।

ভট্টার, ত্রি. [ভট্ট+আর] পূজ্য, পূজনীয়, মান্য।

ভট্টারক, পুং. [ভট্ট+আরক] নাট্যোক্তি বিষয়ে রাজা; দেব; সূর্য্য; তপোধন; (ত্রি.) পূজ্য, প্রধান, কর্ত্তা।

ভট্টারকবার, পুং. [ভট্টারক+বার] রবিবার, ভানুবাসর।

ভট্টি, পুং. [ভট্ট+ই] স্বনামখ্যাত রামকথাশ্রিত বাক্য।

ভট্টিনী, স্ত্রী. [ভট্ট+ইন্ ঈ] নাট্যোক্তিতে অকৃতাভিষেকা রাজপত্নী; ব্রাহ্মণ ভার্য্যা।

ভট্‌ভট্, (প্রা) পচনশব্দ; প্রতি ধ্বনিবিশেষ।

ভড়, পুং. [ভড়+অ] বর্ণসঙ্কর জাতিবিশেষ, লেট জাতি হইতে তীবর কন্যার গর্ব্ভজাত। (প্রা) নৌকা ও পদবীবিশেষ।

ভড়ক, (প্রা) চাতুরী; গর্ব্ব; ধূর্ত্ততা; ফাঁকী। জাঁক জমক।

ভড়কন, (প্রা) ত্রাসিতহওন, ভীতহওন।

ভড়কান, (প্রা) ভয়ে পলায়ন, বিদ্রাবণ।

ভড়কাল, (প্রা) স্বপ্রকাশক; প্রবঞ্চক; জমকাল; ভয়ঙ্কর।

ভড়ঙ্গ, (প্রা) বাহ্যে জাঁক জমক, দৃশ্যে গৌরব।

ভড়িল, পুং. [ভড়+ইল] সেবক; শূর, বীর, যোদ্ধা। [রণ।

ভণন, ন. [ভণ+অন] নদন, শব্দকরণ; উদাহ-

ভণিত, ত্রি. [ভণ+ইত] শব্দিত, কথিত।

ভণিতা, স্ত্রী. [ভণিত+আ] গ্রন্থকর্ত্তার নাম প্রকাশ।

ভণিতি, স্ত্রী. [ভণ+ইতি] বাক্য কথন।

ভণ্টাকী, স্ত্রী. [ভণ্ট+আক-ঈ] বার্ত্তাকী, বেগুণ; বৃহতী, ব্যাকুড়।

ভণ্টুক, পুং. [ভণ্ট+উক] শোনাকবৃক্ষ, শোনাইল গাছ।

ভণ্ড, পুং. [ভণ্ড+অ] অশ্লীলভাষী, ভাঁড়, তৎপর্য্যায়।—চাটুপটু।

ভণ্ডক, পুং. [ভণ্ড+ক] খঞ্জন পক্ষী।

ভণ্ডতা, স্ত্রী. [ভণ্ড+ত-আ] ভণ্ডামি, ভাঁড়ামি।

ভণ্ডন, ন. [ভণ্ড+অন] কবচ; যুদ্ধ; খলীকার, অপকার।

ভণ্ডহাসিনী, স্ত্রী. [ভণ্ড+হসিন্-ঈ] গণিকা, বারবিলাসিনী, বেশ্যা।

ভণ্ডামী, (প্রা) চাতুরী, ধূর্ত্ততা, ভণ্ডতা।

ভণ্ডি, স্ত্রী. [ভণ্ড+ই] বীচি, তরঙ্গ, ঢেউ।

ভণ্ডিকা, স্ত্রী. [ভণ্ড+ইহ-আ] লতাবিশেষ, মঞ্জিষ্ঠালতা।

ভণ্ডির, পুং. [ভণ্ড+ইর] শিরীষবৃক্ষ।

ভণ্ডিল, পুং. [ভণ্ড+ইল] শিরীষবৃক্ষ; (ত্রি.) শুভ; দূত; শিল্পী।

ভণ্ডী, স্ত্রী. [ভণ্ড+ঈ] মঞ্জিষ্ঠালতা; শিরীষবৃক্ষ। [লতা।

ভণ্ডীতকী, স্ত্রী. [ভণ্ডীতক+ঈ] মঞ্জিষ্ঠা-

ভণ্ডীর, পুং. [ভণ্ড+ঈর] সমষ্ঠিলক্ষুপ, তণ্ডুলীয় শাক; শিরীষবৃক্ষ।

ভণ্ডীরলতিকা, স্ত্রী. [ভণ্ডীর+লতিকা] মঞ্জিষ্ঠালতা।

ভণ্ডীরী, স্ত্রী. [ভণ্ডীর+ঈ] মঞ্জিষ্ঠালতা

ভণ্ডীল, পুং. [ভণ্ড+ল] মঞ্জিষ্ঠালতা।

ভণ্ডুল, (প্রা) প্রবঞ্চনা; বাধা, বিঘ্ন।

ভণ্ডুলীয়া, (প্রা) ধূর্ত্ত, প্রবঞ্চক, ঠক।

ভণ্ডুক, পুং. [ভণ্ড+উক] মৎস্যবিশেষ, ভাকুর; (পুং.) শ্যোনাকবৃক্ষ।

ভণ্ডুর, ন. [ভণ্ড+উর] প্রবঞ্চনা; ভঙ্গ; বিঘ্ন।

ভণ্‌ভণান, (প্রা) ভ্রমরের শব্দ, ঘুণ ঘুণান

ভদন্ত, পুং. [ভ+দন্ত] সৌগতাদি বুদ্ধবিশেষ; মায়াদেবীপুত্র; সুতেজঃ; (ত্রি.) পূজিত।

ভদাক, পুং. ন. [ভদ+অক] মঙ্গল, কল্যাণ, শুভ।

ভদ্র, ন. [ভদ্‌+র] মঙ্গল, শুভ; মুস্ত, মুতা; কাঞ্চন, স্বর্ণ; (ন.স্ত্রী.) করণবিশেষ, বিষ্টিকরণ; (পুং.) শিব; খঞ্জরীট; বৃষভ; কদম্বক; হস্তিজাতিবিশেষ; নবশুক্রবলান্তর্গত বলদেব, রামচর; সুমেরু; সুহী, মনসাগাছ; কায়স্থ মৌলিক জাতির পদ্ধতিবিশেষ; (ত্রি.) শ্রেষ্ঠ; সাধু।

ভদ্রক, পুং. [ভদ্র+ক] দেবদারুবৃক্ষ; (ন.) ; (ত্রি.) মনোজ্ঞ; দেশবিশেষ।

ভদ্রকণ্ট, পুং. [ভদ্র+কণ্ট] গোক্ষুর, গেখুরা

ভদ্রকালী, স্ত্রী. [ভদ্র+কালী] গন্ধোলী; কাত্যায়নী; গঙ্গার পশ্চিমতীরস্থ গ্রামবিশেষ।

ভদ্রকাশী, স্ত্রী. [ভদ্র+কাশ-ঈ] ভদ্রমুস্তা।

ভদ্রকুম্ভ, পুং. [ভদ্র+কুম্ভ] পূর্ণকুম্ভ, জলপূর্ণ ঘট।

ভদ্রগন্ধিকা, স্ত্রী. [ভদ্র+গন্ধিক-আ] মুস্তক, মুতা।

ভদ্রঙ্কর, ত্রি. [ভদ্রম্‌+কর] মঙ্গলকারক, তৎপর্য্যায়।—ক্ষেমঙ্কর, ক্ষেমকার, শুভঙ্কর, অরিষ্টতাতি, শিবতাতি, শঙ্কর।

ভদ্রচূড়, পুং. [ভদ্র+চূড়] বৃক্ষবিশেষ, লঙ্কাস্থায়ী, লঙ্কাসিজ। [যব।

ভদ্রজ, পুং. [ভদ্র+জন্‌-অ] ইন্দ্রযব, ভদ্র-

ভদ্রতরুণী, স্ত্রী. [ভদ্র+তরুণী]

ভদ্রতা, স্ত্রী. [ভদ্র+ত+আ] সাধুতা, বিশিষ্টতা; মঙ্গল, কল্যাণ।

ভদ্রতুরগ, ন. [ভদ্র+তুরগ] জম্বুদ্বীপের নববর্ষের অন্তর্গত দেশবিশেষ।

ভদ্রত্ব, ন. [ভদ্র+ত্ব] শ্রেয়ঃ, শুভ; সাধুত্ব, বিশিষ্টত্ব

ভদ্রদন্তিকা, স্ত্রী. [ভদ্র+দন্তিকা] দন্তীবৃক্ষবিশেষ, ভদ্রদন্তীগাছ, তৎপর্য্যায়।—কেশরুহা, ভিষগ্‌ভদ্রা, জয়াবহা, আবর্ত্তকী, স্বরাঙ্গী, জয়াহ্বা।

ভদ্রদারু, ন. পুং. [ভদ্র+দারু] দেবদারুবৃক্ষ; সরলকাষ্ঠ।

ভদ্রদার্ব্বাদিক, পুং. [ভদ্র+দারু+আদিক] ঔষধগণবিশেষ।

ভদ্রদ্বেষী, ত্রি. [ভদ্র+দ্বেষিন্‌] শ্রেষ্ঠদ্বেষী, সাধুর প্রতি দ্বেষকারী; অসৎ।

ভদ্রনামা, পুং. [ভদ্র+নামন্‌] কাষ্ঠকুটপক্ষী, কাঠঠোকরাপাখী।

ভদ্রনাসিকা, স্ত্রী. [ভদ্র+নাসিকা] ত্রায়ন্তী বৃক্ষ, বহলাগাছ। [শেষ।

ভদ্রনিধি, পুং. [ভদ্র+নিধি] মহাদানবি-

ভদ্রপদা, স্ত্রী. [ভদ্র+পদ-আ] ভাদ্রপদা, পূর্ব্বভাদ্রপদ ও উত্তরভাদ্রপদনক্ষত্র।

ভদ্রপর্ণা, স্ত্রী. [ভদ্র+পর্ণ-আ] কটম্ভরাবৃক্ষ।

ভদ্রপর্ণী, স্ত্রী. [ভদ্র+পর্ণ-ঈ] গাম্ভারীবৃক্ষ, গামারগাছ; প্রসারিণী। [বৃৎ।

ভদ্রবৎ, ন. [ভদ্র+বৎ] দেবদারুবৃক্ষ; সাধু-

ভদ্রবল্লী, স্ত্রী. [ভদ্র+বৎ-ঈ] ভদ্রপর্ণী, গামার গাছ।

ভদ্রবর্ম্মা পুং. [ভদ্র+বর্ম্মন্‌] নবমল্লিকাপুষ্প বৃক্ষ।

ভদ্রবলন, পুং. [ভদ্র+বলন] বলরাম, বলভদ্র।

ভদ্রবলা, স্ত্রী. [ভদ্র+বল-আ] লতাবিশেষ, গন্ধভাদলিয়ালতা, তৎপর্য্যায়।—সরণা, প্রসারণী, কটম্ভরা, রাজবলা; বলানামক ঔষধবিশেষ।

ভদ্রবল্লিকা, স্ত্রী. [ভদ্র+বল্লিকা] গোপবল্লী, অনন্তমূল।

ভদ্রবল্লী, স্ত্রী. [ভদ্র+বল্লী] মল্লিকা; মাধবী লতা; লতাবিশেষ; মদনমালী, হাপরমালী, তৎপর্য্যায়।—শাতভীরু, ভূমিমণ্ডা, অষ্টপাদিকা।

ভদ্রমল্লিকা, স্ত্রী. [ভদ্র+মল্লিকা] গবাক্ষী, গোমুক্।

ভদ্রমুঞ্জ, পুং. [ভদ্র+মুঞ্জ] মুঞ্জতৃণবিশেষ, রামশর, শরপত, তৎপর্য্যায়।—শর, বাণ, তেজন, ইক্ষুবেষ্টন; মুঞ্জ, যথা।—মুঞ্জাতক, বাণ, স্থূলদর্ভ, সুমেধস।

ভদ্রমুস্তক, পুং. [ভদ্র+মুস্তক] নাগরমুস্তক, নাগরমুতা।

ভদ্রমুস্তা, স্ত্রী. [ভদ্র+মুস্ত-আ] ভদ্রমুস্তক, নাগরমুতা, তৎপর্য্যায়।—বরাহী, গুন্দ্রা, গ্রন্থি, ভদ্রকাশী, কশেরু, ক্রোড়েষ্টা, কুরুবিন্দাখ্যা, সুগন্ধি, গ্রন্থিলা, হিমা, বল্যা, রাজকশেরু, কচ্ছোত্থা, মুস্তা, অর্ণোদ, বারিদ, অম্ভোদ, মেঘ, জীমূত, অব্দ, নীরদ, অভ্র, ঘন, গাঙ্গেয়।

ভদ্রযব, ন. [ভদ্র+যব] ইন্দ্রযব, ভদ্রজ।

ভদ্ররেণু, পুং. [ভদ্র+রেণু] ঐরাবতহস্তী, ইন্দ্রহস্তী।

ভদ্রশ্রয়, ন. [ভদ্র+শ্রয়] চন্দন, গন্ধ।

ভদ্রশ্রী, পুং. [ভদ্র+শ্রী] চন্দনবৃক্ষ।

ভদ্রসমাচার, পুং. [ভদ্র+সম্+আচার] সুসমাচার, কুশল সম্বাদ।

ভদ্রসোমা, স্ত্রী. [ভদ্র+সোম-আ] গঙ্গা, সুরনদী, ভাগীরথী।

ভদ্রা, স্ত্রী. [ভদ্র+আ] রাস্না, স্বর্ণামধ্যাত লতাবিশেষ; নীলবৃক্ষ, ব্যোমনদী; তিথিবিশেষ, যথা।—দ্বিতীয়া, সপ্তমী, দ্বাদশী; প্রসারিণী, গন্ধভাদালিয়ালতা; কট্‌ফল; অনন্তা; জীবন্তীবৃক্ষ; অপরাজিতালতা; ঔষধবিশেষ, বলা; শমী, শাঁই; বচা, বচ্; দন্তীবৃক্ষ; হরিদ্রা; শ্বেতদূর্ব্বা; কাশ্মরী, গামারবৃক্ষ; সারিবা বিশেষ; গাভী; দ্রৌপদী; কাকোড়ুম্বরিকা; গঙ্গারস্রোতবিশেষ, কুরুবর্ষীয় গঙ্গা, বুদ্ধশক্তিবিশেষ, তৎপর্য্যায়।—তারা, মহাশ্রী, ওঙ্কারা, স্বাহা, মনোরমা, তারিণী, জয়া, অনন্তা, শিবা, লোকেশ্বরাত্মজা, খদূরবাসিনী, বৈশ্যা, নীলসরস্বতী, শঙ্খিনী, মহাতারা, বসুধারা, ধনন্দদা, ত্রিলোচনা; ছায়াগর্ব্ভ জাতা সূর্য্যকন্যা; সুভদ্রা; বিষ্টিভদ্রা।

ভদ্রাকরণ, ন. [ভদ্রা+করণ] মুণ্ডন, মুড়ান।

ভদ্রাত্মজ, পুং. [ভদ্র+আত্মজ] খড়্গ, অসি, খাঁড়া।

ভদ্রাবতী, স্ত্রী. [ভদ্রা+বৎ+ঈ] কট্‌ফলবৃক্ষ।

ভদ্রাভদ্র, (প্রা) শুভাশুভ, মঙ্গলামঙ্গল।

ভদ্রাভদ্রজ্ঞান, (প্রা) শুভাশুভজ্ঞান, হিতাহিতবোধ।

ভদ্রারক, পুং. [ভদ্র+আরক] অষ্টাদশ ক্ষুদ্র দ্বীপান্তরগর্ত দ্বীপবিশেষ। [গন্ধালী।

ভদ্রালপত্রিকা, স্ত্রী. [ভদ্রাল+পত্রিকা]

ভদ্রালী, স্ত্রী. [ভদ্র+অলী] গন্ধালী।

ভদ্রাশ্ব, ন. [ভদ্র+অশ্ব] পৃথিবীর নববর্ষান্তর্গত বর্ষবিশেষ।

ভদ্রাশ্রয়, পুং. [ভদ্র+আশ্রয়] চন্দন, গন্ধ।

ভদ্রাসন, ন. [ভদ্র+আসন] নৃপাসন, সিংহাসন; বসতিবাটী; যোগাসনবিশেষ।

ভদ্রেশ্বর, পুং. [ভদ্র+ঈশ্বর] কল্পগ্রামস্থ শিব; দুর্গার আরাধিত হিমালয়স্থপার্থিব শিবলিঙ্গ; গঙ্গার পশ্চিম তীরে গরিটী গ্রামের উত্তরস্থিত গ্রামবিশেষ।

ভদ্রৈলা, স্ত্রী. [ভদ্র+এলা] স্থূলৈলা, বড়এলাইচ।

ভদ্রোদনী, স্ত্রী. [ভদ্র+উদন-ঈ] বলানামক ঔষধবিশেষ; নাগবলা।

ভন্দড় (প্রা) জলমার্জ্জার বৎ জন্তুবিশেষ।

ভন্দিল, ন. [ভন্দ্+ইল] শুভ, মঙ্গল; কম্প; দূত।

ভনৃগুক, পুং. [ভনৃগু+ক] ভারতবর্ষান্তর্গত দেশবিশেষ।
ভপঞ্জর, ন. [ভ+পঞ্জর] নক্ষত্রচক্র, রাশিচক্র।
ভপতি, পুং. [ভ+পতি] চন্দ্র, শশী।
ভব, ন. [ভূ+অ] ফলবিশেষ, ভব্য, চালতা; (পুং.) জন্ম; শিব; ক্ষেম, মঙ্গল; সংসার; সত্তা; প্রাপ্তি; জলমূর্ত্তি।
ভবক, পুং. [ভব+ক] আশীর্ব্বাচক, আশীর্ব্বাদ কর্ত্তা। [বনাগ্নি।
ভবঘস্মর, পুং. [ভব+ঘস্মর] দাবানল,
ভবৎ, ত্রি. [ভূ+অৎ] যুষ্মদর্থ; বর্ত্তমানার্থ; (স্ত্রী.) বাণবিশেষ।
ভবতী, স্ত্রী [ভূ+অৎ-ঈ] বাণবিশেষ, বিষাক্তবাণ; দীপ্তিমতী।
ভবদারু, ন. [ভব+দারু] দেবদারুবৃক্ষ।
ভবদীয়, ত্রি. [ভবৎ+ঈয়] যুষ্মৎসম্বন্ধীয়, তোমার। [হওন।
ভবন, ন. [ভূ+অন] গৃহ; ভাব; উৎপত্তি
ভবনাশিনী, স্ত্রী. [ভব+নাশিনী] সরযূনদী; দুর্গা, সংসারমোচিনী।
ভবনীয়, ত্রি. [ভূ+অনীয়] ভবিতব্য, ভব্য, উৎপত্ত্যর্হ, উৎপন্ন হইবার যোগ্য।
ভবন্ত, পুং. [ভূ+অৎ] কালবিশেষ, বর্ত্তমান কাল।
ভবন্তি, পুং. [ভূ+অৎ] বর্ত্তমানকাল, উপস্থিত কাল।
ভবভূতি, পুং. [ভব+ভূতি] কবিবিশেষ, ভোজরাজার সভাস্থিত পণ্ডিত, মালতী মাধবাদি নাটক কর্ত্তা, তৎপর্য্যায়।— ভূগর্ভ; মহাদেবের ঐশ্বর্য্য।
ভবরুৎ, স্ত্রী. [ভব+রুদ্] প্রেতপটহ, মরণ কালে বাদনীয় বাদ্যবিশেষ।
ভবসমুদ্র, পুং [ভব+সমুদ্র] ভবসাগর, ভবার্ণব, সংসার সমুদ্র।
ভবাত্মজা, স্ত্রী. [ভব+আত্মজ-আ] মনসাদেবী, বিষহরী।
ভবাদৃক্, ত্রি. [ভবৎ+দৃশ্] যুষ্মৎসদৃশ, তোমার তুল্য।
ভবাদৃশ, ত্রি. [ভবৎ+দৃশ] যুষ্মৎসদৃশ, তোমার তুল্য।
ভবাদৃক্ষ, ত্রি. [ভবৎ+দৃশ্-ষ] যুষ্মৎসদৃশ, তোমার তুল্য।
ভবান্, পুং. [ভূ+অৎ] যুষ্মদর্থ, তুমি।
ভবানীগুরু, পুং. [ভবানী+গুরু] হিমালয়-পর্ব্বত।
ভবাব্ধি, পুং. [ভব+অব্ধি] সংসাররূপ সমুদ্র, ভবসাগর।
ভবাভীষ্ট, পুং. [ভব+অভীষ্ট] গুগ্গুলু; শিবের বাঞ্ছিত।
ভবাম্বুধি, পুং. [ভব+অম্বুধি] ভবসাগর, সংসাররূপ সমুদ্র।
ভবায়না, স্ত্রী. [ভব+অয়ন-আ] গঙ্গা, সুরনদী।
ভবিক, ন. [ভব+ইক] মঙ্গল, শুভ, কল্যাণ; (ত্রি.) মঙ্গলবিশিষ্ট। [মঙ্গল।
ভবিকা, স্ত্রী. [ভবিক+আ] কল্যাণ, শুভ,
ভবিত, ত্রি. [ভূ+ইত] অতীতোৎপত্তিক, ভূত, অতীত।
ভবিতব্য, ত্রি. [ভূ+ইতব্য] ভবনীয়, ভব্য; ঈশ্বরাধীনকর্ম্ম; বিধিনিরূপিত।
ভবিতব্যতা, স্ত্রী. [ভূ+ইতব্য-ত-আ] ভাগ্য, অদৃষ্ট কপাল।
ভবিতা, ত্রি. [ভূ+ইতৃ] ভবনশীল, সাধু ভবনশীল, তাৎপর্য্য।— ভূষ্ণু, ভবিষ্ণু।
ভবিন, পুং. [ভূ+ইন] কাব্যকর্ত্তা।
ভবিল, পুং. [ভূ+ইল] যিড়্গ, লম্পট; ভব্য, উত্তম।
ভবিষ্ণু, ত্রি. [ভূ+ইষ্ণু] ভবিতা, ভবনশীল।
ভবিষ্য, ত্রি. [ভূ+ইষ্য] ভবিষ্যৎকাল; (ন.) পুরাণবিশেষ।
ভবিষ্যজ্জ্ঞান, ন. [ভবিষ্যৎ+জ্ঞান] ভাবিজ্ঞান, ভবিষ্যদ্বোধ।
ভবিষ্যৎ, ত্রি. [ভূ+ই-স্যৎ] কালবিশেষ-বর্ত্তমানকালের প্রাগ্ভাব প্রতি যোগিকাল, তৎপর্য্যায়।—অনাগত, শ্বস্তন, প্রগেতন, বৎশ্যৎ বর্ত্তিষ্যমান, আগামি, ভাবি।
ভবিষ্যদ্বক্তা, পুং. [ভবিষ্যৎ+বক্তৃ] ভাবিকথক, অনাগত বিষয়ের বক্তা।

ভবিষ্যদ্বাদী, ত্রি. [ভবিষ্যৎ+বাদিন্] যে ব্যক্তি ভবিষ্যৎ কথা বলে।

ভব্য, ন. [ভূ+য] ফলবিশেষ, চালতাফল, তৎপর্য্যায়।—ভব, ভবিষ্য, ভাবন, বক্ত্র শোধন, লোমফল, পিচ্ছিলবীজ; অস্থি; (ত্রি.) শুভ; সত্য; যোগ্য; ভাবি; (পুং) কর্ম্মরঙ্গবৃক্ষ, কামরাঙ্গা; (পুং.ন.) রসবিশেষ; শিষ্ট; শান্ত।

ভব্যতা, স্ত্রী. [ভব্য+ত-আ] সৌজন্য; শিষ্টতা; বিজ্ঞতা।

ভব্যত্ব, ন. [ভব্য+ত্ব] শিষ্টতা, সৌজন্য, শিষ্টাচার। [গজপিপ্পলী।

ভব্যা, স্ত্রী. [ভব্য+আ] উমা, পার্ব্বতী;

ভমরী, (হি) কাষ্ঠাদিবেধন অস্ত্র, তুরপণ।

ভম্ভ, পুং. [ভম+ভ-অ] ধূম; মক্ষিকা, মাছি।

ভম্ভরালিকা, স্ত্রী. [ভম্+ভরা+ল-ইকা] ভঙ্কারী, ডাঁশ। [মাছি।

ভম্ভরালী, স্ত্রী. [ভম্+ভরা+ল-ঈ] মাক্ষিকা,

ভম্ভসার, পুং. [ভম্ভ+সার] মগধরাজবিশেষ, তৎপর্য্যায়।—শ্রেণিক।

ভয়, ন. [ভী+অ] ত্রাস, তৎপর্য্যায়।—দর, ভীতি, ভী, সাধ্বস, রুত্রাস, সাধুসংভব, প্রতিভয়, আতঙ্ক, আশঙ্কা, ভিয়া; কুব্জকপুষ্প; (ত্রি.) ঘোর, ভয়ানক; (পুং.) রোগ।

ভয়খেকুয়া, (গ্রা) শঙ্কান্বিত, ত্রাসিত, ভীত।

ভয়ঙ্কর, ত্রি. [ভয়ম্+কর] ভয়জনক, তৎপর্য্যায়।—ভৈরব, দারুণ, ভীষণ, ভীষ্ম, ঘোর, ভীম, ভয়ানক, প্রতিভয়, ভয়াবহ; ডুণ্ডুলপক্ষী।

ভয়ডিণ্ডিম, পুং. [ভয়+ডিণ্ডিম] সংগ্রাম পটহ, রণবাদ্য।

ভয়দ, ত্রি. [ভয়+দ] ভয়ঙ্কর, ভয়প্রদ।

ভয়দ্রুত, ত্রি. [ভয়+দ্রুত] ভয়েপলায়িত, তৎপর্য্যায়।—কান্দিশীক।

ভয়নাশিনী, স্ত্রী. [ভয়+নাশিন্+ঈ] ত্রায় মাণালতা; ভয়নাশকর্ত্রী; অভয়া, দুর্গা।

ভয়ভীত, ত্রি. [ভয়+ভীত] ভয়ে আতঙ্কিত, ত্রাসে শঙ্কিত।

ভয়ভ্রষ্ট, ত্রি. [ভয়+ভ্রষ্ট] ভয়দ্রুত, ভয়ে পলায়িত।

ভয়শীল, ত্রি. [ভয়+শীল ভয়যুক্ত, ত্রাসিত, ভীত।

ভয়াতুর, ত্রি. [ভয়+আতুর] ভয়পীড়িত, ভয়কাতর।

ভয়ানক, পুং. [ভী+আনক] ব্যাঘ্র; রাহু; রসবিশেষ, শৃঙ্গারাদি অষ্টরসান্তর্গত ষষ্ঠ রস; (ত্রি.) ভয়ঙ্কর, ভয়জনক

ভয়ান্বিত, ত্রি. [ভয়+অন্বিত] ভীত, ভীরু, ত্রাসযুক্ত।

ভয়াপহ, পুং. [ভয়+অপহ] রাজা, নৃপতি।

ভয়াবহ, ত্রি. [ভয়+আবহ] ভয়ঙ্কর, ভয়জনক।

ভয়ার্ত্ত, ত্রি. [ভয়+আর্ত্ত] ভয়াতুর, ভীত।

ভয়ৈকপ্রবণ, ত্রি. [ভয়+এক+প্রবণ] ভয়ে অভিভূত।

ভয়োত্তর, ত্রি. [ভয়+উত্তর] ভয়সংযুক্ত, ভয়ের সহিত যাত

ভর, পুং. [ভৃ+অ] অতিশয়; (ত্রি.) ভরণকর্ত্তা, পোষণকারী; ভার, গুরুত্ব।

ভরট, পুং. [ভৃ+অট] কুম্ভকার, কুমার।

ভরণ, ন. [ভৃ+অন] বেতন; ভৃতি; পোষণ; (পুং.) ভরণীনক্ষত্র; পূর্ণকরণ; নিষ্পাদন।

ভরণী, স্ত্রী. [ভৃ+অন-ঈ] ঘোষকলতা; অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত দ্বিতীয় নক্ষত্র, তৎপর্য্যায়।—যমদৈবতা।

ভরণীভূ, পু. [ভরণী+ভূ] রাহুগ্রহ।

ভরণীয়, ত্রি. [ভৃ+অনীয়] ভরণযোগ্য, পোষ্য, পোষণীয়।

ভরণ্ড, পুং. [ভৃ+অণ্ড] স্বামী; ভূপাল, রাজা; বৃষ; ভূমি; কৃমি, কীট।

ভরণ্য, ন. [ভরণ+য] মূল্য; বেতন।

ভরণ্যভুক্, ত্রি. [ভরণ্য+ভুজ্] কর্ম্মকর, মূল্য লইয়া কর্ম্মকারক।

ভরণ্যা, স্ত্রী. [ভরণ+য-আ] বেতন; মূল্য, দায়।

ভরণ্যাহ্বা, স্ত্রী. [ভরণী+আহ্বা] পর্ব্বপুষ্পী, রামদূতী।

ভরণ্যু, পুং. [ভৃ+অন্যু] শরণ্যু, মিত্র; অগ্নি; চন্দ্র; ঈশ্বর।

ভরত, পুং. [ভৃ+অত] নাট্যশাস্ত্র; মুনিবিশেষ, অলঙ্কারাদি শাস্ত্রেরসূত্রকর্ত্তা; নট; রামানুজ; দৌষ্মন্তি, তৎপর্য্যায়।—শাকুন্তলেয়, সর্ব্বদমন; শবর, ব্যাধ; তন্তুবায়; ক্ষেত্র; ভরতাত্মজ, ঋষভদেবের ইন্দ্রদত্ত জয়ন্ত কন্যাজাত শতপুত্রান্তর্গত জ্যেষ্ঠপুত্র; অগ্নিপুত্র; পক্ষীবিশেষ

ভরতখণ্ড, ন. [ভরত+খণ্ড] ভারতবর্ষান্তর্গত কুমারিকাখণ্ড। [নর্ত্তক।

ভরতপুত্রক, পুং. [ভরত+পুত্রক] নট,

ভরতপ্রসূ, স্ত্রী. [ভরত+প্রসূ] কেকয়ী; ভরতজননী।

ভরতবর্ষ, ন. [ভরত+বর্ষ] ভরতরাজ্য,ভারতবর্ষ। [চন্দ্র।

ভরতাগ্রজ, পুং. [ভরত+অগ্রজ] শ্রীরাম-

ভরথ, পুং. [ভৃ+অথ] লোকপাল।

ভরদ্বাজ, পুং. [ভরৎ+বাজ] মুনিবিশেষ, উতথ্যপত্নী মমতার গর্ব্ভে বৃহস্পতির ঔরসেজাত; পক্ষিবিশেষ; ভারুই, তৎপর্য্যায়।—ব্যাঘ্রাট, ভরদ্বাজক; গোত্রবিশেষ।

ভরদ্বাজক, পুং. [ভরদ্বাজ+ক] ব্যাঘ্রাট পক্ষী, ভারুই।

ভরপুর, (প্রা) পরিপূর্ণ, সম্পূর্ণ।

ভরসা, (প্রা) আশা, আশ্বাস; সাহস।

ভরসাভী, (প্রা) অসাপন্ন; সাহসান্বিত, সাহসী।

ভরা, (প্রা) ভরাট; পরিপূর্ণ; ভারযুক্ত।

ভরাণি, (প্রা) বেতন; পূর্ণকরণ।

ভরাবুড়ি, (প্রা) পরিপূর্ণ নৌকা জলমগ্ন; বোঝাই নৌকাবুড়ি; সর্ব্বনাশ, পরিবারের সহিত সকলের নাশ।

ভরাভর, (প্রা) পরিপূর্ণ; জনতা নির্ভরকরণ।

ভরিণী, [ভৃ+অন+ঈ] হরিদ্বর্ণ, সবুজরং।

ভরিত, ত্রি. [ভৃ+ইত] হরিদ্বর্ণ, সবুজরং; পুষ্ট; ভারযুক্ত।

ভরিমা, পুং. [ভৃ+ইমন্] ভরণ, পোষণ, পালন।

ভরু, পুং. [ভৃ+উ] বিষ্ণু; সমুদ্র; স্বামী; স্বর্ণ; শিব।

ভরুজ, পুং. [ভরু+জন্-অ] ক্ষুদ্রশৃগাল, ছোটশিয়াল। [মাছ।

ভরুটক, ন. [ভরুট+ক] ভৃষ্টামিষ, ভাজা

ভর্গ, পুং. [ভ্রস্‌জ+অ] শিব; জ্যোতিঃ, সূর্য্যের অন্তর্গত তেজঃ, ভর্জন, ভাজা।

ভর্গ্য, পুং. [ভর্গ+য] শিব; জ্যোতিঃ; সূর্য্যের অন্তর্গত তেজঃ, ভর্জন, ভাজা।

ভর্জ্জন, ন. [ভ্রস্‌জ+অন] ভৃষ্টি, ভাজনা।

ভর্জ্জনপাত্র, ন. [ভর্জ্জন+পাত্র] ভাজনাখোলা, ভাজাখোলা।

ভর্জ্জনকপাল, ন. [ভর্জ্জন+কপাল] ভাজা খোলা।

ভর্জ্জিত, ত্রি. [ভ্রস্‌জ+ইত] ভৃষ্ট, ভাজা, জলসংযোগ বিনা পক্ব। [ণীয়।

ভর্ত্তব্য, ত্রি. [ভৃ+তব্য] ভরণীয়, পোষ-

ভর্ত্তা, পুং. [ভৃ+তৃ] অধিপতি, তৎপর্য্যায়।—অধিপ, ঈশ, নেতা, পরিবৃঢ়, অধিভু, পতি, ইন্দ্র, স্বামী, নাথ, আর্য্য, প্রভু, ঈশ্বর, বিভু, ঈশিতা, ইন, নায়ক; (ত্রি.) ধাতা; পোষ্টা।

ভর্ত্তি, (প্রা) পরিপূর্ণতা, বোঝাই; নিযুক্ত।

ভর্ত্তৃ, পুং. [ভৃ+তৃ] পতি, স্বামী; ভরণকর্ত্তা।

ভর্ত্তৃঘ্নী, স্ত্রী. [ভর্ত্তৃ+ঘ্ন-ঈ] পতিঘাতিনী, স্বামি বিনাশিনী।

ভর্ত্তৃদারক, পুং. [ভর্ত্তৃ+দারক] নাট্যোক্তিতে যুবরাজ।

ভর্ত্তৃদারিকা, স্ত্রী. [ভর্ত্তৃদারক+ইকা] নাট্যোক্তিতে রাজপুত্রী।

ভর্ত্তৃপরমা, স্ত্রী. [ভর্ত্তৃ+পরমা] পতিব্রতা, সাধ্বী, সতী।

ভর্ত্তৃহরি, পুং. [ভর্ত্তৃ+হরি] স্বনামখ্যাত কাব্যকর্ত্তা রাজা বিশেষ, বিক্রমাদিত্য রাজার জ্যেষ্ঠভ্রাতা।

ভর্ৎসক, ত্রি. [ভর্ৎস+অক] তিরস্কারকারক, নিন্দক।

ভর্ৎসন, ন. [ভর্ৎস+অন] অপকারগী, তৎপর্য্যায়।—কুৎসা, নিন্দা, জুগুপ্সা,

গর্হা, গর্হণ, নিন্দন, কুৎসন, পরিবাদ, পরীবাদ, জুগুপ্সন, আক্ষেপ, অবর্ণ, নির্ব্বাদ, অপক্রোশ।

ভৎর্সনা, স্ত্রী. [ভৎর্স+অন-আ] তিরস্কার, নিন্দা; ধমকান।

ভৎর্সনার্হ, ত্রি. [ভৎর্সন+অর্হ] তিরস্কার যোগ্য, নিন্দনীয়।

ভৎর্সপত্রিকা, স্ত্রী. [ভৎর্স+পত্রিকা] মহা-নীলী। [প্রাপ্ত।

ভর্ৎসিত, ত্রি. [ভৎর্স+ইত] তিরস্কৃত,ভৎর্সনা

ভর্ম্ম, ন. [ভৃ+মন্] ভৃতি, বেতন; নাভি, নাই; স্বর্ণ; ধুস্তূর, ধুতুরা।

ভর্ম্মণ্যা, স্ত্রী. [ভর্ম্মন্+য-আ] বেতন, কর্ম্ম মূল্য।

ভলতা, স্ত্রী. [ভল+ত-আ] রাজবলা

ভলন্দন, পুং. [ভলং+দন] কান্যকুব্জদেশীয় নৃপবিশেষ, বৃষভানুরশ্বশুর।

ভল্ল, পুং. [ভল্ল+অ] ভল্লুক, ভালুক; (পুং.ন.) শস্ত্রবিশেষ, ভালা।

ভল্লক, পুং. [ভল্ল+ক] ভল্লুক, ভালুক।

ভল্লপুচ্ছী, স্ত্রী. [ভল্ল+পুচ্ছ-ঈ] গবেশকা, গোরক্ষতণ্ডুলা, গোরকচাউল।

ভল্লাট, পুং. [ভল্ল+অট] শশিধ্বজরাজপুর, চন্দ্রধ্বজ রাজার পুরী।

ভল্লাত, পুং. [ভল্ল+অত] বৃক্ষবিশেষ, ভল্লাতকবৃক্ষ, ভেলা।

ভল্লাতক, পুং. [ভল্লাত+ক]বৃক্ষবিশেষ,ভেলা, তৎপর্য্যায়।—অরুষ্ক, অরুষ্কর, ভল্লাত, শোথহৃৎ বহ্নিনামা, বীরতরু, ব্রণকৃৎ, ভূতনাশন, ভল্লাতকী, অগ্নিমুখী, বীরবৃক্ষ; নিদর্হন, তপন, অনল, ক্রিমিঘ্ন, শৈলবীজ, বাতারি, স্ফোটবীজক, পৃথবীজ, ধনুর্বৃক্ষ, বীজপাদপ, বহ্নি।

ভল্লাতকী, স্ত্রী. [ভল্লাতক+ঈ] বৃক্ষবিশেষ, ভল্লাতকবৃক্ষ, ভেলা।

ভল্লিকা, স্ত্রী. [ভল্ল+ইক-আ] বৃক্ষবিশেষ, ভল্লাতকবৃক্ষ, ভেলা।

স্ত্রী. [ভল্ল+ঈ] বৃক্ষবিশেষ, ভল্লাতক ক্ষ, ভেলা।

পুং. [ভল্ল+উক] ভালুক, ঋক্ষ।

ভল্লূক, পুং. [ভল্ল+উক] জন্তুবিশেষ, ভালুক, তৎপর্য্যায়।—ঋক্ষ, ভল্ল, সশল্য, দুর্ঘোষ, ভল্লুক, পৃষ্ঠদৃষ্টি, দ্রাঘিষ্ঠ, দীর্ঘকেশ, চিরায়ুঃ, দুশ্চর, দীর্ঘদর্শী, ভালুক, অচ্ছ, অচ্ছভল্ল, ভাল্লূক,ভীলুক; শ্যোনাক বিশেষ; কুক্কুর।

ভষ, পুং. [ভষ+অ] কুক্কুর, কুকুর।

ভষক, পুং. স্ত্রী. [ভষ+ক] কুক্কুর, কুকুর।

ভষণ, ন. [ভষ+অন] বুক্কন, কুক্কুরের ধ্বনি।

ভষৎ, পুং. কাষ্ঠ, জঙ্ঘা; অন্তঃকরণ।

ভষা, স্ত্রী. [ভষ+আ] লতাবিশেষ, স্বর্ণ ক্ষীরীলতা। [কুত্তী।

ভষী, স্ত্রী. [ভষ+ঈ] শুনী, কুক্কুরী,

ভসৎ, স্ত্রী. [ভস+অৎ] কাষ্ঠ; অশ্বমাংস; জঘন; ভাস্কর, সূর্য্য; যোনি; মাংস; কারণ্ডবপক্ষী; প্লব, মান্দাস; কাল।

ভসন, পুং. [ভস+অন] ভ্রমর, অলি, মধুকর।

ভসন্ত, পুং. [ভসং+ত] কাল, সময়, ক্ষণদণ্ড মুহূর্ত্তাদি।

ভসিত, ন. [ভস+ইত] ভস্ম, ছাই, পাঁইশ।

ভসূচক, পুং. [ভ+সূচক] দৈবজ্ঞ, গণক, লগ্নাচার্য্য।

ভস্কা, (প্রা) অস্বাদু, জলবৎ, পান্‌সিয়া।

ভস্ত্রকা, স্ত্রী. [ভস্ত্র+ক-আ] চর্ম্মপ্রসেবিকা, অগ্নি দীপনার্থ চর্ম্মনির্ম্মিত যন্ত্রবিশেষ, যাঁতা।

ভস্ত্রা, স্ত্রী. [ভস্ত্র+আ] অগ্নিদীপক, চর্ম্ম নির্ম্মিত যন্ত্রবিশেষ, ভাঁতী, যাঁতা, তৎপর্য্যায়।—চর্ম্মপ্রসেবিকা, চর্ম্মপ্রসেবক, ভস্ত্রাকা, ভস্ত্রকা, ভস্ত্রী, ভস্ত্রিকা।

ভস্ত্রাকা, স্ত্রী. [ভস্ত্রাক+আ] ভস্ত্রা, অগ্নিদ্দীপক চর্ম্মনির্ম্মিত যন্ত্রবিশেষ, যাঁতা।

ভস্ত্রিক, পুং. স্ত্রী. [ভস্ত্র+ইক] ভস্ত্রা, যাঁতা।

ভস্ত্রী, স্ত্রী. [ভস্ত্র+ঈ] ভস্ত্রা, অগ্নিদীপক, চর্ম্মনির্ম্মিত যন্ত্রবিশেষ, যাঁতা।

ভস্‌ভসিয়া, (প্রা) দলদলিয়া, কাদাটিয়া।

ভস্ম, ন. [ভস+মন্] শিবের অঙ্গ ভূষণ, ছাই; অশ্বরীবিকার।

ভস্মক, ন. [ভস্মন্+ক [রোগবিশেষ, ভস্মকীট; বিড়ঙ্গ; কলধৌত। [ধোপা।

ভস্মকার, পুং. [ভস্মন্+কৃ-অ] রজক,

ট, পুং. [ভস্মন্+কূট] কামরূপস্থ পর্ব্বতবিশেষ এবং গয়াশির স্থিত গিরিবিশেষ।

ভস্মগন্ধা, স্ত্রী. [ভস্মন্+গন্ধ-আ] রেণুকা নামে গন্ধদ্রব্যবিশেষ।

ভস্মগন্ধিকা, স্ত্রী. [ভস্মন্+গন্ধিকা] রেণুকা নামে গন্ধদ্রব্য বিশেষ।

ভস্মগন্ধিনী, স্ত্রী. [ভস্মন্+গন্ধিন্-ঈ] রেণুকানামে গন্ধদ্রব্য বিশেষ।

ভস্মগর্ভ, পুং. [ভস্মন্+গর্ভ] তিলিশবৃক্ষ।

ভস্মগর্ভা, স্ত্রী. [ভস্মন্+গর্ভ+আ] কপিল শিংশপা, শিশুগাছ; রেণুকা নামে গন্ধ দ্রব্য বিশেষ।

ভস্মতুল, ন. [ভস্মন্+তুল] গ্রামকুট, গ্রামসমূহ; পাংশুবর্ষণ; হিম।

ভস্মবেধক, পুং. [ভস্মন্+বেধক] কর্পূর, ঘনসার, সিতাভ্র। [বৃক্ষ।

ভস্মরোহা, স্ত্রী. [ভস্মন্+রোহ-আ] গন্ধা

ভস্মসাৎ, ব্য. [ভস্মন্+সাৎ] ভস্মায়ত্ত, ভস্মাকারে পরিণত, ছাই হওয়া।

ভস্মাচল, পুং. [ভস্ম+অচল] কামরূপস্থ ও গয়াস্থ পর্ব্বতবিশেষ।

ভস্মাচ্ছাদিত, ত্রি. [ভস্মন্+আচ্ছাদিত] ভস্মদ্বারা আবৃত, ছাইঢাকা।

ভস্মাবশেষ, ন. [ভস্মন্+অবশেষ] ভস্ম মাত্র শেষে থাকা।

ভস্মাহ্বয়, পুং. [ভস্মন্+আহ্বয়] কর্পূর, সুগন্ধিদ্রব্য বিশেষ।

ভক্ষক, ত্রি. [ভক্ষ+অক] খাদক, ভক্ষণ পর, তৎপর্য্যায়।—ঘস্মর, অদ্মর।

ভক্ষটক, পুং, [ভক্ষট+ক] ক্ষুদ্রগোক্ষুরক।

ভক্ষণ, ন. [ভক্ষ+অন] কঠিনদ্রব্যের গ্রাসাধঃকরণ, তৎপর্য্যায়।—ন্যাদ, স্বদন, খাদন, অশন, নিঘস, বল্ভন, অভ্যবহার, জগ্ধি, জক্ষণ, লেহ, প্রত্যবসান, ঘসি, আহার, প্সান, অবঘ্রাণ, বিঘ্রাণ, ভোজন, জেমন, অদন।

ভক্ষণকারক, ত্রি. [ভক্ষণ+কারক] খাদক, ভক্ষক, ভোক্তা।

ভক্ষণযোগ্য, ত্রি. [ভক্ষণ+যোগ্য] ভক্ষণার্হ, অশনযোগ্য, আহার করণোপযুক্ত।

ভক্ষণার্হ, ত্রি. [ভক্ষণ+অর্হ] ভক্ষণ করিবার যোগ্য, ভক্ষণীয়।

ভক্ষণীয়, ত্রি. [ভক্ষ+অনীয়] ভক্ষ্যদ্রব্য, ভক্ষণযোগ্য। [তাম্বুল।

ভক্ষপত্রা, স্ত্রী. [ভক্ষ+পত্র-আ] নাগবল্লী,

ভক্ষিত, ত্রি. [ভক্ষ+ইত] কৃতভক্ষণবস্তু; তৎপর্য্যায়।—চর্ব্বিত, লিপ্ত, প্রত্যবসিত গিলিত, খাদিত, প্সাত, অভ্যবহৃত, অন্ন, জগ্ধ, গ্রস্ত, গ্লস্ত, অশিত, ভুক্ত, জক্ষিত

ভক্ষিতব্য, ত্রি. [ভক্ষি+তব্য] ভক্ষণীয়, ভক্ষ্য খাদ্য। [খাদ্য

ভক্ষ্য, ত্রি. [ভক্ষ+য] ভক্ষিতব্য, ভক্ষণীয়;

ভক্ষ্যকার, ত্রি. [ভক্ষ্য+কার] পিষ্টক বিক্রয় জীবী, পিষ্টকশিল্পী, তৎপর্য্যায়।—আপূপিক, কান্দবিক, পূপিক, পূপবিক্রয়ী, মোদকাদি বিক্রয়ী।

ভক্ষ্যাভক্ষ্য, ন. [ভক্ষ্য+অভক্ষ্য] খাদ্যাখাদ্য দ্রব্য।

ভক্ষ্যালাবু, স্ত্রী. [ভক্ষ্য+অলাবু] রাজালাবু, তুম্বীফলবিশেষ, বড়লাউ।

ভাঃ, পুং. [ভাস্+অ] সূর্য্য; (স্ত্রী.) দীপ্তি, প্রভা।

ভাই, (প্রা) ভ্রাতা, সহোদর।

ভাইঝী, (প্রা) ভ্রাতার কন্যা।

ভাইজ, (প্রা) জ্যেষ্ঠ ভ্রাতার স্ত্রী।

ভাইপো, (প্রা) ভ্রাতুষ্পুত্র।

ভাইদ্বিতীয়া, (প্রা) কার্ত্তিকমাসের শুক্লপক্ষ দ্বিতীয়া বিশেষ।

ভাইফোটা, (প্রা) ভাতৃদ্বিতীয়ার কর্ত্তব্য ব্রতবিশেষ।

ভাউজ, (প্রা) ভাতৃজায়া।

ভাও, (প্রা) মূল্য, দর।

ভাওলিয়া, (প্রা) তরণীবিশেষ, বৃহৎতরণী।

ভাঁজ, (প্রা) চিহ্ন; পাট; মোড়া।

ভাঁজন, (প্রা) পাটকরণ, দোমড়ান; মিশ্রণ; রাগালাপ; স্বরসঞ্চয়।

ভাঁজা, (প্রা) পাটকরা, দোমড়ান।

ভাঁজাল, (প্রা) মিশ্রিত; সংযোজিত।

ভাঁটা, (প্রা) বর্ত্তুল; বাঁটুল; গেণ্ডুক; জলের স্বাভাবিক স্রোত।

ভাঁটী, (প্রা) বৃক্ষবিশেষ, ভেঁটকুলের গাছ।

ভাঁড়, (প্রা) ভণ্ড, পরিহাসক; ক্ষুদ্রমৃত্তিকা পাত্রবিশেষ, ভাণ্ড।

ভাঁড়ান, (প্রা) প্রবঞ্চনা করণ, ভুলান।

ভাঁড়াম, (প্রা) ভাঁড়ামী, ভণ্ডতা; প্রবঞ্চনা।

ভাড়ামি, (প্রা) ভণ্ডতা; পরিহাস; প্রবঞ্চনা।

ভাঁড়ার, (প্রা) ভাণ্ডার, ধনাগার, কোষ।

ভাঁড়ারী, (প্রা) ভাণ্ডারাধ্যক্ষ, ভাড়ারেরকর্ত্তা, কোষরক্ষক।

ভাঁড়ী, (প্রা) ক্ষুরকোষ,নাপিতের অস্ত্রাধার।

ভাঁতি, (প্রা) বিদ্রূপ, পরিহাস, কৌতুক।

ভাকট, পুং. [ভা+কট] মৎস্যবিশেষ, ভেটকীমাছ।

ভাকুট, পুং. [ভা+কুট] মৎস্যবিশেষ, ভেক্টী মাছ।

ভাকুট, পুং. [ভা+কূট] পর্ব্বতবিশেষ; মৎস্য বিশেষ, ভেক্টীমাছ।

ভাকোষ, পুং. [ভা+কোষ] সূর্য্য, রবি, দিবাকর।

ভাক্ত, ত্রি. [ভক্ত+অ] পারিভাষিক, গৌণ, লাক্ষণিক, ঔপচারিক; ভক্তসম্বন্ধীয়।

ভাক্তদিন, পুং.ন. [ভাক্ত+দিন] সূর্য্যোদয়ের পূর্ব্ব চারিদণ্ড।

ভাক্তিক, ত্রি. [ভক্ত+ইক] অন্নদ্বারা পোষা, অন্নে প্রতিপাল্য।

ভাগ, পুং. [ভজ+অ] অংশ; রূপ্যের অর্দ্ধ; ভাগ্য; একদেশ; রাশির ত্রিংশৎভাগের একভাগ। [বণ্টক

ভাগকারী, ত্রি. [ভাগ+কারিন্] অংশকর্ত্তা,

ভাগজাতি, স্ত্রী. [ভাগ+জাতি] ভগ্নাংশের সমীকরণ

ভাগধেয়, ন. [ভাগ+ধেয়] ভাগ্য; (পুং.) রাজকর; দায়াদ।

ভাগন, ন. [ভাগ+অন্] সূর্য্যের দ্বাদশরাশির সংক্রমণকাল; বৃহৎগোলাকারের পরিধি।

ভাগন, (প্রা) ভয়াদি হেতু দ্রুত গমন, পলায়ন, প্রস্থান।

ভাগবত, ন. [ভগবৎ+অ] অষ্টাদশ পুরাণান্তর্গত মহাপুরাণবিশেষ, বেদব্যাসকৃত দ্বাদশস্কন্ধ ও ত্রিংশৎ ত্রিশতাধ্যায় সমন্বিত অষ্টাদশ সহস্র শ্লোক সংখ্যক ভগবন্মাহাত্ম্য বর্ণন প্রধান গ্রন্থ; (ত্রি.) ভগবদ্ভক্ত।

ভাগহর, ত্রি. [ভাগ+হর] অংশগত; (পুং.) দায়াদ; অঙ্কবিশেষ, হরণ।

ভাগহার, (প্রা) ভাগনিয়ম, অংশের রীতি।

ভাগাড়, (হি.) মৃতগবাদি জন্তুনিঃক্ষেপস্থান।

ভাগার্থী, ত্রি. [ভাগ+অর্থিন্] ভাগেচ্ছু।

ভাগান, (প্রা) পলায়িত করিয়া দেওন, তাড়ান।

ভাগানুবন্ধজাতি, স্ত্রী. [ভাগ+অনুবন্ধ+জাতি] ভাগজাতির বৃদ্ধিবিশেষ।

ভাগাপবাহজাতি, স্ত্রী. [ভাগ+অপবাহ+জাতি] ভাগজাতির ন্যূনবিশেষ।

ভাগাভাগি, (প্রা) অংশাংশি,বাঁটাবাটি, পরস্পর ভাগকরণ।

ভাগার্হ, ত্রি. [ভাগ+অর্হ] অংশনীয়, অংশযোগ্য।

ভাগিক, ত্রি. [ভাগ+ইক] সবৃদ্ধিক মুদ্রাদি, সুদীটাকা।

ভাগিনা (প্রা) ভাগিনেয়, ভগিনীপুত্র।

ভাগিনী, (প্রা) ভাগিনেয়ী, ভগিনী কন্যা।

ভাগিনেয়, পুং. [ভগিনী+এয়] ভগিনী পুত্র, ভাগিনা, তৎপর্য্যায়।—স্বস্রীয়, স্বস্রিয়।

ভাগিনেয়ী, স্ত্রী. [ভগিনী+এয়-ঈ] ভগিনী কন্যা, ভাগ্নী।

ভাগী, ত্রি. [ভাগ+ইন্] অংশী, ভাগাধিকারী।

ভাগীরথী, স্ত্রী. [ভগীরথ+অ-ঈ] গঙ্গা, স্বর্ধুনী, ভস্মামানি-পুণ্যা, জাহ্নবী, সুরনিম্নগা,বিষ্ণুপাদাব্জসম্ভূতা, শম্ভুশিরঃস্থা, সুমেরুশৃঙ্গসংস্পৃষ্টা, হিমাচল কৃতাশ্রয়া, শঙ্খ কুন্দেন্দু ধবলা, মহাপাতকনাশিনী, নদীশ্বরী, ত্রিপথগা, বৈষ্ণবী, সুরসুপ্রিয়া, ধর্ম্মদ্রবী, ভোগবতী, বিষ্ণু-

পাষাণদারিণী, ক্ষমা, শান্তি, প্রজাশান্তি, পুণ্যদা, পূতিকা, শিবা, মহানদী, শতমুখী, শুক্লা, মকরবাহিনী, ব্রহ্মহস্তাৎ পরিভ্রষ্টা, সৌম্যরূপা, অতি শোভনা।

ভাগুরি, পুং. [ভাগুর+ই] স্মৃতি ও ব্যাকরণ কর্ত্তা মুনিবিশেষ, তৎপর্য্যায়।—শতলুম্পক।

ভাগোড়া, (প্রা) পলাতক, পলায়নকারী।

ভাগ্য, ন. [ভজ+ষ] প্রাক্তন শুভাশুভ কর্ম্ম, তৎপর্য্যায়।—দৈব, দিষ্ট, ভাগধেয়, নিয়তি, বিধি, প্রাক্তনকর্ম্ম, ভাগ, ভবিতব্যতা, অদৃষ্ট; ফলোন্মুখী ভূত পূর্ব্ব দৈহিক শুভাশুভ কর্ম্ম; (ত্রি.) ভাগিক, সুদীটাকা; ভাগ যোগ্য।

ভাগ্যবন্ত, (প্রা) ধনবান, ধনী; শুভাদৃষ্টবান্।

ভাগ্যবান্, ত্রি. [ভাগ্য+বৎ] ভাগ্যবন্ত, অদৃষ্টবান্; শুভাদৃষ্টযুক্ত।

ভাগ্যভাব, ত্রি. [ভাগ্য+ভাব] কপালক্রমে, অদৃষ্টবশতঃ।

ভাগ্যভাবা, (প্রা) দায়ঠেকা, কপাল ঠাহরা।

ভাগ্যহীন, ত্রি. [ভাগ্য+হীন] দুরদৃষ্ট বিশিষ্ট, অভাগ্য, হতভাগ্য; দরিদ্র, দুঃখী।

ভাঙ্গ, (প্রা) মাদকদ্রব্য, সিদ্ধি, বিজয়া।

ভাঙ্গচি, (প্রা) মিত্রতাভঙ্গ, সুহৃদ্ভেদ।

ভাঙ্গড়, (প্রা) ভাঙ্গী, সিদ্ধিখোর।

ভাঙ্গন, (প্রা) ভগ্নকরণ, ভেদন; বিচ্ছেদন; স্পষ্টকরণ; নিষ্পাদন; মৎস্যবিশেষ, বাটামাছ।

ভাঙ্গনবাটা, (প্রা) মৎস্যবিশেষ।

ভাঙ্গা, (প্রা) ভঙ্গ, ভিন্ন, চূর্ণীকৃত।

ভাঙ্গানি, (প্রা) মুদ্রাদির বিনিয়ম, ভঞ্জনী।

ভাঙ্গান, (প্রা) ভঙ্গকরণ, ভেদন; বদলাই করণ।

ভাঙ্গী, (প্রা) সিদ্ধিখোর, মাদকদ্রব্য ব্যবহারী।

ভাঙ্গীন, ত্রি. [ভাঙ্গ+ঈন] ভঙ্গাক্ষেত্র, তৎপর্য্যায়।—ভাঙ্গ্য।

ভাঙ্চী, (প্রা) বিচ্ছেদ জনক বাক্য, কুমন্ত্রণা।

ভাজক, পুং. [ভজ+অক] হারক, অংশকারক

ভাজন, ন. [ভজ+অন] পাত্র; যোগ্য আঢ়ক পরিমাণ।

ভাজনা, (প্রা) ভৃষ্টকরণ, ভাজন।

ভাজনাখোলা, (প্রা) ভৃষ্ট করিবার পাত্র।

ভাজা, (প্রা) ভৃষ্ট, ভর্জিত, জলসেক বিনা পক্কবস্তু। [দ্রব্য।

ভাজি, (প্রা) তৈলাদিপক্ক বেগুণাদি; ভৃষ্ট-

ভাজিত, ত্রি. [ভাজ+ইত] পৃথক্কৃত, বিভক্ত; (ন.) ভাগ।

ভাজী, (প্রা) ব্যঞ্জনবিশেষ; ভৃষ্টদ্রব্য, ভাজাবস্তু; ভ্রাতৃজায়া।

ভাজু, (প্রা) জ্যেষ্ঠভ্রাতৃ বধূ, ভ্রাতৃজায়া।

ভাজ্য, ত্রি. [ভজ+য] ভাগার্হ, ভাজনীয়, অংশনীয়।

ভাট, (প্রা) বর্ণসঙ্কর জাতিবিশেষ; স্তুতিপাঠক, গুণগায়ক, রাজদূত।

ভাটক, পুং. ন. [ভট+অক] ব্যবহারার্থ দত্ত শকটাদি লভ্য ধন, ভাড়া।

ভাটশালিক, (প্রা) পক্ষিবিশেষ, গুয়েশালিক।

ভাটা, (প্রা) নদ্যাদির স্বাভাবিক স্রোত, জলের স্বাভাবিক গতি।

ভাটিয়ারা, (প্রা) মদ্য ব্যবসায়ির স্থান, মদ্য প্রস্তুত করণের স্থল

ভাটী, (প্রা) চুল্লী, আকা, উনান, চুলা।

ভাটীবেলা, (প্রা) অপরাহ্ণ, বৈকাল

ভাড়া, (প্রা) ব্যবহারার্থ দত্ত শকটাদির লভ্য ধন, ভাটক, কেরায়া।

ভাড়াটিয়া, (প্রা) কেরায়াকারক, ভাড়া দিয়া বসতিকারী।

ভাণ, পুং. [ভণ+অ] নাটকাদি দশরূপকান্তর্গত রূপকবিশেষ; কাচ, ব্যাজ, ছল; জ্ঞান।

ভাণ্ড, ন. [ভণ্ড+অ] পাত্র, ভাঁড়; বণিকদিগের মূলধন; ভূষা; অশ্বভূষা; নদী কূলদ্বয়ের মধ্যস্থান; ভণ্ডবৃত্তি, ভাড়ামি; (পুং.) গর্দ্দভাণ্ড বৃক্ষ।

ভাণ্ডক, পুং. [ভাণ্ড+ক] পাত্র; ভাঁড়, (ন.) বাণিজ্যদ্রব্য।

ভাণ্ডপুট, পুং. [ভাণ্ড+পুট] নাপিত, ক্ষৌরকর্ম্মকারী।
ভাণ্ডপুষ্প, পুং. [ভাণ্ড+পুষ্প] সর্পবিশেষ, তৎপর্য্যায়।—কৌকুটিকন্দল।
ভাণ্ডপ্রতিভাণ্ডক, পুং. [ভাণ্ড+প্রতি-ভাণ্ডক] অঙ্কবিশেষ, বাটাকশার নিয়ম।
ভাণ্ডভরক, পুং. [ভাণ্ড + ভরক] ভাণ্ডস্থিত দ্রব্য।
ভাণ্ডবাদন্, ন. [ভাণ্ড+বাদন্] বাদ্যবাদন।
ভাণ্ডাগার, পুং. [ভাণ্ড+আগার] গৃহবিশেষ, ভাঁড়ার, তৎপর্য্যায়।—মন্থর।
ভাণ্ডার, পুং. [ভাণ্ড+আর] ভাড়ার, কোষ।
ভাণ্ডারী, পুং. [ভাণ্ডার+ইন্] ভাণ্ডারাধ্যক্ষ, ভাঁড়ারী।
ভাণ্ডি, পুং. [ভাণ্ড + ই] নাপিতের ক্ষুরাদির আধার, ভাঁড়ি।
ভাণ্ডিক, পুং. [ভাণ্ড+ইক] বাদ্যবাদক।
ভাণ্ডিবাহ, পুং. [ভাণ্ডি+বাহ] নাপিত, দিবাকীর্ত্তি। [কর্ম্মকারী।
ভাণ্ডিল, পুং. [ভাণ্ড + ইল] নাপিত, ক্ষুর
ভাণ্ডীর, পুং. [ভাণ্ড+ঈর] বটবৃক্ষ, ব্রজমণ্ডলের ষোড়শ বটবনের মধ্যে দ্বিতীয় বটবন; ভাণ্ডীবৃক্ষ, ভাটগাছ।
ভাত, ন. [ভা+ত] প্রভাত; দীপ্ত; (ত্রি.) দীপ্তিবিশিষ্ট; অন্ন।
ভাতার, (প্রা) ভর্ত্তা, পতি, স্বামী।
ভাতি, স্ত্রী. [ভা + তি] দীপ্তি, শোভা।
ভাতু, পুং. [ভা+তু] সূর্য্য; দীপ্তি।
ভাতুড়িয়া (প্রা) অন্নদাস, ভক্তদাস।
ভাদকা, (প্রা) রাগিণীবিশেষ।
ভাদালিয়ামুথা, (প্রা) ভদ্রমুস্তক, ভদ্রমুথা।
ভাদ্র, পুং. [ভদ্র + অ] বৈশাখাদি দ্বাদশ মাসান্তর্গত পঞ্চমমাস, যে মাসে ভাদ্রপদ নক্ষত্রযুক্তা পৌর্ণমাসী সেই মাস, তৎপর্য্যায়।—নভস্য, প্রৌষ্ঠপদ, ভাদ্রপদ।
ভাদ্রপদ, পুং. [ভাদ্র+পদ] ভাদ্রমাস।
ভাদ্রপদা, স্ত্রী. [ভাদ্র+পদ-আ] পূর্ব্বভাদ্রপদানক্ষত্র; উত্তরভাদ্রপদানক্ষত্র, তৎপর্য্যায়।—প্রৌষ্ঠপদা।
ভাদ্রবধূ, (প্রা) কনিষ্ঠ ভ্রাতার পত্নী।
ভাদ্রবৌ, (প্রা) ভ্রাতৃবধূ, কনিষ্ঠ ভ্রাতার পত্নী।
ভাদ্রমাতুর, পুং. [ভাদ্র+মাতৃ+অ] সতীতনয়, সাধ্বীপুত্র, বিবাহিতা স্ত্রীর গর্ব্ভে সুজাতপুত্র।
ভানন, (প্রা) ত্বকনির্ম্মোচন, কাঁড়ন, কুটন।
ভাননিয়া, (প্রা) ধান্যাদি পরিস্কারক; কুটনিয়া।
ভানু, পুং. [ভা+নু] সূর্য্য; কিরণ; অর্কবৃক্ষ; প্রভু; রাজা; বৃত্তার্হৎ পিতৃবিশেষ; (স্ত্রী.) ভানুমতী। [কলা।
ভানুফলা, স্ত্রী. [ভানু+ফল-আ] কদলী, রম্ভা,
ভানুবার, পুং. [ভানু+বার] রবিবার, ভট্টারকবার।
ভানুবাসর, পুং. [ভানু + বাসর] রবিবার, ভট্টারকবার।
ভানুমতী, স্ত্রী. [ভানু+মৎ-ঈ] বিক্রমাদিত্য রাজপত্নী দীপ্তিযুক্তা। [দীপ্তিযুক্ত।
ভানুমান্, পুং. [ভানু+মৎ+] সূর্য্য; (ত্রি.)
ভানূদয়, পুং. [ভানু+উদয়] সূর্য্যোদয়।
ভানেমি, পুং. [ভা+নেমি] সূর্য্য, দিবাকর।
ভাপ, (প্রা) বাষ্প, উত্তাপ, উষ্ণতা।
ভাপ্সাগন্ধ, (প্রা) দুর্গন্ধ, ছাতাপড়া।
ভাব, পুং. [ভূ+অ] নাট্যোক্তিতে বিদ্বান; মানসবিকার, চিত্তেরবিকার; সত্তা; স্বভাব; অভিপ্রায়; চেষ্টা; আত্মা; জন্ম; ক্রিয়া; লীলা; পদার্থ; বিভূতি; বুধ; জন্তু; রত্যাদি; গৌরবিত; অভিনয়ান্তর; ধাত্বর্থ; যোনি; উপদেশ; সংসার; নবগ্রহদিগের শয়নাদি দ্বাদশ চেষ্টা, যথা।—শয়ন, উপবেশন, নেত্রপাণি, প্রকাশন, গমন, গমনেচ্ছা, সভা বসতি, আগমন, ভোজন, নিত্যলিপ্সা, কৌতুক, নিদ্রা; স্ত্রীদিগের যৌবনকালে স্বভাবজাত অষ্টাবিংশতি অলঙ্কারান্তর্গত অঙ্গজ প্রথমালঙ্কার।
ভাবক, পুং. [ভাব+ক] ভাব, মানসবিকার; (ত্রি.) সত্তাশ্রয়; চিন্তাকারক।
ভাবচোর, (প্রা) ভাবহারক।

ভাবজ্ঞ, ত্রি. [ভাব+জ্ঞ-অ] ভাবজ্ঞাতা, মর্ম্মজ্ঞ

ভাবত, ত্রি. [ভবৎ+অ] ভবদীয়, ভাবক, তোমার।

ভাবৎক, ত্রি. [ভাবৎ+ক] ভবদীয়, তোমার।

ভাবন, ন. [ভূ+অন] ভব্য, চাল্‌তাফল; ভাবনা, চিন্তন।

ভাবনা, স্ত্রী. ন. [ভূ+অন-আ] ধ্যান; পর্য্যালোচনা; অধিবাসন; ত্রিবিধভাবনা, যথা—ব্রহ্মাখ্যা, কর্ম্মসংজ্ঞা, উভয়াত্মিকা।

ভাবনাকর, ত্রি. [ভাবনা+কর] উদ্বিগ্ন, উৎকণ্ঠিত; চিন্তাকর।

ভাবনীয়, ত্রি. [ভূ+ই+অনীয়] চিন্তনীয়, চিন্তাযোগ্য, ভাবয়িতব্য।

ভাববাচ্য, ন. [ভাব+বাচ্য] অকর্ত্তৃবাচকাক্রিয়া। [পতি।

ভাববৃত্ত, পুং. [ভাব+বৃত্ত] ব্রহ্মা, প্রজা-

ভাববোধক, পুং. [ভাব+বোধক] অনুভাব, ভাবজ্ঞান।

ভাববোদ্ধ, পুং. [ভাব+বোদ্ধৃ] অভিপ্রায়জ্ঞ, তাৎপর্য্যজ্ঞাতা।

ভাবরণ, (প্রা) বিস্ময়াপন্ন হওন, ব্যাকুলতা হেতুক হতবুদ্ধি হওন।

ভাবরাণি (প্রা) বিস্ময়, বৈক্লব্য; ঘবরাণী।

ভাবলাভ, (প্রা) ভাবজ্ঞান; অর্থজ্ঞান।

ভাবাট, পুং. [ভাব+অট] ভাবক; সাধু; নিবেশ; কামুক; নট।

ভাবান, (প্রা) চিন্তা করান, চিন্তায়নিঃক্ষেপ।

ভাবানুগা, স্ত্রী. [ভাব+অনুগ-আ] ছায়া, প্রতিরূপ।

ভাবান্তর, (প্রা) ভিন্ন অভিপ্রায়; অপ্রণয়, স্বভাবান্তর।

ভাবার্থ, পুং. [ভাব+অর্থ] অভিপ্রায়, তাৎপর্য্য। [অনুরূপ।

ভাবালীনা, স্ত্রী. [ভাব+আলীন-আ] ছায়া,

ভাবিক, ত্রি. [ভূ+ইক] ভবিক, মঙ্গল, শুভ।

ভাবিকল্প, পুং. [ভাবি+কল্প] ভবিষ্যৎপক্ষ, ভাবিবিষয়।

ভাবিত, ত্রি [ভূ+ইত] বাসিত; প্রাপ্ত; শুদ্ধ; চিন্তিত; মিশ্রিত।

ভাবিত্র, ন. [ভূ+ইত্র] ত্রৈলোক্য, স্বর্গ মর্ত্ত্য পাতাল।

ভাবিনী, স্ত্রী. [ভূ+ইন্-ঈ] স্ত্রীবিশেষ, হাবভাবান্বিতাযোষিৎ; স্ত্রীমাত্র; বর্ত্তমান প্রাগ্‌ভাব প্রতিযোগিনী।

ভাবী, ত্রি. [ভূ+ইন্] ভবিষ্যৎকাল; আগামি; উত্তরকাল।

ভাবীবক্তা, পুং. [ভাবী+বক্তৃ] ভবিষ্যদ্বক্তা।

ভাবুক, ন. [ভূ+উক] মঙ্গল; (ত্রি.) মঙ্গলবিশিষ্ট; ভবনাশ্রয়; (পুং.) নাট্যোক্তিতে ভগিনীপতি; রসবিশেষ, ভাবনা, চতুর; ভাবগ্রাহক।

ভাবুকতা, স্ত্রী. [ভাবুক+ত-আ] রসিকতা, ভাবজ্ঞতা।

ভাবুকী, ত্রি. [ভাবুক+ইন্] ভণ্ড; কৌতুকী, অঙ্গভঙ্গিকরণ।

ভাব্য, ন. [ভূ+য] অবশ্য ভাবিতব্য; ভাবনীয়, চিন্তনীয়; উৎপাদনার্হ।

ভাম, পুং. [ভাম+অ] ক্রোধ; সূর্য্য; দীপ্তি; ভগিনীপতি, বোনাই।

ভামক, পুং. [ভাম+ক] ভগিনীপতি, বোনাই।

ভামা, স্ত্রী. [ভাম+আ] কোপনাস্ত্রী, ক্রোধযুক্তানারী।

ভামিনী, স্ত্রী. [ভাম+ইন্-ঈ] কোপনাস্ত্রী, ক্রোধযুক্তানারী; স্ত্রী মাত্র।

ভামিনীবিলাস, পুং. [ভামিনী+বিলাস] জগন্নাথমিশ্র পণ্ডিতরাজকৃতকাব্য গ্রন্থবিশেষ।

ভামী, ত্রি. [ভাম+ইন্] ক্রোধী, কোপযুক্ত।

ভার পুং. [ভৃ+অ] বিংশতি তুলাপরিমাণ, অষ্ট সহস্র তোলকাত্মক; বীবধ, ধান্য তণ্ডুলাদি; বিষ্ণু; গুরুত্ব; বোঝা; কর্ম্মনির্ব্বাহার্থ অধিকার।

ভারণ, (প্রা) ক্ষত রোগাদিতে বাণমারণ; মন্ত্রদ্বারা অগ্ন্যাদি নিস্তেজঃ করণ।

ভারণ্ড, পুং. [ভার+অণ্ড] উত্তর কুরুদেশ জাত শকুনপক্ষী।

ভারত, ন. [ভরত+অ] গ্রন্থবিশেষ, বেদ ব্যাসপ্রণীত লক্ষ শ্লোকাত্মক মহাভারত

সংজ্ঞক ইতিহাস; বর্ষবিশেষ, জ পের নববর্ষান্তর্গত বর্ষ; (পুং.) নট; অগ্নি; ভ তপুত্র।

ভারতবর্ষ, ন. [ভারত+বর্ষ] জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ।

ভারতবর্ষীয়, ত্রি. [ভারত+বর্ষ+ঈয়] ভারতবর্ষবাসী; হিন্দুস্থানোৎপন্ন।

ভারতী, স্ত্রী. [ভারত+ঈ] বচন; সরস্বতী; পক্ষীবিশেষ, ভারুইপাখী; বৃত্তিবিশেষ; ব্রাহ্মী।

ভারতীয়, ত্রি. [ভারত+ঈয়] মহাভারতোক্ত, মহাভারতসংক্রান্ত।

ভারদ্বাজ, ন. [ভরদ্বাজ+অ] অস্থি; (পুং.) দ্রোণাচার্য্য; ঋষিবিশেষ; অগস্ত্যমুনি; মঙ্গলগ্রহ; ব্যাঘ্রাটপক্ষী; বৃহস্পতি পৌত্র।

ভারদ্বাজী, স্ত্রী. [ভরদ্বাজ+অ-ঈ] বনকার্পাসী, বনকাপাস।

ভারব, ন. [ভার+ব-অ] ধনুর্গুণ, জ্যা, ধনুকেরছিলা।

ভারবাহ, পুং. [ভার+বাহ] ভারিক, ভারী।

ভারবাহী, স্ত্রী. [ভার+বাহ-ঈ] নীলীবৃক্ষ, নীলগাছ; ভারী।

ভারবি, পুং. [ভরু+ঈ] কবিবিশেষ, কিরাতার্জ্জুনীয় নামক গ্রন্থকর্ত্তা, তৎপর্য্যায়। শতপুষ্প।

ভারবৃক্ষ, পুং. [ভার+বৃক্ষ] কাক্ষীনামে গন্ধদ্রব্যবিশেষ।

ভারমারণ, (প্র) অনিষ্টকরণাভিপ্রায়ে ক্ষতাদিতে মন্ত্রদ্বারা বাণমারণ।

ভারয়, পুং. [ভার+য়] ভারদ্বাজপক্ষী, ভারুইপাখী। [বাঁক।

ভারযষ্টি, স্ত্রী. [ভার+যষ্টি] ভারবহনদণ্ড,

ভারহর, পুং. [ভার+হর] ভারবাহক,ভারী।

ভারহার, পুং. [ভার+হার] ভারবাহক, ভারী।

ভারা, (প্রা) বংশাদি নির্ম্মিত উচ্চস্থান, মঞ্চ, মাচা; ক্ষতাদিতে মন্ত্রদ্বারা বাণ মারা।

ভারাক্রান্ত, ত্রি. [ভার+আক্রান্ত] ভারযুক্ত, বোঝাইকরা।

ভারাপন্ন, ত্রি. [ভার+আপন্ন] ভারপ্রাপ্ত, ভারযুক্ত।

ভারি, পুং. [ভৃ+ই] সিংহ,কেশরী, মৃগরাজ।

ভারিক, পুং. [ভার+ইক] ভারবাহক,ভারী, তৎপর্য্যায়।—ভারবাহ, ভারবাহক,ভারহার।

ভারিট, পুং. [ভার+ইট] পক্ষীবিশেষ,তৎপর্য্যায়।—শ্যামচটক, শৈশির, কণভক্ষক।

ভারিত্ব, ন. [ভারি+ত্ব] গুরুত্ব, গুরুতা, ভার।

ভারী, পুং [ভার+ইন্] ভারবাহক; (ত্রি.) ভারযুক্ত।

ভারুই, (প্রা) পক্ষিবিশেষ, ভারদ্বাজপক্ষী।

ভারোহী, স্ত্রী. [ভার+বহ-ঈ] ভারবাহিকা, ভারবাহিনী

ভার্গব, পুং. [ভৃগু+অ] পরশুরাম; শুক্রাচার্য্য; ধন্বী; গজ; ভারতবর্ষ মধ্যে প্রাচ্য দেশান্তর্গত দেশবিশেষ।

ভার্গবপ্রিয়, পুং. [ভার্গব+প্রিয়] হীরক, হীরা।

ভার্গবী, স্ত্রী. [ভৃগু+অ-ঈ] পার্ব্বতী; লক্ষ্মী; দূর্ব্বা; নীলদূর্ব্বা; শ্বেতদূর্ব্বা।

ভার্গী, স্ত্রী. [ভর্গ+অ-ঈ] বৃক্ষবিশেষ, বামনহাটীগাছ, তৎপর্য্যায়।—গর্দ্দভশাখী, ফঞ্জী, অঙ্গারবল্লরী, ব্রাহ্মী, ব্রাহ্মণযষ্টি, বাস্তারি, ভৃঙ্গজা, পদ্মা, যষ্টি, ভারঙ্গী, বাতারি, কামজিৎ, সুরূপা, ভ্রমরেষ্টা, শক্রমাতা।

ভার্দ্বাজী, স্ত্রী. [ভরদ্বাজ+অ-ঈ] ভারদ্বাজী, বনকার্পাসী, বনকাপাস।

ভার্য্যা, স্ত্রী. [ভৃ+য-আ] বেদবিধানোঢ়া, বিধিপূর্ব্বক বিবাহিতা, তৎপর্য্যায়।—পত্নী, পাণিগৃহীতী, দ্বিতীয়া, সহধর্ম্মিণী, জায়া, দারা, সধর্ম্মিণী, ধর্ম্মচারিণী, দার, কলত্র, কলত্রক।

ভার্য্যাট পুং. [ভার্য্যা+অট] অন্যোরনিমিত্ত স্বস্ত্রীদাতা।

ভার্য্যাটিক, পুং. [ভার্য্যাট+ইক] স্ত্রীজিত, স্ত্রৈণ; হরিণবিশেষ।

ভার্য্যাপতী, পুং. [ভার্য্যা+পতী] পতি ও

পত্নী, তৎপর্য্যায়।—দম্পতী, জম্পতী, জায়াপতী।

ভার্য্যাবৃক্ষ, পুং. [ভার্য্যা+বৃক্ষ] পত্তঙ্গবৃক্ষ।

ভার্য্যারু, পুং. [ভার্য্যা+আরু] শৈলবিশেষ; মৃগবিশেষ; ক্রীড়াহেতুক পরভার্য্যাতে পুত্রোৎপন্নকারী।

ভাল, ন. [ভল+অ] ভ্রূরউর্দ্ধভাগ, কপাল, তৎপর্য্যায়।—ললাট, অলিক, গোধি; তেজঃ; উত্তম।

ভালদর্শন, ন. [ভাল+দর্শন] সিন্দুর, সিঁদুর।

ভালদৃক্, পুং. [ভাল+দৃশ্] শিব, মহাদেব।

ভালনেত্র, পুং. [ভাল+নেত্র] ললাটদেশে নেত্রযুক্ত; শিব।

ভালবাসন, (প্রা) স্নেহকরণ, বাৎসল্যকরণ, অনুরাগ প্রকাশন।

ভাললোচন, পুং. [ভাল+লোচন] শিব, মহাদেব; উত্তম চক্ষু।

ভালাই, (প্রা) উৎকর্ষ, উত্তমতা, সাধুতা।

ভালাঙ্ক, পুং. [ভাল+অঙ্ক] করপত্র; শাকবিশেষ; রোহিত মৎস্য; মহালক্ষণ সম্পন্নপুরুষ; কচ্ছপ; হর; ললাটচিহ্ন।

ভালুক, পুং. [ভল+উক] ভল্লূক, ঋক্ষ, তৎপর্য্যায়।—ভালুক, ভল্ল, অচ্ছভল্ল, অচ্ছ, ভল্লুক।

ভালূক, পুং. [ভল+ঊক] ভুল্লুক, ঋক্ষ।

ভাল্লুক, পুং. [ভল্ল+উক] ভল্লুক, ঋক্ষ।

ভাল্লক, পুং. [ভল্ল+উক] ভল্লুক, ঋক্ষ।

ভাশুর, (প্রা) পতির জ্যেষ্ঠভ্রাতা, ভ্রাতৃশ্বশুর।

ভাষক, পুং. [ভাষ+অক] কথক, আলাপক।

ভাষণ, ন. [ভাষ+অন] কথন, সংলাপ।

ভাষা, স্ত্রী. [ভাষ+আ] রাগিণীবিশেষ; বাক্য, বাগ্দেবতা, তৎপর্য্যায়।-ব্রাহ্মী, ভারতী, গীঃ, বাক্, বাণী, সরস্বতী, ব্যাহার, উক্তি, লপিত, ভাষিত, বচন, বচ; শাস্ত্রীয় অষ্টাদশ ভাষা যথা।—সংস্কৃতা, প্রাকৃতা, উদীচী, মহারাষ্ট্রী, মাগধী, মিশ্রার্দ্ধমাগধী, শকাভীরী, শ্রবন্তী, দ্রবিড়ী, উৎকলীয়া, পাশ্চাত্যা, প্রাচ্যা, বাহ্লিকা, রন্তিকা, দাক্ষিণাত্যা, পৈশাচী, আবন্তী, শৌরসেনী।

ভাষাকথা, (প্রা) চলিতকথা; ইতরকথা।

ভাষাপত্র, (প্রা) প্রাকৃত বাক্যময়পত্র; ব্যবস্থাজ্ঞাত হইবার জন্য দেশ ভাষায় লিখিত প্রশ্ন।

ভাষাপরিচ্ছেদ, পুং. [ভাষা+পরিচ্ছেদ] বিশ্বনাথ ন্যায় পঞ্চানন কৃত ন্যায় পরিভাষা গ্রন্থ।

ভাষাপাদ, পুং. [ভাষা+পাদ] চতুষ্পাদ্ব্যবহারান্তর্গত প্রথমপাদ।

ভাষাবাদ, (প্রা) বিতণ্ডা, বিবাদ, বচসা।

ভাষাবাদী, (প্রা) অভিযোক্তা, ফরিয়াদী।

ভাষিত, ন. [ভাষ+ইত] বচন; (ত্রি.) কথিত, উক্ত।

ভাষী, ত্রি. [ভাষ+ইন্] বাদী, কথক, ভাষক।

ভাষ্য, ন. [ভাষ+য] চূর্ণি, গদ্যরচনা; সূত্রবিবরণ গ্রন্থ; সূত্রোক্তার্থ প্রপঞ্চক; গৃহবিশেষ; (ত্রি.) কথনীয়।

ভাষ্যকার, পুং. [ভাষ্য+কার] মহাভাষ্যকর্ত্তামুনি, তৎপর্য্যায়।—গোনর্দ্দীয়, পতঞ্জলি, চূর্ণিকৃৎ।

ভাস্, স্ত্রী. [ভাস্] প্রভা; ময়ূখ, কিরণ; ইচ্ছা।

ভাসঃ, ন. [ভাস+অস্] দীপ্তি, প্রভা।

ভাস, পুং. [ভাস্+অ] দীপ্তি, প্রভা; গোষ্ঠ; কুক্কুট; গৃধ্র, শকুনী; স্বনাম খ্যাত পক্ষী বিশেষ, তৎপর্য্যায়।—শকুন্ত।

ভাসন, (প্রা) জলোপরি স্থিতিকরণ, জলেসন্তরণ।

ভাসন্ত, পুং. [ভাস্+অন্ত] সূর্য্য; চন্দ্র; ভাসপক্ষী; নক্ষত্র; (ত্রি.) সুন্দরাকার।

ভাসন্তী, স্ত্রী. [ভাসন্ত+ঈ] নক্ষত্র, তারকা, তারা

ভাসমান, ত্রি. [ভাস্+মান] প্রকাশমান, দীপ্তিমান্; জলোপরিস্থিত।

ভাসান, (প্রা) জলোপরি স্থাপন; জলেক্ষেপণ।

ভাস্থ, পুং. [ভাস্+উ] সূর্য্য, দিবাকর।

ভাসুর, ন. [ভাস+উর] কুষ্ঠৌষধ, কুড়; (পুং.) স্ফটিক; বীর; (ত্রি.) দীপ্তিযুক্ত।

ভাসুরপুষ্পা, স্ত্রী. [ভাসুর+পুষ্প-আ] বৃশ্চিকালীলতা, বিছুটি।

ভাস্কর, পুং. [ভাস+কর] সূর্য্য; অগ্নি; বীর; অর্কবৃক্ষ; ভাস্করাচার্য্য; সিদ্ধান্তশিরোমণ্যাদি জ্যোতিগ্রন্থকর্ত্তা; (ন.) সুবর্ণ, কাঞ্চন; সূত্রধার, ছুতার; শিল্পকারবিশেষ, মূর্ত্ত্যাদিখোদক।

ভাস্করকিরণ, পুং. [ভাস্কর+কিরণ] সূর্য্যকিরণ, রৌদ্র, ধূপ।

ভাস্করপ্রিয়, পুং. [ভাস্কর+প্রিয়] পদ্মরাগ মণি, চুণি।

ভাস্করেষ্টা, স্ত্রী. [ভাস্কর+ইষ্ট-আ] আদিত্যভক্তা।

ভাস্বর ন. [ভাস্+বর] কুষ্ঠৌষধ, কুড়; (পুং.) দিন; সূর্য্য; (ত্রি.) দীপ্তিযুক্ত।

ভাস্বান্, পুং. [ভাস+বৎ] সূর্য্য; অর্কবৃক্ষ; দীপ্তি; বীর; (ত্রি.) দীপ্তিবিশিষ্ট।

ভিক, (প্রা) যাচ্ঞা, মাঙ্গনা।

ভিখারী, (প্রা) ভিক্ষুক, যাচক, কাঙ্গাল।

ভিজন, (প্রা) আর্দ্রহওন; জলযুক্তকরণ।

ভিজা, (প্রা) আর্দ্র, জলমিশ্রিত।

ভিজান, (প্রা) আর্দ্রকরণ, জলযুক্তকরণ।

ভিটা, (প্রা) বসতি স্থান, বাসস্থান, বাস্তুভূমি, বহুদিনের বাস্তুভূমি।

ভিটামাটী, (প্রা) বসতি স্থান, বাস্তুভূমি; বাটী।

ভিড় (প্রা) লোকসমূহ, জনতা, গোল।

ভিড়ন, (প্রা) নৌকাদি কিনারায় লওন, লাগান।

ভিড়ান, (প্রা) নৌকাদি কিনারায় লাগান; মিলান।

ভিণ্ড, পুং [ভিড়+অ] ভিণ্ডাক্ষুপ,ভিণ্ডবৃক্ষ।

ভিণ্ডক, পুং.[ভিণ্ড+ক] ভিণ্ডীকবৃক্ষ।

ভিণ্ডা, স্ত্রী. [ভিণ্ড+আ] ক্ষুপবিশেষ, ভিণ্ডী, তৎপর্য্যায়।—ভিণ্ডীতক, ভিণ্ড, ভিণ্ডক, ক্ষেত্রসম্ভব, চতুঃপদ, চতুর্ভুণ্ড্র, সুশাক, অস্ত্রপত্রক, করপর্ণ, বৃত্তবীজ।

ভিণ্ডীতক, পুং. [ভিণ্ডীত+ক] ভিণ্ডাবৃক্ষ।

ভিত, (প্রা) প্রাচীরের প্রস্থপরিমাণ, পাণা; ভিত্তি, দেওয়াল।

ভিতর (প্রা) অভ্যন্তর, মধ্যস্থল।

ভিতরে, (প্রা) মধ্যে, অভ্যন্তরে।

ভিতে, (প্রা) নিকটে, কাছে।

ভিত্ত, ন. [ভিদ্+ত] খণ্ড, দ্বিধা, টুকরা।

ভিত্তি, স্ত্রী. [ভিদ+তি] গৃহাদির মৃত্তিকা ইষ্টকাদিময়ীবৃতি, কাঁথ, দেয়াল, ভিৎ, তৎপর্য্যায়।—কুড্য, ভিত্তিকা, কুড্য কুড্যক; প্রভেদ; সন্ধিভাগ; অবকাশ; প্রদেশ। [পল্লী, পাড়া।

ভিত্তিকা,স্ত্রী. [ভিত্তি+ক-আ] কুড্য, দেয়াল;

ভিত্তিচৌর, পুং. [ভিত্তি+চৌর] চৌরবিশেষ, সিঁদালচোর,তৎপর্য্যায়।—খাণিন,কুড্যচ্ছিৎ।

ভিত্তিপাতন, পুং. [ভিত্তি+পাতন] মহামূষক, বৃহৎ ইন্দুর।

ভিৎ, স্ত্রী. [ভিদ্] প্রভেদ; (ত্রি.) ভেদকর্ত্তা; প্রাচীর, দেয়াল।

ভিদক, ন. [ভিদ+ক] বজ্র; (পুং.) খড়্গ।

ভিদা, স্ত্রী. [ভিদ+আ] বস্ত্রাদির বিদারণ, চেরা, তৎপর্য্যায়।—বিদর; স্ফুটন; ধন্যাক, ধনে; ভেদ, ভিন্নতা।

ভিদি, পুং. [ভিদ্+ই] বজ্র, অশনি, কুলিশ।

ভিদির, ন. [ভিদ+ইর] বজ্র, অশনি।

ভিদু, পুং. [ভিদ্+উ] বজ্র, অশনি।

ভিদুর, ন. [ভিদ্+উর] বজ্র, অশনি; (পুং.) প্লক্ষবৃক্ষ, পাকুড় গাছ।

ভিদ্য, পুং. [ভিদ্+য] নদবিশেষ।

ভিদ্র, পুং. ন. [ভিদ্+র] বজ্র, অশনি, কুলিশ।

ভিন্দপাল, পুং. [ভিন্দ+পাল] হস্তহইতে ক্ষেপণাস্ত্রবিশেষ।

ভিন্দিপাল, পুং. [ভিন্দি+পাল] হস্তপরিমাণ কাণ্ড, অস্ত্রবিশেষ; নালিকাস্ত্র; হস্তক্ষেপ্যলগুড়, তৎপর্য্যায়।—সৃগ।

ভিন্ন, ত্রি. [ভিদ্+ত] ভেদবিশিষ্ট, ভাঙ্গা, তৎপর্য্যায়।—দারিত, ভেদিত,বিদারিত; সঙ্গত; অন্য; ফুল্ল; ক্ষতরোগবিশেষ; পৃথক; ব্যতীত।

ভিন্নক, পুং. [ভিন্ন+ক] বৌদ্ধবিশেষ।

ভিন্নকারী. ত্রি. [ভিন্ন+কারিন্] পার্থক্যকারক, বিভেদক।

ভিন্নগাত্রিকা, স্ত্রী. [ভিন্ন+গাত্রিকা] কর্কটী, কাঁকুড়।

ভিন্নগুণন, ন. [ভিন্ন + গুণন] অঙ্কবিশেষ, ভগ্নাংশের বৃদ্ধিকরণ।

ভিন্নঘন, ন. [ভিন্ন+ঘন] অঙ্কবিশেষ।

ভিন্নতা, স্ত্রী. [ভিন্ন+ত-আ] বিভেদ, প্রভেদ, পার্থক্য।

ভিন্নত্ব, ন. [ভিন্ন+ত্ব] ভিন্নতা, প্রভেদ, পার্থক্য।

ভিন্ননৌক, ত্রি. [ভিন্ন+নৌকা] ভগ্ননৌক, নষ্টনৌক।

ভিন্নবর্গ, পুং. [ভিন্ন+বর্গ] অঙ্কবিশেষ।

ভিন্নব্যবকলিত-কলন, ন. [ভিন্ন+ব্যবকলিত] অঙ্কবিশেষ, ভগ্নাংশের বিয়োগবিশেষ।

ভিন্নভাগহর, পুং. [ভিন্ন+ভাগহর] অঙ্কবিশেষ, ভগ্নাংশের হরণ।

ভিন্নসঙ্কলিত-সঙ্কলন, ন. [ভিন্ন+সঙ্কলিত] অঙ্কবিশেষ, ভগ্নাংশ সকল একত্রকরণ।

ভিন্নভাব, পুং. [ভিন্ন + ভাব] ভাবান্তর, মতান্তর।

ভিন্নভিন্ন, ত্রি. [ভিন্ন+ভিন্ন] পৃথক্ পৃথক্ স্বতন্ত্র২।

ভিন্নভিন্নাত্মা, পুং. [ভিন্ন+ভিন্ন-আত্মন্] চণক, ছোলা; পৃথক্ স্বরূপ।

ভিন্নযোজনী, স্ত্রী. [ভিন্ন+যোজন-ঈ] পাষাণ ভেদক বৃক্ষ।

ভিন্নার্থক, ত্রি. [ভিন্ন+অর্থ-ক] অন্য তাৎপর্য্য; অপর, পৃথক্।

ভিয়া, স্ত্রী. [ভী + অ-আ] ভয়, ত্রাস, ভীতি।

ভিরিণ্টিকা, স্ত্রী. [ভিরিণ্ট+ইক-আ] শ্বেত-গুঞ্জা, শাদাকুঁচ।

ভিল্ল, পুং. [ভিল্+ল] ম্লেচ্ছজাতিবিশেষ, ভীল, ব্রাহ্মণকন্যার গর্ভে তীবর ঔরসে জাত। [চমরী।

ভিল্লগবী, স্ত্রী. [ভিল্ল+গো-বী] গবয়ী,

ভিল্লতরু, পুং. [ভিল্ল+তরু] লোধ্র, লোধ-গাছ।

ভিল্লী, স্ত্রী. [ভীল্ল+ঈ] লোধ্র, লোধগাছ।

ভিষক্, পুং. [ভিষজ্+] বৈদ্য, চিকিৎসক।

ভিষক্প্রিয়া, স্ত্রী. [ভিষজ্+প্রিয়-আ] গুড়ূচী, গুলঞ্চলতা; বৈদ্যস্ত্রী।

ভিষগ্জিত, ন. [ভিষজ্+জিত] ঔষধ, ভৈষজ্য।

ভিষগ্ভদ্রা, স্ত্রী. [ভিষজ্+ভদ্র-আ] ভদ্র-দন্তিকা।

ভিষঙ্মাতা, স্ত্রী. [ভিষজ্+মাতৃ] বাসক, বাক-সগাছ।

ভিস্মিকা, স্ত্রী. [ভিস্ম+ইকা] দগ্ধান্ন, পোড়া-ভাত।

ভিস্মিটা, স্ত্রী. [ভিস্+ম-ইটা] দগ্ধান্ন পোড়াভাত।

ভিস্তি, (যাং) বারিবাহক; চর্ম্মনির্ম্মিত বৃহৎ-জল পাত্রবিশেষ।

ভিস্সটা, স্ত্রী. [ভিস্+সট-আ] দগ্ধান্ন, পোড়াভাত।

ভিস্সা, স্ত্রী. [ভিস্স+আ] অন্ন, ভক্ত, ভাত।

ভিস্মিটা, স্ত্রী. [ভস্মি+টা] দগ্ধান্ন পোড়া-ভাত।

ভিক্ষা, স্ত্রী. [ভিক্ষ+আ] লাভযাচন, চাওয়া, মাগা, তৎপর্য্যায়।—যাচ্ঞা, অর্থনা, অর্দ্দনা, প্রার্থনা, যাচনা; সেবা; ভৃতি; ভিক্ষিত বস্তু।

ভিক্ষাক, পুং. [ভিক্ষা+ক] ভিক্ষুক, যাচক, ভিক্ষাকারী।

ভিক্ষাকী, স্ত্রী. [ভিক্ষা+ক্র-ঈ] ভিক্ষুকী, যাচকা, ভিক্ষাকারিণী।

ভিক্ষাচার, পুং. স্ত্রী. [ভিক্ষা+আচর] ভিক্ষুক, ভিক্ষাজীবী।

ভিক্ষাজীবী, ত্রি. [ভিক্ষা + জীবিন্] যাচিত বস্তু দ্বারা জীবনধারণকারী, ভিক্ষুক।

ভিক্ষাটন, ন. [ভিক্ষা + অটন] ভিক্ষার্থগমন, যাচ্ঞার্থ ভ্রমণ।

ভিক্ষাভোক্তা, পুং. [ভিক্ষা+ভোক্তৃ] ভিক্ষা-জীবী, ভিক্ষান্ন খাদক।

ভিক্ষাভোজী, ত্রি. [ভিক্ষা + ভোজিন্] ভিক্ষান্ন ভক্ষণকারী।

ভিক্ষাশন, ন. [ভিক্ষা + অশন] ভিক্ষাহার; যাচ্ঞা বৃত্তি।

ভিক্ষাশিত্ব, ন. [ভিক্ষাশিন্+ত্ব] পৈশুন্য; ভিক্ষাজীবিকা।

ভিক্ষাশী, ত্রি. [ভিক্ষা+অশিন্] ভিক্ষুক, যাচক।

ভিক্ষিত, ত্রি. [ভিক্ষ+ইত] ভিক্ষাকরা, যাচিত।

ভিক্ষু, পুং. [ভিক্ষ+উ] ব্রহ্মচর্য্যাদ্যাশ্রম চতুষ্টয়ান্তর্গত চতুর্থাশ্রমী, তৎপর্য্যায়।—পরিব্রাট্, কর্ম্মন্দী, পারাশরী, মস্করী, পরিব্রাজক, পরাশরী, ব্রজক; বৃক্ষবিশেষ; শ্রাবণীক্ষুপ; কোকিলাক্ষ।

ভিক্ষুক, পুং. স্ত্রী. [ভিক্ষ+উক] ভিক্ষোপজীবী, ভিক্ষাকারী, তৎপর্য্যায়।—মার্গণ, যাচনক, বনীয়ক, যাচক, অর্থী।

ভিক্ষুসংঘাটী, স্ত্রী. [ভিক্ষু+সংঘাট-ঈ] চীবর, চীর, কৌপীন।

ভী, স্ত্রী. ভয়, ভীতি, ত্রাস, আশঙ্কা।

ভীত, ন. [ভী+ত] ভয়, ত্রাস; (ত্রি.) ভয়যুক্ত।

ভীতঙ্কার, ত্রি. [ভীতং+কার] ভয়যুক্ত।

ভীতি, স্ত্রী. [ভী+তি] ভয়, ত্রাস, কম্প।

ভীতিযুক্ত, ত্রি. [ভীতি+যুক্ত] ভীত, ভয়ান্বিত, ত্রস্ত।

ভীম, পুং. [ভী+ম] ভয়ানকরস; শিব; মধ্যম পাণ্ডব; অম্লবেতসবৃক্ষ; মহাদেবের অষ্টমূর্ত্ত্যন্তর্গত আকাশ মূর্ত্তি; (ত্রি.) ভয়হেতু, তৎপর্য্যায়।—ভৈরব, দারুণ, ভীষণ, ভীষ্ম, ঘোর, ভয়ানক, ভয়ঙ্কর, প্রতিভয়। [যুক্ত।

ভীমকর্ম্মা, ত্রি. [ভীম+কর্ম্মন্] ভয়ান্বিত, ভয়-

ভীমদর্শন, ত্রি. [ভীম+দর্শন] ভীতিযুক্ত, ভয়ানক।

ভীমনাদ, পুং. [ভীম+নাদ] সিংহ; ভয়ানক শব্দ।

ভীমবিক্রম, ত্রি. [ভীম+বিক্রম] অতিশয় বলশালী।

ভীমবিক্রান্ত, পুং. [ভীম+বিক্রান্ত] সিংহ; (ত্রি.) ভয়ানক বিক্রমবিশিষ্ট।

ভীমর, পুং. [ভীম+র] যুদ্ধ, সংগ্রাম।

ভীমরথ, পুং. [ভীম+রথ] তামসমনুবংশজাত অসুরবিশেষ।

ভীমরথী, স্ত্রী. [ভীম+রথ-ঈ] মনুষ্যদিগের অবস্থাবিশেষ, সাতাত্তরবর্ষ বয়সের পর অবস্থা; নদীবিশেষ।

ভীমরাজ, (প্রা) বৃক্ষবিশেষ।

ভীমরুল, (প্রা) কীটবিশেষ, দংশককীট, ভ্রমর।

ভীমশাসন, পুং. [ভীম+শাসন] যম, কৃতান্ত; ভয়ানক শাসন।

ভীমসেন, পুং. [ভীম+সেন] মধ্যম পাণ্ডব, কুন্তীর গর্ব্বে পবন হইতে জাত, তৎপর্য্যায়।—ভীম, বীরবেণু, বৃকোদর, বকজিৎ, কীচকজিৎ, কির্ম্মীরজিৎ, জরাসন্ধজিৎ, হিড়িম্বজিৎ, কটব্রণ, নাগবল, গুণাকর; কর্পূরবিশেষ।

ভীমহাস, ন. [ভীম+হাস] ইন্দ্রতুল, আকাশবুড়িরসুতা।

ভীমা, স্ত্রী. [ভীম+আ] দুর্গা; রোচনাখ্য গন্ধদ্রব্য; কশা, চাবুক। [বতী।

ভীমাদেবী, স্ত্রী. [ভীমা+দেবী] দুর্গা, ভগ-

ভীমৈকাদশী, স্ত্রী. [ভীম+একাদশী] ভৈমী, মাঘশুক্লৈকাদশী।

ভীরু, ত্রি. [ভী+রু] ভয়শীল, তৎপর্য্যায়।—ত্রস্নু, ভীরুক, ভীলুক, ভীলু; (স্ত্রী.) ভয়শীলা স্ত্রী, ভয় প্রকৃতা; শতাবরীলতা; কণ্টকারী বৃক্ষ; শতপাদিকা, শতাবৌরীলতা; অজা; ছায়া; স্ত্রী; (পুং.) শৃগাল; ব্যাঘ্র; ইক্ষুবিশেষ।

ভীরুক, ন. [ভীরু+ক] বন; (পুং.) পেচক; ইক্ষুবিশেষ, ভোররী; (ত্রি.) ভয়যুক্ত।

ভীরুচেতা, স্ত্রী. [ভীরু+চেতস্] হরিণ, মৃগ।

ভীরুতা, স্ত্রী. [ভীরু+ত-আ] ভয়শীলতা, ভীত স্বভাব।

ভীরুরন্ধ্র, পুং. [ভীরু+রন্ধ্র] চুল্লী, কন্দু।

ভীরুপত্রী, স্ত্রী. [ভীরু+পত্র-ঈ] শতমূলী, শতবৌরি।

ভীরুহৃদয়, পুং. [ভীরু+হৃদয়] মৃগ, হরিণ, এণ।

ভীরূ, স্ত্রী. [ভীরু+ঊ] ভয়শীলানারী।

ভীলভূষণা, স্ত্রী. [ভীল+ভূষণ-আ] গুঞ্জা, কাঁচ।

ভীলু, ত্রি. [ভী+লু] ভীরু, ভয়শীল, ত্রাস-যুক্ত।

ভীলুক, ত্রি. [ভীলু+ক] ভীরু, ভয়শীল; ভল্লুক।

ভীষণ, পুং. [ভীষ্+অন] ভয়ানকরস, কুন্দুরুক; কপোত; হিন্তাল, হাতালগাছ; শিব; শল্লকী; (ত্রি.) গাঢ়; দারুণ।

ভীষণতা, স্ত্রী. [ভীষণ+ত-আ] ভয়ানকতা, ভয়জনকত্ব।

ভীষণত্ব, ন. [ভীষণ+ত্ব] ভয়ানকতা, ভয়ঙ্করতা।

ভীষণাকার, ত্রি. [ভীষণ + আকার] ভয়ানক মূর্ত্তি, ভয়ঙ্কর কলেবর।

ভীষ্ম, ত্রি. [ভীষ্+ম] ভয়ানক; (পুং.) ভয়ানকরস; শিব; রাক্ষস; গাঙ্গেয়, শান্তনুরাজপুত্র।

ভীষ্মজননী, স্ত্রী. [ভীষ্ম+জনন-ঈ] গঙ্গা, জাহ্নবী, ভাগীরথী।

ভীষ্মপঞ্চক, ন. [ভীষ্ম+পঞ্চক] কার্ত্তিক শুক্লপক্ষীয় একাদশ্যাদি পূর্ণিমান্ত পঞ্চতিথি কর্ত্তব্য ব্রতবিশেষ, বকপঞ্চক।

ভীষ্মরত্ন, ন. [ভীষ্ম+রত্ন] হিমালয়োত্তর দেশ জাত শুক্লবর্ণ প্রস্তরবিশেষ।

ভীষ্মসূ, স্ত্রী. [ভীষ্ম+সূ] ভীষ্মপ্রসূতা, গঙ্গা, ভাগীরথী।

ভীষ্মাষ্টমী, স্ত্রী. [ভীষ্ম+অষ্টমী] মাঘশুক্লাষ্টমী।

ভুঁড়ি, (প্রা) বৃহদুদর, বড়পেট, মেদ।

ভুঁড়িয়া, (প্রা) তুন্দিল, স্থূলোদর, পেটাল।

ভুক্, (প্রা) ভোক্তা; ক্ষুধা, বুভুক্ষা।

ভুকা, (প্রা) বিভুক্ষিত, ক্ষুধাতুর, বুভুক্ষ।

ভুক্ত, ত্রি. [ভুজ্+ত] ভক্ষিত; (ন.) ভক্ষণ; মিশ্রিত।

ভুক্তন, (প্রা) মিশ্রণ, মিশান।

ভুক্তভোগ, পুং. [ভুক্ত+ভোগ]ভক্ষিতভক্ষণ; পুনঃ২ ভোগকরণ।

ভুক্তভোগী, পুং. [ভুক্ত+ভোগিন্] পুনঃ২ ভোগকর্ত্তা; বিশেষ রূপে অনুভূত।

ভুক্তসমুজ্ঝিত. ত্রি. [ভুক্ত+সম্+উজ্ঝিত]ত্যক্ত, ভুক্তাবশিষ্ট, তৎপর্য্যায়।—কেলা, পিণ্ড, কেলি।

ভুক্তি, স্ত্রী. [ভুজ্+তি] ভোজন; ভোগ, দখল; প্রমাণ চতুষ্টয়ান্তর্গত প্রমাণ বিশেষ।

ভুক্তিপ্রদ, পুং. [ভুক্তি+প্রদ] মুদ্গ, মুগকলাই; (ত্রি.) ভোগদাতা।

ভুখ, (প্রা) ক্ষুধা, ভোজনেচ্ছা।

ভুগন, (প্রা) ভোগকরণ; ক্লেশ সহ্যকরণ।

ভুগলামী, (প্রা) ভণ্ডামী; প্রতারণা।

ভুগ্ন, ত্রি. [ভুজ্+ন] রোগাদি দ্বারা কুটিলীকৃত, বিকলাঙ্গ,তৎপর্য্যায়।—রুগ্ন; বক্র, বাঁকা।

ভুজ, পুং. স্ত্রী. [ভুজ্+অ] যাহারদ্বারা ভুক্ত দ্রব্য গ্রহণ করা যায়, হস্ত, হাত, তৎপর্য্যায়।—বাহু, প্রবেষ্ট, দোঃ, কর, বাহ, বাহা, ভুজা, দোষ, দোষা; গ্রহস্পষ্টী করণার্থ রাশিত্রয় হইতে উনকেন্দ্রগ্রহাদি, ও রাশিত্রয় হইতে নবম পর্য্যন্ত ষড়স্তরিতাবশেষ; ক্ষেত্রপরিমাণবিশেষ; বক্র।

ভুজকোটর, পুং. [ভুজ + কোটর] কক্ষ, বগল।

ভুজগ, পুং. [ভুজ+গম্-অ] সর্প, বিষধর, ভুজঙ্গ।

ভুজগদারণ, পুং. [ভুজগ+দারণ] গরুড়, খগপতি।

ভুজগভোজী, পুং. [ভুজগ + ভোজিন্] গরুড়, খগপতি; ময়ূর।

ভুজগান্তক, পুং. [ভুজগ + অন্তক] ময়ূর; গরুড়।

ভুজগাভোজী, পুং. [ভুজগ+আ-ভোজিন্] ময়ূর; গরুড়।

ভুজগাশন, পুং. [ভুজগ+অশন] গরুড়, খগপতি, বৈনতেয়।

ভুজঙ্গ, পুং. [ভুজ+গম্-অ] সর্প, অহি, ভুজঙ্গম; বিড্ঙ্গ, লম্পট।

ভুজঙ্গঘাতিনী, স্ত্রী. [ভুজঙ্গ+ঘাতিন্-ঈ] বৃক্ষবিশেষ, কঙ্কালিকা, তৎপর্য্যায়।—সুরি, সর্পাক্ষী, ক্ষুৎকরী, স্পৃহা; সর্পনাশিনী।

ভুজঙ্গজিহ্বা, স্ত্রী. [ভুজঙ্গ+জিহ্বা] মহাসমঙ্গা লতা; সর্পরসনা।

ভুজঙ্গপ্রয়াত, ন. [ভুজঙ্গ+প্রয়াত] চতুর্থকার বিশিষ্ট দ্বাদশাক্ষরপাদচ্ছন্দো বিশেষ।

ভুজঙ্গভুক্, পুং. [ভুজঙ্গ+ভুজ্] গরুড়, খগপতি; ময়ূর। [সর্প।

ভুজঙ্গভোজী, পুং. [ভুজঙ্গ+ভোজিন্] রাজ-

ভুজঙ্গবিজৃম্ভিত, ত্রি. [ভুজঙ্গ+বিজৃম্ভিত] ছন্দোবিশেষ।

ভুজঙ্গম, পুং. [ভুজ+গম] সর্প, ফণী, (ন.) সীসক, সীসা। [লতা, পান।

ভুজঙ্গলতা, স্ত্রী. [ভুজঙ্গ+লতা] নাগবল্লী-

ভুজঙ্গহা, পুং. [ভুজঙ্গ+হন্] গরুড়, খগপতি; ময়ূর।

ভুজঙ্গশিশু, পুং. [ভুজঙ্গ+শিশু] ছন্দোবিশেষ; সর্পের শলুই। [বিশেষ।

ভুজঙ্গসঙ্গতা, স্ত্রী. [ভুজঙ্গ+সঙ্গতা] ছন্দো-

ভুজঙ্গাখ্য, পুং. [ভুজঙ্গ+আখ্যা] নাগকেশর বৃক্ষ; (ত্রি.) সর্পনামক।

ভুজঙ্গাক্ষী, স্ত্রী. [ভুজঙ্গ+অক্ষিন্-ঈ] রাস্না, সুগন্ধ রাসনলতা।

ভুজন, (প্রা) ভেলকী, কুহক; পরামর্শ দেওন।

ভুজশিরঃ, ন. [ভুজ+শিরস্] স্কন্ধ, কাঁধ।

ভুজা, স্ত্রী. [ভুজ+আ] বাহু; কর, হস্ত; ভৃষ্টতণ্ডুলাদি, ভাজা।

ভুজাকণ্ট, পুং. [ভুজা+কণ্ট] হস্তনখ, হাতের নখ।

ভুজাদল, পুং. [ভুজা+দল] হস্ত, কর, হাত।

ভুজান্তর, ন. [ভুজ+অন্তর] ক্রোড়, অঙ্ক; হস্ত প্রভেদ।

ভুজি, পুং. [ভুজ্+ই] বহ্নি, অগ্নি।

ভুজিষ্য, পুং. স্ত্রী. [ভুজ+ইষ্য] স্বতন্ত্র; হস্তসূত্র; দাস; রোগবিশেষ।

ভুজিষ্যা, স্ত্রী. [ভুজিষ্য+আ] দাসী; গণিকা, বেশ্যা।

ভুজ্য, ত্রি. [ভুজ+য] ভোজনার্হ; ভোজন; অগ্নি; ভাজন।

ভুজ্যমান, ত্রি. [ভুজ্য+মান] ভক্ষিত; কৃতভোজন।

ভুজ্যামতা, (প্রা) পরস্পর অন্ন ভোক্তৃত্ব।

ভুজ্যু, পুং. [ভুজ+যু] ভোজন, অশন; ভাজন, পাত্র; অগ্নি।

ভুঞ্জৎ, ত্রি. [ভুজ্+অৎ] ভোগকর্ত্তা, ভোগকারক। [কারী।

ভুঞ্জান, ত্রি. [ভুজ+মান] ভোগকর্ত্তা, ভোগ-

ভুট (প্রা) বিনাশ; উচ্ছিন্ন।

ভুড়ভুড়, (প্রা) জলবিম্ব; অব্যক্ত শব্দ।

ভুতি, (প্রা) কাঁটালের মধ্যস্থ অসার দণ্ড।

ভুনন, (প্রা) ভর্জ্জন, ভাজন, ভৃষ্টকরণ।

ভুনা, (প্রা) ভৃষ্ট, ভাজা, জলসেকবিনা পক্ক।

ভুঁন, (প্রা) বিধবারবস্ত্র, ঠেঁটী; ভৃষ্টবস্তু, ভাজাদ্রব্য।

ভুবন, ন. [ভু+অন] জগৎ; ব্রহ্মাণ্ড; চতুর্দ্দশ ভুবনানি যথা।—ভূ, ভুব, স্বঃ, মহঃ, জন, তপঃ, সত্য, জম্বু, শাক, কুশ, ক্রৌঞ্চ, শাল্মল, মেদ, পুষ্কর; সলিল, জল; গগন, আকাশ; জন।

ভুবনকোষ, পুং. [ভুবন+কোষ] ভূগোল, ব্রহ্মাণ্ড।

ভুবনেশ্বর, পুং. [ভুবন+ঈশ্বর] জগদীশ্বর; উড়িষ্যাদেশস্থিত শিবলিঙ্গ।

ভুবন্যু, পুং. [ভু+অন্যু] সূর্য্য; অগ্নি; চন্দ্র; প্রভু।

ভুবর্লোক, পুং. [ভুবস্+লোক] ভূরাদি সপ্তলোকান্তর্গত দ্বিতীয় লোক।

ভুবস্, ব্য. [ভু+অস্] আকাশ, অন্তরীক্ষ, গগণ।

ভুবিস, ন. [ভূ+ইস] সমুদ্র, জলধি, সাগর।

ভুয়া, (প্রা) শস্যহীনফল; অসার; অবস্তু।

ভুর, (প্রা) গর্ব্ব, গরিমা, অভিমান; মিথ্যা।

ভুরভার, (প্রা) আত্মশ্লাঘা; দৃশ্যেগৌরব।

ভুরা, (প্রা) শর্করাবিশেষ, চিনিবিশেষ।

ভুরিক্, স্ত্রী. [ভু+উর-ইজ্] পৃথিবী, পৃথ্বী, ধরণী।

ভুল, (প্রা) বিস্মৃতি; ভ্রম, ভ্রান্তি, চুক।

ভুলন, (প্রা) বিস্মরণ, ভ্রান্তিহওন।

ভুলান, (প্রা) ভ্রমজন্মান, ভ্রান্তকরণ; মোহিতকরণ, মুগ্ধকরণ।

ভুলানিয়া, (প্রা) বঞ্চক, ঠগ; কুহকী।

ভুলাকা, (প্রা) কুহক, মায়া; প্রতারণা।

ভুষী, (প্রা) যবগোধূমাদির ত্বক; ধান্যাদির খোসা।

ভুসা (প্রা) কালিপ্রস্তুত করিবার দ্রব্যবিশেষ।
ভুসী, (প্রা) যবগোধূমাদির ত্বক্।
ভূ, ব্য. [ভূ+অ] রসাতল, পাতাল; (স্ত্রী.) পৃথিবী; স্থানমাত্র; যজ্ঞাগ্নি।
ভুঁই, (প্রা) ক্ষেত্র, ক্ষেত।
ভুঁইকম্প, (প্রা) ভূমিকম্পন, ভূকম্প।
ভূক, ন. [ভূ+ক] ছিদ্র; কাল; (পুং.) অন্ধকার। [সিম।
ভূকদম্ব, পুং. [ভূ+কদম্ব] অলম্বুষবৃক্ষ, কোক-
ভূকদম্বক, পুং. [ভূ+কদম্বক] যবানী, যউন।
ভূকন্দ, পুং. [ভূ+কন্দ] মহাশ্রাবণিকা, থুলকুড়ী।
ভূকম্প, পুং. [ভূ+কম্প] ভূমিকম্পন, ভূমিনড়ন।
ভূকর্ণ, পুং. [ভূ+কর্ণ] নাড়িমণ্ডলের রেখা বিশেষ।
ভূকর্বুদারক, পুং. [ভূ+কর্বু+দারক] বৃক্ষবিশেষ, (হিঃ) ছোটালসোড়া, তৎপর্য্যায়। ক্ষুদ্রশ্লেষ্মান্তক, ভূশেলু, লঘুশেলু, লঘুপিচ্ছিল, লঘুশীত, সূক্ষ্মফল, লঘুভূতদ্রুম, ভূকর্বুদার।
ভূকল, পুং. [ভূ+কল] দুর্বিনীতাশ্ব, অদম্যঘোটক।
ভূকশ্যপ, পুং. [ভূ+কশ্যপ] বসুদেব, শ্রীকৃষ্ণের পিতা।
ভূকাক, পুং. [ভূ+কাক] স্বল্পকঙ্ক, ক্ষুদ্রকাক পক্ষী; ক্রৌঞ্চ, বক; নীলকপোত, নীলবর্ণ পায়রা।
ভূকুম্ভী, স্ত্রী. [ভূ+কুম্ভ-ঈ] ভূপাটলী।
ভূকুষ্মাণ্ডী, স্ত্রী. [ভূ+কুষ্মাণ্ড-ঈ] বিদারী।
ভূকেশ, পুং. [ভূ+কেশ] শৈবাল; বটবৃক্ষ।
ভূকেশা, স্ত্রী. [ভূ+কেশ-আ] রাক্ষসী, পিশিতাশনা।
ভূকেশী, স্ত্রী. [ভূ+কেশ-ঈ] অবন্তুজ
ভূখর্জূরী, স্ত্রী. [ভূ+খর্জূর-ঈ] ক্ষুদ্রখর্জূরী। ছোটখাজুর, তৎপর্য্যায়।—ভূযুক্তা, বহুধাখর্জূরিকা, ভূমিখর্জূরী।
ভূগর, ন. [ভূ+গর] বিষ, হলাহল, গরল।
ভূগর্ভ, পুং. [ভূ+গর্ভ] ভবভূতি, মালতী মাধবাদি নাটককর্ত্তা; ভূমির মধ্য।

ভূগোল, পুং. [ভূ+গোল] ভুবনকোষ, মহীমণ্ডল; পৃথিবীর আকৃত্যাদির বিবরণ ঘটিত পুস্তক।
ভূচর, ত্রি. [ভূ+চর] স্থলচর; মনুষ্যাদি।
ভূচক্র, ন. [ভূ+চক্র] বিষুবরেখা।
ভূচল, পুং. [ভূ+চল] ভূমিকম্পন, ভূকম্প।
ভূচ্ছায়, ন. স্ত্রী. [ভূ+ছায়া] অন্ধকার, তমঃ।
ভূজন্তু, পুং. [ভূ+জন্তু] ভূনাগ।
ভূজম্বু, স্ত্রী. [ভূ+জম্বু] গোধূম, গম; বিকঙ্কত ফল, বঁইচ; ভূমিজম্বু, ভুঁইজাম।
ভূজলচর, পুং. [ভূ+জল+চর] উভয়চর, জল ও স্থলে চারণকারী।
ভূত, ন. [ভূ+ত] যুক্ত, ন্যায়; ক্ষ্মাদি, পৃথিবপ্তেজো বায়্বাকাশ পঞ্চক; ঋত, সত্য; পিশাচাদি; জন্তু; বস্তুতত্ত্বানুসরণ; (ত্রি.) প্রণী; জন্তু; অতীত; বৃত্ত; সম; সদৃশ; প্রাপ্ত; সত্য; অতীত, ভূতকাল, তৎপর্য্যায়।—বৃত্ত, অতীত, হ্যস্তন, নিভৃত, গত; (পুং.) দেবযোনিবিশেষ, অধোমুখ ও উর্দ্ধমুখ পিশাচ, রুদ্রানুচর, বালগ্রহ; কুমার; যোগীন্দ্র; কৃষ্ণচতুর্দ্দশী।
ভূতকাল, পুং. [ভূত+কাল] অতীতকাল, গতকাল।
ভূতকেশ, পুং. ন. [ভূত+কেশ] স্বনামখ্যাত তৃণ, তৎপর্য্যায়।—গোলোমী, ভূতকেশী, অল্পকেশী, কেশী।
ভূতকেশী, স্ত্রী. [ভূত+কেশ-ঈ] ভূতকেশ, স্বনামখ্যাতৃণ; শেফালিকা, শিউলী; নীলসিন্ধুবার।
ভূতক্রান্তি, স্ত্রী. [ভূত+ক্রান্তি] ভূতাবেশ, ভূতে পাওয়া।
ভূতগন্ধা, স্ত্রী. [ভূত+গন্ধ-আ] মুরানামে গন্ধদ্রব্যবিশেষ।
ভূতগ্রস্ত, ত্রি. [ভূত+গ্রস্ত] ভূতাবিষ্ট, ভূতাক্রান্ত, ভূতে পাওয়া।
ভূতগ্রাম, পুং. [ভূত+গ্রাম] ভূতসমূহ।
ভূতঘ্ন, পুং. [ভূত+হন্] উষ্ট্র, উট; লশুন, পেঁয়াজ; ভূর্জবৃক্ষ; (ত্রি.) ভূতনাশক।
ভূতঘ্নী, স্ত্রী. [ভূত+ঘ্ন-ঈ] তুলসী; মুণ্ডিতিকা।

ভূতচতুর্দ্দশী, স্ত্রী. [ভূত+চতুর্দ্দশ-ঈ] গৌণ-কার্ত্তিক কৃষ্ণ চতুর্দ্দশী, যমচতুর্দ্দশী।

ভূতজটা, স্ত্রী. [ভূত+জটা] জটামাংসী, গন্ধমাংসী।

ভূতড়িয়া (প্রা) ভূতবৈদ্য, ভূতের ওঝা।

ভূতদয়া, স্ত্রী. [ভূত+দয়া] সর্ব্বভূতে দয়া।

ভূতদ্রাবী, পুং. [ভূত+দ্রাবিন্]. ভূতাঙ্কুশ বৃক্ষ; রক্তকরবীর; ভূতদিগের তাড়না-কারণ।

ভূতদ্রুম, পুং. [ভূত+দ্রুম] শ্লেষ্মান্তক বৃক্ষ।

ভূতধাত্রী, স্ত্রী. [ভূত+ধাত্রী] পৃথিবী, পৃথ্বী ধরণী

ভূতনাথ, পুং. [ভূত+নাথ] শিব, মহাদেব।

ভূতনায়িকা, স্ত্রী. [ভূত+নায়িকা] দুর্গা, পার্ব্বতী।

ভূতনাশন, পুং. [ভূত+নাশন] ভল্লাতক বৃক্ষ; সর্ষপ; ভূতহন্তা; (ন.) রুদ্রাক্ষ।

ভূতনী, স্ত্রী. [ভূত+অনু-ঈ] মুদ্রাবিশেষ, পিশাচী, পেতনী।

ভূতপত্রী, স্ত্রী. [ভূত+পত্র-ঈ] তুলসী।

ভূতপুষ্প, পুং. [ভূত+পুষ্প] শ্যোনাকবৃক্ষ।

ভূতপূর্ণিমা, স্ত্রী. [ভূত+পূর্ণিমা] আশ্বিনী পূর্ণিমা, তৎপর্য্যায়।—শারদী, কৌমুদী, অশ্বযুজী, শতপর্ব্বা, রঙ্গভূতি, কোজাগরা

ভূতবৎ, বা. [ভূত+বৎ] ভূতাকার, প্রেতবৎ, প্রেততুল্য।

ভূতবলি, স্ত্রী. [ভূত+বলি] বলিবিশেষ।

ভূতবাস, পুং. [ভূত+বাস] কলিদ্রুম।

ভূতবিক্রিয়া, স্ত্রী, [ভূত+বিক্রিয়া] অপস্মার রোগ, মৃগীরোগ

ভূতবৃক্ষ, পুং. [ভূত+বৃক্ষ] শাখোটবৃক্ষ, শাওড়াগাছ; শোনাকবৃক্ষ।

ভূতবেশী, স্ত্রী. [ভূত+বেশ-ঈ] শ্বেত শেফালিকা, শাদা শিউলী।

ভূতব্রহ্মা, পুং. [ভূত+ব্রহ্মন্] দেবলব্রাহ্মণ।

ভূতভাবন, পুং. [ভূত+ভাবন] বিষ্ণু; শিব, বটুকভৈরব; ভূত প্রকাশক।

ভূতভৃৎ, পুং. [ভূত+ভৃৎ] বিষ্ণু, নারায়ণ; ভূতপালক।

ভূতভৈরবী, স্ত্রী. [ভূত+ভৈরব-ঈ] বৃক্ষ-বিশেষ। [গন্ধদ্রব্য বিশেষ।

ভূতমারী, স্ত্রী. [ভূত+মার-ঈ] চীড়ানামে

ভূতযজ্ঞ, পুং. [ভূত+যজ্ঞ] ভূতবলি, পঞ্চ মহাযজ্ঞান্তর্গত বলি বৈশ্বদেব কর্ম্ম

ভূতল, ন. [ভূ+তল] ভূমিতল, ধরাতল।

ভূতশুদ্ধি, স্ত্রী. [ভূত+শুদ্ধি] পূজাদিতে বীজ বিশেষ দ্বারা বামকুক্ষিস্থিত পাপপুরুষ দহনপূর্ব্বক শরীরের শোধন

ভূতসঞ্চার, পুং. [ভূত+সঞ্চার] ভূতোন্মাদ রোগ, তৎপর্য্যায়।—আবেশ, ভূতক্রান্তি, গ্রহাগম। [বনাগ্নি।

ভূতসঞ্চারী, স্ত্রী. [ভূতসঞ্চার-ঈ] দাবানল,

ভূতসর্গ, ন. [ভূত+সর্গ] ভূতসৃষ্টি, যথা।—ব্রাহ্ম, প্রজাপতীয়, সৌম্য, ইন্দ্র, গন্ধর্ব্ব, কৌবের, রক্ষঃ, পিশাচ, মানুষ, স্থাবর, পশু, মার্গ, সর্প, শাকুনিক।

ভূতসার, পুং. [ভূত+সার] শ্যোনাকবৃক্ষ বিশেষ।

ভূতহন্ত্রী, স্ত্রী. [ভূত+হন্তৃ-ঈ] বন্ধ্যাকর্কোটকী; নীলদূর্ব্বা।

ভূতহর, পুং. [ভূত+হর] গুগ্‌গুলু, গুগ্‌গুল।

ভূতহারি, ন. [ভূত+হারিন্] দেবদারুবৃক্ষ।

ভূতহারী, ত্রি. [ভূত+হারিন্] প্রাণ সংহার কারক, শিব।

ভূতা, স্ত্রী. [ভূ+ত-আ] কৃষ্ণাচতুর্দ্দশী

ভূতাঙ্কুশ, পুং. [ভূত+অঙ্কুশ] স্বনামখ্যাত বৃক্ষ, তৎপর্য্যায় —ক্ষবক, ক্ষুরক, তীক্ষ্ণ, ক্রুর, ক্ষব, রাজোদ্বেদন সংজ্ঞ, ভূতদ্রাবী, গ্রমাহ্বয়।

ভূতাত্মা, পুং. [ভূত+আত্মন্] দেহ; পরমেষ্ঠী, ব্রহ্মা; শিব; যুদ্ধ; বিষ্ণু।

ভূতানুসরণ, ন. [ভূত+অনুসরণ] ন্যায়-প্রমাণ; প্রাণির অনুসারণ; তত্ত্বানুসন্ধান।

ভূতানুসারী, ত্রি. [ভূত+অনুসারিন্] যথার্থের অনুসারণকর্ত্তা।

ভূতাবাস, পুং. [ভূত+আবাস] বিভীতক, বহেড়াগাছ; দেহ; বিষ্ণু; পঞ্চভূতের আবাস স্থান।

ভূতাবিষ্ট, ত্রি. [ভূত+আবিষ্ট] পিশাচগ্রস্ত, ভূতাক্রান্ত; ভূতাদি দ্বারা রোগগ্রস্ত।

ভূতাবেশ, পুং. [ভূত+আবেশ] ভূতসঞ্চার, ভূতেপাওয়া, ইহার পর্য্যায় আবেশশব্দে দ্রষ্টব্য। [শত্রু।

ভূতারি, ত্রি. [ভূত+অরি] হিঙ্গু, হিং; ভূত-

ভূতার্ত্ত, ত্রি. [ভূত+আর্ত্ত] ভূতাবিষ্ট, ভূতাদিদ্বারা পীড়িত। [মুষলী।

ভূতালী, স্ত্রী. [ভূত+অলিন্] ভূপাটলী,

ভূতি, স্ত্রী. [ভূ+তি] মহাদেবের অনিমাদি-অষ্টপ্রকার বৈভব; শম্ভুধৃত ভস্ম; ভস্ম; সম্পত্তি; হস্তিশৃঙ্গার; জাতি; বৃদ্ধি-নামক ঔষধ; রোহিষতৃণ; ভূতৃণ; উৎপত্তি; সত্তা।

ভূতিক, ন. [ভূতি+ক] ভূনিম্ব, চিরতা; কতৃণ, কুৎসত তৃণ; কট্ফল; ঘনসার, চন্দন; (পুং.) যমানী, যোয়ান।

ভূতিকাম, পুং. [ভূতি+কাম] রাজমন্ত্রী; বৃহস্পতি; (ত্রি.) ঐশ্বর্য্যাভিলাষী।

ভূতিকীল, পুং. [ভূতি+কীল] ভূখাত, খানা, ডোবা।

ভূতিগর্ভ, পুং. [ভূতি+গর্ভ] ভবভূতি কবি।

ভূতিনিধান, ন. [ভূতি+নিধান] ধনিষ্ঠা-নক্ষত্র, ২৩।

ভূতিনী, স্ত্রী. [ভূত+ইন্-ঈ] মুদ্রাবিশেষ; অতিশয় কৃষ্ণবর্ণা স্ত্রী; প্রেতপত্নী।

ভূতিবিহীন, ত্রি. [ভূত+বিহীন] ঐশ্বর্য্যহীন, সম্পত্তিরহিত।

ভূতিমান্, ত্রি. [ভূতি+মৎ] ঐশ্বর্য্যযুক্ত, ঐশ্বর্য্যশালী।

ভূতিযুক্ত, ত্রি. [ভূতি+যুক্ত] ঐশ্বর্য্যবিশিষ্ট ঐশ্বর্য্যশালী।

ভূতিরহিত, ত্রি. [ভূতি+রহিত] ঐশ্বর্য্যহীন, সম্পত্তি রহিত।

ভূতীক, ন. [ভূত+ঈক] ভূনিম্ব, চিরতা; যমানী, যোয়ান; ভূস্তৃণ, কর্তৃণ, কদর্য্য, তৃণ।

ভুতুড়া, (প্রা) ভূতবৈদ্য, ভূতের ওঝা।

ভূতৃণ, ন. [ভূ+তৃণ] গন্ধতৃণ, গন্ধখড়, তৎপর্য্যায়।—গন্ধখেড়, রৌহিষ, গো-ময়প্রিয়, পট, রামকর্পূর, সতৃণ, শর, শ্যামক, ধ্যামক, পৌর, দেবজগ্ধক; (পুং.) ভূস্তৃণ, সুগন্ধরুহিষ, অন্ধ্রদেশে প্রসিদ্ধ পরিমলদ গন্ধালি, তৎপর্য্যায় রোহিষ, ভূতি, ভূতিক, কুটুম্বক, মালা-তৃণ, সমালম্বী, ছত্র, অতিচ্ছত্রক, গুহ্য-বীজ, সুগন্ধ, গুচ্ছাল, পুংস্ত্ববিগ্রহ, বধির, অতিগন্ধ, শৃঙ্গরোহ, করেন্দুক।

ভূতেশ, পুং. [ভূত+ঈশ] শিব, মহাদেব।

ভূতোপহত, ত্রি. [ভূত+উপহত] ভূতাবেশ, ভূতে পাওয়া।

ভূত্তম, ন. [ভূ+উত্তম] সুবর্ণ, হেম, কাঞ্চন।

ভূদকচর, ত্রি. [ভূ+উদক-চর] উভচর, কচ্ছপ কুম্ভীরাদি।

ভূদরীভবা, স্ত্রী. [ভূ+উদর-ভব-আ] আখু-কর্ণী বৃক্ষ, ইন্দুরকানী গাছ।

ভূদার, পুং. [ভূ+দার] শূকর, বরাহ; ভূমি বিদারণকারী।

ভূদেব, পুং. [ভূ+দেব] ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র।

ভূধন, পুং. [ভূ+ধন] রাজা, ভূপ, পার্থিব।

ভূধর, পুং. [ভূ+ধর] পর্ব্বত; যন্ত্রভেদ; ভূমিধারণকর্ত্তা।

ভূধাত্রী, স্ত্রী. [ভূ+ধাত্রী] আমলকী বিশেষ, ভূম্যামলী, ভুঁই আমলা; বটুকভৈরব।

ভূধ্র, পুং. [ভূ+ধৃ+অ] পর্ব্বত, ধরাধর, গিরি, শৈল।

ভূনাগ, পুং. [ভূ+নাগ] উপরসবিশেষ, তৎ-পর্য্যায়।—ক্ষিতিনাগ, ভূজন্তু, রক্তজন্তুক, ক্ষিতিজ, ক্ষিতিজন্তু, রক্ততুণ্ডক।

ভূনিম্ব, পুং. [ভূ+নিম্ব] ক্ষুপবিশেষ, চিরতা তৎপর্য্যায়।—অনার্য্যতিক্ত, কৈরাত, রামসেনক, কিরাততিক্ত, হৈম, কাণ্ড-তিক্ত, কিরাতক, কটুতিক্ত।

ভূনীপ, পুং. [ভূ+নীপ] কদম্ববিশেষ, ভূমি-কদম্ব। [নৃপতি।

ভূনেতা, পুং. [ভূ+নেতৃ] রাজা, মহীপাল,

ভূপ, পুং. [ভূ+পা] রাজা, নৃপতি, মহী-পাল।

ভূপতি, পুং. [ভূ+পতি] বটুকভৈরব; রাজা; ঋষভনামক ঔষধ।

ভূপদ, পুং. [ভূ+পদ] বৃক্ষ, দ্রুম, তরু।
ভূপদী, স্ত্রী. [ভূ+পদ-ঈ] মল্লিকাপুষ্পবৃক্ষ।
ভূপরিধি, পুং. [ভূ+পরিধি] বিষুবরেখা; পৃথিবী বেষ্টিত রেখা।
ভূপলাশ, পুং. [ভূ+পলাশ] বৃক্ষবিশেষ, বিশালী বৃক্ষ।
ভূপাটলী, স্ত্রী. [ভূ+পাটল-ঈ] বৃক্ষবিশেষ, (হিং) ভূয়াতনি, লেনবাদবী, তৎপর্য্যায়। ভূকুম্ভী, ভূতালী, রক্তপুষ্পিকা।
ভূপাল, পুং. [ভূ+পাল] রাজা, ধরাপতি, মহীপতি।
ভূপালক, পুং. [ভূ+পালক] রাজা, ভূমিপালনকর্ত্তা, নৃপতি।
ভূপালি, পুং. [ভূ+পালিন্] রাজা, পৃথিবী পালনকর্ত্তা। [রামপত্নী।
ভূপুত্রী, স্ত্রী. [ভূ+পুত্র-ঈ] সীতা, জানকী,
ভূপেষ্ট, পুং. [ভূপ+ইষ্ট] রাজাদনীবৃক্ষ।
ভূভর্ত্তা, পুং. [ভূ+ভর্তৃ] পৃথিবীপতি, রাজা, ভূপ। [ভূস্বামী।
ভূভুক্, পুং. [ভূ+ভুজ] রাজা, ভূপতি,
ভূভৃৎ, পুং. [ভূ+ভৃৎ] রাজা; পর্ব্বত।
ভূমন্, ত্রি. [ভূ+মন্] বহু, অধিক, প্রচুর, মহিমাবিশিষ্ট।
ভূময়ী, স্ত্রী. [ভূ+ময়-ঈ] ছায়া, সূর্য্যপত্নী; (ত্রি,) মৃণ্ময়, মৃৎস্বরূপ।
ভূমা, পুং. [ভূ+ইমন্] বহুত্ব, অনেক; বহুত্ব বিশিষ্ট; বিরাট পুরুষ।
ভূমি, স্ত্রী. [ভূ+মি] পৃথিবী; স্থানমাত্র; জিহ্বা; যোগীদিগের অবস্থা বিশেষ।
ভূমিকম্প, পুং. [ভূমি+কম্প] পৃথিবীদোলন, ভূকম্পন।
ভূমিকদম্ব, পুং. [ভূমি+কদম্ব] কদম্ব বিশেষ, তৎপর্য্যায়।—ভূনীপ, ভূমিজ, ভৃঙ্গবল্লভ, লঘুপুষ্প, বৃত্তপুষ্প, বিষঘ্ন, ব্রণহারক।
ভূমিকা, স্ত্রী. [ভূমি+ক-আ] আভাস, রচনা; বেশান্তর পরিগ্রহ, ছদ্মবেশ; ভূমি, চিত্তের অবস্থাবিশেষ।
ভূমিখর্জ্জূরিকা, স্ত্রী. [ভূমি+খর্জ্জূরিকা] ক্ষুদ্র খর্জ্জূরী, তৎপর্য্যায়।—স্বাদ্বী, দুরারোহা, মৃদুচ্ছদা।
ভূমিখর্জ্জূরী, স্ত্রী. [ভূমি+খর্জ্জূর-ঈ] ভূমিখর্জ্জূরিকা, ক্ষুদ্রখর্জ্জূরিকা।
ভূমিচম্পক, পুং. [ভূমি+চম্পক] পুষ্পবৃক্ষবিশেষ, ভুঁইচাঁপা, তৎপর্য্যায়।—তাম্রপুষ্প, সন্ধিবন্ধ, দ্রুঘন।
ভূমিজ, ন. [ভূমি+জন্-অ] গৌরসুবর্ণ, (পুং.) মঙ্গলগ্রহ; নরকরাজ; ভূমিকদম্ব, মনুষ্য।
ভূমিজগুগ্গুলু, পুং. [ভূমিজ+গুগ্গুলু] আশাপুর গুগ্গুলু, তৎপর্য্যায়।—দৈত্যমেদজ, দুর্গাহ্ব, আশাপুরসম্ভব, মজ্জার, মেদজ, মহিষাসুর সম্ভব।
ভূমিজম্বু, স্ত্রী. [ভূমি+জম্বু] ক্ষুদ্রজম্বুবিশেষ, ছোটজাম, তৎপর্য্যায়।—নাদেয়িকা, নাদেয়ী, ভূজম্বু, ভূমিজম্বুকা, কাকজম্বু, শীতপল্লবা; ভূমিচম্পক।
ভূমিজম্বু, স্ত্রী. [ভূমি+জম্বু] ভূজম্বু, ক্ষুদ্রজম্বু, ছোট জাম, তৎপর্য্যায়।—হ্রস্বফলা, ভৃঙ্গবল্লভা, হ্রস্বা, ভূজম্বু, ভ্রমরেষ্টা, পিকভক্ষা, কাষ্ঠজম্বু। [জম্বু, ক্ষুদ্রজাম।
ভূমিজম্বুকা, স্ত্রী. [ভূমি+জম্বুক-আ] ভূমি-
ভূমিজা, স্ত্রী. [ভূমি+জন্-আ] সীতা, জানকী, রামপত্নী।
ভূমিজীবী, পুং. [ভূমি+জীবিন্] বৈশ্য, কৃষিজীবী। [দ্বিজ।
ভূমিদেব, পুং. [ভূমি+দেব] ব্রাহ্মণ, বিপ্র,
ভূমিপ, পুং. [ভূমি+পা-অ] রাজা, পৃথিবীপাল, ভূমিপতি।
ভূমিপক্ষ, পুং. [ভূমি+পক্ষ] বাতাশ্ব, কুলীনাশ্ব, হয়োত্তর। [পতি।
ভূমিপাল, পুং. [ভূমি+পাল] রাজা, ভূ-
ভূমিপিশাচ, পুং. [ভূমি+পিশাচ] তালবৃক্ষ, তালগাছ। [দেহ।
ভূমিবর্দ্ধন, পুং.ন. [ভূমি+বর্দ্ধন] শব, মৃত-
ভূমিমণ্ড, পুং. [ভূমি+মণ্ড] অষ্টপাদিকা মদনমালী, হাপরমালীলতা।
ভূমিমণ্ডপভূষণা, স্ত্রী. [ভূমি+মণ্ডপ-ভূষণ-আ] মাধবীলতা।
ভূমিরক্ষক, পুং. [ভূমি+রক্ষক] বাতাশ্ব, হয়োত্তম, উত্তম অশ্ব।

ভূমিলাভ, পুং. [ভূমি+লাভ] মৃত্যু, নিধন; ভূমিপ্রাপ্তি।

ভূমিলেপন, ন. [ভূমি+লেপন] গোময়, গোবর; গোময়াদির দ্বারা ভূমি লেপা।

ভূমিশিরঃ, ন. [ভূমি+শিরস্] উচ্চস্থান, উন্নত স্থল।

ভূমিষ্ঠ, ত্রি. [ভূমি+স্থা-অ] প্রণত; জাতভূসম্বন্ধ. উৎপন্নানন্তর ভূমে পতিত।

ভূমিসম্ভবা, স্ত্রী. [ভূমি+সম্ভব-আ] সীতা, জানকী, রামপত্নী।

ভূমিস্পৃক্, পুং. [ভূমি+স্পৃশ্] মানুষ; বৈশ্য; চৌরবিশেষ; অন্ধ; খঞ্জ. খোঁড়া।

ভূমী, স্ত্রী. [ভূমি+ঈ] ভূমি, পৃথিবী; স্থান।

ভূমীন্দ্র, পুং. [ভূমি+ইন্দ্র] রাজা, ভূপতি, ভূপাল।

ভূমীরুহ, পুং. [ভূমী+রুহ] বৃক্ষ, তরু, দ্রুম।

ভূমীসহ, পুং. [ভূমী+সহ] বৃক্ষবিশেষ, (হিঃ) ভূরসহ, তৎপর্য্যায়।—দ্বারদাতু, বরদাতু, খরচ্ছদ।

ভূম্যামলকী, স্ত্রী. [ভূমি+আমলকী] ক্ষুপবিশেষ, ভুঁইআমলা, তৎপর্য্যায়।—বহুপুষ্পী, জড়া, অধ্যণ্ডা, তালি, তামলকী, অজটা, সূক্ষ্মফলা, ক্ষেত্রামলকী, বিতুন্নক, ঝাটা, অমলা, অজ্ঝটা, তালী, শিবা, ঝাটা, মলা, ঝাটামলা, অমলাজ্ঝটা, ভূম্যামলকিকা, শিবামলকী, বহুপুত্রা, বহুফলা, বহুবীর্য্যা, ভূধাত্রী।

ভূম্যামলী, স্ত্রী. [ভূমি+আমলী] ভূম্যামলকী, (হিঃ) অরুমেলী, ভুঁইআমলা, তৎপর্য্যায়।—তমালী, তালী, তমালিকা, উচ্চটা, দৃঢ়পাদী, বিতুন্না, বিতুন্নিকা, বৃষ্যা, বিষঘ্নী, বহুপত্রিকা, বহুবীর্য্যা, ভূধাত্রী, চারটী, অহিভয়দা, বিগপর্ণী, হিমালয়া, অজ্ঝটা, বীরা।

ভূম্যাহুল্য, ন. [ভূমি+আহুল্য] ক্ষুপবিশেষ; (হিং) ভূঞিতখড়, তৎপর্য্যায়।—কুষ্ঠকেতু, মার্কণ্ডীয়, মহৌষধ।

ভূয়ঃ, ব্য. [ভু+য়স্] পুনরর্থ, পৌনঃপুন্যার্থ।

ভূয়ান্, ত্রি. [ভু+য়স্] বহুতর, অনেক।

ভূয়িষ্ঠ, ত্রি. [ভূয়+ইষ্ঠ] প্রচুর, যথেষ্ট, অধিক।

ভূয়ুক্তা, স্ত্রী. [ভূ+যুক্ত+আ] ভূমিখর্জুরী, ক্ষুদ্রখাজুর।

ভূয়োভূয়ঃ, ত্রি. [ভূয়স্+ভূয়স্] পুনঃঃ, বারম্বার।

ভূর, (প্রা) অহঙ্কার, গর্ব্ব, জাঁক, বড়াই।

ভূরভার, (প্রা) গরিমা; জাঁকজমক।

ভূরি, ন. [ভূ+রি] স্বর্ণ; (পুং.) বিষ্ণু; ব্রহ্ম; শিব; ইন্দ্র; (ত্রি.) প্রচুর, অনেক।

ভূরিক্, স্ত্রী. [ভূ+রিজ্] পৃথিবী, ধরণী।

ভূরিগন্ধা, স্ত্রী. [ভূরি+গন্ধ-আ] পুরানামক গন্ধদ্রব্যবিশেষ।

ভূরিগম, পুং. [ভূরি+গম] গর্দ্দভ, খর, গাধা।

ভূরিদাবা, পুং. [ভূরি+দাবন্] প্রচুরদাতা, যথেষ্টদানকর্ত্তা।

ভূরিদুগ্ধা, স্ত্রী. [ভূরি+দুগ্ধ-আ] বৃশ্চিকালী লতা, বিছুটি।

ভূরিপত্র, পুং. [ভূরি+পত্র] উখর্ব্বল তৃণবিশেষ।

ভূরিপলিতদা, স্ত্রী. [ভূরি+পলিত+দ-আ] পাণ্ডুরফলী।

ভূরিপুষ্পা, স্ত্রী. [ভূরি+পুষ্প-আ] শতপুষ্পা। [পক্ষী।

ভূরিপ্রেমা, পুং. [ভূরি+প্রেমন্] চক্রবাক-

ভূরিফেনা, স্ত্রী. [ভূরি+ফেন-আ] সপ্তলা বৃক্ষ, চামারকসা।

ভূরিমল্লী, স্ত্রী. [ভূরি+মল্ল-ঈ] অম্বষ্ঠা।

ভূরিমায়, পুং. স্ত্রী. [ভূরি+মায়া] শৃগাল, জম্বুক, শিয়াল।

ভূরিবলা, স্ত্রী. [ভূরি+বল-আ] অতিবলা।

ভূরিলাভ, ত্রি. [ভূরি+লাভ] অতিশয় লাভ।

ভূরিশঃ, ব্য. [ভূরি+শস] বহুশঃ, অনেকপ্রকার, বহুতর।

ভূরিশ্রবাঃ, পুং. [ভূরি+শ্রবস্] চন্দ্রবংশীয় সোমদত্ত রাজপুত্র; অতিশয় যশস্বী।

ভূরুণ্ডী, স্ত্রী. [ভু+রুণ্ড-ঈ] শ্রীহস্তিনবৃক্ষ, হাতিশুঁড়া।

ভূরুহ, পুং. [ভু+রুহ] বৃক্ষ, তরু, দ্রুম।

ভূর্জ্জ, পুং. [ভু+উর্জ্জ] স্বনামখ্যাত বৃক্ষবিশেষ, (হিঃ) ভোজপত্র, তৎপর্য্যায়।—কল্পদ্রুম, ভূর্জ্জ, সুচর্ম্মা, ভূর্জপত্রক, চি-

ত্রক্ ত্বক্, বিন্দুপত্র, রক্ষাপত্র, বিচিত্রক, ভূতঘ্ন, মৃদুপত্র, শৈলেন্দ্রস্থ, ভূর্জপত্র চর্ম্মী, বহুল বল্কল, ছত্রপত্র, শিব, স্থির-চ্ছদ, মৃদুত্বক্, পত্রপুষ্পক, ভুজ, বহু-পট, বহুত্বক, মৃদুত্বচ।

ভূর্জ্জকণ্টক, পুং. [ভূর্জ্জ+কণ্টক] বর্ণসঙ্কর জাতিবিশেষ।   [ভোজপত্র।

ভূর্জ্জপত্র, পুং. [ভূর্জ্জ+পত্র] ভূর্জ্জবৃক্ষ,

ভূর্ণি, স্ত্রী. [ভূ+নি] পৃথিবী; মরুভূমি।

ভূর্লোক, পুং. [ভূঃ+লোক] আকাশ অ-পেক্ষা অধোলোক, মর্ত্যলোক।

ভূলগ্না, স্ত্রী. [ভূ+লগ্ন–আ] শঙ্খপুষ্পী।

ভূলতা, স্ত্রী. [ভূ+লতা] কিঞ্চুলুক, মহীলতা, কেঁচয়া।   [কর।

ভূলোকা, স্ত্রী. [ভূ+লোক–আ] উনুই,জলা-

ভূশক্র, পুং. [ভূ+শক্র] ভূপতি, রাজা।

ভূশয়, পুং. [ভূ+শয়] নকুল গোধাদি; বিষ্ণু।

ভূশেলু, পুং. [ভূ+শেলু] ভূকর্ব্বুদারক।

ভূশ্রবা, পুং. [ভূ+শ্রবস্] কৃমিশৈল।

ভূষক, ত্রি. [ভূষ্+অক] ভূষণকারক।

ভূষণ, ন. [ভূষ+অন] অলঙ্কার, আভরণ; শোভা; (পুং.) বিষ্ণু।

ভূষণীয়, ত্রি. [ভূষ+অনীয়] অলঙ্করণযোগ্য; শোভনীয়।   [মসী, কালী।

ভূষা, স্ত্রী. [ভূষ+আ] অলঙ্ক্রিয়া, আভরণ;

ভূষান্বিত, ত্রি. [ভূষা+অন্বিত] আভরণযুক্ত, অলঙ্কৃত, শোভিত।

ভূষিত, ত্রি. [ভূষ+ইত] অলঙ্কৃত, আভরণ-যুক্ত; সজ্জিত; বেশবিশিষ্ট।

ভূষী, (প্রা) শস্যাদির ত্বক্,কলায়াদিরখোসা।

ভূষ্ণু, ত্রি. [ভূ+স্নু] ভবনশীল, উৎপত্তিশালী, তৎপর্য্যায়।—ভবিষ্ণু, ভবিতা, সাধুভবন শীল।   [যোগ্য।

ভূষ্য, ত্রি. [ভূষ+য] ভূষণার্হ, অলঙ্করণ-

ভূসুত, পুং. [ভূ+সুত] মঙ্গলগ্রহ, ভূমিপুত্র, (স্ত্রী.) সীতা, জানকী।

ভুস্তৃণ, ন. [ভূঃ+তৃণ] ভূতৃণ, মালাতৃণ।

ভূস্পৃক্, পুং. [ভূ+স্পৃশ্] মনুষ্য, মনুজ, মানুষ; ভূমিস্পর্শকারী।

ভূস্পৃঙ্মুখ, ত্রি. [ভূস্পৃক্+মুখ] ভূমিষ্ঠ হইয়া প্রণত।

ভূস্বর্গ, পুং. [ভূ+স্বর্গ] সুমেরু পর্ব্বত।

ভূস্বামী, পুং. [ভূ+স্বামিন্] রাজা, ভূপতি।

ভূক্ষিৎ, পুং. [ভূ+ক্ষিৎ] শূকর, বরাহ।

ভৃকুংশ, পুং. [ভৃ+কুনশ] ভ্রূকুংশ, স্ত্রীবেশ-ধারী নর্ত্তক পুরুষ

ভৃকুংস, পুং. [ভৃ+কুনস] ভ্রূকুংশ, স্ত্রী বেশ-ধারী নর্ত্তক পুরুষ

ভৃকুংসক, পুং. [ভৃ+কুংসক] ভ্রূকুংশ, স্ত্রী বেশধারী নর্ত্তক পুরুষ।   [মুখভঙ্গি।

ভৃকুটি, স্ত্রী. [ভৃ+কুটি] ভ্রূকুটি, ভ্রূভঙ্গি;

ভৃকুটী, স্ত্রী. [ভৃ+কুটি–ঈ] ভ্রূকুটি, ভ্রূভঙ্গি।

ভৃগু, পুং. [ভ্রস্জ+উ] মুনিবিশেষ, শিব; শুক্রগ্রহ; নিরবলম্বন পর্ব্বতের পার্শ্ব, আরড়ি, তৎপর্য্যায়।—প্রপাত, অতট, দরদ, পতনস্থাপন; যমদগ্নি; অরণ্য কণ্টকব্যাপ্ত গিরিপার্শ্বোচ্চদেশ।

ভৃগুপতি, পুং. [ভৃগু+পতি] পরশুরাম, যামদগ্ন্য।

ভৃগুসুত, পুং. [ভৃগু+সুত] শুক্র; ঋচীক।

ভৃগুণাম্পতি, পুং. [ভৃগুণাম্+পতি] পরশু-রাম, যামদগ্ন্য।   [যামদগ্ন্য।

ভৃগুলাপতি, পুং. [ভৃগু+লাপতি] পরশুরাম,

ভৃগুতুঙ্গ, ন. [ভৃগু+তুঙ্গ] তীর্থবিশেষ, পর্ব্ব-তের উচ্চস্থান বিশেষ।

ভৃঙ্গ, ন. [ভৃ+গন্] ত্বচ, গুড়ত্বক্; অভ্রক; (পুং.) ভ্রমর; কুলিঙ্গ পক্ষী, ফিঙ্গা; লম্পট; ভৃঙ্গরাজ; ভৃঙ্গার, ভৃঙ্গরোল।

ভৃঙ্গক, পুং. [ভৃঙ্গ+ক] রাজবাসন পক্ষী।

ভৃঙ্গজ, ন. [ভৃঙ্গ+গন্–অ] অগুরু, সুগন্ধি দ্রব্যবিশেষ।   [হাটী গাছ।

ভৃঙ্গজা, স্ত্রী. [ভৃঙ্গজ+আ] ভার্গী, বামন-

ভৃঙ্গপর্ণিকা, স্ত্রী. [ভৃঙ্গ+পর্ণিকা] সূক্ষ্মেলা, ক্ষুদ্র এলাইচ।   [লতা।

ভৃঙ্গপ্রিয়া, স্ত্রী. [ভৃঙ্গ+প্রিয়–আ] মাধবী-

ভৃঙ্গমূলিকা, স্ত্রী. [ভৃঙ্গ+মূলিকা] ভ্রমরচ্ছল্লী, ভ্রমরবল্লী

ভৃঙ্গরজঃ, পুং. [ভৃঙ্গ+রজস্] ভৃঙ্গরাজ, কেশুরিয়া গাছ।

ভৃঙ্গরজা, পুং. [ভৃঙ্গ+রজস্] ভৃঙ্গরাজ, কেসুরিয়াগাছ।

ভৃঙ্গরাজ, পুং. [ভৃঙ্গ+রাজ] ক্ষুপবিশেষ, কেসুরিয়াগাছ, (হি) ভেগরিয়া. তৎপর্য্যায়।—কেশরাজ, ভৃঙ্গ, পতঙ্গ, মার্কর, ভৃঙ্গাহ্ব, কেশরঞ্জন, পিতৃপ্রিয়, অঙ্গারক, কেশ্য, কুন্তলবর্দ্ধন; পক্ষীবিশেষ; ভ্রমর; যজ্ঞবিশেষ।

ভৃঙ্গরিটি-রীটি, পুং. [ভৃঙ্গ+রিটি] শিব দ্বারপাল, শিবদ্বারী।

ভৃঙ্গরীট, পুং. [ভৃঙ্গ+রীট] শিব দ্বারপাল, শিব দ্বারী।

ভৃঙ্গরোল, পুং. [ভৃঙ্গ+রোল] কীটবিশেষ, ভীমরুল, তৎপর্য্যায়।—বিষসৃক্কা, বরোল, তৃণ ষট্‌পদ।

ভৃঙ্গবল্লভ, পুং. [ভৃঙ্গ+বল্লভ] ধারাকদম্ব; ভূমিকদম্ব।

ভৃঙ্গবল্লভা, স্ত্রী. [ভৃঙ্গ+বল্লভ-আ] ভূমিজম্বূ, ক্ষুদ্রজাম।

ভৃঙ্গসোদর, পুং. [ভৃঙ্গ+সোদর] কেশরাজ, কেসুরিয়াগাছ। [যুঁই।

ভৃঙ্গানন্দা, স্ত্রী. [ভৃঙ্গ+আনন্দ-আ] যূথিকা,

ভৃঙ্গাভীষ্ট, পুং. [ভৃঙ্গ+অভীষ্ট] আম্রবৃক্ষ; (ন.) আম্র মুকুল; আম্রফল।

ভৃঙ্গার, পুং. [ভৃঙ্গ+আর] লবঙ্গ; সুবর্ণ; (পুং)স্বর্ণাদিঘটিত বারিপাত্র, তৎপর্য্যায়। কণকালুকা, গুড়ুক, গড়ুক, ভৃঙ্গরাজ; গাড়ু।

ভৃঙ্গরি, স্ত্রী. [ভৃঙ্গ+অরি] কেবিকাপুষ্প।

ভৃঙ্গারিকা, স্ত্রী. [ভৃঙ্গ+অরিক-আ] ঝিল্লিকা, ঝিল্লীকা, বর্ষকরী, ঝিঁঝিঁপোকা

ভৃঙ্গারী, স্ত্রী. [ভৃঙ্গ+অরি-ঈ] ঝিল্লী, ঝিঁঝিঁপোকা, উচ্চিংড়া।

ভৃঙ্গাহ্ব, পুং. [ভৃঙ্গ+আহ্ব] জীবক; ভৃঙ্গরাজ, কেসুরিয়ালতা।

ভৃঙ্গাহ্বা, স্ত্রী. [ভৃঙ্গ+আহ্ব-আ] ভ্রমরচ্ছল্লী।

ভৃঙ্গি, পুং. [ভৃঙ্গ+ঈ] ভৃঙ্গী, শিব দ্বারপালবিশেষ।

ভৃজিনী, স্ত্রী. [ভৃজ+ইন্-ঈ] বটীবৃক্ষ।

ভৃঙ্গী, স্ত্রী. [ভৃঙ্গ+ঈ] অতি বিষালতা; (পুং.) বটবৃক্ষ; শিব দ্বারপালবিশেষ, তৎপর্য্যায়।—ভৃঙ্গেরিটি, ভৃঙ্গরীট, শল, নাড়ীদেহ, অস্থিবিগ্রহ, ভৃঙ্গরিটি; ভ্রমরী।

ভৃঙ্গীফল, পুং. [ভৃঙ্গী+ফল] আম্রাতক বৃক্ষ, আমড়া।

ভৃঙ্গীশ, পুং. [ভৃঙ্গী+ঈশ] মহাদেব, শিব।

ভৃঙ্গেরিটি, পুং. [ভৃঙ্গ+ইরেটি] ভৃঙ্গী, শিব দ্বারপাল।

ভৃঙ্গেষ্টা, স্ত্রী. [ভৃঙ্গ+ইষ্ট-আ] ঘৃতকুমারী; ভার্গী, বামহাটীগাছ; তরুণী; কাকজম্বূ। [খোলা।

ভৃজ্জন, পুং. [ভ্রস্জ+অন] অম্বরীষ, ভাজনা-

ভৃত, ত্রি. [ভৃ+ত] ভরণীয়, ভরণকরা; পুষ্ট, পালিত।

ভৃতক, পুং. [ভৃত+ক] বেতনোপজীবি কর্ম্মকর্ত্তা, তৎপর্য্যায়।—ভৃতিভুক্, কর্ম্মকর, বৈতনিক।

ভৃতকাধ্যাপক, পুং. [ভৃতক+অধ্যাপক] বেতনজীবি অধ্যাপক।

ভৃতকাধ্যাপিত, পুং. [ভৃতক+অধ্যাপিত] বেতন দানদ্বারা পঠিত ছাত্র।

ভৃতভূতি, ত্রি. [ভৃত+ভূতি] সমৃদ্ধ, সৌভাগ্যশালী; বিভূতিদ্বারা ভূষিত।

ভৃতরন্ধ্র, ত্রি. [ভৃত+রন্ধ্র] রন্ধ্রাদি পরিপূর্ণ।

ভৃতি, স্ত্রী. [ভৃ+তি] বেতন; মূল্য; ভরণ।

ভৃতিভুক্, পুং. [ভৃতি+ভুজ্] ভৃতক, বৈতনিক, বেতনগ্রাহী।

ভৃত্য, পুং. [ভৃ+ত-য] দাস, সেবক, নফর; (ত্রি.) প্রতিপালিত।

ভৃত্যত্ব, ন. [ভৃত্য+ত্ব] দাসত্ব, সেবকভাব।

ভৃত্যাধ্যাপন, ন. [ভৃতি+অধ্যাপন] বেতনদ্বারা অধ্যাপন।

ভৃত্যভরণ, ন. [ভৃত্য+ভরণ] ভৃত্যাদি প্রতিপালন।

ভৃত্যভর্ত্তা, পুং, [ভৃত্য+ভর্ত্তৃ] ভৃত্য প্রতিপালক।

ভৃত্যবাৎসল্য, ন. [ভৃত+বাৎসল্য] ভৃত্যদিগের স্নেহপ্রকাশ।

ভৃত্যবিনিবেশ, পুং, [ভৃত্য+বিনিবেশ] দৃঢ়পূর্ব্বক ভৃত্য স্থাপন।

ভৃত্যাবৃত্তি, স্ত্রী. [ভৃত্য+বৃত্তি] ভৃত্যভরণ।

ভৃত্যশালী, ত্রি. [ভৃত্য+শালিন্] ভৃত্য বিশিষ্ট।

ভৃত্যা, স্ত্রী. [ভৃত্য+আ] বেতন, কর্ম্ম মূল্য।

ভৃমি, পুং. [ভ্রম+ই] বায়ুবিশেষ, ঘূরণা-বাতাস; জলাদির ভ্রমণ।

ভৃশ, ন. [ভৃশ+অ] অতিশয়, অত্যর্থ, মুহু-র্মুহু; (ত্রি.) অতিশয় বিশিষ্ট।

ভৃশম্, ব্য. [ভৃশ+অম্] প্রকর্ষার্থ, উৎকর্ষার্থ; মুহুরর্থ; শোভন।

ভৃষৎ, পুং. [ভৃ+ষদ্] পাষাণ, শিলা।

ভৃষ্ট, ত্রি. [ভ্রস্জ+ত] জলোপসেকবিনা পক্ব, ভাজা।

ভৃষ্টতণ্ডুল, পুং. ন. [ভৃষ্ট+তণ্ডুল] ভর্জনবি-শিষ্ট ধান্যসমূহ, চালুভাজা।

ভৃষ্টযব, পুং. ন. [ভৃষ্ট+যব] ভর্জনবিশিষ্ট যব, যবভাজা, তৎপর্য্যায়।—ধানাঃ, বাট্টক।

ভৃষ্টান্ন, ন. [ভৃষ্ট+অন্ন] ভৃষ্টতণ্ডুল, মুড়ি, তৎপর্য্যায়।—কুহর, ন্যাকা।

ভৃষ্টি, স্ত্রী. [ভ্রস্জ+তি] ভর্জন, ভাজা; শূন্য-বাটিকা।

ভেঁউচন, (প্রা) মুখ ভঙ্গিকরণ, ব্যঙ্গকরণ।

ভেঁপু, (প্রা) পত্রাদিনির্ম্মিত নলাকার বংশী-বিশেষ।

ভেক, পুং. [ভী+ক] জন্তুবিশেষ, ব্যাঙ্, তৎ-পর্য্যায়।—মণ্ডূক, বর্ষাভূ, শালূর, প্লব, দর্দুর, বৃষ্টিভূ, সালূর, প্লবঙ্গম, ব্যঙ্গ, প্লবগ, শল্ল, নন্দন, গূঢ়বর্চ্চাঃ, অজিহ্ব, জিহ্মমোহন, নন্দক, ক্লতালয়, রেক, মণ্ড, হরি, লুলুক, লূলক, শালুক, কটুরব।

ভেকট, পুং. [ভেক+ট] মৎস্যবিশেষ, ভেক্টীমাছ।

ভেকটী, (প্রা) মৎস্যবিশেষ, ভেকটীমাছ।

ভেকনি, পুং. [ভেক+নি] মৎস্যবিশেষ, ভাঙ্গনমাছ।

ভেকপর্ণী, স্ত্রী. [ভেক+পর্ণ-ঈ] মণ্ডূকপর্ণী বৃক্ষ।

ভেকভুক্, পুং. [ভেক+ভুজ্] সর্প, অহি।

ভেকলি, পুং. [ভেক+লি] মৎস্যবিশেষ, ভাঙ্গনমাছ।

ভেকী, স্ত্রী. [ভেক+ঈ] ভেকপ্রিয়া, ভেক-পত্নী, তৎপর্য্যায়।—শিলী, গণ্ডূপদী, বর্ষাম্বী; মণ্ডূকপর্ণী বৃক্ষ, (পুং.) আশ্র-মান্তর বেশধারী। [অজ্ঞ।

ভেকুয়া (প্রা) হাবা; মূর্খ; জড়; জ্ঞানহীন,

ভেঙ্গান, (প্রা) মুখ ভঙ্গিকরণ; কুৎসাকরণ; প্রেরণ, পাঠান।

ভেজ, (হি) প্রেরণ, প্রেষণ, পাঠান।

ভেজান, (প্রা) পাঠান; বন্ধকরণ।

ভেট, (প্রা) উপঢৌকন, সওগাদ; সাক্ষাৎ।

ভেটকী, (প্রা) মৎস্যবিশেষ, ভেকটীমাছ।

ভেটন, (প্রা) নিকটে গমন; মিলন।

ভেটনিয়া, (প্রা) মিলনিয়া, সাক্ষাৎকার কারী। [শালা।

ভেটিয়ারখানা, (যাং) উত্তরণগৃহ; মদিরা-

ভেটিয়ারা, (প্রা) মদ্যাদি প্রস্তুতকারক; মদ্য প্রস্তুত স্থান।

ভেটিয়াল, (প্রা) নদ্যাদির স্বাভাবিক স্রোতে গমন, ভাঁটায় যাওয়া।

ভেটী, (প্রা) উপঢৌকনীয় সওগাদী।

ভেড়-ভেড়ক, পুং. [ভিল+অ-ক] মেষ, ভেড়া, তরণ্ড, বহিত্র, ঋষিবিশেষ। [লাগান।

ভেড়ন, (প্রা) নিকটাবর্ত্তি হওন; মিলন;

ভেড়া, (প্রা) মেষ, গাড়োল।

ভেড়ী, স্ত্রী. [ভেড়+ঈ] মেষী, ভেড়ভার্য্যা, অবীঃ; পুল।

ভেড়ীবন্দী, (প্রা) পুলবন্দী, বাঁধ।

ভেড়ুয়া, (হি) ঘটক, ভগভক্ষক, কোটনা; বাইদিগের তবলচী। [কারক।

ভেত্তা, পুং. [ভিদ্+তৃ] ভেদকর্ত্তা, ভঙ্গ-

ভেদ, পুং. [ভিদ্+অ] শত্রু বশীকরণোপায় চতুষ্টয়ান্তর্গত তৃতীয় উপায়, তৎ-পর্য্যায়।—উপজাপ; পরদ্বারা বিচ্ছেদ করিয়া আত্মসাৎকরণ, পৃথক্; দ্বৈধ বিশেষ; বিদারণ; বিরেক, বিরেচন।

ভেদক, ত্রি. [ভিদ্+অক] বিদারক; সৌহার্দ্দ ভঙ্গকৃৎ; বিরেচক ঔষধাদি; পৃথক-কারক।

ভেদজ্ঞান, ন. [ভেদ+জ্ঞান] দ্বৈতজ্ঞান; ভিন্নতা বোধ।

ভেদন, ন. [ভিদ্+অন] হিঙ্গু, হিং; বিদারণ, পৃথক্‌করণ; (পুং.) অম্লবেতস; শূকর।

ভেদাভেদ, পুং. [ভেদ+অভেদ] ঐক্যানৈক্য, প্রভেদাপ্রভেদ; বিশিষ্টাদ্বৈতজ্ঞান। [ছেদিত।

ভেদিত, ত্রি. [ভিদ্+ই-ত] ভিন্ন, বিদারিত,

ভেদী, পুং. [ভিদ্+ইন্] অম্লবেতস বৃক্ষ; (ত্রি.) ভেদকর্ত্তা; ভেদবিশিষ্ট।

ভেদির, ন, বজ্র, অশনি। [শীল।

ভেদুর, ন. [ভিদ্+উর] ভিদুর, বজ্র; ভগ্ন-

ভেদ্য, ত্রি. [ভিদ্+য] ভেদনীয়; ভেদের যোগ্য। [হওন।

ভেবরণ, (প্রা) ভয়পাওন; বিস্ময়াপন্ন

ভেমরুল, (প্রা) ভৃঙ্গরোল, ভীমরুল।

ভের, পুং. [ভী+র] বাদ্য যন্ত্রবিশেষ, পটহ; ভেরী; দুন্দুভি।

ভেরি, স্ত্রী. [ভী+র-ই] বৃহড্ঢক্কা, তৎপর্য্যায়।—আনক, দুন্দুভি, ভেরী, আনক দুন্দুভি, আনকদুন্দুভী।

ভেরী, স্ত্রী. [ভী+র-ঈ] ভেরি, বৃহড্ঢক্কা, দুন্দুভি।

ভেরণ্ড, পুং. [ভীর+অণ্ড] শ্যেনপক্ষী।

ভেরুণ্ড, ন. [ভীর+উণ্ড] গর্ব্ভধারণ; (ত্রি.) ভয়ানক।

ভেরুণ্ডা, স্ত্রী. [ভেরুণ্ড+আ] দেবতাবিশেষ, কালী; যক্ষিণীবিশেষ।

ভেরেণ্ডা, (প্রা) এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ।

ভেল, ত্রি. [ভী+ল] ভীরু, ভয়শীল; মূর্খ; চঞ্চল; (পুং.) প্লব, ভেলক, ভেলা; মুনিবিশেষ।

ভেলক, পুং. ন, [ভেল+ক] নদ্যাদিতরণ সাধন বস্তু, ভেলা, তৎপর্য্যায়।—প্লব, কোল, উড়ুক, উড়ূক, তরণ, তারণ, তারক, উড়ুপ, তরীষ।

ভেল্কী, (প্রা) কুহক, কপট, মায়া, ইন্দ্রজাল।

ভেষজ, ন. [ভিষজ্+অ] ঔষধ, ভৈষজ্য, অগদ।

ভেষজাঙ্গ, ন. [ভেষজ+অঙ্গ] অনুপান।

ভৈমী, স্ত্রী. [ভীম+অ-ঈ] ভীমকন্যা।

ভৈরব, পুং. [ভীরু+অ] শঙ্কর, মহাদেব; ভয়ানক রস; নদবিশেষ; অষ্টভৈরব, যথা।—অসিতাঙ্গ, রুরু, চণ্ড, ক্রোধ, উন্মত্ত, কপালী, ভীষণ, সংহার; করবীরপুরের রাজা চন্দ্রশেখরের পত্নী তারাবতীর গর্ব্ভে মহাদেব হইতে জাতপুত্র; দুর্জয়াখ্যপর্ব্বতস্থ ভৈরব; রাগবিশেষ, ষট্‌রাগান্তর্গত প্রথম রাগ, ঔড়ব, ধৈবতাদি পঞ্চস্বর মিলিত; (ত্রি.) ভয়ানক, (অস্য পর্য্যায় ভয়ঙ্কর শব্দে দ্রষ্টব্য) শিবগণাধিপ।

ভৈরবী, স্ত্রী. [ভৈরব+ঈ] চামুণ্ডা; চতুর্দ্দশবিধা ভৈরবী যথা।—ত্রিপুরা, সম্পৎপ্রদা, কৌলেশী, সকলসিদ্ধিদা, ভয়বিধ্বংসিনী, চৈতন্যা, কামেশ্বরী, ষট্‌কূটা, নিত্যা, রুদ্রা, ভুবনেশ্বরী, ত্রিপুরবালা, নবকূটা, অন্নপূর্ণা; রাগিণীবিশেষ, ভৈরবরাগ পত্নী, তদ্যথা।—ভৈরবী, কৌশিকী, ভাষা, বেলাবলী, বঙ্গালী; মালবরাগপত্নী, তদ্যথা।—ধানসী, মালসী, রামকিরী, সিন্ধুড়া, আসাবরী; অবধূতাশ্রমে প্রবিষ্টা স্ত্রী।

ভৈরবীচক্র, ন. [ভৈরবী+চক্র] কৌলাচারিদিগের চক্রবিশেষ।

ভৈষজ, ন.[ভিষজ+অ] লাবকপক্ষী; ভেষজ।

ভৈষজ্য, ন. [ভিষজ্+য] ঔষধ, অগদ।

ভৈক্ষ, ন. [ভিক্ষা+অ] ভিক্ষাসমূহ, ভিক্ষালব্ধ দ্রব্য।

ভৈক্ষজীবিকা, স্ত্রী. [ভৈক্ষ+জীবিকা] ভিক্ষাদ্বারা জীবনোপায়, ভিক্ষাবৃত্তি, তৎপর্য্যায়।—দৈপিণ্ডিন্য।

ভৈক্ষজীবী, ত্রি. [ভৈক্ষ+জীবিন্] ভিক্ষাদ্বারা জীবনোপায়ী।

ভৈক্ষভুক্, ত্রি. [ভৈক্ষ+ভুজ্] ভৈক্ষাশী, ভিক্ষাশী, ভিক্ষাজীবী।

ভৈক্ষাশী, ত্রি, [ভৈক্ষ+অশিন্] ভিক্ষালব্ধ বস্তু ভক্ষণকারী।

ভোঃ, ব্য. [ভ+উস্] সম্বোধন, তৎপর্য্যায়। প্যাট্, পাট্, অঙ্গ, হে, হৈ, হংহো, হং, হো, অরে, অয়ে, অয়ি; প্রশ্ন; বিষাদ।

ভোঁতা, (প্রা) নির্ব্বোধ; অতীক্ষ্ণ, ধাররহিত; কাঠালের ভুঁতি। [খেড়িয়া।

ভোঁদড়, (প্রা) জলমার্জ্জার, উদবিড়াল,

ভোঁদা, (প্রা) স্থূলাকার, মোটা।

ভোকছানি, (প্রা) বুভুক্ষা জন্য মোহ প্রাপ্তি, অনশন জন্য দৌর্ব্বল্য।

ভোক্তব্য, ত্রি. [ভুজ্+তব্য] ভোজনীয়, ভোজ্য, খাদ্য।

ভোক্তা, ত্রি. [ভুজ+তৃ] ভোজনকর্ত্তা, খাদক; (পুং.) বিষ্ণু; ভর্ত্তা, স্বামী।

ভোগ, পুং. [ভুজ্+অ] সুখ; স্ত্রী আদির উপভোগ; সর্পফণা; সর্পশরীর; ধন; পালন; অভ্যবহার; সর্প; দেহ; মান; পুণ্যপাপ জনন যোগ্যকাল; বিভব-বিশেষ। [বেতন।

ভোগগুচ্ছ, ন. [ভোগ+গুচ্ছ] বেশ্যাদিগের

ভোগগৃহ, ন. [ভোগ+গৃহ] বাসগৃহ, বাসাগার; রাজগৃহ।

ভোগদেহ, পুং. [ভোগ+দেহ] স্বর্গ নরক ভোগার্থ সূক্ষ্ম শরীর।

ভোগন, (প্রা) ভোগপ্রাপন; সুখ বা দুঃখ অনুভব করণ।

ভোগপতি, পুং. [ভোগ+পতি] অধিপতি।

ভোগপাল, পুং. [ভোগ+পাল] অশ্বরক্ষক, সহিস; (ত্রি.) ভোগরক্ষক।

ভোগপিশাচিকা, স্ত্রী. [ভোগ+পিশাচিকা] ক্ষুধা, বুভুক্ষা; অনাহার জন্য ক্লেশ।

ভোগবতী, স্ত্রী. [ভোগ+বৎ-ঈ] পাতালগঙ্গা; নাগপুরী।

ভোগবৎ, ত্রি. [ভোগ+বৎ] ভোগতুল্য; সুখজনক; ভোগবিশিষ্ট।

ভোগবান্, পুং. [ভোগ+বৃৎ] সর্প; নাট্য; গান; (ত্রি.) ভোগবিশিষ্ট।

ভোগবিহীন, ত্রি. [ভোগ+বিহীন] সুখরহিত; স্ত্রী আদির উপভোগ হীন।

ভোগভূমি, স্ত্রী. [ভোগ+ভূমি] সুখস্থান; ভারতবর্ষাতিরিক্ত বর্ষ

ভোগরাগ, (প্রা) দেব প্রতিমার ভোগ।

ভোগলামি, (প্রা) ভণ্ডতা, কাপট্য; বঞ্চনা, প্রতারণা; পরিহাস।

ভোগসদ্ম, ন. [ভোগ+সদ্মন্] বাসগৃহ,গর্ভাগার; রতিগৃহ।

ভোগস্থান, ন. [ভোগ+স্থান] শরীর; সুখ বা দুঃখের অনুভব স্থল; অন্তঃপুর।

ভোগা, (প্রা) ফাঁকি, প্রবঞ্চনা; ছল।

ভোগাল, (প্রা) সুখ দুঃখ ভোগকরণ; ভুলান, প্রতারণা।

ভোগানর্হ্য, ন. [ভোগ+অনর্হ্য] ভোগকরণের অনুপযুক্ত।

ভোগান্ত, পুং. [ভোগ+অন্ত] ভোগের শেষ।

ভোগাবলী, স্ত্রী. [ভোগ+আবলী] স্তুতি পাঠকের স্তুতি; নাগপুরী।

ভোগাবাস, পুং. [ভোগ+আবাস] বাসগৃহ, বসতি স্থান।

ভোগার্হ্য, ন. [ভাগ+অর্হ্য] ধান্য, শালি, ধান; সুখসেব্য।

ভোগিক, পুং. [ভোগ+ইক] অশ্বরক্ষক, অশ্বপালক, সহিস।

ভোগিকান্ত, পুং. [ভোগিন্+কান্ত] বায়ু, অনিল, বাতাস।

ভোগিনী, স্ত্রী. [ভোগ+ইন্-ঈ] মহিষী ভিন্ন নৃপপত্নী, রাজার উপপত্নী।

ভোগিবল্লভ, পুং, [ভোগিন্+বল্লভ] চন্দন, গন্ধ।

ভোগী, পুং. [ভোগ+ইন্] সর্প; গ্রামপাত্র; নৃপ; নাপিত; বৈয়াবৃত্তিকর, ব্যাবৃত্তিকারী; সুখ বা দুঃখ অনুভবকারী; ভোগবিশিষ্ট, ভোগযুক্ত।

ভোগীন্দ্র, পুং [ভোগিন্+ইন্দ্র] অনন্ত দেব।

ভোগীশ, পুং. [ভোগিন্+ঈশ] বাসুকি, অনন্তদেব।

ভোগ্য, ন. [ভোজ্+য] ধন; ধান্য; (ত্রি.) ভোগার্হ্য, ভোগযোগ্য, বন্ধকবিশেষ; আধিবিশেষ।

ভোগ্যা, স্ত্রী. [ভুজ্+য-আ] বেশ্যা, কুলটা; ভোগযোগ্য সামগ্রী।

ভোগ্যাধি, স্ত্রী. [ভোগ্য+আধি] ফলভোগার্থ কৃতবন্ধক।

ভোজ, পুং. [ভুজ্+অ] স্বনামখ্যাত রাজা; দেশ,ভোজপুর, তৎপর্য্যায়।—ভোজকট, ধারানগরের রাজাবিশেষ; আহার; সমারোহে ভোজন।

ভোজকট, পুং. [ভোজ+কট] ভোজদেশ, ভোজপুর।

ভোজন, ন. [ভুজ্+অন] কঠিন দ্রব্যের গলাধঃকরণ, তৎপর্য্যায়।—জগ্ধ,জেমন, লেপ, আহার, নিঘস, ন্যাদ, জমন, বিঘস, অভ্যবহার, প্রত্যবসান, অশন, স্বদন, নিগর; তৎবৈদিক পর্য্যায় যথা।—আবয়তি, ভর্বতি, ভবস্তি, বেতি,বেবেষ্টি, অবিষান্, বপ্সতি,ভসথ, বব্ধা; হ্বরয়তি; ভোজন ষড়িবধ যথা।-চূষ্য, পেয়, লেহ্য, ভোজ্য, ভক্ষ্য, চর্ব্ব্য।

ভোজনপাত্র, ন. [ভোজন+পাত্র] ভক্ষ্য-দ্রব্যাধার।

ভোজনার্হ্য, ন. [ভোজন+অর্হ্য] আহার যোগ্য, ভক্ষণোপযুক্ত।

ভোজনীয়, ত্রি [ভুজ্+অনীয়] ভোজ্য, ভক্ষ্য, খাদ্য।

ভোজপতি, পুং. [ভোজ+পতি] কংসরাজ।

ভোজপুর, ন. [ভোজ+পুর] স্বনামখ্যাত-দেশ, ভোজদেশ।

ভোজবিদ্যা, স্ত্রী. [ভোজ+বিদ্যা] ভেল্কী, কুহক, ঐন্দ্রজালিক।

ভোজয়িতা, ত্রি. [ভুজ+ই-তৃ] ভোজনকারয়িতা, ভোগপ্রয়োজক। [রাজ।

ভোজাধিপ, পুং. [ভোজ+অধিপ] কংস-

ভোজ্য, ত্রি. [ভুজ+য] ভোজনীয়দ্রব্য; ভক্ষণীয়, খাদ্য।

ভোজ্যসম্ভব, পুং. [ভোজ্য+সম্ভব] শরীরস্থ রসধাতু।

ভোজ্যান্ন, ন. [ভোজ্য+অন্ন] ভোজনীয়-দ্রব্য; একান্ন।

ভোজ্যান্নতা, স্ত্রী. [ভোজ্যান্ন+তা] পরস্পর অন্ন ভোজন ব্যবহার।

ভোট, (প্রা) রক্তবর্ণ কম্বলবিশেষ; দেশ-বিশেষ। [বুটান্।

ভোটাঙ্গ, পুং. [ভোট+অঙ্গ] দেশবিশেষ,

ভোড়ঙ্গ, (প্রা) গর্ব্ব, জাঁক; তুরী, বাদ্যযন্ত্র বিশেষ; তরণীবিশেষ।

ভোড়ঙ্গিয়া, (প্রা) তুরীবাদক।

ভোতা, (প্রা) অশাণিত অস্ত্র, অধার;অতীক্ষ্ণ, খোবড়া।

ভোভো, ব্য. [ভো+ভো] সম্বোধন, আভিমুখ্য বিধান।

ভোভোরা, স্ত্রী. প্রবাল, পলা।

ভোমর, (প্রা) ভ্রমর; কাষ্ঠাদি ভেদন অস্ত্র, তুরপুণ।

ভোমা, (প্রা) মূর্খ, অজ্ঞান; অসার।

ভোর, (প্রা) প্রভাত, প্রাতঃকাল, নিশাবসান।

ভোলা, (প্রা) মৎস্যবিশেষ; বিস্মরণ ভ্রান্ত।

ভোলানাথ, পুং. [ভোলা+নাথ] শিব, মহাদেব।

ভোলি, পুং. [ভোল+ই] উষ্ট্র, উট।

ভৌত, পুং. [ভূত+অ] দেবল; ভূতযজ্ঞ; বলিকর্ম্ম; (ত্রি.) ভূতসম্বন্ধীয়।

ভৌতিক, ন. [ভূত+ইক] মুক্তা; (ত্রি.) ভূতসম্বন্ধীয়; (পুং) মহাদেব।

ভৌতী, স্ত্রী. [ভূত+অ-ঈ] রাত্রি, নিশা, রজনী।

ভৌত্য, পুং. [ভূত+য] ভূতিমুনিপুত্র, চতুর্দ্দশ মনু।

ভৌম, পুং. [ভূমি+অ] মঙ্গলগ্রহ নরক রাজ; (ত্রি.) ভূমিজাত; অম্বর; রক্তপুনর্নবা।

ভৌমজল, ন. [ভৌম+জল] ভূমিসম্বন্ধীয় সলিল; তত্ত্রিবিধ যথা।—জাঙ্গল, পরপরমাম্বুপ, সাধারণ। [শিল্পী।

ভৌমন, পুং. [ভূমন্+অ] বিশ্বকর্ম্মা, দেব-

ভৌমরত্ন, ন. [ভৌম+রত্ন] প্রবাল, পলা।

ভৌমিক, ত্রি. [ভূমি+ইক] ভূম্যধিকারী, ভূস্বামী, জমীদার।

ভৌমী, স্ত্রী. [ভূমি+ই-ঈ] সীতা, জনকরাজ কন্যা, রামপত্নী।

ভৌরিক, পুং. [ভূরি+ইক] কনকাধ্যক্ষ।

ভ্যাকান, (প্রা) অভ্যাসকরণ; চীৎকার; পুনঃ২ জল্পন।

ভ্যাসভ্যাস, (প্রা) অসভ্য; মূর্খ; অবোধ, অজ্ঞান।

ভ্রংশ, পুং. [ভ্রংশ+অ] অধঃপতন; চ্যুত-হওন; নষ্ট। [কারী।

ভ্রংশক, ত্রি. [ভ্রংশ+অক] নষ্টকারী; বিচ্ছেদ

ভ্রংশিত, ত্রি. [ভ্রংশ+ইত] চ্যুত; বিযুক্ত, বিরহিত।

ভ্রকুংশ, পুং. [ভ্র+কুশি-অ] স্ত্রীবেশধারী নর্ত্তকপুরুষ:

ভ্রকুংস, পুং. [ভ্র+কুসি-অ] স্ত্রীবেশধারী নর্ত্তক পুরুষ, তৎপর্য্যায়।—ভ্রূকুংস, ভ্রূকুংস, ভূকুংস, ভ্রকুংশ।

ভ্রকুটি, স্ত্রী. [ভ্র+কুটি] ক্রোধাদিদ্বারা ভ্রূ-ভঙ্গিকরণ, মুখভঙ্গী, তন্নামানি যথা।—ভ্রূকুটি, ভ্রূকুটি, ভৃকুটি, ভ্রকুটী, ভ্রূকুটী, ভ্রূকুটী, ভৃকুটী।

ভ্রম, পুং. [ভ্রম্+অ] মিথ্যাজ্ঞান, তৎপ-র্য্যায়।—ভ্রান্তি, মিথ্যামতি ইহা দ্বিবিধ যথা।—বিপর্য্যাস, সংশয়; জলনির্গম; কুন্দ; ভ্রমণ।

ভ্রমকূপ, পুং. [ভ্রম+কূপ] ভ্রান্তিস্বরূপকূয়া, অতিশয় ভ্রান্তি।

ভ্রমণ, ন. [ভ্রম+অন] গমনবিশেষ, পর্য্যটন, বেড়ান।

ভ্রমণী, স্ত্রী. [ভ্রমণ+ঈ] কারণ্ডিকাবৃক্ষ; অধীশিতার ক্রীড়াটা।

ভ্রমণেচ্ছা, স্ত্রী. [ভ্রমণ+ইচ্ছা] পর্যটনেচ্ছা, বেড়াইবার অভিলাষ।

ভ্রমৎকুটী, স্ত্রী. [ভ্রমৎ+কুটী] তৃণাদিচ্ছত্র, তৎপর্য্যায়।—কাবারী, জঙ্গমকুটী।

ভ্রমবিশিষ্ট, ত্রি. [ভ্রম+বিশিষ্ট] ভ্রান্তিযুক্ত; ভ্রান্ত; বিস্মৃত।

ভ্রমর, পুং. [ভ্রম+র] কীটবিশেষ, তৎপ-র্য্যায়।—মধুব্রত, মধুকর, মধুলিট্, মধুপ, অলী, দ্বিরেফ, পুষ্পলিট্, ভৃঙ্গ, ষট্পদ, অলি, কলালাপ, শিলীমুখ, পুষ্পন্ধয়, মধুক্রুৎ, দ্বিপ, ভসর, চঞ্চরীক, সুকাণ্ডী, মধুলোলুপ, ইন্দিন্দির, মধুমারক, মধুপর, লম্ব, পুষ্পকীট, মধুসূদন, ভৃঙ্গরাজ, মধুলেহী, রেণুবাস; কামুক; ভ্রান্ত

ভ্রমরক, পুং. [ভ্রমর+ক] ললাটলম্বিত চূর্ণ-কুন্তল; ভৃঙ্গ; বালমূষিক, নেংটীয়া ইন্দুর; জলভ্রম।

ভ্রমরকীট, পুং. [ভ্রমর+কীট] কীটবিশেষ, কুমুরেপোকা।

ভ্রমরচ্ছল্লী, স্ত্রী. [ভ্রমর+ছল-ঈ] লতা-বিশেষ, তৎপর্য্যায়।—ভৃঙ্গাহ্বা, ভ্রমরা, ভৃঙ্গমূলিকা।

ভ্রমরপ্রিয়, পুং. [ভ্রমর+প্রিয়] ধারাকদম্ব।

ভ্রমরবিলসিতা, স্ত্রী. ছন্দোবিশেষ।

ভ্রমরমারী, স্ত্রী. [ভ্রমর+মার-ঈ] মালবদেশ প্রসিদ্ধ পুষ্প বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—ভ্রমরারি, ভৃঙ্গারি, ভৃঙ্গমারী, মাংস-পুষ্পিকা, কুঠারি, ভ্রমরী, যষ্ঠিলতা।

ভ্রমরহিত, ত্রি. [ভ্রম+রহিত] ভ্রান্তিশূন্য, ভুলরহিত, অভ্রান্ত; পুষ্প।

ভ্রমরা, স্ত্রী. [ভ্রমর+আ] লতাবিশেষ, ভ্রমর-চ্ছল্লী।

ভ্রমরাতিথি, পুং. [ভ্রমর+অতিথি] চম্পক, চাঁপা।

ভ্রমরানন্দ, পুং. [ভ্রমর+আনন্দ] বকুল; অতিমুক্তক, রক্তাম্লান।

ভ্রমরালক, পুং. [ভ্রমর+অলক] ললাটস্থিত চূর্ণকুন্তল, তৎপর্য্যায় ।—ভ্রমরক, কুরুল।

ভ্রমরী, স্ত্রী. [ভ্রমর+ঈ] জতুকা, জোঁ, লা; পুত্রদাত্রী; ষট্পদী, ভ্রমরপত্নী।

ভ্রমরেষ্ট, পুং. [ভ্রমর+ইষ্ট] শোনাকবি-শেষ।

ভ্রমরেষ্টা, স্ত্রী. [ভ্রমর+ইষ্ট-আ] ভার্গী, বামনহাটীগাছ: ভূমিজম্বু।

ভ্রমরোৎসবা, স্ত্রী. [ভ্রমর+উৎসব-আ] মাধবী লতা।

ভ্রমাসক্ত, পুং. [ভ্রম+আসক্ত] শস্ত্রমার্জ্জক, শিকলকর।

ভ্রমার্হ, ত্রি. [ভ্রম+অর্হ] ভ্রমযোগ্য, ভ্রান্তি-যোগ্য।

ভ্রমি, স্ত্রী. [ভ্রম+ই] ভ্রমণ, ঘূর্ণ, তৎপ-র্য্যায়।—ভ্রম, ভ্রমী; মণ্ডলাকার সৈন্য রচনা; মচ্ছা; জলের আবর্ত্ত।

ভ্রমী, ত্রি. [ভ্রম + ইন্] ভ্রমবিশিষ্ট, ভ্রান্তি-যুক্ত; ভ্রান্ত

ভ্রষ্ট, ত্রি. [ভ্রন্‌শ+ত] চ্যুত, পতিত; নষ্ট; ধূর্ত্ত; দুষ্ট; ভ্রষ্টপর্য্যায় গলিত শব্দে দৃষ্টকর। [ধূর্ত্ততা।

ভ্রষ্টতা, স্ত্রী. [ভ্রষ্ট+ত-আ] দুষ্টতা; শঠতা;

ভ্রষ্টা, স্ত্রী. [ভ্রষ্ট+আ] ব্যভিচারিণী স্ত্রী, কুলটা। [অনাচার।

ভ্রষ্টাচার, পুং. [ভ্রষ্ট+আচার] দুষ্টাচার;

ভ্রষ্টাচারী, ত্রি. [ভ্রষ্ট + আচার-ইন্] আচার ভ্রষ্ট, অনাচারী, আচারচ্যুত

ভ্রষ্টামি, (প্রা) ভ্রষ্টতা, ধূর্ত্ততা, দুষ্টামি

ভ্রাজক, ন. [ভ্রাজ্+ অক] ধাতুবিশেষ, পিত্ত, পিত্তল; উজ্জ্বলতারকা।

ভ্রাজিষ্ণু, ত্রি. [ভ্রাজ+ইষ্ণু] অলঙ্কারাদি দ্বারা দীপ্তিযুক্ত; (পুং.) বিষ্ণু।

ভ্রাতরৌ, পুং. [ভ্রাতৃ+ঔ] ভ্রাতৃভগিনী; ভ্রাতৃদ্বয়

ভ্রাতা, পুং. [ভ্রা + তৃ] একগর্ব্ভজাত, ভাই, তৎপর্য্যায় ।—সহোদর, সমানোদর্য্য, সোদর্য্য, সগর্ভ, সহজ, সোদর।

ভ্রাতৃক, ত্রি. [ভ্রাতৃ+ক] ভ্রাতৃযোগ্য, ভ্রাতৃতুল্য।

ভ্রাতৃজ, পুং. স্ত্রী. [ভ্রাতৃ+জন্-অ] ভ্রাতার অপত্য, ভাইপো,তৎপর্য্যায়।—ভ্রাত্রীয়, ভ্রাতৃব্য, ভ্রাতৃপুত্র।

ভ্রাতৃজা, স্ত্রী. [ভ্রাতৃজ+আ] ভ্রাতার কন্যা, ভাইঝী।

ভ্রাতৃজায়া, স্ত্রী. [ভ্রাতৃ+জায়া] ভ্রাতৃভার্য্যা, ভ্রাতৃস্ত্রী, ভাইজ, তৎপর্য্যায় ।—প্রজাবতী।

ভ্রাতৃদ্বিতীয়া, স্ত্রী. [ভ্রাতৃ+দ্বিতীয়া] কার্ত্তিক শুক্লপক্ষীয় দ্বিতীয়া, ভাইদ্বিতীয়া, ভাই ফোঁটা।

ভ্রাতৃপত্নী, স্ত্রী. [ভ্রাতৃ+পত্নী] ভ্রাতৃজায়া, ভ্রাতৃস্ত্রী, ভাইজ।

ভ্রাতৃপুত্র, স্ত্রী. [ভ্রাতৃ + পুত্র] ভ্রাতৃজ, ভাইপো।

ভ্রাতৃবধূ, স্ত্রী. [ভ্রাতৃ+বধূ] ভ্রাতার স্ত্রী, ভাত্রবধূ।

ভ্রাতৃব্য, পুং. [ভ্রাতৃ+ব্য] ভ্রাতৃপুত্র, ভাইপো; শত্রু।

ভ্রাতৃভগিনৌ, স্ত্রী. [ভ্রাতৃ+ভগিনী-ঔ] ভ্রাতা ভগিনী।

ভ্রাতৃশ্বশুর, পুং. [ভ্রাতৃ+শ্বশুর] পতির জ্যেষ্ঠভ্রাতা, ভাশুর, তৎপর্য্যায়।—শ্বশুরক; ভ্রাতৃপত্নীর পিতা।

ভ্রাত্রীয়, পুং. [ভ্রাতৃ+ঈয়] ভ্রাতৃপুত্র; (ত্রি.) ভ্রাতৃসম্বন্ধীয়।

ভ্রান্ত, ত্রি. [ভ্রম্+ত] ভ্রমণযুক্ত; ভ্রান্তি-বিশিষ্ট; (ন.) ভ্রমণ; (পু.) রাজধুস্তূর, রাজধুতুরা; মত্তহস্তী।

ভ্রান্ততা, স্ত্রী. [ভ্রান্ত + ত-আ] ভ্রমশীলতা, ভ্রান্তি, ভ্রম। [অনবস্থিতি।

ভ্রান্তি, স্ত্রী. [ভ্রম+তি] ভ্রম, ভুল, ভ্রমণ;

ভ্রান্তিমান, ত্রি. [ভ্রান্তি+ মৎ] ভ্রান্তিযুক্ত; অলঙ্কারবিশেষ।

ভ্রান্তিহর, পুং. [ভ্রান্তি+হর] মন্ত্রী, পরামর্শী; (ত্রি.) ভ্রমনাশক

ভ্রাম, পুং. [ভ্রম+অ] ভ্রমণ, ভ্রম, ভ্রান্তি।

ভ্রামক, পুং. [ভ্রম+অক] শৃগাল; ধূর্ত্ত; সূর্য্যাবর্ত্ত; প্রস্তরবিশেষ, চুম্বকপাতর; (ত্রি.) ভ্রমজনক, ভ্রান্তিদায়ক।

ভ্রামর, ন. [ভ্রমর+অ] মধু, ভ্রমর জাত-মধু; নৃত্যবিশেষ।—রাস, মণ্ডলনৃত্য, হল্লাস; (ত্রি.) ভ্রমরসম্বন্ধীয়; (পুং.) প্রস্তরবিশেষ, চুম্বকপাতর।

ভ্রামরী, স্ত্রী. [ভ্রমর+অ-ঈ] পার্ব্বতী,দুর্গা।

ভ্রাষ্ট্র, ন. [ভ্রস্জ্+ত] আকাশ, নভোমণ্ডল, (ন.পুং.) ভর্জ্জনপাত্র, ভাজনাখোলা, তৎপর্য্যায় ।—অম্বরীষ।

ভ্রুকুংশ-ভ্রুকুংস, পুং. [ভ্রু+কুশি-কুসি-অ] স্ত্রীবেশধারীনর্ত্তক পুরুষ।

ভ্রুকুটি, স্ত্রী. [ভ্রু+কুটি] ক্রোধাদিহেতু ভ্রূদ্বয়ের বক্রতাকরণ।

ভ্রুকুটী, স্ত্রী. [ভ্রু+কুটি-ঈ] ক্রোধাদিহেতু, ভ্রূদ্বয়ের বক্রতাকরণ।

ভ্রূ, স্ত্রী. [ভ্রম+ঊ] চক্ষুঃ দ্বয়ের ঊর্দ্ধভাগ, তৎপর্য্যায়।—চিল্লিকা, নয়নোর্দ্ধভাগ রোমরাজী

ভ্রুকুংস, পুং. [ভ্রুকুংস+অ] স্ত্রী বেশধারি-নর্ত্তক পুরুষ।

ভ্রুকুটি, স্ত্রী. [ভ্রু+কুটি] ক্রোধহেতু ভ্রূদ্বয়ের কৌটিল্য।

ভ্রুকুটী, স্ত্রী. [ভ্রু+কুটি-ঈ] ক্রোধহেতু ভ্রূদ্বয়ের কুটিলতা।

ভ্রূণ, পুং. [ভ্রূণ+অ] বালক; স্ত্রীগর্ভ।

ভ্রূণঘ্ন, ত্রি. [ভ্রূণ+হন্-অ] ভ্রূণহত্যাকারী, গর্ব্ভনাশক।

ভ্রূণহত্যা, স্ত্রী. [ভ্রূণ+হত্যা] গর্ব্ভস্থবালক হনন; গর্ব্ভনাশন।

ভ্রূণহা, ত্রি. [ভ্রূণ+হন্] গর্ব্ভস্থবালকহন্তা, ভ্রূণহত্যাকারী।

ভ্রূভঙ্গ, পুং. [ভ্রূ+ভঙ্গ] ভ্রূকৌটিল্য, কটাক্ষ।

ভ্রূভঙ্গি, স্ত্রী. [ভ্রূ+ভঙ্গ-ই] কটাক্ষ; অসন্তোষ প্রকাশক দৃষ্টিক্ষেপ।

ভ্রূক্ষেপ, পুং. [ভ্রূ+ক্ষেপ] কটাক্ষ দৃষ্টি, ঈষৎ অবলোকন।

ভ্রেষ, পুং. [ভ্রেষ+অ] যথোচিত স্থানহইতে ভ্রংশ; চলন, গমন।

ভ্রেষণ, ন. [ভ্রেষ+অন] চলন, গমন।

ম

ম, মকার, পঞ্চবিংশতিতমব্যঞ্জনবর্ণ; ইহার উচ্চারণ স্থান ওষ্ঠ, পবর্গের পঞ্চমবর্ণ, তন্নামানি যথা।—কালী; ক্লেশিত; কাল; মহাকাল; মহান্তক; বৈকুণ্ঠ; বসুধা; চন্দ্রী, রবি; পুরুষরাজক; কালভদ্র; জয়া, মেধা,বিশ্বদা; দীপ্তসংজ্ঞক; জঠর; ভ্রমা; মান; লক্ষ্মী; মাতা; উগ্রবন্ধন; বিষ; শিব; মহাবীর; শশিপ্রভা; জনেশ্বর; প্রমত্ত; প্রিয়সু; রুদ্র; সর্ব্বাঙ্গ; বহ্নিমণ্ডল, মাতঙ্গমালিনী; বিন্দু; শ্রবণাতুরথ; বিয়ৎ।

ম, পুং. [মা+অ] শিব; চন্দ্রমাঃ; ব্রহ্মা; যম; সময়, বিষ; মধুসূদন।

মই, (প্রা) বংশাদিরচিত সোপান, বাঁশের সিঁড়ি; বিদা।

মউচাক, (প্রা) মধুচক্র, মধুক্রম।

মউড়, (প্রা) মুকুট, টুপী।

মউনী. (প্রা) মন্থনদণ্ড, আলোড়নার্থ যষ্টিবিশেষ।

মউমাছী, (প্রা) কীটবিশেষ, মধুমক্ষিকা, সরঘা; মৌমাছী।

মউরী, (প্রা) বণিক্ দ্রব্যবিশেষ, মধুরিকা, মৌরী।

মওন, (প্রা) মন্থন, আলোড়ন।

মওয়াক্কেল, (যাং) যাহার পক্ষ হইয়া বিচারাগারে বাদানুবাদ করে, বাদী বা প্রতিবাদী।

মকর, পুং. [ম+কর] জলজন্তুবিশেষ, মগর, গঙ্গারবাহন; কামদেবের ধ্বজচিহ্ন; মেষাদি দ্বাদশরাশ্যন্তর্গত দশমরাশি; গঙ্গা ও বরুণবাহন,তৎপর্য্যায়।—আকোকের; কুবেরের ধনবিশেষ; ছল।

মকরকুণ্ডল, ন. [মকর+কুণ্ডল] মকরাকৃতি কর্ণভূষণ।

মকরকেতন, পুং. [মকর+কেতন] কন্দর্প, কামদেব।

মকরধ্বজ, পুং. [মকর+ধ্বজা] কামদেব, মদন; রসসিন্দুরবিশেষ, চন্দ্রোদয়, রসাসিন্দু।

মকরন্দ, পুং. [মকর+দো-অ] পুষ্পরস, পুষ্পাসব, মধু; কুন্দ পুষ্পবৃক্ষ; কিঞ্জল্ক; কেশর, ফলেরপাকড়ী; (ন.) কোকিল; মধুকর।

মকরন্দবতী, স্ত্রী. [মকরন্দ+বৎ-ঈ] পাটলাপুষ্প; মধুবিশিষ্টা।

মকরবূাহ, পুং. [মকর+বূাহ] মকরাকারসৈন্য বিন্যাস। [সাগর।

মকরাকর, পুং. [মকর+আকর] সমুদ্র,

মকরাকার, পুং. [মকর+আকার] ষড়্গ্রন্থ, কাঁটাকরঞ্জ; মকর মৎস্য তুল্য আকৃতি।

মকরাঙ্ক, পুং. [মকর+অঙ্ক] কামদেব; সমুদ্র, সাগর।

মকরালয়, পুং. [মকর+আলয়] সমুদ্র, সাগর।

মকরাশ্ব, পুং. [মকর+অশ্ব] বরুণ।

মকরী, পুং. [মকর+ইন্] সমুদ্র, সাগর, পয়োধি।

মকুট, ন. [মক+উট] মুকুট, কিরীট, শিরোভূষণ, চূড়া।

মকুতি, স্ত্রী. [মকু+তি] শূদ্রশাসন।

মকুর, পুং. [মক+উর] কুলালদণ্ড, কুমারের লাঠি; বকুল পুষ্প; কোরক, কলিকা; আদর্শ, আরশি, মুকুর।

মকুল, পুং. ন. [মক+উল] বকলপুষ্প; মুকুল, প্রকাশোন্মুখ কলিকা, কুঁড়ী।

মকুষ্টক, পুং. [মক+উ-ষ্টক] বনজাত মুদ্গ, (হিঃ) মোঠ.মুগানি, তৎপর্য্যায়।—ময়ষ্ট, বনমুদ্গ, কৃমীলক, অমৃত, অরণ্যমুদ্গ, বল্লীমুদ্গ

মকুষ্ঠ, পুং. [মকু+স্থা] ব্রীহিবিশেষ; (ত্রি) মন্থর, মন্দগামী।

মকুষ্ঠক, পুং. [মকুষ্ঠ+ক] বনমুদ্গ, বনমুগ।

মকুলক, পুং. [মক+উলক] মুকুলক, দন্তীবৃক্ষ।

মক্কল, পুং. [মক্ক+অল] শূলরোগবিশেষ; খটিকা, খড়ি।

মক্কা, (যাং) দেশবিশেষ; জনার, বুটা; বৃক্ষবিশেষ।

মক্কার, (যাং) বঞ্চক, কপটী।

মক্কুল, ন. [মক্ক+উল] শিলাজতু।

মক্কেল, পুং. [মক্ক+ঈল] বিভীষিকা, ভয়প্রদর্শক। [খড়ী।

মক্কোল, পুং. [মক্ক+ওল] খটিকা, কঠিনী,

মখ, পুং. [মখ+অ] যজ্ঞ, ক্রতু, যাগ।

মখত্রাতা, পুং. [মখ+ত্রাতৃ] বিষ্ণু, রাম, দাশরথি; যজ্ঞরক্ষক। [অনল।

মখবহ্নি, পুং. [মখ+বহ্নি] যজ্ঞাগ্নি, যজ্ঞের

মখানল, পুং. [মখ+অনল]যজ্ঞাগ্নি, যজ্ঞের অনল, তৎপর্য্যায়।—মহাবীর।

মখান্ন, ন. [মখ+অন্ন] খাদ্য বীজবিশেষ, মাখানা, তৎপর্য্যায়।—পদ্মবীজাভ পানীয়ফল; যজ্ঞান্ন।

মখাসুহৃৎ, পুং. [মখ+অসুহৃৎ] শিব, মহাদেব; বুদ্ধ।

মখন, (গ্রা) মন্থন, মাখন।

মখমশিম, (গ্রা) শিম্বীবিশেষ।

মখাদিম, (যাং) কুলপতি; ভৃত্যাসকল।

মখমল, (যাং) পট্টনির্ম্মিত বস্ত্রবিশেষ।

মগজ, (যাং) মস্তিষ্ক, মজ্জা।

মগধ, পুং. [মগ+ধা-অ] কীকটদেশ, বেহারের দক্ষিণভাগ; মুঙ্গের; (পুং.) বেহার স্থিত; বন্দী, স্তুতিপাঠক।

মগধা, স্ত্রী. [মগধ+আ] পিপ্পলী, পিঁপুল।

মগধেশ্বর, পুং. [মগধ+ঈশ্বর] জরাসন্ধ রাজা; মগধদেশাধিপ মাত্র।

মগধোদ্ভবা, স্ত্রী. [মগধ+উদ্ভব-আ] পিপ্পলী, (ত্রি.) মগধদেশ জাতা।

মগ্ন, ত্রি. [মস্জ+ত] স্নাত, জলান্তঃ প্রবিষ্ট, পিঁপুল, ডোবা, বুড়া।

মঘ, পুং. [মহ+অ] দ্বীপবিশেষ; দেশবিশেষ, মগনামক ম্লেচ্ছদিগের স্থান, (ন.) পুষ্পবিশেষ।

মঘবতী, স্ত্রী. [মঘ+বৎ-ঈ] ইন্দ্রাণী, শচী, ইন্দ্রপত্নী।

মঘবা, পুং. [মঘ+বৎ] ইন্দ্র, শক্র, দেবরাজ; জিনদিগের দ্বাদশ চক্রবর্ত্তির মধ্যে চক্রবর্ত্তিবিশেষ।

মঘবান্, পুং. [মঘ+বৎ] ইন্দ্র, সুরপতি।

মঘা, স্ত্রী. [মঘ+আ] ঔষধবিশেষ; অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত দশম নক্ষত্র।

মঘাত্রয়োদশী, স্ত্রী. [মঘা+ত্রয়োদশ-ঈ] মঘানক্ষত্রযুক্ত ভাদ্রকৃষ্ণাত্রয়োদশী।

মঘাভব, পুং. [মঘা+ভব] শুক্রগ্রহ, ভার্গব; (ত্রি.) মঘানক্ষত্রজাত।

মঘাভূ, পুং. [মঘা+ভূ] শুক্রাচার্য্য, শুক্রগ্রহ।

মঘী, স্ত্রী. [মঘা+ঈ] ধান্যবিশেষ; শস্যবিশেষ। [ইন্দ্রপত্নী।

মঘোনী, স্ত্রী. [মঘোন+ঈ] ইন্দ্রাণী, শচী,

মঙ্কিল, পুং. [মকি+ইল] অনল, অগ্নি।

মঙ্কুর, পুং. [মঙ্ক+উর] মুকুর, আদর্শন, আর্শি।

মঙ্‌ক্তা, ত্রি. [মস্জ+তৃ] স্নানকর্ত্তা, নিমজ্জনকারী। [মঙ্কুট।

মঙ্গ, পুং. [মগ+অ] নৌকাশির, নৌকার

মঙ্গল, ন. [মগ+অল] অভিপ্রেতার্থ সিদ্ধি; (ত্রি.) অভিপ্রেতার্থ সিদ্ধিবিশিষ্ট, তৎপর্য্যায়।—ভাবুক, ভব্য, কল্যাণ, ভবিক, শুভ, ক্ষেম, প্রশস্ত, ভদ্র, শ্বশ্রেয়স, শিব, অরিষ্ট, কুশল, রিষ্ট, মদ্র, শস্ত; সর্ব্বার্থরক্ষণ; (পুং.) গ্রহবিশেষ, তৃতীয়গ্রহ, তৎপর্য্যায়।—অঙ্গারক, ভৌম, কুজ, বক্র, মহীসুত, বর্ষার্চ্চিঃ, লোহিতাঙ্গ, সুখোন্মুখ, ঋণান্তক, আর, ক্রূরদৃক্, আবনেয়।

মঙ্গলকর, ত্রি. [মঙ্গল+কর] শুভকর, কল্যাণদায়ক।

মঙ্গলগাওন, (প্রা) কল্যাণ বাক্য কথন।

মঙ্গলঘট, পুং. [মঙ্গল+ঘট] প্রতিমার সম্মুখে স্থাপিত মঙ্গলার্থ ক্ষুদ্র কলস।

মঙ্গলচণ্ডিকা, স্ত্রী. [মঙ্গল+চণ্ডিকা] মঙ্গলচণ্ডী, দুর্গা।

মঙ্গলচণ্ডী, স্ত্রী. [মঙ্গল+চণ্ডী] দুর্গা, ভগবতী।

মঙ্গলচ্ছায়, পুং. [মঙ্গল+ছায়া] প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

মঙ্গলদায়ক, ত্রি. [মঙ্গল+দায়ক] শুভদায়ক, কল্যাণজনক, কুশলপ্রদ।

মঙ্গলদায়ী, ত্রি. [মঙ্গল+দায়িন্] শুভদায়ী, কল্যাণদায়ক।

মঙ্গলনীরাজন, ন. [মঙ্গল+নীরাজন] ব্রাহ্মমুহূর্ত্ত কর্ত্তব্য ভগবদারাত্রিক, মঙ্গলআরতী।

মঙ্গলপাঠক, পুং. [মঙ্গল+পাঠক] বন্দীস্তুতিপাঠক।

মঙ্গলপ্রদা, স্ত্রী. [মঙ্গল+প্রদ-আ] হরিদ্রা, হলুদ; (ত্রি.) মঙ্গলদাতা।

মঙ্গলবাদ, পুং. [মঙ্গল+বাদ] কল্যাণপ্রার্থনা, কুশল কথন। [কুজবার।

মঙ্গলবার, পুং. [মঙ্গল+বার] তৃতীয়বার,

মঙ্গলসমাচার, পুং. [মঙ্গল+সমাচার] সুসংবাদ, শুভবার্ত্তা।

মঙ্গলা, স্ত্রী. [মঙ্গল+আ] পার্ব্বতী; শুক্লদূর্ব্বা, পতিব্রতা; করঞ্জবিশেষ; বৃত্তার্হন্মাতৃবিশেষ; হরিদ্রা; নীলদূর্ব্বা; মঙ্গলজনিকা।

মঙ্গলাগুরু, ন. [মঙ্গল+অগুরু] অগুরুচতুষ্টয়ান্তর্গত অগুরুবিশেষ।

মঙ্গলাচরণ, ন. [মঙ্গল+আচরণ] কর্ম্মারম্ভে কর্ত্তব্য শুভজনকক্রিয়া, কুশলজনক ব্যবহার।

মঙ্গলার্থী, ত্রি. [মঙ্গল+অর্থিন্] কল্যাণেচ্ছু, কুশলাভিলাষী, মঙ্গলেচ্ছুক।

মঙ্গল্য, ন. [মঙ্গল+য] দধি; চন্দন; মঙ্গল্যাগুরু; স্বর্ণ; সিন্দূর; (ত্রি.) শিবকর, মঙ্গলজনক; রুচির, মনোহর; সাধু; (পুং.) ত্রায়মাণা; অশ্বত্থ; বিল্ব; মসূরক; জীবক; নারিকেল; কপিত্থ; রীঠা করঞ্জ।

মঙ্গল্যক, পুং. [মঙ্গল্য+ক] মসূরকলায়, মুসুরি কলাই।

মঙ্গল্যকুসুমা, স্ত্রী. [মঙ্গল্য+কুসুম-আ] শঙ্খপুষ্পী।

মঙ্গল্যনামধেয়া, স্ত্রী. [মঙ্গল্য+নামধেয়-আ] জীবন্তী।

মঙ্গল্যা, স্ত্রী. [মঙ্গল্য+আ] মল্লিকাগন্ধযুক্ত অগুরু; শমী; অধঃপুষ্পী; মিশী; শুক্ল বচা; রোচনা; প্রিয়ঙ্গু; শঙ্খপুষ্পী; মাষপর্ণী; জীবন্তী; ঋদ্ধি; বচা; হরিদ্রা; চীড়া; দূর্ব্বা, দুর্গা।

মঙ্গলৈষী, ত্রি. [মঙ্গল+এষিন্] হিতৈষী, শুভেচ্ছু, কুশল বাঞ্ছাকারী।

মঙ্গিনী, স্ত্রী. [মঙ্গ+ইন্-ঈ] নৌকা, তরী, তরণী।

মজ্জন, ন. [মজ্জ+অন] জঙ্ঘাত্রাণ।

মজ্জু, ব্য. [মজ্জ+উ] দ্রুত, শীঘ্র; ভৃশার্থ।

মজ্জুণ, ন. [মজ্জ+উণ] জঙ্ঘাত্রাণ।

মচ্‌কান, (প্রা) ঈষৎভগ্ন, অল্পভাঙ্গা, মোচ্‌ড়ান।

মচর্চ্চিকা, স্ত্রী. [ম+চর্চ্চ+ইক-আ] প্রশস্ত, উত্তম, ভাল।

মচ্ছ, পুং. [মদ্+শ] মৎস্য, মীন, মাছ।

মজকুর, (যাং) পূর্ব্বকথিত, পূর্ব্বোক্ত।

মজবুৎ, (যাং) দৃঢ়, কঠিন।

মজলিস, (যাং) সভা।

মজন, (প্রা) মজ্জন, মগ্নহওন, ডুবন; নিবিষ্ট হওন, আসক্তহওন; দুঃখ প্রাপণ।

মজা, (প্রা) মগ্ন; গলিত, অতিশয় পক্ক; সুখ।

মজাক্, (যাং) আস্বাদন।

মজাদার, (যাং) সুরস, সুরভি।

মজুদ্, (যাং) প্রস্তুত।

মজুম, (যাং) সঞ্চয়, সমবায়।

মজুমদার, (যাং) লেখ্য প্রসঙ্গাদি পরিরক্ষক।

মজুর, (যাং) কর্ম্মকর, জন।

মজুরী, (যাং) ভৃতি, বেতন, ভরণাভুক্।

মজান, (প্রা) মগ্নকরণ, ক্লেশদেওন, ডুবান।

মজ্জকৃৎ, ন. [মজ্জ+কৃৎ] অস্থি, হাড়।

মজ্জন, ন. [মস্জ+অৎ] স্নান, অবগাহন, ডুবন; মজ্জা।

মজ্জসমুদ্ভব, ন. [মজ্জ+সমুদ্ভব] শুক্র, বীর্য্য।

মজ্জা, পুং. [মজ্জন্+আ] বৃক্ষাদির উত্তম স্থিরভাগ, সার; অস্থিমধ্যস্থ স্নেহবিশেষ, তৎপর্য্যায়।—কৌশিক, শুক্রকর, অস্থিস্নেহ, অস্থিসম্ভব, অস্থিসার, তেজঃ, বীজ, অস্থিজ, জীবন, দেহসার; (স্ত্রী.) অস্থিসার। [রস্থ।

মজ্জাগত, ত্রি. [মজ্জা+গত] আন্তরিক, অন্ত-

মজ্জাজ, পুং. [মজ্জা+জন্-অ] ভূমিজাত গুগ্‌গুলু।

মজ্জাভেদী, ত্রি. [মজ্জা+ভেদিন্] মজ্জাগত রোগাদি; মর্ম্মভেদী।

মজ্জারস, পুং. [মজ্জা+রস] শুক্র, তেজঃ, বীর্য্য। [জায়ফল।

মজ্জাসার, ন. [মজ্জা+সার] জাতীফল,

মজ্জিত, ত্রি. [মস্জ+ইত] মগ্ন, কৃতমজ্জন।

মজ্জূষা, স্ত্রী. [মস্জ+ঊষ-আ] মঞ্জুষা, প্যাট্‌রা।

মঞ্চ, পুং. [মঞ্চ+অ] খট্বা, খাট; কর্ণবংশ, মাচা; উচ্চমণ্ডপবিশেষ, উন্নত স্থান

মঞ্চক, পুং. [মঞ্চ+ক] খট্বা, খাট, ইন্দ্রকোষ, উচ্চমণ্ডপ; মাঁচা।

মঞ্চকাশ্রয়, পুং. [মঞ্চক+আশ্রয়] মৎকুণ, কেশকীট, উকুণ।

মঞ্চমণ্ডপ, পুং. [মঞ্চ+মণ্ডপ] শস্যরক্ষার্থ কুটির, টং; তৎপর্য্যায়।—কুত্রঙ্গ।

মঞ্চাল, (প্রা) রক্তবর্ণ হরিতাল, মনঃশিলা।

মঞ্জন, ন. [মৃজ+অন] মার্জ্জন, মাজা; মুখ প্রক্ষালন দ্রব্য, মাজন, মিশী; নেত্র মলহর দ্রব্য।

মঞ্জর, ন. [মঞ্জু+ঋ] মুক্তা; তিলকবৃক্ষ; বল্লী, লতা।

মঞ্জরণ, (প্রা) মুকুলোদ্গমন; গজান, কচান।

মঞ্জরি, স্ত্রী. [মঞ্জর+ই] মুক্তা; তিলকবৃক্ষ; লতা; মঞ্জরি, অঙ্কুর; তুলসী।

মঞ্জরিত, ত্রি. [মঞ্জর+ইত] অঙ্কুরিত

মঞ্জরী, স্ত্রী. [মঞ্জু+ঋ-ই] বল্লরি, অঙ্কুর, ফেকড়ী, গজা।

মঞ্জরীনম্র, পুং. [মঞ্জরী+নম্র] বেতসবৃক্ষ, বেতগাছ। [লতা।

মঞ্জা, স্ত্রী. [মঞ্জ+আঁ] ছাগী, পাঁঠী; মঞ্জরী;

মঞ্জি, স্ত্রী. [মঞ্জ+ই] মঞ্জরী, মুকুল, কুঁড়ি।

মঞ্জিকা, স্ত্রী. [মঞ্জ+ইক-আ] বেশ্যা, বারাঙ্গনা, কুলটা।

মঞ্জিট, (প্রা) মঞ্জিষ্ঠালতা। [কলা।

মঞ্জিফলা, স্ত্রী. [মঞ্জি+ফল-আ] কদলী, রম্ভা,

মঞ্জিল, (যাং) আবাস; একদিবসের ভ্রমণ।

মরাল, পুং. [মৃ+আল] রাজহংস; কজ্জল; কারণ্ডবপক্ষী; তুরঙ্গম, অশ্ব; বারিবাহ, মেঘ; দাড়িমীবিপিন; খল; (ত্রি.) মসৃণ, কাল; স্নিগ্ধ।

মরালক, পুং. [মরাল+ক] কলহংস, বালিহাঁস, পাতিহাঁস।

মরিচ, ন. [মৃ+ইচ] কক্কোলক; স্বনামখ্যাত বর্ত্তুলাকার, কটু দ্রব্যবিশেষ, গোলমরিচ, তৎপর্য্যায়—পবিত, শ্যাম, কোল, বল্লীজ, উষণ, যবনেষ্ট, বৃত্তফল, শাকাঙ্গ, ধর্ম্মপত্তন, কটুক, শিরোবৃত্ত, বীর, কফবিরোধি, মুখ, সর্ব্বহিত, কৃষ্ণ, বেল্লজ; (পুং.) মরুবকবৃক্ষ।

মরিচপত্রক, পুং. [মরিচ+পত্রক] সরলবৃক্ষ, সরল গাছ।

মরিচা, (প্রা) মড়িচা; লৌহকিট্ট, লোহাদির মলা।

মরিমা, পুং. [মৃ+ইমন্] মৃত্যু, মরণ, নাশ।

মরীচ, ন. [মৃ+ঈচ] স্বনামখ্যাত কটু দ্রব্যবিশেষ, গোলমরিচ, তৎপর্য্যায়।—বেল্লজ, কোলক, কৃষ্ণ, উষণ, ধর্ম্মপত্তন, মরিচ, শ্যাম, বরিষ্ঠ।

মরীচি, পুং. [মৃ+ঈচি] মুনিবিশেষ, ব্রহ্মার জ্যেষ্ঠমানসপুত্র; কৃপণ; (পুং. স্ত্রী.) কিরণ, রশ্মি; ষট্ত্রাসরেণু পরিমাণ।

মরীচিকা, স্ত্রী. [মরীচি+ক-আ] মৃগতৃষ্ণা, সূর্য্য কিরণে জলভ্রম।

মরীচিমালা, স্ত্রী. [মরীচি+মালা] সূর্য্যাদির কিরণ মণ্ডল, দীপ্তিসমূহ

মরীচিমালী, পুং. [মরীচি+মালিন্] সূর্য্য; চন্দ্র; (ত্রি.) কিরণবিশিষ্ট।

মরু, পুং. [মৃ+উ] পর্ব্বত; নির্জ্জলদেশ, তৎপর্য্যায়।—ধন্ব; দশেরকদেশ; মরুবকবৃক্ষ; সূর্য্যবংশীয় ভাবিরাজাবিশেষ।

মরুজ, পুং. [মরু+জন্-অ] নখীনাম গন্ধদ্রব্যবিশেষ; (ত্রি.) মরুদেশ জাত।

মরুজা, স্ত্রী. [মরুজ+আ] মৃগের্ব্বারু, শ্বেত ইন্দ্রবারুণী, শেঁখিনী।

মরুটা, স্ত্রী. [মৃ+উট-আ] উচ্চললাটযুক্ত স্ত্রী, উঁচুকপালযুক্ত নারী।

মরুণ্ডা, স্ত্রী. [মরুণ্ড+আ] উচ্চ ললাটা নারী।

মরুত, পুং. [মৃ+উত] বায়ু, পবন, বাতাস; ঘণ্টাপাটলি বৃক্ষ; দেব, দেবতা।

মরুৎ, পুং. [মৃ+উৎ] বায়ু, পবন; মরুবক বৃক্ষ; দেব, দেবতা; ভ্রাতৃবৎসল দেবতা বিশেষ(ন.) গ্রন্থিপর্ণ, গাঁটিয়ালাগাছ; (স্ত্রী.) পৃক্কা, পিড়িংশাক।

মরুৎকর, পুং. [মরুৎ+কর] কলায়বিশেষ, রাজমাষ, বরবটী; যাহার দ্বারা মরুৎক্রিয়া হয়।

মরুৎকোণ, ন. [মরুৎ+কোণ] বায়ুকোণ, পশ্চিমোত্তর কোণ।

মরুৎক্রিয়া, স্ত্রী. [মরুৎ+ক্রিয়া] অপানোৎসর্গ, বাতকর্ম্ম।

মরুত্ত, পুং. [মরুৎ+ত] চন্দ্রবংশীয় রাজাবিশেষ, অবীক্ষিৎরাজপুত্র।

মরুত্তক, পুং. [মরুত্ত+ক] মরুবক বৃক্ষ।

মরুৎপথ, পুং. [মরুৎ+পথিন্-অ] আকাশ, গগণ, অন্তরীক্ষ।

মরুৎপাল, পুং. [মরুৎ+পাল] ইন্দ্র, সুরপতি, দেবরাজ।

মরুৎপুত্র, পুং. [মরুৎ+পুত্র] ভীমসেন, দ্বিতীয়পাণ্ডব, হনুমান্। [মৃগেন্দ্র।

মরুৎপ্লব, পুং. [মরুৎ+প্লব] সিংহ, কেশরী,

মরুৎফল, ন. [মরুৎ+ফল] ঘনোপল, শিল, করকা, বর্ষোপল।

মরুত্বান্, পুং. [মরুৎ+বৎ] ইন্দ্র, দেবরাজ হনুমান্।

মরুৎসখ, পুং. [মরুৎ+সখি-অ] ইন্দ্র, সুরপতি; অগ্নি, বায়ুসখ

মরুদান্দোল, পুং. [মরুৎ+আন্দোল] ধরিত্র, মৃগচর্ম্ম রচিত ব্যজন।

মরুদিষ্ট, পুং. [মরুৎ+ইষ্ট] গুগ্গুলু, গুগ্গুল্।

মরুদ্গণ, পুং. [মরুৎ+গণ] বায়ুগণ, উনপঞ্চাশৎ বায়ু।

মরুদ্ধ্বজ, ন. [মরুৎ+ধ্বজা-অ] বাততুল, আকাশবুড়ীরসুতা।

মরুদ্ভবা, স্ত্রী. [মরুৎ+ভব-আ] তাম্রমূলা ক্ষুপবিশেষ, খিরাই।

মরুদ্রথ, পুং. [মরুৎ+রথ] অশ্ব, ঘোটক; দেবরথ, দেবযান; বায়ুবহযান।

মরুদ্রুম, পুং, [মরু+দ্রুম] খদিরবিশেষ, বিট্‌খদির।

মরুদ্বর্ত্ম, ন. [মরুৎ+বর্ত্মন্] আকাশ, অন্তরীক্ষ, গগণ।

মরুদ্বাহ, পুং. [মরুৎ+বাহ] ধুম, ধুঁয়া; অগ্নি, অনল।

মরুদ্বিপ, পুং. [মরু+দ্বিপ] উষ্ট্র, উট্।

মরুন্মালা, স্ত্রী. [মরুৎ+মালা] পৃক্কা, পিড়িংশাক।

মরুৎপ্রিয়, পুং. [মরুৎ+প্রিয়] উষ্ট্র, উট।

মরুব, পুং. [মৃ+উব] বৃক্ষবিশেষ, মরুআ, নাগদানা, তৎপর্য্যায়।—খরপত্র, গন্ধপত্র, ফণিজ্ঝক, বহুবীর্য্য, শীতলক, সুরাহ্ব, সমীরণ, জম্বীর, প্রস্থকুসুম, মরুবক, আজন্ম সুরভিপত্র, মরিচ।

মরুবক, পুং. [মরু+বক] কণ্টকি বৃক্ষবিশেষ, ময়না, তৎপর্য্যায়।—পিণ্ডীতক, শ্বসন, করহাটক, শল্য, মদন; স্বল্পপত্র তুলসী, তৎপর্য্যায়।—সমীরণ, প্রস্থপুষ্প, ফণিজ্ঝক, জম্বীর; জম্বীরবিশেষ; পুষ্প বৃক্ষবিশেষ, মরুয়াফুল, তৎপর্য্যায়।—শুক্লপুষ্প, তিলক, কুলক; ক্ষুপবিশেষ, নাগদানা, তৎপর্য্যায়।—খরপত্র, গন্ধপত্র; ব্যাঘ্র; রাহু; ভয়ানক।

মরুভু, স্ত্রী. [মরু+ভু] দাশেরকদেশ, মারওয়ার; নির্জ্জল ভূমি।

মরুভূমি, স্ত্রী. [মরু+ভূমি] নির্জ্জলদেশ; বৃক্ষ লতাতৃণাদি শূন্য ভূমি বা স্থল, শুষ্ক দেশ।

মরুভূরুহ, পুং. [মরু+ভূরুহ] করীরবৃক্ষ, করবীর; (ত্রি.) মরুভূমি জাত।

মরুল, পুং. [মৃ+উল] কারণ্ডব পক্ষী, বক।

মরুসম্ভব, ন. [মরু+সম্ভব] চাণক্যমূলক।

মরুসম্ভবা, স্ত্রী. [মরু+সম্ভব-আ] মহেন্দ্রবারুণী; ক্ষুদ্র দুরালভা।

মরুস্থল, ন. স্ত্রী. [মরু+স্থল] মরুভূমি।

মরুস্থা, স্ত্রী. [মরু+স্থা] ক্ষুদ্রদুরালভা।

মরূক, পুং. [মৃ+ঊক] মৃগবিশেষ; ময়ূর; শঠী, শুঠ

মরূদ্ভবা, স্ত্রী. [মরু+উদ্ভব-আ] কার্পাসী, কাপাস; যবাস; ক্ষুদ্রখরিদ।

মরোলি, পুং. [মৃ+ওল-ই] জলজন্তুবিশেষ, মকর।

মরোলিক, পুং. [মরোল+ইক] জলজন্তুবিশেষ, মকর।

মর্ক, পুং. [মর্চ+ক] দেহ; বায়ু; বানর; ভেক।

মর্কক, পুং. [মর্ক+ক] গলগণ্ড পক্ষী, হাড়গিলা।

মর্কট, পুং [মর্ক+অট] বানর; উর্ণনাভ, মাকড়সা; স্থাবর বিষভেদ, কাঠবিষ; গলগণ্ড পক্ষী, হাড়গিলা।

মর্কটক, পুং. [মর্কট+ক] শস্যবিশেষ; বানর; লূতা, মাকড়সা; মৎস্যবিশেষ; দৈত্য।

মর্কটজাল, পুং. [মর্কট+জাল] লূতাতন্তু, মাকড়সার জাল।

মর্কটতিন্দুক, পুং. [মর্কট+তিন্দুক] কুপীলু।

মর্কটপিপ্পলী, স্ত্রী. [মর্কট+পিপ্পলী] অপামার্গ, আপাংগাছ।

মর্কটপ্রিয়, পুং. [মর্কট+প্রিয়] ক্ষীরবৃক্ষ, খিরাই গাছ।

মর্কটবাস, পুং. [মর্কট+বাস] লূতাতন্তু, মাকড়সার জাল, তৎপর্য্যায়।—আশাবন্ধ।

মর্কটশীর্ষ, ন. [মর্কট+শীর্ষ] হিঙ্গুল।

মর্কটাস্য, ন. [মর্কট+আস্য] তাম্র, তাঁবা; বানরমুখ; (ত্রি.) বানর তুল্য।

মর্কটী, স্ত্রী. [মর্কট+ঈ] কপিকচ্ছু; অপামার্গ; অজমোদা; করঞ্জবিশেষ, মাকড়াকরঞ্জ; বানরী।

মর্কটেন্দু, পুং. [মর্কট+ইন্দু] কাকতিন্দুক বৃক্ষ।

মর্কর, পুং. [মর্ক+র] ভৃঙ্গরাজবৃক্ষ, ভীমরাজ; কেশুরা।

মর্করা, স্ত্রী. [মর্কর+আ] দরী, কন্দর, গুহা; ভাণ্ড; সুরঙ্গা; নিষ্ফলাস্ত্রী।

মর্চ্চা (প্রা) লৌহমল, মলা, মরিচা।

মর্চ্চাধরা, (প্রা) সমল, কলঙ্কযুক্ত, ময়লা

মর্জ্জি, (প্র) ইচ্ছা, বাঞ্ছা, আকাঙ্ক্ষা।

মর্জূ, স্ত্রী. [মৃজ+উ] শুদ্ধি, শোধন; (পুং.) রজক, ধোবা; পীঠমর্দ্দবৃক্ষ, পীঠওকড়া

মর্ত্ত, পুং. [মৃ+ত] মনুষ্য, নর; মাণবক, সদা উপনীত ব্রাহ্মণ

মর্ত্তব্য, ত্রি. [মৃ+তব্য] মরিবারযোগ্য; নাশ্য।

মর্ত্ত্য, পুং. [মৃ+ত্য] মনুষ্য, নর; মধ্যমলোক। [যক্ষ।

মর্ত্ত্যমুখ, পুং. [মর্ত্ত্য+মুখ] কুবেরের সহচর,

মর্ত্ত্যপুর, পুং. [মর্ত্ত্য+পুর] মর্ত্ত্যলোক; পৃথিবী, ধরণী।

মর্ত্ত্যলোক, পুং. [মর্ত্ত্য+লোক] মনুষ্যলোক • মানবস্থান; পৃথিবী; সংসার।

মর্ত্ত্যস্থ, ত্রি. [মর্ত্ত্য+স্থা-অ] পৃথিবীস্থিত, অবনীস্থ, মনুষ্যলোকে স্থিত।

মর্দ্দন, ন. [মৃদ্+অন] অঙ্গমর্দ্দন, গাচাপা, তৎপর্য্যায়।—সম্বাহন, সম্বল; চূর্ণন; পেষণ; দলন।

মর্দ্দনীয়, ত্রি. [মৃদ্+অনীয়] মর্দ্দনার্হ, পেষণযোগ্য।

মর্দ্দল, পুং. [মর্দ্দ+ল] বাদ্যবিশেষ, মাদল, তৎপর্য্যায়।—মুরু।

মর্দ্দ, (বাং) পুরুষ।

মর্দ্দিত, ত্রি. [মর্দ্দ+ইত] প্রস্থিত; চূর্ণিত; পেষিত, দলিত।

মর্ম্ম, ন. [মৃ+মন্] স্বরূপ, তত্ত্ব; সন্ধিস্থান; জীবস্থান; অভিপ্রায়; সার; বিষয়; গুপ্ত কৌশল; তাৎপর্য্য।

মর্ম্মকীল, পুং. [মর্ম্ম+কীল] ভর্ত্তা, স্বামী, প্রভু।

মর্ম্মজ্ঞ, ত্রি. [মর্ম্মন+জ্ঞা-অ] মর্ম্মবিৎ, তত্ত্বজ্ঞ; তাৎপর্য্যজ্ঞাতা; রহস্যজ্ঞ।

মর্ম্মবিৎ পুং. [মর্ম্মন্+বিদ্] মর্ম্মজ্ঞ, তাৎপর্য্যজ্ঞ, যথার্থজ্ঞাতা, তৎপর্য্যায়।—কাপটিক, মর্ম্মিক, মর্ম্মবেদী।

মর্ম্মবেত্তা, পুং. [মর্ম্মন্+বেত্তৃ] মর্ম্মজ্ঞ, তত্ত্বজ্ঞ, তাৎপর্য্যজ্ঞাতা

মর্ম্মবেদী, পুং. [মর্ম্মন্+বেদিন্] মর্ম্মবিৎ তত্ত্বজ্ঞ, মর্ম্মিক

মর্ম্মভেদ, পুং. [মর্ম্মন্+ভেদ] আন্তরিকদুঃখ; মনোব্যথা; মজ্জাবিধান।

মর্ম্মর, পুং. [মৃ+অর] বস্ত্র এবং পত্রের ধ্বনি, মড়্মড়শব্দ।

মর্ম্মরী, স্ত্রী. [মর্ম্মর+ঈ] পীতদারু, দারুহরিদ্রা।

মর্ম্মরীক, পুং. [মর্ম্মর+ঈক] দীন, দুঃখী, নিরন্ন। [মজ্জা।

মর্ম্মস্থান, ন. [মর্ম্মন্+স্থান] জীবস্থান;

মর্ম্মস্পৃক্, ত্রি. [মর্ম্মন্+স্পৃশ] মর্ম্মপীড়ক, আন্তরিক ব্যথাদায়ক, তৎপর্য্যায়।—অরুন্তুদ, ব্যথক।

মর্ম্মাধীন, ত্রি. [মর্ম্মন্+অধীন] অতিগূঢ়, অতিশয় গুপ্ত।

মর্ম্মান্তিক, ত্রি. [মর্ম্মন্+অন্তিক] আন্তরিক; মর্ম্মভেদক, মর্ম্মপীড়ক।

মর্ম্মাবিৎ, ত্রি. [মর্ম্মন্+বিধ্] সন্ধিস্থান বেধকর্ত্তা; মর্ম্মজ্ঞ।

মর্ম্মাবিদ্, ত্রি. [মর্ম্মন্+আবিধ্] সন্ধিস্থান বেধকর্ত্তা; মর্ম্মজ্ঞ।

মর্ম্মিক, ত্রি. [মর্ম্মন্+ইক] মর্ম্মবিৎ, মর্ম্মজ্ঞ, তত্ত্বজ্ঞ।

মর্য্যা, ব্য. সীমা, পর্য্যন্ত।

মর্য্যাদক, ত্রি. [মর্য্যাদা+অক] মর্য্যাদাকর্ত্তা, সম্মানকারী, সম্মানপ্রদ, শিষ্ট।

মর্য্যাদা, স্ত্রী. [মরি+আ-দা] ন্যায্যপথস্থিতি, তৎপর্য্যায়।—সংস্থা, ধারণা, স্থিতি; সীমা পর্য্যন্ত; কুল; সম্মান, সম্ভ্রম।

মর্য্যাদাগিরি, পুং. [মর্য্যাদা+গিরি] কুলাচল, বর্ষসীমা পর্ব্বত।
মর্য্যাদানর্হ, ত্রি. [মর্য্যাদা+অনর্হ] সম্ভ্রমানর্হ, সম্মানাযোগ্য, মর্য্যাদার অনুপযুক্ত।
মর্য্যাদান্বিত, ত্রি. [মর্য্যাদা+অন্বিত] সম্ভ্রান্ত, মর্য্যাদাবিশিষ্ট।
মর্ষ, পুং. [মৃষ+অ] ক্ষান্তি, ক্ষমা, সহিষ্ণুতা।
মর্ষণ, ন. [মৃষ+অন] ক্ষমা, সহিষ্ণুতা, সহ্যতা; সাপ; মর্দ্দন।
মর্ষিত, ত্রি. [মৃষ+ত] ক্ষমাযুক্ত, ক্ষান্তিবিশিষ্ট, সহনশীল; অভিমর্দ্দিত (ন.) মর্ষণ, ক্ষমা।
মর্ষিতবান্, ত্রি. [মৃষ+ইত-বৎ] ক্ষান্ত, সহন
মর্‌স্দ্, (যাং) শিক্ষক।
মল, পুং. ন. [মল+অ] পাপ; বিট্, বিষ্ঠা; কিট্ট; মলা; কর্পূর; বাতপিত্ত, কফাদি; স্ত্রীলোকের পদাভরণ বিশেষ।
মলকা, স্ত্রী. [মল+ক-আ] খাদ; ত্যাজ্য অংশ, ছাঁছা।
মলঘ্ন, পুং. [মল+হন্] শাল্মলীকন্দ; (ত্রি.) মলনাশক।
মলঘ্নী, স্ত্রী. [মল+ঘ্ন-ঈ] নাগদমনী।
মলঙ্গী, (প') লবণকারক, লবণপ্রস্তুতকর্ত্তা।
মলজ, ন. [মল+জন্+অ] পূয, পুঁজ (ত্রি.) মলোদ্ভব, ক্লেদ।
মলদূষিত, ত্রি. [মল+দূষিত] মলিন, অপরিষ্কৃত, ময়লা।
মলদ্রাবী, পুং. [মল+দ্রাবিন্] জয়পাল, মলরেচক ঔষধ, জোলাপ।
মলন, ন. [মল+অন্] মর্দ্দন, পেষণ, ঘর্ষণ, ভজন; (পুং.) পটবাস, শিবির, তাঁবু।
মলনিয়া, (প্রা) মর্দ্দক, পেষণকারক।
মলপূ, স্ত্রী. [মল+পূ] কাকোডুম্বুরিকা।
মলবন্ধ, (প্র) বিসূচিকা, কোষ্ঠবদ্ধ।
মলবিনাশিনী, স্ত্রী. [মল+বিনাশিন+ঈ] শঙ্খপুষ্পী।
মলভুক্, পুং. [মল+ভুজ্] কাক, বায়স।
মলভেদিনী, স্ত্রী. [মল+ভেদিন্-ঈ] কটুকাবৃক্ষ, কট্‌কী।
মলম, (যাং) প্রলেপনীয় ঔষধবিশেষ।
মলমাস, পুং. [মল+মাস] অধিকমাস, তৎপর্য্যায়।—মলিম্লুচ, অধিমাস, অসংক্রান্ত মাস, নপুংসক।
মলম্বা, (যাং) স্বর্ণপত্র, সোণালা, সোণার পাতা।
মলয়, পুং. [মল+য়] স্বনামখ্যাতপর্ব্বত বিশেষ, তৎপর্য্যায়।—আষাঢ়, দক্ষিণাচল, চন্দনাদ্রি, মলয়াচল, শৈলাঙ্গ; দেশ বিশেষ; আরাম, উপবন; নন্দনবন; অষ্টাদশ উপদ্বীপান্তর্গত দ্বীপবিশেষ; ঋষভ দেবের শতপুত্রের মধ্যে পঞ্চম পুত্র।
মলয়গন্ধিনী, স্ত্রী. [মলয়+গন্ধিন্-ঈ] উমা সখীবিশেষ।
মলয়জ, পুং. ন. [মলয়+জন্-অ] চন্দন, শ্রীখণ্ড; (পুং.) রাহুগ্রহ।
মলয়পবন, পুং. [মলয়+পবন] মলয়পর্ব্বত হইতে আগত বায়ু।
মলয়া, স্ত্রী. [মলয়+আ] ত্রিবৃতালতাবিশেষ, তেউড়ী।
মলয়াচল, পুং. [মলয়+অচল] মলয়পর্ব্বত, দক্ষিণাচল।
মলয়াদ্রি, পুং. [মলয়+অদ্রি] মলয়াচল, মলয়াপর্ব্বত
মলয়ানিল, পুং. [মলয়+অনিল] বসন্তকালীন বায়ু; মলয়পর্ব্বতান্তর্গত বাতাস, তৎপর্য্যায়।—বসন্ত।
মলয়ূ, স্ত্রী. [মলয়+উ] মলপূ, কাকোডুম্বরিকা বৃক্ষ।
মলয়োদ্ভব, ন. [মলয়+উদ্ভব] চন্দন, শ্রীখণ্ড।
মলহন্তা, পুং. [মল+হন্তৃ] শাল্মলীকন্দ।
মলহম্, (যাং) মলম্।
মলা, স্ত্রী. [মল+আ] ভূম্যামলকী; কিট্ট. ময়লা; মর্চা, খাদ।
মলাকর্ষী, পুং. [মল+আকর্ষিন্] হড়িক, হর্ড্ডিপ, হাড়ি, মেথর।

মলাকা, স্ত্রী. [মলা+ক-আ] কামিনী; হস্তিনী; দূতী।

মল্যাটিয়া, (প্রা) সমল, ময়লাযুক্ত।

মলাধরা, (প্রা) অপরিষ্কৃত, মলাচ্ছন্ন, সমল।

মলাপকর্ষণ, ন. [মলা+অপকর্ষণ] পাপমোচন; মলদূরীকরণ, ময়লা ছাড়ান

মলাপহা, স্ত্রী. [মল+অপহ-আ] নদীবিশেষ।

মলাবহ, ন. [মলা+আবহ] নববিধপাপান্তর্গত পাপবিশেষ; মলিনতাজনক।

মলাম্, (যাং) কোমল।

মলিক্, (যাং) রাজা, কর্ত্তা।

মলারি, পুং. [মল+অরি] সর্জ্জিক্ষার।

মলিন, ত্রি. [মল+ইন] মলযুক্তবস্তু, তৎপর্য্যায়।—মলীমস কচ্চর; মলদূষিত; দূষিত; কৃষ্ণবর্ণ, কাল; নিত্য নৈমিত্তিক ক্রিয়াত্যাগী; (ন.) ঘোল, তক্র; দোষ; টঙ্কণ; পাপগ্রস্ত; মর্চ্চাধরা; শুষ্ক, ম্লান।

মলিনতা, স্ত্রী. [মলিন+ত-আ] মালিন্য; বিরসতা, অপ্রফুল্লতা।

মলিনত্ব, ন. [মলিন+ত্ব] কৃষ্ণবর্ণত্ব, ময়লা।

মলিনমুখ, পুং. [মলিন+মুখ] অগ্নি; গোলাঙ্গুল; প্রেত, ভূত; (ত্রি.) ক্রূর, খল; ম্লানবদন।

মলিনাম্বু, ন. [মলিন+অম্বু] মসী, কালী।

মলিনাস্য, ত্রি. [মলিন+আস্য] খল, ক্রূর; বিরসমুখ, শুষ্কবদন।

মলিনী, স্ত্রী. [মল+ইন্-ঈ] রজস্বলানারী; ঋতুমতী স্ত্রী।

মলিম্লুচ, পুং. [মলি+ম্লুচ] মলমাস, মাসাধিক; অগ্নি; চৌর; বায়ু।

মলিষ্ঠা, স্ত্রী. [মল+ইষ্ঠ-আ] রজস্বলা নারী, ঋতুমতী স্ত্রী।

মলীমস, ন. [মলী+মস] লৌহ; পুষ্পকাসীস; (ত্রি.) মলিন, ময়লা।

মলুক, পুং. [মল+উক] কৃমিবিশেষ, এক প্রকার কীট

মলুকা, (প্রা) শস্যকণা, খুদ।

মল্মল, (যাং) সূক্ষ্মবস্ত্রবিশেষ, মসলিন।

মল্ল, পুং. [মল্ল+অ] বাহুযোধী, মাল, কুস্তিগীর; পাত্র; কপোল; মৎস্যবিশেষ; বলীয়ান্; বর্ণসঙ্কর জাতিবিশেষ, মাল; মালা, তীবর কন্যার গর্ভে লেটজাতি হইতে উৎপন্ন; তন্ত্রবায়ীরগর্ভে কুন্দকার হইতে জাত; দেশবিশেষ

মল্লক, পুং. [মল্ল+ক] দন্ত, দাঁত; (পুং.স্ত্রী.) দীপাধার, পীলসুজ বা দেরুখা; নারিকেল ফলাবয়বজাত পাত্রবিশেষ, মালা (স্ত্রী.) মল্লিকাপুষ্প; প্রদীপ।

মল্লক্রীড়া, স্ত্রী. [মল্ল+ক্রীড়া] বাহুযুদ্ধ, ব্যায়াম, কুস্তি।

মল্লজ, ন. [মল্ল+জন্-অ] মরিচ; গোলমরিচ।

মল্লতূর্য্য, ন. [মল্ল+তূর্য্য] বাদ্যবিশেষ, তৎপর্য্যায়।—মহাস্বন।

মল্লনাগ, পুং. [মল্ল+নাগ] বাৎস্যায়ন মুনি; অভ্রমাতঙ্গ; লেখহার; কামশাস্ত্র বিশেষ।

মল্লভূ, স্ত্রী. [মল্ল+ভূ] মল্লভূমি, মল্লক্রীড়া স্থান, রঙ্গভূমি, কুস্তির স্থান।

মল্লভূমি, স্ত্রী. [মল্ল+ভূমি] মল্লক্রীড়াস্থান, তৎপর্য্যায়।—অক্ষবাট, রঙ্গভূমি, রণস্থলী, মল্লভূ, অক্ষপাট; দেশবিশেষ।

মল্লযাত্রা, স্ত্রী. [মল্ল+যাত্রা] মল্লদিগেরযুদ্ধার্থ যাত্রা, তৎপর্য্যায়।—মাল্লনী।

মল্লযুদ্ধ, ন. [মল্ল+যুদ্ধ] মল্লদিগের সংগ্রাম, তৎপর্য্যায়।—নিযুদ্ধ, বাহুযুদ্ধ।

মল্লযোদ্ধা, পুং. [মল্ল+যোদ্ধৃ] বাহুযুদ্ধক, বাহুদ্বারা যুদ্ধকারী, কুস্তিগীর।

মল্লা, স্ত্রী. [মল্ল+আ] নারী; পত্রবল্লী; মল্লিকাবৃক্ষ।

মল্লার, পুং. [মল্ল+আর] রাগবিশেষ, ষষ্ঠ রাগের মধ্যে দ্বিতীয় রাগ।

মল্লারী, স্ত্রী. [মল্লার+ঈ] রাগিণীবিশেষ, বসন্ত রাগের রাগিণী; মেঘরাগের রাগিণী।

মল্লি, পুং. [মল্ল+ই] চতুর্বিংশতি বৃত্তার্হতের মধ্যে ঊনবিংশতি জিন; (স্ত্রী.) মল্লিকাপুষ্পবৃক্ষ।

মল্লিক, পুং. [মল্ল+ইক] মলিন চঞ্চু চরণযুক্ত হংস, শুক্লহংস; মনুষ্যদিগের উপাধি বিশেষ।

মল্লিকা, স্ত্রী. [মল্ল+ইক-আ] স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ, বেলফুল, তৎপর্য্যায়।—ভৃণ-শূন্য, ভূপদী, শতভীরু, তৃণশূন্যা, শীত-ভীরু, ভদ্রবল্লী, গৌরী, বনচন্দ্রিকা, প্রিয়া, সৌম্যা, নারীষ্টা, গিরিজা, সিতা, মল্লী, মদয়ন্তী, চন্দ্রিকা, মোদিনী; মৎস্যবিশেষ; মৃৎপাত্রবিশেষ; পানপাত্র।

মল্লিকাখ্য, পুং. [মল্লিক+আখ্যা] মলিনচঞ্চু চরণযুক্ত হংস, বালিহাঁস।

মল্লিকাখ্যা, স্ত্রী. [মল্লিক+আখ্যা] ত্রিপুর-মালীপুষ্প, তৎপর্য্যায়।—মোহিনী, বটপত্রা, মোহনা।

মল্লিকাগন্ধ, পুং. [মল্লিকা+গন্ধ] মঙ্গলাগুরু।

মল্লিকাপুষ্প, পুং. [মল্লিকা+পুষ্প] কুটজ-বৃক্ষ, কুরচিফুলের গাছ; করুণবৃক্ষ, করুণালেবু; স্বনামখ্যাত পুষ্পবৃক্ষ, মল্লিকাফুলের গাছ।

মল্লিকাক্ষ, পুং. [মল্লিকা+অক্ষ] মলিন চঞ্চু চরণযুক্ত হংস; শুক্লবর্ণ বেষ্টিত চক্ষুঃদ্বয় যুক্ত ঘোটক, সাদাঘোড়া।

মল্লিগন্ধি, ন. [মল্লি+গন্ধ-ই] অগুরু।

মল্লিপত্র, ন. [মল্লি+পত্র] ছত্রাক, কোঁড়ক-ছাতা।

মল্লী, স্ত্রী. [মল্ল+ঈ] মল্লিকাপুষ্পবৃক্ষ, বেল-ফুলের গাছ। [চোর।

মল্লীকর, ত্রি. [মল্লী+কর] চৌর, তস্কর,

মল্লূ, পুং. [মল্ল+ঊ] ভাল্লূক, ঋক্ষ, ভল্লূক।

মশক, পুং. [মশ+অক] কীটবিশেষ, মশা, তৎপর্য্যায়।—বজ্রতুণ্ড, সূচ্যাস্য, শূক্ষ্ম মক্ষিক, রাত্রিজাগরদ; চর্ম্মবিশেষ, চর্ম্ম নির্ম্মিত জলাধার; রোগবিশেষ, আঁচিল, (প্রা) মশা, (হিঃ) মচ্ছড।

মশকী, পুং. [মশক+ইন্] উদুম্বর বৃক্ষ, যজ্ঞডুম্বুর।

মশহরী, স্ত্রী. [মশ+হর-ঈ] মশক নিবারক প্রাবরণ বিশেষ, মশারী, তৎপর্য্যায়।—চতুষ্কী।

মশা, (প্রা) কীটবিশেষ, মশক, দংশক।

মশান, (প্রা) শ্মশান,সমাধিস্থান, প্রেতভূমি; প্রাণিবধ স্থান।

মশারি, (প্রা) মশক নিবারক প্রাবরণবিশেষ, চতুষ্কী।

মশাল, (যাং) দেউটী; উল্কা।

মশল্‌চী, (যাং) উল্কাধারী।

মশুন, পুং. [মশ+উন্] কুক্কুর, কুকুর।

মষি, স্ত্রী. [মষ+ই] লিখনদ্রব্য বিশেষ, মসী, কালী।

মষিকূপী, স্ত্রী. [মষি+কূপ-ঈ] মস্যাধার, দোয়াত। [য়াত।

মষিধান, ন. [মষি+ধান] মস্যাধার, দো-

মষীলেখ্যাদ, পুং. [মষী+লেখ্যাদ] শ্রীতাল-বৃক্ষ। [মসা।

মসক, পুং. [মস্+অক] ক্ষুদ্র রোগবিশেষ;

মসন, ন. [মস্+অন] সোমরাজী বৃক্ষ. সোমরাজেরগাছ।

মসরা, স্ত্রী. [মস্+র-আ] মসূর, মসূরী-কলাই।

মসার, পুং. [মস্+ঋ-অ] মণিবিশেষ, ইন্দ্র নীলমণি।

মসারক, পুং. [মসার+ক] মণিবিশেষ, ইন্দ্র নীলমণি।

মসাহরা, (যাং) মাসিক বেতন, মাহিয়ানা।

মসি, স্ত্রী. [মস্+ই] লিপি প্রয়োজনা, লেখন দ্রব্য, তৎ পর্য্যায়।—মসিজল, পত্রাঞ্জন, মেলা, কালী, অঞ্জন, মসী, রঞ্জনী, মলিনাম্বু, মশী; শেফালিকা-বৃন্ত, শিউলীফুলের বোঁটা, (যাং) সেহাই

মসিক, পুং. [মস+ইক] সর্পের গর্ত্ত।

মসিকা, স্ত্রী. [মস্+ইক-আ] শেফালিকা, শিউলি, মল্লিকা; মালিকা, কৃষ্ণা।

মসিকূপিকা, স্ত্রী. [মসি+কুপিকা] মস্যাধার, দোয়াৎ।

মসিকূপী, স্ত্রী. [মসি+কূপী] মস্যাধার, দোয়াৎ।

মসিদ, (যাং) যবনদিগের ধর্ম্মমণ্ডপ।

মসিধান, ন. [মসি+ধান] মস্যাধার, দো-য়াত্তি

মসিধানী, স্ত্রী. [মসি+ধান-ঈ] মস্যাধার, দোয়াতি, তৎপর্য্যায়।—মসিমণি, মেলান্ধু, বর্ণকূপিকা, মেলানন্দা, মেলাম্বু, মসিধান, মসিকূপী, মসিকুপিকা।

মসিন, ন. [মস+ইন] সপিণ্ডক।

মসিপণ্য, পুং. [মসি+পণ্য] লেখক, লিপিকার।

মসিপ্রসূ, স্ত্রী. [মসি+প্রসূ] মস্যাধার, দোয়াতি; লেখনী, কলম।

মসিবর্দ্ধন, ন. [মসি+বর্দ্ধন] রসগন্ধ।

মসিমণি, স্ত্রী. [মসি+মণি] মস্যাধার, দোয়াতি।

মসী, স্ত্রী. [মস+ঈ] কালী; শেফালিকাবৃন্ত, শিউলিফুলের বোঁটা। [নাম্বু।

মসীজল, ন. [মসী+জল] মসী, কালী, মলি-

মসীজীবী, পুং. [মসী+জীবিন্] লেখক, লিপিকার, কায়স্থজাতিবিশেষ।

মসীধানী, স্ত্রী. [মসী+ধান-ঈ] মস্যাধার, দোয়াতি।

মসীনা, স্ত্রী. [মস+ইন-আ] স্বনামখ্যাত শস্য, তিসী। [কলাই।

মসুর. পুং. [মস+উর] কলায় বিশেষ, মসুরি

মসুরা, স্ত্রী. [মসুর+আ] বেশ্যা, বারাঙ্গনা; ব্রীহিবিশেষ, মসুরিকলাই।

মসূর, পুং. [মস+ঊর] ব্রীহিবিশেষ, মসূরীকলাই, তৎপর্য্যায়।—মঙ্গল্যক, মসুর, ব্রীহিকাঞ্চন, মসূরা, মসুরা, রাগদালি, মঙ্গল্যা, পৃথুবীজক, শূর, কল্যাণবীজ, গুড়বীজ, মসূরক, মঙ্গল্যা, মসূরকা।

মসূরক, পুং. [মসূর+ক] উপবর্হবিশেষ, গোলবালিশ, তৎপর্য্যায়।—চতুর, চাতুর, অঙ্গেউ, চক্রগণ্ডু।

মসূরবিদলা, স্ত্রী. [মসূর+বিদল-আ] কৃষ্ণত্রিবৃৎ; শ্যামালতা।

মসূরা, স্ত্রী. [মসূর+আ] বেশ্যা; মসূরকলায়, মসুরিকলাই।

মসূরিকা, স্ত্রী. [মসূর+ইক-আ] কুটনী, কুট্টনী; বসন্তরোগ, তৎপর্য্যায়।—পাপরোগ, রক্তবটী, মসূরী; গণহরী, মশারী।

মসূরী, স্ত্রী. [মসূর+ঈ] পাপরোগ, বসন্তরোগ; ত্রিবৃৎ, তেউড়ী; রক্তত্রিবৃৎ, মসূরীকলাই।

মসৃণ, ত্রি. [মস+ঋণ] অকর্কশ, কোমল; স্নিগ্ধ, শীতল। [তিসি।

মসৃণা, স্ত্রী. [মসৃণ+আ] উমা, মসিনা,

মস্কর, পুং. [মস্+কর] বংশ, বাঁশ; রন্ধ্রবংশ, ছেঁদাবাঁশ, তল্‌তাবাঁশ।

মস্করা (যাং) গল্পকারক, পরিহাসক, ভণ্ড, ভাড়।

মস্করাম, (যাং) পরিহাসকরণ, ভণ্ডামকরণ, ভাড়াম। [চন্দ্র, বিধু।

মস্করী, পুং. [মস্কর+ইন্] ভিক্ষু, ভিক্ষুক;

মস্ত, ন. [মস্+ত] মস্তক, মাতা; বৃহৎ, বড়।

মস্তক, পুং.ন. [মস্ত+ক] প্রধানাঙ্গ, মাতা, তৎপর্য্যায়।—উত্তমাঙ্গ, শিরঃ, শীর্ষ, মূর্দ্ধা, মুণ্ড, শির, বরাঙ্গ, ক, পুণ্ড্র, মৌলি কপাল, কেশভূ।

মস্তকস্নেহ, পুং. [মস্তক+স্নেহ] শিরোমজ্জা, মস্তিষ্ক, মাতার ঘি।

মস্তকাখ্য, পুং. [মস্তক+আখ্য] বৃক্ষশিরঃ, গাছের আগা।

মস্তদারু, ন. [মস্ত+দারু] দেবদারুবৃক্ষ।

মস্তমূলক, ন. [মস্ত+মূলক] শিরোধঃ, গ্রীবা, ঘাড়।

মস্তিষ্ক, ন. [মস্+তিষ্ক] মস্তকভব ঘৃতাকার স্নেহ, মজ্জা, মগজ, তৎপর্য্যায়।—গোর্দ্দ, গোদ, মস্তকস্নেহ, মস্তুলুঙ্গক।

মস্তু, ন. [মস্+তু] দধিজাত মণ্ড, দধিরমাৎ; দধিজল, দ্বিগুণ বারিযুক্ত দধি।

মস্তুলুঙ্গ, পুং. [মস্তু+লুঙ্গ] মস্তিষ্ক, মস্তকস্নেহ, মাথার ঘি।

মস্যাধার, ন. [মসী+আধার] মসিধান, বর্ণকূপিকা, দোয়াত।

মস্‌জিদ্, (যাং) মসিদ্।

মহ, পুং. [মহ+অ] উৎসব; তেজঃ; যজ্ঞ; মহিষ।

মহঃ, ন. [মহ+অস্] উৎসব; তেজঃ; যজ্ঞ, যাগ। [আমোদ।

মহক, পুং. [মহৎ+ক] বহুলামোদ, বহুতর

মহতী, স্ত্রী. [মহ+অৎ-ঈ] বল্লকীবিশেষ; নারদবীণা; বৃহৎপ্রমাণা; বৃহতী; বার্ত্তাকী; বৃহৎ, বড়।	[দ্বাদশী।
মহতীদ্বাদশী, স্ত্রী. [মহতী+দ্বাদশী] শ্রবণ
মহৎ, ন. [মহ+অৎ] রাজ্য; (ত্রি.) বৃদ্ধ, মহান্, মহতী, তৎপর্য্যায়।—বিশঙ্কট, পৃথু, বৃহৎ, বিশাল, পৃথুল, বড্ড, উরু, বিপুল, পুল, বিস্তীর্ণ; তদ্বৈদিক পর্য্যায়। ব্রধ্ন, ঋষ্ঠ, বৃহৎ উক্ষিত, তবস, তবিষ, মহিষ, অভ্ব, ঋভুক্ষা, উক্ষা, বিহায়, যহ্ব, ববক্ষিথ, বিবক্ষসে, অংহণ, মাহিন, গভীর, ককুহ, রভস, ব্রাধন, বিরপ্সী, অদ্ভুত, বর্হিষ্ঠ, বর্হিষৎ; মহৎশব্দ শঙ্খাদি শব্দের পূর্ব্বপ্রয়োগ নিষেধ যথা।—শঙ্খে তৈলে তথা মাংসে বৈদ্যে জ্যোতিষিকে দ্বিজে। যাত্রায়াং পথিনিদ্রায়াং মহৎ শব্দোন দীয়তে॥ কিন্তু যৌগিক শব্দে মহৎস্থলে মহা ব্যবহার হয়।
মহত্তত্ত্ব, ন. [মহৎ+তত্ত্ব] চতুর্ব্বিংশতি তত্ত্বান্তর্গত দ্বিতীয়তত্ত্ব, প্রকৃতিহইতে উৎপন্ন, সমষ্টি বুদ্ধিস্বরূপ, তৎপর্য্যায়।—মহান্, আত্মা, মতি, বিষ্ণু, জিষ্ণু, শম্ভু, বীর্য্যবান, বুদ্ধি, প্রজ্ঞোপলব্ধি, খ্যাতি, ধৃতি, স্মৃতি।
মহত্তম, ত্রি. [মহৎ+তম] অতিশয় মহৎ, সকল অপেক্ষা প্রধান।
মহত্তর, পুং. স্ত্রী. [মহৎ+তর] শূদ্র, দাস; (ত্রি.) অতিশয় মহৎ, সকলের প্রধান।
মহত্ত্ব, ন. [মহৎ+ত্ব] মহতের ভাব, প্রধানত্ব, শ্রেষ্ঠত্ব; ভদ্রতা।
মহত্তরাণ, (গ্রা) বিনা করে শূদ্রের ভোগ্যা ভূমি, শূদ্রের নিষ্কর ভূমি।
মহত্তা, স্ত্রী. [মহৎ+ত-আ] শ্রেষ্ঠত্ব, প্রধানত্ব; গৌরব
মহন (গ্রা) মন্থন, আলোড়ন, মওয়া।
মহর্লোক, পুং. [মহস্+লোক] ভূরাদি সপ্ত লোকান্তর্গত চতুর্থলোক, সপ্তলোক যথা।—ভূ, ভূব, স্বঃ, মহঃ, জন, তপঃ, সত্য।
মহর্ষভী, স্ত্রী. [মহৎ+ঋষভ-ঈ] কপিকচ্ছু।
মহর্ষি, পুং. [মহৎ+ঋষি] ব্যাসাদি মুনি।
মহল্, (বাং) বাটীর বিভাগ; আজ্ঞা, সময়।
মহল্লক, পুং. [মহৎ+লক] অন্তঃপুর রক্ষক, পুররক্ষণেনিযুক্তখোজা, তৎপর্য্যায়।—সৌবিদল্ল, কঞ্চুকী, স্থাপত্য, সৌবিদ, বিদাঙ্ক, সৌবিদল্লক, অন্তর্বংশিক।
মহল্লিক, পুং. [মহল্ল+ইক] অন্তঃপুররক্ষক, খোজা।	[বান্, দ্বারী।
মহল্লী, পুং. [মহল্ল+ইন্] পুররক্ষক, দ্বার-
মহস, ন. [মহ+অস] জ্ঞান; প্রকার।
মহৎসল্ক, পুং. [মহৎ+সল্ক] মৎস্যবিশেষ, চিঙ্গড়ীমৎস্য।
মহা, স্ত্রী. [মহ+আ] গোপবল্লী, গোরক্ষচাকুলিয়া; স্ত্রীগবী, গাভী; অতিশয়।
মহাকচ্ছ, পুং. [মহা+কচ্ছ] সমুদ্র; বরুণ; পর্ব্বত।
মহাকণ্টকিনী, স্ত্রী. [মহা+কণ্টকিন্-ঈ] বিশ্বসারক, ফণিমনসা।
মহাকন্দ, পুং. [মহা+কন্দ] রসোনক, রসুন, লসুন, পেঁয়াজ; মূলক, মূলা; চাণক্যমূলক; রক্তলশুন; রাজপলাণ্ডু।
মহাকপিত্থ, পুং. [মহা+কপিত্থ] বিল্ববৃক্ষ, বেলগাছ।
মহাকরঞ্জ, পুং. [মহা+করঞ্জ] করঞ্জবিশেষ, বড়করমচা, তৎপর্য্যায়।—ষড়্গ্রন্থা, হস্তিচারিণী, উদকীর্ণ, বিষঘ্নী, কাকঘ্নী, মদহস্তিনী, শারঙ্গেষ্টা, মধুমতী, রসায়নী, হস্তিরোহণক, হস্তিকরঞ্জক, সুমনাঃ, কাকভাণ্ডী, মধুমত্তা
মহাকর্ণিকার, পুং. [মহা+কর্ণিকার] আরগ্বধবৃক্ষ, শোঁদালীগাছ।
মহাকাব্য, ন. [মহা+কাব্য] কাব্যশাস্ত্র বিশেষ, প্রসিদ্ধকবির কৃত প্রসিদ্ধকাব্য গ্রন্থ, তৎপর্য্যায়।—স্বর্গবন্ধ; মহাকাব্য গ্রন্থ যথা।-কুমারসম্ভব, রঘুবংশ, মেঘদূত, ভট্টিকাব্য, কিরাতার্জুনীয়, নৈষধীয় চরিত, শিশুপালবধ ইত্যাদি
মহাকায়, পুং. [মহা+কায়] নন্দী, শিবদ্বারপাল; হস্তী; (ন.) বৃহৎশরীর; (ত্রি.) বৃহৎশরীরযুক্ত।
মহাকার্ত্তিকী, স্ত্রী. [মহা+কার্ত্তিকী] রোহিণী নক্ষত্রযুক্তা কার্ত্তিকী পূর্ণিমা।

মহাকাল, পুং. [মহ+কাল] বিষ্ণুস্বরূপ অখণ্ডদণ্ডায়মান সময়; মহাদেব; প্রথমগণ বিশেষ; লতাবিশেষ, মাকাললতা, তৎপর্য্যায়।—উরুকাল, কিম্পাক, কাকমর্দ্দক, কাকমর্দ্দ, দেবদালিকা, দালা, দালিকা, জলজ, ঘোষকাকৃতি; শিবপুত্র বিশেষ, নন্দী ও ভৃঙ্গী

মহাকালী, স্ত্রী. [মহা+কালী] মহাকালের পত্নী, পঞ্চবক্ত্রা অষ্টভুজা কালীবিশেষ; জিনদিগের চতুর্ব্বিংশতি শাসন দেবতান্তর্গত দেবী বিশেষ।

মহাকুমুদা, স্ত্রী. [মহা+কুমুদ-আ] কাশ্মরী, মধুপর্ণিকা; দুর্গা।

মহাকুম্ভী, স্ত্রী· [মহা+কুম্ভ-ঈ] কট্‌ফল ;

মহাকুল, ত্রি. [মহৎ+কুল] উত্তম কুলজাত, সৎবংশ, তৎপর্য্যায়।—কুলীন, আর্য্য, সভ্য, সজ্জন, সাধু, কুল্য, অভিজাত, কৌলেয়ক, জাত্য, মহাকুল, কৌলেয় কোলেয়ক, কুলজ, সাধুজ, কুলশ্রেষ্ঠ।

মহাকুলীন, ত্রি. [মহা+কুলীন] মহাকুল জাত, সদ্বংশীয়, আভিজাত্যসম্পন্ন, উত্তমকুলজাত।

মহাকুলোদ্ভূত, ত্রি. [মহা+কুল-উদ্ভূত] মহৎকুলজাত, মহাকুলসম্ভূত, সদ্বংশ্য।

মহাকুষ্ঠ, ন. [মহা+কুষ্ঠ] বৃহৎকুষ্ঠরোগ, তৎসপ্তবিধ যথা।—কপাল; উডুম্বর, মণ্ডলাখ্য, সিধ্ম, কাকণক, পুণ্ডরীক, ঋক্ষজিহ্বা।

মহাকূপ, পুং. [মহা+কূপ] বৃহৎকূপ, বড় কুয়া, তৎপর্য্যায়।—অরঘট্ট।

মহাকুল, পুং. [মহা+কুল] মহাকুল, সৎকুল, উত্তমকুল।

মহাকুলজ, ত্রি. [মহা+কুল-জ] মহাকুলীন, মহৎকুলে জাত, সদ্বংশ্য।

মহাকোশফলা, স্ত্রী. [মহাকোশ+ফল-আ] দেবদালীলতা।

মহাকোশাতকী, স্ত্রী. [মহা+কোশাতক-ঈ] হস্তিঘোষা।

মহাগ, ত্রি. [মহা+গ] অতিশয়।

মহাগদ, পুং. [মহা+গদ] জ্বররোগ।

মহাগন্ধ, ন. [মহা+গন্ধ] হরিচন্দন; বোল; (পুং.) কুটজবৃক্ষ, কুরচিফুলের গাছ, জলবেতস।

মহাগন্ধা, স্ত্রী. [মহা+গন্ধ-আ] নাগবলা; কেবিকাপুষ্প, কেঁউফুল; চামুণ্ডা, ভগবতী। [চামরী।

মহাগব, পুং. [মহা+গো-অ] গবয়, বনগো

মহাগিরি, পুং. [মহা+গিরি] বৌদ্ধবিশেষ; বৃহৎপর্ব্বত।

মহাগুরু, পুং. [মহা+গুরু] অতিগুরু, পিতা মাতা আচার্য্য ইত্যাদি; স্ত্রীলোকের পতি।

মহাগুরুনিপাত, ন. [মহাগুরু+নিপাত] পিতৃ মাতৃ পতিবিয়োগ

মহাগুল্মা, স্ত্রী. [মহাগুল্ম+আ] সোমবল্লী, সোমলতা।

মহাগুহা, স্ত্রী. [মহা+গুহ-আ] পৃশ্নিপর্ণী।

মহাগোধূম, পুং. [মহা+গোধূম] বৃহৎ গোধূম, বড়গম।

মহাগ্রীব, পুং. [মহা+গ্রীবা] উষ্ট্র, উট; (ত্রি.) বৃহদ্‌গ্রীবাযুক্ত।

মহাগ্রীবী, পুং. [মহা+গ্রীবিন্] উষ্ট্র, উট।

মহাঘাস, পুং. [মহা+ঘাস] দেশসম্বন্ধীয় ঘাস; পৃথিবী সম্বন্ধীয় ঘাস।

মহাঘূর্ণা, স্ত্রী. [মহা+ঘূর্ণ-আ] সুরা, মদ্য; অতিশয় ভ্রমি

মহাঘোর, ত্রি. [মহ+ঘোর] অতিশয় ভয়ানক; অতিশয় অন্ধকার; নরকবিশেষ।

মহাঘোষ, ন. [মহা+ঘোষ] হট্ট, হাট; (পুং.) অতি ঘোষণ, (ত্রি.) বৃহৎ শব্দ।

মহাঘোষা, স্ত্রী. [মহা+ঘোষ-আ] কর্কটশৃঙ্গী; কুন্দুরুকী।

মহাঙ্গ, পুং. [মহা+অঙ্গ] উষ্ট্র, উট; গোক্ষুরক, গোখরী; রক্তচিত্রক, রাংচিতা; (ত্রি.) বৃহদবয়বযুক্ত, বৃহৎ শরীর যুক্ত।

মহাচঞ্চু, পুং. [মহা+চঞ্চু] শাকবিশেষ, চেঁচকোশাক, তৎপর্য্যায় —বৃহচ্চঞ্চু, বিষারি, সুচঞ্চুকা, স্থূলচঞ্চু, দীর্ঘপত্রী, দিব্যগন্ধা; বৃহচ্চঞ্চুযুক্ত পক্ষী।

মহাচণ্ড, পুং. [মহা+চণ্ড] যমভৃত্য, যমদূত; (ত্রি.) প্রচণ্ড; অতিশয় উগ্র।

মহাচপলা, স্ত্রী. [মহা+চপলা] ছন্দোবিশেষ।

মহাচ্ছদ, পুং. [মহা+ছদ] দেবতাড় বৃক্ষ; বৃহৎ পত্র, বড়পাতা; তেড়েৎপাতা।

মহাচ্ছায়, পুং. [মহা+ছায়া] বটবৃক্ষ; (ত্রি.) বৃহচ্ছায়াযুক্ত।

মহাচ্ছিদ্রা, স্ত্রী. [মহা+ছিদ্র-আ] মহামেদা; (ত্রি.) বৃহচ্ছিদ্রযুক্ত।

মহাজ, পুং. [মহা+অজ] বৃহচ্ছাগ, বড় ছাগল; (ত্রি.) মহাকুলোদ্ভব।

মহাজটা, স্ত্রী. [মহা+জটা] রুদ্রজটা; বৃহজ্জটা, বড়জটা।

মহাজন, পুং. [মহা+জন] সাধু; মন্বাদি; (প্রা) উত্তমর্ণ, ঋণদাতা।

মহাজব, পুং. [মহা+জব] গবয়, চমরী; শ্রীকারি মৃগ; অতিবেগযুক্ত।

মহাজম্বু, স্ত্রী. [মহা+জম্বু] বৃহজ্জম্বুবৃক্ষ, বড় জামগাছ।

মহাজম্বু, স্ত্রী. [মহা+জম্বু] বৃহজ্জম্বু, বড়জম তৎপর্য্যায়:—রাজজম্বু, স্বর্ণমাতা, মহাফলা, পিকপ্রিয়া, কোকিলেষ্টা, মহানীলা, বৃহৎফলা।

মহাজাতি, স্ত্রী. [মহা+জাতি] বাসন্তীলতা, মাধবীলতা; শ্রেষ্ঠবর্ণ, উত্তমজাতি।

মহাজাতীয়, ত্রি. [মহা+জাতীয়] মহতের প্রকার।

মহাজালী, স্ত্রী. [মহা+জাল-ঈ] পীতবর্ণ ঘোষা; রাজকোশাতকী; (ত্রি.) বৃহজ্জাল-বাহক।

মহাজ্ঞানী, পুং. [মহা+জ্ঞানিন্] প্রধান তত্ত্বজ্ঞ, ব্রহ্মজ্ঞ, আত্মজ্ঞ; অতিশয় পণ্ডিত।

মহাজ্যৈষ্ঠী, স্ত্রী. [মহা+জ্যৈষ্ঠ-ঈ] নক্ষত্র-বিশেষাদিযুক্ত জ্যৈষ্ঠীপূর্ণিমা।

মহাজ্যোতিষ্মতী, স্ত্রী. [মহা+জ্যোতিষ্মৎ-ঈ] লতাবিশেষ, (হিঃ) বড়ীমালকঙ্গুনী, তৎপর্য্যায়:—তেজোবতী, বহুরসা, কনকপ্রভা, তীক্ষ্ণা, সুবর্ণনাকুলী, লবণা, অগ্নিদীপ্তা, তেজস্বিনী, সুরলতা, অগ্নিফলা, অগ্নিগর্ভা, কঙ্গুনী, শৈলসুতা, সুতৈলা, সুবেগা, বায়সী, তীব্রা, কাকাণ্ডী, বায়সাদনী, গীর্লতা, শ্রীলতা, সৌম্যা, ব্রাহ্মী, লবণকিংশুকা, পারাবতপদী, পীতা, পীততৈলা, যশস্বিনী, মেধ্যা, মেধাবতী, ধীরা।

মহাজ্বাল, পুং. [মহা+জ্বাল] হোমাগ্নি, হোমের আগুন।

মহাজ্বালা, স্ত্রী. [মহা+জ্বাল-আ] জিনদিগের বিদ্যাধরীবিশেষ; বৃহদগ্নি শিখা।

মহাঢ্য, পুং. [মহা+আঢ্য] কদম্ববৃক্ষ; (ত্রি.) অতিশয় ধনবান।

মহাতপাঃ, ত্রি. [মহা+তপস্] অতিশয়তপো-বিশিষ্ট।

মহাতমঃপ্রভা, স্ত্রী. [মহা+তমস্-প্রভা] নরক বিশেষ, অতিশয় অন্ধকারময় নরক।

মহাতরু, পুং. [মহা+তরু] সুহীবৃক্ষ, সিজ-গাছ; বৃহদ্বৃক্ষ; প্রকাণ্ড গাছ।

মহাতল, ন. [মহা+তল] পাতালবিশেষ, যথা।—অতল, বিতল, নিতল, তলাতল, মহাতল, সুতল, রসাতল।

মহাতারা, স্ত্রী. [মহা+তার-আ] জিনদিগের দেবীবিশেষ, তৎপর্য্যায়।—তারা, মহাশ্রী, ওঙ্কারা, স্বাহা, শ্রী, মনোরমা, তারিণী, জয়া, অনন্তা, শিবা, লোকেশ্বরা, আত্মজা, খদুরবাসিনী, ভদ্রা, বৈশ্যা, নীলসরস্বতী, শঙ্খিনী, বসুধারা, ধনংদদা, ত্রিলোচনা, লোচনা।

মহাতালী, স্ত্রী. [মহা+তাল-ঈ] লতা-বিশেষ, আবর্ত্তকী, ভগতবল্লী।

মহাতিক্ত, পুং. [মহা+তিক্ত] মহানিম্ব; (ত্রি.) অতিশয় তিক্তরসযুক্ত।

মহাতিক্তা, স্ত্রী. [মহা+তিক্ত-আ] যবতিক্তা, শঙ্খিনী, যবেটী; পাঠা, আকনাদীলতা।

মহাতীক্ষ্ণা, স্ত্রী. [মহা+তীক্ষ্ণ-আ] ভল্লাতক-বৃক্ষ; (ত্রি.) অতিশয় তীক্ষ্ণ।

মহাতেজঃ, ন. [মহা+তেজস্] পারদ, পারা।

মহাতেজাঃ, পুং. [মহা+তেজস্] কার্ত্তিকেয়; অগ্নি; (ত্রি.) অতিশয় তেজস্বী।

মহাত্মা, ত্রি. [মহা+আত্মন্] উত্তম স্বভাবযুক্ত, তৎপর্য্যায়।—মহেচ্ছ, উদ্ভট, উদার, উদাত্ত, উদীর্ণ, মহাশয়, মহামনাঃ।

মহাদণ্ড, পুং. [মহা+দণ্ড] যমদূতবিশেষ; বৃহদ্দণ্ড।

মহাদন্ত, পুং. [মহা+দন্ত] গজদন্ত, হাতির দাঁত, তৎপর্য্যায়।—ঈশাদন্ত; বৃহদ্দন্তমাত্র; (ত্রি.) বৃহদ্দন্তবিশিষ্ট।

মহাদান, ন. [মহা+দান] শ্রেষ্ঠদান, তুলাপুরুষাদি ষোড়শপ্রকার দান।

মহাদারু, ন. [মহা+দারু] দেবদারু বৃক্ষ; বৃহৎ কাষ্ঠ।

মহাদুন্দু, পুং. [মহা+দুন্দু] বৃহৎ রণঢক্কা।

মহাদেব, পুং. [মহা+দেব] শিব, মহেশ, অষ্টমূর্ত্ত্যন্তর্গত সোমমূর্ত্তি, তৎপর্য্যায়।—অঘোর, অজিত, অট্টহাস, অথর্ব্বণ, অত্রীশ, অধ্রুঢ়, অনঙ্গাসুহৃৎ, অন্ধকরিপু, অন্ধকাসুহৃৎ, অর্দ্ধনারীনটেশ্বর, অর্দ্ধনারীশ, অর্ঘীশ, অষ্টমূর্ত্তি, অসিতাঙ্গ, অস্থিধন্বা, অস্থিমালী, অহির্ব্রধ্ন, অক্ষর, আত্মভূ, আত্মযোনি, আশুতোষ, ইন্দুভৃৎ, ঈশ, ঈশান, ঈশ্বর, উ, উগ্র, উমাপতি, উন্মত্ত, উমেশ, ঊর্দ্ধলিঙ্গ, ঊর্দ্ধরেতা, একদৃক্, ঋষভধ্বজ, কঙ্কালমালী, কটপ্রূ, কপর্দ্দ, কপর্দ্দী, কপালভৃৎ, কপালী, কল্মাষকণ্ঠ, কাণ্ঠকাল, কামধ্বংসী, কামারি, কাল, কালকটঙ্কট, কালকণ্ঠ, কালঞ্জর, কাশীনাথ, কাশীশ, কুলেশ্বর, কুপতি, কুঙ্কর, কৃত্তিবাস, কৃত্তিবাসাঃ, কৃশানুরেতাঃ, কৃষ্কর, কৈলাসনিকেতন, কৈলাসৌকাঃ, ক্রতুধ্বংসী, ক্রোধ, খকুন্তল, খট্বাঙ্গভৃৎ, খট্বাঙ্গী, খণ্ডপরশু, খণ্ডপর্শু, খরু, খেচর, গঙ্গাধর, গিরিশ, গিরিত্র, গরীশ, গুড়াকেশ, গুহগুরু, গোপতি, গোপালক, গোরক্ষ, গৌর, গৌরীপতি, ঘনবাহন, ঘোরচণ্ড, চন্দ্রচূড়, চন্দ্রমৌলী, চন্দ্রশেখর, চন্দ্রাপীড়, চন্দ্রিল, জলমূর্ত্তি, জগদ্ধাত্রী, জগদন্তক, জগদ্যোনি, জটাটঙ্ক, জটাটীর, জটাধর, জটাধারী, জয়ন্ত, জয়ন্তি, জ্যোটিঙ্গ, জটিল, ঠ, ড, তাণ্ডবপ্রিয়, তারাপতি, তুঙ্গীশ, তীব্র, ত্রিদৃক্, ত্রিধাম, ত্রিনয়ন, ত্রিনেত্র, ত্রিপুরজিৎ, ত্রিপুরদহন, ত্রিপুরসূদন, ত্রিপুরান্তক, ত্রিপুরারি, ত্রিলোচন, ত্রিশূলী, ত্র্যম্বক, ত্র্যক্ষ, দক্ষজাপতি, দক্ষযজ্ঞবিনাশী, দক্ষাধ্বর, দুর্গাপতি, দিগম্বর, দিগ্বাসাঃ, দেব, দেবদেব, ধরণীশ্বর, ধর্ম্মবাহন, ধূর্জ্জটি, ধ্রুব, নকুল, নটেশ্বর, নন্দিবর্দ্ধন, নন্দীশ, নন্দীশ্বর, নাট্যপ্রিয়, নাত্র, নাথ, নীললোহিত, নীলকণ্ঠ, নীলগ্রীব, নৃস্থিমালী, পঞ্চমুখ, পঞ্চবক্ত্র, পঞ্চানন, পশুপতি, পরাঙ্গদ, পাংশুচন্দন, পাংশুল, পাংশুলী, পার্ব্বতীনাথ, পাশী, পিঙ্গজট, পিঙ্গাক্ষ, পিঙ্গেক্ষণ, পিতৃবনেচর, পিনাকপাণি, পিনাকী, পুনর্ব্বসু, পুরদ্বিট, পুরারি, পুরাসুহৃৎ, পুরুষাস্থিমালী, প্রমথাধিপ, প্রহাস, প্রিয়তম, ফণধরধর, বভ্রু, বরবৃদ্ধ, বরাক, বরাঙ্গ, বরেশ্বর, বহ্নিরেতাঃ, বাম, বামদেব, বার, বিরূপাক্ষ, বিভূতিমান, বিশালাক্ষ, বিশ্বনাথ, বিশ্বেশ, বিশ্বেশ্বর, বিষমনয়ন, বিষমাক্ষ, বিষান্তক, বীর, বীরেশ, বীরেশ্বর, বৃষধ্বজ, বৃষপতি, বৃষপর্ব্বা, বৃষভগতি, বৃষভধ্বজ, বৃষভবাহন, বৃষবাহন, বৃষাণক, বৃষাকপি, বৃষাঙ্ক, বৃষাঞ্চন, ব্যোমকেশ, ব্যোমকেশী, ব্যোমদেব, ব্রহ্মমূর্দ্ধভৃৎ, ভগ, ভগমালী, ভব, ভবানীপতি, ভরু, ভদ্র, ভর্গ, ভালদৃক্, ভাললোচন, ভীম, ভীষণ, ভীষ্ম, ভূত, ভূতাত্মা, ভূতনাথ, ভূতেশ, ভূরি, ভৃঙ্গীশ, ভৈরব, ভৌতিক, মথাসুহৃৎ, মহাকাল, মহানট, মহাবক্ষাঃ, মহাব্রতী, মহামূর্দ্ধা, মহামেঘ, মহারুদ্র, মহারূপ, মহারোমা, মহাশিব, মহাসেন, মহেশ, মহেশ্বর, মিহিরাণ, মীঢুষ্টম, মৃত্যুঞ্জয়, মৃত্যুবঞ্চন, মৃড়, যমান্তক; যমী, যোগেশ, রসনায়ক, রুরু, রুদ্র, রেরিহাণ, লিঙ্গ, লিঙ্গী,

লোকনাথ, শঙ্কর, শবর, শম্ভু, শমিরোহ, শশভৃদ্ভৃৎ, শশিভূষণ, শশিশেখর, শশীশ, শিতিকণ্ঠ, শিব, শিবপুরী, শিপিবিষ্ট, শিবিপিষ্ট, শীত্য, শুচি, শূলধন্বা, শূলধর, শূলধৃক্‌, শূলী, শ্মশানবাসী, শ্মশানবেশ্মা, শ্যামকণ্ঠ, শ্রীকণ্ঠ, শ্রীমান, শ্রীরঙ্গ, শ্বাশ্ব, সংহর, সদানন্দ, সদাশিব, সনাতন, সন্ধ্যানাটী, সবর, সমন্থ্যা, সর্ব্ব, সর্ব্বগ, সর্ব্বজ্ঞ, সর্ব্বতোমুখ, সর্ব্বেশ্বর, সিদ্ধদেব, সিতিকণ্ঠ, সুপ্রতীক, সুপ্রসাদ, সোম, স্বভু, স্বয়ম্ভু, স্মরহর, স্থাণু, হ, হর, হরক, হররূপ, হরি, হরিকেশ, হরিণ, হরিপ্রিয়, হরিশর, হিণ্ডী, হিরণ্যরেতাঃ, হিরণ্যবাহু, হিমাদ্রিতনয়াপতি, হীর, হুতাশন, হেমকেশ।

মহাদেবী, স্ত্রী. [মহা + দেব-ঈ] দুর্গা, পার্ব্বতী; রাজ্ঞী, পাটরাণী, তৎপর্য্যায়।—মহিষী, পট্টার্হা, পট্টদেবী।

মহাদৈত্য, পুং. [মহা+দৈত্য] ভৌম্য মন্বন্তরীয় দৈত্যবিশেষ।

মহাদ্রাবক, পুং. [মহা + দ্রাবক] ঔষধ বিশেষ, দ্রপক।

মহাদ্রুম, পুং. [মহা+দ্রুম] অশ্বত্থবৃক্ষ; বৃহৎ বৃক্ষ।

মহাদ্রোণা, স্ত্রী. [মহা+দ্রোণ-আ] বৃক্ষবিশেষ, (হিঃ) বড়ী দ্রোণপুষ্পী, তৎপর্য্যায়।—দেবকুরুম্বা, দিব্যপুষ্পা, মহাদ্রোণী, দেবী, কাঞ্চী, দেবদ্রোণা।

মহাদ্রোণী, স্ত্রী. [মহা+দ্রোণ+ঈ] মহাদ্রোণক্ষুপ, বৃক্ষবিশেষ; দ্রোণপুষ্পেরগাছ

মহাদ্বন্দ্ব, পুং. [মহা+দ্বন্দ্ব] যুদ্ধবাদ্য, রণপটহ; অতিশয় কলহ।

মহাধন, ন. [মহা + ধন] বহুমূল্য বস্ত্র; স্বর্ণ, সোণা; সিহ্লক; সুন্দর বস্ত্র; কৃষি; (ত্রি.) অতিশয় ধনযুক্ত।

মহাধনী, পুং. [মহা+ধনী] অতিশয় ধনবান, বড়ধনী।

মহাধাতু, পুং. [মহা+ধাতু] স্বর্ণ, হেম, সুবর্ণ।

মহাধ্বনিক, পুং. [মহা+ধ্বনিক] পুণ্য নিমিত্ত হিমালয়পর্য্যন্ত মহাপথ গমনদ্বারা সম্পাদিত মরণ।

মহানট, পুং. [মহা+নট] শিব, মহাদেব।

মহানদ, পুং. [মহা + নদ] ব্রহ্মপুত্রাদি বিখ্যাত স্রোতঃ।

মহানদী, স্ত্রী. [মহা+নদ-ঈ] পুরুষোত্তম ক্ষেত্রের অন্তর্গত কটকের উত্তরদেশস্থ নদীবিশেষ, চিত্রোৎপলা; গঙ্গা, ভাগীরথী।

মহানন্দ, পুং. [মহা+আনন্দ] মুক্তি, মোক্ষ, অতিশয় আহ্লাদ, অত্যন্ত হর্ষ।

মহানন্দা, স্ত্রী. [মহা+আনন্দ-আ] সুরা, মদ্য; মাঘ শুক্লানবমী; নদীবিশেষ, পদ্মানদী হইতে বিনির্গত হইয়া রামপুর গ্রামের পশ্চিমাংশ দিয়া উত্তর দিগ্‌গতা। [রাজপুত্র:

মহানন্দি, পুং. [মহা+নন্দ-ই] নন্দিবর্দ্ধন

মহানবমী, স্ত্রী. [মহা + নবমী] আশ্বিন শুক্লানবমী।

মহানরক, পুং. [মহা+নরক] অতিশয়রূপ নানা প্রকার যাতনা স্থান।

মহানল, পুং. [মহা+নল] দেবনল।

মহানস, ন. পুং. [মহা+অনস] রন্ধনগৃহ, তৎপর্য্যায়।—রসবতী, পাকস্থান।

মহানসীয়, ত্রি. [মহানস+ঈয়] পাকালয় সম্বন্ধীয়, চুল্লীসম্বন্ধীয়।

মহানাটক, পুং. [মহা + নাটক] নাটকবিশেষ; স্বনামখ্যাত হনুমদ্রচিত রামচরিত্র গ্রন্থবিশেষ।

মহানাড়ী, স্ত্রী. [মহা + নাড়ী] কণ্ডরা, প্রধানশিরাঃ; প্রধান ধাতু।

মহানাদ, পুং. [মহা+নাদ] হস্তী; ঘর্ষণশীলমেঘ; মহাশব্দ; সিংহ; কর্ণ; উষ্ট্র; শঙ্খ; কাহল বাদ্য; গ্রামবিশেষ।

মহানিদ্রা, স্ত্রী. [মহা+নিদ্রা] মরণ, মৃত্যু, পঞ্চত্ব; কালধর্ম্ম।

মহানিম্ব, পুং. [মহা+নিম্ব] নিম্ববৃক্ষবিশেষ, নৈপালনিম্ব, তৎ পর্য্যায়।— কৈটর্য্য, পবনেষ্ট, পার্ব্বত ; বর্ব্বর, কনিন।

মহানিশা, স্ত্রী. [মহা+নিশা] নিশার মধ্যভাগ, তৎপর্য্যায়।—নিশার্দ্ধ, নিশীথ; সার্দ্ধ প্রহরোপরি প্রহরদ্বয়; দণ্ডদ্বয়াত্মিকা মধ্য রাত্রি।

মহানিষ্ট, ত্রি. [মহা+অনিষ্ট] অতিশয় মন্দ, বড় অহিত।

মহানীচ, পুং. [মহা+নীচ] রজক, ধোবা; অতিশয় হীনবর্ণ ম্লেচ্ছাদি।

মহানীল, পুং. [মহা+নীল] ভৃঙ্গরাজ, ভীমরাজ গাছ; নাগবিশেষ; মণিবিশেষ।

মহানীলা, স্ত্রী. [মহা+নীল-আ] মহাজম্বু, বড়জাম।

মহানীলী, স্ত্রী. [মহা+নীল-ঈ] নীল অপরাজিতা; বৃহন্নীলী, তৎপর্য্যায়।—অমরা, ক্ষনিনীলিকা, তুত্থা, শ্রীফলিকা, নেলা, কেশার্হা, ভৎসপত্রিকা।

মহানুভব, পুং. [মহা+অনুভব] সদাশয়, মহাশয়, উদারস্বভাব; মনস্বী; মহাপ্রভাব।

মহানুভাব, ত্রি. [মহা+অনুভাব] মহাশয়, উদার স্বভাব।

মহান্, ত্রি. [মহ+অৎ] বৃহৎ, বড়; (পুং.) উষ্ট্র, উট; দুর্গা; মহত্তত্ত্ব; (অন্যপর্য্যায় মহৎ শব্দে দ্রষ্টব্য)।

মহান্ত, পুং. [মহা+অন্ত] নবধাভক্তিযুক্তভক্ত, যথা।—শিব, অনন্ত, ধর্ম্ম, ব্রহ্মা, বিষ্ণু, মহান্, বিরাট্, সনৎকুমার, কপিল, সনক, সনন্দন, বোঢ়ু, পঞ্চশিখ, দক্ষ, নারদ, সনৎকুমার, সনাতন, ভৃগু, মরীচি, দুর্ব্বাসাঃ, কশ্যপ, পুলহ, অঙ্গিরাঃ, মেধস, লোমস, শুক্র, বশিষ্ঠ, ক্রতু, বৃহস্পতি, কর্দ্দম, শক্তি, অত্রি, পরাশর, মার্কণ্ডেয়, বলি, প্রহ্লাদ, গণেশ্বর, যম, সূর্য্য, বরুণ, বায়ু, চন্দ্র, অগ্নি, অকুপার, উলূক, নাড়ীজঙ্ঘ, বাযুজ, নর, নারায়ণ, কূর্ম্ম, ইন্দ্রদ্যুম্ন, বিভীষণ।

মহাপঞ্চবিষ, ন. [মহা+পঞ্চবিষ] বৃহদ্বিষপঞ্চক, তদ্যথা।—শৃঙ্গী, কালকূট, মুস্তক, বৎসনাভক, শঙ্খকর্ণী।

মহাপঞ্চমূল, ন. [মহা+পঞ্চমূল] বৃহৎ পঞ্চমূল, তদ্যথা।—বিল্ব, অগ্নিমন্থ, শ্যোনাক কাশ্মর্য্য, পাটলা।

মহাপত্রা, স্ত্রী. [মহা+পত্র-আ] মহাজম্বু, বড়জাম; (ত্রি.) বৃহৎপত্রযুক্ত।

মহাপথ, পুং. [মহা+পথিন্] প্রধান পথ, তৎপর্য্যায়।—ঘণ্টাপথ, সংসরণ, শ্রীপথ, রাজবর্ত্ম, উপনিষ্ক্রমণ, উপনিষ্কর।

মহাপথগম, পুং. [মহা+পথগম] মরণ, মৃত্যু, নিধন।

মহাপথগামী, ত্রি. [মহাপথ+গামিন্] মরণোদ্যত, মুমূর্ষু।

মহাপদ্ম, পুং. [মহা+পদ্ম] অষ্টনাগান্তর্গত নাগবিশেষ, তৎপর্য্যায়।—অতিশুক্ল, দশবিন্দুক মস্তক; কুবেরের নবনিধির মধ্যে নিধিবিশেষ; লক্ষকোটি সংখ্যা; (ন.) শুক্লপদ্ম।

মহাপা, (প্রা) যানবিশেষ; ডুলিবিশেষ।

মহাপাতক, ন. [মহা+পাতক] পাপবিশেষ, তৎ পঞ্চবিধ যথা।—ব্রহ্মহত্যা, সুরাপান, স্তেয়, গুর্ব্বঙ্গনাগম, এতৎ সংসর্গী।

মহাপাতকী, ত্রি. [মহা+পাতকিন্] পঞ্চপ্রকার মহাপাতকযুক্ত, পতিত।

মহাপাপ, ন. [মহা+পাপ] মহাপাতক, ব্রহ্মহত্যাদি পঞ্চবিধ পাপ, গুরুতর অধর্ম্ম।

মহাপাপী, ত্রি. [মহা+পাপিন্] ব্রহ্মহত্যাদি পঞ্চপ্রকার মহাপাপকারী।

মহাপারেবত, ন. [মহা+পারেবত] ফল বৃক্ষবিশেষ, (হিঃ) বড়াপারেবত, তৎপর্য্যায়।—স্বর্ণপারেবত, সাম্রাণিজ, খারিক, রক্তরৈবতক, বৃহৎপারেবত, দ্বীপজ, দ্বীপখর্জ্জূর

মহাপাশ, পুং. [মহা+পাশ] যমদূতবিশেষ; বৃহৎপাশ, বড়দড়ী।

মহাপাসক, পুং. [মহা+পাসক] বুদ্ধভিক্ষুক, তৎপর্য্যায়।—চেলুক, শ্রামণের, প্রব্রাজিত, গোমীন।

মহাপিণ্ডীতক, পুং. [মহা+পিণ্ডীতক] কৃষ্ণবর্ণ মহামদন বৃক্ষ, তৎপর্য্যায়।—বারাহ।

মহাপিণ্ডীতরু, পুং. [মহা+পিণ্ডীতরু] বৃক্ষবিশেষ, (হিং) পেড়িয়া, তৎপর্য্যায়।—শ্বেতপিণ্ডীতক, করহাট, ক্ষুর, শল্যকোষতরু, শর, পিণ্ডীতরু।

মহাপীলু, পুং.[মহা+পীলু] পীলুবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—বৃহৎপীলু, মহাফল,রাজপীলু, মহাবৃক্ষ, মধুপীলু; মউলবৃক্ষ।

মহাপুরাণ, ন. [মহা+পুরাণ] একাদশ লক্ষণযুক্ত বেদব্যাস প্রণীত অষ্টাদশ সংখ্যক পুরাণবিশেষ।

মহাপুরুষ, পুং. [মহা+পুরুষ] নরশ্রেষ্ঠ; নারায়ণ; সাধুব্যক্তি; মহাযোগী।

মহাপুরুষতা, স্ত্রী. [মহা+পুরুষ-ত-আ] মহাত্মতা, মাহাত্ম্য।

মহাপুরুষদন্তা, স্ত্রী. [মহাপুরুষ+দন্ত-আ] শতমূলী লতা।

মহাপুরুষদন্তিকা, স্ত্রী. [মহাপুরুষ+দন্তিকা] মহাশতাবরী লতা। [রাজিতা লতা।

মহাপুষ্পা, স্ত্রী. [মহা+পুষ্প-আ] অপ-

মহাপৃষ্ঠ, পুং. [মহা+পৃষ্ঠ] উষ্ট্র, উট; বৃহৎপৃষ্ঠ, বড়পীঠ।

মহাপ্রকৃতি, স্ত্রী. [মহা+প্রকৃতি] দুর্গা, ভগবতী, মহামায়া।

মহাপ্রবল, ত্রি. [মহা+প্রবল] অতিশয় বৃদ্ধিযুক্ত, মহাতেজস্বী, অত্যন্ত বলবান।

মহাপ্রভ, ত্রি. [মহা+প্রভা] অতিশয়দীপ্তি, যুক্ত; অতিশয় প্রভাবিশিষ্ট।

মহাপ্রভা, স্ত্রী. [মহা+প্রভা] মহতীদীপ্তি, অতিশয় দীপ্তি; অধিক রশ্মি।

মহাপ্রভু, পুং. [মহা+প্রভু] পরমেশ্বর; রাজা; ইন্দ্র; শিব; চৈতন্যপ্রভু।

মহাপ্রলয়, পুং. [মহা+প্রলয়] ত্রিলোকনাশ, বিশ্বধ্বংস, কল্পান্ত, তৎপর্য্যায়।—সংহার।

মহাপ্রসাদ, পুং. [মহা+প্রসাদ] বিষ্ণুনৈবেদ্যাদি; শ্রীজগন্নাথদেবের প্রসাদ; দেবোদ্দেশে নিবেদিত সামগ্রী, দেবোচ্ছিষ্ট; অতিশয় প্রসন্নতা।

মহাপ্রস্থান, ন. [মহা+প্রস্থান] মৃত্যুপথ, মহাপথ।

মহাপ্রস্থানগমন, ন. [মহা+প্রস্থান+গমন] মহাগমন, মৃত্যুপথগমন, মরণোদ্দেশ হেতু হিমালয় পর্য্যন্ত গমন।

মহাপ্রাণ, পুং. [মহা+প্রাণ] দ্রোণকাক, দাঁড়কাক; বর্ণবিশেষ, খ ঘ ঝ ঠ ঢ থ ধ, ফ ভ শ ষ স হ রূপ।

মহাফল, পুং. [মহা+ফল] বিল্ববৃক্ষ, বেলগাছ; (ন,) বৃহৎফল।

মহাফলা, স্ত্রী. [মহা+ফল-আ] ইন্দ্রবারুণী। [সমুদ্রফেণা।

মহাফেণা, স্ত্রী. [মহা+ফেণ-আ] হিণ্ডীর,

মহাবংশজ, ত্রি. [মহা+বংশজ] সদ্বংশজাত, মহাকুলোদ্ভব।

মহাবন, ন. [মহা+বন] বৃহদ্বন, নিবিড়বন, তৎপর্য্যায়।—অরণ্যানী, মহারণ্য, মহাটবী; বৃন্দাবনস্থ চতুরশীতি বনান্তর্গত বনবিশেষ।

মহাবপ, পুং. [মহা+বপ] মহামেদ।

মহাবরা, স্ত্রী. [মহা+বর-আ] দূর্ব্বা।

মহাবরাহ, পুং. [মহা+বরাহ] বরাহরূপী ভগবান্।

মহাবরোহ, পুং. [মহা+অবরোহ] প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

মহাবল, ন. [মহা+বল] সীসক, সীসা; (পুং.) বুদ্ধ; বায়ু; (ত্রি.) বলিষ্ঠ, অতিশয় বলবান্।

মহাবলা, স্ত্রী. [মহা+বল-আ] বলাবিশেষ; পীতবাট্যালক, পীতবর্ণ বেড়েলালতা, তৎপর্য্যায়।—ঋষ্যপ্রোক্তা, অতিবলা, পীতপুষ্পী।

মহাবলী, ত্রি. [মহা+বলিন্] বলিষ্ঠ, অতিশয় বলবান্।

মহাবল্লী, স্ত্রী. [মহা+বল্লী] মাধবীলতা।

মহাবস, পুং. [মহা+বস] শিশুমার, জলজন্তুবিশেষ, শুশুক।

মহাবক্ষাঃ, পুং. [মহা+বক্ষস্] শিব, মহাদেব; (ত্রি.) বৃহৎবক্ষঃস্থল যুক্ত।

মহাবাক্য, ন. [মহা+বাক্য] যোগ্যতা আকাঙ্ক্ষা আশক্তিযুক্ত বাক্য সমূহ; প্রতিষ্ঠাদিতে উৎসর্গ বাক্য।

মহাবিদ্যা, স্ত্রী. [মহা+বিদ্যা] দেবীবিশেষ, দশমহাবিদ্যা যথা।—কালী, তারা, ষোড়শী, ভুবনেশ্বরী, ভৈরবী, ছিন্নমস্তা, ধূমাবতী, বগলা, মাতঙ্গী, কমলাত্মিকা।

মহাবিরাট্, পুং. [মহা+বিরাট] মহাবিষ্ণু।

মহাবিল, ন. [মহৎ+বিল] আকাশ, গগণ; বৃহচ্ছিদ্র।

মহাবিষ, পুং. [মহা+বিষ] দ্বিমুখসর্প, রাজকুমার সাপ।

মহাবিষুব, ন. [মহা+বিষুব] মেষসংক্রান্তি, রবির মেষ রাশিতে সংক্রমণ।

মহাবিষুবচক্র, ন. [মহাবিষুব+চক্র] নক্ষত্রঘটিত নরাকার চক্র।

মহাবিষুবসংক্রান্তি, স্ত্রী. [মহাবিষুব+সংক্রান্তি] মেষসংক্রান্তি, রবির মেষরাশিতে সংক্রমণ।

মহাবিষ্ণু, পুং. [মহা+বিষ্ণু] মহাবিরাট্, শ্রীকৃষ্ণের কলা বিশেষ।

মহাবীচি, পুং. [মহা+বীচি] নরকবিশেষ ভয়ঙ্কর তরঙ্গযুক্ত নরক।

মহাবীজ্য, ন. [মহা+বীজ্য] বিটপ, মুষ্ক ও উরুসন্ধির মধ্যস্থান।

মহাবীর, পুং. [মহা+বীর] গরুড়, অতিশয় শূর, অতিবলী; সিংহ; মহানল; বজ্র; শ্বেততুরঙ্গ; সন্তানপক্ষী; অন্তিমজিন; কোকিল; ধনুর্দ্ধর; একবীর বৃক্ষ; লক্ষ্মণ; অঙ্গদাদিবানর; হনুমান্।

মহাবীরা, স্ত্রী. [মহা+বীর-আ] ক্ষীরকাকোলী।

মহাবীর্য্য, পুং. [মহা+বীর্য্য] ব্রহ্মা; বুদ্ধবিশেষ; বারাহীকন্দ; (ত্রি.) অতিশয় বলযুক্ত।

মহাবীর্য্যা, স্ত্রী. [মহা+বীর্য্য-আ] সংজ্ঞা, সূর্য্যপত্নী; বনকার্পাসী, বনকাপাস, মহাশতাবরী।

মহাবৃহতী, স্ত্রী. [মহা+বৃহতী] বার্ত্তাকীবিশেষ, বড়বেগুণ।

মহাবৃক্ষ, পুং. [মহা+বৃক্ষ] স্নুহী বৃক্ষ, সিজগাছ; বৃহদ্বৃক্ষ।

মহাবেগ, পুং. [মহা+বেগ] শিব, মহাদেব; অতিজব, অতিশীঘ্রগামী, অতিশয় বেগবান্; (ত্রি.) অতিশয় বেগযুক্ত।

মহাবোধি, পুং. [মহা+বোধি] বুদ্ধ, অবতারবিশেষ; গয়াক্ষেত্রস্থ অশ্বত্থবৃক্ষ।

মহাব্যাধি, পুং. [মহৎ+ব্যাধি] মহারোগ কুষ্ঠাদি রোগ।

মহাব্যাহৃতী, [মহা+ব্যাহৃতী] প্রণবস্বাহাযুক্ত ব্যাহৃতিত্রয় যথা।—ওঁ ভূঃ স্বাহা ওঁ ভুবঃ স্বাহা, ওঁ স্বঃ স্বাহা।

মহাব্রণ, ন. [মহা+ব্রণ] দুষ্টব্রণ; উরুস্তম্ভাদি; নালীঘা।

মহাব্রত, ন. [মহা+ব্রত] দ্বাদশবার্ষিক ব্রত।

মহাব্রতী, পুং. [মহা + ব্রতিন্] শিব; উরস্কট, ব্যালযজ্ঞোপবীতক, বুকবাছাড়; (ত্রি.) মহাব্রতযুক্ত।

মহাব্রাহ্মণ, পুং. [মহা+ব্রাহ্মণ] নিন্দিত ব্রাহ্মণ, অগ্রদানী, ভট্ট, ভাট।

মহাভট, পুং. [মহা+ভট] অতিশয়যোদ্ধা, লড়াক। [কাশ্মরী।

মহাভদ্রা, স্ত্রী. [মহা+ভদ্র-আ] গঙ্গা;

মহাভারত, ন. [মহা+ভারত] বেদব্যাস প্রণীত ইতিহাস শাস্ত্র।

মহাভীতা, স্ত্রী. [মহা+ভীত-আ] লজ্জালু বৃক্ষ, স্পর্শলজ্জা; (ত্রি.) অতিশয় ভয়যুক্ত।

মহাভীম, পুং. [মহা+ভীম] শান্তনুরাজা, ভীষ্মপিতা; ভৃঙ্গিনামক শিবদ্বারপাল বিশেষ; (ত্রি.) অতিশয় ভয়ানক।

মহাভীরু, পুং. [মহা+ভীরু] গোপালিকাখ্যকীটবিশেষ; (ত্রি.) অতিশয় ভয়শীল।

মহাভীষ্ম, পুং. [মহা+ভীষ্ম] শান্তনুরাজা, ভীষ্মপিতা।

মহাভূত, ন. [মহা+ভূত] পৃথিব্যাদি পঞ্চভূত, যথা।—ক্ষিতি, জল, অগ্নি, বায়ু, আকাশ।

মহাভৃঙ্গ, পুং. [মহা+ভৃঙ্গ] নীলভৃঙ্গরাজ, নীলবর্ণ ভীমরাজ গাছ।

মহাভৈরব, পুং. [মহা+ভৈরব] শিবমূর্ত্তি বিশেষ, শরভরূপী মহাদেব।

মহাভোগা, স্ত্রী. [মহা+ভোগ-আ] দুর্গা, হৈমবতী।

মহামণ্ডূক, পুং. [মহা+মণ্ডূক] পীতমণ্ডূক, সোণাবেঙ।

মহামতি, স্ত্রী. [মহা+মতি] অতি বুদ্ধিমান্, অতিশয় বুদ্ধিসম্পন্ন, সুবোধ,।

মহামদ, পুং. [মহা+মদ] মত্তহস্তী; অতিশয়হর্ষ; অতিশয় মত্ততা; (ত্রি.) অতিশয় হর্ষযুক্ত।

মহামনস্ক, ত্রি. [মহা+মনস্ক] প্রশস্তমনাঃ, উদার অন্তঃকরণ।

মহামনাঃ, ত্রি. [মহা+মনস্] মহাশয়, মহাত্মা, প্রকৃষ্টমনাঃ।

মহামহাবারুণী, স্ত্রী. [মহা+মহা+বারুণী] গঙ্গাস্নানের যোগবিশেষ শনিবার শতভিষানক্ষত্র শুভযোগ ও শুক্রযোগযুক্ত গৌণচান্দ্র চৈত্র কৃষ্ণাত্রয়োদশী।

মহামহিম, ত্রি. [মহা+মহিমন্] অতিশয় মহিমান্বিত, শ্রেষ্ঠতম।

মহামাত্য, পুং. [মহা+অমাত্য] প্রধান অমাত্য; হস্তিপকাধিপ, প্রধানমাহুত।

মহামাত্র, পুং. [মহা+মাত্রা] প্রধান; সেনাপত্যাদি বিষয়ে মহৎধন বিশিষ্ট; সমৃদ্ধ; অমাত্য; হস্তিপকাধিপ।

মহামাত্রী, স্ত্রী. [মহা+মাত্রা-ঈ] আচার্য্য পত্নী; মহামাত্র পত্নী।

মহামানসী, স্ত্রী. [মহা+মানস-ঈ] জিনদিগের বিদ্যাদেবী বিশেষ।

মহামায়া, স্ত্রী. [মহা+মায়া] দুর্গা; পার্ব্বতী; মহতীমায়া, অতিশয় মায়া

মহামায়ী, স্ত্রী. [মহা+মায়া-ঈ] দুর্গা, পার্ব্বতী; (পুং) অতিশয় মায়াকারী।

মহামারী, স্ত্রী. [মহা+মার-ঈ] মহাকালী; (ত্রি) অতিশয় মরক।

মহামাষ, পুং. [মহা+মাষ] রাজমাষ, বরবটী কলাই

মহামাংস, ন. [মহা+মাংস] নরাদিপিশিত, নরাদি মাংস।

মহামুখ, পুং. [মহা+মুখ] কুম্ভীর; (ন.) বৃহন্মুখ, বড়মুখ; (ত্রি.) বৃহন্মুখবিশিষ্ট।

মহামুনি, পুং. [মহ+মুনি] অগস্ত্য; বুদ্ধ; কৃপাচার্য্য; কাল; ব্যাসদেব; তুম্বুরুবৃক্ষ; (ন.) ঔষধ; ধন্যাক, ধনিয়া।

মহামূর্দ্ধা, পুং. [মহা+মূর্দ্ধন] শিব; (ত্রি.) বৃহন্মস্তকযুক্ত।

মহামূল, পুং. [মহা+মূল] রাজপলাণ্ডু, বড়পেঁয়াইজ।

মহামূল্য, ন. [মহা+মূল্য] মহার্ঘ, বহুমূল্য; (ত্রি.) বহুমূল্যযুক্ত।

মহামূষিক, পুং. [মহা+মূষিক] বৃহদুন্দুর, বড়ইন্দুর, তৎপর্য্যায়।—মুষা, বিঘ্নেশবাহন, মহাঙ্গ, শস্যমারী, ভূফল, ভিত্তিপাতন।

মহামৃগ, পুং. [মহা+মৃগ] হস্তী; শরভ।

মহামৃত্যুঞ্জয়, পুং. [মহা+মৃত্যুঞ্জয়] শিবের মন্ত্রবিশেষ।

মহামেঘ, পুং. [মহা+মেঘ। শিব, মহাদেব; অতিশয় মেঘ, ঘোর মেঘ।

মহামেদ, পুং. [মহা + মেদ] অষ্টবর্গে প্রসিদ্ধঔষধবিশেষ, তৎপর্য্যায়।—পুরোস্তব; বৃহন্মেদ।

মহামেদা, স্ত্রী. [মহা+মেদ-আ] অষ্টবর্গে প্রসিদ্ধ ঔষধবিশেষ, তৎপর্য্যায়।—বসুচ্ছিদ্রা, জীবনী, পাংশুরাগিণী, দেবেষ্টা, সুরামেদা, দিব্যা, দেবমণি, দেবগন্ধা, মহাচ্ছিদ্রা, বৃক্ষার্হা।

মহামৈত্র, পুং. [মহা+মৈত্র] বুদ্ধবিশেষ।

মহামোহ, পুং. [মহা+মোহ] ভোগেচ্ছা রূপ অজ্ঞান; সংসার মূলকারণ রাগরূপ মোহ; মহামোহজনক কামরাজবীজ।

মহাম্ল, ন. [মহা+অম্ল] তিন্তিড়ীক, তেঁতুল।

মহাযজ্ঞ, পুং. [মহা+যজ্ঞ] বেদপাঠাদি রূপ পঞ্চ প্রকার যজ্ঞ, যথা।—পাঠ, হোম, অতিথিপূজা, তর্পণ, বলি।

মহাযশস্ক, ত্রি. [মহা+যশস্ক] অতিশয় যশোবিশিষ্ট, বড় যশস্বী, কীর্ত্তিমান্।

মহাযশস্কর, ত্রি. [মহা+যশস্কর] অতিশয় যশোজনক।

মহাযশাঃ, পুং. [মহা+যশস্] ভূতাইবিশেষ; (ত্রি.) অতিশয় যশোযুক্ত।

মহাযক্ষ, পুং. [মহা+যক্ষ] অর্হদুপাসক বিশেষ

মহারজত, ন. [মহা+রজত] সুবর্ণ, সোণা; ধুস্তূর, ধুতুরা; বৃহৎরৌপ্য।

মহারজন, ন. [মহা+রজন] কুসুম্ভপুষ্প, কুসুমফুল; স্বর্ণ, সোণা।

মহারণ্য, ন. [মহা+অরণ্য] বৃহদ্বন, তৎপর্য্যায়।—অরণ্যানী, কান্তার।

মহারথ, পুং. [মহা+রথ] শিব; দশসহস্র ধনুর্দ্ধারির সহিত অস্ত্র শস্ত্রকুশল অপরাঙ্মুখ যোদ্ধা; বৃহদ্রথ; ইচ্ছা।

মহারম্ভ, পুং. [মহা+আরম্ভ] লবণবিশেষ, গড়লবণ।

মহারস, ন. [মহা+রস] কাঞ্জিক, কাঁজী; (পুং.) খর্জ্জুর, কোষকার; কশেরু; ইক্ষু; পারদ, পারা।

মহারসাষ্টক, ন. [মহা+রস-অষ্টক] অষ্ট ধাতুবিশেষ, তদ্যথা।—দরদ, পারদ, সস্ত, বৈক্রান্ত, কান্ত, অভ্রক, মাক্ষিক, বিমল।

মহারাজ, পুং. [মহা+রাজন্] পূর্ব্ব জিন বিশেষ; নখ; শ্রেষ্ঠরাজা, রাজচক্রবর্ত্তী, সম্রাট্।

মহারাজক, পুং. [মহা+রাজক] মহারাজিকগণ, গণদেবতা।

মহারাজচূত, পুং. [মহা+রাজন্-চূত] উত্তমাম্র, ভাল আম্রগাছ, তৎপর্য্যায়।—মহারাজাম্রক, স্থূলাম্র, মন্মথানন্দ, কন্ধ, নীল কপিত্থক, কামায়ুধ, কামফল, রাজপুত্র, নৃপাত্মজ, মহারাজফল, কাম, মহাচূত।

মহারাজদ্রুম, পুং. [মহা+রাজন্-দ্রুম] আরগ্বধ, সোঁদালিগাছ।

মহারাজাধিরাজ, পুং. [মহারাজ+অধিরাজ] সম্রাট্, রাজচক্রবর্ত্তী, সার্ব্বভৌম, রাজার রাজা।

মহারাজিক, পুং. [মহারাজ+ইক] গণদেবতা বিশেষ, বিংশত্যধিক দ্বিশত সংখ্যক।

মহারাজোপচার, পুং. [মহারাজ+উপচার]

মহারাজ্য, ন. [মহা+রাজ্য] সাম্রাজ্য বৃহদ্রাজ্য

মহারাত্রি, স্ত্রী. [মহা+রাত্রি] ব্রহ্মলয়োপলক্ষিত মহাপ্রলয় রাত্রি; অর্দ্ধরাত্রের পর মুহূর্ত্তদ্বয়; দুই প্রহর রাত্রি; আশ্বিন শুক্লাষ্টমী।

মহারাষ্ট্র, পুং. [মহা+রাষ্ট্র] দেশবিশেষ, মারহাট্টা।

মহারাষ্ট্রী, স্ত্রী. [মহা+রাষ্ট্র-ঈ] জলপিপ্পলী; শাকবিশেষ, মারাটী; অষ্টাদশ ভাষান্তর্গত ভাষাবিশেষ।

মহারিষ্ট, পুং. [মহা+অরিষ্ট] মহানিম্ববিশেষ, তৎপর্য্যায়।—কৈটর্য্য, রামণ, রমণ, গিরিনিম্ব, শুক্রশাল; মহানিম্ব, বড়মন্দ।

মহারুদ্র, পুং. [মহা+রুদ্র] মহাদেব, মহেশ; মহাভৈরব।

মহারূপ, পুং. [মহা+রূপ] শিব, মহাদেব; সর্জ্জরস, ধুনা; (ত্রি.) অতিশয় রূপযুক্ত।

মহারূপক, ন. [মহা+রূপক] নাটকবিশেষ; গ্রন্থবিশেষ।

মহারোগ, পুং. [মহা+রোগ] পাপরোগ, তদষ্টবিধ যথা।—উন্মাদ, ত্বগ্‌দোষ, রাজযক্ষ্মা, শ্বাস, মধুমেহ, ভগন্দর, উদর, অশ্মরী।

মহারোগী, পুং. [মহা+রোগিন্] মহারোগযুক্ত অচিকিৎস্য রোগবিশিষ্ট।

মহারোমা, পুং. [মহা+রোমন্] শিব, মহাদেব; (ত্রি.) বৃহল্লোমযুক্ত।

মহারৌরব, পুং. [মহা+রৌরব] নরকবিশেষ, মহানরক।

মহার্ঘ, ত্রি. [মহা+অর্ঘ] মহামূল, দুর্মূল্য, আক্রা; (পুং.) লাবকপক্ষী।

মহার্ণব, পুং. [মহা+অর্ণব] মহাসমুদ্র, মহাসাগর; শিব। [মহাজা।

মহার্দ্ধ, পুং. [মহা+অর্দ্ধ] বৃক্ষবিশেষ,

মহার্দ্রক, ন. [মহা+আর্দ্রক] বনার্দ্রক, বনআদা।

মহার্ব্বুদ, ন. [মহা+অর্ব্বুদ] দশার্ব্বুদ,

মহার্হ, ন. [মহা+অর্হ] শ্বেতচন্দন; (ত্রি.) মহামূল্য।

মহাল, (বাং) অট্টালিকা, বাটী; প্রদেশ।

মহালয়, পুং. [মহা+আলয়] বিহার; ঈশ্বর; সৌরআশ্বিন মাসের কৃষ্ণপক্ষ

মহালয়া, স্ত্রী. [মহা+আলয়-আ] সৌর আশ্বিনমাসের কৃষ্ণপক্ষীয় অমাবস্যা, অপর পক্ষীয় অমাবস্যা।

মহালক্ষ্মী, স্ত্রী. [মহা+লক্ষ্মী] রাধা, শ্রীকৃষ্ণ-পত্নী; নারায়ণ শক্তি।

মহালিকটভী, স্ত্রী. [মহা+অলিকটভী] শ্বেত-কিংশহী বৃক্ষ।

মহালিঙ্গ, পুং. [মহা+লিঙ্গ] শিব, মহা-দেব; বৃহল্লিঙ্গযুক্ত।

মহানীলসরস্বতী, স্ত্রী. [মহা+নীল-সর-স্বতী] দশমহাবিদ্যার অন্তর্গত দ্বিতীয়া বিদ্যাবিশেষ, শ্রীমত্তারা

মহালোধ, পুং. [মহা+লোধ] লোধ্রবিশেষ, পাটিয়ালোধ।

মহালোল, পুং. [মহা+লোল] কাক, বায়স; (ত্রি.) অতিচঞ্চল, অতিশয় অস্থির।

মহালোহ, ন. [মহা+লোহ] অয়স্কান্ত-মণি; কান্তিলোহা।

মহাশক্তি, পুং. [মহা+শক্তি] কার্ত্তিকেয়, ষড়ানন, কুমার; অতিশয় পরাক্রম, অতি-শয় শক্তি, মহাবল; (ত্রি.) অতিশয় পরাক্রমী, অতিবলী; (স্ত্রী) পরমাপ্রকৃতি।

মহাশঙ্খ, পুং. [মহা+শঙ্খ] মনুষ্যাস্থি, মনুষ্যের হাড়; সংখ্যাবিশেষ, দশনিখর্ব্ব; ললাট, কপাল; নিধিবিশেষ; কর্ণ ও নেত্রের মধ্যগত অস্থি; বৃহচ্ছঙ্খ, বড় শাঁখ।

মহাশঠ, পুং. [মহা+শঠ] রাজধুস্তূর; (ত্রি.) অতিশয় ধূর্ত্ত।

মহাশণপুষ্পিকা, স্ত্রী. [মহা+শণ+পুষ্প-ইক-আ] বৃহচ্ছণপুষ্পী, বৃহৎশোণপুষ্প, তৎপর্য্যায়।—শুক্লপর্ণী, শ্বেতপুষ্পা, ঘ-

মহাশতা, স্ত্রী. [মহা+শত-আ] মহাশতাবরী লতা, বৃহৎশতাবরী, শতমূলীলতা।

মহাশতাবরী, স্ত্রী. [মহা+শতাবরী] মহাশতা-বরীলতা, তৎপর্য্যায়।—শতবীর্য্যা, সহস্র-বীর্য্যা, সুরসা, মহাপুষ্পদন্তিকা, বীরা, ভূঙ্গিনী, বহুপুত্রিকা, ঊর্দ্ধকণ্টী, মহা-বীর্য্যা, ফণিজিহ্বা, মহাশতা, সুবীর্য্যা; শতমূলী

মহাশয়, পুং. [মহা+আশয়] মহদাশয়-যুক্ত, তৎপর্য্যায়।—মহেচ্ছ, মহানুভাব, উদাত্ত, মহামনাঃ; উদ্ভট, উদার, উদীর্ণ, মহাত্মা; (পুং.) সমুদ্র।

মহাশষা, স্ত্রী. [মহা+শষা] রাজশষা; বৃহৎশষা। [শর।

মহাশর, পুং. [মহা+শর] স্থূলশর, বড়-

মহাশল্ক, পুং. [মহা+শল্ক] চিঙ্গটমৎস্য, চিঙ্গিড়ীমাছ; বৃহচ্ছল্ক, বৃহৎবল্কল; (ত্রি.) বৃহৎবল্কলযুক্ত।

মহাশাক, ন. [মহা+শাক] বৃহৎশাক-বিশেষ।

মহাশাখা, স্ত্রী. [মহা+শাখা] নাগবলা।

মহাশালি, পুং. [মহা+শালি] স্থূলশালি, বৃহৎধান্য, তৎপর্য্যায়।—সুগন্ধিক।

মহাশিব, পুং. [মহা+শিব] মহাদেব, পঞ্চা-নন, মহেশ্বর।

মহাশীতা, স্ত্রী. [মহা+শীতা] শতমূলী-লতা; (ত্রি.) অতিশয় শীতবীর্য্যযুক্ত।

মহাশুক্তি, স্ত্রী. [মহা+শুক্তি] মুক্তা-মাতা, মুক্তাপ্রসবিণী; বৃহৎশুক্তি, বড়-ঝিনুক।

মহাশুক্লা, স্ত্রী. [মহা+শুক্ল-আ] সরস্বতী; (ত্রি.) অতিশয় শুক্লবর্ণযুক্ত।

মহাশুভ্র, ন. [মহা+শুভ্র] রজত, রৌপ্য; (ত্রি.) অতিশয় শুভ্রবর্ণযুক্ত।

মহাশূদ্র, পুং. [মহা+শূদ্র] আভীর, গোপ, আহীরী, গোয়ালা

মহাশূদ্রী, স্ত্রী. [মহা+শূদ্র-ঈ] আভীরী, গোপী, আহিরিণী, গোয়ালিনী।

মহাশূর, পুং. [মহা + শূর] মহাবীর,

মহাশৌণ্ডী, স্ত্রী. [মহা+শৌণ্ড-ঈ] শ্বেত কিনিহীবৃক্ষ।

মহাশ্মশান, ন. [মহা+শ্মশান] কাশী,বারাণসী

মহাশ্যামা, স্ত্রী. [মহা+শ্যাম-আ] শ্যামালতা; শিংশপাবৃক্ষ; নিবিড়াঞ্জনবর্ণাস্ত্রী।

মহাশ্রমণ, পুং, [মহা+শ্রমণ] বুদ্ধবিশেষ, শাক্যমুনি, তৎপর্য্যায়।—সর্ব্বার্থসিদ্ধ, কুলিশাসন, গোপেশ; উগ্রতাপস।

মহাশ্রাবণিকা, স্ত্রী. [মহা+শ্রবণ-ইক-আ] লতাবিশেষ, বড়থুলকুড়ী, তৎপর্য্যায়।—মহামুণ্ডী, লোচনী, কদম্বপুষ্পী, বিকচা, ক্রোড়া, চোড়া, পলঙ্কষ, নদীকদম্ব, মুণ্ডাখ্যা, মহামুণ্ডনিকা, মাতা, স্থবিরা, লোতনী, ভূকদম্ব, অলম্বুষা, মুণ্ডী, ভিক্ষু, শ্রাবণী, তপোধনা, শ্রবণাহ্বা, মুণ্ডিতিকা, শ্রবণশীর্ষিকা, কদম্বপুষ্পিকা, অব্যথা, তপস্বিনী।

মহাশ্রী, স্ত্রী. [মহা+শ্রী] বুদ্ধশক্তিবিশেষ, তৎপর্য্যায়।—তারা, ওঙ্কারা, স্বাহা, শ্রীঃ, মনোরমা, তারিণী, জয়া, অনন্তা, শিবা, লোকেশ্বরাত্মজা, খদূরবাসিনী, ভদ্রা, বৈশ্যা, নীলসরস্বতী, শঙ্খিনী, মহাতারা, বসুধারা, ধনন্দদা, ত্রিলোচনা, লোচনা।

মহাশ্বেতা, স্ত্রী. [মহা+শ্বেত-আ] সরস্বতী; কৃষ্ণভূমিকুষ্মাণ্ড, তৎপর্য্যায়।—ক্ষীরবিদারী, ঋক্ষগন্ধিকা, ক্ষীরবিদারিকা, ক্ষীরবল্লী, ক্ষীরকন্দা, ক্ষীরিকা; শ্বেতাপরাজিতালতা; সিতা, তৎপর্য্যায়।—মধুজা; শ্বেতকিনিহীবৃক্ষ; দুর্গা।

মহাষষ্ঠী, স্ত্রী. [মহা+ষষ্ঠী] দুর্গা; দেবীর ষষ্ঠাংশ বিশেষ; ষষ্ঠীদেবী

মহাষ্টমী, স্ত্রী. [মহা+অষ্টমী] আশ্বিনশুক্লাষ্টমী, আশ্বিনমাসের শুক্ল অষ্টমী

মহাসঙ্গিরণ, (প্রা) রাগিনীবিশেষ।

মহাসত্ত্ব, ন. [মহা+সত্ত্ব] অতিশয় সাত্ত্বিক, সত্ত্ব গুণপ্রধান; অতিশয় বলিষ্ঠ।

মহাসন্ন, পুং. [মহা+আসন্ন] কুবের, ধনপতি; অতিনিকট।

মহাসফর, পুং. [মহা+সফর] বৃহৎপ্রোষ্ঠী মৎস্য, বড়পুটীমাছ; চেঁতোপুঁটি।

মহাসমঙ্গা, স্ত্রী. [মহা+সমঙ্গ-আ] বৃক্ষবিশেষ, (হিং) কগহিয়া, তৎপর্য্যায়।—ওদনিকা, ওদনাহ্বয়া, বৃষ্কা, রুহা, বৃদ্ধবলা, তণ্ডুলা, ভুজঙ্গজিহ্বা, শীতপাকিনী, শীতবলা, শীতাবলা, বলোত্তরা, বলা, খিরহিটী, ব্যালজিহ্বা।

মহাসর্জ্জ, পুং. [মহা+সর্জ্জ] পনস, কাঁটাল, অসনবৃক্ষ; বড়শালগাছ।

মহাসহ, পুং. [মহা+সহ] কুব্জকবৃক্ষ; (ত্রি.) অতিক্ষম, অতিশয় সহকারী।

মহাসহা, স্ত্রী. [মহা+সহ-আ] মাসপর্ণী; অম্লানবৃক্ষ।

মহাসান্তপন, ন. [মহা+সান্তপন] ব্রতবিশেষ।

মহাসার, পুং. [মহা+সার] তুষ্খদির, কঠিন খয়ের।

মহাসাহস, ন. [মহা+সাহস] অতিবলাৎকার-কৃত-কার্য্য, অতি দুঃসাহস কর্ম্ম; অতিশয় দণ্ড; অতিদুষ্কৃতকর্ম্ম; অতিশয় দ্বেষ; দুঃসাহস।

মহাসাহসিক, ত্রি. [মহাসাহস+ইক] চৌর; অতি সাহসযুক্ত; দুঃসাহসিক।

মহাসিংহ, পুং. [মহা+সিংহ] সরভ; বৃহৎ সিংহ, দেবীবাহন।

মহাসুখ, ন. [মহা+সুখ] শৃঙ্গার, স্ত্রীসংসর্গ, মৈথুন; অতিশয়ানন্দ; (ত্রি.) অতিশয় আনন্দযুক্ত। (পুং.) বুদ্ধবিশেষ।

মহাসুগন্ধা, স্ত্রী. [মহা+সুগন্ধ-আ] গন্ধনাকুলী; (ত্রি.) অতিশয় সুগন্ধযুক্ত।

মহাসূক্ষ্মা, স্ত্রী. [মহা+সূক্ষ্ম-আ] বালুকা, বালি; (ত্রি.) অতিশয়সূক্ষ্ম।

মহাসেন, পুং. [মহা+সেন] কার্ত্তিকেয়, কুমার; শিব; মহাসেনাপতি; বৃত্তার্হৎ পিতৃবিশেষ।

মহাস্কন্ধ, পুং. [মহা+স্কন্ধ] উষ্ট্র, উট।

মহাস্কন্ধা, স্ত্রী. [মহা+স্কন্ধ-আ] জম্বুবৃক্ষ, জামগাছ; (ত্রি.) বৃহৎস্কন্ধযুক্ত।

মহাস্থলী, স্ত্রী. [মহা+স্থল-ঈ] পৃথিবী;

মহাস্নায়ু, পুং. [মহা+স্নায়ু] কণ্ডরা।
মহাস্রথী, পুং. [মহা+অর্থিন্] শিব, মহাদেব।
মহাস্বন, পুং. [মহা+স্বন] মল্লতুর্য্য, যুদ্ধবাদ্য; বৃহচ্ছব্দ; (ত্রি.) বৃহচ্ছব্দযুক্ত।
মহাহনু, পুং. [মহা+হনু] শিব; মহাদেব; (ত্রি.) বৃহৎহনুযুক্ত
মহাহবিঃ, ন. [মহা+হবিস্] গব্যঘৃত; বিষ্ণু।
মহাহাস, পুং. [মহা+হাস] অট্টহাস, শব্দের সহিত হাস্য।
মহাহ্লাদ, পুং. [মহা+আহ্লাদ] মহানন্দ অতিশয় হর্ষ। [কুলী।
মহাগন্ধা, স্ত্রী. [মহা+গন্ধ-আ] গন্ধনা-
মহাহ্রস্বা, স্ত্রী. [মহা+হ্রস্ব-আ] কপিকচ্ছু; (ত্রি.) অতিখর্ব্ব।
মহি, স্ত্রী. [মহ+ই] পৃথিবী, পৃথ্বী, ধরণী।
মহিকা, স্ত্রী. [মহ+ইক-আ] হিম, শিশির, তুষার।
মহিত, ত্রি. [মহ+ইত] পূজিত, অর্চ্চিত।
মহিন, ন. [মহি+ন] রাজ্য, রাজার অধিকারস্থ ভূম্যাদি।
মহিমা, পুং. [মহ+ইমন্] শিবের অষ্ট ঐশ্বর্য্যান্তর্গত ঐশ্বর্য্যবিশেষ, মহত্ব; উৎকর্ষ।
মহিমাসাগর, পুং. [মহিমন্+সাগর] মহত্ত্বের সমুদ্র, মাহাত্ম্যের জলনিধি।
মহির, পুং. [মহ+ইর] সূর্য্য, দিনকর।
মহিলা, স্ত্রী. [মহ+ইল-আ] স্ত্রীমাত্র; প্রিয়ঙ্গু লতা; রেণুকানাম গন্ধদ্রব্য; মদমত্তাস্ত্রী।
মহিলাহ্বয়া, স্ত্রী. [মহিল+আহ্বয়া] প্রিয়ঙ্গুলতা।
মহিষ, পুং. [মহ+ইষ] স্বনামখ্যাত পশুবিশেষ, তৎপর্য্যায়।—লুলাপ, বাহদ্বিষন্, কাসর, সৈরিভ, যমবাহন, বিষাণন্, বংশভীরু, রজস্বল, আসুপ, রক্তাক্ষ, অশ্বারি, ক্রোধী, কলুষ, মত্ত, বিষাণী, গবলী, বলী।
মহিষকন্দ, পুং. [মহিষ+কন্দ] মহাকন্দ বিশেষ, তৎপর্য্যায়।—শুভ্রালু, লুলাপ-

মহিষঘ্নী, স্ত্রী. [মহিষ+হন্-ঈ] দুর্গা।
মহিষধ্বজ, পুং. [মহিষ+ধ্বজ] যম, অন্তক, রবিসুত; অর্হদ্বিশেষ। [কাল।
মহিষবাহন, পুং. [মহিষ+বাহন] যম,অন্তক,
মহিষমর্দ্দিনী, স্ত্রী. [মহিষ+মর্দ্দিন-ঈ] দুর্গা, পার্ব্বতী
মহিষাসুর, পুং. [মহিষ+অসুর] অসুরবিশেষ, রম্ভাসুরপুত্র।
মহিষাসুরসম্ভব, পুং. [মহিষ+অসুর-সম্ভব] ভূমিজ গুগ্গুলু; মহিষাসুর হইতে জাত।
মহিষাসুরহন্ত্রী, স্ত্রী. [মহিষ+অসুর+হন্ত্রী] দুর্গা, পার্ব্বতী।
মহিষাক্ষ, পুং. [মহিষ+অক্ষ] গুগ্গুলু।
মহিষাক্ষক, পুং. [মহিষাক্ষ+ক] গুগ্গুলু।
মহিষী, স্ত্রী. [মহিষ+ঈ] কৃতাভিষেকা রাজপত্নী; সৈরিন্ধ্রী, পরগৃহে স্থিতা নারী; ঔষধিবিশেষ; মহিষ যোষিৎ, স্ত্রীমহিষ, তৎপর্য্যায়।—মন্দগমনা, মহাক্ষীরা, পয়স্বিনী, লুলাপকান্তা, কলুষা, তুরঙ্গদ্বিষণী।
মহিষীপ্রিয়া, স্ত্রী. [মহিষী+প্রিয়া] শৃলীতৃণ।
মহী, স্ত্রী. [মহ+ঈ] পৃথিবী; নদীবিশেষ, মালবদেশীয়া নদী; গো; হিলমোচিকা, হিলঞ্চশাক।
মহীজ, পুং. [মহী+জন্-অ] মঙ্গলগ্রহ; নরকাসুর; (ন.) আর্দ্রক; (ত্রি.) ভূমিজাত।
মহীধর, পুং. [মহী+ধর] পর্ব্বত, গিরি, শৈল। [শৈল।
মহীধ্র, পুং. [মহী+ধৃ-অ] পর্ব্বত, গিরি,
মহীপ, পুং. [মহী+পা-অ] মহীপাল, রাজা, ভূপাল।
মহীপতি, পুং. [মহী+পতি] মহীপ, ভূপতি, মহীপাল, রাজা।
মহীপাল, পুং. [মহী+পাল] রাজা, ভূপতি।
মহীপ্রাচীর, ন. [মহী+প্রাচীর] সমুদ্র, সাগর, জলধি।
মহীভর্ত্তা পুং. [মহী+ভর্ত্তৃ] মহীপতি, রাজা।
মহীভুক্, পুং. [মহী+ভুজ্] নৃপ, রাজা।
মহীভৃৎ, পুং. [মহী+ভৃৎ] পর্ব্বত; রাজা।
মহীময়, ত্রি. [মহী+ময়] মৃত্তিকানির্ম্মিত,

মহীয়্যমান, ত্রি. [মহী+ইয়্যমান] পূজ্যমান; অর্চ্চিত, সৎকৃত।

মহীরুহ, পুং. [মহী+রুহ] বৃক্ষ, তরু, গাছ; শাকবৃক্ষ। [চুয়া।

মহীলতা, স্ত্রী. [মহী+লতা] কিঞ্চুলুক. কেঁ-

মহীষা, (প্রা) বৃক্ষবিশেষ। [রাজা।

মহীসুত, পুং. [মহী+সুত] মঙ্গলগ্রহ, নরক-

মহীক্ষিৎ, পুং. [মহী+ক্ষিৎ] রাজা, ভূপতি, নৃপ।

মহু, (প্রা) পুষ্পরস, মধু, মৌ।

মহুপোকা, (প্রা) মধুমক্ষিকা, মৌমাছী।

মহুরী, (প্রা) মৌরী, মহরী।

মহেচ্ছ, পুং. [মহা+ইচ্ছা] মহাশয়, মহাত্মা, উদারস্বভাব।

মহেন্দ্র, পুং. [মহা+ইন্দ্র] বিষ্ণু; শক্র, ইন্দ্র; জম্বুদ্বীপের পর্ব্বতবিশেষ।

মহেন্দ্রকদলী, স্ত্রী. [মহেন্দ্র+কদলী] কদলী, বিশেষ।

মহেন্দ্রনগরী, স্ত্রী. [মহেন্দ্র+নগর-ঈ] অমরাবতী, ইন্দ্রপুরী।

মহেন্দ্রবারুণী, স্ত্রী. [মহেন্দ্র+বারুণ-ঈ] লতাবিশেষ, বড়মাকাল, তৎপর্য্যায়।—চিত্রবল্লী, মহাফলা, মহেন্দ্রী, চিত্রফলা, ত্রপুসী, ত্রপুসা, আত্মরক্ষা, বিশালা, দীর্ঘবল্লী, মহৎফলা, মহদ্বারুণী, বৃহৎফলা, বৃহদ্বারুণী, সৌম্যা, গন্ধচির্ভিটা, চিত্রদেবী, ধন্ম্যশ্রেণী, স্থাণুকর্ণী, মরুসম্ভবা।

মহেন্দ্রাণী, স্ত্রী. [মহেন্দ্র+আন-ঈ] ইন্দ্রভার্য্যা, ইন্দ্রপত্নী, শচী

মহেরণা, স্ত্রী. [মহা+ঈরণ-আ] শল্লকীবৃক্ষ।

মহেরুণা, স্ত্রী. [মহা+অরুণা] শল্লকী, মহেরণা

মহেলা, স্ত্রী. [মহ+ইল-আ] নারী, মহিলা, যোষিৎ, স্ত্রী।

মহেলিকা, স্ত্রী. [মহেলা+ইক-আ] নারী, মহিলা, স্ত্রী।

মহেশ, পুং. [মহা+ঈশ] শিব, মহাদেব।

মহেশবন্ধু, পুং. [মহেশ+বন্ধু] শ্রীফলবৃক্ষ, বেলগাছ; কুবের।

মহেশ্বর, পুং. [মহা+ঈশ্বর] শিব, মহাদেব, বিশ্বনাথ।

মহেশ্বরকরচ্যুতা, স্ত্রী. [মহেশ্বর+করচ্যুতা] করতোয়ানদী অর্থাৎ গৌরীর বিবাহ সময়ে শঙ্করের করগলিত সম্প্রদানজল

মহেশ্বরী, স্ত্রী. [মহা+ঈশ্বর-ঈ] মহেশ্বর পত্নী, দুর্গা; অপরাজিতালতা; কাংস্য, কাঁশা; রাজরীতি।

মহেষু, স্ত্রী. [মহা+ইষু] বৃহৎবাণ।

মহেষ্বাস, পুং. [মহেষু+আস] মহাধনুর্দ্ধারী।

মহৈরণ্ড, পুং. [মহা+এরণ্ড] স্থূলএরণ্ড, বড়ভেরেণ্ডা।

মহৈলা, স্ত্রী. [মহা+এলা] স্থূলৈলা, বড়এলাইচ

মহোটিকা, স্ত্রী. [মহা+উটিকা] বৃহতী, ক্ষুদ্রবার্ত্তাকী।

মহোটী, স্ত্রী. [মহোট+ঈ] বৃহতী, ক্ষুদ্র বার্ত্তাকী; বৃহদুৎপল, বড়পদ্ম।

মহোৎকা, স্ত্রী. [মহা+উৎক-আ] বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী, চপলা।

মহোৎপল, ন. [মহা+উৎপল] পদ্ম, পঙ্কজ; সারসপক্ষী

মহোৎসব, পুং. [মহা+উৎসব] অতিশয় সুখজনক কর্ম্ম, অত্যন্ত আনন্দ জনক ব্যাপার।

মহোৎসাহ, ত্রি. [মহা+উৎসাহ] অতিশয় উৎসাহযুক্ত, তৎপর্য্যায়।—মহোদ্যম; (পুং.) রাজাজ্ঞপ্রাপ্ত রাজপুরুষ; অতিশয় উদ্যম।

মহোদধি, পুং. [মহা+উদধি] সমুদ্র, মহাসাগর, বিস্তীর্ণজলধি।

মহোদয়, পুং. [মহা+উদয়] কান্যকুব্জ দেশ; আধিপত্য; অপবর্গ; স্বামী; (ন.) পুরবিশেষ, তৎপর্য্যায়।—কান্যকুব্জ, কন্যাকুব্জদেশ, গাধিপুর, কৌশ, কুশস্থল

মহোদয়া, স্ত্রী. [মহা+উদয়-আ] নাগবলা।

মহোদরী, স্ত্রী. [মহা+উদর-ঈ] মহাশতাবরীলতা; (ত্রি.) বৃহদুদরযুক্ত।

মহোদ্ধত, ত্রি. [মহৎ+উদ্ধত] অতিশয়প্রগল্ভ, অত্যন্তধৃষ্ট।

মহোদ্যম, ত্রি. [মহা+উদ্যম] মহোৎসাহ;

মহোন্নত, পুং. [মহা+উন্নত] তালবৃক্ষ; (ত্রি.) অতিশয় উন্নতিযুক্ত।

মহোন্নতি, স্ত্রী. [মহা+উন্নতি] অতিশয়বৃদ্ধি, অত্যন্ত প্রাদুর্ভাব।

মহোন্মদ, পুং. [মহা+উন্মদ] মৎস্যবিশেষ, ফলুই; (ত্রি.) অতিশয় উন্মত্ত।

মহোরগ, ন. [মহা+উরগ] তগরমূল, তগর পুষ্প বৃক্ষেরমূল; (পুং.) সর্পগণবিশেষ; বৃহৎসর্পমাত্র।

মহোল্কা, স্ত্রী. [মহা+উল্কা] উল্কাবিশেষ, বৃহৎশিখা; লতাবিশেষ।

মহোক্ষ, পুং. [মহা+উক্ষ] বৃহদ্বৃষ, বড়ষাঁড়, তৎপর্য্যায়।—বৃষভ, বৃষ, পুঙ্গব, বলী, গোনাথ, ঋষভ, গোপ্রিয়, উক্ষা, গোপতি।

মহৌজাঃ, ত্রি. [মহা+ওজস্] অতিশয় তেজোযুক্ত, বড়তেজস্বী।

মহৌষধ, ন. [মহা+ঔষধ] লতাবিশেষ, ভূমাহুল্য, (হিং) ভুঞিতড়থ; শুণ্ঠী, শুঁঠ; লশুন, রশুন; বারাহীকন্দ; বৎসনাভ; পিপ্পলী, পিঁপুল; অতিবিষালতা।

মহৌষধি, স্ত্রী. [মহা+ঔষধি] দুর্ব্বা; লজ্জালুলতা; মহাস্নানীয় দ্রব্যবিশেষ, তন্ত্রধ্যানি, যথা।—সহদেবী, ব্যাঘ্রী, বলা, অতিবলা, শঙ্খপুষ্পী, সিংহী, অষ্টমী, সুবর্চ্চলা ইত্যাদি মহৌষধিগণ; শ্রেষ্ঠ-ঔষধি।

মহৌষধী, স্ত্রী. [মহা+ঔষধ-ঈ] শ্বেতকণ্টকারী; ব্রাহ্মী, কটুক, হিলমোচিকা, হিলঞ্চশাক।

মক্ষ, পুং. [মক্ষ+অ] স্বদোষাচ্ছাদন, আপনার দোষ ঢাকা; ক্রোধ; সমূহ।

মক্ষবীর্য্য, পুং. [মক্ষ+বীর্য্য] প্রিয়ালবৃক্ষ।

মক্ষিকা, স্ত্রী. [মক্ষ+ইক-আ] কীটবিশেষ, মাছী, তৎপর্য্যায়।—মক্ষীকা, ভম্ভ, মাচিকা, গন্ধলোলুপা, পতঙ্গিকা, পত্তিকা, অমৃতোৎপন্না, বমনীয়া, পলঙ্কষা; নীলামক্ষিকা, বর্ব্বরা।

মক্ষিকামল, ন. [মক্ষিকা+মল] সিক্থক, মোম।

মা, ব্য. নিবারণ; বিকল্প; (স্ত্রী.) লক্ষ্মী, মাতা, জননী; মান; (ত্রি.) আমাকে।

মাই, (প্রা) স্তন, পয়োধর।

মাইজ, (প্রা) বৃক্ষেরসার; মধ্য।

মাইয়া, (প্রা) স্ত্রীলোক, কন্যা, নারী।

মাইয়ামুখ, (প্রা) মুখচোরা, সভাক্ষুব্ধ।

মাং, ত্রি. [অস্মৎ] অস্মচ্ছব্দের দ্বিতীয়ার এক বচন নিষ্পন্নপদ, আমাকে।

মাংস, ন. [মন্+স] রক্তজ ধাতুবিশেষ, মাস, তৎপর্য্যায়।—পিশিত, তরস, পললম, ক্রব্য, আমিষ, পল, অস্রজ, জাঙ্গল, কীর; (পুং.) কাল; কীট।

মাংসকারি, ন, [মাংস+কারিন্] রক্ত, শোণিত, রুধির।

মাংসখাদক, পুং. [মাংস+খাদক] মাংসভোজী, পলাশী।

মাংসচ্ছদা, স্ত্রী. [মাংস+ছদ-আ] মাংসরোহিণীবিশেষ, তৎপর্য্যায়।—মাংসী, মাংসরোহী, রসায়নী, সুলোমা, লোমকরিণী।

মাংসজ, ন. [মাংস+জন্-অ] মেদ, রোগবিশেষ, ভুঁড়ি।

মাংসতেজঃ, ন. [মাংস+তেজস্] মেদ, ভুঁড়ি।

মাংসদলন, পুং. [মাংস+দলন] প্লীহঘ্নবৃক্ষ, পীলানাশক বৃক্ষ। [বৃক্ষ।

মাংসদ্রাবী, পুং. [মাংস+দ্রাবিন্] অম্লবেতস

মাংসপচন, ন. [মাংস+পচন] মাংসপাক, মাংসম্পাক, মাংস পাককরণ।

মাংসপেশী, স্ত্রী. [মাংস+পেশ-ঈ] জরায়ুস্থ অবয়ববিশেষ, মাংসপিণ্ড; মাংসখণ্ড বিশেষ।

মাংসফলা, স্ত্রী. [মাংস+ফলা] বৃন্তাকী, বার্ত্তাকী, বেগুন।

মাংসবিক্রয়ী, স্ত্রী. [মাংস+বিক্রয়িন্] আমিষবিক্রয়কর্ত্তা, তৎপর্য্যায়।—বৈতংসিক, কৌটিক, শৌণিক, কৌটকিক, মাংসিক, মাংসবিক্রেতা।

মাংসবিক্রেতা, পুং. [মাংস+বিক্রেতৃ] আমিষ

মাংসভক্ষ, ত্রি. [মাংস + ভক্ষ] মাংসভক্ষণ-কর্ত্তা, মাংসাশী।

মাংসভক্ষক, ত্রি. [মাংস+ভক্ষক] মাংসভক্ষণ কর্ত্তা, মাংসখাদক।

মাংসভোক্তা, পুং. [মাংস+ভোক্তৃ] মাংসাশী মাংসভোজনকর্ত্তা, মাংসখাদক।

মাংসভোজী, ত্রি. [মাংস+ভোজিন্] মাংস ভক্ষক, মাংসাশী, মাংসখাদক।

মাংসমাসা, স্ত্রী. [মাংস+মাস-আ] মাষপর্ণী।

মাংসরহিত, ত্রি. [মাংস + রহিত] মাংস বিহীন; ক্ষীণ, কৃশ।

মাংসরোহিণী, স্ত্রী. [মাংস+রোহিণী] সুগন্ধি দ্রব্যবিশেষ, তৎপর্য্যায়।—অগ্নিরুহা, বৃত্তা, চর্ম্মকষা, বসা, বিকষা, মাংস-রোহী।

মাংসল, ন. [মাংস+ল] কাব্যের গৌড়ীরীতির অন্তর্গত ওজোগুণের অঙ্গবিশেষ; (ত্রি.) বলবান্, শক্তিযুক্ত; স্থূল, পীবর, মোটা।

মাংসলফলা, স্ত্রী. [মাংসল + ফল-আ] বৃন্তাকী, বার্ত্তাকী।

মাংসসার, পুং. [মাংস+সার] মেদ, ভুঁড়ি।

মাংসস্নেহ, পুং. [মাংস+স্নেহ] মেদ, ভুঁড়ি; স্থূলতা।

মাংসহাসা, স্ত্রী. [মাংস+হাস-আ] চর্ম্ম, ত্বক্, ছাল, চামড়া।

মাংসাদ, ত্রি. [মাংস+অদ] মাংসাশী, মাংস-খাদক, মাংস ভক্ষক। [পলাশন।

মাংসাশন, ন. [মাংস+অশন] মাংসাহার,

মাংসাশী, ত্রি. [মাংস+অশিন্] মাংসাশনী, মাংসভক্ষক।

মাংসাষ্টকা, স্ত্রী. [মাংস+অষ্টকা] গৌণচান্দ্র মাঘের কৃষ্ণাষ্টমী।

মাংসাহার, পুং. [মাংস+আহার] মাংসাশন, মাংসভোজন।

মাংসিক, পুং. [মাংস+ইক] মাংসবিক্রয়ী, মাংসবিক্রেতা।

মাংসিনী, স্ত্রী. [মাংস+ইন্-ঈ] জটামাংসী ঔষধীবিশেষ।

মাংসী, স্ত্রী. [মাংস + ঈ] জটামাংসী; ক-

মাংসেষ্টা, স্ত্রী. [মাংস+ইষ্ট-আ] বল্গুলা।

মাঁজন, (প্রা) মাজন, ঘর্ষণ; পুঁছন; দন্তপরিষ্কার দ্রব্য, মিসী; মাদকদ্রব্যবিশেষ।

মাঁদাবাঁধা, (প্রা) বীজতলা, বৃক্ষতলের আলি, আলবাল।

মাকড়, (প্রা) লূতা, ঊর্ণনাভ, মাকড়সা।

মাড়কজাল, (প্রা) লূতাতন্তু, মাকড়সারজাল; বৃক্ষবিশেষ।

মাকড়সা, (প্রা) লূতা, ঊর্ণনাভ; মাকড়।

মাকন্দ, পুং. [মা+কন্দ] আম্রবৃক্ষ, রসাল, চূত।

মাকন্দী. স্ত্রী. [মা+কন্দ-ঈ] আমলকী; নগরবিশেষ; পীতচন্দন, (হিং.) মাত্রাণী, মাঙ্গনী, তৎপর্য্যায়।—বহুমূলী, মাদনী, গন্ধমূলিকা।

মাকরী, স্ত্রী. [মকর+অ-ঈ] মাঘশুক্লাসপ্তমী।

মাকলি, পুং. [মা+কল-ঈ] মাতলি, ইন্দ্রের সারথি; চন্দ্র।

মাকাটিয়া, (প্রা) অদাতা, কৃপণ; ক্রূর, খল।

মাকাটী, (প্রা) কাপাসের বীজ; পাটেরডাঁটা পাকাটী।

মাকাল, (প্রা) ফলবৃক্ষবিশেষ, মহাকালবৃক্ষ; ধীবরদিগের পূজ্যদেবতা।

মাকু, (প্রা) বস্ত্রনির্ম্মাণের যন্ত্রবিশেষ, তুরী নালী।

মাকুন্দ, (প্রা) শ্মশ্রুহীন পুরুষ, খোসা, দাড়িতে যাহার চুলওঠে নাই।

মাকুন্দিয়া, (প্রা) শ্মশ্রুহীন পুরুষ, খোসা, দাড়িতে যাহার চুল ওঠে নাই।

মাক্তায়, (প্রা) সমুদায়ে, গড়ে, গোটে.

মাখন, (প্র.) নবনীত, ননী; মর্দ্দন, লেপন; ছানন। [বিক্রেতা।

মাখনিয়া, (প্রা) নবনীত বিক্রয়ী, মাখন

মাগধ, পুং. [মগধ+অ] পাণিস্বনক, হস্ত-বাদ্যকারী; বংশক্রমে মহত্ত্বদেখিরাজার অগ্রে স্তুতিকারী, তৎপর্য্যায়।—মধুক, বন্দী, স্তুতিপাঠক; বর্ণসঙ্করজাতিবিশেষ, ক্ষত্রিয়ার গর্ভে বৈশ্যহইতে জাত, ভাট; জরাসন্ধরাজা; শুক্লজীরক, শাদাজীরে;

মাগধাদেবী, স্ত্রী. [মাগধা + দেবী] রাধিকা, রাধা, বৃন্দাবনের প্রধানা গোপী।

মাগধী, স্ত্রী. [মগধ+অ-ঈ] যূথিকা; পিপ্পলী; ক্রুটি, গুজরাটী এলাচি; শর্করা, চিনি; ভাষাবিশেষ।

মাগী, (প্রা) বৃদ্ধাস্ত্রী, বুড়ী, অধিক বয়স্কা নারী।

মাগু, (প্রা) পত্নী, ভার্য্যা, দারা।

মাগুর, (প্রা) মৎস্যবিশেষ, মদ্গুরমৎস্য।

মাগ্রাম, (প্রা) আত্মশ্লাঘা; দম্ভ, গর্ব্ব।

মাগ্রামীয়া, (প্রা) আত্মশ্লাঘী, ডেঁপো।

মাঘ, পং. [মঘা+অ] শ্রীদত্তকপুত্রকৃত শিশুপালবধ মহাকাব্য; বৈশাখাদি দ্বাদশমাসান্তর্গত দশমমাস, তৎপর্য্যায় — তপাঃ।

মাঘবতী, স্ত্রী. [মাঘ + বৎ-ঈ] পূর্ব্বদিক্, প্রাচীদিক্।

মাঘবন, ন. [মঘবন + অ] ইন্দ্রসম্বন্ধিবস্তু, ইন্দ্রের দ্রব্য।

মাঘী, স্ত্রী. [মাঘ+ঈ] মঘানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী; মাঘীপূর্ণিমা। [দিক্।

মাঘোনী, স্ত্রী. [মঘবন+ঈ] পূর্ব্বদিক্, প্রাচী-

মাঘ্য, ন. [মাঘ+য] কুন্দপুষ্প, কুঁদফুল।

মাঙ্গন, (প্রা) যাচন, ভিক্ষাকরণ, চাহন।

মাঙ্গনা, (প্রা) ভিক্ষা; দাতব্য।

মাঙ্গতা, (প্রা) যাচক, ভিক্ষুক; প্রার্থক

মাঙ্গতুড়িয়া, (প্রা) যাচ্ঞাকারক, ভিক্ষুক।

মাঙ্গলিক, ত্রি. [মঙ্গল+ইক] কল্যাণজনক, শুভাবহ।

মাঙ্গল্য, ন. [মঙ্গল+য] মঙ্গলার্থ, কল্যাণ নিমিত্ত; শুভাবহ, শুভজনক।

মাঙ্গল্যার্হা, স্ত্রী. [মাঙ্গল্য+অর্হ-আ] ত্রায়মাণালতা।

মাঙ্গা, (প্রা) প্রার্থনা, যাচ্ঞা; দুর্ম্মূল্য, মহার্ঘ্য অক্রেয়, আক্রা।

মাঙ্গান, (প্রা) ভিক্ষা নিমিত্ত প্রেরণ, যাচ্ঞার্থ পাঠান

মাচ, পুং. [মাচ+অ] পন্থা, পথ; মৎস্য।

মাচল, পুং. [মাচ+ল] গ্রহ, গ্রাহ; রোগ;

মাচা, (প্রা) বংশরচিত উচ্চস্থান, ভারা, টং।

মাচি, (প্রা) মক্ষিকা, মাছী।

মাচিকা, স্ত্রী; [মাচিক+আ] মক্ষিকা, মাছী; অম্বষ্ঠা।

মাচিয়া, (প্রা) কাষ্ঠাসনবিশেষ, ছোটচৌকী।

মাচির, বা. [মা + চির] শীঘ্র, দ্রুত, অবিলম্ব।

মাচীপত্র, ন, [মাচী+পত্র] রম্ভপর্ণ।

মাচুয়া, (প্রা) মৎস্যবিক্রেতা, মেছোব্যাপারী। [রিণী।

মাচুয়ানী, (প্রা) ধীবর স্ত্রী, মৎস্যবিক্রয় কা-

মাছ, (প্রা) ঝষ, মীন, মৎস্য।

মাছী, (প্রা) কীটবিশেষ, মাছি।

মাছীটেপা, (প্রা) বায়কুণ্ঠ, কৃপণ।

মাছুয়া, (প্রা) মৎস্যজীবী, মীনবিক্রয়ী।

মাছুয়ানী, (প্রা) ধীবরপত্নী, মৎস্য ব্যাপারির স্ত্রী, জেলেনী।

মাছেতা, (প্রা) মুখে কৃষ্ণবর্ণ চিহ্নবিশেষ।

মাজ, (প্রা) অভ্যন্তর; সার।

মাজন, (প্রা) মার্জ্জন, পরিষ্কারকরণ, দন্তক্ষালন দ্রব্যবিশেষ, মিসী।

মাজনা, (প্রা) স্বর্ণকারের যন্ত্রবিশেষ।

মাজমরা, (প্রা) মধ্যক্ষীণ, মধ্যভাগ হীন; বৃক্ষের সারভাগ নষ্ট হওয়া।

মাজল, পুং. [মাজ+ল] পক্ষিবিশেষ, চাসপক্ষী

মাজা, (প্রা) কটিদেশ, কাঁকালি; পরিষ্কার।

মাজী, (প্রা) কর্ণধার, নাবিক, নেয়ে।

মাজুন্, (বাং) মাদকতাজনক মোদকদ্রব্যবিশেষ।

মাজুরী, (প্রা) তৃণনির্ম্মিত আস্তরণবিশেষ, মন্দোদরী, মাদুর।

মাজুফল (প্রা) ক্ষুদ্রফল বিশেষ।

মাজুল, (প্রা) কর্ম্মচ্যুত, পদভ্রষ্ট. কর্ম্মহইতে অবসৃত।

মাঝ, (প্রা) মধ্যস্থল, অভ্যন্তর, ভিতর।

মাঝখান, (প্রা) মধ্যস্থল, অভ্যন্তর, ভিতর।

মাঝদাদা, (প্রা) মধ্যমভ্রাতা, মধ্যম।

মাঝামাঝি, (প্রা) মধ্যস্থলে, মধ্যস্থানে, মাঝার।

মাঝারী, (প্রা) মধ্যবিত, মধ্যম প্রকার, যাহা ন্যূন বা অতিরিক্ত নহে।

মাঝিয়া, (প্রা) গৃহতল, গৃহমধ্য, মেঝে।

মাঝী, (প্রা) নাবিক, কর্ণধার, নেয়ে।

মাঝে, (প্রা) মধ্যে অভ্যন্তরে, ভিতরে।

মাঞ্জিষ্ঠ, ন. [মঞ্জিষ্ঠা+অ] লোহিতবর্ণ, রক্তবর্ণ; (ত্রি.) রক্তবর্ণবিশিষ্ট।

মাটাম্রক, পুং. [মাট+আম্রক] বৃক্ষবিশেষ।

মাটি, (প্রা) মৃত্তিকা, মৃৎ; ভূমি।

মাটিকাটা, (প্রা) খনক; কোদালিয়া।

মাটিয়া, (প্রা) মৃত্তিকাময়, পার্থিব, মৃণ্ময়

মাটো, (প্রা) অলস; কর্ম্মেশিথিল।

মাঠ, (প্রা) বসতিরহিতভূমি, প্রান্তর, ময়দান।

মাঠর, পুং. [মঠ+অর] সূর্য্যেরপার্শ্বপরিবর্ত্তিবিশেষ; ব্যাসমুনি; বিপ্র; শৌণ্ডিক, শুঁড়ি

মাঠা, (প্রা) তক্র, ঘোল; নবনীত, মাখন।

মাড়, পুং. [মাড়+অ] বৃক্ষবিশেষ, মাড়গাছ, মাড়বৈনেী, তৎ পর্য্যায়।—মাড়াদ্রুম, দীর্ঘ, খর্জ্জবৃক্ষ, বিতানক, মদাত্রুম, (ন) অন্নাদির মণ্ড।

মাড়ন, (প্রা) মর্দ্দন, পেষণ, দলন।

মাড়ব, পুং. [মড়ু+অ] বর্ণসঙ্করজাতিবিশেষ, তীবর কন্যাতে লেটজাতী হইতে উৎপন্ন, মাল।

মাড়ান, (প্রা) মর্দ্দনকরণ, পদদ্বারা দলন।

মাড়ি, (প্রা) দন্তমূলের উপরিভাগ; দন্ত; আম্রাদির রস।

মাড্ডুক, পুং.[মড্ডুক+অ] মড্ডুনামে বাদ্যযন্ত্রবাদক, মাণ্ডুকিক, মড্ডুবাদক।

মাঢ়ি, স্ত্রী, [মহ+তি] দেশবিশেষ; পত্রশিরা; পাতারশির; দন্তবিশেষ; পত্রভঙ্গ; দৈন্য প্রকাশন; (ত্রি.) মূঢ়; জড়, দন্তের মেড়ে।

মাঢ়ী, স্ত্রী, [মহ-ক্ত+ঈ] দন্তশিরা, দাঁতেরশির

মাণক, ন. [মাণ+ক] কন্দবিশেষ, মানকচু; (পুং.) স্বনামখ্যাতবৃক্ষ, মানকচুগাছ, তৎ পর্য্যায়। স্থূলপত্র, মাণ, বৃহচ্ছদ, ছত্রপত্র।

মাণকচু, (প্রা) মূলবিশেষ।

মাণব, পুং. [মনু+অ] মনুষ্য; বালক; ষোড়শবর্ষ পর্য্যন্ত প্রথমবয়স্ক ব্রাহ্মণকুমার; হারবিশেষ, বিংশতিবষ্টিক, বিশনরহার; কুপুরুষ, কুৎসিত পুরুষ; বটু, ব্রাহ্মণ।

মাণবক, পুং. [মাণ+বক] বালক,ষোড়শবর্ষ পর্য্যন্ত প্রথমবয়স্ক ব্রাহ্মণকুমার; হারবিশেষ, বিংশতিবষ্টিক, বিশনরহার; কুপুরুষ, কুৎসিত পুরুষ; বটু, ব্রাহ্মণ।

মাণবীন, ত্রি. [মাণব+ইন্] মানব সম্বন্ধীয়।

মাণব্য, ন. [মাণব+য] শিশুসমূহ, বালকসমূহ।

মাণিক, (প্রা) রত্নবিশেষ, জওহর‍ৎ।

মাণিক্কা, স্ত্রী. [মাণ+ইক-আ] অষ্টপল পরিমাণ

মাণিক্য, ন. [মাণি+ক-য] রত্নবিশেষ,মাণিক্, তৎপর্য্যায়।—শোণরত্ন, রত্নরাট্, রবিরত্নক, শৃঙ্গারী, রঙ্গমাণিক্য, তরুণ, রত্ননামক, রাগযুক্, পদ্মরাগ, রত্ন, শোণোপল, সৌগন্ধিক, লোহিতক, কুরুবিন্দ।

মাণিক্যা, স্ত্রী, [মাণিক্য+আ] জ্যেষ্ঠী, জেঠী, টিকৃটিকী, তৎপর্য্যায়।—মুষলী, গৃহগোলিকা, গৃহগোধিকা, ভিত্তিকা, পল্লী, কুড্যমৎস্য, গৃহো লকা।

মাণিবন্ধ, ন. [মাণিবন্ধ+অ] সৈন্ধব লবণ, অক্ষারলবণ।

মাণিমন্থ, ন. [মাণিমন্থ+অ] সিন্ধুজাতলবণ, সৈন্ধবলবণ; করকচলবণ।

মাত (প্রা) দধির অসারভাগ; অসারগুড়।

মাতঙ্গ, পুং. [মাতঙ্গ+অ] হস্তী; অশ্বত্থবৃক্ষ; কিরাতজাতিবিশেষ, ব্যাধজাতি; শ্বপচ, চণ্ডাল; অর্হদুপাসকবিশেষ।

মাতঙ্গমকর, পুং. [মাতঙ্গ+মকর] মহামৎস্যবিশেষ, জলহস্তী।

মাতঙ্গী, স্ত্রী. [মাতঙ্গ+ঈ] দশ মহাবিদ্যার অন্তর্গত নবম বিদ্যা; হস্তিনী।

মাতন, (প্রা) মত্তহওন, মাতওয়ালা হওয়া; উৎসাহান্বিত হওন।

মাতনি, (প্রা) মত্ততা, মাতলামী।

মাতরপিতরৌ, পুং. [মাতৃ+পিতৃ] তাতজনয়িতৃ, পিতা ও জনী।

মাতরিশ্বা, পুং. [মাতরি+শ্বন্] বায়ু, পবন, অনিল, বাতাস।

মাতলামী, (প্রা) মত্ততা প্রকাশন, মাতলামি

মাতলি, পুং. [মাতুল+ই] ইন্দ্রসারথি।

মাতা, স্ত্রী. [মান+তৃ] মাতৃ, মা, তৎপর্য্যায়।—জনয়িত্রী, প্রসূ, জননী, সবিত্রী, জনি, জনী, জনিত্রী, অম্বা, অম্বা, অম্বিকা, অম্বালিকা, মাতৃকা; ষোড়শ প্রকার মাতৃ যথা।—স্তনদাত্রী, গর্ভধাত্রী, ভক্ষদাত্রী, গুরুপত্নী, ইষ্টদেবপত্নী বা ইষ্টদেবতা, পিতৃপত্নী, কন্যা, সহোদরাভগিনী, পুত্রপত্নী, স্ত্রীমাতা, মাতামহী, পিতামহী, সহোদরপত্নী, মাতৃভগিনী, পিতৃভগিনী, মাতুলানী; শিবের পরিবার বিশেষ, যথা।—ব্রাহ্মী, মাহেশ্বরী, ঐন্দ্রী, বারাহী, বৈষ্ণবী, কুমারী, চামুণ্ডা, চর্চ্চিকা, সপ্তমাতরো যথা।—গর্ভধারিণী, গুরুপত্নী; ব্রাহ্মণী, রাজপত্নী, গাবী, ধাত্রী, পৃথ্বী; গো; ভূমি; বিভূতি; লক্ষ্মী; রেবতী; আখুকর্ণী; ইন্দ্রবারুণী; মহাশ্রাবণী; জটামাংসী; (ত্রি.) পরিমাণকর্ত্তা।

মাতান, (প্রা) মত্তকরান, খেপান।

মাতাপিতরৌ, পুং. [মাতৃ+পিতৃ-ঔ] জননী জনক, তৎপর্য্যায়।—পিতরৌ, মাতরপিতরৌ, তাতজনয়িত্রৌ।

মাতামহ, পুং. [মাতৃ+আমহ] মাতারপিতা, মারবাপ, আজা, ঠাকুরদাদা।

মাতামহী, স্ত্রী. [মাতৃ+আমহ-ঈ] মাতামহপত্নী, মাতৃমাতা, আঈ।

মাতাল, (প্রা) মদ্যপায়ী, মত্ততাবিশিষ্ট।

মাতালী, স্ত্রী. [মাত+আলি-ঈ] মাতৃসখী, মাতৃসহচরী; মত্তাস্ত্রী।

মাতি, (প্রা) নারিকেলাদি বৃক্ষের মস্তিষ্ক, মাথি; পরিমাণ, তৌল।

মাতুল, পুং. [মাতৃ+উল] মাতৃভ্রাতা, পিতৃশ্যালক, মামা; ব্রীহিবিশেষ; মদনবৃক্ষ, ময়নাগাছ; ধুস্তুরা; সর্পবিশেষ।

মাতুলক, পুং. [মাতুল+ক] ধুস্তুরবৃক্ষ, ধুতুরাগাছ।

মাতুলপুত্রক, পুং. [মাতুল+পুত্রক] ধুস্তুরফল, ধুতুরারফল; মাতুলতনয়, মামাতোভাই।

মাতুলা, স্ত্রী. [মাতুল+আ] মাতুলপত্নী, মাতুলানী, মামী।

মাতুলানী, স্ত্রী. [মাতুল+আন-ঈ] মাতুলপত্নী, মামী; কলায়বিশেষ; ভঙ্গা; শণ; পিয়ঙ্গুবৃক্ষ।

মাতুলাহি, পুং. [মাতুল+অহি] সর্পবিশেষ, মালুয়াসাপ, ভেঁয়ুয়াটী, তৎপর্য্যায়।—মালুধান।

মাতুলী, স্ত্রী. [মাতুল+ঈ] মাতুলপত্নী, মাতুলানী, মামী; ভঙ্গা।

মাতুলুঙ্গ, পুং. [মাতুল+উঙ্গ] বীজপূর, জামীর; দাড়িম, দালিম; পেয়ারা।

মাতুলুঙ্গক, পুং. [মাতুলুঙ্গ+ক] ছোলঙ্গনেবুর বৃক্ষ; দাড়িম, দালিম, তৎপর্য্যায়।—বীজপূর, ফলপূর, রুচক, মাতুলুঙ্গ, শুফল, ফলপূরক, লুঙ্গুষ, পূরক, পূর, বীজপূর্ণ, অম্লকেশর, ছোলঙ্গ।

মাতুলুঙ্গা, স্ত্রী. [মাতুলুঙ্গ+আ] মধুকুক্কুটী; কমলানেবু।

মাতুলুঙ্গিকা, স্ত্রী. [মাতুলুঙ্গ+ইক-আ] বনবীজপূর, বনদাড়িম।

মাতৃকচ্ছিদ, পুং. [মাতৃক+ছিদ] পরশুরাম, জামদগ্নি।

মাতৃকা, স্ত্রী. [মাতৃ+ক-আ] ধাতৃকা; মাতা; দেবীবিশেষ; বর্ণমালা; করণ; স্বর; উপমাতা; মাতৃকাগণ, তৎষোড়শপ্রকার যথা।—গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, আত্মদেবতা, কুলদেবতা।

মাতৃকেশট, পুং. [মাতৃকা+ঈশট] মাতুল, মাতৃভ্রাতা, মামা।

মাতৃগুড়, (প্রা) গুড়বিশেষ, মাৎগুড়।

মাতৃঘ্ন, ত্রি. [মাতৃ+ঘ্ন] মাতৃঘাতী।

মাতৃঘাতুক, পুং. [মাতৃ+ঘাতুক] ইন্দ্র; মাতৃহত্যাকারী। [কুমার।

মাতৃনন্দন, পুং. [মাতৃ+নন্দন] কার্ত্তিকেয়,

মাতৃবন্ধু, পুং. [মাতৃ+বন্ধু] মাতৃবান্ধব, যথা।—মাতার পিসতুত ভাই, মাতার মাসতুতভাই, মাতার মামাতভাই।

মাতৃবান্ধব, পুং. [মাতৃ+বান্ধব] মাতৃবন্ধু, যথা।—মাতার পিস্তুত ভাই, মাতার মাস্তুতভাই, মাতার মামাতভাই।

মাতৃবাহিনী, স্ত্রী. [মাতৃ+বাহিন্‌-ঈ] বল্‌-গুলাপক্ষী।

মাতৃমণ্ডল, ন. [মাতৃ+মণ্ডল] নেত্রদ্বয়ের মধ্য, চক্ষুর্দ্বয়ের তারা।

মাতৃমুখ, পুং. [মাতৃ+মুখ] জড়, অজ্ঞান; সভাকুব্জ; যাহার মাতৃ তুল্য মুখ।

মাতৃশাসিত, পুং. [মাতৃ+শাসিত] মূর্খ, মূঢ়, অজ্ঞান। [মাসী।

মাতৃষসা, স্ত্রী. [মাতৃ+স্বসৃ] মাতৃভগিনী,

মাতৃষস্রেয়, পুং. [মাতৃষসৃ+এয়] মাতৃষসৃ পুত্র, মাস্তুতাভাই, তৎপর্য্যায়।—মাতৃ ষস্রীয়।

মাতৃষস্রেয়ী, স্ত্রী. [মাতৃষসৃ+এয়-ঈ] মাতৃ-ভগিনী কন্যা, মাস্তুতাভগিনী।

মাতৃষস্রীয়, পুং. [মাতৃষসৃ+ঈয়] মাতৃ-ভগিনীপুত্র, মাস্তুতভাই।

মাতৃষস্রীয়া, স্ত্রী. [মাতৃষসৃ+ঈয়-আ] মাতৃ ভগিনী কন্যা, মাস্তুতাভগিনী।

মাতৃসপত্নী, স্ত্রী. [মাতৃ+সপত্নী] বিমাতা, সৎমা।

মাতৃসিংহী, স্ত্রী. [মাতৃ+সিংহ-ঈ] বাসক, বাকসগাছ।

মাতৃহা, ত্রি. [মাতৃ+হন্‌] মাতৃঘ্ন,মাতৃঘাতী।

মাতৃহীন, ত্রি. [মাতৃ+হীন] মাতৃশূন্য, মাত রহিত। [ধারণ

মাত্র, ন. [মা+ত্র] কাৎস্ন্য, সাকল্য; অব-

মাত্রা, স্ত্রী. [মা+ত্র-আ] পরিচ্ছদ; অল্প; পরিমাণ; কর্ণভূষা; বিত্ত, অক্ষরের অবয়ব; কালবিশেষ; ইন্দ্রিয়বৃত্তি; ইন্দ্রিয়; অংশ।

মাৎ, (প্রা) দধির অসার ভাগ; অসারগুড়।

মাৎসর্য্য, ন. [মৎসর+য] মৎসরের ভাব,পর-শুভদ্বেষ, পরশ্রীকাতর।

মাৎস্যিক, ত্রি. [মৎস্য+ইক] জালিক, মৎস্য ঘাতক, জালিয়া।

মাথ, পুং. [মাথ+অ] পন্থা, পথ; মন্থন, মওয়া।

মাথট, (প্রা) বহু লোকের দান দ্বারা অর্থ সংগ্রহ, চাঁদা।

মাথা, (প্রা) মস্তক, শির, উত্তমাঙ্গ।

মাথাটানা, (প্রা) ঠেঁটা, অবাধ্য।

মাথানাড়া, (প্রা) শিরঃ কম্পন; তর্জ্জন।

মাথাপাগল, (প্রা) ঠেঁটা, অবাধ্য।

মাথামাথি, (প্রা) ঠুসাঠুসি, মস্তকে২ আঘাত; মাথাপর্য্যন্ত।

মাথাল, (প্রা) স্তম্ভের শিরোভাগ; তৃণ।

মাথুর, পুং. [মথুরা+অ] মথুরাহইতেআগত; গীতবিশেষ; মথুরাজাত নরাদি।

মাথ্‌লা, (প্রা) স্তম্ভের শিরোভাগ, মাথাল।

মাদ, পুং. [মদ+অ] দর্প; হর্ষ; মত্ততা।

মাদক, পুং. [মদ+অক] দাত্যূহপক্ষী, পানি-কৌড়ী; (ত্রি.) মত্ততাকারক দ্রব্য।

মাদন, ন. [মদন+অ] লবঙ্গ; (ত্রি.) হর্ষকার-য়িতা; (পুং.) কামদেব; মদনবৃক্ষ, ময়না-গাছ; ধুস্তূর, ধুতুরাগাছ।

মাদনী, স্ত্রী. [মাদন+ঈ] মাকন্দী; বিজয়া, সিদ্ধি; মাদক দ্রব্য।

মাদল, (প্রা) মৃদঙ্গবিশেষ; মর্দ্দল বাদ্যযন্ত্র।

মাদা, (যাং) পক্ষ্যাদির স্ত্রীজাতি।

মাদার (প্রা) বৃক্ষবিশেষ, মন্দার, পারিজাত বৃক্ষ।

মাদী, (যাং) পশ্বাদির স্ত্রীজাতি। [মন্দুরা।

মাদুর, (প্রা) তৃণনির্ম্মিত আসন বিশেষ,

মাদুলী, (প্রা) কণ্ঠভূষা বিশেষ; কবচ

মাদৃশ, ত্রি. [মৎ+সদৃশ] মৎসদৃশ, আমার তুল্য; অদৃষ্ট বিষয়।

মাদ্রী, স্ত্রী. [মদ্র+অ-ঈ] পাণ্ডুরাজপত্নী, নকুল ও সহদেবের মাতা, মদ্ররাজার কন্যা; অতিবিষালতা।

মাদ্রীপতি, পুং. [মাদ্রী+পতি] পাণ্ডুরাজা।

মাদ্রীপৃথাপতি, পুং. [মাদ্রী+পৃথা+পতি] পাণ্ডুরাজা; শ্রীকৃষ্ণ।

মাধব, পুং. [মা+ধব] বিষ্ণু লক্ষ্মীপতি।

মাধব, পুং. [মধু+অ] শ্রীকৃষ্ণ,মধুরাজবংশ্য; বসন্ত; মধুক, মৌলবৃক্ষ, কৃষ্ণমুদ্গ।

মাধবক, পুং. [মাধব+ক] মদিরাবিশেষ।

মাধ্বিকা, স্ত্রী. [মধু+ইক-আ] মাধবীলতা

মাধবী, স্ত্রী. [মধু+অ-ঈ] স্বনামখ্যাত পুষ্প-লতা, তৎপর্য্যায়।—অতিমুক্ত, পুণ্ড্রক, বাসন্তী, লতা, অতিমুক্তক, মাধবিকা, মাধবীলতা, চন্দ্রবল্লী, সুগন্ধা, ভ্রমরোৎসবা, ভৃঙ্গপ্রিয়া, ভদ্রলতা, ভূমিমণ্ডপ ভূষণা, বসন্তদূতী, লতামাধবী; মিসি; মধুশর্করা; কুট্টনী; মদিরা; তুলসী; দুর্গা; মাধবপত্নী; মধুপুর বাসিনী।

মাধবীলতা, স্ত্রী. [মাধবী+লতা] স্বনামখ্যাত পুষ্পলতা, মাধবিকা।

মাধবেষ্টা, স্ত্রী. [মাধব+ইষ্ট-আ] বারাহী-কন্দ, শূকরকন্দ।

মাধবোচিত, ন. [মাধব+উচিত] কক্কোলক, কোষফল।

মাধবোদ্ভব, পুং. [মাধব+উদ্ভব] রাজাদনী; বৈশাখোদ্ভব চম্পক, তম্মাসিকোৎসব।

মাধব্য, ত্রি. [মধু+য] বসন্ত; বসন্তকালীয়।

মাধুক, পুং. [মধু+ক] বর্ণসঙ্করজাতিবিশেষ।

মাধুকরী, স্ত্রী. [মাধুকর+ঈ] আশ্রমিকভিক্ষা বিশেষ।

মাধুমতাঃ, [মধুমৎ+অস্] কাশ্মীরদেশজাত।

মাধুর, ন. [মধুর+অ] মল্লিকা, বেলফুল; (ত্রি.) মধুরসম্ভব।

মাধুরী, স্ত্রী. [মধুর+অ-ঈ] মদ্য,মদ; মাধুর্য্য, মধুরতা।

মাধুর্য্য, ন. [মধুর+য] মধুরভাব, মধুরত্ব, মধুরতা; লাবণ্য; পাঞ্চালীরীতিবিশিষ্ট কাব্যগুণ। [কাত।

মাধুক, ত্রি. [মাধুক+অ] মিষ্টকথন; মধুক

মাধ্য, ত্রি. [মধ্য+য] মধ্যসম্বন্ধীয়।

মাধ্যন্দিন, ত্রি. [মধ্যন্দিন+অ] মধ্যম, দিবসের মধ্যভাগ, দুইপ্রহরের সময়; যজুর্ব্বেদীয় শাখাবিশেষ।

মাধ্যম, ত্রি. [মধ্যম+অ] মধ্যজাত, মধ্যম, মধ্যমীয়, মাধ্যন্দিন। [করণ।

মাধ্যস্থ্য, ন. [মধ্যস্থ+য] মধ্যস্থকরণ, শালিশী

মাধ্যাহ্নিক, ত্রি. [মধ্য+অহন-ইক] মধ্যাহ্নে কর্ত্তব্যক্রিয়া, মধ্যাহ্ন কালীন ব্যাপার।

মাধ্বক, ন. [মধু+অ-ক] মাধ্বীক, মধুজাত;

মাধ্বী, স্ত্রী. [মধু+অ-ঈ] মদ্য, মদ; মধ্বাদি কৃতাসুরা; মধুরকন্টকা মৎস্য।

মাধ্বীক, ন. [মাধ্বি+ক] মধুকপুষ্পকৃতমদ্য, তৎপর্য্যায়।—মধ্বাসব, মাধবক, মধু।

মাধ্বীকফল, পুং. [মাধ্বীক+ফল] মধুনালিকেরিক, মধুর নারিকেল।

মাধ্বীমধুরা, স্ত্রী. [মাধ্বী+মধুর-আ] মধুর খর্জ্জূরিকা, পিণ্ডীখাজুর।

মান, ন. [মা+অন] পরিমাণ, তৎপর্য্যায়।—যৌতব, দ্রুবয়, পাষ্য, পৌতব, প্রমাণ; যে সময়ে বাদ্যের তাল বিরাম হয়, গৃহ; চিত্তসমুন্নতি; আত্মাতে পূজ্যতাবুদ্ধি; অনুরক্ত দম্পতীর ভাববিশেষ; পূজ্যত্ব; প্রিয়ার অপরাধসূচিকা চেষ্টা; গ্রহ।

মানক, ন. [মান+ক] মানক, মানকচু।

মানকলি, স্ত্রী. [মান+কলি] অবজ্ঞা; মানিতা।

মানগ্রন্থি, পুং. [মান+গ্রন্থি] অপরাধ, দোষ; পাপ।

মানত, (প্রা) মাননা; অঙ্গীকার, স্বীকার।

মানধানিকা, স্ত্রী. [মান+ধানিকা] কর্কটী, কাঁকুড়।

মানন, (প্রা) পূজাকরণ, আদরকরণ, মান্য-করণ; সম্মতহওন; পালন।

মাননীয়, ত্রি. [মান+অনীয়] মান্য, পূজ্য, আদরণীয়।

মানন্তা, (প্রা) নিয়মকারী; গৃহীতব্রত।

মানব, পুং. [মনু+অ] মনুরপুত্র, মনুষ্য, নর; বাল, বালক।

মানবকাক্রীড়া, স্ত্রী. [মানবকা+ক্রীড়া] ছন্দো বিশেষ।

মানবর্জ্জিত, ত্রি. [মান+বর্জ্জিত] মানরহিত, অপমানিত; নীচ, ক্ষুদ্র; অহংকারহীন।

মানবী, স্ত্রী. [মানব+ঈ] মনুষ্য স্ত্রীজাতি, তৎপর্য্যায়।—মানুষ্যা, মানুষী, নারী; শাসন দেবতাবিশেষ; স্বায়ম্ভুব মনুর কন্যা।

মানবৌঘ, পুং. [মানব+ওঘ] তারাবিদ্যার পীঠশক্তির উত্তরে বায়ুকোণ আদি ঈশানকোণ পর্য্যন্ত পূজাগুরু পংক্তি বিশেষ।

মানব্য, ন. [মনু+য] মানবসমূহ, বহুমনুষ্য।

মানভঞ্জন, ন. [মান+ভঞ্জন] সন্তোষণ, ক্রোধাপনয়ন, মানভঙ্গ।

মানভাঙ্গন, (প্রা) মানভঞ্জন, ক্রোধভাব অপনয়ন করান।

মানরন্ধ্রা, স্ত্রী. [মান+রন্ধ্র-আ] তাম্রী, তাঁবী, ঘড়ী, সময় নির্ণয়ার্থ যন্ত্রবিশেষ।

মানস, ন. [মনস্+অ] মন, চিত্ত; সরোবর বিশেষ: (ত্রি.) মনোভব, মনোভিলাষ।

মানসজপ, পুং. [মানস+জপ] বুদ্ধিদ্বারা বর্ণশ্রেণীর উচ্চারণ, মনেং মন্ত্রস্মরণ।

মানসতীর্থ, ন. [মানস+তীর্থ] রাগাদিরহিত মনঃ, নির্ম্মল অন্তঃকরণ, শুদ্ধচিত্ত।

মানসপূজা, স্ত্রী. [মানস+পূজা] মনোরচিত দ্রব্য করণক অর্চ্চনা।

মানসব্রত, ন. [মানস+ব্রত] অহিংসাদিধর্ম্ম, মানসব্রত যথা।—অহিংসা,সত্য,অস্তেয়, ব্রহ্মচর্য্য, অকল্পতা।

মানসসরোবর, পুং.ন. [মানস+সরোবর] হিমালয়পর্ব্বতস্থ সরোবরবিশেষ। [হাঁস।

মানসালয়, পুং. [মানস+আলয়] হংস,মরাল

মানসিক, ত্রি. [মনস্+ইক] মনোভিষ্ট, মনোভিলষিত; মনোমধ্যস্থ; মনোগত, আন্তরিক।

মানসী, স্ত্রী. [মানস+ঈ] বিদ্যাদেবীবিশেষ: মনোভবা, মনোজাতা।

মানসূত্র, ন. [মান+সূত্র] স্বর্ণাদিনির্ম্মিত কটিসূত্র, গোট, বিছা, চন্দ্রহার।

মানসৌকাঃ, পুং. [মানস+ওকস্] হংস, মরাল, হাঁস; মানসসরোবরবাসী।

মানহীন, ত্রি. [মান+হীন] অপমানিত, অসম্মান; মানবর্জ্জিত।

মানহীনা, স্ত্রী. [মান+হীন-আ] অমানিনী স্ত্রী, মানশূন্যানারী, বেশ্যা, কুলটা।

মানা, (প্রা) নিষেধ, বারণ; স্বীকার আদর।

মানান, (প্রা) সম্মতকরান, স্বীকার, বুঝান; মুলিতসজ্জাকরণ।

মানিক, (প্রা) পরিমাণবিশেষ, একধারির অষ্টমাংস; রত্নবিশেষ। [শরাব, শের।

মানিকা, স্ত্রী. [মান+ইক-আ] মদ্য, মদ;

মানিতা, স্ত্রী. [মানিন্+ত-আ] অহঙ্কার।

মানিনী, স্ত্রী. [মান+ইন্-ঈ] কলীবৃক্ষ, মানবতী, মানযুক্তা।

মানী, ত্রি. [মান+ইন্] মানবিশিষ্ট, সিংহ, কেশরী।

মানুষ, পুং. [মনুষ+অ] মনুষ্য, মর্ত্ত্য, নর।

মানুষিক, ত্রি. [মনুষ+ইক] মনুষ্যেরকর্ম্মাদি, মানুষের কর্ম্ম, মানবক্রিয়া।

মানুষী, স্ত্রী. [মানুষ+ঈ] মনুষ্য স্ত্রীজাতি, মনুষ্যী, নারী, মানবী; চিকিৎসাবিশেষ।

মানুষ্য, ন. [মনুষ্য+অ] মনুষ্যত্ব, মনুষ্যের ভাব; মনুষ্যশরীর, মনুষ্যদেহ।

মানুষ্যক, ন. [মনুষ্য+ক] মনুষ্যসমূহ, মানব বৃন্দ।

মনোজ্ঞক, ন. [মনোজ্ঞ+ক] মনোজ্ঞতা, মনোভীষ্টতা

মান্দাস, (প্রা) দ্রোণী, ভেলা, উড়ুপ, প্লব।

মান্দ্য, ন. [মন্দ+য] রোগ; মন্দতা; জড়তা; অবেগতা; হ্রাসতা, অল্পতা।

মান্ধাতা, পুং. [মান্+ধাতৃ] যুবনাশ্বরাজপুত্র, তৎপর্য্যায়।—যুবনাশ্বজ।

মান্য, ত্রি. [মন+য] কথনার্চ্চ্য, মাননীয়, তৎপর্য্যায়।—বাক্যপূজ্য,প্রতীক্ষ্য, ভগবান্, ভট্টারক

মান্যস্থান, ন. [মান্য+স্থান] সমাদরকারণ; সম্মানের পাত্র।

মান্যা, স্ত্রী. [মান্য+আ] মরুন্মালা, বায়ুসমূহ; পূজ্যা, শ্রেষ্ঠা, আদরণীয়া।

মাপ, (প্রা) পরিমাণ, ওজন,তৌল; ঝোঁকা; ইতরভাষা পরীহার।

মাপক, ত্রি. [মাপ+অক] পরিমাণকর্ত্তা,ওজন কারী। [কন্দর্প।

মাপত্য, পুং. [মা+অপত্য] কামদেব, মদন,

মাপন, পুং. [মা+অন] তুল; (ন.) পরিমাণ, ওজন

মাফ, (যাং) পাপমোচন; ক্ষমা।

মাম, পুং. [মা+অম] মাতুল, মাতৃভ্রাতা, মামা।

মামক, ত্রি. [মম+ক] মদীয়, মৎসম্বন্ধীয়,

মামকীন, ত্রি. [মামক+ঈন] মদীয়, মৎসম্বন্ধীয়।

মামড়ী, (প্রা) নাসিকামল; ক্ষতরোগের শুষ্ক চর্ম্ম, শুকনাচামড়া।

মামলা, (বাং) বিষয়, ব্যাপার, কর্ম্ম।

মামা, (প্রা) মাতুল, মাতৃভ্রাতা।

মামাশুর, (প্রা) মদশুর।

মামাতুয়া, (প্রা) মাতুলসম্বন্ধীয়, মাতুলসম্পর্কীয়।

মামী, (প্রা) মাতুলপত্নী, মাতুলানী, মাতুলী।

মায়, পুং. [মা+য়] পীতাম্বর, পীতবস্ত্র; অসুর; সমষ্টিসহিত।

মায়া, স্ত্রী. [মা+য-আ] ইন্দ্রজালাদি, ভেল্কী, তৎপর্য্যায়।—শাম্বরী, ইন্দ্রজালিক, কুহক, কুসৃতি, শাম্বরি, সাম্বরী; বুদ্ধি; কৃপা; দম্ভ; শঠতা; রাজারদিগের ক্ষুদ্র উপায়বিশেষ; লক্ষ্মী; বুদ্ধমাতা; দুর্গা; বিসদৃশ প্রতীতি সাধন; অঘটঘটনপটিয়সী; ঈশ্বরশক্তি, তস্যানামানি যথা।—প্রকৃতি, অবিদ্যা, অজ্ঞান, প্রধান, শক্তি, অজা।

মায়াকার, পুং. [মায়া+কার] ঐন্দ্রজালিক, বাজীকর, তৎপর্য্যায়।—প্রাতিহারিক, প্রতিহারিক।

মায়াকারী, পুং. [মায়া+কারিন্] ঐন্দ্রজালিক, প্রাতিহারিক, বাজিকর।

মায়াকৃৎ, পুং. [মায়া+কৃৎ] মায়াকার, ঐন্দ্রজালিক, বাজীকর।

মায়াজীবী, পুং. [মায়া+জীবিন্] প্রাতিহারিক, ঐন্দ্রজালিক, বাজীকর।

মায়াতি, পুং. [মায়া+অতি] নরবলি; স্নেহকারী; কুহকী। [কুমীর।

মায়াদ, পুং. [মায়া+দা-অ] কুম্ভীর, নক্র,

মায়াদেবীসুত, পুং. [মায়া+দেবী-সুত] বুদ্ধ।

মায়ান, (প্রা) মায়াজন্মান, স্নেহকরণ, ভুলান।

মায়াফল, ন, [মায়া+ফল] ফলবিশেষ, মাইফল, তৎপর্য্যায়।—মায়িফল, মায়িক, ছিদ্রাফল, মায়ি। [পত্নী।

মায়াবতী স্ত্রী. [মায়া+বৎ-ঈ] রতি, কাম-

মায়াবণিক, ত্রি. [মায়া+বণিক] পরপ্রতা-

মায়াবান্, পুং. [মায়া+বৎ] কংসরাজ, কংসাসুর; (ত্রি.) মায়াযুক্ত।

মায়াবিনী, স্ত্রী. [মায়া+বিন্-ঈ] মায়াযুক্তা স্ত্রী, কুহকিনী।

মায়াবী, পুং. [মায়া+বিন্] মায়াকার, বাজীকর তৎপর্য্যায়।—ব্যংসক, মায়ী, মায়িক, ঐন্দ্রজালিক; বিড়াল।

মায়ামোহ, পুং. [মায়া+মোহ] বিষ্ণু দেহ নির্গত অসুরমোহকপুরুষবিশেষ।

মায়াসীতা, স্ত্রী. [মায়া+সীতা] যোগদ্বারা অগ্নিকর্ত্তৃক কৃত সীতার প্রতিমূর্ত্তি।

মায়াসুত, পুং. [মায়া+সুত] বুদ্ধ।

মায়িক, ন. [মায়া+ইক] মায়াফল, মাইফল, মায়িকা, মাত্রকা; (পুং.) মায়াকার, ঐন্দ্রজালিক, বাজীকর।

মায়ী, পুং. [মায়া+ইন্] মায়াকার, ঐন্দ্রজালিক, বাজীকর, তৎপর্য্যায়।—ধূর্ত্ত, বঞ্চক, ব্যংসক, কুহক, দাণ্ডাজিনিক, জালিক।

মায়ু, পুং. [মা+য়ু] পিত্ত; ধাতুবিশেষ।

মায়ুরাজ, পুং. [মায়ু+রাজ] কুবেরপুত্র।

মায়ূর, [ময়ূর+অ] ময়ূরসমূহ, ময়ূরের পাল; (ত্রি.) ময়ূর সম্বন্ধীয়।

মায়ূরিক, পুং. [মায়ূর+ইক] ময়ূরগ্রাহী, ময়ূরগ্রহণকর্ত্তা।

মায়ূরী, স্ত্রী. [মায়ূর+অ-ঈ] অজমোদা, উগ্রগন্ধা।

মার, পুং. [মৃ+অ] মৃতি, মরণ; কামদেব; বিঘ্ন; মারণ; ধুস্তুর, ধুতুরা।

মারক, পুং. [মার+অক] মরক, মড়ক, তৎপর্য্যায়।—মারি, উৎপাত; পক্ষিবিশেষ, বাজ, তৎপর্য্যায়।—ঘাতিপক্ষী, গ্রাহক; (ত্রি.) মারণকর্ত্তা।

মারকুটিয়া, (প্রা) মারণস্বভাববিশিষ্ট।

মারজিৎ, পুং. [মার+জিৎ] বুদ্ধ, লোকজিৎ জিন; শিব।

মারণ, ন. [মৃ+অন] বধ; অভিচারবিশেষ প্রহারণ, আঘাতকরণ; (পুং.) কামদেব

মারণার্হ, ত্রি. [মারণ+অর্হ] বধযোগ্য, বধ্য

মারণেচ্ছা, স্ত্রী. [মারণ+ইচ্ছা] বধেচ্ছা; প্রহারকরণেচ্ছা।
মারন্বক, (প্রা) সাংঘাতিক, নাস্তু, মর্ত্তব্য।
মারপেঁচ, (প্রা) ষড়যন্ত্র, চাতুরী, কেরকার।
মারা, (প্রা) আঘাতকরণ; প্রহারকরা।
মারাত্মক, (প্রা) প্রাণঘাতক, প্রাণহিংসক; কামতুল্য ভাববিশিষ্ট।
মারামারি, (প্রা) পরস্পর প্রহারকরণ; যুদ্ধ।
মারি, স্ত্রী. [মৃ+ই] মারণ, বধ; বর্ষ; জনক্ষয়, তৎপর্য্যায়।—মারক, মরক, উৎপাত।
মারিচিক, ত্রি. [মরিচ+ইক] মরিচদ্বারা সংস্কৃত। [কৃত।
মারিত, পুং. [মৃ+ত] নষ্টীকৃত; ভস্মী-
মারিব্যসনবারক, পুং. [মারি+ব্যসন-বারক] রাজর্ষিবিশেষ।
মারিষ, পুং. [মৃষ+অ] নাট্যোক্তিতে শ্রেষ্ঠ; তণ্ডুলীয়শাকবিশেষ, (হিং.) মরসা, তৎপর্য্যায়।—কন্বর, মার্ষিক।
মারিষা, স্ত্রী. [মারিষ+আ] দক্ষমাতা, দক্ষজননী; বার্ক্ষী, বৃক্ষকন্যা, দশপ্রচেতাপত্নী।
মারী, স্ত্রী. [মৃ+অ-ঈ] চণ্ডী; জনক্ষয়, মরক; মাহেশ্বরীশক্তি।
মারীচ, পুং. [মরীচ+অ] রাক্ষসবিশেষ, ভারকট উপদ্বীপবাসী তাড়কারাক্ষসীপুত্র, রাবণানুচর, সীতাহরণ সময়ে মায়ামৃগরূপ নিশাচর; কশ্যপমুনি; কক্কোলক, এলাইচ; যাজকব্রাহ্মণ; রাজহস্তী।
মারীচী, স্ত্রী. [মারীচ+ঈ] দেবতাবিশেষ, মায়াদেবী, তৎপর্য্যায়।—ত্রিমুখা, বজ্রকালিকা, বিকটা, বজ্রবারাহী, গৌরী, পোত্রিরথা। [ক্ষয়াশঙ্কা।
মারীভয়, পুং. [মারী+ভয়] মরকভয়, জন-
মারু, (প্রা) রাগবিশেষ।
মারুণ্ড, পুং. [মরুণ্ড+অ] সর্পাণ্ড, সাপের ডিম্ব; রাস্তা, পথ; গোময়মণ্ডল।
মারুত, পুং. [মরুৎ+অ] বায়ু, বাতাস।
মারুতব্রত, ন. [মারুত+ব্রত] রাজধর্ম্মবিশেষ। [মান্; ভীমসেন।
মারুতাপহ, পুং. [মারুত+আপহ] বরুণবৃক্ষ; (ত্রি.) বায়ুনাশক।
মারুতাশন, পুং. [মারুত+অশন] সর্প, পবনাশন (ত্রি.) বায়ুমাত্র ভক্ষক।
মারুতি, পুং. [মরুত+ই] হনুমান; ভীমসেন।
মার্ক, পুং. [মার্ক+অ] ভৃঙ্গরাজ, ভীমরাজ।
মার্কটপিপীলিকা, স্ত্রী. [মার্কট+পিপীলিকা] কৃষ্ণবর্ণ পিপীলিকাবিশেষ।
মার্কণ্ড, পুং. [মৃকণ্ডু+অ] মার্কণ্ডেয়মুনি, মৃকণ্ডুমুনিপুত্র।
মার্কণ্ডিকা, স্ত্রী. [মার্কণ্ড+ইক-আ] লতাবিশেষ, (হিং) ভুইখখ্‌সা, কাকরোল বিশেষ, তৎপর্য্যায়।—ভূমিচরী, মার্কণ্ডী, মৃদুরেচনী।
মার্কণ্ডীয়, ন. [মার্কণ্ড+ঈয়] ভূম্যাহ্লা লতা, (হিং) ভূক্রিতখড়্।
মার্কণ্ডেয়, পুং. [মৃকণ্ডু+এয়] মুনিবিশেষ, মৃকণ্ডুমুনিরপুত্র। [রাজ
মার্কব, পুং. [মর্ক+অব] ভৃঙ্গরাজ; ভীম-
মার্কর, পুং. [মার্ক+অর] ভৃঙ্গরাজ, ভীমরাজ।
মার্গ, পুং. [মৃগ+অ] পন্থা, পথ; গুদ, গুহ্যদেশ, তৎপর্য্যায়।—পায়ু, তনুহ্রদ, অপান; মৃগমদ; মার্গশীর্ষমাস, অগ্রহায়ণ; অন্বেষণ; মৃগশিরানক্ষত্র; বিষ্ণু।
মার্গক, পুং. [মৃগ+অক] অগ্রহায়ণমাস; (ত্রি.) অন্বেষক।
মার্গণ, ন. [মার্গ+অন] অন্বেষণ, তৎপর্য্যায়।—সমীক্ষণ, বিচয়ন, মৃগণা, মৃগ; যাচ্ঞা, প্রার্থনা; প্রণয়, সৌহার্দ্দ; (ত্রি.) যাচক, ভিক্ষুক; (পুং.) শর, বাণ; যাচক
মার্গণক, পুং. [মার্গণ+ক] যাচক, ভিক্ষুক
মার্গধেনু, পুং. [মার্গ+ধেনু] যোজনপরিমাণ, চারিক্রোশ পরিমাণ। [ক্রোশ।
মার্গধেনুক, ন. [মার্গ+ধেনুক] যোজন, চারি
মার্গপালী, স্ত্রী. [মার্গ+পাল-ঈ] কুশকাশময়স্তম্ভ, কুশকাশাদি নির্ম্মিত থাম।
মার্গবিদ্যা, স্ত্রী. [মার্গ+বিদ্যা] সঙ্গীতবিদ্যা, গীতবিদ্যা; পথ নির্ম্মাণাদিক সাংকে-

মার্গশিরঃ, পুং. [মার্গ+শিরস্] মার্গশীর্ষ-মাস, অগ্রহায়ণ ।

মার্গশীর্ষ, পুং. [মার্গ+শীর্ষ] অগ্রহায়ণ মাস, তৎপর্য্যায় ।—সহাঃ, মার্গ, আগ্রহায়ণিক, মার্গশিরঃ, সহ ।

মার্গিক, ত্রি. [মার্গ+ইক] মৃগহন্তা; পথিক, পান্থ । [সন্ধান ।

মার্গিত, ত্রি. [মার্গ+ইত] অন্বেষিত, কৃতানু-

মার্গ্য, ত্রি. [মার্গ+য] মার্জ্জনীয়, পরিষ্কৃতণীয় ।

মার্ঘ্য, (প্রা) মহার্ঘ্য, দুর্ম্মূল্য, আক্রা ।

মার্জ্জ, পুং. [মৃজ+অ] বিষ্ণু; রজক, ধোপা; মার্জ্জন, মাজা ।

মার্জ্জন, ন. [মার্জ্জ+অন] গাত্রমার্জ্জনীদ্বারা অঙ্গনির্ম্মলীকরণ, মাজা, তৎপর্য্যায় ।—মার্ষ্টি, মাষ্টী, মার্জ্জনা, মৃজা, মার্জ্জ, মার্জ্জা; স্নানবিশেষ; (পুং.) লোধ্রবৃক্ষ, লোধগাছ; শ্বেতলোধ্র; রক্তলোধ্র; ক্ষমাকরণ ।

মার্জ্জনা, স্ত্রী. [মার্জ্জন+আ] মার্জ্জন, পোঁছন; মুরজধ্বনি; ক্ষমা ।

মার্জ্জনার্হ, ত্রি. [মার্জ্জনা+অর্হ] ক্ষমাযোগ্য; পরিষ্কার্য্য । [খাংরা ।

মার্জ্জনী, স্ত্রী. [মার্জ্জন+ঈ] সম্মার্জ্জনী, ঝাঁটা,

মার্জ্জনীয়, ত্রি. [মার্জ্জন+অনীয়] মার্জ্জনযোগ্য, মার্জ্য; অগ্নি; শোধন ।

মার্জ্জা, (প্রা) পরিবর্ত্ত, বিনিময়, বদল ।

মার্জ্জার, পুং. [মৃজ+আর] রক্তচিত্রক, রাঙ্গা-চিতাগাছ; বিড়াল; খট্টাস, খটাস ।

মার্জ্জারক, পুং. [মার্জ্জার+ক] ময়ূর, শিখী, কলাপী; বিড়ালবৎ শব্দকারী ।

মার্জ্জারকণ্ঠ, পুং. [মার্জ্জার+কণ্ঠ] ময়ূর, শিখী, কলাপী ।

মার্জ্জারকর্ণিকা, স্ত্রী. [মার্জ্জার+কর্ণিকা]চামুণ্ডা, চর্চ্চিকা, চর্ম্মমুণ্ডা ।

মার্জ্জারকর্ণী, স্ত্রী. [মার্জ্জার+কর্ণ-ঈ] চামুণ্ডা, চর্চ্চিকা, কর্ণমোটি । [পর্ণী ।

মার্জ্জারগন্ধা, স্ত্রী. [মার্জ্জার+গন্ধ-আ] মুদ্গ-

মার্জ্জারগন্ধিকা, স্ত্রী. [মার্জ্জার+গন্ধিকা] মুদ্গপর্ণীবিশেষ ।

মার্জ্জারী, স্ত্রী. [মার্জ্জার+ঈ] কস্তূরী, মৃগমদ; জন্তুবিশেষ, গন্ধগকুল, খাটাসী, তৎপর্য্যায় ।—পূতিকা, পূতিকজ, গন্ধচেলিকা; স্ত্রীজাতি বিড়াল ।

মার্জ্জারীয়, পুং. [মার্জ্জার+ঈয়] বিড়াল; শূদ্র; কায়শোধন, দেহশুদ্ধি ।

মার্জ্জাল, পুং. [মৃজ+আল] মার্জ্জার, বিড়াল ।

মার্জ্জালীয়, পুং. [মার্জ্জাল+ঈয়]বিড়াল; শূদ্র; কায়শোধন, দেহশুদ্ধি ।

মার্জ্জিত, ত্রি. [মার্জ্জ+ইত] শোধিত, পরিষ্কৃত; তীক্ষ্ণীকৃত, প্রখর, ধারাল ।

মার্জ্জিতা, স্ত্রী. [মার্জ্জিত+আ] রসালা, দধিখণ্ডমধুসর্পির্ম্মরিচাদি কৃত কর্পূরাদিবাসিতসদ্ভক্ষ্যদ্রব্যবিশেষ; (ত্রি.) শোধিত, পরিষ্কৃত ।

মার্ত্তণ্ড, পুং. [মৃতণ্ড+অ] সূর্য্য; অর্কবৃক্ষ; শূকর ।

মার্ত্তণ্ডবল্লভা, স্ত্রী. [মার্ত্তণ্ড+বল্লভ-আ] আদিত্যভক্তা; সূর্য্যপত্নী ।

মার্ত্তিক, পুং. [মৃত্তিকা+ইক] শরাব, শরা; (ত্রি.) মৃত্তিকানির্ম্মিত ।

মার্দ্দঙ্গ, ন. [মৃদঙ্গ+অ] পত্তন; (ত্রি.) মৃদঙ্গবাদক ।

মার্দ্দঙ্গিক, ত্রি. [মৃদঙ্গ+ইক] মৃদঙ্গবাদক, তৎপর্য্যায় ।—মৌরজিক, স্বার্ঙ্গিক, ঔর্দ্ধ্বিক ।

মার্দ্দব, ন. [মৃদু+অ] পরদুঃখ প্রদর্শনহেতু পীড়াবুদ্ধি, মৃদুতা; (পুং.) বর্ণশঙ্করজাতি বিশেষ; কুঁড়ে ।

মার্ষ, পুং. [মৃষ+অ] নাট্যোক্তিতে শ্রেষ্ঠ; মারিষশাক ।

মার্ষিক, পুং. [মৃষ+ইক] মারিষশাক ।

মার্ষ্টি, স্ত্রী. [মৃজ+তি] মার্জ্জন; তৈলম্রক্ষণ, তৈলমাখা; পরিষ্কারকরণ ।

মাল, পুং. [মা+লা-অ] জাতিবিশেষ, ম্লেচ্ছবৎজাতি, ব্যালগ্রাহী; মালা; জিন; দেশবিশেষ, মেদিনীপুর প্রদেশে মালভূমি খ্যাত; বিষ্ণু; (ন.) ক্ষেত্র; কপট; বন; (বাং) দ্রব্য সামগ্রী । [পদ্ম ।

মালক, পুং. [মাল+ক] নিম্ববৃক্ষ; (ন.) স্থল-

মালকা, স্ত্রী. [মাল+ক-আ] মালা, মালা ।

মালকোশ, পুং. [মাল+কৌশ] রাগবিশেষ, কৌশিক, ষষ্ঠরাগের মধ্যে দ্বিতীয়রাগ, অস্য স্বরূপং যথা।—পাটলবর্ণ পুরুষ, নীলপরিচ্ছদ, যষ্টিহস্ত, যৌবন মদমত্ত, স্ত্রীসহিত হাস্য কৌতুকান্বিত, শক্রমস্তক মাল্যগল, অথবা বৃহন্মুক্তা মালাগল; অস্যরাগিণ্যো যথা।—গৌরী, টোরী, গুণকরী, খম্বাবতী, কোকভা; অস্য অষ্টপুত্রা যথা।—মারু, মেবাড়, বড়হংস, প্রবল, চন্দ্রক, মন্দ, ভ্রমর, মুখর; অষ্টপুত্র ভার্য্যা যথা।—ধনাশ্রী, মালশ্রী, জয়তশ্রী, সুঘোরায়ী, দুর্গা, গান্ধারী, ভীমপলাশী, কামোদী।

মালগুঞ্জরী, (প্রা) রাগিণীবিশেষ।

মালগুজারী, (যাং) জমীরখাজানা।

মালচক্রক, ন. [মাল+চক্রক] সক্থুরুপর্ব্ব সন্ধি, মালাইচাকি, হাঁটুরগ্রন্থি। [বাটিকা।

মালঞ্চ, (প্রা) পুষ্পোদ্যান, পুষ্পবন, পুষ্প-

মালতী, স্ত্রী. [মাল+অত-ঈ] স্বনামখ্যাত পুষ্পলতা, তৎপর্য্যায়:—সুমনা, জাতি, সুমনাঃ, জাতী; যুবতী; কাচমালী; বিশল্যা; জ্যোৎস্না; নিশা; নদীবিশেষ।

মালতীতীরজ, পুং. [মালতী+তীর-জ] টঙ্কণ।

মালতীতীরসম্ভব, ন. [মালতী+তীর-সম্ভব] শ্বেতটঙ্কণ।

মালতীপত্রিকা, স্ত্রী. [মালতী+পত্রিকা] জাতী পত্রী, জৈত্রী। [জায়ফল।

মালতীফল, ন. [মালতী+ফল] জাতীফল,

মালতীমাধব, পুং. [মালতী+মাধব] সংস্কৃত নাটকগ্রন্থবিশেষ।

মালব, পুং. [মালু+অব] অবন্তিদেশ, (হিং) মালওয়া; রাগবিশেষ, ষষ্ঠ রাগের মধ্যে প্রথমরাগ, ভৈরবরাগ।

মালবিকা, স্ত্রী. [মালব+ইক-আ] ত্রিবৃৎ।

মালবী, স্ত্রী. [মালব+ঈ] রাগিণীবিশেষ, মালবরাগেরস্ত্রী; মদ্ররাজমহিষী, সাবিত্রী মাতা।

মালয়, পুং. [মলয়+অ] চন্দনবৃক্ষ; (ত্রি.) মলয়পর্ব্বত সম্বন্ধীয়।

[illegible]

মালসী, স্ত্রী. [মালস+ঈ] কেশপুষ্পবৃক্ষ; রাগিণীবিশেষ, মালবরাগের পত্নী।

মালা, স্ত্রী. [মাল+আ] শ্রেণী, তৎপর্য্যায়।—রাজি, লেখা, ততী, বীচী, আলী, আবলি, পঙ্‌ক্তি, ধারণী; মস্তকে অর্পিত পুষ্পসমূহ, তৎপর্য্যায়।—মালা, স্রক্, মালিকা, মালাকা, মালকা, গণনিকা, গুণান্বিকা; নারিকেলাদির খোল; কণ্ঠভূষণবিশেষ, হার। [দুগ্ধের সর।

মালাই, (প্রা) জাতিবিশেষ; নাবিক; দধি।

মালাকণ্ট, পুং. [মালা+কণ্ট] অপামার্গ, আপাংগাছ।

মালাকন্দ, পুং. [মালা+কন্দ] মূলবিশেষ, তৎপর্য্যায়।—আবিলকন্দ, ত্রিশিখিদলা, গ্রন্থিদলা, পাদিকন্দ, কন্দলতা।

মালাকর, পুং. [মালা+কর] পুষ্পাজীবী, মালী।

মালাকা, স্ত্রী. [মালা+ক-আ] মালা, শ্রেণী, পঁক্তি; মাল্য; (পুং.) উপদ্বীপবিশেষ।

মালাকার, পুং. [মালা+কার] বর্ণসঙ্করজাতিবিশেষ, মালী, তৎপর্য্যায়।—মালিক, মালাকর, পুষ্পাজীবী, বনার্চ্চক, পুষ্পলাব, পুষ্পলাবক।

মালাগ্রন্থি, পুং. [মালা+গ্রন্থি] দূর্ব্বাবিশেষ, মালাদূর্ব্বা, গাঁটিয়াদূর্ব্বা।

মালাতৃণ, ন. [মালা+তৃণ] ভূতৃণ, গন্ধখড়।

মালাতৃণক, ন. [মালা+তৃণক] ভূতৃণ, গন্ধখড়।

মালাদূর্ব্বা, স্ত্রী. [মালা+দূর্ব্বা] দূর্ব্বাবিশেষ, গাঁঠিয়াদূর্ব্বা, তৎপর্য্যায়।—বলিদূর্ব্বা, অলিদূর্ব্বা, মালাগ্রন্থি, গ্রন্থিলা, গ্রন্থিদূর্ব্বা, শূলগ্রন্থি, বেল্লনী, গ্রন্থিমূলা, রোহৎপর্ব্বা, পর্ব্ববল্লী, শিবাখ্যা।

মালাফল, ন. [মালা+ফল [illegible] মালা; জপমালা।

মালামী, (প্রা) মল্লক্রীড়া, [illegible]

মালারিষ্টা, স্ত্রী. [মালা+অ [illegible] বিশেষ, পাঠা, (হিং) পক্কে [illegible]

মালালিকা, স্ত্রী. [মাল [illegible]] পৃক্কা, পিড়িংশাক।

মালাঞ্চী, স্ত্রী. [মালা+অল-ঈ] পৃক্কা, পিড়িং শাক।

মালি, পুং. [মাল+ই] সুকেশীরাক্ষস পুত্র; বর্ণসঙ্করজাতিবিশেষ।

মালিক, পুং. [মালা+ইক] মালাকার, মালী; পক্ষিবিশেষ; রঞ্জক; মল্লিকাপুষ্পবিশেষ; অধিকারী, সত্ত্ববান্; অধিপতি, অধ্যক্ষ।

মালিকা, স্ত্রী. [মালা+ইক-আ] সপ্তলা, নবমল্লিকাপুষ্প; বৃক্ষবিশেষ, পুত্রী; গ্রীবালঙ্কার; পুষ্পমাল্য; নদীবিশেষ; সুরা, মদ; ক্ষুমা।

মালিনী, স্ত্রী. [মালা+ইন্-ঈ] মাতৃকাবিশেষ; ছন্দোবিশেষ; মালিকপত্নী, মালাকারের স্ত্রী; গৌরী; চাপানগরী; মন্দাকিনী; নদীভেদ; অগ্নি শিখাবৃক্ষ; দুরালভা।

মালিন্য, ন. [মলিন+য] মলিনত্ব, মলিনতা; অপরিষ্কার, ময়লা।

মালী, পুং. [মালা+ইন্] মালাকার, মালাজীবী; সুকেশীরাক্ষসপুত্র।

মালু, পুং. [মাল+উ] পত্রলতা; নারী, স্ত্রী।

মালুধান, পুং. [মালু+ধান] মাতুলাহি, মালুয়াসাপ; অষ্টনাগান্তর্গতনাগবিশেষ।

মালুধানী, পুং. [মালু+ধান-ঈ] লতাবিশেষ।

মালূক, পুং. [মাল+উক] কৃষ্ণার্জক, কেলেজিরে।

মালূর, পুং. [মা+লূ-র] বিল্ববৃক্ষ; কপিত্থবৃক্ষ, কতবেলগাছ।

মালেয়া, স্ত্রী. [মালা+এয়-আ] স্থূলৈলা, বড়এলাইচ।

মালো (প্রা) ধীবর, জেলিয়া।

মাল্য, ন. [মালা+য] পুষ্প; পুষ্পস্রক্, ফুলেরমালা; মস্তকে অর্পিত পুষ্প সমূহ।

মাল্যকর, পুং. [মাল্য+কর] মালাকার, পুষ্পাজীবী, মালী।

মাল্যচন্দন, ন. [মাল্য+চন্দন] শুভকর্ম্মার্থে পূজনীয়ব্যক্তিদিগের মাল্যচন্দন প্রদান।

মাল্যপুষ্প, পুং. [মাল্য+পুষ্প] শণবৃক্ষ, শণের গাছ। [শণপুষ্পী।

মাল্যপুষ্পিকা, স্ত্রী. [মাল্য+পুষ্পিকা]

মাল্যবান্, পুং. [মাল্য+বৎ] পর্ব্বতবিশেষ, কেতুমাল ও ইলাবৃত বর্ষের সীমাপর্ব্বত; রাক্ষসবিশেষ, সুকেশীরাক্ষসেরপুত্র, রাবণের মাতামহ।

মাল্ল, পুং [মল্ল+অ] বর্ণসঙ্কর জাতি বিশেষ, মাল, লেট এবং তীবর কন্যায়াংজাত।

মাল্লবী, স্ত্রী [মল্লব+অ-ঈ] মল্লযাত্রা।

মালসা (প্রা) মৃণ্ময়পাত্র বিশেষ, মৃণ্ময় ক্ষুদ্র পাত্র।

মালসাট (প্রা) স্পর্দ্ধা, আস্পর্দ্ধা; দম্ভ, বিক্রম।

মাশব্দিক, ত্রি. [মা+শব্দিক] নিষেধকর্ত্তা, নিবারক, তৎপর্য্যায়।—প্রতি রোদ্ধা।

মাষ, পুং. [মষ+অ] ব্রীহিবিশেষ, মাষ কলাই, উরিদ্, তৎপর্য্যায়।—কুরুবিন্দ, ধান্যবীর, বৃষাকর, মাংসল, বলাঢ্য, পিত্র্য, পিতৃভোজন; পরিমাণ বিশেষ, মাষা, তৎপর্য্যায়।—মাষক, মাষ, মাস, হেম, ধানক; মূর্খ; ত্বগ্দোষ বিশেষ।

মাষক, পুং [মাষ+ক] মাসক, পঞ্চরত্তিক পরিমাণ, পাঁচরতি।

মাষকলায়, পুং. [মাষ+কলায়] স্বনামখ্যাত শস্য, ব্রীহিকলাই, মাষকলাই।

মাষপর্ণী, স্ত্রী. [মাষ+পর্ণ-ঈ] বনমাষ, মাষাণী, তৎপর্য্যায়।—হয়পুচ্ছী কাম্বোজী, মহাসহা, সিংহপুচ্ছী, ঋষিপ্রোক্তা, কৃষ্ণবৃন্তা, পাণ্ডুলোমশপর্ণিনী, আর্দ্রমাষা, মাংসমাষা, মঙ্গল্যা, হয়পুচ্ছিকা, হংসমাষা, অশ্বপুচ্ছা, পাণ্ডুরা মাষপর্ণিকা, কল্যাণী, বজ্রমূলী, শালিপর্ণী, বিশারিণী, আত্মোদ্ভবা, বহুফলা, স্বয়ম্ভূ, সুলভা, ঘনা, সিংহবিন্না, বিশাচিকা।

মাষবর্দ্ধক, পুং. [মাষ+বর্দ্ধক] স্বর্ণকার, সেকরা।

মাষভক্তবলি, পুং. [মাষভক্ত+বলি] মাষকলায় তণ্ডুল দধিমিশ্রিত পূজোপহার বিশেষ।

মাষশস্ বা, [মাষ+শস্] প্রতিমাষ, মাসেং।

মাষাদ পুং. [মাষ+অদ] কচ্ছপ, কাছিম; (ত্রি.) মাষ ভক্ষক। [কলায়ের ক্ষেত।

মাষীণ, ন. [মাষ+ঈণ] মাষক্ষেত্র, মাষ

মাষ্য, ন. [মাষ+য] মাষক্ষেত্র, মাষ কলায়ের ক্ষেত।

মাস্, পুং. [মা+অস্] চন্দ্র; মাস, মাসা।

মাস, পুং. [মাস্+অ] মাষপরিমাণ, মাষা; শুক্ল কৃষ্ণপক্ষদ্বয়াত্মককাল, রবির এক রাশিস্থিত কাল, ত্রিংশদ্দিন; অকাল; চন্দ্র।

মাসক, পুং. [মাস+ক] মাষক পরিমাণ, পঞ্চগুঞ্জাপরিমাণ।

মাসজ্ঞ, পুং. [মাস+জ্ঞ] দাত্যূহপক্ষী, পানিকৌড়ী; (ত্রি.) মাসজ্ঞাতা, মাসবেত্তা।

মাসন, ন. [মাস্+অন] সোমরাজী, সোমরাজ।

মাসপ্রমিত, পুং. [মাস+প্রমিত] নবশশী।

মাসবর্ত্তিকা, স্ত্রী. [মাস+বর্ত্তিকা] সর্বপীপক্ষীবিশেষ। [মাস।

মাসবৃদ্ধি, স্ত্রী. [মাস+বৃদ্ধি] মলমাস, অধিমাসমান, পুং. [মাস+মান] বৎসর, দ্বাদশমাসাত্মক; (ন.) মাসপরিমাণ।

মাসমাহিনা (প্রা) মাসের দেয় বেতন, মাসিক বেতন।

মাসর, পুং. [মস্+অর] ভক্তসমুদ্ভবমণ্ড, ভাতের মাড়, তৎপর্য্যায়।—আচাম, নিঃস্রাব।

মাসান্ত, পুং. [মাস+অন্ত] অমাবস্যা; সংক্রান্তি দিন।

মাসাল, (প্রা) পীবর, স্থূল, অধিকমাংসযুক্ত, মোটা।

মাসাসী, (প্রা) মাসীশাশুড়ী, শাশুড়ীর-ভগিনী।

মাসিক, ন. [মাস+ইক] সম্বৎসরের মধ্যে প্রতিমাসে প্রেতের মৃততিথি কর্ত্তব্য শ্রাদ্ধ; প্রতিমাস কর্ত্তব্য কৃষ্ণপক্ষ নিমিত্ত শ্রাদ্ধ, তৎপর্য্যায়।—অন্বাহার্য্য; (ত্রি.) মাসসম্বন্ধীয়।

মাসী, (প্রা) মাতৃভগিনী, মাতৃষ্বসা।

মাস্তুতা, (প্রা) চক্ষুরকুলী, ছানী।

মাস্ড়ী, (প্রা) শ্মশ্রু, দাড়ী।

মাস্তুর, (বাং) বিখ্যাত।

মাস্তুরী, স্ত্রী. [মস্তুর+ঈ] শ্মশ্রু, দাড়ী।

মাসুল, (বাং) রাজস্ব, কর, খাজনা।

মাস্‌ড়া, (প্রা) মাসিক বেতন, প্রতিমাসে দেয়, মাসের কর্ত্তব্য কর্ম্ম।

মাস্তুতা, (প্রা) মাতৃষ্বসৃ সম্পর্কীয়, মাতার ভগিনী সম্বন্ধীয়।

মাস্তুর, (বাং) বৃহৎ নৌকার উপরিস্থপালি দণ্ডবিশেষ।

মাস্তুল, (বাং) জাহাজের উপরিস্থ উচ্চস্তম্ভ।

মাস্ম, ব্য. [মা+স্ম] বারণ, নিবারণ, তৎপর্য্যায়।—মা, অল।

মাস্য, ত্রি. [মাস+য] মাসসম্বন্ধীয়।

মাহ, (প্রা) ত্রিংশদ্দিনাত্মককাল, মাস।

মাহন, পুং. [মা+হন] ব্রাহ্মণ, ভূদেব।

মাহা, স্ত্রী. [মা+হন-আ] গাভী; মাস।

মাহাকুল, ত্রি. [মহাকুল+অ] মহাকুলোদ্ভব, সৎকুলোদ্ভব।

মাহাকুলীন, ত্রি. [মহা+কুলীন] মহাকুলোদ্ভব, সৎবংশ্য।

মাহাত্ম্য, ন. [মহাত্মন্+য] মহাত্মতা, মহিমাবিশিষ্ট, মহত্ত্ব।

মাহানামিক, পুং. [মহানাম+ইক] মহানামে ঋক্‌বেত্তা ব্রাহ্মণ।

মাহানাম্নিক, ত্রি. [মহানামন্+ইক] মহানামে ঋক্‌বেত্তা ব্রাহ্মণ।

মাহিন, ন. [মহ+ইন] রাজ্য, রাজত্ব।

মাহিনা, (বাং) মাসিকবেতন, মাসের দেয়।

মাহির, পুং. [মাহ+ইর] ইন্দ্র, শক্র, দেবরাজ।

মাহিষ, ত্রি. [মহিষ+অ] মহিষ দুগ্ধাদি; মহিষী দুগ্ধে উৎপন্ন ঘৃতাদি।

মাহিষিক, পুং. [মহিষ+ইক] মহিষীপতি, ব্যভিচারিণীতেঅনুরক্তপতি; মহিষোপজীবী; ভগদ্বারোপার্জ্জিত স্ত্রীধনোপজীবী, বেশ্যাধনোপজীবী; দেশবিশেষ।

মাহিষ্য, পুং. [মহিষ+য] বর্ণসঙ্করজাতি বিশেষ, বৈশ্যার গর্ব্ভে ক্ষত্রিয় হইতে জাত।

মাহুত, (প্রা) মহামাত্র, হস্তিপক, হস্তিপালক, আধোরণ।

মাহেন্দ্র, পুং. [মহেন্দ্র+অ] শুভদণ্ডক্ষণবিশেষ; (ত্রি.) মহেন্দ্রসম্বন্ধীয়।

মাহেন্দ্রী, স্ত্রী. [মহেন্দ্র+অ-ঈ] ইন্দ্রাণী, শচী; গাভী।

মাহেয়, ত্রি. [মহী+এয়] মহীপুত্র, মঙ্গল, কুজ; উপদ্বীপবিশেষ।

মাহেয়ী, স্ত্রী. [মহী+এয়-ঈ] গৌ, গাভী।

মাহেশী, স্ত্রী. [মহেশ+অ-ঈ] দুর্গা, মহাদেবী।

মাহেশ্বরী, স্ত্রী. [মহেশ্বর+অ-ঈ] যবতিক্তিকা; দুর্গা; মাতৃকাবিশেষ; বিষ্ণু।

মাক্ষিক, ন. [মক্ষিকা+অ] মধু; নীলবর্ণমধ্যগ মক্ষিকাকৃত তৈলবর্ণ মধু; ধাতুবিশেষ, (হিং) ধাতুমাখী, তৎপর্য্যায়।—মাক্ষীক, পীতক, ধাতুমাক্ষিক, তাপিচ্ছ, তাপাক, তাপ্য, আপীত, পীতমাক্ষিক, আবর্ত্ত মধুধাতু, ক্ষৌদ্রধাতু, মাক্ষিকধাতু, কদম্ব, চক্রনাম, অজনামক, ইহা দ্বিবিধ যথা।—স্বর্ণমাক্ষিক, রৌপ্যমাক্ষিক; মক্ষিকাজাত।

মাক্ষিকজ, ন. [মাক্ষিক+জন্-অ] শিক্থক, মোম।

মাক্ষিকফল, পুং. [মাক্ষিক+ফল] মধুনালিকেরিক, মধুনারিকেল।

মাক্ষিকাশ্রয়, ন. [মাক্ষিক+আশ্রয়] শিক্থক, মোম।

মাক্ষীক, ন. [মক্ষিকা+ঈক] মধু, পুষ্পরস।

মাক্ষীকশর্করা, স্ত্রী. [মাক্ষীক+শর্করা] শিতাখণ্ড, মধুজাত শর্করা।

মিছরী, (বাং) গুড়বিকারবিশেষ, মিসরী।

মিছা, (প্রা) অসত্য, অনৃত, অলীক।

মিজাজ, (বাং) স্বভাব, আচরণ; রীতি।

মিটন, (প্রা) মোচন; পরিষ্কার করণ; নিষ্পাদন, থামান।

মিটা, (প্রা) মিষ্টরস, মধুর, স্বাদু।

মিটান, (প্রা) নিষ্পত্তিকরণ, ভঞ্জন, ঘুচান, চুকান।

মিটমিটিয়া, (প্রা) অনুজ্জ্বল, কিঞ্চিৎ প্রকাশ; অন্তর্দুষ্ট, খল।

মিঠা, (প্রা) মধুর; মিষ্টরসযুক্ত।

মিঠাই, (প্রা) মিষ্টদ্রব্য; মিষ্টরসযুক্ত খাদ্য-

মিঠান, (প্রা) উত্তমস্থান, অলবণাম্বুদেশ; মধুরতা।

মিত, ত্রি. [মা+ত] পরিমিত; শব্দিত; ক্ষিপ্ত।

মিতঙ্গম, পুং. স্ত্রী. [মিতং+গম] হস্তী; (ত্রি.) পরিমিতগামী।

মিতদ্রু, পুং. [মিত+দ্রু] সমুদ্র, জলধি, সাগর।

মিতব্যয়ী, ত্রি [মিত+ব্যয়িন্] পরিমিতব্যয়ী, অল্পব্যয়ী।

মিতভাষী, ত্রি. [মিত+ভাষিন্] অল্পভাষী, সংক্ষেপবক্তা, পরিমিতবাক্য বক্তা।

মিতম্পচ, ত্রি. [মিতং+পচ-অ] কৃপণ, অদাতা, ব্যয়কুণ্ঠ; (ত্রি.) পরিমিত পাককর্ত্তা।

মিতা, (প্রা) বন্ধু, সুহৃৎ, সখা।

মিতাচার, পুং. [মিত+আচার] বিহিতাচার, বিধিবোধিত আচরণ।

মিতাশন, ত্রি. [মিত+অশন] পরিমিতভোজী, অল্পাহারী।

মিতাক্ষরা, স্ত্রী. [মিত+অক্ষর-আ] স্মৃতিগ্রন্থবিশেষ; মৈথিলধর্ম্মশাস্ত্র।

মিতি, ত্রি. [মা+তি] মান, পরিমাণ; বিজ্ঞান; অবচ্ছেদ।

মিত্র, ন. [মিদ্+ত্র] শত্রুর পর; বন্ধু, মিতা, তৎপর্য্যায়।—সখা, সুহৃৎ, তচ্চতুর্বিধ, যথা।—সহার্থ, ভজমান, সহজ, কৃত্রিম; (পুং.) সূর্য্য।

মিত্রতা, স্ত্রী. [মিত্র+ত-আ] বন্ধুতা সখ্য, সৌহার্দ্দ।

মিত্রনামা, পুং. [মিত্র+নামন্] একনামা, তুল্যনামা।

মিত্রবৎসল, ত্রি. [মিত্র+বৎসল] মিত্রপ্রিয়, তৎপর্য্যায়।—মিত্রয়ু।

মিত্রয়ু, ত্রি. [মিত্র+য়ু] মিত্রবৎসল, মিত্রপ্রিয়; (পুং.) লোকযাত্রিক।

মিত্রযুদ্ধ, ন. [মিত্র+যুদ্ধ] সুহৃজ্জনের সহিত সংগ্রাম, তৎপর্য্যায়।—মৈত্রেয়িকা।

মিত্রলব্ধি, স্ত্রী. [মিত্র+লব্ধি] সুহৃৎপ্রাপ্তি, মিত্রলাভ।

মিত্রলাভ, পুং. [মিত্র+লাভ] সুহৃৎপ্রাপ্তি, বন্ধুলাভ।

মিত্রশীঃ, ত্রি. [মিত্র+শাস্] সুহৃৎশাস্তা, মিত্র-

মিত্রসপ্তমী, স্ত্রী. [মিত্র+সপ্তমী] অগ্রহায়ণ শুক্লাসপ্তমী।   [মিত্রপত্নী।
মিত্রা, স্ত্রী. [মিত্র+আ] সুমিত্রা, শত্রুঘ্নজননী;
মিত্রাক্ষর, ন. [মিত্র+অক্ষর] পদের প্রতি-চরণের অন্তে অভিন্ন অক্ষর।
মিত্রোপকার, পুং. [মিত্র+উপকার] মিত্রের উপকার, বন্ধুর সহায়তা।
মিথঃ, ব্য. [মিথ+অস্] অন্যোন্য, পরস্পর; রহঃ, নির্জ্জন, বিরল।
মিথি, পুং. [মিথ+ই] নিমিরাজপুত্র, জনক-রাজা।
মিথিলা, স্ত্রী. [মিথ+ইল-আ] স্বনাম খ্যাত নগরী, জনকরাজপুরী, বিদেহ, তিরহুত।
মিথুন, ন. [মিথ+উন] স্ত্রীপুরুষের যুগ্ম, তৎ-পর্য্যায়।—দ্বন্দ্ব; যুগল, যুগ্ম; যুগ; মেষাদি দ্বাদশ রাশ্যন্তর্গত তৃতীয়রাশি, তৎপর্য্যায়।—জিতুম।
মিথ্যা, ব্য. [মিথ+য-অ] অসত্য, মিছা, তৎপর্য্যায়।—মৃষা, বিতথ, অনৃত; অধর্ম্ম পত্নী।
মিথ্যাচার, ত্রি. [মিথ্যা+আচার] কপটাচার, দাম্ভিক।
মিথ্যাদৃষ্টি, স্ত্রী. [মিথ্যা+দৃষ্টি] কর্ম্মফলাপ-বাদক জ্ঞান, (ত্রি.) মিথ্যাবুদ্ধি বিশিষ্ট, তৎপর্য্যায়।—নাস্তিকতা, অসত্য দর্শন।
মিথ্যাধ্যবসিতি, স্ত্রী. [মিথ্যা+অধ্যবসিতি] মিথ্যাধ্যবসায়, অসত্যোৎসাহ, অলীক উৎসাহ।
মিথ্যানিরসন, ন. [মিথ্যা+নিরসন] শপথ, দিব্য।
মিথ্যাপত্তি, স্ত্রী. [মিথ্যা+আপত্তি] মিথ্যা প্রতিবন্ধক, অসত্য দোষ।
মিথ্যাবাদী, ত্রি. [মিথ্যা+বাদিন্] অসত্যবাদী, অনৃতবাদী।
মিথ্যাভিযোগ, পুং. [মিথ্যা+অভিযোগ] মিথ্যাবাদ, অলীক দোষারোপ, অসত্য নালিশ, তৎপর্য্যায়।—অভ্যাখ্যান।
মিথ্যাভিশংসন, ন. [মিথ্যা+অভিশংসন] তুমি স্বর্ণ চুরি করিয়াছ এবম্প্রকার দূষণ
মিথ্যাভিশঙ্কা, স্ত্রী. [মিথ্যা+অভিশঙ্কা] অকা-রণ ভয়, অনর্থক ত্রাস।
মিথ্যাভিশাপ, পুং. [মিথ্যা+অভিশাপ] মিথ্যাপবাদ, মিথ্যা দূষণ বাক্য।
মিথ্যামতি, স্ত্রী. [মিথ্যা+মতি] ভ্রম, ভ্রান্তি; অসত্যবুদ্ধি, মিথ্যাজ্ঞান।
মিথ্যাসাক্ষী, ত্রি. [মিথ্যা+সাক্ষিন্] কূটসাক্ষী, জালসাক্ষী।
মিথ্যোত্তর, ন. [মিথ্যা+উত্তর] চারি প্রকার উত্তরের মধ্যে উত্তরবিশেষ, যথা।—ইহা মিথ্যা, আমি জানি নাই, আমি সে স্থলে থাকি নাই, সেই কালে আমি জন্মাই নাই।
মিনতি, (প্রা) বিনয়, স্তব; প্রার্থনা।
মিন্মিনে, ত্রি. (প্রা) সানুনাসিক বাক্য বিশিষ্ট, খোনা; অনুজ্জ্বল।
মিমঙ্কু, ত্রি. [মসজ্+উ] স্নানেচ্ছু।
মিয়ানা, (যাং) যানবিশেষ, পাল্কী।
মির্গি, (প্রা) রোগবিশষ, ভ্রমীরোগ।
মিল, (প্রা) সংযোগ; সন্ধি; সম্প্রীতি।
মিলক, (প্রা) সন্ধিকারী. মিলিত হইতে অনু-রাগী; মিসক।
মিলন, (প্রা) একত্র হওন, মিশন, ঐক্যহওন।
মিলান, (হি) একত্রকরান, মিশান; ঘটান; তুল্যকরা।
মিলাপ, (হিং) আলাপ, পরিচয়।
মিলাপী. (প্রা) আলাপী, প্রণয়ী; সংযোগী।
মিলিত, ত্রি. [মিল+ইত] শ্লিষ্ট, সম্বন্ধবিশিষ্ট, যুক্ত, সংলগ্ন।
মিলমিলা (প্রা) রোগবিশেষ; হাম।   [ওন।
মিশন (প্রা) মিশন, একত্র হওন, সংযুক্ত হ-
মিশান (প্রা) মিলন, একত্র করণ, সংযোজন।
মিশাল (প্রা) মিশ্রিত, সংযুক্ত; যোগ।
মিশি, স্ত্রী. [মিশ+ই] মধুরিকা, মৌরি; শতপুষ্পা; জটামাংসী; (প্রা) দন্তশোধন দ্রব্যবিশেষ, মঞ্জন।
মিশী, স্ত্রী. [মিশি+ঈ] জটামাংসী; মধুরিকা, মৌরি; (প্রা) দন্তশোধনদ্রব্যবিশেষ, মঞ্জন।
মিশ্র, ন [মিশ্র+অ] চাণক্যমূলক; মিশ্রিত;

সংযুক্ত; উগ্রাদি সপ্তগণান্তর্গত সপ্তম-গণ, কৃত্তিকা বিশাখা যুক্ত; উপাধি-বিশেষ; দেশবিশেষ।

মিশ্রক, ন. [মিশ্র+ক] দেবোদ্যান, ঔষর-লবণ; (পুং) মিশ্রকারক।

মিশ্রকাবন, ন. [মিশ্রকা+বন] ইন্দ্রের উ-দ্যান, নন্দনবন, কন্দসার।

মিশ্রজ, পুং. [মিশ্র+জন্-অ] খেচর, খচর; অশ্বতরাদি।

মিশ্রণ, ন. [মিশ্র+অন] সংযোজন, একত্রী করণ, মিশান।

মিশ্রপুষ্পা, স্ত্রী. [মিশ্র+পুষ্প-আ] মে-থিকা, মেথী।

মিশ্রবর্ণ, ন. [মিশ্র+বর্ণ] কৃষ্ণাগুরু; (ত্রি.) নানাবর্ণ যুক্ত।

মিশ্রবর্ণফলা, স্ত্রী.[মিশ্রবর্ণ+ফল-আ]বার্ত্তাকু, বেগুণ।

মিশ্রব্যবহার, পুং. [মিশ্র+ব্যবহার] কুল-মেল; একত্র ব্যবহার; অঙ্কবিশেষ।

মিশ্রণীয়, ত্রি. [মিশ্র+অনীয়] মিশ্রিত করি-বার যোগ্য, মিশাইবার উপযুক্ত।

মিশ্রশব্দ, পুং. [মিশ্র+শব্দ] অশ্ববিশেষ, খেচর, খচর।

মিশ্রিত, ত্রি. [মিশ্র+ইত] গৌরবিত; মিলিত, সংযোজিত, একত্রিত।

মিশ্রিতভাষা, স্ত্রী. [মিশ্রিত+ভাষা] বিভিন্ন-দেশীয় ভাষার মিলনে উৎপন্ন ভাষা।

মিশ্রিতা, স্ত্রী. [মিশ্রিত+আ]নন্দাদি সপ্তধা সংক্রান্তির অন্তর্গত সংক্রান্তি বিশেষ; মিলিতা।

মিশ্রেয়া, স্ত্রী. [মিশ্র+এয়-আ] মধুরিকা, মৌরি; শাকবিশেষ, শতপুষ্পা, শলুকা তৎপর্য্যায়।—তাম্রপর্ণী,তালপর্ণী,মিষি, শালেয়া, শীতশিবা, শালীনা, বনজা, অবাকৃপুষ্পী, মধুরিকা, ছত্রা, সংহিত পুষ্পিকা, সুপুষ্পা, সুরসা, বলা, শতা-হ্বা, মধুরা, কারবী, মিসি, অতিচ্ছত্রা, সংহিতচ্ছত্রিকা, সিতচ্ছত্রা।

মিষ, ন. [মিষ+অ] ছল, কাপট্য; (পুং.)

মিষি, স্ত্রী. [মিষ+ই] জটামাংসী; মধুরিকা, মৌরি; শতপুষ্পা,শলুকা; (প্রা) দন্তশোধন বিশেষ, মঞ্জন।

মিষিকা, স্ত্রী. [মিষি+ক-আ] ঔষধি-বিশেষ, জটামাংসী।

মিষ্ট, ত্রি. [মিষ্+ত] সিক্ত; স্পর্দ্ধিত; (পু.) মধুর রস, সুস্বাদু, মিঠা।

মিষ্টতা, স্ত্রী. [মিষ্ট+ত-আ] মাধুর্য্য, মধুরতা, মিষ্টরস।

মিষ্টপাক, পুং. [মিষ্ট+পাক] শর্করারস পক্ক ফলাদি, মোরব্বা।

মিষ্টবক্তা (প্রা) মিষ্টবাদী, মিষ্টভাষী।

মিষ্টান্ন, ন. [মিষ্ট+অন্ন] মধুরদ্রব্য, পায়-সাদি; মিঠাই।

মিসরী (বাং) গুড়বিকার, মিছরী।

মিসি, স্ত্রী. [মিস+ই] মধুরিকা, মৌরি; জটা মাংসী; শতপুষ্পা, শলুকা; উশীরী; অজমোদা; (প্রা) দন্তশোধন দ্রব্যবিশেষ, মঞ্জন।

মিসী, স্ত্রী. [মিসি+ঈ] মধুরিকা, মৌরি; জটামাসী; শতপুষ্পা, শলুকা; উশীরী; অজমোদা; (প্রা) দন্তশোধনদ্রব্য,মঞ্জন।

মিহনৎ, (বাং) পরিশ্রম।

মিহিকা, স্ত্রী. [মিহ+ইক-আ] নীহার, হিম, শিশির।

মিহির, পু; [মিহ+ইর] সূর্য্য; অর্কবৃক্ষ, আকন্দগাছ; বৃদ্ধ; মেঘ; বায়ু; চন্দ্র; বিক্র-মাদিত্য রাজার নবরত্নের মধ্যে এক রত্ন বিশেষ।

মিহিরাণ, পুং. [মিহির+অন] শিব, মহা দেব।

মিহীন্, (বাং) সূক্ষ্ম।

মীঢ়, ত্রি. [মিহ+ত] মূত্রিত, প্রস্রাবিত।

মীঢ়ুষ্টম, পুং. [মীঢ়ুস্+তম] সূর্য্য; মহাদেব; চৌর।

মীঢ়ান্, পুং. [মীঢ়+উস্] শিব, মহাদেব।

মীন, পুং. [মী+ন] মৎস্য, মাছ; মেষাদি দ্বাদশরাশ্যন্তর্গতশেষরাশি, তৎপর্য্যায়।— অন্ত্য; ভগবানের দশাবতারান্তর্গত

মীনকেতন, পুং. [মীন+কেতন] কন্দর্প, মদন, কামদেব।

মীনগোধিকা, স্ত্রী. [মীন+গোধিকা] জলাশয়, সরোবর।

মীনঘাতী, পুং. [মীন+ঘাতিন্] বক, ক্রৌঞ্চপক্ষী; (ত্রি) মৎস্যঘাতক।

মীননেত্রা, স্ত্রী. [মীন+নেত্র-আ] গণ্ডদূর্ব্বা, গাঁটিয়াদূর্ব্বা।

মীনর, পুং [মীন+রা-অ] হারক, হাঙ্গর।

মীনরঙ্ক, পুং. [মীন+রঙ্ক] মৎস্যাশন পক্ষী, মাচরাঙ্গা, মৎস্যরঙ্গ।

মীনা, (বাং) কাচকুপী; নীলরঙ্গ; আকাশ; তুতিয়া।

মীনা, স্ত্রী. [মীন + আ] উষারকন্যা, কশ্যপের স্ত্রী।

মীনাঘাতী. পুং [মীন+আঘাতিন্] কুরুঙ্কর, বক, জালিক।

মীনাণ্ড, ন. [মীন+ অণ্ড] মৎস্যাণ্ড, মাছের ডিম। [চিনী।

মীনাণ্ডী, স্ত্রী. [মীন+অণ্ড-ঈ] শর্করা,

মীনাম্রীণ, পুং. [মীন+আম্রীণ] দদ্রুরাম্র।

মীনালয়, পুং. [মীন+আলয়] সমুদ্র, সাগর, জলধি; নদ, নদী, সরোবরাদি।

মীনাক্ষী, স্ত্রী [মীন+অক্ষি-ঈ] মৎস্যাক্ষী, গণ্ডদূর্ব্বা, গাঁটিয়া দূর্ব্বা; কুবের কন্যা।

মীবর, ত্রি. [মী+বর] হিংস্র, হিংসক; সেনানী; পূজ্য।

মীবা, পুং. [মী+বন্] বায়ু; (স্ত্রী.) উদরকৃমি; শীকর, জলবিন্দু, অম্বুকণা।

মীমাংসক, পুং. [মীমাংসা+অক] মীমাংসাশাস্ত্রবেত্তা, তৎপর্য্যায়।—সিদ্ধান্তকারী, নিষ্পত্তিকারী।

মীমাংসনীয়, ত্রি. [মীমাংসা+অনীয়] সিদ্ধান্তনীয়, নিষ্পত্তির যোগ্য।

মীমাংসা, স্ত্রী. [মান্+স-আ] ষড়্দর্শনান্তর্গত দর্শনশাস্ত্রবিশেষ, তৎপর্য্যায়।—বিচারণা; সিদ্ধান্ত; নিষ্পত্তি।

মীমাংসিত, ত্রি. [মীমাংসা + ইত] বিচা-

মীমাংস্য, ত্রি. [মীমাংসা+য] মীমাংসনীয়, নিষ্পত্তিযোগ্য।

মীয়াদ, (বাং) অঙ্গিকার, নির্ব্বাহের সময়।

মীর, (বাং) প্রধানব্যক্তি।

মীরশিকার, (বাং) শশাদন. বাজপক্ষী।

মীর, পুং. [মী+র] সমুদ্র, সাগর; পর্ব্বতের একদেশ; সীমা; পানীয়; (প্রা) নিকটস্থ, (বাং) হজরৎনাম বিশেষ।

মীল, ন. [মীল+অ] বন, কানন অরণ্য।

মীলন, ন. [মীল+অন] পক্ষ্মাবরণ, চক্ষুর আবরণ, চক্ষুর পালট।

মীলিত, ত্রি. [মীল+ইত] অপ্রফুল্ল, তৎপর্য্যায়।—সঙ্কুচিত, নিদ্রাণ, মুদ্রিত।

মু, পুং. [মুচ+উ] বন্ধন, বাঁধা; মহেশ।

মুকদ্দমা, (বাং) ব্যবহরণ; বিচারপক্ষ।

মুকাবিলা, (বাং) অভিমুখে কথন।

মুকন্দক, পুং. [মুকন্দ+অক] সুকন্দক, পলাণ্ডু পাঁাজ

মুকুটী, পুং. [মুকুট+ইন্] মুকুটধারী

মুকু, পুং. [মুচ+কু] মুক্তি, মোক্ষ, পরিত্রাণ।

মুকুট, ন. [মুক+উট] স্বনামখ্যাত শিরোভূষণবিশেষ, চূড়, তৎপর্য্যায়।—কিরীট, মৌলি, কোটীর, উষ্ণীষ, মকুট, মৌলীক শেখর, অবতংস, বতংস, উত্তংস উষ্ণীষক, কোটীরক। [মটকান।

মুকুটী, স্ত্রী. [মুকুট+ঈ] অঙ্গুলিমোটন,

মুকুন্দ, পুং. [মুকুং+দা-অ] বিষ্ণু; মুক্তিদাতা; নিধিবিশেষ; রত্নবিশেষ; কুন্দুরুবৃক্ষ; কুঁদফুলেরগাছ; পারদ, পারা।

মুকুন্দক, পুং. [মুকুন্দ+ক] সুকন্দক, পলাণ্ডু, পাঁাজ; ষষ্টিকব্রীহি। [ফুলের গাছ।

মুকুন্দু, পুং. [মুকুন্দ+উ] কুন্দুরুবৃক্ষ, কুঁদ-

মুকুম্ ব্য. [মুক+উম্] নির্ব্বাণ, মুক্তি; ভক্তিরস; প্রেম।

মুকুর, পুং. [মুক+উর] দর্পণ, আর্শি; বকুলবৃক্ষ; কুলালদণ্ড; মল্লিকাপুষ্পবৃক্ষ কুলবৃক্ষ; কোরক, মুকুল, ঈষদ্বিকসিত, কলিকা।

মুকুল, পুং.ন. [মুচ+উল] ঈষদ্বিকসিত

মকুল, পৌটকোরক, কোরক; শরীর; আত্মা।

কুলিত, ত্রি. [মুকুল+ইত] মুকুলোদ্গম, কলিকোৎপত্তি, কুঁড়ীধরণ।

কুষ্ট, পুং. [মুকু+ষ্টৈ-অ] বনমুদ্গ, তৎপর্য্যায় মপষ্ট; মটর।

কুষ্টক-ষ্ঠক, পুং. [মুকুষ্ট+ক] বনমুদ্গ, মুগানী, বনমুগ, তৎপর্য্যায়।—ময়ষ্টক, মুকুষ্ঠ, ময়ষ্ঠ, মপষ্টক, মমুপষ্টক, মকুষ্টক, ময়ুষ্টক।

কুলক, পুং. [মুক+উল-ক] দন্তিবৃক্ষ।

ক্ত, ত্রি. [মুচ+ত] প্রাপ্তমোক্ষ; মোচিত, উদ্ধৃত; নন্দিত।

ক্তক, ন. [মুক্ত+ক] ক্ষেপণীয় অস্ত্রবিশেষ, বড়শা প্রভৃতি শস্ত্র; খোলা।

ক্তকচ্ছ, পুং. [মুক্ত+কাছ] বুদ্ধধর্ম্মাবলম্বী; (ত্রি.) খোলাকাছা

ক্তকঞ্চুক, পুং.] মুক্ত+কঞ্চুক] অচিরত্যক্তত্বক্‌সর্প, অল্প দিন খোলাস ছাড় সর্প, তৎপর্য্যায়।—নির্ম্মুক্ত; (ত্রি.) উজ্ঝিতকঞ্চুক ধর্ম্মাপরিত্যক্ত।

মুক্তকণ্ঠ. ব্য. [মুক্ত+কণ্ঠ] উচ্চৈঃস্বরেণ, মহানাদেন।

মুক্তকেশী, স্ত্রী. [মুক্ত+কেশ-ই] আলুলায়িতকেশা স্ত্রী; কালী, শিবানী।

মুক্তচক্ষুঃ, পুং. [মুক্ত+চক্ষুস্] সিংহ, কেশরী (ত্রি.) মুক্তনেত্র, উন্মীলিত নয়ন।

মুক্তব, (বাং) পুস্তকাগার।

মুক্তরসা, স্ত্রী. [মুক্ত+রস-আ] লতাবিশেষ, রাস্না, (হিং.) রাসনূলতা; (ত্রি.) ত্যক্তরস। [বদান্য, দাতা।

মুক্তহস্ত, ত্রি. [মুক্ত+হস্ত] দানশীল,

মুক্তা, স্ত্রী. [মুচ্+ত-আ] রাস্না, রাসনূলতা; রত্নবিশেষ, (হি.) মোতি, তৎপর্য্যায়।—মৌক্তিক, সৌম্যা, শৌক্তিকেয়, তার, তারা, তৌতিক, অন্তঃসার, শীতল, নীরজ, নক্ষত্র, ইন্দুরত্ন, লক্ষ্মী, লক্ষ, মুক্তাফল, বিন্দুফল, মুক্তিকা. মঞ্জর, মঞ্জরি, মঞ্জরী, শৌক্তেয়, শুক্তিজ, হিম, হিমবল, হেমবল, সুধাংশুভ, ভূরুহ, সুধাংশুরত্ন, শৌক্তিক, শুক্তিবীজ, হারী, কুবল।

মুক্তাকলাপ, পুং. [মুক্তা+কলাপ] মুক্তা হার, মুক্তারমালা।

মুক্তাগার, ন. [মুক্তা+আগার] শুক্তি, ঝিনুক, মৌক্তিকগৃহ, মুক্তার ঘর।

মুক্তাদাম, ন. পুং. [মুক্তা+দামন্] মুক্তাহার, মুক্তারমালা।

মুক্তাপুষ্প, পুং. [মুক্তা+পুষ্প] কুন্দপুষ্প, কুঁদফুল।

মুক্তাপ্রসূ, স্ত্রী. [মুক্তা+প্রসূ] শুক্তি, ঝিনুক।

মুক্তাপ্রলম্ব, পুং. [মুক্তা+প্রলম্ব] মুক্তাহার, মুক্তারমালা।

মুক্তাফল, ন. [মুক্তা+ফল] কর্পূর; মৌক্তিক, মুক্তা; লবলীফল, লোয়াইড়ফল; বোপদেবকৃত গ্রন্থবিশেষ; আতৃপ্য, আতা।

মুক্তাবলী, স্ত্রী. [মুক্তা+আবলী] মুক্তাহার, মুক্তামালা, মুক্তাশ্রেণী।

মুক্তামুক্ত, ত্রি. [মুক্ত+আমুক্ত] ক্ষিপ্তাক্ষিপ্ত।

মুক্তালতা, স্ত্রী. [মুক্তা+লতা] মুক্তাহার মুক্তাবলী, মুক্তামালা।

মুক্তাস্ফোট, পুং. [মুক্তা+আস্ফোট] শুক্তি।

মুক্তাস্ফোটা, স্ত্রী. [মুক্তা+আস্ফোট-আ] শুক্তি, শম্বূক, ঝিনুক।

মুক্তাহার, ন. [মুক্তা+হার] মুক্তামালা. মতির হার।

মুক্তি, স্ত্রী. [মুচ+ক্তি] আত্যন্তিক দুঃখনিবৃত্তি; নিত্য সুখব্যাপ্তি; শরীর ও ইন্দ্রিয় দ্বারা আত্মার মুক্তত্ব, তৎপর্য্যায়। কৈবল্য, নির্ব্বাণ, শ্রেয়ঃ, নিঃশ্রেয়স, অমৃত, মোক্ষ, অপবর্গ, অপুনর্ভব, স্থির অক্ষর; পঞ্চবিধা মুক্তি যথা।—সার্ষ্টি, সালোক্য, সারূপ্য, সাযুজ্য নির্ব্বাণ।

মুক্তিদ, ন. [মুক্তি+দা-অ] ভগবানের নামবিশেষ, বিষ্ণু, নারায়ণ; (ত্রি.) মুক্তি-

মুক্তিমণ্ডপ, পুং. [মুক্তি+মণ্ডপ] বিশ্বেশ্বরের দক্ষিণ পার্শ্বস্থ মণ্ডপবিশেষ; শ্রীজগন্নাথদেবের মন্দিরের দক্ষিণ পার্শ্বস্থ মণ্ডপবিশেষ।

মুক্তিমুক্ত, পুং. [মুক্তি+মুক্ত] শিহ্লক।

মুক্তীচ্ছুক, ত্রি. [মুক্তি+ইচ্ছুক] মুক্তীচ্ছাকারী মুমুক্ষু।

মুক্ত্যভিলাষী, ত্রি. [মুক্তি+অভিলাষিন্] মুমুক্ষু, মুক্তীচ্ছুক।

মুখ, ন. [মুখ্+অ] শরীরের অবয়ববিশেষ, মুখবিবর, তৎপর্য্যায়।—বক্ত্র, আস্য, বদন, তুণ্ড, আনন, লপন; নিঃসরণ; গৃহের নিষ্ক্রমণ প্রবেশনপথ, গৃহাদির দ্বারপ্রবেশ; হট্টমণ্ডপাদিরপ্রদেশ নির্গম; গৃহাঙ্গনাদির নিঃসরণ পথ; প্রারম্ভ; উপায়; সন্ধিবিশেষ; নাটকাদির শব্দ; আদ্য;প্রধান; শব্দ; নাটক; বেদ; (পুং) ডহু, লকুচ. লিকুচ, ডেউয়া।

মুখকটু, ত্রি. [মুখ+কটু] মুখর; দুর্ম্মুখ; নিন্দক। [প্যাঁজ।

মুখগন্ধক, পুং. [মুখ+গন্ধক] পলাণ্ডু,

মুখঘণ্টা, স্ত্রী. [মুখ+ঘণ্টা] হুলহুলী, ধ্বনি। [শেষ।

মুখচপলা, স্ত্রী. [মুখ+চপলা] ছন্দোবি-

মুখচারী, স্ত্রী. [মুখ+চার+ঈ] জিহ্বা, রসনা, জিব্।

মুখচোরা, (প্রা) লজ্জাশীল, লাজুক, সভাকুব্জ।

মুখছোব, (প্রা) মুখচোরা।

মুখ্তার্, (যাং) কর্ম্মচারীবিশেষ।

মুখ্তারনামা, (যাং) লিখন, দলিল দ্বারা অন্যকে অধিকার দত্ত।

মুখজ, পুং. [মুখ+জন্-অ] ব্রাহ্মণ; (ত্রি) মুখজাত, মুখ হইতে উৎপন্ন

মুখতস্, অ. [মুখ+তস্] মুখহইতে।

মুখতীয়, ত্রি. [মুখতস্+ঈয়] মুখসম্বন্ধীয়

মুখতুণ্ডা স্ত্রী. [মুখ+তুণ্ডা] কুদলিরাস্ত্রী, কটুভাষিণী।

মুখদূষণ, পুং. [মুখ+দূষণ] পলাণ্ডু,

মুখদূষিকা, স্ত্রী. [মুখ+দূষিকা] মুখজাত ক্ষুদ্ররোগ বিশেষ, বয়সফোড়া।

মুখদোষিণী স্ত্রী.[মুখ+দোষিন-ঈ] ডাকিনী ডাইন। [দুর্ম্মুখ।

মুখদোষী, ত্রি. [মুখ+দোষিন্] কটুভাষী

মুখধাবন, ন. [মুখ+ধাবন] মুখপ্রক্ষালন, মুখধোয়া।

মুখধৌতা, স্ত্রী. [মুখ+ধৌত-আ] ব্রাহ্মণযষ্টিকা, বামনহাটী গাছ।

মুখনিবাসিনী, স্ত্রী. [মুখ+নিবাসিন্-ঈ] সরস্বতী, বাণী, বাগ্বাদিনী।

মুখনিরীক্ষক, পুং. [মুখ+নিরীক্ষক] অলস, আলস্যান্বিত; মুখদর্শক।

মুখপূরণ, ন. [মুখ+পূরণ] গণ্ডূষ; গ্রাস।

মুখপ্রিয়, পুং. [মুখ+প্রিয়] নারঙ্গ, নারাঙ্গা নেবু; (ত্রি.) অতিশয় মুখরোচক।

মুখবন্ধ (প্রা) মুখবাঁধা; নির্ব্বাক্; উৎকোচ বাশাসন দ্বারা বাক্যহরণ; অধ্যায়াত্মক গ্রন্থবিবরণ কথন শ্লোক।

মুখবল্লভ, পুং. [মুখ+বল্লভ] দাড়িমবৃক্ষ; (ত্রি.) মুখপ্রিয়।

মুখবাচিকা, স্ত্রী. [মুখ+বাচিকা] অম্বষ্ঠা।

মুখবাদ্য, ন. [মুখ+বাদ্য] বাদ্যবিশেষ, বক্রুনাল বাদ্য, বক্রনাল, বাঁক, মোচঙ্গ; মুখদ্বারা বাদ্য, গালবাদ্য, শিবপূজার অন্তে বম্ ইতিবাদ্য।

মুখবাস, পুং. [মুখ+বাস] গন্ধতৃণ,গন্ধখড়।

মুখবাসন, পুং. [মুখ+বাসন] মুখসদ্গন্ধকারক দ্রব্য, কর্পূরাদি, তৎপর্য্যায়।—আমোদী।

মুখবিলুণ্ঠিকা, স্ত্রী. [মুখ+বিলুণ্ঠক-আ] ছাগী, অজা।

মুখবিষ্ঠা, স্ত্রী. [মুখ+বিষ্ঠা] তৈলপায়িকা তেলাপোকা, আরশুলা। [পাণ।

মুখভূষণ, ন. [মুখ+ভূষণ] তাম্বুল, পর্ণ,

মুখমণ্ডনক, পুং. [মুখ+মণ্ডনক] তিলকবৃক্ষ; (ত্রি.) মুখভূষণ, আস্যভূষণ।

মুখমণ্ডল, ন. [মুখ+মণ্ডল] বদনমণ্ডল, আনন, আস্য। [শজিনাগাছ।

মুখম্পচ, পুং. [মুখ+পচ] ভিক্ষুক।
মুখযন্ত্রণ, ন. [মুখ+যন্ত্রণ] কবিকা, মুখস, বল্‌গা।
মুখর, ত্রি. [মুখ+র] অপ্রিয়বাদী, দুর্ব্বাচাল, তৎপর্য্যায়।—দুর্ম্মুখ, অবদ্ধমুখ; (পুং) কাক; শঙ্খ।
মুখরতা, স্ত্রী. [মুখর+তা] অপ্রিয়বাদিত্ব, দুর্ম্মুখতা।
মুখরোগ, পুং. [মুখ+রোগ] বক্ত্রাময়, মুখেরপীড়া। [বরাহ।
মুখলাঙ্গল, পুং. [মুখ+লাঙ্গল] শূকর
মুখশফ, পুং. [মুখ+শফ] দুর্ম্মুখ, কটুভাষী, কর্কশবাক্য প্রয়োগী।
মুখশুদ্ধি, স্ত্রী. [মুখ+শুদ্ধি] বক্ত্র শোধন, মুখপ্রক্ষালন, দন্তধাবন।
মুখশোধন, ন. [মুখ+শোধন] ত্বচ; (পুং) কটুরস। [নেবু।
মুখশোধী, পুং. [মুখ+শোধিন্] জম্বীর,
মুখশোষ, ন. [মুখ+শোষ] মুখের শুষ্কতা; পিপাসা। [মুখর।
মুখষ্ঠীল, ত্রি. [মুখ+ষ্ঠীল] দুর্ম্মুখ, কটুভাষী,
মুখস (প্রা) বল্‌গা, লাগাম; মুখের প্রতিকৃতি, কৃত্রিমমুখ; মুখবন্ধনী।
মুখসম্ভব, পুং. [মুখ+সম্ভব] অগ্নি; ব্রাহ্মণ; (ত্রি.) মুখ হইতে উৎপন্ন।
মুখসুর, ন. [মুখ+সুর] তালসুরা, তাড়ী।
মুখস্থ, ত্রি. [মুখ+স্থা-অ] অভ্যস্ত, অভ্যাস করা; মৌখিক, মুখস্থিত।
মুখস্রাব, পুং. [মুখ+স্রাব] লালা, লাল, থুথু।
মুখাগ্নি, পুং. [মুখ+অগ্নি] দাবাগ্নি, দাবানল; শবমুখে অগ্নিদান।
মুখান (প্রা) নিকটস্থ হওন; মুখবাড়ান।
মুখাপেক্ষা (প্রা) অনুরোধ; পক্ষপাত।
মুখাবলোকন, ন. [মুখ+অবলোকন] বদনাবলোকন, মুখদর্শন।
মুখাময়, পুং [মুখ+আময়] মুখরোগ, মুখজাত-পীড়া।
মুখামুখি (প্রা) পরস্পর সম্মুখবর্ত্তী হওন,

মুখামৃত, পুং. [মুখ+অমৃত] বদনামৃত, অধরামৃত; লালা, থুথু।
মুখার্জক, পুং. [মুখ+অর্জক] অর্জক, উপার্জক, কেবল বাক্যে রোজকারী।
মুখাল (প্রা) মুখমুখ; মুখের প্রতিকৃতি; মুখস, মুখবন্ধন।
মুখাসব, পুং [মুখ+আসব] নিষ্ঠীব, মুখমদ, লালা, থুথু।
মুখাস (প্রা) কৃত্রিম মুখ; মুখবন্ধন।
মুখাস্ত্র, পুং. [মুখ+অস্ত্র] কর্কট, কাঁকড়া।
মুখী (প্রা) প্রবাল; অঙ্কুর; মুষ্টি, ঘুষি।
মুখেমুখে (প্রা) মুখের প্রতি।
মুখোমুখি (প্রা) পরস্পর মুখে মিলন।
মুখোল্কা, স্ত্রী. [মুখ+উল্কা] দাবানল, বনাগ্নি; আলেয়া; খেকশিয়ালী।
মুখ্য, পুং. [মুখ+য] প্রথমকল্প; যাগাদিতে শাস্ত্রোক্ত প্রথম কল্প; (ত্রি.) শ্রেষ্ঠ, প্রধান।
মুখ্যসর্গ, পুং. [মুখ্য+সর্গ] স্থাবরসৃষ্টি, প্রধানসৃষ্টি।
মুগ (প্রা) কলাই বিশেষ, মুগকলাই।
মুগরাণ (প্রা) মুদ্গরাঘাত, মুগুরমারা; মুষ্ট্যাঘাত, মুষ্টিদ্বারা প্রহার।
মুগুর (প্রা) মুদ্গর, গদা, যষ্টি।
মুগ্গুহ, পুং. [মুক্+উহ] দাত্যূহপক্ষী, পানীকৌড়ী। [মনোহর।
মুগ্ধ, ত্রি. [মুহ্+ত] মূঢ়, মূর্খ; সুন্দর,
মুগ্ধবোধ, ন. [মুগ্ধ+বোধ] বোপদেবকৃত ব্যাকরণ বিশেষ।
মুগ্ধা, স্ত্রী. [মুহ+ত-আ] নায়িকাবিশেষ, নবযৌবনা নারী; বিহ্বলা, মোহিতা।
মুচক্ (প্রা) মৃদুহাস্য, ঈষদ্ধাস্য।
মুচন, (প্রা) পুচন; লোপকরণ; নিটান।
মুচক, পুং. [মুচ+ক] লাক্ষা।
মুচঙ্গ, (যাং) মুখবাদ্য যন্ত্রবিশেষ।
মুচির, ত্রি. [মুচ+ইর] দাতা; (পুং) মেঘ; ধর্ম্ম; বায়ু; দেবতা।
মুচী (প্রা) চর্ম্মকার, চামার।
মুচুকুন্দ, পুং. [মুচু+কুন্দ] পুষ্পবৃক্ষ বিশেষ, (হিং) মেকচাঁদ, তৎপর্য্যায়।—ছত্রবৃক্ষ,

চিত্রক, প্রতিবিষ্ণুক, বহুপুত্র, সুদল, হরিবল্লভ, সুপুষ্প, অর্ঘ্যার্হ, লক্ষণক, রক্তপ্রসব; মান্ধাতা রাজার পুত্র।

মুচুটী, স্ত্রী. [মুচুট+ঈ] অঙ্গুলিমোটন, আঙ্গুল মটকান; মুষ্টি, মুঠ

মুচ্‌কন (প্রা) ঈষৎ হাস্য করণ; অল্পবিকসন।

মুচ্‌ড়ন (প্রা) ঈষৎভাঙ্গন, অল্প ভগ্ন হওন।

মুঞ্চক, পুং. [মুঞ্চ+ক] মুষ্ককবৃক্ষ; বৃষণ।

মুঞ্জ, পুং. [মুজ+অ] তৃণবিশেষ, মুঁজ, তৎপর্য্যায়।—মৌঞ্জীতৃণাখ্য, ব্রাহ্মণ্য, তেজনাহ্বয়, বাণীরক, মুঞ্জনক, শীরী, দর্ভাহ্বয়, দূরমূল, দৃঢ়তৃণ, দৃঢ়মূল, বহুপ্রজ, রঞ্জন, শত্রুভঙ্গ।

মুঞ্জকেশী, পুং. [মুঞ্জ+কেশিন্] বিষ্ণু, নারায়ণ।

মুঞ্জবন্ধন, ন. [মুঞ্জ+বন্ধন] উপবীতধারণ বিশেষ।

মুঞ্জর, ন. [মুঞ্জ+র] শালূক।

মুঞ্জরণ (প্রা) মুকুলোদ্গম, নবপল্লব, গজান।

মুঞ্জরিত, ত্রি. [মুঞ্জর+ইত] নবপল্লবোদ্গম, নূতন পত্রাদির উৎপত্তি।

মুঞ্জরী, স্ত্রী. [মুঞ্জর+ঈ] তুলসীপুষ্প; শীর্ষ; পদ্মকেশর।

মুঞ্জাতক, পুং. [মুঞ্জা+তক] পুষ্পশাক বিশেষ।

মুটরী (প্রা) ক্ষুদ্রমোট, ছোট বোঝা।

মুটি (প্রা) মুষ্টি, মুটা, গুঁজী।

য়া, (প্রা) মোটবাহক, ভারিক।

মুঠা, (প্রা) কুঞ্চিত করতল; খড়্গাদির বাঁট।

মুঠী (প্রা) মুটি, মুটা; কীল।

মুড়কী (প্রা) গুড়মিশ্রিত লাজ, গুড়পক্কখৈ।

মুড়ন (প্রা) মুণ্ডন, কেশচ্ছেদন; বৃক্ষাদির শাখা পল্লব কর্ত্তন।

মুড়া (প্রা) শাখাপত্র হীন বৃক্ষ; সীমা।

মুড়ান (প্রা) মুণ্ডনকরণ, কেশচ্ছেদন।

মুড়ানিয়া (প্রা) নাপিত, মুণ্ডনকারক; কামানিয়া।

মুড়ামুড়ি, (প্রা) আদ্যন্ত, প্রথমাবধি শেষ পর্য্যন্ত, ক্রমাগত।

মুড়ী (প্রা) ভৃষ্টতণ্ডুল, ভাজাচাউল; ছিন্নমুণ্ড।

মুণ্ড, ন. [মুণ্ড+অ] শিরঃ, মস্তক, বোল; মুণ্ডায়স লোহা; (পুং.) দৈত্যবিশেষ; রাহুগ্রহ; নাপিত; স্থাণুবৃক্ষ; (পুং. ন.) মূর্দ্ধা; (ত্রি.) মুণ্ডিত, নেড়া।

মুণ্ডক, ন. [মুণ্ড+ক] মস্তক, শির; (পুং) নাপিত; অথর্ব্ববেদীয় উপনিষদ্।

মুণ্ডচণক, পুং [মুণ্ড+চণক] কলায়, কলাই।

মুণ্ডন, ন. [মুণ্ড+অন] কেশচ্ছেদন, কামান, তৎপর্য্যায়।—ভদ্রকরণ, বপন, পরিবাপন, ক্ষৌর।

মুণ্ডফল, পুং. [মুণ্ড+ফল] নারিকেলবৃক্ষ।

মুণ্ডমণ্ডলী, স্ত্রী. [মুণ্ড+মণ্ডলী] সৈন্যবিশেষ।

মুণ্ডমালী, পুং. [মুণ্ডমাল+ইন্] শিব, ভৈরব।

মুণ্ডশালি, পুং. [মুণ্ড+শালি] শালিবিশেষ, তৎপর্য্যায়।—মুণ্ডনক, নিঃশূক, অশূকক, শুগোঁরহিত ধান্য।

মুণ্ডা, স্ত্রীং [মুণ্ড+আ] মুণ্ডীরিকা; মুণ্ডিতাস্ত্রী, কেশরহিতা নারী, নেড়ী।

মুণ্ডালী, স্ত্রী. [মুণ্ড+আলী] মুণ্ডশ্রেণী।

মুণ্ডাখ্যা, স্ত্রী. [মুণ্ড+আখ্যা] মহাশ্রাবণিকা।

মুণ্ডায়স, ন. [মুণ্ড+আয়স] লৌহ, লোহা, মণ্ডুরলৌহমল।

মুণ্ডিত, ন. [মুণ্ড+ইত] লোহ, লোহা; (ত্রি.) বাপিতমুণ্ড, নেড়ামাথা।

মুণ্ডিতিকা, স্ত্রী. [মুণ্ডিত+ইক-আ] বৃক্ষবিশেষ মুণ্ডীরী, তৎপর্য্যায়।—অলম্বুষা, শ্রাবণী, পলঙ্কষা, কদম্বপুষ্পা, শ্রবণা, ভূতঘ্নী, কুম্ভলা, অরুণা।

মুণ্ডী, পুং [মুণ্ড+ইন্] নাপিত, কেশ ছেদনকারী, (প্রা) মিষ্টান্ন বিশেষ

রিকা, স্ত্রী. [মুণ্ডীর+ইক-আ] বৃক্ষ বিশেষ, মুণ্ডিতিকা বৃক্ষ। [হর্ষ।

মুৎ, স্ত্রী. [মু+দ্] বৃদ্ধিনামক ঔষধবিশেষ;

মুথা (প্রা) ঘাসের মূলবিশেষ, মুস্তক, মুতা।

মুদন, (প্রা) হর্ষণ, নিমীলন, মুদ্রিত করণ।

মুদা, স্ত্রী. [মুদ+আ] হর্ষ, সুখ; গণনাবিষয়ে নিয়মিত দক্ষিণা, ঘুণ্টী; গুঁজী; ঢাকা; ক্ষতরোগবিশেষ এবং শৌচাদিবদ্ধ রোগ।

মুদাঘরা (গ্রা) ঘুণ্টিঘরা, পুঁটৈঘরা, ফাঁস।
মুদিত, ত্রি. [মুদ+ইত] আনন্দিত, হর্ষিত; অপ্রকাশিত; আলিঙ্গন বিশেষ।
মুদিতা, স্ত্রী. [মুদ+ইত-আ] মুদা, হর্ষ; আহ্লাদিতা স্ত্রী; অপ্রকাশিতা।
মুদির, পুং [মুদ+ইর] মেঘ; কামুক; ভেক, ব্যাঙ্গ।
মুদী (হি) নানাদ্রব্য ব্যাবসায়ী, দোকানী।
মুদ্গ, পুং [মুদ্+গম্-অ] পক্ষিবিশেষ, তৎপর্য্যায়।—জলবায়স; শমীধান্যবিশেষ, মুগ, তৎপর্য্যায়, সূপশ্রেষ্ঠ, বর্ণার্হ, রসোত্তম, ভুক্তিপ্রদ, হয়ানন্দ, সুফল, বাজিভোজন।
মুদ্গপর্ণী, স্ত্রী. [মুদ্গ+পর্ণ-ঈ] বনমুদ্গ, মুগানি, তৎপর্য্যায়।—কাকমুদ্গা, সহা, ক্ষুদ্রসহা, শিম্বী, মার্জ্জারগন্ধিকা, বনজা, রিঙ্গিনী, হ্রস্বা, সূর্পপর্ণী, কুরঙ্গিকা, কুরঙ্গিকা, কোশিকা, বনোদ্ভবা, বনমুদ্গা, আরণ্যমুদ্গা, বন্যা। [ঘোড়া।
মুদ্গভুক, পুং. [মুদ্গ+ভুজ্] ঘোটক, অশ্ব,
মুদ্গভোজী, পুং. [মুদ্গ+ভোজিন্] অশ্ব, ঘোটক, ঘোড়া।
মুদ্গমোদক, পুং. [মুদ্গ+মোদক] মোদক বিশেষ, মতিচুর, মিঠাই; মগধলাড়ু।
মুদ্গর, ন. [মুদ্+গৄ-অ] মল্লিকা পুষ্প বিশেষ; (পুং) লোষ্টাদি ভেদন; কর্ম্মার বৃক্ষ, কামরাঙ্গা; পুষ্পবৃক্ষ বিশেষ, তৎপর্য্যায়।—গন্ধসার, সপ্তপত্র, অতিগন্ধ, গন্ধরাজ, বিটপ্রিয়, প্রিয়, জনেষ্ট, মৃগেষ্ট; অস্ত্রবিশেষ, মুগুর, তৎপর্য্যায়।—দ্রুঘণ, ঘন, দ্রুঘন প্রঘণ। [রাঙ্গা।
মুদ্গরক, পুং. [মুদ্গর+ক] কর্ম্মার, কাম-
মুদ্গল, ন. [মুদ্গ+ল] রোহিষতৃণ, গন্ধখড়; (পুং) হর্য্যশ্বরাজপুত্র; গোত্রকারকমুনিবিশেষ, ইন্দ্রসেনাপতি।
মুদ্গাষ্ট, পুং. [মুদ্গ+অষ্ট] বনমুদ্গ, বনমুগ।
মুদ্গাষ্টক, পুং. [মুদ্গাষ্ট+ক] বনমুদ্গ, বনমুগ।
...র্দ্রবট, পুং. [মুদ্গ+আর্দ্রবট] বটক

মুদ্দঈ, (যাং) অভিযোগী।
মুদ্দৎ, (যাং) সময়ের নিরূপণ।
মুদ্দা, (যাং) অভিপ্রায়।
মুদ্রা, স্ত্রী. [মুদ্র+আ] প্রত্যয় কারিণী, নামের মোহর; অঙ্গুলি মুদ্রা, ছাপের আঙ্গুটী; স্বর্ণরৌপ্যাদি মুদ্রিকা, মোহর, টাকা; পঞ্চধা লিপির অন্তর্গত লিপি বিশেষ,ছাপার অক্ষর; পঞ্চ মকারান্তর্গত ভক্ষ্যদ্রব্যবিশেষ; শরীরেধার্য্য ভগবানের অস্ত্রাদিচিহ্ন, ছাপ; যোগবন্ধনবিশেষঃ।
মুদ্রাকর, পুং. [মুদ্রা+কর] মুদ্রাকারক, ছাপাকর।
মুদ্রাঘটিত, ত্রি. [মুদ্রা+ঘটিত] ধনসম্পর্কীয়, অর্থ সম্বন্ধীয়।
মুদ্রাঙ্কিত, ত্রি. [মুদ্রা+অঙ্কিত] মুদ্রাদ্বারা চিহ্নিত, ছাপা করা, মোহর করা।
মুদ্রান্বিত, ত্রি. [মুদ্রা+অন্বিত] অঙ্কিত, চিহ্নিত; ছাপান। [ছাপার কল।
মুদ্রাযন্ত্র, ন. [মুদ্রা+যন্ত্র] মুদ্রাকরণার্থ যন্ত্র,
মুদ্রালিপি, স্ত্রী, [মুদ্রা+লিপি] পঞ্চ প্রকার লিপির অন্তর্গত লিপি বিশেষ, ছাপার অক্ষর।
মুদ্রিকা, স্ত্রী. [মুদ্রা+ইক-আ] স্বর্ণরূপ্যাদি নির্ম্মিত, মুদ্রা, মোহর, টাকা।
মুদ্রিত, ত্রি. [মুদ্রা+ইত] অপ্রফুল্ল, মোদা, তৎপর্য্যায়।—সঙ্কুচিত, নিদ্রাণ, মীলিত; মুদ্রাঙ্কিত, ছাপাকরা।
মুধা, ব্য. [মুহ+ধা] ব্যর্থক, নিরর্থক, বৃথা, অলীক, নিষ্ফল।
মুনাজেরা, (যাং) বিবাদ, কলহ।
মুনাফা (যাং.) লাভ, প্রাপ্তি।
মুনাসিব (যাং) যাথার্থ, প্রকৃত, উপযুক্ত।
মুনি, পুং.[মন+ই] মৌনব্রতী, তৎপর্য্যায়।—বাচংযম, মৌনী, ব্রতী, ঋষী, শাপাস্ত্র, মননশীল; জ্ঞানী; সত্যবাক্; বঙ্গসেনতরু; জিন; পিয়ালবৃক্ষ; পলাশবৃক্ষ; মদনকবৃক্ষ। [তপস্বিকন্যা।
মুনিকন্যা, স্ত্রী. [মুনি+কন্যা] ঋষিপুত্রী,
মুনিখর্জুরিকা, স্ত্রী. [মুনি+খর্জুরিকা] খর্জু-

মুনিচ্ছদ, পুং. [মুনি+ছদ] সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিয়ান গাছ।

মুনিতরু, পুং. [মুনি+তরু] বকবৃক্ষ, বকফুলের গাছ।

মুনিদ্রুম, পুং. [মুনি+দ্রুম] শোণাক বৃক্ষ, শোণাইল গাছ; শোণাক বিশেষ; বকবৃক্ষ, বকফুলের গাছ।

মুনিনির্ম্মিত, পুং. [মুনি+নির্ম্মিত] ডিণ্ডিশ, রোমশ ফল।

মুনিপিত্তল, ন. [মুনি+পিত্তল] তাম্র, তাঁবা।

মুনিপুঙ্গব, পুং. [মুনি+পুঙ্গব] মুনিশ্রেষ্ঠ, মুনিবর। [ঋষিসুত।

মুনিপুত্র, পুং. [মুনি+পুত্র] দমনকবৃক্ষ;

মুনিপুত্রক, পুং. [মুনি+পুত্রক] খঞ্জনপক্ষী, খঞ্জরীট।

মুনিপুষ্প, ন. [মুনি+পুষ্প] বকপুষ্প, বকফুলের গাছ

মুনিপুগ, পুং. [মুনি+পুগ] গুবাকবিশেষ, রামগুপারী, তৎপর্য্যায়।—রামপুগ, কামীন, সুরেবট

মুনিব্, (যাং) অধ্যক্ষ, কর্ত্তা।

মুনিভেষজ, ন, [মুনি+ভেষজ] অগস্ত্য; হরীতকী; লঙ্ঘন।

মুনিসুব্রত, পুং. [মুনি+সুব্রত] বুদ্ধবিশেষ, বৃত্তার্হন্।

মুনিস্থান, ন. [মুনি+স্থান] আশ্রম, কুটীর।

মুনীন্দ্র, পুং. [মুনি+ইন্দ্র] বুদ্ধ; ঋষিশ্রেষ্ঠ।

মুন্‌শী, (যাং) লেখক, শিক্ষক।

মুমুচান, পুং. [মুচ+আন] মেঘ, জলধর।

মুমুক্ষা, স্ত্রী. [মুচ+স–আ] মুক্তিরইচ্ছা, অপবর্গকামনা

মুমুক্ষু, পুং. [মুচ+স–উ] মুক্তিইচ্ছাকারী, তৎপর্য্যায়।—শ্রমণ, যতি, বাচংযম, ব্রতী, সাধু, অনগার, ঋষি, মুনি, নিগ্রন্থ, ভিক্ষু। [বাঞ্ছা।

মুমূর্ষা, স্ত্রী. [মৃষ+স–আ] মরণেচ্ছা, নিত্য-

মুমূর্ষু, স্ত্রী. [মৃ+স–উ] আসন্নমৃত্যু, মৃত্যুপ্রায়, মৃতকল্প।

মুমূর্ষুকৃত্য, ন. [মুমূর্ষু+কৃত্য] মৃত্যুর প্রাক্-

মুমূর্ষুদান, ন. [মুমূর্ষু+দান] মৃত্যুকালীনদান।

মুর, ন. [মুর+অ] বেষ্টন; (পুং). দৈত্যবিশেষ

মুরগ, (যাং) কুক্কুটপক্ষী, মোরগ।

মুরগী, (যাং) কুক্কুটী।

মুরগণ্ড, পুং, [মুর+গণ্ড] বরণ্ড, বর্ণক।

মুরচা, (যাং) প্রাকার।

মুরজ, পুং. [মুর+জন্–অ] মৃদঙ্গ, বাদ্যযন্ত্রবিশেষ।

মুরজফল, পুং. [মুরজ+ফল] পনসবৃক্ষ, কাঁটালগাছ।

মুরজা, স্ত্রী. [মুরজ+আ] কুবেরপত্নী; বাদ্যযন্ত্রবিশেষ, মৃদঙ্গ।

মুরণ্ড, পুং. [মুর্+অন–ড] দেশবিশেষ।

মুরদ, পুং. [মুর+দো+অ] বিষ্ণুর শঙ্খ।

মুরব্বা, (যাং) সন্ধিতফল।

মুরব্বী (যাং) শিক্ষক, রক্ষক; কর্ত্তা।

মুরন্দলা, স্ত্রী. [মুরম্+দল–আ] নদীবিশেষ, নর্ম্মদানদী।

মুরমর্দ্দন, পুং. [মুর+মর্দ্দন] বিষ্ণু, মুররিপু।

মুররিপু, পুং. [মুর+রিপু] বিষ্ণু, নারায়ণ, মুরাসুরঘাতী।

মুরলা, স্ত্রী. [মুর+ল–আ] নদীবিশেষ, নর্ম্মদা নদী

মুরলী, স্ত্রী. [মুরল+ঈ] স্বনামখ্যাত শুষির বাদ্য, বেণু, বাঁশী, সানায়ি, তৎপর্য্যায়।—বংশী, বংশিকা, বংশনালিকা, সানেয়িকা, সানেয়ী, সানিকা, সরলাষিকা। [ধর।

মুরলীধর, পুং. [মুরলী+ধর] শ্রীকৃষ্ণ; বংশী-

মুরহা, পুং. [মুর+হন্] বিষ্ণু, মুরারি।

মুরা, স্ত্রী. [মুর+আ] স্বনামখ্যাত, গন্ধদ্রব্য, তৎপর্য্যায়।—তালপর্ণী, দৈত্যা, গন্ধকুটী, গন্ধিনী; মুরামাংসী।

মুরাদ, (যাং) ইচ্ছা, বাঞ্ছা, মনস্থ; ক্ষমা।

মুরারি, পুং. [মুর+অরি] শ্রীকৃষ্ণ, বিষ্ণু; অনর্ঘরাঘব গ্রন্থকর্ত্তা।

মুরুজ, ন. [মুরু+জন–অ] বাদ্যযন্ত্রবিশেষ,

র্দা, (যাং) মৃতদেহ।
র্দাফরাস, (যাং) শবদাহক।
র্দার, (যাং) মৃতদেহ, শব।
র্ভণী, স্ত্রী. [মুর+ভি+ইনৃ-ঈ] অঙ্গারধা-নিকা, অঙ্গাররক্ষণ পাত্র, আঙ্গটা।
র্মুঃ, পুং. [মুর্+মু-উর্] তুষাগ্নি, তুঁষের-আগুণ; মন্মথ, কামদেব; রবিবাজি, সূর্য্যের ঘোটক।
লতান, (প্রা) রাগিণীবিশেষ; দেশবিশেষ
লাকাৎ, (যাং) সাক্ষাৎ।
লুক্, (যাং) দেশ।
শটী, স্ত্রী. [মুশট+ঈ] শিতকঙ্গু।
শলিকা, স্ত্রী. [মুশল+ঈক-আ] পল্লী, পাড়া।
মুশলী, স্ত্রী. [মুশ+ল-ঈ] বল্লী, পাড়া; তাল-মুলী, তৎপর্য্যায়।—সুবহা, তালপত্রিকা, গোধাপদী, হেমপুষ্পী, ভূতালী, দীর্ঘ-কন্দিকা, মুষলী, তালিকা, তালমূলিকা, অর্শোঘ্নী।
মুশকিল, (যাং) আপদ।
মুষল, পুং. [মুষ+ল] অয়োগ্র, ঢেঁকীরমোনা; মুদ্গর, মুগুর।
মুষলামুষলি, বা. [মুষল+মুষল-ই] মুষল মুষলদ্বারা প্রহার করিয়া যুদ্ধে প্রবৃত্ত।
মুষলী, স্ত্রী. [মুষল+ঈ] তালমূলিকা; গৃহ-গোধিকা, টিকৃটিকী, বল্লী, জেটী; (পুং) মুষলধারী।
মুষল্য, ত্রি. [মুষল+য] মুষলবধ্য, মুষল-দ্বারা বধ করিবার যোগ্য।
মুষা, স্ত্রী, [মুষ+আ] মুষা, মুচী, ধাতুদ্রব্যাদির গলন বা ভস্মকরিবার যন্ত্রবিশেষ।
মুষিত, ত্রি, [মুষ+ত] চোরিত দ্রব্য, চুরি করা দ্রব্য, তৎপর্য্যায়।—মুষিত।
মুষ্ক, পুং. [মুষ্+ক] অণ্ডকোষ; বৃক্ষবিশেষ, মোক্ষকবৃক্ষ; সংহাত, সমূহ; তস্কর, চৌর; মাংসল, স্থূল, মোটা।
মুষ্কক, পুং. [মুষ্ক+ক] বৃক্ষবিশেষ, ঘণ্টা-পারুল, পলাশবৃক্ষের ন্যায় পর্ব্বতস্থিত বৃক্ষ, (হিং) মোখা, তৎপর্য্যায়।—গো-মোক্ষক, মুষ্ক, মোচক, মুঞ্চক, গোলিক, মেহন, ক্ষারবৃক্ষ, পাটলী, বিষাপহ, জটাল, বনবাসী, সুতীক্ষ্ণক, গোলিহ, ক্ষারশ্রেষ্ঠ, ঘণ্টা, ঘণ্টাক, ঝাট।
মুষ্কমোষণ, (প্রা) অণ্ডকোষ ছেদন, পুংস্ত্ব নাশকরণ।
মুষ্কর, পুং. [মুষ্ক+র] প্রলম্বাণ্ড, বৃহদণ্ডকোষ।
মুষ্কশূন্য, পুং. [মুষ্ক+শূন্য] বৃষণরহিত, রাজার অন্তঃপুর রক্ষক, খোজা, তৎ-পর্য্যায়।—অমুপস্থ, স্ত্রীস্বভাব, মহল্লিক।
মুষ্টামুষ্টি, বা. [মুষ্টি+মুষ্টি] পরস্পর মুষ্টি-প্রহারকরণ, কিলাকিলি, মুষ্ট্যাঘাত-

মুষ্টি, পুং. স্ত্রী. [মুষ+তি] পলপরিমাণ; চারি-তোলা; বদ্ধপাণি, মুটা, তৎপর্য্যায়।—সম্পিণ্ডিতাঙ্গুলিপাণি, মুস্ত, মুচুটী; ৎসরু, খড়্গেরমুট; কুঞ্চ্যষ্টভাগ, ছটাক; মোষণ; প্রহারবিশেষ, কীল।
মুষ্টিক, পুং. [মুষ্ট+ইক] কংসরাজার মল্ল-বিশেষ; স্বর্ণকার, সেকরা; মুটা।
মুষ্টিকান্তক, পুং. [মুষ্টিক+অন্তক] বলদেব।
মুষ্টিদ্যূত, ন. [মুষ্টি+দ্যূত] দ্যূতক্রীড়াবিশেষ, পুরমুট্‌খেলা, তৎপর্য্যায়।—ক্ষুল্লক
ন্ধয়, পুং. [মুষ্টি+ধে-অ] বালক, শিশু, অপোগণ্ড।
বন্ধ, পুং স্ত্রী. [মুষ্টি+বন্ধ] মুষ্টিবন্ধন ক্রিয়া, মুটাবাঁধা, তৎপর্য্যায়।—সংগ্রাহ।
মুষ্টিযোগ, পুং. [মুষ্টি+যোগ] সংক্ষেপে রোগ প্রতিকারার্থ ঔষধবিশেষ; মুষ্টি প্রহারদ্বারা পরস্পর যুদ্ধ।
মুষ্টিসংগ্রাহপীডিত, ত্রি. [মুষ্টি+সংগ্রাহ+পীড়িত] মুষ্টিসম্পীড়িত, হাত মুচড়িয়া দেওন।
মুষ্টীমুষ্টি, বা. [মুষ্টি+মুষ্টি] মুষ্টামুষ্টি, মুষ্টি দ্বারা পরস্পর যুদ্ধ, কিলাকিলি।
মুষ্ঠক, পুং. [মুষ্+ঠক] রাজসর্ষপ, রাইসরিষা।
মুষব্বর, (যাং) গন্ধদ্রব্যবিশেষ; স্থূলদলা।
মুসল, পুং. ন. [মুস+ল] স্বনামখ্যাতভণ্ডুলাদি কণ্ডনার্থ নির্ম্মিত লৌহাগ্রযষ্টি, তৎপ-

মুসলমান, (যাং) ম্লেচ্ছজাতি, যবন, মোসলমান।

মুসলী, স্ত্রী. [মুসল+ঈ] তালমূলিকা; গৃহগোধিকা, টিকটিকী; (পুং.) বলদেব।

মুসল্য, ত্রি. [মুসল+য] মুষলদ্বারা বধ্য।

মুসাফের, (যাং) পথিক।

মুসাহেব, (যাং) পরিধিস্থ, সঙ্গী।

মুস্ত, পুং. [মুস্ত+অ] মুস্তক।

মুস্তক, পুং. [মুস্ত+ক] তৃণমূলবিশেষ, মুতা, তৎপর্য্যায়।—কুরুবিন্দ, মেঘনাগা,মুস্তা, মুস্ত, রাজকসেরু, মেঘাখ্যা, গাঙ্গেয়, ভদ্রমুস্তক, অভ্রনামক, শ্রীভদ্রা, ভদ্রক, ভদ্রা; (পুং.) স্থাবর বিষবিশেষ।

মুস্তা, স্ত্রী. [মুস্ত+আ] মুস্তক, মুতো।

মুস্তাদ, পুং. [মুস্ত+অদ] শূকর,কোল,বরাহ; প্রস্তুত হওয়া।

মুস্তাভ, ন. [মুস্ত+আভ] মুস্তকবিশেষ,নাগর মুতা, তৎপর্য্যায়।—কুটন্নট, পুর, বলা, পরিপেলব।

মুস্তু, পুং. [মুস্+তু] মুষ্টি, মুটা।

মুস্র, ন. [মুস+র] মুসল, গদা, যষ্টি

মুহনা, (প্রা) পুষ্করিণ্যাদিরমুখ,প্রবাহযোগ্য, নালা। [প্রণালী।

মুহরী, (যাং) জমাখরচীহিসাবলেখক, গণক;

মুহির, পুং. [মুহ+ইর] কাম, কন্দর্প; মূর্খ।

মুহুঃ, ব্য. [মুহ+উস্] পুনঃপুনঃ, বারম্বার।

মুহুর্ভাষা, স্ত্রী. [মুহুস্+ভাষা] পুনঃ২ কথন, তৎপর্য্যায়।—অনুলাপ।

মুহুর্মুহুঃ, ব্য, [মুহুস্+মুহুস্]পুনঃ২,বারম্বার।

মুহূর্ত্ত, পুং.ন. [মুহুস্+ত] দ্বাদশক্ষণপরিমিতকাল, ঘটিকাদ্বয়, দুইদণ্ড, দিবসের পঞ্চদশ ভাগের এক ভাগ।

মুহের, পুং. [মুহ+এর] মূর্খ, অবোধ।

মূঃ, স্ত্রী. [মূর্চ্ছ্] মূর্চ্ছা, মোহ, অচেতন, জ্ঞানশূন্য; বন্ধন।

মূক, ত্রি [মূ+ক] বাক্যরহিত, বোবা, তৎপর্য্যায়।—অবাক্; (পুং.) মৎস্য; দৈত্য; দীন, দরিদ্র।

মূঢ়, ত্রি. [মুহ+ত] মূর্খ, অবোধ; বালক;

মূঢ়তা, স্ত্রী. [মূঢ়+ত-আ] মূঢ়ত্ব, অবোধতা, মূর্খতা।

মূত, ত্রি. [মূ+ত] বদ্ধ, বাঁধা; প্রস্রাব, মূত্র।

মূতন, (প্রা) মূত্রত্যাগ, প্রস্রাবকরণ।

মূত্র, ন. [মূত্র+অ] উপস্থনির্গত জল, মুত, তৎপর্য্যায়।—প্রস্রাব, মেহনৎ, গুহ্যনিস্যন্দ, সরণ, স্রব।

মূত্রকৃচ্ছ্র, পুং. [মূত্র+কৃচ্ছ্র] রোগবিশেষ, তৎপর্য্যায়।—মূত্ররোধ, অশ্মরীকৃচ্ছ্র।

মূত্রদোষ, পুং. [মূত্র+দোষ] প্রমেহ; মূত্রগত রোগবিশেষ।

মূত্রনিরোধ, পুং. [মূত্র+নিরোধ] মূত্রপ্রতিবন্ধক রোগবিশেষ, মূত্রকৃচ্ছ্ররোগ

মূত্রপতন, ন. [মূত্র+পতন] গন্ধমার্জ্জার,গন্ধগোকুলা।

মূত্রপুট, ন. [মূত্র+পুট] নাভির অধোভাগ, তলপেট

মূত্রফলা, স্ত্রী. [মূত্র+ফল-আ] কর্ক টী, কাঁকুড়; ত্রপুষী, শশা

মূত্রল, ন. [মূত্র+ল] ত্রপুষ, শশা; (ত্রি.) মূত্র বর্দ্ধক।

মূত্রলা, স্ত্রী. [মূত্রল+আ] কর্ক টী, কাঁকুড়; বালুকী।

মূত্রাঘাত, পুং. [মূত্র+আঘাত] প্রস্রাবরোধক রোগবিশেষ, মূত্রকৃচ্ছ্ররোগ।

মূত্রাশয়, পুং. [মূত্র+আশয়] নাভির অধোভাগ, তলপেট, তৎপর্য্যায়।—মূত্রপুট, বস্তি।

মূত্রিত, ত্রি. [মূত্র+ইত]কৃতমূত্রোৎসর্গ, মোতা, তৎপর্য্যায়।—মীঢ়

মূর্খ, পুং. [মুর্+খ] মাষ; গায়ত্রীরহিত; মুগ্ধ, তৎপর্য্যায়।—অজ্ঞ, মূঢ়, যথাজ্জাত, বৈধেয়, বালিশ।

মূর্খতা, স্ত্রী. [মূর্খ+ত-আ] মূর্খত্ব, অজ্ঞানতা, মূঢ়তা।

মূর্খভ্রাতৃক, পুং. [মূর্খ+ভ্রাতৃক] যে ব্যক্তির মূর্খভ্রাতা।

মূর্চ্ছনা, স্ত্রী. [মূর্চ্ছ+অন-আ] গীতাঙ্গবিশেষ,

ললিতা, মধ্যমা, চিত্রা, রোহিণী, মত্তক্ষজা, সৌবীরী, খণ্ডমধ্যা, পঞ্চমা, মৎসরী, মৃদুমধ্যা, শুদ্ধা, অন্তা, কলাবতী, তীব্রা, রৌদ্রী, ব্রাহ্মী, বৈষ্ণবী, স্বোদরী, সুরা, নাদাবতী, বিশালা; পক্কতৈলের সংস্কারবিশেষ।

মূর্চ্ছা স্ত্রী. [মূর্চ্ছ+আ] সংমোহ, তৎপর্য্যায়।—কশ্মল, মোহ, মূর্চ্ছন, মূর্চ্ছায়।

মূর্চ্ছাগত, ত্রি. [মূর্চ্ছা+গত] মূর্চ্ছাপ্রাপ্ত, মোহিত; অজ্ঞান।

মূর্চ্ছাপন্ন, ত্রি. [মূর্চ্ছা+আপন্ন] মোহপ্রাপ্ত, মোহিত।

মূর্চ্ছাল, ত্রি. [মূর্চ্ছা+ল] মূর্চ্ছিত, মূর্চ্ছাযুক্ত।

মূর্চ্ছিত, ত্রি. [মূর্চ্ছ+ইত] মূর্চ্ছাযুক্ত, তৎপর্য্যায়।—মূর্ত্ত, মূর্চ্ছাল; মুচ্ছ্রয়; মূঢ়; বৃদ্ধ।

মূর্চ্ছিতবায়ু, পুং. [মূর্চ্ছিত+বায়ু] বায়ুরোগবিশেষ, মূর্চ্ছাগত বায়ু।

মূর্ণ, ত্রি. [মৃ+ন] বদ্ধ, বাঁধা।

মূর্ত্ত, ত্রি. [মূর্চ্ছ+ত] মূর্চ্ছিত, মূর্চ্ছাযুক্ত; কঠিন; (পুং) সাকার, মূর্ত্তিমান্, আকৃতি বিশিষ্ট।

মূর্ত্তি, স্ত্রী. [মৃ+তি] কাঠিন্য, কঠিনতা; শরীর, দেহ; প্রতিমা, প্রতিমূর্ত্তি, স্বরূপ।

মূর্ত্তিমতী, স্ত্রী. [মূর্ত্তি+মৎ-ঈ] আকৃতিবিশিষ্টা, শরীরিণী, সশরীরা।

মূর্ত্তিমৎ, ন. [মূর্ত্তি + মৎ] শরীরী, দেহী, কায়াবিশিষ্ট। [শরীরী।

মূর্ত্তিমান্, ত্রি. [মূর্ত্তি+মৎ] মূর্ত্তিবিশিষ্ট,

মূর্ত্ত্যন্তর, ন. [মূর্ত্তি+অন্তর] অন্যমূর্ত্তি; রূপান্তর, অন্য আকার, অন্যশরীর।

মূর্দ্ধক, পুং. [মূর্দ্ধ+ক] ক্ষত্রিয়, দ্বিতীয়বর্ণ।

মূর্দ্ধকর্ণী, স্ত্রী. [মূর্দ্ধ+কর্ণ-ঈ] ছত্র, আতপত্র, ছাতা।

মূর্দ্ধকর্পরী, স্ত্রী. [মূর্দ্ধ+কর্পর-ঈ] আতপত্র, ছত্র, ছাতা। [ছাতী।

মূর্দ্ধখোল, ন. [মূর্দ্ধ+খোল] ছত্র, আতপত্র,

মূর্দ্ধজ, পুং [মূর্দ্ধ+জন্-অ] কেশ, কচ, চুল।

মূর্দ্ধন্য, ত্রি [মূর্দ্ধন্+য] মস্তকহইতে জাতবর্ণ,

মূর্দ্ধপুষ্প, পুং. [মূর্দ্ধন্+পুষ্প] শিরীষবৃক্ষ, শিরীষগাছ।

মূর্দ্ধবেষ্টন, ন. [মূর্দ্ধন্+বেষ্টন] উষ্ণীষ, পাগড়ী, পাগ।

মূর্দ্ধরস, পুং. [মূর্দ্ধন্ + রস] ভক্তফেণ, ভক্তমণ্ড, ভাতের মাড়।

মূর্দ্ধা, পুং. [মূর্দ্ধ+অন্] মস্তক, শিরঃ, শির, মাতা

মূর্দ্ধাবসিক্ত, পুং. [মূর্দ্ধন্+অবসিক্ত] বর্ণসঙ্কর বিশেষ, ক্ষত্রিয়াণীর গর্ব্ভে ব্রাহ্মণের ঔরসজাত; (ন.) শিরোভিষেকযুক্ত।

মূর্দ্ধাভিষিক্ত, পুং. [মূর্দ্ধন্ + অভিষিক্ত] ক্ষত্রিয়; রাজা; বর্ণসঙ্করবিশেষ, ক্ষত্রিয়াণীর গর্ব্ভে ব্রাহ্মণের ঔরসজাত; প্রধান, শ্রেষ্ঠ; মন্ত্রী; সর্ব্বোপরি অভিষিক্ত।

মূর্ব্বা, স্ত্রী. [মূর্ব্ব+আ] লতাবিশেষ, ধনুগুণোপযুক্ত মুরগালতা, তৎপর্য্যায়।—দেবী, মধুরসা, মোরটা, তেজনী, স্রবা, মধুলিকা, ধনুঃশ্রেণী, গোকর্ণী পীলুপর্ণী, শ্রুবা, মূর্ব্বী, মধুশ্রেণী, ধনুশ্রেণী, সুরঙ্গিকা, দেবশ্রেণী, পৃথক্ত্বচা, মধুস্রবা, অতিরসা, পীলুপর্ণিকা, দিব্যলতা, জ্বলিনী, গোপবল্লী।

মূল, ন. [মূল+অ] শিফা, স্কন্ধ, শিকড়, জটা, তৎপর্য্যায়।—ব্রধ্ন, অঙ্ঘ্রিনামক, কন্দ, বুধ্ন, জটা, আদ্য; নক্ষত্র বিশেষ; নিকুঞ্জ; অন্তিক; মূলবিত্ত, মূলধন; নিজ, আপনার; চরণ; টীকার যোগ্য গ্রন্থ; শূরণ, ওল; পিপ্পলীমূল; পুষ্করমূল; (পুং. ন.) অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত উনবিংশতি নক্ষত্র।

মূলক, ন, পুং. [মূল+ক] কন্দবিশেষ, মূলা, তৎপর্য্যায়।— রাজালুক, মহাকন্দ, হস্তিদন্তক, নীলকণ্ঠ, মূলাহ্ব, দীর্ঘমূলক, দীর্ঘপত্রক, মৃৎক্ষার, কন্দমূল, হস্তিদন্ত, সিত, শঙ্খমূল, হরিৎপর্ণ, রুচির, দীর্ঘকন্দক, কুঞ্জরক্ষারমূল; (পুং.) চতুস্ত্রিংশৎ স্থাবর বিষজাতির অন্তর্গত বিষবিশেষ।

মূলকপর্ণী, স্ত্রী. [মূলক+পর্ণ-ঈ] শোভাঞ্জন, শজিনাগাছ।

দ্বারা ত্রাসন; উচ্চাটন; স্তম্ভন; বশীকরণাদি কর্ম্ম, জো, টোনা, তৎপর্য্যায় কার্ম্মণ; উনপঞ্চাশৎ উপপাতকান্তর্গত, উপপাতক বিশেষ; মন্ত্র ঔষধাদি দ্বারা বশীকরণ। [কঞ্চুকী বৃক্ষ।

মূলকমূলা, স্ত্রী. [মূলক+মূল-আ] ক্ষীর-

মূলকার, পুং. [মূল+কার] মূলগ্রন্থকর্ত্তা।

মূলকারিকা, স্ত্রী. [মূল+কারিকা] চুল্লী, চুলা; মূলগ্রন্থের অর্থ প্রকাশক পদ্য; মূল ধনের বৃদ্ধিবিশেষ।

মূলকৃচ্ছ্র, ন. [মূল+কৃচ্ছ্র] একাদশবিধ পর্ণ-কৃচ্ছ্র ব্রতের অন্তর্গত ব্রত বিশেষ

মূলজ, ন. [মূল+জন্-অ] আর্দ্রক, আদা; (পুং) উৎপলাদি।

মূলতানী (প্রা) রাগিণী বিশেষ।

মূলত্রিকোণ, ন. [মূল+ত্রিকোণ] রব্যাদি গ্রহদিগের রাশিরূপ গৃহ বিশেষ।

মূলদেব, ন. [মূল+দেব] কংসরাজ, কংসাসুর; ইষ্টদেবতা।

মূলদ্রব্য, ন. [মূল+দ্রব্য] মূলধন, পুঁজি।

মূলধন, ন. [মূল+ধন] আদিদ্রব্য, পুঁজি, তৎপর্য্যায়।— পরিপণ, নীবী।

মূলপর্ণী, স্ত্রী. [মূল+পর্ণ-ঈ] মণ্ডূকপর্ণী।

মূলপুষ্কর, ন. [মূল+পুষ্কর] পুষ্কর মূল।

মূলপোতী, স্ত্রী, [মূল+পোত-ঈ] পূতিকা-শাক বিশেষ, পুঁইশাক, তৎপর্য্যায়।— ক্ষুদ্রবল্লী, পোতিকা, ক্ষুদ্রপোতিকা, ক্ষুপোপোদকনাম্নী,বল্লিশাকটপোতিকা।

মূলপ্রকৃতি, স্ত্রী. [মূল+প্রকৃতি] আদ্যাশক্তি, মহামায়া।

মূলফলদ, পুং. [মূল+ফলদ] পনসবৃক্ষ, কাঁটালগাছ।

মূলবিভুজ, পুং. [মূল+বিভুজ] শকট।

মূলভদ্র, পুং. [মূল+ভদ্র] কংসরাজ, কংসাসুর।

মূলরস, পুং. [মূল+রস] মোরট লতা।

মূলশাকট, ত্রি. [মূল+শাকট] মূলক্ষেত্র, মূলার ক্ষেত

মূলশাকিন, ত্রি. [মূল+শাকিন] মূলক্ষেত্র, মূলার ক্ষেত

মূলা, স্ত্রী, [মূল+আ] শতাবরী লতা; মূল নক্ষত্র; (প্রা) কন্দবিশেষ, মূলক।

মূলাধার, পুং. [মূল+আধার] গুহ্য ও লিঙ্গের মধ্য ভাগে অঙ্গুলিদ্বয় পরিমিত স্থান।

মূলাহ্ব, ন. [মূল+আহ্ব] মূলক, মূলা।

মূলী, পুং. [মূল+ইন্] বৃক্ষ, (ন.) মূলঃ মূলা; (স্ত্রী) জোষ্ঠী, জেঠী।

মূলীভূত, ত্রি. [মূল+ঈ-ভূত] হেতুস্বরূপ; নিদান।

মূলোৎপাটন, ন. [মূল+উৎপাটন] মূলোৎখাত, গোড়া উৎপাটন করা।

মূলের, পুং. [মূল+এর] জটা, জট।

মূল্য, ন. [মূল+য] পটাদির উৎপত্তিকারণ, দর, দাম, তৎপর্য্যায়।—বস্ন, অবক্রয়; অর্পিত, মাহিনা, ভাড়া, তৎপর্য্যায়।— কর্ম্মণ্যা, বিধা, ভৃত্যা, ভৃতি, ভর্ম্ম, বেতন, ভরণ্য, ভরণ, নির্ব্বেশ, পণ; (ত্রি.) প্রতিষ্ঠার যোগ্য; রোপণযোগ্য।

মূষ, পুং, স্ত্রী. [মূষ+অ] মূষক, ইন্দুর; তৈজসাবর্ত্তিনী, স্বর্ণ রৌপ্যাদিগলাইবার মুচী।

মূষক, পুং, স্ত্রী. [মূষ+ক] উন্দুরু, ইন্দুঁর।

মূষককর্ণী, স্ত্রী. [মূষক+কর্ণ-ঈ] আখুকর্ণী, ইন্দুঁরকানী।

মূষকবাহন, পুং. [মূষক+বাহন] গণেশ, গণপতি, লম্বোদর। [বৃক্ষ।

মূষকমারী, স্ত্রী. [মূষক+মার-ঈ] সুতশ্রেণী-

মূষকা, স্ত্রী. [মূষক+আ] মূষিকা, স্ত্রী ইন্দুর, ইন্দুঁরী।

মূষকারাতি, পুং. [মূষক+অরাতি] বিড়াল, মূষিকারাতি, মার্জার; সর্প।

মূষা, স্ত্রী. [মূষা+আ] স্বর্ণাদির আবর্ত্তনপাত্র, মুচীভাঁড় তৎপর্য্যায়।—তৈজসাবর্ত্তনী, মূষা, মূষী, আবর্ত্তনী, মূষী, মূষিকা; দেবতাড়ক বৃক্ষ; মূষিক স্ত্রীজাতি, স্ত্রীজাতি ইন্দুর; গবাক্ষ, ঝরকা।

মূষাকর্ণী, স্ত্রী. [মূষা+কর্ণ-ঈ আখুকর্ণী, ইন্দুঁরকাণী।

মূষাতুথ, ন. [মূষা+তুথ] নীলতুথ, তৎপর্য্যায়।—কাংসনীল, [illegible]

মূষিক, পুং. [মুষ+ইক] জন্তুবিশেষ, ইঁদুর, তৎপর্য্যায়।—উন্দুক, আখু, মুষ, মূষীক, উন্দূক, বভ্রু, বৃষ, আখনিক, বৃশ, মুষক, পিঙ্গ, উন্দুরুক, নখী, খনক, বিলকারী, ধান্যারি, বহুপ্রজ।

মূষিকপর্ণী, স্ত্রী. [মূষিক+পর্ণ-ঈ] জলজতৃণ বিশেষ, ইঁদুরকাণীপানা, তৎপর্য্যায়।—চিত্রা, উপচিত্রা, ন্যগ্রোধী, দ্রবন্তী, সম্বরী, বৃষা, প্রত্যকৃশ্রেণী, সুতশ্রেণী, বণ্ডা, পুত্রশ্রেণী, আখুপর্ণিকা, বৃষপর্ণী, আখুপর্ণী, মূষিকা, কঞ্চিপত্রিকা, মূষিপর্ণিকা, সঙ্কিত্রা, মূষীকর্ণী, সুকর্ণিকা।

মূষিকা, স্ত্রী [মুষ+ইক-আ] মূষিকপর্ণী, ইন্দুরকাণীপানা, উঁদুক, ইঁদুর, মূষা, স্বর্ণাদি আবর্ত্তন পাত্র, মুচীভাঁড, স্ত্রী উন্দুক, ইঁদুরী।

মূষিকাঙ্ক পুং [মূষিক+অঙ্ক] গণেশ, গণপতি।

মূষিকাঞ্চন, পুং. [মূষিক+অঞ্চন] গণেশ, মূষিকবাহন, গণপতি

মূষিকারাতি, পুং. [মূষিক+অরাতি] বিড়াল, মার্জ্জার; সর্প।

মূষিকাহ্বয়, পুং. [মূষিক+আহ্বয়] মূষিকপর্ণী, ইঁদুরকাণীপানা।

মূষিপর্ণিকা, স্ত্রী. [মূষি+পর্ণিক-আ] মূষিকপর্ণী, ইঁদুরকাণীপানা।

মূষী, স্ত্রী. [মুষ+ঈ] মূষা, স্বর্ণাদির আবর্ত্তনপাত্র, মুচীভাঁড়; মহামূষিক, গণেশবাহন।

মূষীক, পুং. স্ত্রী. [মুষ+ঈক] মূষিক, ইঁদুর।

মূষীককর্ণী, স্ত্রী, [মূষীক+কর্ণ-ঈ] মূষিকপর্ণী, ইঁদুরকাণীপানা।

মূষীকা, স্ত্রী. [মূষী+ক-আ] উন্দুরু, মূষিক, ইঁদুর।

মৃষ্যায়ণ, ত্রি. [মৃষ্য+অয়ন] অজ্ঞাতপিতৃক, গূঢ়োৎপন্ন, জারজাত।

মৃকণ্ডক, পুং. [মৃকণ্ড+ক] মৃকণ্ডুমুনি, মার্কণ্ডেয় মুনিরপিতা.

মৃকণ্ডু, পুং. [মৃকণ্ড+উ] মুনিবিশেষ,

মৃগ, পুং. [মৃগ+অ] পশুমাত্র, হস্তিবিশেষ, নক্ষত্রবিশেষ; অন্বেষণ: যাচ্ঞা; মার্গশীর্ষমাস; যজ্ঞবিশেষ; মৃগনাভি; মকররাশি; স্বনামখ্যাত পশুবিশেষ, তৎপর্য্যায়।—কুরঙ্গ, বাতায়ুঃ, হরিণ, অজিনযোনি, শারঙ্গ, চারুলোচন, জিনযোনি, কুরঙ্গম, ঋষ্য, ঋশ্য, রিষ্য, রিশ্য, এণ, এণক; তন্নববিধযথা।—শম্বর, রোহিত, ন্যঙ্কু, কুরঙ্গ, সুদৃক্, রুরু, এণ, হরিণ, মৃগ; চতুর্ব্বিধ পুরুষের মধ্যে পুরুষবিশেষ।

মৃগগামিনী স্ত্রী. [মৃগ+গামিন্-ঈ] বিড়ঙ্গা বিড়ঙ্গ; মৃগসদৃশ গমনশীলা স্ত্রী।

মৃগঘর্ম্মজ, ন. [মৃগ+ঘর্ম্মজ] জবাদিনামক-গন্ধদ্রব্য; (ত্রি.) মৃগঘর্ম্মজাত।

মৃগচেটক, পুং. [মৃগ+চেটক] খট্টাস, খটাস।

মৃগজালিকা, স্ত্রী. [মৃগ+জালিকা] মৃগবন্ধনার্থজাল, তৎপর্য্যায়।—বাগুরা, মৃগধরাফাঁদ।

মৃগজীবন, পুং. [মৃগ+জীবন] ব্যাধ, নিষাদ, শিকারী।

মৃগণ, ন. [মৃগ+অন] অপহৃতবস্তুর অন্বেষণ।

মৃগণা, স্ত্রী. [মৃগ+অন-আ] অপহৃত দ্রব্যের-অন্বেষণা, চোরাবস্তুর অনুসন্ধান।

মৃগতৃট্, স্ত্রী. [মৃগ+তৃষ্] মৃগতৃষ্ণা, মরীচিকা, সূর্য্যকিরণে জলভ্রম।

মৃগতৃষা, স্ত্রী. [মৃগ+তৃষ্-আ] মৃগতৃষ্ণা, মরীচিকা, সূর্য্যকিরণে জলভ্রম, মৃগিষা।

মৃগতৃষ্ণা, স্ত্রী. [মৃগ+তৃষ্ণা] মরুদেশে বালুকাময়স্থানে সূর্য্যকিরণে মৃগদিগের জলভ্রম, তৎপর্য্যায়।—মরীচিকা, মৃগতৃষ্ণিকা, মৃগতৃট্, মৃগতৃষ্ণা।

মৃগতৃষ্ণিকা, স্ত্রী. [মৃগতৃষ্ণা+ইক-আ] মৃগতৃষ্ণা, মরীচিকা, বালুকাময় স্থানে সূর্য্যকিরণে মৃগদিগের জলভ্রম।

মৃগদংশক পুং. [মৃগ+দংশক] শ্বা, কুকুর

মৃগধূর্ত্ত, পুং. [মৃগ+ধূর্ত্ত] শৃগাল, শিবা

মৃগধূর্ত্তক, পুং [মৃগ+ধূর্ত্তক] শৃগাল, বঞ্চক, শিয়াল।

মৃগনয়নী, স্ত্রী. [মৃগ+নয়ন-ঈ] মৃগাক্ষী, হরিণেক্ষণা, মৃগসদৃশ লোচনা স্ত্রী।

মৃগনাভি, পুং. [মৃগ+নাভি] কস্তূরী, তৎপর্য্যায়।—মৃগমদ, সহস্রভূৎ, কস্তুরিকা, কস্তূরী, বোধ্যগন্ধা।

মৃগনাভিজা, স্ত্রী. [মৃগ+নাভিজ-আ] কস্তূরী, মৃগনাভি, মৃগমদ, গন্ধধূলী।

মৃগনেত্রা, স্ত্রী. [মৃগ+নেত্র-আ] মৃগশিরাপ্রাপয়িতা রাত্রি অর্থাৎ বিংশতিদণ্ডাধিক অগ্রহায়ণ মাসের ত্রয়োবিংশ দিনাবধি সংক্রান্তিপর্য্যন্ত; হরিণনয়নাস্ত্রী।

মৃগনেত্রী, স্ত্রী. [মৃগনেত্র+ঈ] মৃগনয়নী, মৃগাক্ষী।

মৃগপতি, পুং. [মৃগ+পতি] সিংহ, কেশরী।

মৃগপালিকা, স্ত্রী. [মৃগ+পালিকা] মৃগবিশেষ, কস্তুরী মৃগ।

মৃগপিপ্লু, পুং. [মৃগ+পিপ্লু] চন্দ্র, বিধু, শশাঙ্ক।

মৃগপ্রিয়, পুং. [মৃগ+প্রিয়] পর্ব্বততৃণ, গিরিজাত তৃণ।

মৃগবধাজীব, পুং. [মৃগবধ+আজীব] ব্যাধ, নিষাদ, শিকারী।

মৃগবন্ধিনী, স্ত্রী. [মৃগ+বন্ধিন্-ঈ] মৃগবন্ধনার্থজাল, তৎপর্য্যায়।—বাগুরা।

মৃগবল্লভ, পুং. [মৃগ+বল্লভ] কুন্দরতৃণ।

মৃগবাহন, পুং. [মৃগ+বাহন] পবন, বায়ু, বাতাস।

মৃগব্য ন. [মৃ+গব্য] মৃগয়া, রাজাদিগের বনেতে মৃগ হনন করা।

মৃগভক্ষা, স্ত্রী. [মৃগ+ভক্ষ-আ] জটামাংসী।

মৃগমদ, পুং. [মৃগ+মদ] কস্তূরী, মৃগনাভি।

মৃগমদবাসা, স্ত্রী. [মৃগমদ+বাস-আ] কস্তূরীমল্লিকা।

মৃগয়া, স্ত্রী. [মৃগ+য়-আ] রাজাদিগের বনেতে মৃগ হনন করা, তৎপর্য্যায়।—আচ্ছোদন, মৃগব্য, আখেট। [শিকারী।

মৃগয়ু, পুং. [মৃগ+য়ু] ব্রহ্মা; শৃগাল; ব্যাধ

মৃগরসা, স্ত্রী. [মৃগ+রস-আ] সহদেবীলতা।

মৃগরাজ, পুং. [মৃগ+রাজ] সিংহ, মৃগেন্দ্র, কেশরী।

মৃগরাট্, পুং. [মৃগ+রাজ্] সিংহ, কেশরী।

মৃগরাটিকা, স্ত্রী. [মৃগ+রাটিকা] জীবন্তীবৃক্ষ।

মৃগরিপু, পুং. [মৃগ+রিপু] সিংহ, মৃগেন্দ্র, পঞ্চাস্য, হর্য্যক্ষ, হরি, কেশরী।

মৃগরোমজ, ত্রি. [মৃগ+রোমজ] পশুলোমজাতবস্ত্রাদি, তৎপর্য্যায়।—রাঙ্কব, শাল।

মৃগলাঞ্ছন, ন. [মৃগ+লাঞ্ছন] মৃগচিহ্ন, (পুং) চন্দ্র, মৃগাঙ্ক, সুধাংশু।

মৃগলোচনী, স্ত্রী. [মৃগ+লোচন-ঈ] এণনয়না, মৃগসদৃশ লোচনবিশিষ্টা স্ত্রী।

মৃগশাবক, পুং. [মৃগ+শাবক] মৃগশিশু, হরিণ বৎস, এণ।

মৃগশিরঃ, ন. [মৃগ+শিরস্] সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত পঞ্চমনক্ষত্র, তৎপর্য্যায়।—মৃগশীর্ষ, আগ্রহায়ণী।

মৃগশিরা, স্ত্রী. [মৃগ+শির-আ] মৃগশিরানক্ষত্র, মৃগশীর্ষ।

মৃগশিরাঃ, পুং. [মৃগ+শিরস্] মৃগশিরোনক্ষত্র, মৃগশীর্ষ।

মৃগশীর্ষ, ন.পুং. [মৃগ+শীর্ষ] মৃগশিরোনক্ষত্র।

মৃগশীর্ষা, পুং. স্ত্রী. [মৃগ+শীর্ষন্] মৃগশিরোনক্ষত্র, মৃগশীর্ষ।

মৃগশৃঙ্গ, পুং. [মৃগ+শৃঙ্গ] হরিণশৃঙ্গ, হরিণের শিঙ্গ।

মৃগক্ষীর, ন. [মৃগ+ক্ষীর] মৃগীদুগ্ধ, হরিণীর দুগ্ধ।

মৃগা, স্ত্রী. [মৃগ+আ] সহদেবীলতা।

মৃগাঙ্ক, পুং. [মৃগ+অঙ্ক] চন্দ্র; কর্পূর; বায়ু; (ন) মৃগচিহ্ন; যক্ষ্মারোগের ঔষধবিশেষ।

মৃগাজীব, পুং. [মৃগ+আজীব] ব্যাধ, নিষাদ, শিকারী।

মৃগাণ্ডজা, স্ত্রী. [মৃগ+অণ্ডজ-আ] কস্তূরী, মৃগমদ, মৃগনাভি।

মৃগাৎ, পুং. স্ত্রী. [মৃগ+অদ] ব্যাঘ্র, শার্দ্দূল।

মৃগাদ্, পুং. [মৃগ+অদ] ব্যাঘ্র, শার্দ্দূল।

মৃগাদন, পুং. [মৃগ+অদন] ক্ষুদ্রব্যাঘ্র, চিতাবাঘ, নেকড়িয়াবাঘ, তৎপর্য্যায়।—তরক্ষু, তর্ক্ষ, তরক্ষ্ক, তরক্ষক।

মৃগাদনী, স্ত্রী. [মৃগ+অদন-ঈ] ইন্দ্রবারুণী; সহদেবীলতা; মৃগেৰ্ব্বারু,(হিং) সেঁধিনী; ক্ষুদ্রব্যাঘ্র।

মৃগান্তক, পুং [মৃগ+অন্তক] চিত্রব্যাঘ্র, চিতে-বাঘ।

মৃগাবিদ্, পুং. [মৃগ+আবিধ্] ব্যাধ, নিষাদ, শিকারী। [মৃগশত্রু।

মৃগারাতি, পুং. [মৃগ+অরাতি] কুক্কুর,কুকুর;

মৃগারি, পুং. [মৃগ+অরি] সিংহ; ব্যাঘ্র; কুক্কুর; রক্তশিগ্রু।

মৃগাল, (প্রা) মৎস্যবিশেষ, মিরগেলমাছ।

মৃগালয়, পুং. [মৃগ+আলয়] মৃগশালা, হরিণালয়, পশ্বাকীর্ণবন।

মৃগাক্ষী, স্ত্রী. [মৃগ+অক্ষিন্+ঈ] বিশালা; মৃগলোচন তুল্যনেত্রা স্ত্রী।

মৃগিত, ত্রি. [মৃগ+ইত] অন্বেষিত, চেষ্টিত, কৃতানুসন্ধান।

মৃগী, স্ত্রী. [মৃগ+ঈ] মৃগজাতিস্ত্রী, হরিণী; পুলহভাৰ্য্যা, কশ্যপকন্যা; ত্র্যক্ষর ছন্দো বিশেষ; অপস্মাররোগ।

মৃগেন্দ্র, পুং. [মৃগ+ইন্দ্র] সিংহ, কেশরী, পশুরাজ।

মৃগেন্দ্রচটক, পুং. [মৃগেন্দ্র+চটক] শ্যেন-পক্ষী, শয়চান, শিকরা।

মৃগেন্দ্রমুখ, ন. [মৃগেন্দ্র+মুখ] ছন্দোবিশেষ; সিংহের মুখ।

মৃগেন্দ্রাশী স্ত্রী. [মৃগেন্দ্র+আশ-ঈ] বাসক-বৃক্ষ, বাকসগাছ।

মৃগেৰ্ব্বারু, স্ত্রী. [মৃগেৰ্ব্বা+রু] শ্বেতেন্দ্র বারুণী, (হিং) সেঁধিনী, তৎপর্য্যায়।—মৃগাক্ষী, শ্বেতপুষ্পা, মৃগাদনী,চিত্রবল্লী, বহুফলা, কপিলাক্ষী, মৃগেক্ষণা, চিত্রা, চিত্রফলা, পথ্যা, বিচিত্রা, মৃগচির্ভিটা, মরুজা, কুষ্টিনী, দেবী, কটুফলা, লঘু-চির্ভিটা।

মৃগেষ্ট, পুং. [মৃগ+ইষ্ট] মুদ্গরবৃক্ষ

মৃগেক্ষণা, স্ত্রী. [মৃগ+ঈক্ষণ-আ] মৃগেৰ্ব্বারু, শ্বেতেন্দ্রবারুণী; মৃগনয়না স্ত্রী; (হিং) সেঁধিনী।

মৃজ, পুং. [মৃজ+অ] বাদ্যবিশেষ, মৰ্দ্দলবাদ্য, দারুজবাদ্য, মাদল।

মৃজা, স্ত্রী. [মৃজ্+আ] মার্জ্জন, পরিষ্কার করণ। [নীয়।

মৃজ্য, ত্রি. [মৃজ+য] মার্জ্য, মার্জ্জনীয়, শোধ-

মৃড়, পুং. [মৃড়+অ] শিব, মহাদেব।

মৃড়কঙ্কণ, পুং. [মৃড়+কঙ্কণ] বালক, শিশু, কিশোর।

মৃড়া, স্ত্রী. [মৃড়+আ] দুর্গা, পাৰ্ব্বতী।

মৃড়ানী, স্ত্রী. [মৃড়+আনী] দুর্গা, পাৰ্ব্বতী।

মৃড়ী, স্ত্রী. [মৃড়+ঈ] দুর্গা, পাৰ্ব্বতী।

মৃড়ীক, পুং. [মৃড়+ঈক] হরিণ, মৃগ, ব্রণ।

মৃণাল, ন. পুং. [মৃণ+আল] পদ্মেরনাল, মোলাম, তৎপর্য্যায়।—বিস, বিশ, পদ্ম-নাল, মৃণালী,মৃণালিনী, পদ্মতন্তু,বিসিনী, নলিনীরুহ; (ন.) বীরণমূল।

মৃণালিনী, স্ত্রী. [মৃণাল+ইন্-ঈ] পদ্মিনী; পদ্মযুক্তদেশ; পদ্মসমূহ; পদ্মলতা।

মৃণালী, স্ত্রী. [মৃণাল+ঈ] মৃণাল, পদ্মেরনাল; স্বল্প মৃণাল জাতি; (পুং.) পদ্ম, কমল

মৃণ্ময়, ত্রি. [মৃৎ+ময়] মৃত্তিকানির্ম্মিত।

মৃত, ন. [মৃ+ত] যাচিত; মৃত্যু; (ত্রি.) যাচিত বস্তু; গতপ্রাণ, মরা, তৎপর্য্যায়।—পরাসু, প্রাপ্তপঞ্চত্ব, পরেত, প্রেত, সংস্থিত, প্রমীত।

মৃতক, ন. [মৃত+ক] মরণাশৌচ; শব; মৃত-দেহ, মড়া। [ঈষদূনমৃত।

মৃতকল্প, ত্রি. [মৃত+কল্প] মৃতপ্রায়, মৃততুল্য,

মৃতকান্তক, পুং. [মৃতক+অন্তক] শৃগাল, জম্বুক, শিয়াল।

মৃতজীব, পুং. [মৃত+জীব] তিলকবৃক্ষ, তিল-গাছ। [মুনি।

মৃতণ্ড, পুং. [মৃতণ্ড+অ] সূর্য্যপিতা, কশ্যপ-

মৃততুল্য, ত্রি. [মৃত+তুল্য] মৃতপ্রায়, মৃতকল্প, মৃতবৎ।

মৃতদত্ত, ন. [মৃত+দত্ত] মুমূর্ষুদান, মরণ-কালীনদান। [বিহীন।

মৃতদার, পুং. [মৃত+দার] অস্ত্রীক, পত্নী-

মৃতপিতৃক, ত্রি. [মৃত+পিতৃক] পিতৃবিহীন, যাহার পিতার মৃত্যু হইয়াছে।

মৃতপুত্রা, স্ত্রী. [মৃত+পুত্র-আ] মৃতবৎসা, যে স্ত্রীর সন্তাননষ্ট হয়।

মৃতপ্রায়, ত্রি. [মৃত+প্রায়] মৃততুল্য, মৃতবৎ, মৃতকল্প; অপমানাদি জন্য বিমর্ষ ভাবাপন্ন।

মৃতবৎসা, স্ত্রী. [মৃত+বৎস-আ] মৃতাপত্যা, অজীবৎসন্তানা, গর্ত্তাবধি বর্ষত্রয় পর্য্যন্ত বারম্বার যে স্ত্রীর পুত্র মৃত হয়।

মৃতমত্ত, পুং. [মৃত+মত্ত] শৃগাল, বঞ্চক, শিয়াল।

মৃতসঞ্জীবনী, স্ত্রী. [মৃত+সঞ্জীবনী] ঘোরক্ষদুগ্ধা, মৃতজীবনার্থিকা বিদ্যা।

মৃতমস্তক, পুং. [মৃত+মস্তক] শৃগাল, জম্বুক, শিয়াল।

মৃতস্নাত, ত্রি. [মৃত+স্নাত] মৃতোদ্দেশেস্নাত, তৎপর্য্যায়।—অপস্নাত; মৃত উদ্দিশ্য কৃত স্নান ব্যক্তি; সংস্কারার্থ শবদেহের স্নান।

মৃতস্নান, ন. [মৃত+স্নান] মৃতোদ্দেশেস্নান, তৎপর্য্যায়।—অপস্নান। [জর্ষি।

মৃতস্বমোক্তা, পুং. [মৃত+স্ব-মোক্তৃ] রা-

মৃতাণ্ড, পুং. [মৃত+অণ্ড] সূর্য্য, মার্ত্তণ্ড, দিবাকর।

মৃতাপত্যা, স্ত্রী. [মৃত+অপত্য-আ] মৃতবৎসা, যে স্ত্রীর সন্তান রক্ষা হয় না।

মৃতান্তর, পুং. [মৃত+অন্তর] সাক্ষিবিশেষ, মৃতলোকের পক্ষ হইয়া সাক্ষ্যদায়ী।

মৃতামদ, ন. [মৃত+আমদ] তুথ, তুঁতে।

মৃতালক, ন. [মৃত+অলক] আঢ়কী।

মৃতি, স্ত্রী. [মৃ+তি] মরণ, মৃত্যু, প্রাণত্যাগ।

মৃতোদ্ভব, পুং. [মৃত+উদ্ভব] সমুদ্র।

মৃৎ, স্ত্রী. [মৃদ+ক্বিপ] মৃত্তিকা, মাটী; তুবরী, অড়রকলায়।

মৃৎকর, পুং. [মৃৎ+কর] কুম্ভকার, কুমার।

মৃৎকাংস্য, ন. [মৃৎ+কাংস্য] শরাব, শরা।

মৃৎকিরা, স্ত্রী. [মৃৎ+কির-আ] ঘুর্ঘুরী, ঘুর্ঘুরিয়া।

মৃৎখলিনী, স্ত্রী. [মৃৎ+খলিন্-ঈ] চর্ম্মকষাবৃক্ষ

মৃৎকলী, স্ত্রী. [মৃৎ+কল-ঈ] কুষ্ঠৌষধ, কুড়

মৃত্তাল, ন. [মৃৎ+তাল] আঢ়কী।

মৃত্তালক, ন. [মৃত্তাল+ক] তুবরিকা, তুবরি কলায়,, অড়রকলায়; সৌরাষ্ট্রমৃত্তিকা।

মৃত্তিকা, স্ত্রী. [মৃৎ+তিক-আ] তুবরী, অড়র কলায়; মৃৎ, মাটী, তৎপর্য্যায়।—মৃদা, মৃত্তি।

মৃত্যু, পুং. [মৃ+ত্যু] যম, অন্তক; কংস; (ত্রি.) প্রাণবিয়োগ, তৎপর্য্যায়।—পঞ্চতা, কালধর্ম্ম, দিষ্টান্ত, প্রলয়, অত্যয়, অন্ত, নাশ, মরণ, নিধন, পঞ্চত্ব, মৃত, মৃতি, মৃত্যু, নৈধন, সংস্থা, অপায়, কাল, পরলোকগম, দীর্ঘনিদ্রা, নিমীলন, অস্ত, অবসান ভূমিলাভ, নিপাত, বিলয়, আত্যয়িক।

মৃত্যুঞ্জয়, পুং. [মৃত্যুং+জয়] শিব মহাদেব।

মৃত্যুনাশক, পুং. [মৃত্যু+নাশক] পারদ, পারা; (ত্রি). মরণহারক।

মৃত্যুপুষ্প, পুং. [মৃত্যু+পুষ্প] ইক্ষু, আউক।

মৃত্যুফল, পুং. [মৃত্যু+ফল] মহাকালফল; মাকালফল।

মৃত্যুফলা, স্ত্রী. [মৃত্যু+ফল-আ] কদলী, রম্ভা, ফলা।

মৃত্যুবঞ্চন, পুং. [মৃত্যু+বঞ্চন] শিব, মহাদেব, বিল্ববৃক্ষ; দণ্ডকাক, দাঁড়কাক।

মৃত্যুবীজ, পুং. [মৃত্যু+বীজ] বংশ, বাঁশ।

মৃত্যুভঙ্গুরক, পুং [মৃত্যু+ভঙ্গুরক] মরণকালীন বাদনীয় পটহ।

মৃত্যুভৃত্য, স্ত্রী. [মৃত্যু+ভৃত্য] রোগ, পীড়া, ব্যামোহ।

মৃত্যুসূতি, স্ত্রী. [মৃত্যু+সূতি] কর্কটী, কাঁকুড়।

মৃৎসা, স্ত্রী. [মৃৎস+আ] প্রশস্তমৃত্তিকা, প্রশস্তমাটী, উত্তমমাটী

মৃৎস্না, স্ত্রী. [মৃৎস্+ন-আ] প্রশস্ত মৃত্তিকা, উত্তমমাটী; কাক্ষী

মৃৎস্নাভাণ্ডক, পুং. [মৃৎস্না+ভাণ্ডক] ভাণ্ডবিশেষ, তৎপর্য্যায়।—মুষ্টিকা।

মৃদ, স্ত্রী. [মৃদ্+অ] মৃৎ, মৃত্তিকা, মাটী।

মৃদঙ্কুর, পুং. [মৃৎ+অঙ্কুর] হরীতকী

মৃদঙ্গ, পুং. [মৃৎ+অঙ্গ] স্বনামখ্যাতবাদ্য, তৎপর্য্যায়।—মুরজ; পটহ, ঢক্কা; ঘোষ শব্দ; বংশ, বাঁশ।

মৃদঙ্গফল, পুং. [মৃদঙ্গ+ফল] পনসবৃক্ষ, কাঁটালগাছ।

মৃদঙ্গফলিনী, স্ত্রী. [মৃদঙ্গ+ফলিন্-ঈ] ঘোষাতকীবৃক্ষ।

মৃদঙ্গী, স্ত্রী. [মৃদঙ্গ+ঈ] ঘোষাতকী, শ্বেত-ঘোষা।

মৃদা, স্ত্রী. [মৃদ+আ] মৃৎ, মৃত্তিকা, মাটী।

মৃদাকর, পু-, [মৃৎ+আকার] বজ্র, অশনি, বাজ।

মৃদিত, ত্রি, [মৃ+ইত] চূর্ণীকৃত,।

মৃদিনী, স্ত্রী. [মৃৎ+ঈন্-ঈ] প্রশস্ত মৃত্তিকা, উত্তমমাটী

মৃদু ত্রি. [মৃৎ+উ] অতীক্ষ্ণ; কোমল; (স্ত্রী). গৃহকন্যা।

মৃদুকৃষ্ণায়স, ন. [মৃদু+কৃষ্ণায়স] সীসক, সীসা।

মৃদুগণ, পুং. [মৃদু+গণ] চিত্রা; অনুরাধা; মৃগশিরা রেবতী নক্ষত্র।

মৃদুগমনা, স্ত্রী. [মৃদু+গমন-আ] হংসী; মন্দগমনাস্ত্রী।

মৃদুচর্ম্মী, পুং. [মৃদু+চর্ম্মিন্] ভূর্জ্জবৃক্ষ; (ত্রি). কোমলত্বক্‌বিশিষ্ট।

মৃদুচ্ছদ, পুং. [মৃদু+ছদ] ভূর্জ্জবৃক্ষ; গিরি-জাত পীলুবৃক্ষ; কুক্কুরদ্রুম; শ্রীতাল।

মৃদুতা, স্ত্রী. [মৃদু+ত-আ] মৃদুত্ব, মৃদুভাব, ধীরতা; কোমলতা

মৃদুতাল, পুং. [মৃদু+তাল] শ্রীতালবৃক্ষ; কোমলতাল

মৃদুত্ব, ন. [মৃদু+ত্ব] মৃদুতা, কোমলত্ব; ধীরতা।

মৃদুত্বক্, পুং. [মৃদু+ত্বচ্] ভূর্জ্জবৃক্ষ।

মৃদুত্বচঃ, পুং. [মৃদু+ত্বচ] ভূর্জ্জবৃক্ষ।

মৃদুদ্ভব, ত্রি. [মৃৎ+উদ্ভব] ভূমিজ, মৃত্তিকা-জাত।

মৃদুন্নক, ন. [মৃৎ+উন্নক] সুবর্ণ, স্বর্ণ, সোণা।

মৃদুপত্র, পুং. [মৃদু+পত্র] নল; (ন.) কোমল

মৃদুপত্রী, স্ত্রী. [মৃদু+পত্র-ঈ] চিল্লীশাক

মৃদুপর্ব্বক, পুং. [মৃদু+পর্ব্বক] বেত্র, বেত; (ত্রি.) কোমলপর্ব্ববিশিষ্ট.

মৃদুপুষ্প, পুং. [মৃদু+পুষ্প] শিরীষবৃক্ষ; বঁইচ; (ত্রি.) কোমল কুসুমযুক্ত

মৃদুফল, পুং. [মৃদু+ফল] বিকঙ্কতবৃক্ষ, মধুনালিকেরিক; বিকণ্টকবৃক্ষ; (ত্রি.) কোমলফলযুক্ত। [নরম।

মৃদুল, ন. [মৃদু+ল] জল,নীর; (ত্রি.) কোমল,

মৃদুলোমক, পুং. [মৃদু+লোমক] শশক, শশারু; (ত্রি.) কোমল রোমবিশিষ্ট।

মৃদুস্রোতঃ, পুং. [মৃদু+স্রোতস্] নদীরমন্দ-গতি, অল্পস্রোতঃ।

মৃদুস্বভাব, পুং. [মৃদু+স্বভাব] কোমলান্তঃ করণ, কোমলস্বভাব। [রব।

মৃদুস্বর, পুং. [মৃদু+স্বর] কোমলশব্দ,অতীক্ষ্ণ

মৃদুহাস্য, ন. [মৃদু+হাস্য] ঈষৎহাস্য, অল্প-হাস্য, মুচ্‌কিহাস্য।

মৃদুৎপল, ন. [মৃদু+উৎপল] নীলপদ্ম, নীল-কমল। [মাছ।

মৃদ্গ, পুং. [মৃৎ+গম্-অ] মৎস্যবিশেষ, মৃগাল

মৃদ্বঙ্গ, ন. [মৃদু+অঙ্গ] বঙ্গ। [দ্রাক্ষা।

মৃদ্বী, স্ত্রী. [মৃদু+ঈ] কোমলাঙ্গী; কপিল-

মৃদ্বীকা, স্ত্রী. [মৃদু+ইক-আ] দ্রাক্ষা, কিস্-মিস্; কপিলদ্রাক্ষা।

মৃধ, ন. [মৃধ+অ] যুদ্ধ,কলহ,সংগ্রাম,লড়াই।

মৃধা, ব্য. [মৃধ+আ] মৃষা, মিথ্যা, অলীক; বৃথা।

মৃণ্ময়, ত্রি. [মৃৎ+ময়] মৃত্তিকানির্ম্মিত, মেটে।

মৃণ্ময়ী, স্ত্রী. [মৃণ্ময়+ঈ] মৃত্তিকানির্ম্মিত প্রতিমা।

মৃণ্মরু, পুং. [মৃৎ+মরু] পাষাণ, প্রস্তর।

মৃষা, স্ত্রী. [মৃষ+অ-আ] মিথ্যা, অলীক; বৃথা।

মৃষাধ্যায়ী, পুং. [মৃষা+অধ্যায়িন্] বকপক্ষী।

মৃষাবাদ, পুং. [মৃষা+বাদ] মিথ্যাবাক্য, অসত্যকথন, তৎপর্য্যায়।—টটরী।

মৃষাবাদী, ত্রি. [মৃষা+বাদিন্] মিথ্যাবাদক, অসত্যবাদী, তৎপর্য্যায়।—মৃষোদ্য;

মৃষার্থক, ন. [মৃষা+অর্থক] অতিশয় অসত্য বাক্য, অপ্রসিদ্ধ কথন, তৎপর্য্যায়।- আহত; অতিশয় অসম্ভব বাক্য।

মৃষালক, পুং. [মৃষাল+ক] আম্রবৃক্ষ।

মৃষোদ্য, ন. [মৃষা+বদ-য] মিথ্যাবাক্য, অসত্যকথন; (ত্রি.) মিথ্যাবাদী।

মৃষ্ট, ন. [মৃষ+ত] মরিচ; (ত্রি.) শোধিত, মার্জ্জিত।

মৃষ্টেরুক, পুং. [মৃষ্ট+এরুক] বদান্য, দাতা- মিষ্টাশী,মিষ্টদ্রব্য ভোজনকারী; অতিথি দ্বেষ্টা।

মেই, (প্রা) স্তন; খামারের মাঝে পোঁতা ধান্যাদি মাড়নার্থ কাঠ।

মেইয়া, (প্রা) স্ত্রীলোক; বালিকা, কন্যা।

মেইয়ামী, (প্রা) স্ত্রীপনা, কাপুরুষত্ব, স্ত্রীত্ব।

মেইমুখো, (প্রা) সলজ্জ, লাজুক, মুখচোরা।

মেঁদি, (প্রা) বৃক্ষবিশেষ; স্ত্রীজাতী।

মে, ত্রি. [মৎ] মহ্যং; আমাকে, আমার।

মেক, পুং. [মে+ক] ছাগ, অজ; স্তম্ভ,খুঁটি।

মেকলকন্যকা, স্ত্রী. [মেকল+কন্যকা] নর্ম্মদা- নদী। [দানদী।

মেকলাদ্রিজা, স্ত্রী. [মেকল+অদ্রিজা] নর্ম্ম-

মেকলী, (প্রা) স্ত্রীলোকের পরিধেয় বস্ত্র- বিশেষ, চটেরকাপড়।

মেখলা, স্ত্রী. [মেখল+আ] স্ত্রীলোকের কটী- দেশের আভরণ, চন্দ্রহার, গোট, তৎ- তৎপর্য্যায়।—কাঞ্চী, সপ্তকী, রসনা, সারসন, কাঞ্চি, রশনা, কক্ষা, রসন, রম্লন, কক্ষ্যা, সপ্তকা, সারশন, কলাপ; খড়্গাদি নিবন্ধন; শিঞ্জনিকা; চর্ম্মর- জ্জ্বাদি; শৈলনিতম্ব; নর্ম্মদানদী; প্রশ্নি- পর্ণীলতা; উপনয়নকালীন ধারণীয় শর পত্রাদি নির্ম্মিত সূত্রত্রয়; হোমকুণ্ডো- পরি মৃদ্ঘটিত বেষ্টনবিশেষ।

মেখলকন্যকা, স্ত্রী. [মেখল+কন্যকা]নর্ম্মদা- নদী।

মেঘ, পুং. [মিহ+অ] মুস্তক, মুতা; রাক্ষস; স্বনামখ্যাত দ্রবীভূত পদার্থ, তৎপ- র্য্যায়।—অভ্র, বারিবাহ, স্তনয়িত্নু, বলা- হক, ধারাধর, জলধর, তড়িত্বান্, বারিদ অম্বুভৃৎ, ঘন, জীমূত, মুদির, জলমুক্, ধূমযোনি, অম্ভোদ, পয়োধর, অম্ভোধর, ব্যোমধূম, ঘনাঘন, বায়ুদারু, নভশ্চর, কন্ধর, কন্ধ, নীরদ, গগণধ্বজ, বারিমুক্, বার্ম্মুক্, বনমুক্, অব্দ, পর্জ্জন্য নভো- গজ, মদয়িত্নু, কদ,কন্দ, গবেডু, গদাম্বর, খতমাল, বাতরথ, শ্বেতনীল, নাগ, জল- করঙ্ক, পেচক, ভেক,দর্দ্দুর, অম্বুদ,তোয়দ, অম্বুবাহ, বৃষ্টিমান্, পর্ব্বতাশয়, পাথোদ, গদাম্বর, গাড়ব, বারিমসি; ষষ্ঠরাগান্ত- র্গত রাগবিশেষ; মেঘনামানি যথা।— অদ্রি, গ্রাবা, গোত্র, বল, অশ্ন, পুরু- ভোজা, বলিশান, অশ্মা, পর্ব্বত, গিরি, ব্রজ, চরু, বরাহ, শম্বর, রৌহিণ, রৈবত, ফলিগ, উপর, উপল, চমস, অহি, অভ্র, বলাহক, মেঘ, দৃতি, ওদন, বৃষন্ধি, বৃত্র, অসুর, কোশ।

মেঘকফ, পুং. [মেঘ+কফ] করকা, বর্ষো- পল, শিল। [কাল।

মেঘকাল, পুং. [মেঘ+কাল] বর্ষাঋতু,বর্ষা-

মেঘচিন্তক, পুং. [মেঘ+চিন্তক] চাতকপক্ষী।

মেঘজ, ত্রি. [মেঘ+জন্-অ] মেঘভব বস্তু, করকা, শিল; বৃহন্মুক্তা।

মেঘজাল, ন. [মেঘ+জাল] অভ্রিয়; অভ্র; মেঘসমূহ, ঘনঘটা।

মেঘজীবন, পুং. [মেঘ+জীবন] চাতকপক্ষী।

মেঘজ্যোতিঃ, পুং. [মেঘ+জ্যোতিস্] ব- জ্রাগ্নি, তৎপর্য্যায়।—ইরম্মদ; বিদ্যুৎ।

মেঘড়ম্বর, পুং. [মেঘ+ডম্বর] মেঘের আড়- ম্বর, মেঘের গর্জ্জন।

মেঘডম্বুর, (প্রা) মেঘ, বারিদ।

মেঘতিমির, ন. [মেঘ+তিমির] মেঘাচ্ছন্ন দিন, দুর্দ্দিন।

মেঘদীপ, পুং. [মেঘ+দীপ] বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী।

মেঘনাদ, পুং. [মেঘ+নাদ] বরুণ; রাবণ পুত্র; পলাশবৃক্ষ; তণ্ডুলীয় শাক; (ন) মেঘশব্দ।

মেঘনাদজিৎ, পুং. [মেঘনাদ+জিৎ] লক্ষ্মণ, সমিত্রাপাল।

মেঘনাদাম্বুলাসক, পুং. [মেঘনাদ+অম্বুলাসক] ময়ূর, কলাপী, শিখী।

মেঘনাদাম্বুলাসী, পুং. [মেঘনাদ+অম্বুলাসিন্] ময়ূর, কলাপী, শিখী।

মেঘনামা, পুং. [মেঘ+নামন্] মুস্তক,মুতা।

মেঘনির্ঘোষ, পুং. [মেঘ+নির্ঘোষ] মেঘশব্দ, মেঘগর্জ্জন, তৎপর্য্যায়।—স্তনিত, গর্জ্জিত, রসিত, ধ্বনিত, হ্রাদিত।

মেঘপুষ্প, ন. [মেঘ+পুষ্প] জল; পিণ্ডাভ্র; নদীজল; (পুং.) শক্রহয়, ইন্দ্রের ঘোটক।

মেঘপ্রসব, পুং. [মেঘ+প্রসব] জল, সলিল, পয়ঃ।

মেঘবর্ণা, স্ত্রী. [মেঘ+বর্ণ–আ] নীলীবৃক্ষ, নীলগাছ

মেঘবর্ত্ম, ন. [মেঘ+বর্ত্মন্] আকাশ, গগণ, অন্তরীক্ষ।

মেঘবহ্নি, পুং. [মেঘ+বহ্নি] বজ্রাগ্নি, বিদ্যুতের আগুন, তৎপর্য্যায়।—ইরম্মদ।

মেঘবাহন, পুং. [মেঘ+বাহন] ইন্দ্র, শক্র, দেবরাজ।

মেঘবেশ্ম, ন. [মেঘ+বেশ্মন্] আকাশ, গগণ, অন্তরীক্ষ।

মেঘভূতি, পুং. [মেঘ+ভূতি] বজ্র, অশনি, বাজ।

মেঘমাল, পুং. [মেঘ+মাল] রমাগর্ভজাত কল্কিদেব পুত্র।

মেঘমালা, স্ত্রী. [মেঘ+মালা] মেঘশ্রেণী, তৎপর্য্যায়।—কাদম্বিনী।

মেঘযোনি, পুং. [মেঘ+যোনি] ধূম, ধূঁয়া।

মেঘরাগ, পুং. [মেঘ+রাগ] ষষ্ঠরাগান্তর্গত রাগবিশেষ।

মেঘলা, (প্রা) মেঘাচ্ছন্ন দিন, দুর্দ্দিন, বাদলা।

মেঘসার, পুং. [মেঘ+সার] কর্পূর বিশেষ, চীনকর্পূর। [কলাপী।

মেঘসুহৃৎ, পুং. [মেঘ+সুহৃদ্] ময়ূর, শিখী,

মেঘস্তনিতোদ্ভব, পুং. [মেঘ+স্তনিত+উদ্ভব] বিকণ্টক বৃক্ষ

মেঘাখ্য, ন. [মেঘ+আখ্য] মুস্তক, মুতা।

মেঘাগম, পুং. [মেঘ+আগম] বর্ষাকাল;

মেঘাচ্ছন্ন, ত্রি. [মেঘ+আচ্ছন্ন] দুর্দ্দিন, মেঘ দ্বারা আবৃত।

মেঘাড়ম্বর, পুং. [মেঘ+আড়ম্বর] ঘনঘটা, মেঘসমূহ।

মেঘানন্দা, স্ত্রী. [মেঘ+আনন্দ–আ] বলাকা, বকশ্রেণী।

মেঘানন্দী, পুং. [মেঘ+আনন্দিন্] ময়ূর, কলাপী।

মেঘান্ত, পুং. [মেঘ+অন্ত] শরৎকাল, ঘনাপগম।

মেঘাস্থি, ন. [মেঘ+অস্থি] করকা, বর্ষোপল, শিল। [গগণ।

মেঘাস্পদ, ন. [মেঘ+আস্পদ] আকাশ,

মেঘোদর, পুং. [মেঘ+উদর] অর্হৎপিতা।

মেচক, ন. [মিচ+অক] স্রোতোঞ্জন; অন্ধকার; নীলাঞ্জন; (পুং.) ময়ূর চন্দ্রক, ময়ূরপুচ্ছের চাঁদ; শ্যামল; ধূম; মেঘ; শোভাঞ্জন, শজিনাগাছ; (ত্রি.) শ্যামলগুণযুক্ত।

মেচকাপগা, স্ত্রী. [মেচক+অপগ–আ] যমুনানদী।

মেচকাভিধা, স্ত্রী. [মেচক+অভিধ–আ] পাতালগরুড়ীলতা

মেচ্যা, (প্রা) কাষ্ঠাসন বিশেষ, কেদেরা; চৌকী; মোড়া।

মেছুনী, (প্রা) ধীবরপত্নী, জেলেনী।

মেছুয়া (প্রা) মৎস্যজীবী, ধীবর জেলিয়া।

মেজিয়া, (প্রা) গৃহের মধ্যস্থল, ঘরের মেঝে।

মেঝা, (প্রা) গৃহমধ্য ভূমি, মেজ্যা।

মেঝিয়া, (প্রা) গৃহমধ্য ভূমি, ঘরের মেঝে।

মেঝেম, (প্রা) গৃহের মধ্যস্থল প্রস্তুতকরণ।

মেটা, (প্রা) সমাধা, নিষ্পত্তি, শেষ।

মেটান, (প্রা) নিষ্পত্তিকরণ, চুকান।

মেটিয়া, (প্রা) মৃন্ময়, মৃত্তিকানির্ম্মিত।

মেটিয়াতৈল, (প্রা) ভূমিজাত তৈল বিশেষ।

মেটুলা, স্ত্রী. [মেটুল+আ] আমলকী, ধাত্রীফল।

মেটাতৈল, (প্রা) ভূমিজাত তৈলবিশেষ।

মেঠ, পুং. [মিঠ+অ] হস্তিপক, হস্তিপালক

মেড়,(প্রা) প্রস্তরনির্ম্মিত দেবমূর্ত্তি; কাঠাম; নির্ম্মিত বাড়।

মেড়া, (প্রা) অবি, ভেড়া; নির্ব্বোধ।

মেড়ী, (প্রা) মেষী, মেষপত্নী।

মেড়ুয়া,(প্রা) ক্ষুদ্রহাতুড়ী; মলিনতা, মর্চ্চা।

মেঢ্র; পুং. [মিহ+র] শিশ্ন, উপস্থ, লিঙ্গ; মেষ, ভেড়া।

মেঢ্ররোগ, (প্রা) উপদংশ রোগ, বাও।

মেঢ্রশৃঙ্গী, স্ত্রী. [মেঢ্র+শৃঙ্গ-ঈ] মেষশৃঙ্গী বৃক্ষ।

মেণ্ট, পুং. [মেণ্ট+অ] হস্তিপক, মাহুত।

মেণ্ড, পুং. [মেণ্ড+অ] হস্তিপক, মাহুত।

মেণ্ঢ, পুং. [মেণ্ঢ+অ] মেষ, মেড়া, ভেড়া।

মেতর, (যাং) ঝাড়ুবর্দ্দার, পায়খানা পরিস্কারক।

মেথি, পুং. [মিথ+ই] খলে পশুবন্ধনার্থ ন্যস্তদারু; মেইকাঠ; ক্ষুপবিশেষ।

মেথিকা, স্ত্রী. [মিথ+ইক-আ] ক্ষুপবিশেষ, মেথিশাক,তৎপর্য্যায়।—মেথিনী,মেথী, দীপনী, বহুপত্রিকা, বেধনী, গন্ধবীজা, জ্যোতি; গন্ধফলা, বল্লবী, চন্দ্রিকা, মন্থা, মিশ্রপুষ্পা, কৈরবী, কুঞ্চিকা, বহুপর্ণী পীতবীজা।

মেথিনী, স্ত্রী. [মেথিন্+ঈ] মেথিকা, মেথিশাক।

মেথী, স্ত্রী. [মিথ+অ-ঈ] মেথিকা, মেথিশাক।

মেদঃ ন. [মিদ্+অস্] মাংসপ্রভব ধাতুবিশেষ, তৎপর্য্যায়।—বপা, বশা, মেদ; (পুং) বপা; ম্লেচ্ছজাতি বিশেষ; অলম্বুষা।

মেদক, পুং. [মিদ্+অক] জগল, মেয়া।

মেদজ, পুং. [মেদ্+জন্-অ] ভূমিজাত গুগ্গুলু; মেদোজাত।

মেদভিল্ল, পুং. [মেদ+ভিল্ল] জাতিবিশেষ।

মেদঃসারা, স্ত্রী. [মেদঃ+সার-আ] অষ্টবর্গে প্রসিদ্ধ ঔষধি বিশেষ, মেদা।

মেদস্কৃৎ, ন. [মেদস্+কৃৎ] মাংস, পিশিত, [illegible]

মেদা, স্ত্রী. [মেদ+আ] অষ্টবর্গে প্রসিদ্ধ ঔষধিবিশেষ, তৎপর্য্যায়।—মেদোদ্ভবা, জীবনী, শ্রেষ্ঠা, মণিচ্ছিদ্রা, বিভাবরী, বসা, স্বল্পপর্ণিকা, মেদঃসারা, স্নেহবতী, মেদিনী, মধুরা, স্নিগ্ধা, মেধ্যা, দ্রবা; সাধ্বী, শল্যদা, বহুরন্ধ্রিকা, পুরুষদন্তিকা; স্থূলবুদ্ধি, জড়।

মেদিনী, স্ত্রী. [মেদস্+ইন্-ঈ] মেদা, অষ্টবর্গে প্রসিদ্ধ ঔষধি বিশেষ; কাশ্মরী; পৃথিবী।

মেদিনীদ্রব, পুং. [মেদিনী+দ্রব] ধূলি পাংশু, রজঃ, ধূলা।

মেদুর, পুং. [মিদ্+উর] অতিশয় স্নিগ্ধ, শীতল, তৎপর্য্যায়।—সান্দ্রস্নিগ্ধ।

মেদুরা, স্ত্রী. [মিদ্+উর-আ] কাকোলী।

মেদোজ ন. [মেদস্+জন্-অ] অস্থি, হাড়।

মেদোদ্ভবা, স্ত্রী. [মেদ+উদ্ভব-আ] মেদা, অষ্টবর্গে প্রসিদ্ধ ঔষধবিশেষ

মেদোন্ধ্র, পুং. [মেদস্+অন্ধ্র] বর্ণসঙ্কর জাতিবিশেষ।

মেদোবতী, স্ত্রী. [মেদস্+বৎ-ঈ] মেদা, অষ্ট বর্গে প্রসিদ্ধ ঔষধবিশেষ।

মেধ, পুং. [মেধ+অ] যজ্ঞ, ক্রতু, যাগ।

মেধা, স্ত্রী. [মেধ+আ] ধারণাবতীবুদ্ধি, ধী; মেধাকরঔষধ;মেধাকরগণযথা।—সততঃ অধ্যয়ন, তত্ত্বজ্ঞানকথা, শ্রেষ্ঠতন্ত্রশাস্ত্রাবলোকন, সদ্বিজ্ঞাচার্য্য সেবা।

মেধাঃ, পুং, [মেধ+অস্] স্বায়ম্ভুবমনুপুত্র।

মেধাকৃৎ, ন. [মেধা+কৃৎ] শাকবিশেষ, সিতাবরশাক; (ত্রি.) মেধাকরক।

মেধাজিৎ, পুং. [মেধা+জিৎ] কাত্যায়ন মুনি।

মেধাতিথি, পুং. [মেধা+তিথি] মনুসংহিতাটীকাকর্ত্তা; মুনিবিশেষ, অরুন্ধতীপিতা।

মেধাবতী, স্ত্রী. [মেধা+বৎ-ঈ] মহাজ্যোতিষ্মতীলতা; মেধাবিশিষ্টা, বুদ্ধিমতী।

মেধাবান্, ত্রি. [মধা+বৎ] বুদ্ধিমান; ধারণাশক্তিবিশিষ্ট।

মেধাবিনী, স্ত্রী. [মেধা+বিন্-ঈ] ব্রহ্মার [illegible]

মেধাবী, পুং. [মেধা+বিন্] শুক মদিরা, মদ; পণ্ডিত; ব্যাড়িমুনি; (ত্রি) মেধাযুক্ত, মেধাবিশিষ্ট, তদ্বৈকপর্য্যায় ।—বিপ্র, বিগ্র, গৃৎশ, ধীর, বেন বেধা ; কণ্ব, ঋভু, নবেদ , কবি, মনীষী মান্ধাতা, বিধাতা, বিপ, মনশ্চিৎ, বিপশ্চিৎ, নিপন্যব, আকেনিপ। উশিজ কীস্তাস, অন্ধাতয়, মতয়, মন্ত্রথা বাদ্যত ।

মেধারুদ্র, পুং. [মেধা+রুদ্র] কালিদাস।

মেধাহীন, ত্রি. [মেধা+হীন] ধীশক্তিরহিত, বুদ্ধিহীন, নির্ব্বোধ।

মেধি, পুং. [মেধ+ই] খলেপশুবন্ধনার্থ-ন্যস্তদারু; খলেধান্য মর্দ্দনস্থানমধ্যে পশুবন্ধন নিমিত্ত নিহিতদারু, মেই-কাঠ, তৎপর্য্যায় ।—মেথি, খলেবালী ।

মেধির, ত্রি. [মেধা+ইর] মেধাবী, মেধাযুক্ত, ধারণাশক্তিবিশিষ্ট ।

মেধিষ্ঠ, ত্রি. [মেধা+ইষ্ঠ] অতিশয় মেধা-যুক্ত; বুদ্ধিমান্।

মেধ্য, ত্রি. [মেধ+য] পবিত্র; (পুং). খদির; যব; ছাগ, ছাগল।

মেধ্যা, স্ত্রী. [মেধ+য-আ] রক্তবচা; রোচনা কেতকী; জ্যোতিষ্মতীলতা; শঙ্খপুষ্পী, ব্রাহ্মী; শ্বেতবচা; শমী, শাঁই; মণ্ডূকী ।

মেনকা, স্ত্রী. [মেন+ক-আ] স্বর্গবেশ্যা; শকুন্তলামাতা; উমামাতা, হিমালয়পত্নী ।

মেনকাত্মজা, স্ত্রী, [মেনকা+আত্মজা] দুর্গা, পার্ব্বতী ।

মেনা, স্ত্রী. [মেন+আ] হিমালয় পর্ব্বত; হিমালয় পত্নী, পিতৃকন্যা; স্তন, মাই ।

মেনাজা, স্ত্রী. [মেনা+জন্-অ-আ] পার্ব্বতী মেনকাগর্ব্ভে উৎপন্না, দুর্গা ।

মেনাদ, পুং. [মে+নাদ] বিড়াল; ছাগ; ময়ূর ।

মেনাধব, পুং. [মেনা+ধব] হিমালয় পর্ব্বত ।

মেনী (প্রা) স্ত্রী জাতীয়বিড়াল; স্ত্রীলোক ।

মেনীমুখো, (প্রা). লাজুক, স্ত্রীলোকের

মেন্ধিকা, স্ত্রী. [মেন্ধ+ইক-আ] ক্ষুপবিশেষ, মেহিদী, মেদীগাছ ।

মেন্ধী, স্ত্রী. [মেন্ধ+ঈ] ক্ষুপবিশেষ, মেহিদী, মেদীগাছ

মেয়, ত্রি, [মা+য] পরিমাণযোগ্য ।

মেয়ে, (প্রা) স্ত্রীলোক, কন্যা, দুহিতা, ।

মেয়া, (প্রা) স্ত্রীলোক, কন্যা, দুহিতা ।

মেরক, পুং. [মের+ক] বিষ্ণুর শত্রুবিশেষ ।

মেরু, পুং. [মি+রু] পর্ব্বতবিশেষ. তৎ-পর্য্যায় ।—সুমেরু, হেমাদ্রি, রত্নসানু সুরালয়; জপমালার অগ্রবর্ত্তি প্রধান মালা ।

মেরুক, পুং. [মেরু+ক] যক্ষধূপ, ধুনা ।

মেরুগ্রন্থি, স্ত্রী. [মেরু+গ্রন্থি] শিলা; কাষ্ঠ; মেটিঞা

মেরুদণ্ড, ন. [মেরু+দণ্ড] পৃষ্ঠের মধ্যস্থিত অস্থি, পিঠের শিরদাঁড়া ।

মেরুযন্ত্র, ন. [মেরু+যন্ত্র] তকুঁটী ।

মেরুসাবর্ণ, পুং. [মেরু+সাবর্ণ] একাদশমনু।

মেল, পুং. [মিল+অ] ঐক্য, মিলন, সংযোগ।

মেলক, পুং. [মিল+অক] সঙ্গ; মিলন-কারী; আলাপী ।

মেলকলবণ, ন. [মেলক+লবণ] ঊষরলবণ।

মেলন, ন. [মিল+অন] মিলন, সংযোগ, একত্রহওন ।

মেলনিয়া, (প্রা). মিলনার্থ অনুরাগী, মেলক।

মেলা, স্ত্রী. [মিল+অ-আ] মেলক, মসি, কালী, অঞ্জন, কাজল; মহানীলী; হট্ট,

মেলান, (প্রা) মিলনকরা, যোগকরা, প্রসারণ । হাট; জনতা, লোকারণ্য ।

মেলানন্দা, স্ত্রী. [মেলা+আনন্দ-আ] মস্যাধার, দোয়াত ।

মেলানি, (প্রা) সমাজ; জনতা; বিদায় ।

মেলান্ধু, স্ত্রী. [মেলা+অন্ধু] মস্যাধার দোয়াত ।

মেলাপ (প্রা) ঐক্য, মিল সন্ধি, সম্প্রীতি ।

মেলাম্বু, পুং [মেলা+অম্বু] মস্যাধার, দোয়াত ।

মেষ, পুং. [মিষ+অ] পশুবিশেষ, মেড়া,

উরণ, উর্ণায়ু, বিক্কি, এড়ক, ভেড় হুড়, শৃঙ্গিণ, অবি, লোমশ, বলী, রোমশ, ভেড়ড়ু ভেড়ক, মেণ্ঢ, হুলু, মেণ্ঢক, হুড়ু, সংক্রম; লগ্নবিশেষ, ঔষধবিশেষ; রাশিবিশেষ, তৎপর্য্যায়।—ক্রিয়া।

মেষক, পুং. [মিষ+অক] শাকবিশেষ, জীবশাক।

মেষশৃঙ্গী, স্ত্রী. [মেষ+শৃঙ্গ-ঈ] অজশৃঙ্গীবৃক্ষ, মেঢ়াশৃঙ্গী, তৎপর্য্যায়।—নন্দীবৃক্ষ মেষবিষাণিকা, চক্ষুঃ, চক্ষুর্ব্বহন, মেঢ্রশৃঙ্গী, গৃহদ্রুমা।

মেষকম্বল, পুং. [মেষ+কম্বল] মেষলোম নির্ম্মিত বস্ত্র, তৎপর্য্যায়।—উর্ণায়ু।

মেষপাল, পুং. [মেষ+পাল] মেষসমূহ, ভেড়ারপাল; মেষপালনকর্ত্তা।

মেষপালক, পুং. [মেষ+পালক] মেষরক্ষক, ভেড়ার রাখাল।

মেষবল্লী, স্ত্রী. [মেষ+বল্লী] অজশৃঙ্গী, মেঢ়াশৃঙ্গীগাছ।

মেষবিষাণিকা, স্ত্রী. [মেষ+বিষাণিকা] মেষশৃঙ্গী, বৃক্ষ, মেঢ়াশৃঙ্গীগাছ।

মেষরাশি, পুং. [মেষ+রাশি] মেষাকার তারকাসমূহ, প্রথমরাশি।

মেষলোচন, পুং. [মেষ+লোচন] চক্রমর্দ্দবৃক্ষ, চাকুন্দেগাছ; মেষচক্ষুতুল্য চক্ষু।

মেষশৃঙ্গ, পুং. [মেষ+শৃঙ্গ] স্থাবরবিষ বিশেষ; গাড়লেরশিং।

মেষা, স্ত্রী. [মেষ+আ] ক্রুটি, গুজরাটিএলাইচ। [দেবরাজ।

মেষাণ্ড, পুং. [মেষ+অণ্ড] ইন্দ্র, সুরপতি,

মেষান্ত্রী, স্ত্রী. [মেষ+অন্ত্রী] বস্তান্ত্রী বৃক্ষ।

মেষালু, পুং. [মেষ+আলু] বর্ব্বরাবৃক্ষ।

মেষাহ্বয়, পুং. [মেষ+আহ্বয়] চক্রমর্দ্দ, চাকুন্দেগাছ।

মেষাক্ষিকুসুম, পুং. [মেষ+অক্ষি-কুসুম] চক্রমর্দ্দবৃক্ষ, চাকুন্দেগাছ।

মেষিকা, স্ত্রী. [মেষ+ইক-আ] মেষী, স্ত্রীজাতি মেষ, মেড়ী।

মেষী, স্ত্রী. [মেষ+ঈ] তিনিষবৃক্ষ; জটামাংসী; স্ত্রীজাতিমেষ, ভেড়ী, তৎপর্য্যায়।—জালকিনী, অবি, এড়কা, মেষিরা, ক্রুররী, রুজা, অবিলা, বেণী।

মেসুয়া, (প্রা) মাতার ভগিনীপতি, মাসীর স্বামী।

মেসুরণ, ন. [মেস+উরণ] দশমলগ্ন।

মেস্তাড়া,(প্রা)ছানী; ক্ষতস্থানের নূতনমাংস

মেহ, পুং. [মিহ+অ] প্রমেহরোগ, প্রস্রাব দোষ; মেষ; প্রস্রাব, মূত্র।

মেহকর, ত্রি. [মেহ+কর] প্রস্রাবজনক; মূত্রবর্দ্ধক। [হলুদ।

মেহঘ্নী, স্ত্রী; [মেহ+ঘ্ন-ঈ] হরিদ্রা,

মেহদুষ্ট, ন. [মেহ+দুষ্ট] মেহবিকার, প্রস্রাবদোষ।

মেহন, ন. [মিহ+অন] শিশ্ন, লিঙ্গ; মূত্র; মূত্রোৎসর্গ; (পুং) মুষ্করবৃক্ষ।

মেহনৎ (যাং) আয়াস, পরিশ্রম, ক্লান্তি।

মেহনা, স্ত্রী. [মিহ+অন-আ] মহিলা, নারী, স্ত্রী।

মেহ্ণ, ন. [মিহ+ষণ] যজ্ঞীয়পাত্রবিশেষ।

মৈত্র, ন. [মিত্র+অ] অনুরাধানক্ষত্র ১৭; পুরীষোৎসর্গ; (ত্রি) মিত্রসম্বন্ধীয়; (পুং) ব্রাহ্মণ; মিত্রতা, সখ্যতা, সৌহার্দ্দ।

মৈত্রকর্ম্ম, ন. [মৈত্র+কর্ম্ম] মলত্যাগ, পুরীষোৎসর্গ।

মৈত্রতা, স্ত্রী. [মিত্র+ত-আ] মিত্রেরধর্ম্ম, বন্ধুতা, সৌহার্দ্দ।

মৈত্রভ, ন. [মৈত্র+ভ] অনুরাধানক্ষত্র ১৭।

মৈত্রাবরুণ, পুং. [মিত্র+বরুণ-অ] অগস্ত্যমুনি। [মুনি।

মৈত্রাবরুণি, পুং. [মিত্র+বরুণ-ই] অগস্ত্য-

মৈত্রী, স্ত্রী. [মিত্র+অ-ঈ] মিত্রতা; মিত্রের কর্ম্ম।

মৈত্রীবল, পুং. [মৈত্রী+বল] বুদ্ধদেব।

মৈত্রেয়, পুং. [মিত্র+এয়] বুদ্ধবিশেষ; মুনিবিশেষ; (ত্রি.) মিত্রসম্বন্ধীয়।

মৈত্রেয়িকা, স্ত্রী. [মৈত্রেয়+ইক-আ] মিত্রযুদ্ধ। [কর্ম্ম।

মৈত্র্য, ন. স্ত্রী. [মিত্র+য] মিত্রতা; মিত্রের

মৈথিল, ত্রি. [মিথিলা+অ] মিথিলাদেশীয়, মিথিলাজাত

মৈথিলী, স্ত্রী. [মিথিলা+অ-ঈ] সীতা, জানকী।

মৈথুন, ন. [মিথুন+অ] অগ্ন্যাধান; সঙ্গত, রত; রতসুরত, স্ত্রীসংসর্গ. তৎপর্য্যায়।—সুরত, অভিমানিত, ধর্ষিত, সংপ্রয়োগ, অনারত, অব্রহ্মচর্য্যক, উপসৃষ্ট, ত্রিভদ্র, ক্রীড়ারত্ন, সহাসুখ, ব্যবায়, গ্রাম্যধর্ম্ম, রত, নিধুবন

মৈনাক, পুং. [মেনকা+অ] পর্ব্বতবিশেষ, তৎপর্য্যায়।—হিরণ্যনাভ, সুনাভ, হিমবৎসুত, হিমালয়ের জ্যেষ্ঠপুত্র।

মৈনাকস্বসা, স্ত্রী, [মৈনাক+স্বসৃ] পার্ব্বতী, দুর্গা।

মৈনিক, পুং. [মীন+ইক]. জালিক, মৎস্য ব্যবসায়ী; মায়াকারী।

মৈন্দ, পুং. [মিন্দ+অ] বিষ্ণুরবধ্য অসুর বিশেষ; বানরবিশেষ।

মৈন্দহা, পুং. [মৈন্দ+হন্] বিষ্ণু, নারায়ণ।

মৈরেয়, ন. [মিরা+এয়] মদ্যবিশেষ, পৌষ্টী-সুরা; এক প্রকার কিরাতদেশীয় মদ।

মৈলন্দ, পুং. [মিলন্দ+অ] ভ্রমর, অলি, ষট্পদ।

মোই, (গ্রা) লতাবৃক্ষবিশেষ।

মোইবা, (গ্র.) ক্ষুদ্র বৃক্ষবিশেষ।

মোকদ্দমা, (যাং) বিচারপ্রার্থনা ও কর্ম্মাদি।

মোকান্-মোকাম্, (যাং) গৃহ, স্থান; গ্রাম।

মোক্তব্য, ত্রি. [মুচ+তব্য] মোচনযোগ্য, ত্রাণোপযুক্ত।

মোক্তা, পুং. [মুচ+তৃ] মোচনকর্ত্তা, ত্রাণ-কর্ত্তা, নিস্তারক।

মোক্তার, (যাং) কর্ম্মচারী ব্যক্তিবিশেষ

মোগল, (যাং) জাতিবিশেষ।

মোঘ, ত্রি. [মুহ+অ] নিরর্থক; হীন; (পুং) প্রাচীর. (ন.) পুষ্পবিশেষ।

মোঘপুষ্পা, স্ত্রী. [মোঘ+পুষ্প-আ] বন্ধ্যা, বাঁঝা।

মোঘা, স্ত্রী. [মোঘ+আ] পাটলাবৃক্ষ; বিড়ঙ্গ।

মোঘোলি, পুং. [মোঘ+উল-ই] প্রাচীর,

মোচ, ন. [মুচ+অ] কদলীফল, কলা; (পুং) শোভাঞ্জনবৃক্ষ, শজিনাগাছ; (গ্রা) কলমের অগ্রভাগ; গোঁপ।

মোচক, পুং. [মুচ+অক] মোক্ষ; কদলী, কলা; শিগ্রু, শজিনাগাছ; বিরাগী; মুষ্ককবৃক্ষ; মোচনকারী।

মোচঙ্গ. (গ্রা) পুষ্পরসহারি পক্ষিবিশেষ; বাদ্য যন্ত্রবিশেষ।

মোচড়, (গ্রা) ভগ্ন, ভাঙ্গা।

মোচন, ন. [মুচ+অন] মোক্ষ, মুক্তকরণ; ত্যাগকরণ; কল্কস, দস্যু; শাঠ্য।

মোচনা, স্ত্রী. [মুচ+অন-আ] কর্ষণ; সন্দংশ সাঁড়াশী

মোচনী, স্ত্রী. [মুচ+অন-ঈ] কণ্টকারীবৃক্ষ; মোক্ষকর্ত্রী

মোচরস, পুং. [মোচ+রস] শাল্মলিনির্য্যাস, শিমুলগাছের আটা, তৎপর্য্যায়।—মোচস্রুৎ, মোচস্রাব; মোচনির্য্যাস, পিচ্ছিলসার, সুরস, শাল্মলীবেষ্ট, মোচসার।

মোচা, স্ত্রী. [মুচ+অ-আ] শাল্মলিবৃক্ষ, শিমুলগাছ; কদলীবৃক্ষ, কলাগাছ; নীলীবৃক্ষ, নীলেরগাছ।

মোচাট, পুং. [মোচ+অট] কৃষ্ণজীর, কেলেজিরা; রম্ভাস্থি, থোড়. মলয়োদ্ভব।

মোচী, স্ত্রী. [মুচ+অ-ঈ] হিলমোচিকা, হিংচাশাক।

মোছন, (গ্রা) পুছন; মার্জ্জন।

মোজা, (যাং) বিনামাবিশেষ, বুট; পাদাবরণ বস্ত্রনির্ম্মিত পাদুকাবিশেষ।

মোট, (গ্রা) মস্তকদ্বারা বহনীয় বস্তু, ভার; একুন, সমুদয়।

মোটক, ন. [মুট+অক] পিতৃদানার্থ দ্বিগুণ ভুগ্ন কুশত্রয়, মটক।

মোটকী, স্ত্রী. [মোটক+ঈ] রাগিণী-বিশেষ।

মোটন, ন. [মুট+অন] চূর্ণীকৃত, গুঁড়ান, আক্ষেপ; মটকান; (পুং) বায়ু।

মোটনক, ন. [মোটন+ক] একাদশাক্ষর

মোটা, (হি) বলা; স্থূল; পীবর, মাংসল।
মোটামোটি, (প্রা) সামান্যতঃ, যেমনতেমন অবিশেষ।
মোট্টায়িত, ন. [মোট্টায়+ইত] স্ত্রীদিগের স্বাভাবিক দশবিধ অলঙ্কারের মধ্যে অলঙ্কারবিশেষ।
মোড়, (প্রা) বক্র, বাঁক; পশুরন্তন।
মোড়ক, (প্রা) আচ্ছাদন, আবরণ।
মোড়ন, (প্রা) আচ্ছাদন; বক্রকরণ, বাঁকান।
মোড়া, (প্রা) আসনবিশেষ, মাচিয়া; আবরণ।
মোড়ান, (প্রা) জড়ান, বেষ্টন, দুমড়ান।
মোণ, পুং. [মু+ণ] শুষ্কফল; নক্র, কুম্ভীর; মক্ষিকা, মাছী; সর্পকরণ্ড।
মোদ, পুং. [মুদ + অ] হর্ষ, আহ্লাদ, আনন্দ।
মোদক, পুং. ন. [মুদ+অক] খাদ্যবিশেষ, মোয়া; গুড়; যবাসশর্করা; শর্করাসিদ্ধি-দ্বারা পক্ব ঔষধবিশেষ; (ত্রি.) হর্ষক, হর্ষবিশিষ্ট; (পুং.) বর্ণসঙ্করজাতিবিশেষ, ময়রা, শূদ্রানারগর্ভে ক্ষত্রিয়হইতে জাত।
মোদন, ন. [মুদ+অন] শিকৃথক, মোম; হর্ষ, আহ্লাদ; মুদ্রিত, বুজান।
মোদমোদিনী, স্ত্রী. [মোদ + মোদিন-ঈ] জম্বু, জাম।
মোদয়ন্ত্রী, স্ত্রী. [মোদি+অৎ-ঈ] নবমল্লিকা, কাঠমল্লিকা।
মোদা, স্ত্রী. [মুদ্+অ-আ] অজমোদা, যবানিকা, যওন; মুদ্রিত, রুদ্ধ, বদ্ধ।
মোদাখ্য, পুং. [মোদ+আখ্য] আম্রবৃক্ষ, আঁমগাছ।
মোদাঢ্যা, স্ত্রী. [মোদ+আঢ্য-আ] অজমোদা, যবানিকা, যবন; হর্ষযুক্ত আনন্দ পূর্ণা।
মোদিত, ত্রি; [মুদ্+ইত] হর্ষযুক্ত, আহ্লাদিত।
মোদিনী, স্ত্রী. [মুদ্+ইন্-ঈ] অজমোদা, যবানিকা, যওন; মল্লিকা; যূথিকা, যুঁইফুল; কস্তুরী; মদিরা, মদ; মল্লিকা-পুষ্পবিশেষ, তৎপর্য্যায়।—বটপত্রী, কুমারিকা, বৃত্তমল্লিকা।
মোদী, ত্রি. [মুদ্+ইন্] আমোদকারী, হর্ষযুক্ত; (হি) বিক্রয়কারী, দোকানী।
মোন, (যাং) চল্লিশসের /৪০ পরিমাণ,।
মোনা, (প্রা) মুষল, ঢেঁকীর মুদ্গার।
মোনী, (প্রা) নৌকারপরিমাণ বিশেষ।
মোম, (যাং) শিকৃথক, মৌচাকজাত বস্তু।
মোমজামা, (যাং) মোমযুক্ত বস্ত্র, মোমঢাল।
মোমঢাল, (প্রা) মোমযুক্তবস্ত্র, মোমলাগান কাপড়।
মোরচঙ্গ, (প্রা) পুষ্পরসহারি পক্ষিবিশেষ।
মোরট, ন. [মুর+অট] ইক্ষুমূল; অঙ্কোঠ বৃক্ষ, আকোঠগাছ; (পুং) লতাবিশেষ, ক্ষীরমোরটা, তৎপর্য্যায়।—কর্ণপুষ্প, ক্ষারপুষ্প, পীলুপত্র, পীলুপুত্র, মধুস্রব, ঘনমূল, দীর্ঘমূল, পুরুষ, ক্ষীরমোরট, আখরোট। [কেরমূল।
মোরটক, ন. [মোরট+ক] ইক্ষুমূল, আভি-
মোরটা, স্ত্রী. [মোরট+আ] মূর্ব্বা, তৃণ, মুঞ্জ।
মোষক, পুং. [মুষ + অক] তস্কর, চৌর, ঠক; বঞ্চক।
মোষণ, ন. [মুষ+অন] লুণ্ঠন, অপহরণ, ছেদন, বধ।
মোষিত, ত্রি. [মুষ্+ত] মোষণকর্ত্তা, চৌর, দস্যু, অপহারক।
মোহ, পুং. [মুহ + অ] মূর্চ্ছা, অচৈতন্য; অবিদ্যা, অজ্ঞান; দুঃখ; দেহাদিতে আত্মবুদ্ধি; ধর্ম্মবিমূঢ়ত্ব।
মোহগত, ত্রি. [মোহ+গত] মোহপ্রাপ্ত, মুগ্ধ, অজ্ঞান।
মোহজনক ত্রি. [মোহ+জনক] মোহকারক, অচৈতন্যকারক, অজ্ঞানজনক।
মোহন, ন. [মুহ + অন] সুরত, স্ত্রীসঙ্গম; হোমমন্ত্রৌষধাদি দ্বারা মুগ্ধতা করণ; (পুং) ধুস্তুরবৃক্ষ, ধুতুরাগাছ; কামদেবের পঞ্চবাণান্তর্গত বাণবিশেষ; (ত্রি) মোহকারক, মোহজনক।
মোহনভোগ, পুং. [মোহন+ভোগ] সম্মিতা

মোহনা, স্ত্রী. [মুহ+অন-আ] ত্রিপুরমালীপুষ্প; মরুন্মালা, বাতসমূহ।

মোহনী, স্ত্রী. [মুহ+অন–ঈ] উপোদকী; বটপত্রী; অচৈতন্যকারিণী; মায়াবিশেষ, কুহকে, ভেল্কী।

মোহনীয়, ত্রি. [মুহ+অনীয়] মুগ্ধকরণীয়, মুহ্য।

মোহন্ত, (প্রা) উদাসীন, সন্ন্যাসী।

মোহপ্রাপ্ত, ত্রি. [মোহ+প্রাপ্ত] মোহিত, মুগ্ধ, অজ্ঞান।

মোহর, (প্রা) স্বর্ণমুদ্রা ; নামাঙ্কিত মুদ্রা।

মোহরাত্রি, স্ত্রী. [মোহ+রাত্রি] দৈনন্দিন প্রলয়; অপর ব্রহ্মার পঞ্চাশৎ অব্দগতে যে প্রলয়হয় ;জন্মাষ্টমী রাত্রি। [গ্রন্থ।

মোহশাস্ত্র, ন. [মোহ+শাস্ত্র] অবিদ্যাজনক

মোহিত, ত্রি. [মুহ+ত] মুগ্ধ ; অজ্ঞান, অচেতন।

মোহিনী, স্ত্রী. [মুহ+ইন্–ঈ] ত্রিপুরমালী পুষ্প; সমুদ্রমন্থনকালীন দেবতাদিগের অমৃত পান নিমিত্ত ও অসুরদিগের মোহের নিমিত্ত ভগবানের অবতারবিশেষ; স্বর্গবেশ্যাবিশেষ।

মোহী, ত্রি. [মুহ+ইন্] মোহবিশিষ্ট, মুগ্ধ, অজ্ঞান।

মোক্ষ, পুং. [মোক্ষ+অ] মুক্তি, নির্ব্বাণ; পাটলিবৃক্ষ; মোচন; মৃত্যু।

মোক্ষক, পুং. [মোক্ষ+ক] মুষ্ককবৃক্ষ।

মোক্ষণ, ন. [মোক্ষ+অন্] নির্ব্বাণপ্রাপ্তি; মোচন, ত্যাগকরণ।

মোক্ষোপায়, পুং. [মোক্ষ+উপায়] মুক্তিসাধন, নির্ব্বাণ মুক্তির উপায়, যথা —তপস্যা, শমাদি, যোগ, জ্ঞান।

মৌ, (প্রা) পুষ্পরস, মকরন্দ, পুষ্পাসব।

মৌআলু, (প্রা) আলুবিশেষ।

মৌকুলি, পুং. [মুকুল+ই] কাক, বায়স।

মৌক্তিক, ন. [মুক্তা+ইক] মুক্তা, মতি।

মৌক্তিকতণ্ডুল, পুং. [মৌক্তিক+তণ্ডুল] ধবল যাবনাল।

মৌক্তিকপ্রসবা, স্ত্রী. [মৌক্তিক+প্রসব-আ]

মৌক্তিকশুক্তি, স্ত্রী. [মৌক্তিক+শুক্তি] শুক্তি, মুক্তারঝিনুক।

মৌখ, ত্রি. [মুখ+অ] মুখসম্বন্ধীয় ; মুখসম্বন্ধাধীন পাপ, অভক্ষভক্ষণরূপ।

মৌখর্য্য, ন. [মুখর+য] মুখরত্ব, মুখরতা, বাচালতা।

মৌখিক, ত্রি.[মুখ+ইক]মুখসম্বন্ধীয়; মুখস্থ; কাল্পনিক; বাহ্যিক

মৌচাক, (প্রা) মধুমক্ষিকা কৃত মধুচক্র।

মৌঞ্জী, স্ত্রী. [মুঞ্জ+অ-ঈ] মুঞ্জনির্ম্মিত মেখলা, শরপত্র নির্ম্মিত মেখলা।

মৌঞ্জীতৃণাখ্য, পুং. [মৌঞ্জী+তৃণ–আখ্যা] মুঞ্জ তৃণবিশেষ।

মৌঞ্জীপত্রা, স্ত্রী. [মৌঞ্জী+পত্র-আ] বল্বজা।

মৌঞ্জীবন্ধ, পুং. [মৌঞ্জী+বন্ধ] মুঞ্জমেখলা বন্ধন, উপনীত

মৌঢ্য, ন. [মূঢ+য] মোহযুক্ত, অচৈতন্য; মূঢ়তা, মুর্খতা

মৌৎ, (যাং) মৃত্যু।

মৌতদ্, (যাং) ব্যবহার, অভ্যাস।

মৌদ্গল্য, পুং. [মুদ্গল+য] মুদ্গল মুনিপুত্র, গোত্রকারক মুনি।

মৌদ্গালি, পুং. [মুদ্গল+ই] কাক, বায়স।

মৌদ্গীন, ন. [মুদ্গ+ইন্] মুদ্গভব উচিত ক্ষেত্র।

মৌন, ন. [মুনি+অ] শব্দপ্রয়োগরাহিত্য, চুপকরে থাকা, তৎপর্য্যায়।—অভাষণ, তুষ্ণী, তুষ্ণীকা, অকথন, তুষ্ণীম্ভাব।

মৌনব্রত, ত্রি. [মৌন+ব্রত] অভাষণ, নীরব হইয়া স্থিতিকরণ।

মৌনসম্মতি, (প্রা) অকথনপ্রযুক্ত অনুমতি।

মৌনী, পুং. [মৌন+ইন্] মুনি; (ত্রি.) মৌনযুক্ত, তুষ্ণীম্ভুত, মৌনবিশিষ্ট

মৌনে, (প্রা) নিঃশব্দে, নীরবে।

মৌনেয়, পুং. [মুনি+এয়] গন্ধর্ব্বগণবিশেষ।

মৌমাছী, (প্রা) মধুমক্ষিকা।

মৌরছল, (প্রা) ময়ূরপুচ্ছে নির্ম্মিত ব্যজনবিশেষ

মৌরজিক, ত্রি. [মুরজ+ইক] মুরজবাদক,

মৌরী, (প্রা) বণিক দ্রব্যবিশেষ, মহুরী, মউরী।

মৌরুস্, (যা°) পারম্পরীয়।

মৌরুসীপাট্টা, (যা°) পারম্পরীয় দখলকরী পাট্টা

মৌর্খ্য, ন. [মূর্খ+য] জাড্য, মূর্খতা, অনভিজ্ঞতা।

মৌর্খ্যনাশক, ত্রি. [মৌর্খ্য+নাশক] যাহাতে মূর্খত্বধ্বংস হয়, শাস্ত্রাধ্যয়নাদি।

মৌর্ব্বী, [মূর্ব্বা+অ-ঈ] ধনুর্গুণ, ধনুকের ছিলা; অজশৃঙ্গী, কেঁাগা।

মৌল, পুং. [মূল+অ] ভূম্যাদির মূলজ্ঞাতা, মোড়ল; মুকুল।

মৌলি, পুং. স্ত্রী. [মূল+ই] চূড়া. কিরীট; সংযত কেশ; মস্তক; (পুং.) অশোকবৃক্ষ; (স্ত্রী.) ভূমি, পৃথ্বী।

মৌলিক, পুং. [মূল+ইক] কুলীনভিন্ন, অকুলীন, বংশজ; (ত্রি.) মূলসম্বন্ধীয়; মৌলসম্বন্ধীয়।

মৌলী, স্ত্রী. [মৌল+ঈ] পৃথিবী, অবনী, ধরণী।

মৌষল, ন. [মুষল+অ] মুষলবৎ, মুষলের ন্যায়; মহাভারতের অষ্টাদশ পর্ব্বান্তর্গত পর্ব্ববিশেষ; (ত্রি.) মুষল সম্বন্ধীয়।

মৌষ্টা, স্ত্রী. [মুষ্টি+অ-আ] মুষ্টিপ্রহরণ ক্রীড়া, পরিহাসপূর্ব্বক কীলমারা।

মৌসিম্, (যা°) সময়।

মৌসিল, (যা°) দণ্ডধারক, আসেক্কা।

মৌহূর্ত্ত, পুং. [মুহূর্ত্ত+অ] জ্যোতির্ব্বেত্তা, জ্যোতির্জ্ঞ, দৈবজ্ঞ, গণক মুহূর্ত্তসম্বন্ধীয়।

মৌহূর্ত্তিক, পুং. [মুহূর্ত্ত+ইক] জ্যোতির্ব্বেত্তা, জ্যোতির্জ্ঞ; দৈবজ্ঞ, গণক।

ম্রদিমা, পুং. [মৃদু+ইমন্] মৃদুতা; কোমলতা; নম্রতা।

ম্রদিষ্ঠ, ত্রি. [মৃদু+ইষ্ঠ] অতিশয় মৃদু; অতিশয় কোমল।

ম্রদীয়ান্, ত্রি. [মৃদু+ঈয়স্] অতিশয় মৃদু; অতিশয় কোমল

ম্রক্ষ, পুং. [ম্রক্ষ+অ] স্বদোষগূহন, আত্মদোষকে গোপন করা।

ম্রক্ষণ, ন. [ম্রক্ষ+অন] তৈল; দ্রব্যান্তরের সহিত দ্রব্যের সংযোগ, মাখা।

ম্রাতন, ন. [ম্রা+তন] কেবর্ত্তীমুস্তক, কেউটিয়া মুতা।

ম্রিয়মাণ, ত্রি. [মৃ+আন] মৃতকল্প, অবসন্ন, মৃত্যু তুল্য।

ম্লক্ত, ন. [ম্লচ+ত] চোরিত, মোষিক, অপহারিত।

ম্লান, ন. [ম্লৈ+ত] মলিন; শুষ্ক, বিরস; মুষড়ান; বিষণ্ণ, খেদযুক্ত।

ম্লানতা, স্ত্রী. [ম্লান+ত-আ] ম্লানভাব, বিষণ্ণতা, অবসন্নতা। [মুখ।

ম্লানবদন, ন. [ম্লান+বদন] মলিনাস্য, বিষণ্ণ

ম্লানমুখ, ন. [ম্লান+মুখ] মলিনাস্য, বিষণ্ণবদন। [মলিনতা।

ম্লানি, স্ত্রী. [ম্লৈ+নি] কান্তিক্ষয়, বিষাদ,

ম্লিষ্ট, ন. [ম্লেচ্ছ+ত] অস্পষ্ট বাক্য, তৎপর্য্যায়।—অবিস্পষ্ট; (ত্রি.) অব্যক্ত বাক্; ম্লান।

ম্লেচ্ছ, ন. [ম্লেচ্ছ+অ] হিঙ্গুল; (পুং.) কিরাত শবর পুলিন্দাদি জাতি; পামরবিশেষ, নীচ; পাপরত; অপভাষণ।

ম্লেচ্ছকন্দ, ত্রি. [ম্লেচ্ছ+কন্দ] লশুন, রসুন, পেঁয়াজ।

ম্লেচ্ছজাতি, ত্রি. [ম্লেচ্ছ+জাতি] গোমাংস খাদক বহুবিরুদ্ধ ভাষক সর্ব্বাচার হীনবর্ণ, বেদাচার হীনজাতি

ম্লেচ্ছদেশ, পুং. [ম্লেচ্ছ+দেশ] চাতুর্ব্বর্ণ্য ব্যবস্থাদিরহিত স্থান, তৎপর্য্যায়।—প্রত্যন্ত।

ম্লেচ্ছভোজন, ন. [ম্লেচ্ছ+ভোজন] যাবক; (পুং.) গোধুম, গম।

ম্লেচ্ছমণ্ডল, ন. [ম্লেচ্ছ+মণ্ডল] ম্লেচ্ছদেশ, অন্ত্যজজাতির দেশ।

ম্লেচ্ছমুখ, ন. [ম্লেচ্ছ+মুখ] তাম্র, তাঁমা।

ম্লেচ্ছাশ, পুং. [ম্লেচ্ছ+অশ] ম্লেচ্ছভোজন, গোধুম, গম; অবৈধ মদ্যমাংসাদি।

ম্লেচ্ছাস্য, ন. [ম্লেচ্ছ+আস্য] তাম্র, তাঁমা।

ম্লেচ্ছিত, ন. [ম্লেচ্ছ+ইত] ম্লেচ্ছভাষা, অপশব্দ, তৎপর্য্যায়।—পরভাষা।

য অন্তঃস্থ যকার, ষড়্বিংশ বর্ণ, ইহার উচ্চারণস্থান তালু. অস্য নামানিযথা।—বাণী; বসুধা; বায়ুঃ; বিকৃতি; পুরুষোত্তম;যুগান্ত; শ্বসন; শীঘ্র; ধূমার্চ্চি; প্রাণিসেবক; শঙ্খাভ্রমো; জটী; লোলা; বায়ুবেগী; যশস্করী; সঙ্কর্ষণ; ক্ষপা; বালো; হৃদয়; কপিলপ্রভা; আগ্নেয়ো; ব্যাপকঃ;ত্যাগ; হোম; যান; প্রমা; সুখ; চণ্ড; সর্ব্বেশ্বরী; ধূম; চামুণ্ডা; সুমুখেশ্বরী; ত্বগাত্মা; মলয়ো; মাতা; হংসিনী; ভৃঙ্গিনায়ক; তেনম; শোষকো; মীনো; ধনিষ্ঠানঙ্গবাদিনী; মেষ্ঠ; সোম; পংক্তিনামা; পাপহা; প্রাণসংজ্ঞক।

য, পুং. [যা+অ] বায়ু; যশঃকীর্ত্তি; যোগ; যান; যাতা, গমনকর্ত্তা; সর্ব্বনাম, যদ্শব্দার্থ।

যক, ত্রি. [যদ্+ক] যে, যদ্‌শব্দের প্রথমার একবচনার্থ; যক্ষ, কুবেরের, ধনরক্ষক।

যকৃৎ, ন. [য+কৃৎ] কুক্ষির দক্ষিণভাগস্থ মাংসখণ্ড, তৎপর্য্যায়।—কালখণ্ড, কালখঞ্জ, কালেয়, কালক, করণ্ডা; মহাস্নায়ু।

যকৃদাত্মিকা, স্ত্রী. [যকৃৎ+আত্মিকা] তৈলপায়িকা, তেলাপোকা, আরশুলা

যকৃদ্বৈরী, পুং. [যকৃৎ+বৈরিন্] রোহিতকবৃক্ষ।

যখন, (প্র) যে সময়ে, যৎকালে।

যচ্ছন্, ত্রি. [দান্+অৎ] দানকর্ত্তা; উপরমকর্ত্তা।

যজত, পুং. [যজ+অত] ঋত্বিক্, পুরোহিত।

যজতি, স্ত্রী. [যজ্+তি] যাগ, যজ্ঞ, মখ, যজন।

যজত্র, পুং. [যজ+অত্র] অগ্নিহোত্রী, যাবজ্জীবন অগ্নি রক্ষণপূর্ব্বক নিত্য হোমকারী

যজন, ন. [যজ্+অন] যাগ, ব্রাহ্মণের ষট-

যজৎ, পুং. [যজ্+অৎ] যাগকর্ত্তা।

যজন্ত, পুং. [যজ্+অন্ত] যাগকর্ত্তা।

যজমান, পুং. [যজ্+আন] যাগাদির অনুষ্ঠান কর্ত্তা, তৎপর্য্যায়।—ব্রতী, যষ্টা।

যজাক. ত্রি. [যজ্+আক] দানকর্ত্তা, দাতা।

যজি, পুং. [যজ+ই] যষ্টা, যাগকর্ত্তা।

যজুঃ, ন. [যজ+উস্] বেদবিশেষ, যজুর্ব্বেদ।

যজুর্ব্বেদ, পুং. [যজুস্+বেদ] বেদবিশেষ, দ্বিতীয় বেদ।

যজুর্ব্বেদী, ত্রি. [যজুস্+বেদিন্] যজুর্ব্বেদ বেত্তা, যজুর্মতে কর্ম্মকারী।

যজ্ঞ, পুং. [যজ্+ন] যাহাতে হবির্দান করা যায়, তৎপর্য্যায়।—সব, অধ্বর, যাগ, সপ্ততন্তু, মখ, ক্রতু, ইষ্টি, ইষ্ট, বিতান; মন্যু, আহব, সবন, হব, অভিষব, হোম, হবন, মহঃ; তন্নামানি যথা।—বেণ, অধ্বর, মেধ, বিদথ, নার্য্য, সবন, হোত্রা, ইষ্টি, দেবতাতা, মখ, বিষ্ণু, ইন্দু, প্রজাপতি, ধর্ম্ম।

যজ্ঞকুণ্ড, পুং. [যজ্ঞ+কুণ্ড] যাগার্থ চতুষ্কোণ গর্ত্তবিশেষ। [কারী

যজ্ঞকৃৎ, পুং. [যজ্ঞ+কৃৎ] যাগকর্ত্তা, হোম-

যজ্ঞদ্রুক্ পুং. [যজ্ঞ+দ্রুহ্] রাক্ষস।

যজ্ঞপশু, পুং. [যজ্ঞ+পশু] ঘোটক, ঘোড়া; অজা, ছাগ।

যজ্ঞপুরুষ, পুং. [যজ্ঞ+পুরুষ] বিষ্ণু, নারায়ণ।

যজ্ঞবল্লী, স্ত্রী. [যজ্ঞ+বল্লী] সোমবল্লী, সোমলতা। [অবতার।

যজ্ঞবরাহ, পুং. [যজ্ঞ+বরাহ] বিষ্ণুর বরাহ

যজ্ঞবাট, পুং. [যজ্ঞ+বাট] যজ্ঞস্থান, যাগ ভূমি।

যজ্ঞবৃক্ষ, পুং. [যজ্ঞ+বৃক্ষ] বটবৃক্ষ।

যজ্ঞবেদী, পুং. [যজ্ঞ+বেদিন্] যাগার্থ পরিষ্কৃত ভূমি।

যজ্ঞভাজন, ন. [যজ্ঞ+ভাজন] যজ্ঞপাত্র।

যজ্ঞভূমি, স্ত্রী. [যজ্ঞ+ভূমি] যাগস্থান, শালা।

যজ্ঞভূষণ, ন. [যজ্ঞ+ভূষণ] শ্বেতদর্ভ।

যজ্ঞযোগ্য, পুং. [যজ্ঞ+যোগ্য] উডুম্বরবৃক্ষ,

যজ্ঞশালা, স্ত্রী. [যজ্ঞ+শালা] যাগগৃহ, যাগস্থান

যজ্ঞশ্রেষ্ঠা, স্ত্রী. [যজ্ঞ+শ্রেষ্ঠ-আ] সোমবল্লী, সোমলতা

যজ্ঞসাধন, পুং. [যজ্ঞ+সাধন] বিষ্ণু, নারায়ণ।

যজ্ঞসার, পুং. [যজ্ঞ+সার] যজ্ঞোডুম্বরবৃক্ষ, যজ্ঞডুম্বুর গাছ।

যজ্ঞসূত্র, ন. [যজ্ঞ+সূত্র] যজ্ঞোপবীত, পৈতা। [স্থান।

যজ্ঞস্থান, ন. [যজ্ঞ+স্থান] যজ্ঞবাট, যাগ-

যজ্ঞাঙ্গ, পুং. [যজ্ঞ+অঙ্গ] উডুম্বর, যজ্ঞডুম্বুরগাছ; খদিরবৃক্ষ; ব্রাহ্মণযষ্টিকা, বামনহাটী গাছ; (ন.) যজ্ঞের অবয়ব।

যজ্ঞাঙ্গা, স্ত্রী. [যজ্ঞ + অঙ্গ-আ] সোমবল্লী, সোমলতা।

যজ্ঞান্ত, পুং. [যজ্ঞ+অন্ত] অবভৃথ স্নান; যাগশেষ।

যজ্ঞারি, পুং. [যজ্ঞ+অরি] শিব; রাক্ষস।

যজ্ঞিক, পুং. [যজ্ঞ+ইক] পলাশবৃক্ষ; যাগ সংক্রান্ত।

যজ্ঞিয়, ত্রি. [যজ্ঞ+ইয়] যজ্ঞকর্ম্মার্হ, যাগকর্ম্মের উপযুক্ত; যজ্ঞের নিমিত্ত হিতকর্ম্ম; (পুং.) দ্বাপরযুগ।

যজ্ঞিয়দেশ, পুং. [যজ্ঞিয়+দেশ] যাগকরণোপযুক্ত দেশ

যজ্ঞিয়শালা, স্ত্রী. [যজ্ঞিয়+শালা] যাগমণ্ডপ, যাগশালা।

যজ্ঞীয়, পুং. [যজ্ঞ+ঈয়] উডুম্বরবৃক্ষ, যজ্ঞডুম্বর গাছ; (ত্রি.) যাগসম্বন্ধীয়।

যজ্ঞীয়ব্রহ্মপাদপ, পুং. [যজ্ঞীয়+ব্রহ্মন্-পাদপ] বিকঙ্কত বৃক্ষ।

যজ্ঞেশ্বর, পুং. [যজ্ঞ+ঈশ্বর] বিষ্ণু, নারায়ণ।

যজ্ঞেষ্ট, ন. [যজ্ঞ+ইষ্ট] দীর্ঘরোহিতক তৃণ।

যজ্ঞোডুম্বর, পুং. [যজ্ঞ+উডুম্বর] উডুম্বরবৃক্ষ, যজ্ঞডুম্বুর, তৎপর্য্যায়।—হেমদুগ্ধী, যজ্ঞফল, যজ্ঞাঙ্গ, হেমদুগ্ধক, উডুম্বর, জন্তুফল।

যজ্ঞোপবীত, ন. [যজ্ঞ+উপবীত] যজ্ঞসূত্র, পৈতা, তৎপর্য্যায়।—পবিত্র, ব্রহ্মসূত্র, দ্বিজায়নী।

যজ্যু, পুং. [যজ্+উ] যজুর্ব্বেদবেত্তাব্রাহ্মণ; যজমান।

যজ্বা, পুং. [যজ্+বন্] বিধিপূর্ব্বকযাগকর্ত্তা, বেদবিধান দ্বারা কৃত যাগ। [বিধু।

যজ্বনাম্পতি, পুং. [যজ্বনাম্+পতি] চন্দ্র,

যড়, (প্রা) সঞ্চিত, একত্রীকৃত; স্পন্দনহীন।

যড়াও, (প্রা) মণ্ডিত, খচিত, একত্রকরা।

যড়ান, (প্রা) কুড়ান, গুটান, একত্রকরণ।

যড়িত, (প্রা) একত্রীকৃত; খচিত, মণ্ডিত।

যৎ, ব্য. [যদ্+ত] হেতু, কারণ; (ত্রি.) বুদ্ধিস্থতার উপলক্ষিত ধর্ম্মাবশেষ, যে।

যতঃ, ব্য. [যদ্+তস্] যেহেতু, যাহাহইতে।

যতকাল, (প্রা) যে পর্য্যন্ত, যাবৎ।

যতন, (প্রা) যত্ন, চেষ্টা, উদ্যোগ।

যতবার, (প্রা) যতসংখ্যা, যবার।

যতম, ত্রি. [যদ্+তম] বহুমধ্যে নির্দ্ধারিত এক, ইহারদিগের মধ্যে এক

যতর, ত্রি. [যদ্+তর] দুয়ের মধ্যে নির্দ্ধারিত এক; অপরের মধ্যে এক।

যতি, পুং. [যম্+তি] নির্জ্জিত ইন্দ্রিয়সমূহ, তৎপর্য্যায়।—যতী, ভিক্ষু, সংন্যাসিক, কর্ম্মন্দী, রক্তবসন, পরিব্রাজক, তাপস, পরাশরী, পরিকাঙ্ক্ষী, মস্করী, পারিরক্ষক; নিকার; বিরতি; (ত্রি.) বহুবচনান্ত যদ্শব্দার্থ; যতগুলি, (স্ত্রী.) পাঠবিচ্ছেদ; বিধবা; রাগ; সন্ধি, জিহ্বারইষ্ট বিশ্রামস্থান; বাদ্যের অঙ্গ প্রবন্ধবিশেষ।

যতিচান্দ্রায়ণ, ন. [যতি+চান্দ্রায়ণ] ব্রতবিশেষ। [যোগ্য।

যতিতব্য, ত্রি. [যত+ইতব্য] যতনীয়, যত্ন-

যতিনী, স্ত্রী. [যত+ইন্-ঈ] বিধবা, জানিকা, রণ্ডা, বিশ্বস্তা, যতি, রাঁড়।

যতিমৈথুন, ন. [যতি+মৈথুন] যতি গোপ্যরতি, তৎপর্য্যায়।—খঞ্জনরত।

যতী, স্ত্রী. [যত+ইন্] বিধবা, রণ্ডা, রাঁড়; (পুং.) যতি, জিতেন্দ্রিয়।

যতুক, (প্রা) শরীরের চিহ্নবিশেষ।

যতুকা, স্ত্রী. [যত+উক-আ] বৃক্ষবিশেষ, জননী, রজনীবৃক্ষ। [বৃক্ষ।

যতুকা, স্ত্রী. [যত+উক] বৃক্ষবিশেষ, রজনী

যতেক,(প্রা) যে সময়ে, যেকালে যে পরিমাণ

যৎকিঞ্চিৎ, (প্রা) কিয়ৎ পরিমাণ, কিছু।

যত্ন, পুং. [যত্+ন] রূপাদি চতুর্বিংশতি গুণান্তর্গত গুণবিশেষ, তত্ত্রিবিধ যথা।— প্রবৃত্তি, নিবৃত্তি, জীবনযোনি; উদ্যোগ, প্রয়াস।

যত্নবান্, ত্রি. [যত্ন+বৎ] যত্নবিশিষ্ট, উদ্যোগী, সচেষ্ট।

যত্যাচার, পুং. [যতি+আচার] যতিবৎ ব্যবহার, শুদ্ধাচার।

যত্র, ব্য. [যৎ+ত্র] যস্মিন্, যেখানে, যে স্থলে, যাহাতে।

যত্রতত্র, ব্য. [যেখানে যেখানে, যথা তথা।

যৎসামান্য, (প্রা) সাধারণ, হেয়, তুচ্ছ।

যথা, ব্য. [যৎ+থা] সাদৃশ্য, সাম্য, যেমন, তৎপর্য্যায়।—বৎ, বা, তথা, এব, এবং, ইব।

যথাকথঞ্চিৎ, ব্য. [যথা+কথঞ্চিৎ] যে কোন রূপে, যে কোন প্রকারে; কষ্টসৃষ্টে।

যথাকাম, ন. [যথা+কামন্] যথাভিলাষ, যেমন ইচ্ছা।

যথাকামী, ত্রি. [যথা+কামিন্] স্বেচ্ছাচারী; তৎপর্য্যায়।—স্বরুচি, স্বচ্ছন্দ, স্বৈরী, অপাবৃত, স্বতন্ত্র, নিরবগ্রহ, নির্যন্ত্রণ।

যথাকাল, পুং. [যথা+কাল] দিবার শেষ ভাগ; উপযুক্ত সময়ে।

যথাক্রম, ন. [যথা+ক্রম] ক্রমানুরূপ, আনুপূর্ব্বিক, ক্রমশঃ

যথাজাত, ত্রি. [যথা+জাত] মূর্খ; নীচ; গুণী। [অবিকল।

যথাতথং, ব্য. [যথা+তথম্] যথার্থ, সত্য,

যথাতথা, ব্য. [যথা+তথা] যত্রতত্র, যেমন তেমন, যেখানে সেখানে।

যথাপূর্ব্ব, ব্য. [যথা+পূর্ব্ব] পূর্ব্বেরদিক্ দেশ কালানুরূপ। [যে ব্যবস্থা।

যথাবৎ, ব্য. [যথা+বৎ] বিধিবৎ, যথার্থ;

যথাভিলাষ, ন. [যথা+অভিলাষ] যথেচ্ছা।

যথামতি, স্ত্রী. [যথা+মতি] যেমন ইচ্ছা;

যথামুখীন্, ত্রি. [যথা+মুখীন্] মুখ, প্রতিবিম্বের আশ্রয়, মুখের সদৃশ।

যথাযথং ব্য. [যথা+যথম্] যথার্থ, সত্য, নিশ্চয়, সঠিক।

যথাযথা, ব্য. [যথা + যথা] যেরূপ, যেপ্রকার, যেমন যেমন।

যথাযোগ্য, ত্রি. [যথা+যোগ্য] যথোচিত; উপযুক্তানুসারে।

যথায়, (প্রা) যেখানে, যেস্থানে।

যথারুচি, ত্রি. [যথা+রুচি] ইচ্ছানুরূপ, যেমন বাঞ্ছা।

যথার্থং, ব্য. [যথা+অর্থম্] যথাতথ, সত্য, নিশ্চিত।

যথার্থজ্ঞ, ত্রি. [যথা+অর্থ+জ্ঞ] যথার্থজ্ঞাতা, সত্যবিৎ।

যথার্থব্যয়, ন. [যথা+অর্থ+ব্যয়] পরিমিত ব্যয়, আবশ্যক খরচ।

যথার্থবাদী, ত্রি. [যথার্থ+বাদিন্] যথার্থবক্তা, সত্যবাদী।

যথার্থভাষী, ত্রি. [যথার্থ+ভাষিন্] যথার্থবাদী, সত্যভাষী। [উচিত।

যথার্হ, ব্য. [যথা+অর্হ] যথাযোগ্য, যথা

যথার্হবর্ণ, পুং. [যথার্হ+বর্ণ] চর, দূত; যথাযোগ্য অক্ষররূপ জাতি।

যথাশক্তি, ন. [যথা+শক্তি] শক্ত্যনুসারি, শক্তির অনতিক্রম।

যথাশাস্ত্র, ন. [যথা+শাস্ত্র] শাস্ত্রানুসারি, শাস্ত্রের অনতিক্রম।

যথাসম্ভব, ত্রি. [যথা+সম্ভব] যেমন উপযুক্ত; যদ্রূপে সঙ্গত।

যথাসাধ্য, ত্রি. [যথা+সাধ্য] সাধ্যানুসার, যথাশক্তি।

যথাস্থিত, ত্রি. [যথা+স্থিত] সত্য, নিশ্চিত, যথার্থ।

যথাস্বং, ব্য. [যথা+স্বম্] যথার্থ, সত্য, নিশ্চিত।

যথাস্বয়ং, ব্য. [যথা+স্বয়ম্] যথাস্বম্, যথা যোগ্য।

যথেচ্ছা, স্ত্রী. [যথা+ইচ্ছা] যথাভিলাষ,

যথেপ্সিত, ন. ব্য. [যথা+ঈপ্সিত] যথা-বাঞ্ছিত, ইচ্ছানুরূপ, তৎপর্য্যায় —কাম, প্রকাম, পর্য্যাপ্ত, নিকাম, ইষ্ট।

যথেষ্ট, ন. [যথা+ইষ্ট] ইষ্টের অনতিক্রম, যথেপ্সিত, ইচ্ছারূপ; প্রচুর, বহুতর।

যথেষ্টচারী, পুং. [যথা+ইষ্ট+চারিন্] পক্ষী বিহগ।

যথেষ্টাচরণ, ত্রি. [যথা+ইষ্ট+আচরণ] যথেষ্টাচারী, স্বেচ্ছানুক্রম ব্যবহার-কারী।

যথেষ্টাচারী, পুং. [যথা+ইষ্ট+আচরিন্] স্বেচ্ছাচারী, স্বেচ্ছাক্রমে ব্যবহারকারী।

যথোচিত, ত্রি. [যথা+উচিত] যথাযোগ্য, যেমন উপযুক্ত; যথাপ্রাপ্ত।

যথোদিত, ন. [যথা+উদিত] যথোক্ত, যেমন কথিত।

যদবধি, ন. [যৎ+অবধি] যেপর্য্যন্ত, যেকাল হইতে।

যদ, ত্রি. [যা+অদ্] যে, যিনি, যাহা।

যদা, ব্য. [যদ+আ] যস্মিন্‌কালে, যেকালে, যখন, যে সময়, যৎকালে।

যদি, ব্য. [যদ্+ই] পক্ষান্তর; সম্ভাবনা, সংশয়, তৎপর্য্যায়।—চেৎ, যদ্যুবা, যদ্যপি।

যদিও, (প্রা) যদ্যপি, অন্য সম্ভবনার্থ।

যদিস্যাৎ, (প্রা) যদি হয়, যদ্যপি।

যদীয়, ত্রি. [যৎ+ঈয়] যৎসম্বন্ধীয়, যাহার।

যদু, পুং, [যদ্+উ] দেবজানীর গর্ব্ভে জাত যযাতি রাজার জ্যেষ্ঠপুত্র; দর্শার্হ দেশ।

যদুনাথ, পুং. [যদু+নাথ] শ্রীকৃষ্ণ, যদু-পতি, যদুবংশের প্রধান পুরুষ।

যদুপতি, পুং. [যদু+পতি] শ্রীকৃষ্ণ, যদু-বংশের প্রধান পুরুষ।

যদৃচ্ছা, স্ত্রী. [যৎ+ঋচ্ছ-আ] স্বাতন্ত্র্য, স্বচ্ছন্দ, তৎপর্য্যায়।—স্বৈরিতা, স্বরিতা।

যদ্যপি, ব্য. [যদি+অপি] যদিচ, যদিস্যাৎ যদিও। [সংশয়।

যদ্যুবা, ব্য. [যদ্যু+বা] যদি, সম্ভাবনা,

যদ্বা, স্ত্রী. [যদ্+বা] বুদ্ধি; পক্ষান্তর।

যদ্ভবিষ্য, ত্রি, [যদ্+ভবিষ্য] দৈষ্টিক, ভাগ্যাপেক্ষী

যন্তা, পুং. [যম্+তৃ] সারথি, রথচালন-কর্ত্তা; হস্তিপক, মাহুত; (ত্রি.) বিরতি-কারক, দমনকারক; নিয়ামক।

যন্ত্র, ন. [যম্+ত্র] দেবাদির অধিষ্ঠান; পাত্রবিশেষ; নিয়ন্ত্রণ; কৌশলে যেকোন কর্ম্ম নির্ব্বাহার্থনির্ম্মিতপদার্থ, যথা—অগ্নি যন্ত্র, কামান্, বন্দুক ইত্যাদি; বাদ্য; দারুযন্ত্রাদি, কল কৌশলাদি।

যন্ত্রক, ন. [যম্+ত্র-ক] যন্ত্রকাষ্ঠ, কুঁদ।

যন্ত্রকা, স্ত্রী. [যন্ত্র+ক-আ] শ্যালিকা, শালী, স্ত্রীর ছোট ভগিনী। [ঘর।

যন্ত্রগৃহ, ন. [যন্ত্র+গৃহ] তৈলিশালা; ঘানি-

যন্ত্রগোল, পুং. [যন্ত্র+গোল] কলায়বিশেষ, মটর কলাই।

যন্ত্রণ, ন. [যন্ত্র+অন] রক্ষণ; বন্ধন; নিয়মন; দমন; যাতনা; সঙ্কোচ। [ক্লেশ।

যন্ত্রণা, স্ত্রী, [যন্ত্রণ+আ] পীড়া, দুঃখ,

যন্ত্রণাদায়ক, ত্রি. [যন্ত্রণা+দায়ক] ক্লেশ-দায়ক, দুঃখদায়ক। [যন্ত্র, যাঁতা।

যন্ত্রপেষণী, স্ত্রী. [যন্ত্র+পেষণী] পেষণার্থ

যন্ত্রিকা, স্ত্রী. [যন্ত্র+ইক-আ] পত্নীর কনিষ্ঠা ভগিনী, কেলিকুঞ্চিকা, কনিষ্ঠা শ্যালিকা।

যন্ত্রিত, ত্রি. [যন্ত্র+ইত] বদ্ধ; প্রতিবদ্ধ; শাসিত।

যন্ত্রী, পুং. [যন্ত্র+ইন্] যন্ত্রবিশিষ্ট, যন্ত্রযুক্ত; (স্ত্রী.) স্বর্ণরৌপ্যাদির তার টানিবার সছিদ্র লৌহফলকা।

যব, পুং. [যু+অ] স্বনামখ্যাত শূকধান্য, তৎপর্য্যায়।—সিতশূক, শীতশূক, মেধ্য, দিব্য, অক্ষত, কঞ্চুকী, ধান্যরাজ, তীক্ষ্ণ-শূক, তুরগপ্রিয়, শক্তু, মহেষ্ট, পবিত্র-ধান্য; পরিমাণবিশেষ; অঙ্গুলিস্থ যবা-কার রেখাবিশেষ; বেগ।

যবক, পুং. [যব+ক] যব, শূকধান্য।

যবক্য, ত্রি. [যবক+য] যব হইবার ক্ষেত্র।

যবগণ্ড, পুং. [যব+গণ্ড] ব্রণবিশেষ, যুব-গণ্ড, বয়স্ ফোড়া। [যবানী, যউন।

যবজ, পুং, [যব+জন-ড] [illegible]

যবজোদ্ভব, ন. [যবজ+উদ্ভব] যবক্ষীর, তোয়াক্ষীর।

যবতিক্তা, স্ত্রী. [যব+তিক্ত-আ] লতাবিশেষ, শঙ্খিনী,যবেচী,তৎপর্য্যায়।—মহাতিক্তা, দৃঢ়পাদবিসর্পিণী, নাকুলী, নেত্রমীনা, শঙ্খিনী, পত্রতণ্ডুলী, তণ্ডুলী, অক্ষপীড়া, সূক্ষ্মপুষ্পী, যশস্বিনী, মাহেশ্বরী, তিক্তফলা, যাবী, তিক্তা।

যবতৈল, ন. [যব+তৈল] যবচূর্ণাদিযুক্ত পক্ক তৈলবিশেষ। [যাবা।

যবদ্বীপ, পুং. [যব+দ্বীপ] উপদ্বীপবিশেষ,

যবথব, (গ্রা) অথর্ব্ব, চলনশক্তি রহিত, অশক্ত, স্তব্ধ।

যবন,পুং. [যু+অন] দেশবিশেষ, আরবদেশ; বেগ; বেগাতিশয় অশ্ব; গোধূম, গম; গর্জ্জরতৃণ; প্লেষচ্ছরাজবংশ তুরুষ্কজাতি, তুরকী; জাতিবিশেষ, তুর্ব্বসুরবংশ; মুনিবিশেষ; (ত্রি.) বেগী, বেগযুক্ত।

যবনদ্বিষ্ট, পুং. [যবন+দ্বিষ্ট] গুগগুলু, গুগ্‌গুল।

যবনপ্রিয়, ন. [যবন+প্রিয়] মরিচ।

যবনাচার্য্য, পুং. [যবন+আচার্য্য] যবনাদি-জাতির যাজক; জ্যোতিঃশাস্ত্রকর্ত্তা মুনিবিশেষ।

যবনানী, স্ত্রী. [যবন+অন-ঈ]যবনের লিপি।

যবনারি, পুং. [যবন+অরি] শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

যবনাল, পুং. [যব+নাল] ধান্যবিশেষ, দেধান, তৎপর্য্যায়।—যোনাল, জূর্ণাহ্বয়, দেবধান্য,জোন্নালা, বীরপুষ্পিকা।

যবনালজ, পুং. [যবনাল+জ] যবক্ষার।

যবনিকা, স্ত্রী. [যবন+ইক-আ] জবনিকা, তিরস্করিণী, কানাৎ, তাঁবুর ব্যবধান।

যবনী, স্ত্রী. [যবন+ঈ] যবানীনামক ঔষধবিশেষ; যবন পত্নী।

যবনেষ্ট, ন. [যবন++ইষ্ট] সীসক, সীসা; মরীচ; গৃঞ্জন, গাজর; (পুং.) লশুন, রোসন; রাজপলাণ্ডু; নিম্ব,নিম; পলাণ্ডু, পেঁয়াজ; শালগম্।

যবনেষ্টা, স্ত্রী. [যবন+ইষ্ট-আ] খর্জ্জুরী,

যবপ্রখ্যা, স্ত্রী. [যব+প্রখ্যা] ক্ষুদ্ররোগবিশেষ।

যবফল, পুং. [যব+ফল] বংশ, বাঁশ; জটামাংসী; কুটজবৃক্ষ, কুরচীফুলের গাছ; প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ।

যবমধ্য, ন. [যব+মধ্য] চান্দ্রায়ণ ব্রতবিশেষ; (স্ত্রী.) ছন্দোবিশেষ।

যবময়, ত্রি. [যব+ময়] যবনির্ম্মিত, যবরূপ, যবদ্বারা প্রস্তুত।

যবলাস, পুং. [যব+লাস] যবক্ষার, সোরা।

যবশূক, পুং. [যব+শূক] যবক্ষার, সোরা।

যবশূকজ, পুং. [যব+শূকজ] যবক্ষার।

যবস, ন. [যু+অস] তৃণ, ঘাস।

যবসুর, ন. [যব+সুর] যবজাতসুরা, যবদ্বারা উৎপন্ন মদ।

যবস্থব (গ্রা) পূর্ব্বাবৎ; স্থগিত; যেমনতেমন।

যবক্ষার, পুং. [যব+ক্ষার] ক্ষারবিশেষ, সোরা, তৎপর্য্যায়।—যবাগ্রজ, পাক্য, যবলাস, যবশূক, সারক, রেচক, যবনালক, যাবশূক, ক্ষার, তর্ক্ষ্য, তীক্ষ্ণরস, যবনালজ, যবজ, যবশূকজ, যবাহ্ব, যবাপত্য।

যবক্ষারজাম্ল, ন. [যব+ক্ষারজ+অম্ল] সোরাজাত অম্ল।

যবক্ষোদ, পুং. [যব+ক্ষোদ] যবচূর্ণ, শক্তু, ছাতু, তৎপর্য্যায়।—চিক্কস।

যবাকৃতি, স্ত্রী. [যব+আকৃতি] যবের তুল্য আকৃতি বিশিষ্ট; বাদামে।

যবাগূ, স্ত্রী. [যু+আগূ] ষড়্‌গুণজলপক্ক যবদ্রব দ্রব্যবিশেষ, যাউ, যবমণ্ড, তৎপর্য্যায়।—উষ্ণিকা, শ্রাণা, বিলেপী, তরলা।

যবাগ্রজ, পুং. [যব+অগ্রজ] যবক্ষার, সোরা; যবানী, যোয়ানি।

যবান, ত্রি. [যু+আন] বেগী, বেগবিশিষ্ট; যুবা।

যবানিকা, স্ত্রী. [যবান+ইক-আ] যমানী, ঔষধিবিশেষ, যোয়ানি।

যবানী, স্ত্রী. [যু+আন-ঈ] ঔষধিবিশেষ,

যবশাহ্ব, যবাগ্রজ, দীপনী, উগ্রগন্ধা, বাতারি, ভূকদম্বক, যবজ, দীপনীয়, শূলহন্ত্রী, যবানিকা, যমানীউগ্রা, তীব্রগন্ধা।

যবান্ন, ন. [যব+অন্ন] যবের পক্ক অন্ন; শক্তু, ছাতু।

যবাপত্য, ন. [যব+অপত্য] যবক্ষার, সোরা।

যবার (প্রা) যতবার, যাবৎ সংখ্যা।

যবাম্লজ, ন. [যব+অম্লজ] সৌবীরক, বদর, শেয়াকুল।

যবাস, পুং. [যু+আস] দুরালভালতা; খদির বিশেষ; যবাসা, কণ্টকীক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—যাস, বহুকণ্টক, অল্পক, ক্ষুদ্রেক্ষুদী, রোদনিকা, কচ্ছুরা, বালপত্র, বিষঘ্ন, কণ্টকালুক, ত্রিকর্ণিকা, গান্ধারী, অনন্তা।

যবাসক, পুং. [যবাস+ক] লতাবিশেষ, দুরালভালতা।

যবাসশর্করা, স্ত্রী. [যবাস+শর্করা] যবাসরসযুক্ত শর্করা, তৎপর্য্যায়।—সুধামোদক, মোদক, তবরাজ, খণ্ডসর, খণ্ডজ, খণ্ডমোদক।

যবাসা, স্ত্রী. [যবাস+আ] গুণ্ডাসিনী তৃণ।

যবাহ্ব, পুং. [যব+আহ্ব] যবক্ষার, সোরা।

যবিষ্ঠ, ত্রি. [যুবন্+ইষ্ঠ] অতিশয় যুবা; (পুং.) কনিষ্ঠভ্রাতা।

যবীয়ান্, ত্রি. [যুবন্+ঈয়স্] কনিষ্ঠ; যুবা।

যবে, (প্রা) যখন, যেসময়, যেদিনে।

যবেস্থবে, (প্রা) যেমন তেমন ভাবে; যথাস্থিত, স্থগিত।

যবোত্থ, ন. [যব+উত্থ] সৌবীরক।

যব্য, ত্রি. [যু+য] যবাদি উৎপন্নের যোগ্য ক্ষেত্র, তৎপর্য্যায়।—যবক্য, যষ্টিকা, যবোচিত, যবকোচিত; (পুং.) মাস, পূর্ণিমাদিদর্শান্ত।

যম, পুং. [যম্+অ] দক্ষিণদিক্পাল, তৎপর্য্যায়।—ধর্ম্মরাজ, পিতৃপতি, সমবর্ত্তী, পরেতরাট্, কৃতান্ত, যমুনাভ্রাতা, শমন, যমরাট্, কাল, দণ্ডধর, শ্রাদ্ধদেব, বৈবস্বত, অন্তক, ধর্ম্ম, ধর্ম্মরাট্, জীবিতেশ, মহিষধ্বজ, ঔড়ম্বর, দণ্ডধার, কীনাশ, দধ্ন, মহিষবাহন, শীর্ণপাদ, ভীমশাসন, কঙ্ক, হরি, কর্ম্মকর; শরীরসাধন মাত্র নিত্যকর্ম্ম; অষ্টাঙ্গ যোগান্তর্গত অঙ্গ বিশেষ, দশবিধ অঙ্গ, যথা।—ব্রহ্মচর্য্য, দয়া, ক্ষান্তি, ধ্যান, সত্য, নম্রতা, অহিংসা অস্তেয়, মাধুর্য্য, দম; সংযম; কাক, বায়স; শনিগ্রহ; (ত্রি.) যমজ, যমক, যুগ্ম যাত।

যমক, ন. [যম+ক] শব্দালঙ্কার বিশেষ; (ত্রি.) যমজ, একগর্ভে একদা উৎপন্ন সন্তানদ্বয়; (পুং.) সংযম।

যমকালিন্দী, স্ত্রী. [যম+কালিন্দী] সংজ্ঞা, সূর্য্যপত্নী।

যমকিঙ্কর, পুং. [যম+কিঙ্কর] যমদূত, যমের ভৃত্য; রোগ; ঘুঘুপক্ষী, দ্রোণকাক।

যমকীট, পুং. [যম+কীট] ঘুর্ঘুরনামা কীট, ঘুর্ঘুরে পোকা।

যমকোটি, স্ত্রী. [যম+কোটি] লঙ্কার পূর্ব্ব পৃথিবীর চতুর্থভাগে পূর্ব্বরেখাস্থ দেশবিশেষ।

যমঘণ্ট, পুং. [যম+ঘণ্ট] যোগবিশেষ।

যমজ, ত্রি. [যম+জন্+অ] এককালীন এক গর্ভজাত সন্তানদ্বয়, যমকসন্তান।

যমদগ্নি, পুং. [যমৎ+অগ্নি] মুনিবিশেষ, পরশুরামের পিতা।

যমদূত, পুং. [যম+দূত] যমের কিঙ্কর।

যমদূতক, পুং. [যম+দূতক] কাক, বায়স; ঘুঘু; রোগ, যমকিঙ্কর; যমের ভৃত্য।

যমদূতিকা, স্ত্রী. [যম+দূতিকা] তিন্তিড়ীবৃক্ষ, তেতুলগাছ।   [তেতুলগাছ।

যমদূতী, স্ত্রী. [যম+দূত-ঈ] তিন্তিড়ীবৃক্ষ,

যমদেবতা, স্ত্রী. [যম+দেবতা] ভরণীনক্ষত্র।

যমদ্রুম, পুং. [যম+দ্রুম] শাল্মলীবৃক্ষ, শিমুলগাছ।   [দ্বার।

যমদ্বার, ন. [যম+দ্বার] মৃত্যুদ্বার, কৃতান্তের

যমদ্বিতীয়া, স্ত্রী. [যম+দ্বিতীয়া] কার্ত্তিক মাসের শুক্লা দ্বিতীয়া, ভ্রাতৃদ্বিতীয়া।

যমধার, পুং. [যম+ধার] পার্শ্বদ্বয়ে ধার

যমন, পুং. [যম+অন] যম, অন্তক; (ন.) বন্ধন; উপরতি; সংযম; ছেদন।

যমনিকা, স্ত্রী. [যমন+ইক-আ] যবনিকা, কানাৎ।

যমপত্নী, স্ত্রী. [যম+পত্নী] যমের ভার্য্যা, তৎপর্য্যায়।—ধূমোর্ণা, বিজয়া।

যমপুর, ন, [যম+পুর] যমালয়, যমের পুরী সংযমনী। [গাছ।

যমপ্রিয়, পুং. [যম+প্রিয়] বটবৃক্ষ, বট-

যমবৎ, ত্রি. [যম+বৎ] সংযমী, সংযম বিশিষ্ট।

যমবাহন, পুং. [যম+বাহন] পশুবিশেষ মহিষ।

যমব্রত, ন. [যম+ব্রত] রাজধর্ম্মবিশেষ, পক্ষপাত ভিন্ন পাপিদিগের শাসনরূপ।

যমভগিনী, স্ত্রী. [যম+ভগিনী] যমুনানদী, যমস্বসা।

যমরাজ, পুং. [যম+রাজন্-অ] যম, কৃতান্ত, শমন। [শমন।

যমরাট্, পুং. [যম+রাজ্] যম, ধর্ম্মরাজ,

যমল, ন. [যম+ল] যুগ্ম, যুগল, যোড়া।

যমলপত্রক, পুং. [যমল+পত্রক] অশ্মন্তক বৃক্ষ; কোবিদার বৃক্ষ।

যমলার্জ্জুন, পুং. [যমল+অর্জুন] গোকুল স্থিত অর্জুন বৃক্ষদ্বয়।

যমলার্জুনহা, পুং. [যমল+অর্জুন+হন্] শ্রীকৃষ্ণ।

যমলী, স্ত্রী. [যমল-ঈ] চোটিকাদ্বয়।

যমস্বসা, স্ত্রী. [যম+স্বসৃ] যমুনা, কালিন্দী নদী; দুর্গা।

যমানিকা, স্ত্রী. [যমান+ইক-আ] যমানী, যবানী, যউন, তৎপর্য্যায়।—অজমোদা, উগ্রগন্ধা, ব্রহ্মদর্ভা।

যমানী, স্ত্রী. [যম+আন-ঈ] যমানিকা, যোয়ান।

যমান্তক, পুং. [যম+অন্তক] শিব, মহাদেব।

যমালয়, পুং. [যম+আলয়] যমপুরী, যমের বাড়ী।

যমী, স্ত্রী. [যম+ঈ] যমুনানদী, কালিন্দী;

যমুনা, স্ত্রী. [যম+উন-আ] দুর্গা; নদীবিশেষ, হিমালয়ের দক্ষিণদেশ হইতে নির্গত প্রয়াগে গঙ্গার সহিত মিলিতা, যমভগিনী, তৎপর্য্যায়।—কালিন্দী, সূর্য্যতনয়া, শমনস্বসা, তপনতনুজা, কলিন্দকন্যা, যমস্বসা, শ্যামা, তাপী, কলিন্দনন্দিনী, যমনী, যমী, কলিন্দ শৈলজা, সূর্য্যসুতা।

যমুনাজনক, পুং. [যমুনা+জনক] সূর্য্য, রবি, দিবাকর। [বলরাম।

যমুনাভিৎ, পুং. [যমুনা+ভিদ্] বলদেব,

যমুনাভ্রাতা, পুং. [যমুনা+ভ্রাতৃ] যম, শমন, মৃত্যু।

যমেরুকা, স্ত্রী. [যম+এরুক-আ] দণ্ডঢক্কা।

যযাতি, পুং. [যা+তি] নহুষ রাজপুত্র, তৎপর্য্যায়।—নাহুষি, নাহুষ।

যযী, পুং. [যয+ইন্] মহাদেব, পশুপতি।

যযু, পুং. [যয+উ] অশ্বমেধীয় যজ্ঞের ঘোটক; সামান্য ঘোটক।

যশঃ, ন. [যশ্+অস্] সুখ্যাতি, তৎপর্য্যায়।—কীর্ত্তি, সমজ্ঞা, সমাখ্যা, কীর্ত্তনা, অভিখ্যান, আজ্ঞা, সমজ্যা।

যশঃপটহ, পুং. [যশস্+পটহ] ঢক্কা, ঢাক।

যশঃশেষ, ত্রি. [যশস্+শেষ] মৃত, কীর্ত্তিশেষ, মৃত্যু; (পুং.) মরণ।

যশঃসঞ্চয়, পুং. [যশস্+সঞ্চয়] সুখ্যাতি সঞ্চয়, কীর্ত্তিলাভ।

যশদ, ন. [যশ+দা-অ] ধাতুবিশেষ, দস্তা।

যশর (প্রা.) স্বনামখ্যাত দেশবিশেষ।

যশস্কর, ত্রি. [যশস্+কর] কীর্ত্তিকারক, সুখ্যাতিজনক; বিদ্যা।

যশস্করী, স্ত্রী. [যশস্+কর-ঈ] বিদ্যা।

যশস্য, (প্রা) কীর্ত্তিজনক, সুখ্যাতিবর্দ্ধক।

যশস্যা, স্ত্রী. [যশস্+য-আ] জীবন্তীবৃক্ষ; ঋদ্ধিনামক ঔষধি।

যশস্বান্, ত্রি. [যশস্+বৎ] কীর্ত্তিবিশিষ্ট, কীর্ত্তিমান্।

যশস্বিনী, স্ত্রী. [যশস্+বিন্-ঈ] বনকার্পাসী, বনকাপাস; যবতিক্তা; মহাজ্যোতি-

যশস্বী, ত্রি. [যশস্+বিন্] যশোবিশিষ্ট, কীর্ত্তিমান, লব্ধপ্রতিষ্ঠ, বিখ্যাত।
যশোগাথক, পুং. [যশস্+গাথক] কীর্ত্তি-প্রচারক, সুখ্যাতিগায়ক, স্তাবক।
যশোগান (প্রা) গুণব্যাখ্যা, কীর্ত্তিকীর্ত্তন।
যশোগায়ক, পুং. [যশস্+গায়ক] সুখ্যাতি গায়ক, বন্দী, স্তাবক।
যশোদ, পুং. [যশস্+দা-অ] পারদ, পারা; (ত্রি.) যশোদাতা।
যশোদা, স্ত্রী. [যশস্+দ-আ] নন্দীপত্নী. শ্রীকৃষ্ণের মাতা; যশোদায়িনী।
যষ্টা, পুং. [যজ্+তৃ] যাগকর্ত্তা, তৎপর্য্যায়।—যজমান, যাজ্ঞিক।
যষ্টি, পুং. [যজ্+তি] ধ্বজদণ্ড; ভুজদণ্ড; (পুং. স্ত্রী.) তন্তু, সুতা; হারলতা, ভার্গী, বামনহাটীগাছ; মধুকা, মধুযষ্টিকা; শস্ত্রবিশেষ, তৎপর্য্যায়।—দণ্ড, লগুড়; শাখা; ছড়া।
যষ্টিক, পুং. [যষ্টি+ক] জলকুক্কুট, পানী-কৌড়ী; দণ্ড, লাঠি।
যষ্টিকা, স্ত্রী. [যষ্টি+ক-আ] হারবিশেষ; বাপী, দীর্ঘিকা, দিঘী; মধুযষ্টিকা; লগুড়, লাঠী।
যষ্টিগ্রহ, পুং. [যষ্টি+গ্রহ] যষ্টিধারক, লগুড়গ্রাহী। [দণ্ডধর।
যষ্টিধারী, পুং. [যষ্টি+ধারিন্] লগুড়ধারী,
যষ্টিমধু, ন. [যষ্টি+মধু] যষ্টিমধুকা, মিষ্ট রসযুক্ত কাষ্ঠবিশেষ, জৈষ্ঠীমধু।
যষ্টিমধুকা, স্ত্রী. [যষ্টি+মধুকা] মিষ্টরসযুক্ত কাষ্ঠবিশেষ, যষ্টিমধু, তৎপর্য্যায়।—ক্লীতক, মধুক, মধুযষ্টিকা, যষ্ট্যাহ্ব, যষ্টি, স্থলজাত জন্য যষ্টীমধু, জলজাত জন্য অতিরসা। [দণ্ড, লাঠী
যষ্টী, স্ত্রী. [যষ্টি+ঈ] যষ্টিমধু, জেঠীমধু;
যষ্টীক, ন. [যষ্টী+ক] যষ্টিমধু, জেঠীমধু।
যষ্টীপুষ্প, পুং. [যষ্টী+পুষ্প] পুত্রজীববৃক্ষ
যষ্টীমধু, ন. [যষ্টী+মধু] মিষ্টরসযুক্ত মূল-বিশেষ, জেঠীমধু, (হিং) মুলহটী, তৎ পর্য্যায়।—মধুযষ্টী, মধুবল্লী, মধুস্রবা,

যষ্ট্যাহ্ব, ন. [যষ্টী+আহ্ব] যষ্টিমধু, জেঠী-মধু।
যক্ষ, পুং. [যস্+ক] মুনিবিশেষ।
যহ্ব, পুং. [যজ্+হ্বে-অ] যজমান, যাগ-কর্ত্তা, যাজ্ঞিক।
যক্ষ, পুং. [যক্ষ+অ] গুহ্যকমাত্র; গুহ্য-কেশ্বর, কুবের; ইন্দ্রগৃহ; ধনরক্ষক।
যক্ষকর্দ্দম, পুং. [যক্ষ+কর্দ্দম] কর্পূর অগুরু কস্তুরী কক্কোলসমূহের মিশ্রিত সমভাগ।
যক্ষতরু, পুং. [যক্ষ+তরু] বটবৃক্ষ, বট-গাছ।
যক্ষধূপ, পুং. [যক্ষ+ধূপ) ধূপসামান্য; ধূনক ধূপ, ধুনা, তৎপর্য্যায়।—সর্জ্জরস, অরাল, সর্জ্জরস, বহুরূপ, রাল, ধূনক, বহ্নিবল্লভ, সালসার, সালজ, সালনির্য্যাস, সর্জ্জ; সরল বৃক্ষরস, টারপিন তেল, তৎ পর্য্যায়।—পায়স, শ্রীবাস, সরলদ্রব।
যক্ষরস, পুং. [যক্ষ+রস] পুষ্পমদ, পুষ্পের মদ, তৎপর্য্যায়।—মধ্বাসব।
যক্ষরাজ, পুং. [যক্ষ+রাজন্-অ] কুবের, ধনেশ্বর, ধনাধিপ।
যক্ষরাট্, পুং. [যক্ষ+রাজ্] কুবের, ধনেশ্বর, ধনাধিপ; রঙ্গমণ্ডপ।
যক্ষরাট্পুরী, স্ত্রী. [যক্ষ+রাজ্+পুরী] অলকা, কৈলাসপর্ব্বতস্থিত কুবেরেরপুরী।
যক্ষরাত্রি, স্ত্রী. [যক্ষ+রাত্রি] কার্ত্তিকী পূর্ণিমা অমাবস্যা, তৎপর্য্যায়।—দীপালী।
যক্ষসাধন, ন. [যক্ষ+সাধন] যক্ষোপাসনা।
যক্ষাবাস, পুং. [যক্ষ+আবাস] বটবৃক্ষ, বটগাছ।
যক্ষামলক, ন. [যক্ষ+আমলক] পিণ্ডখর্জ্জুর ফল, পিণ্ডীখাজুর
যক্ষিণী, স্ত্রী. [যক্ষ+ইন্-ঈ] কুবেরপত্নী; যক্ষভার্য্যা। [ভার্য্যা।
যক্ষী, স্ত্রী. [যক্ষ+ঈ] কুবেরপত্নী; যক্ষের-
যক্ষেন্দ্র-যক্ষেশ, পুং. [যক্ষ+ইন্দ্র-ঈশ] কুবের, যক্ষরাজ। [ফল।
যক্ষোডুম্বরক, ন. [যক্ষ+উডুম্বরক] অশ্বত্থ
যক্ষ্মী, স্ত্রী. [যক্ষ+হন্-ঈ] দ্রাক্ষা, কিস্

পুং. [যক্ষ+মন্] রোগবিশেষ, যক্ষা রোগ, তৎপর্য্যায়।—ক্ষয়, শোষ, রাজ-যক্ষা, রোগরাট্।

যা, (প্রা) প্রস্থানকর, যাও।

যাউ, (প্রা) যবমণ্ড, মাড়।

যাওন, (প্রা) গমন, চলন, প্রস্থানকরণ।

যাওয়া, (প্রা) গমন, প্রস্থান।

যাওয়াআসা, (প্রা) যাতায়াত, গতিবিধি, গমনাগমন।

যাঁতা, (প্রা) যন্ত্রবিশেষ, পেষণযন্ত্র।

যাঁতি, (প্রা) যন্ত্রী, গুবাকাদি ছেদনার্থ অস্ত্র-বিশেষ।

যাগ, পুং. [যজ্+অ] যজ্ঞ, হোম, মখ; শ্রৌতাগ্নিকৃতাহুবির্যজ্ঞ.সপ্তপ্রকার যথা।-অগ্নিহোত্র, দর্শপৌর্ণমাস, পিণ্ডপিতৃযজ্ঞ, আগ্রয়ণ, চাতুর্ম্মাস্য, নিরূঢ়পশুবন্ধ, সৌত্রামণি; স্মার্ত্তাগ্নিকৃতা পাকযজ্ঞ সপ্ত যথা।—উপাসন, বৈশ্বদেব, স্থালীপাক. আগ্রয়ণ, সর্পবলি, ঈশানবলি, অষ্টকন্ব-ষ্টকা, শ্রৌতাগ্নিসপ্তসংস্থাযথা।—সোম-যাগ, অগ্নিষ্টোম, অত্যগ্নিষ্টোম, উক্থ্য, ষোড়শী, বাজপেয়, অতিরাত্র, অপ্তু-র্য্যাম; উত্তরক্রতু বহু যথা। মহাব্রত, সর্ব্বতোমুখ, রাজসূয়, পৌণ্ডরীক, অভি-জিৎ, অশ্বমেধ, বৃহস্পতিসব, আঙ্গিরস।

যাগার্থী, পুং. [যাগ+অর্থিন্] যাগাভিলাষী যজ্ঞেচ্ছুক।

যাচক, ত্রি. [যাচ্+ অক] যাচ্ঞাকর্ত্তা, ভিক্ষারী, তৎপর্য্যায়।—বনীয়ক, যাচনক, মার্গণ, অর্থী, বনীপক, ভিক্ষুক, ভিক্ষা-কর।

যাচকতা, স্ত্রী. [যাচক+ত-আ] যাচকেরধর্ম্ম, ভিক্ষুকের স্বভাব, ভিক্ষা।

যাচকবৃত্তি, স্ত্রী. [যাচক+বৃত্তি] ভিক্ষোপজী-বিকা, ভিক্ষা উপজীব্য।

যাচৎ, ত্রি. [যাচ+ অৎ] যাচক, ভিক্ষুক, প্রার্থক।

যাচন, ন. [যাচ্+ অন] যাচ্ঞা, ভিক্ষা।

যাচনক, ত্রি. [যাচন+ক] যাচক, ভিক্ষুক,

যাচনা, স্ত্রী. [যাচ্+অন-আ] যাচ্ঞা, ভিক্ষা, প্রার্থনা।

যাচনীয়, ত্রি. [যাচ্+অনীয়] প্রার্থনীয়, ভিক্ষ-ণীয়, ভিক্ষা করিবার যোগ্য। [ভিক্ষুক।

যাচমান, ত্রি. [যাচ্+আন] যাচক, প্রার্থক,

যাচা (প্রা) প্রার্থনা; আপনার ইচ্ছায় দেওয়া।

যাচাই (প্র) যথার্থ অনুসন্ধান, নিগূঢ়তত্ত্ব গ্রহণ; পরীক্ষণ।

যাচিত, ন. [যাচ+ইত] যাচনবৃত্তি, প্রার্থিত, ভিক্ষিত, তৎপর্য্যায়।—মৃত; (ত্রি) প্রা-র্থিত বস্তু।

যাচিতক, ন. [যাচিত+ক] যাচ্ঞাপ্রাপ্ত প্রার্থিত, হাওলাত; যাচ্ঞা।

যাচ্য-যাচ্যমান, ত্রি. [যাচ+য-মান] যাচ্ঞা-কৃত, ভিক্ষাকরা।

যাচ্ঞা, স্ত্রী. [যাচ্+ঞ-আ] যাচন, চাওন, তৎপর্য্যায়।—অভিশস্ত, যাচনা, অর্থনা, ভিক্ষা, অর্দ্দনা, লালসা; তৎবৈদিক প-র্য্যায়।—ঈমহে, যামি, মন্মহে, দদ্ধি, শদ্ধি, পূর্দ্ধি, মিমিঢ়ি, মিমীহি, রিরিঢ়ি, রিরীহি, পীপরৎ, যন্তার, যদ্ধি, ইষু-ধাতি, মদেমহি, মনামহে; মায়তে।

যাচ্ঞাবৃত্তি, স্ত্রী. [যাচ্ঞা+বৃত্তি] ভিক্ষোপ-জীবী, ভিক্ষাদ্বারা জীবন নির্ব্বাহ।

যাজ, পুং. [যজ্+অ] অন্ন, ভক্ত, ভাৎ।

যাজক, পুং. [যজ্+ অক] যাজ্ঞিক; ঋত্বিক পুরোহিত; রাজারহস্তী; মত্তহস্তী।

যাজকতা, স্ত্রী. [যাজক+ত-আ] পৌরো-হিত্য, যাজকত্ব, পুরোহিতের কর্ম্ম।

যাজন, ন. [যজ্+অন] যাগক্রিয়াকরণ; যাগকরাণ; ব্রাহ্মণের ষট্‌কর্ম্মান্তর্গত কর্ম্ম বিশেষ।

যাজি, পুং. [যজ্+ই] যজ্ঞ; যাগকর্ত্তা।

যাজ্ঞিক, ত্রি. [যজ+ইক] যজ্ঞসম্বন্ধীয়; ঋত্বিক, পুরোহিত; যজ্ঞানুষ্ঠাপক।

যাজী, পুং. [যজ+ইন্] যাগকর্ত্তা।

যাজুষ, ত্রি. [যজুষ+অ] যজুর্ব্বেদসম্বন্ধীয়, যজুর্ব্বেদীয়।

যাজ্ঞদত্তি, পুং. [যজ্ঞ+দত্ত-ই] কুবের ধনা-

যাজ্ঞবল্ক্য, পুং. [যজ্ঞবল্ক+য] ধর্ম্মশাস্ত্র প্রযোজক মুনিবিশেষ, তৎপর্য্যায়।— ব্রহ্মরাত্রি, যোগেশ, যোগীশ্বর।

যাজ্ঞসেনী, স্ত্রী. [যজ্ঞসেন+অ-ঈ] দ্রৌপদী, যজ্ঞসেনের কন্যা, পাণ্ডবপত্নী।

যাজ্ঞিক, পুং, [যজ্ঞ+ইক] দর্ভবিশেষ; যজ্ঞকর্ত্তা; পুরোহিত, যাজক; রক্তখদির; পলাশবৃক্ষ; অশ্বত্থবৃক্ষ, যজ্ঞসম্বন্ধীয়।

যাজ্ঞিক্য, ন. [যাজ্ঞিক+য] যজ্ঞ, ক্রতু; যাগ।

যাজ্য, ন. [যজ্+য] যাগলব্ধধনাদি; (ত্রি) যোজনীয়, যাজনযোগ্য।

যাজ্যা, স্ত্রী. [যজ+য-আ] যাগমন্ত্র, যজ্ঞের মন্ত্র।

যাটি, (প্রা) যষ্টি, লগুড়, লাঠী।

যাঠা, (প্রা) লগুড়, দণ্ড, লাঠী

যাৎ, বা, আখ্যাত প্রত্যয় বিশেষ, বিধিলিঙ আশীর্লিঙের পরস্মৈপদের প্রথম পুরুষের একবচন।

যাত, ন. [যা+ন] যত, নিষাদিদিগের পাদকর্ম্ম, (ত্রি) গত, অতীত; লব্ধ; (ন.) গমন. অঙ্কুশদ্বারা হস্তি পরিচালন

যাতনা, স্ত্রী. [যা+তন-আ] গাঢ়বেদনা, অতিক্লেশ, তৎপর্য্যায়।—কারণা, তীব্রবেদনা, অতিব্যথা; নরকরুজা।

যাতনাকর, ত্রি. [যাতনা+কর] ক্লেশকর, বেদনাকর।

যাতনাদায়ক, ত্রি. [যাতনা+দায়ক] ক্লেশদায়ক, যন্ত্রণাপ্রদ।

যাতব্য, ত্রি. [যা+তব্য] অভিগন্তব্য, আক্রমণীয়।

যাতযাম, ত্রি. [যাত+যাম] জীর্ণ; পরিভুক্ত; উজ্ঝিত; হ্রাসপ্রাপ্ত; ম্লান; যামবাসিদ্রব্য।

যাতা, স্ত্রী. [যা+তৃ] পতিভ্রাতৃপত্নী, যা; (ত্রি) গমনকর্ত্তা।

যাতায়াত, ন. [যাত+আয়াত] গমনাগমন, গতিবিধি, যাওয়াআসা।

যাতিক, পুং. [যাত+ইক] পান্থ, পথিক।

যাতু, ন. [যা+তু] রাক্ষস; (পুং) কাল; অধ্বগ, পথিক; বায়ু; (ত্রি) গন্তা, গমনকর্ত্তা;

যাতুঘ্ন, পুং. [যাতু+ঘ্ন] গুগ্‌গুলু, গুগ্‌গুল।

যাতুধান, পুং [যাতু+ধান] রাক্ষস, নিশাচর।

যাতৃ, পুং. [যা+তৃ] গমনকর্ত্তা; (স্ত্রী) পতির ভ্রাতৃপত্নী, যা।

যাতৃক, পুং. [যাতৃ+ক] পান্থ, পথিক।

যাত্য, ত্রি. [যাত+য] যাতিতব্য, যতনীয়।

যাত্রা, স্ত্রী. [যা+ত্র-আ] বিজয়েচ্ছুক ব্যক্তির গমন, তৎপর্য্যায়। ব্রজ্যা, অভিনির্য্যাণী, প্রস্থান, গমন, গম, প্রস্থিতি, যান, প্রাগণ, যাপন; উৎসব; উপায়; দেবীর ষোড়শপ্রকার উৎসব।

যাত্রাকালীন, ত্রি. [যাত্রা+কালীন] প্রস্থান কালীন, গমন সময়ের।

যাত্রিক, পুং. [যাত্রা+ইক] যাত্রোপযুক্ত তিথি নক্ষত্রাদি; পথিকা পান্থ।

যাত্রী, পুং. [যাত্রা+ইন্] যাত্রাকারী; তীর্থ পর্য্যটক; গমনকারী; বিদেশগামী।

যাথার্থ্য, ন. [যথার্থ+য] যথার্থতা, তত্ত্ব, সত্যতা।

যাদঃ, পুং. [যদ+অস্] জলজন্তু, জলচর

যাদঃপতি, পুং. [যাদস্+পতি] সমুদ্র, সাগর; বরুণ, জলাধিপতি।

যাদঈশ, পুং. [যাদস্+ঈশ] সমুদ্র, সাগরবরুণ।

যাদব, পুং. [যদু+অ] শ্রীকৃষ্ণ; যদুবংশজাত; (ন) গোমহিষাদি ধন।

যাদবী, স্ত্রী. [যদু+অ-ঈ] দুর্গা, পার্ব্বতী।

যাদসাংনাথ, পুং. [যাদস্+নাথ] বরুণ, জলাধিপ।

যাদসাংপতি, পুং. [যাদস্+পতি] সমুদ্র, সাগর; বরুণ, অপ্পতি।

যাদু, (প্রা.) বশীকরণবিদ্যা, মোহিনী; কুহক, ভেল্কী। [যেমন।

যাদৃক্, ত্রি. [যৎ+দৃশ] যেপ্রকার, যেরূপ,

যাদৃচ্ছিক, ত্রি. [যদৃচ্ছা+ইক] যদৃচ্ছালব্ধ, অনায়াসে উপস্থিত, ইচ্ছানুসারী।

যাদৃশ, ত্রি. [যৎ+দৃশ] যেপ্রকার, যেরূপ, যেমন।

যাদৃক্ষ, ত্রি. [যৎ+দৃক্ষ] যেপ্রকার, যদ্রূপ,

নাথ, পুং. [যাদস্+নাথ] সমুদ্র, সাগর; বরুণ।

যাদোনিবাস, পুং. [যাদস্+নিবাস] জল, তোয়ঃ, সলিল।

যান, ন. [যা+অন] রাজাদিগের সন্ধ্যাদি ষড়্গুণান্তর্গত গুণবিশেষ; হস্তি অশ্ব রথ দোলা ইত্যাদি, তৎপর্য্যায়।—বাহন, যুগ্য, পত্র, ধোরণ, বিমান, চক্কুর, যাপন, গতিনিত্রক; গমন; আক্রমণ; শত্রুরপ্রতি যাত্রা।

যানপাত্র, ন. [যান+পাত্র] নিষ্পদ যান বিশেষ, জাহাজ, তৎপর্য্যায়।—বহিত্রক, বোহিত্থ, বহন, পোত, সমুদ্র যান।

যানবাহক, পুং. [যান+বাহক] শিবিকাদি বহনকর্ত্তা, বিয়ারা; শকটাদি চালক, অশ্বাদি বাহক; রথবাহক সারথি।

যানবাহী, পুং. [যান+বাহিন্] শিবিকাদি বহনকর্ত্তা; শকটাদিচালক, গাড়োয়ান।

যানমুখ, ন. [যান+মুখ] রথাদির অগ্র-ভাগ তৎপর্য্যায়।—ধূঃ।

যাপন, ন. [যা+অন] বর্ত্তন; কালক্ষে-পণ; নিরসন; অপসারণ।

যাপনীয়, ত্রি. [যা+অনীয়] ক্ষেপণীয়; গোপনীয়, গোপ্য। [সারিত।

যাপিত, ত্রি. [যা+ইত] অতিবাহিত; অপ-

যাপ্তা, স্ত্রী. [যা+ত-আ] জটা।

যাপ্য, ত্রি. [যা+য] অধম, নিন্দিত; যাপ-নীয়, ক্ষেপণীয় কালাদি; ব্যাধিবিশেষ।

যাপ্যযান, ন. [যাপ্য+যান] শিবিকা, মহা পায়া; পাল্কী।

যাব, পুং. [যু+অ] অলক্ত, আল্তা।

যাবক, পুং. [যু+অক] কুল্মাস, অর্দ্ধপক্ক-যব; বোরোধান্য; কুলথ; তুলসী; শালী-ধান্য; যাবান্ন; অলক্তক, আলতা।

যাবজ্জীব, ন. [যাবৎ+জীব] যাবদায়ু, জীবন পর্য্যন্ত।

যাবতিথ, ত্রি. [যাবৎ+তিথ] যাবৎপরিমাণ, যত পরিমাণ।

যাবতীয়, ত্রি. [যাবৎ+ঈয়] সমুদয়, সাকল্য সমগ্র।

যাবৎ, ব্য. [যদ্+বতু] সাকল্য, সমুদয়; অ-বধি, সীমা; মান, পরিমাণ; অবধারণ, নিশ্চয়; হেতু; (ত্রি) যতসংখ্যক, যত-টুকু

যাবত্তাবৎ, ত্রি. [যাবৎ+তাবৎ] যত, যত সংখ্যক, যতটুকু।

যাবদ্দেশে, ত্রি. [যাবৎ+দেশে] সর্ব্বত্র, প্র-ত্যেক দেশে; সকল স্থানে।

যাবন, পুং. [যবন+অ] সিহ্লনামক গন্ধ দ্রব্য।

যাবনাল, পুং. [যাবনাল+অ] ধান্যবিশেষ, জোআর, তৎপর্য্যায়—যবনাল, শি-খরী, রক্ততণ্ডুল, দীর্ঘনাল, দীর্ঘশর, ক্ষেত্রেক্ষু, ইক্ষুপত্রক; দেশবিশেষ।

যাবনালশর, পুং. [যাবনাল+শর] শরবি-শেষ, (হিং) জোহুরলী, তৎপর্য্যায়—নদীজ, দৃঢ়ত্বক্, বারিসম্ভব, যাবনালনিভ, খরপত্র।

যাবনালী, স্ত্রী. [যাবনাল+ঈ] যাবনাল শর্করা, তৎপর্য্যায়।—হিমোৎপন্না, হি-মানী, হিমশর্করা, ক্ষুদ্রশর্করকা, ক্ষুদ্রা, গড়ভা, জলবিন্দুজা।

যাবশূক, পুং. [যব+শূক-অ]যবক্ষার, সোরা।

যাবস, পুং. [যবস+অ] যবস সমূহ, তৃণ-রাশি।

যাব্য, ত্রি. [যু+য] মিশ্রণীয়, সংযোগকর-ণের যোগ্য

যাভ, ন. [যভ+অ] মৈথুন, শৃঙ্গার, জম্ভন।

যাম, পুং. [যম+অ] দিবা অথবা রাত্রির চতুর্থভাগের একভাগ, তৎপর্য্যায়।—প্রহর; সংযম। [মুরগ।

যামঘোষ, পুং. [যাম+ঘোষ] কুক্কুট, কুঁকড়া,

যামঘোষা, স্ত্রী. [যাম+ঘোষ-আ] যন্ত্রবি-শেষ, ঘড়ী তৎপর্য্যায়।—নালী, ঘটী, যামনালী, যমেরুকা, দণ্ডঢক্কা।

যামনালী, স্ত্রী. [যাম+নাল-ঈ] যামঘোষা, ঘটিক যন্ত্র, ঘড়ী।

যামনেমি, পুং. [যাম+নেমি] ইন্দ্র, সুর-পতি, দেবরাজ। [নিশা।

যামবতী, স্ত্রী. [যাম+বত-ঈ] রাত্রি, রজনী

যামল, ন. [যমল+অ] যুগল; তন্ত্রশাস্ত্রবিশেষ, তৎষড়্‌বিধ যথা।—আদিযামল, ব্রহ্মযামল, বিষ্ণুযামল, রুদ্রযামল, গণেশ যামল, আদিত্য যামল; গ্রহযামল।

যামাতা, পুং. [যামাতৃ-অ] জামাতা, দুহিতৃপতি, জামাই।

যামার্দ্ধ, ন. [যাম+অর্দ্ধ] প্রহরের অর্দ্ধেক, অর্দ্ধপ্রহর।

যামি, স্ত্রী. [যা+মি] স্বসা, ভগিনী; কুলস্ত্রী, কুলবধূ; যামিনী, রাত্রি; ধর্ম্মেরপত্নী।

যামিক, ত্রি. [যাম+ইক] প্রহর সম্বন্ধীয়; প্রহরী, কোটাল, চৌকীদার।

যামিকভট, পুং. [যামিক+ভট] প্রহরিক, কোটাল, চৌকীদার।

যামিকা, স্ত্রী. [যাম+ইক-আ] রাত্রি, রজনী, নিশা। [রাশি।

যামিত্র, ন. [যম+ইত্র] লগ্ন হইতে সপ্তম

যামিনী, স্ত্রী. [যাম+ইন্‌-ঈ] রাত্রি, রজনী; হরিদ্রা, হলুদ।

যামিনীপতি, পুং. [যামিনী+পতি] চন্দ্র, বিধু; কর্পূর।

যামী, স্ত্রী. [যম+অ-ঈ] দক্ষিণদিক্; কুলস্ত্রী কুলবধূ, কুলকন্যা।

যামুন, ন. [যমুনা+অ] স্রোতোঽঞ্জন, রসাঞ্জন; (ত্রি) যমুনা সম্বন্ধীয়।

যামুনেষ্টক, ন. [যামুন+ইষ্টক] সীসক, সীসা।

যামেয়, পুং. [যামি+এয়] ভাগিনেয়, ভগিনী পুত্র,ভাগিনেয়।

যাম্য, পুং. [যম+য] অগস্ত্যমুনি; চন্দনবৃক্ষ; দক্ষিণদিক্। [নক্ষত্র।

যাম্যা, স্ত্রী. [যম+য-আ] দক্ষিণদিক্; ভরণী

যাম্যায়ন, ন. [যাম্য+অয়ন] দক্ষিণায়ন, সূর্য্যের দক্ষিণদিকে গমন। [বৃক্ষ।

যাম্যোদ্ভূত, পুং. [যাম্য+উদ্ভূত] শ্রীতাল

যাযজূক-যুক, পুং, [যজ+উক] পুনঃপুনর্যাগকর্ত্তা, তৎপর্য্যায়।—ইজ্যাশীল।

যাযাবর, পুং. [যাযা+বর] অশ্বমেধীয়াশ্ব, অশ্বমেধ যজ্ঞের ঘোড়া; জরৎকারু মুনি; পুনঃপুনর্গমনশীল।

যার, ন. [যার+অ] বন্ধু, সহযোগী, ইয়ার।

যারকী, (প্রা) বন্ধুত্ব, ইয়ারকী।

যাশোধরেয়, পুং. [যশোধর+এয়] শাক্যমুনিপুত্র।

যাষ্টীক, পুং. [যস্টি+ইক] যষ্টিধারি যোদ্ধা, লেঠেরা, তৎপর্যায়।—যষ্টিহেতিক; জোপদার।

যাস, পুং. [যস+অ] দুরালভালতা।

যাসা, স্ত্রী. [যাস+আ] মদন শলাকাপক্ষী।

যিনি, (প্রা) যেব্যক্তি, যেলোক, যেজন

যিজক্ষমান, ত্রি. [যজ+স+আন] যজ্ঞকরণেচ্ছু, যজ্ঞ করিতে ইচ্ছুক।

যিজক্ষা, স্ত্রী. [যজ্+স-আ] যজনবাঞ্ছা, যজনের ইচ্ছা।

যিজক্ষু, ত্রি. [যজ্+স-উ] যজ্ঞকরণেচ্ছু, যজ্ঞ করিতে ইচ্ছুক।

যুঁকন, (প্রা) তৌলন, যোঁকাদেওন, মাপন।

যুক্, ত্রি. [যুজ্] সমাধিমান্, ধর্ম্মচিন্তাকারী; যুগ্ম, দুটি; (বা) নিন্দা, তুলা, নিক্তি. পরিমাণ দণ্ড।

যুক্ত, ত্রি. [যুজ্+ত] ন্যায্য, ন্যায়াগত দ্রব্যাদি, উপযুক্ত; অপৃথগ্‌ভূত, মিলিত, লগ্ন, যোগারূঢ়; (ন) হস্তচতুষ্টয়, চারিহাত; নিযুক্ত; আসক্ত; (পুং) অভ্যস্তযোগ, যে যোগির যোগাভ্যাস হইয়াছে, ব্যাপৃত। [আমরুলী।

যুক্তরসা, স্ত্রী. [যুক্ত+রস-আ] রাস্না, কাঁটা

যুক্তা, স্ত্রী. [যুজ্+ত-আ] বৃক্ষবিশেষ, এলানী বৃক্ষ; মিলিতা, সংলগ্না।

যুক্তি, স্ত্রী. [যুজ্+তি] ন্যায়; লোকব্যবহার; অনুমান; নাট্যালঙ্কার বিশেষ, অর্থাবধারণ; রীতি; পরামর্শ, বিবেচনা।

যুক্তিদাতা, পুং. [যুক্তি+দাতৃ] মন্ত্রী, পরামর্শী। [মর্শানুরূপ।

যুক্তিযুক্ত, ত্রি. [যুক্তি+যুক্ত] যুক্তিমন্ত, পরা

যুক্তিবিরুদ্ধ, ত্রি. [যুক্তি+বিরুদ্ধ] ন্যায় বিরুদ্ধ, বিচারের বিপরীত।

যুক্তিসিদ্ধ, ত্রি. [যুক্তি+সিদ্ধ] সুযুক্ত, উপযুক্ত; সঙ্গত; পরামর্শানুরূপ, বিচারসিদ্ধ।

ন. [যুজ্+অ] যুগ্ম, যোড়া; কৃতাদিকাল চতুষ্টয়, যথা।—সত্য, ত্রেতা, দ্বাপর, কলি; বৃদ্ধি নামক ঔষধ; হস্ত চতুষ্ক, চারিহাত; (পুং) রথহলাদির অঙ্গবিশেষ, জোয়ালি।

যুগকীলক, পুং. [যুগ+কীলক] যুগকাষ্ঠের কীলক, জোয়ালেরখিল, তৎপর্য্যায়।—শম্যা। [কালের ধর্ম্ম।

যুগধর্ম্ম, পুং. [যুগ + ধর্ম্ম] কালমাহাত্ম্য,

যুগন্ধর, স্মৃং. [যুগং+ধর] রথ শকটলাঙ্গলাদির জোয়ালি ধারীপশু, তৎপর্য্যায়।—কুবর; পর্ব্বত বিশেষ। [এককালে।

যুগপৎ, বা. [যুগ+পদ্] একদা, এককালীন,

যুগপত্র, পুং. [যুগ+পত্র] কোবিদার বৃক্ষ; যুগ্মপর্ণবৃক্ষ মাত্র; যে বৃক্ষের যোড়াপাতা। [বৃক্ষ।

যুগপত্রক, পুং. [যুগ + পত্রক] কোবিদার

যুগপত্রিকা, স্ত্রী. [যুগ+পত্রিকা] শিংশপাবৃক্ষ; শিশুগাছ।

যুগপার্শ্বগ, পুং. [যুগ+পার্শ্বগ] অভ্যাসর নিমিত্ত লাঙ্গলের পার্শ্বেবদ্ধগো, পাঁটে বাঁধাগরু, তৎপর্য্যায়।—পৃষ্ঠবাট্।

যুগল, ন. [যুগ+ল] যুগ্ম, যোড়া।

যুগলমন্ত্র, পুং. [যুগল+মন্ত্র] লক্ষ্মীনারায়ণাদি মন্ত্র।

যুগলাখ্য, পুং. [যুগল+আখ্য] বর্ব্বূরবৃক্ষ, বাবুইগাছ; যুগ্মনামক।

যুগাংশক, পুং. [যুগ+অংশক] বৎসর; যুগবিভাজক।

যুগাদ্যা, স্ত্রী. [যুগ+আদ্য-অ] যুগারম্ভ তিথি, দেবীপীঠ দেবতাবিশেষ

যুগান্ত, পুং. [যুগ + অন্ত] প্রলয় চারি যুগের অবসান; যুগশেষ; কলিযুগ।

যুগ্ম, ন. [যুজ্+ম] দ্বয়, যোড়া, তৎপর্য্যায়। দ্বন্দ্ব, যুগল, যুগ; দ্বিতীয় চতুর্থ ষষ্ঠ অষ্টম দশম দ্বাদশরাশি; মিলন।

যুগ্মপত্র, পুং. [যুগ্ম+পত্র] কাঞ্চনবৃক্ষ; (ন) যুগলপত্র।

যুগ্মপত্রিকা, স্ত্রী. [যুগ্ম + পত্রিকা] শিংশপা-

যুগ্মপর্ণ, পুং. [যুগ্ম+পর্ণ] কোবিদারবৃক্ষ; সপ্তপর্ণবৃক্ষ, ছাতিয়ান গাছ।

যুগ্মফলা স্ত্রী. [যুগ্ম+ফল-আ] ইন্দ্রচির্ভিটী; বৃশ্চিকালীলতা, বিছুটী; গঙ্কিকা।

যুগ্মাদর, পুং. [যুগ্ম + আদর] তিথিবিশেষ যোগদ্বারা তিথিখণ্ডবিশেষের আদর

যুগ্মাদরণ, ন. [যুগ্ম + আদরণ] যুগ্মতিথি পূজা।

যুগ্য, ন. [যুজ্+য] বাহন, যান; (পুং.) যুগবোঢ়া, যোয়ালিবাহক।

যুঙ্, পুং. [যুজ্+ঙ] যোগকর্ত্তা, মিলনকর্ত্তা।

যুঙ্গী, পুং. [যুঙ্গ + ইন্] বর্ণসঙ্কর জাতিবিশেষ, গঙ্গাপুত্র কন্যার গর্ভে বেশধারি হইতে জাত।

যুজান, পুং. [যুজ্+আন] সারথি, সূত, (ইং) কোচম্যান।

যুজৌ, পুং. [যুজ্+ঔ] অশ্বিনীকুমার।

যুজ্যমান, ত্রি. [যুজ্য+আন] মিলিত হওনোপযুক্ত।

যুঞ্জান, পুং. [যুজ্+আন] সারথি, সূত, (ইং) কোচম্যান; বিপ্র, ব্রাহ্মণ; ভাবনা সহকারে সর্ব্বজ্ঞযোগী, যোগাভ্যাসক।

যুড়ন, (প্রা) একত্রীকরণ, মিলন, দুইবস্তুর সংযোগকরণ; শীতলহওন।

যুড়া, (প্রা) ছায়া, অনাতপস্থান।

যুড়ান, (প্রা) শীতলকরণ; শান্তহওন; তুষ্টিজন্মান।

যুড়ি, (প্রা) যুগ্ম, যোড়া, দুইটা।

যুত, ন. [যু+ত] হস্তচতুষ্টয়, চারিহাত; (ত্রি.) যুক্ত, মিলিত, অপৃথগ্ভূত, সম্পৃক্ত।

যুতক, ন. [যুত+ক] সংশয়, সন্দেহ; যুগ, যুগ্ম; নারীর বস্ত্রাঞ্চল; যুক্ত, মিলিত; চলনাগ্র, গমনের অগ্র; যৌতুক; মৈত্রীকরণ, মিত্রতা; স্ত্রীলোকের বস্ত্রবিশেষ; সংশ্রয়; সূর্পাগ্র, কুলার অগ্রভাগ।

যুতা, (প্রা) চর্ম্মপাদুকা, বিনামা; সংযুক্তা, মিলিতা।

যুৎ, ন. [যু+ৎ] নিন্দা, দোষারোপণ, দোষকীর্ত্তনকরা; (স্ত্রী.) যুদ্ধ, সংগ্রাম, রণ।

যুদ্ধ, ন. [যুধ্+ত] যোধন, বিবাদ, লড়াই, তৎপর্য্যায়।—আয়োধন, জন্য, প্রধন, প্রবিদারণ, মৃধ, আস্কন্দন, সংখ্য, সমীক, সাম্পরায়িক, সমর, অনীক, রণ, কলহ, বিগ্রহ, সংপ্রহার, অভিসম্পাত, কলি, সংস্ফোট, সংযুগ, অভ্যামর্দ্দ, সমাঘাত, সংগ্রাম, অভ্যাগম, আহব, সমুদায়, সংযৎ, সমিতি, আজি, সমিৎ, যুৎ, সংরাব, আনাহ, সম্পরায়ক, বিদার, দারণ, সম্বিৎ, সম্পরায়, তীক্ষ্ণ, অম্বরীষ বলজ, আনর্ত্ত, অভিমর, সমুদয়; যুদ্ধে বর্ণনীয়ানি যথা —চর্ম্ম, বর্ম্ম, বল, চর, ধূলি, তূর্য্যস্বন, সিংহনাদ, শরমণ্ডল, রক্তনদী, ছিন্নছত্র, রথ, চামর, হস্তী, অশ্ব, কেতু, বিদীর্ণকুম্ভক, বিদীর্ণমুক্তা, বূহরচনাবস্থিত সেনা, সুরপুষ্পবৃষ্টি; তবৈদিক পর্য্যায় যথা।—রণ, বিবাক্, বিখাদ, নদনু, ভর, আক্রন্দে, আহব, আজি, পৃতনাজ্য, অভীকে, সমীকে, মমসত্য, নেমধিতা, সঙ্কা, সমিতি, সমন, মীল্হ, পৃতনা, স্পৃধ, মৃধ, পৃৎসু, সমৎসু, সমর্যে, সমরণে, সমোহে, সমিথে, সঙ্খে, সঙ্গে, সংযুগে, সঙ্গথে, সঙ্গমে, বৃত্রতূর্য্যে, পৃক্ষে, আণৌ, সুরসাতৌ, বাজসাতৌ সমনীকে, খলে, খজে, পৌংস্যে, মহাধনে, বাজে, অজ্ম, সদ্ম, সংযৎ, সংবৎ।

যুদ্ধকর্ত্তৃ, পুং. [যুদ্ধ+কর্ত্তৃ] যোদ্ধা, লড়াক।

যুদ্ধভূমি, স্ত্রী. [যুদ্ধ+ভূমি] রণভূমি, রণক্ষেত্র।

যুদ্ধরঙ্গ, পুং. [যুদ্ধ+রঙ্গ] কার্ত্তিকেয়, ষড়ানন। [ঘোড়া।

যুদ্ধসার, পুং. [যুদ্ধ+সার] ঘোটক, অশ্ব,

যুধাজিৎ, পুং. [যুধা+জিৎ] ভরতের মাতুল।

যুধান, পুং. [যুধ+আন] ক্ষত্রিয় জাতি; সংগ্রামকারী।

যুধিক, ত্রি. [যুধ+ইক] যোদ্ধা, যুদ্ধকারী।

যুধিক, ত্রি. [যুধ+ইক] যোদ্ধা, সমরকারক।

যুধিষ্ঠির, পুং. [যুধি+স্থির] পাণ্ডবরাজ, পঞ্চপাণ্ডবের জ্যেষ্ঠ, তৎপর্য্যায়।—অজাতশত্রু, শল্যারি, ধর্ম্মপুত্র, অজমীঢ়।

যুধীয়, ত্রি. [যুধ+ঈয়] যোদ্ধা, রণকর্ত্তা, লড়াক।

যুধ্, স্ত্রী. [যুধ্] যুদ্ধ, সংগ্রাম, রণ।

যুধ্ম, পুং. [যুধ্+ম] সংগ্রাম, রণ; ধনুঃ; বাণ; যোদ্ধা; শেষ সংগ্রাম; শরভ।

যুবক, পুং. [যুবন্+ক] যুবা, তরুণ, প্রাপ্তযৌবন। [অকেশ।

যুবখলতি, ত্রি. [যুবন্+খলতি] যৌবনাবস্থায়

যুবগণ্ড, পুং. [যুবন্+গণ্ড] যুবার গণ্ডদেশস্থ ব্রণবিশেষ, বয়স্ফোড়া।

যুবজানি-যানি, পুং. [যুবতী+জায়া] যুবতীপতি, যাহার যুবতী স্ত্রী।

যুবতি, স্ত্রী. [যুবন্+অতি] যুবতী, প্রাপ্তযৌবনা, বয়স্থা স্ত্রী।

যুবতী, স্ত্রী. [যুবন্+অতি-ঈ] প্রাপ্তযৌবনা, বয়স্থা স্ত্রী, তৎপর্য্যায়।—যূনী, তরুণী, তলুনী, দিক্করী, ধনিকা, ধনীকা, মধ্যমা, দৃষ্টরজাঃ, মধ্যমিকা, ঈশ্বরী, বর্য্যা, বয়স্থা; স্ত্রীসামান্য; প্রাপ্তযৌবনা স্ত্রী; হরিদ্রা, হলুদ।

যুবতীষ্টা, স্ত্রী. [যুবতী+ইষ্ট-আ] স্বর্ণযূথিকা স্বর্ণযুঁই।

যুবত্ব, ন. [যুবন্+ত্ব] যুবাকাল, তারুণ্য, যৌবন সময়।

যুবনাশ্ব, পুং. [যুবন+অশ্ব] সূর্য্যবংশীয় রাজাবিশেষ, মান্ধাতৃ পিতা।

যুবনাশ্বজ, পুং. [যুবনাশ্ব+জন্-অ] মান্ধাতৃরাজা, মান্ধাতা।

যুবরাজ, পুং. [যুবন্+রাজ] ভাবি বুদ্ধবিশেষ, তৎপর্য্যায়।—মৈত্রেয়, অজিত; রাজপুত্র, রাজকুমার, রাজ্যের উত্তরাধিকারী এবং রাজকার্য্যের সাহায্যকারী রাজপুত্র, তৎপর্য্যায়।—কুমার, ভর্ত্তৃদারক।

যুবা, ত্রি. [যুবন্+অ] তরুণ; শ্রেষ্ঠ; নিসর্গ বলশালী; (পুং) যৌবনাবস্থাবিশিষ্ট, ষোড়শবর্ষেরপর ত্রিংশৎবর্ষ পর্য্যন্ত বয়স্ক; ষোড়শবর্ষেরপর সপ্ততিবর্ষ পর্য্যন্তবয়স্ক, তৎপর্য্যায়।—বয়স্থ, তরুণ,

যুযু, পুং [যু+যু] অশ্ব, ঘোটক, ঘোড়া।
যুযুকখুর, পুং. [যুযুক্+খুর] ক্ষুদ্রব্যাঘ্র, নেকিড়ে বাঘ।
যুযুৎসা, স্ত্রী. [যুধ+স-আ] জয়েচ্ছা।
যুযুৎসু, পুং. [যুধ+স-উ] যোদ্ধা; (ত্রি.) জয়েচ্ছু; ধৃতরাষ্ট্রপুত্র।
যুযুক্ষমান, ত্রি. [যুজ্+শানচ] যোগকরণেচ্ছা।
যুযুধান, পুং. [যুধ+আন] সাত্যকি; ইন্দ্র; ক্ষত্রিয়; যোদ্ধা।
যুষ্মদ্, ত্রি. [যুষ্+মদ্] মধ্যমপুরুষ, সম্মুখস্থ-ব্যক্তি, তুমি।
যুষ্মদীয়, ত্রি. [যুষ্মদ+ঈয়] ভবদীয়, তোমার।
যুঁই, (প্রা) যূথিকা পুষ্প, যুঁইফুল।
যূ, স্ত্রী. [যু+উ] যূষ, মুদ্গাদিরকাথ রস।
যূক, পুং. [যু+উক] মৎকুণ; কেশকীট, উকুণ।
যূকা, স্ত্রী. [যূক+আ] মৎকুণ; উকুন, যূক্রী, তৎপর্য্যায়।—কেশকীট, স্বেদজ, ষট, পদ, পালী, বালকৃমি
যূতি, স্ত্রী. [যূ+তি] মিশ্রণ, সংযোগ।
যূথ, ন. [যূ+থ] সজাতীয় সমূহ, পশুপক্ষির-পাল, সমূহ, বৃন্দ।
যূথনাথ, পুং. [যূথ+নাথ] বন্যহস্তি সমূহের ঈশ্বর, বন্যহস্তি দিগের প্রধান, তৎপর্য্যায়।—যূথপ।
যূথপ, পুং; [যূথ+পা-অ] অরণ্যহস্তিসমূহের প্রধান। [প্রধান।
যূথপতি, পুং. [যূথ+পতি] পশুপালের
যূথভ্রষ্ট, পুং. [যূথ+ভ্রষ্ট] হস্তিসমূহহইতে পলায়িত হস্তী; দলভ্রষ্ট, সঙ্গিহারা।
যূথিকা, স্ত্রী. [যূথ+ইক-আ] পাঠা; অম্লানক; পুষ্পবিশেষ, যুঁইফুল, তৎপর্য্যায়।—গণিকা, অম্বষ্ঠা, মাগধী, হেমপুষ্পিকা, যুথী, প্রহসন্তী, শিখণ্ডিনী, বাসন্তী, বালপুষ্পিকা, বহুগন্ধা, ভৃঙ্গানন্দা।
যূথী, স্ত্রী. [যূথ+ঈ] যূথিকা, যুঁইফুল।
যূথীন, পুং. [যূথ+ঈন] যূথপ, অরণ্যহস্তি সমূহের প্রধান।
যুনি, স্ত্রী. [যু+নি] যোগ, মিশ্রণ, একত্র-

যুনী, স্ত্রী. [যুবন্+ঈ] যুবতী, প্রাপ্তযৌবনা, তরুণী
যূপ, পুং. ন [যু+পা-অ] যজ্ঞেতে পশুবন্ধনার্থ কাষ্ঠ; (পুং.) জয়স্তম্ভ; যাগস্তম্ভ।
যূপকটক, পুং. [যূপ+কটক] যজ্ঞসমাপ্তি সূচক পশুবন্ধনার্থ যজ্ঞভূমিতে যে কাষ্ঠ রোপণ, তৎপর্য্যায়।—চষাল।
যূপকর্ণ, পুং. [যূপ+কর্ণ] যূপেরএকদেশ, তৎপর্য্যায়।—ঘৃতাবনি।
যূপদ্রু, পুং. [যূপ+দ্রু] খদিরবৃক্ষ, খএরগাছ।
যূপদ্রুম, পুং. [যূপ+দ্রুম] খদিরবৃক্ষ, খএর গাছ; রক্তখদির। [পাখী।
যূপলক্ষ, পুং. [যূপ+লক্ষ] পক্ষী, বিহঙ্গ,
যূপাগ্র, [যূপ+অগ্র] যূপের অগ্রভাগ, পশুবন্ধনার্থ কাষ্ঠের অগ্রভাগ, তৎপর্য্যায়।—তর্ম্ম।
যূপোচ্ছ্রয়, পুং. [যূ+উচ্ছ্রয়] যূপপ্রতিষ্ঠার পূজাদি।
যূষ, পুং. ন [যূষ+অ] মুদ্গাদি ক্বাথরস, ঝোল; (পুং.) ব্রহ্মদারুবৃক্ষ।
যে, (প্রা) বিশেষ্য ব্যক্তি অথবা বস্তু।
যেঅবধি, (প্রা) যদবধি, যৎকালপর্য্যন্ত।
যেকালে, (প্রা) যখন যেসময়ে, যৎকালে।
যেকিছু, (প্রা) যৎকিঞ্চিৎ, যাহা।
যেকেহ, (প্রা) যেকোনব্যক্তি, যেকোন লোক।
যেকোন, (প্রা) যে কেহ; যে কিছু।
যেখানে, (প্রা) যত্র, যেস্থলে, যথা।
যেথাসেথা, (প্রা) যত্রতত্র, যথাতথা, যেখানে সেখানে।
যেন, (প্রা) যথা; যেরূপে; অনুমত্যর্থ।
যেপর্য্যন্ত, (প্রা) যদবধি. যতদূর।
যেপ্রকার, (প্রা) যাদৃক্, যদ্রূপ, যেরূপ.
যেমত, (প্রা) যদ্রূপ, যেমত, যেরূপ।
যেমনতেমন, (প্রা) যথোপযুক্ত, সামান্যত।
যেযে, (প্রা) যাহাযাহা, যেকেহ, যেকোন।
যেরূপ, (প্রা) যদ্রূপ. যেপ্রকার, যেমন।
যেসে, (প্রা) যে কোন ব্যক্তি, যেকেহ।

যো, (প্রা) সুযোগ, পথ; মূলধন; সঞ্চয়।

যোআলি, (প্রা) ঘুড়িবারকাষ্ঠ, যোক্ত।

যোকা, (প্রা) তুলনকরণ, পরিমাণ, মাপ।

যোকান, (প্রা) তুলনকরাণ, মাপান, তৌলান।

যোক্তা, পুং. [যুজ্+তৃ] যোগকর্ত্তা; যোটানিয়া, যোগানিয়া, ঘটক।

যোক্ত্র, ন. [যুজ্+ত্র] ঈশাদণ্ডবন্ধরজ্জু, যোৎদড়ি, হলবন্ধনরজ্জু, তৎপর্য্যায়।—আবন্ধ, যোত্র।

যোগ, পুং. [যুজ্+অ] সন্নহন; সমাদি চতুর্ব্বিধ উপায়; ধ্যান; সঙ্গতি; যুক্তি; অপূর্ব্বঅর্থসংপ্রাপ্তি; বপুঃস্থৈর্য্য, শরীরের স্থিরতা প্রয়োগ; বিষ্কুম্ভাদিযোগ; ভেষজ, ঔষধ; বিস্রব্ধঘাতক, বিশ্বাস ঘাতক; দ্রব্য; কার্ম্মণ; নৈয়ায়িক; ধন; চার, দৌত্যকর্ম্ম; সূত্র; মিলন, ঐক্য; জীবাত্মা ও পরমাত্মার সংযোগ; সম্বন্ধ; সদ্ভাব; চিত্তবৃত্তিনিরোধ, মনের বিষয়ান্তরনিবৃত্তি; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি সংখ্যক কালবিশেষ; বর্ম্মবন্ধন; যুক্তি; ধনসম্পত্তির উপার্জ্জন ও বর্দ্ধন; লাভ; পতঞ্জলিপ্রণীত দর্শন শাস্ত্রবিশেষ

যোগচর, পুং. [যোগ+চর] হনুমান, পবন নন্দন।

যোগজ, পুং. [যোগ+জন্‌-অ] অগুরু (ত্রি.) যোগজাত; (পুং.) অলৌকিব সন্নিকর্ষবিশেষ; ইহাদ্বিবিধযথা।—যুক্ত যুঞ্জান।

যোগতঃ, ব্য. [যোগ+তস্] উপযুক্তরূপে উপযুক্ত সময়ে, যোগপূর্ব্বক।

যোগদান, ন. [যোগ+দান] ছলদ্বারাদান প্রতারণাপূর্ব্বকদান।

যোগনাবিক, পুং. [যোগ+নাবিক] মৎস্যবিশেষ, গড়ুই; চেঙমাছ, তৎপর্য্যায় গর্ভাট।

যোগনিদ্রা, স্ত্রী. [যোগ+নিদ্রা] দুর্গা, পার্ব্বতী।

যোগপট্ট, ন. [যোগ+পট্ট] বস্ত্রদ্বারা পৃষ্ঠ ও জানুবন্ধন; যোগপাটা।

যোগপদক, ন. [যোগ+পদক] পূজাদিসময়ে

যোগপাদুকা, স্ত্রী. [যোগ+পাদুকা] বিশেষ গুণাক্রান্ত পাদুকা।

যোগপীঠ, ন. [যোগ+পীঠ] দেবতাদিগের যোগাসন।

যোগবল, পুং. [যোগ+বল] তপস্যারতেজঃ সমাধির প্রভাব।

যোগবাহ, পুং. [যোগ+বাহ] অনুস্বার, বিন্দু; বিসর্গ, দ্বিবিন্দু; জিহ্বামূলীয়; উপাধ্মানীয়।

যোগবাহী, স্ত্রী. [যোগ+বাহ-ঈ] ক্ষারবিশেষ।

যোগভ্রষ্ট, ত্রি. [যোগ+ভ্রষ্ট] সমাধিচ্যুত ধ্যানভ্রংশ; সন্ন্যাস ভ্রষ্ট

যোগমায়া, স্ত্রী. [যোগ+মায়া] দুর্গা, ভগবতী, বিষ্ণুমায়া

যোগরঙ্গ, পুং. [যোগ+রঙ্গ] নারঙ্গ।

যোগরাজগুগ্গুলু, পুং.[যোগরাজ+গুগ্গুলু] বাতরোগাদির ঔষধবিশেষ।

যোগরূঢ়, পুং. [যোগ+রূঢ়] ইন্দ্রিয় ভোগ্য শব্দাদিতে অনাসক্ত

যোগসার, পুং. [যোগ+সার] সর্ব্বরোগহরোপায়, সমস্তরোগ নাশের উপায়

যোগক্ষেম, ন. [যোগ+ক্ষেম] অনাগত অনয়নাগত রক্ষণ, অলব্ধবস্তুরলাভ ও লব্ধ বস্তুর রক্ষা।

যোগাড় (প্রা) কর্ম্মনির্ব্বাহের উপায়, কর্ম্মের সুযোগ; কর্ম্মের উদ্যোগ।

যোগাড়িয়া (প্রা) সহকারী কর্ম্মের সহায়।

যোগাধমন, ন. [যোগ+আধমন] ছলদ্বারা বন্ধক দেওয়া।

যোগান, (প্রা) দ্রব্যাদির কুলান, সংগ্রহ করিয়া দেওন, নির্ব্বাহ।

যোগানিয়া, (প্রা) নির্ব্বাহকারী, সাহায্যকারী।

যোগানা, (প্রা) নির্ব্বাহকারী; যোগাড়ে।

যোগারঙ্গ, পুং. [যোগ+আরঙ্গ] নারঙ্গ নারাঙ্গ।

যোগারূঢ়, পুং. [যোগ+আরূঢ়] ইন্দ্রিয়ার্থ সাধন, কর্ম্মেতে অনাসক্ত. যোগযুক্ত

গাসন, ন. [যোগ+আসন] ব্রহ্মাসন, ধ্যানাসন, যোগ সাধনার্থ উপবেশনীয় পীঠাদি।

যোগিদণ্ড, পুং. [যোগিন্+দণ্ড] বেত্র, বেত।

যোগিনিদ্রা, স্ত্রী. [যোগিন্+নিদ্রা] লঘুনিদ্রা, অল্পনিদ্রা; কাকনিদ্রা।

যোগিনী, স্ত্রী. [যোগ+ইন্-ঈ] যোগযুক্তা নারী; ভগবতীর সখীরূপা আবরণ দেবতা; চতুঃষষ্ঠী যোগিনী যথা।— নারায়নী, গৌরী, শাকম্ভরী, ভীমা, রক্তদন্তিকা, ভ্রামরী, পার্ব্বতী, দুর্গা, কাত্যায়নী, মহাদেবী, চণ্ডঘণ্টা, মহাবিদ্যা, মহাতপা, সাবিত্রী, ব্রহ্মবাদিনী, ভদ্রকালী, বিশালাক্ষী, রুদ্রাণী, কৃষ্ণপিঙ্গলা, অগ্নিজ্বালা, রৌদ্রমুখী, কালরাত্রি, তপস্বিনী, মেঘস্বনা, সহস্রাক্ষী, বিষ্ণুমায়া, জলোদরী, মুক্তকেশী, ঘোররূপা, মহাবলা, শ্রুতি, স্মৃতি, ধৃতি, তুষ্টি, পুষ্টি, মেধা, বিদ্যা, লক্ষ্মী, সরস্বতী, অপর্ণা, অম্বিকা যোগিনী, ডাকিনী, শাকিনী, হাকিনী, হাকিনী, লাকিনী, ত্রিদশেশ্বরী, মহাষষ্ঠী, সর্ব্বমঙ্গলা, লজ্জা, কৌশিকী, ব্রহ্মাণী, মাহেশ্বরী, কৌমারী, বৈষ্ণবী, ঐন্দ্রী, নারসিংহী, বারাহী, চামুণ্ডা, শিবদূতী, বিষ্ণুমায়া, মাতৃকা; দশবিধ দশান্তর্গত, দশাবিশেষ।

যোগী, ত্রি. [যোগ+ইন্] যোগযুক্ত, যোগবিশিষ্ট; (পুং.) সন্ন্যাসী।

যোগীশ্বর, পুং. [যোগী+ঈশ্বর] যোগিরদিগের মধ্যে শ্রেষ্ঠ; যাজ্ঞবল্ক্য মুনি।

যোগীশ্বরী, স্ত্রী. [যোগী+ঈশ্বরী] দুর্গা, পার্ব্বতী, ভগবতী

যোগে, (প্রা) দ্বারা, উপায়ে, সুযোগক্রমে।

যোগেশ, পুং. [যোগ+ঈশ] যাজ্ঞবল্ক্যমুনি; ...ষ্ণ; শিব, মহাদেব

যোগেশ্বর, পুং. [যোগ+ঈশ্বর] শ্রীকৃষ্ণ, বিষ্ণু; শিব, মহাদেব।

যোগেশ্বরী, স্ত্রী. [যোগ+ঈশ্বরী] বন্ধ্যাকর্কোটকী।

যোগ্য, ন. [যুজ্+য] প্রবীণ, প্রাচীন; যোগার্হ; উপায়ী; শক্ত, সমর্থ, উপযুক্ত; পবিত্র; (ন.) ঋদ্ধিনামক ঔষধ; বৃদ্ধিনামক ঔষধ; (পুং.) পুষ্যানক্ষত্র; (স্ত্রী.) অনুশীলন; সূর্য্যপত্নী।

যোগ্যতা, স্ত্রী. [যোগ্য+ত-আ] ক্ষমতা, উপযুক্ততা; পবিত্রতা; শাব্দবোধের কারণবিশেষ, পদার্থের পরস্পর সম্বন্ধবিষয়ে বাধাভাব।

যোগ্যত্ব, ন. [যোগ্য+ত্ব] ক্ষমতা, উপযুক্ততা, নিপুণতা; পবিত্রতা।

যোগ্যা, স্ত্রী. [যুজ্+য-আ] অভ্যাস, আয়ত্ত; সূর্য্যপত্নী; শস্ত্রের অভ্যাস, অস্ত্র বিদ্যাভ্যাস, তৎপর্য্যায়।—খুরলী, শ্রম, অভ্যাস।

যোঙড়া, (প্রা) জলজন্তুবিশেষ, শম্বুকাদি, গোড়া।

যোজক, ত্রি. [যুজ্+অক] যোগকারক, মিলনকর্ত্তা; ঘটক।

যোজন, ন. [যুজ্+অন] পরমাত্মা; চতুঃক্রোশী, চারিক্রোশ পরিমাণ; যোগ; (স্ত্রী.ন.) সংযোগ, একত্রকরণ; সংঘটন।

যোজনগন্ধা, স্ত্রী. [যোজন+গন্ধ-আ] কস্তুরী, মৃগমদ; সীতা; সত্যবতী, ব্যাসমাতা।

যোজনগন্ধিকা, স্ত্রী. [যোজন+গন্ধিকা] সত্যবতী, ব্যাসমাতা; কস্তুরী, মৃগমদ; সীতা, জনকনন্দিনী।

যোজনপর্ণী, [যোজন+পর্ণ-ঈ] মঞ্জিষ্ঠা লতা।

যোজনবল্লিকা, স্ত্রী. [যোজন+বল্লিকা] মঞ্জিষ্ঠ লতা। [লতা।

যোজনবল্লী, স্ত্রী. [যোজন+বল্লী] মঞ্জিষ্ঠা-

যোজনা, স্ত্রী. [যুজ্+অন-আ] যোগকারণ, মিলান, ঘটান।

যোজনীয়, ত্রি. [যুজ্+অনীয়] যোগ্য, যোগ করিবার উপযুক্ত।

যোজিত, ত্রি. [যুজ্+ত] যুক্তকৃত, মিলিত, যোজনকরা; নিয়মিত; রচিত।

যোজ্য, ত্রি. [যুজ্+য] যোজনীয়, যোগ-

যোট, (প্রা) উভয়ে মিলন; যুগল; সঙ্গ।
যোটক, পুং. [যোট+ক] যোটক, মেলন; কার্য্যকারক, ঘটক, যে মিলাইয়া দেয়।
যোড় (প্রা) দ্বন্দ্ব, যুগ্ম, দুই; মিলন, একত্র হওয়া।
যোড়ন, (প্রা) মিলকরণ, একত্রকরণ, যোজনা।
যোড়া, (প্রা) মিলনকরা; একত্রকরা; যুগ্ম, দুই; মিথুন, দম্পতী।
যোড়ান, (প্রা) মিলনকারণ, সংলগ্নকরাণ; একত্রকরণ।
যোত, (প্রা) হলবন্ধন রজ্জু, যোৎদড়ী।
যোতন, (প্রা) লাঙ্গলে রজ্জুসংযুক্তকরণ; যোগকরণ, যোজন, একত্রকরণ।
যোতু, পুং. [যু+অ-তু] পরিমাণ।
যোত্র, ন.[যু+অ-ত্র] যোক্ত্র, লাঙ্গলাদি বাহী বৃষাদিরস্কন্ধস্থ কাষ্ঠবিশেষ, যোয়াল; সম্পত্তি, সংস্থিতি। [নির্ধন।
যোত্রহীন, (প্রা) সম্পত্তিহীন, সংস্থিতিরহিত,
যোদ্ধা, পুং. [যুধ্+তৃ-অ] যুদ্ধকর্ত্তা, তৎপর্য্যায়:—ভট, যোধ, বীর।
যোধ, পুং. [যুধ্+অ] যোদ্ধা, যুদ্ধকর্ত্তা, বীর-সৈন্য।
যোধন, ন. [যুধ+অন] যুদ্ধ, রণ; অস্ত্র।
যোধসংরাব, পুং. [যোধ+সংরাব] পরস্পর যোদ্ধাদিগের মধ্যে যুদ্ধে আহ্বান, তৎপর্য্যায়।—ক্রন্দন।
যোধেয়, পুং. [যুধ্+এয়] যোদ্ধা, সংগ্রামকর্ত্তা, রণকারক।
যোনল, পুং. [যোন+ল] শস্যবিশেষ, তৎপর্য্যায় ।—যবনাল, জূর্ণাহ্বয়, দেবধান্য, জোন্তালা, বীজপুষ্পিকা।
যোনি, পুং. স্ত্রী. [যু+নি] আকর; উৎপত্তি স্থান; কারণ; জল; ভগ; তৎপর্য্যায়:—বরাঙ্গ, উপস্থ, স্মরমন্দির, রতিগৃহ, জন্মবর্ত্ম, অধর, অবাচ্যদেশ, প্রকৃতি, অপথ, স্মরকূপক, অপ্রদেশ, প্রকৃতি, পুষ্পী, সংসারমার্গক, সংসারমার্গ, গুহ্য, স্মরাগার, স্মরধ্বজ, রত্যঙ্গ, রতিকুহর, কলত্র, অধঃ, রতিমন্দির, স্মরগৃহ, কন্দর্প-

যোনিকন্দ, পুং. [যোনি+কন্দ] যোনি রোগবিশেষ।
যোনিকীট, (প্রা) লম্পট, কামুক, স্ত্রীতে অত্যন্ত আসক্ত। [শরীর।
যোনিজ, ত্রি. [যোনি+জ] যোনিনিঃসৃত
যোনিদেবতা, স্ত্রী. [যোনি+দেবতা] পূর্ব্বফল্গুনী নক্ষত্র। [ভাগ, সোমসূত্র।
যোনিনাসা, স্ত্রী. [যোনি+নাসা] যোনির ঊর্দ্ধ-
যোনিভ্রমণ, ন. [যোনি+ভ্রমণ] পুনঃ২ জন্ম পরিগ্রহ।
যোনিমুদ্রা, স্ত্রী. [যোনি+মুদ্রা] ভগবতীর পূজাদিতে দর্শনীয় অঙ্গুলীরচিত যোনির আকার মুদ্রাবিশেষ।
যোনিরঞ্জন, ন. [যোনি+রঞ্জন] মাসিক ঋতুস্রাব। [সঙ্কোচ।
যোনিসংবৃত্তি, স্ত্রী. [যোনি+সংবৃত্তি] যোনি
যোনিসঙ্কর, পুং. [যোনি+সঙ্কর] জন্মদোষ, জারজদোষ।
যোনিরোগ, পুং. [যোনি+রোগ] ভগগদ, ভগের রোগ।
যোন্যর্শঃ, ন. [যোনি+অর্শস্] যোনিজাত রোগবিশেষ, রক্তস্রাবাদি, তৎপর্য্যায়।—কন্দসংজ্ঞ।
যোয়াল, (প্রা) লাঙ্গলাদি যুড়িবারকাষ্ঠ, যুগ, যোয়ালি; সম্পত্তি সম্পন্ন।
যোষা, স্ত্রী. [যুষ+অ-আ] নারী, যোষিৎ, মেয়ে।
যোষিতা, স্ত্রী. [যোষিত+আ] নারী, স্ত্রী, অবলা, মেয়ে।
যোষিৎ, স্ত্রী. [যুষ+ইৎ] নারী, স্ত্রী, অঙ্গনা।
যোষিৎপ্রিয়া, স্ত্রী. [যোষিৎ+প্রিয়া] হরিদ্রা, হলুদ।
যোষিদ্বর্গ, স্ত্রী. ন. [যোষিৎ+বর্গ] নারীবিশেষ, স্ত্রী জাতি।
যৌ, (প্রা) লাক্ষা, লা।
যৌক্তিক, পুং. [যুক্ত+ইক] কর্ম্মসচিব; (ত্রি.) যুক্তিযোগ্য, যুক্তিসিদ্ধ।
যৌগক, ত্রি. [যোগ+ক] যোগসম্বন্ধ।
যৌগিক, ত্রি. [যোগ+ইক] যোগযাত, প্রকৃতি

যৌজনশতিক, ত্রি. [যোজন + শত-ইক] যোজন শত গমনকর্ত্তা, শত যোজন গামী।

যৌজনিক, ত্রি. [যোজন+ইক] একযোজন গমনকর্ত্তা, চারিক্রোশ গমনকর্ত্তা।

যৌতক, ন, [যুতক+অ] যৌতুক।

যৌতব, ন. [যৌতু+অ] যৌতুক, বিবাহাদিকালে দম্পতীর লব্ধ ধন; পরিমাণ, মাপ।

যৌতুক, ন. [যুত+উক] যৌতক, বিবাহাদিকালে দম্পতীর লব্ধ ধন।

যৌধিষ্ঠির, ত্রি. [যুধিষ্ঠির+অ] যুধিষ্ঠির পুত্র; যুধিষ্ঠিরসম্বন্ধীয়।

যৌধেয়, পুং. [যুধ+এয়] যোদ্ধা, রণকর্ত্তা, সংগ্রামকারী।

যৌন, ন. [যোনি+অ] যোনি সম্বন্ধাধীন পাপ, যোনিসম্পর্ক পাপ। [মাণ।

যৌবত ন. [যুবতী+অ] যুবতি সমূহ; পরি-

যৌবন, ন. [যুবন্+অ] তরুণাবস্থা, তৎপর্য্যায়।—তারুণ্য, বয়ঃ।

যৌবনকণ্টক, পুং. ন. [যৌবন+কণ্টক] যুবগণ্ড, বয়সফোড়া।

যৌবনযুক্ত, ত্রি. [যৌবন+যুক্ত] তরুণ, বয়ঃপ্রাপ্ত।

যৌবনলক্ষণ, ন. [যৌবন+লক্ষণ] লাবণ্য; স্তন; তারুণ্যচিহ্ন।

যৌবনস্থ, ত্রি. [যৌবন+স্থা-অ] যৌবনযুক্ত, যুবা।

যৌবনাশ্ব, পুং. [যুবনাশ্ব+অ] মান্ধাতৃরাজা, মান্ধাতা।

যৌবানাশ্বক, স্ত্রী. [যুবনাশ্ব+ক] মান্ধাতৃরাজা, মান্ধাতা।

যৌবনাবস্থা স্ত্রী. [যৌবন+অবস্থা] যুবাকাল, যৌবনকাল।

যৌবরাজ্য, ন. [যুবরাজ+য] যুবরাজের পদ, পিতৃসত্বে রাজপদ প্রাপ্তি।

যৌষ্মাক, ত্রি. [যুষ্মাক+অ] যুষ্মদসম্বন্ধীয়, তোমার।

যৌষ্মাকীন, ত্রি. [যুষ্মাক+ঈন্] যুষ্মদসম্বন্ধীয়, তোমার।

র

র, রেফ, রকার ব্যঞ্জনের সপ্তবিংশতি বর্ণ; তন্নামানি যথা—রক্ত; ক্রোধিনী; রেফ; পাবক; ওজস; প্রকাশ; দর্শন; দীপ; রত; কৃষ্ণ; অপর; বলী; ভুজঙ্গেশ; মতি; সূর্য্য. ধাতুরক্ত; প্রকাশক; ব্যাপক; রেবতীদাস; কুক্ষাংশ; বহ্নিমণ্ডল; উগ্ররেখা; স্থূলদণ্ড; দেবকণ্ঠপদ্মা; প্রকৃতি; সুগল; ব্রহ্ম; শব্দ; গায়ক; ধন; শ্রীকণ্ঠ; উমা; হৃদয়; মুণ্ডী; ত্রিপুরসুন্দরী; সবিন্দু; যোনিজ; জ্বালা, স্ত্রী; শৈল; সর্ব্বতোমুখী।

রঃ, পুং. পাবক, বহ্নি; তীক্ষ্ণ; কামবহ্নি, কামাগ্নি

রং (গ্রা) বর্ণ, রঙ্গ।

রংহঃ, ন. [রন্হ্+অস্] বেগ, জব, শীঘ্রতা।

রকম, (যাং) প্রকার, বিধানতা।

রক্ত ন. [রন্জ্+ত] কুঙ্কুম; তাম্র; প্রাচীন আমলক; পদ্মক; সিন্দূর; হিঙ্গুল; শরীরস্থ সপ্ত ধাতুর অন্তর্গত ধাতুবিশেষ, তৎপর্য্যায়।—রুধির, অসৃক্, লোহিত, অস্র, ক্ষতজ, শোণিত, পলঙ্কষ, রোহিত, রঙ্গক, কীলাল, অঙ্গজ, রোধির, স্বজ, ত্বগ্জ শোণ, লোহ, চর্ম্মজ; (পুং.) লোহিতবর্ণ; কুসুম্ভপুষ্প, কুসুম ফুল; হিঙ্গুল; (ত্রি.) অনুরক্ত, আসক্ত; নীলাদি রঞ্জিত, রংকরা; লোহিতবর্ণ; ক্রীড়ারত, ক্রীড়াসক্ত; সুশ্রাব্য।

রক্তক, পুং. [রক্ত+ক] অম্লানবৃক্ষ; বন্ধূকবৃক্ষ; রক্তবস্ত্র; অনুরাগী; বিনোদী; রক্তশিগ্রু; রক্তেরণ্ড, লালভেরেণ্ডা।

রক্তকণ্ঠ, ত্রি. [রক্ত+কণ্ঠ] অনুস্বরকণ্ঠ।

রক্তকন্দ. পুং. [রক্ত+কন্দ] বিদ্রুমরত্ন; রাজপলাণ্ডু, বড়পেঁয়াজ; রক্তালু, রাঙ্গাআলু।

রক্তকন্দল, ন. [রক্ত+কন্দল] প্রবাল, পলা।

রক্তকমল, ন. [রক্ত+কমল] রক্তবর্ণ উৎপল, তৎপর্য্যায় —কোকনদ, রক্তাম্ভোজ, অরুণকমল, শোণপদ্ম, রক্তোৎপল, [illegible], রবিপ্রিয়, রক্তবারিজ

রক্তকম্বল, ন. [রক্ত+কম্বল] রক্তোৎপল; রক্তবর্ণপদ্ম।

রক্তকরবীরক, পুং. [রক্ত+করবীরক] লোহিত বর্ণ করবীর পুষ্পবৃক্ষ, রাঙ্গাকরবীগাছ, (হিং) লালকনেল্, তৎপর্য্যায়।—রক্তপ্রসব, গণেশকুসুম, চণ্ডীকুসুম, ক্রূর, ভূতদ্রাবী, রবিপ্রিয়।

রক্তকাঞ্চন, পুং. [রক্ত+কাঞ্চন] স্বনামখ্যাত পুষ্পবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—বদল, চমরিক, কাঞ্চনাল, তাম্রপুষ্প, কুদার, কোবিদার।

রক্তকাণ্ড', স্ত্রী. [রক্ত+কাণ্ড-আ] রক্তপুনর্নবা শাক। [বর্ণ দারু।

রক্তকাষ্ঠ, ন. [রক্ত+কাষ্ঠ] পত্তঙ্গ; লোহিত-

রক্তকুমুদ, ন. [রক্ত+কুমুদ] রক্তকৈরব, লাল-হেলাফুল।

রক্তকুসুম, পুং. [রক্ত+কুসুম] পারিভদ্র, পারিভাদ্র, নিমগাছ; ধন্বনবৃক্ষ।

রক্তকেশর, পুং. [রক্ত+কেশর] পারিভদ্র, নিমগাছ; পুন্নাগবৃক্ষ।

রক্তকৈরব, ন. [রক্ত+কৈরব] রক্তকুমুদ, রক্তকম্বল।

রক্তকোকনদ, ন. [রক্ত+কোকনদ] রক্তোৎপল, রক্তকম্বল।

রক্তখদির, পুং. [রক্ত+খদির] রক্তবর্ণ খদিরবৃক্ষ, রক্ত খয়ের, তৎপর্য্যায়।—রক্তসার, সুসার, তাম্রসারক, বহুশল্য, যাজ্ঞিক, কুষ্ঠনোদন, যূপদ্রুম, অভ্র-খদির, অরু, গায়ত্রী, দন্তধাবন, কণ্টকী, বালপত্র, যজ্ঞিয়।

রক্তগন্ধক, ন. [রক্ত+গন্ধক] বোল।

রক্তগুল্ম, পুং. [রক্ত+গুল্ম] স্ত্রীলোকের রক্তস্রাবঘটিত গুল্মরোগ।

রক্তঘ্ন, পুং. [রক্ত+ঘ্ন] রোহিতক বৃক্ষ।

রক্তঘ্নী, স্ত্রী. [রক্ত+ঘ্ন-ঈ] দূর্ব্বাবিশেষ, গাঁঠিয়া দূর্ব্বা, গণ্ডদূর্ব্বা।

রক্তচন্দন, ন. [রক্ত+চন্দন] রক্তবর্ণ চন্দনকাষ্ঠ, তৎপর্য্যায়।—তিলপর্ণী, পত্রাঙ্গ, রঞ্জন, কুচন্দন, তাম্রসার, তাম্রবৃক্ষ, চন্দন, লোহিত, শোণিতচন্দন, রক্তসার, তাম্রসারক, ক্ষুদ্রচন্দন, অর্কচন্দন, রক্তাঙ্গ, প্রবালফল, পত্তগ, রক্তবীজ।

রক্তচিত্রক, পুং. [রক্ত+চিত্রক] ক্ষুপবিশেষ, রাংচিতা, তৎপর্য্যায়।—কাল, অত্যাল, কালমূল, অতিদীপ্য, মার্জ্জার, অগ্নি, দাহক, পাবক, চিত্রাঙ্গ, মহাঙ্গ।

রক্তচূর্ণ, ন. [রক্ত+চূর্ণ] সিন্দূর; রক্তবর্ণ চূর্ণমাত্র। [বর্ণ জন্তুমাত্র।

রক্তজন্তুক, ন. [রক্ত+জন্তুক] ভূনাগ; রক্ত-

রক্তজিহ্ব, পুং. [রক্ত+জিহ্ব] সিংহ, কেশরী; (ত্রি.) রক্তবর্ণ জিহ্বাযুক্ত জন্তুমাত্র।

রক্তঝিণ্টী, স্ত্রী. [রক্ত+ঝিণ্টী] রক্তবর্ণ ঝিণ্টীপুষ্পবৃক্ষ, রাঙ্গা ঝাটীফুলের গাছ, তৎপর্য্যায়।—কুরুবক।

রক্তুতুণ্ড, পুং. [রক্ত+তুণ্ড] শুকপক্ষী, শুক-পাখী; (ত্রি.) রক্তবর্ণ মুখযুক্ত।

রক্ততুণ্ডক, পুং. [রক্ত+তুণ্ডক] ভূনাগ।

রক্ততৃণা, স্ত্রী. [রক্ত+তৃণ-আ] গোমূত্রিকা।

রক্তত্রিবৃৎ, স্ত্রী. [রক্ত+ত্রিবৃৎ] রক্তবর্ণত্রিবৃতা, লালতেউড়ী, তৎপর্য্যায়।—কালিন্দী, ত্রিপুটা, তাম্রপুষ্পিকা, কুলবর্ণা, মসূরী, অমৃতা, কাকনাসিকা।

রক্তদন্তিকা, স্ত্রী. [রক্ত+দন্তিকা] ভগবতীর রূপবিশেষ, চণ্ডিকা, চণ্ডী।

রক্তদন্তী, স্ত্রী. [রক্ত+দন্ত-ঈ] ভগবতীর রূপবিশেষ, চণ্ডিকা, চণ্ডী।

রক্তদলা, স্ত্রী. [রক্ত+দল আ] নালিকা; চিবিল্লিকা।

রক্তদৃক্, পুং. স্ত্রী. [রক্ত+দৃশ্] কপোত, পায়রা; (ত্রি.) রক্তবর্ণ চক্ষুবিশিষ্ট।

রক্তধাতু, পুং. [রক্ত+ধাতু] গৈরিক, গেরিমাটী; তাম্র; রক্তবর্ণ ধাতুমাত্র।

রক্তনয়ন, পুং. [রক্ত+নয়ন] তিত্তির পক্ষী-বিশেষ; (ত্রি.) রক্তবর্ণ চক্ষুঃবিশিষ্ট।

রক্তনাল, পুং. [রক্ত+নাল] জীবশাক, নালিতাশাক।

রক্তনাসিক, পুং. [রক্ত+নাসিক] পেচক, পেঁচা; (ত্রি.) লোহিত নাসিকাযুক্ত

রক্তপ, পুং. [রক্ত+পা-অ] রাক্ষস; (ত্রি.) রক্তপানকর্ত্তা।

রক্তপত্রিকা, স্ত্রী. [রক্ত+পত্রিকা] নাকুলী, সুরসা; রক্ত পুনর্নবাশাক; লোহিত-পত্র।

রক্তপদ, পুং. [রক্ত+পদ] শুকপক্ষী; লোহিত বর্ণ চরণ। [বিশেষ।

রক্তপদী, স্ত্রী. [রক্ত+পদ্-ঈ] ক্ষুদ্র বৃক্ষ-

রক্তপদ্ম, পুং. ন. [রক্ত+পদ্ম] রক্তবর্ণকমল, তৎপর্য্যায়।—রক্ত সরোরুহ, রক্তোৎপল, কোকনদ।

রক্তপল্লব, পুং. [রক্ত+পল্লব] অশোকবৃক্ষ; লোহিত পত্র।

রক্তপক্ষ, পুং. [রক্ত+পক্ষ] গরুড়, বৈনতেয়; রক্তবর্ণ পাখাবিশিষ্ট।

রক্তপা, স্ত্রী. [রক্ত+পা] জলৌকা, জোঁক; ডাকিনী; (ত্রি.) শোণিত পানকর্ত্তা।

রক্তপাকী, স্ত্রী. [রক্ত+পাক-ঈ] বৃহতী, বার্ত্তাকুবিশেষ।

রক্তপাত, পুং. [রক্ত+পাত] শোণিত পতন, রুধিরক্ষরণ।

রক্তপাতা, স্ত্রী. [রক্ত+পাতা] জলৌকা, জোঁক; (ত্রি.) শোণিত পানকর্ত্তা।

রক্তপাদ, পুং. [রক্ত+পাদ] শুকপক্ষী, শুক-পাখী; (ত্রি.) লোহিত চরণযুক্ত; ঘুঘু, পারাবত।

রক্তপাদী, স্ত্রী. [রক্ত+পাদ-ঈ] লজ্জালু, লাজুকলতা; হংসপদী।

রক্তপায়িনী, স্ত্রী. [রক্ত+পায়িন্-ঈ] জলৌকা, জোঁক; রক্তপানশীলাস্ত্রী।

রক্তপায়ী, পুং. [রক্ত+পায়িন্] রক্তপান শীল, রুধির পানকারী।

রক্তপারদ, ন. [রক্ত+পারদ] হিঙ্গুল; (পুং.) জটাধর।

রক্তপিণ্ড, ন. [রক্ত+পিণ্ড] জবাপুষ্প, ওড্র-পুষ্প, যবাফুল।

রক্তপিণ্ডক, পুং. [রক্ত+পিণ্ডক] রক্তালু, রক্তবর্ণ আলু, শকরকন্দআলু।

রক্তপিত্ত, ন. [রক্ত+পিত্ত] রোগবিশেষ, রক্তাধিক্য।

রক্তপিত্তহা, স্ত্রী. [রক্ত+পিত্ত-হন্] রক্তঘ্নী,

রক্তপুনর্নবা, স্ত্রী. [রক্ত+পুনর্নবা] রক্তবর্ণ পুনর্নবা শাক, তৎপর্য্যায়।—ক্রূরা, মণ্ডলপত্রিকা, রক্তকাণ্ডা, বর্ষকেতু, লোহিতা, রক্তপত্রিকা, বৈশাখী, রক্ত-বর্ষাভূ, শোফঘ্নী, রক্তপুষ্পিকা, বিক-স্বরা, বিষঘ্নী, প্রাবৃষেণ্যা, সারিণী, বর্ষা-ভব, শোণপত্র, ভৌম, পুনর্ভব, নব, নবা।

রক্তপুষ্প, পুং. [রক্ত+পুষ্প] করবীর, করবীগাছ; রৌহিতক বৃক্ষ; রক্তকাঞ্চন বৃক্ষ; দাড়িমবৃক্ষ; বকবৃক্ষ; বন্ধূকবৃক্ষ; পুন্নাগবৃক্ষ।

রক্তপুষ্পক, পুং. [রক্ত+পুষ্পক] পলাশবৃক্ষ; রৌহিতকবৃক্ষ; পর্প্পট; শাল্মলিবৃক্ষ, শিমুল গাছ।

রক্তপুষ্পা, স্ত্রী. [রক্ত+পুষ্প-আ] শাল্মলি-লতা, শিমুললতা।

রক্তপুষ্পিকা, স্ত্রী. [রক্ত+পুষ্পিকা] লজ্জালু, লাজুকলতা; রক্তপুনর্নবাশাক, ভূপাটলি।

রক্তপুষ্পী, স্ত্রী. [রক্ত+পুষ্প ঈ] পাটলি-বৃক্ষ; জবাবৃক্ষ; আবর্ত্তকীলতা; নাগ-দমনা; করুণীবৃক্ষ; উষ্ট্রকাণ্ডী।

রক্তপূতিকা, স্ত্রী. [রক্ত+পূতিকা] রাঙ্গাপুঁই-শাক।

রক্তপূরক, ন. [রক্ত+পূরক] বৃক্ষাম্ল।

রক্তপ্রবাহক, পুং. [রক্ত+প্রবাহক] যে নাড়ীর দ্বারা হৃদ্‌পিণ্ডহইতে সর্ব্বশরীরে রক্তচালিত হয়।

রক্তপ্রসব, পুং. [রক্ত+প্রসব] রক্তকরবীর লালকরবী; রক্তাম্লান।

রক্তফল, পুং. [রক্ত+ফল] বটবৃক্ষ, বট-গাছ।

রক্তফলা, স্ত্রী. [রক্ত+ফল-আ] বিম্বিকা, তেলাকুচা ফল; স্বর্ণবল্লী।

রক্তফেনজ, পুং. [রক্ত+ফেনজ] বামপার্শ্ব-স্থিতফুষফুষে, তৎপর্য্যায়।—পুষ্ফুষ।

রক্তবটী, স্ত্রী. [রক্ত+বটী] মসূরিকা, মসূরি-কলাই; বসন্ত রোগ।

রক্তবরটী, স্ত্রী. [রক্ত+বরট-ঈ] মসূরিকা,

রক্তবর্গ, পুং. [রক্ত+বর্গ] দাড়িম; কিংশুক-বৃক্ষ; লাক্ষা, লা; বন্ধুক; হরিদ্রা; দারু-হরিদ্রা; কুসুম্ভপুষ্প; মঞ্জিষ্ঠালতা।

রক্তবর্ণ, পুং. [রক্ত+বর্ণ] ইন্দ্রগোপ, সিঁদুরে পোকা; রাঙ্গার; শোণিতবর্ণ।

রক্তবর্দ্ধন, পুং. [রক্ত+বর্দ্ধন] বার্ত্তাকু, বেগুণ।

রক্তবর্ষাভূ, স্ত্রী. [রক্ত+বর্ষাভূ] রক্তপুনর্নবা শাক।

রক্তবসন, পুং. [রক্ত+বসন] সন্ন্যাসী, ব্রহ্মচারী; লালকাপড়।

রক্তবাত, পুং. [রক্ত+বাত] রোগবিশেষ।

রক্তবালুক, ন. [রক্ত+বালুক] সিন্দূর, সিঁদুর।

রক্তবালুকা, স্ত্রী. [রক্ত+বালুকা] সিন্দূর, সিঁদুর।

রক্তবিন্দু, পুং. [রক্ত+বিন্দু] রক্তকণা, শোণিত কণা।

রক্তবীজ, পুং. [রক্ত+বীজ] দাড়িম; অসুর-বিশেষ, শুম্ভনিশুম্ভ দৈত্যের সেনাপতি।

রক্তবীজকা, স্ত্রী. [রক্ত+বীজকা] ভদ্রদীবৃক্ষ।

রক্তবৃন্তা, স্ত্রী. [রক্তবৃন্ত-আ] শেফালিকা, শিউলী ফুল।

রক্তবৃষ্টি, স্ত্রী. [রক্ত+বৃষ্টি] রুধিরবর্ষণ; উৎপাতবিশেষ।

রক্তমঞ্জুর, পুং. [রক্ত+মঞ্জুর] নিচুলবৃক্ষ, ডেয়োগাছ।

রক্তমৎস্য, পুং. [রক্ত+মৎস্য] রক্তবর্ণ মৎস্য বিশেষ, তপস্যামাছ। [ময়

রক্তময়, ত্রি. [রক্ত+ময়] রুধিরাপ্লুত, শোণিত-

রক্তমূলক, পুং. [রক্ত+মূলক] দেবসর্ষপ-বৃক্ষ, রাইসর্ষা।

রক্তমূলা, স্ত্রী. [রক্ত+মূল-আ] লজ্জালুবৃক্ষ, লাজুক গাছ।

রক্তমেহ, পুং. [রক্ত+মেহ] প্রমেহ রোগ বিশেষ, প্রস্রাবদ্বারা শোণিত ক্ষরণ।

রক্তমোক্ষণ, ন. [রক্ত+মোক্ষণ] শোণিত-স্রাব, রক্ত নির্গতকরণ।

রক্তযষ্টি, স্ত্রী. [রক্ত+যষ্টি] মঞ্জিষ্ঠালতা।

রক্তযষ্টিকা, স্ত্রী. [রক্ত+যষ্টিকা] মঞ্জিষ্ঠা-লতা।

রক্তযাবনাল, পুং. [রক্ত+যাবনাল] তুবর যাবনাল।

রক্তরেণু, পুং. [রক্ত+রেণু] সিন্দূর, সিঁদুর; পলাশকলিকা; পুন্নাগ।

রক্তরেণুকা, স্ত্রী. [রক্ত+রেণুকা] পলাশ-কলিকা, পলাশফুলেরকুঁড়ি, তৎপর্য্যায়। —অঙ্গারিকা। [বত।

রক্তরৈবতক, ন. [রক্ত+রৈবতক] মহাপারে-

রক্তলশুন, পুং. [রক্ত+লশুন] রক্তবর্ণ মূল-বিশেষ, তৎপর্য্যায়।—মহাকন্দ, গৃঞ্জন, দীর্ঘপত্রক, পৃথুপত্র, স্থূলকন্দ, যবনেষ্ট।

রক্তলা, স্ত্রী. [রক্ত+ল-আ] কাকতুণ্ডী।

রক্তলোচন, পুং. [রক্ত+লোচন] কপোত, পারাবত, পায়রা; (ত্রি.) লোহিত লোচনযুক্ত; কোকিল।

রক্তশাক, পুং. [রক্ত+শাক] রক্তবর্ণ শাক-বিশেষ, রক্তপুনর্নবা।

রক্তশালি, পুং. [রক্ত+শালি] রক্তবর্ণধান্য-বিশেষ, তৎপর্য্যায়।—তাম্রশালি, শোণ-শালি, লোহিত।

রক্তশাসন, [রক্ত+শাসন] সিন্দূর, সিঁদুর।

রক্তশিগ্রু, পুং. [রক্ত+শিগ্রু] রক্তশোভাঞ্জন বৃক্ষ, রাঙ্গা শজিনাগাছ, তৎপর্য্যায়। —রক্তক, মধুর, বহুলচ্ছদ, সুগন্ধ, কেশরী, সিংহ, মৃগারি।

রক্তশীর্ষক, পুং. [রক্ত+শীর্ষক] সরলদ্রুম।

রক্তশৃঙ্গিক, ন. [রক্ত+শৃঙ্গিক] বিষ, হলাহল, গরল।

রক্তসংজ্ঞ, ন. [রক্ত+সংজ্ঞ] কুঙ্কুম।

রক্তসন্দংশিকা, স্ত্রী. [রক্ত+সন্দংশিকা] জলৌকা, জোঁক।

রক্তসন্ধ্যক, ন. [রক্ত+সন্ধ্যক] রক্তকহ্লার, রাঙ্গাসুঁদী, তৎপর্য্যায়।—হল্লক।

রক্তসরোরুহ, ন. [রক্ত+সরোরুহ] রক্তপদ্ম লালপদ্ম।

রক্তসর্ষপ, পুং. [রক্ত+সর্ষপ] রাজিকা, রাই-সর্ষা।

রক্তসহা, স্ত্রী. [রক্ত+সহ-আ] রক্তাম্লান।

রক্তসার, ন. [রক্ত+সার] রক্তচন্দন; পতঙ্গ; (পং.) ...

রক্তসৌগন্ধিক, ন. [রক্ত+সৌগন্ধিক] -রক্ত কহ্লার, লালবর্ণ উৎপল।

রক্তস্রাব, পুং. [রক্ত+স্রাব] বেতসাম্ল; রক্ত পতন, শোণিত নির্গম।

রক্তহংসা, স্ত্রী. [রক্ত+হংস-আ] রাগিণী বিশেষ।

রক্তা, স্ত্রী. [রক্ত+ত-আ] গুঞ্জা; লাক্ষা, লা, মঞ্জিষ্ঠা; উষ্ট্রকাণ্ডী।

রক্তাকার, পুং. [রক্ত+আকার] প্রবাল, পলা।

রক্তাক্ত, ন. [রক্ত+অক্ত] রক্তচন্দন; (ত্রি.) শোণিত মিশ্রিত।

রক্তাঙ্গ, ন. [রক্ত+অঙ্গ] বিদ্রুম; কুঙ্কুম; (পুং.) মঙ্গলগ্রহ; কম্পিল্ল; প্রবাল; মৎকুণ; মণ্ডল।

রক্তাঙ্গী, স্ত্রী. [রক্ত+অঙ্গ-ঈ] জীবন্তীবৃক্ষ; মঞ্জিষ্ঠা; রক্তগাত্রাস্ত্রী।

রক্তাতিসার, পুং. [রক্ত+অতিসার] রোগবিশেষ, রক্তনির্গমরোগ।

রক্তাধার, পুং. [রক্ত+আধার] চর্ম্ম, ত্বক্, চামড়া।

রক্তাপহ, ন. [রক্ত+আপহ] বোল।

রক্তাপামার্গ, পুং. [রক্ত+অপামার্গ] রক্তবর্ণ অপামার্গক্ষুপ, রাঙ্গা আপাঙ্, (হিং) লালচিরচিরী, তৎপর্য্যায়।—ক্ষুদ্রাপামার্গ, আঘটক, দুশ্চিন্নিকা, রক্তবিট, কলাপত্রিকা।

রক্তাবাহক, পুং. [রক্ত+আবাহক] যে নাড়ী দ্বারা শরীর হইতে হৃদ্‌পিণ্ডে রক্ত আগত হয়।

রক্তাম্বর, [রক্ত+অম্বর] কাষায়বস্ত্র, রক্তবর্ণ বসন, রাঙ্গাকাপড়; (ত্রি.) রক্তবর্ণ বস্ত্র বিশিষ্ট।

রক্তাম্র, পুং. [রক্ত+আম্র] কোশাম্র।

রক্তাম্লান, পুং. [রক্ত+অম্লান] রক্তবর্ণপুষ্প বিশেষ, তৎপর্য্যায়।—রক্তসহা, অপরিম্লান, রক্তাম্লানক, রাগপ্রসব, রক্তপ্রসব, কুরুবক, রামালিঙ্গনকাম, বধূৎসব, প্রসব, সুভগ, ভ্রমরানন্দ।

রক্তারক্তি, (প্রা) যুদ্ধেতে উভয়ের রুধির

রক্তার্ব্বুদ, পুং. [রক্ত+অর্ব্বুদ] রোগবিশেষ।

রক্তার্ম্ম, ন. [রক্ত+অর্ম্মন্] নেত্ররোগবিশেষ, চক্ষুরপীড়া।

রক্তার্শ, ন. [রক্ত+অর্শ] অর্শোরোগবিশেষ।

রক্তালু, পুং. [রক্ত+আলু] রক্তবর্ণ আলুবিশেষ, শর্করকন্দ আলু. রাঙ্গাআলু, তৎপর্য্যায়।—রক্তপিণ্ডালু, রক্তপিণ্ডক, লোহিত, রক্তকন্দ, লোহিতালু।

রক্তাক্ষ, পুং. [রক্ত+অক্ষ] মহিষ; পারাবত, পায়রা; চকোরপক্ষী; কোকিল; ক্রূর, খল; সারসপক্ষী; রক্তবর্ণচক্ষুযুক্ত

রক্তিকা, স্ত্রী. [রক্ত+ইক-আ] গুঞ্জা, কুঁচ; রাজিকা, রাইসর্ষা; রক্তিকা পরিমাণ।

রক্তিমা, পুং. [রক্ত+ইমন্] শোণিতবর্ণ, রাঙ্গারং।

রক্তেক্ষু, পুং. [রক্ত+ইক্ষু] রক্তবর্ণ ইক্ষু, লালআক্, তৎপর্য্যায়।—সূক্ষ্মপত্র, শোণ, লোহিত, উৎপট, মধুর, হ্রস্বমূল, লোহিতেক্ষু।

রক্তৈরণ্ড, পুং. [রক্ত+এরণ্ড] বৃক্ষবিশেষ, লাল ভেরেণ্ডা, তৎপর্য্যায়।—ব্যাঘ্র, হস্তিকর্ণ, রুবু, উরুবুক, নাগবর্ণ, চঞ্চু, উত্তান পত্রক, করপর্ণ. পাচন, স্নিগ্ধ, ব্যাঘ্রতল, রক্তক, চিত্রবীর্য্য, ত্রুৈরণ্ড। [বৃক্ষ।

রক্তৈর্ব্বারু, পুং. [রক্ত+এর্ব্বারু] ইন্দ্রবারুণী

রক্তোৎপল, ন. [রক্ত+উৎপল] রক্তপদ্ম, তৎপর্য্যায়।—রক্ত সরোরুহ; কোকনদ; (পুং.) শাল্মলিবৃক্ষ, শিমুলগাছ

রক্তোৎপলাভ, পুং. [রক্ত+উৎপল-আভ] শোণবর্ণ, রক্তবর্ণ, লাল; (ত্রি.) রক্তবর্ণবিশিষ্ট

রক্তোপল, ন. [রক্ত+উপল] গৈরিক, গেরিমাটী।

রগ, (বাং) শিরাঃ, মস্তকের পার্শ্বদ্বয়েরশির।

রগড়, (প্রা) বাদ্যের শব্দ, ঢক্কাদিতে আঘাতের উপক্রম; মর্দ্দন, ডলন।

রগড়ন, (প্রা) মর্দ্দন, ডলন, পেষণ।

রঘু, পুং. [রঘ+উ] সূর্য্যবংশীয়রাজা, দিলীপ

রঘুকার, পুং. [রঘু+কার] কালিদাস।
রঘুকুলতিলক, পুং. [রঘুকুল+তিলক] শ্রীরামচন্দ্র; রঘুবংশের প্রধান।
রঘুনন্দন, পুং. [রঘু+নন্দন] শ্রীরাম, দশরথ-পুত্র; স্মৃতিশাস্ত্র সংগ্রহকর্ত্তা।
রঘুনাথ, পুং. [রঘু+নাথ] শ্রীরাম, সীতাপতি।
রঘুপতি, পুং. [রঘু+পতি] শ্রীরাম, দশরথ তনয়।
রঘুবংশ, পুং. [রঘু+বংশ] কালীদাস কৃত মহাকাব্যবিশেষ; রঘুরাজার পরিবার।
রঘুবংশতিলক, পুং. [রঘুবংশ+তিলক] শ্রীরাম, দাশরথি।
রঘুবর, পুং. [রঘু+বর] শ্রীরাম, দাশরথি, রাঘব।
রঘূদ্বহ, পুং. [রঘু+উদ্বহ] শ্রীরাম, রাঘব, দাশরথি।
রঙ্ক, পুং. [রক্‌+অ] কৃপণ; মন্দ, দরিদ্র।
রঙ্কু, পুং. [রম+কু] মৃগবিশেষ, শবল পৃষ্ঠ হরিণ; ছাগবিশেষ।
রঙ্গ, ন. [রন্‌জ+অ] ধাতুবিশেষ, রাঙ্গ, তৎ-পর্য্যায়।—ত্রপু. ত্রপুষ, আগুয়, বঙ্গ, মধুর, হিম, কুরূপ্য, পিচ্চট, পূতিগন্ধ; (পুং.) রাগ, দীপ্তি; নৃত্য; রণভূমি; নাট্যস্থান; টঙ্কণ; সোহাগা, খাদিরসার।
রঙ্গকর, পুং. [রঙ্গ+কর] চিত্রকর; বর্ণক।
রঙ্গকারী, পুং. [রঙ্গ+কারিন্‌] রঙ্গকারক, কৌতুককারক, পরিহাসক (হি)রংরেজ।
রঙ্গকাষ্ঠ, ন. [রঙ্গ+কাষ্ঠ] পত্তঙ্গ।
রঙ্গচঙ্গ, (প্রা) চিত্রবিচিত্র; চটকদার।
রঙ্গচঙ্গিয়া, (প্রা) চিত্রবিচিত্র; ভুষণাদিসম্পন্ন; পরিষ্কৃত।
রঙ্গজ, ন. [রঙ্গ+জন-অ] সিন্দুর, সিঁদুর।
রঙ্গজীবক, পুং. [রঙ্গ+জীবক] চিত্রকার, পটুয়া; নাট্যকার; রংরাজ।
রঙ্গণ, (প্রা) রঙ্গান, চিত্রকরণ, ছোপান; পুষ্পবৃক্ষবিশেষ।
রঙ্গদ, পুং. [রঙ্গ+দা-অ] টঙ্গণ, সোহাগা; খাদিরসার।
রঙ্গদায়ক, ন. [রঙ্গ+দায়ক] কঙ্কুষ্ঠ।
রঙ্গদৃঢ়া, স্ত্রী. [রঙ্গ+দৃঢ়-আ] স্ফুটী।
রঙ্গপত্রী, স্ত্রী. [রঙ্গ+পত্র-ঈ] নীলবৃক্ষ, নীল গাছ।
রঙ্গপুষ্পী, স্ত্রী. [রঙ্গ+পুষ্প-ঈ] নীলীবৃক্ষ নীলগাছ।
রঙ্গবীজ, ন. [রঙ্গ+বীজ] রূপ্য, রজত, রূপা।
রঙ্গভঙ্গ, (প্রা) কৌতুক; হাবভাব; পরিহাস।
রঙ্গভূতি, স্ত্রী. [রঙ্গ+ভূতি] কোজাগরপূর্ণিমা।
রঙ্গভূমি, স্ত্রী. [রঙ্গ+ভূমি] মল্লভূমি; নাট্যভূমি; আখড়া।
রঙ্গমল্লী, স্ত্রী. [রঙ্গ+মল্লী] বীণা, বাঁশী।
রঙ্গমাণিক্য, ন. [রঙ্গ+মাণিক্য] মাণিক্যরত্ন।
রঙ্গমাতা, স্ত্রী. [রঙ্গ+মাতা] কুট্টনী, দূতী, কুটনী; লাক্ষা, লা, জৌ।
রঙ্গমাতৃকা, স্ত্রী. [রঙ্গ+মাতৃকা] লাক্ষা, লা, জৌ।
রঙ্গরস, ন. [রঙ্গ+রস] ক্রীড়া, কৌতুক, [ভণ্ডামী।
রঙ্গলাসিনী, স্ত্রী. [রঙ্গ+লাসিনী] শেফালিকা, শিউলিফুলগাছ।
রঙ্গশালা, স্ত্রী. [রঙ্গ+শালা] নাট্যগৃহ, নাচ-ঘর।
রঙ্গাঙ্গা, স্ত্রী. [রঙ্গ+অঙ্গ-আ] স্ফুটী।
রঙ্গাজীব, পুং. [রঙ্গ+আজীব] চিত্রকর, পটুয়া; নট, নর্ত্তক; রঙ্গরাজ।
রঙ্গান, (প্রা) রঞ্জিতকরা, চিত্র করণ; ছোপান।
রঙ্গালিয়া, (প্রা) রঙ্গকরা, রঞ্জক বর্ণকারী।
রঙ্গাবতারক, পুং. [রঙ্গ+অবতারক] রঙ্গাবতারী, তৎপর্য্যায়।—শৈলুষ, ভরত, সর্ব্ববেশী, ভরতপুত্রক, ধাত্রীপুত্র, রঙ্গজীব, জায়াজীব, নট, কৃশাশ্বী, শৈলালী; নৃত্যগীত স্থানে গীতবাদ্যাদিদ্বারা প্রসঙ্গকারক; রঙ্গাবতরণজীবী
রঙ্গাবতারী, পুং. [রঙ্গ+অবতারিন্‌] নট, নর্ত্তক।
রঙ্গারি, পুং. [রঙ্গ+অরি] করবীর, করবী ফুল।

ঙ্গী, স্ত্রী. [রঙ্গ+ইন্-ঈ] শতমূলী; কৈবর্ত্তিকা; (ত্রি.) রঙ্গবিশিষ্টা, নর্ত্তকী।

রঙ্গিল, (প্রা.) চিত্রবিচিত্র; রঙ্গযুক্ত।

রঙ্গী, ত্রি. [রঙ্গ+ইন্] রঙ্গকারক; চিত্রকর; কৌতুকী. পরিহাসকারী; নর্ত্তক।

রঙ্গীন, (প্রা) বিচিত্র, বহুরঙ্গবিশিষ্ট।

রংহঃ, ন. [রন্হ্+অস্] রংহ, বেগ, জব, শীঘ্রতা। [গঠক, মিস্ত্রী।

রচক, ন. [রচ্+অক] রচনাকর্ত্তা; নির্ম্মায়ক,

রচন, ন. [রচ+অন] নির্ম্মাণ, গ্রন্থন, গঠন।

রচনা, স্ত্রী. [রচ+অন-আ] কুসুম, প্রাকারাদির বা পত্রাবল্যাদির রচন, তৎপর্য্যায়।—পরিসান্দ, পরিস্যন্দ; যথাক্রমে স্থাপন, তৎপর্য্যায়।—নিবেশ, স্থিতি; নির্ম্মিতি, কৃতি, তৎপর্য্যায়। সন্দর্ভ, গুম্ফ, গৃম্ফন, গ্রন্থন।

রচয়িতব্য, ত্রি. [রচ+তব্য] রচনীয়, নির্ম্মাণ, যোগ্য।

রচয়িতা, পুং. [রচয়িতৃ+অ] নির্ম্মাতা, রচক; গ্রন্থনকারক।

রচিত, ত্রি. [রচ+ইত] কৃত, নির্ম্মিত, গঠিত।

রজ, ন. [রন্‌জ+অ] স্ত্রীকুসুম, ঋতু, আর্ত্তব, (পুং.) পরাগ; রেণু, ধূলি; গুণবিশেষ।

রজঃ, ন. [রন্‌জ+অস্] স্ত্রীদিগের প্রতিমাসে যোনি নিঃসৃতরক্ত,তৎপর্য্যায়।—পুষ্প; আর্ত্তব, ঋতু, কুসুম, রজঃ; প্রকৃতির গুণবিশেষ; পরাগ, রেণু।

রজঃশয়, পুং. [রজস্+শয়] কুক্কুর, সারমেয়, কুকুর।

রজঃসারথি, পুং. [রজস্+সারথি] বায়ু, অনিল, বাতাস।

রজক, পুং. [রন্‌জ+অক] বর্ণসঙ্কর জাতিবিশেষ, তীবরপত্নীরগর্ভে ধীবরহইতে জাত, ধোবা, তৎপর্য্যায়।—নির্ণেজক, শৌচেয়, মর্ম্মকীলক, ধাবক; অংশুক।

রজকী, স্ত্রী. [রজক+ঈ] রজকপত্নী, ধোপানী।

রজত,ন.[রন্‌জ+ত] রূপা, রূপা; হস্তীদন্ত; হার; হ্রদ; শৈল, পর্ব্বত; স্বর্ণ, সোণা, (ত্রি.) শুক্লবর্ণবিশিষ্ট।

রজতদ্যুতি, পুং. [রজত+দ্যুতি] হনুমান, পবননন্দন; রূপারন্যায় দীপ্তি।

রজতপ্রস্থ, পুং. [রজত+প্রস্থ] কৈলাসপর্ব্বত।

রজতাচল, পুং. [রজত+অচল] রৌপ্যপর্ব্বত কৈলাসপর্ব্বত।

রজতাদ্রি, পুং. [রজত+অদ্রি] কৈলাসপর্ব্বত, রজতগিরি।

রজন, ন. [রন্‌জ+অন] রাগ, রঞ্জন, রঙ্গযুক্ত করণ।

রজনি, স্ত্রী. [রঞ্জ+নি] রাত্রি, যামিনী, নিশা।

রজনী, স্ত্রী. [রঞ্জ+নি-ঈ] রাত্রি, নিশা; হরিদ্রা; জতুকা, জউ; নীলিনী।

রজনীগন্ধা, স্ত্রী. [রজনী+গন্ধ-আ] স্বনাম খ্যাত শ্বেতবর্ণ পুষ্পবিশেষ।

রজনীচর, পুং. [রজনী+চর] রাক্ষস, নিশাচর; চৌর; যামিকভট, প্রহরী।

রজনীজল, ন. [রজনী+জল] নীহার, শিশির হিম। [করঞ্জ।

রজনীপুষ্প, পুং. [রজনী+পুষ্প] পুতি-

রজনীমুখ, ন. [রজনী + মুখ] প্রদোষ, সূর্য্যাস্তকাল, সায়ং কাল।

রজনীহাসা, স্ত্রী. [রজনী+হাস-আ] শেফালিকাপুষ্প, শিউলীফুল।

রজসানু, পুং. [রজ+সানু] মেঘ, জলদ; চিত্ত, মনঃ।

রজস্বল, পুং. [রজস্+বল] মহিষ, লুলাপ।

রজস্বলা, স্ত্রী. [রজস্+বল-আ] রজোযুক্তা, জাতরজস্কা, তৎপর্য্যায়।—স্ত্রীধর্ম্মিনী, অবী, আত্রেয়ী, মলিনী, পুষ্পবতী, ঋতুমতী, উদকী, দুরি, পুষ্পহাসা, পুষ্পিতা, অবীরা, বিক্লী, নিষ্কলী, স্নানা, পাংশুলা।

রজি, পুং. [রন্‌জ+ই] চন্দ্রবংশীয় রাজাবিশেষ, পুরুরবার জ্যেষ্ঠপুত্র, আয়ু।

রজোগুণ, ন. [রজস্+গুণ] বিষয়াভিলাসের

রজোবল, ন, [রজস্+বল] অন্ধকার, তমঃ, ধ্বান্ত, তিমির।
রজোরস, ন, [রজস্+রস] অন্ধকার, তিমির তমঃ।
রজোহর, পুং. [রজস+হর] রজক, বস্ত্র ক্ষালনকর্ত্তা, ধোপা।
রজ্জু, স্ত্রী. [সৃজ+উ] বেণী, চুলের বিউনী; বন্ধনসাধন বস্তু, দড়ী, তৎপর্য্যায়।—শুল্ব, বরাটক, বটী, গুণ, শুল্বা, শুল্ব, শুল্বা, শুল্বী, সুম্ব, বরাট, বটাকর, বটী-গুণ।
রজ্জুদালক, পুং. [রজ্জু+দালক] পক্ষীবিশেষ।
রঞ্জক, ন. [রঞ্জ+অক] হিঙ্গুল; (পুং.) কম্পিল্লক; প্রীতিজনক; বস্ত্রাদি রাগকর্ত্তা।
রঞ্জন, ন. [রঞ্জ+অন] রক্তচন্দন; হিঙ্গুল; (পুং.) অন্তঃকরণে অনুরাগ উৎপাদন, সন্তুষ্টকরণ; মুঞ্জতৃণ।
রঞ্জনক, পুং. [রঞ্জন+ক] কট্‌ফল।
রঞ্জনদ্রু, পুং. [রঞ্জন+দ্রু] অচ্ছুকবৃক্ষ, আচ-ফুলের গাছ।
রঞ্জনী, স্ত্রী. [রঞ্জন+ঈ] গুণ্ডারোচনিকা; নীলী; মঞ্জিষ্ঠা; শেফালিকা; হরিদ্রা; পপ্পটী। [করা।
রঞ্জিত, ত্রি. [রঞ্জ+ইত] রঙ্গিণ, রঙ্গান, রঙ্গ-
রটনা, স্ত্রী: [রট্+অন-আ] ঘোষণা, জনরব; বিবরণ, কথন।
রটন্তী, স্ত্রী. [রট+ভস্-ঈ] মাঘমাসের কৃষ্ণা চতুর্দ্দশী।
রটিত, ত্রি. [রট+ইত] কথিত; ঘোষিত; খ্যাত; (ন.) কথনমাত্র।
রড়ন, (প্রা) শীঘ্রগমন, দৌড়ন।
রণ, ন. পুং. [রণ+অ] যুদ্ধ, সংগ্রাম, লড়াই; (পুং.) শব্দ; কণ; গতি।
রণকৃতী, পুং. [রণ+কৃতিন্] রণকুশল, রণ-পণ্ডিত, যুদ্ধে নিপুণ। [জয়।
রণজয়, পুং. [রণ+জয়] সমরবিজয়, যুদ্ধে-
রণজয়ী, পুং. [রণ+জয়িন্] যুদ্ধে জয়প্রাপ্ত; পরাভবকারী।
রণতূর্য্য, ন. [রণ+তূর্য্য] যুদ্ধের বাদ্য, তৎ-পর্য্যায়।—সংগ্রামপটহ, অভয়ডিণ্ডিম।
রণপণ্ডিত, পুং. [রণ+পণ্ডিত] যুদ্ধেকুশল, সমরনিপুণ।
রণপ্রিয় পুং. [রণ+প্রিয়] শ্যেনপক্ষী; (ন.) উশীর, বেণারমূল।
রণবাদ্য, ন. [রণ+বাদ্য] রণতূর্য্য, যুদ্ধের বাজনা। [হওয়া।
রণভঙ্গ, পুং. [রণ+ভঙ্গ] পরাভব, যুদ্ধেপরাস্ত
রণভূমি, স্ত্রী. [রণ+ভূমি] যুদ্ধস্থল, সমরক্ষেত্র।
রণমত্ত, পুং, [রণ+মত্ত] হস্তী, করী, হাতী; যুদ্ধোন্মত্ত।
রণমুষ্টি, পুং. [রণ+মুষ্টি] বিষমুষ্টিক্ষুপ।
রণরঙ্ক, পুং. [রণ++রঙ্ক] রণকাতর হস্তী, যুদ্ধেভীত করী, তৎপর্য্যায়।—প্রতিম।
রণরণ, ন. [রণ+রণ] উদ্বাহন, বিবাহ করা; (পুং.) মশক, মশা।
রণরণক, পুং. [রণ+রণক] উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা।
রণসঙ্কুল, ন. [রণ+সঙ্কুল] তুমুল, ঘোরতর সংগ্রাম।
রণসিঙ্গা (প্রা) যুদ্ধবাদ্যবিশেষ, যুদ্ধকালে-বাজাইবার উপযুক্ত ভেরী।
রণাঙ্গণ, ন. [রণ+অঙ্গণ] রণক্ষেত্র, রণভূমি।
রণাজির, ন. [রণ+অজির] রণক্ষেত্র, রণস্থল।
রণালঙ্করণ, পুং. [রণ+অলঙ্করণ] কঙ্কপক্ষী, হাড়িগেলাপাখী।
রণ্ড, ত্রি. [রত+ড] অর্দ্ধচর্ম্মাবচ্ছিন্ন অবয়ব, উপস্থ; ধূর্ত্ত; নিষ্ফল, ফলহীন।
রণ্ডক, পুং; [রণ্ড+ক] অফলবৃক্ষ, ফলহীন বৃক্ষ।
রণ্ডা, স্ত্রী. [রণ্ড+আ] মুষিকপর্ণী, ইন্দুরকাণী পানা; বিধবা, রাঁড়।
রণ্ডাশ্রমী, পুং. [রণ্ডা+আশ্রমিন্] অষ্টচত্বারিংশদ্বৎসরের অধিক বয়স্ক ভার্য্যা-বিহীন পুরুষ।
রণ্ডী, (প্র) বিধবা, পতিহীনা স্ত্রী, রাঁড়।
রণ্ডীবাজ, (বাং) লম্পট, কামুক, লোচ্চা।
রত, ন. [রম্+ত] মৈথুন, রতিক্রিয়া, শৃঙ্গার; গুহ্য; (ত্রি.) অনুরক্ত, আসক্ত।
রতকীল, পুং. [রতি+কীল] কুক্কুর, কুকুর;

রতকূজিত, ন. [রত+কূজিত] মৈথুন কালীন বাক্য, শৃঙ্গার সময়ে কথন, তৎপর্য্যায়।– মণিত।

রতগুরু, পুং. [রত+গুরু] পতি, কান্ত, ভর্ত্তা।

রতজ্বর, পুং. [রত+জ্বর] কাক, বায়স; অশ্ব।

রততালী, পুং, [রত+তালিন্] ষিড়্গ, লম্পট, উপপতি, (স্ত্রী.) কুট্টনী, কুটিনী।

রতনারীচ, পুং. [রত+নারীচ] নারীদিগের সিৎকার শব্দ; কুক্কুর; স্মর, কামদেব; ষিড়্গ, লম্পট।

রতনিধি, পুং [রত+নিধি] খঞ্জনপক্ষী।

রতব্রণ, পুং. [রত+ব্রণ] কুক্কুর, কুকুর; (ন.) উপদংশ।

রতর্দ্ধিক, ন. [রত+ঋর্দ্ধিক] দিবস, বাসর, দিন; সুখস্নান; অষ্টমঙ্গল।

রতশায়ী, পুং. [রত+শায়িন্] কুক্কুর কুকুর।

রতহিণ্ডক, পুং. [রত+হিণ্ডক] স্ত্রীচৌর, নারীচৌর, লম্পট, লোচ্চা। তৎপর্য্যায়।—ষিড়্গ, ব্যলীক, পল্লব, দ্রাবক ভুজঙ্গ, চুম্বক, লঙ্গ, ভৃঙ্গ, নারীতরঙ্গক, স্বস্তিক, রতনারীচ, বন্ধক, রততালি, কটার, কামী, খেটী, নাগর, দাসীপ্রিয়, কুণ্ডকীট। [গিনী।

রতা, স্ত্রী. [রম্+ত-আ] আসক্তা, অনুরা-

রতান্দুক, পুং. [রত+অন্দুক] কুক্কুর, কুকুর।

রতান্ধ্রী, স্ত্রী. [রত+অন্ধ্রু-ঈ] কুজ্ঝটিকা, কুয়াসা, কোহাড়া।

রতামর্দ্দ, পুং. [রত+ আমর্দ্দ] কুক্কুর, কুকুর।

রতায়নী, স্ত্রী. [রত+আয়ন-ঈ] বেশ্যা, বারবিলাসিনী, বারযোষিৎ।

রতার্থিনী, স্ত্রী. [রত+অর্থিন্-ঈ] মৈথুনাভিলাষিণী, কামুকী।

রতার্থী, পুং. [রত+অর্থিন্] মৈথুনাভিলাসী, কামুক।

রতি, স্ত্রী. [রম্+তি] কামদেবপত্নী; রাগ, অনুরাগ; গুহ্য; রত, মৈথুন, সন্তোষ।

রতিকুহর, ন. [রতি+কুহর] যোনি, ভগ, স্ত্রীচিহ্ন।

রতিকূজিত, ন. [রতি+কূজিত] শৃঙ্গারকালীন

রতিক্রিয়া, স্ত্রী. [রতি+ক্রিয়া] মৈথুন, স্ত্রীসংসর্গ, তৎপর্য্যায়।—সম্বেশন।

রতিগৃহ, ন. [রতি+গৃহ] যোনি, ভগ; রমণ মন্দির; রমণাগার।

রতিনাগ, পুং. [রতি+নাগ] ষোড়শবন্ধান্তর্গত পঞ্চাদশ বন্ধ।

রতিপতি, পুং. [রতি+পতি] কামদেব, কন্দর্প, মদন।

রতিপাশক, পুং. [রতি+পাশক] রতিবন্ধবিশেষ।

রতিপ্রিয়, পুং; [রতি+প্রিয়] কামদেব; সুরতপ্রিয়, লম্পট, কামুক।

রতিমদা, স্ত্রী. [রতি+মদ-আ] অপ্সরস।

রতিমন্দির, ন. [রতি+মন্দির] যোনি; মৈথুন গৃহ। [বিশেষ।

রতিমিত্র, পুং. [রতি+মিত্র] রতিবন্ধ-

রতিরমণ, পুং. [রতি+রমণ] কামদেব, মদন।

রতিলক্ষ, ন. [রতি+লক্ষ] নিধুবন, রত, শৃঙ্গার।

রতিসত্বরা, স্ত্রী. [রতি+সত্বর-আ] চিরজীবা, পিড়িংশাক। [বিশেষ।

রতিসুন্দর, পুং. [রতি+সুন্দর] রতিবন্ধ-

রতু, স্ত্রী. [ঋত+উ] দেবনদী; সত্যবাক্।

রতোদ্বহ, পুং. [রত+উদ্বহ] কোকিল, পিক।

রত্তি, স্ত্রী. [রদ্+তি] পরিমাণবিশেষ, গুঞ্জা, রতি, এককুচ ওজন।

রত্তিকা, স্ত্রী. [রত্তি+ক-আ] পরিমাণবিশেষ, গুঞ্জা, রতি, এককুঁচ ওজন।

রত্ন, ন. [রম+ত্ন] অশ্মজাতি; মুক্তাদি, যথা—মণি, মুক্তা, সুবর্ণাদি বহুমূল্য উৎকৃষ্ট বস্তু, তন্নামানিযথা। অপ্ন, বাজ, পয়, প্রয়, শ্রব, পৃক্ষ, পিত্ত, বয়, সিন, অব, ক্ষু, ধাসি, ইরা, ইলা, ইষ, ঊর্জ্জ, রস, স্বধা, অর্ক, ক্ষদ্ম, নেম, সস, আয়ু, সুনৃতা, ব্রহ্ম, বর্চ্চ, কীলাল, যশঃ; শ্রেষ্ঠবস্তু; স্বজাতিশ্রেষ্ঠ, যে কোন বস্তুর মধ্যে শ্রেষ্ঠ; মাণিক্য; বজ্র।

রত্নকন্দল, পুং. [রত্ন+কন্দল] প্রবাল,

রত্নকূট, পুং. [রত্ন+কূট] পর্ব্বতবিশেষ, রত্নগিরি।

রত্নগর্ভ, পুং. [রত্ন+গর্ভ] কুবের, ধনাধিপ; সমুদ্র, সাগর।

রত্নগর্ভা, স্ত্রী. [রত্ন+গর্ভ-আ] পৃথিবী; গুণবৎ পুত্রবতী।

রত্নজীবী, পুং. [রত্ন+জীবিন্] রত্নাদি বিক্রেতা, মণিবিক্রেতা।

রত্নদ্বীপ, পুং. [রত্ন+দ্বীপ] রত্ননির্ম্মিতস্থান।

রত্নধেনু, স্ত্রী, [রত্ন+ধেনু] মহাদান বিশেষ।

রত্ননিধি, পুং. [রত্ন+নিধি] খঞ্জনপক্ষী।

রত্নপারায়ণ, ন. [রত্ন+পারায়ণ] সর্ব্বরত্ন-স্থান। [নরকবিশেষ।

রত্নপ্রভা, স্ত্রী. [রত্ন+প্রভা] জিনদিগের

রত্নবণিক, পুং. [রত্ন+বণিক] মণিকার, জৌহরী। [রত্নযুক্তা।

রত্নবতী, স্ত্রী. [রত্ন+বত্-ঈ] পৃথিবী, ধরণী;

রত্নবর্ষুক, ন. [রত্ন+বর্ষুক] পুষ্পকরথ (ত্রি.) রত্নবর্ষণশীল।

রত্নময়, ত্রি. [রত্ন+ময়] মণিবিরচিত, মণিময়।

রত্নমুখ্য, ন. [রত্ন+মুখ্য] হীরক, প্রধান-রত্ন, হীরা।

রত্নরাট, ন. [রত্ন+রাজ্] মাণিক্য; রত্নশ্রেষ্ঠ।

রত্নসানু, পুং. [রত্ন+সানু] সুমেরুপর্ব্বত।

রত্নসিংহাসন, ন. [রত্ন+সিংহাসন] রত্নাদি-দ্বারানির্ম্মিত সিংহাসন। [মেদিনী।

রত্নসূ, স্ত্রী; [রত্ন+সূ] পৃথিবী, পৃথ্বী,

রত্নাকর, পুং. [রত্ন+আকর] সমুদ্র, সাগর, রত্নোৎপত্তিস্থান। [চিহ্ন।

রত্নাঙ্ক, পুং. [রত্ন+অঙ্ক] বিষ্ণুরথ; রত্ন-

রত্নাচল, পুং; [রত্ন+অচল] দানার্থ মণিময় পর্ব্বত।

রত্নাবলী, স্ত্রী. [রত্ন+আবলী] গ্রথিত মণি-শ্রেণী, মণিময়হার; নাটিকাবিশেষ; রাজকন্যাবিশেষ।

রত্নাভরণ, ন. [রত্ন+আভরণ] মণিময় অলঙ্কার, জড়াওগহনা।

রত্নি, পুং. স্ত্রী. [ঋ+ত্নি] বদ্ধমুষ্টিহস্ত, মুটমহাত

রত্যাসক্ত, ত্রি. [রতি+আসক্ত] কামুক, লম্পট।

রথ, পুং. [রম্+থ] কায়, দেহ; চরণ, পাদ; বেতসবৃক্ষ, বেতগাছ; তিনিসবৃক্ষ; চক্রবিশিষ্ট যুদ্ধযান, তৎপর্য্যায়।—শতাঙ্গ, স্যন্দন; স্যন্দনমাত্র।

রথক, পুং. [রথ+ক] মন্দিরের অবয়ববিশেষ।

রথকড্যা, স্ত্রী. [রথ+কড্য-আ] রথসমূহ, বহুরথ, তৎপর্য্যায়।—রথব্রজ।

রথকর, পুং, [রথ+কর] রথনির্ম্মাণকারক, রথকার, সূত্রধার, ছুতার।

রথকার, পুং. [রথ+কার] রথনির্ম্মাণকর্ত্তা, ছুতার, তৎপর্য্যায়।—তক্ষা, বর্দ্ধকি, ত্বষ্টা, কাষ্ঠতট্, সূত্রধার, বর্দ্ধকী, রথকর, কাষ্ঠ-তক্ষক; নাট্যকার। [চালনকর্ত্তা।

রথকুটুম্বী, পুং. [রথ+কুটুম্বিন্] সারথি. রথ

রথক্রান্ত, পুং. [রথ+ক্রান্ত] গীতের তাল বিশেষ; দেশবিশেষ; ভারতবর্ষান্তর্গত খণ্ডত্রয়মধ্যে খণ্ডবিশেষ; সূর্য্যারিক; অপভাষায় আফ্রিকা বলে।

রথগর্ভক, পুং. [রথ+গর্ভক] স্কন্ধবাহ্য যান, নরযান, পাল্কী ডুলীইত্যাদি, তৎপ-র্য্যায়।—কর্ণীরথ, প্রবহণ, ডয়ন

রথগুপ্তি, স্ত্রী. [রথ+গুপ্তি] শত্রুর সহিত যুদ্ধেতে আঘাত রক্ষার্থ আবরণকাদি দ্রব্য, তৎপর্য্যায়।—বরূথ, রথগোপন।

রথগোপন, ন. [রথ+গোপন] রথগুপ্তি শত্রুরসহিত যুদ্ধেতে আঘাত রক্ষণার্থ আবরণকাদি দ্রব্য।

রথচরণ, পুং. [রথ+চরণ] চক্রবাকপক্ষী রথচক্র, রথেরচাকা।

রথদ্রু, পুং. [রথ+দ্রু] তিনিশবৃক্ষ।

রথন্তর. ত্রি, [রথন্+তর] রথদ্বারাতরণকর্ত্তা।

রথপর্য্যায়, পুং. [রথ+পর্য্যায়] বেতসবৃক্ষ, বেতগাছ।

রথপাদ, পুং. [রথ+পাদ] চক্র, চাকা।

রথপ্রা, স্ত্রী. [রথ+প্রা], নদীবিশেষ।

রথযাত্রা, স্ত্রী. [রথ+যাত্রা] আষাঢ় মাসের শুক্লাদ্বিতীয়াতে শ্রীজগন্নাথদেবের রথা-

রথযুক্, পুং. [রথ+যুজ্] রথচালক,সারথি।

রথাঙ্গ, ন. [রথ+অঙ্গ] চক্র, চাকা; (পুং.) চক্রাহ্ব, চক্রবাক পক্ষী।

রথাঙ্গনামা, পুং. [রথাঙ্গ+নামন্] চক্রবাক পক্ষী।

রথাঙ্গপাণি, পুং. [রথ+অঙ্গ+পাণি] বিষ্ণু চক্রী, নারায়ণ।

রথাঙ্গী, স্ত্রী. [রথ+অঙ্গ-ঈ] ঋদ্ধি, বৃদ্ধি, (পুং.) চক্রধর, হরি।

রথান্তর, পুং. [রথ+অন্তর] কল্পবিশেষ।

রথারোহী, পুং. [রথ+অরোহিন্] রথযোদ্ধা, রথস্থযুদ্ধকর্ত্তা। [গাছ।

রথাভ্র, পুং. [রথ+অভ্র] বেতসবৃক্ষ বেত-

রথাবরোহী, পুং. [রথ+অবরোহিন্] রথী, রথস্থ যুদ্ধকর্ত্তা।

রথিক, পুং. [রথ+ইক] রথী, রথারোহী; তিনিশবৃক্ষ।

রথিন, পুং. [রথ+ইন] রথী, রথারোহী।

রথাভ্রপুষ্প, পুং. [রথাভ্র+পুষ্প] বেতসবৃক্ষ। [কর্ত্তা।

রথির, পুং. [রথ+ইর] রথী, রথারোহণ

রথী, পুং.] রথ+ইন্] রথস্বামী, রাজাদি; তৎপর্য্যায়।—রথিক, রথিন, রথারোহী, রথী, রথির, রথস্বামী, সারাক্ষ, স্যন্দনারোহ।

রথ্য, পুং. [রথ+য] রথবাহক অশ্ব; রথাংস, (ন.) চক্র, চাকা; প্রসিদ্ধ রথগমনযোগ্য পথ, পুরঃবহিস্থান।

রথ্যা, স্ত্রী. [রথ+য-আ] রথসমূহ, বহুরথ, তৎপর্য্যায়।—রথকড্যা, রথব্রজ; অভ্যন্তরমার্গ, নাছ, তৎপর্য্যায়।—প্রতোলী, বিশিখা; আবর্ত্তনী; পন্থা, পথ, রাস্তা; চত্বর, অঙ্গন, উঠান।

রদ, পুং. [রদ্+অ] দন্ত, দাঁত; বিলেখন, (বাং) রহিত। [ছদ, ঠোঁট।

রদচ্ছদ, পুং. [রদ+ছদ] ওষ্ঠ; অধর, রদন-

রদন, পুং. [রদ্+অন] দন্ত, দশন, দাঁত; (ন.) খনন, খোঁড়ন।

রদনচ্ছদ, পুং. [রদন+ছদ] ওষ্ঠ, ঠোঁট;

রদনী, পুং. [রদন+ইন্] হস্তী, হাতী; দন্তবিশিষ্ট।

রদী, পুং. [রদ+ইন্] হস্তী, হাতী; দন্তবিশিষ্ট; (বাং) ত্যাজ্যবস্তু।

রন্তিদেব, পুং. [রন্তি+দেব] বিষ্ণু; চন্দ্রবংশীয় নৃপতিবিশেষ, সাঙ্কৃতিরাজার পুত্র; কুকুর।

রন্তু, স্ত্রী. [রম্+তু] বর্ত্ম, পথ; নদী।

রন্ধন, ন. [রধ+অন] পাক, রসুই, রান্না।

রন্ধনগৃহ, ন. [রন্ধন+গৃহ] পাকশালা, রন্ধনাগার, রাঁধিবার ঘর মহানস।

রন্ধনশালা, স্ত্রী. [রন্ধন+শালা] পাকগৃহ, রাঁধিবার ঘর মহানস।

রন্ধনাগার, ন. [রন্ধন+আগার] রন্ধনশালা, রান্নাঘর। [গর্ত্ত; কুক্ষি।

রন্ধ্র, ন. [রধ্+র] দূষণ, দোষ; ছিদ্র,

রন্ধ্রকণ্ট, পুং. [রন্ধ্র+কণ্ট] জালবর্ব্বূরক। [ইঁদুর।

রন্ধ্রবভ্রু, পুং. [রন্ধ্র+বভ্রু] উন্দুরু, মূষিক,

রন্ধ্রবংশ, পুং. [রন্ধ্র+বংশ] ছিদ্রযুক্তবংশ, ছেঁদাবাঁশ ফোফরাবাঁশ, তৎপর্য্যায়।—ত্বক্‌সার, কীচকাহ্বয়, মস্কর, বাদনীয়, সুষিরাস্য।

রন্ধ্রিত, ন. [রন্ধ্র+ইত] কৃতরন্ধনদ্রব্য।

রব, পুং. [রু+অ] শব্দ, ধ্বনি, নাদ; গোলমাল।

রবণ, ন. [রু+অন] কাংস্য কাঁসা; রব, ধ্বনি; (পুং.) উষ্ট্র, উট; কোকিল; (ত্রি) শব্দন; তীক্ষ্ণ; ভণ্ডক; চঞ্চল।

রবথ, পুং. [রব+থ] কোকিল, পিক।

রবাব, ন. [রু+আব] তারযুক্ত বাদ্যযন্ত্রবিশেষ,অবদ্ধবীণাযন্ত্রবিশেষ; (বাং)সারঙ্গী।

রবাহুত-হূত, পুং. [রব+আহুত] অনিমন্ত্রিত, অনাহুত। [আকন্দগাছ

রবি, পুং. [রু+ই] সূর্য্য; অর্কবৃক্ষ

রবিকান্ত, পুং. [রবি+কান্ত] মণিবিশেষ, সূর্য্যকান্তমণি; চুণী

রবিখন্দ, পুং. [রবি+খন্দ] সূর্য্যপচাশস্য বিশেষ। [চক্রবিশেষ।

রবিজ, পুং. [রবি+জন্‌-অ] শনৈশ্চরগ্রহ, শনিগ্রহ ; যম ; বৈবস্বতমনু, সাবর্ণিমনু।

রবিতনয়, পুং. [রবি+তনয়] সাবর্ণিকমনু ; বৈবস্বতমনু ; শনি ; যম।

রবিনন্দন, পুং. [রবি+নন্দন] সুগ্রীব ; সাবর্ণিকমনু ; বৈবস্বতমনু ; শনি ; যম।

রবিনাথ, ন. [রবি+নাথ] পদ্ম, কমল ; (পুং.) বন্ধুকপুষ্প।

রবিপত্র, পুং. [রবি+পত্র] আদিত্যপত্র পুষ্প।

রবিপ্রিয়, ন. [রবি+প্রিয়] রক্তকমল ; তাম্র, (পুং.) আদিত্যপত্র ; রক্তকরবীর ; লকুচ, ডহু, ডেও।

রবিবার, পুং. [রবি+বার] সূর্য্যভোগাদিন, আদিত্যবার। [মাণিক্য।

রবিরত্নক, ন. [রবি+রত্নক] মাণিক্য,

রবিলোহ, ন. [রবি+লোহ] তাম্র, তাঁবা।

রবিলোচন, পুং. [রবি+লোচন] বিষ্ণু

রবিসংজ্ঞক, ন. [রবি+সংজ্ঞক] তাম্র, তাঁবা। [শনিগ্রহ।

রবিসুনু, পুং. [রবি+সুনু] শনৈশ্চরগ্রহ,

রবীন্দ, ন. [রবী+ইন্দ] পদ্ম।

রব্য, ন. [রু+য] বৃক্ষবিশেষ।

রভস, পুং. [রভ্‌+অস] বেগ ; হর্ষ ; পৌর্ব্বাপর্য্য বিচার ; ঔৎসুক্য ; অবিধান বিশেষ ; প্রণয়ক্রোধ।

রম, পুং. [রম্‌+অ] কান্ত, পতি ; রক্তঅশোক বৃক্ষ ; কামদেব ; রমণ, মৈথুন।

রমক, পুং. [রম+অক] কান্ত, কমনীয়, পতি।

রমঠ, ন. [রম্‌+অঠ] হিঙ্গু, হিং।

রমঠধ্বনি, পুং. [রমঠ+ধ্বনি] হিঙ্গু, হিং।

রমণ, ন. [রম্‌+অন] পটোলমুল ; জঘন ; জন্ম্ন, শৃঙ্গার, তৎপর্য্যায় ।—অব্রহ্ম-চর্য্যক, গ্রাম্যধর্ম্ম, সুরত, রত, সংপ্রয়োগ, নিধুবন, মৈথুন, রতি, উপসৃষ্ট, ধর্ষিত, ক্রীড়ারত্ন, মহাসুখ, ত্রিভদ্র, যোগ্যমিথুন, অভিমানিত ; ক্রীড়ন ; (পুং.) পতি, ভর্ত্তা ; কামদেব ; গর্দ্দভ, গাধা ; বৃষণ ;

রমণক, ন. [রমণ+ক] জম্বুদ্বীপান্তর্গত বর্ষ বিশেষ, রম্যকবর্ষ।

রমণা, স্ত্রী. [রম্‌+অন-আ] নারী, রমণী ; উত্তমা স্ত্রী।

রমণী, স্ত্রী. [রম্‌+অন-ঈ] নারী ; উৎকৃষ্টা স্ত্রী বিশেষ ; বালাখ্যবৃক্ষ।

রমণীয়, ত্রি. [রম্‌+অনীয়] সুন্দর, রম্য, মনোহর।

রমণেচ্ছা, স্ত্রী. [রমণ+ইচ্ছা] মৈথুনাভিলাষ রিরংসা।

রমণ্য, ত্রি. [রমণ+য] রমণীয়, সুন্দর, মনোহর।

রমতি, পুং. [রম্‌+তি] নায়ক, পতি ; স্বর্গ ; কাক ; কাল ; কামদেব।

রমা, স্ত্রী. [রম্‌+অ-আ] লক্ষ্মী ; শশিধ্বজ রাজার কন্যা, কল্কীদেবের পত্নী ; শোভা।

রমাধব, পুং. [রমা+ধব] শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

রমানাথ, পুং. [রমা+নাথ] শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

রমাপতি, পুং. [রমা+পতি] শ্রীকৃষ্ণ, বিষ্ণু।

রমাপ্রিয়, ন. [রমা+প্রিয়] পদ্ম, কমল ; (পুং.) শ্রীকৃষ্ণ। [ধুনা।

রমাবেষ্ট, পুং. [রমা+বেষ্ট] শ্রীবাস,

রমিতা, ত্রি. [রম্‌+ইত-আ] রতিপ্রাপিতা, কৃতমৈথুনা, জল্পিতা

রমেশ্বর, পুং. [রমা+ঈশ্বর] বিষ্ণু,

রম্ভ, পুং. [রভ+অ] বেণু, বাঁশী ; বানধ-বিশেষ ; মহিষাসুরের পিতা।

রম্ভা, স্ত্রী. [রম্ভ+আ] কদলী, কলা ; অপ্সরাবিশেষ, গৌরী, পার্ব্বতী ; গোধ্বনি ; বেশ্যা।

রম্ভাতৃতীয়া, স্ত্রী. [রম্ভ+তৃতীয়া] ব্রতবিশেষ কাল, রম্ভাব্রত।

রম্ভোরু, স্ত্রী. [রম্ভা+উরু] কদলীবৃক্ষেরন্যায় উরুযুক্তানারী।

রম্য, ন. [রম্‌+য] পটোলমুল ; প্রধানধাতু ; (পুং.) চম্পকবৃক্ষ ; বকবৃক্ষ ; (ত্রি.)

রম্যক, ন. [রম্য+ক] বর্ষবিশেষ; পটোল-মূল। [বৃক্ষ।

রম্যপুষ্প. পুং. [রম্য + পুষ্প] শাল্মলি-

রম্যফল. পুং. [রম্য+ফল] কারস্কর বৃক্ষ।

রম্যা, স্ত্রী; [রম্+য-আ] রাত্রি, রজনী; স্থলপদ্মিনী; মনোজ্ঞা, মনোহরা।

রম্র, পুং. [রম্+র] অরুণবর্ণ, রক্তবর্ণ শোভা।

রয়, পুং. [রয়+অ] বেগ; প্রবাহ।

ররাটী, স্ত্রী. [ররাট+ঈ] ললাট, কপাল।

রলা, (প্র.) ক্ষুদ্রশাখা, ছোটকেকড়ী।

রল্লক, পুং. [রল্ল+ক] কম্বল; পক্ষ্ম, চক্ষুর পাতা; মৃগবিশেষ।

রশনা, স্ত্রী. [রশ+অন-আ] জিহ্বা, রসজ্ঞা; কাঞ্চী, স্ত্রীলোকের কটিভূষণ, চন্দ্রহার, গোটপ্রভৃতি।

রশুন, (প্রা) মূলবিশেষ, লশুন; গাজোর।

রশ্মি, পুং. [রশ্+মি] কিরণ, প্রভা, তদৈ-দিকপর্য্যায়।- খেদয়া, কিরণা, গাব, রশ্ময়, অভীশব, দীধিতয়ঃ, গভস্তয়, বন, উস্র, বসবঃ, মরীচিপাঃ, ময়ুখা, সপ্তঋষয়া, সাধ্যা, সুপর্ণ; পক্ষ্ম, চক্ষুরপাতা; অশ্ব-রজ্জু, লাগাম, রজ্জু, দড়ি।

রশ্মিপতি, পুং. [রশ্মি+পতি] আদিত্য পত্রক্ষুপ।

রস, ন. [রস্+অ] বোল; (পুং.) রস-নেন্দ্রিয় গ্রাহ্যবস্তু, আস্বাদ, তৎষট্প্রকা-রোযথা।—মধুর, অম্ল, লবণ, কটু, তিক্ত, কষায়; শরীরস্থ ধাতুবিশেষ, তৎ-পর্য্যায়।—রসিকা, স্বেদমাত, বপুঃস্রব, চর্ম্মাম্ভ, চর্ম্মসার, অন্নমাতৃকা, আহার-সম্ভব, তেজঃসম্ভব, অগ্নিসম্ভব, ষড্রসাসব. আত্রেয়, অসৃক্কর, ধাতুষন, মূলমহাপর; শৃঙ্গারাদি দশবিধ স্থায়ীভাব, যথা।—শৃঙ্গার, বীর, করুণ, অদ্ভুত, হাস্য, ভয়া-নক, বীভৎস, রৌদ্র, শান্ত; কাব্যশাস্ত্রের সারভূত আস্বাদন, মনঃপ্রীতিবিশেষ; বিষ; বীর্য্য; গুণ; গন্ধরস; জল; পারদ; স্বুবর্ণ; শুক্রধাতু; অভিপ্রায়; ভোগা-

রসক, তুং. পুং. [রস্+ক] নিক্কাথ মাংস।

রসকরা (প্রা) মিষ্টান্নবিশেষ।

রসকর্পূর ন. [রস+কর্পূর] কর্পূররস, রসকা-পুর; পারদ, পারা।

রসকপূর (প্রা) কপূররস; পারা, পারদ।

রসকেশ্বর, ন. [রসক+ঈশ্বর] কর্পূর।

রসগন্ধ, পুং. [রস+গন্ধ] গন্ধক, গন্ধরস; (ন.) বোল।

রসগন্ধক, পুং. [রস+গন্ধক] গন্ধরস, গন্ধক।

রসগর্ভ, ন. [রস+গর্ভ] রসাঞ্জন; হিঙ্গুল।

রসঘ্ন, পুং. [রস+ঘ্ন] টঙ্কণ, টঙ্গণ, সো-হাগা; সরনাশক।

রসজ, ন. [রস+জন্-অ] রক্ত; (পুং.) গুড়; মদ্য, কীট। [বক, স্বাদগ্রাহী।

রসজ্ঞ, ত্রি. [রস+জ্ঞা-অ] রসিক, ভাবুক, ভা-

রসজ্ঞা, ত্রি. [রস+জ্ঞা] জিহ্বা, জিব, (ত্রি.) রসবেত্তা, রসিক।

রসজ্যেষ্ঠ, পুং. [রস + জ্যেষ্ঠ] মধুররস; শৃঙ্গাররস। [রুধির।

রসতেজঃ, ন. [রস+তেজস] রক্ত, শোণিত,

রসদালিকা, স্ত্রী. [রস+দালিকা] পুণ্ড্রকেক্ষু পুঁড়িআউক।

রসদ্রাবী, পুং. [রস+দ্রাবিন্] মধুরজম্বীর, কমলানেবু।

রসধাতু পুং. [রস+ধাতু] পারদ, পারা।

রসধেনু, স্ত্রী. [রস+ধেনু] দানার্থইক্ষুরস. নির্ম্মিত ধেনু।

রসন, ন. [রস্+অন] স্বাদন, রসগ্রহণ; ধ্বনি; (ন. স্ত্রী) জিহ্বা, জিব।

রসনা, স্ত্রী. [রসন+আ] জিহ্বা; রাস্না; গন্ধ-ভাদালিয়া; কাঞ্চী, মেখলা; রজ্জু, দড়ী।

রসনাথ, পুং. [রস+নাথ] পারদ, পারা।

রসনায়ক, পুং. [রস+নায়ক] শিব, মহাদেব।

রসনালিট্, পুং. [রসনা+লিহ] কুক্কুর; (ত্রি.) জিহ্বাদ্বারা আলেহনকর্ত্তা।

রসনেত্রিকা, স্ত্রী. [রস+নেত্রিকা] মনঃশিল, মনছাল।

রসনেন্দ্রিয়, ন. [রসনা+ইন্দ্রিয়] জিহ্বা, জিব। [খাঁড়।

রসপুষ্প, ন. [রস+পুষ্প] হিঙ্গুলবিশেষ।
রসফল, পুং. [রস+ফল] নারিকেলবৃক্ষ।
রসবতী, স্ত্রী. [রস+বৎ-ঈ] মহানস, রন্ধনাগার; (ত্রি.) রসবিশিষ্ট।
রসবতী টৌড়ী, (প্রা) রাগিনী বিশেষ।
রসবৎ, ত্রি. [রস+বৎ] রসাঞ্জন; রসবিশিষ্ট।
রসবাত, (পা) গ্রন্থিস্থিত বাতরোগবিশেষ।
রসবোধ, পুং. [রস+বোধ] আস্বাদবোধ, আস্বাদজ্ঞান।
রসভব, ন. [রস+ভব] রক্ত, শোণিত, রুধির। [পারদভস্ম।
রসভস্ম, ন. [রস+ভস্মন্] রীতিপুষ্প; চূর্ণ;
রসমঞ্জরী, স্ত্রী. [রস+মঞ্জরী] নায়কনায়িকাভেদক অলঙ্কারাঙ্গ গ্রন্থবিশেষ।
রসমর্দ্দন, ন. [রস+মর্দ্দন] পারদচূর্ণীকরণ, পারাচূর্ণ করা।
রসময়, ন. [রস+ময়] রসাত্মক, রসস্বরূপ।
রসময়, ত্রি. [রস+ময়] রসস্বরূপ, রসাত্মক।
রসমাণিক, পুং. [রস+মাণিক] উপধাতুবিশেষ; হরিতালপাকসম্ভব।
রসমারণ, ন. [রস+মারণ] পারদচূর্ণীকরণ।
রসমূর্চ্ছন, ন. [রস+মূর্চ্ছন] পারদ মূর্চ্ছাকরণ, পারদ চূর্ণীকরণ। [ঞ্জন।
রসরাজ, পুং. [রস+রাজ] পারদ, পারা; রসা-
রসলেহ, পুং. [রস+লেহ] পারদ, পারা।
রসশোধন, ন. [রস+শোধন] টঙ্কণ, সোহাগা; পারদশুদ্ধি, পারা শোধন।
রসসিদ্ধ, পুং. [রস+সিদ্ধ] রসায়ন বিদ্যাজ্ঞ, রসজ্ঞ। [শেষ।
রসসিদ্ধি, স্ত্রী. [রস+সিদ্ধি] রসজ্ঞ বিদ্যাবি-
রসসিন্দুর ন. [রস+সিন্দুর] ঔষধবিশেষ, সিন্দুর, রস; হিঙ্গুল।
রসস্থান, ন. [রস+স্থান] হিঙ্গুল; শরীর মধ্যস্থিত রসস্থান।
রসহীন, ত্রি. [রস+হীন] নীরস, শুষ্ক, রসজ্ঞানশূন্য; অরসজ্ঞ।
রসা, স্ত্রী. [রস+আ] পৃথিবী; রসনা, জিহ্বা; পাঠা; শল্লকী; কঙ্গু; দ্রাক্ষা; কাকোলী।
রসাখন, পুং. [রস+অখন] কুক্কুট, মুরগ, (ন.) ঔষধবিশেষ।

রসাগ্রজ, ন. [রস+অগ্রজ] রসাঞ্জন, রসজাত কজ্জল।
রসাঞ্জন, ন. [রস+অঞ্জন] রসজাত অঞ্জনবিশেষ, রসবৎ, তৎপর্য্যায়।—রসগর্ভ, তার্ক্ষ্যশৈল, রসোদ্ভূত, রসাগ্রজ, কৃতক, বালভৈষজ্য, দার্ব্বীকাথোদ্ভব, রসরাজ, বর্য্যাঞ্জন, রসনার্ভ, অগ্নিসার।
রসাঢ্য, পুং. [রস+আঢ্য] আম্রাতক, আমড়া।
রসাতল, ন. [রসা+তল] পাতাল, পৃথিবীর অধোভাগ; পাতালবিশেষ, যথা। অতল, বিতল, নিতল, তলাতল, মহাতল, সুতল, রসাতল।
রসাদান, ন. [রস+আদান] শোষণ; শুষ্ককরণ; ভূমিদান।
রসাধার, পুং. [রস+ আধার] সূর্য্য, দিবাকর; রসের আধার।
রসাধিক, পুং. [রস+অধিক] টঙ্কণ, সোহাগা: অধিকরস। [লীদ্রাক্ষা।
রসাধিকা, স্ত্রী. [রস+অধিক-আ] কাকো-
রসান, (প্রা) আর্দ্রকরণ, ভিজান, স্বর্ণাদিমার্জ্জন, উজ্জ্বলকরণ।
রসানি, (প্রা) নির্গতরস, ক্লেদ, পূয়।
রসাভাস, পুং. [রস+আভাস] অনৌচিত্যবিশিষ্ট রস।
রসাম্ল, ন. [রস+অম্ল] বৃক্ষাম্ল; চুক্র; (পুং.) অম্লবেতস।
রসায়ক, পুং. [রসায়+ক] তৃণবিশেষ।
রসায়ন, ন. [রস+অয়ন] কটি, মেখলা; তক্র, ঘোল; বিষ; জরাব্যাধিনাশক-ঔষধ; গরুড়; বিডঙ্গনামক ঔষধ।
রসায়নফলা, স্ত্রী. [রসায়ন+ফল-আ] হরীতকী। [পারা।
রসায়নশ্রেষ্ঠ, পুং. [রসায়ন+শ্রেষ্ঠ] পারদ,
রসায়নী, স্ত্রী. [রসায়ন+ঈ] গুড়ূচী; কাকমাচী; মহাকরঞ্জ; গোরক্ষদুগ্ধা; মাংসচ্ছদা।
রসাল, পুং. [রসা+ল] ইক্ষু, আউক; আম্র, পনস, কাঁটাল; কুন্দরতৃণ; গোধুম, গম; পুণ্ড্রকনাম ইক্ষু; (ন.) সিহ্লক; বোল।

রসালসা, স্ত্রী. [রস+অলস-আ] নাড়ী, ধমনী
রসালা, স্ত্রী. [রসা+ল-আ] রসনা, জিহ্বা; দূর্ব্বা, বিদারী; দ্রাক্ষা, কিসমিস; শিখরিণী, তৎপর্য্যায়।—মার্জ্জিতা।
রসালিহা, স্ত্রী. [রস+আলিহ-আ] শীর্ণনালা-ঢাকুলিয়া।
রসালী, স্ত্রী. [রসাল+ঈ] পুণ্ড্রকেক্ষু, পুঁড়ি আউক। লতা।
রসাশ্বাসা, স্ত্রী. [রস+আশ্বাস-আ] পলাশী
রসাস্বাদ, পুং. [রস+আস্বাদ] অখণ্ডবস্তুর অবলম্বনদ্বারা চিত্তবৃত্তির আনন্দের আস্বাদন; সমাধি আরম্ভ সময়ে সবিকল্প আনন্দ আস্বাদন।
রসাস্বাদী, পুং. [রস+আস্বাদিন্] ভ্রমর, অলি, ষট্‌পদ; (ত্রি.) রসাস্বাদবিশিষ্ট।
রসাহ্ব, পুং. [রস+আহ্ব] সরলদ্রব, ধুনা; শালগাছ।
রসিক, পুং. [রস+ইক] সারসপক্ষী; তুরঙ্গ, ঘোটক; হস্তী; (ত্রি.) সরস; রসজ্ঞ, রসবেত্তা।
রসিকতা, স্ত্রী. [রসিক+ত-আ] সরসতা, আনন্দ; চতুরতা, ঠাট্টা।
রসিকা, স্ত্রী. [রস+ইক-আ] রসালা; ইক্ষুরস; কাঞ্চী, চন্দ্রহার; রসনা, জিহ্বা; রসজ্ঞাস্ত্রী।
রসিকেশ্বর, পুং. [রসিকা+ঈশ্বর] শ্রীকৃষ্ণ, বিষ্ণু; রসিকশ্রেষ্ঠ।
রসিত, ন. [রস+ইত] মেঘনির্ঘোষ, মেঘধ্বনি; রুত, শব্দিত; (ত্রি.) স্বর্ণাদিতে খচিত; মণ্ডিত, ভূষিত; বায়ু।
রসী, (প্রা) রজ্জু, দড়ী; রসযুক্ত।
রসুই (প্রা) রন্ধন, পাককরণ অন্নাদিপচন।
রসুইয়া (প্রা) পাচক, রন্ধনকারক।
রসুন, পুং. [রস+উন] লশুন, রোস্‌না।
রসেন্দ্র, পুং. [রস+ইন্দ্র] পারদ, পারা।
রসোত্তম, পুং. [রস+উত্তম] মুদ্গ, মুগ; শ্রেষ্ঠরস। [রসজাত।
রসোদ্ভব, ন. [রস+উদ্ভব] হিঙ্গুল; (ত্রি.)
রসোন, পুং. [রস+ঊন] রসুন, লসুন, রোস্‌না।
রসোনক, পুং. [রসোন+ক] রসুন, তৎপর্য্যায়।—লসুন, উগ্রগন্ধ, মহৌষধ, অরিষ্ট, ম্লেচ্ছকন্দ, পবনেষ্ট।
রসোপল, ন. [রস+উপল] মৌক্তিক, মুক্তা।
রস্ন, ন. [রস+ন] দ্রব্য, বস্তু, সামগ্রী।
রস্য, ন. [রস+য] রক্ত, শোণিত, রুধির।
রস্যা, স্ত্রী. [রস+য-আ] রাস্না, লতাবিশেষ; পাঠা; রসবিশিষ্টা।
রংহঃ, ন. [রংহ+অস্] বেগ, তৎপর্য্যায়।—তর, রয়, স্যদ, যব, রংহ, যবন।
রহঃ, ন. [রহ+অস্] নির্জ্জন, বিরল, তৎপর্য্যায়।—বিবিক্ত, বিজন, ছন্ন, নিঃশলাক, রহ, উপাংশু; তত্ত্ব; রতি; গুহ্য, (বা.) বিজন।
রহন, (প্রা) নিবস্তুহওন, তিষ্ঠন, থাকন।
রহস, পুং. [রহ+অস] সমুদ্র, সাগর; স্বর্গ।
রহস্য, ত্রি. [রহস্+য] গোপনীয়, নিগূঢ়, গুপ্তবিষয়।
রহস্যজ্ঞ, ত্রি. [রহস্য+জ্ঞ] মর্ম্মজ্ঞ, যথার্থবিৎ।
রহস্যা, স্ত্রী. [রহস্য+আ] নদীবিশেষ; রাস্না, লতাবিশেষ; পাঠা।
রহিত, ত্রি. [রহ+ইত] বর্জ্জিত, ত্যক্ত, নিবৃত্ত।
রক্ষঃ, ন. [রক্ষ+অস্] রাক্ষস, নিশাচর।
রক্ষঃসভ, ন. [রক্ষস্+সভ] রাক্ষসসমূহ।
রক্ষক ত্রি. [রক্ষ+অক] রক্ষাকর্ত্তা ত্রাণকারক।
রক্ষণ, ন. [রক্ষ+অন] রক্ষা, ত্রাণ।
রক্ষণারক, পুং. [রক্ষণা+আরক] মূত্রকৃচ্ছ্ররোগ, রক্ষণীরক।
রক্ষণি, স্ত্রী. [রক্ষ+নি] ত্রায়মানালতা।
রক্ষণীয়, ত্রি. [রক্ষ+অনীয়] পালনীয়, রক্ষণোপযুক্ত।
রক্ষণীরক, পুং. [রক্ষ+নীরক] মূত্রকৃচ্ছ্ররোগ। [রাক্ষস।
রক্ষস, পুং. [রক্ষ+অস] হিংস্রজাতিবিশেষ,
রক্ষা, স্ত্রী. [রক্ষ+অ-আ] জতু, জউ; রক্ষণ পালন, পরিত্রাণ; ভস্ম, ছাই।
রক্ষাধিকৃত, পুং. [রক্ষা+অধিকৃত] বিচারকর্ত্তা।

রক্ষাপেক্ষক, পুং. [রক্ষা+অপ+ঈক্ষ-ক] দ্বাররক্ষক, মহলরক্ষক; নাট্যকার।
রক্ষাপত্র, পুং. [রক্ষা+পত্র] ভূর্জবৃক্ষ; (ন.) ভূর্জত্বক্‌, ভোজপাত।
রক্ষিকা, স্ত্রী; [রক্ষ+ইক-আ] রক্ষা, ত্রাণ।
রক্ষিত, ত্রি. [রক্ষ+ইত]রক্ষাকৃত,তৎপর্য্যায়। ত্রাত, ত্রাণ, অবিত, গোপায়িত, গুপ্ত।
রক্ষিতা, পুং. [রক্ষ+তৃ] রক্ষাকর্ত্তা, ত্রাণ কারক, প্রতিপালক।
রক্ষিবর্গ, পুং. [রক্ষি+বর্গ]রাজাঙ্গ রক্ষকগণ রাজারশরীররক্ষকগণ, তৎপর্য্যায়।— অনীকস্থ।
রক্ষোঘ্ন, ন. [রক্ষস্‌+ঘ্ন] কাঞ্জিক, কাঁজী; হিঙ্গু, হিং; (পুং.) ভল্লাতকবৃক্ষ; শ্বেত-সর্ষপ।
রক্ষোঘ্নী, স্ত্রী. [রক্ষস্‌+ঘ্ন-ঈ] বচা, বচ।
রক্ষোজননী, স্ত্রী. [রক্ষস্‌+জননী] রাত্রি রজনী; রাক্ষসমাতা।
রক্ষোহা, পুং. [রক্ষস্‌+হন্‌] গুগ্‌গুলু, গন্ধ-দ্রব্যবিশেষ, গুগ্‌গুল।
রক্ষণ, পুং. [রক্ষ+অন্‌] ত্রাণ, রক্ষণ,পালন।
রা, স্ত্রী. [রৈ+আ] বিভ্রম, বিস্মৃতি; দান; কাঞ্চন, সোণা; (পুং.) ধন; স্বর্ণ, শব্দ
রাই, (প্রা) শ্বেতসর্ষপ,শাদাসর্ষা; রাজিকা।
রাইসর্ষিয়া (প্রা) শ্বেতসর্ষপ শাদাসর্ষা।
রাউটি, (প্রা) তাম্বু, বস্ত্রগৃহ।
রাং, (প্রা) ধাতুবিশেষ, ত্রপু, রাঙ্গ,।
রাংচিতা, (প্রা) রক্তচিত্রকবৃক্ষ।
রাংঝালি, (প্রা) রাঙ্গদ্বারা তৈজসাদির ছিদ্ররোধকরণ, রাঙ্গের পাইন দেওয়া।
রাংতা, (প্রা) রঙ্গনির্ম্মিত পাতলাপত্র।
রাঁড় (প্রা) বিধবা, পতিহীনা, রণ্ডা; বেশ্যা।
রাঁড়া, (প্রা) অফলবৃক্ষ, ফলহীনগাছ।
রাঁধন (প্রা) রন্ধন, পাককরণ, রসুইকরণ
রাঁধুনী (প্রা) পাক, রন্ধনের মসলাবিশেষ।
রাকা, স্ত্রী. [রা+ক-আ] নদীবিশেষ; কচ্ছু-রোগ, খুলী; নূতন ঋতুমতীস্ত্রী; পূর্ণ-চন্দ্র তিথি, পূর্ণিমা।
রাকাড়ন, (প্রা) প্রত্যুত্তর দেওন, বাক্য-প্রয়োগকরণ।

রাখন, (প্রা) রক্ষণ, স্থাপনকরণ।
রাখনি, (প্রা) রক্ষণাদির বেতন; রাখালের মাহিনা।
রাখান, (প্রা) রক্ষণকরাণ, স্থাপনকরাণ।
রাখাল, (প্রা) গোরক্ষক, গোপাল; অশ্বাদির পালক।
রাখালকল, (প্র.) ফলবিশেষ।
রাখালিকরণ, (প্রা) গবাদিপালনকরা, গোর-ক্ষকের কর্ম্মকরা।
রাখিপূর্ণিমা, (প্রা) শ্রাবণি পূর্ণিমা।
রাগ, পুং. [রন্‌জ+অ] মাৎসর্য্য; ক্রোধ; লোহিতাদিবর্ণ, যথা।—রক্ত, শুক্ল,পীত, ধূম্র, কৃষ্ণ; ক্লেশাদি, অনুরাগ; গান্ধা-রাদি; নৃপ; চন্দ্র; সূর্য্য; লক্ষাদি; রতি-মন্দিট; প্রীতি; গানশাস্ত্রীয় ...গ,যথা।— ভৈরব, কৌশিক, হি...াল, দী...., শ্রীরাগ, মে...; ইচ্ছা; বিষয়েচ্ছা।
রাগচূর্ণ, পুং. [রাগ+চূর্ণ] কামদেব, খদির বৃক্ষ; ফল্গুচূর্ণ, ফাগ; ল...রস।
রাগচ্ছন্ন, পুং. [রাগ+আচ্ছন্ন] কামদেব; (ত্রি.) রাগদ্বারা আচ্ছন্ন ক্রুদ্ধ।
রাগন, (প্রা) ক্রোধকরণ, রুষ্টহওন
রাগত (প্রা) রাগান্বি..., রাগী, কোপান্বিত, রুষ্ট।
রাগদ, পুং. [রাগ+দা+-অ] ভৈরবী ক্ষুপ; (ত্রি.) রাগদাতা। [রিকলাই।
রাগদালী, স্ত্রী. [রাগ+দালী] মসুর, মসু-
রাগপুষ্প, ন. [রাগ+পুষ্প] বন্ধুকপুষ্প; রক্তাম্লানবৃক্ষ। [পুষ্প।
রাগপুষ্পী, স্ত্রী. [রাগ+পুষ্প-ঈ] জবা-
রাগপ্রসব, ন. [রাগ+প্রসব] পুষ্পবিশেষ, বন্ধুকপুষ্প, রক্তাম্লানবৃক্ষ; রাগোৎ-পন্ন। [পতি।
রাগবৃন্ত, পুং. [রাগ+বৃন্ত] কামদেব, রতি-
রাগযুক্‌, পুং. [রাগ+যুজ্‌] মাণিক্য রাগদৃক্‌, মাণিক।
রাগরজ্জু, পুং. [রাগ+রজ্জু] কামদেব, মদন।
রাগরহিত, ত্রি. [রাগ+রহিত] ক্রোধশূন্য; অনুরাগরহিত। [রুদ্ধি।
রাগলতা, স্ত্রী. [রাগ+লতা] কামদেব পত্নী,

রাগষাড়ব, পুং. [রাগ+ষাড়ব] দাড়িমত্রা-ক্ষাযুক্ত; মুদ্গযূষ। [সূত্র।

রাগসূত্র, [রাগ+সূত্র] তুলাসূত্র; পট-

রাগান, (প্রা) ক্রোধকরাণ, খেপান, কোপ-জন্মান

রাগাঙ্গী, স্ত্রী. [রাগ+অঙ্গ-ঈ] মঞ্জিষ্ঠালতা।

রাগাচ্যা, স্ত্রী. [রাগ+আচ্য-আ] ম[illegible] লতা।

রাগান্ধ, ত্রি. [রাগ+অন্ধ] বাসনামুগ্ধ; অতিশয় কোপযুক্ত. রাগান্বিত।

রাগান্বিত, ত্রি. [রাগ+অন্বিত] বাসনাযুক্ত; কোপিত, ক্রোধযুক্ত, ক্রুদ্ধ; রঞ্জিত

[illegible]গারু, ত্রি. [রাগ+আরু] আশাদিয়া দান হইতে বিমুখকরণ।

[illegible]র্হ, ত্রি. [রাগ+অর্হ] আশাদিয়া [illegible]ন-হইতে বিমুখ, [illegible] দাননাদেওয়া।

[illegible]াল, (প্রা) [illegible]ত, কে[illegible]যুক্ত, রাগান্বিত, ক্রুদ্ধ।

[illegible]শনি, পুং. [রাগ[illegible]+অনি] বুদ্ধদেব।

[illegible] [illegible]] বাসনাযুক্ত; (প্রা) ক্রোধান্বি[illegible]যুক্ত, ক্রুদ্ধ।

[illegible]ী, স্ত্রী. [illegible]ইন-ঈ] বিদগ্ধান।[illegible] [illegible]কন্যা: জয়শ্রী নামে [illegible] [illegible]শেষ; অনুরাগবতী।

রাগী, ত্রি [illegible]+ইন্-ঈ] অনুরক্ত; কামুক; রাগযুক্ত; রঙ্‌ত্তা; তৃণধান্যবিশেষ, তৎপর্য্যায়।—লাঙ্গুল, বহুতরকণিশ, গুচ্ছকণিশ।

রাঘব, পুং. [রঘু+অ] রামচন্দ্র; মহামৎস্যবিশেষ; সমুদ্র, সাগর; (প্রা) অনিমন্ত্রণে আহারোপজীবিব্রাহ্মণ, রেয়ো।

রাঘবায়ণ, পুং. [রাঘব+অয়ন] রামায়ণ, গ্রন্থ।

রাঙ্কব, ত্রি. [রঙ্কু+অ] মৃগলোম জাত-বস্ত্রাদি, তৎপর্য্যায়।—মৃগরোমজ; ছাগ মেষাদিলোমজাত বস্ত্র, শাল, কম্বলাদি।

রাঙ্কল, পুং. [রঙ্ক+ল] বৃক্ষকণ্টক, গাছের কাঁটা

রাঙ্গঝাল, (প্রা) রাঙ্গদ্বারা তৈজসপাত্রাদির ছিদ্রাদিরোধকরণ, পাইন।

রাঙ্গরাটিয়া, (প্রা) ঈষৎ রক্তবর্ণ।

রাঙ্গণ, ন. [রঙ্গ+অন] পুষ্পবিশেষ, রঙ্গন্-ফুল

রাঙ্গতা, (প্রা) রাংধাতুরপাতলা পাত।

রাঙ্গা, (প্রা) রক্তবর্ণ, লালবর্ণ।

রাঙ্গান, (প্রা) চিত্রকরণ, ছোপান, রক্তবর্ণ-করণ।

রাঙ্গামুখ, (প্রা) রক্তাস্য, রক্তবর্ণমুখ; কোপ-বদন।

রাঙ্গামূলা, (প্রা) রক্তবর্ণমূলক; সুদৃশ্য-মুখ।

রাজ, (প্রা) ইষ্টক গৃহনির্ম্মাণকারক, স্থপতি, মিস্ত্রী।

রাজ, পুং. [রাজ্] রাজা, প্রভু, নৃপতি।

রাজক, ন. [রাজন্+ক] নৃপসমূহ; (পুং.) রাজা; (ত্রি.) দীপ্তিকারক; শাসনকর্ত্তা।

রাজকদম্ব, পুং. [রাজন্+কদম্ব] কদম্ব বিশেষ, অরুষ্কর, অগ্নিক; ভেলা।

রাজকন্যা, স্ত্রী. [রাজন্+কন্যা] কেবিকা-পুষ্প, ক্যাফুল; নৃপসুতা।

রাজকর, ন. [রাজন্+কর] রাজস্ব, রাজার খাজনা; রাজপ্রাপ্য।

রাজকর্ক্কটী, স্ত্রী. [রাজন+কর্ক্কটী] চীনা-কর্ক্কটী, চীনদেশের কাঁকুড়।

রাজকর্ম্ম, ন. [রাজন্+কর্ম্মন্] রাজকার্য্য, রাজার আদেশিত কর্ম্ম; রাজারকর্ত্তব্য-কর্ম্ম

রাজকশেরু, পুং. [রাজন্+কশেরু] ভদ্রমুস্তা।

রাজকার্য্য, ন. [রাজন্+কার্য্য] রাজারকর্ত্তব্য ব্যাপার, রাজকর্ম্ম।

রাজকিশোর, পুং. [রাজন্+কিশোর] রাজ-বালক, নৃপকুমার।

রাজকীয়, ত্রি. [রাজন্+ক-ঈয়] রাজসম্বন্ধীয়, নৃপসম্পর্কীয়।

রাজকুমার, পুং. [রাজন্+কুমার] রাজপুত্র নৃপতনয়।

রাজকুমারী, স্ত্রী. [রাজন্+কুমার-ঈ] রাজ-

রাজকুল, ন. [রাজন্+কুল] রাজবংশ, রাজপরিবার।

রাজকুষ্মাণ্ড, পুং. [রাজন্+কুষ্মাণ্ড] বার্ত্তাকী, বেগুণ।

রাজকোষাতকী, স্ত্রী. [রাজন্+কোষাতকী] ঝিঙ্গাকবিশেষ, (হিং.) ঘিয়াতোরই, তৎপর্য্যায় ।—হস্তিপর্ণিকা, পীতপুষ্পিকা, ধামার্গব, কেশফলা, মহাজালী, সপীতক।

রাজখর্জ্জূরী, স্ত্রী. [রাজন্+খর্জ্জূরী, পিণ্ডখর্জ্জূরিকা, পিণ্ডখাজুর, তৎপর্য্যায় ।— রাজপিণ্ডা, নৃপপ্রিয়া।

রাজগাঁড়, (গ্রা) উদরস্থ সেহাটক, পেটেরকোঁড়া।

রাজগামি, ত্রি. [রাজন্+গামি] রাজসম্বন্ধীয়; রাজারপ্রাপ্য।

রাজগিরি, পুং, [রাজন্+গিরি] শাকবিশেষ, তৎপর্য্যায়।—রাজাদ্রি, রাজশাকিনী, রাজশাকনিকা।

রাজগ্রীব, পুং. [রাজন্+গ্রীব] মৎস্যবিশেষ, ফলুইমাছ।

রাজঘ, ত্রি. [রাজন্+ঘ] তীক্ষ্ণ, প্রখর; রাজহন্তা।

রাজচক্রবর্ত্তী, পুং. [রাজন্+চক্রবর্ত্তিন্] সার্ব্বভৌম রাজা। [লিঙ্গ।

রাজচিহ্নক, ন. [রাজন্+চিহ্নক] উপস্থ,

রাজচ্ছত্র, ন. [রাজন্+ছত্র] রাজার রাজশ্রী চিহ্নরূপছত্র; রাজত্ব।

রাজজম্বু, স্ত্রী. [রাজন্+জম্বু] পিণ্ডখর্জ্জূর, পিণ্ডিখাজুর; মহাজম্বু।

রাজযক্ষ্মা, পুং. [রাজন্+যক্ষ্মন্] ক্ষয়রোগ বিশেষ; ক্ষয়কাশ।

রাজজ্ঞান, [রাজন্+জ্ঞান] রাজধর্ম্ম, দেশশাসন বিদ্যা।

রাজজ্ঞানী, পুং. [রাজন্+জ্ঞানিন্] রাজধর্ম্মবেত্তা, দেশশাসনবিদ্যায় নিপুণ।

রাজটীকা, (গ্রা) রাজতিলক।

রাজটুপি, (গ্রা) রাজমুকুট।

রাজত, ত্রি. [রজত+অ] রজতনির্ম্মিত, রৌপ্যময়।

রাজতরু, পুং. [রাজন্+তরু] কর্ণিকারবৃক্ষ, গুলঞ্চগাছ; আরগ্বধবৃক্ষ, সোঁদালিগাছ।

রাজতরুণী, স্ত্রী. [রাজন্+তরুণী] পুষ্পবিশেষ, তৎপর্য্যায় ।—মহাসহা, বর্ণপুষ্প, অম্লান, অম্লাতক, সুপুষ্প, সুবর্ণপুষ্প।

রাজতা, স্ত্রী. [রাজন্+ত-আ] রাজত্ব, নৃপপাদ; রাজসমূহ।

রাজতাল, পুং. [রাজন্+তাল] গুবাকবৃক্ষ, সুপারীগাছ।

রাজতিনিষ, পুং. [রাজন্+তিনিষ] সুখাশ।

রাজত্ব, ন. [রাজন্+ত্ব] রাজতা, রাজপদ, রাজ্য।

রাজদণ্ড, পুং. [রাজন্+দণ্ড] রাজশাসন, বিচারদ্বারা অপরাধির দমন।

রাজদন্ত, পুং. [রাজন+দন্ত] দন্তের রাজা, উপরিশ্রেণীস্থ মধ্যবর্ত্তি দন্তদ্বয়।

রাজদরবার, (যাব) রাজসভা, রাজস্থান।

রাজদেশীয়, পুং. [রাজন্+দেশীয়] রাজদেশ্য রাজকল্প, রাজতুল্য।

রাজদেশ্য, পুং, [রাজন্+দেশ্য] রাজকল্প, রাজতুল্য, নৃপতিসদৃশ

রাজদ্রোহ, পুং. [রাজন্+দ্রোহ] রাজার অনিষ্টচেষ্টা, নৃপতিরমন্দবাঞ্ছা।

রাজদ্রোহী, পুং. [রাজন্+দ্রোহিন] রাজার অহিতাকাঙ্ক্ষী, নৃপতির অনিষ্ট ইচ্ছুক।

রাজদ্বার, ন. [রাজন্+দ্বার] রাজসভা, রজার বিচার স্থান।

রাজধত্তূরক, পুং. [রাজন্+ধত্তূরক] বৃহদ্ধত্তূরক, বড়ধুতুরাফুল।

রাজধর্ম্ম, পুং. [রাজন্+ধর্ম্ম] রাজারদিগের কর্ত্তব্য কর্ম্ম, নৃপতির উচিত কার্য্য; রাজনীতি, রাজব্যবহার।

রাজধর্ম্মবেত্তা, পুং. [রাজন্+ধর্ম্ম+বেতৃ] রাজধর্ম্মজ্ঞ।

রাজধানক, ন. [রাজন্+ধানক] রাজপুর, রাজধানী, ভূপতির বাসস্থান।

রাজধানী, স্ত্রী. [রাজন্+ধান-ঈ] রাজপুর রাজধানিকা, ভূপতির বাসস্থান, তৎপর্য্যায় ।—কোট, রাজধানক, স্কন্ধাবার

রাজধান্য, ন. [রাজন+ধান্য] শ্যামাক, শ্যামাধান।

রাজধুস্তুরক, পুং. [রাজন্ + ধুস্তুরক] বৃহৎ-ধুস্তুর, বড়ধুতুরা, তৎপর্য্যায়।—রাজধূর্ত্ত, মহাশঠ, নিস্ত্রৈণপুষ্পক, ভ্রান্ত, রাজ-স্বর্ণ।

রাজনামা, পুং; [রাজন্+নামন্] পটোল।

রাজনীতি, স্ত্রী. [রাজন্+নীতি] রাজনিয়ম, রাজার কর্ত্তব্যকর্ম্ম।

রাজনীল, ন. [রাজন্+নীল] রত্নবিশেষ, মরকতমণি, নীলকান্তমণি।

রাজন্য, পুং. [রাজন্+য] ক্ষত্রিয়; রাজপুত্র; অগ্নি; ক্ষীরিকাবৃক্ষ।

রাজন্যক, ন. [রাজন্য+ক] ক্ষত্রিয়সমূহ।

রাজন্বান্, ত্রি. [রাজন্+বৎ] সুরাজযুক্ত, দেশ; প্রজাপালনাদিস্বধর্ম্মপরায়ণ রাজ-যুক্ত দেশ।

রাজপটোল, পুং. [রাজন+পটোল] পটোল, বৃহৎপটোল।

রাজপটোলী, স্ত্রী. [রাজন্+পটোল-ঈ] মধুরপটোলী, সুমিষ্ট পটোল।

রাজপট্ট, পুং. [রাজন্+পট্ট] মণিবিশেষ, তৎপর্য্যায়।—বিরাটজ; রাজার সিংহাসন

রাজপট্টিকা, স্ত্রী. [রাজন্+পট্টিকা] চাতক-পক্ষী। [রাণী।

রাজপত্নী, স্ত্রী, [রাজন্+পত্নী] রাজমহিষী,

রাজপথ, পুং. [রাজন্+পথ] রাজমার্গ, রাজারপথ। [লতা।

রাজপর্ণী, স্ত্রী. [রাজন্+পর্ণ-ই] প্রসারিণী

রাজপলাণ্ডু, পুং. [রাজন্+পলাণ্ডু] রক্তবর্ণ-পলাণ্ডু, লালপাঁজ, তৎপর্য্যায়।—যবনেষ্ট, নৃপাহ্বয়, রাজপ্রিয় মহামূল, দীর্ঘপত্র, রোক, নৃপেষ্ট, নৃপকন্দ, মহাকন্দ, নৃপপ্রিয়, রক্তকন্দ, রাজেষ্ট

রাজপাট. (গ্রা) রাজসিংহাসন, রাজাসন।

রাজপীলু, পুং. [রাজন্+পীলু] মহাপীলু-বৃক্ষ

রাজপুত্র, পুং. [রাজন্+পুত্র] বুধগ্রহ; মহারাজচুত; বর্ণসঙ্করজাতিবিশেষ, রাজপুত; রাজনন্দন, তৎপর্য্যায়।—যুবরাজ কুমার, ভর্ত্তৃদারক।

রাজপুত্রিকা, স্ত্রী. [রাজন্+পুত্রিকা] শরারি পক্ষী, শরালীপাখী; রাজকন্যা।

রাজপুত্রী, স্ত্রী.[রাজন্+পুত্র-ঈ] কটুতুম্বী, তিতলাউ; রেণুকা; জাতী; রাজরীতি; ছুছুন্দরী, ছুঁচা; মালতী; রাজকন্যা।

রাজপুর, ন. [রাজন্+পুর] ভূপতির বাসস্থান, রাজবাটী।

রাজপুরী, স্ত্রী. [রাজন্+পুর-ঈ] রাজধানী, নৃপতির বাসস্থান।

রাজপুষ্প, পুং. [রাজন্+পুষ্প] নাগকেশর, পুষ্পবৃক্ষ।

রাজপুষ্পী, স্ত্রী. [রাজন+পুষ্প-ঈ] করুণী বৃক্ষ।

রাজপ্রিয়া, স্ত্রী. [রাজন্+প্রিয়-আ] করুণী-বৃক্ষ; রাজমহিষী, রাণী।

রাজফণিজ্ঝক, পুং. [রাজন্+ফণিজ্ঝক] নাগরঙ্গবৃক্ষ।

রাজফল, ন. [রাজন্+ফল] পটোল।

রাজফলা, স্ত্রী. [রাজন্+ফল-আ] জম্বু, জাম।

রাজবংশী, পুং. [রাজন্+বংশিন্] বর্ণসঙ্কর-নীচ জাতিবিশেষ, জেলে; কোঁচ

রাজবংশ্য, ত্রি. [রাজন্+বংশ] রাজবংশোদ্ভব, নৃপকুলজাত, তৎপর্য্যায়।—রাজবীজী।

রাজবদর, ন. [রাজন+বদর] রক্তামলক, লবণ; (পুং.) উত্তমকোলী, নারিকেলিকুল, তৎপর্য্যায়।—নৃপশ্রেষ্ঠ, নৃপবদর, রাজবল্লভ, পৃথুকোল, তনুবীজ, মধুর ফল, রাজকোল।

রাজবর্ত্ম, ন.[রাজন্+বর্ত্মন্] রাজপথ, প্রশস্ত রাস্তা, তৎপর্য্যায়।—ঘণ্টাপথ, সংসরণ, শ্রীপথ, উপনিষ্ক্রমণ, উপনিষ্কর, মহা-পথ।

রাজবলা, স্ত্রী. [রাজন্+বল-আ] ভদ্রবলা, গন্ধভাদালিয়া লতা।

রাজবল্লভ, পুং. [রাজন্+বল্লভ] রাজাদনী; রাজাম্র; রাজবদর; নারায়ণদাস কবি-

রাজ কৃত দ্রব্যগুণ নিরূপিত গ্রন্থবিশেষ; (ত্রি.) নৃপপ্রিয়।

রাজবল্লী, স্ত্রী. [রাজন্+বল্লী] তোয়বল্লী; উচ্ছাফল। [শন।

রাজবসতি, স্ত্রী. [রাজন্+বসতি] রাজসিংহা-

রাজবাটী, (প্রা) রাজগৃহ, নৃপালয়, রাজপুরী।

রাজবাড়ী, (প্রা) রাজগৃহ, নৃপালয়, রাজপুরী।

রাজবান্, ত্রি. [রাজন্+বৎ] রাজমাত্রযুক্ত দেশ।

রাজবাহ, পুং. [রাজন্+বাহ] ঘোটক, অশ্ব, ঘোড়া; নৃপঘোটক, রাজঘোড়া।

রাজবাহ্য, পুং [রাজ+বাহ্য] রাজবাহক হস্তী; তৎপর্য্যায়।—বিজয় কুঞ্জর; (ত্রি.) রাজবহনীয়।

রাজবীজী, ত্রি. [রাজন্+বীজিন্] রাজবংশ্য, রাজবংশোদ্ভব।

রাজবৃত্ত, ন. [রাজন্+বৃত্ত] রাজারচরিত্র, ন্যায়পূর্ব্বক অর্থের উপার্জ্জন ও বৃদ্ধি-রক্ষা এবং সৎপাত্রে দান।

রাজবৃক্ষ, পুং. [রাজন্+বৃক্ষ] আরগ্বধবৃক্ষ, সোঁদালিগাছ; পিয়ালবৃক্ষ, পিয়াশাল-গাছ; লঙ্কাস্থায়ীবৃক্ষ, লঙ্কাসিজ্।

রাজব্যাপার, পুং. [রাজন্+ব্যাপার] ভূপ-তির ব্যবহার, নৃপাচরণ।

রাজভট, পুং. [রাজন্+ভট] রাজকীয়সেনা, নৃপসৈনা।

রাজভটিকা, স্ত্রী. [রাজন্+ভটিকা] হাপুত্রী পক্ষী, হাপুতপাখী।

রাজভদ্রক, পুং. [রাজন্+ভদ্রক] কুষ্ঠ, কুড়; নিম্ব, নিম; পারিভদ্রক, পারুলগাছ

রাজভাক্, ত্রি. [রাজন্+ভাজ্] রাজসম্বন্ধীয়

রাজভূয়, ন. [রাজন্+ভূয়] রাজত্ব, নৃপত্ব।

রাজভৃত্য, পুং. [রাজন্+ভৃত্য] রাজসেবক, রাজসভাস্থ তোষামদকারী।

রাজভোগ্য, ন. [রাজন্+ভোগ্য] জাতীকোষ; (পুং.) প্রিয়ালবৃক্ষ, পিয়াশাল গাছ।

রাজমণ্ডল, ত্রি. [রাজন্+মণ্ডল] দ্বাদশরাজা, যথা।—অরিমিত্র, অরিরমিত্র, মিত্রের মিত্র, অরিমিত্রেরমিত্র, বিজিগীষুর পুরঃ-সর, এই পাঁচ, এবং পার্ষ্ণিগ্রাহ, আক্রন্দ-পার্ষ্ণিগ্রাহাসার, আক্রন্দাসার, বিজি-গীষুর পশ্চাদ্বর্ত্তী, এইচারি ও বিজিগীষু; মধ্যম, ও উদাসীন এই সমুদয়ে দ্বাদশ।

রাজমণ্ডূক, পুং. [রাজন্+মণ্ডূক] বৃহদ্ভেক, বড়বেঙ্গ, তৎপর্য্যায়।—মহামণ্ডূক, পীতাঙ্গ, পীতমণ্ডূক, বর্ষাঘোষ, মহারব।

রাজমল্ল, পুং. [রাজন্+মল্ল] রাজারমল্ল, রাজার মাল, তৎপর্য্যায়।—উৎসিক্ত, উদ্ধত।

রাজমহিষী, স্ত্রী. [রাজন্+মহিষী] রাজপত্নী, রাজরাণী।

রাজমার্গ, পুং. [রাজন্+মার্গ] রাজপথ, অতি প্রশস্তরাস্তা।

রাজমাষ, পুং. [রাজন্+মাষ] বর্ব্বট, বরবটী কলাই, তৎপর্য্যায়।—নীলমাষ, নৃপমাষ, নৃপোচিত।

রাজমুদ্গ, পুং. [রাজন্+মুদ্গ] মুকুষ্টক।

রাজযক্ষ্মা, পুং. [রাজন্+যক্ষ্মন্] ক্ষয়রোগ, যক্ষ্মারোগ, ক্ষয়কাশ।

রাজযুধ্বা, পুং. [রাজ+যুধ্বন্] রাজবৈরী, রাজশত্রু।

রাজযোগ্য, ত্রি. [রাজন্+যোগ্য] রাজার্হ, নৃপোচিত, রাজার উপযুক্ত।

রাজরঙ্গ, ন. [রাজন্+রঙ্গ] রজত, রৌপ্য, রূপা।

রাজরাজ, পুং. [রাজন্+রাজ] কুবের, ধনা-ধিপ; সার্ব্বভৌম, সম্রাট; সুধাকর, চন্দ্র।

রাজরাণী, (প্রা) রাজমহিষী, নৃপপত্নী।

রাজরীতি, স্ত্রী. [রাজন্+রীতি] পিত্তল-বিশেষ, তৎপর্য্যায়।—পাকতুণ্ডী, রাজ-পুত্রী, মহেশ্বরী, ব্রহ্মাণী, ব্রহ্মারীতি, কপিলা, পিঙ্গলা।

রাজর্ষি, পুং. [রাজন্+ঋষি] ঋতপর্ণাদি রাজা, রাজা অথচ ঋষি, উত্তমক্ষত্রিয়

রাজলক্ষণ, পুং. [রাজন্+লক্ষণ] রাজচিহ্ন।

রাজলক্ষ্মা, পুং. [রাজন্+লক্ষ্মন্] যুধিষ্ঠির, ধর্ম্মপুত্র।

রাজলক্ষ্মী, স্ত্রী. [রাজন্+লক্ষ্মী] রাজশ্রী, রাজার সম্পত্তি

রাজশণ, পুং. [রাজন্+শণ] পট্ট, পাট্।

রাজশফর, পুং. [রাজন্+শফর] ইলিশ-মৎস্য, ইলিশ মাছ।

রাজশয্যা, স্ত্রী. [রাজন্+শয্যা] রাজার শয়নীয় উত্তম শয্যা, তৎপর্য্যায়।—মহাশয্যা। [শাক।

রাজশাক, পুং. [রাজন্+শাক] বাস্তুক,বেতো,

রাজশুক, পুং, [রাজন্+শুক] পক্ষিবিশেষ, নৃপপালিত শুকপাখী, (স্ত্রি:) রাজশুকা, তৎপর্য্যায়।—প্রাজ্ঞ, শতপত্র, নৃপপ্রিয়।

রাজশৃঙ্গ, ন. [রাজন্+শৃঙ্গ] রাজচ্ছত্র, রাজার ছাতী, তৎপর্য্যায়।—কণকদণ্ডক;(পুং.) মদ্গুর মৎস্য, মাগুরমাছ।

রাজশ্রী, স্ত্রী. [রাজন্+শ্রী] রাজলক্ষ্মী, রাজসম্পদ।

রাজস, ত্রি. [রজস্+অ] রজোগুণোদ্ভব; রজোগুণ প্রধান।

রাজসদন, ন. [রাজন্+সদন] রাজগৃহ,'রাজবাটী, তৎপর্য্যায়।—সৌধ, ভূপালভবন, সুধাময়।

রাজসভা, স্ত্রী. [রাজন্+সভা] নৃপতিসমাজ, রাজার সভা।

রাজসর্প, পুং. [রাজন্+সর্প] সর্পবিশেষ, রাজসাপ, তৎপর্য্যায়।—ভুজঙ্গভোজী।

রাজসর্ষপ, পুং. [রাজন্+ সর্ষপ] সর্ষপবিশেষ, রাজসর্ষা,রাইসর্ষা, তৎপর্য্যায়।—কৃষ্ণিকা, রাজিকা, সুরী, মুষ্ঠক, বাষ্টক, ক্ষব, ক্ষুতাভিজনন, ক্ষুধাভিজনন, কৃষ্ণা, তীক্ষ্ণফলা, রাজী, কৃষ্ণসর্ষপাখ্যা।

রাজসাযুজ্য, ন. [রাজন্+সাযুজ্য] রাজত্ব, ভূপতিত্ব।

রাজসিংহ, পুং.]রাজন্+সিংহ] শ্রেষ্ঠরাজ, রাজার রাজা।

রাজসারস, পুং. [রাজন্+সারস] ময়ূর,শিখী, কলাপী। [সম্বৰ্দ্ধিনী।

রাজসী, স্ত্রী. [রজস্+অ-ঈ] দুর্গা; রজোগুণ

রাজসূয়, পুং. [রাজন্+সূয়] রাজার কর্ত্তব্য যজ্ঞবিশেষ, তৎপর্য্যায়।—নৃপাধ্বর, ক্রতুরাজ, ক্রতূত্তম। [সম্বন্ধীয়।

[illegible]

রাজসেবক, পুং. [রাজন্+সেবক] রাজভৃত্য।

রাজস্কন্ধ, পুং. [রাজন্+স্কন্ধ] ঘোটক, অশ্ব, ঘোড়া।

রাজস্ব, পুং. [রাজন্+স্ব] রাজধন, রাজকর, রাজার খাজানা।

রাজস্বর্ণ, পুং. [রাজন্+স্বর্ণ] রাজধুস্তুরক, কণকধুতুরা।

রাজহংস, পুং. [রাজ+হংস] রক্তবর্ণ চঞ্চু ও চরণবিশিষ্ট শুক্লবর্ণ হংস, রাজহাঁস; কদম্ব; কলহংস; নৃপোত্তম।

রাজহংসী, স্ত্রী. [রাজন্+হংস-ঈ] কলহংসী, রাজহংসপত্নী।

রাজহর্ষণ, ন. [রাজন্+হর্ষণ] তগরপুষ্প, টগরফুল; মহানগরী, সত্বর।

রাজহস্তী, পুং. [রাজন্+ হস্তিন্] রাজগজ, রাজারহাতী, তৎপর্য্যায়।—মারীচ, যাজকগজ, মদোৎকট।

রাজহাঁস (প্রা) রাজহংস, রক্তবর্ণ চঞ্চু ও চরণযুক্ত শুক্লবর্ণ হংস।

রাজহাসক, পুং. [রাজন্+হাসক] মৎস্যবিশেষ, কাতলামাছ, তৎপর্য্যায়।—কাতর, কাতল, রাজীব।

রাজক্ষবক, পুং. [রাজন্+ক্ষবক] সর্ষপ,সর্ষা।

রাজা, পুং. [রাজ্+অন] প্রভু,স্বামী; ক্ষত্রিয়; চন্দ্র; যক্ষ; ইন্দ্র; নৃপতি, তৎপর্য্যায়।—অবনীপতি, অবনীনাথ, অবনীপাল, অবনীশ, অবনীশ্বর, অধিপ, অধিপতি, অর্থপতি, ইন, ইরাবান, ছত্রপ, ছত্রপতি, জগতীভুক্, জগতীপতি, জগতীপাল, জগৎপতি, দণ্ডধর, নরপতি, নরেশ, নরেশ্বর, নরাধিপ, নরেন্দ্র, নায়কাধিপ, নরদেব, নাভি, নারাট্, নৃপ, পার্থ, পার্থিব, পৃথিবীপতি, পৃথিবীপাল, পৃথ্বীপাল, পৃথিবীক্ষিৎ, পৃথিবীশক, প্রভু, প্রজেশ্বর, প্রজাপ, প্রজাপতি, বসুধাধিপ, ভগবান, ভর্ত্তা, ভূপ, ভূপতি, ভূপাল, ভূমিপ, ভূমিপতি, ভূস্বামী, ভূমিভৃৎ, ভূভুক্, ভূমীন্দ্র, মহীপতি, মহীপ, মহীপাল, মহীক্ষিৎ, মহীভুক্, মহীভর্ত্তা, রাজ্যভাক্, রাট্, লোকপাল

লোকেশ, লোকেশ্বর, লোকনাথ, স্কন্দ, স্কন্ধ, স্বামী, ক্ষিতিপ, ক্ষিতিপতি, ক্ষিতি পাল, ক্ষিতিভুৎ, ক্ষিতীশ, ক্ষিতীশ্বর, ক্ষ্মাপ, ক্ষ্মাভৃৎ; পদের অন্তস্থিত হইলে শ্রেষ্ঠার্থ বুঝায়।

রাজাজ্ঞা, স্ত্রী. [রাজন্+আজ্ঞা] রাজার অনুমতি, রাজার আদেশ।

রাজাজ্ঞাবর্ত্তী, ত্রি. [রাজন্+আজ্ঞাবর্ত্তিন্] রাজার বশীভূত, নৃপানুগত।

রাজাতন, ন. [রাজন্+আ+তন] পিয়ালবৃক্ষ, পিয়াশালগাছ।

রাজাদন, ন. [রাজন্+অদন] ক্ষীরিকা, ক্ষিরাই; পিয়াল, পিয়াশালগাছ; কিংশুকবৃক্ষ।

রাজাদনী, স্ত্রী. [রাজন্+অদন-ঈ] বৃক্ষবিশেষ, ক্ষীরণী, তৎপর্য্যায়।—রাজফল, ক্ষীরবৃক্ষ, নৃপদ্রুম, নিম্ববীজ, মধুফল, কপীষ্ট, মাধবোদ্ভব, ক্ষীরী, গুচ্ছফল, ভূঃপষ্ট, রাজবল্লভ, শ্রীফল, দৃঢ়স্কন্ধ, ক্ষীরশুক্ল।

রাজাধিরাজ, পুং. [রাজ+অধিরাজ] সম্রাট, মণ্ডলেশ্বর প্রধান রাজা।

রাজানুজীবী, ত্রি. [রাজন্+অনুজীবিন্] রাজোপজীবী, রাজকর্ম্মকারক।

রাজান্ন, ন. [রাজন+অন্ন] অন্ধ্রদেশোদ্ভব শালিবিশেষ, তৎপর্য্যায়।—নৃপান্ন, রাজার্হ, দীর্ঘশূকক, ধান্য শ্রেষ্ঠ, রাজধান্য; রাজেষ্ট, দীর্ঘকুরক

রাজাবর্ত্ত, পুং. [রাজন্+আবর্ত্ত] উপরত্ন বিশেষ, (হিং) রেউটী, তৎপর্য্যায়।—নৃপাবর্ত্ত, রাজাত্যাবর্ত্তক, আবর্ত্তমণি, আবর্ত্ত।

রাজাবলি, স্ত্রী. [রাজন্+আবলি] নৃপসমূহ: রাজশ্রেণী; কাব্যগ্রন্থবিশেষ।

রাজাম্র, পুং. [রাজন্+আম্র] আম্রবিশেষ, মধুরবিশেষ, তৎপর্য্যায়।—রাজফল, স্মরাম্র, কোকিলোৎসব, মধুর, কোকিলানন্দ, কামেষ্ট, নৃপবল্লভ।

রাজাম্ল, পুং. [রাজন্+অম্ল] অম্লবেতসবৃক্ষ।

রাজার্ক, পুং. [রাজন্+অর্ক] শ্বেতার্কবৃক্ষ, সাদাআকন্দগাছ, তৎপর্য্যায়।—বসুক, অর্ক, মন্দার, গণরূপক, কাষ্ঠীল, সদাপুষ্প, অলর্ক, প্রতাপস।

রাজার্হ, ন. [রাজন্+অর্হ] অগুরুচন্দন; (ত্রি) রাজযোগ্য।

রাজার্হা, স্ত্রী. [রাজন্+অর্হ-আ] জম্বু, জাম।

রাজালাবু, স্ত্রী. [রাজন্+অলাবু] স্বাদুতুম্বী, মিঠালাউ, তৎপর্য্যায়।—মহাতুম্বী, মধুরালাবুনী, শাকালাবু, তুম্বক, ভক্ষ্যালাবু, অলাবুনী, মিষ্টতুম্বী।

রাজালুক, পুং. [রাজন্+আলুক] মহাকন্দ।

রাজাহি, পুং. [রাজন্+অহি] দ্বিমুখসর্প, দুইমুখা সাপ, তৎপর্য্যায়।—দ্বিমুখাহি, বিলাবাসী, বিষায়ুধ, অহীরণি।

রাজি, স্ত্রী. [রাজ+ই] শ্রেণী, আবলি, পংক্তি; রেখা।

রাজিকা, স্ত্রী. [রাজ+ইক-আ] কেদার, ক্ষেত; রাজসর্ষপ, রাইসর্ষা; রেখা; শ্রেণী, পংক্তি; কৃষ্ণসর্ষপ, কালসর্ষা, তৎপর্য্যায়।—ক্ষব, ক্ষুধাভিজনন, কৃঞ্চিকা, আসুরী, ক্ষুতাভিজনন, অসুরী, রক্তবর্ণ সর্ষপ, রাই, তৎপর্য্যায়।—রাজী, আসুরী, রক্তিকা, রক্তসর্ষপ, তীক্ষ্ণগন্ধা মধুলিকা, ক্ষবক, ক্ষুতক, ক্ষব।

রাজিকাফল, পুং. [রাজিকা+ফল] গৌরসর্ষপ, শ্বেতসর্ষপ।

রাজিফলা, স্ত্রী. [রাজি+ফল-আ] চীনাকর্কটী, চীন দেশের কাঁকুড়।

রাজিল, পুং. [রাজি+ল] ডুণ্ডুভ সর্প, ঢোঁড়া সাপ, জলব্যাল।

রাজী, স্ত্রী. [রাজ+অ-ঈ] নিশ্ছিদ্র পংক্তি, পরিষ্কার পাইত; রাজিকা, রক্তবর্ণসর্ষপ। [পরবল।

রাজীফল, পুং [রাজী+ফল] পটোল, (হিং)

রাজীব, ন. [রাজী+ব] পদ্ম; (পুং) হরিণ বিশেষ; বৃহন্মীন বিশেষ; হস্তী; সারস পক্ষী; (ত্রি.) রাজার উপজীবী।

রাজীবলোচন, ন. [রাজীব+লোচন] পদ্মলোচন, কমলসদৃশ লোচন।

রাজেন্দ্র, পুং. [রাজন্+ইন্দ্র] মণ্ডলেশ্বর হইতে দশগুণে শ্রেষ্ঠরাজা।

রাজোদ্বেজনসংজ্ঞক, পুং [রাজন্+উদ্বেজন সংজ্ঞক] ভূতাঙ্কুশবৃক্ষ

রাজ্ঞী, স্ত্রী. [রাজন্+ঈ] রাজপত্নী, রাণী; সূর্য্যপত্নী; কাংস্য, কাঁসা; নীলী, নীলগাছ।

রাজ্য, ন. [রাজন্+য] রাজত্ব, রাজার ঐশ্বর্য্যাদি; তৎপর্য্যায়।—নীবৃৎ, মণ্ডল, জনপদ, দেশ, প্রদেশ, বিষয়, রাষ্ট্র, উপবর্ত্তন; অঙ্গ বঙ্গ কলিঙ্গ পঞ্চাল মগধ কোশলাদি গ্রামসমূহ; রাজকার্য্য।

রাজ্যাক্তা, স্ত্রী. [রাজী+অক্ত-আ] দধিলবণ মিশ্রিত সূক্ষ্ম অলাবু খণ্ডাদি, রায়তা।

রাজ্যচ্যুত, ত্রি. [রাজ্য+চ্যুত] রাজ্যভ্রষ্ট

রাজ্যনীতি, স্ত্রী. [রাজ্য+নীতি] রাজ্যের নিয়ম, রাজ্যের কর্ত্তব্য কর্ম্ম।

রাজ্যভঙ্গ, পুং. [রাজ্য+ভঙ্গ] রাজ্যভ্রষ্ট, রাজ্যনষ্ট

রাজ্যভাক্, পুং. [রাজ্য+ভাজ্] রাজা।

রাজ্যভ্রংশ-ভ্রষ্ট, পুং. [রাজ্য+ভ্রংশ-ভ্রষ্ট] রাজ্যচ্যুতি, রাজ্যভঙ্গ।

রাজ্যাঙ্গ ন. [রাজ্য+অঙ্গ] রাজ্যেরউপায়, রাজ্যের আবশ্যক অঙ্গ, তৎপর্য্যায়।—প্রকৃতি,তদষ্টবিধ যথা।—স্বামী,অমাত্য, সুহৃৎ, কোষ, রাষ্ট্র, দুর্গ, বল, পুরস্থিত লোক শ্রেণী।

রাজ্যাধিপতি. পুং. [রাজ্য+অধিপতি] রাজা, ভূপতি, ভূপাল।

রাজ্যাভিষেক, পুং. [রাজ্য+অভিষেক] রাজ্য পদে নিয়োগ।

রাজ্যেশ্বর, পুং. [রাজ্য+ঈশ্বর] দেশাধিপতি রাজ্যের কর্ত্তা।

রাটি, স্ত্রী. [রট+ই] যুদ্ধ, রণ; (পুং) শরারিপক্ষী, শরালপাখী। [পাখী।

রাড়ি, স্ত্রী. [রহ্+তি] শরারীপক্ষী, শরাল-

রাঢ়, পুং [রহ্+ত] স্বনামখ্যাত দেশবিশেষ, গঙ্গার পশ্চিম তীরস্থ জনপদ।

রাঢ়ক, পুং. [রাঢ়+ক] স্বনামখ্যাত দেশ,

রাঢ়া, স্ত্রী. [রাঢ়+আ] সুন্দর; শোভা; পুরীবিশেষ।

রাঢ়ী, ত্রি. [রাঢ়+ঈ] রাঢ়ীয়, রাঢ়দেশোদ্ভব, রাঢ়দেশোৎপন্ন।

রাঢ়ীয়, ত্রি. [রাঢ়+ঈয়] রাঢ়দেশোদ্ভব, রাঢ় দেশোৎপন্ন।

রাণ, ন. [রাণ+অ] পত্র, পাতা; ময়ূরপুচ্ছ।

রাণা, (প্রা) পুষ্করিণ্যাদির সোপানবিশেষ, সোপানের পার্শ্ববর্ত্তি স্থান।

রাণী, (প্রা) রাজমহিষী, রাজ্ঞী।

রাতারাতি (প্রা) রাত্রি কালে, রাত্রিরমধ্যে, রাত্রি থাকিতেং

রাতি, (প্রা) রজনী, যামিনী, নিশা। হীন।

রাতিকাণা (প্রা) রাত্র্যন্ধ, রাত্রিকালে দৃষ্টি-

রাত্র, ন. [রৈ+ত্র] জ্ঞান, বোধ।

রাত্রক, ন. [রাত্র+ক] পঞ্চরাত্র; (পুং.) একবর্ষপর্য্যন্ত বেশ্যার গৃহবাসী।

রাত্রি, স্ত্রী. [রা+ত্রি] হরিদ্রা; হলুদ; সূর্য্যাস্তের পর অরুণোদয়াবধি কাল, রাতি, তৎপর্য্যায়।—শর্ব্বরী, নিশা, নিশীথিনী, ত্রিযামা, ক্ষণদা, ক্ষপা, বিভাবরী, তমস্বিনী, রজনী, যামিনী, তমী, শ্যামা, ঘোরা, যাম্যা, ভুঙ্গী, নক্ত, দোষা, বাসতেয়ী, তমা, ক্ষমা, শতাক্ষী, ক্ষণিনী, নিশিথা, চক্রভেদিনী, শার্ব্বরী, শয্যা, বাসুরা, নিষদ্বরী, বসতি, বায়ুরোষা,নিশীথ,নিট্, যামবতী, তারাভূষা, জ্যোতিষ্মতী, তারকিনী, কালী, কলাপিনী; তন্নামানি যথা।—শ্যাবী, ক্ষপা, সর্ব্বরী, অক্তু, উর্ম্যা, রাম্যা,যম্যা, নম্যা, দোষা, নক্ত, তমঃ, রজঃ, অসিক্নী, পয়স্বতী, তমস্বতী, ঘৃতাচী, শিরিণা, মোকী, শোকী, উধ, পয়ঃ, হিমা, বস্বী, তমা উপনামানি যথা।—বিভাবরী, সুনরী, ভাস্বতী, ওদতী, চিত্রা, মঘা, অর্জুনী, বাজিনী, বাজিনীবতী, সুম্নাবরী, আহনা, দ্যোতনাশ্বিত্যা, অরুষী, সুনৃতা, সুনৃতাবতী, সুনৃতাবরী।

রাত্রিকর, পুং. [রাত্রি+কর] চন্দ্র, নিশাকর

রাত্রিচর, পুং. [রাত্রি+চর] রাক্ষস; চৌর; (ত্রি.) রাত্রিতে গমনকর্ত্তা

রাত্রিচরী, স্ত্রী. [রাত্রি+চর-ঈ] রাক্ষসী, নিশাচরী; রাত্রিতে গমন কারিণী স্ত্রী।

রাত্রিজ, ত্রি. [রাত্রি+জ] রাত্রিসম্বন্ধীয়; (ন.) নক্ষত্র।

রাত্রিজল, ন. [রাত্রি+জল] কুজ্ঝটিকা, কুয়াসা হিম, শিশির।

রাত্রিজাগর, পুং. [রাত্রি+জাগর] কুক্কুর, কুকুর, (ত্রি.) রাত্রিতে জাগরণকর্ত্তা।

রাত্রিজাগরদ, পুং. [রাত্রি+জাগরদ] মশক, মোশা।

রাত্রিঞ্চর, পুং. স্ত্রী. [রাত্রিং+চর] রাক্ষস, নিশাচর; (ত্রি.) রাত্রিগতে মনকর্ত্তা।

রাত্রিঞ্চরী, স্ত্রী. [রাত্রিং+চর-ঈ] রাক্ষসী. নিশাচরী; রাত্রিতে গমনকারিণী স্ত্রী

রাত্রিপুষ্প, ন. [রাত্রি+পুষ্প] উৎপল, কহ্লার, হেলা।

রাত্রিবাসঃ, ন. [রাত্রি+বাসস্] অন্ধকার, তমঃ; রাত্রিতে শয়নার্থ পরিধেয়বস্ত্র।

রাত্রিবিগম, পুং. [রাত্রি+বিগম] প্রভাত, প্রত্যূষ, প্রাতঃকাল।

রাত্রিবিশ্লেষগামী, পুং [রাত্রি+বিশ্লেষ-গামিন্] চক্রবাকপক্ষী।

রাত্রিবেদ, পুং. [রাত্রি+বেদ] কুক্কুট, কুকড়া, মোরগ।

রাত্রিবেদী, পুং. [রাত্রি+বেদিন্] কুক্কুট, কুকুড়া, মোরগ।

রাত্রিমট, পুং. [রাত্রি+মট] রাক্ষস, নিশাচর (ত্রি.) রাত্রিতে গমনকর্ত্তা।

রাত্রিমণি, পুং. [রাত্রি+মণি] চন্দ্র, নিশাকর।

রাত্রিযোগ, পুং. [রাত্রি+যোগ] নিশাকাল, রজনীসময়।

রাত্রিহাস, পুং. [রাত্রি+হাস] শ্বেতোৎপল, কুমুদ।

রাত্রিহিণ্ডক, পুং. [রাত্রি+হিণ্ডক] অন্তঃপুর-রক্ষক, প্রহরী।

রাত্রী, স্ত্রী. [রাত্রি+ঈ] নিশা, রজনী, রাতি।

রাত্র্যট, পুং. [রাত্রি+অট] রাক্ষস, নিশাচর

রাত্র্যন্ধ, ত্রি. [রাত্রি+অন্ধ] রাত্রিতে দৃষ্টি-বিহীন পক্ষী, যথা। কাক, শুক বক, পিক ইত্যাদি।

রাদ্ধ, ত্রি, [রাধ্+ত] পক্ব; সিদ্ধ।

রাদ্ধান্ত, পুং. [রাদ্ধ+অন্ত] সিদ্ধান্ত, মীমাংসা।

রাধ, পুং. [রাধ+অ] বৈশাখমাস; (স্ত্রী.) নক্ষত্রবিশেষ, শ্রীকৃষ্ণ প্রেয়সী, গোপী-বিশেষ। [তোষ।

রাধন, ন. [রাধ+অন] সাধন, প্রাপ্তি,

রাধনা, স্ত্রী. [রাধ+অন-আ] ভাষণ, কথন।

রাধরঙ্ক, পুং. [রাধ+রঙ্ক] লাঙ্গল; ঘনবৃষ্টি; বর্ষোপল।

রাধা, স্ত্রী. [রাধ+অ-আ] ধনুর্দ্ধারিদিগের চিত্রবিশেষ; গোপীবিশেষ, শ্রীরাধা; বিশাখানক্ষত্র; আমলকী; বিষ্ণুক্রান্তা; বিদ্যুৎ।

রাধাকান্ত, পুং. [রাধা+কান্ত] শ্রীকৃষ্ণ, রাধানাথ, রাধাবল্লভ।

রাধাতনয়, পুং. [রাধা+তনয়] মহাবিষ্ণু; কর্ণ, পাণ্ডুপত্নী কুন্তীর প্রথমপুত্র, রাধার পালিতপুত্র।

রাধাবল্লভ, পুং. [রাধা+বল্লভ] শ্রীকৃষ্ণ, রাধানাথ।

রাধাবেধী, পুং. [রাধা+বেধিন] অর্জ্জুন, গুড়াকেশ, তৃতীয়পাণ্ডব।

রাধাভেদী, পুং. [রাধা+ভেদিন্] অর্জ্জুন, তৃতীয়পাণ্ডব।

রাধাসুত, পুং. [রাধা+সুত] মহাবিরাট; কর্ণ, কুন্তীরগর্ব্ভে সূর্য্যহইতে জাত, রাধাপুত্র।

রাধিকা, স্ত্রী. [রাধ+ইক-আ] বৃকভানুসুতা, শ্রীকৃষ্ণের প্রেয়সী।

রাধেয়, পুং. [রাধা+এয়] কর্ণ, রাধারপালিত পুত্র, কুন্তীর গর্ব্ভে সূর্য্যহইতে জাত।

রান্না, (প্রা.) অন্নাদি পাককরণ।

রান্নাঘর, (প্রা) রন্ধনগৃহ, পাকশালা।

রাপ্য, ত্রি. [রাপ্+য] কথনীয়, বক্তব্য।

রাফজী, (বাং) মুসলমান জাতিবিশেষ।

রাব, পুং. [রু+অ] শব্দ, রব, ধ্বনি।

রাবণ, পুং. [রু+অন] লঙ্কাধিপতি, তৎ-

কন্ধর, দশকণ্ঠ, নিকষাত্মজ, রাক্ষসেন্দ্র, লঙ্কেশ্বর, পংক্তিগ্রীব, দশানন, লঙ্কাপতি, দশাস্য।

রাবণগঙ্গা, স্ত্রী. [রাবণ+গঙ্গা] সিংহলদেশস্থ নদীবিশেষ।

রাবণারি, পুং. [রাবণ+অরি] শ্রীরাম, দশরথ তনয়।

রাবণি, পুং. [রাবণ+ই] রাবণের জ্যেষ্ঠপুত্র, ইন্দ্রজিৎ।

রাম, ন. [রম্+অ] বাস্তুকশাক; কুষ্ঠ, কুড়; তমালপত্র; (ত্রি.) মনোজ্ঞ; সিত; অসিত, কাল; (পুং.) পরশুরাম, ত্রেতাযুগের আদিতে বিষ্ণুর অংশ হইতে জমদগ্নি মুনির ঔরসে জাত, অবতারবিশেষ; রাঘব, দশরথ তনয়; বলদেব, বলরাম, অনন্তদেব। [কলা।

রামকদলী, স্ত্রী. [রাম+কদলী] রামরম্ভা, রাম-

রামকরী, স্ত্রী. [রাম+করী] রাগিণীবিশেষ, রামকলী রাগিণী।

রামকর্পূরক, পুং. [রাম+কর্পূরক] স্বনামখ্যাত তৃণ

রামকলী, স্ত্রী. [রাম+কল-ঈ] রাগিণীবিশেষ, রামকরী রাগিণী।

রামকুঁড়া, (প্রা) কুটীর, ক্ষুদ্রগৃহ, ঝুপড়ী।

রামকেলী, (প্রা) রাগিণীবিশেষ, রামকরী রাগিণী। [বিশেষ।

রামখড়ী, (প্রা) খড়িবিশেষ, কঠিনী; মৃত্তিকা

রামগিরি, পুং. [রাম+গিরি] পর্ব্বতবিশেষ, চিত্রকুট পর্ব্বত।

রামচন্দ্র, পুং. [রাম+চন্দ্র] শ্রীরাম, দাশরথি, জানকীনাথ।

রামছর্দ্দনক-রামাছর্দ্দনক, পুং. [রাম+ছর্দ্দনক] মদনবৃক্ষ, ময়নাগাছ;

রামছাগল, (প্রা) ছাগলবিশেষ, বৃহৎছাগল।

রামজননী, স্ত্রী. [রাম+জননী] বলদেবের মাতা, রোহিণী; রামের মাতা, কৌশল্যা; রেণুকা।

রামঠ, ন. [রমঠ+অ] হিঙ্গু, হিং; (পুং.) অঙ্কোঠবৃক্ষ, আকড়গাছ। [হিং।

রামঠী, স্ত্রী. [রামঠ+ঈ] নাড়ীহিঙ্গু, নাড়ি

রামণ, পুং. [রাম+অন] গিরিনিম্ব, পর্ব্বতস্থ নিমগাছ; তিন্দুকবৃক্ষ।

রামণীয়ক, ত্রি. [রমণ+ঈয়ক] রমণীয়, মনোজ্ঞ, শোভা, রমণীয়ত্ব।

রামতরুণী, স্ত্রী. [রাম+তরুণী] তরুণীপুষ্প, সেউতীফুল।

রামতুলসী, স্ত্রী. [রাম+তুলসী] তুলসীবিশেষ, রামদূতী।

রামদূত, পুং. [রাম+দূত] হনুমান্, পবননন্দন।

রামদূতী, স্ত্রী. [রাম+দূতী] তুলসীবিশেষ, রামতুলসী, তৎপর্য্যায়।—পর্ব্বপুষ্পী, বিশল্যা, নাগদন্তিকা, কাণ্ডলী, সূক্ষ্মপর্ণী, ভরণ্যাহ্বা, ফণিজ্ঝকা।

রামধনুক, (প্রা) শক্রধনুঃ, ইন্দ্রায়ুধ, মেঘাচ্ছন্ন প্রযুক্ত সূর্য্যরশ্মি।

রামনবমী, স্ত্রী. [রাম+নবমী] চৈত্রমাসের শুক্লানবমী, শ্রীরামের জন্মতিথি।

রামপূগ, পুং. [রাম+পূগ] গুবাকবিশেষ, রামগুপারী, তৎপর্য্যায়।—কমীন, মুনিপূগ, সুরেবট।

রামবল্লভ, ন. [রাম+বল্লভ] ত্বচ, ছাল; (ত্রি.) রামপ্রিয়, রামের মিত্র।

রামবাণ, পুং. [রাম+বাণ] ঔষধবিশেষ; রামচন্দ্রের শর।

রামবীণা, স্ত্রী. [রাম+বীণা] বীণাবিশেষ।

রামভদ্র, পুং. [রাম+ভদ্র] শ্রীরাম, দশরথ পুত্র। [কলা।

রামরম্ভা, স্ত্রী. [রাম+রম্ভা] রামকদলী, রাম-

রামরম্ভোরু, ত্রি. [রাম+রম্ভা-উরু] রামরম্ভা সদৃশ উরুযুক্তস্ত্রী

রামলবণ, ন. [রাম+লবণ] শাম্ভরিলবণ, তৎপর্য্যায়।—রোমক, পাশ্চাত্যাকরসম্ভব।

রামশর, পুং. [রাম+শর] শরবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—রামকাণ্ড, রামবাণ, রামেষু, অপর্ব্বদণ্ড, দীর্ঘ, নৃপপ্রিয়; শ্রীরামের ধনুঃ।

রামশিলা, স্ত্রী. [রাম+শিলা] তীর্থবিশেষ।

রামশীতলা, স্ত্রী. [রাম+শীতলা] আরাম শীতলা।

রামসখ, পুং. [রাম+সখ] সুগ্রীব, বালি-রাজার কনিষ্ঠ ভ্রাতা; বিভীষণ; গুহক।

রামসেনক, পুং. [রাম+সেনক] ভূনিম্ব, চিরতা; কট্‌ফল।

রামা, স্ত্রী. [রম্‌+অ-আ] উৎকৃষ্টা স্ত্রীবিশেষ; গীত সমূহাদিদ্বারা মনোরমকারিণীস্ত্রী; যোষা, নারী; হিঙ্গু; হিং; নদী; হিঙ্গুল; শ্বেতকণ্টকারী; গৃহকন্যা; আরাম শী-তলা; অশোকবৃক্ষ; গোরোচনা; বালা; গৈরিক, বিচিত্রধাতু।

রামাৎ, (প্রা) রামোপাশক, বৈরাগী, নাগা।

রামায়ণ, ন. [রাম+অয়ন] রামকর্ত্তৃক রাবণ বধ কাব্য, রামচরিত্র গ্রন্থমাত্র।

রামালিঙ্গনকাম, পুং. [রাম+আলিঙ্গন কাম] রক্তাম্লান।

রামাবক্ষজোপম, পুং. [রাম+আবক্ষজ-উপম] চক্রবাক পক্ষী।

রামিল, পুং. [রাম+ইল] রমণ; কামদেব, কন্দর্প, মদন।

রাম্ভ, পুং. [রম্ভা+অ] ব্রতস্থলে বংশনির্ম্মিত দণ্ড। [মত; ধন।

রায়, (প্রা) উপাধিবিশেষ; (যাং) অভিপ্রায়,

রায়ণ, ন. [রৈ+অন] পীড়া, রোগ, ব্যামোহ।

রায়বাঁশ, (প্রা) বংশনির্ম্মিত লগুড়বিশেষ, বাঁশেরলাঠী লৌহকলাযুক্ত

রয়াবাঁশিয়া, (প্রা) বংশনির্ম্মিত লগুড়ধারী।

রায়বাঘিনী, (প্রা) অত্যান্ত ব্যাপিকা স্ত্রী, অতিশয় প্রবলানারী; ঝাঁপানে সর্পক্রী-ড়কদিগের বিষঝাড়নী

রায়ভাটা, স্ত্রী. [রায়+ভাটা] নদীস্রোত বিশেষ, আওড়।

রাল, পুং. [রা+অল] শালবৃক্ষনির্যাস, ধুনা, তৎপর্য্যায়।—সর্জ্জরস, সাল, কনকলো-ভব, অগ্নব, শালনির্যাস, দেবেষ্ট, শীতল, বহুরূপ, শালরস, সর্জ্জনির্যাসক, সুরভি, সুরধূপ, যক্ষধূপ, অগ্নিবল্লভ, কল, কললজ। [সালগাছ।

রালকার্য্য, পুং. [রাল+কার্য্য] সালবৃক্ষ,

রাশি, পুং. [রশ্‌+ই] ধান্যাদি সমূহ, তৎ-সমাহার; জ্যোতিশ্চক্রের দ্বাদশাংশ; মেষাদি দ্বাদশরাশি।

রাশিগত, ত্রি. [রাশি+গত] সঞ্চিত, এক-ত্রিত।

রাশিচক্র, ন. [রাশি+চক্র] মেষাদি দ্বাদশ-রাশ্যাদিযুক্ত বৃত্ত, ভচক্র, জ্যোতিশ্চক্র।

রাশিনাম, ন. [রাশি+নামন্] জন্মরাশি ঘটিত নাম, গুপ্তনাম।

রাশিব্যবহার, পু. [রাশি+ব্যবহার] শস্য-রাশির পরিমাণ জ্ঞাপক অঙ্কবিশেষ।

রাশিভাগ, পুং. [রাশি+ভাগ] অঙ্কেরভ-গ্নাংশ।

রাশিভাগানুবন্ধ, পুং. [রাশি+ভাগ+অনু বন্ধ] অঙ্কের ভগ্নাংশ সংযোগ।

রাশিভাগাপবাহ, পুং. [রাশি+ভাগ+অপ-বাহ] অঙ্কের ভগ্নাংশ ব্যবকলন।

রাশিভোগ, ন. [রাশি+ভোগ] সূর্য্যাদিগ্রহের একং রাশিতে নিয়মিত কালে অবস্থান।

রাশীকৃত, ত্রি. [রাশি+কৃত] বহুল, পুঞ্জীকৃত, স্তূপাকার। [ছল, পুঞ্জ।

রাশীভূত, ত্রি. [রাশি+ভূত] স্তূপাকার, ব-

রাষ্ট্র, পুং. ন. [রাজ্‌+ত্র] বিষয়; রাজ্য উপদ্রব, মরকাদি।

রাষ্ট্রনিবাসী, পুং. [রাষ্ট্র+নিবাসিন্] জান-পদ, দেশবাসী, রাজ্যবাসী।

রাষ্ট্রভঙ্গ, পুং. ন. [রাষ্ট্র+ভঙ্গ] দেশোপদ্রব, দেশব্যাপক উৎপাত।

রাষ্ট্রিকা, স্ত্রী. [রাষ্ট্র+ইক-আ] কন্টকারিকা, কণ্টিকারী

রাষ্ট্রিয়, পুং. [রাষ্ট্র+ইয়] নাট্যোক্তিতে রাজ শ্যালক।

রাষ্ট্রীয়, পুং. [রাষ্ট্র+ঈয়] নাট্যোক্তিতে রাজশ্যালক; (ত্রি.) রাষ্ট্রসম্বন্ধীয়।

রাস, পুং. [রস্‌+অ] কোলাহল, জনরব, ধ্বান, পথ; ভাষা, কথা; শৃঙ্খলক; বহুরমণীগোষ্ঠী; শ্রীকৃষ্ণের লীলাবিশেষ, গোপীদিগের কৃষ্ণের সহিত ক্রীড়া।

রাসন, ন. [রাসন+অ] রসেন্দ্রিয়জন্য জ্ঞান; (ত্রি.) জিহ্বাসম্বন্ধীয়।

রাসভধূসর, ত্রি. [রাসভ+ধূসর] পাংশুবর্ণ।
রাসভী, স্ত্রী. [রাস+ভ-ঈ] গর্দ্দভী, গাধী।
রাসভবন্দিনী, স্ত্রী. [রাসভ+বন্দিন্-ঈ] মল্লিকা, বেলফুল
রাসমঞ্চ, পুং. [রাস+মঞ্চ] শ্রীকৃষ্ণের রাসক্রীড়া স্থান।
রাসমণ্ডপ, পুং. [রাস+মণ্ডপ] শ্রীকৃষ্ণের রাস ক্রীড়াস্থল।
রাসমণ্ডল, ন. [রাস+মণ্ডল] শ্রীকৃষ্ণের রাসক্রীড়া স্থল।
রাসযাত্রা, স্ত্রী. [রাস+যাত্রা] কার্ত্তিকী পৌর্ণমাসী কর্ত্তব্য শ্রীকৃষ্ণের উৎসববিশেষ, শ্রীকৃষ্ণের রাসক্রীড়া।
রাসেরস, পুং. [রাসে+রস] গোষ্ঠী, সভা; রাস, শ্রীকৃষ্ণের লীলা; শৃঙ্গার; রসসিদ্ধি; রসাবাস; ষষ্ঠীজাগরক; উৎসব; পরিহাস।
রাসেশ্বরী, স্ত্রী. [রাস+ঈশ্বরী] শ্রীরাধা।
রাস্তা, (যাং) মার্গ, পন্থা, পথ।
রাস্না, স্ত্রী. [রস+ন-আ] স্বনামখ্যাত লতাবিশেষ; (হিং) রাসন্, তৎপর্য্যায়।—নাকুলী, সুরসা, সুগন্ধা, গন্ধনাকুলী, নকুলেষ্টা, ভুজঙ্গাক্ষী, ছত্রাকী, সুবহা, রস্যা, শ্রেয়সী, রসনা, রসা, সুগন্ধিমূলা, রসাঢ্যা, অতিরসা, দ্রোণগন্ধিকা, সর্পগন্ধা,

রাহা, (যাং) পথ, রাস্তা।
রাহাগির, (যাং) পথিক, পান্থ।
রাহাজানী, (যাং) ডাকাত, পথিক চৌর।
রাহু, পুং. [রহ্+উ] ত্যাগ; গ্রহবিশেষ, অষ্টমগ্রহ, সিংহিকারপুত্র, তৎপর্য্যায়।—তম, স্বর্ভানু, সৈংহিকেয়, বিধুন্তুদ, অভ্রপিশাচ, গ্রহকল্লোল, সৈংহিক, উপপ্লব, শীর্ষক, উপরাগ, সিংহিকাসূনু, কৃষ্ণবর্ণ, কবন্ধ, অগু, অসুর
রাহুগ্রস্ত, ত্রি. [রাহু+গ্রস্ত] চন্দ্র সূর্য্যের গ্রহণ। [গ্রহণ।
রাহুগ্রাহ, পুং. [রাহু+গ্রাহ] চন্দ্র সূর্য্যের
রাহুচক্র, ন. [রাহু+চক্র] রব্যাদি সপ্তর্ক্ষের মধ্যে সপ্তদিকে রাহুর গমন; (ত্রি.) রাক্ষস সম্বন্ধীয়।
রাহুচ্ছত্র, ন. [রাহু+ছত্র] আর্দ্রক, আদা।
রাহুদর্শন, ন. [রাহু+দর্শন] চক্ষুঃদ্বারা রাহুর জ্ঞান, চন্দ্রসূর্য্যের গ্রহণ দর্শন।
রাহুপীড়া, স্ত্রী. [রাহু+পীড়া] চন্দ্র সূর্য্যের গ্রহণ, উপরাগ
রাহুবৃহস্পতিযোগ, পুং. [রাহু+বৃহস্পতিযোগ] এক রাশিস্থিত গুরুরাহু, গুরুচাণ্ডালিযোগ। [য়ণ।
রাহুভেদী পুং. [রাহু+ভেদিন্] বিষ্ণু, নারা-
রাহুমূর্দ্ধভিৎ, পুং. [রাহু+মূর্দ্ধভিদ্] বিষ্ণু, নারায়ণ
রাহুরত্ন, ন. [রাহু+রত্ন] রত্নবিশেষ, গোমেদক রত্ন।
রাহুলসূ, পুং. [রাহু+লসূ] বুদ্ধ, বিষ্ণুর অবতার বিশেষ।
রাহুসংস্পর্শ, পুং. [রাহু+সংস্পর্শ] উপরাগ, চন্দ্রসূর্য্যের গ্রহণ।
রাহুহা, পুং. [রাহু+হন্] বিষ্ণু, নারায়ণ।
রাহূচ্ছিষ্ট, পুং. [রাহু+উচ্ছিষ্ট] লশুন, রশুন। [রশুন।
রাহূৎসৃষ্ট, পুং. [রাহু+উৎসৃষ্ট] লশুন,
রাক্ষস, পুং. [রক্ষস+অ] প্রাণিহিংসক, জাতিবিশেষ, তৎপর্য্যায়।—কৌণপ, ক্রব্যাৎ, ক্রব্যাদ, অস্রপ, আশর, রাত্রিঞ্চর, রাত্রিচর কর্ব্বূর, নিকষাত্মজ, যাতুধান, পুণ্যজন, নৈর্ঋত, যাতু, রক্ষঃ, সন্ধ্যাবল, ক্ষপাট, রজনীচর, কীলাপা, নৃচক্ষাঃ, নক্তঞ্চর, পলাশী, পলাশ, ভূত, নীলাম্বর, কল্মাষ, কটপ্রূ, অগির, কীলালপা, নরধিষ্ণণ; অষ্টপ্রকার বিবাহান্তর্গত, বিবাহবিশেষ।
রাক্ষসী, স্ত্রী. [রক্ষস্+ঈ] কৌণপী, রাক্ষসপত্নী; দংষ্ট্রা, বৃহদ্দন্তা; চণ্ডা, চোরনানাম গন্ধদ্রব্য; সায়াহ্নকাল।
রাক্ষসীবেলা, স্ত্রী. [রাক্ষসী+বেলা] সন্ধ্যারপ্রাক্কাল, গোধূলি।
রাক্ষসেন্দ্র, পুং. [রাক্ষস+ইন্দ্র] রাবণ, দশা-

রাক্ষা, স্ত্রী. [রক্ষ+আ] লাক্ষা, লা।
রিক, (প্রা) অন্তঃকরণ, মন; ব্যবস্থা।
রিক্ত, ন. [রিচ্‌+ত] শূন্য, হীন ; বন ; (ত্রি.) নির্ধন।
রিক্তক, ত্রি. [রিক্ত+ক] শূন্য, হীন, খালি।
রিক্তহস্ত, ত্রি. [রিক্ত+হস্ত] শূন্যহস্ত।
রিক্তা, স্ত্রী. [রিচ্‌+ত-আ] তিথিবিশেষ, যথা, চতুর্থী, নবমী, চতুর্দ্দশী।
রিকৃথ, ন. [রিচ্‌+থ] ধন, বিত্ত, ঐশ্বর্য্য, সম্পত্তি। [পতন।
রিকৃথন, ন. [রিকৃথ+অন] স্খলন, ক্ষরণ,
রিকৃথহারী ত্রি. [রিকৃথ+হারিন্‌] দায়াদ, ধনহারী, ধনহরণ কর্ত্তা, উত্তরাধিকারী।
রিকৃথী, ত্রি. [রিকৃথ+ইন্‌] ধনহারী, উত্তরাধিকারী; ধনী।
রিঙ্গণ, ন. [রিগ+অন] স্খলন, চ্যুতহওন; ধর্ম্মবিলঙ্ঘন; হামাগুঁড়িদিয়া।
রিজন, (প্রা) সন্তোরণ, পরিতোষ জন্মান।
রিঠা (প্রা) পট্টলোমজ বস্ত্রাদির ক্ষালন যোগ্য ফলবিশেষ; মৎস্যবিশেষ, ইঠামাছ।
রিম্নম, পুং. [রিষ+ম] কাম, কন্দর্প, মদন; বসন্ত।
রিপু, পুং. [রিপ্‌+উ] শত্রু, বিপক্ষ; চোরক নামে গন্ধদ্রব্য; লগ্নের অপেক্ষা হইতে ষষ্ঠলগ্ন, তৎপর্য্যায়।—ষট্‌কোণে, রিপুমন্দির। [বংশ
রিপুকুল, পুং. [রিপু+কুল] শত্রুসমূহ, বৈরি-
রিপুঘাতিনী, স্ত্রী. [রিপু+ঘাতিন্‌-ঈ] লতাবিশেষ, কুচুইলতা।
রিপ্‌ফ, ন. [রিপ্‌+ফ] লগ্নাপেক্ষাদ্বাদশরাশি।
রিপ্র, ত্রি. [রি+প্র] অধম, নীচ, জঘন্য।
রিপ্রবাহ, পুং. [রিপ্র+বাহ] ক্রব্যাদ নামক অগ্নি। [খদির
রিমেদ, পুং. [অরি+মেদ] অরিমেদ, বিট্‌-
রিরংসা, স্ত্রী. [রম্‌+স-আ] রমণেচ্ছা বিহারাভিলাষ।
রিরংসু, ত্রি. [রম্‌+স-উ] রমণেচ্ছু, ক্রীড়েচ্ছুক।
রিরী, স্ত্রী. [রি+র-ঈ] পিত্তল, পিতল; আব্য-ভেদক।

রিশ, (প্রা) হিংসা, দ্বেষ, ঈর্ষা।
রিশ্য, পুং. [রিশ্‌+য] মৃগ, হরিণ।
রিষি, পুং. [রিষ+ই] ঋষি, মুনি, তপস্বী।
রিষ্ট, ন. [রিষ্‌+ত] ক্ষেম, মঙ্গল, শুভ, কল্যাণ; অশুভ, অমঙ্গল; অভাব; নাশ; পাপ; (ত্রি.) পাপবিশিষ্ট, পাপী; (পুং) খড়্গ, অসি; ফেণিল, রক্তসজিনাবৃক্ষ।
রিষ্টক, পুং. [রিষ্ট+ক] রক্তশিগ্রু, লাল সজিনা।
রিষ্টি, পুং. [রিষ্‌+তি] খড়্গ, খাঁড়া; (স্ত্রী.) অশুভ, অমঙ্গল; অস্ত্রবিশেষ; সৌভাগ্য।
রিষ্য, পুং. [রিষ্‌+য] মৃগবিশেষ।
রিষ্ব, ত্রি. [রিষ+ব] বধক, নাশক, হননকর্ত্তা।
রিক্ষা, স্ত্রী. [রিহ+ষ-আ] লিক্ষা, যূকা।
রী, স্ত্রী. গতি, গমন।
রীজ্যা, স্ত্রী. [রীজ্‌+য-আ] ঘৃণা, অবজ্ঞা, অপ্রবৃত্তি।
রীঠা, স্ত্রী. [রী+ঠ-আ] রীঠাকরঞ্জ; মৎস্যবিশেষ।
রীঠাকরঞ্জ, পুং. [রীঠা+করঞ্জ] স্বনামখ্যাত বৃক্ষ, তৎপর্য্যায়।—গুচ্ছক, গুচ্ছপুষ্পক, রীঠা, গুচ্ছফল, অরিষ্ট, মঙ্গল্য, কুম্ভবীজক, প্রকীর্য্যা, সোমবল্ক, ফেণিল।
রীঢ়ক, পুং. [রীঢ়+ক] পৃষ্ঠবংশ, পৃষ্ঠদেশের অস্থি, মেরুদণ্ড।
রীঢ়া, স্ত্রী. [রীহ+ত-আ] অবজ্ঞা, ঘৃণা, তাচ্ছল্য। [স্খলিত।
রীণ, ত্রি. [রী+ত] স্রুতজলাদি, ক্ষরিত, চ্যুত,
রীত, (প্রা) চরিত্র, ব্যবহার।
রীতি, স্ত্রী. [রী+তি] আরকূট; প্রচার; স্পন্দ; লোহকিট্ট, লোহার মল; দগ্ধ স্বর্ণাদির মল; সীমা; স্রবণ; গতি; স্বভাব, তৎপর্য্যায়।—রূপ, লক্ষণ, ভাব, আত্মা, প্রকৃতি, সহজ, রূপতত্ত্ব, ধর্ম্ম, সর্গ, নিসর্গ, শীল, সতত্ত্ব, সংসিদ্ধি; কাব্যের নিয়ম; ক্রম; ধারা; পদ্ধতি।
রীতিক, ন. [রীতি+ক] পুষ্পাঞ্জন।
রীতিকা, স্ত্রী. [রীতি+ক-আ] কুসুমাঞ্জন; পিত্তল, পিতল।

রীতিজ্ঞ, ত্রি. [রীতি+জ্ঞা-অ] ব্যবহারজ্ঞ, আচারজ্ঞাতা।

রীতিপুষ্প, ন. [রীতি+পুষ্প] কুসুমাঞ্জন।

রুই, (প্রা) বল্মীককীট, উইপোকা; মৎস্যবিশেষ, রোহিতমৎস্য।

রু, পুং. [রু+ক্বিপ্] শব্দ, ধ্বনি।

রুক, ত্রি. [রু+ক] বহুপ্রদ, প্রচুরদাতা।

রুক্, স্ত্রী. [রুচ্+ক্বিপ্] শোভা; দ্যুতি; ইচ্ছা; শারিকা শুকবাক্য; [রুজ্] রোগ, পীড়া, দীপ্তি।

রুক্প্রতিক্রিয়া, স্ত্রী. [রুক্+প্রতিক্রিয়া] চিকিৎসা, ঔষধদ্বারা রোগনাশ করণ।

রুক্ম, ন. [রুচ্+ম] কাঞ্চন, সোণা; ধুস্তূর, ধুতুরাগাছ; লোহ; নাগকেশর।

রুক্মকারক, পুং. [রুক্ম+কারক] স্বর্ণকার, সেকরা।

রুক্মাঙ্গদ, পুং. [রুক্ম+অঙ্গদ] রাজাবিশেষ, ভীষ্মক রাজপুত্র স্ত্রী; স্বর্ণবলয়।

রুক্মিণী, স্ত্রী. [রুক+ম-ইন্-ঈ] শ্রীকৃষ্ণমহিষীবিশেষ, ভীষ্মকরাজ কন্যা, তৎপর্যায়।—ঈ, রমা, সিন্ধুজা, সামা, চলা, হীরা, চঞ্চলা, বৃষাকপায়ী, চপলা, ইন্দিরা, লক্ষ্মী, পদ্মালয়া, কমলা, পদ্মা, শ্রী, হরিপ্রিয়া; স্বর্ণক্ষীরী।

রুক্মিদর্প, পুং. [রুক্মি+দর্প] বলদেব, বলরাম।

রুক্মিদারী, পুং. [রুক্মি+দারিন্] বলদেব, বলরাম।

রুক্মিণীব্রত, ন. [রুক্মিণী+ব্রত] ব্রতবিশেষ।

রুক্মিভিৎ, পুং. [রুক্মি+ভিৎ] বলদেব, বলরাম।

রুক্মী, পুং. [রুক্ম+ইন্] ভীষ্মক রাজার জ্যেষ্ঠ পুত্র।

রুক্সদ্ম, ন. [রুক্+সদ্মন্] মল, বিষ্ঠা, পুরীষ।

রুখ, (প্রা) ক্ষীণ; ক্লিষ্ট; অতৈল।

রুখন, (প্রা) কোপন; ত্যক্তহওন, বিরক্তহওন।

রুগ্ন, ত্রি. [রুজ্+ত] রোগাদি দ্বারা কুটিলীকৃত, তৎপর্য্যায়।—ভুগ্ন; রোগী, পীড়িত।

রুচ্, স্ত্রী. [রুচ্+ক্বিপ্] কান্তি; স্পৃহা।

রুচক, ন. [রুচ+অক] সর্জিকাক্ষার; অশ্বাভরণ; মালা; সৌবর্চ্চল; মাঙ্গল্যদ্রব্য; উৎকট; স্বাদ্যরস; রোচনা; বিড়ঙ্গ; লবণ; (পুং.) বীজপূর, ডালিম; নিষ্ক, পদক, ধুকধুকী; অলঙ্করণ; দন্ত; কপোত, পারাবত।

রুচা, স্ত্রী. [রুচ্+অ-আ] দীপ্তি; শোভা; ইচ্ছা; শারি ও শুকের বাক্য।

রুচি, স্ত্রী. [রুচ্+ই] অভিষঙ্গ, অনুরাগ, আসক্তি; স্পৃহা, অভিলাষ; গভস্তি, কিরণ; শোভা; বুভুক্ষা, ভোজনেচ্ছা; গোরোচনা; আলিঙ্গন বিশেষ; (পুং.) প্রজাপতিবিশেষ, রৌচ্য মনুর পিতা।

রুচিত, ত্রি. [রুচ্+ইত] মিষ্টবস্তু, স্বাদুদ্রব্য।

রুচিফল, ন. [রুচি+ফল] অমৃতাহ্ব।

রুচির, ন. [রুচ্+ইর] মূলক; কুঙ্কুম; লবঙ্গ; (ত্রি.) সুন্দর; মিষ্ট; উজ্জ্বল।

রুচিরা, স্ত্রী. [রুচির+আ] গোরোচনা; মনোজ্ঞা, উৎকৃষ্টা। [শজিনাগাছ।

রুচিরাঞ্জন, পুং. [রুচির+অঞ্জন] শোভাঞ্জন,

রুচিরাশ্ব, পুং. [রুচির+অশ্ব] রাজাবিশেষ, দেবাপির শ্বশুর; সুন্দরঘোটক।

রুচিষ্য, ত্রি. [রুচিষ্+য]মিষ্টবস্তু; অভিপ্রেত।

রুচী, স্ত্রী. [রুচ+ঈ] রুচি, স্পৃহা, অভিলাষ।

রুচ্য, ন. [রুচ্+য] সৌবর্চ্চল, লবণবিশেষ; (পুং.) কতকবৃক্ষ; শালীধান্য; পতি, স্বামী; (ত্রি.) সুন্দর, মনোহর।

রুচ্যকন্দ, পুং. [রুচ্য+কন্দ] শূরণ, ওল।

রুজ্, স্ত্রী. [রুজ্+ক্বিপ] ব্যাধি; পীড়া, রোগ।

রুজা, স্ত্রী. [রুজ্+অ-আ] রোগ, পীড়া; ভঙ্গ; মেষী; কুষ্ঠ, কুড়।

রুজাকর, পুং. [রুজ্+আকর] ব্যাধি, পীড়া, রোগ; (ন.) কর্ম্মরঙ্গ ফল।

রুজাসহ, পুং. [রুজ্+আসহ] ধন্বনবৃক্ষ।

রুটী, (হি) পিষ্টকবিশেষ, গোধূমচূর্ণদ্বারা কৃত পিষ্টক।

রুটীওয়ালা, (হি) রুটী বিক্রেতা।

রুট্, পুং. [রুষ্+ক্বিপ্] ক্রোধ, কোপ, রোষ।

রুচ্, স্ত্রী. [রুষ্+ক্বিপ্] রুট্, ক্রোধ, কোপ, রোষ। [গাভী।

রুণস্করা, স্ত্রী. [রুণ+কর-আ] সুখসন্দোহ্যা

রুণ্ড, পুং. [রুণ্ড+অ] কবন্ধ, মস্তকহীন।

রুণ্ডিকা, স্ত্রী. [রুণ্ড+ইক-আ] যুদ্ধভূমি, রণভূমি; দ্বারপিণ্ডিকা; বিভূতি।

রুণরুণ, (প্রা) ক্ষুদ্র ঘণ্টার শব্দ।

রুত, ন. [রু+ত] পশুপক্ষ্যাদির শব্দ, তৎপর্য্যায়।—রাশিত, রাসিত; রোদন; রব, ধ্বনি।

রুদথ, পুং. [রুদ+থ] কুক্কুর, কুকুর; ছাত্র, বিদ্যার্থী।

রুদন্তিকা, স্ত্রী. [রুদন্ত+ইক-আ] ক্ষুদ্র ক্ষুপবিশেষ, রুদন্তী।

রুদন্তী, স্ত্রী. [রুদ+অৎ-ঈ] ক্ষুদ্র ক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—শ্রবত্তোয়া, সঞ্জীবনী, অমৃতশ্রবা, রোমাঞ্চিকা, মহামাংসী, চণপত্রী, সুধাস্রবী।

রুদিত, ন. [রুদ্+ইত] ক্রন্দন, রোদন; (ত্রি.) রোদনবিশিষ্ট।

রুদ্ধ, ত্রি. [রুধ্+ত] নদী ও প্রাকারাদি দ্বারা কৃত বেষ্টন, তৎপর্য্যায়।—বেষ্টিত, বলয়িত, সংবীত আবৃত; প্রতিবদ্ধ; বদ্ধ।

রুদ্র, পুং. [রুদ্+র] আদিত্যপত্রবৃক্ষ; শিব, মহাদেব; গণদেবতাবিশেষ; একাদশরুদ্র নামানি যথা।—অজ, একপাৎ, অহিব্রধ্ন, পিণাকী, অপরাজিত, ত্র্যম্বক, মহেশ্বর, বৃষাকপি, শম্ভু, হরণ, ঈশ্বর, হর।

রুদ্রগণ, পুং. [রুদ্র+গণ] শিবপার্ষদ সমূহ।

রুদ্রচণ্ডী, স্ত্রী. [রুদ্র+চণ্ডী] রুদ্রযামলোক্ত দেবী মাহাত্ম্য।

রুদ্রজ, পুং. [রুদ্র+জন্-অ] পারদ, পারা।

রুদ্রজটা, স্ত্রী. [রুদ্র+জটা] লতাবিশেষ, শঙ্করজটা, তৎপর্য্যায়।—রৌদ্রী, জটা, রুদ্রা, সৌম্যা, সুগন্ধা, সুবহা, ঘনা, ঈশ্বরী, রুদ্রলতা, সুপত্রা, সুগন্ধপত্রা, সুরভি, শিবাহ্বা, পত্রবল্লী, জটাবল্লী, রুদ্রাণী, নেত্রপুষ্করা, মহাজটা, রুদ্রজটা।

রুদ্রপত্নী, স্ত্রী. [রুদ্র+পত্নী] অতসীপুষ্প; রুদ্রপ্রিয়া, স্ত্রী. [রুদ্র+প্রিয়-আ] হরীতকী; পার্ব্বতী।

রুদ্রবিংশতি, পুং. [রুদ্র+বিংশতি] প্রভবাদি ষষ্টিবর্ষান্তর্গত শেষ বিংশতিবর্ষ।

রুদ্রবীণা, স্ত্রী. [রুদ্র+বীণা] বীণাবিশেষ, শিক্ষা।

রুদ্রভূ, স্ত্রী. [রুদ্র+ভূ] শ্মশান, প্রেতস্থান, শবদাহ স্থান।

রুদ্রযুঁই, (প্রা) পুষ্পবিশেষ, শঙ্কর যূথিকা

রুদ্রসর্গ, পুং. [রুদ্র+সর্গ] রুদ্রকর্ত্তৃক সৃষ্টি

রুদ্রসাবর্ণি, পুং. [রুদ্র+সাবর্ণি] দ্বাদশমনু।

রুদ্রসূ, স্ত্রী. [রুদ্র+সূ] একাদশপুত্র জননী।

রুদ্রাক্রীড, পুং. [রুদ্র+আক্রীড়] শ্মশান, প্রেতস্থান, শবদাহ স্থান। [জটা।

রুদ্রাণী, স্ত্রী. [রুদ্র+আন-ঈ] দুর্গা; রুদ্র-

রুদ্রাবতার, পুং. [রুদ্র+অবতার] হনুমান্, পবনাত্মজ।

রুদ্রাবাস, পুং. [রুদ্র+আবাস] কাশী, বারাণসী; মহাশ্মশান।

রুদ্রারি, পুং [রুদ্র+অরি] কামদেব, মদন, কন্দর্প।

রুদ্রাক্ষ, পুং. [রুদ্র+অক্ষ] স্বনামখ্যাত বৃক্ষবীজ, তৎপর্য্যায়।—তৃণমরু, অমর, পুষ্পচামর; (ন.) স্বনামখ্যাত বৃক্ষবীজ, তৎপর্য্যায়।—শিবাক্ষ, সর্পাক্ষ, ভূতনাশন, পাবন, নীলকণ্ঠাক্ষ, হরাক্ষ, শিবপ্রিয়।

রুদ্রী, স্ত্রী. [রুদ্র+ঈ] বীণাবিশেষ।

রুধির, ন. [রুধ্+ইর] শরীরস্থ রসভব ধাতু তৎপর্য্যায়।—রক্ত, অস্র, ত্বগ্জ, কীলাল ক্ষতজ, শোণিত, লোহিত, অসৃক্ শোণ, লোহ, চর্ম্মজ; কুঙ্কুম; (পুং. মঙ্গলগ্রহ।

রুধিরপায়ী, পুং. [রুধির+পায়ী] রাক্ষস।

রুধিরাক্ত, ত্রি. [রুধির+অক্ত] রক্তময় শোণিত লেপন।

রুধিরাখ্য, ন. [রুধির+আখ্য] মণিবিশেষ লালমণি।

রুধ্বা, বা, রুদ্ধ্বহ।

রুন্ধন, ত্রি. [রুধ+অৎ] রোধন বাধা।

রুবথু, পুং. [রু+বথু] শব্দ, কুক্কুট।

রুবু, পুং. [রু+বু] এরণ্ড বৃক্ষ, ভেরাণ্ডা গাছ; রক্তেরণ্ড, লালভেরেণ্ডা।

রুবুক, পুং. [রুবু+ক] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা-গাছ; রক্তেরণ্ড, লালভেরাণ্ডা।

রুবুক্, পুং. [রু+বুহ্] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।

রুভেটি, স্ত্রী. [রু+ভেটি] ধূম; কোয়াসা।

রুবূক, পুং. [রুবু+উক] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা-গাছ।

রুমা, স্ত্রী. [রু+ম-আ] সুগ্রীবভার্য্যা; বিশিষ্ট লবণাকর।

রুমাল, (যাং) গামছা, গাত্র মার্জ্জনী।

রুম্র, পুং. [রম্+র] অরুণ, সূর্য্য, দিবাকর।

রুয়া (প্রা) পশম, চুল; চালের প্রস্থ বাঁশ; দাড়িমদানা; ধান্যাদি রোপণ করা।

রুরু, পু. [রু+রু] মৃগবিশেষ, মহাকৃষ্ণসার; দৈত্যবিশেষ।

রুষা, স্ত্রী. [রুষ+আ] অমর্ষ, ক্রোধ, তৎপর্য্যায়।—ক্রোধ, মন্যু, ক্রুধা ক্রুৎ, কোপ, প্রতিঘ, রোষ, রুট্।

রুষিত, ত্রি. [রুষ্+ইত] ক্রোধযুক্ত, কোপান্বিত, কোপিত, ক্রুদ্ধ

রুষ্ট, ত্রি. [রুষ্+ত] ক্রোধযুক্ত, ক্রুদ্ধ, কোপিত।

রুষ্টি, স্ত্রী. [রুষ্+তি] ক্রোধ, কোপ, উষ্মা।

রুষ্টিকর, ত্রি. [রুষ্টি+কর] কোপজনক; প্রচণ্ড। [আরোহন।

রুহ, ত্রি. [রুহ+অ] জাত, উৎপন্ন; আরূঢ়,

রুহক, ন. [রুহ+ক] ছিদ্র, রন্ধ্র, ছেঁদা।

রুহা, স্ত্রী. [রুহ+আ] দুর্ব্বা; মহাসমঙ্গা।

রুহিরুহিকা, স্ত্রী. [রুহি+রুহিকা] উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা

রুহ্বা, পুং. [রুহ+বন্] বৃক্ষ; দ্রুম, গাছ।

রুক্ষ, ত্রি, [রুহ+ষ] অপ্রেম; অচিক্কণ, তৈলহীন। [রংকরা।

রুংষিত, ত্রি. [রুষ+ইত] চর্চ্চিত, ছুরিত-

রূঢ়, ত্রি. [রুহ+ত] জাত, উৎপন্ন; (পুং.) সিদ্ধ, প্রকৃতি প্রত্যয়ার্থ অপেক্ষা না

রূঢ়কথা, (প্রা) অপ্রিয়বাক্য, কঠিনবাক্য।

রূঢ়বচন, ন. [রূঢ়+বচন] কর্কশবাক্য, অপ্রিয় বাক্য।

রূঢ়বাক্য, ন. [রূঢ়+বাক্য] কটুবাক্য, শক্তবাক্য, উগ্রভাষা

রূঢ়ি, স্ত্রী. [রুহ+তি] জন্ম; প্রাদুর্ভাব; রূঢ়শব্দনিষ্ঠশক্তি।

রূপ, ন. [রূপ+অ] স্বভাব; নাটক; পশু; শব্দ; গ্রন্থাবৃত্তি; নাটকাদি; আকার, আকৃতি, অবয়ব; শ্লোক; শুক্লাদিবর্ণ, ষোড়শবিধরূপ যথা।—হ্রস্ব, দীর্ঘ, স্থূল, চতুরস্র, বৃত্ত, শুক্ল, কৃষ্ণ, নীলারুণ, রক্ত, পীত; কঠিন, চিক্কণ, শ্লক্ষ্ণ, পিচ্ছিল, মৃদু, দারুণ; সৌন্দর্য্য, তন্নামানি যথা। নির্ণিক্, বব্রি, বর্প, বপু, অমতি, অপ্স, অপ্সঃ; অপ্ন, পিষ্ট, পেশ, কৃশন, মরুৎ, অর্জ্জুন, তাম্র, অরুষ, শিল্প; বিভক্তিযুক্তশব্দ বা ধাতু; ধারা; (ত্রি.) সদৃশ, তুল্য।

রূপক, ন. [রূপ+ক] নাটক; মূর্ত্ত; কাব্যের অলঙ্কার বিশেষ, নাট্যগ্রন্থের অলঙ্কার বিশেষ; মুদ্রা; সংখ্যাবিশেষ।

রূপতত্ত্ব, ন. [রূপ+তত্ত্ব] শীল, স্বভাব।

রূপধারী, ত্রি. [রূপ+ধারিন্] সৌন্দর্য্যবিশিষ্ট, কৃত্রিম, আকারবিশিষ্ট, বেশধারী।

রূপধৃৎ, ত্রি. [রূপ+ধৃৎ] আকারবিশিষ্ট।

রূপনাশন, ন. [রূপ+নাশন] পেচক পাঁচা।

রূপনিধান, ন. [রূপ+নিধান] রূপেরআধার, সৌন্দর্য্যের আকর

রূপনিলয়, ন. [রূপ+নিলয়] রূপের স্থান, রূপাধার।

রূপবৎ, ত্রি. [রূপ+বৎ] সাকার; সৌন্দর্য্যশালী।

রূপবতী, স্ত্রী. [রূপ+বৎ-ঈ] সুরূপা, সুন্দরী, রূপসী।

রূপবন্ত, (প্রা) সুরূপ, সুন্দর, সুশ্রী।

রূপবান্, ত্রি. [রূপ+বৎ] আকার বিশিষ্ট,

রূপলাবণ্য, ন. [রূপ+লাবণ্য] রূপসৌন্দর্য্য।
রূপসী; (প্রা) রূপবতী, সুন্দরী, সুরূপা।
রূপা, (প্রা) রজত, রৌপ্য, চাঁদী।
রূপাজীবা, স্ত্রী. [রূপ+আজীব-আ] বেশ্যা, গণিকা, বারবিলাসিনী।
রূপাস্ত্র, পুং. [রূপ+অস্ত্র] কামদেব, মদন. মন্মথ।
রূপিকা, স্ত্রী. [রূপ+ইক-আ] শ্বেতার্কবৃক্ষ, শ্বেত আকন্দগাছ।
রূপী, ত্রি. [রূপ+ইন্] রূপবিশিষ্ট, সাকার; রৌপ্যমুদ্রা, টাকা।
রূপেশ্বরী, স্ত্রী. [রূপ+ঈশ্বর-ঈ] দেবীবিশেষ ষষ্টিবর্ষান্তর্গত একবিংশবর্ষে পূজ্যা-দেবী।
রূপ্য, ন. [রূপ+য] আহত স্বর্ণ রজত; ধাতুবিশেষ, রূপা, তৎপর্য্যায়।—শুভ্র. বসুশ্রেষ্ঠ, রুধির, চন্দ্রলোহক, শ্বেতক, মহাশুভ্র, রজত, তপ্তরূপক, চন্দ্রভূতি, সিত, তার, কলধৌত, ইন্দ্রলোহক, রৌপ্য ধৌত, সৌধ, চন্দ্রহাস, খর্জুর, দুর্ব্বর্ণ, শ্বেত, রজবীজ, রাজরঙ্গ, লোহরাজক, কলধৌত; (ত্রি.) সুন্দর, সুরূপ
রূপ্যশালা, স্ত্রী. [রূপ্য+শালা] রৌপ্যগৃহ, রজতাগার; টঙ্কশালা, টাকৃশাল।
রূপ্যাধ্যক্ষ, পুং. [রূপ্য+অধ্যক্ষ] নৈষ্কিক, রাজতাধ্যক্ষ, রজতমুদ্রার অধিপতি, টঙ্কপতি, টাকাওয়ালা, খাজাঞ্চী।
রুবুক, পুং. [রুবু+ক] এরণ্ড, ভেরাণ্ডাগাছ।
রূষক, পুং. [রূষ+ক] বাসক, বাকসগাছ।
রূষিত, ত্রি. [রূষ্+ইত] গুণ্ঠিত, চূর্ণিত, ভ্রক্ষিত, চর্চ্চিত।
রূক্ষ, ত্রি. [রূহ+ক্ষ] অপ্রেম, নিস্নেহ; অচিক্কণ, মলিন; (পুং.) তৃণবিশেষ, বরকতৃণ।
রুক্ষগন্ধক, পুং. [রুক্ষ+গন্ধক] গুগ্গুলু, কুন্দুল। [ধানা।
রুক্ষণাত্মিকা, স্ত্রী. [রুক্ষণ+আত্মিকা] লঙ্কা-
রুক্ষবর্ত্ত, পুং. [রুক্ষ+বর্ত্ত] হরিদর্ত্ত।
রুক্ষপত্র, পুং. [রুক্ষ+পত্র] শাখোটবৃক্ষ,
রুক্ষস্বাদুফল, পুং. [রুক্ষ+স্বাদুফল] বৃক্ষবিশেষ, ধন্বনবৃক্ষ।
রুক্ষা, স্ত্রী. [রুক্ষ+আ] দন্তীবৃক্ষ।
রে, অ, সম্বোধনবিশেষ; ইতর সম্বোধন।
রেউচিনি, (বাং) মরিচাকার ক্ষুদ্রফলবিশেষ।
রেউড়ি (হিং) মিষ্টান্নবিশেষ, এউড়ী।
রেঁদা, (প্রা) কাষ্ঠ পরিষ্কার করণার্থ অস্ত্রবিশেষ, ঘিস্কাপ।
রেক, পুং. [রিচ+অ] শঙ্কা, সংশয়; নীচ; বিরেচন ভেদক, জোলাপ; ভেক, ব্যাং; তণ্ডুলাদি পরিমাণের পাত্রবিশেষ।
রেকণঃ, ন. [রিচ+ অনস্] স্বর্ণ-বী-কাঞ্চন, সোণা।
রেকা, স্ত্রী. [রেক+আ] সন্দেহ, সংশয়।
রেকাব, (বাং) ধাতুপাত্রবিশেষ।
রেখা, স্ত্রী. [রেখ+আ] অল্পক, ক্ষুদ্র; ছদ্ম, ছল; আভোগ, উল্লেখ, দণ্ডাকার, লিপি বিশেষ, দাড়ী, কসী।
রেখাকার, ন. [রেখা+আকার] রেখাকৃতি, চিহ্নের ন্যায়।
রেখাগণিত, পুং. [রেখা+গণিত] শ্রীজয়সিংহ মহারাজ পণ্ডিত দ্বিজসম্রাট জগন্নাথ কৃত গণিত গ্রন্থবিশেষ।
রেখাভূমি, স্ত্রী. [রেখা+ভূমি] লঙ্কা ও সুমেরু পর্ব্বতের মধ্যসূত্রগত দেশ।
রেচক, ন. [রিচ+অক] কঙ্কুষ্ঠমৃত্তিকা, কাকরযুক্ত মাটী; (পুং.) প্রাণায়ামের অঙ্গ দক্ষিণ নাসিকাদ্বারা পরিত্যক্ত বায়ুবিশেষ; যবক্ষার; জয়পালবৃক্ষ; তিলক বৃক্ষ, ক্রীড়ার্থ জলনিঃক্ষেপ যন্ত্র, পিচ্কারী; ভেদক, জোলাপ।
রেচন, ন. [রিচ্+অন] মলভেদন. ভেদ তৎপর্য্যায়।—প্রস্কন্দন, বিরেক, বিরেচন রেক, রেচনা।
রেচনক, পুং. [রিচ্+অনক] কাম্পিল্ল।
রেচনা, স্ত্রী. [রিচ্+অন-আ] কাম্পিল্ল, সুগন্ধি দ্রব্যবিশেষ; দেশবিশেষ।
রেচনী, স্ত্রী. [রিচ্+অন-ঈ] কাম্পিল্ল, সুগন্ধিদ্রব্যবিশেষ; কালাঞ্জনী; দন্তীবৃক্ষ;

রেচী, স্ত্রী. [রিচ্+অ-ঈ] কম্পিল্লক, সুগন্ধি-দ্রব্যবিশেষ; অক্ষোঠবৃক্ষ, আকোঁড গাছ।

রেচ্য, পুং. [রিচ্+য] প্রণায়ামের অঙ্গ দক্ষিণ নাসিকাদ্বারা পরিত্যক্ত বায়ুবিশেষ।

রেজাই, (হিং.) শীতবস্ত্র বিশেষ; দোলাই।

রেজ্জান, (হিং.) সম্পত্তিকরণ, তোরণ।

রেণু, পুং. স্ত্রী. [রি+নু] ধুলি, ধুলা; (পুং.) পর্পট; রেণুকা; পাংশু।

রেণুকা, স্ত্রী. [রেণু+ক-আ] মরীচাকৃতি সুগন্ধি দ্রব্য বিশেষ, তৎপর্য্যায়:-দ্বিজা, হরেণু, কৌন্তী, কপিলা, ভস্মগন্ধিনী, কান্তা, নন্দিনী, মহিলা, রাজপুত্রী, হিমা, রেণু, পাণ্ডুপত্রী, হরেণুকা, সুপর্ণী শিশিরা, শান্তা, বৃন্তা, ধর্ম্মিণী, কপিলোমা, হৈমবৃন্তা, বতী, পাণ্ডুপত্নী; পরশুরামের মাতা।

রেণুকাসুত, পুং. [রেণুকা+সুত] পরশুরাম, জামদগ্ন্য।

রেণুবাস, পুং. [রেণু+বাস] ভ্রমর, ভৃঙ্গ।

রেণুরুষিত, পুং. [রেণু+রুষিত] গর্দ্দভ, গাধা, (ত্রি.) ধুলিম্রক্ষিত, ধুলামাখা।

রেণুসার, পুং. [রেণু+সার] কর্পূর।

রেণুসারক, পুং. [রেণু+সারক] কর্পূর।

রেতঃ, ন. [রী+তস] শুক্র, বীর্য্য; পারদ, পারা।

রেতজা, স্ত্রী. [রেত+জন্+অ-আ] বালুকা, বালি।

রেতন, ন. [রেত+অন] শক্র, বীর্য্য।

রেত্য, ন. [রী+ত+য] পিত্তল, পিতল।

রেপ, ন, [রী+প] রেত, শুক্র; পীযুষ; অমৃত; সুগন্ধি চূর্ণবিশেষ, পটবাস; সূতক।

রেপ, ত্রি. [রিপ্+অ] নিন্দিত; ক্রূর, খল; কৃপণ, অদাতা।

রেপ্য, ত্রি. [রেপস্] ক্রূর, খল; অধম, নীচ।

রেফ, পুং. [রিফ্+অ] রবর্ণ, র; রাগ; (ত্রি.) কুৎসিত, নিন্দিত।

রেক্ণ, ত্রি. [রিক্ণ্+অস্] ক্রূর, খল; অধম, নীচ, কৃপণ।

রেবট, পুং. [রেব+অট] শূকর, বরাহ; বেণু, বাঁশ; ধুলা; বাতুল, উন্মত্ত; বিষবৈদ্য, ওঝা; (ন.) দক্ষিণাবর্ত্তশঙ্খ।

রেবত, পুং. [রেব+অত] জম্বীর, নেবু; আরগ্বধবৃক্ষ, সোঁদালিগাছ; রাজাবিশেষ, রেবতীপিতা, বলরামের শ্বশুর।

রেবতক, ন. [রেবত+ক] পারেবত।

রেবতি, স্ত্রী. [রেবত+ই] কামদেবের পত্নী, রতী।

রেবতী, স্ত্রী. [রেবত+ঈ] বলদেবপত্নী; নক্ষত্রবিশেষ; মাতৃকাবিশেষ; স্ত্রীগবী; দুর্গা, বালগ্রহবিশেষ; রৈবতমনুর-মাতা।

রেবতীভব, পুং. [রেবতী+ভব] শনৈশ্চর গ্রহ, শনিগ্রহ।

রেবতীরমণ, পুং. [রেবতী+রমণ] বলদেব বলরাম।

রেবতীশ, পুং. [রেবতী+ঈশ] বলদেব, বলরাম।

রেবন্ত, পুং. [রেবন্ত+অ] সূর্য্যপুত্রবিশেষ, গুহ্যকাধিপতি।

রেবন্তমনুসূ, স্ত্রী. [রেবন্ত+মনু-সূ] সংজ্ঞানামে সূর্য্যেরপত্নী।

রেবা, স্ত্রী. [রেব+আ] নর্ম্মদানদী; রতি, কামদেবপত্নী; নীলীবৃক্ষ, নীলগাছ; দুর্গা। [শব্দ।

রেভণ, পুং. [রিভ্+অন] গোধ্বনি, গরুর-

রেয়ো (প্রা) অনিমন্ত্রিত, রবাহুত।

রেরিহাণ, পুং. [রিহ+আন] শিব, মহাদেব; অসুর, দৈত্য; চোর।

রেরে, বা. [রে+রে] অত্যন্ত নীচসম্বোধন।

রেল, (ইং) গরাদে; বেষ্টন।

রেলা (প্রা) জনতা; সমূহ; অপর্য্যাপ্ত।

রেষণ, ন. [রেষ্+অন] শব্দ; গবাদির শব্দ।

রেষিত, ত্রি. [রেষ+ইত] ধ্বনিত, (ন.) সিংহ ব্যাঘ্রাদির শব্দ।

রেষ্টা, পুং. [রিষ+তৃ] ক্রোধি।

রেসম, (বাং) পাট, কীটোৎপন্নসূত্র।

রৈ, পুং. [রা+ঐ] ধন, সম্পত্তি, বিভব; স্বর্ণ, সোণা।

রৈবত, পুং. [রেবত+অ] স্বর্ণালুবৃক্ষ; পর্ব্বত বিশেষ; শিব; দৈত্যবিশেষ; পঞ্চমমনু, দুর্দ্দমরাজপুত্র।
রৈবতক, ন. [রেবত+ক] পারেবত বৃক্ষ (পুং.) রৈবতপর্ব্বত, তৎপর্য্যায়।— ।
রৈবতিক, ত্রি. [রেবতী+ইক] রেবতীপুত্র।
রোওন (প্রা) রোপন, বুনন, পোতন।
রোঁয়া, (প্রা) রোম, লোম।
রোক, ন. [রুচ+অ] ছিদ্র, রন্ধ্র; নৌকা; চল; (পুং.) ক্রয়বিশেষ; দীপ্তি; ক্রোধ।
রোকড়, (প্রা) আয় ব্যয় লিখিবার বহি, হিসাবের খাতা।
রোকণ, (প্রা) নিবারণ, আটকান, ক্রুদ্ধহওন।
রোকনিয়া, (প্রা) অলঙ্কারের রঙ্গকারক, গহনাররসানকার; ক্রোধন।
রোখন, (প্রা) কোপন; ক্রোধন; আটককরণ।
রোখাল, (প্রা) ক্রোধযুক্ত, প্রচণ্ড, কোপাল রাগাল।
রোগ, পুং. [রুজ্+অ] কুষ্ঠৌষধ, কুড়; দেহভঙ্গকারক, তৎপর্য্যায়।—রুক্, রুজা, উপতাপ, ব্যাধি, গদ, আময়, অপাটব আম, আতঙ্ক, ভয়, উপঘাত, ভঙ্গ, অর্ত্তি, তমোবিকার, গ্লানি, ক্ষয়, অনার্জ্জব মৃত্যুভৃত্য, অম, মান্দ্য, আকল্প।
রোগকর, ত্রি. [রোগ+কর] পীড়াজনক; অপথ্য।
রোগগ্রস্ত, ত্রি. [রোগ+গ্রস্ত] রোগান্বিত, রোগী, পীড়িত। [নাশক।
রোগঘ্ন, ন. [রোগ+ঘ্ন] ঔষধ; (ত্রি.) রোগ-
রোগভূ, স্ত্রী. [রোগ+ভূ] শরীর, দেহ, কায়।
রোগরাজ, পুং. [রোগ+রাজন্] রাজযক্ষ্মা, কাশ রোগবিশেষ।
রোগজনক, পুং. [রোগ+জনক] জ্বর।
রোগলক্ষণ, ন. [রোগ+লক্ষণ] নিদান শাস্ত্রউক্ত রোগকারণ।
রোগশান্তক, পুং. [রোগ+শান্তক] বৈদ্য, চিকিৎসক।
রোগশালী, ত্রি. [রোগ+শালিন্] পীড়িত,
রোগশিলা, স্ত্রী. [রোগ+শিলা] মনঃশিলা,
রোগশিল্পী, পুং. [রোগ+শিল্পিন্] বৃক্ষবিশেষ শরালুগাছ।
রোগশ্রেষ্ঠ, পুং. [রোগ+শ্রেষ্ঠ] জ্বর, পীড়া।
রোগহ, ন. [রোগ+হন্-অ] ঔষধ, ভেষজ।
রোগহরদ্রব্য, ন. [রোগ+হর দ্রব্য] রোগনাশক বস্তু।
রোগহারী, পুং. [রোগ+হারিন্] বৈদ্য, চিকিৎসক; (ত্রি.) রোগনাশক।
রোগহীন, ত্রি. [রোগ+হীন] পীড়ারহিত, সুস্থ, নীরোগী।
রোগা, (প্রা) কৃশ, দুর্ব্বল; পীড়াযুক্ত।
রোগিতরু, পুং. [রোগিন্+তরু] অশোকবৃক্ষ।
রোগিবল্লভ, ন. [রোগিন্+বল্লভ] ঔষধ, ভেষজ; (ত্রি) রোগিপ্রিয়।
রোগী, ত্রি. [রোগ+ইন্] রোগযুক্ত, তৎপর্য্যায়।—ব্যাধিত, বিকৃত, গ্লান, মান, মন্দ, আতুর, অভ্যান্ত, অভ্যামিত, রুগ্ন সাময়, অপটু, আময়াবী, গ্লাস্নু।
রোগ্য, ত্রি. [রুজ্+য] অপথ্য, অহিত; রোগ সম্বন্ধীয়।
রোচক, পুং. [রুচ+অক] ক্ষুধা, তৎপর্য্যায়। বুভুক্ষা, অশনা, জিঘৎসা, রুচি; কদলী; রাজপলাণ্ডু; অবদংশ; গ্রন্থিপর্ণবিশেষ, ভগুণ্ডির ইতি নেপালদেশে প্রসিদ্ধ, তৎপর্য্যায়।—নিশাচর, ধনহর, কিতব গণহাসক
রোচকপাচক, (প্রা) আগ্নেয় অথচ রুচিকর।
রোচন, পুং. [রুচ+অন] কূটশাল্মলি; শ্বেতশিগ্রু, শাদাশজিনা; পলাণ্ডু, পাঁজ; আরগ্বধ, সোঁদালিগাছ; করঞ্জ; অক্ষোঠ, আকরোট; দাড়িম; (ত্রি) রোচক, রুচিকারক।
রোচনক, পুং. [রোচন+ক] জম্বীর, নেবু।
রোচনফল, পুং. [রোচন+ফল] বীজপুরক, দাড়িম।
রোচনফলা, স্ত্রী. [রোচন+ফল-আ] চির্ভিটা,

রোচনা, স্ত্রী. [রুচ্+অন-আ] রক্তকহ্লার, রক্তকম্বল; হরিদ্রা, গোপিত্ত, গোরোচনা; বারযোষিৎ, বেশ্যা।

রোচনিকা, স্ত্রী. [রোচন+ইক-আ] বংশরোচনা, বংশলোচন; শুণ্ডারোচনী, বণিকদ্রব্য।

রোচনী, স্ত্রী. [রুচ্+অন-ঈ] আমলকী; গোরোচনা; মনঃশিলা, মঞ্জুলি; শ্বেত ত্রিবৃতা, শুণ্ডারোচনী, বণিকদ্রব্য, তৎপর্য্যায়।—কাম্পিল্ল, কর্কশ, চন্দ্র, রক্তাঙ্গ, কম্পিল্ল, কম্পল, কাম্পিলা, রেবণী, পর্য্যায়ান্তর কম্পিল্লকশব্দেদ্রষ্টব্যং।

রোচমান, পুং, [রুচ্++আন] অশ্বের কণ্ঠস্থলস্থিত রোমাবর্ত্তবিশেষ, ঘোড়ারগলার চক্রাকৃতি লোম; (ত্রি) দীপ্যমান।

রোচিঃ, ন. [রুচ্+ইস] প্রভা, দীপ্তি; আভা।

রোচিষ্ণু, ত্রি. [রুচ্+ইষ্ণু] অলঙ্কারাদিদ্বারা-দীপ্তিশীল, কান্তিযুক্ত, তৎপর্য্যায়।—বিভ্রাট্, ভ্রাজিষ্ণু।

রোচী, স্ত্রী. [রুচ্+ঈ] হিলমোচিকা; হিংচাশাক; (ত্রি) রোচিষ্ণু, আভরণাদি দ্বারা শোভাযুক্ত।

রোচ্য, ত্রি. [রুচ্+য] প্রকাশ্য, প্রীতিবিষয়; রুচিকর, স্পৃহাজনক।

রোজ, (যাং) তারিখ, দিবস।

রোট্, ত্রি. [রুষ্+অ] হিংস্র, বধক, নাশক।

রোটিকা, স্ত্রী. [রোট+ইক-আ] পিষ্টকবিশেষ রোটী, রুটী।

রোটী, (হিং) গোধূমাদিচূর্ণকৃতপিষ্টকবিশেষ, রুটী।

রোদঃ, ন. [রুদ্+অস্] স্বর্গ; ভূমি।

রোদক, পুং. [রুদ্+অক] রোদনকর্ত্তা, রোদনকারী।

রোদন, ন. [রুদ্+অন] ক্রন্দন, কাঁদন; অশ্রু, চক্ষুর জল।

রোদনিকা, স্ত্রী. [রোদন+ইক-আ] যবাস।

রোদনীয়, স্ত্রী. [রুদ্+অনীয়] দুরালভা।

রোদনী, ত্রি, [রোদন+ঈ] ক্রন্দনীয়, বিলাপনীয়।

রোদসী, বা. [রোদস+ঈ] স্বর্গ; ভূমি।

রোদস্যৌ, স্ত্রী. [রোদসী+ঔ] ভূমিস্বর্গ।

রোদ্ধা, পুং. [রুধ্+তৃ] প্রতিবন্ধক, নিবারক, রোধকারক।

রোধ, পুং. [রুধ্+অ] নদীতীর, কূল।

রোধঃ, পুং. [রুধ্+অস্] নদীতীর, কূল

রোধক, পুং. [রুধ্+অক] প্রতিবন্ধক, বাধক, আটককারক, নিবারণ কর্ত্তা।

রোধকতা স্ত্রী. [রোধক+ত-আ] বাধকতা, প্রতিবন্ধকতা।

রোধন, ত্রি. [রুধ্+অন] রোধকর্ত্তা; (ন.) অবরোধ, বাধা।

রোধনীয়, ত্রি. [রুধ্+অনীয়] প্রতিবন্ধকতার যোগ্য, নিবারণীয়।

রোধবক্রা, স্ত্রী. [রোধ+বক্র-আ] নদী, তটিনী, স্রোতস্বতী।

রোধাবতী, স্ত্রী. [রোধ+আবত-ঈ] নদী, তটিনী স্রোতস্বতী।

রোধিত, ত্রি. [রোধি+ইত] রুদ্ধ, নিবারিত, বদ্ধকলুষ; (পুং.) লোধ্র, লোধগাছ।

রোধ্রপুষ্প, পুং. [রোধ্র+পুষ্প] মধূকবৃক্ষ, মউয়ার গাছ।

রোধ্রপুষ্পিনী, স্ত্রী. [রোধ্র+পুষ্পিন্-ঈ] ধাতকীবৃক্ষ, ধাইফুলের গাছ।

রোপ, পুং. [রুপ্+রুহ+অ] বাণ; রোপণ; (ন.) ছিদ্র, ছেঁদা।

রোপণ, ন. [রুপ+রুহ+অন] বিমোহন; জনন; প্রাদুর্ভাব; অঞ্জনবিশেষ; বীজাদি বপন; অর্পণ।

রোপণচূর্ণ, ন. [রোপণ+চূর্ণ] নয়নের অঞ্জনবিশেষ, চক্ষুর কাজলবিশেষ।

রোপণীয়, ত্রি. [রুপ্+অনীয়] বপনার্হ, রোপণযোগ্য।

রোপণীবর্ত্তি, স্ত্রী. [রোপণী+বর্ত্তি] নেত্রাঞ্জনবিশেষ, চক্ষুর কজ্জলবিশেষ।

রোপিত, ত্রি. [রুপ্+ইত] উপ্ত, বপনকরা; প্রোথিত, পোতা; অর্পিত।

রোপ্যাতিরোপ্য, পুং. [রোপ্য+অতি-রোপ্য] ধান্যবিশেষ।

রোম, ন. [রু+মন্] জল, নীর, পয়ঃ; শরীরজাত অঙ্কুর, লোম, রোঁয়া, তৎপর্য্যায়।-

লোম; অঙ্গজ, ত্বগ্‌জ, চর্ম্মজ, তনুরুহ, (পুং) ছিদ্র।

রোমক, ন. [রোম+ক] পাংশুলবণ, পাঙ্গা-লোণ; অয়স্কান্ত মণিবিশেষ।

রোমকর্ণক, পুং. [রোমন্‌+কর্ণক] শশক, লোমকর্ণ]

রোমকন্দ, পুং. [রোমন্‌+কন্দ] পিণ্ডালু, চুবড়ীআলু।

রোমকপত্তন, ন. [রোমক+পত্তন] দেশ-বিশেষ, কেতুমালবর্ষের পশ্চিমভাগ

রোমকূপ, পুং. [রোমন্‌+কূপ] লোমবিবর, লোমেরছিদ্র।

রোমকেশর, ন. [রোমন্‌+কেশর] চামর, রোমগুচ্ছ।

রোমগুচ্ছ, ন. [রোমন্‌+গুচ্ছ] চামর, রোম-কেশর।

রোমগুচ্ছক, ন. [রোমন্‌+গুচ্ছক] চামর, রোমকেশর।

রোমন্থ, পুং. [রোম+মণ্ড-অ] উদ্গীর্ণা-চর্ব্বণ, জাওরকাটা। [লে.মযুক্ত।

রোমবান্‌, ত্রি. [রোমন্‌+বৎ] লোমবিশিষ্ট,

রোমবিকার, পুং. [রোমন্‌+বিকার] রোমাঞ্চ, হর্ষ বা ভয়াদি হেতুক লোমোদ্গাম, শিহরণ। [বিকার

রোমবিক্রিয়া, স্ত্রী. [রোমন্‌+বিক্রিয়া] রোম

রোমভূমি, স্ত্রী. [রোমন্‌+ভূমি] চর্ম্ম, ত্বক্‌, ছাল, চামড়া।

রোমলতা, স্ত্রী. [রোমন্‌+লতা] লোমাবলি, লোমশ্রেণী।

রোমশ, পুং. [রোমন্‌+শ] মেষ, ভেড়া; চন্দ্র; পিণ্ডালু; চুবড়ীআলু; কুম্ভী, কুমীর; শূকর, বরাহ; (ত্রি.) অতিশয় লোমবি-শিষ্ট, অধিক রোমযুক্ত।

রোমশফল, পুং. [রোমশ+ফল] টিণ্ডিশবৃক্ষ।

রোমশা, স্ত্রী. [রোমশ+আ] বৃক্ষবিশেষ, দগ্ধা-বৃক্ষ; লোমশা।

রোমশূক, ন. [রোমন্‌+শূক] স্থৌণেয়ক।

রোমহর্ষ, পুং. [রোমন্‌+হর্ষ] রোমাঞ্চ, রোমোদ্গম, রোমোদ্ভেদ, রোমহর্ষণ, গায়ে কাঁটা দেওয়া।

রোমহর্ষণ, ন. [রোমন্‌+হর্ষণ] রোমাঞ্চ, রোমোদ্গম, শিহরণ; (পুং.) সূত; বিভী-তকবৃক্ষ

রোমাঞ্চ, পুং. [রোমন্‌+অঞ্চ] রোমহর্ষণ, রোমোদ্গম, শিহরণ।

রোমাঞ্চিকা, স্ত্রী. [রোমাঞ্চ+ইক-আ] রুদন্তী বৃক্ষ।

রোমাঞ্চিত, ত্রি. [রোমাঞ্চ+ইত] জাতপুলক, রোমাঞ্চবিশিষ্ট, পুলকিত, তৎপর্য্যায়।—হৃষ্টরোমা।

রোমাবলী, স্ত্রী. [রোমন্‌+আবলী] নাভির ঊর্দ্ধ লোমশ্রেণী, তৎপর্য্যায়।—রোম-লতা, রোমালী, লোমরাজী।

রোমালী, স্ত্রী. [রোমন্‌+আলী] বয়ঃসন্ধি; রোমাবলী, নাভির ঊর্দ্ধলোম শ্রেণী।

রোমালু, পুং. [রোমন্‌+আলু] পিণ্ডালু, চুবড়ীআলু।

রোমালুবিটপী পুং. [রোমালু+বিটপিন্‌] কুম্ভীবৃক্ষ

রোমাশ্রয়ফলা, স্ত্রী. [রোমাশ্রয়+ফল-আ] ঝিঞ্ঝিরিষ্টা ক্ষুপ।

রোমোদ্গম, পুং. [রোমন্‌+উদ্গম] রোমাঞ্চ, লোমউঠন, শিহরণ।

রোমোদ্ভেদ, পুং. [রোমন্‌+উদ্ভেদ] রোমাঞ্চ, শিহরণ, গায়ে কাঁটা দেওয়া।

রোয়ালী, (প্রা) বীজধান্য, বীজধানের চারা; রোপিত ধান্য।

রোল, পুং. [রোল+অ] পানীআমলক, পেনেলা।

রোলম্ব, পুং. [রো+লম্ব] ভ্রমর, অলি, ভোমরা।

রোশনচৌকী, (যাং) বাদ্যবিশেষ, শানাই।

রোষ, পুং. [রুষ্‌+অ] ক্রোধ, কোপ, রাগ।

রোষণ, পুং. [রুষ্‌+অন] পারদ, হেমঘর্ষণো-পল, কষ্টিপাতর; উষরভূমি, ক্ষারভূমি; (ত্রি.) ক্রোধন, ক্রোধশীল, রাগী

রোষিত, ত্রি. [রুষ্‌+ইত] রোষপ্রাপিত, রাগান।

রোসংসা, স্ত্রী. [রোসংস+আ] ইচ্ছা, অভি-লাষ।

রোসনাই, (বাং) দীপ্তি, প্র, ভা আলো।

রোহ, পুং. [রুহ+অ] অঙ্কুর, কুঁড়ী, কেকূড়ী।

রোহক, পুং. [রুহ+অক্] প্রেতবিশেষ; (ত্রি.) বহনকর্ত্তা।

রোহণ, ন. [রুহ্+অন] শুক্র, রেতঃ; জন্ম; প্রাদুর্ভাব; আরোহণ; (পুং.) পর্ব্বত-বিশেষ, বিদূরাদ্রি।

রোহন্ত, পুং. [রুহ্+অন্ত] বৃক্ষবিশেষ; বৃক্ষমাত্র।

রোহন্তী, স্ত্রী. [রোহন্ত+ঈ] লতাবিশেষ; লতামাত্র।

রোহি, পুং. [রুহ+ই] বীজ; বৃক্ষ; ধার্ম্মিক।

রোহিণ, ন. [রুহ্+ইন] কালবিশেষ, দিবসীয় নবম মুহূর্ত্ত; (পুং.) ভূতৃণ; বটবৃক্ষ, রোহিতকবৃক্ষ।

রোহিণি, স্ত্রী. [রোহিণ+ই] রোহিণীনক্ষত্র, ২৭ নক্ষত্রের অন্তর্গত চতুর্থনক্ষত্র।

রোহিণিকা, স্ত্রী. [রোহিণ+ইক-আ] কোপাদিদ্বারা রক্তবর্ণাস্ত্রী।

রোহিণী স্ত্রী. [রুহ+ইন্-ঈ] স্ত্রীগবী, স্ত্রীগরু; তড়িৎ, বিদ্যুৎ; কটুম্ভরা; সোমবল্ক; লোহিতা, রক্তবর্ণাস্ত্রী; জিনদিগের বিদ্যাদেবীবিশেষ; কাশ্মরী; হরীতকী; মঞ্জিষ্ঠা লতা; বলদেবের মাতা; সুরভি কন্যা; দক্ষকন্যা, নববর্ষ বয়স্কা কন্যা; বিদ্যাধরীবিশেষ; অশ্বিন্যাদি সপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত চতুর্থনক্ষত্র, তৎপর্য্যায় — রোহিণি, ব্রাহ্মী; গলরোগবিশেষ।

রোহিণীপতি, পুং. [রোহিণী+পতি] চন্দ্র, শশাঙ্ক, বিধু।

রোহিণীবল্লভ, পুং. [রোহিণী+বল্লভ] চন্দ্র, শশধর।

রোহিণীরমণ, পুং. [রোহিণী+রমণ] চন্দ্র; বৃষভ, ষাঁড়; বসুদেব। [দেব।

রোহিণীশ, পুং. [রোহিণী+ঈশ] চন্দ্র; বসু-

রোহিণ্যষ্টমী, স্ত্রী. [রোহিণী+অষ্টমী] রোহিণী নক্ষত্রযুক্ত ভাদ্রমাসের কৃষ্ণাষ্টমী।

রোহিত, ন. [রুহ+ত] কুঙ্কুম; রক্ত; ইন্দ্রের ঋজু শরাসন; (পুং.) মীনবিশেষ, রুইমাছ; মৃগবিশেষ; রোহিতক বৃক্ষ; রক্তবর্ণ; (ত্রি.) রক্তবর্ণবিশিষ্ট।

রোহিতক, পুং, [রোহিত+ক] বৃক্ষবিশেষ, রোহড়াগাছ, তৎপর্য্যায় —রোহী, প্লীহশত্রু, দাড়িমপুষ্পক, রোহীতক, রোহিত, রোহিণ, কূটশাল্মলি, দাড়িমপুষ্প, সদাপ্রসূন, কুটশাল্মলি, বিরোচন, শাল্মলিক।

রোহিতা, স্ত্রী. [রোহিত+আ] ক্রোধাদিদ্বারা রক্তবর্ণাস্ত্রী।

রোহিতাশ্ব, পুং. [রোহিত+অশ্ব] অগ্নি; হরিশ্চন্দ্র রাজার পুত্র; রক্তবর্ণ অশ্ব।

রোহিতিকা, স্ত্রী. [রোহিত+ইক-আ] ক্রোধাদিদ্বারা রক্তবর্ণাস্ত্রী।

রোহিতেয়, পুং. [রোহিত+এয়] রোহিতক বৃক্ষ, রোহড়াগাছ।

রোহিৎ, পুং. [রুহ্+ইৎ] সূর্য্য; বর্ণভেদ; মৎস্যবিশেষ, রুইমাছ; (স্ত্রী.) মৃগী, হরিণী; লতাবিশেষ।

রোহিষ, ন. [রুহ+ঈষ্] তৃণবিশেষ; (পুং.) মৎস্যবিশেষ; মৃগবিশেষ।

রোহী, পুং. [রুহ্+ইন্] রোহিতকবৃক্ষ, রোহড়া গাছ; অশ্বত্থবৃক্ষ; বটবৃক্ষ, বটগাছ।

রোহীতক পুং. [রোহীত+ক] রোহিতক বৃক্ষ, রোহড়াগাছ।

রৌচা, পুং. [রুচ+ষ] মনুবিশেষ।

রৌক্ম, ত্রি. [রুচ্+ম] স্বর্ণময়; স্বর্ণ।

রৌদ, (প্রা) সূর্য্যতেজঃ, আতপ।

রৌদ্র, ন. [রুদ্র+অ] শৃঙ্গারাদি অষ্ট রসান্তর্গত শেষরস, তৎপর্য্যায়।—উগ্র; (পুং.), সূর্য্যতেজঃ, তৎপর্য্যায়।—ঘর্ম্ম, প্রকাশ, দ্যোত, আতপ; রসবিশেষ; হেমন্তঋতু; যম; (ত্রি.) তীব্র, প্রচণ্ড; ভীষণ; রুদ্রসম্বন্ধীয়।

রৌদ্রী, স্ত্রী. [রৌদ্র+ঈ] চণ্ডী; রুদ্রজটা; মহারৌদ্রী নাম্নী চামুণ্ডা।

রৌপ্য, ন. [রূপ্য+অ] রূপা, রূপা, রজত।

রৌম, ন. [রুম+অ] শাম্ভরিলবণ।

রৌমক, ন. [রৌম+ক] শাম্ভরিলবণ, তৎপর্য্যায়।—বসুক

রৌমলবণ, ন. [রৌম+লবণ] শাম্ভরিলবণ।

রৌরব, পুং. [রুরু+অ] নরকবিশেষ; ঘোর, ভয়ানক (ত্রি.) ধূর্ত্ত; চঞ্চল; ঘোর।

রৌহিট্, পুং. [রুহ+ইশ্] রৌহিষমৃগ।

রৌহিণ, ন. [রুহ+ইন] দিবসেরনবম মুহূর্ত্ত; চন্দন বৃক্ষ।

রৌহিণেয়, পুং. [রোহিণী+এয়] বলদেব, বলরাম; বুধগ্রহ; (ন.) মরকতমণি; (ত্রি.) গোবৎস, বাছুর।

রৌহিষ, ন. [রোহিষ+অ] কত্তৃণ; রোহিষ তৃণ; (পুং.) মৃগবিশেষ; রোহিত মৎস্য।

রৌহিষী, স্ত্রী. [রোহিষ+অ-ঈ] মৃগী, হরিণী; দূর্ব্বা।

রৌক্ষ্য, ন. [রুক্ষ+য] রুক্ষতা, রুক্ষত্ব, অচিক্কণতা, নিঃস্নেহতা।

ল

শিশুপালহা, পুং. [শিশুপাল+হন্] শ্রীকৃষ্ণ।

শিশুবাহক, পুং. [শিশু+বাহক] বনছাগ, বনছাগল; (ত্রি.) বালক বহনকর্ত্তা।

শিশুবাহক, পুং. [শিশু+বাহক] বনছাগ, বনছাগল; (ত্রি.) বালক বহনকর্ত্তা।

শিশুবোধ, পুং. [শিশু+বোধ] বালকবোধার্থ পুস্তকবিশেষ; বালকের তুল্য জ্ঞান।

শিশুভাব, পুং. [শিশু+ভাব] শিশুত্ব, বাল্যাবস্থা; তান্ত্রিক ভাববিশেষ।

শিশুমার, পুং. [শিশু+মার] জল জন্তুবিশেষ, শোঁষ, শুশুক, তৎপর্য্যায়।—শিশুক, উলুপী, চুলুকী, অম্বুকূর্ম্ম, অম্বুকীশ, সীরক, বাংকিটি, জলশূকর।

শিশ্ন, পুং. [শিশ+ন] মেঢ্র, পুরুষচিহ্ন, লিঙ্গ, ধ্বজ, উপস্থ, চর্ম্মদণ্ড।

শিশ্নোদরপরায়ণ, পুং. [শিশ্ন+উদর-পরায়ণ] আহার ও বিহার মাত্র কর্ম্মে যত্নবান।

শিশ্বিদান, ত্রি. [শ্বিত+আন] পাপকর্ম্মা, পাপী, তৎপর্য্যায়।—কৃষ্ণকর্ম্মা; অকৃষ্ণকর্ম্মা, নিষ্পাপী।

শিষ, (প্রা) ধান্যাদির শীর্ষ, মঞ্জরী, ধানের শিখা।

শিষ্ট, ত্রি. [শিষ্+ত] সভ্য, শান্ত, সুবুদ্ধি, ধীর; সুশীল; অবশিষ্ট, বাকী।

শিষ্টতা, স্ত্রী. [শিষ্ট+ত-আ] সভ্যতা, শিষ্টের ধর্ম্ম, নম্রতা, ধীরতা।

শিষ্টত্ব, ন. [শিষ্ট+ত্ব] নম্রতা, শিষ্টতা, ধীরতা, সভ্যতা।

শিষ্টাচার, পুং. [শিষ্ট+আচার] সাধু ব্যবহার, ভদ্রতা, বিশিষ্ট লোকের ব্যবহার; সভ্যাচার।

শিষ্টি, স্ত্রী. [শাস্+তি] আজ্ঞা, শাসন; অনুমতি।

শিষ্য, ত্রি. [শাস্+য] উপদিশ্য, পড়ুয়া, তৎপর্য্যায়।—ছাত্র, অন্তেবাসী, অন্তেষৎ, অন্তেষদ।

শিহরণ, (প্রা) লোমাঞ্চহওন; ভয়াদি হেতু গাত্র স্পন্দন।

শিহ্ল, পুং. [শিহ্ল+অ] গন্ধ দ্রব্যবিশেষ, শিহ্লক, শিলারস, শিহ্লা; লোবান্।

শিহ্লক, পুং. [শিহ্ল+ক] গন্ধ দ্রব্যবিশেষ, শিলারস, শিহ্লা; লোবান্, তৎপর্য্যায়। —কপিনামা, কপি, তৈল, কৃত্রিম,

কলিজ, চলা, তুরুক্ক, মুক্তিমুক্ত, পিওাত, বর, পিওক, সিহ্ল, যাবন।

শিক্ষক, ত্রি. [শিক্ষ+অক] শিক্ষাদায়ক, অধ্যাপক; শাসনকর্ত্তা।

শিক্ষণ, ত্রি. [শিক্ষ+অন] বিদ্যোপাদান, বিদ্যাগ্রহণ, অধ্যয়ন; অভ্যাস।

শিক্ষয়িতা, ত্রি. [শিক্ষয়ি+তৃ] শিক্ষক, অধ্যাপক।

শিক্ষা, স্ত্রী. [শিক্ষ+অ-আ] শিক্ষণ, অভ্যাস; শ্যোণাক বৃক্ষ; উচ্চারণবোধক বেদাঙ্গশাস্ত্রবিশেষ; উপদেশ।

শিক্ষাকর, পুং. [শিক্ষা + কর] বেদব্যাস; (ত্রি.) শিক্ষাকর্ত্তা।

শিক্ষাকরণ, ন. [শিক্ষা + করণ] অভ্যসন, শিক্ষাকরা।

শিক্ষাকর্ত্তা, ত্রি. [শিক্ষা+কর্ত্তৃ] শিক্ষাকারক, অভ্যাসকারী।

শিক্ষাগুরু, পুং. [শিক্ষা+গুরু] বিদ্যাদাতা গুরু; মন্ত্রাদি উপদেশ কর্ত্তা, দীক্ষা গুরু।

শিক্ষাদাতা, পুং. [শিক্ষা+দাতৃ] অধ্যাপক, উপদেশক, যিনি উপদেশ দেন।

শিক্ষাদায়ক, পুং. [শিক্ষা+দায়ক] অধ্যাপক, শিক্ষক, উপদেশক

শিক্ষার্থী, ত্রি. [শিক্ষা + অর্থিন্] শিক্ষাভিলাষী।

শিক্ষিত, ত্রি. [শিক্ষ+ইত] বিজ্ঞ; শিক্ষাযুক্ত, শিক্ষাপ্রাপ্ত, কৃতবিদ্য।

শিক্ষিতব্য, ত্রি. [শিক্ষ+ই-তব্য] শিক্ষণীয়, শিখিবার যোগ্য।

শিক্ষিতাক্ষর, পুং. [শিক্ষিত+অক্ষর] শিক্ষাকারী, ছাত্র, পড়ুয়া; অভ্যস্তাক্ষর।

শিক্ষ্য, ত্রি. [শিক্ষ+য] শিক্ষিতব্য, শিক্ষণীয়, শিখিবার যোগ্য।

শী, স্ত্রী. [শী+কিপ্] শান্তি; শয়ন।

শীকর, ন. [শীক্+অর] শরলদ্রব; (পুং.) বায়ুাদি প্রেরিত জলকণা, জলবিন্দু; বায়ু; শিশির।

শীকরী, স্ত্রী. [শীকর+ঈ] জলকণা, জলকণার সহিত মিলিত।

শীঘ্র, ন. [শীঘ্+র] বিলম্বাভাব, অবিলম্ব, ত্বরা, তৎপর্য্যায়।—ত্বরিত, লঘু, ক্ষিপ্র, অর, দ্রুত, সত্বর, চপল, তূর্ণ, অবিলম্বিত, আশু, স্রাক্, ঝটিতি, অঞ্জসা, অহ্নায়; সপদি, দ্রাক্, মংক্ষু; তদ্বৈদিক পর্য্যায় যথা।—ক্ষু, মক্ষু, দ্রবৎ, ওষ, জীরা, জূর্ণি, সূর্ত্তা, শুষনাশ, শীভ, তৃয়, তুয়, তুর্ণি, অজির, ভুরণ্যু, শু, আশু, প্রাশু, তূওজি, তুপজান, ওজ্যমানাস, অত্রা, সাচীবৎ, দ্যুগৎ, তাজৎ, তরণি, বাতরংহা; (ত্রি.) ত্বরাযুক্ত, শীঘ্রতাযুক্ত, সত্বর।

শীঘ্রগ, ত্রি. [শীঘ্র+গ] দ্রুতগামী, ত্বরিতগতি; (পুং.) বায়ু, বাতাস।

শীঘ্রগামী, ত্রি. [শীঘ্র + গামিন্] আশুগমনশীল. দ্রুতগামী, ত্বরিতগতি।

শীঘ্রচেতন, পুং. [শীঘ্র + চেতন] কুক্কুর, কুকুর; (ত্রি.) আশু চেতনাযুক্ত।

শীঘ্রজন্মা, পুং. [শীঘ্র+জন্মন্] করঞ্জবিশেষ, কাঁটা করঞ্জ।

শীঘ্রতা, স্ত্রী. [শীঘ্র+ত-আ] সত্বরতা, দ্রুততা, ক্ষিপ্রতা।

শীঘ্রপুষ্প, পুং. [শীঘ্র + পুষ্প] অগস্ত্যবৃক্ষ।

শীঘ্রবেধী, পুং. [শীঘ্র+বেধিন্] আশুশর বেধকর্ত্তা, লঘুহস্ত।

শীঘ্রা, স্ত্রী. [শীঘ্+র-আ] বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ।

শীঘ্রিয়, ত্রি. [শীঘ্র+ইয়] দ্রুতসম্বন্ধীয়, শীঘ্রভব; (পুং.) শিব; বিষ্ণু।

[শীঘ্রী]য়, ত্রি. [শীঘ্র+ঈয়] দ্রুতসম্বন্ধীয়।

শীত, ন. [শী+ত] হিমগুণ, শৈত্যগুণ, শীতলতা; জল; ত্বচ; (পুং.) বেতসবৃক্ষ; বহুবারক বৃক্ষ, ভব্য, চালতাগাছ; অশনপর্ণী; পর্পট; নিম্ব; কর্পূর; হিমঋতু; (ত্রি.) শীতল; অলস; কথিত, অতিশয় পক্ব দশমূলাদি পাচন।

শীতঋতু, ন. [শীত+ঋতু] হেমন্তকাল, অগ্রহায়ণ ও পৌষমাস

শীতক, পুং.. [শীত+ক] শীতকাল, হেমন্তকাল; সুস্থিত; দীর্ঘসূত্রী, যে ব্যক্তি চির-

কালে কর্ম্ম করে; অশনপর্ণীবৃক্ষ; বৃশ্চিক, বিছা।

শীতকর, পুং. [শীত+কর] চন্দ্র; (ত্রি.) শীতল পাণিযুক্ত; শীতকারক।

শীতকষায়, পুং. [শীত+কষায়] হিমকষায়।

শীতকাল, পুং. [শীত+কাল] হিমঋতু, অগ্রহায়ণ ও পৌষমাস, তৎপর্য্যায়।—শীতক, হেমন্ত, সহাঃ, হৈমন্। [সমঞ্জি।

শীতকালীন, ত্রি. [শীত+কালীন] শীতকাল

শীতকিরণ, পুং. [শীত+কিরণ] চন্দ্র, শীতকর, হিমকর, শীতগু।

শীতকুম্ভ, পুং. [শীত+কুম্ভ] করবীরবৃক্ষ, করবীগাছ।

শীতকুম্ভী, স্ত্রী. [শীত+কুম্ভ-ঈ] জলজ বৃক্ষবিশেষ, শীউলিছোপ।

শীতকৃচ্ছ্র, পুং. [শীত+কৃচ্ছ্র] ব্রতবিশেষ, তিন২ দিবস করিয়া ঘৃত দুগ্ধ ও জল পানপূর্ব্বক উপবাস ব্রত।

শীতগন্ধ, ন. [শীত+গন্ধ] শ্বেতচন্দন।

শীতগু, পুং. [শীত+গো] চন্দ্র, শীতকিরণ; হিমকর।

শীতচম্পক, পুং. [শীত+চম্পক] দর্পণ, আর্সী; প্রদীপ।

শীতড়ী, (প্রা) শীত বস্ত্রবিশেষ; ব্রণবিশেষ।

শীতপর্ণী, স্ত্রী. [শীত+পর্ণ-ঈ] অর্কপুষ্পিকা, অর্কহুলী লতা।

শীতপল্লবা, স্ত্রী. [শীত+পল্লব-আ] ভূমিজম্বু, ভুঁইজাম।

শীতপাকিনী, স্ত্রী. [শীত+পাকিন্-ঈ] কাকোলী, ভুঁইজাম; মহাসমঙ্গা, (হিং) কগহিয়া।

শীতপাকী, স্ত্রী. [শীত+পাক-ঈ] বাট্যালক, বেড়েলা; কাকোলী, ভুঁইজাম; গুঞ্জা, কুচ।

শীতপুষ্প, পুং. [শীত+পুষ্প] শিরীষবৃক্ষ; (ন.) সুগন্ধ তৃণবিশেষ।

শীতপুষ্পক, ন. [শীত+পুষ্পক] শৈলনির্যাস, শিলাজ।

শীতপুষ্পা, স্ত্রী. [শীত+পুষ্প-আ] অতিবলা, গুরুশকরী।

শীতপ্রভ, পুং. [শীত+প্রভা] চন্দ্র; কর্পূর; (ত্রি.) শীতল প্রভাযুক্ত।

শীতপ্রিয়, পুং. [শীত+প্রিয়] পর্পট, ক্ষেতপাপড়া

শীতফল, পুং. [শীত+ফল] উডুম্বর, যজ্ঞডুম্বুর; শেলু, বহুবারক বৃক্ষ।

শীতবলা, স্ত্রী. [শীত+বল-আ] মহাসমঙ্গা, (হিং) কগহিয়া।

শীতবল্ক, পুং. [শীত+বল্ক] উডুম্বর, যজ্ঞডুম্বুর; (ত্রি.) শীতল বল্কল।

শীতবীর্য্য, ন. [শীত+বীর্য্য] শীত প্রধান স্থান; অধিক শীতল; (পুং.) প্লক্ষবৃক্ষ, পাকুড় গাছ।

শীতবীর্য্যক, পুং. [শীত+বীর্য্যক] প্লক্ষবৃক্ষ; (ত্রি.) শীতল বীর্য্যযুক্ত।

শীতভানু, পুং. [শীত+ভানু] চন্দ্র, শীতাংশু।

শীতভীত, ত্রি. [শীত+ভীত] শীতহেতু শঙ্কিত, শীতকাতর।

শীতভীরু, স্ত্রী. [শীত+ভীরু] মল্লিকা; (ত্রি.) শীতভীত, শীতহেতু শঙ্কিত।

শীতমঞ্জরী, স্ত্রী. [শীত+মঞ্জরী] শেফালী, শিউলী।

শীতময়ূখ, পুং. [শীত+ময়ূখ] চন্দ্র; কর্পূর।

শীতমরীচি, পুং. [শীত+মরীচি] চন্দ্র; কর্পূর।

শীতমূলক, ন. [শীত+মূলক] উশীর, বেণারমূল; (ত্রি.) শীতল মূলযুক্ত।

শীতরম্য, পুং. [শীত+রম্য] প্রদীপ; (ত্রি.) শীতেরমণীয়।

শীতরুচ্, পুং. [শীত+রুচ্] চন্দ্র।

শীতরশ্মি, পুং. [শীত+রশ্মি] চন্দ্র; কর্পূর।

শীতল, ন. [শীত+ল] পুষ্পকাসীস; শৈলজ; মলয়োদ্ভব, চন্দন; পদ্মক; মৌক্তিক, শৈত্য; বীরণমূল; (পুং.) অশনপর্ণী; অর্হদ্বিশেষ, চতুর্ব্বিংশতি তীর্থঙ্কর মধ্যে দশমতীর্থঙ্কর; ব্রতবিশেষ; চন্দ্র; বহুবার বৃক্ষ; চম্পক; কর্পূরবিশেষ; রাল, ধুনা; (ত্রি.) শীতগুণবিশিষ্ট, ঠাণ্ডা, তৎপর্য্যায়।—সুষীম, শিশির, জড়, তুষার, শীত, হিম।

শীতলক, ন. [শীতল+ক] সিতোৎপল, শ্বেতপদ্ম; (পুং.) মরুবক, ময়নাগাছ।

শীতলচ্ছদ, পুং. [শীতল+ছদ] চম্পক, চাঁপা; শীতলপত্র।

শীতলজল, ন. [শীতল+জল] উৎপল, পদ্ম; হিমবারি।

শীতলতা, স্ত্রী. [শীতল+ত-আ] শীতলত্ব, স্নিগ্ধতা, শীততা।

শীতলত্ব, ন. [শীতল+ত্ব] জড়তা; শীতলতা, স্নিগ্ধতা।

শীতলপত্রিকা, স্ত্রী. [শীতল+পত্রিকা] বৃক্ষবিশেষ, শীতলপাটীর গাছ।

শীতলপাটী, (গ্রা) বৃক্ষত্বক্ নির্ম্মিত স্নিগ্ধ আস্তরণবিশেষ।

শীতলপ্রদ, পুং. [শীতল+প্রদ] চন্দন; (ত্রি.) হিমদাতা; স্নিগ্ধতাদায়ক।

শীতলবাতক, পুং. [শীতল+বাতক] অশনপর্ণী; (ত্রি.) শীতলবায়ুযুক্ত।

শীতলা, স্ত্রী. [শীত+ল-আ] বৃক্ষবিশেষ, শীতলীবৃক্ষ; দেবীবিশেষ, বসন্তবিস্ফোটকাদির অধিষ্ঠাত্রী দেবতা; কুটুম্বিনী; আরামশীতলা; বালুকা।

শীতলাষষ্ঠী, স্ত্রী. [শীতলা+ষষ্ঠী] মাঘমাসের শুক্লাষষ্ঠী।

শীতলী, স্ত্রী. [শীতল+ঈ] জলজবৃক্ষবিশেষ শিউলীছোপ্ তৎপর্য্যায়।—শীতকুম্ভী, শুক্লপুষ্পা, জলোদ্ভবা, কালালসারিবা।

শীতশিব, ন. [শীত+শিব] সৈন্ধবলবণ; শৈলেয়নামে গন্ধদ্রব্য; (পুং) মধুরিকা, মৌরি; শক্তুকলাবৃক্ষ।

শীতশিবা, স্ত্রী. [শীত+শিব+আ] মিশ্রেয়া, মৌরি; শমীবৃক্ষ, শাঁইগাছ।

শীতশূক, পুং. [শীত+শূক] যব; (ত্রি.) শূকযুক্ত।

শীতসহ, পুং. [শীত+সহ] পীলুবৃক্ষ; (ত্রি.) শীতসহনীয়

শীতসহা, স্ত্রী. [শীত+সহ-আ] নীলসিন্ধুবার, বাসন্তী, মাধবীলতা।

শীতক্ষার, ন. [শীত+ক্ষার] শ্বেতটঙ্কণ, শাদা সোহাগা।

শীতা, স্ত্রী. [শীত+আ] রামচন্দ্রেরপত্নী; লাঙ্গলপদ্ধতি; অতিবলা; কুটুম্বিনী; দূর্ব্বা; শিল্পিকাতৃণ।

শীতাংশু, পুং. [শীত+অংশু] কর্পূর; চন্দ্র; শীতকিরণ।

শীতাংশুতৈল, ন. [শীতাংশু+তৈল] কর্পূরতৈল।

শীতাঙ্গী, স্ত্রী. [শীত+অঙ্গ-ই] হংসপদী বৃক্ষ; (ত্রি.) শীতলাঙ্গ, স্নিগ্ধশরীর।

শীতাদ, পুং. [শীত+অদ] দন্তরোগবিশেষ।

শীতাদ্রি, পুং. [শীত+অদ্রি] হিমালয় পর্ব্বত, হিমগিরি।

শীতাবলা, স্ত্রী. [শীত+আবল-আ] মহাসমঙ্গা।

শীতাভ, পুং. [শীত+আভ] কর্পূর।

শীতাভ্র, পুং. [শীত+অভ্র] কর্পূর; শাদামেঘ।

শীতার্ত্ত, ত্রি. [শীত+অর্ত্তি] শীতদ্বারাপীড়িত তৎপর্য্যায়।—শীতালু, শীতকাতর।

শীতালু, ত্রি. [শীত+আলু] সীতার্ত্ত, শীতকাতর।

শীতাশ্ম, পুং. [শীত+অশ্মন্] চন্দ্রকান্তমণি; শীতল প্রস্তর।

শীতীভাব, পুং. [শীতী+ভাব] মোক্ষ, মুক্তি; শীতলত্ব।

শীতোত্তম, ন. [শীত+উত্তম] জল, সলিল, বারি।

শীত্য, ত্রি. [শীত+য] সীত্য, কৃষ্ট, চসা; শীতযোগ্য।

শীৎকার, পুং. [শীৎ+কার] শ্রেষ্ঠস্ত্রীদিগের রতিকালীন ধ্বনি, শিহরণ।

শীৎকৃত, ন. [শীৎ+কৃত] শীৎকার, শ্রেষ্ঠাদিগের রতি কালীন ধ্বনি, শিহরণ।

শীধু, পুং.ন. [শী+ধু] পক্কইক্ষুরস কৃতমদ্য, একোগুড়ের মদ; মধু।

শীধুগন্ধ, পুং. [শীধু+গন্ধ] বকুলবৃক্ষ; মদাগন্ধ।

শীধুপ, ত্রি. [শীধু+পা-অ] শীধুপানকর্ত্তা, ইক্ষুগুড় মদ্যপানকারী।

শীন, ত্রি. [শ্যৈ+ত] ঘনীভূতঘৃতাদি. (পুং.) মূর্খ; অজগর সর্প।

শীফালিকা, স্ত্রী. [শীফাল+ইক-আ] শেফালিকাবৃক্ষ, শিউলীগাছ।

শীবল, ন. [শী+বল] শৈলজনামে গন্ধদ্রব্য; শৈলেয়; শৈবাল, শেওলা।

শীবা, পুং. [শী+বন্] অজগরসর্প।

শীভর, পুং. [শী+ভর] শীকর, জলকণা, বায়ু।

শীভা, পুং. [শীভ+য] শিব, মহাদেব; বৃষ, ষাঁড়।

শীর, পুং. [শৃ+র] অজগরসর্প।

শরীরী, পুং. [শীর+ইন্] হরিদ্দর্ভ, হরিদ্গর্ভ হরিদ্বর্ণ কুশা।

শীর্ণ, ন. [শৄ+ন] সুগন্ধ দ্রব্যবিশেষ, স্থৌণেয়ক, (হিং.) থুনিয়া; (ত্রি.) কৃশ; বিশীর্ণ, শুষ্ক; ছিন্ন; পতিত।

শীর্ণতা, স্ত্রী. [শীর্ণ+ত-আ] ক্ষীণতা, কৃশত্ব।

শীর্ণত্ব, ন. [শীর্ণ+ত্ব] কৃশতা, শীর্ণতা।

শীর্ণপত্র, পুং. [শীর্ণ+পত্র] কর্ণিকারবৃক্ষ; পট্টিকালোধ্র; নিম্ব; (ন.) বিশীর্ণপত্র।

শীর্ণপর্ণ, পুং। [শীর্ণ+পর্ণ] নিম্ববৃক্ষ, (ন.) বিশীর্ণপত্র।

শীর্ণপাদ, পুং. [শীর্ণ+পাদ] যম, অন্তক, কৃশচরণ। [পুষ্পীগুল্মকা।

শীর্ণপুষ্পিকা, স্ত্রী. [শীর্ণ+পুষ্পিকা] অবাক্-

শীর্ণবৃন্ত, ন. [শীর্ণ+বৃন্ত] বৃহদ্গোল, তরমুজ, তৎপর্য্যায়।—সুখবাস সুখাশ।

শীর্ণমালা, স্ত্রী. [জীর্ণ+মালা] বৃক্ষবিশেষ, পৃশ্নিপর্ণী; বিশীর্ণমালা।

শীর্ণাঙ্ঘ্রি, পুং. [শীর্ণ+অঙ্ঘ্রি] যম, কাল (ত্রি.) কৃশচরণ।

শীর্ত্তি, ত্রি. [শৄ+ক্তি] অপকারক, হিংসক।

শীর্ষ, ন. [শিরস্+অ] মস্তক, শিরঃ; কৃষ্ণাগুরু।

শীর্ষক, ন. [শীর্ষ+ক] মস্তক, শিরোরক্ষণ সন্নাহ, টোপ, পাগড়ী, তৎপর্য্যায়।—শীর্ষণ্য, শিরস্ত্র; শিরোস্থি, মাথারখুলি; জয় ও পরাজয়পত্র; (পুং) রাহুগ্রহ।

শীর্ষঘাতী, ত্রি. [শীর্ষ+ঘাতিন্] মস্তকচ্ছেদক, শিরশ্ছেদক।

শীর্ষচ্ছেদিক, ত্রি. [শীর্ষ+ছেদিক] বধার্হ, বধযোগ্য, মস্তকচ্ছেদনের উপযুক্ত।

শীর্ষচ্ছেদ্য, ত্রি. [শীর্ষ+ছেদ্য] শিরশ্ছেদনোপযুক্ত, বধ্য।

শীর্ষণ্য, ন. [শীর্ষন্+য] শীর্ষক, শিরস্ত্র, শিরস্ত্রাণ, টোপ, পাগড়ী; (পুং.) বিষদকচ, পরিষ্কার চুল, তৎপর্য্যায়।—শিরাস্ত্র। [পাগড়ী।

শীর্ষরক্ষ, ন. [শীর্ষ+রক্ষ] শিরস্ত্রাণ, টোপ,

শির্ষোদয়, পুং; [শীর্ষ+উদয়] মিথুন সিংহ কন্যা তুলা বৃশ্চিক কুম্ভ মীন এই সমস্ত রাশির লগ্নরূপ।

শীল, ন. [শীল+অ] স্বভাব; সদ্বৃত্ত, সচ্চরিত্র; ব্রহ্মণ্যতাদি ত্রয়োদশ বিধ ধর্ম্মমূল, তদ্যথা।—ব্রহ্মণ্যতা, দেব ও পিতৃভক্তা, সাধুতা, অপরোপতাপিতা, অনসূয়তা, মৃদুতা, অপারুষ্য, মৈত্রতা, প্রিয়বাদিত্ব, কৃতজ্ঞতা, শরণ্যতা, কারুণ্য, প্রশান্তি; রাগদ্বেষবর্জ্জন; (পুং.) অজগর সর্প; চরিত্র।

শীলতা, স্ত্রী. [শীল+ত-আ] সচ্চরিত্রতা, সুস্বভাবতা, সাধুতা।

শীলত্ব, ন. [শীল+ত্ব] শীলতা, সচ্চরিত্রতা, সাধুতা।

শীলন, ন. [শীল+অন] অভ্যসন, পুনঃ২ উচ্চারণ; অতিশায়ন; উপধারণ; সেবা ভাবন; প্রবর্ত্তন; আলোচনা. পাঠনিশ্চয়।

শীলবান্, ত্রি. [শীল+বৎ] শীলবিশিষ্ট, সংস্বভাব, সুশীল; সদ্বৃত্ত, সচ্চরিত্র।

শীলা, স্ত্রী. [শীল+আ] কৌণ্ডিন্যমুনির পত্নী।

শীলিত, ন. [শীল+ইত] চীর্ণ, সুস্বভাবযুক্ত, সুশীল; (ত্রি.) অভ্যস্ত, শিক্ষিত।

শীশ, (গ্রা) মুখবাদ্যবিশেষ; শীশকারবিশেষ।

শুঁটী, (প্রা) ছিমূড়া; কলায়শুটী; কলম্বক্‌।

শুঁঠ, (প্রা) শুষ্কআদ্রক, শুকনা আদা।

শুঁড়, (প্রা) করিকর, হাতির শুঁড।

শুঁড়ী, (প্রা) শুণ্ডী, শৌণ্ডিক, মদ্যবিক্রেতা; সুক্ষ্মপথ।

শুঁয়া, (প্রা) ধান্যাদির অগ্রভাগ।

শুক্‌, স্ত্রী. [শুচ্‌+ক্বিপ] শোক, অনুতাপ।

শুক, ন. [শুচ+অ] গ্রন্থিপর্ণ, গাঠিয়ালা; বস্ত্র; বস্ত্রাঞ্চল; শিরস্ত্রাণ, পাগড়ী শোণকবৃক্ষ; (পুং.) পক্ষিবিশেষ, শুয়া, (হিং) শুগা, তৎপর্য্যায়।—কীর, বক্রতুণ্ড, মেধাবী, দাড়িমপ্রিয়; রক্তুতুণ্ড, বক্রচঞ্চু, চিমি, চিমিক, শূক, প্রিয়দর্শন, মঞ্জুপাঠক, ব্যাসের পুত্র; রাবণমন্ত্রী; শিরীষবৃক্ষ; বৃক্ষবিশেষ- শেয়ালকাঁটা; টিয়াপাখী।

শুকচ্ছদ, ন. [শুক+ছদ] গ্রন্থিপর্ণ, গাঠিয়ালাগাছ। [শুয়াঠোঁটী।

শুকজিহ্বা, স্ত্রী. [শুক+জিহ্বা] বৃক্ষবিশেষ

শুকতরু, পুং. [শুক+তরু] শিরীষবৃক্ষ।

শুকদেব, পুং. [শুক+দেব] ব্যাসতনয়, ব্যাসপুত্র

শুকদ্রুম, পুং. [শুক+দ্রুম] শিরীষবৃক্ষ।

শুকন, (প্রা) শুষ্ককরণ, শোধন, কৃশহওন।

শুকনা, (প্রা) শুষ্ক, নীরস, ম্লান।

শুকনামা, স্ত্রী. [শুক+নাম-আ] বৃক্ষবিশেষ, শুকজিহ্বা, শুয়াঠোঁটী; (ত্রি.) শুকসংজ্ঞক।

শুকনাশন, পুং. [শুক+নাশন] দদ্রুঘ্ন, চক্রমর্দ্দকবৃক্ষ; (ত্রি.) শুকনাশক।

শুকনাস, পুং. [শুক+নাস] শোণাকবৃক্ষ; (ত্রি.) শুকবৎনাসাযুক্ত।

শুকপিণ্ডি, স্ত্রী. [শুক+পিণ্ডি] শুকশিম্বী, আলকুশীগাছ।

শুকপুচ্ছ, পুং. [শুক+পুচ্ছ] গন্ধক, শুক পক্ষির লাঙ্গুল।

শুকপুচ্ছক, ন. [শুক+পুচ্ছক] স্থৌণেয়, গ্রন্থিপর্ণ নামক গন্ধদ্রব্য, গাঠিয়ালা; (ত্রি.) শুকবৎপুচ্ছযুক্ত।

শুকপুষ্প, ন. [শুক+পুষ্প] গ্রন্থিপর্ণ নামক গন্ধদ্রব্য, স্থৌণেয়, গাঁঠিয়ালা; (পুং.) শিরীষবৃক্ষ

শুকপ্রিয়, পুং. [শুক+প্রিয়] শিরীষবৃক্ষ, (ত্রি.) শুকবল্লভ, দাড়িম। [জাম।

শুকপ্রিয়া, স্ত্রী. [শুক+প্রিয়-আ] জম্বু,

শুকফল, পুং. [শুক+ফল] অর্কবৃক্ষ আকন্দগাছ।

শুকবর্হ, ন. [শুক+বর্হ] গন্ধদ্রব্যবিশেষ, গাঁঠিয়ালা।

শুকবল্লভ, পুং. [শুক+বল্লভ] দাড়িম; (ত্রি) শুকপ্রিয়।

শুকবাহ, পুং. [শুক+বাহ] কামদেব; (ত্রি) শুকপক্ষিবাহক, দাঁড, পিঞ্জর।

শুকম্‌, ব্য. [শুক্‌+অম্‌] শীঘ্র, অবিলম্ব, দ্রুত, ক্ষিপ্র।

শুকশিম্বা, স্ত্রী. [শুক+শিম্ব+আ] কপিকচ্ছু আলকুশী গাছ।

শুকশিম্বি, স্ত্রী. [শুক+শিম্ব-ই] বৃক্ষবিশেষ আলকুশীগাছ।

শুকাখ্যা, স্ত্রী. [শুক+আখ্যা] বৃক্ষবিশেষ, শুয়াঠুঁটি, তৎপর্য্যায়।—শুকনামা, শুক জিহ্বা, শুকাননা। [নীরস।

শুকাঢ্যা, স্ত্রী. [শুক+আঢ্য-আ] শুষ্কতা,

শুকাদন, পুং. [শুক+অদন] দাড়িম; (ত্রি) শুকপক্ষির ভোজনীয় দ্রব্য।

শুকান, (প্রা) শুষ্ককরণ, শোষণ, নীরসকরণ।

শুকাননা, স্ত্রী. [শুক+আনন-আ] শুকাখ্যবৃক্ষ; (ত্রি) শুকতুল্য মুখ।

শুকী, স্ত্রী, [শুক+ঈ] কশ্যপমুনিরপত্নী; শুকপক্ষিণী।

শুকোদর, ন. [শুক+উদর] তালীশপত্র; ক

শুকৃটি, (প্রা) শুষ্ক, শুকনা, নীরস।

শুকৃটিমাছ, (প্রা) শুষ্কমৎস্য, শুকনামাছ।

শুক্ত, ন. [শুচ্‌+ত] মাংস; কাঞ্জিক, কাঁজী দ্রবদ্রব্যবিশেষ; (ত্রি.) নিষ্ঠুর; পূত; অম্ল; শিষ্ট; নির্জ্জন।

শুক্তা, স্ত্রী. [শুচ্‌+ত-আ] চুক্রিকা, চুকাপালঙ্গ; নালিতাশাক।

শুক্তি, স্ত্রী. [শুচ্+তি] জলজন্তুবিশেষ, ঝিনুক, তৎপর্য্যায়।—মুক্তাস্ফোট; শুক্তিকা, মুক্তিপ্রসূ, মহাশুক্তি, মৌক্তিক, মৌক্তিকপ্রসবা, মৌক্তিকশুক্তি, মুক্তামাতা; কপালখণ্ড; শঙ্খ; শঙ্খনখ; নখীনামক গন্ধদ্রব্য; অর্শরোগ; অশ্বের বক্ষঃস্থলে লোমাবলীকৃত আবর্ত্তদ্বয়; চক্ষুরোগবিশেষ; কর্ষদ্বয় পরিমাণ; চতুস্তোলক পরিমাণ, তৎপর্য্যায়।—অষ্টমিকা।

শুক্তিকা, স্ত্রী. [শুক্তি+ক-আ] মুক্তাস্ফোট, ঝিনুক; চুক্রিকা, চুকাপালঙ্গ

শুক্তিজ, ন. [শুক্তি+জন্-অ] মুক্তা, মৌক্তিক।

শুক্তিপুট, ন. [শুক্তি+পুট] শুক্তিপেষী।

শুক্তিপেশী, স্ত্রী. [শুক্তি+পেশী] শুক্তিপুট।

শুক্তিবধূ, স্ত্রী. [শুক্তি+বধূ] মৌক্তিকপ্রসবা, মুক্তাপ্রসূ। [মৌক্তিক।

শুক্তিবীজ, ন. [শুক্তি+বীজ] মুক্তা;

শুক্তিমান্, পুং. [শুক্তি+মৎ] পর্ব্বতবিশেষ; সপ্ত কুলাচল যথা।—মহেন্দ্র, মলয়, সহ্য, শুক্তিমান্, গন্ধমাদন, বিন্ধ্য, পারিপাত্র।

শুক্র, ন. [শুচ্+র] মজ্জাজাত ধাতুবিশেষ তৎপর্য্যায়।—পুংস্ত্ব, রেত, বীজ, বীর্য্য, পৌরুষ, তেজঃ, ইন্দ্রিয়, অন্নবিকার, মজ্জারস, রোহণ, বল; নেত্র রোগবিশেষ; (পুং.) গ্রহবিশেষ, তৎপর্য্যায়।—দৈত্যগুরু, কাব্য, উশনা, ভার্গব, কবি, সিত, আস্ফুজিৎ, শত পর্ব্বেশ, ভৃগুসুত, ভৃগু, ষোড়শার্চ্চিঃ, মঘাভূ, শ্বেত, শ্বেতরথ, ষোড়শাংশু; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত চতুর্ব্বিংশ যোগ; অগ্নি; চিত্রকবৃক্ষ; জ্যৈষ্ঠমাস।

শুক্রকর, পুং. [শুক্র+কর] মজ্জা; (ত্রি.) বীর্য্যকারক।

শুক্রবার পুং. [শুক্র+বার] শুক্রগ্রহের ভোগ্য দিন।

শুক্রভুক্, [শুক্র+ভুজ্] ময়ূর; (ত্রি.) রেতো... ভোজক, বীর্য্যভোজনকারী।

শুক্রভূ, পুং. [শুক্র+ভূ] মজ্জা, (ত্রি.) বীর্য্যজাত।

শুক্রলা, স্ত্রী. [শুক্র+ল-আ] উচ্চটা, নির্ব্বিষী তৃণ, চেঁচুয়া; (ত্রি.) বীর্য্যদাতা।

শুক্রশিষ্য, পুং. [শুক্র+শিষ্য] অসুর, দিতিসুত, দৈত্য; কচ। [শিখী।

শুক্রাঙ্গ, পুং. [শুক্র+অঙ্গ] ময়ূর, কলাপী,

শুক্রাচার্য্য, পুং. [শুক্র+আচার্য্য] শুক্রগ্রহ, দৈত্যগুরু।

শুক্রিয়, ত্রি. [শুক্র+ইয়] শুক্রসম্বন্ধীয়।

শুক্ল, ন. [শুচ্+ল] রজত, রূপা নবনীত; চক্ষুরোগবিশেষ; কাঞ্জিকাদি; (পুং.) বর্ণবিশেষ, শাদা, তৎপর্য্যায়।—শুভ্র, শুচি, শ্বেত, বিশদ, শ্যেত, পাণ্ডর, অবদাত, সিত, গৌর, বলক্ষ, ধবল, অ শ্বেতা, শোতা, শোনী, বিষদ, সিতা, অবলক্ষ, শিতি, পাণ্ডু, রাম, খরু; শক্রযোগ; শ্বেতএরণ্ড, সাদাভেরাণ্ডা; শুক্লপক্ষ; শুক্লবস্তুনি যথা।—সুধাংশু, উচ্চৈঃশ্রবাঃ, শম্ভু, কীর্ত্তি, জ্যোৎস্না, শরদম্বন, প্রাসাদ, সৌধ, তগর, মন্দারবৃক্ষ, হিমাদ্রি, সূর্য্য, ইন্দু, কর্পূর, করঙ্ক, রজত, বলরাম, নির্ম্মোক, ভস্ম, হিণ্ডীর, চন্দন, করক, হিম, হার, উর্ণনাভতন্তু, অস্থি, স্বর্গহস্তী, দণ্ড, অভ্রক, অনন্ত, শর্করা, দুগ্ধ, দধি, গঙ্গা, সুধা, জল, মৃণাল, বালুকা, হংস, বক, কৈরব, চামর, রম্ভাগর্ভ, পুণ্ডরীক, কেতকী, শঙ্খ নির্ঝর, লোধ্র, সিংহ, ধ্বজ, ছত্র, চূর্ণ, শুক্তি, কপর্দ্দক, মুক্তা, কুসুম, নক্ষত্র, পুণ্য, কৈলাস, কাশ, কার্পাস, হাস, ইন্দ্রহস্তী, নারদ, পারদ, কুন্দ, খটিকা, স্ফটিক, দন্ত।

শুক্লক, পুং. [শুক্ল+ক] শুক্লপক্ষ; শ্বেতবর্ণ।

শুক্লকণ্ঠক, পুং. [শুক্ল+কণ্ঠক] দাত্যূহপক্ষী, ডাকপাখী; (ত্রি.) শ্বেত গলযুক্ত।

শুক্লকন্দ, পুং. [শুক্ল+কন্দ] মহিষকন্দ; শ্বেতমূল।

শুক্লকন্দা, স্ত্রী. [শুক্ল+কন্দ-আ] অতিবিষা, ...গাছ।

শুক্লকর্মা, ত্রি. [শুক্ল+কর্মন্] অকৃষ্ণকর্মা, সুকর্মশীল। [বিশেষ।
শুক্লকুষ্ঠ, ন. [শুক্ল+কুষ্ঠ] শ্বেতবর্ণ কুষ্ঠ রোগ-
শুক্লতা, স্ত্রী. [শুক্ল+ত-আ] শুক্লত্ব, শুভ্রতা।
শুক্লত্ব, ন. [শুক্ল+ত্ব] শুক্লতা, শুভ্রত্ব।
শুক্লদুগ্ধ, পুং. [শুক্ল+দুগ্ধ] শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানিফল।
শুক্লধাতু, পুং. [শুক্ল+ধাতু] কঠিনী, খড়ী; শ্বেতবর্ণ ধাতুদ্রব্য।
শুক্লপক্ষ, পুং. [শুক্ল+পক্ষ] সিতপক্ষ, চন্দ্র সম্বন্ধীয় বৃদ্ধিপ্রাপ্ত পঞ্চদশ কলাক্রিয়া সমূহ; শুক্ল প্রতিপদাদি পূর্ণিমান্ত পঞ্চদশ তিথি স্বরূপ।
শুক্লপুষ্প, পুং. [শুক্ল+পুষ্প] ছত্রকবৃক্ষ; কুন্দ পুষ্পবৃক্ষ; মরুবক; (ত্রি.) শ্বেতপুষ্পযুক্ত।
শুক্লপুষ্পা, স্ত্রী. [শুক্ল+পুষ্প-আ] নাগদন্তী বৃক্ষ; শীতকুম্ভী। [বৃক্ষ।
শুক্লপুষ্পী, স্ত্রী. [শুক্ল+পুষ্প-ঈ] নাগদন্তী
শুক্লপৃষ্ঠক, পুং. [শুক্ল+পৃষ্ঠক] সিন্ধুকবৃক্ষ; (ত্রি.) শ্বেতবর্ণ পৃষ্ঠযুক্ত।
শুক্লবল, পুং. [শুক্ল+বল] জিনবিশেষ, যথা। —অচল, বিজয়, ভদ্র, সুপ্রভ, সুদর্শন, আনন্দ, নন্দন, পদ্ম, রাম।
শুক্লবর্ণ, পুং. [শুক্ল+বর্ণ] শ্বেতবর্ণ স্বজাতীয় দ্রব্য, যথা।—শঙ্খ, শুক্তি, কপর্দ্দকাদি।
শুক্লবায়স, পুং. [শুক্ল+বায়স] বকপক্ষী; শ্বেতকাক।
শুক্লমণ্ডল, ন. [শুক্ল+মণ্ডল] চক্ষুঃ শ্বেতক্ষেত্র; শ্বেতবর্ণ গোল বস্তু।
শুক্লরোহিত, পুং. [শুক্ল+রোহিত] শ্বেতরোহিতবৃক্ষ; শুক্লরোহিত মৎস্য।
শুক্ললা, স্ত্রী. [শুক্ল+ল-আ] উচ্চটা, নির্বিষী-তৃণ, চেঁচুয়া; (ত্রি.) শ্বেতদাতা।
শুক্লশাল, পুং. [শুক্ল+শাল] গিরিনিম্ব; শ্বেত শালবৃক্ষ।
শুক্লক্ষীরা, স্ত্রী. [শুক্ল+ক্ষীর-আ] অষ্টাবর্গে প্রসিদ্ধ ঔষধবিশেষ, কাকোলী; (ত্রি.) শ্বেত দুগ্ধযুক্ত। [হিংপণ

শুক্লা, স্ত্রী. [শুক্ল+আ] সরস্বতী; শর্করা; চিনী; কাকোলীনামক ঔষধ; বিদারী; স্নুহী, সিজগাছ; শ্বেতবর্ণা।
শুক্লাঙ্গ, ত্রি. [শুক্ল+অঙ্গ] শ্বেতবর্ণ কলেবর, শুভ্র দেহ।
শুক্লাঙ্গী, স্ত্রী. [শুক্ল+অঙ্গ-ঈ] শেফালিকা, শিউলি; (ত্রি.) শ্বেত অবয়বযুক্ত।
শুক্লাপাঙ্গ, পুং. [শুক্ল+অপাঙ্গ] ময়ূর; (ত্রি.) শ্বেতবর্ণ নেত্রান্ত। [শাক।
শুক্লাম্ল, ন. [শুক্ল+অম্ল] অম্লশাক, টক-
শুক্লার্ম্ম, ন. [শুক্ল+অর্ম্মন্] নেত্র রোগবিশেষ, তন্নামানি যথা।—প্রস্তারি, শুক্ল, ক্ষতজ, অধিমাংস, স্নায়ু, শুক্তি, অর্জ্জুন, পিষ্টক, সিরাজাল, শিরাপিড়িকা, বলাসগ্রথিত।
শুক্লিমা, পুং. [শুক্ল+ইমন্] শুক্লতা, শ্বেতবর্ণ, শ্বেতরং।
শুক্লোপলা, স্ত্রী. [শুক্ল+উপল-আ] শর্করা, চিনী; (পুং.) শ্বেতপ্রস্তর, সাদাপাতর।
শুঙ্গ, পুং. [শম+গ] বটবৃক্ষ; আম্রাতকবৃক্ষ, আমড়াগাছ; শূক, শুঁশা।
শুঙ্গা, স্ত্রী. [শুঙ্গ+আ] বৃক্ষবিশেষ, পর্পটী বৃক্ষ; নবপল্লব কোশী; ধান্যাদি শূক, ধানের শুঁয়া।
শুঙ্গাকর্ম্ম, ন. [শুঙ্গ+কর্ম্মন্] পুংসবন সংস্কারবিশেষ।
শুঙ্গী, স্ত্রী. [শুঙ্গ+ইন্] প্লক্ষবৃক্ষ, পাঁকুড়গাছ; বটবৃক্ষ; (ত্রি.) শুঙ্গাবিশিষ্ট, শুঁয়া। [তাপ।
শুচ্, স্ত্রী. [শুচ্+ক্বিপ্] শোক, দুঃখ, মন-
শুচা, স্ত্রী. [শুচ্+অ-আ] শোক, দুঃখ, খেদ, মনস্তাপ।
শুচি, পুং. [শুচ্+ই] অগ্নি; চিত্রকবৃক্ষ; আষাঢ় মাস; শুক্লবর্ণ; শৃঙ্গাররস; গ্রীষ্ম কাল; শুদ্ধমন্ত্রী; জ্যৈষ্ঠমাস; সৌরাগ্নি; সূর্য্য; চন্দ্র; শুক্রগ্রহ; ব্রাহ্মণ; (স্ত্রী.) কশ্যপমুনির কন্যা; (ত্রি.) শুক্ল গুণবিশিষ্ট; শুদ্ধ; পবিত্র; অনুপহত; নির্দ্দোষ; দৈবাৎ পরস্ত্রিয়ং দৃষ্ট্বা বিপ্রমে- শুক্লা হরি; স্মরন্ পৃষ্ঠাগার স্বর্ণক্ষ হস্ত-চরণক্ষালনাৎ শুচিঃ।

শুচিতা, স্ত্রী. [শুচি+ত-আ] শুচিত্ব, শুদ্ধতা।
শুচিত্ব, ন. [শুচি+ত্ব] শুদ্ধতা, পবিত্রতা।
শুচিদ্রুম, পুং. [শুচি+দ্রুম] অশ্বত্থবৃক্ষ; শুদ্ধবৃক্ষ।
শুচিপ্রণী, স্ত্রী. [শুচি+প্রণী] আচমন, তৎপর্য্যায়।—আচাম, উপস্পর্শ।
শুচিমণি, পুং. [শুচি+মণি] স্ফটিক।
শুচিমল্লিকা, স্ত্রী. [শুচি+মল্লিকা] নবমালিকা।
শুচিরোচিঃ, পুং. [শুচি+রোচিস্] চন্দ্র; (ত্রি.) শুক্ল কিরণ।
শুচিস্মিত, ত্রি. [শুচি+স্মিত] মৃদুহাস্য।
শুজি, (হিং) গোধুমচূর্ণ, ময়দার সারাংশ।
শুটীরতা, স্ত্রী. [শোটীর+ত-আ] বীর্য্য, বল, শুক্র।
শুটীর্য্য, ন. [শোটীর+য] বীর্য্য, বল।
শুণ্ঠি, স্ত্রী. [শুঠ্+ই] শুষ্কআর্দ্রক, শুঁঠ।
শুণ্ঠী, স্ত্রী. [শুঠ্+ই-ঈ] শুষ্কআর্দ্রক, শুঁঠ, তৎপর্য্যায়।—মহৌষধ, বিশ্ব, নাগর, বিশ্বভেষজ, শুণ্ঠি, বিশ্বা, মহৌষধী, ইন্দ্রভেষজ, মেযজ, বিশ্বৌষধ, কটুগ্রন্থি, কটুভদ্র, কটূষণ, সৌপর্ণ, শৃঙ্গবের, কফারি, চান্দ্রক, শোষণ, নাগরাহ্ব।
শুণ্ঠ্য, ন. [শুঠ্+য] শুণ্ঠী, শুষ্কআর্দ্রক, শুঁঠ।
শুণ্ড, পুং. [শুণ্+ড] মদনির্ঝর; করিকর, হাতির শুঁড়।
শুণ্ডক, পুং. [শুণ্ড+ক] শৌণ্ডিক, শুঁড়ী।
শুণ্ডরোহ, পুং. [শুণ্ড+রোহ] ভূতৃণ, শৃঙ্গরোহ।
শুণ্ডা, স্ত্রী. [শুণ্ড+আ] মদ্যপান গৃহ; অম্বুহস্তিনী; বেশ্যা; সুরা, মদ্য; হস্তিহস্ত, শুঁড়; নলিনী; কুট্টনী।
শুণ্ডাদণ্ড, পুং. [শুণ্ডা+দণ্ড] শুঁড় রূপযষ্টি; হাতির শুঁড়।
শুণ্ডাপান, ন. [শুণ্ডা+পান] মদ্যপান গৃহ, তৎপর্য্যায়।—মদস্থান, মদস্থল।
শুণ্ডার, পুং. [শুণ্ড+র] শৌণ্ডিক, শুঁড়ী।
শুণ্ডাল, পুং. [শুণ্ডা+ল] হস্তী, করী, হাতী।
আল্জিব্; মদ্যপান গৃহ; অম্বুহস্তিনী; বেশ্যা; মদ্য; হস্তিহস্ত; শুঁড়; নলিনী; কুট্টনী।
শুণ্ডিকালয়, পুং. [শুণ্ডিক+আলয়] শৌণ্ডিক গৃহ, শুঁড়িরঘর।
শুণ্ডিনী, স্ত্রী. [শুণ্ড+ইন্-ঈ] শৌণ্ডিক পত্নী, শুঁড়ির স্ত্রী, শুড়িনী।
শুণ্ডিমুষিকা, স্ত্রী. [শুণ্ডি+মুষিক-আ] ছুছুন্দরী, ছুঁচা।
শুণ্ডী, পুং. [শুণ্ড+ইন্] শৌণ্ডিক, সুরাপ্রস্তুত কারক, শুড়ী; হস্তী; (স্ত্রী.) হস্তিশুণ্ডী বৃক্ষ, হাতিশুঁড়ার গাছ।
শুতুদ্রি, স্ত্রী. [শুতুদ্র+ই] শতদ্রু নদী, শতলজ নদী।
শুতুদ্রু, স্ত্রী. [শুতুদ্র+উ] শতদ্রু নদী, শতলজ নদী।
শুদ্ধ, ন. [শুধ্+ত] সৈন্ধব লবণ; মরিচ; (ত্রি.) কেবল; নির্দ্দোষ; পবিত্র; শুক্ল; রাগান্তর অমিশ্রিত রাগ; স্বচ্ছ; উজ্জ্বল; উদ্ধৃত।
শুদ্ধজঙ্ঘ, পুং. [শুদ্ধ+জঙ্ঘা] গর্দ্দভ, গাধা; (ত্রি.) পবিত্র জঙ্ঘাযুক্ত।
শুদ্ধতা, স্ত্রী. [শুদ্ধ+ত-আ] পবিত্রতা, নির্দ্দোষতা, শুদ্ধত্ব।
শুদ্ধত্ব, ন. [শুদ্ধ+ত্ব] পবিত্রতা, শুদ্ধতা।
শুদ্ধদৎ, ত্রি. [শুদ্ধ+দৎ] শুক্লদন্ত।
শুদ্ধবল্লিকা, স্ত্রী. [শুদ্ধ+বল্লিকা] গুড়ুচীলতা, গুলঞ্চ; পবিত্রলতা।
শুদ্ধমতি, পুং, [শুদ্ধ+মতি] চতুর্বিংশতি জিনান্তর্গত জিন বিশেষ; (স্ত্রী.) পবিত্র বুদ্ধি, সুবুদ্ধি; (ত্রি.) সুবুদ্ধিবিশিষ্ট, সুবোধ। [বিশেষ।
শুদ্ধমাংস, ন. [শুদ্ধ+মাংস] মাংস ব্যঞ্জন
শুদ্ধসত্ত্ব, (প্রা) পবিত্র; পরিষ্কৃত।
শুদ্ধান্ত, পুং. [শুদ্ধ+অন্ত] অন্তঃপুর; নৃপতিদিগের অসর্ব্বগোচর পুরবিশেষ; রাজযোষিৎ, রাজ্ঞী; অশৌচান্ত।
শুদ্ধান্তপালক, পুং. [শুদ্ধান্ত+পালক] অন্তঃপুররক্ষক, তৎপর্য্যায়।—গৃহদৌবারিক,

শুদ্ধান্তা. স্ত্রী. [শুদ্ধ+অন্ত-আ] রাজ্ঞী, রাণী; অন্তঃপুর স্ত্রী।

শুদ্ধাপহ্নুতি, স্ত্রী. [শুদ্ধা+অপহ্নুতি] অলঙ্কারবিশেষ।

শুদ্ধি, স্ত্রী. [শুধ্+তি] দুর্গা; মার্জ্জনা; বৈদিক কর্ম্মের যোগ্য সংস্কারবিশেষ; শোধন, শুদ্ধতা; স্বচ্ছতা, নির্ম্মলতা।

শুদ্ধোদনসুত, পুং. [শুদ্ধোদন+সুত] বুদ্ধবিশেষ।

শুধরণ, (প্রা) শুদ্ধকরণ; সারণ।

শুধরাণ, (প্রা) শুদ্ধকরণ, পরিষ্কারকরণ।

শুধু, (প্রা) কেবল শুদ্ধ।

শুন, পুং. [শুন্+অ] কুকুর, শ্বান, কপিল, মণ্ডল।

শুনঃশেফ, পুং. [শুনস্+শেফ মুনিবিশেষ, ঋচিক মুনির পুত্র; (ন.) কুকুরশিশ্ন

শুনক, পুং. [শুন+ক] কুকুর, সারমেয়, কুকুর।

শুনকচঞ্চুকা, স্ত্রী. [শুনক+চঞ্চুক-আ] ক্ষুদ্র-

শুনকচিল্লী, স্ত্রী. [শুনক+চিল্লী] শাকবিশেষ, তৎপর্য্যায়।—শ্বচিল্লী, শ্বানচিল্লিকা।

শুনন, (প্রা) আকর্ণন, শ্রবণ, শুনা।

শুনান, (প্রা) শ্রবণ করাণ, শ্রবণার্থ প্রেরণ।

শুনাশীর, পুং. [সু+নাশীর] ইন্দ্র, দেবরাজ। [পতি।

শুনাসীর, পুং. [সু+নাসীর] ইন্দ্র, সুর-

শুনি, পুং. [শুন+ই] কুকুর, কুকুর

শুনী, স্ত্রী. [শুন+ঈ] কুকুরী; কুষ্মাণ্ডী।

শুনীর, পুং. [শুন+ঈর] কুকুরী সমূহ।

শুন্ধ্যু, পুং. [শুন্ধি+উ] অগ্নি, বহ্নি, অনল।

শুন্য, ন. [শুন+য] শুনীসমূহ, কুকুরসমূহ; (ত্রি.) রিক্ত, খালি।

শুভ, ন. [শুভ্+অ] মঙ্গল; পদ্মকাষ্ঠ; সুখ; (পুং.) বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত ত্রয়োবিংশযোগ; (ত্রি.) ক্ষেমশালী, মঙ্গলকারক; সুখী; কুশলী; সুন্দর; আকাশ সঞ্চারিপুর; গন্ধর্ব্ব, পুষ্পরথ।

শুভংযু, ত্রি. [শুভং+যু] মঙ্গলান্বিত, সুখান্বিত, কুশলী। হিপণ

শুভকর, ত্রি. [শুভ+কর] মঙ্গলকর, কল্যাণকর।

শুভকর্ম্ম, ন. [শুভ+কর্ম্মন্] মাঙ্গল্যক্রিয়া, কল্যাণজনক কার্য্য, বিবাহাদি ক্রিয়া।

শুভগন্ধক, ন. [শুভ+গন্ধক] বণিক দ্রব্যবিশেষ, বোল; (ত্রি.) মঙ্গলগন্ধযুক্ত।

শুভগ্রহ, পুং. [শুভ+গ্রহ] সৌম্যগ্রহ, মঙ্গলজনকগ্রহ।

শুভঙ্কর ত্রি. [শুভং+কর] মঙ্গলকারক, শুভজনক, ক্ষেমঙ্কর; (পুং.) স্বনামখ্যাত অঙ্কশাস্ত্রকারক।

শুভঙ্করী, স্ত্রী. [শুভং+কর-ঈ] পার্ব্বতী, দুর্গা।

শুভচিন্তক, ত্রি. [শুভ+চিন্তক] মঙ্গল চিন্তাকারক, হিতৈষী

শুভদ, পুং. [শুভ+দা-অ] অশ্বত্থবৃক্ষ; (ত্রি.) শুভদাতা, শুভদায়ক, কল্যাণজনক।

শুভদন্তী, স্ত্রী. [শুভ+দন্ত-ঈ] পুষ্পদন্ত নামে দিক্‌হস্তির পত্নী; সুদতী, শোভনদন্তা স্ত্রী।

শুভদৃষ্টি, স্ত্রী. [শুভ+দৃষ্টি] সুলোচন; বরকন্যার পরস্পর দর্শন।

শুভদ্বেষ্টা, ত্রি. [শুভ+দ্বেষ্টৃ] হিংস্র, পরশ্রীকাতর।

শুভধ্যায়ী, ত্রি. [শুভ+ধ্যায়িন্] হিতৈষী, উপকারী, দয়াশীল।

শুভপত্রিকা, স্ত্রী. [শুভ+পত্রিকা] শালপর্ণী, শালপাইন গাছ; মঙ্গল পত্রিকা।

শুভবাসন, পুং. [শুভ+বাসন] মুখের সুবাসকর গন্ধ।

শুভলগ্ন, পুং. [শুভ+লগ্ন] সুসময়, শুভক্ষণ।

শুভসম্বাদ, পুং. [শুভ+সম্বাদ] সুসম্বাদ, সুসমাচার

শুভসূচনী, স্ত্রী. [শুভ+সূচন-ঈ] স্ত্রীলোকের পূজ্যাদেবীবিশেষ, সুবচনী; দুর্গা।

শুভস্থলী, স্ত্রী. [শুভ+স্থল-ঈ] যজ্ঞভূমি; মঙ্গলকারক ভূমি।

শুভক্ষণ, পুং. [শুভ+ক্ষণ] সুসময়, শুভলগ্ন।

শুভা, স্ত্রী. [শুভ+আ] শোভা; কান্তি; ছুচ্ছা; বংশরোচনা; গোরোচনা; শমী

বৃক্ষ; প্রিয়ঙ্গুবৃক্ষ; শ্বেতদূর্ব্বা; দেবসভা; উমার সখীবিশেষ; মঙ্গলজনিকা।

শুভাঙ্গী, স্ত্রী. [শুভ+অঙ্গ-ঈ] কুবেরপত্নী; কামদেবের পত্নী, রতী; (ত্রি.) মঙ্গলঅব-

শুভাচারা, স্ত্রী. [শুভ+আচার-আ] উমার সখী; শোভন আচারবতী।

শুভাঞ্জন, পুং. [শুভ+অঞ্জন] শোভাঞ্জন বৃক্ষ, শজিনাগাছ।

শুভাদৃষ্ট, ন. [শুভ+অদৃষ্ট] সৌভাগ্য, শুভ দায়ক ভাগ্য। [স্ত্রী।

শুভাননা, স্ত্রী. [শুভ+আনন-আ] উত্তমা

শুভানুধ্যায়ী, ত্রি. [শুভ+অনুধ্যায়িন্] মঙ্গল চিন্তক, হিতৈষী।

শুভান্বিত, ত্রি. [শুভ+অন্বিত] মঙ্গলযুক্ত, তৎপর্য্যায়।—শুভংযু।

শুভাপাঙ্গা, স্ত্রী. [শুভ+অপাঙ্গ-আ] সুন্দরী স্ত্রী

শুভাশুভ, ন. [শুভ+অশুভ] মঙ্গল ও অমঙ্গল, ভাল ও মন্দ। [ঙ্গতি।

শুভিতা, (প্রা) সৌভাগ্য; সুব্যবস্থা; সুস-

শুভ্র, ন. [শুভ+র] অভ্রক; গড়লবণ; রৌপ্য; কাসীস, হিরাকসী; (পুং.) শুক্লবর্ণ; (ত্রি.) উদ্দীপ্ত; শুক্লগুণযুক্ত।

শুভ্রদন্তী, স্ত্রী. [শুভ্র+দন্ত-ঈ] শুভদন্তী, পুষ্প দন্ত নামে দিগ্‌গজের পত্নী।

শুভ্ররশ্মি, পুং. [শুভ্র+রশ্মি] চন্দ্র,শুভ্রাংশু; শ্বেতকিরণ।

শুভ্রা, স্ত্রী. [শুভ্+র-আ] ভাগীরথী,গঙ্গা।

শুভ্রাংশু, পুং. [শুভ্র+অংশু] চন্দ্র, সুধাংশু; কর্পূর। [শ্বেতালু।

শুভ্রালু, পুং. [শুভ্র+আলু] মহিষকন্দ;

শুভ্রি, পুং. [শুভ্র+ই] ব্রহ্মা, প্রজাপতি।

শুম্ভ, পুং. [শুম্ভ+অ] দানববিশেষ, গবেষ্ঠী পুত্র, প্রহ্লাদের পৌত্র

শুম্ভঘাতিনী, স্ত্রী. [শুম্ভ+ঘাতিন্-ঈ] দুর্গা, চণ্ডিকা।

শুম্ভপুর, ন. [শুম্ভ+পুর] শুম্ভদৈত্যের পুরী, শুম্ভপুর, তৎপর্য্যায়।—

শুম্ভপুরী, স্ত্রী. [শুভ+পুর-ঈ] শুম্ভপুর, শুম্ভ-দৈত্যের পুরী।

শুম্ভমর্দ্দিনী, স্ত্রী. [শুম্ভ+মর্দ্দিন্-ঈ] দুর্গা চণ্ডিকা।

শুর, পুং. [শুর্+অ] সিংহ।

শুল্ক, পুং. ন. [শুল্ক+অ] করবিশেষ, ঘট্টাদি দেয়, মাসুল; বর হইতে অর্থ গ্রহণ, বিবাহের পণ; যৌতুক; মূল্য।

শুল্ল, ন. [শুল্+ল] রজ্জু, দড়ী; তাম্র, তামা।

শুল্ব, ন. [শুল্ব+অ] তাম্র, তামা; রজ্জু,দড়ী; যজ্ঞকর্ম্ম; আচার; জলসন্নিধি।

শুল্বারি, পুং. [শুল্ব+অরি] গন্ধক।

শুশুক, (প্রা) জলজন্তুবিশেষ, শিশুমার।

শুশুমা, স্ত্রী. [শুশুম+অ-আ] শুক্রাচার্য্যের পত্নী।

শুশ্রুবান্, ত্রি. [শ্রু+বস্] শ্রবণবিশিষ্ট, যে শুনিয়াছে।

শুশ্রূ, স্ত্রী. [শুশ্রূ+উ] মাতা, জননী।

শুশ্রূষক, পুং. [শ্রু+স-অক] পরিচারক, পরিচর্য্যাকারী, সেবক, উপাসক।

শুশ্রূষণ, ন. [শ্রু+স-অন] সেবা, পরিচরণ, তৎপর্য্যায়।—উপাসন, উপাসনা, উপাস্তি, সেবা।

শুশ্রূষা, স্ত্রী. [শ্রু+স-আ] উপাসন, সেবা; পরিচর্য্যা; কথন; শ্রবণেচ্ছা।

শুশ্রূষু, ত্রি. [শ্রু+স-উ] শ্রবণেচ্ছু।

শুষ, পুং. [শুষ্+অ] শোষণ; গর্ত্ত; সেবক।

শুষণা, স্ত্রী. [শুষ+অন-আ] শোষ, শুষ্কতা।

শুষি, স্ত্রী. [শুষ্+ই] শোষণ, চোষণ; বিল, গর্ত্ত।

শুষির, ন. [শুষ্+ইর] বিবর, রন্ধ্র, গর্ত্ত; বংশ্যাদির বাদ্য; (ত্রি.) সরন্ধ্র; (পুং.) মূষিক, উন্দুর; অগ্নি।

শুষিরা, স্ত্রী. [শুষির+আ] নদী; নলীনাম গন্ধদ্রব্য। [বাতাস।

শুষিল, পুং. [শুষ+ইল] বায়ু, অনিল,

শুষ্ক, ত্রি. [শুষ্+ক] নিঃস্নেহ, নীরস, শুকনা।

শুষ্কপত্র, ন. [শুষ্ক+পত্র] স্নেহ রহিতদল, শুকনা পাতা; আতপাদি দ্বারা শোষিত

শুষ্কবৃক্ষ, পুং. [শুষ্ক+বৃক্ষ] ধববৃক্ষ; নীরস তরু।

শুষ্কব্রণ, পুং. [শুষ্ক+ব্রণ] কিণ, কড়া।

শুষ্কমৎস্য, পুং. [শুষ্ক+মৎস্য] আতপাদি-দ্বারা নিস্নেহীকৃত মীন, শুক্টীমাচ।

শুষ্কমাংস, ন. [শুষ্ক+মাংস] আতপাদি-দ্বারা নিস্নেহীকৃত মাংস, শুক্টীমাংস, তৎপর্য্যায়।—উত্তপ্ত, বল্লূর, বল্লূরা, শুষ্কনী।

শুষ্করেবতী, স্ত্রী. [শুষ্ক+রেবতী] মাতৃকা-বিশেষ।

শুষ্কল, ত্রি. [শুষ্ক+ল] আমিষ; আমিষ-; রাবণের দূতবিশেষ।

শুষ্কলী, স্ত্রী. [শুষ্ক+ল-ঈ] শুষ্কমাংস; মাংস মাত্র।

শুষ্কাঙ্গ পুং. [শুষ্ক+অঙ্গ] ধববৃক্ষ; (ত্রি.) স্নেহ শূন্য অবয়ব, শীর্ণাঙ্গ।

শুষ্কাঙ্গী, স্ত্রী. [শুষ্ক+অঙ্গ-ঈ] গোধিকা, গোসাপ; ক্ষীণাঙ্গী স্ত্রী।

শুষ্কান্ন, ন. [শুষ্ক+অন্ন] শুক্‌নাভাত; অপ-ক্কান্ন।

শুষ্কার্দ্র, ন. [শুষ্ক+আর্দ্র] শুণ্ঠী, শুঁঠ

শুষ্ণ, পুং. [শুষ্+ন] সূর্য্য; অগ্নি।

শুষ্ম, ন. [শুষ্+ম] তেজঃ; পরাক্রম; বল; (পুং.) সূর্য্য; অগ্নি; বায়ু: পক্ষী; অর্চ্চিঃ।

শুষ্মা, পুং. [শুষ্+মন্] অগ্নি; চিত্রক বৃক্ষ; (ন.) তেজঃ; শৌর্য্য, বল।

শুষ্মি, পুং. [শুষ্+মি] বায়ু; তেজঃ; চিত্র, আশ্চর্য্য।

শূক, পুং. ন. [শূ+ক] শস্য ও তীক্ষ্ণাগ্র, শুঁয়া, তৎপর্য্যায়।—কিংশারু, কোষী, শুঙ্গা; দয়া; জলমলোদ্ভব জন্তুবিশেষ; শূক প্রধান লিঙ্গ বৃদ্ধির রোগ।

শূকজ, পুং. [শূক+জ] প্রাবট, যব; রস।

শূককীট, পুং. [শূক+কীট] শূকযুক্ত কীট বিশেষ, শুঁয়াপোকা, তৎপর্য্যায়।—বৃশ্চিক, শূককীটক।

শূককীটক, পুং. [শূক+কীটক] শূককীট, শুঁয়াপোকা।

শূকতৃণ, ন. [শূক+তৃণ] তৃণবিশেষ, (হিং) শূকড়ী ঘাস, তৎপর্য্যায়।—কনিষ্ঠক, শূক, শূকাঢ্য।

শূকধান্য, ন. [শূক+ধান্য] শুঙ্গাযুক্ত শস্য মাত্র, শুঁয়াযুক্ত ধান্য যবাদি।

শূকপিণ্ডি, স্ত্রী. [শূক+পিণ্ডি] শূকশিম্বি, কপিকচ্ছু, আলকুশী গাছ।

শূকপিণ্ডী, স্ত্রী. [শূক+পিণ্ড-ঈ] শূকশিম্বি, কপিকচ্ছু, আলকুশী গাছ।

শূকবতী, স্ত্রী. [শূক+বৎ-ই] কপিকচ্ছু, আলকুশী লতা; (ত্রি.) শূকযুক্ত।

শূকর, পুং. [শূক+র] পশুবিশেষ, সূকর, শূওর, তৎপর্য্যায়।—কিটি, কিরি, কোল ক্রোড, ঘোণী, চক্রদংষ্ট্র, দ্রংষ্ট্রী, দন্তা-যুধ, পোত্রী, পৃথুস্কন্দ, বরাহ, বলী, বহ্ব-পত্য, ভেদন, রদায়ুধ, রোমশ, শূর, স্তব্ধরোমা।

শূকরকন্দ, পুং. [শূকর+কন্দ] বারাহী কন্দ। [বিশেষ।

শূকরদংষ্ট্র, পুং. [শূকর+দংষ্ট্র] ক্ষুদ্ররোগ-

শূকরপাদিকা, স্ত্রী. [শূকর+পাদিকা] কোল শিম্বী, আলকুশীলতা।

শূকরাক্রান্তা, স্ত্রী [শূকর+আক্রান্তা] ক্ষুদ্র বৃক্ষবিশেষ, বরাহক্রান্তা।

শূকরী, স্ত্রী. [শূকর+-ঈ] ক্ষুদ্রবৃক্ষবিশেষ, বরাহক্রান্তা; শূকরপত্নী, বরাহী.

শূকরেষ্ট, পুং. [শূকর+ইষ্ট] কশেরু, কেশূর (ত্রি.) শূকরের প্রিয়দ্রব্য।

শূকল, পুং. [শূক+ল] দুর্ব্বিনীতাশ্ব, দুষ্ট ঘোড়া।

শূকশিম্বা, স্ত্রী. [শূক+শিম্ব-আ] কপিকচ্ছু, আলকুশীলতা।

শূকশিম্বি, স্ত্রী. [শূক+শিম্বি] কপিকচ্ছু, আল-কুশীলতা।

শূকশিম্বিকা, স্ত্রী. [শূক+শিম্বিকা] কপিকচ্ছু আলকুশীলতা।

শূকশিম্বী, স্ত্রী. [শূক+শিম্ব-ঈ] কপিকচ্ছু, আলকুশীলতা।

শূকা, স্ত্রী. [শূক+আ] কপিকচ্ছু, আলকুশী-

শূকাপুষ্ট, পুং. [শূক+আপুষ্ট] তৃণমণি, কাকুরদানা, (বাং) কাহরোবা।

শূজা, (গ্রা) তীক্ষ্মাগ্র, শুঁয়া।

শূতিপর্ণ, পুং. [শূতি+পর্ণ] বৃক্ষবিশেষ, আরগ্বধ, সোঁদালিগাছ।

শূদ্র, পুং. [শূচ+র] চতুর্থবর্ণান্তর্গত চতুর্থবর্ণ, তৎপর্য্যায়।—অন্ত্যজন্মা, অন্ত্যবর্ণ, অবর বর্ণ, উপাসক, চতুর্থ, জঘন্য, জঘন্যজ দাস, দ্বিজদাস, দ্বিজসেবক, পজ্জ, পদ্য, পাদজ, বৃষল; যবন।

শূদ্রতা, স্ত্রী. [শূদ্র+তা] শূদ্রের ধর্ম্ম, শূদ্রত্ব। [কর্ম্ম।

শূদ্রকৃত্য, ন. [শূদ্র+কৃত্য] শূদ্রের কর্ত্তব্য

শূদ্রধর্ম্ম, পুং. [শূদ্র+ধর্ম্ম] শাস্ত্রবিহিত শূদ্রের আচার।

শূদ্রপ্রিয়, পুং. [শূদ্র+প্রিয়] পলাণ্ডু, পেঁয়াজ, (ত্রি.) শূদ্রেরপ্রিয়দ্রব্য।

শূদ্রপ্রেষ্য, পুং. [শূদ্র+প্রেষ্য] শূদ্রেরপরিচারক ব্রাহ্মণাদি। [বাচস্পত্যাভিধান।

শূদ্রভিক্ষিত, ন, [শূদ্র+ভিক্ষিত] শূদ্রহইতে

শূদ্রভূয়িষ্ঠ, ত্রি. [শূদ্র+ভূয়িষ্ঠ] শূদ্রসমূহ।

শূদ্রযাজক, পুং. [শূদ্র+যাজক] শূদ্র পুরোহিত।

শূদ্রশাসন, ন. [শূদ্র+শাসন] শূদ্রের অধিকার লেখ্য পত্রাদি। [শূদ্রী।

শূদ্রা, স্ত্রী. [শূদ্র+আ] শূদ্রজাতি স্ত্রী,

শূদ্রাণী, স্ত্রী. [শূদ্র+আন-ঈ] শূদ্রপত্নী, শূদ্রেরভার্য্যা।

শূদ্রান্ন, ন. [শূদ্র+অন্ন] শূদ্রপাকান্ন ; শূদ্র স্বামিকান্ন।

শূদ্রপুত্র, পুং. [শূদ্রাপুত্র] ব্রাহ্মণাদি কর্ত্তৃক বিবাহিতা শূদ্রাণীর গর্ভজাত সন্তান।

শূদ্রাবেদন, ন. [শূদ্রা+আবেদন] শূদ্রকন্যা বিবাহ।

শূদ্রাবেদী, পুং. [শূদ্রা+আবেদিন্] শূদ্রা বিবাহ কর্ত্তা।

শূদ্রাভার্য্য, পুং. [শূদ্রা+ভার্য্যা] শূদ্রাস্বামী, শূদ্রাণীর পতি।

শূদ্রার্দ্ধা, স্ত্রী. [শূদ্র+আর্দ্ধ-আ] সুবর্ণবৃক্ষ বিশেষ, [illegible]। [illegible]

শূদ্রী, স্ত্রী. [শূদ্র+ঈ] শূদ্রভার্য্যা, শূদ্রের পত্নী।

শূন, ত্রি. [শ্বি+ত] বর্দ্ধিত,বৃদ্ধিপ্রাপ্ত।

শূনবান্, ত্রি. [শ্বি+তবৎ] বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত।

শূনা, স্ত্রী. [শূন+আ] বধ্যভূমি; প্রাণিবধ স্থান; অধোজিহ্বিকা, আলজিব ; মাংসের হাটা, পঞ্চবিধ শূনাবথা।—চুল্লী, পেষণী, উপস্কর, কণ্ডনী, উদক কুম্ভ।

শূনাবান্, পুং. [শূনা+বৎ] প্রাণিবধোপজীবী, কসাই।

শূন্য, ন. [শূন+য] আকাশ; বিন্দু; (ত্রি.) অভাববিশিষ্ট, অসম্পূর্ণ, (বাং) খালি, তৎপর্য্যায়।—তুচ্ছ, বশিক, রিক্তক, শুন্য; নির্জ্জন। [বত্ব।

শূন্যতা, স্ত্রী [শূন্য+ত-আ] রিক্ততা, অভা-

শূন্যবাদী, পুং. [শূন্য+বাদিন্] সৌগত, বুদ্ধ; নাস্তিক।

শূন্যমধ্য, পুং. [শূন্য+মধ্য] তৃণবিশেষ, নল; (ত্রি) শূন্য গর্ভবস্তু।

শূন্যস্থান, ন. [শূন্য+স্থান] রিক্তস্থান, নির্জ্জন স্থল। [হাত।

শূন্যহস্ত, ত্রি. [শূন্য+হস্ত] রিক্তহস্ত, খালি-

শূন্যা, স্ত্রী. [শূন্য+আ] নলী; মহাকণ্টকিনী, ফণীমনসা; বন্ধ্যা, বাঁজা।

শূন্যালয়, পুং. [শূন্য+আলয়] নির্জ্জনগৃহ, খালিঘর।

শূপ, পুং. [শূপ্+অ] দাইল; তরকারি।

শূপকার,পুং.[শূপ+কার] পাচক; শূদ্রপাচক, শূদ্রপাকোপজীবী, শূদ্রের, রসুইয়া।

শূম (বাং) কৃপণ, অদাতা, ব্যয়কুণ্ঠ।

শূয়া (গ্রা) শুজা,শুঁয়া।

শূয়াপোকা (গ্রা) কীটবিশেষ, কণ্টকিকীট।

শূয়ার, (গ্রা) শূকর, বরাহ।

শূর, পুং. [শূর+অ] বীর, সাহসী, শৌর্য্যশালী; যাদব, শ্রীকৃষ্ণের পিতামহ; সূর্য্য; সিংহ; শূকর; চিত্রকবৃক্ষ ; শালবৃক্ষ; লকুচ,ডহুয়া; মসুর, মুসরিদাউল।

শূরণ, পুং. [শূর+অন] মূলবিশেষ; ওল, তৎপর্য্যায়।—অর্শোঘ্ন,ওল, ওল,কণ্ডূল,

কন্দবর্দ্ধন, কন্দশূরণ, কন্দার্হ, কন্দী, তীব্রকণ্ঠ, দুর্নামারি, বহুকন্দ, বাতারি, রুচ্যকন্দ, শূরণকন্দ, সুকন্দী, সুবৃত্ত, সূরণ, স্থূলকন্দক; শোণাকবৃক্ষ।

শূরণোদ্ভুজ, পুং. [শূরণ+উদ্ভুজ] হরিদ্রাভ-পক্ষী। [বীর্য্য।

শূরতা, স্ত্রী. [শূর+ত-আ] বীরত্ব, শৌর্য্য-

শূরত্ব, ন. [শূর+ত্ব] শৌর্য্য, বীর্য্য।

শূরত্বপ্রকাশক, ত্রি. [শূরত্ব+প্রকাশক] বীরত্ব-প্রকাশী, সাহসী।

শূরদেব, পুং. [শূর+দেব] অবতারবিশেষ, বুদ্ধ, জিন।

শূরম্মন্য পুং. [শূরং+মন্য] শূরমানী, আপনাকে বলী বলিয়া যে অভিমানকরে

শূরসেন, পুং. [শূর+সেন] রাজাবিশেষ; দেশ বিশেষ, মথুরা।

শূর্প, পুং.ন. [শূর্প+অ] তণ্ডুলাদি পরিস্কর-ণার্থ বংশাদিনির্ম্মিতপাত্র বিশেষ, কুলা, তৎপর্য্যায়।—কুল্য,প্রস্ফোটন, প্রস্ফো-টনী, সূর্প; দ্রোণদ্বয় পরিমাণ।

শূর্পক, পুং. [শূর্প+ক] অসুরবিশেষ, কাম দেবারি।

শূর্পকর্ণ, পুং. [শূর্প+কর্ণ] হস্তী; (ত্রি.) কুলা তুল্য কর্ণযুক্ত ; গণেশ।

শূর্পকারাতি, পুং. [শূর্পক+অরাতি] কাম-দেব, মদন।

শূর্পকারি, পুং. [শূর্পক+অরি] কামদেব, শূর্পকারাতি, মদন।

শূর্পণখা, স্ত্রী. [শূর্প+নখ-আ] রাবণভ-গিনী, শূর্পণখী,(ত্রি.) শূর্পবৎনখবিশিষ্ট।

শূর্পপর্ণী, স্ত্রী. [শূর্প+পর্ণ+ঈ] শিম্বীবিশেষ।

শূর্পবাত, পুং. [শূর্প+বাত] শূর্পবায়ু, কুলার বাতাস, তৎপর্য্যায়।—কুলকাল

শূর্পশ্রুতি, পুং. [শূর্প+শ্রুতি] হস্তী,শূর্পকর্ণ, হাতী

শূর্পী, স্ত্রী. [শূর্প+ঈ] ক্ষুদ্রশূর্প, ছোট, কুলা; শূর্পণখা, রাবণের ভগিনী।

শূর্ম্ম, পুং. [শৃ+ম] লৌহপ্রতিমা।

শূর্ম্মি, স্ত্রী. [শৃ+মি] লৌহপ্রতিমা; লৌহময় অস্ত্রবিশেষ, লেহাই।

শূর্ম্মিকা, স্ত্রী. [শূর্ম্ম+ইক-আ] লৌহপ্রতিমা।

শূর্ম্মী, স্ত্রী. [শৃ+ম-ঈ] লৌহপ্রতিমা।

শূল, পুং. ন. [শূল+অ] রোগবিশেষ, উদরোৎপন্ন বেদনাদি; অস্ত্রবিশেষ, শলাকাকৃতি অস্ত্র, বর্শা, ভালা; মৃত্যু; কেতন; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগা-ন্তর্গত নবম যোগ; সুতীক্ষ্ণ; অয়ঃকীল, ব্যথা; বিক্রেতব্য বিক্রয়েরযোগ্য।

শূলক, পুং. [শূল+ক] দুর্ব্বৃত্তঘোটক, দুর্ব্বিণীতাশ্ব।

শূলগ্রন্থি, স্ত্রী. [শূল+গ্রন্থি] মালাদূর্ব্বা।

শূলঘাতন, ন. [শূল+ঘাতন] মণ্ডূর, লৌহ-মল।

শূলঘ্ন, পুং. [শূল+ঘ্ন] বৃক্ষবিশেষ, তুম্বুরু-বৃক্ষ; (ত্রি.) শূলঘাতক।

সুলদ্বিট্, পুং. [শূল+দ্বিষ্] হিঙ্গু, হিং।

শূলধন্বা, পুং. [শূল+ধন্বন্] শিব, মহাদেব।

শূলধর, পুং. [শূল+ধর] শিব, মহাদেব।

শূলধরা, স্ত্রী. [শূল+ধর-আ] দুর্গা, পার্ব্বতী।

শূলধারিণী, স্ত্রী. [শূল+ধারিন্-ঈ] দুর্গা, পার্ব্বতী

সুলধারী, পুং. [শূল+ধারিন্] শিব, মহাদেব।

শূলধৃক্, স্ত্রী. [শূল+ধৃষ্] দুর্গা; (পুং) মহাদেব।

শূলন, ন. [শূল+অন] বেদনাকরণ, পীড়ন।

শূলনাশন, ন. [শূল+নাশন] সৌবর্চ্চল লবণ।

শূলপত্রী. স্ত্রী. [শূল+পত্র-ঈ] শূলীতৃণ।

শূলফী, (প্রা) শলাকা, বর্ষা, কেঁচা।

শূল্য, ত্রি. [শূল+য] শূলাকৃত, লৌহাদি শলাকাদ্বারা বিদ্ধ পক্কমাংস, (যাং) শীক কবাব, (অস্য পর্য্যায়ঃ শূলাকৃত শব্দে দ্রষ্টব্যঃ।)

শূল্যপাক, পুং. [শূল্য+পাক] শূলবিদ্ধ তপ্তাঙ্গার পক্কমাংসাদি, (যাং) শীক কাবাব।

শূলিন, পুং. [শূল+ইন] ভাণ্ডীর বৃক্ষ, ভাঁড়ী; বংশদে

শূলিনী, স্ত্রী. [শূল+ইন্‌-ঈ] দুর্গা, পার্ব্বতী।
শূলী, পুং. [শূল+ইন্‌] শূলধারী, মহাদেব; শশক; (ত্রি.) শূলাস্ত্রধারক; শূল রোগ-যুক্ত; (স্ত্রী.) তৃণবিশেষ, তৎপর্য্যায়।—অশাখা, জলাশ্রয়া, ধূম্রমূলিকা, পিচ্ছিলা, মধুলতা, মহিষীপ্রিয়া, মূলিকা, শূলপত্রী।
শূলোৎখা, স্ত্রী. [শূল+উৎখ-আ] ঔষধ-বিশেষ, সোমরাজী, সোমরাজ; হাকুচ।
শূল্‌কী, (প্রা) লৌহশলাকা; লৌহনির্ম্মিত অস্ত্রবিশেষ।
শূলহস্ত্রী. স্ত্রী, [শূল+হস্ত্রী] যবানী, যোয়ানি।
শূলহৃৎ, পুং. [শূল+হৃৎ] হিঙ্গু, হিং।
শূলা, স্ত্রী. [শূল+আ] দুষ্টবধার্থ কীলক; বেশ্যা।
শূলাকৃত, ত্রি. [শূল+আকৃত] লৌহাদি শলাকাদ্বারা বিদ্ধ মাংস, (যাং) শীক কবাব, তৎপর্য্যায়।—বাসিতার, ভটিত্র, শূলিক, শূল্য।
শূলিক, ন. [শূল+ইক] শূলাকৃত, লৌহাদি শলাকাদ্বারা সিদ্ধ পক্কমাংস, (যাং) শীক কবাব; (পুং.) শশক, খরগোশ; (ত্রি.) শূলযুক্ত।
শূলবেদনা, স্ত্রী. [শূল+বেদনা] শূলরোগ, শূল ব্যথা।　[বেদনা।
শূলব্যথা, স্ত্রী. [শূল+ব্যথা] শূলরোগ, শূল-
শূলশত্রু, পুং. [শূল+শত্রু] এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডাগাছ।
শূক্ষ্ম, ন. [শূচ্‌+স্মন্‌] অল্প; অস্থূল, সরু, মিহী; কুতক, কৃত্রিম; অধ্যাত্ম।
শূক্ষ্মতা, স্ত্রী. [শূক্ষ্ম+ত-আ] অল্পত্ব; অস্থূলত্ব, সরুপানা।
শৃকাল, পুং. [শৃক+অল] শৃগাল, শেয়াল।
শৃগাল, পুং. [শৃজ+আলন্‌] পশুবিশেষ, শিয়াল, তৎপর্য্যায়।—কটখাদক, কুবর, ক্রোষ্টু, গোমায়ু, গোমী, ঘোররাশন, জম্বুক, জম্বূক, ফের, ফেরণ্ড, ফেরব, ফেরু, — রু, বনশ্বা, ব্যাঘ্রন — মায়ু, শিবালু, শঠুর্ত্ত, স্বগাল; দৈত্যবিশেষ; বাসুদেব, কৃষ্ণ; নিষ্ঠুর; খল; ভীরু।
শৃগালকণ্টক, পুং. [শৃগাল+কণ্টক] ক্ষুদ্র বৃক্ষবিশেষ, শেয়ালকাঁটা গাছ।
শৃগালকোলি, পুং. [শৃগাল+কোলি] ক্ষুদ্র কোলিবৃক্ষ, শেয়াকুল, তৎপর্য্যায়।—কর্কন্ধু, গোপঘোণ্টা, ঘোণ্টা, বদর, বাদির।
শৃগালঘণ্টী, স্ত্রী. [শৃগাল+ঘণ্ট-ঈ] বৃক্ষ-বিশেষ, কোকিলাক্ষ বৃক্ষ, কুলিয়া খারা, (হিং) তালমখানা।
শৃগালজম্বু, স্ত্রী. [শৃগাল+জম্বু] গোডুম্ব, তরমুজ; ঘোণ্টাফল, শেয়াকুল।
শৃগালবিন্না, স্ত্রী. [শৃগাল+বিন্ন-আ] পৃশ্নি-পর্ণীলতা, চাকুলিয়া।
শৃগালিকা, স্ত্রী. [শৃগাল+ইক-আ] শৃগাল-পত্নী; ভয়হেতু পলায়ন; ভূমি কুষ্মাণ্ড; ক্ষুদ্র শৃগাল, খেঁকশেয়ালী, তৎপর্য্যায়। উল্কামুখী, কিখি, দীপ্তজিহ্বা, লোমা-লিকা।
শৃগালী, স্ত্রী. [শৃগাল+ঈ] বিদ্রব, পলায়ন; কোকিলাক্ষ বৃক্ষ, কুলিয়া খারা; বিদারী; ভূমি কুষ্মাণ্ড; শৃগালপত্নী।
শৃঙ্খল, ত্রি. [শৃঙ্গ+খল-অ] পুরুষের কটি-ভূষণ, গোট; হস্ত্যাদির লৌহময় পাদব-ন্ধোপকরণ, আঁদু, দাঁড়ুকা, তৎপর্য্যায়। —উন্দুক, নিগড়, শৃঙ্খলা; লৌহরজ্জু, শিকল, বেড়ি; বন্ধন; নিয়ম, রীতি।
শৃঙ্খলক, পুং. [শৃঙ্খল+ক] উষ্ট্র, উট; পলায়ন নিবারণজন্য চতুষ্পদে দারুময় রজ্জুদ্বারা বদ্ধহস্তী; শৃঙ্খল, শিকল, বেড়ি।
শৃঙ্খলা, স্ত্রী. [শৃঙ্খল+আ] নিগড়, শিকল; পুরুষের কটিবদ্ধ বস্ত্র; সুপ্রণালী।
শৃঙ্খলিত, ত্রি. [শৃঙ্খল+ইত] শৃঙ্খলাযুক্ত, নিগড়িত, শৃঙ্খল বদ্ধ।
শৃঙ্খলী, স্ত্রী. [শৃঙ্খল+ঈ] বৃক্ষবিশেষ, কোকিলাক্ষ; শৃঙ্খলযুক্ত।
শৃঙ্গ, ন. [শৃ+গন্‌] পর্ব্বতের উপরিভাগ, তৎপর্য্যায়।—কূট, দন্ত, প্রাগ্‌ভার,

ভূভাগ; প্রভুত্ব; চিহ্ন; ক্রীড়া জলযন্ত্র, পিচ্কিরী; বিষাণ, শিং; উৎকর্ষ; ঊর্দ্ধ; তীক্ষ্ণ; পদ্ম; মহিষাদিশৃঙ্গনির্ম্মিত বাদ্য যন্ত্রবিশেষ, শিঙ্গা; কামোদ্রেক; ধনুকাদির অগ্রভাগ; প্রভাব; প্রাধান্য; (পুং.) কূর্চ্চশীর্ষকবৃক্ষ; মুনিবিশেষ।

শৃঙ্গক, পুং. [শৃঙ্গ+ক] ঔষধি বৃক্ষবিশেষ, জীবক বৃক্ষ।

শৃঙ্গকন্দ, পুং. [শৃঙ্গ+কন্দ] শৃঙ্গাটক, শিঙ্গাড়া পানীফল।

শৃঙ্গজ, ন. [শৃঙ্গ+জ] অগুরু; (পুং.) শর, বাণ; (ত্রি.) শৃঙ্গজাত।

শৃঙ্গবান্, পুং. [শৃঙ্গ+বৎ] কুরুবর্ষীয় সীমা-পর্ব্বত; (ত্রি.) শৃঙ্গবিশিষ্ট।

শৃঙ্গবের, ন. [শৃঙ্গ+বের] আর্দ্রক, আদা; শুণ্ঠী, শুঁঠ; পুরীবিশেষ, গুহকচণ্ডাল পুরী।

শৃঙ্গবেরক, ন. [শৃঙ্গবের+ক] আর্দ্রক, আদা।

শৃঙ্গবেরাভমূলক, পুং. [শৃঙ্গবেরাভ+মূলক] অগ্রন্থি তৃণবিশেষ, মাছুরকাটির গাছ।

শৃঙ্গমূল, পুং. [শৃঙ্গ+মূল] শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

শৃঙ্গমোহী, পুং. [শৃঙ্গ+মোহিন্] চম্পক, চাঁপা।

শৃঙ্গলা, স্ত্রী. [শৃঙ্গ+ল-আ] অজশৃঙ্গী, গাড়র শৃঙ্গী।

শৃঙ্গাট, ন. [শৃঙ্গ+অট] চতুষ্পথ, চৌমাথা রাস্তা; (পুং.) জলকণ্টক, পানীফল; স্বাদুকণ্টক; কামাখ্যাদেশস্থ পর্ব্বত।

শৃঙ্গাটক, ন. [শৃঙ্গাট+ক] চতুষ্পথ, চৌমাথা রাস্তা; (পুং. ন.) জলজাত লতা কল-বিশেষ, পানীফল, শিঙ্গাড়া, তৎপর্য্যায়।—জলকণ্টক, জলবল্লী, জলসূচি, জলা-শয়, বারিকণ্টক, বারিকুব্জক, বিষাণী, শৃঙ্গকন্দ, শৃঙ্গমূল, শৃঙ্গরুহ, শৃঙ্গাট, ত্রিকোণফল, ক্ষীরশুক্ল; খাদ্যবিশেষ, (ত্রি.) সমুস; (পুং.) জলকণ্টক।

শৃঙ্গার, ন. [শৃঙ্গ+আর] লবঙ্গ; সিন্দুর; চূর্ণ, গুঁড়া; আর্দ্রক; কালাগুরু; (পুং.) শৃঙ্গারক, ন. [শৃঙ্গ+আরক] সিন্দুর; (ত্রি.) শৃঙ্গবিশিষ্ট; (পুং.) সুরত।

শৃঙ্গারভূষণ, ন. [শৃঙ্গার+ভূষণ] সিন্দুর

শৃঙ্গারযোনি, পুং. [শৃঙ্গার+যোনি] কামদেব, রতিপতি।

শৃঙ্গাররস, ন. [শৃঙ্গার+রস] নবরসান্তর্গত রসবিশেষ, সুরত রস।

শৃঙ্গারী, পুং. [শৃঙ্গার+ইন্] পূগ, সুপারী; গজ; শৃঙ্গারবিশিষ্ট; সুবেশ; মাণিক্য, মাণিক। [মাছ।

শৃঙ্গি, স্ত্রী. [শৃঙ্গ+ই] মৎস্যবিশেষ. শিঙ্গী-

শৃঙ্গিক, ন. [শৃঙ্গ+ইক] বিষবিশেষ, এক প্রকার গরল।

শৃঙ্গিকা, স্ত্রী. [শৃঙ্গ+ইক-আ] প্রতিবিষা, আতইস গাছ।

শৃঙ্গিণ, পুং. [শৃঙ্গ+ইন] মেষ,মেড়া, ভেড়া।

শৃঙ্গিণী, স্ত্রী. [শৃঙ্গ+ইন-ঈ] গাভী; শ্লেষ্মঘ্নীবৃক্ষ; মল্লিকাবৃক্ষ; জ্যোতিষ্মতী-বৃক্ষ, (ত্রি.) শৃঙ্গবিশিষ্টা।

শৃঙ্গী, পুং. [শৃঙ্গ+ইন্] হস্তী; বৃক্ষ; পর্ব্বত; (ত্রি.) শৃঙ্গযুক্ত; (স্ত্রী.) মৎস্যবিশেষ, শিঙ্গীমাছ, জিয়ল, তৎপর্য্যায়।—অপ্রিয়া মদগুরপ্রিয়া, মদগুরসী, মদগুরী, শৃঙ্গি, অতি বিষালতা; ঋষভ নামে ঔষধ; কর্কট শৃঙ্গী; প্লক্ষ, পাকুড়; বটবৃক্ষ; বিষ; অলঙ্কারের সুবর্ণ।

শৃঙ্গীকনক, ন. [শৃঙ্গী+কনক] অলঙ্কার সুবর্ণ।

শৃণি, স্ত্রী. [শৃ+নি] অঙ্কুশ, ডাঙশ।

শৃত, ত্রি. [শ্রা+ত] পক্ব দুগ্ধ ঘৃত ও জল; কথিত; পক্ব

শৃধু, পুং. [শৃধ্+উ] বুদ্ধি; গুহ্যদ্বার, মলাদি নিঃসরণের পথ।

শৃধূ, পুং. [শৃধ্+উ] কুৎসিত; অপান,

শেওড়া, (প্রা) বৃক্ষবিশেষ, সেওড়াগাছ।

শেখর, ন. [শিখ+অর] লবঙ্গ; শিগ্রুমূল, শজিনার গোড়া; (পুং.) শিখাবদ্ধিত মাল্য; [illegible]র শ্রুববিশেষ; শৈলশৃঙ্গ;
[illegible]

শেখরী, স্ত্রী. [শেখর+ঈ] লতাবিশেষ, বন্দালতা; শৃঙ্গবিশিষ্ট।

শেট, (প্রা) পদবীবিশেষ; সের, একমনের চল্লিশাংশের একাংশ।

শেণস্-শেণা, (স্ত্রী.) বুদ্ধি।

শেপ, পুং. [শী+প] শেফ, শিশ্ন, উপস্থ।

শেপাল, পুং. [শিপ্+আল] শৈবাল, শেওলা।

শেফঃ, ন. [শী+ফস্] শিশ্ন, লিঙ্গ, উপস্থ।

শেফ, পুং. [শী+ফ] শিশ্ন, লিঙ্গ, উপস্থ।

শেফালি, স্ত্রী. [শী+ফ+অলি] পুষ্পবৃক্ষবিশেষ, শেফালিকা, শিউলী।

শেফালিকা, স্ত্রী. [শেফাল+ইক-আ] পুষ্পবৃক্ষবিশেষ, শিউলী, তৎপর্য্যায়।—নির্গুণ্ডী, নীলিকা, নিশিপুষ্পিকা, বাতারি, বিজয়া, ভূতবেশী, মল্লিকা, রজনীহাসা, শীতমঞ্জরী, শুক্লাঙ্গী, শেফালী, শ্বেতসুরসা, সুবহা, ভূতকেশী।

শেফালী, স্ত্রী. [শেফাল+ঈ] পুষ্পবৃক্ষবিশেষ, শিউলী ফুলগাছ; নীলসিন্ধুবার।

শেব, পুং. [শী+ব] মেঢ্র, উপস্থ; অহি, সর্প; উন্নত, উচ্চ।

শেবধি, পুং. [শেব+ধা-ই] কুবেরের নবধারত্নবিশেষ, মাণিক।

শেবল, ন. [শী+বল] শৈবাল, শেওলা।

শেবলিনী, স্ত্রী. [শেবল+ইন্-ঈ] নদী, তটিনী।

শেবাল, ন. [শী+বল] শৈবাল, শেওলা।

শেবালী, স্ত্রী. [শেবাল+ঈ] আকাশমাংসী।

শেমুষী, স্ত্রী. [শি+মুষ-ঈ] বুদ্ধি, মতি, জ্ঞান।

শেয়ান, (হিং) চতুর; চালাক; ধূর্ত্ত।

শেয়াল, (প্রা) শৃগাল, জম্বুক, শিবা।

শেয়ালকাঁটা, (প্রা) কণ্টকময়বৃক্ষবিশেষ।

শেয়ালা, (প্রা) শৈবাল, শেওলা।

শের, (প্রা) পরিমাণবিশেষ, একমনের চল্লিশ অংশের একাংশ। [শূল।

শেলু, পুং. [শীল+উ] বহুবারক বৃক্ষ, চালতাগাছ।

শেলেঞ্চা, (প্রা) শাকবিশেষ, শালিঞ্চশাক।

শেষ, ন. [শিষ্+অ] প্রসাদ; (পুং.) সঙ্কর্ষণ, বলদেব; বধ; অনন্ত, সর্পরাজ; গজ; নাগ, সর্প; স্বীকৃতেতর বস্তু; ভগবানের দ্বিতীয়া মূর্ত্তি; নিষ্পত্তি, সমাপন; অন্ত, সীমা; (পুং.ন.) উপযুক্তেতর বস্তু; (ত্রি.) অবশিষ্ট; পরিত্যক্ত।

শেষকাল, ন. [শেষ+কাল] চরমসময়, অন্ত সময়।

শেষত্ব, ন. [শেষ+ত্ব] উপকারিত্ব; পারর্থ্য, পরোপকারে প্রবৃত্তি; অবশিষ্টত্ব; শেষের ধর্ম্ম।

শেষবেলা, স্ত্রী. [শেষ+বেলা] অপরাহ্ণ, দিনশেষ, বৈকাল।

শেষভুক্, ত্রি. [শেষ+ভুজ্] অবশিষ্টভোজী সর্ব্বশেষে ভোজনকারী।

শেষভোক্তা, ত্রি. [শেষ+ভোক্তৃ] অবশিষ্ট ভোজী; সর্ব্বশেষে ভোজনকারী।

শেষমন্দ, ন. [শেষ+মন্দ] পশ্চাৎক্ষতি; পরে দুর্গতি।

শেষরাত্রি, স্ত্রী. [শেষ+রাত্রি] রাত্রিশেষ, নিশাবসান, তৎপর্য্যায়।—অপররাত্র, উচ্চত্র।

শেষা, স্ত্রী. [শিষ্+অ-আ] কৃপাপূর্ব্বক স্বমাল্য অর্পণ।

শেষাবস্থা, স্ত্রী. [শেষ+অবস্থা] শেষদশা বৃদ্ধাবস্থা।

শেষে, ত্রি. [শেষ+এ] অন্তে, পশ্চাতে, উত্তরকালে।

শৈখরিক, পুং. [শিখর+ইক] অপামার্গ, আপাংগাছ।

শৈখরীয়, পুং. [শিখর+ঈয়] অপামার্গ; আপাংগাছ।

শৈখরেয়, পুং. [শিখর+এয়] অপামার্গ, আপাংগাছ। [স্নিগ্ধতা।

শৈত্য, ন. [শীত+য] শীতলত্ব, শীতলগুণ,

শৈথিল্য, ন. [শিথিল+য] শিথিলত্ব; অসম্ব

শৈনেয়, পুং. [শিনি+এয়] সাত্যকি, শিনিপুত্র; কৃষ্ণের সারথি।

শৈব, ন. [শিব+অ] শৈবাল, শেওলা; শিবপুরাণ; (ত্রি.) শিবসম্বন্ধীয়; (পুং.) বন্ধুক, বকপুষ্প; ধুস্তুর; আচারবিশেষ, শিবোপাসক, শিবভক্ত, তৎপর্য্যায়।—উর্দ্ধস্রোতসিক।

শৈববিবাহ, পুং. [শৈব+বিবাহ] মহানির্ব্বাণ তন্ত্রশাস্ত্রমতে অসবর্ণাবিধবার বিবাহ।

শৈবল, ন. [শী+বল] পদ্মকাষ্ঠ; (পুং.) জলজ তৃণবিশেষ, শৈবাল, শেয়ালা।

শৈবলিনী, স্ত্রী. [শৈবল+ইন্-ঈ] নদী, তরঙ্গিনী, তটী।

শৈবাল, ন. [শী+বল] জলজাত দ্রব্য বিশেষ, শেয়ালা, তৎপর্য্যায়।—অম্বুতাল, অরুক, কাবার, জলকেশ, জলজ, জলনীল, জলনীলিকা, জলনীলী, বারিচামর, শীবল, শেপাল, শেবল, শেবাল, (পুং.ন.) শৈবাল, সলিল-কুন্তল, সৈবাল, হঠপর্ণী, জবাল।

শৈবী, স্ত্রী. [শৈব+ঈ] শিবসম্বন্ধিনী; তন্ত্রশাস্ত্রমতে বিবাহিতা স্ত্রী।

শৈব্য, পুং. [শিব+য] কৃষ্ণের ঘোটকবিশেষ; পাণ্ডব সেনাপতি বিশেষ; (ত্রি.) শিবসম্বন্ধি।

শৈরীয়ক-শৈরেয়ক, পুং. [শীর+ঈয়ক] নীলঝিণ্টী নীলবর্ণ ঝাটী

শৈল, ন. [শিলা+অ] শৈলজনামক গন্ধদ্রব্য, শৈলেয়; তাক্ষ্যশৈল; শিলাজতু; (পুং.) পর্ব্বত; (ত্রি.) শিলাসম্বন্ধীয়, পর্ব্বতীয়। শৈলজ।

শৈলক, ন. [শিলা+ক] সুগন্ধিদ্রব্যবিশেষ

শৈলগন্ধ, ন. [শৈল+গন্ধ] চন্দনবিশেষ, সাবরচন্দন।

শৈলগর্ভাহ্বা, স্ত্রী. [শৈল+গর্ভাহ্বা] ঔষধদ্রব্যবিশেষ, শিলাবল্কা, (হিং) শিলাবাক্।

শৈলজ, ন. [শৈল+জন্-ড] পর্ব্বতীয় সুগন্ধিদ্রব্যবিশেষ, তৎপর্য্যায়।—অশ্মপুষ্প, কালানুসারি, কালানুসার্য্য, গুহ, বৃদ্ধ, শিলাপুষ্প, শিলাসন, শিলেয়, শীতল, শীতশিব, শৈল, শৈলক, শৈলাখ্য শৈলেয়; (ত্রি.) পর্ব্বতজাত।

শৈলজন, পুং. [শৈল+জন] পার্ব্বতীয় ব্যক্তি, পাহাড়ি।

শৈলজা, স্ত্রী. [শৈল+জ-আ] সৈংহলীলতা; গজপিপ্পলী; দুর্গা, হিমগিরিসুতা, পার্ব্বতী।

শৈলধন্বা, পুং. [শৈল+ধন্বন্] মহাদেব, শিব।

শৈলধর, পুং. [শৈল+ধর] কৃষ্ণ, বাসুদেব।

শৈলনির্য্যাস, ন. [শৈল+নির্য্যাস] সুগন্ধিদ্রব্য বিশেষ, শৈলেয়।

শৈলপত্র, পুং. [শৈল+পত্র] বিল্ববৃক্ষ, বেলগাছ।

শৈলভিত্তি, স্ত্রী. [শৈল+ভিত্তি] টঙ্ক, সোহাগা; প্রস্তর ছেদনের বাটালী।

শৈলরাজ, পুং. [শৈল+রাজ] হিমালয় পর্ব্বত।

শৈলরাজসুতা, স্ত্রী. [শৈলরাজ+সুত-আ] দুর্গা, পার্ব্বতী।

শৈলবল্কলা, পুং. [শৈল+বল্কল-আ] ঔষধবিশেষ, শিলাবল্কলা, (হিং) শিলাবাক্।

শৈলবীজ, পুং. [শৈল+বীজ] ভল্লাতক বৃক্ষ

শৈলশিবির, ন. [শৈল+শিবির] সমুদ্র, পয়োধি।

শৈলসুতা, স্ত্রী. [শৈল+সুত-আ] পার্ব্বতী দুর্গা; গঙ্গা; জ্যোতিষ্মতীলতা।

শৈলাখ্য, ন. [শৈল+আখ্য] সুগন্ধিদ্রব্য বিশেষ, শৈলজ।

শৈলাগ্র, ন. [শৈল+অগ্র] শিখর, পর্ব্বতের শৃঙ্গ।

শৈলাজ, ন. [শিলাজ+অ] শৈলজনামক গন্ধদ্রব্যবিশেষ, শৈলেয়।

শৈলাট, পুং. [শৈল+অট] দেবল; সিংহ; শুক্লকাচ[illegible] ব্যাধ।

শৈলাদি, পুং. [শৈল+আদি] নন্দী, শিব-দ্বারপাল।

শৈলালী, পুং. [শৈল+আলিন্] নট, নর্ত্তক, নৃত্যকারী।

শৈলিক্য, পুং. [শিলিকা+য] সর্ব্বলিঙ্গ, পাষণ্ড।

শৈলী, স্ত্রী. [শৈল+ঈ] সঙ্কেত; কৌশল, সংক্ষিপ্ত প্রণালী।

শৈলূষ, পুং. [শিলূষ+অ] বিল্বরক্ষ, নট, নর্ত্তক, ধূর্ত্ত; তালধারক; ভিন্নজাতি।

শৈলূষিক, পুং. [শিলূষ+ইক] নটবৃত্তি অন্বেষণকারী।

শৈলূষিকী, স্ত্রী. [শিলূষ+ইক-ঈ] শৈলূষি জাতি স্ত্রী, নর্ত্তকী।

শৈলূষী, স্ত্রী. [শৈলূষ+ঈ] নটী, নর্ত্তকী

শৈলেন্দ্র, পুং. [শৈল+ইন্দ্র] হিমালয় পর্ব্বত। [বৃক্ষ

শৈলেন্দ্রস্থ, পুং. [শৈলেন্দ্র+স্থ] ভূর্জ্জ

শৈলেয়, ন. [শিলা+এয়] শৈলজনামে গন্ধদ্রব্য, শৈলেয়ক, রুদ্রুচ, ছরিলা, তৎপর্য্যায়।—শিলোদ্ভব, স্থবির, পলিত জীর্ণ, কালানুসার্য্যক, শিলোত্থ, শিলাদদ্রু, শৈলাজ, গিরিপুষ্পক, শিলাপ্রসূন সুভগ, ষোড়শাঙ্গুয়, (শেষ পর্য্যায় শৈলজশব্দে দ্রষ্টব্য) তালপর্ণী; সৈন্ধব (ত্রি.) শৈলসম্ভব, পর্ব্বতজাত; শিলাতুল (পুং.) সিংহ; ভ্রমর, মধুপ। [দুর্গা

শৈলেয়ী, স্ত্রী। [শিলা+এয়-ঈ] পার্ব্বতী

শৈলোদ্ভবা, স্ত্রী. [শৈল+উদ্ভব-আ] ক্ষুদ্র পাষাণভেদী; দুর্গা।

শৈল্য, ত্রি. [শিলা+য] শিলা সম্বন্ধীয়; পর্ব্বতজাত।

শৈশব, ন. [শিশু+অ] শিশুত্ব, বাল্যাবস্থা, বালকত্ব।

শৈশবাবস্থা, স্ত্রী. [শৈশব+অবস্থা] বাল্য-কাল, বাল্যাবস্থা।

শৈশির, পুং. [শিশির+অ] শ্যামবর্ণ চটক পক্ষী; (ত্রি.) শিশির সম্বন্ধীয়।

শৈক্ষ্যোপাধ্যায়িকা, স্ত্রী. [শিক্ষা+উপাধ্যায়

শৈক্ষ, পুং. [শিক্ষ+অ] প্রাথমকল্পিক প্রথমারব্ধ বেদাধ্যয়ন।

শৈক্ষিক, ত্রি. [শিক্ষ+ইক] শিক্ষা শাস্ত্রবেত্তা।

শোওন, (প্রা) শয়ন, শয্যাগ্রহণ।

শোঁকন, (প্রা) ঘ্রাণলওন, গন্ধগ্রহণ।

শোক, পুং. [শুচ্+অ] চিত্তবিকলতা, ইষ্ট বিয়োগজন্য অনুচিন্তন; সুহৃদাদি বিচ্ছেদ জন্য মনঃপীড়া, তৎপর্য্যায়।—খেদ, নিঃসম, মন্যু, শুক্, শুচা, শোচন

শোকচর্চ্চা, স্ত্রী. [শোক+চর্চ্চা] শোকচিন্তা শোকের অনুশীল।

শোকচ্ছিদ, ত্রি. [শোক+ছিদ্] শোক নিবারণ।

শোকনিহত, ত্রি. [শোক+নিহত] শোকদ্বারা অবিভূত।

শোকমূর্চ্ছিত, ত্রি. [শোক+মূর্চ্ছিত] শোক-নিহত। [কারণ

শোকস্থান, ন. [শোক+স্থান] শোকের

শোকনাশ, পুং. [শোক+নাশ] অশোকবৃক্ষ

শোকনাশন, পুং. [শোক+নাশন] অশোক বৃক্ষ; মনঃপীড়া নিবারক।

শোকসাগর, পুং. [শোক+সাগর] শোকা-র্ণব, শোকরূপ সমুদ্র।

শোকহারী, স্ত্রী. [শোক+হারিন্] বনবর্ব্বরিকা, বনবাবুই; শোকনাশক।

শোকাকুল, ত্রি. [শোক+আকুল] শোক-কাতর, ইষ্ট বিয়োগাদি জন্য দুঃখে অস্থির।

শোকাগ্নি, পুং. [শোক+অগ্নি] শোকানল শোকরূপ অনল।

শোকাগ্নিসন্তপ্ত, ত্রি. [শোক+অগ্নি+সন্তপ্ত] দুঃখিত।

শোকান্বিত, ত্রি. [শোক+অন্বিত] শোক-যুক্ত, খেদিত, ক্ষুব্ধ।

শোকাপহৃত, ত্রি. [শোক+অপহৃত] শোক নিবারিত।

শোকাপনোদ, পুং. [শোক+অপ+নুদ-অ] শোকহারক, শোকহন্তা।

[illegible]

শোকার্ত্ত, ত্রি. [শোক+আর্ত্ত] শোকপীড়িত সন্তাপিত।

শোচন, ন. [শুচ্+অন] শোককরা মনো-দুঃখ প্রকাশকরণ।

শোচনা, স্ত্রী. [শুচ+অন-আ] শোকোৎ-পাদনা, বিলাপ।

শোচনীয়, ত্রি. [শুচ্+অনীয়] যাহাকে উদ্দেশ করিয়া শোক করা যায়।

শোচিঃ, ন. [শুচ্+ইস্] প্রভা, দীপ্তি, শিখা।

শোচিষ্কেশ, পুং. [শোচিস্+কেশ] অগ্নি; চিত্রকবৃক্ষ, চিতাগাছ.

শোচ্য, ত্রি. [শুচ্+য] শোচনীয়, যাহার নিমিত্ত শোককরা উচিত।

শোচ্যক, ত্রি. [শোচ্য+ক] অবর, ক্ষুদ্র, কনিষ্ঠ, ছোট।

শোটগুড়, (প্রা) গুড়বিশেষ, মাৎগুড়।

শোটীর্য্য. ন. [শোটীর+য] বীর্য্য, বল, পরাক্রম।

শোঠ, ত্রি. [শুঠ্+অ] মূর্খ; অলস; ধূর্ত্ত; নাচ; পাপরত।

শোণ, ন. [শোণ্+অ] সিন্দূর; রুধির ;(পুং.) রক্তোৎপল সদৃশ বর্ণ, তৎপর্য্যায়।—কোকনদচ্ছবি,রক্তোৎপলনিভ, রক্তোৎ পলাভ; পাটনার নিকটস্থ নদবিশেষ তৎপর্য্যায়।—হিরণ্যবাহ, হিরণ্যবাহু অগ্নি; শ্যোনাকবৃক্ষ; লোহিতাশ্ব; (ত্রি.) রক্তোৎপল প্রভিত; সমুদ্রবিশেষ; রক্ত বর্ণ ইক্ষু; শ্যোণাক বৃক্ষবিশেষ, শোণক

শোণক, পুং. [শোণ+ক] শোনাকবৃক্ষ শোণাগাছ।

শোণঝিণ্টিকা. স্ত্রী. [শোণ+ঝিণ্টিকা রক্তসৈরেয়, রক্তবর্ণঝাটি ফুলেরগাছ

শোণঝিণ্টী, স্ত্রী. [শোণ+ঝিণ্টী] কুরুবব রক্তঝিণ্টী; কণ্টকিনী, বার্ত্তাব.

শোণপত্র, পুং. [শোণ+পত্র] রক্তপুনর্ণ-শাক

শোণপদ্মক, ন. [শোণ+পদ্মক] রক্তকমল রক্তপদ্ম।

শোণপুষ্পক, পুং. [শোণ+পুষ্পক] কোবি-

শোণপুষ্পী, স্ত্রী. [শোণ+পুষ্প-ঈ] পুষ্পবৃক্ষ-বিশেষ, সিন্দূরপুষ্পী।

শোণরত্ন, ন. [শোণ+রত্ন] মণিবিশেষ, পদ্ম-রাগমণি।

শোণা, স্ত্রী. [শোণ+আ] শোণবর্ণযুক্তা, রক্তবর্ণবিশিষ্টা; তিক্তপত্রবিশেষ, শোণা-মুখীরপাতা; পক্ষিবিশেষ, শুকনা-সিকা

শোণাক, পুং. [শোণ+অক] বৃক্ষবিশেষ, শোণা, তৎপর্য্যায়। অরটু, অরল, অরলু, ঋক্ষ্য, কট্বঙ্গ, কুটন্নট, টুণ্টুক, দীর্ঘবৃন্ত, ভ্রান্তশাত্রব,নট, পত্রোর্ণ, মণ্ডূক পর্ণ, শুকনাস, শোণক, শ্যোনাক, স্যো-নাক, স্বর্ণবল্কল।

শোণামুখী (প্রা) তিক্তপত্রবিশেষ।

শোণিত, ন. [শোণ+ইত] রক্ত, রুধির; কুঙ্কুম, (ত্রি,) রক্তবর্ণ।

শোণিতচন্দন, ন. [শোণিত+চন্দন] চন্দন-বিশেষ, রক্তচন্দন।

শোণিতপুর; ন. [শোণিত+পুর] বাণরাজার পুর।

শোণিতাহ্বয়, ন. [শোণিত+আহ্বয়] রক্তবর্ণ সুগন্ধি চূর্ণবিশেষ, কুঙ্কুম।

শোণিতোৎপল, ন. [শোণিত+উৎপল] রক্তোৎপল, রক্তকুমুদ, রাঙ্গাসুঁদী।

শোণিতোক্ষিত, ত্রি. [শোণিত+উক্ষিত] রক্তাক্ত, শোণিতাক্ত।

শোণী. স্ত্রী. [শোণ+ঈ] রক্তোৎপল সদৃশ বর্ণা স্ত্রী। [মাণিক্য।

শোণোপল, পুং. [শোণ+উপল] রত্নবিশেষ,

শোথ, পুং. [শু+থন্] রোগবিশেষ, ফুলা রোগ, তৎপর্য্যায়।—শোথক, শোফ, শ্বয়থু।

শোথক, পুং. [শোথ+ক] রোগবিশেষ শোথ, ফুলারোগ।

শোথঘ্নী, স্ত্রী. [শোথ+ঘ্ন-ঈ] পুনর্ণবাশাক; শালপর্ণীবৃক্ষ, শাল পাইনগাছ; (ত্রি.) শোথনাশক।

শোথজিৎ, পুং. [শোথ+জিৎ] ভল্লাতব

শোথজিহ্ব, পুং. [শোথ+জিহ্বা] পুনর্ণবাশাক।

শোথহৃৎ, পুং. [শোথ+হৃৎ] ভল্লাতকবৃক্ষ; (ত্রি.) শোথহারক।

শোধ, পুং. [শুধ্+অ] পরিষ্কার, শোধন; বৈরনির্যাতন; প্রতিক্রিয়া।

শোধক, ন. [শুধ্+অক] পর্ব্বতজাত মৃত্তিকাবিশেষ, কঙ্কুষ্ঠ, কালকুষ্ঠ; (ত্রি.) শুদ্ধিকারক।

শোধন, ন. [শুধ্+অন] শৌচ, পরিষ্করণ; বিষ্ঠা; কাসীস, হিরাকসী; (পুং.) নিম্বুক, কাগজী নেবু; (ত্রি.) শুদ্ধিকারক।

শোধনী, স্ত্রী. [শুধ্+অন-ঈ] সম্মার্জ্জনী, ঝাঁটা; তাম্রবল্লীলতা; নীলী, নীলের-গাছ।

শোধনীবীজ, ন. [শোধনী+বীজ] জয়পাল নামকঔষধিবিশেষ।

শোধনীয়, ত্রি. [শুধ্+অনীয়] শোধিতব্য, শোধ্য, সংশোধনের যোগ্য।

শোধিত, ত্রি. [শুধ্+ইত] মক্ষিকাদির নিরাকরণ দ্বারা পরিষ্কৃতব্যঞ্জনাদি, তৎপর্য্যায়।—সংমৃষ্ট, পরিষ্কৃত, মার্জ্জিত; অপনীত মল, তৎপর্য্যায়।—অনবস্কর, নিঃশোধ্য, নির্ণিক্ত, মৃষ্ট।

শোধিতব্য, ত্রি. [শুধ্+ইতব্য] শোধিত, সংশোধনেরযোগ্য।

শোধ্য, ত্রি. [শুধ্+য] শোধনীয়, শোধনের যোগ্য।

শোফ, পুং, [শু+ফ] শোথ, স্ফীততারোগ, শোথ।

শোফঘ্নী, স্ত্রী.[শোফ+ঘ্ন-ঈ]শালপর্ণীলতা; রক্তপুনর্ণবাশাক।

শোফনাশন, পুং. [শোফ+নাশন] নীলবৃক্ষ; (ত্রি.) শোথনাশক।

শোফহৃৎ, পুং. [শোফ+হৃৎ] ভল্লাতকবৃক্ষ, ভেলারগাছ; (ত্রি.) শোথহারক।

শোভ, ত্রি. [শুভ+অ] সুন্দর, সুশ্রী।

শোভকৃৎ, ত্রি. [শোভ+কৃৎ] শোভনকৃত; (পুং.) কালচক্রের ষট্‌ত্রিংশত্তমবৎসর;

শোভন, ন. [শুভ+অন] পদ্ম; (পুং.) গ্রহ; বিষ্কুম্ভাদি সপ্তবিংশতি যোগান্তর্গত পঞ্চম যোগ; (ত্রি.) সুন্দর, (অস্য-পর্য্যায় মনোজ্ঞ শব্দেদ্রষ্টব্যঃ)।

শোভনক, পুং. [শোভন+ক] শোভাঞ্জন বৃক্ষ, শজিনাগাছ; (ত্রি.) শোভন শব্দ কারক।

শোভনা, স্ত্রী. [শুভ+অন-আ] হরিদ্রা; গোরোচনা।

শোভনীয়, ত্রি. [শুভ্+অনীয়] শোভাযুক্ত, মনোহর, সুন্দর।

শোভা, স্ত্রী. [শুভ+অ-আ] দীপ্তি, তৎপর্য্যায়।—অভিখ্যা, কমা, কান্তি, ছবি, দৃক্‌প্রিয়া, ছবী, ছায়া, দ্যুতি, দ্যুতী, বিভা, ভাভা; ভাতি, ভান, ভাসা, রমা, শুভা, শ্রীঃ, সুষমা; গোপীবিশেষ; হরিদ্রা; গোরোচনা।

শোভাকর, ত্রি. [শোভা+কর] দীপ্তিমান্; শোভাযুক্ত।

শোভাঞ্জন, পুং [শোভা+অঞ্জন] বৃক্ষবিশেষ, শজিনাগাছ, তৎপর্য্যায়।—অক্ষীব, আক্ষীব, কাক্ষীবক, কৃষ্ণগন্ধা, কৃষ্ণশিগ্রু, গন্ধ, গন্ধক, ঘনপল্লব, চক্ষুষ্য জনপ্রিয়, তীক্ষ্ণ, তীক্ষ্ণগন্ধ, তীক্ষ্ণগন্ধক, ব্রণনাশন, নীলশিগ্রু, মুখমোদ, মূলকপর্ণী, মোচক, রুচিরাঞ্জন, শিগ্রু, শুভাঞ্জন, শ্বেতমরিচ, সুতীক্ষ্ণ, স্ত্রীচিত্তহারী; রক্ত-শজিনা, তৎপর্য্যায়।—মধুদ্রুব, মধুলগ্ন, মধুশিগ্রু, সুরঙ্গী, স্বাদুগন্ধা।

শোভান্বিত, ত্রি. [শোভা+অন্বিত] শোভাযুক্ত, দীপ্তিমান্।

শোভিত, ত্রি. [শুভ্+ইত] শোভাবিশিষ্ট, প্রভাযুক্ত।

শোয়া, (প্রা) শয়ন; নিদ্রাগত।

শোয়ান, (প্রা) শয়নকরাণ, নিদ্রিতকরণ।

শোরসরাবৎ, (ফাং) জনরব, গোলমাল।

শোরা, (ফাং) ক্ষারবিশেষ, যবক্ষার।

শোলা, (হিং) জলজাত তৃণবিশেষ।

শোঠী, স্ত্রী. [শোঠ+অ-ঈ] বনহরিদ্রা, বন-

শোষ, পুং. [শুষ্+অ] যক্ষ্মারোগ; শোষণ, রসাকর্ষণ, নীরসকরণ; কামদেবের বাণ বিশেষ। [কর্ষক।

শোষক, ত্রি. [শুষ্+অক] শোষণকর্ত্তা, রসা-

শোষণ, ন. [শুষ্+অন] রসাকর্ষণ, চোষণ, তৎপর্য্যায়।—রসাদন; স্নেহরহিতীকরণ; শুণ্ঠী, শুঁঠ, (পুং) কামদেবের বাণবিশেষ; শ্যোনাকবৃক্ষ।

শোষসম্ভব, ন. [শোষ+সম্ভব] পিপ্পলীমূল, পিপুলের মূল।

শোষাপহা, স্ত্রী. [শোষ+অপহ-আ] ক্লীতনক, যষ্টিমধু; (ত্রি.) শোষনাশক।

শোষিত, ত্রি, [শুষ্+ইত] কৃতশোষণ, নিরসীকৃত, শুষ্ককরা।

শৌক, ন. [শুক+অ] শুকগণ; নারীদিগের ক্রিয়াবিশেষ। [তীর্থ।

শৌকর, ন. [শুকর+অ] তীর্থবিশেষ, শৌকর-

শৌকরব, ন. [শৌকর+ব] তীর্থবিশেষ, শৌকরতীর্থ।

শৌক্তিকেয়, ন. [শুক্তিক+এয়] মুক্তা, শৌক্তিক।

শৌক্তেয়, ন. [শুক্তি+এয়] মুক্তা, শৌক্তিক; (ত্রি.) শুক্তিসম্বন্ধীয়। [শুণ।

শৌক্ল, ন. [শুক্ল+অ] শুক্লতা, শুভ্রত্ব, শ্বেত-

শৌক্লিকেয়, ন. [শুক্লিক+এয়] বিষ; (পুং.) সর্পবিশেষ।

শৌচ, ন. [শুচি+অ] শুচিতা, শুচিত্ব, শুদ্ধি, নির্ম্মলতা।

শৌচাচার, পুং. [শৌচ+আচার] শুদ্ধিকর্ম্ম, শুদ্ধাচার।

শৌচিক, পুং. [শুচি+ইক] বর্ণসঙ্করজাতিবিশেষ, কৈবর্ত্তেরকন্যাতে শৌণ্ডিকহইতে জাতবর্ণ।

শৌচেয়, পুং. [শুচ+এয়] রজক, ধোবা।

শৌটীর, পুং. [শুট+ঈর] ত্যাগী; বীর; (ত্রি.) গর্ব্বান্বিত।

শৌটীর্য্য, ন. [শৌটীর+য] বীর্য্য, গর্ব্ব, দর্প।

শৌণ্ড, ত্রি.[শুণ্ড+অ] মত্ত, বিহ্বল, মাতাল;

শৌণ্ডিতা, স্ত্রী. [শৌণ্ড+ইত-আ] মত্ততা, বীরত্ব। [দর্প।

শৌণ্ডর্য্য, ন. [শুণ্ডর+য] অহঙ্কার; গর্ব্ব,

শৌণ্ডিক, পুং. [শুণ্ড+ইক] বর্ণসঙ্করজাতিবিশেষ, গাঞ্জিকন্যাতে কৈবর্ত্তহইতে জাতবর্ণ, শুড়ী, তৎপর্য্যায় —আসুতীবল, কল্লপাল, ধ্বজ, ধ্বজী, পণ, পান, পানবণিক, বারিবাস, মণ্ডহারক, শুণ্ডক, শুণ্ডার, শৌণ্ডী, সুরাজীবী

শৌণ্ডির, ত্রি. [শুণ্ড+ইর] গর্ব্বিত, অহং।

শৌণ্ডী. পুং. [শুণ্ড+ইন্] শৌণ্ডিক, শুড়ী; (স্ত্রী.) পিপ্পলী, পিপুল; লতাবৃক্ষবিশেষ, চবা, চইগাছ।

শৌণ্ডীর, ত্রি. [শুণ্ড+ঈর] অহঙ্কারী, গর্ব্বিত তৎপর্য্যায়।—অক্লপ্ত, অধম, অহঙ্কৃৎ, উদ্ধাব, উদ্ধত, উদ্ধর, নীচ, পিশুন, মানী, স্তব্ধ।

শৌদ্র, পুং. [শূদ্রা+অ] দ্বাদশবিধপুত্রান্তর্গতপুত্রবিশেষ, শূদ্রাপুত্র; (ত্রি.) শূদ্রসম্বন্ধীয়।

শৌদ্ধোদনি. পুং. [শুদ্ধোদন+ই] শাক্যবংশাবতীর্ণ বুদ্ধমুনিবিশেষ, শুদ্ধোদনমুনির পুত্র।

শৌধিকা, স্ত্রী. [শুধা+ইক-আ] ধান্যবিশেষ, রক্তকঙ্গু, কাঙ্গনি।

শৌন, পুং. [শুন+অ] মাংসজীবী, মাংসবিক্রয়ী।

শৌনক, পুং. [শুন+ক] মুনিবিশেষ, নৈমিষারণ্যক্ষেত্রেরপ্রধান ঋষি।

শৌনিক, পুং. [শুনা+ইক] মাংসবিক্রয়ী, মাংসজীবী, তৎপর্য্যায়।—কৌটিক, বৈতংসিক, মাংসিক; মৃগয়ু; (স্ত্রী)চিড়ীম।

শৌব, ন. [শ্ব+অ] কুক্কুরেরজড়তাভাব; পরদিন স্থায়িবস্তু, কুক্কুরবৃন্দ, কুক্কুরের পাল।

শৌবন. ন. [শ্বন্+অ] কুক্কুরেরস্বভাব; কুক্কুরের অপত্য।

শৌবস্তিক, ত্রি. [শ্বস্+ইক] ভাবিদিন স্থায়ি

শৌবাপদ, ত্রি. [শ্বাপদ+অ] শ্বাপদসম্বন্ধীয়, হিংস্রপশুর কার্য্য।

শৌভ, ন. [শুভ+অ] হরিশ্চন্দ্ররাজারপুরী তৎপর্য্যায়।—ব্যোমচারিপুর; আকাশযান, (পুং.) দেবতা; গুবাক, সুপারি।

শৌভনেয়, ত্রি. [শোভনা+এয়] শোভনসম্বন্ধীয়, শোভনবিশিষ্ট।

শৌভাঞ্জন, পুং. [শোভাঞ্জন+অ]শোভাঞ্জনবৃক্ষ, শজিনাগাছ।

শৌভিক, পুং. [শোভা+ইক] ঐন্দ্রজালিক, মায়াবী, কুহকী।

শৌভ্রেয়, ত্রি. [শুভ্রা+এয়] শুভ্রগুণযুক্তা নারীরপুত্র, শৌভ্রাজেয়।

শৌরি, পুং. [শূর+ই]শ্রীকৃষ্ণ; শনৈশ্চরগ্রহ

শৌর্পিক, ত্রি. [শূর্প+ইক] শূর্পপরিমিত, কুলারপরিমাণ।

শৌর্প্য, ত্রি. [শূর্প+য] শূর্পপরিমিত, কুলার পরিমাণ।

শৌর্য্য, ন. [শূর+য] আরভটী, নাটবৃত্তি; শক্তি, বীর্য্য, সাহস।

শৌল্ক, ত্রি. [শুল্ক+অ] শুল্কসম্বন্ধীয়; (পুং) শুল্কাধ্যক্ষ, মাসুলগ্রহণে নিযুক্ত ব্যক্তি।

শৌল্কি, ত্রি. [শুল্ক+ই] শুল্কাধ্যক্ষ, (বাং) তহসিলদার।

শৌল্কিক, পুং. [শুল্ক+ইক] শুল্কাধিপতি, করসংগ্রাহক, (বাং) তহসিলদার।

শৌল্কিকেয়, পুং.[শুল্কিক+এয়] বিষবিশেষ, শুল্কিকদেশজাত বিষ।

শৌল্ক, ন. [শুল্ক+অ] শাকবিশেষ, শুল্কশাক।

শৌল্বিক, পুং. [শুল্ব+ইক] কংসকার-কাঁসারি, তৎপর্য্যায়।—কাংস্যকার, কামন্দমী, তাম্রকারক, তাম্রকুট্টক, তাম্রিক।

শৌষ্কল, পুং. [শুষ্কলী+অ]শুষ্কমাংসবিক্রয়ী, (ত্রি.) আমিষাশী, মৎস্যমাংসভোজনশীল, শৌষ্কল।

শ্চ্যোতিত, ত্রি. [শ্চ্যুত+ইত] ক্ষরণ-

শ্চোত, পুং. [শ্চুত+অ] প্রাধার, ক্ষরণ; প্রোক্ষণ। [প্রোক্ষণ।

শ্চ্যোত, পুং. [শ্চ্যুত+অ] প্রাধার, ক্ষরণ;

শ্ম, ন. [শো+মন্] মুখ, বক্ত্র, আস্য।

শ্মশান, ন. [শব+শী-অন] শবদাহ স্থান, প্রেতভূমি, তৎপর্য্যায়।—অন্তশয্যা, দাহসর, পিতৃকানন, পিতৃবন, রুদ্রাক্রীড়, শতানক। [মূর্ত্তিবিশেষ।

শ্মশানকালী, স্ত্রী. [শ্মশান+কালী] কালিকা

শ্মশানবাসী, পুং. [শ্মশান+বাসিন্] শিব, মহাদেব; (ত্রি.) শ্মশানবাস কর্ত্তা।

শ্মশানবাসিনী, স্ত্রী. [শ্মশান+বাসিন্-ঈ] কালী, আদ্যাশক্তি।

শ্মশানবেশ্মা, পুং. [শ্মশান+বেশ্মন্] মহাদেব, শ্মশানবাসী, শ্মশানাল।

শ্মশানালয়বাসিনী, স্ত্রী; [শ্মশান+আলয় +বাসিন্-ঈ] দেবীবিশেষ, কালিকা।

শ্মশ্রু, ন. [শ্মন্+শ্রু] পুরুষের মুখেবর্দ্ধিত লোম, মুখলোম, দাড়ী গোঁপ।

শ্মশ্রুধারী, ত্রি. [শ্মশ্রু+ধারিন্] মুখলোম বিশিষ্ট, দাড়ীওয়ালা।

শ্মশ্রুবর্দ্ধক, পুং. [শ্মশ্রু+বর্দ্ধক] নাপিত ক্ষৌরী

শ্মশ্রুমুখী, স্ত্রী. [শ্মশ্রু+মুখ-ঈ] শ্মশ্রুযুক্তানারী, তৎপর্য্যায়।—পালি, পালী, পোটা। [ওয়ালা।

শ্মশ্রুল, ত্রি. [শ্মশ্রু+ল] শ্মশ্রুবিশিষ্ট, দাড়ী

শ্মশ্রুয়মাণ, ত্রি. [শ্মশ্রু+মান] শ্মশ্রুবিশিষ্ট।

শ্মীলন, ন. [শ্মীল+অন] নিমীলন, নিমিষ।

শ্মীলিত, ত্রি. [শ্মীল+ইত] নিমীলিত।

শ্যাকুল, (প্রা) কণ্টকময় লতাকার কুলবৃক্ষ।

শ্যান, ত্রি. [শৈ+ত] গত, অতীত; গাঢ়।

শ্যাব, পুং. [শৈ+অ] কপিশ, কৃষ্ণ ও পীত মিশ্রিত বর্ণ; (ত্রি.) কপিশবর্ণবিশিষ্ট।

শ্যাবতৈল, পুং. [শ্যাব+তৈল] অভ্রবৃক্ষ।

শ্যাবদন্, ত্রি. [শ্যাব+দন্তু] কৃষ্ণপীতমিশ্রিত

শ্যাবদন্ত-শ্যাবদন্তক, ত্রি. [শ্যাব+দন্ত-ক] স্বাভাবিক ধাকবর্ণ দশনযুক্ত; প্রধান

দন্তদ্বয় মধ্যস্থ ক্ষুদ্রদন্ত বিশিষ্ট; প্রধান দন্তের উপর দন্তান্তরযুক্ত

শ্যাম, ন. [শ্যৈ+ম] মরিচ; সিন্ধুলবণ; (ত্রি.) কৃষ্ণগুণ বিশিষ্ট; হরিদ্গুণবিশিষ্ট; (পুং.) প্রয়াগস্থিত বটবৃক্ষ; মেঘ; বৃদ্ধদারক; কোকিল; কৃষ্ণবর্ণ; হরিদ্বর্ণ; ধুস্তূর; পীলুবর্ণ; শ্যামাক; দমনকবৃক্ষ, গন্ধতৃণ, খড়।

শ্যামক, ন. [শ্যাম+ক] রোহিষতৃণ; (পুং.) তৃণ ধান্যবিশেষ, শ্যামাক, শ্যামাঘাস।

শ্যামকণ্ঠ, পুং. [শ্যাম+কণ্ঠ] ময়ূর; শিব; পক্ষিবিশেষ; নীলকণ্ঠ পক্ষী।

শ্যামকন্দা, স্ত্রী. [শ্যাম+কন্দ-আ] লতাবিশেষ, অতি বিষালতা।

শ্যামকাণ্ডা, স্ত্রী. [শ্যাম+কাণ্ড-আ] গণ্ডদুর্ব্বা, গাঁটিয়া দুর্ব্বা।

শ্যামগ্রন্থি, স্ত্রী. [শ্যাম+গ্রন্থি] গণ্ডদুর্ব্বা, গাঁটিয়া দুর্ব্বা। [নত্ব।

শ্যামতা, স্ত্রী. [শ্যাম+ত-আ] কৃষ্ণতা, মলি-

শ্যামত্ব, ন. [শ্যাম+ত্ব] কৃষ্ণত্ব, মলিনতা।

শ্যামপত্র, পুং. [শ্যাম+পত্র] তমালবৃক্ষ।

শ্যামপুরবী, (প্রা) রাগিণীবিশেষ।

শ্যামল, পুং. [শ্যাম+ল] কৃষ্ণবর্ণ; পিপ্পল; (ত্রি.) কৃষ্ণ গুণবিশিষ্ট।

শ্যামলচূড়া, স্ত্রী. [শ্যামল+চূড়া] গুঞ্জা, কুঁচ।

শ্যামলতা, স্ত্রী. [শ্যাম+লতা] লতাবিশেষ, শ্যামালতা, তৎপর্য্যায়।—অনন্তা, উৎপলসারিবা, কালপেষী, গোপবল্লী, গোপা, গোপী, দীর্ঘমূলা, পালিন্দী, মসূরবিদলা, মহাশ্যামা, শারিবা, শ্যামা, সারিবা, সুভদ্রা, (অনাৎসারিবা শব্দে দ্রষ্টব্য) শ্যামতা; কৃষ্ণত্ব।

শ্যামলা, স্ত্রী. [শ্যাম+ল-আ] পার্ব্বতী; জম্বুবৃক্ষ, কটভী; জম্বু, জাম; কস্তূরী।

শ্যামলিকা, স্ত্রী. [শ্যামল+ইক-আ] নীলীবৃক্ষ, নীলগাছ।

শ্যামলেক্ষু, পুং. [শ্যামল+ইক্ষু] কৃষ্ণেক্ষু, কাজলী আউক। [হরি।

শ্যামসুন্দর, পুং. [শ্যাম+সুন্দর] শ্রীকৃষ্ণ,

শ্যামা, স্ত্রী. [শ্যৈ+ম-আ] শারিবনামে ঔষধিবিশেষ; অপ্রসূতা স্ত্রী; প্রিয়ঙ্গুবৃক্ষ; বাগুজী, সোমরাজ, হাকুচ; যমুনা; রাত্রি; কৃষ্ণত্রিবৃতিকা; নীলিকা; গুগ্গুলু; সোমলতা; গুন্দ্রা; কৃষ্ণা; অম্বিকা; গুড়ুচীলতা; কস্তূরী; বটপত্রী; বন্দা, পরগাছা; নীল-পুনর্নবা; পিপ্পলী; হরিদ্রা; নীলদুর্ব্বা; তুলসী; পদ্মবীজ; গাভী; স্ত্রী; ছায়া; কৃষ্ণসারিবা; শিংশপা বৃক্ষ; পক্ষিবিশেষ, তৎপর্য্যায়।—কালিকা, কুমারী, কৃষ্ণা, চটকা, দুর্গা, দেবী, পাণ্ডবিকা, পোতকী, বরাহী, বামা, শকুনী, শামা, শিতিসিম্বিনী।

শ্যামাক, পুং. [শ্যামা+ক] তৃণ ধান্যবিশেষ, শ্যামাধান, তৎপর্য্যায়।—অবিপ্রিয়, তৃণবীজোত্তম, ত্রিবীজ, রাজধান্য, শ্যাম, শ্যামক, সুকুমার।

শ্যামাঙ্গ, পুং. [শ্যাম+অঙ্গ] বুধগ্রহ; (ত্রি.) কৃষ্ণবর্ণ কলেবর।

শ্যামাম্লী, স্ত্রী. [শ্যাম+অম্ল-ঈ] নীলাম্লী।

শ্যামাসুন্দরী, স্ত্রী. [শ্যামা+সুন্দরী] দেবীবিশেষ, কালিকা।

শ্যামিকা, স্ত্রী. [শ্যাম+ইক-আ] শ্যামবর্ণ, মালিন্য, কৃষ্ণবর্ণ।

শ্যাল, পুং. [শ্যৈ+ল] পত্নীভ্রাতা, শ্যালা, তৎপর্য্যায়।—আত্মবীর, বান্ধীর, শ্যালিক, শ্বশুর্য্য।

শ্যালিক, পুং. [শ্যাল+ইক] শ্যাল, পত্নীভ্রাতা, শ্যালা।

শ্যালিকা, স্ত্রী. [শ্যাল+ইক-আ] পত্নীর ভগিনী, শ্যালী, তৎপর্য্যায়।—কেলিকুঞ্চিকা, শ্যালী।

শ্যালী, স্ত্রী. [শ্যাল+ঈ] পত্নীরভগিনী, শ্যালী।

শ্যেত,. পুং. [শ্যেত+অ] শুক্লবর্ণ, শুভ্র, শাদা; (ত্রি.) শুক্লবর্ণ বিশিষ্ট।

শ্যেতকোলক, পুং. [শ্যেত+কোলক] মৎস্যবিশেষ. সফরী, পুঁটী

শ্যেন, পুং. [শ্যৈ+ত] পাণ্ডুরবর্ণ; পক্ষিবিশেষ, শশাদন, বাজপক্ষী, সচান, তৎ-

পর্য্যায়।—কপোতারি; করগ, ক্রব্যাদ, ক্রূর, খগান্তক, গ্রাহক, ঘাতিপক্ষী, নীল-পিচ্ছ, পতত্ত্রীরু, পত্রী, পিচ্ছবাণ, বেগী, ভয়ঙ্কর, মারক, রণপক্ষী, রণপ্রিয়, লম্ব কর্ণ, শশঘাতক, শশাদ, শশাদন, স্থূল-নীল; যাগবিশেষ।

শ্যেনকরণ, ন. [শ্যেন+করণ] সাহসিক কর্ম্ম; প্রেতক্রিয়া বিশেষ।

শ্যেনকরণিকা, স্ত্রী. [শ্যেন+করণিকা] শ্যেন-করণ; প্রেতক্রিয়াবিশেষ।

শ্যেনঘণ্টা, স্ত্রী. [শ্যেন+ঘণ্টা] বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ। [রক্ষক।

শ্যেনচিৎ, পুং. [শ্যেন+চিৎ] শ্যেন পক্ষী-

শ্যেনজীবী, পুং. [শ্যেন+জীবিন্] শ্যেন-পক্ষী ব্যবসায়ী।

শ্যেনী, স্ত্রী. [শ্যেন+ঈ] শ্বেতবর্ণা; শ্যেন-পত্নী, সচানপক্ষিণী।

শ্যেনোপদেশ, পুং. [শ্যেন+উপদেশ] ভিন্ন ভিন্ন স্থানে শবদাহ ক্রিয়োপদেশ।

শ্যৈনম্পাতা, স্ত্রী. [শ্যেনম্+পাতৃ] মৃগয়া, শিকার।

শ্যোণাক-শ্যোনাক, পুং. [শোণ+অক] বৃক্ষ বিশেষ, শোনাগাছ, তৎপর্য্যায়।—কবটু, অরলু, অরলুক, ঋক্ষ, কটম্ভর, কট্বঙ্গ, কুটন্নট, টুন্টুক, দীর্ঘবৃন্ত, নট, পত্রোর্ণ, প্রিয়জীব, পৃথুশিম্বি, মণ্ডূকপর্ণ, ময়ূর-জঙ্ঘ, শল্লক, শুকনাস, শোণ, শোণক, স্যোনাক।

শ্রৎ, ব্য. [শ্রস্] শ্রদ্ধা; (স্ত্রী.) বিশ্বাস, ভক্তি।

শ্রথন, ন. [শ্রথ্+অন] বধ; যত্ন; পুনঃ২ হর্ষণ; বন্ধন; মোক্ষণ; শিথিলীকরণ।

শ্রদ্দধন্, ত্রি. [শ্রৎ+দধৎ] ভক্তিমান।

শ্রদ্দধান, ত্রি. [শ্রৎ+দধান] শ্রদ্ধাযুক্ত, শ্রদ্ধান্বিত; বিশ্বাসযুক্ত; ভক্তিমান

শ্রদ্ধা, স্ত্রী. [শ্রৎ+ধা] সংপ্রত্যয়; ভক্তি; বিশ্বাস; স্পৃহা; আদর; শুদ্ধি; শাস্ত্রার্থে দৃঢ়প্রত্যয়; চিত্তের প্রসন্নতা।

[শ্রদ্ধা]ন্বিত, ত্রি. [শ্রদ্ধা+অন্বিত] ভক্তিমান্,

শ্রদ্ধাবান্, ত্রি. [শ্রদ্ধা+বৎ] শ্রদ্ধাবিশিষ্ট ভক্তিমান্।

শ্রদ্ধালু, স্ত্রী. [শ্রদ্ধা+আলু] দোহদবতী, গর্ভবতী; (ত্রি.) শ্রদ্ধাযুক্ত, ভক্তিমান্।

শ্রদ্ধাশালী, ত্রি. [শ্রদ্ধা+শালিন্] শ্রদ্ধা-ন্বিত, ভক্তিমান্।

শ্রন্থ, পুং. [শ্রন্থ্+অ] বিষ্ণু; দর্ভ; বধ; মোক্ষ; পুনঃ২ হর্ষণ।

শ্রন্থন, ন. [শ্রন্থ্+অন] গ্রন্থন, গাঁথন।

শ্রন্থিত, ত্রি. [শ্রন্থ্+ত] গ্রন্থিত; বদ্ধ; কৃতবধ; মুক্ত; হর্ষিত।

শ্রপণ, ন. [শ্রৈ+অন] কোন পাত্রে দ্রব্যাদি জ্বালদেওন।

শ্রপিত, ত্রি, [শ্রৈ+ত] দুগ্ধ ঘৃত জলভিন্ন পক্ক দ্রব্য।

শ্রপিতা, স্ত্রী. [শ্রৈ+ত-আ] কাঞ্জিক, কাঁজী।

শ্রবঃ, ন. [শ্রু+অস্] কর্ণ, শ্রবণ, কান।

শ্রব, পুং. [শ্রু+অ] কর্ণ, শ্রবণেন্দ্রিয়, কান; ক্ষরণ।

শ্রবণ, ন. [শ্রু+অন] শ্রবণেন্দ্রিয়, কর্ণ, শ্রুতি; কর্ণেন্দ্রিয়জ্ঞান, শোনা; ষড়্বিধ-লিঙ্গ দ্বারা অদ্বিতীয় বস্তুতে তাৎপর্য্যাব-ধারণ; (পুং.) শ্রবণানক্ষত্র।

শ্রবণদ্বাদশী, স্ত্রী. [শ্রবণ+দ্বাদশী] শ্রব ণানক্ষত্রযুক্ত ভাদ্রমাসের শুক্লদ্বাদশী

শ্রবণপথ, পুং. [শ্রবণ+পথ] কর্ণ, কান।

শ্রবণযোগ্য, ত্রি. [শ্রবণ+যোগ্য] শ্রোতব্য শুনিবার উপযুক্ত।

শ্রবণশীর্ষিকা, স্ত্রী. [শ্রবণ+শীর্ষিকা] বৃক্ষ-বিশেষ, শ্রাবণীবৃক্ষ।

শ্রবণা, পুং. স্ত্রী. [শ্রু+অন-আ] নক্ষত্র-বিশেষ, দ্বাবিংশতি নক্ষত্র; (স্ত্রী.) বৃক্ষ-বিশেষ, মুণ্ডরিকা বৃক্ষ।

শ্রবণার্হ, ত্রি. [শ্রবণ+অর্হ] শ্রবণযোগ্য, শ্রোতব্য, শুনিবার যোগ্য

শ্রবণীয়, ত্রি. [শ্রু+অনীয়] শ্রোতব্য, শ্রবণ যোগ্য।

শ্রবণেন্দ্রিয়, ন. [শ্রবণ+ইন্দ্রিয়] কর্ণেন্দ্রিয়,

শ্রবণোদর, ন. [শ্রবণ+উদর] কর্ণের বহির্ভাগের ছিদ্র।

শ্রবাপ্য, পুং. [শ্রু+আপ্য] বলিযোগ্য পশু, যজ্ঞিয়পশু।

শ্রবিষ্ঠা, স্ত্রী. [শ্রু+ইষ্ঠ-আ] ধনিষ্ঠানক্ষত্র, ত্রয়োবিংশতি নক্ষত্র।

শ্রবিষ্ঠাজ, পুং. [শ্রবিষ্ঠা+জন্-অ] বুধগ্রহ; (ত্রি.) ধনিষ্ঠানক্ষত্রে জাত।

শ্রব্য, ত্রি. [শ্রু+য] শ্রোতব্য, শ্রবণযোগ্য বাক্যাদি।

শ্রম, পুং. [শ্রম+অ] তপঃ; খেদ; শ্রান্তি, তৎপর্য্যায়।—আয়াস, ক্লম, ক্লমথ, ক্লেশ, পরিশ্রম, প্রয়াস, ব্যায়াম; শস্ত্রাভ্যাস, তৎপর্য্যায়।—অভ্যাস, খুরলী, যোগ্য।

শ্রমজল ন. [শ্রম+জল] ঘর্ম্ম, ঘাম।

শ্রমণ, পুং. [শ্রম+অন] যতিবিশেষ, তৎপর্য্যায়।—অনগার, ঋষি, নির্গ্রন্থ, মুনি, মুমুক্ষু, ভিক্ষু, বাচংযম, ব্রতী, শ্রমণ, সাধু; (ত্রি.) নিন্দ্যজীবী।

শ্রমণা, স্ত্রী. [শ্রম্+অন-আ] সুদর্শনা; মাংসী; মুণ্ডীরী; শবরীবিশেষ।

শ্রমান্বিত, ত্রি. [শ্রম+অন্বিত] শ্রমযুক্ত, ক্লিষ্ট। [যুক্ত।

শ্রমী, ত্রি. [শ্রম+ইন্] শ্রমবিশিষ্ট, শ্রম-

শ্রয়, পুং. [শ্রি+অ] আশ্রয়, অবলম্বন।

শ্রয়ণ, ন. [শ্রি+অন] আশ্রয়, শ্রায়, অবলম্বন। [পক্কদ্রব্য।

শ্রাণ, ত্রি. [শ্রৈ+আন] পক্ক, যুতচ্যুতজলভিন্ন

শ্রাণা, স্ত্রী. [শ্রাণ+আ] যবাগূ, যাউ।

শ্রাদ্ধ, ন. [শ্রদ্ধা+অ] শাস্ত্রোক্তবিধানদ্বারা পিতৃউদ্দেশ্য শ্রদ্ধাহেতুক অন্নাদিদান; দ্বাদশবিধশ্রাদ্ধ যথা।—নিত্য, নৈমিত্তিক, কাম্য, বৃদ্ধি, সপিণ্ডন, পার্ব্বণ, গোষ্ঠী, শুদ্ধার্থ, কর্ম্মাঙ্গ, দৈবিক, যাত্রার্থ, পুষ্ট্যর্থ; (ত্রি) শ্রদ্ধাসমন্বিত, শ্রদ্ধাযুক্ত।

শ্রাদ্ধকর্ত্তা, ত্রি. [শ্রাদ্ধ+কর্তৃ] শ্রাদ্ধকারক।

শ্রাদ্ধদেব, পুং. [শ্রাদ্ধ+দেব] যম, সূর্য্যের-

শ্রাদ্ধশাক, ন. [শ্রাদ্ধ+শাক] কালশাক, নাড়িক, (হিং) নরচা

শ্রাদ্ধিক, ত্রি. [শ্রাদ্ধ+ইক] শ্রাদ্ধভোক্তা, শ্রাদ্ধভোজী; শ্রাদ্ধসম্বন্ধিদ্রব্য

শ্রাদ্ধী, ত্রি. [শ্রাদ্ধ+ইন্] শ্রাদ্ধভোক্তা, শ্রাদ্ধভোজী।

শ্রান্ত, পুং. [শ্রম+ত] শান্ত, জিতেন্দ্রিয়, (ত্রি) শ্রমযুক্ত, ক্লান্ত

শ্রান্তসংবাহন, ন. [শ্রান্ত+সংবাহন] আসনাদিপ্রদানদ্বারা শ্রমযুক্ত ব্যক্তির ক্লেশের উপশম

শ্রান্তি, স্ত্রী. [শ্রম+তি] শ্রম, ক্লেশ।

শ্রান্তিযুক্ত, ত্রি. [শ্রান্তি+যুক্ত] ক্লেশযুক্ত, ক্লান্ত, অবসন্ন।

শ্রাব, পুং. [শ্রু+অ] শ্রবণ, কর্ণেন্দ্রিয়; (ন.) স্খলন।

শ্রাবক, পুং. [শ্রু+অক] শাক্যমুনির শিষ্যবিশেষ; কাক; (ত্রি.) শ্রোতা, শ্রবণকারক

শ্রাবণ, পুং. [শ্রবণা+অ] পাষণ্ড; বৈশাখাদি দ্বাদশমাসান্তর্গত চতুর্থমাস, শ্রবণানক্ষত্রযুক্ত পৌর্ণমাসী মাস, তৎপর্য্যায়।—নভঃ, নভাঃ, শ্রাবণিক; (ত্রি.) শ্রবণানক্ষত্র সম্বন্ধীয়।

শ্রাবণা, স্ত্রী. [শ্রবণ+অ-আ] বৃক্ষবিশেষ, দধ্যালীবৃক্ষ।

শ্রাবণিক, পুং. [শ্রবণা+ইক] শ্রাবণমাস, চতুর্থমাস।

শ্রাবণী, স্ত্রী. [শ্রবণা+অ-ঈ] শ্রাবণমাসের পূর্ণিমা; বৃক্ষবিশেষ, (হিং) মুণ্ডী, খোলকুড়িয়া, তৎপর্য্যায়।—তপোধনা, পরিব্রাজী, প্রব্রজিতা, ভিক্ষু, মুণ্ডিতিকা, শ্রবণশীর্ষিকা, শ্রবণা।

শ্রাবিত, ত্রি. [শ্রু+ইত] কথিত, উক্ত।

শ্রাবস্তী, স্ত্রী. [শ্রু+অ-ঈ] ধর্ম্মপত্তনাখ্য দেশ বিশেষ।

শ্রাবিষ্ঠীয়, ত্রি. [শ্রবিষ্ঠা+ঈয়] শ্রবণানক্ষত্রসম্বন্ধীয়।

শ্রাব্য, ত্রি. [শ্রু+য] শ্রবণীয়, শ্রবণযোগ্য।

শ্রিতবান্, ত্রি. [শ্রি+তবৎ] সেবাকারক; আশ্রয়কারী।

শ্রিয়ংমন্যা, স্ত্রী. [শ্রিয়ং+মন্য-আ] যেস্ত্রী আপনাকে শ্রীযুক্ত বলিয়া মান্য করেন।

শ্রী, স্ত্রী. [শ্রি+ঈ] লক্ষ্মী; লবঙ্গ; বেশরচনা; শোভা; সরস্বতী; সরলবৃক্ষ; ত্রিবর্গ, ধর্ম্মকামার্থ; সম্পত্তি; বিধা, প্রকার; উপকরণ; বিভূতি; মতি; অধিকার; প্রভা; কীর্ত্তি; বৃদ্ধি; সিদ্ধি; জিনমতা; কমল; বিল্ববৃক্ষ; বৃদ্ধিনামক; ঔষধ: (পুং) রাগবিশেষ, ষড়্রাগান্তর্গত মধ্যম-রাগ।

শ্রীকণ্ঠ, পুং. [শ্রী+কণ্ঠ] শিব; হস্তিনাপুরের উত্তর পশ্চিমস্থিত কুরুজাঙ্গল দেশ।

শ্রীকণ্ঠপদলাঞ্ছন, পুং. [শ্রীকণ্ঠ+পদ+লাঞ্ছন] ভবভূতি, মালতীমাধব নাটককর্ত্তা।

শ্রীকণ্ঠসখ, পুং. [শ্রীকণ্ঠ+সখা] কুবের, ধনেশ।

শ্রীকন্দা, স্ত্রী. [শ্রী+কন্দ-আ] বন্ধ্যাকর্কোটকী, (হিং) ঝাঝখসকা।

শ্রীকর, ন. [শ্রী+কর] রক্তোৎপল; (পুং.) বিষ্ণু; স্মৃতিগ্রন্থকারবিশেষ; (ত্রি.) শ্রীকারক।

শ্রীকরণ, ন. [শ্রী+করণ] লেখনী, কলম; শোভাকরণ। [দ্বেষ্টা।

শ্রীকাতর, ত্রি. [শ্রী+কাতর] দ্বেষী, শুভ-

শ্রীকান্ত, পুং. [শ্রী+কান্ত] বিষ্ণু, নারায়ণ।

শ্রীকারী, পুং. [শ্রী+কারিন্] মৃগবিশেষ, তৎপর্য্যায়।—কুরঙ্গ, জম্বাল, ত্রাজ্রিকাম্বর, বেগিহরিণ, মহাবব, যবন, শিখিযূপ।

শ্রীখণ্ড, পুং.ন. [শ্রী+খণ্ড] চন্দন।

শ্রীগদিত, ন. [শ্রী+গদিত] ক্ষুদ্রনাটকবিশেষ।

শ্রীগর্ত্ত, পুং. [শ্রী+গর্ত্ত] বিষ্ণু; খড়্গ।

শ্রীগ্রহ, পুং. [শ্রী+গ্রহ] পক্ষিদিগেরপানীয়-শালা; তৎপর্য্যায়।—শকুনিপ্রপা।

শ্রীঘন, ন. [শ্রী+ঘন] দধি; (পুং) বুদ্ধাবতার বিশেষ।

.ন. [শ্রী+চক্র] ত্রিপুরসুন্দরীদেবীর

শ্রীজ, পুং. [শ্রী+জন্-অ] কামদেব, মদন; শাম্ব, জাম্ববতীপুত্র।

শ্রীতাল, পুং. [শ্রী+তাল] তালবৃক্ষসদৃশবৃক্ষ-বিশেষ, তৎপর্য্যায়।—মসীলেখ্যদল, বিশালপত্র, মৃদুচ্ছদ, মৃদুতাল, বাম্যোস্তুত, লক্ষ্মীতাল, লেখার্হ, শিরালপত্রক।

শ্রীদ, পুং. [শ্রী+দা-অ] কুবের, ধনেশ; (ত্রি.) শোভাদাতা।

শ্রীধর, পুং. [শ্রী+ধর] বিষ্ণু; জিনবিশেষ, শালগ্রাম শিলাবিশেষ।

শ্রীনন্দন, পুং. [শ্রী+নন্দন] কামদেব; লক্ষ্মীপুত্র। [কৃষ্ণ।

শ্রীনিকেতন, পুং. [শ্রী+নিকেতন] বিষ্ণু,

শ্রীনিবাস, পুং. [শ্রী+নিবাস] বিষ্ণু, নারায়ণ

শ্রীপ, ত্রি. [শ্রী+পা-অ] শ্রীপতি, বিষ্ণু।

শ্রীপঞ্চমী, স্ত্রী. [শ্রী+পঞ্চমী] মাঘমাসের শুক্লা পঞ্চমী। [পতি।

শ্রীপতি, পুং. [শ্রী+পতি] বিষ্ণু; পৃথিবী-

শ্রীপথ, পুং. [শ্রী+পথ] রাজপথ, নৃপমার্গ।

শ্রীপর্ণ, ন. [শ্রী+পর্ণ] পদ্ম; অগ্নিমন্থবৃক্ষ।

শ্রীপর্ণিকা, স্ত্রী. [শ্রীপর্ণ+ইক-আ] কটফল-বৃক্ষ

শ্রীপর্ণী, স্ত্রী. [শ্রী+পর্ণ-ঈ] গম্ভারীবৃক্ষ, গামারীগাছ; কটফলবৃক্ষ; শাল্মলী, শিমুলগাছ; হঠবৃক্ষ; অগ্নিমন্থবৃক্ষ।

শ্রীপিষ্ট, পুং. [শ্রী+পিষ্ট] সরলবৃক্ষরস, টার্পিন। [কামদেব।

শ্রীপুত্র, পুং. [শ্রী+পুত্র] অশ্ব, ঘোটক;

শ্রীপুষ্প, ন. [শ্রী+পুষ্প] লবঙ্গ; পদ্মকাষ্ঠ।

শ্রীপ্রদ, ত্রি. [শ্রী+প্রদ] সম্পত্তিদায়ক, শোভাদায়ক।

শ্রীফল, পুং. [শ্রী+ফল] বিল্ববৃক্ষ; রাজাদনী বৃক্ষ; (ন.) বেল।

শ্রীফলা, স্ত্রী. [শ্রী+ফল-আ] নীলবৃক্ষ; ক্ষুদ্র কারবেল্লী, ছোটকরলা।

শ্রীফলিকা, স্ত্রী. শ্রীফল+ইক-আ] ক্ষুদ্রকারবেল্লী, ছোটকরলা; মহানীলী বৃক্ষ।

শ্রীফলী, স্ত্রী. [শ্রী+ফল-ঈ] আমলকী;

শ্রীবৎস, পুং. [শ্রী+বৎস] বিষ্ণু; বিষ্ণুরচিহ্ন-বিশেষ, বক্ষঃস্থিত শুক্লবর্ণদক্ষিণাবর্ত্ত লোমাবলী; জিনদিগের ধ্বজা; সুরুঙ্গা-বিশেষ, সাঁদবিশেষ; নৃপতিবিশেষ; গৃহবিশেষ; কৌস্তুভমণি।

শ্রীবৎসকী, পুং. [শ্রীবৎসক+ইন] হৃদয়ে আবর্ত্তযুক্ত অশ্ব

শ্রীবৎসভৃৎ, পুং. [শ্রীবৎস+ভৃৎ] বিষ্ণু নারায়ণ। [নারায়ণ

শ্রীবৎসলাঞ্ছন, পুং. [শ্রীবৎস+লাঞ্ছন] বিষ্ণু

শ্রীবৎসাঙ্ক, পুং. [শ্রীবৎস+অঙ্ক] বিষ্ণু, নারায়ণ।

শ্রীবরাহ, পুং. [শ্রী+বরাহ] বিষ্ণু, নারায়ণ।

শ্রীবল্লী, স্ত্রী. [শ্রী+বল্লী] কণ্টকবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—অম্লা, কটুফলা, কণ্টবল্লী, দুরারোহা, শিববল্লী, শিবলী।

শ্রীবাটী, স্ত্রী. [শ্রী+বাটী] নাগবল্লী বিশেষ।

শ্রীবারক, পুং. [শ্রীবার+ক] শাকবিশেষ, সিতাবরশাক।

শ্রীবাস, পুং. [শ্রী+বাস] সরলবৃক্ষরস, টার-পিন্, ধুনা, তৎপর্য্যায়।—তৈলপর্ণী, পায়স, বৃকধূপ; বৃক্ষধূপ, শ্রীপিষ্ট, শ্রীবেশ, শ্রীবেষ্ট, সরলদ্রব; পদ্ম; বিষ্ণু; শিব।

শ্রীবাসঃ, পুং. [শ্রী+বাসস্] সরলদ্রব, টারপিন্।

শ্রীবিদ্যা, স্ত্রী. [শ্রী+বিদ্যা] মহাবিদ্যাবিশেষ, ত্রিপুরসুন্দরী। [বৃক্ষ।

শ্রীবৃক্ষ, পুং. [শ্রী+বৃক্ষ] অশ্বত্থবৃক্ষ; বিল্ব-

শ্রীবৃক্ষক, পুং. [শ্রীবৃক্ষ+ক] অশ্বের হৃদয়া-বর্ত্ত। [যুক্ত অশ্ব।

শ্রীবৃক্ষকী, পুং [শ্রীবৃক্ষক+ইন্] হৃদয়েআবর্ত্ত

শ্রীবেশ, পুং. [শ্রী+বেশ] সরলবৃক্ষেরনির্য্যাস টারপিন্, ধুনা।

শ্রীবেষ্ট, পুং. [শ্রী+বেষ্ট] সরলবৃক্ষের নির্যাস, টারপিন, ধুনা, তৎপর্য্যায়।—চিতাগন্ধ, তিক্তপর্ণ, ধূপাঙ্গ, বৃক্ষধূপ, বেষ্ট, বেষ্টক বেষ্টসার, রসায়ক, রসাবেষ্ট, লক্ষ্মী-বেষ্ট, শ্রীবাস, শ্রীরস, সরলাঙ্গ, ধূপক, ক্ষারশীর্ষ।

শ্রীভদ্রা, স্ত্রী. [শ্রী+ভদ্র-আ] ভদ্রমুস্তক, নাগরমুস্তা।

শ্রীভাগবত, ন. [শ্রী+ভগবৎ-অ] অষ্টাদশ মহাপুরাণান্তর্গত অষ্টাদশসহস্র শ্লোক-যুক্ত পুরাণবিশেষ। [চন্দ্র।

শ্রীভ্রাতা, পুং. [শ্রী+ভ্রাতৃ] উচ্চৈঃশ্রবা অশ্ব;

শ্রীমতি, স্ত্রী. [শ্রী+মতি] রাধা, কৃষ্ণপ্রিয়া।

শ্রীমতী, স্ত্রী. [শ্রীমৎ+ঈ] শ্রীযুক্তা; বর্ত্তমানা স্ত্রীলোকের নামের পূর্ব্বে কথিতশব্দ।

শ্রীমস্তক, পুং. [শ্রী+মস্তক] রশোন, রসুন; লক্ষ্মীর মস্তক।

শ্রীমান্, পুং. [শ্রী+মৎ] তিলকবৃক্ষ; অশ্বত্থ-বৃক্ষ; বিষ্ণু; শিব; কুবের; (ত্রি) মনোজ্ঞ, স্নেহপাত্র; ধনী, তৎপর্য্যায়।—লক্ষ্মী-বান্, লক্ষ্মণ, শ্রীল।

শ্রীমলাপহা, স্ত্রী. [শ্রীমলা+অপহ-আ] ক্ষুদ্র লতাবিশেষ, ধূম্রপত্রা।

শ্রীমুখ, পুং. [শ্রী+মুখ] কালচক্রেরসপ্তম-বৎসর; পত্রেরপৃষ্ঠে শ্রীশব্দলিখন; (ন.) শোভাযুক্ত আনন।

শ্রীমূর্ত্তি, স্ত্রী. [শ্রী+মূর্ত্তি] দেববিগ্রহ, বিষ্ণুর প্রতিরূপ।

শ্রীযুক্ত, ত্রি. [শ্রী+যুক্ত] লক্ষ্মীবিশিষ্ট লক্ষ্মী-বান্; জীবিত পুরুষের নামের পূর্ব্বে দাতব্য শব্দ।

শ্রীযুত, ত্রি. [শ্রী+যুত] শ্রীমান, জীবিত পুরুষের নামের পূর্ব্বে কথিত শব্দ।

শ্রীরঙ্গপত্তন, ন. [শ্রীরঙ্গ+পত্তন] দেশবিশেষ মাদরাজাখ্যদেশে সারংপটন্ নামে দেশ

শ্রীরস, পুং. [শ্রী+রস] শ্রীবেষ্ট, সরল-নির্য্যাস, টারপিন, ধুনা।

শ্রীরাগ, পুং. [শ্রী+রাগ] ষট্‌রাগেরমধ্যে তৃতীয়রাগ, অস্যরাগিণ্যোযথা।—গান্ধারী, দেবগান্ধারী, মালবশ্রী, সারবী, রামকিরী।

শ্রীরাম, পুং. [শ্রী+রাম] রামচন্দ্র, দশ-রথপুত্র

শ্রীরামনবমী, স্ত্রী. [শ্রীরাম+নবমী] চৈত্র-মাসের শুক্লানবমী শ্রীরামের জন্মতিথি।

শ্রীল, ত্রি. [শ্রী+ল] লক্ষ্মীবান্, সৌভাগ্যবান; শোভাযুক্ত।

শ্রীলতা, স্ত্রী. [শ্রী+লতা] লতাবিশেষ, মহাজ্যোতিষ্মতী।

শ্রীশ, পুং. [শ্রী+ঈশ] বিষ্ণু; শ্রীরাম।

শ্রীসংজ্ঞ, ন. [শ্রী+সংজ্ঞা] লবঙ্গ, দেবকুসুম, লং।

শ্রীসহোদর, পুং. [শ্রী+সহোদর] চন্দ্র।

শ্রীহরি, পুং. [শ্রী+হরি] বিষ্ণু, নারায়ণ।

শ্রীহস্তিনী, স্ত্রী. [শ্রী+হস্তিন্-ঈ] বৃক্ষবিশেষ, হাতিশুঁড়া, তৎপর্য্যায়।—নাগদন্তী, ভুরুণ্ডী।

শ্রুক্, ন. [শ্রুচ্] যজ্ঞপাত্রবিশেষ।

শ্রুগ্বারু, পুং. [শ্রুচ্+বারু] বিকঙ্কতবৃক্ষ, বঁইচগাছ।

শ্রুঘ্নিকা, স্ত্রী. [শ্রুঘ্ন+ইক-আ] সর্জ্জিকা ক্ষার, সাজীমাটী।

শ্রুত, ন. [শ্রু+ত] অধ্যয়ন; বেদ; শাস্ত্র; শ্রবণগোচর; (ত্রি.) অবধৃত; আকর্ণিত, জ্ঞাত; প্রসিদ্ধ।

শ্রুতকীর্ত্তি, স্ত্রী. [শ্রুত+কীর্ত্তি] কুশধ্বজরাজকন্যা, শত্রুঘ্নের পত্নী; (পুং.) দেবর্ষি; (ত্রি.) কীর্ত্তিযুক্ত।

শ্রুতদেবী, স্ত্রী. [শ্রুত+দেবী] সরস্বতী, বাগ্বাদিনী।

শ্রুতবান্, ত্রি. [শ্রুত+বৎ] যে শ্রবণ করিয়াছে।

শ্রুতবোধ, পুং. [শ্রুত+বোধ] কালিদাসকৃত ছন্দোগ্রন্থবিশেষ।

শ্রুতার্ষ, পুং. [শ্রুত+ঋষি] ঋষিবিশেষ, সুশ্রুতাদি ঋষি।

শ্রুতশ্রবা, পুং. [শ্রুত+শ্রবস্] শিশুপালের পিতা, দমঘোষ।

শ্রুতশ্রবোনুজ, পুং. [শ্রুতশ্রবস্+অনুজ] শনৈশ্চরগ্রহ, শনি। [নদী।

শ্রুতশ্রেণী, স্ত্রী. [শ্রুত+শ্রেণী] দ্রবন্তী,

শ্রুতাদান, ন. [শ্রুত+আদান] ব্রহ্মবাদ, বেদপাঠ।

শ্রুতাধ্যয়নসম্পন্ন, ত্রি. [শ্রুত+অধ্যয়ন+

শ্রুতান্বিত, ত্রি. [শ্রুত+অন্বিত] শাস্ত্রজ্ঞ, পণ্ডিত।

শ্রুতায়ু, পুং. [শ্রুত+আয়ুস্] সূর্য্যবংশীয় রাজাবিশেষ।

শ্রুতার্থ, পুং. [শ্রুত+অর্থ] শাব্দবোধ বিষয়ি ভূতঅর্থ, শ্রবণমাত্র বোধগম্য অর্থ।

শ্রুতি, স্ত্রী. [শ্রু+তি] বেদ; কর্ণ, শ্রোত্র; শ্রবণেন্দ্রিয়ের গ্রাহ্য শব্দ; শ্রোত্রকর্ম্ম; বার্ত্তা; শ্রবণানক্ষত্র; ষড়্জাদ্যারম্ভিকা, কিম্বদন্তী, জনশ্রুতি, শোরৎ; সূক্ষ্মস্বর বিশেষ, স্বরের অবয়ব।

শ্রুতিকট, পুং. [শ্রুতি+কট] প্রায়শ্চিত্তলোহ; পাপাপনোদন, পাপমোচন, পাপশোধন; অহি, সর্প।

শ্রুতিকটু, পুং. [শ্রুতি+কটু] কঠোরশব্দ, অলঙ্কারের দোষবিশেষ।

শ্রুতিকথিত, ত্রি. [শ্রুতি+কথিত] শ্রুত্যুক্ত, বেদোক্ত।

শ্রুতিজীবিকা, স্ত্রী. [শ্রুতি+জীবিকা] ধর্ম্মশাস্ত্র; বেদদ্বারা জীবনোপায়।

শ্রুতিজ্ঞ, ত্রি. [শ্রুতি+জ্ঞা-অ] বেদজ্ঞ; বেদবিৎ।

শ্রুতিতৎপর, ত্রি. [শ্রুতি+তৎপর] সকর্ণ; বেদাভ্যাস রত।

শ্রুতিধর, ত্রি. [শ্রুতি+ধর] শ্রুতিমাত্রধারক, শ্রবণমাত্রে অভ্যাসকারী

শ্রুতিপাঠ, পুং. [শ্রুতি+পাঠ] বেদাধ্যয়ন, বেদপাঠ।

শ্রুতিবর্জ্জিত, ত্রি. [শ্রুতি+বর্জ্জিত] বধির, কালা; বেদরহিত।

শ্রুতিবিৎ, ত্রি. [শ্রুতি+বিদ্] বেদজ্ঞ, শ্রুতিজ্ঞ। [বেদজ্ঞাতা।

শ্রুতিবেত্তা, পুং. [শ্রুতি+বেতৃ] বেদবেত্তা,

শ্রুতিবেধ, পুং. [শ্রুতি+বেধ] কর্ণছিদ্রকরণ সংস্কারবিশেষ, কর্ণবেধ।

শ্রুতিমণ্ডল, স্ত্রী. [শ্রুতি+মণ্ডল] শ্রুতির বহির্ভাগ।

শ্রুতিমূল, ন. [শ্রুতি+মূল] শ্রুতিগ্রন্থি;

শ্রুতিস্ফোটা, [শ্রুতি+স্ফোট-আ] কর্ণ-স্ফোটালতা।

শ্রুব, পুং. [শ্রু+অ] যাগ; (ন.) যজ্ঞপাত্র বিশেষ, স্রুব।

শ্রুবা, স্ত্রী. [শ্রু+অ-আ] মূর্ব্বালতা।

শ্রুবাবৃক্ষ, পুং. [শ্রুবা+বৃক্ষ] বৃক্ষবিশেষ বিকঙ্কতবৃক্ষ।

শ্রেঢ়ী, স্ত্রী. [শ্রেঢ়+ঈ] অঙ্কবিশেষ।

শ্রেণি, পুং.স্ত্রী. [শ্রি+নি] নিশ্ছিদ্রপংক্তি, তৎপর্য্যায়।—আবলি, আবলী, আলি, আলী, পঙ্ক্তি, পালি, পালী, বিশ্রোলী, বীথিকা, বীথি, বথী, রাজি, রাজী, রেখা, লেখা, শ্রেণী; সমানশিল্পীসমূহ, (ইং) কোম্পানি; সেচনপাত্র; দল।

শ্রেণিক, পুং. [শ্রেণি+ক] মগধদেশীয় রাজাবিশেষ।

শ্রেণী, পুং.স্ত্রী. [শ্রি+নি-ঈ] পংক্তি, শ্রেণি, শারি; দল।

শ্রেণীবর্দ্ধ, ত্রি. [শ্রেণী+বর্দ্ধ] দলবদ্ধ, শারিগাঁথা।

শ্রেণীভূত, ত্রি. [শ্রেণী+ভূত] শ্রেণীযুক্ত, শারিকরা, শ্রেণীমত।

শ্রেয়ঃ, ন. [শ্র+ঈয়স্] ধর্ম্ম; মুক্তি; শুভ সৌভাগ্য; (ত্রি.) অতি প্রশস্ত, অতি-শ্রেষ্ঠ; শুভকর।

শ্রেয়সী, স্ত্রী. [শ্র+ঈয়স্+ঈ] হরীতকী; পাঠা, আকনাদী লতা; গজপিপ্পলী; রাস্না; শুভযুক্তা

শ্রেয়স্কর, ত্রি. [শ্রেয়স্+কর] মঙ্গলদায়ক, শুভদায়ক।

শ্রেয়াংশ, পুং. [শ্রেয়স্+অংশ] বৃত্তার্হ বিশেষ; মঙ্গল, শুভ।

শ্রেয়ান্, ত্রি. [শ্র+ঈয়স্] শ্রেষ্ঠ, প্রশস্ত, প্রধান, শুভযুক্ত।

শ্রেষ্ঠ, ন. [শ্র+ইষ্ঠ] গোদুগ্ধ; (পুং.) কুবের; নৃপ; দ্বিজ; বিষ্ণু; (ত্রি.) প্রশস্ত প্রধান, বর, তৎপর্য্যায়।—অগ্র, অগ্র-হর, অগ্রিম; আগ্রিয়, অগ্রীয়, অগ্র্য, অতিশোভন, অনবর, অনুত্তম, উত্তম, প্রাগ্রহর, বরেণ্য, মুখ্য, শ্রেয়ান্, সত্তম; বৃদ্ধ; জ্যেষ্ঠ।

শ্রেষ্ঠকাষ্ঠ, পুং. [শ্রেষ্ঠ+কাষ্ঠ] শাক-[বৃক্ষ।

শ্রেষ্ঠতা, স্ত্রী. [শ্রেষ্ঠ+ত-আ] প্রাধান্যতা, উত্তমতা।

শ্রেষ্ঠত্ব, ন. [শ্রেষ্ঠ+ত্ব] প্রাধান্য, উৎকৃ-[ষ্টতা।

শ্রেষ্ঠা, স্ত্রী. [শ্রেষ্ঠ+আ] স্থলপদ্মিনী; অষ্টবর্গে প্রসিদ্ধ, ঔষধবিশেষ, মেদ্যা, উত্তমাস্ত্রী।

শ্রেষ্ঠাম্ল, ন. [শ্রেষ্ঠ+আম্ল] বৃক্ষাম্ল, অম্ল-শাক, চুকাপালং।

শ্রেষ্ঠাশ্রম, পুং.[শ্রেষ্ঠ+আশ্রম]গৃহস্থাশ্রম, ব্রহ্মচারী বাণপ্রস্থ ও ভিক্ষু এই তিন আশ্রমের পালক হেতু উৎকৃষ্টাশ্রম।

শ্রেষ্ঠাসন, ন. [শ্রেষ্ঠ+আসন] প্রধানাসন, সুখাসন।

শ্রেষ্ঠী, পুং. [শ্রেষ্ঠ+ইন্] কূলোত্তমশিল্পী, বণিকবিশেষ, শেঠ; (ত্রি.) উত্তম।

শ্রোণ, পুং. [শ্রোণ+অ] পঙ্গু, খঞ্জ, খোঁড়া।

শ্রোণা, স্ত্রী. [শ্রোণ+আ] শ্রবণানক্ষত্র; কাঞ্জিক, কাঁজী; (ত্রি.) পক্ক।

শ্রোণি, স্ত্রী. [শ্রোণ+ঈ] কটিদেশ, কোমর; নিতম্ব; পন্থা, পথ।

শ্রোণিতট, ন. [শ্রোণি+তট] বৃহন্নিতম্ব, বড়পাচা।

শ্রোণিফল, ন. [শ্রোণি+ফল] কটিদেশ, কোমর।

শ্রোণিফলক, ন. [শ্রোণি+ফলক] কটি পার্শ্ব, কোমরের পাশ, তৎপর্য্যায়।—কট।

শ্রোণিবিম্ব, ন. [শ্রোণি+বিম্ব] কটিসূত্র, ঘুনসী।

শ্রোণিসূত্র, ন. [শ্রোণি+সূত্র] খড়্গবন্ধন সূত্র; (হিং) পরতলা; কটিবন্ধন সূত্র; ঘুনসী।

শ্রোণী, স্ত্রী. [শ্রোণ+ঈ] কটিদেশ, কোমর; পন্থা, পথ।

শ্রোতঃ, ন. [শ্রু+তস্] কর্ণ; নদীরবেগ;

শ্রোতব্য, ত্রি. [শ্রু+তব্য] শ্রবণীয়, শ্রবণযোগ্য।

শ্রোতা, ত্রি. [শ্রু+তৃ] শ্রবণকর্ত্তা, যে শুনিয়া থাকে।

শ্রোত্র, ন. [শ্রু+ত্র] কর্ণ, শ্রবণেন্দ্রিয়; শ্রোত্রিয়তা, বেদাধ্যয়ন বিশিষ্টতা।

শ্রোত্রসুখ, ন; [শ্রোত্র+সুখ] কর্ণসুখ, শ্রবণদ্বারা কর্ণের সন্তোষ লাভ।

শ্রোত্রাসুখ, ন. [শ্রোত্র+অসুখ] যাহা শ্রবণ করিয়া কর্ণের অসন্তোষ হয়; কর্ণপীড়া।

শ্রোত্রিয়, পুং. [শ্রোত্র+ইয়] বেদাধ্যয়ন শীল ব্রাহ্মণ, বেদজ্ঞবিপ্র, তৎপর্য্যায়।—ছান্দস; (ত্রি,) সুশীল, সচ্চরিত্র।

শ্রোত্রিয়তা, স্ত্রী. [শ্রোত্রিয়+ত-আ] শ্রোত্রিয়ধর্ম্ম, সচ্চরিত্রতা, তৎপর্য্যায়।—শ্রোত্র।

শ্রৌত, ন. [শ্রুতি+অ] গৃহস্বামি কর্ত্তৃক হবনীয় দক্ষিণদিক্ সম্বন্ধীয় অগ্নি; (ত্রি-) শ্রুতিবিহিত ধর্ম্মাদি।

শ্রৌত্র, ন. [শ্রোত্র+অ] কর্ণেন্দ্রিয়; শ্রোত্রিয় কর্ম্ম, তৎপর্য্যায়।—শ্রৌত্রিয়তা, সদাচারতা; শ্রোত্রকর্ম্ম।

শ্রৌষট্, ব্য. [শ্রু+ঔষট্] দেবউদ্দিশ্য, হবির্দ্দান; দেব উদ্দিশ্য হবির্দ্দানার্থ মন্ত্র।

শ্র্যাহ্ব, ন. [শ্রী+আহ্বা] পদ্ম, কমল।

শ্লথ, ত্রি. [শ্লথ+অ] শিথিল, অদৃঢ়, আল্‌গা; দুর্ব্বল। [কৃশ।

শ্লক্ষ্ণ, ত্রি. [শ্লিষ্+ক্ন] অল্প, সূক্ষ্ম, মনোহর,

শ্লক্ষ্ণক, ন. [শ্লক্ষ্ণ+ক] পূগফল, সুপারি; মনোহর।

শ্লক্ষ্ণতা, স্ত্রী. [শ্লক্ষ্ণ+ত-আ] শৈথিল্য; সুন্দরতা; অকাঠিন্য।

শ্লক্ষ্ণত্বক্, পুং. [শ্লক্ষ্ণ+ত্বচ্] অশ্মন্তকবৃক্ষ; সুন্দরবল্কল।

শ্লাঘনীয়, ত্রি. [শ্লাঘ্+অনীয়] প্রশংসারযোগ্য, প্রতিষ্ঠার উপযুক্ত।

শ্লাঘা, স্ত্রী. [শ্লাঘ+আ] প্রশংসা; পরি-

শ্লাঘ্য, ত্রি. [শ্লাঘ্+য] শ্লাঘনীয়, প্রশংসার যোগ্য।

শ্লিকু, পুং. [শ্লিক্+উ] ভৃত্য; বিড়া, লম্পট; (ন.) জ্যোতিঃশাস্ত্র।

শ্লিষা, স্ত্রী. [শ্লিষ্+অ-আ] আলিঙ্গন, আশ্লেষ, কোলাকুলি।

শ্লিষ্ট, ত্রি. [শ্লিষ্+ত] শ্লেষযুক্তশব্দাদি, ভিন্নার্থ এক রূপান্বিত বাক্য; মিলিত, যুক্ত।

শ্লীপদ, ন. [শ্লী+পদ] স্ফীতপাদাদি, শোথ, গোদ, তৎপর্য্যায়।—পাদবল্মীক।

শ্লীপদপ্রভব, পুং. [শ্লীপদ+প্রভব] আম্রবৃক্ষ, আমগাছ।

শ্লীপদাপহ, পুং. [শ্লীপদ+অপহ] বৃক্ষবিশেষ, পুত্রজীববৃক্ষ।

শ্লীল, ত্রি. [শ্লী+ল] লক্ষ্মীবান্, শ্রীযুক্ত।

শ্লেষ, পুং. [শ্লিষ+অ]সংযোগ, তৎপর্য্যায়। দাহ, সন্ধি; আলিঙ্গন, আশ্লেষ, শব্দের অলঙ্কারবিশেষ, ঠাট্টা। [ঠাট্টা

শ্লেষবাক্য, ন. [শ্লেষ+বাক্য] ব্যঙ্গোক্তি,

শ্লেষ্মক, পুং. [শ্লেষ্মন্+ক] কফ, শ্লেষ্মা

শ্লেষ্মঘ্না, স্ত্রী. [শ্লেষ্মন্+ঘ্ন-আ] মল্লিকা, কেতকী; (ত্রি.) শ্লেষ্মনাশক।

শ্লেষ্মঘ্নী, স্ত্রী. [শ্লেষ্মন্+ঘ্ন-ঈ] জ্যোতিষ্মতী লতা; মল্লিকা; ত্রিকটু।

শ্লেষ্মজনক, ত্রি. [শ্লেষ্মন্+জনক] কফকারক, শীতল।

শ্লেষ্মণ, ত্রি. [শ্লেষ্মন্+অ] কফী, কফযুক্ত।

শ্লেষ্মণা, স্ত্রী. [শ্লেষন্+আ] বৃক্ষবিশেষ।

শ্লেষ্মল, ত্রি. [শ্লেষ্মন্+ল] শ্লেষ্মাযুক্ত, কফী; (পুং.) বৃক্ষবিশেষ, বহুয়া।

শ্লেষ্মহ, পুং. [শ্লেষ্মন্+হন্-অ] কটকলবৃক্ষ; (ত্রি.) কফনাশক।

শ্লেষ্মা, পুং. [শ্লিষ+মন্] কফ, সর্দ্দি।

শ্লেষ্মাত, পুং. [শ্লেষ্মন+অত] শ্লেষ্মাতকবৃক্ষ, বহুবারকবৃক্ষ।

শ্লেষ্মাতক, পুং. [শ্লেষ্মাত+ক] বৃক্ষবিশেষ, বহুয়ার, (হিং) লসোড়া।

শ্লেষ্মান্তক, পুং [শ্লেষ্মা+অন্তক] বৃক্ষবিশেষ,

কর্ব্বুদারক, গন্ধপুষ্প, দ্বিজকুৎসিত, পিচ্ছিল, বহুবার, ভূতদ্রুম, শাকট, শীত, শীতফল, শেলু।

শ্লৈষ্মিক, ত্রি. [শ্লেষ্মন্ + ইক] শ্লেষ্মোদ্ভব, শ্লেষ্ম সম্বন্ধীয়।

শ্লোক, পুং. [শ্লোক+অ] পদ্য, কবিতা; যশ, সুখ্যাতি; ছন্দোবিশিষ্টবাক্য।

শ্বঃ, ব্য, [শো+বস্] অনাগতাহ, পরদিন, কল্য, কালি।

শ্বঃশ্রেয়স. ন. [শ্বস্+শ্রেয়স] কল্যাণ; পরমাত্মা; ধর্ম্ম, সুখ; (ত্রি.) কল্যাণযুক্ত।

শ্বক্রীড়ী, পুং. [শ্বন্+ক্রীড়িন্] কুক্কুর পালক।

শ্বগণ, পুং. [শ্বন্+গণ] কুক্কুরসমূহ।

শ্বগণিক, পুং. [শ্বন্+গণিক] মৃগবধাজীব, (পুং.স্ত্রী.) শ্বক্রীড়ী।

শ্বদংষ্ট্রক, পুং. [শ্বন্+দংষ্ট্রক] গোক্ষুরীলতা।

শ্বদংষ্ট্রা, স্ত্রী. [শ্বন্+দংষ্ট্র-আ] লতাবিশেষ, গোক্ষুরীলতা

শ্বদন্ত, পুং. [শ্বন্+দন্ত] কুক্কুরেরদন্ত।

শ্বধূর্ত্ত, পুং. [শ্বন্+ধূর্ত্ত] শৃগাল, বঞ্চক, শিয়াল।

শ্বনিশ, ন. [শ্বন্+নিশা] কুক্কুরসম্বন্ধি রাত্রি; মত্তকুকুরসম্বন্ধিরাত্রি।

শ্বনিশা, স্ত্রী. [শ্বন্+নিশা] কুক্কুরসম্বন্ধীয় রাত্রি; মত্ত কুক্কুরসম্বন্ধীয় রজনী।

শ্বপক্, পুং. [শ্বন্+পচ্] চণ্ডাল, চাঁড়াল।

শ্বপচ, পুং. [শ্বন্+পচ-অ] চণ্ডাল, অন্ত্যাবসায়ী, চাঁড়াল।

শ্বপাক, পুং. [শ্বন্+পাক] চণ্ডাল, অন্ত্যাবসায়ী, চাঁড়াল।

শ্বফল, পুং. [শ্বন্+ফল] বীজপুর, দাড়িম।

শ্বফল্ক, পুং. [শ্বফল+ক] বৃষ্ণিপুত্র, অক্রূরেরপিতা।

শ্ববৃত্তি, স্ত্রী. [শ্বন্+বৃত্তি] সেবা, চাতুরী; কুক্কুরতুল্য জীবিকা।

শ্বব্যাঘ্র, পুং. [শ্বন্+ব্যাঘ্র]. হিংস্রপশু, নেকড়ীবাঘ।

শ্বভ্র, ন. [শ্বভ্র+অ] ছিদ্র, রন্ধ্র, গর্ত্ত।

শ্বয়থু, পুং. [শ্বি+অথু] শোথ, স্ফীতরোগ।

শ্বয়িচী, স্ত্রী. [শ্বি+ইচি-ঈ] পীড়া, রোগ।

শ্বশুর, পুং. [শু+অশ্-উর] পতি ও পত্নীর পিতা; পূজ্য।

শ্বশুরৌ, পুং. [শ্বশুর+ঔ] শুশ্রূ ও শ্বশুর, শ্বশুর ও শাশুড়ী।

শ্বশুর্য্য, পুং. [শ্বশুর+য] দেবর, দেওর; শ্যাল, শালা।

শ্বশ্রূ, স্ত্রী. [শশুর+ঊ] পতি ও পত্নীর মাতা, শাশুড়ী।

শ্বশ্রূশ্বশুরৌ, পুং. [শ্বশ্রূ+শ্বশুর-ঔ] শ্বশুর ও শাশুড়ী, তৎপর্য্যায়।—শ্বশুরৌ।

শ্বসন, ন. [শ্বস্+অন] শ্বসিত, নিশ্বাস; জীবন; (পুং.) বায়ু; মদনবৃক্ষ।

শ্বসনাশন, পুং. [শ্বসন+অশন] পবনাশন, সর্প। [বৃক্ষ।

শ্বসনেশ্বর, পুং. [শ্বসন+ঈশ্বর] অর্জ্জুন

শ্বসনোৎসুক, পুং. [শ্বসন+উৎসুক] সর্প, অহি।

শ্বসিত, ন. [শ্বস্+ত] নিশ্বাস; জীবিত।

শ্বসুত, পুং. [শ্বন্+সুত] ক্ষতঘ্নবৃক্ষ, কুকুব শোঙ্গাগাছ।

শ্বস্তন, ত্রি. [শ্বস্+তন] ভবিষ্যদ্বস্তু, আগামি দিন ভব; (ন.) ভবিষ্যৎ কাল।

শ্বস্ত্য, ত্রি. [শ্বস্+ত্য] পরদিন ভব বস্তু।

শ্বা, পুং. [শ্বি+অন] কুক্কুর, তৎপর্য্যায়।—অপত্রপ, অলর্ক, অলর্কক. কুকুর. কৌলেয়ক, গ্রামমৃগ, গ্রামসিংহ, দীর্ঘসুরত, বক্রপুচ্ছ, বিশ্বকদ্রু, ভষক, বৃকারি, শীঘ্রচেতন, মৃগদংশক, মৃগয়াকুশল, রতব্রণ, রন্তিদেব, শয়ালু, শরৎকামী, শুনক, ললজিহ্ব, জিহ্বালিট্, রাত্রিজাগর, সারমেয়, কৃতজ্ঞ।

শ্বাগণিক, ত্রি. [শ্বগণ+ইক[কুক্কুরগণের সহিত গমনকারী

শ্বাদন্ত, পুং. [শ্বন্+দন্ত] কুক্কুর দন্ত।

শ্বান, পুং. [শ্বন+অ] কুক্কুর, কুকুর।

শ্বানচিল্লিকা, স্ত্রী. [শ্বান+চিল্লিকা] শুনক-

শ্বানী, স্ত্রী. [শ্বান+ঈ] কুকুরী ।
শ্বাপদ, পুং. [শ্বন্ + আপদ] হিংস্রপশু; ব্যাঘ্র ।
শ্বাবিৎ. পুং. [শ্বন্+বিধ্] শল্লা, সজারু ।
শ্বাবিদ্. পুং. [শ্বন্ + বিধ্] শল্ল, সজারু ।
শ্বাশ্ব, পুং. [শ্বা + অশ্ব] ভৈরব, কুক্কুর বাহন ।
শ্বাস, পুং. [শ্বস্+অ] শ্বসিত; বায়ু; প্রাণ-বায়ু; রোগবিশেষ ।
শ্বাসকাস, পুং. [শ্বাস + কাস] শ্বাসযুক্ত কাসরোগ, শ্বাসজনক কাস, হাঁপানি ।
শ্বাসকুঠার, পুং. [শ্বাস+কুঠার] শ্বাসরোগের ঔষধবিশেষ ।
শ্বাসপ্রশ্বাসধারণ, ন. [শ্বাস+প্রশ্বাস-ধারণ]. প্রাণায়াম, পূরক কুম্ভক ও রেচক রূপ ।
শ্বাসরোধ, পুং. [শ্বাস+রোধ] নিশ্বাসবন্ধ, দমআটকান ।
শ্বাসহেতি, স্ত্রী. [শ্বাস+হেতি] নিদ্রা, ঘুম ।
শ্বাসারি, পুং. [শ্বাস+অরি] পুষ্করমূল ।
শ্বাসী, পুং. [শ্বাস+ইন্] বায়ু; (ত্রি.) শ্বাস-যুক্ত ।
শ্বিত্র, ন. [শ্বিত্+র] শ্বেতকুষ্ঠ, তৎপর্য্যায় ।- কুষ্ঠ, শ্বেত, শ্বেত্র ।
শ্বিত্রঘ্নী, স্ত্রী, [শ্বিত্র + ঘ্ন-ঈ] পীতপর্ণী, বিছুটীলতা ।
শ্বিত্রী, ত্রি. [শ্বিত্র+ইন্] শ্বিত্র রোগযুক্ত ।
শ্বেত, ন. [শ্বি+অ] রূপ্য, রূপা; (পুং.) শুক্লবর্ণ; দ্বীপবিশেষ; পর্ব্বতবিশেষ; কপর্দ্দক, কড়ী; শুক্রগ্রহ; শ্বেতাভ্র; শঙ্খ; জীবকবৃক্ষ; শিবাবতারবিশেষ; রাজা-বিশেষ; (ত্রি.) শুক্লবর্ণ যুক্ত ।
শ্বেতক, ন. [শ্বেত+ক] রূপ্য, রূপা, (পুং.) বরাটক, কড়ী ।
শ্বেতকণ্টকারী, স্ত্রী. [শ্বেত+কণ্ট-কারী] শুক্ল কণ্টকারিকা, (হিং) শ্বেতরেঙ্গনী, তৎপর্য্যায় ।—কটুবার্ত্তাকী, কপটেশ্বরী, গর্দ্দভী, চন্দ্রপুষ্পা, চন্দ্রিকা, চান্দ্রী, দুর্লভা, নাকুলী, নিঃস্নেহফলা, প্রিয়ঙ্করী, বামা, মহৌষধী, লাঙ্গলী, লক্ষ্মণা, শ্বেতা, সিতসিংহী, সিতক্ষুদ্রা, সিতা, ক্ষুদ্র-বার্ত্তাকিনী, ক্ষেত্রজা, ক্ষেত্রদূতী ।
শ্বেতকন্দা, স্ত্রী. [শ্বেত+কন্দ+আ] লতা-বিশেষ, অতিবিষা ।
শ্বেতকরবী, স্ত্রী. [শ্বেত+করবী] পুষ্পবৃক্ষ-বিশেষ, শাদাকরবী ।
শ্বেতকিণিহী, স্ত্রী. [শ্বেত+কিণিহী] বৃক্ষ-বিশেষ, তৎপর্য্যায় ।—কালিন্দী, গিরি-কর্ণিকা, বিষঘ্নিকা, মহাদিকটভী, মহা-শ্বেতা, মহাগৌরী, শতপত্রা, শিরীষপত্রী সিতাভিকটভী ।
শ্বেতকুঁচ, (প্রা) শুক্লগুঞ্জা, শাদাকুঁচ ।
শ্বেতকুঞ্জর, পুং. [শ্বেত+কুঞ্জর] ঐরাবত-হস্তী; শুক্লগজ ।
শ্বেতকুশ, পুং. [শ্বেত+কুশ] তৃণবিশেষ, শাদাকুশ, তৎপর্য্যায় ।—তীক্ষ্ণ, পুণ্য-তৃণ, পূত, পূততৃণ, বজ্র, বর্হি, ব্রহ্ম-পবিত্র, যজ্ঞভূষণ, যজ্ঞীয়পত্রক, সচীমুখ, সিতদর্ভ, হ্রস্বকুশ । [গ্রহবিশেষ ।
শ্বেতকেতু, পুং. [শ্বেত+কেতু] বুদ্ধ; কেতু-
শ্বেতকেশ, পুং. [শ্বেত+কেশ] রক্তশিগ্রু, রাঙ্গাশজিনা; শুক্লকেশ ।
শ্বেতকোল, পুং. [শ্বেত+কোল] শফরমৎস্য পুঁটীমাছ ।
শ্বেতখদির, পুং. [শ্বেত+খদির] শুক্লখদির, তৎপর্য্যায় ।—কদর, কার্ম্মুক, কুজ্জক-ণ্টক, পথিক্রম, শ্বেতসার, সোমবল্ক, সোমবৃক্ষ, সোমসার ।
শ্বেতগজ; পুং. [শ্বেত+গজ] ইন্দ্রহস্তী, ঐ-রাবত, শুক্লবর্ণহস্তী । [ভুক্ ।
শ্বেতগরুৎ, পুং. [শ্বেত+গরুৎ] হংস, সার-
শ্বেতগুঞ্জা, স্ত্রী. [শ্বেত+গুঞ্জা] শুক্লগুঞ্জা, শাদাকুঁচ, তৎপর্য্যায় ।—কাকপীলু, কাকাদনী, চক্রশল্যা, চূড়ালা, ভূণ্টিকা, শ্বেতকাম্বোজী ।
শ্বেতচন্দন, ন. [শ্বেত+চন্দন] শুক্লচন্দন, শাদাচন্দন, (অন্যপর্য্যায়াঃ চন্দনশব্দে দ্রষ্টব্যাঃ) ।
শ্বেতচিল্লিকা, স্ত্রী. [শ্বেত+চিল্লিকা] শাক-

শ্বেতচিল্লী, স্ত্রী. [শ্বেত+চিল্লী] শাকবিশেষ, বেতোশাক, তৎপর্য্যায় ।—উপচিল্লী, অরল্লী, বাস্তুকী, শ্বেতচিল্লিকা, সিতচিল্লী, সুপথ্যা, ক্ষুদ্রবাস্তুকী।

শ্বেতচ্ছদ, পুং. [শ্বেত+ছদ] হংস; গন্ধপত্র, বাবুই তুলসী।

শ্বেতজীরক, পুং. [শ্বেত+জীরক] গৌর-জীরক, শাদাজীরা।

শ্বেতটঙ্কক, ন. [শ্বেত+টঙ্কক] শ্বেতটঙ্কণ, শাদাসোহাগা।

শ্বেতটঙ্কণ, ন. [শ্বেত+টঙ্কণ] ক্ষারবিশেষ, শাদাসোহাগা. তৎপর্য্যায় ।—টঙ্কণ, মা-লতীতীরসম্ভব, দ্রাবকর, লোহি, শিব, শীতক্ষার, শ্বেতটঙ্কক, সিন্ধু, সিন্ধুকর।

শ্বেতদূর্ব্বা, স্ত্রী. [শ্বেত+দূর্ব্বা] শুক্লদূর্ব্বা, শাদাদূর্ব্বা, তৎপর্য্যায় ।—অনন্তা, কচ্ছা-স্তরুহা, গোলোমী, গৌরী, চণ্ডা, দিব্যা, দুর্ম্মরা, প্রচণ্ডা, বিঘ্নেশানকান্তা, ভদ্রা, ভার্গবী, শুভ্রা, শ্বেতকাণ্ডা, শ্বেতা, সহ, অকাণ্ডা, সহস্রপর্ব্বা, সহস্রবীর্য্যা, সিত-চ্ছদা, সিতাখ্যা, সুপর্ব্বা, সুরবল্লভা, স্বচ্ছা।

শ্বেতদ্বিপ, পুং. [শ্বেত+দ্বিপ] ইন্দ্রহস্তী, ঐ-রাবত; শুক্লগজ।

শ্বেতদ্বীপ, পুং. [শ্বেত+দ্বীপ] চন্দ্রদ্বীপ, বৈকুণ্ঠাখ্যবিষ্ণুর স্থান।

শ্বেতধাতু, পুং. [শ্বেত+ধাতু] খটিকা, খড়ী; শুক্লবর্ণধাতু দ্রব্য।

শ্বেতধামা, পুং. [শ্বেত+ধামন্] চন্দ্র; কর্পূর; সমুদ্রফেণ।

শ্বেতনীল, পুং. [শ্বেত+নীল] মেঘ; শুক্ল ও নীলবর্ণ।

শ্বেতপত্র, পুং. [শ্বেত+পত্র] হংস; (ন.) শুক্লবর্ণপত্র।

শ্বেতপত্ররথ, পুং. [শ্বেতপত্র+রথ] ব্রহ্মা, প্রজাপতি।

শ্বেতপদ্ম, ন. [শ্বেত+পদ্ম] সিতাম্ভোজ, শাদাপদ্ম, তৎপর্য্যায় ।—পুণ্ডরীক, শম্ভু-বল্লভ, শরৎপদ্ম, শ্বেতবারিজ, শারদ,

শ্বেতপর্ণা, স্ত্রী. [শ্বেত+পর্ণ-আ] বারিপর্ণী, পাণা।

শ্বেতপর্ণাস, পুং. [শ্বেত+পর্ণাস] শ্বেত-তুলসী।

শ্বেতপাটলা, স্ত্রী. [শ্বেত+পাটল-আ] শুক্ল-পাটলাবৃক্ষ।

শ্বেতপিঙ্গ, পুং. [শ্বেত+পিঙ্গ] সিংহ, কেশরী।

শ্বেতপিঙ্গল, পুং. [শ্বেত+পিঙ্গল] সিংহ; (ত্রি.) শুক্ল ও পিঙ্গলবর্ণ যুক্ত।

শ্বেতপিঙ্গলক, পুং. [শ্বেত+পিঙ্গলক] সিংহ হরি, পঞ্চাস্য।

শ্বেতপিণ্ডাতক, পুং. পুং. [শ্বেত+পিণ্ডা-তক] মহাপিণ্ডী তরু।

শ্বেতপুষ্প, পুং, [শ্বেত+পুষ্প] সিন্ধুবার-বৃক্ষ; (ন.) শুক্লকুসুম।

শ্বেতপুষ্পক, পুং. [শ্বেত+পুষ্পক] করবীর বৃক্ষ, করবীগাছ; (ত্রি) শুক্লপুষ্পযুক্ত।

শ্বেতপুষ্পা, স্ত্রী. [শ্বেত—পুষ্প-আ] ঘোষা-তকী, শ্বেতঘোষা; নাগদন্তীবৃক্ষ মৃগে-র্ব্বারু।

শ্বেতপুষ্পিকা, স্ত্রী. [শ্বেত+পুষ্পিকা] পুত্র-দাত্রী; মহাশণপুষ্পিকা।

শ্বেতপ্রসূনক, পুং. [শ্বেত+প্রসূনক] বৃক্ষ-বিশেষ, সেতুবৃক্ষ; (ত্রি.) শুক্লপুষ্পযুক্ত।

শ্বেতবচা, স্ত্রী. [শ্বেত+বচ-আ] অতিবিষা. লতা; শুক্লবচা, শাদাবচ, তৎপর্য্যায় ।—তীক্ষ্ণগন্ধা, দীর্ঘপত্রিকা. মঙ্গল্যা, মেধ্যা, ষড়গ্রন্থা, হৈমবতী।

শ্বেতবল্কল, পুং. [শ্বেত+বল্কল] উডুম্বর-বৃক্ষ, ডুমুরগাছ; শুক্লত্বক।

শ্বেতবসন্ত, পুং [শ্বেত+বসন্ত] বৃক্ষবিশেষ।

শ্বেতবার্ত্তাল, পুং. [শ্বেত+বার্ত্তাল] শ্বেত-বাত্তাল।

শ্বেতবাজী, পুং.[শ্বেত+বাজিন্] চন্দ্র; অর্জ্জুন; শুক্লঘোটক।

শ্বেতবাসাঃ, পুং.[শ্বেত+বাসস্] শুক্লবস্ত্রধারি সন্ন্যাসী; (ত্রি.) পরিহিত শুক্লবসন।

শ্বেতবাঃ, পুং. [শ্বেত+বাহ] ইন্দ্র, সুরপতি।

শ্বেতবাহন, পুং. [শ্বেত+বাহন] চন্দ্র; অর্জুন; মকর।

শ্বেতবাহী, পুং. [শ্বেত+বাহিন্] অর্জুন; (স্ত্রী.) ইন্দ্রাণী, শচী।

শ্বেতবুহ্না, স্ত্রী. [শ্বেত+বুহ্ন-আ] বনতিক্তা।

শ্বেতবৃহতী, স্ত্রী. [শ্বেত+বৃহতী] শুক্লবর্ণ ক্ষুদ্রবার্ত্তাকা, তৎপর্য্যায়।—শ্বেতকলা, শ্বেতবার্ত্তাকিনী, শ্বেতমহোটিকা, শ্বেতসিংহী, শ্বেতা।

শ্বেতবৃক্ষ, পুং. [শ্বেত+বৃক্ষ] বরুণবৃক্ষ; শুক্ল তরু, শাদাগাছ।

শ্বেতভণ্ডা, স্ত্রী. [শ্বেত+ভণ্ড-আ] শ্বেতাপরাজিতালতা।

শ্বেতমন্দারক, পুং. [শ্বেত+মন্দারক] বৃক্ষবিশেষ, (হিং) শ্বেতআক, তৎপর্য্যায়। দীর্ঘায়ুষা, দীর্ঘালর্ক, পৃথ্বীকুরবক, সিতালর্ক, সিতাহ্বয়।

শ্বেতমরিচ, ন. [শ্বেত+মরিচ] শোভাঞ্জনবীজ, শজিনারদানা; শুক্লমরিচ।

শ্বেতমাল, পুং. [শ্বেত+মালা] মেঘ; ধূম, ধুয়া।

শ্বেতরক্ত, পুং. [শ্বেত+রক্ত] পাটলবর্ণ, গোলাবীরঙ্গ।

শ্বেতরঞ্জন, ন. [শ্বেত+রঞ্জন] সীসক, সীসা।

শ্বেতরথ, পুং. [শ্বেত+রথ] শুক্রগ্রহ; শুক্লবর্ণস্যন্দন। [শুভ্রাংশু।

শ্বেতরশ্মি, পুং. [শ্বেত+রশ্মি] চন্দ্র,

শ্বেতরাজী, স্ত্রী. [শ্বেত+রাজ-ঈ] ফলবিশেষ চচেণ্ডা, চিচিড়া। [চন্দ্র।

শ্বেতরোচিঃ, পুং. [শ্বেত+রোচিস্] শুভ্রাংশু,

শ্বেতরোহিত, পুং. [শ্বেত+রোহিত] বৃক্ষবিশেষ, (হিং) শ্বেতরোহিড়,তৎপর্য্যায়। জনবল্লভ, লক্ষ্মীবান্, শুক্লরোহিত, সিতপুষ্প, সিতাঙ্গ, সিতাহ্বয়।

শ্বেতলোধ্র, পুং. [শ্বেত+লোধ্র] পট্টিকালোধ্র।

শ্বেতশরপুঙ্খা, স্ত্রী. [শ্বেত+শর+পুঙ্খ-আ] ক্ষুদ্রবৃক্ষবিশেষ, (হিং) শ্বেতশরফোঁকা, তৎপর্য্যায়।—শুভ্রপুষ্পা; শ্বেতপুঙ্খা,

শ্বেতশিগ্রু, পুং. [শ্বেত+শিগ্রু] শুক্লশোভাঞ্জন, শাদাশজিনা, তৎপর্য্যায়।—মধুশিগ্রুক, মুখভঙ্গ, রোচন, শ্বেতমরিচ, সিতাহ্বয়, সুতীক্ষ্ণ, সুমূল।

শ্বেতশিংশপা, স্ত্রী. [শ্বেত+শিংশপা] শুক্লবর্ণশিংশপাবৃক্ষ, তৎপর্য্যায়।—শ্বেতচিল্লিকা, শ্বেতপত্রা।

শ্বেতশুঙ্গ, পুং. [শ্বেত+শুঙ্গ] যব; (ত্রি.) শুক্লবর্ণশুঙ্গাযুক্ত।

শ্বেতশূরণ, পুং. [শ্বেত+শূরণ] বনশূরণ, বনওল।

শ্বেতসর্প, পুং. [শ্বেত+সর্প] বরুণবৃক্ষ; শুক্লবর্ণসর্প। রাইসরিষা।

শ্বেতসর্ষপ, পুং. [শ্বেত+সর্ষপ] শাদাসরিষা,

শ্বেতসার, পুং. [শ্বেত+সার] খদির, খয়ের।

শ্বেতসুরসা, স্ত্রী. [শ্বেত+সুরসা] শুক্লশেকালিকা।

শ্বেতস্পন্দা, স্ত্রী. [শ্বেত+স্পন্দ-আ] অপরাজিতালতা।

শ্বেতহয়, পুং. [শ্বেত+হয়] ইন্দ্রেরঘোটক; অর্জুন; শুক্লবর্ণ ঘোটক।

শ্বেত হস্তী পুং. [শ্বেত+হস্তিন্] ঐরাবত, ইন্দ্রেরঅশ্ব; শুক্লগজ।

শ্বেতা, স্ত্রী. [শ্বেত+আ] বরাটিকা; কাষ্ঠপাটলা; শঙ্খিনী, অতিবিষালতা; অপরাজিতালতা; শ্বেতবার্ত্তাকী; শ্বেতবৃহতী; শ্বেতকণ্টকারী; পাষাণভেদী; শিলাবল্কলা, শ্বেতদূর্ব্বা; বংশরোচনা; স্ফটী; শর্করা; বৃক্ষবিশেষ, (হিং.) কেনা, কয়ে, তৎপর্য্যায়।—অবিপ্রিয়া, ছুরিকাপত্রী, পর্ব্বমূলা।

শ্বেতার্ক, পুং. [শ্বেত+অর্ক] শ্বেতআকন্দ।

শ্বেতাত্রিবৃৎ, স্ত্রী, [শ্বেতা+ত্রিবৃত] শুক্লত্রিবৃতা, সাদাতেউড়ী,তৎপর্য্যায়।—ত্রিপুটা ত্রিবৃতা, ত্রিভণ্ডী, নিশোত্তরা রেচনী সরলা, সর্ব্বানুভূতী।

শ্বেতেক্ষু, পুং. [শ্বেত+ইক্ষু] শাদা আউক।

শ্বেতোদর, পুং. [শ্বেত+উদর] কুবের,

শ্বেতাপরাজিতা, স্ত্রী [শ্বেত+অপরাজিতা] শুক্ল অপরাজিতা লতা।

শ্বেতৌহী, স্ত্রী. [শ্বেত+উহী] ইন্দ্রাণী, শচী।

শ্বৈত্য ন. [শ্বেত+য] শ্বেতগুণ; শ্বিত্র।

শ্বৈত্র, ন. [শ্বেত+অ] শ্বিত্ররোগ।

ষ

ষ, মূর্দ্ধন্য ষকার, একপঞ্চাশদ্বর্ণান্তর্গত সপ্তচত্বারিংশবর্ণ, চতুস্ত্রিংশৎহলবর্ণান্তর্গত এক ত্রিংশবর্ণ, তন্নামানি যথা, উষ্মা, কলকণ্ঠ, কামধুক, কামধূমক, কোষ, গর্ব্ববিমোচন, জঠর, পরমেষ্ঠী, পীতা, প্রাজ্ঞা, প্রিয়, বক্ষ, বানবাহু, বাসুদেব বিদারিণী, বিনায়ক, বিমোচন, বৃষ, মন্ত্রা, মধ্যভিন্না, মরুদ্ভক্ষ্যা, মলপু, মহোজেশ, যুদ্ধাত্মা, লম্বা, লম্বোদর, শিব, শির, শ্বেত, শ্রেষ্ঠ, সূর্য্যাত্মা, সুশ্রী।

ষ, পুং। [ষো+অ] কচ, কেশ; মানব; সর্ব্ব; শ্রেষ্ঠ; গর্ব্ববিমোহন; (ত্রি.) বিজ্ঞ; শ্রেষ্ঠ।

ষট্, ত্রি. [ষষ্] সংখ্যাবিশেষ, ছয়, তদ্বাচকানি যথা।—বজ্রকোণ, ত্রিশিরোনেত্র, তর্ক, অঙ্গ, দর্শন, চক্রবর্ত্তী, কার্ত্তিকেয় মুখ, গুণ, রস, ঋতু, জ্বরবাহু, রূপ। [গুণ।

ষট্ক, ত্রি. [ষষ্+ক] সংখ্যাবিশেষ, ৬; ষড়্-

ষট্কর্ণ, পুং. [ষষ্+কর্ণ] বীণাযন্ত্রবিশেষ।

ষট্কর্ম্ম, ন. [ষষ্+কর্ম্মন্] ষট্প্রকার শান্ত্যাদিকর্ম্ম, যথা, শান্তি, বশ্য, স্তম্ভন, বিদ্বেষ, উচ্চাটন, মারণ; যোগাঙ্গ ষট্প্রকারক্রিয়া, যথা, ধৌতি, বস্তি, নেতি, নৌলিকী ত্রাটক, কপালভাতি।

ষট্কর্ম্মা, পুং. [ষট্+কর্ম্মন্] যাগাদিযুক্ত ব্রাহ্মণ, যজন, যাজন অধ্যয়ন, অধ্যাপন দান প্রতিগ্রহ এইছয়কর্ম্মকারী।

ষট্কূটা, স্ত্রী. [ষষ্+কূট-আ] ভৈরবীবিশেষ।

ষট্কোণ, ন. [ষষ্+কোণ] লগ্নহইতে ষষ্ঠ-

ষট্চক্র, ন. [ষষ্+চক্র] শরীরস্থ পদ্মাকার ষট্প্রকার চক্র।

ষট্চরণ, পুং, [ষষ্+চরণ] ভ্রমর; যূকা, উকুণ; ষট্পাদ।

ষট্তিলী, ত্রি. [ষষ্+তিলিন্] জন্ম তিথ্যাদিতে তিল করণক ষট্ কর্ম্মকারী।

ষট্ত্রিংশৎ, স্ত্রী.[ষষ্+ত্রিংশৎ] সংখ্যাবিশেষ, ছত্রিশ, ৩৬।

ষট্ত্রিংশন্মত, ন. [ষট্ত্রিংশৎ+মত] ষট্ত্রিংশৎ সংখ্যক ধর্ম্মশাস্ত্র প্রযোজক মুনিগণের অভিপ্রায়।

ষট্পদ, পুং. [ষষ্+পদ] ভ্রমর, অলি; যূকা, উকুন; ষট্চরণ।

ষট্পদপ্রিয়, পুং. [ষট্পদ+প্রিয়] নাগকেশর বৃক্ষ।

ষট্পদাতিথি, পুং. [ষট্পদ+অতিথি] আম্র বৃক্ষ; চম্পক, চাঁপা।

ষট্পদানন্দবর্দ্ধন, পুং. [ষট্পদ+আনন্দবর্দ্ধন] বৃক্ষবিশেষ, কিংকিরাত বৃক্ষ।

ষট্পদী, স্ত্রী. [ষট্পদ+ঈ] যূকা, উকুন; ভ্রমরপত্নী, ভ্রমরী।

ষট্প্রকার, ত্রি. [ষষ্+প্রকার] ছয়প্রকার।

ষট্প্রজ্ঞ, পুং. [ষষ্+প্রজ্ঞ] কামুক, লম্পট; ধর্ম্মাদি শাস্ত্রবিজ্ঞ। [কাল।

ষট্ক্ষণ, পুং. [ষষ্+ক্ষণ] এক দণ্ড পরিমিত

ষড়ঙ্গ, ন. [ষট্+অঙ্গ] শরীরের ছয় অবয়ব, যথা।—জঙ্ঘাদ্বয়, করদ্বয়, মস্তক, কটিদেশ; বেদাঙ্গ ষট্প্রকার শাস্ত্র, যথা।—শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, জ্যোতিষ, ছন্দ; আদ্য শ্রাদ্ধের দানাঙ্গ পীঠাদি; ষট্প্রকার গব্যবিশেষ, যথা।—গোমূত্র, গোময়, দুগ্ধ, ঘৃত, দধি, রোচনা; হৃদয়াদি ষড়বয়ব; (পুং.) ক্ষুদ্র গোক্ষুরক, ছোট গোক্ষুরা।

ষড়ঙ্গজিৎ পুং. [ষড়ঙ্গ+জিৎ] বিষ্ণু; (ত্রি.) ষড়ঙ্গজয়ী।

ষড়ভিজ্ঞ, পুং. [ষট্+অভিজ্ঞ] বুদ্ধ, জিন।

ষড়রিপু, পুং. [ষট্+রিপু] ছয়প্রকার শত্রু যথা, কাম, ক্রোধ লোভ, মোহ, মদ,

ষড়শীতি, স্ত্রী. [ষট্+অশীতি] সূর্য্যের সংক্রমণ বিশেষ; ষড়ধিক অশীতিসংখ্যা, ছেয়াশী, ৮৬।

ষড়শীতিচক্র, ন. [ষড়শীতি+চক্র] মিথুন কন্যা ধনুঃ মীন রাশিস্থ সূর্য্যের শুভাশুভ ফল জ্ঞানার্থ নক্ষত্রাঙ্গ নরাকার চক্র।

ষড়ষ্টক, ন. [ষট্+অষ্টক] যোগবিশেষ, বরকন্যার স্বস্বরাশি অপেক্ষায় পরস্পর ষষ্ঠ এবং অষ্টম রাশির সম্বন্ধ।

ষড়ক্ষীণ, পুং. [ষট্+অক্ষীণ] মৎস্য, মীন, মাছ।

ষড়ানন, পুং. [ষট্+আনন] কার্ত্তিকেয়, কুমার।

ষড়াম্নায়, পুং. [ষট্+আম্নায়] শিবেরষড়্‌বক্ত্রবিনির্গত ষটপ্রকার তন্ত্রশাস্ত্র।

ষড়ূষণ, ন. [ষট্+ঊষণ] মিশ্রিত ছয়প্রকার কটুদ্রব্য।

ষড়্‌ঋতু, পুং. [ষট্+ঋতু] ছয়প্রকারঋতু যথা-শরৎ, হেমন্ত, শীত, বসন্ত, গ্রীষ্ম, বর্ষা।

ষড়্‌গব, ত্রি. [ষট্+গো-অ] গোষটকযুক্ত-হলাদি; প্রত্যয়বিশেষ;(ন.)একত্রিত ছয়-গাভী।

ষড়্‌গয়া, স্ত্রী. [ষট্+গয়া] ষড়্‌বিধ গয়া।

ষড়্‌গ্রন্থা, স্ত্রী. [ষট্+গ্রন্থ-আ] বচা, বচ; শ্বেতবচ; শটী; মহাকরঞ্জ।

ষড়্‌গ্রন্থি, ন. [ষট্+গ্রন্থি] পিপ্পলীমূল; (পুং) ষটপর্ব্ব।

ষড়্‌গ্রন্থিকা, স্ত্রী. [ষট্‌গ্রন্থ+ইক-আ] শটি, শুট।

ষট্‌গ্রন্থী, স্ত্রী. [ষড়+গ্রন্থ-ঈ] বচা, বচ।

ষড়্‌জ, পুং. [ষট্+জন্-অ] তন্ত্রীকণ্ঠোত্থিতস্বরবিশেষ, ময়ূরস্বরতুল্য স্বর; সপ্তস্বরের মধ্যে প্রথমস্বর, খরজ; বক্ষ কণ্ঠ তালু জিহ্বা দন্ত নাশিকা এই ছয় স্থান হইতে উৎপন্নস্বর।

ষড়্‌দুর্গ, ন. [ষট্+দুর্গ] ষটপ্রকার কোট, ছয়প্রকারগড়, তদ্‌যথা, ধন্বদুর্গ, মহীদুর্গ, গিরিদুর্গ, মনুষ্যদুর্গ, মৃদ্দুর্গ, বনদুর্গ।

ষড়্‌বক্ত্র, পুং. [ষট+বক্ত্র] কার্ত্তিকেয়, ষড়ানন।

ষড়্‌বিধ, ত্রি. [ষট্+বিধ] ষট্‌প্রকার, ছয়রকম।

ষড়্‌বিন্দু, পুং. [ষট্+বিন্দু] বিষ্ণু; কীটবিশেষ; শিরোরোগনাশক পক্কতৈলবিশেষ।

ষড়্‌ভুজ, পুং. [ষট্+ভুজ] ষড়্‌হস্তযুক্ত চৈতন্যদেব।

ষড়্‌ভুজা, স্ত্রী. [ষট্+ভুজ-আ] ফললতাবিশেষ, খরমুজা, তৎপর্য্যায়।—তিক্তফলা, তিক্তা, বৃত্তকর্কটী, বৃত্তের্ব্বারু, মধুপাকা, মধুফলা, ষড়্‌রেখা, ষণ্মুখা; চণ্ডিকা; রুদ্রচণ্ডা; চণ্ডবতী।

ষড়্‌রস, পুং. [ষট্+রস] মধুরাদি ষট্‌প্রকার রস, যথা।—মধুর, লবণ, তিক্ত, কষায়, অম্ল, কটু।

ষড়্‌রাত্র, ন. [ষট্+রাত্র] ষড়হ, ছয়রাত্রি।

ষড়্‌রেখা, স্ত্রী. [ষট্+রেখা] ষড়্‌ভুজা; ষড়াঙ্গী।

ষডলবণ, ন. [ষট্+লবণ] মৃজ্জাত পঞ্চপ্রকার লবণ।

ষণ্ড, পুং. [ষণ্ড+অ] বৃষভ, ষাঁড়, তৎপর্য্যায়।—ইচর, গোপতি, শণ্ড, শণ্ট, ষণ্ট; ক্লীব, নপুংসক; সমূহ; (পুং.ন.) অব্জাদিকদম্ব, পদ্মকুমুদাদিসমূহ।

ষণ্ডতা, স্ত্রী. [ষণ্ড+ন-আ] ক্লীবতা, নপুংসকতা।

ষণ্ডালী, স্ত্রী. [ষণ্ড+আল-ঈ] তৈলমান, ছটাক; সরসী,সরোবর; কামুকাস্ত্রী।

ষণ্ট, পুং. [ষণ্ট+অ] নপুংসক, ক্লীব; বৃষভ, ষাঁড়।

ষণ্টত্ব, ন. [ষণ্ট+ত্ব] নপুংসকত্ব, ক্লীবত্ব; বৃষেরধর্ম্ম।

ষণ্ণবতি, ত্রি. [ষট্+নবতি] সংখ্যাবিশেষ, ছিয়ানব্বই।

ষণ্ণাড়ীচক্র, ন. [ষট্+নাড়ীচক্র] মনুষ্যের জন্মাদিষণ্নক্ষত্রযুক্ত চক্রবিশেষ।

ষণ্মাস্ক, ত্রি. [ষট্+মাস-ক] ষাণ্মাস্ক, ষষ্ঠ

ষণ্মুখ, পুং. [ষট্+মুখ] কার্ত্তিকেয়, ষড়ানন; (ন.) ষট্‌সংখ্যাক বদন; (ত্রি.) ছয়বদন বিশিষ্ট।

ষণ্মুখা, স্ত্রী. [ষণ্মুখ+-আ] ষড়্‌ভুজা-লতা, খরমুঞ্জলতা।

ষত্ব, ন. [ষ+ত্ব] ষকার ভাব; অথ ষত্ব বিধান।—অ আ ভিন্ন স্বর এবং ক বর্গ অথবা য র ল ব হ এই সকলের পরস্থিত চসাৎ প্রত্যয়ের স বর্জ্জিয়া যদি কৃত দন্ত্য সকার পদ মধ্যে থাকে তাহা হইলে ঐ দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—মুনিষু, নদীষু, রামেষু ইত্যাদি॥ যদি অনুস্বার কিম্বা বিসর্গ ব্যবধান থাকে তাহা হইলেও উক্ত স মূর্দ্ধন্য হয়। যথা—হবীংষি, ধনূংষু ইত্যাদি॥ নি এবং অভি এই দুই উপসর্গের পরস্থিত সঙ্গ শব্দের স মূর্দ্ধন্য হয়। যথা—নিষঙ্গ, অভিষঙ্গ॥ সমাস স্থলে অঙ্গুলি ও অঙ্গুরী শব্দের পরবর্ত্তী সঙ্গ শব্দের স মূর্দ্ধন্য হয়। যথা—অঙ্গুলিষঙ্গ, অঙ্গুরীষঙ্গ॥ দুর্, নির্, বি, সু এই চারি উপসর্গের পরবর্ত্তী সম শব্দের স মূর্দ্ধন্য হয়। যথা দুঃষম, নিঃষম, বিষম, সুষম॥ দুর্, নির্, বি, সু, এই চারি উপসর্গের পরস্থিত স্বপ্‌ ধাতু স্থানে কৃত সুপ হইলে ঐ সুপের স মূর্দ্ধন্য হয়। যথা—দুঃষুপ্ত, নিঃষুপ্ত, বিষুপ্ত, সুষুপ্ত॥ নি, বি, পরি, এই তিন উপসর্গের পরস্থিত সেব, সিব, সহ ধাতুর স মূর্দ্ধন্য হয়। যথা—নিষেবণ, বিষেবণ, পরিষেবণ, নিষীবণ, বিষীবণ, পরিষীবণ, নিষহণ ইত্যাদি॥ অম্ব, আম্ব, ভুমি, কু, গো, অঙ্গু, মঞ্জি, অপ, ত্রি, পরমে, শেকু, শকু, সব্যে, সব্য, অগ্নি, পুঞ্জ, দ্বি, দিবি এই সকল শব্দের পরস্থিত স্থ শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য হয়। মূর্দ্ধন্য হইলে দন্ত্য সকার যুক্ত থকার ঠকারে পরিণত হয়। অম্বষ্ঠ, আম্বষ্ঠ, ভূমিষ্ঠ, কুষ্ঠ, গোষ্ঠ, অঙ্গুষ্ঠ, মঞ্জিষ্ঠ, অপষ্ঠ, ত্রিষ্ঠ, অগ্নিষ্ঠ, পুঞ্জষ্ঠ, দ্বিষ্ঠ, দিবিষ্ঠ॥ সমাস স্থলে অগ্নি, আয়ুস, ও জ্যোতিস, শব্দের পরবর্ত্তী স্তোম শব্দের সকার মূর্দ্ধন্য হয়।—মূর্দ্ধন্য হইলে দন্ত্য সকারযুক্ত তকার টকারে পরিণত হয় এবং আয়ুস্, ও জ্যোতিস, শব্দের স লুপ্ত হয় যথা—অগ্নিষ্টোম, আয়ুষ্টোম, জ্যোতিষ্টোম॥ গবি ও যুধি শব্দের পরস্থিত স্থির শব্দের স মূর্দ্ধন্য হয়। যথা—গবিষ্ঠির, যুধিষ্ঠির॥ বি, কু, পরি, শমী শব্দের পরবর্ত্তী স্থল শব্দের স মূর্দ্ধন্য হয়। যথা—বিষ্ঠল, কুষ্ঠল পরিষ্ঠল, শমিষ্ঠল॥ গোত্র বুঝাইলে কপি শব্দের পরবর্ত্তী স্থল শব্দের স এবং ছন্দঃ বুঝাইলে বিস্তার শব্দের স মূর্দ্ধন্য হয়। যথা—কপিষ্ঠল গোত্র, বিষ্টার ছন্দ॥ অগ্রগামী বুঝাইলে প্র পরবর্ত্তী স্থ শব্দের দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—প্রষ্ঠ॥ স্থা, সিধ, সিচ, সদ, স্তু, স্তভ, সু, সূ, সেনি, সো, সঞ্জ, স্তম্ভ, এই কয়েক ধাতুর পূর্ব্বে ইকার ও উকারান্ত উপসর্গ থাকিলে উহাদের দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—প্রতিষ্ঠা, অনুষ্ঠান, নিষেধ, অভিষেক, সুষিক্ত, বিষাদ, প্রতিষ্টম্ভ, ইত্যাদি। কিন্তু প্রতি পূর্ব্বক সদ-ধাতুর স মূর্দ্ধন্য হয় না। যথা—প্রতিসীদতি, এবং সু উপসর্গের পরস্থিত স্থা ধাতুর স মূর্দ্ধন্য হয় না। যথা—সুস্থ॥ শাস ধাতু স্থানে শিস্, বসধাতু স্থানে উস্ ও সহ ধাতুস্থানে সাট্ ও সাড়্ হইলে উহাদের দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—শিষ্য, শিষ্ট, উক্ত, উষিত, জনাষাট্, তুরাষাট্, তুরাষাড়্ ইত্যাদি॥ বস্ প্রত্যয়ান্ত শব্দের পর স্ত্রীলিঙ্গে বিহিত ঈ প্রত্যয়যুক্ত হইলে দন্ত্য স মূর্দ্ধন্য হয়। যথা—বিদুষী ইত্যাদি॥ বি পূর্ব্বক স্কন্ত ধাতুর ও পরি পূর্ব্বক কৃধাতুর স মূর্দ্ধন্য হয়। যথা—বিষ্কম্ভ, পরিষ্কার॥ যদি সংজ্ঞা বোধক হয়, তাহা হইলে অ আ ভিন্ন

মূর্দ্ধন্য হয়। যথা—হরিষেণ, মধুষেণ, সুষেণ ইত্যাদি। সংজ্ঞা বোধক না হইলে দন্ত্য স মূর্দ্ধন্য হয় না, যেমত কুরুসেনা কপিসেনা, ইত্যাদি।। পরি পূর্ব্বক স্কন্দ ধাতুর স বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা—পরিষ্কন্দ, পরিস্কন্দ, পরিষ্কন্ন, পরিস্কন্ন।। অনু, বি, পরি, অভি, নি পূর্ব্বক স্যন্দ ধাতুর স বিকল্পে, মূর্দ্ধন্য হয়। যথা—অনুষ্যন্দ, অনুস্যন্দ, বিষ্যন্দ, বিস্যন্দ ইত্যাদি।। নির্, নি, বি পূর্ব্বক স্ফুর ও স্ফুল ধাতুর স বিকল্পে মূর্দ্ধন্য হয়।—যথা নিঃষ্ফুরণ, নিঃস্ফুরণ, নিষ্ফুরণ, নিস্ফুরণ, বিষ্ফুরণ, বিস্ফুরণ, নিঃষ্ফুলন, নিঃস্ফুলন, নিষ্ফুলন, নিস্ফুলন, বিষ্ফুলন, বিস্ফুলন ইত্যাদি।। সমাস হইলে মাতৃ ও পিতৃ শব্দের পরবর্ত্তী স্বসৃ শব্দের প্রথম স মূর্দ্ধন্য হয়। যথা—মাতৃষ্বসা; পিতৃষ্বসা। কিন্তু বিভক্তি সমেত মাতুঃ ও পিতুঃ ইহাদের পর স্বসৃ শব্দের আদ্য স বিকল্পে মূর্দ্ধন্য হয়। যথা—মাতুঃষ্বসা, মাতুঃস্বসা, পিতুঃষ্বসা, পিতুঃস্বসা।

ষর্ষপী, স্ত্রী. [ষর্ষপ + ঈ] পক্ষিবিশেষ, খঞ্জনাকৃতিপক্ষী।

ষষ্টি, স্ত্রী. [ষষ্+তি] সংখ্যাবিশেষ, ষাটি, ৬০।

ষষ্টিক, পুং. [ষষ্টি+ক] ধান্যবিশেষ, ষাটিয়াধান, তৎপর্য্যায়।—শষ্টিজ, ষষ্টিবাসরজ, ষষ্টিশালি, স্নিগ্ধতণ্ডুল; (ত্রি.) ষষ্টিসংখ্যায় ক্রীত।

ষষ্টিকা, স্ত্রী. [ষষ্টি+ক-আ] ষষ্টিকধান্য, ষাটিয়াধান।

ষষ্টিক্য, ত্রি. [ষষ্টিক+য] ষষ্টিকধান্যোৎপন্নের উপযুক্ত ক্ষেত্রাদি।

ষষ্টিতম, ত্রি. [ষষ্টি+তম] ষষ্টির পূরণ, ষাইটেরপূরণ। [বার।

ষষ্টিধা, ব্য. [ষষ্টি+ধা] ষষ্টিপ্রকার, ষাইট্

ষষ্টিমত্ত, পুং. [ষষ্টি+মত্ত] হস্তী, করী।

ষষ্টিসম্বৎসর, পুং. [ষষ্টি+সম্বৎসর] প্রভবাদি ষষ্টিসংখ্যক বর্ষ।

ষষ্টিহায়ন, পুং. [ষষ্টি+হায়ন] গজ, হস্তী; ধান্যবিশেষ; ষষ্টিসংখ্যকবৎসর; (ত্রি.) ষষ্টিসংখ্যকবয়োযুক্ত।

ষষ্ঠ. ত্রি. [ষষ্+থ] ছয়েরপূরণ, যাহারদ্বারা ছয়সংখ্যাপূর্ণহয়।

ষষ্ঠক, ত্রি. [ষষ্ঠ+ক] ষষ্ঠ. ছয়েরপূরণ।

ষষ্ঠান্ন, ন. [ষষ্ঠ+অন্ন] দিনত্রয়ান্তর ভুক্তান্ন।

ষষ্ঠান্নকাল, ন. [ষষ্ঠ+অন্ন+কাল] দুইতিন দিনের অন্তর ভুক্ত।

ষষ্ঠান্নকালক, ন. [ষষ্ঠান্ন+কালক] দুই ও তিন দিনের অন্তরভুক্ত।

ষষ্ঠিকা, স্ত্রী. [ষষ্ঠ+ইক-আ] দেবীবিশেষ, ষষ্ঠীদেবী।

ষষ্ঠিমত্ত, পুং. [ষষ্ঠি+মত্ত] হস্তী, করী।

ষষ্ঠিহায়ন, পুং. [ষষ্ঠি+হায়ন] হস্তী; ধান্যবিশেষ।

ষষ্ঠী, স্ত্রী. [ষষ্ঠ+ইন্] কাত্যায়নী; ষোড়শমাতৃকান্তর্গত মাতৃকাবিশেষ, কার্ত্তিকেয়পত্নী; চন্দ্রের ষষ্ঠকলাক্রিয়ারূপ তিথিবিশেষ।

ষষ্ঠ্যাদিকল্পবোধন, ন. [ষষ্ঠী+আদি+কল্প +বোধন] ষষ্ঠ্যাদি হইতে দুর্গার আরাধনা রূপ বোধনবিশেষ। [ময়ূর।

ষহসানু, পুচ. [ষহ+সানু] ক্ষমাবান্; যজ্ঞ;

ষাইট, (প্রা) সংখ্যাবিশেষ, ষষ্টি, ৬০।

ষাঁড়, (প্রা) ষণ্ড, বৃষ।

ষাট্, ব্য. সম্বোধন, আভিমুখ্য বিধান।

ষাটকৌশিক, ত্রি. [ষষ্+কোশ+ইক] ছয়কোশে আচ্ছাদিত।

ষাড়ব, পুং. [ষড়ব+অ] গান; রস; রাগের জাতিবিশেষ, ছয়স্বরমিলিত রাগ, ও রাগিণী।

ষাড়্গুণ্য, ন. [ষড়্গুণ+য] রাজাদিগের রাজ্যরক্ষণের ছয়প্রকার উপায়।

ষাণ্মাতুর, পুং. [ষট্+মাতৃ-অ] কার্ত্তিকেয়, ষড়ানন।

ষাত্ত্বণত্বিক, ত্রি. [ষাত্ত্বণত্ব+ইক] স্বত্বণত্ব-বিধায়ক শাস্ত্রব্যাখ্যান।

ষিড়্গ, পুং. [ষিট+গ] কামুক,লম্পট, লোম্প তৎপর্য্যায়।—কামকেলি, ছিদ্বুর, নাগর, পল্লবিক, পীঠকেলি, পীঠমর্দ্দ, বিট, বিদগ্ধ, বিদূষক, ব্যলীক, ভবিল, ষট্-প্রাজ্ঞ, উপপতি ।

ষূ. স্ত্রী. [ষু+ক্বিপ্] গর্ব্ভবিমোচন।

ষোড়ন্. পুং. [ষোড়+অৎ] ষড়দন্তযুক্তবৃষ, ছয়দাত্যাষাঁড়।

ষোড়শ, ত্রি. [ষোড়শন্+অ] সংখ্যাবিশেষ, ষড়ধিকদশ, ষোলো; ষোলোসংখ্যার-পূরণ।

ষোড়শকলা, স্ত্রী. [ষোড়শ+কলা] চন্দ্রমণ্ডলের ষড়ধিক দশভাগ।

ষোড়শর্ত্তুনিশা, স্ত্রী. [ষোড়শ+ঋতু+নিশা] ঋতুকালহইতে ষোলরাত্রি।

ষোড়শদান, ন. [ষোড়শ+দান] শ্রাদ্ধাদিতে ষোলপ্রকার দানীয়দ্রব্য, তদ্যথা, ভূমি, আসন, জল, বস্ত্র, প্রদীপ, অন্ন, তাম্বুল, ছত্র, গন্ধ, মাল্য, ফল, শয্যা, পাদুকা, গো, কাঞ্চন, রজত।

ষোড়শভুজা, স্ত্রী. [ষোড়শ+ভুজ-আ] ষোড়শহস্তযুক্ত দুর্গা,মূর্ত্তি।

ষোড়শমাতৃকা, স্ত্রী. [ষোড়শ+মাতৃকা] ষোড়শসংখ্যাদেবী বিশেষ, যথা।—গৌরী, পদ্মা, শচী, মেধা, সাবিত্রী, বিজয়া, জয়া, দেবসেনা, স্বধা, স্বাহা, শান্তি, পুষ্টি, ধৃতি, তুষ্টি, আত্মদেবতা, কুলদেবতা।

ষোড়শর্ত্বিক্‌ক্রতু, পুং. [ষোড়শ+ঋত্বিক+ক্রতু] ষোড়শপুরোহিতসাধ্য যাগ-বিশেষ, জ্যোতিষ্টোমযাগ; তন্নামানি-যথা।—ব্রহ্ম, ব্রাহ্মণাচ্ছংসী, আগ্নীধ্র, পোতা, হোতা, মৈত্রাবরুণ, অচ্ছা-বাক, গ্রাবস্তোতা, অধ্বর্য্যু, প্রতিপ্রাস্থাতা নেষ্টা, উন্নেতা, উদ্গাতা, প্রস্তোতা, প্রতিহর্ত্তা, সুব্রহ্মণ্য।

ষোড়শাংশু, পুং. [ষোড়শ+অংশু] শুক্র-

ষোড়শাঙ্গ, পুং. [ষোড়শ+অঙ্গ] ষোড়শ-প্রকার সুগন্ধিদ্রব্যমিশ্রিত ধূপ, (ত্রি.) ষোড়শ অবয়ব যুক্ত।

ষোড়শাঙ্ঘ্রি, পুং. [ষোড়শ+অঙ্ঘ্রি] কর্কট, কাকড়া; (ত্রি) ষোড়শচরণ যুক্ত।

ষোড়শাবর্ত্ত, পুং. [ষোড়শ+আবর্ত্ত] শংখ্য, শাঁখ, (ত্রি.) ষোড়শ আবর্ত্তন যুক্ত।

ষোড়শার, ন. [ষোড়শ+আর] ষোড়শদল, পদ্ম; জলাশয়োৎসর্গীয় বেদিকোপরি-কর্ত্তব্যচক্র।

ষোড়শার্চ্চিঃ, পুং. [ষোড়শ+অর্চ্চিস্] শুক্র-গ্রহ; (ত্রি) ষোড়শশিখাযুক্ত।

ষোড়শিকাম্র, ন. [ষোড়শিক+আম্র] পল-পরিমাণ।

ষোড়শী, পুং. [ষোড়শ+ইন্] যজ্ঞপাত্র-বিশেষ; (স্ত্রী,) দ্বাদশমহাবিদ্যান্তর্গত বিদ্যাবিশেষ।

ষোড়শোপচার, পুং. [ষোড়শ+উপচার] ষোলোপ্রকার পূজারদ্রব্য, তদ্যথা।—আসন, স্বাগত পাদ্য, অর্ঘ্য, আচমনীয়, মধুপর্ক, আচমন, স্নানীয়, বসন, আভরণ, সুগন্ধ, কুসুম, ধূপ, দীপ, নৈবেদ্য, বন্দন।

ষোঢ়া, ব্য. [ষট্+ধা] ষট্প্রকার, ছয়-প্রকার।

ষোঢ়ান্যাস, পুং. [ষোঢ়া+ন্যাস] বিধি-পূর্ব্বক শরীরে মন্ত্রবিন্যাস।

ষোল, (প্রা) ষোড়শসংখ্যা, ১৬।

ষ্টুম, পুং. [ষ্টু+ম] চন্দ্র; দীপ্তি।

সন্ধিহারক, পুং. [সন্ধি+হারক] সন্ধিচৌর, সিঁধালচোর।

সন্ধুক্ষিত, ত্রি. [সম্+ধুক্ষ+ইত] প্রজ্বলিত।

সন্ধ্যা, স্ত্রী. [সন্ধি+য-আ] কালবিশেষ, দিবারাত্রিসন্ধ্যাীয় [illegible]

ও সায়ংসন্ধ্যা, তৎপর্য্যায়।—দিনান্ত, দিবসাত্যয়, দ্বিজমৈত্রী, নিশাদি, পিতৃপ্রসূ, বিকাল, ব্রহ্মভূতি, সন্ধ্যা, সায়ং, সায়াহ্ন; কালেরভার্য্যা; রাত্রিরআদ্যন্ত দণ্ডচতুষ্টয়াত্মককাল; ত্রিসন্ধ্যাকালীন উপাসনা; সন্ধ্যাকালোপাস্যাদেবতা; নদীবিশেষ; যুগসন্ধি; চিন্তা; সংশ্রব; সীমা; সন্ধান, কুসুমবিশেষ।

সংন্ধ্যাংশ, পুং. [সন্ধ্যা+অংশ] সত্যত্রেতাদি যুগের প্রথম ও শেষ অংশ, যুগসন্ধি।

সন্ধ্যাকাল, ন. [সন্ধ্যা+কাল] সায়ংকাল, সূর্য্যাস্তসময়। [বিশেষ।

সন্ধ্যাচল, পুং. [সন্ধ্যা+অচল] পর্ব্বত-

সন্ধ্যানাটী, পুং. [সন্ধ্যা+নাটিন্] শিব, মহাদেব।

সন্ধ্যাপুষ্পী, স্ত্রী. [সন্ধ্যা+পুষ্প-ঈ] জাতীপুষ্পবৃক্ষ। [ক্রব্যাদ।

সন্ধ্যাবল, পুং. পুং. [সন্ধ্যা+বল] রাক্ষস,

সন্ধ্যাবলি, পুং, [সন্ধ্যা+বলি] শিবালয়স্থিত মৃৎকাষ্ঠাদি নির্ম্মিত বৃষ।

সন্ধ্যাভ্র, ন. [সন্ধ্যা+অভ্র] স্নুবর্ণগৈরিক।

সন্ধ্যারাগ, ন. [সন্ধ্যা+রাগ] সিন্দূর।

সন্ধ্যারাম, পুং. [সন্ধ্যা+রাম] ব্রহ্মা, অগ্রজ, বিধাতা।

সন্ন, পুং. [সদ্+ত] পিয়ালবৃক্ষ, (ত্রি.) ক্ষীণ; হীন, অবসন্ন।

সন্নক, পুং. [সন্ন+ক] খর্ব্ব, বামন।

সন্নকদ্রু, পুং. [সন্নক+দ্রু] পিয়ালবৃক্ষ।

সন্নতি, স্ত্রী. [সৎ+নতি] প্রণতি; ধ্বনি; নম্রতা।

সন্নদ্ধ, ত্রি. [সং+নহ-ত] বর্ম্মিত, কৃতসন্নাহ সাঁজোয়াপরা; ব্যূঢ়, ব্যূহবিন্যাসযুক্ত; আততায়ী; বধোদ্যত, মন্ত্রাদিসংযুত উৎপন্ন, বদ্ধ। [বল

সন্নয় পুং. [সৎ+নী-অ] সমূহ; পৃষ্ঠস্থায়ী

সন্নহর্ষ, পুং. [সন্ন+হর্ষ] অনানন্দ।

সন্নাহ, পুং. [সন্+নাহ] অঙ্গত্রাণ, সাঁজোয় তৎপর্য্যায়।—উরুচ্ছদ, কঙ্কট, কবচ জগর, তনুত্র, দংশ, বর্ম্ম, মায়ী; উর

সন্নাহ্য, পুং. [সন্নাহ+য] যুদ্ধযোগ্য গজ, সমরোচিত হস্তী। [নিকট

সন্নিকট, ত্রি. [সম্+নিকট] সন্নিকর্ষ, সমীপ,

সন্নিকর্ষ, পুং.স্ত্রী. [সন্নিকৃষ্+অ] সান্নিধ্য, নিকট, তৎপর্য্যায়।—অন্তিক, অভ্যগ্র, অভ্যর্ণ, আসন্ন, উপকণ্ঠ, উপান্ত, নিকট, পার্শ্ব, সদেশ, সনীড়, সন্নিকৃষ্ট, সন্নিধান, সন্নিধি, সবিধ, সবেশ, সমর্য্যাদ, সমীপ, সমীপাভ্যাস; বিষয়েন্দ্রিয়সম্বন্ধ।

সন্নিকর্ষণ, ন. [সম্+নি+কর্ষণ] সন্নিধান, তৎপর্য্যায়।—সন্নিধি, সন্নিধ।

সন্নিকৃষ্ট, ত্রি. [সম্+নি+কৃষ-ত] সন্নিকর্ষবিশিষ্ট, নিকট, (অস্যপর্য্যায়ঃ সমীপশব্দে দ্রষ্টব্যঃ)।

সন্নিধ, ন. [সম্+নি+ধা-অ] সন্নিধান।

সন্নিধান, ন. [সম্+নি+ধা+অন] নিকট, আশ্রয়।

সন্নিধি, স্ত্রী. [সম্+নি+ধা-ই] সন্নিকর্ষ; নিকট; ইন্দ্রিয়গোচর।

সন্নিপতিত, ত্রি. [সম্+নি+পতিত] একত্রীকৃত, মিশ্রিত।

সন্নিপাত, পুং. [সম্+নি+পত-অ] তালবিশেষ; বিকারোৎপাদক মিলিত দোষত্রয়; সমূহ; সম্যক্প্রকারেপতন ও মরণ; মিলন; যুদ্ধ।

সন্নিপাতজ্বর, পুং. [সন্নিপাত+জ্বর] ত্রিদোষজাত জ্বর, অষ্টপ্রকার জ্বরান্তর্গত জ্বরবিশেষ।

সন্নিপাতসুৎ, পুং. [সন্নিপাত+সুৎ] নেপাল, নিম্ব; মহানিম্ব, বর্কর, কনিন।

সন্নিবদ্ধ, ত্রি. [সম্+নি+বদ্ধ] সম্যক্ বন্ধনযুক্ত।

সন্নিবন্ধন, ন. [সম্+নি+বন্ধন] সম্যক্ নিশ্চিতবন্ধন; সম্যক্ বিবন্ধন।

সন্নিবিষ্ট, ত্রি. [সম্+নি+বিশ-ত] উপবিষ্ট, নিকট; সংক্রান্ত।

সন্নিবৃত্ত, ত্রি. [সম্+নি+বৃৎ-ত] নিবৃত্ত; প্রত্যাগত।

সন্নিবৃত্তি, স্ত্রী, [সম+নি+বৃৎ+তি] সম্যক্

সন্নিবেশ, পুং. [সম্+নি+বিশ-অ] গন্তনাদিতে দিগাদি পরিচ্ছিন্ন প্রদেশ; পূর্ব্বদিগাদ্যবচ্ছিন্ন গৃহ, পুরাদিরবহির্দ্দেশ বিহরণভূমি, তৎপর্য্যায়।—নিকর্ষণ; বিন্যাস যোগ; সন্নিকট; শিবির।

সন্নিভ, ত্রি. [সম্+নিভ] সদৃশ, সমান, তুল্য। [বদ্ধ।

সন্নিরুদ্ধ, ত্রি. [সম্+নিরুদ্ধ] কৃতাবরোধ,

সন্নিরুদ্ধগুদ, পুং. [সন্নিরুদ্ধ+গুদ] গুহ্যদ্বারোদ্ভব রোগ বিশেষ।

সন্নিহিত, ত্রি. [সম্+নিহিত] নিকট; সমীপস্থ। [ক্ষেপ।

সন্নিহিতাপায়, ত্রি. [সন্নিহিত+অপায়] স-

সন্ন্যস্ত, ত্রি. [সম্+ন্যস্ত] সম্যক্‌ন্যাসীকৃত; সমর্পিত; পরিত্যক্ত, বর্জিত।

সন্ন্যাস, পুং. [সম্+নি+অস] জটামাংসী; কাম্যকর্ম্ম পরিত্যাগ; চতুর্থাশ্রম, ভিক্ষুধর্ম্ম; হটাৎ মৃত্যু।

সন্ন্যাসী, পুং. [সন্ন্যাস+ইন্] সন্ন্যাসাশ্রম বিশিষ্ট, চতুর্থাশ্রমী- তৎপর্য্যায়।—পারাশরী, মস্করী, পরিব্রাট্, কর্ম্মন্দী, শ্রমণ, ভিক্ষু; তচ্চতুর্ব্বিধ যথা।—কুটীচর, বহূদক, হংস, পরমহংস।

সপ, (যাং) দীর্ঘকাটীর মাদুর।

সপত্রাকৃত, পুং. [সপত্রা+কৃত] ক্ষতমৃগাদি; (ত্রি) অত্যন্ত পীড়িত।

সপত্রাকরণ, ন. [সপত্রা+করণ] অত্যন্তপীড়ন।

সপত্রকৃত, পুং. [সপত্র+কৃত] ক্ষতমৃগাদি; (ত্রি.) অত্যন্ত পীড়িত।

সপত্রকৃতি, স্ত্রী. [সপত্র+কৃতি] অত্যন্তপীড়ন, তৎপর্য্যায়।—নিষ্পত্রাকৃতি।

সপত্ন, পুং. [স+পত্ন] শত্রু, রিপু।

সপত্নারি, পুং. [সপত্ন+অরি] বংশবিশেষ, বেণুভর্বাণ। [সতীন।

সপত্নী, স্ত্রী. [সপত্ন+ঈ] সমানপতিকা,

সপত্নীপুত্র, পুং. [সপত্নী+পুত্র] সপত্নির সন্তান, সতীনের পুত্র।

সপত্নীমাতা, স্ত্রী. [সপত্নী+মাতৃ] বিমাতা, সৎমা। [ক্ষণ।

সপরিবার, ত্রি. [স+পরিবার] গোষ্য, বর্গসহিত, পুত্রকলত্রাদি যুক্ত।

সপর্ব্ব, ত্রি. [স+পর্ব্বন্] যুক্ত, মিলিত;

সপর্য্যা, স্ত্রী. [সপর+য-আ] পূজা, অর্চ্চনা।

সপক্ষ, পুং. [স+পক্ষ] অনুকূল, সহায়।

সপক্ষতা, স্ত্রী. [সপক্ষ+ত-আ] অনুকূলতা; পক্ষপাত।

সপাদ, ত্রি. [স+পাদ] চরণযুক্ত; চতুর্থভাগসহিত।

সপাদপীঠ, ত্রি. [সপাদ+পীঠ] পাদপীঠযুক্ত সিংহাসনাদি।

সপিণ্ড, পুং. [স+পিণ্ড] সপ্তমপুরুষান্তর্গত জ্ঞাতি, তৎপর্য্যায়।—সনাভি।

সপিণ্ডন, ন. [স+পিণ্ডন] শ্রাদ্ধবিশেষ, প্রেতত্ব মোচনার্থ প্রেতপিণ্ডের সহিত পিতৃপিণ্ডের মিশ্রীকরণ।

সপিণ্ডীকরণ, ন. [সপিণ্ডী+করণ] পূর্ণসম্বৎসরক্রিয়মাণ পার্ব্বণ ও একোদ্দিষ্ট কর্ত্তব্য শ্রাদ্ধ।

সপীতক, পুং. [স+পীতক] রাজকোষাতকী।

সপীতি, স্ত্রী. [স+পা+তি] আত্মীয়জনের সহিত মিলিত হইয়া এককালীন পান, তৎপর্য্যায় সহপীতি, তুল্যপান।

সপীতিকা, স্ত্রী. [স+পীতিকা] হস্তিঘোষা।

সপ্ত, ত্রি. [সপ্+তন্] সংখ্যাবিশেষ, সাত; তদ্বাচকানিযথা।—পাতাল, ভুবন, মুনি, দ্বীপ, সূর্য্যাশ্ব, বার, সমুদ্র, স্বর, রাজ্যাঙ্গ, ব্রীহি, বহ্নিশিখা, পর্ব্বত; সপ্তসংখ্যাবিশিষ্ট; সপ্তম।

সপ্তক, ত্রি. [সপ্ত+ক] সাতের পূরণ, সপ্তম; সপ্তসংখ্যাবিশিষ্ট; সপ্তসংখ্যা, সাত।

সপ্তকী, স্ত্রী- [সপ্তক+ঈ] কাঞ্চী, স্ত্রীকট্যাভরণ।

সপ্তচত্বারিংশৎ, ত্রি. [সপ্তন্+চত্বারিংশৎ] সংখ্যাবিশেষ, ৪৭।

সপ্তচ্ছদ, পুং. [সপ্ত+ছদ] বৃক্ষবিশেষ, ছাতিন্ তৎপর্য্যায়।—গুচ্ছপুষ্প, বৃহৎপর্ণ, মণিচ্ছদ, বৃহত্ত্বক্, বহুপর্ণ, শাল্মলিপত্রক,

সপ্তজিহ্ব, পুং. [সপ্ত+জিহ্বা] অগ্নি; তন্না-মানি যথা।—কালী, করালী, মনোজবা, সুলোহিতা, সুধূম্রবর্ণা, উগ্রা, প্রদীপ্তা; (নামান্তর) হিরণ্যা, কনকা, রক্তা, কৃষ্ণা, সুপ্রভা, বহুরূপা, অতিরক্তা। পদ্মরাগা, সুবর্ণা, ভদ্রলোহিতা, লোহিতা, শ্বেতা, ধূমিনী করালিকা। বিশ্বমূর্ত্তি, স্ফুলিঙ্গিনী, ধূম্রবর্ণা, করালা ইত্যাদি।

সপ্তজ্বাল, পুং; [সপ্ত+জ্বাল] অগ্নি, সপ্ত-জিহ্ব। [যাগ।

সপ্ততন্তু, পুং. [সপ্ত+তন্তু] যজ্ঞ, ক্রতু,

সপ্ততি, স্ত্রী. [সপ্তন্+তি] সংখ্যাবিশেষ, সত্তোরি, ৭০। [পূরণ।

সপ্ততিতম, ত্রি.[সপ্ততি+তম] সপ্ততিসংখ্যার

সপ্তত্রিংশৎ, ত্রি. [সপ্তন্+ত্রিংশৎ] সংখ্যা-বিশেষ, ৩৭।

সপ্তদশ, ত্রি. [সপ্তন্+দশন্] সপ্তদশেরপূরণ, সতের। [অনল।

সপ্তদীধিতি, পুং. [সপ্ত+দীধিতি] অগ্নি,

সপ্তদ্বীপপতি, পুং. [সপ্ত+দ্বীপ+পতি] সপ্ত-দ্বীপের অধিপতি

সপ্তদ্বীপা, স্ত্রী. [সপ্ত+দ্বীপ-আ] পৃথিবী।

সপ্তধা, ব্য. [সপ্তন্+ধা] সপ্তপ্রকার, সাত-বার।

সপ্তধাতব, পুং. [সপ্ত+ধাতব] শরীরস্থ সপ্তসংখ্যক ধাতু. তদ্যথা।—রস, রক্ত, মাংস, মেদ, অস্থি, মজ্জা, শুক্র।

সপ্তনাড়ীচক্র, ন. [সপ্ত+নাড়ীচক্র] বৃষ্টি-জ্ঞানার্থ গ্রহনক্ষত্রাঙ্কিত সপ্তনাড়ীকসর্পা-কার চক্র, তদ্যথা।—চণ্ড, বায়ু, দহন, সৌম্য, নীর, জল, অমৃত। [ভক্ত।

সপ্তনামা, স্ত্রী. [সপ্তন্+নাম-আ] আদিত্য-

সপ্তপত্র, পুং. [সপ্ত+পত্র] মুদ্গরবৃক্ষ।

সপ্তপদী, স্ত্রী. [সপ্ত+পদ-ঈ] একত্রিত সপ্তমপদ।

সপ্তপদীগমন, ন. [সপ্তপদী+গমন] বিবা-হাঙ্গ দম্পতীর সপ্তম পদগমন।

সপ্তপর্ণ, ন. [সপ্তন্+পর্ণ] মিষ্টান্নবিশেষ, দ্রাক্ষা দাড়িম খর্জ্জুর মৃদিতাম্র সশর্কর বস্তু; (পুং.) বৃক্ষবিশেষ, ছাতিন, তৎ-পর্য্যায়।—বিশালত্বক্, শারদী, বিষম-চ্ছদ, শারদ, দেববৃক্ষ, দানগন্ধি, শিরো-রুজা, গ্রহনাশ, শুক্তিপর্ণ, গুহাশী, গ্রহনাশন, গুৎসপুষ্প, শক্তিপর্ণ, সুপ-র্ণকা, বৃহত্বক্।

সপ্তপর্ণী, স্ত্রী. [সপ্ত+পর্ণ-ঈ] লজ্জালুলতা।

সপ্তপাতাল, ন. [সপ্ত+পাতাল] সপ্তসংখ্যক অধোভুবন, তন্নামানি যথা।—অতল, বিতল, নিতল, সুতল, পাতাল, গভ-স্তিমৎ, মহাখ্য।

সপ্তপুত্রসূ, স্ত্রী. [সপ্তপুত্র+সূ] সপ্তপুত্র প্রসূতা, তৎপর্য্যায়।—সুতবস্করা

সপ্তভদ্র, পুং. [সপ্ত+ভদ্র] শিরীষবৃক্ষ।

সপ্তম, ত্রি. [সপ্তন্+ম] সাতের পূরণ, সা-তুঁই

সপ্তমী, স্ত্রী. [সপ্তম+ঈ] তিথিবিশেষ, চন্দ্রের সপ্তম কলাক্রিয়া, সূর্য্যমূর্ত্তি-প্রকাশিকা তিথি।

সপ্তরক্ত, ন. [সপ্ত+রক্ত] শরীরের রক্তবর্ণ সপ্ত অবয়ব যথা।—হস্ত, পাদতল, নেত্রান্তর, তালু, ওষ্ঠ, জিহ্বা, নখ।

সপ্তর্ষি, পুং. [সপ্ত+ঋষি] সপ্তসংখ্যকঋষি, তন্নামানিযথা।—মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য, পুলহ, ক্রতু, বশিষ্ঠ।

সপ্তলা, স্ত্রী.[সপ্ত+ল-আ] নবমালিকাপুষ্প; চর্ম্মকষা, গুঞ্জা; পাটলা।

সপ্তশতী, স্ত্রী. [সপ্ত+শত-ঈ] সপ্তশতিকা; সপ্তশত শ্লোকাত্মক দেবীমাহাত্ম্য চণ্ডী।

সপ্তশলাক, পুং. [সপ্ত+শলাক] বিবাহের শুভাশুভ দিন জ্ঞানার্থ তির্য্যগূর্দ্ধ সপ্ত-রেখা বিশিষ্ট চক্রবিশেষ

সপ্তশিরা, স্ত্রী. [সপ্ত+শির-আ] নাগবল্লী।

সপ্তসপ্তি, পুং. [সপ্ত+সপ্তি] সূর্য্য, সপ্তাশ্ব।

সপ্তসাগর, পুং. [সপ্ত+সাগর] মহাদান-বিশেষ।

সপ্তসূ, স্ত্রী. [সপ্ত+সূ] সপ্তপুত্রপ্রসূতা, তৎপর্য্যায়।—সুতবস্করা।

সপ্তাংশুপুঙ্গব, পুং. [সপ্তাংশু+পুঙ্গব] শনি-

সপ্তার্চ্চিঃ, পুং. [সপ্ত+অর্চ্চিস্] অগ্নি; চিত্রকবৃক্ষ; শনিগ্রহ; (ত্রি.) ক্রূরচক্ষু।

সপ্তাশ্ব, পুং. [সপ্ত+অশ্ব] সূর্য্য; অর্কবৃক্ষ। [সপ্তাশ্ব।

সপ্তাশ্ববাহন, পুং. [সপ্তাশ্ব+বাহন] সূর্য্য,

সপ্তাস্র, ন. [সপ্ত+অস্র]সপ্তকোণ,সাতকোণা।

সপ্তাহ, ন. [সপ্ত + অহন্] সপ্তদিবস, সাতদিন।

সপ্তি, পুং. [সপ্+তি] অশ্ব, ঘোটক।

সপ্রমাণ, ত্রি. [স+প্রমাণ] প্রমাণ সহিত; (ন.) অসংশয়; সত্যত্ব, অবধারণ।

সফর, পুং. [সী+স্ফুর্-অ] মৎস্যবিশেষ, পুঁটী; (যাং) ভ্রমণ।

সফরী, স্ত্রী. [সী+স্ফুর-ঈ] মৎস্যবিশেষ, পুঁটী, তৎপর্য্যায়।—শফরী. প্রোষ্ঠী, শফর, শ্বেতকোল।

সফল, ত্রি. [স+ফল] ফলবিশিষ্ট, তৎপর্য্যায়।—অমোঘ, সুসিদ্ধ।

সফেণ, ত্রি. [স+ফেণ] ফেণাযুক্ত।

সফেদ (যাং.) শুক্লবর্ণ, শাদা।

সফেদা (যাং) তণ্ডুল চূর্ণ; শাদারং।

সব, ন. [সু+অ] জল; পুষ্পরস; (পুং.) যজ্ঞ; সন্তান; সূর্য্য; চন্দ্র; যজ্ঞে প্রস্তুত মদ্য।

সবন, ন. [সু+অন] যজ্ঞস্নান, তৎপর্য্যায়।—সুত্যা, অভিষব, সোমসন্ধান; সোমপান; অধ্বর, যজ্ঞ; সোমনির্দ্দলন; প্রসব।

সবয়াঃ, স্ত্রী. [স+বয়স্] সমবয়স্কা, তৎপর্য্যায়।—আলি, বয়স্যা, সখী, সহচরী; (পুং.) বয়স্য, স্নিগ্ধ, সখা; (ত্রি.) সমানবয়স্ক।

সবর, পুং. [সব+র] সলিল; শিব।

সবর্ণ, ত্রি. [স+বর্ণ] সদৃশ, তুল্য; সমানবর্ণ, তুল্যজাতি; একস্থানোৎপন্ন বর্ণ।

সবর্ণা, স্ত্রী. [সবর্ণ+আ] সূর্য্যপত্নী, ছায়া; সমানবর্ণাস্ত্রী।

সবল, ত্রি. [স+বল] শক্তিবিশিষ্ট, বলবান্; সৈন্যযুক্ত।

সবলি. ত্রি. [স+বলি] [illegible]

সবলোট, (প্রা) লম্পট; সর্ব্বভক্ষক, উচ্ছৃঙ্খল।

সবহা, স্ত্রী. [স+বহ-আ] ত্রিবৃতা।

সবাধ, ত্রি. [স+বাধ] প্রতিবন্ধকযুক্ত; পীড়ান্বিত; নিষেধ্য।

সবিকল্পক, ত্রি. [স+বিকল্পক] সন্দেহজনক।

সবিগ্রহ, ত্রি. [স+বিগ্রহ] একত্রিত; অর্থসূচক। [প্রফুল্ল।

সবিকাশ, ত্রি. [স+বিকাশ] বিকশিত,

সবিতা, পুং. [সবিতৃ+অ] সূর্য্য; অর্কবৃক্ষ।

সবিতৃদৈবত, পুং. [সবিতৃ+দৈবত] হস্তানক্ষত্র।

সবিতৃল, ত্রি. [সবিতৃ+ল] সূর্য্যসম্বন্ধীয়।

সবিত্র, ন. [সু+ইত্র] প্রসবকরণ।

সবিত্রিয়, ত্রি. [সবিতৃ+ইয়] সূর্য্যসম্বন্ধীয়।

সবিত্রী, স্ত্রী. [সু+তৃ-ঈ] জনয়িত্রী, মাতা; গাভী।

সবিদ্য, ত্রি. [স+বিদ্যা] বিদ্বান্, পণ্ডিত।

সবিধ, ত্রি. [স+বিধ] নিকট, সমীপ; সমান প্রকার।

সবিনয়, ত্রি. [স+বিনয়] বিনয়যুক্ত, বিনয়ান্বিত

সবিশেষ, ত্রি. [স+বিশেষ] বিশেষযুক্ত, নিগূঢ় বিবরণ সহিত।

সবিষাণ, ত্রি. [স+বিষাণ] শৃঙ্গযুক্ত, শিঙ্গাল।

সবিষাদ, ত্রি. [স+বিষাদ] বিষাদযুক্ত, খেদিত, দুঃখিত।

সবুর, (যাং) অপেক্ষা

সবিস্ময়, ত্রি. [স+বিস্ময়] বিস্ময়াপন্ন, তৎপর্য্যায়।—বীক্ষাপন্ন।

সবেশ, ত্রি. [স+বেশ] নিকট, সমীপ; বেশান্বিত।

সব্য, পুং. [সু+য] বিষ্ণু; (ত্রি.) বাম; দক্ষিণ; প্রতিকূল।

সব্যসাচী, পুং. [সব্য+সাচিন্] অর্জুন; উভয় হস্তে বাণ ক্ষেপণে সমর্থ।

সব্যেষ্ঠা, পুং. [সব্যেষ্ঠ+আ] সারথি, রথচালক।

সব্রহ্মচারী, পুং. [সব্রহ্ম+চারিন্] পরস্পর

সভয়, ত্রি. [স+ভয়] ভয়যুক্ত, ভীত।

সভর্তৃকা, স্ত্রী. [স+ভর্তৃকা] বিদ্যমান পতিকাস্ত্রী, তৎপর্য্যায়।—পতিবত্নী, সধবা, সনাথা।

সভা, স্ত্রী. [স+ভা] একত্রিত প্রকাশিত প্রাণিসমূহ স্থান, (বাং) মজলিস, (হিং) পঞ্চায়িত, (ইং) মিটিং, তৎপর্য্যায়।—সমজ্যা, পরিষৎ, গোষ্ঠী, সমিতি, সংসৎ, আস্থানী, আস্থান, সদ, সমাজ, পর্ষৎ; সামাজিক; দ্যূত; গৃহ; সমূহ; জনসমূহ।

সভাজন, ন. [সভাজ্+অন] গমনাগমনাদি সময়ে সুহৃৎদিগের আলিঙ্গন পূর্ব্বক কুশলপ্রশ্নাদি দ্বারা আনন্দোৎপাদন, তৎপর্য্যায়।—আনন্দন, আপ্রচ্ছন্।

সভাপতি, পুং. [সভা+পতি] সমাজাধিপতি; দ্যূতগৃহস্বামী।

সভাসৎ, পুং. [সভা+সৎ] সভাতে উপবেশন কারী, তৎপর্য্যায়।—সভাস্তার, সভ্য, সামাজিক, পরিষদ্বল, পর্ষদ্বল, পারিষদ, পার্ষদ, পরিসভ্য। [সামাজিক।

সভাসদ্, পুং. [সভা+সদ] সভ্য, পার্ষদ,

সভাস্তার, পুং. [সভা+স্তৃ-অ] সভাসৎ, সভ্য। [জিক।

সভাস্থ, ত্রি. [সভা+স্থা-অ] সভ্য, সামা-

সভিক, পুং. [সভা+ইক] দ্যূতকারক, তৎপর্য্যায়।—দুরোদর, নির্গ্রন্থ, লগ্নক, প্রতিভূ। [লগ্নক।

সভীক, পুং. [সভা+ঈক] দ্যূতকারক,

সভোচিত, পুং. [সভা+উচিত] পণ্ডিত; (ত্রি.) সভাযোগ্য।

সভ্য, ত্রি. [সভা+য] প্রত্যায়িত; সভাসম্বন্ধীয়: (পুং) সাধু; সভাসদ্; সভিক।

সম্, ব্য. [সং] সমানার্থ; প্রকৃষ্টার্থ; সঙ্গত; শোভন; সমুচ্চয়; চতুর্থোপসর্গ।

সম, ত্রি. [সম্+অ] সর্ব্বসমান; সকল; সাধু; যুগ্ম; (পুং) রাশিবিশেষের সংজ্ঞাবিশেষ; মানেরপ্রকার বিশেষ; বর্গমূল আনয়নার্থ অঙ্কোপরি দত্ত ঋজুরেখাবিশেষ।

সমকন্যা, স্ত্রী. [সম+কন্যা] বিবাহোপযুক্তা;

সমকোল, পুং. [সম+কোল] সর্প।

সমক্ত, ত্রি. [সম্+অন্চ-ত] গমনকর্ত্তা।

সমগন্ধক, পুং. [সম+গন্ধক] কৃত্রিমধূপ।

সমগন্ধিক, ন. [সম+গন্ধ-ইক] উশীর, বেণারমূল; (ত্রি.) তুল্যগন্ধযুক্ত।

সমগ্র, ত্রি. [সম+অগ্র] সকল, সম্পূর্ণ, সমুদায়।

সমঙ্গা, স্ত্রী. [সম+অগ্-অ] মঞ্জিষ্ঠালতা; লজ্জালুলতা; বরাহক্রান্তা; বালাবৃক্ষ।

সমচিত্ত, ন. [সম+চিত্ত] একবিষয়ক অন্তঃকরণ বৃত্তি।

সমজ, ন. [সম+অজ-অ] বন; (পুং.) পশুসমূহ; মূর্খসংহতি।

সমজ্ঞা, স্ত্রী. [সম+জ্ঞা] কীর্ত্তি, যশঃ; সভা।

সমজ্যা, স্ত্রী. [সম্+অজ-য-আ] সভা; কীর্ত্তি।

সমঝান, (হিং) বুঝাইয়াদেওন, প্রবোধন।

সমঞ্জস, ন. [সম্+অঞ্জস] উচিত; (ত্রি.) সমীচীন, উত্তম; অভ্যস্ত; সদৃশ; সুজন; যোগ্য।

সমঠ, পুং. [সম্+অঠ্-অ] গম্ভীর।

সমতা, স্ত্রী. [সম+ত-আ] সমত্ব, তুল্যতা, সাদৃশ্য, সাম্য

সমতিরিক্ত, ন. [সম্+অতি+রিক্ত] সম্যগধিক, সম্যক্প্রকারে অতিরিক্ত।

সমত্রয়, ন. [সম+ত্রয়] সমভাগ হরীতকী নাগর গুড়।

সমদর্শী, ত্রি [সম+দর্শিন্] সর্ব্বভূতে সমান দর্শনশীল।

সমদৃষ্টি, স্ত্রী. [সম+দৃষ্টি] সর্ব্বত্রতুল্যদর্শন; (ত্রি.) সমানদর্শনশীল।

সমধিক, ত্রি. [সম্+অধিক] অধিক, তৎপর্য্যায়।—অতিরিক্ত; বহু।

সমধিগমন, ন. [সম্+অধি+গমন] অতিক্রমণ; উল্লঙ্ঘন।

সমধৃত, ত্রি. [সম+ধৃত] তুল্য, সদৃশ।

সমধ্ব, ত্রি. [সম্+অধ্বন্] একত্রে পরিভ্রমণ।

সমনুজ্ঞান, ত্রি. [সম+অনু+জ্ঞান] অনুজ্ঞাত;

সমন্ত, পুং. [সম+অন্ত] সীমা, প্রান্ত, পর্য্যন্তভাগ।

সমন্ততঃ, ব্য. [সমন্ত+তস্] চতুর্দ্দিক্‌অভিব্যাপ্ত, সকলদিকে, তৎপর্য্যায়।—পরিতঃ, সর্ব্বতঃ, বিশ্বক্, সমন্তাৎ।

সমন্তদুগ্ধা, স্ত্রী. [সমন্ত+দুগ্ধ-আ] মুহীবৃক্ষ, সিজগাছ।

সমন্তপঞ্চক, ন. [সমন্ত+পঞ্চক] কুরুক্ষেত্র, কুরু ও পাণ্ডবের যুদ্ধ স্থান।

সমন্তভদ্র, পুং. [সমন্ত+ভদ্র] বুদ্ধাবতার।

সমন্তভুক্, পুং. [সমন্ত+ভুজ] অগ্নি, অনল।

সমন্তাৎ, ব্য. [সমন্ত+আৎ] সর্ব্বতঃ; সকলদিকে।

সমন্যু, পুং. [স+মন্যু] শিব, মহাদেব, (ত্রি.) ক্রোধযুক্ত। [রোধ।

সমন্বয়, পুং. [সম্+অন্বয়] মিলন; অবিরোধ।

সমন্বিত, ত্রি. [সম্+অন্বিত] সংযুক্ত, মিলিত অবিরুদ্ধ।

সমপাদ, ন. [সম+পদ] ধনুর্দ্ধারিদিগের চরণদ্বয়ের তুল্য রূপ ধারণ; (পুং.) রতিবন্ধবিশেষ।

সমপাদ, ন. [সম+পাদ] ধনুর্দ্ধারিদিগের চরণদ্বয়ের তুল্য রূপ ধারণ।

সমবর্ত্তী, পুং. [সম+বর্ত্তিন্] যম; (ত্রি.) তুল্যবর্ত্তন শীল।

সমবস্থা, স্ত্রী. [সম+অবস্থা] কালকৃতবিশেষ, অবস্থা।

সমবতার, পুং. [সম+অবতার] তীর্থ, পুণ্যভূমি।

সমবাকার, পুং. [সম্+অব+আকার] নাটকবিশেষ।

সমবায়, পুং. [সম্+অব+অয়] সমূহ; সম্বন্ধবিশেষ, নিত্যসম্বন্ধ, মিলন।

সমবেত, ত্রি. [সম+অব+ইত] মিলিত; সমবায়সম্বন্ধবৃত্তি, নিত্যযুক্ত।

সমভাব, পুং. [সম+ভাব] সমতা, সাদৃশ্য।

সমভাবি, ত্রি. [সম+ভাবিন্] সমানভাব বিশিষ্ট।

সমভিব্যাহার, পুং. [সম+অভি+বি+আ+হার]

সমভিব্যাহৃত, পুং. [সম+অভি+বি+আহৃত] সহোচ্চরিত; সহিত।

সমভিহার পুং. [সম্+অভিহার] পৌনঃপুন্য; ভৃশার্থ, অতিশয়।

সমভূমি, স্ত্রী. [সম+ভূমি] সমানস্থান, তৎপর্য্যায়।—আজি।

সমম্, ব্য. [সম্+অম্] সহিত, সাত, সহ; একদা।

সমমর্য্যাদ, ত্রি. [স+মর্য্যাদ] তুল্যমর্য্যাদান্বিত; সমসীমা।

সময়, পুং. [সম+ই-অ] কাল; যোগ্যকাল; শপথ, আচার; সিদ্ধান্ত; সম্বিৎ, ক্রিয়াকার; নির্দ্দেশ সঙ্কেত, ভাষা, সম্পৎ; নিয়ম, অবসর, সীমা, প্রতিজ্ঞা।

সময়কার, পুং. [সময়+কার] সঙ্কেত, ইঙ্গিত।

সময়া, ব্য. [সময়+আ] নিকট, তৎপর্য্যায়। নিকষা, হিরুক্; মধ্য, কর্ত্তব্য, কালবিজ্ঞাপন।

সমর, পুং.ন. [সম্+ঋ-অ] যুদ্ধ, সমর, লড়াই।

সমরভ, পুং. [সমর+ভ] রতিবন্ধবিশেষ।

সমরূপ্য, ত্রি. [সম+রূপ্য] সাধুর ভূত পূর্ব্ব গবাদি।

সমর্থ, ত্রি. [সম্+অর্থ] শক্তিষ্ঠ, বলবান্; সম্বদ্ধার্থ, হিত, যোগ্য, উপযুক্ত।

সমর্থতা, স্ত্রী. [সমর্থ+ত-আ] সামর্থ্য, শক্তি, বল।

সমর্থন, ন. [সম্+অর্থ+অন] ইহাকর্ত্তব্য ও অকর্ত্তব্য ইত্যাদিনিশ্চয়, তৎপর্য্যায়।—সংপ্রধারণা, সমর্থনা, সামর্থ্য, শক্তি।

সমর্থনা, স্ত্রী. [সম্+অর্থ+অন-আ]অশক্যবিষয়ে অধ্যবসায়, অসাধ্যকর্ম্মে প্রবৃত্তি, যথা।—আমি সিন্ধুশোষণ করি; সমর্থন, বিবেচনা, মীমাংসা; মানা, সম্ভাবনা; উৎসাহ.

সমর্দ্ধক, ত্রি. [সম্+ঋধ্+অক] বরদ, ইষ্টফলদাতা দেবতাদি

সমর্পক, ত্রি. [সম্+অর্পক] সমর্পণকর্ত্তা

সমর্পণ, ন. [সম্ + অর্পণ] সম্যক্ প্রকারে অর্পণ, দান; সোপান। [অর্পিত।

সমর্পিত, ত্রি. [সম+অর্পিত] সম্যক্প্রকারে

সমর্য্যাদ, পুং. [স+মর্য্যাদ] সমীপ, নিকট, (ত্রি.) মর্য্যাদাসহিত, সীমাযুক্ত।

সমল, ন. [স+মল] বিষ্ঠা; (ত্রি.) মলযুক্ত, মলিন; আবিল; পাপ।

সমশ্নুবান, ত্রি. [সম্+অশ+আন] সম্যক্-প্রকারে ব্যাপ্তি বিশিষ্ট।

সমষ্টি, স্ত্রী. [সম্ + অশ-তি] সমস্ত, মিলিত, সকল, সমুদায়।

সমষ্ঠিল, পুং. [সম্+অস্থি-ল] ক্ষুপ-বিশেষ, (হিং) কোকুআঁ, তৎপর্য্যায়।—ভণ্ডীর, নদ্যাম্র, আম্রগন্ধক, কোকাগ্র, কণ্টকিফল, উপদংশ।

সমষ্ঠিলা, স্ত্রী. [সম্+অস্থি-লা] গণ্ডীর, সসা, শমঠ, অম্বুপদেশজশাক, গুঠিয়া-শাক

সমষ্ঠীলা, স্ত্রী. [সম্+অস্থি-লা] সমষ্ঠিলা, সসা, গুঠিয়াশাক।

সমসন, ন. [সম্+অস্-অন] সংক্ষেপণ।

সমসুপ্তি, স্ত্রী. [সম+সুপ্তি] কল্পান্ত, মহা-প্রলয় তুল্যশয়ন।

সমসূত্রপাত, ন. [সম + সূত্রপাত] অবক্র-সূত্রবিন্যাস, সমান সুতাধরা।

সমস্ত, ত্রি. [সম্+অস্-ত] সম্পূর্ণ, সমুদায়, তৎপর্য্যায়।—অখণ্ড, অখিল, সনন্ত অন্যূন, অন্যূনক, অম্লান, অশেষ, কৃৎস্ন, নিঃশেষ, নিখিল, পূর্ণ, বিশ্ব, সকল, সম, সমগ্র, সর্ব্ব; সমাসকরা।

সমস্থ, ত্রি. [সম + স্থা-অ] সমান, সমভাবে-স্থিত।

সমস্থলী, স্ত্রী. [সম+স্থল-ঈ] গঙ্গা ও যমু-নার মধ্যদেশ, দোয়াব তৎপর্য্যায়।—অন্তর্ব্বেদি।

সমস্যা, স্ত্রী. [সম্+অস্+য-আ] এক দ্বি বা ত্রিচরণদ্বারা শ্লোকের পূরণ, তৎপর্য্যায় —সমাসার্থা, সমস্যার্থা, সমপ্রার্থা।

সমস্যার্থা, স্ত্রী. [সমস্যা+অর্থ-আ] সমস্যা,

সমহা, স্ত্রী. [স+মহ-আ] যশঃ, কীর্ত্তি, সুখ্যাতি। [প্রত্যক্ষ।

সমক্ষ, ত্রি. [সম্+অক্ষি-অ] নেত্রসমীপ,

সমাংশ, পুং. [সম+অংশ] সমানভাগ, তুল্যাংশ।

সমাংশহারী, ত্রি. [সমাংশ+হারিন্] সম-ভাগার্হ, সমনাংশযোগ্য।

সমাংশিক, ত্রি. [সমাংশ+ইক] সমভাগার্হ, সমানাংশযোগ্য।

সমাংশী, ত্রি. [সমাংশ + ইন্] তুল্যভাগ-বিশিষ্ট, সমানভাগী।

সমাংসমীনা, স্ত্রী. [সমাং+সম-ঈনা] প্রতি বর্ষ প্রসবিনী গবী

সমা, স্ত্রী. [সম+আ] বৎসর, বর্ষ।

সমাকর্ষী, পুং. [সম্+আ+কর্ষিন্] অতি-দূরগামি গন্ধ, তৎপর্য্যায়।—নির্হারী; (পুং.ন.) তৃষ্ণাজনকগন্ধযুক্ত ভক্ষ্যাদি-দ্রব্য; (ত্রি.) তদ্বিশিষ্ট। [ব্যাকুল।

সমাকুল, ত্রি. [সম্+আকুল] সংশয়িত;

সমাক্রান্ত, ত্রি. [সম্+আক্রান্ত] ব্যাপ্ত, বিস্তৃত; আক্রান্ত; গৃহীত, অধিষ্ঠিত।

সমাখ্যা, স্ত্রী. [সম্+আখ্যা] কীর্ত্তি, যশঃ; সংজ্ঞা, নাম।

সমাগত, ত্রি. [সম+আগত] সম্যক্ আগ-মনবিশিষ্ট, আগমনাশ্রয়; মিলিত।

সমাগতি, স্ত্রী. [সম্+আগতি] সমাগমন; (পুং) উপস্থিত, মিলন, সঙ্গম।

সমাগম, পুং. [সম্+আগম] সম্যগাগমন; সম্প্রাপ্তি।

সমাঘাত, পুং. [সম্+আঘাত] যুদ্ধ, বধ।

সমাচার, পুং. [সম্+ আচার] সদাচরণ; সংবাদ, বার্ত্তা, খবর।

সমাজ, পুং. [সম্+ আজ] পশুভিন্ন প্রাণি-সমূহ; সভা; পরিষদ্; হস্তী।

সমাজ্ঞা, স্ত্রী. [সম+আজ্ঞা] সমজ্ঞা, কীর্ত্তি।

সমাদর, পুং. [সম্+ আদর] সম্মান, আদর, সম্বর্দ্ধনা।

সমাদান, ন. [সম্+আদান] সমীচীনগ্রহণ, কুম্যগুগ্রহণ; সৌগতাহ্নিক, বৌদ্ধদিগের

সমাদৃত, ত্রি. [সম্+আদৃত] সম্মানিত, আদরপ্রাপ্ত।

সমাধা, পুং. [সম্+আ+ধা] নিষ্পত্তি; বিরোধভঞ্জন; সমাধান; সিদ্ধান্ত; ধ্যান; নিয়ম; তপস্যা; অনুসন্ধান।

সমাধান, ন. [সম্+আ+ধা-অন] ব্রহ্মেতে-মনঃ স্থিরীকরণ, চিত্তের একাগ্র, তৎ-পর্য্যায়।—অবধান, প্রণিধান, সমাধি; পূর্ব্বপক্ষের উত্তর।

সমাধি, পুং. [সম্+আ+ধা-ই] সমর্থন; নীবাক, বচনাভাব; নিয়ম, অঙ্গীকার, ধান্যাদিবিষয়ে মূল্যোৎকর্ষ পূর্ব্বক জনাদর; ধ্যান; কাব্যগুণবিশেষ; ইন্দ্রিয় নিরোধন; যোগাঙ্গবিশেষ; একাগ্রতা; আরোপ; কারণসমূহ; শ্মশান,শববাস।

সমাধিস্থ, ত্রি. [সমাধি+স্থা-অ] সমাধিযুক্ত, ইন্দ্রিয়ার্থ চিন্তা না করিয়া সংকল্পরহিত মনের ব্রহ্মতে সংলীন হওন; জীবাত্মার সমতাবস্থা।

সমান, ত্রি. [সম+অন]সৎ; সম, তুল্যসাদৃশ্য; এক; অভিন্ন; (পুং.) শরীরস্থ বায়ুবিশেষ; বর্ণবিশেষ, একস্থানোচ্চার্য্য বর্ণ।

সমানকালীন, ত্রি. [সমান+কালীন]তুল্যকালোৎপত্তিক, এককালীন। [সগোত্র।

সমানগোত্র, ত্রি. [সমান+গোত্র]সমানবংশ,

সমানজাতি, ত্রি. [সমান+জাতি] একজাতি।

সমানাধিকরণ, ন. [সমান+অধিকরণ] জাতি লক্ষণ, সামান্য লক্ষণ।

সমানিত, ত্রি. [সম্+আ+নী-ত]পরিচালিত।

সমানয়ন, ন. [সম্+ আ+নী-অন] মিলন; আনয়ন।

সমানোদক, পুং. [সমান+উদক] জ্ঞাতিবিশেষ, একোদক, চতুর্দ্দশ পুরুষপর্য্যন্ত জ্ঞাতি।

সমানোদর্য্য, পুং. [সমান+উদর-য] সহোদর, সোদর, ভ্রাতা।

সমান্ত, ন. [সমা+অন্ত] বৎসরের শেষ।

সমাপ, পুং. [সম্+আপ] দেবযজন।

সমাপক, ত্রি. [সম্+আপ-অক] সমাপনকর্ত্তা, সমাপ্তিকারক।

সমাপন, ন. [সম্+আপ-অন] পরিচ্ছেদ; সমাপ্তি; বধ; সমাধান, লব্ধ।

সমাপত্তি, স্ত্রী. [সম+আ+পদ্+তি] যদৃচ্ছা-সঙ্গতি, মিলন।

সমাপন্ন, ত্রি. [সম্+ আ+পদ্-ত] সমাপ্ত; প্রাপ্ত; ক্লিষ্ট; বধ।

সমাপিকা, স্ত্রী. [সম্+আপ্+ইক-আ] বাক্য-সমাপকক্রিয়া, তিবাদিক্রিয়া।

সমাপিত,ত্রি. [সম্+আপ্+ত] কৃতসমাপন, সম্পূর্ণ, নিষ্পন্ন; সম্পাদিত।

সমাপ্ত,ত্রি. [সম+আপ+ত] সমাপনপ্রাপ্ত, সমাপ্তিবিশিষ্ট

সমাপ্তাল, পুং. [সমাপ্ত+আল] পতি,স্বামী।

সমাপ্তি, স্ত্রী. [সম্+আপ+তি] অবসান, সমাপন, শেষ; সামর্থন; পরিসমাপ্তি।

সমাপ্ত্যর্থা, স্ত্রী. [সমাপ্তি+অর্থ-আ] সমস্যা, শ্লোকপাদপূরণার্থ প্রশ্ন।

সমাপ্য, ত্রি. [সম্+আপ্-য] সমাপনীয়, সমাপিতব্য।

সমাপ্লুত, ত্রি. [সম্+আ+প্লু-ত] পরিপ্লুত, প্রমগ্ন। [পাতিত।

সমাবর্জিত, ত্রি. [সম্+আ+বর্জিত] বক্র-

সমাবর্ত্তন, ন. [সম্+আ+বৃত-অন] বেদাধ্যয়নানন্তর গার্হস্থ্যাধিকার প্রয়োজক-কর্ম্ম।

সমাবায়, পুং. [সম্+অব+অয়-অ] সমূহ, নিবহ।

সমাবাস, পুং. [সম+আ+বাস] বাসস্থান।

সমাবিদ্ধ,ত্রি. [সম্+ আবিদ্ধ] সজ্জটিত, যোজিত।

সমাবিষ্ট, ত্রি. [সম্+আ+বিশ-ত] নিবিষ্ট, প্রবিষ্ট।

সমাবৃত, ত্রি. [সম্+আ-বৃত] সম্যক্‌প্রকারে আবৃত।

সমাবৃত্ত, পুং. [সম্+আ+বৃৎ-ত] বেদাধ্যয়ন নিবৃত্ত, তৎপর্য্যায়।—লব্ধানুজ্ঞ।

সমাবৃত্তক, পুং. [সম্+আ+বৃত্তক] সমাবৃত্ত, বেদাধ্যয়নানন্তর গৃহধর্ম্মে প্রবৃত্ত।

সমাবেদন, ন. [সম্+আবেদন] নিবেদন,

সমাবেশ, পুং. [সম্+আবেশ] একত্র সহাবস্থান; প্রবেশ।

সমাবেশিত, ত্রি. [সমাবেশ+ইত] সহাবস্থিত; প্রবিষ্ট; সমাবেশ প্রাপ্ত।

সমাযোগ, পুং. [সম্+আ-যুজ্-অ] সংযোগ সমবায়, প্রয়োজন।

সমারব্ধ, ত্রি. [সম্+আরব্ধ] কৃতারম্ভ।

সমারাধন, ন. [সম্+আ+রাধ্+অন] আরাধনা, সেবা।

সমারূঢ়, ত্রি. [সম+আ+রুহ-ত]আরোপিত।

সমারোহ, পুং. [সম্+আ+রুহ-অ] বৃদ্ধি, জাঁকজমক।

সমালম্বী, পুং. [সম্+আলম্বিন্] ভূতৃণ।

সমালভন, ন. [সম্+আলভন] সম্যক্ লাভ, বিলেপন। [মাদি বিলেপন।

সমালম্ভ, পুং. [সম্+আ+লম্ভ-অ] কুঙ্কু-

সমালম্ভন, ন. [সম্+আ+লভ-অন] কুঙ্কুমাদি বিলেপন, তৎপর্য্যায়।—বিচ্ছিত্তি, কষায়, সমালম্ভ, বিলেপন; সম্যক্-মারণ; সম্যক্ স্পর্শন।

সমালী, স্ত্রী. [স+মালা-ঈ] কুসুমাকর।

সমাশ্রয়, পুং. [সম্+আ+শ্রি-অ] সম্যগাশ্রয়, সম্যগাধার, সহায়, অবলম্বন।

সমাশ্রিত, ত্রি. [সম্+আ+শ্রিত] সম্যক্-প্রকারে আশ্রিত, শরণাপন্ন; রক্ষিত।

সমাশ্বস্ত, ত্রি. [সম্+আশ্বস্-ত] বিশ্বাস যোগী।

সমাস্, পুং. [স+মাস্] সংবৎসর।

সমাস, পুং. [সম্+আস] সংক্ষেপ; সমর্থন; সমাহার; দ্বি কিম্বা বহুপদের একপদীকরণ, একপদ্য; ষড়্বিধ যথা।—দ্বন্দ্ব, বহুব্রীহি, কর্ম্মধারয়, তৎপুরুষ, দ্বিগু, অব্যয়।

সমাসক্ত, ত্রি. [সম্+আ+সক্-ত] সংযুক্ত, নিবিষ্ট, সংলগ্ন।

সমাসঞ্জন, ন. [সম্+আ+সন্জ+অন] সমাসঙ্গ, সংযোগ, মেলন। [মেলন।

সমাসঙ্গ, পুং. [সম্+আ+সঙ্গ] সংযোগ,

সমাসবান্, পুং. [সমাস+বৎ] তুন্নবৃক্ষ; (ত্রি.) সবাসবিশিষ্ট।

সমাসর্জ্জন, ন. [সম+সৃজ-অন] পরিত্যাগ।

সমাসাদন, ন. [সম্+আ+সাদ-অন] প্রাপণ, প্রাপ্তি।

সমাসাদিত, ত্রি. [সম্+আ+সাদ-ইত] আহৃত; প্রাপ্ত, লব্ধ।

সমাসাদ্য, ত্রি. [সম্+আ+সদ্+য] প্রাপ্য, লব্ধ; প্রাপ্ত্যনন্তরবোধকক্রিয়া।

সমাসার্থা, স্ত্রী. [সমাস+অর্থ-আ] সমস্যা, এক দ্বি বা ত্রি চরণদ্বারা শ্লোকের পুরণ। [বিষ্ট।

সমাসীন, ত্রি. [সম্+আস্-ত] সম্যকুউপ-

সমাসৃষ্ট, ত্রি.[সম্+আ+সৃজ-ত]পরিত্যক্ত।

সমাহরণ, ন. [সম্+আ+হৃ-অন] সমাহার, সমুচ্চয়।

সমাহার, পুং. [সম্+আ+হৃ-অ] সমুচ্চয়; সংক্ষেপ; মিলন; সঙ্গ্রহ, সমাসবিশেষ।

সমাহিত, ত্রি. [সম্+আ+ধা-ত] সমাধিস্থ; উক্ত সিদ্ধান্ত; আহিত; নির্ব্বিবাদীকৃত; প্রতিজ্ঞাত; নিষ্পন্ন; মীমাংসিত; স্থাপিত সঞ্চিত; (পুং.) শুচি, পবিত্র।

সমাহৃত, ত্রি. [সম্+আ+হৃ-ত]সম্যক্প্রকারে আহরণীয় করণ, সংগৃহীত, একত্রীকৃত; সংক্ষিপ্ত।

সমাহৃতি, স্ত্রী. [সম্+আ+হৃ-তি] সঙ্গ্রহ, একত্রীকরণ; সংক্ষেপ।

সমাহ্বয়, পুং. [সম্+আহ্বয়] দ্যূত, অপ্রাণির সহিত ক্রীড়া; আহ্বান, প্রাণির সহিত ক্রীড়া; পশু ও পক্ষ্যাদির সহিত ক্রীড়া; সঙ্গর।

সমাহ্বা, স্ত্রী. [সম্+আহ্বা] গোজিহ্বা বৃক্ষ; সমাখ্যা। [অভিগ্রহ।

সমাহ্বন, ন. [সমাহ্ব+অন] সমাহ্বয়,

সমিক, ন. [সম+ইক] শেল, বড়শা অস্ত্র।

সমিৎ, স্ত্রী. [সম্+ইধ্] যুদ্ধ, রণ; অগ্নি সন্দীপনার্থ তৃণ কাষ্ঠাদি, তৎপর্য্যায়।—ইন্ধন, এধ, ইধ্ম, সমিন্ধন।

সমিতি, স্ত্রী. [সম্+ই-তি] সভা; যুদ্ধ; সঙ্গ; সাম্য।

সমিথ, পুং. [সম্+ই-থ] অগ্নি; যুদ্ধ; আহুতি।

সমিদ্, স্ত্রী. [সম্+ইধ্] সংগ্রাম; অগ্নি জ্বালনার্থ তৃণ কাষ্ঠাদি।

সমিদ্ধ, ত্রি. [সম্+ইধ্-ত] দীপিত, উত্তেজিত; (পুং.) প্রদীপ্ত।

সমিধ, পুং. [সম্+ইধ্-অ] অগ্নি।

সমিধ্, স্ত্রী. [সম্+ইধ] অগ্নি সন্দীপনার্থ তৃণ কাষ্ঠাদি।

সমিন্ধন, ন. [সম্+ইন্ধন] অগ্নি প্রজ্বালনার্থ তৃণ কাষ্ঠাদি, সমিৎ।

সমির, পুং. [সম্+ইর-অ] বায়ু।

সমীক, ন. [সম্+ঈক] যুদ্ধ, সংগ্রাম।

সমীকরণ, ন. [সমী+করণ] সমতাকরণ; সমীক্রিয়া। [কৃত।

সমীকৃত, ত্রি. [সম+কৃত] একীকৃত, সমানী-

সমীচ, পুং. [সম্+ঈচ] সমুদ্র, বারিধি।

সমীচক, পুং. [সমীচ+ক] মৈথুন, স্ত্রীসঙ্গম।

সমীচী, স্ত্রী. [সমীচ+ঈ] মৃগী; বন্দনা।

সমীচীন, ন. [সমীচ+ঈন] যথার্থ, তৎপর্য্যায়।—সত্য, সম্যক্, ঋত, তথ্য, যথাতথ, যথাস্থিত, সদ্ভূত; সত্যযুক্ত; উপযুক্ত; উত্তম; (ত্রি.) তদ্বৎ।

সমীচীনতা, স্ত্রী. [সমীচীন+ত-আ] উৎকৃষ্টতা, উত্তমতা।

সমীদ, পুং. [সম্+ঈদ্-অ] গোধুম চূর্ণ, ময়দা।

সমীন, ত্রি. [সমা+ঈন্] বৎসর সম্বন্ধীয়।

সমীনিকা, স্ত্রী. [সমীন+ইক-আ] প্রতিবর্ষ প্রসূতা গো।

সমীপ, ত্রি. [সম্+অপ] নিকট, সন্নিহিত।

সমীপতা, স্ত্রী. [সমীপ+ত-আ] নৈকট্য সান্নিধ্য।

সমীয়, ত্রি. [সম+ঈয়] সমসম্বন্ধীয়; তুল্য কারণক।

সমীর, পুং. [সম্+ঈর] বায়ু, পবন; সমীবৃক্ষ, সাঁইগাছ।

সমীরণ, পুং. [সম্+ঈর-অন] বায়ু; মরু-

সমীরিত, ত্রি. [সম্+ঈর্-ইত] উচ্চরিত প্রেরিত। [ইচ্ছা

সমীহা, স্ত্রী. [সম্+ঈহ-আ] চেষ্টা, সন্ধান

সমীহিত, ত্রি. [সম্+ঈহিত] চেষ্টিত বাঞ্ছিত। [দর্শন।

সমীক্ষ, ন. [সম্+ঈক্ষ্-অ] সাঙ্খ্যশাস্ত্র; সম্যক্

সমীক্ষণ, ন. [সম্+ঈক্ষ্-অন] সম্যক্ প্রকারে দর্শন, প্রেক্ষণ।

সমীক্ষা, স্ত্রী. [সম্+ঈক্ষ-আ] তত্ত্ব; বুদ্ধি নিভালন; মীমাংসা শাস্ত্র; যত্ন।

সমুখ, ত্রি. [স+মুখ] বাগ্মী, বাবদূক, বাচাল

সমুচিত, ত্রি. [সম্+উচিত] উপযুক্ত, যোগ্য।

সমুচ্চয়, পুং. [সম্+উৎ+চি-অ] সমাহার সমূহ, রাশি; এবং, আরো, চ, অপিচ।

সমুচ্ছেদ, পুং. [সম্+উৎ+ছিদ্-অ] বিনাশ ধ্বংস; উন্মূলন।

সমুচ্ছ্রয়, পুং. [সম্+উৎ+শ্রি-অ] বিরোধ; উৎসেধ, উন্নতি, বৃদ্ধি।

সমুচ্ছ্রায়, পুং. [সম্+উৎ+শ্রি-অ] বিরোধ; উৎসেধ, উচ্চতা।

সমুচ্ছ্রিত, ত্রি. [সম্+উৎ+শ্রি-ত] উচ্চ, উন্নত; বর্দ্ধিত।

সমুজ্ঝিত, ত্রি. [সম্+উজ্ঝিত] ত্যক্ত, বর্জ্জিত, পরিত্যাগ করা।

সমুৎকীর্ণ, ত্রি. [সম্+উৎ+কৃ-ত] ক্ষোদিত; বিদ্ধ; বিদীর্ণ

সমুৎক্রম, পুং. [সম্+উৎ+ক্রম্-অ] ঊর্দ্ধ গমন।

সমুৎক্রোশ, পুং. [সম্+উৎ+ক্রুশ্-অ] কুরর পক্ষী; উচ্চৈঃশব্দ।

সমুত্থ, ত্রি. [সম্+উৎ+স্থা-অ] সমুদ্ভব, সমুৎপন্ন; সম্যগুত্থিত।

সমুত্থান, ন. [সম্+উৎ+স্থা-অন] সমুদ্যোগ; ব্যাধিনির্ণয়; ঊর্দ্ধ গমন; সম্যক্ প্রকারে উত্থান, উত্তোলন; উৎপত্তি; কার্য্যারম্ভ। [উঠা।

সমুত্থিত, পুং. [সম্+উৎ+স্থা-ত] সম্যগুত্থিত,

সমুৎপন্ন, ত্রি. [সম্+উৎ+পদ্-ত] সমুদ্ভূত,

সমুৎপিঞ্জ, ত্রি. [সম্+উৎ-পিঞ্জ] অত্যন্ত ব্যাকুল; (পুং.) অতিশয় আকুল সৈন্য।

সমুৎসর্গ, পুং. [সম্+উৎসর্গ] পরিত্যাগ-করণ; মলমূত্রাদি পরিত্যাগ করণ।

সমুৎসুক, ত্রি. [সম্+উৎসুক] চিন্তিত, সমা-গুৎকণ্ঠিত; সম্যগিষ্টার্থে উদযুক্ত; আগ্রহযুক্ত, ঔৎসুক্য শীল।

সমুদক্ত, ত্রি. [সম্+উৎ+অন্চ-ত] উদ্ধৃত কূপাদি হইতে উদ্ধৃত জলাদি।

সমুদয়, ন. [সম্+উদয়] লগ্ন; বণ্নাড়ী চক্রান্তর্গত চতুর্থ নাড়ী, জন্মনক্ষত্রাবধি অষ্টাদশ নক্ষত্ররূপা; তৎপর্য্যায়।—সামুদায়িক; (পুং.) সমূহ; যুদ্ধ; স্বমু-দ্গম; উন্নতি; দিবস।

সমুদাগম, পুং. [সম্+উৎ+আ+গম্-অ] সম-স্তাজ্ঞান, উত্তমরূপে বোধ।

সমুদাচার, পুং. [সম্+উৎ-আচার] আশয়, অন্তঃকরণ।

সমুদায়, পুং. [সম্+উদ-অয়] সমূহ, সকল; যুদ্ধ; পৃষ্ঠস্থায়ী বল; সমুচ্ছ্রয়; উত্থান, উন্নতি।

সমুদিত, ত্রি. [সম্+উদ্-ইত] সম্যক্প্রকারে কথিত; উৎপন্ন, সমুদ্ভূত; উত্থিত; উন্নত। [কথন।

সমুদীরণ, ন. [সম্+উদ্+ঈর-অন] পুনঃ২

সমুদ্গ, পুং. [স+মুদ্গ] সম্পুটক, কৌটা, খুঙি; মুদ্গ সহিত; সমানোচ্চারিত ভিন্নার্থ পদ।

সমুদ্গক, পুং. [সমুদ্গ+ক] সম্পুটক,সাঁপুড়া; ছন্দোবিশেষ।

সমুদ্গম, পুং. [সম্+উৎ+গম্-অ] উর্দ্ধ-গতি; উৎপত্তি; উদয়।

সমুদ্গযমক, ন. [সমুদ্গ+যমক] কাব্যালঙ্কার বিশেষ। [গীত।

সমুদ্গীত, ত্রি. [সম্+উৎ+গৈ-ত] উচ্চৈঃস্বরে

সমুদ্গীর্ণ, ত্রি. [সম্+উৎ+গৄ-ত] বমিত, উদ্গীর্ণ, বান্ত; উত্তোলিত; কথিত।

সমুদ্ধত, ত্রি. [সম্+উৎ+হন্-ত] অবিনীত; অশিষ্ট; সমুদ্গীর্ণ; গর্ব্বিত; উদ্গত;

সমুদ্ধরণ, ন. [সম্+উৎ+হৃ-অন] বান্তান্ন, বমন; উদ্ধার; সমুদ্ধার; (পুং.) মোচন, উদ্ধার; উন্মূলন।

সমুদ্ধার, ন. [সম্+উৎ+হৃ-অ] সম্যক্ উদ্ধার, মোচন।

সমুদ্ধৃত, ত্রি. [সম্+উৎ+হৃ-ত] সমুৎকীর্ণ; অপনীত; সম্যক্ প্রকারে উদ্ধৃত, উত্থাপিত

সমুদ্ভব, পুং. [সম্+উৎ+ভূ-অ] উৎপত্তি; কারণ।

সমুদ্ভূত, ত্রি. [সম্+উৎ+ভূ-ত] সমুৎপন্ন, জাত।

সমুদ্ভূতি, স্ত্রী. [সম্+উৎ+ভূ-তি] সমুৎপন্ন, জাত।

সমুদ্র, পুং, [সম্+উন্দ্-র] জলসমূহ স্থান, তৎপর্য্যায়।—অকূপার, অপাংনাথ, অ-পাংনিধি, অপাংপতি, অপ্পতি, অব্ধি, অম্ভোধি, অম্বুধি, অম্বুরাশি, অম্ভোনিধি, অম্ভোরাশি, অর্ণব, ইন্দুজনক, উদধি, উদন্বান্, ঊর্ম্মিমালী, কচঙ্গল, কব্ধি, কীলালধি, কুলঙ্কষ, গঙ্গাধর, জলধি, জলনিধি, জলপতি, জলেন্দ্র,] তরন্ত, তরিষ, তরীষ, তারিষ,তিমি, তিমিকোষ, তীর্থরাজ, তোয়নিধি, তোয়ধি, দন্ত্র, দারদ, দূরপার, দ্বীপবান, ধরণীপ্লব, ধরণীপুর, ধুনীনাথ, ধেন, নদীকান্ত, নদীন, নিত্য, নিধি, নীরধিনীর, নিধি, পয়োধি, পয়োধা, পয়োনিধি, পরাজব, পাথোধি, পাথোনিধি,পারাবার, পারা-পার, পেরু, বারু, বারাংনিধি, বারিধি, বারিনিধি, বারিরাশি, বাহিনীপতি, বার্দ্ধি, মকরালয়, মহির, মহাকচ্ছ, মহা-শয়, মহার্ণব, মহাসাগর, মহোদধি, মহী প্রাচীর, মিতদ্রু, মীর, যাদসাম্পতি, যাদঃপতি, রত্নাকর, শৈলশিবির, সর স্বান্,সরিতাম্পতি, সরিৎপতি, সরিন্নাথ, সলিলনিধি, সাগর, সিন্ধু, সিন্ধুনাথ, স্থিতি, ক্ষীরাব্ধি, ক্ষৌণী প্রাচীর; সমুদ্রজাত চতুর্দ্দশ দ্রব্যাণি যথা।—

স্তরি, চন্দ্র, কামধেনু, ঐরাবত, উচ্চৈঃশ্রবা, অপ্সরা, হলাহল, অমৃত, ইন্দ্রধনুঃ, শঙ্খ; (ত্রি.) মুদ্রাযুক্ত।

সমুদ্রকফ, পুং. [সমুদ্র+কফ] সমুদ্র ফেন।

সমুদ্রকান্তা, স্ত্রী. [সমুদ্র+কান্ত-আ] নদী; পৃক্কা, পিড়িংশাক।

সমুদ্রগ, পুং. [সমুদ্র+গম্‌-অ] পোতবণিক; (ত্রি.) সমুদ্রে গমনকারী।

সমুদ্রগা, স্ত্রী. [সমুদ্রগ+আ] নদী, সরিৎ; (ত্রি.) সমুদ্রে গমনকারী।

সমুদ্রগৃহ, [সমুদ্র+গৃহ] সমুদ্র গৃহ, জলটুঙ্গি।

সমুদ্রচুলুক, পুং. [সমুদ্র+চুলুক] অগস্ত্য মুনি। [সরিৎ।

সমুদ্রদয়িতা, স্ত্রী. [সমুদ্র+দয়িতা] নদী,

সমুদ্রনবনীত, ন. [সমুদ্র+নবনীত] অমৃত, সুধা; চন্দ্র।

সমুদ্রফল, ন. [সমুদ্র+ফল] ঔষধবিশেষ, অব্ধি ফল।

সমুদ্রফেন, পুং. [সমুদ্র+ফেন] স্বনাম খ্যাত দ্রব্য, তৎপর্য্যায়।—ফেন, অব্ধিফল, অর্ণবজমল, হিণ্ডীর, সমুদ্রকফ, জলহাস, ফেনক, বার্দ্ধিফেন, পয়োধিজ, সুফেন, অব্ধিহিণ্ডীর, সামুদ্র।

সমুদ্রফেনাখ্যজীবী, পুং. [সমুদ্র+ফেন+আখ্য-জীবিন্‌] মৎস্যবিশেষ।

সমুদ্রবহ্নি, পুং. [সমুদ্র+বহ্নি] বাড়বানল, বাড়বাগ্নি।

সমুদ্রবিজয়, পুং. [সমুদ্র+বিজয়] বৃত্তার্হৎপিতা।

সমুদ্রবেলা, স্ত্রী. [সমুদ্র+বেলা] সমুদ্রের ঢেউ।

সমুদ্রমেখলা, স্ত্রী. [সমুদ্র+মেখলা] পৃথিবী।

সমুদ্রযাত্রা, স্ত্রী. [সমুদ্র+যাত্রা] সমুদ্র গমন।

সমুদ্রযান, ন. [সমুদ্র+যান] বৃহৎ পোত, জাহাজ।

সমুদ্রযায়ী, ত্রি. [সমুদ্র+যায়িন্‌] সমুদ্র গামী।

সমুদ্ররমণা, স্ত্রী. [সমুদ্র+রমণা] পৃথিবী,

সমুদ্রলবণ, ন. [সমুদ্র+লবণ] সমুদ্রজলজাত লবণ, করকচ্‌লবণ, তৎপর্য্যায়।—সামুদ্রক, সামুদ্র, শিব, বশির, সামোথ, অক্ষীব, লবণাব্ধিজ।

সমুদ্রশোক, পুং. [সমুদ্র+শোক] বৃক্ষবিশেষ। [নিম্নগা।

সমুদ্রসুভগা, স্ত্রী. [সমুদ্র+সুভগা] গঙ্গা,

সমুদ্রা, স্ত্রী. [স+মুদ্রা] সটী, বনআদা; শমী, শাঁইগাছ।

সমুদ্রান্ত, ন. [সমুদ্র+অন্ত] জাতীফল; সমুদ্রতীর।

সমুদ্রান্তা, স্ত্রী. [সমুদ্রান্ত+আ] দুরালভা; কার্পাসী; পৃক্কা; যবাস।

সমুদ্রাম্বরা, স্ত্রী. [সমুদ্র+অম্বর-আ] পৃথিবী।

সমুদ্রারু, পুং. [সমুদ্র+আরু] কুম্ভীর; সেতুবন্ধ; তিমিঙ্গিল মৎস্য।

সমুদ্রিয়, ত্রি. [সমুদ্র+ইয়] সমুদ্রসম্বন্ধীয়।

সমুদ্রীয়, ত্রি. [সমুদ্র+ঈয়] সমুদ্রসম্বন্ধী।

সমুন্দন, ন. [সম্‌+উন্দ-অন] আর্দ্রীভাব, তৎপর্য্যায়।—তেম, স্তেম; (ত্রি.) জলযুক্ত, ভিজা।

সমুন্ন, ত্রি. [সম্‌+উন্দ্‌-ত] আর্দ্র, ভিজা।

সমুন্নত, ত্রি. [সম্‌+উৎ+নম-ত] সমুন্নদ্ধ স্তম্ভভেদ; উচ্চ, বৃদ্ধিযুক্ত।

সমুন্নতি, স্ত্রী. [সম+উন্নতি] উচ্ছ্রায়, উৎসেধ, উচ্চতা, উন্নতি; মহত্ত্ব।

সমুন্নদ্ধ, ত্রি. [সম্‌+উৎ+নহ্‌-ত] পণ্ডিতম্মন্য; গর্ব্বিত; প্রভু; সমুদ্ভূত; ঊর্দ্ধবদ্ধ; অধ্যক্ষ, প্রধান।

সমুপগম, পুং. [সম্‌+উপ-গম] নিকটগমন।

সমুপচিত, ত্রি. [সম্‌+উপ-চিত] সঞ্চিত, সংস্কৃত।

সমুপজোশম্‌, ব্য. [সম্‌+উপ-জোশম্‌] আনন্দ, হর্ষ।

সমুপজোষস্‌, ব্য. [সম্‌+উপ+জোষস্‌] আনন্দ, হর্ষ; ভাগ্যবশতঃ।

সমুপস্থিত, ত্রি. [সম্‌+উপস্থিত] নিকটস্থিত।

সমুপেয়িবান্‌, ত্রি. [সম্‌+উপ-ইয়িবস্‌] গমনকর্ত্তা, গমনবিশিষ্ট; উপস্থিত;

সমুল্লসৎ, ত্রি. [সম্+উৎ+লস্-অৎ] সম্যগুল্লাসযুক্ত; দাপ্তিমৎ।

সমুল্লাস, পুং. [সম্+উৎ+লস্-অ] হর্ষ, আনন্দ, আহ্লাদ।

সমুল্লসিত, ত্রি. [সম্+উৎ+লস্-ইত] হৃষ্ট, আহ্লাদিত।

সমুল্লিখন্, ত্রি. [সম্+উৎ+লিখ-অৎ] পাদাদি দ্বারা ভূমি খননকর্ত্তা।

সমূঢ়, ত্রি. [সম্+বহ্-ত] পুঞ্জিত; রাশীকৃত, সঞ্চিত; ভুগ্ন; সদ্যোজাত; অনুপপ্লুত; দমিত; বিবাহিত; শোধিত; পরিষ্কৃত, মূঢ়ের সহিত বর্ত্তমান।

সমূর, পুং. [সম+উর] মৃগবিশেষ।

সমূরু, পুং. [সম+উর-উ] মৃগভেদ।

সমূল, ত্রি. [স+মূল] মূলের সহিত বর্ত্তমান, মূল সহিত, গোড়া সমেত।

সমূহ, পুং. [সম্+উহ্] অনেক, রাশি, তৎপর্য্যায়।—অগ্র, আকর, উৎকার, ওঘ, কদম্বক, কাণ্ড, গণ, চক্র, চয়, জাত, জাল, নিকর, নিকুরম্ব, নিচয়, নিবহ, পটল, পুগ, প্রকর, প্রচয়, বার, বিসর, বিস্তর, বৃন্দ, ব্যূহ, ব্রজ, ব্রাত, মণ্ডল, সংঘ, সংঘাত, সংহতি, সঞ্চয়, সমূহ, সন্দোহ, সমবায়, সমুচ্চয়, সমুদয়, সমুদায়, স্কন্ধ, স্তোম; তর্ক।

সমূহনী, স্ত্রী. [সমূহন+ঈ] সম্মার্জ্জনী, খাঙরা, ঝাঁটা।

সমূহ্য, পুং. [সম্+উহ-য] যজ্ঞাগ্নি, তৎপর্য্যায়।—পরিচায্য, উপচায্য; (ত্রি.) সম্যগূহযোগ্য।

সমৃদ্ধ, ত্রি. [সম্+ঋধ্-ত] সমৃদ্ধিযুক্ত, তৎপর্য্যায়।—অধিকর্দ্ধি, অধিসম্পত্তিশালী; উৎপন্ন।

সমৃদ্ধি, স্ত্রী. [সম্+ঋধ্-তি] সম্যক্ বৃদ্ধি, অতিশয় সম্পত্তি, তৎপর্য্যায়।—এধা, বিধা; শ্রেয়ঃ।

সমেত, ত্রি. [সম্+ই-ত] সম্যক্ প্রাপ্ত, সংযুক্ত, সহিত; উপস্থিত

সমেধিত, ত্রি. [সম্+এধ্-ত] সম্যগ্বর্দ্ধিত,

সমোদক, ন. [সম+উদক] মথিত অর্দ্ধাম্বুদধি, অর্দ্ধজলযুক্ত ঘোল, তৎপর্য্যায়।—উদশ্বিৎ

সমোপকারক, ত্রি. [সম + উপ-কারক] তুল্যোপকার কর্ত্তা

সম্প, পুং. [সম্+প] পতন।

সম্পত্তি, পুং. [সম্+পদ্-তি] বিভবোৎকর্ষ, ঐশ্বর্য্য, তৎপর্য্যায়।—শ্রী, লক্ষ্মী, সম্পদ, ঋদ্ধি, ভূতি।

সম্পৎ, স্ত্রী. [সম্+পদ্] সম্পত্তি, ঐশ্বর্য্য, গুণোৎকর্ষ; হারবিশেষ।

সম্পদ, ন. [সম্+পদ্-অ] সমান পদদ্বয়।

সম্পদ্, স্ত্রী. [সম্+পদ্] সম্পত্তি, ঐশ্বর্য্য; গুণোৎকর্ষ; গৌরব; হারবিশেষ।

সম্পদ্বর, পুং. [সম্পদ্+বর] রাজা, ভূপতি।

সম্পন্ন, ত্রি. [সম্+পৎ-ত] সাধিত; সম্পত্তিযুক্ত, ধনাঢ্য; সম্পূর্ণ, সমগ্র; সহিত।

সম্পরায়, পুং. [সম্+পরা-অয়] আপৎ; যুদ্ধ; উত্তরকাল; আয়তি; পুত্র

সম্পরায়ক, ন. [সম্পরায়+ক] যুদ্ধ, রণ।

সম্পরায়িক, ন. [সম্পরায়+ইক] যুদ্ধ, সমর।

সম্পরিগ্রহ, পুং. [সম্+পরিগ্রহ] স্বীকার, গ্রহণ।

সম্পর্ক, পুং. [সম্+পৃচ্-অ] মেলক; রতি; সংসর্গ; সম্বন্ধ।

সম্পর্কী, ত্রি. [সম্পর্ক+ইন্] সসম্পর্কবিশিষ্ট, সম্বন্ধ। [সম্বন্ধীয়।

সম্পর্কীয়, ত্রি. [সম্পর্ক+ঈয়] সম্পর্কযুক্ত,

সম্পা, স্ত্রী. [সম্+পা-অ-আ] বিদ্যুৎ, তড়িৎ।

সম্পাক, পুং. [সম্+পচ্-অ] আরগ্বধবৃক্ষ; সম্যক্পাক; (ত্রি.) তার্কিক; ধৃষ্ট; অল্প; লম্পট। [টেকো।

সম্পাট, পুং. [সম্+পট্-অ] তর্ক, চরকার

সম্পাত, পুং. [সম্+পৎ-অ] পতন; পক্ষিদিগের গতি বিশেষ; গমন; প্রবেশ; সমূহ।

সম্পাতি, পুং. [সম্+পৎ-ই] গরুড়পুত্র, জটায়ুর ভ্রাতা।

সম্পাতিক, পুং. [সম্পাতি+ক] গরুড়ের

সম্পাদক, পুং. [সম্+পদ্-অক] নিষ্পাদক, সম্পন্নকর্ত্তা, নির্ব্বাহক।

সম্পাদন, ন. [সম্+পদ-অন] নিষ্পাদন, নির্ব্বাহ।

সম্পাদিতব্য, ত্রি. [সম্+পদ+ই-তব্য] সম্পাদন যোগ্য, নিষ্পাদনীয়।

সম্পাদিত, ত্রি. [সম্+পদ+ই-ত] নিষ্পাদিত, সমাপিত।

সম্পাদ্য, ত্রি. [সম্+পদ-য] সম্পাদনীয়, নিষ্পাদ্য।

সম্পীড়, পুং. [সম্+পীড়্-অ] নিষ্পীড়ন; প্রেরণ।

সম্পীড়ন, ন. [সম্+পীড়্-অন] সম্যক্ প্রকারে ব্যথন।

সম্পীতি, স্ত্রী. [সম্+পা-তি] সম্যক্‌পাত।

সম্পুট, পুং.[সম্+পুট্+অ] কুরুবক; পেটরা, কৌটা, ঠোঙা, খুঙি, পেটরা প্রভৃতি; এক জাতীয়ের উভয় মধ্যবর্ত্তী; রতিবন্ধ বিশেষ।

সম্পুটক, পুং. [সম্পুট+ক] আধারবিশেষ, সাঁপুড়া, তৎপর্য্যায়।—সমুদ্গক, সমুদ্গা, সম্পুট।

সম্পূর্ণ, ত্রি. [সম+পূর্ণ] সমগ্র, পরিপূর্ণ; সমাপ্ত; (পুং.) রাগের জাতিবিশেষ, সপ্তস্বর মিশ্রিত রাগ ও রাগিণী।

সম্পূর্ণা, স্ত্রী. [সম্পূর্ণ+আ] একাদশীবিশেষ।

সম্পৃক্ত, ত্রি. [সম্+পৃচ্-ত] মিশ্রিত, মিলিত, তৎপর্য্যায়।—করম্ব,কবর,মিশ্র, খচিত।

সম্প্রতি, অ. [সম+প্রতি] ইহকালে,এইক্ষণে, তৎপর্য্যায়।—এতর্হি, ইদানীং, অধুনা, সাম্প্রতম্; (পুং.) অতীত কল্পের জিন বিশেষ।

সম্প্রতিপত্তি, স্ত্রী. [সম্+প্রতি+পদ-তি] উত্তরবিশেষ।

সম্প্রতিরোধক, ন. [সম্+প্রতি+রুধ-অক] প্রতিবন্ধক, বাধাতক।

সম্প্রতীতি, স্ত্রী. [সম্+প্রতি+ই-ত-ই] সম্যক্ খ্যাতি, সম্যক্ জ্ঞান।

সম্প্রদাতা, ত্রি. [সম্+প্র+দা-তৃ] সংপ্রদান কর্ত্তা, দাতা।

সম্প্রদান, ন. [সম্+প্র+দা-অন] সম্যক্ প্রকারে দান; ষট্‌কারকান্তর্গত কারক বিশেষ।

সম্প্রদানীয়, ত্রি. [সম্+প্র+দা+অনীয়] সম্প্রদানযোগ্য।

সম্প্রদায়, পুং. [সম্+প্র+দা-য়] গুরু পরম্পরাগত সদুপদেশ; শিষ্ট পরম্পরাবতীর্ণ উপদেশ, তৎপর্য্যায়।—আম্নায়; গুরুপরাম্পরাগত সদুপদিষ্ট ব্যক্তিসমূহ, সমাজ, দল।

সম্প্রদায়ী, ত্রি. [সম্প্রদায়+ইন্] সমাজিক, সমাজস্থ।

সম্প্রধারণা, স্ত্রী. [সম্+প্র+ধৃ+অন-আ] উচিতানুচিত নিশ্চয়, তৎপর্য্যায়।—সমর্থন, অবধারণ।

সম্প্রবদন, ন. [সম্+প্র+বদ-অন] কথোপকথন।

সম্প্রপদ, ন. [সম্+প্র+পদ্-অ] ভ্রমণ, পর্য্যটন।

সম্প্রয়োগ, পুং. [সম্+প্রয়োগ] নিধুবন, রত, রমণ; অন্বিতি; কার্ম্মণ, বশীকরণাদি কর্ম্ম; প্রয়োগ, খাটান; (ত্রি.) অন্বিত।

সম্প্রয়োগী, পুং. [সম্+প্রয়োগিন্] কলাকেলি, কামুক; সংপ্রযোজক।

সম্প্রসাদ, পুং. [সম্+প্রসাদ] বিশ্বাস; প্রসন্নতা।

সম্প্রসারণ, ন. [সম্+প্রসারণ] ব্যাকরণের সংজ্ঞাবিশেষ, ই-উ ইত্যাদি স্থানে য-ব ইত্যাদি হওয়া।

সম্প্রহার, পুং. [সম্+প্র+হৃ-অ] যুদ্ধ; গমন; হনন, প্রহার।

সম্প্রাপ্ত, ত্রি. [সম্+প্র+আপ্-ত] সম্যক্ প্রকারে প্রাপ্ত, লব্ধ, সমাগত।

সম্প্রাপ্তি, স্ত্রী. [সম্+প্র+আপ্-তি] সম্যক্ প্রাপণ, প্রাপ্তি; সমাগতি।

সম্প্রেষিত, ত্রি. [সম্+প্র+ইষ্-ইত] প্রেরিত; পদচ্যুত।

সম্প্রেক্ষণ, ন. [সম্+প্র+ঈক্ষণ] বিবেচনাকরণ; অন্বেষণ।

সম্প্রৈষ, পুং. [সম্+প্র+এষ] নিয়োগবিধি।

সম্ফাল, পুং, [সম্+ফল-অ] মেষ, ভেড়া।

সম্ফুল্ল, ত্রি. [সম্+ফুল-ত] বিকসিত, প্রফুল্ল, প্রস্ফুটিত।

সম্ব, ন. [সম্+ব-অ] জল; বারদ্বয়কর্ষণ।

সম্বৎ, ব্য. [সম্+বৎ] বিক্রমাদিত্য রাজার অব্দ।

সম্বদ্ধ, ত্রি. [সম্+বদ্ধ-অ] সম্বন্ধযুক্ত; মিলিত।

সম্বন্ধ, পুং. [সম্+বধ-অ] সমৃদ্ধি; ন্যায়; সংসর্গ; সম্পর্ক, তল্লিবিধ যথা।—বিদ্যাজ, যোনিজ, প্রীতিজ; মিলন; সংযোগ; সজ্বট্টন; সখ্য; (ত্রি.) শক্ত; হিত।

সম্বন্ধী, ত্রি. [সম্বন্ধ+ইন্] সম্বন্ধবিশিষ্ট, তৎ সম্পর্কীয় পর্য্যায়।—গুণবান্, সংযুক্ত।

সম্বন্ধীয়, ত্রি. [সম্বন্ধ+ঈয়] সম্পর্কীয়; সম্বন্ধ বিশিষ্ট।

সম্বর, ন. [সম্ব+অর] সংযম; বৌদ্ধব্রত বিশেষ; জল; সংবরণ; দমন; (পুং.) সেতু; দৈত্যবিশেষ; হরিণবিশেষ; মৎস্য বিশেষ; শৈলবিশেষ; জিনবিশেষ।

সম্বরণ, ন. [সম্+বৃ-অন] আবরণ; ইন্দ্রিয়; সংযম; বরদাল্য দান; দমন।

সম্বরারি, পুং. [সম্বর+অরি] কামদেব, মদন।

সম্বরী, স্ত্রী. [সম্+বৃ+-ঈ] শতাবরীলতা; মূষিকপর্ণী, ইন্দুরকাণী; থুলকুড়ী।

সম্বর্ত্ত, পুং. [সম্+বৃৎ-অ] প্রলয়, যুগক্ষয়।

সম্বর্দ্ধক, ত্রি. [সম্+বৃধ-অক] সম্যক্ বৃদ্ধিকারক; মর্য্যাদাকারী।

সম্বর্দ্ধন, ন. [সম্+বৃধ্+অন] সম্মানকরণ, অভ্যর্থনা করণ।

সম্বর্দ্ধিত, ত্রি. [সম্+বৃধ্-ত] উত্তমরূপে বৃদ্ধি প্রাপ্ত; সম্মানিত, আদৃত।

সম্বল, ন. [সম্ব+ল] জল; (পুং. ন.) পাথেয়, পথ খরচ।

সম্বলক্ষার, ন. [সম্বল+ক্ষার] মনঃশিলা।

সম্বলিত, ত্রি. [সম্বল+ইত] সহিত, মিলিত।

সম্বাকৃত, ত্রি. [সম্ব+আকৃত] বারদ্বয় আকৃষ্ট ভূমি, দুইবার চসাক্ষেত।

সম্বাদ, পুং. [সম্+বদ্-অ] সমাচার, বার্ত্তা

সম্বাধ, পুং. [সম্+বাধ্-অ] সঙ্কট; ভগ; ভয়; নরকবর্ত্ম; ভিড়; বাধা; (ত্রি.) অপ্রশস্ত, কমচৌড়া।

সম্বাধন, ন. [সম্+বাধ্-অন] কামদ্বার; শূলাগ্র; দ্বারপাল।

সম্বুদ্ধ, পুং. [সম্+বুধ্-ত] বুদ্ধাবতার; সম্যক্ বোধিত, জাগ্রৎ।

সম্বুদ্ধি, স্ত্রী. [সম্+বুধ্-তি] সম্বোধন; (ন.) আহ্বান, অভিমুখীকরণ; দর্শন।

সম্বুল, (যাং) গন্ধদ্রব্যবিশেষ, জটামাংসী।

সম্বেগ, পুং. [সম+বিজ্+অ] সম্যক্ বেগ, শীঘ্রগতি।

সম্বেশ, পুং. [সম্+বিশ্-অ] নিদ্রা; শয়ন।

সম্বোধ, পুং. [সম্+বুধ-অ] বোধন; ক্ষেপণ; নাশ।

সম্বোধন, ন. [সম্+বুধ্-অন] অন্যত্রেতে আসক্ত ব্যক্তির কার্য্যান্তর নিযোজনার্থ সম্মুখীকরণ, তৎপর্য্যায়।—আমন্ত্রণ, সম্বুদ্ধি।

সম্বোধিত, ত্রি. [সম্+বুধ্-ইত] কৃত সম্বোধন, আহূত, ডাকা।

সম্ভব, পুং. [সম্+ভূ+অ] হেতু, কারণ; উৎপত্তি; মেলক; আধারের অনতিরিক্ত; সঙ্কেত; অপায়, চলন; বর্ত্তমান কল্পের জিনবিশেষ; যোগ্যতা।

সম্ভব্য, পুং. [সম্+ভূ-য] কপিত্থ, কৎবেল; (ত্রি.) সম্ভবনীয়।

সম্ভল, পুং. [সংভল+অ] নগরবিশেষ, সম্বল মুরদাবাদ নগর।

সম্ভলী, স্ত্রী. [সম্ভল+ঈ] সংযোজিকা, কুট্টিনী।

সম্ভাবন, ন. [সম্+ভূ+অন] অলঙ্কারবিশেষ; অধ্যবসায়; অনুগ্রহ; সুখ্যাতি; পূজা; সৎকার; চিন্তা; যোগ্যতা; স্বীকার; সম্পাদন; উৎকট কোটিকসংশয়; তর্ক; অভিসন্ধি।

সম্ভাবনা, স্ত্রী. [সম্ভাবন+আ] উৎকট কোটিক সংশয়; স্বীকার; সম্পাদন।

সম্ভাবনীয়, ত্রি. [সম্+ভূ-অনীয়] সম্ভাব্য, উৎপত্তি যোগ্য।

সম্ভবনযোগ্য; বহুমত; পূজিত; চিন্তিত; তর্কিত।

সম্ভাব্য, ত্রি. [সম্+ভূ-অ-য] সম্ভাবনীয়, উৎপত্তিযোগ্য।

সম্ভার, পুং, [সম্+ভৃ-অ] সম্ভৃতি; সমূহ; সর্ব্ব পূর্ণত্ব; সংগ্রহ; উপকরণ।

সম্ভাষণ, [সম্+ভাষ্-অন] কথন,আলাপন;

সম্ভাষা, স্ত্রী. [সম্+ভাষ-আ] সম্ভাষণ,কথোপ কথন।

সম্ভাষিত, ত্রি. [সম্+ভাষ-ইত] কৃতালাপ; (ন.) বাক্যব্যয়, কৃতাভ্যর্থন।

সম্ভিন্ন, ত্রি. [সম্+ভিদ+ত] সম্যক্ ভেদবিশিষ্ট; সংকুচিত, চালিত; ভগ্ন; প্রস্ফুটিত; মিলিত।

সম্ভু, পুং. [সম্+ভূ-উ] শিব; ব্রহ্মা; বিষ্ণু। [উদ্ভূত।

সম্ভূত, ত্রি. [সম্+ভূ-ত] উৎপন্ন, জাত,

সম্ভূতবিজয়, পুং. [সম্ভূত+বিজয়] শ্রুতাকে বলিসংজ্ঞক বৌদ্ধবিশেষ।

সম্ভূয়সমুত্থান, ন. [সম্ভূয়+সমুত্থান] বণিকদিগের মিলিত হইয়া কর্ম্ম...রণ, সাজায় বাণিজ্য।

সম্ভৃত, ত্রি. [সম্+ভৃ-ত] সম্যক্‌পুষ্ট; সম্যক্‌বর্দ্ধিত; সম্যক্‌ধৃত, যত্নসিদ্ধ; সঞ্চিত; দত্ত; লব্ধ; পরিপূর্ণ, প্রস্তুত, সঙ্কল্পিত, জনিত।

সম্ভৃতি, স্ত্রী. [সম্+ভৃ-তি] সম্যকপোষণ, সম্যক্‌ভরণ; সম্যক্‌ধারণ।

সম্ভৃত্য, ত্রি. [সম্+ভৃত্য] প্রতিপালিত।

সম্ভেদ, পুং. [সম্+ভিদ-অ] সিন্ধু ও নদীর সঙ্গম; স্ফুটন; মেলন।

সম্ভোগ, পুং. [সম্+ভুজ-অ] উপভোগ; সুরত, জিনশাসন; হর্ষ; কেলিনাগর; শৃঙ্গারবিশেষ।

সম্ভোগী, পুং. [সম্ভোগ+ইন্] কেলিনাগর লম্পট; (ত্রি.) সম্ভোগবিশিষ্ট।

সম্ভ্রম, পুং. [সম্+ভ্রম্-অ] ভয়াদিজনিত ত্বরা, তৎপর্য্যায়।—সম্বেগ, আবেগ, প্রবেগ, ত্বরা, ত্বরি; ভয়; আদর; মহা-

সম্ভ্রান্ত, ত্রি. [সম্+ভ্রম্-ত] মান্য, গৌরবান্বিত।

সম্মত, ত্রি. [সম্+মন্-ত] অনুমত; অভিপ্রেত, স্বীকৃত।

সম্মতি, স্ত্রী. [সম্+মন্-তি] অভিলাস; অনুজ্ঞা, অনুমতি; আত্মজ্ঞান; সম্মান।

সম্মদ, পুং. [সম্+মদ্-অ] হর্ষ, আহ্লাদ; (ত্রি.) হর্ষযুক্ত।

সম্মর্দ্দ, পুং. [সম্+মর্দ্দ-অ] যুদ্ধ; জনতা, ভিড়।

সম্মাতুর, পুং. [সম্+মাতৃ-উর] সতীতনয়, তৎপর্য্যায়।—ভদ্রমাতুর।

সম্মাদ, পুং. [সম্+মদ্-অ] মৎস্যবিশেষ; সম্যক্ প্রকার মত্ততা।

সম্মান, পুং. [সম্+মন্-অ] সমাদর, মর্য্যাদা।

সম্মানিত, ত্রি. [সম্মান+ইত] সমাদৃত, গৌরবিত, পূজিত।

সম্মার্জ্জক, পুং. [সম্+মৃজ্+অক] সম্মার্জ্জনী, খাঙরা; (ত্রি.) সম্যক্ মার্জ্জনকর্ত্তা।

সম্মার্জ্জন, ন. [সম্+মার্জ্জন] সংশোধন, পরিষ্করণ।

সম্মার্জ্জনী, স্ত্রী, [সম্+মার্জ্জন-ঈ] ধূল্যাদি মার্জ্জন সাধনী, কোঁস্তা, ঝাঁটা, তৎপর্য্যায়।—শোধনী, উহনী, সমূহনী, বহুকরী, বর্দ্ধনী।

সম্মার্জ্জিত, ত্রি. [সম্+মার্জ্জিত] পরিষ্কৃত, পরিচ্ছন্ন।

সম্মিত, ত্রি. [সম্+মা-ত] সদৃশ, সমান, তুল্য

সম্মিলন, ন. [সম্+মিলন] সম্যক্‌মিলন, একত্র হওন।

সম্মিলিত, ত্রি. [সম্+মিল্-ইত] মিলিত, সংযুক্ত।

সম্মিশ্র, ত্রি. [সম্+মিশ্র-অ] সংযুক্ত, মিশ্রিত, মিলিত।

সম্মুখ, ত্রি. [সম্+মুখ] অভিমুখ, সমক্ষ, সুমুখ, তৎপর্য্যায়।—ভগ্নপৃষ্ঠ।

সম্মুখী, পুং. [সম্+মুখ-ইন্] দর্পণ,আর্শি,

ত্রি. [সম্মুখ+ঈন] অভিমুখ, সমক্ষ; সুমুখ।

সম্মূঢ়, ত্রি. [সম্+মুহ্-ত] সম্যক্ মোহযুক্ত, মুগ্ধ; ভগ্ন; রাশীকৃত।

সম্মূর্চ্ছজ, পুং. [সম্+মূর্চ্ছ+জ] তৃণাদি।

সম্মূর্চ্ছন, ন. [সম্+মূর্চ্ছ-অন] সর্ব্বপ্রকারে ব্যাপ্তি, তৎপর্য্যায়।—অভিব্যাপ্তি; উচ্ছ্রায়, বৃদ্ধি; মোহ, মূর্চ্ছা।

সম্মূর্চ্ছনোদ্ভব, পুং. [সম্মূর্চ্ছন+উদ্ভব] মৎস্যাদি।

সম্মৃষ্ট, ত্রি. [সম্+মৃষ্-ত] সংশোধিত, পরিষ্কৃত; মক্ষিকাদি নিবারণ দ্বারা শোধিত ব্যঞ্জনাদি।

সম্মোদ, পুং. [সম্+মুদ্-অ] প্রীতি, হর্ষ, আমোদ।

সম্মোহন, ত্রি. [সম্+মুহ্-অন] মোহজনক; কামদেবের বাণবিশেষ।

সম্শ্লিষ্ট, ত্রি. [সম্+শ্লিষ-ত] মিলিত, সংযুক্ত অস্পষ্ট।

সম্যক্, ব্য. [সম্+অঞ্চ] সমুদয়; (ত্রি.) সত্যবচন; মনোজ্ঞ; সঙ্গত; প্রথমকল্পাদি সহিত; যোগ্য।

সম্রাট্, পুং. [সম্+রাজ্] মণ্ডলেশ্বর, যিনি রাজসূয় যাগ করিয়াছেন, রাজাধিরাজ।

সযত্ন, ত্রি. [স+যত্ন] যত্নবান্, সচেষ্ট।

সযোনি, পুং. [স+যোনি] ইন্দ্র; (ত্রি.) যোনির সহিত বর্ত্তমান, সমান উৎপত্তি স্থানক।

সর, ন. [সৃ+অ] সরোবর; জল; ভূষণবিশেষ; (পুং.) দধ্যাদির সার ভাগ, তৎপর্য্যায়।—দধ্যুত্তরগ, দধিস্নেহ, কটুর; গতি, চলন; বাণ; লবণ; (পুং.স্ত্রী.) নির্ঝর; (ত্রি.) সারক, ভেদক; গমনকর্ত্তা।

সরঃ, ন. [সৃ+অস্] সরোবর, তড়াগ, পুষ্করিণী; নীর, জল।

সরঃকাক, পুং. [সরস্+কাক] হংস, মরাল, হাঁস।

সরক, ন. [সর+ক] সরোবর, পুষ্করিণী; আকাশ; (পুং.ন.) শীধুপাত্র; শীধুপান, মদ্যকাপান; ইক্ষুমদ্য; অচ্ছিন্নাধ্বগপঙ্‌ক্তি; মদ্যপরিবেশন; (ত্রি.) গমনশীল, গমনবিশিষ্ট।

সরগরম, (বাং) উষ্ণ; উৎসাহশীল।

সরঘা, স্ত্রী. [সর+হন্-অ-আ] মধুমক্ষিকা, মৌমাছি।

সরঙ্গ, পুং. [সরম্+গম্-অ] চতুষ্পাৎ; পক্ষী।

সরজ, ন. [সর+জন্-অ] নবনীত; হৈয়ঙ্গবীন, সদ্যজাত ঘৃত।

সরজাঃ, স্ত্রী. [স+রজস্] ঋতুমতী স্ত্রী, তৎপর্য্যায়।—মলিষ্ঠা; (ত্রি.) রজোবিশিষ্ট, ধুলিযুক্ত।

সরট, পুং. [সৃ+অট] কৃকলাস, গিরগিট্, কাঁকলাস।

সরটি, পুং. [সরট+ই] বায়ু, মেঘ।

সরটু, পুং. [সরট+উ] কৃকলাস, কাঁকলাস।

সরট, পুং. [সৃ+অট্] বায়ু, মেঘ; মধুমক্ষিকা; কৃকলাস।

সরণ, ন. [সৃ+অন] লোহমল; গমন; (ত্রি.) গমন শীল।

সরণা, স্ত্রী. [সৃ+অন-আ] প্রসারণী, গন্ধভাদালি; ত্রিবৃতা, তেউড়ী; (ত্রি.) গমন কর্ত্তা।

সরণি, স্ত্রী. [সৃ+অনি] পঙ্‌ক্তি, শ্রেণী; পন্থা, পথ; প্রসারণী, গন্ধভাদালি।

সরণী, স্ত্রী. [সৃ+অনি-ঈ] শ্রেণী; পন্থা; প্রসারণী]

সরণ্ড, পুং. [সৃ+অণ্ড] ধূর্ত্ত; সরট, কাঁকলাস; ভূষণবিশেষ; কামুক; পক্ষী।

সরণ্য, ত্রি. [সরণ+য] গম্য, গন্তব্য।

সরণ্যু, পুং. [সরণ+যু] মেঘ; বায়ু; জল, বসন্ত; অগ্নি।

সরভা, স্ত্রী. [সর+ভ-আ] গুবাক ছেদনাস্ত্র, [জাঁতী।

সরৎ, পুং. [সৃ+অৎ] সূত্র, সুতা।

সরশ্মি, পুং. স্ত্রী. [স+রশ্মি] রত্নি, বদ্ধমুষ্টি

সরদ, ত্রি. [স+রদ] দন্তযুক্ত, রদনবিশিষ্ট।
সরদি, (বাং) শীতল, আদ্রতা; ঠাণ্ডি।
সরদ্বান্, পুং. [সরৎ+বৎ] গৌতমমুনি; গৌতমমুনির পুত্র। [পত্র।
সরপত্রিকা, স্ত্রী. [সরপত্র+ইক-আ] পদ্ম
সরপোষ, (বাং) আচ্ছাদন, ঢাকনী।
সরফরাজী, (বাং) প্রশংসাকরণ।
সরব্য, ন. [সর+ব্যে-অ] লক্ষ্য, লক্ষিত বস্তু।
সরমা, স্ত্রী. [স+রম-আ] রাক্ষসীবিশেষ, বিভীষণের পত্নী; কুক্কুরী; দেবশুনী; কশ্যপপত্নী বিশেষ।
সরযু, পুং. [সর+যু] বায়ু; নদীবিশেষ, অযোধ্যার নিকট বাহিনী নদী।
সরযূ, স্ত্রী. [সরযু+ঊ] অযোধ্যার নিকট বাহিনী নদী।
সরল, পুং. [সৃ+অল] বৃক্ষবিশেষ, সালগাছ, তৎপর্য্যায়।—পীতদ্রু, পূতিকাষ্ঠ, ধূমবৃক্ষক, পীতদারু, ভদ্রদারু, মনোজ্ঞ, পীত, স্নিগ্ধদারু, সংজ্ঞ, স্নিগ্ধ, মরিচপত্রক, পীতবৃক্ষ, সুরভিদারু; (ত্রি.) উদার, মহান্; অবক্র।
সরলতা, স্ত্রী. [সরল+ত-আ] ঋজুতা; নম্রতা।
সরলদ্রব, পুং. [সরল+দ্রব] সরল বৃক্ষরস, টার্পিন, তৎপর্য্যায়।—পায়স, শ্রীবাস, বৃক্ধূপ, শ্রীবেষ্ট, তৈলপর্ণী, শ্রীপিষ্ট, শ্রীবেশ, যাস, যবাস, ঘৃতাহ্বয়, মধ্যাহ্বয়, ক্ষীরাহ্বয়, অবক্র, ক্ষীরশী, বাঁয়স
সরলা, স্ত্রী. [সরল+আ] ত্রিপুটা, তেউড়ী; নদীবিশেষ।
সরলাঙ্গ, পুং. [সরল+অঙ্গ] শ্রীবেষ্ট, টারপিন্। [বৃক্ষ।
সরস, ন. [স+রস] সরোবর; (ত্রি.) রস
সরসম্প্রাপ্ত, ন. [সরসম্+প্রাপ্ত] ত্রিকণ্টবৃক্ষ, তেকাঁটাসিজ্
সরসা, স্ত্রী. [স+রস-আ] শ্বেতত্রিবৃতা।
সরসিজ, ন. [সরসি+জন্-অ] পদ্ম, সরসীরুহ, পঙ্কজ। [রিণী।
সরসীক, পুং. [সরসী+ক] সারসপক্ষী।
সরসীরুহ, ন. [সরসী+রুহ] পদ্ম, সরসিজ, পঙ্কজ।
সরস্বতী, স্ত্রী. [সরস্+বৎ-ঈ] বাণী; স্ত্রীরত্ন; গো; নদী; নদীবিশেষ; মনুপত্নী; জ্যোতিষ্মতী; ব্রাহ্মী; সোমলতা; বুদ্ধশক্তি বিশেষ; দুর্গা; বাগ্‌দেবতা, তৎপর্য্যায়।—অন্ত্যসন্ধ্যেশ্বরী, ইরা, ঈশ্বরী, গিরা, গিরাংদেবী, গী, গীর্দ্দেবী, গৌ, বচসামীশা, বর্ণমাতৃকা, বাক্, বাকেশ্বরী, বাগ্‌দেবী, বাচা, বাণী, ব্রাহ্মী, ভারতী, ভাষ, শ্রী, সায়ংসন্ধ্যা দেবতা, সারদা। নদী বিশেষ পর্য্যায়।—প্লক্ষসমুদ্ভবা, বাক্‌প্রদা, ব্রহ্মসুতা, ভারতী, বেদাগ্রণী, পয়োষ্ণিজাতা, বাণী, বিশালা, কুটিলা ইহার, দেশভেদে সপ্তনামানি যথা।—পুষ্করেসুপ্রভা, নৈমিষারণ্যে কাঞ্চনাক্ষী, গয়দেশে বিশালা, উত্তর কোশলেমনোরমা, ঋষভদ্বীপে কুরুক্ষেত্রেওঘবতী, গঙ্গাদ্বারে সুরেণু, হিমালয়পর্ব্বতে বিমলোদা।
সরস্বান্, পুং. [সরস্+বৎ-অ] সমুদ্র, সাগর নদ; (ত্রি.) রসিক।
সরা, স্ত্রী. [সৃ+অ-আ] নির্ঝর; ঝোরণা; প্রসারিণী
সরাই, (বাং) পান্থশালা, আড্ডা।
সরাগ, ত্রি. [স+রাগ] অনুরক্ত, রঞ্জিত; রক্তবর্ণ।
সরাণ, (প্রা) স্থানান্তর করণ; চালান।
সরাব, পুং. [সৃ+আব] শরাব, মৃত্তিকাপাত্র বিশেষ, শরা।
সরি. পুং.স্ত্রী. [সৃ+ই] নির্ঝর, ঝোরণা।
সরিকা, স্ত্রী. [সৃ+ইক-আ] হিঙ্গুপত্রী; গমনকর্ত্রী
সরিভাংনাথ, পুং. [সরিতাং+নাথ] সমুদ্র, সরিৎপতি।
সরিতাম্পতি, পুং. [সরিতাম্+পতি] সমুদ্র, সরিৎপতি। [সরিদ্বরা।

সরিৎ, স্ত্রী. [সৃ+অ-ইৎ] নদী, তটিনী; দুর্গা।
সরিৎপতি, পুং. [সরিৎ+পতি] সমুদ্র, সাগর। [দ্বান্।
সরিদ্বান্, পুং. [সরিৎ+বৎ°] সমুদ্র, সরি-
সরিৎসুত, পুং. [সরিৎ+সুত] ভীষ্ম, গাঙ্গেয়।
সরিদ্বরা, স্ত্রী. [সরিৎ+বর-আ] গঙ্গা, ভাগীরথী। [পতি।
সরিন্নাথ, পুং. [সরিৎ+নাথ] সমুদ্র, সরিৎ-
সরিমা, পুং. [সৃ+ইমন্] গমন; বায়ু।
সরিল, ন. [সরি+ল] সলিল, জল।
সরিষপ, পুং. [সর্ষপ+অ] শস্যবিশেষ, সর্ষপ, সরিষা।
সরিষা, (প্রা) শস্যবিশেষ, সর্ষপ।
সরী, স্ত্রী. [সৃ+অ-ঈ] নির্ঝর, ঝো'্ণা।
সরীসৃপ, পুং. [সৃপ+অ] সর্প; বৃশ্চিকাদি।
সরু, পুং. [সৃ+উ] ৎসরু, খড়্গমুষ্টি; ক্ষীণ, সূক্ষ্ম, মিহি।
সরূপ, ত্রি. [স+রূপ] রূপবিশিষ্ট।
সরূপতা, স্ত্রী. [সরূপ+ত-আ] রূপের সহিত বিদ্যমানত্ব।
সরোজ, ন. [সরস্+জন্-অ] পদ্ম, সরসিজ (ত্রি.) সরোবরজাত।
সরোজন্ম, ন. [সরস্+জন্মন্] পদ্ম, কমল
সরোজিনী, স্ত্রী; [সরোজ+ইন্-ই] কমলাকার; পদ্ম; পদ্মসমূহ; কমলিনী।
সরোজী, পুং. [সরোজ+ইন্] ব্রহ্মা, কমলাসন। [পক্ষী।
সরোৎসব, পুং. [সর+উৎসব] সারস
সরোধ, ত্রি. [স+রোধ] রুদ্ধ, রোধের সহিত বর্ত্তমান।
সরোবর, পুং. [সরস্+বর] জলাশয়বিশেষ পদ্মাদিযুক্ত পুষ্করিণী, তৎপর্য্যায়।—কাসার, তটাক, তড়াক, তড়াগ, পদ্মাকর, সর, সরঃ, সরক, সরস, সরসী।
সরোরুট্, ন. [সরস্+রুহ] পদ্ম, সরোরুহ, কমল।
[স]রোরুহ, ন. [সরস্+রুহ-অ°] পদ্ম, কমল,
সরোরুহাসন, পুং. [সরোরুহ+আসন] ব্রহ্মা, কমলাসন।
সর্ক, পুং. [সৃক+অ] বায়ু; মনঃ; প্রজাপতি।
সর্গ, পুং. [সৃজ+অ] স্বভাব; নির্ম্মোক; নিশ্চয়; অধ্যায়; সৃষ্টি; মোহ; উৎসাহ; অনুমতি, যত্ন।
সর্গবন্ধ, পুং. [সর্গ+বন্ধ] মহাকাব্য, বহু অধ্যায়বিশিষ্ট গ্রন্থ।
সর্জ্জ, পুং. [সৃজ+অ] শালবৃক্ষ; সর্জ্জরস, ধুনা; পীতশাল; বণিক্।
সর্জ্জক, পুং. [সর্জ্জ+ক] পীতশাল; শাল বৃক্ষ।
সর্জ্জগন্ধা, স্ত্রী. [সর্জ্জ+গন্ধ-আ] লতাবিশেষ, রাস্না, (হিং) রাসন
সর্জ্জন, ন. [সৃজ+অন] সৈন্যের পশ্চাদ্ভাগ; বিসর্জন; সৃষ্টি।
সর্জ্জনির্যাসক, পুং. [সর্জ্জ+নির্জ্জাসক] রাল, সাল নির্যাস, ধুনা।
সর্জ্জমণি, পুং. [সর্জ্জ+মণি] ধুনক, ধুনা।
সর্জ্জরস, পুং. [সর্জ্জ+রস] শালবৃক্ষনির্যাস ধুনা, তৎপর্য্যায়।—অগ্নিবল্লভ, অরাল, ধুনক, বহুরূপ, বহ্নিবল্লভ, বিরূপ, যক্ষ ধূপ, রাল, শালজ, শালনির্যাস, শালবেষ্ট, শালসার, সর্জ্জমণি, সর্জ্জ, সর্জ্জরস, (অন্যৎরাল শব্দে দ্রষ্টব্য।)
সর্জ্জি, স্ত্রী. [সৃজ+ই] সর্জ্জিকাক্ষার, সাজিমাটী।
সর্জ্জিকা, স্ত্রী. [সর্জ্জ+ইক-আ] সর্জ্জিকাক্ষার, সাজিমাটী
সর্জ্জিকাক্ষার, পুং. [সর্জ্জিকা+ক্ষার] নদীর ক্ষার, সাচিক্ষার, সাজিমাটি, তৎপর্য্যায়।—কাপোত, সুখবর্চ্চক, গৌবর্চ্চল, রুচক, সৃজিক্ষার, সর্জ্জিকাক্ষার, স্বর্জ্জিকা, স্বর্জ্জিকা, সুরবর্চ্চক, সর্জ্জিক্ষার, সর্জ্জিকা, সর্জ্জী, সুখোর্জ্জিক, সুবর্চ্চিক, সুবর্চ্চী, সুখবর্চ্চা।
সর্জ্জিক্ষার, পুং. [সর্জ্জি+ক্ষার] সর্জ্জিকাক্ষার, সাজিমাটী। [মাটী।

সর্জ্জূ, স্ত্রী. [সর্জ্জ+উ] বিদ্যুৎ; অভিসার; হার।

সর্জ্জ্য, পুং; [সর্জ্জ+য] সর্জ্জরস, ধুনা; (ত্রি) অর্জ্জনীয়।

সর্প, পুং. [সৃপ+অ] নাগকেশর; গমন; শ্মশ্রুধারী ম্লেচ্ছজাতি বিশেষ; হিংস্র জন্তুবিশেষ, সাপ, তৎপর্য্যায়।—অণ্ডজ, অহি, আশীবিষ, উরগ, উরঙ্গ, উরঙ্গম, উরঃসর, কঞ্চুকালু, কঞ্চুকী, কাকোদর, কুণ্ডলী, কুম্ভীনস, গূঢ়পাদ, গূঢ়পাৎ, গোকর্ণ, চক্রী, চক্ষুঃশ্রবাঃ, চিকুর, জলরুণ্ড, জিহ্মগ, তক্ষক, দৃকু, দংষ্ট্রী, দন্দশূক, দর্ব্বিভৃৎ, দর্ব্বীকর, দীর্ঘজিহ্ব, দীর্ঘরমণ, দীর্ঘপৃষ্ঠ, দৃক্কর্ণ, দ্বিজিহ্ব, দ্বিরসন, নাগ, পন্নগ, পবনাশন, পৃদর, পৃদাকু, প্রচলাকী, ফণকর, ফণধর, ফণবান্, ফণাকর, ফণাধর, ফণাবান্, ফণী, বায়ুভক্ষক, বিলবাসী, বিলশয়, বিলেশয়, বিষধর, বিষানন, বিষায়ুধ, বিষাস্য, ব্যাড়, ব্যাল, ভুজ, ভুজগ, ভুজঙ্গ, ভুজঙ্গম, ভেকভুক্, ভোগী, লতাজিহ্ব, লতারসন, মণ্ডূকভুক্ শ্বসনাশন, শ্বসনোৎসুক, সমকোল, সরীসৃপ, হরি।

সর্পকঙ্কালিকা, স্ত্রী. [সর্প+কঙ্কাল-ইক-আ] বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—তীক্ষ্ণা, বিষদংষ্ট্রা, বিষাপহা, সহা, সর্পকঙ্কালী; বিষনাশিনী।

সর্পকঙ্কালী, স্ত্রী. [সর্প+কঙ্কাল-ঈ] বৃক্ষবিশেষ, বিষনাশিনীবৃক্ষ।

সর্পগন্ধা, স্ত্রী. [সর্প+গন্ধ-আ] বৃক্ষবিশেষ।

সর্পঘাতিনী, স্ত্রী. [সর্প+ঘাতিন্-ঈ] সর্পকঙ্কালী বৃক্ষবিশেষ।

সর্পচ্ছত্র, ন. [সর্প+ছত্র] অহিচ্ছত্র।

সর্পণ, ন. [সৃপ+অন] গমন; শরনিঃক্ষেপবিশেষ। [বেজী।

সর্পতৃণ, পুং. [সর্প+তৃণ] নকুল, নেউল,

সর্পদংষ্ট্র, পুং. [সর্প+দংষ্ট্র] দন্তীবৃক্ষ।

সর্পদংষ্ট্রা, স্ত্রী. [সর্প+দংষ্ট্র-আ] বৃশ্চিকালী-

সর্পদংষ্ট্রিকা, স্ত্রী. [সর্প+দংষ্ট্রিকা] বৃক্ষবিশেষ, অজশৃঙ্গী, গাড়রশিঙ্গী মেঢ়াশিঙ্গী।

সর্পদণ্ডা, স্ত্রী. [সর্প+দণ্ড-আ] সৈংহলী, সিংহপিপ্পলী।

সর্পদণ্ডী, স্ত্রী. [সর্প+দণ্ড-ঈ] মালবদেশে প্রসিদ্ধ ক্ষুদ্রবৃক্ষবিশেষ, গোরক্ষী।

সর্পদন্তী, স্ত্রী. [সর্প+দন্ত-ঈ] নাগদন্তীবৃক্ষ। [টকী।

সর্পদমনী, স্ত্রী. [সর্প+দমন-ঈ] বন্ধ্যাকর্কো-

সর্পনামা, স্ত্রী. [সর্প+নাম-আ] সর্পকঙ্কালীবৃক্ষ। [বৃক্ষ।

সর্পপুষ্পী, স্ত্রী. [সর্প+পুষ্প-ঈ] নাগদন্তী-

সর্পফণজ, পুং. [সর্প+ফণ+জন্-অ] সর্পফণজাতমণি।

সর্পভুক্, পুং. [সর্প+ভুজ্] ময়ূর; (ত্রি.) সর্পভক্ষক, গরুড়।

সর্পমালা, স্ত্রী. [সর্প+মালা] সর্পকঙ্কালীবৃক্ষবিশেষ। [মণি।

সর্পমণি, পুং. [সর্প+মণি] সর্পের মস্তকস্থ-

সর্পরাজ, পুং. [সর্প+রাজন্-অ] বাসুকি, নাগরাজ।

সর্পলতা, স্ত্রী. [সর্প+লতা] নাগবল্লী।

সর্পসত্র, ন. [সর্প+সত্র] সর্পনাশক যজ্ঞবিশেষ। [রাজা।

সর্পসত্রী, পুং. [সর্প+সত্রিন্] জনমেজয়-

সর্পসহা, স্ত্রী. [সর্প+সহ-আ] সর্পকঙ্কালী বৃক্ষবিশেষ। [বেজী।

সর্পহা, পুং. [সর্প+হন্] নকুল, নেউল,

সর্পাখ্য, পুং. [সর্প+আখ্য] মহিষকন্দবিশেষ; নাগকেশর; (ত্রি.) সর্পনামক।

সর্পাঙ্গী, স্ত্রী. [সর্প+অঙ্গ-ঈ] সর্পকঙ্কালীবিশেষ, সৈংহলী, সিংহপিপ্পলী।

সর্পাদনী, স্ত্রী. [সর্প+অদন-ঈ] নাকুলী, নেউলী।

সর্পাবাস, ন. [সর্প+আবাস] চন্দনবৃক্ষ; সর্পস্থান।

সর্পারাতি, পুং. [সর্প+অরাতি] গরুড়,

সর্পারি, পুং. [সর্প+অরি] নকুল, নেউল; গরুড়পক্ষী।

সর্পাশন; পুং. [সর্প+অশন] ময়ূর; গরুড়।

সর্পাক্ষ, ন. [সর্প+অক্ষ] রুদ্রাক্ষ।

সর্পাক্ষী, স্ত্রী. [সর্প+অক্ষ-ঈ] গন্ধনাকুলী; বৃক্ষবিশেষ, (হিং) সরহচী, গণ্ডিনী, তৎপর্য্যায়।—গণ্ডালী, নাড়ীকলাপক।

সর্পিঃ, ন. [সৃপ+ইস্] ঘৃত, আজ্য।

সর্পিকা, স্ত্রী. [সর্প+ইক-আ] ভুজঙ্গী, সাপিনী।

সর্পিণী, স্ত্রী. [সর্প+ইন্-ঈ] সর্পভার্য্যা, সাপিনী; ক্ষুদ্রবৃক্ষবিশেষ, তৎপর্য্যায়। ভুজগী, ভোগী, কুণ্ডলী, পন্নগী, ফণী।

সর্পিস্সমুদ্র, পুং. [সর্পিস্+সমুদ্র] ঘৃতসমুদ্র।

সর্পী, স্ত্রী. [সর্প+ঈ] সর্পিণী, সাপিনী; (ত্রি.) গমনকর্ত্তা।

সর্পীষ্ট, ন. [সর্পি+ইষ্ট] শ্রীখণ্ড, চন্দন।

সর্পেষ্ট, ন. [সর্প+ইষ্ট] শ্রীখণ্ড, চন্দন।

সর্ব্ব, পুং. [সর্ব্ব+অ] শিব, বিষ্ণু; (ত্রি.) সম্পূর্ণ, সকল।

স্তৈমিত্য, ন. [স্তিমিত+য] জড়তা, স্পন্দরহিত; আর্দ্রতা।
স্তোক, পুং. [স্তু+ক] চাতকপক্ষী; জলবিন্দু; (ত্রি.) অল্প।
স্তোকক, পুং. [স্তোক+ক] চাতকপক্ষী।
স্তোতা, ত্রি. [স্তু+তৃ] স্তবকর্ত্তা; তদ্বৈদিকস্তামু, কীরি, গো, স্তরি, নাদ, ছন্দ, স্তুপ, রুদ্র, কৃপণ্যু।
স্তোত্র, ন. [স্তু+ত্র] স্তব।
স্তোভ, পুং. [স্তুভ্+অ] সামাবয়ববিশেষ, গীতালাপপূরণঅক্ষর; হেলন; স্তম্ভন।
স্তোম, ন. [স্তু+ম] মস্তক; ধন; শস্য; লৌহাগ্রদণ্ড; (ত্রি.) বক্র; (পুং.) সমূহ; যজ্ঞ; স্তব।
স্তৌপিক, ন. [স্তূপ+ইক] বুদ্ধ; দ্রব্যবিশেষ, (হিং) ওখা।
স্ত্যান, ন. [স্ত্যৈ+ত] স্নিগ্ধ, প্রতিধ্বান, ঘনত্ব; আলস্য; (ত্রি.) সংহতিকর্ত্তা; ধ্বনিকর্ত্তা।
স্ত্যেন, পুং. [স্ত্যৈ+ইন] চৌর; অমৃত।
স্ত্রী, স্ত্রী. [স্ত্যৈ+ঈ] স্তনযোন্যাদিমতী, তৎপর্য্যায়।—অক্ষিতভ্রু, অনঙ্গা, অবলা, কান্তা, কামিনী, কুরঙ্গনয়না, চারুবর্দ্ধনা, জনি, জনী, জোষা, জোষিৎ, জোষিতা, তনু, তন্বঙ্গী, তন্বী, ত্রিনতা, নতাঙ্গী নারী নিতম্বিনী, পুরন্ধ্রী, প্রতীপদর্শিনী, প্রমদা, প্রিয়া, বনিকা, বধূ, বনিতা, বরবর্ণিনী, বরা, বরারোহা, বামভ্রূ, বামা, বাসিতা, বিলাসিনী, ভামিনী, ভাবিনী, ভীরু, মত্তকাসিনী, মহিলা, মহেলা, মহেলিকা, যোষা, যোষিতা, যোষিৎ, রমণী, রামা, ললনা, ললিতা, শর্ব্বরী, শ্যামা, সিন্দূরতিলকা, সীমন্তিনী, সুতনু, সুনয়না, সুনেত্রা, সুন্দরী, সুভ্রূ; (যুবতী স্ত্রী) তরুণী, কন্যা, বালা, যুবতী, যূনী, নবযৌবনা; (বৃদ্ধা স্ত্রী) বৃদ্ধা, জরতী, পলিতা, পলিক্নী; (উত্তমা স্ত্রী) সুন্দরী, প্রমদা, কান্তা, সুভগা, নিতম্বিনী, বামলোচনা, বরাঙ্গনা, বরারোহা, উত্তমা, বরবর্ণিনী, মত্তকাশিনী, মত্তকাষিণী, মত্তকাসিনী, (কোপযুক্তা স্ত্রী) কোপনা, ভামিনী; (সাধ্বী স্ত্রী) সতী, সাধ্বী, সুচরিত্রা, কুল স্ত্রী, কুলপালিকা; (বিবাহিতা স্ত্রী) পত্নী, পাণিগৃহিতা, দ্বিতীয়া, সহধর্ম্মিণী, সধর্ম্মিণী, ভার্য্যা, জায়া, দারা; সাচতুর্ব্বিধাযথা।—পদ্মিনী,

স্ত্রীআচার, (প্রা) বিবাহকালীন স্ত্রীদিগের মঙ্গলাচরণ।

স্ত্রীগবী, স্ত্রী. [স্ত্রী+গো-ঈ] ধেনু, গাই, তৎপর্য্যায়।—তুম্বা, নিলিম্পা, রোহিণী।

স্ত্রীগুরু, পুং. [স্ত্রী+গুরু] দীক্ষাকর্ত্রী, ইষ্টমন্ত্রদাত্রী।

স্ত্রীঘোষ, পুং. [স্ত্রী+ঘোষ] প্রত্যূষ, প্রাতঃকাল।

স্ত্রীঘ্ন, পুং. [স্ত্রী+ঘ্ন] স্ত্রীহত্যাকারী

স্ত্রীচিত্তহারী, পুং. [স্ত্রী+চিত্ত+হারিন্] শোভাঞ্জন, শজিনা; (ত্রি.) নারীমনোহারী।

স্ত্রীচিহ্ন, ন. [স্ত্রী+চিহ্ন] যোনি, ভগ; নারীলক্ষণ।

স্ত্রীচৌর, পুং. [স্ত্রী+চৌর] কামুক, লম্পট, রতহিণ্ডক; (ত্রি.) নারীহর্ত্তা।

স্ত্রীজিত, পুং. [স্ত্রী+জিত] স্ত্রীবশীভূত।

স্ত্রীতা, স্ত্রী. [স্ত্রী+ত-আ] স্ত্রীত্ব, যোষিদ্ভাব।

স্ত্রীত্ব, ন. [স্ত্রী+ত্ব] নারীত্ব; যোষিদ্ভাব।

স্ত্রীধন, ন.[স্ত্রী+ধন] স্ত্রীস্বত্বাস্পদীভূত ধন।

স্ত্রীধর্ম্ম, পুং; [স্ত্রী+ধর্ম্ম] ঋতু, তৎপর্য্যায়।-পুষ্প, আর্ত্তব, রজঃ।

স্ত্রীধর্ম্মিণী, স্ত্রী. [স্ত্রী+ধর্ম্মিন্-ঈ] ঋতুমতী

স্ত্রীধব, পুং· [স্ত্রী+ধব] পুরুষ।

স্ত্রীপর, পুং. [স্ত্রী+পর] বিড্জ, কামুক।

স্ত্রীপণ্যোপজীবী, পুং.[স্ত্রীপণ্য+উপজীবিন্] সম্ভোগার্থ অন্যকে স্ত্রীদিয়া অর্থগ্রহণোপজীবী

স্ত্রীপুংধর্ম্ম, পুং. [স্ত্রী+পুং+ধর্ম্ম] স্ত্রী ও পুরুষের ব্যবহার, অষ্টদশবিবাদপদান্তর্গত বিবাদবিশেষ।

স্ত্রীপুংসলক্ষণা, স্ত্রী. [স্ত্রী+পুংস+লক্ষণ-আ] স্ত্রী ও পুরুষের চিহ্নাদিযুক্তা নারী, তৎপর্য্যায়।—পোটা

স্ত্রীপুংসৌ, স্ত্রী. [স্ত্রী+পুংস+ঔ] স্ত্রী ও পুরুষের যুগ্ম,তৎপর্য্যায়।—মিথুন, দ্বন্দ্ব।

স্ত্রীপূর্ব্ব, পুং. [স্ত্রী+পূর্ব্ব] স্ত্রীজিত, স্ত্রীবশীভূত

স্ত্রীপ্রিয়, পুং [স্ত্রী+প্রিয়] আম্রবৃক্ষ; (ত্রি.)

স্ত্রীবশ, ন. [স্ত্রী+বশ] স্ত্রীরবশীভূত।

স্ত্রীবিধেয়, ত্রি. [স্ত্রী+বিধেয়] স্ত্রৈণ্য।

স্ত্রীবৃত, ত্রি. [স্ত্রী+বৃত] স্ত্রীসমভিব্যাহৃত।

স্ত্রীমুখপ, পুং. [স্ত্রী+মুখপ] দোহল।

স্ত্রীরঞ্জন, ন. [স্ত্রী+রঞ্জন] তাম্বূল, পান।

স্ত্রীরত্ন, ন. [স্ত্রী+রত্ন] উত্তমাস্ত্রী।

স্ত্রীরোগ, পুং, [স্ত্রী+রোগ] নারীদিগের আময়। [চিহ্ন।

স্ত্রীলিঙ্গ, ন, [স্ত্রী+লিঙ্গ] যোষিদ্বাচক; স্ত্রী-

স্ত্রীসংগ্রহণ, ন. [স্ত্রী+সংগ্রহণ] পরস্ত্রীহরণ।

স্ত্রীসংসর্গ, পুং. [স্ত্রী+সম্+সর্গ] মৈথুন, রমণ রতিক্রিয়া।

স্ত্রীসঙ্গ, পুং. [স্ত্রী+সঙ্গ] সম্ভোগ, মৈথুন।

স্ত্রীসম্বন্ধ, পুং. [স্ত্রী+সম্বন্ধ] বিবাহ।

স্ত্রীসভ, ন, [স্ত্রী+সভ] নারিদিগের সভা; নারীদিগের শীলতা।

স্ত্রীস্বভাব, পুং. [স্ত্রী+স্বভাব] মহল্লক; নারিদিগের শীল।

স্ত্রীহত্যা, স্ত্রী. [স্ত্রী+হত্যা] স্ত্রীনষ্টকারণ

স্ত্রীহরণ, ন. [স্ত্রী+হরণ] পরনারীহরণ।

স্ত্রীহারী, পুং. [স্ত্রী+হারিন্] বলপূর্ব্বক পরনারী হরণকর্ত্তা।

স্ত্রৈণ, ন. [স্ত্রী+ন] স্ত্রীস্বভাব; (ত্রি.) স্ত্রীসম্বন্ধীয়; স্ত্রীসমূহ।

স্ত্রৈণতা, স্ত্রী. [স্ত্রৈণ+ত-আ] নারীবশতা।

স্থ, ত্রি. [স্থা+অ] স্থল; স্থিত, বর্ত্তমান।

স্থকিত, (প্রা) নিবৃত্ত, নিবারিত।

স্থগ, ত্রি. [স্থগ+অ] ধূর্ত্ত, শঠ।

স্থগন, ন. [স্থগ+অন] অপবারণ।

স্থগিত, ত্রি. [স্থগ+ইত] তিরোহিত, তৎপর্য্যায়।—সংবীত, রুদ্ধ,আবৃত, সংবৃত পিহিত, ছন্ন, অপবারিত, অন্তর্হিত, তিরোধান।

স্থগী, স্ত্রী. [স্থগ+ঈ] তাম্বূলপাত্র, পানের বাটা, তাম্বূলকরঙ্ক।

স্থগু, ন. [স্থগ+উ] গড়ু, কুজ। [ভূমি।

স্থণ্ডিল, ন. [স্থণ্ডিল+অ] চত্বর, যাগার্থ প্রস্তুত

স্থণ্ডিলশায়ী, পুং. [স্থণ্ডিল+শায়িন্] যিনিব্রতবশহেতু স্থণ্ডিলে শয়ন করেন, তৎপর্য্যায়।—স্থাণ্ডিল, স্থণ্ডিলেশয়।

স্থণ্ডিলসিতক, ন. [স্থণ্ডিল+সিতক] বেদি, পরিষ্কৃতাভূমি।
স্থণ্ডিলেশয়, পুং. [স্থণ্ডিলে+শয়] স্থণ্ডিলশায়ী।
স্থপতি, পুং. [স্থ+পতি] গীষ্পতীষ্টি যজ্বা, বৃহস্পতি সবন নামক যাগকর্ত্তা; কারু, শিল্পী, থই; কঞ্চুকী, রাজ; কুবের; অধীশ; (ত্রি.) সত্তম।
স্থপুট, ত্রি. [স্থ+পুট] বিষমসঞ্চারজীবী; বিষমোন্নত।
স্থবি, পুং. [স্থা+ঈ] তন্তুবায়; তাঁতি; স্বর্গ; জঙ্গম
স্থবির, ন. [স্থা+ইর] শৈলেয়; (পুং.) ব্রহ্মা; (ত্রি.) বৃদ্ধ; অচল।
স্থবিরা, স্ত্রী. [স্থবির+আ] মহাশ্রাবণী; বৃদ্ধা।
স্থবিষ্ঠ, ত্রি. [স্থূল+ইষ্ঠ] অতিশয় স্থূল।
স্থল, ন. [স্থল+অ] বস্ত্রগৃহ, তাঁবু; (ন. স্ত্রী.) জলশূন্য, কৃত্রিমাকৃত্রিম ভূভাগ, তৎপর্য্যায়।—স্থলী।
স্থলকন্দ, পুং. [স্থল+কন্দ] অগ্রাম্য কন্দ, বনওল।
স্থলকমল, ন. [স্থল+কমল] স্থলপদ্ম, তৎপর্য্যায়।—পদ্মচারিণী, অতিচরা, ব্যথা, পদ্মা, চারটী।
স্থলকুমুদ, ন. [স্থল+কুমুদ] করবীর।
স্থলচর, ত্রি. [স্থল+চর] ভূচর; ভূমিস্থ।
স্থলপদ্ম, ন. [স্থল+পদ্ম] স্বনাম খ্যাত পুষ্পবিশেষ, তৎপর্য্যায়।—ছত্রপত্র, তমালক, ইহা চতুর্ব্বিধ যথা।—নেপালী, গুলাব, বকুল, কদম্ব; (পুং.) মানক, মানকচু।
স্থলপদ্মিনী, স্ত্রী. [স্থল+পদ্মিনী] স্থলপদ্ম, (হিং)বেটভামর, তৎপর্য্যায়।—পদ্মাহ্বা, চারটী, পদ্মচারিণী, সুগন্ধমূলা, অম্বুরুহা, লক্ষ্মী, শ্রেষ্ঠা, সুপুষ্করা, রম্যা, পদ্মাবতী, অতিচরা, স্থলরুহা, পুষ্করিণী, পুষ্করপর্ণিকা, পুষ্করনাড়ী।
স্থলবিগ্রহ, পুং. [স্থল+বিগ্রহ] যুদ্ধবিশেষ।
স্থলমঞ্জরী, স্ত্রী. [স্থল+মঞ্জরী] অপামার্গ।
স্থলশৃঙ্গাট, পুং. [স্থল+শৃঙ্গাট] গোক্ষুরক।
স্থলশৃঙ্গাটক, পুং. [স্থল+শৃঙ্গাটক] গোক্ষুরক।
স্থলসীমা, পুং. [স্থল+সীমন্] স্থণ্ডিল, চত্বর।
স্থলা, স্ত্রী. [স্থল+আ] জলশূন্যাকৃত্রিমভূমি।
স্থলী, স্ত্রী. [স্থল+ঈ] জলশূন্য অকৃত্রিম ভূমি।
স্থলীদেবতা, স্ত্রী. [স্থলী+দেবতা] গ্রাম্য দেবতা।
স্থলেরুহা, স্ত্রী. [স্থলে+রুহা] গৃহকুমারী, দগ্ধবৃক্ষ; স্থলজাত।
স্থলেশয়, পুং. [স্থলে+শয়] ক্রোড়, রুরু, কুরঙ্গাদি; (ত্রি.) স্থলশায়িনী।
স্থাণু, পুং. [স্থা+নু] শিব, মহাদেব; (পুং.ন.) শাখাশূন্যবৃক্ষ, মুড়াগাছ, তৎপর্য্যায়।—ধ্রুব, শঙ্কু, অশাখবৃক্ষ; অস্ত্রবিশেষ; (ত্রি.) স্থির।
স্থাণুতীর্থ, ন. [স্থাণু+তীর্থ] তীর্থবিশেষ।
স্থাণ্ডিল, পুং. [স্থণ্ডিল+অ] স্থণ্ডিলশায়ী।
স্থাণ্বীশ্বর, পুং. [স্থাণু+ঈশ্বর] শিবলিঙ্গবিশেষ।
স্থাতব্য, ত্রি. [স্থা+তব্য] স্থেয়, স্থানীয়।
স্থাতা, পুং. [স্থা+তৃ] স্থিতিকর্ত্তা; স্থিরীকারক।
স্থান, ন. [স্থা+অন] নীতিবেদিদিগের ত্রিবর্গান্তর্গত বর্গবিশেষ; সাদৃশ্য; অবকাশ, স্থিতি; সন্নিবেশ; বসতি; গ্রন্থসন্ধি; ভাজন, পাত্র; নিকট।
স্থানক, ন. [স্থান+ক] আলবাল, আলি; নগর; ফেণ।
স্থানচঞ্চলা, স্ত্রী. [স্থান+চঞ্চল-আ] বর্ব্বরীবৃক্ষ।
স্থানচ্যুত, ত্রি. [স্থান+চ্যুত] স্থানভ্রষ্ট।
স্থানপাল, পুং. [স্থান+পাল] স্থানরক্ষক।
স্থানভ্রষ্ট, ত্রি. [স্থান+ভ্রষ্ট] পদচ্যুত।
স্থানাধ্যক্ষ, পুং. [স্থান+অধ্যক্ষ] স্থানরক্ষক, স্থানিক। [রক্ষক।
স্থানিক, পুং. [স্থান+ইক] স্থানাধ্যক্ষ, স্থান-
স্থানী, ত্রি. [স্থান+ইন্] স্থানবিশিষ্ট।
স্থানীয়, ন. [স্থা+অনীয়] নগর; (ত্রি.)

স্থানে, বা. যোগ্য; কারণার্থ; সাদৃশ্য; সত্য।

স্থাপক, ত্রি, [স্থা+ই+অক] স্থাপনকর্ত্তা।

স্থাপত্য, পুং. [স্থ+পতি+য] অন্তঃপুর-রক্ষক; (ন.) স্থপতিরভাব।

স্থাপন, ন. [স্থা+ই+অন] রোপণ; পুংসবন; সমাধি।

স্থাপনা, স্ত্রী. [স্থাপন+আ] স্থাপন, নিবেশন।

স্থাপনী, স্ত্রী. [স্থাপন+ঈ] পাঠা।

স্থাপনীয়. ত্রি. [স্থা+ই+অনীয়] স্থাপনার্হ, স্থাপনেরযোগ্য।

স্থাপয়িতা, ত্রি. [স্থাপ+তৃ] স্থাপনকর্ত্তা।

স্থাপিত, ত্রি. [স্থা+ইত] নিশ্চিত; ন্যস্ত।

স্থাপ্য, ত্রি. [স্থা+ই-য] স্থাপনীয়, রক্ষণীয়।

স্থাবর, ন. [স্থা+বর] ধনুর্গুণ; (পুং.) পর্ব্বত; (ত্রি.) জঙ্গমেতর অচলবস্তু; গোমহিষ্যাদির অস্য বৃক্ষাদি

স্থাবরাদি, ন. [স্থাবর+আদি] বৎসনাভবিষ।

স্থাবির, ন. [স্থবির+অ] স্থবিরত্ব, বৃদ্ধত্ব।

স্থাম, ন. [স্থা+মন্] সামর্থ, শক্তি, বল।

স্থায়িত্ব. ন. [স্থায়িন্+ত্ব] স্থিরীভাব; স্থিতিশীলতা।

স্থায়িভাব, পুং. [স্থায়িন্+ভাব] রসের ত্রিবিধভাবান্তর্গত ভাববিশেষ।

স্থায়ী. পুং. [স্থা+ইন্] ভাববিশেষ; (ত্রি) স্থিতিবিশিষ্ট।

স্থায়ুক, পুং. [স্থা+উক] একগ্রামাধিকৃত, একগ্রামে নিয়োজিত।

স্থাল, ন. [স্থল+অ] হেমাদিকৃত ভোজনপাত্র, থাল।

স্থালী, স্ত্রী. [স্থল্+অ-ঈ] পাকপাত্রবিশেষ, হাঁড়ী, থালা, তৎপর্য্যায়।—পিঠর, উখা, কুণ্ড, পিঠরী, স্থাল, উষা, কুণ্ডী, কুণ্ড, কুণ্ডাক, পাক, পাতিলী; পাটলাবৃক্ষ।

স্থালীপক্ব, ত্রি. [স্থালী+পক্ব] স্থালীদ্বার, পক্ব অন্নাদি।

স্থালীপাক, পুং. [স্থালী+পাক] ভাজনপক্ব অন্নাদি।

স্থালীপুলাক, পুং. [স্থালী+পুলাক] ন্যায়

স্থালীবিল, ন. [স্থালী+বিল] পাকপাত্রের অভ্যন্তর, স্থালীর শূন্যভাগ।

স্থালীবিলীয়, ত্রি. [স্থালী+বিলীয়] পাকযোগ্য তণ্ডুলাদি।

স্থালীবৃক্ষ, পুং. [স্থালী+বৃক্ষ] তরুবিশেষ, (হিং) বেলিয়া পীপর, তৎপর্য্যায়।—নন্দীবৃক্ষ, অশ্বত্থভেদ, প্ররোহী, গজপাদপ, ক্ষয়তরু, ক্ষীরী, বনস্পতি।

স্থাসক, পুং. [স্থা+স-ক] চার্চ্চিক্য; জলাদির

স্থাস্নু, ন. [স্থা+স্নু] শারীরবল।

স্থাস্নু, ত্রি. [স্থা+স্নু] স্থিরতর; শাশ্বত; বৃক্ষ।

স্থিক, পুং. [স্থা+ইক] কটিপ্রোথ।

স্থিত, ত্রি. [স্থা+ইত] প্রতিজ্ঞাতবান্; ঊর্দ্ধ; নিশ্চল।

স্থিতপ্রজ্ঞ, ত্রি. [স্থিত+প্রজ্ঞ] মনোগত সর্ব্ববাসনারহিত।

স্থিতপ্রেমা, পুং. [স্থিত+প্রেমন্] স্থিরতরবন্ধু।

স্থিতি, স্ত্রী. [স্থা+তি] ন্যায়্যপথ স্থিতি, তৎপর্য্যায়।—সংস্থা, মর্য্যাদা, ধারণা, সংস্থিতি; অবস্থান, তৎপর্য্যায়।—আস্যা আসনা; সীমা।

স্থির, ন. [স্থা+ইর] দেব; পর্ব্বত; কার্ত্তিকেয়; বৃক্ষ; শনি; মোক্ষ; অনড্বান্, বৃষ; ধবৃক্ষ; বৃষ সিংহ বৃশ্চিক কুম্ভরাশি; (ত্রি.) কঠিন; নিশ্চল। স্থিরবস্তু যথা।—যুদ্ধে প্রধানভট, সাধ্বী, ধর্ম্ম, অধর্ম্ম, সম্মান, কীর্ত্তি, যশঃ। অস্থির বস্তু যথা।—অবলা, দোলা, অপাঙ্গ, যৌবন, দুর্জ্জন, স্বামিপ্রসাদ, হস্তিকর্ণ, স্বর্ণ, মৎস্য, কপি, শ্রীঃ, অভ্রচ্ছায়া, খলের সহিত প্রীতি, পরনারী সঙ্গ, জীবন, ধন, পুত্র, দার।

স্থিরগন্ধ, পুং. [স্থির+গন্ধ] চম্পকবৃক্ষ; (ত্রি.) স্থিরস্থায়ী সৌরভযুক্ত।

স্থিরগন্ধা, স্ত্রী. [স্থির+গন্ধা] পাটলাবৃক্ষ; কেতকী, কেয়াগাছ

স্থিরচক্র, পুং. [স্থির+চক্র] জিনবিশেষ, তৎপর্য্যায়।—মঞ্জুশ্রী, জ্ঞানদর্পণ, মঞ্জুভদ্র,

প্রজ্ঞাকায়, বাদিরাট্, নীলোৎপলী, মহারাজ, নীল, শার্দ্দূলবাহন, ধিয়াম্পতি, পূর্ব্বাজিন, খড়্গী, দণ্ডী, বিভূষণ, বালব্রত, পঞ্চচীর, সিংহকেলি, শিখাধর, বাগীশ্বর।

স্থিরচেতা, ত্রি. [স্থির+চেতস্] স্থিরচিত্ত।

স্থিরচ্ছদ, পুং. [স্থির+ছদ] ভূর্জ্জপত্র।

স্থিরচ্ছায়, পুং. [স্থির+ছায়া] বৃক্ষমাত্র, ছায়াতরু।

স্থিরজিহ্ব, পুং, [স্থির+জিহ্বা] মৎস্য।

স্থিরজীবিতা, স্ত্রী. [স্থির+জীবিত-আ] শাল্মলীবৃক্ষ।

স্থিরতর, ত্রি. [স্থির+তর] অতিশয়স্থির, তৎপর্য্যায়।—স্থাস্নু, স্থেয়ান, দৃঢ়তর, স্থেয়, অতিস্থির, স্থেষ্ঠ।

স্থিরদংষ্ট্র, পুং. [স্থির+দংষ্ট্রা] ভুজঙ্গ; বরাহাকৃতি বিষ্ণু; ধ্বনি।

স্থিরপত্র, পুং. [স্থির+পত্র] হিন্তাল, হেতালি।

স্থিরপুষ্প, পুং. [স্থির+পুষ্প] চম্পকবৃক্ষ; বকুল। [বৃক্ষ।

স্থিরপুষ্পী, পুং. [স্থির+পুষ্পী] তিলক-

স্থিরফলা, স্ত্রী. [স্থির+ফলা] কুষ্মাণ্ডী।

স্থিরমতি, স্ত্রী. [স্থির+মতি] নিশ্চলা বুদ্ধি; (ত্রি.) স্থিরবুদ্ধিযুক্ত।

স্থিরযোনি, পুং. [স্থির+যোনি] ছায়াতরু।

স্থিরযৌবন, পুং. [স্থির+যৌবন] বিদ্যাধর; (ত্রি.) চিরস্থায়িতরুণাবস্থা।

স্থিররঙ্গা, স্ত্রী. [স্থির+রঙ্গ-আ] নীলী, নীলগাছ।

স্থিররাগা, স্ত্রী. [স্থির+রাগ-আ] দারুহরিদ্রা।

স্থিরশ্রীঃ, ত্রি. [স্থির+শ্রী] স্থিরলক্ষ্মীযুক্ত।

স্থিরসাধনক, পুং. [স্থির+সাধনক] সিন্দুবার বৃক্ষ।

স্থিরসার, পুং. [স্থির+সার] শাকবৃক্ষ।

স্থিরা, স্ত্রী. [স্থির+আ] পৃথিবী; শালপর্ণী; কাকোলী; শাল্মলিবৃক্ষ; স্থৈর্য্যযুক্তাস্ত্রী।

স্থিরাংঘ্রিপ, পুং. [স্থির+অংঘ্রিপ] হিন্তালবৃক্ষ।

স্থিরায়ুঃ, পুং. [স্থির+আয়ুস্] শাল্মলিবৃক্ষ;

স্থুরী, পুং. [স্থুর+ইন্] স্থৌরী।

স্থূণা, স্ত্রী. [স্থূণ+আ] গৃহস্তম্ভ, খুঁটী; শূর্ম্মী, লৌহপ্রতিমা।

স্থূম, পুং. [স্থূম+অ] দীপ্তি, প্রকাশ; চন্দ্র।

স্থূর, পুং. [স্থা+উর] বৃষ, ষাঁড়; মনুষ্য।

স্থূরী, পুং. [স্থূর+ইন্] খরবৃষভেরন্যায় পৃষ্ঠদ্বারা ভারবাহক অশ্ব।

স্থূল, ত্রি. [স্থূল+অ] উপচিত অবয়ব, মোটা তৎপর্য্যায়।—পীন, পীব, পীবর, জড়; (ন.) কূট, সমূহ; (পুং.) পনস, কাঁটাল।

স্থূলক, পুং. [স্থূল+ক] তৃণবিশেষ, উলু; (ত্রি.) স্থূল, মোটা।

স্থূলকঙ্গু, পুং. [স্থূল+কঙ্গু] বরকধান্য।

স্থূলকণা, স্ত্রী. [স্থূল+কণা] স্থূলজীরক, মোটাজীরা।

স্থূলকণ্টক, পুং. [স্থূল+কণ্টক] জালবর্ব্বূর।

স্থূলকণ্টকিকা, স্ত্রী. [স্থূল+কণ্টক+ইক-আ] শাল্মলিবৃক্ষ। [কারী

স্থূলকণ্টা, স্ত্রী. [স্থূল+কণ্ট-আ] বৃহতী, কণ্ট-

স্থূলকণ্টিকা, স্ত্রী. [স্থূল+কণ্টিকা] শাল্মলিবৃক্ষ

স্থূলকন্দ, পুং. [স্থূল+কন্দ] রক্তলশুন; শূরণ ওল; হস্তিকন্দ; মাণকন্দ।

স্থূলকাষ্ঠধক্, পুং. [স্থূল+কাষ্ঠ+ধহ্] বৃহৎ কাষ্ঠাগ্নি, তৎপর্য্যায়।—স্কন্ধানল।

স্থূলকাষ্ঠাগ্নি, পুং. [স্থূল+কাষ্ঠ+অগ্নি] বৃহৎ কাষ্ঠানল, তৎপর্য্যায়।—স্কন্ধাগ্নি।

স্থূলচঞ্চু, পুং. [স্থূল+চঞ্চু] মহাচঞ্চুশাক।

স্থূলচাপ, পুং. [স্থূল+চাপ] তুলপরিষ্কারার্থধনুঃ, তুলচাপ, ধুনখারা।

স্থূলজীরক, পুং. [স্থূল+জীরক] জীরকবিশেষ কালজিরা, (হিং) নগরেলা, তৎপর্য্যায় কলোঞ্জী, দিব্যা, উপকুঞ্চিকা, কাল পৃথ্বী, স্থূলকণা, পৃথু, মনোজ্ঞা, জারণী জীর্ণা, তরুণ, সুষবী, কারবী, পৃথ্বীকা।

স্থূলতা, স্ত্রী. [স্থূল+তা] স্থৈল্য ঘনতা; নির্ব্বো (ন.) স্থূলত্ব।

স্থূলতাল, পুং. [স্থূল+তাল] হিন্তাল, হেতালি। [পর্ণী

স্থূলত্বচা, স্ত্রী. [স্থূল+ত্বচ-আ] কাশ্মরী গং

স্থূলদর্ভ, পুং. [স্থূল+দর্ভ] মুঞ্জ, কুশ।
স্থূলদলা, স্ত্রী. [স্থূল+দল-আ] গৃহকন্যা।
স্থূলনাল, পুং. [স্থূল+নাল] দেবনল।
স্থূলনাস, পুং. [স্থূল+নাস] শূকর, বরাহ।
স্থূলনাসিক, পুং. [স্থূল+নাসিকা] শূকর. বরাহ; (ত্রি.) পীননাসাযুক্ত।
স্থূলপট, পুং. [স্থূল+পট] পীবরবস্ত্রযুক্ত।
স্থূলপট্ট, পুং. [স্থূল+পট্ট] কার্পাস, কাবাস।
স্থূলপট্টাক, পুং. [স্থূল+পট্টাক] স্থূলবস্ত্র।
স্থূলপাদ, পুং. [স্থূল+পাদ] হস্তী।
স্থূলপুষ্প, পুং. [স্থূল+পুষ্প] বকবৃক্ষ; ঝণ্টুক্ষুপ।
স্থূলপুষ্পা, স্ত্রী. [স্থূল+পুষ্প-আ] পর্ব্বতজাত অপরাজিতা। [তিক্তা।
স্থূলপুষ্পী, স্ত্রী. [স্থূল+পুষ্প-ঈ] যব-
স্থূলফল, পুং. [স্থূল+ফল] শাল্মলিবৃক্ষ।
স্থূলফলা, স্ত্রী. [স্থূল+ফল-আ] শণপুষ্পী।
স্থূলবর্ম্মকৃৎ, পুং. [স্থূল+বর্ম্ম+কৃৎ] ব্রাহ্মণযষ্টিকা, বামনহাটীগাছ।
স্থূলবল্কল, পুং. [স্থূল+বল্কল] রক্তলোধ্র।
স্থূলবুদ্ধি, ত্রি. [স্থূল+বুদ্ধি] নির্ব্বোধ।
স্থূলবৃক্ষফল, পুং. [স্থূল+বৃক্ষ+ফল] স্নিগ্ধপিণ্ডীতক।
স্থূলবৈদেহী, স্ত্রী. [স্থূল+বৈদেহী] গজপিপ্পলী গজপিঁপুল। [জৈনবিশেষ।
স্থূলভদ্র, পুং. [স্থূল+ভদ্র] শ্রুতকেবলিনাম
স্থূলভূত, ন. [স্থূল+ভূত] পঞ্চীকৃতআকাশাদিভূত। [ফল।
স্থূলমরিচ. ন. [স্থূল+মরিচ] কক্কোলক, কোশ
স্থূলমূল, ন. [স্থূল+মূল] চাণক্যমূল।
স্থূললক্ষ, ত্রি. [স্থূল+লক্ষ] বহুপ্রদ, অতিশয় দাতা। [দাতা।
স্থূললক্ষ্য, ত্রি. [স্থূল+লক্ষ্য] বহুপ্রদ, বড়-
স্থূলশর, পুং. [স্থূল+শর] শরবিশেষ, মোটাশর, তৎপর্য্যায়।—মহাশর, স্থূলশায়ক, ইক্ষুরস, ক্ষুরপত্র, বহুমূল, দীর্ঘমূলক।
স্থূলশরীর, ন. [স্থূল+শরীর] ভৌতিক শরীর।
স্থূলশাটক, পুং. [স্থূল+শাটক] পীনবস্ত্র, মোটাকাপড়, তৎপর্য্যায়।—বরাসি,
স্থূলশাটিকা, স্ত্রী. [স্থূল+শাটক-আ] স্থূলবস্ত্র, বরাশি মোটাকাপড়।
স্থূলশাটিকা, স্ত্রী. [স্থূল+শাটিকা] স্থূলবস্ত্র, বরাশি, মোটাকাপড।
স্থূলশাটি, পুং. [স্থূল+শাটি] বরাশি, মোটাকাপড়।
স্থূলশালি, পুং. [স্থূল+শালি] শালিধান্যবিশেষ, তৎপর্য্যায়।—মহাশালি, স্থূলাঙ্গ স্থূলতণ্ডুল।
স্থূলশিরঃ, ন, [স্থূল+শিরস্] বৃহন্মস্তক; (ত্রি.) বৃহন্মস্তকযুক্ত।
স্থূলশীর্ষক, পুং, [স্থূল+শীর্ষক] বৃহৎকৃষ্ণপিপীলিকা।
স্থূলশীর্ষিকা, স্ত্রী. [স্থূল+শীর্ষিক-আ] ক্ষুদ্রপিপীলিকা; (ত্রি.) বৃহন্মস্তক।
স্থূলষট্পদ, পুং. [স্থূল+ষট্পদ] বরেল, বোল্তা।
স্থূলস্কন্ধ, পুং. [স্থূল+স্কন্ধ] লকুচ, ডেও।
স্থূলহস্ত, ন. [স্থূল+হস্ত] হস্তিশুণ্ড, হাতির শুঁড়; (ত্রি.) পীনভুজ।
স্থূলক্ষেড়, পুং. [স্থূল+ক্ষেড়] বাণ, ইষু।
স্থূলা, স্ত্রী. [স্থূল+আ] গজপিপ্পলী, গজপিঁপুল; এর্ব্বারু; বৃহদেলা।
স্থূলাংশা, স্ত্রী. [স্থূল+অংশ-আ] গন্ধপত্রা।
স্থূলাম্র, পুং. [স্থূল+আম্র] মহারাজচূত।
স্থূলাস্য, পুং. [স্থূল+আস্য] সর্প; (ত্রি.) বৃহন্মুখ।
স্থূলী, পুং. [স্থূল+ইন্] উষ্ট্র, উট।
স্থূলৈরণ্ড, পুং. [স্থূল+এরণ্ড] বৃহৎএরণ্ডবৃক্ষ, তৎপর্য্যায়।—মহৈরণ্ড, মহাপঞ্চাঙ্গুল।
স্থূলৈলা. স্ত্রী. [স্থূল+এলা] এলাবিশেষ, বড়-এলাচি, তৎপর্য্যায়।—বৃহদেলা, ত্রিপুটা ত্রিদিবোদ্ভবা. সুরভীত্বক্, মহেলা, পৃথ্বী, কন্যা, কুমারিকা, কায়স্থা, গোপুটা, ভদ্রৈলা, কান্তা, ঘৃতাচীগর্ভসম্ভবা, ইন্দ্রাণী, দিব্যগন্ধা, ঐন্দ্রী।
স্থূলোচ্চয়, পুং. [স্থূল+উচ্চয়] গণ্ডোপল; হস্তিদিগের মধ্যমগতি; অসাকল্য;

স্থেয়, পুং, [স্থা+য] বিবাদপক্ষের নির্ণেতা; পুরোহিত; (ত্রি.) স্থিরতর।

স্থেয়ান্, ত্রি. [স্থির+ইয়স্] স্থিরতর; শাশ্বত, নিত্য।

স্থেষ্ঠ, ত্রি. [স্থির+ইষ্ঠ] অতিস্থির।

স্থৈর্য্য, ন. [স্থির+য] স্থিরত্ব, স্থিরতা।

স্থোরী, পুং. [স্থা+উরিন্] ভারবাহকঅশ্ব।

স্থৌণেয়, ন. [স্থূণা+এয়] গ্রন্থিপর্ণনামক গন্ধদ্রব্য, গাঁঠিয়ালা।

স্থৌণেয়ক, ন. [স্থৌণেয়+ক] সুগন্ধদ্রব্যবিশেষ, (হিং) থুনিয়া,তৎপর্য্যায়।—বর্হিশিখ, শুকচ্ছদ, ময়ূরচূড, শুকপুচ্ছক, বিকীর্ণরোম, কীরবর্ণক, বিকীর্ণসংজ্ঞ, হরিত।

স্থৌরী, পুং. [স্থা+উরিন্] খর বৃষভেরন্যায় পৃষ্ঠদ্বারা ভারবাহক অশ্ব, পৃষ্ঠ্য।

স্থৌলশীর্ষ, ত্রি.[স্থূলশীর্ষ+অ]বৃহৎমস্তকযুক্ত।

স্থৌল্য, ত্রি. [স্থূল+য] স্থূলতা, পীনতা।

স্নপন, ন. [স্না+অন] স্নান, অবগাহন।

স্নপিত, ত্রি. [স্না+ইত] কৃতস্নান, স্নানকরা।

স্নব, পুং. [স্নু+অ] স্রবণ, ক্ষরণ।

স্নসা, স্ত্রী. [স্নস+আ] স্নায়ু।

স্নাত, ত্রি. [স্না+ত] কৃতস্নাত, স্নানকরা।

স্নাতক, পুং. [স্নাত+ক] আপ্লুতব্রতী, সমাবর্ত্তনানন্তর গৃহস্থ।

স্নান, ন, [স্না+অন] মজ্জন, অবগাহন, তৎপর্য্যায়।—আপ্লাব, আপ্লব, অভিষেক, উপস্পর্শন, সবন, সর্জন।

স্নানকুণ্ড, ন. [স্নান+কুণ্ড] স্নানপাত্র।

স্নানতৃণ, ন. [স্নান+তৃণ] কুশ, কুশা।

স্নানযাত্রা, স্ত্রী. [স্নান+যাত্রা] জ্যৈষ্ঠপৌর্ণমাসীতে বিষ্ণুরমহাস্নানরূপ উৎসব।

স্নানীয়, ত্রি. [স্না+অনীয়] স্নানযোগ্য; স্নানসম্পাদকদ্রব্য।

স্নাপিত, ত্রি. [স্নাপ+ইত] অবগাহিত, মজ্জিত।

স্নাব, পুং. [স্নাব+অ] স্নায়ু।

স্নায়ী, ত্রি. [স্নায়+ইন্] স্নানকর্ত্তা।

স্নায়ু, স্ত্রী. [স্না+যু] বায়ুবাহিনীনাড়ী, স্নেহর, তৎপর্য্যায়।—বস্নসা, স্নসা, নসা।

স্নাযুর্ম, ন. [স্নায়ু+অর্ম্মন্] নেত্ররোগবিশেষ

স্নিগ্ধ, পুং. [স্নিহ্+ত] বয়সা,প্রিয়; রক্তএরণ্ড সরলবৃক্ষ; (ত্রি.) স্নেহযুক্ত, অরূক্ষ তৎপর্য্যায়।—চিক্কণ; মসৃণ, অরূক্ষ চিক্ক, চক্কণ; শিকৃথক; চিক্কণ।

স্নিগ্ধতণ্ডুল, পুং. [স্নিগ্ধ+তণ্ডুল] ষষ্টিশালি ষাটিধান

স্নিগ্ধতা, স্ত্রী. [স্নিগ্ধ+ত-অ] প্রিয়তা; প্রিয়

স্নিগ্ধদারু, পুং. [স্নিগ্ধ+দারু] সরলবৃক্ষ দেবদারু।

স্নিগ্ধপত্রক, পুং [স্নিগ্ধ+পত্রক] গঞ্জরতৃণ ঘৃতকরঞ্জ; গুচ্ছকরঞ্জ।

স্নিগ্ধপত্রা, স্ত্রী. পুং. [স্নিগ্ধ+পত্র-আ] বদরী পালক্য; কাশ্মরী।

স্নিগ্ধপিণ্ডীতক, পুং. [স্নিগ্ধ+পিণ্ডীতক] মদনবৃক্ষবিশেষ।

স্নিগ্ধফলা, স্ত্রী. [স্নিগ্ধ+ফল-আ] নাকুলী

স্নিগ্ধা, স্ত্রী. [স্নিগ্ধ+অ] মেদা।

স্নু, পুং. [স্না+উ] সানু, পর্ব্বতেরসমান ভূভাগ; (স্ত্রী.) স্নায়ু, বায়ুবাহিনীনাড়ী।

স্নুক্, স্ত্রী. [স্নুহ+কিপ্] সুহীবৃক্ষ, সিজগাছ।

স্নুক্ছদ, পুং. [স্নুক্+ছদ] ক্ষারকঞ্চুকীবৃক্ষ।

স্নুত, ত্রি. [স্নু+ত] ক্ষরিতজলাদ।

স্নুষা, স্ত্রী. [স্নু+স-আ] পুত্রবধূ; স্নুহীবৃক্ষ।

স্নুহা, স্ত্রী. [স্নুহ+আ] স্নুহীবৃক্ষ, সিজগাছ।

স্নুহি, স্ত্রী. [স্নুহ+ই] স্নুহা, মনসাসিজ।

স্নুহী, স্ত্রী. [স্নুহ+ঈ] বৃক্ষবিশেষ, মনসাসিজ, তৎপর্য্যায়।—সীহুণ্ড, বজ্রদ্রু, স্নুক্গুড়া, সমন্তদুগ্ধা, সিহুণ্ড, শীহুণ্ড, বজ্র, স্নুহা, স্নুহি, গুড়া, গুড়, বজ্রা, সুধা, বজ্রকণ্টক, কৃষ্ণসার

স্নেহ, পুং. [স্নিহ+অ] প্রেম; তৈলাদিরসবিশেষ; গুণবিশেষ।

স্নেহন, ন. [স্নিহ্+অন] তৈলমর্দ্দন, তৎপর্য্যায়।—স্নেহ, স্নিগ্ধতা, ম্রক্ষণ, ম্রক্ষ, অভ্যঞ্জ, অভ্যঞ্জন।

স্নেহপ্রিয়, পুং. [স্নেহ+প্রিয়] প্রদীপ; (ত্রি.) তৈলাদিপ্রিয়।

স্নেহবতী, স্ত্রী. [স্নেহ+বৎ+ঈ] মেদা; [illegible]

স্নেহবস্তি, স্ত্রী. [স্নেহ+বস্তি] অনুবাসনবস্তি তৈলপিচ্‌কিরী।

স্নেহবিদ্ধ, ন. [স্নেহ+বিদ্ধ] দেবদারু।

স্নেহবীজ, পুং. [স্নেহ+বীজ] পিয়ালবৃক্ষ; (ত্রি.) স্নেহকারণ।

স্নেহভূ, পুং. [স্নেহ+ভূ] শ্লেষ্মা, কফ, (ত্রি.) স্নিগ্ধভূমি।

স্নেহরঙ্গ, পুং. [স্নেহ+রঙ্গ] তিল।

স্নেহা, পুং. [স্নিহ + অন্] রোগবিশেষ; বন্ধু; চন্দ্র।

স্নেহান্বিত, ত্রি. [স্নেহ+অন্বিত] স্নেহযুক্ত।

স্নেহাশ, পুং. [স্নেহ+অশ] প্রদীপ ; (বাং) চেরাক।

স্নেহিত, পুং. [স্নেহ্+ইত] বন্ধু; (ত্রি.) স্নেহযুক্ত।

স্নেহী, পুং. [স্নেহ্+ইন্] বয়সা, প্রিয়; চিত্রকর; (ত্রি.) স্নেহযুক্ত।

স্নেহু, পুং. [স্নিহ+উ] রোগবিশেষ; চন্দ্র।

স্পন্দ, পুং. [স্পন্দ্+অ] প্রস্ফুরণ, ঈষৎ কম্পন।

স্পন্দন, ন. [স্পন্দ্+অন্] প্রস্ফুরণ, ঈষৎ কম্পন।

স্পন্দিত, ত্রি, [স্পন্দ+ইত] কম্পিত, চালিত।

স্পরিতা, ত্রি. [স্পৃ+তৃ] দুঃখেরকারণ, শত্রু-দুর্জ্জন ও রোগাদি। [ছোঁয়া।

স্পরিশ, পুং. [স্পৃশ্+অ] স্পর্শন, বায়ু;

স্পর্দ্ধা, স্ত্রী. [স্পৃধ্+অ-আ] সংহর্ষ; ক্রমে, উন্নতি; সাম্য

স্পর্দ্ধিত,ত্রি.[স্পৃধ+ইত]সংহর্ষিত,আস্পর্দ্ধা।

স্পর্শ, পুং. [স্পৃশ+অ] রুজা, রোগ; দান; স্পর্শন; স্পর্শক; সম্পরায়; প্রণিধি; উপতপ্তা; বর্গেরঅক্ষর; বায়ু; কামিদিগের বন্ধবিশেষ; ককারাদিবর্গপঞ্চক; ত্বক্‌ইন্দ্রিয়ের গ্রাহ্যগুণবিশেষ, ত্বগুপকার; পুরাণমতে একাদশবিধস্পর্শ যথা।—উষ্ণ, শীত, সুখ, দুঃখ, স্নিগ্ধ, বিশদ, খর, মৃদু, শ্লক্ষ্ণ, লঘু, গুরু; কঠিন।

স্পর্শক, ত্রি. [স্পৃশ+অক] স্পর্শনকর্ত্তা।

স্পর্শন, ন. [স্পৃশ্+অন] দান; স্পর্শ,

স্পর্শনীয়, ত্রি. [স্পৃশ্+অনীয়] স্পৃশ্যবস্তু।

স্পর্শবর্ণ, ন. [স্পর্শ + বর্ণ] ব্যঞ্জনের মধ্যে শ ষ স হ এইচারি বর্ণ।

স্পর্শমণি, পুং. [স্পর্শ+মণি] স্পর্শমাত্রে স্বর্ণজনক প্রস্তরবিশেষ, পরশপাতর।

স্পর্শমণিপ্রভব, ন. [স্পর্শমণি + প্রভব] স্বর্ণ সোণা।

স্পর্শলজ্জা; স্ত্রী. [স্পর্শ+লজ্জা] লজ্জালু বৃক্ষ।

স্পর্শশুদ্ধা, স্ত্রী. [স্পর্শ+শুদ্ধ-আ] শতমূলীলতা।

স্পর্শস্যন্দ,পুং. [স্পর্শ+স্যন্দ] ভেক, ব্যাং।

স্পর্শা, স্ত্রী. [স্পৃশ+অ-আ] কুলটা, বেশ্যা।

স্পর্শানন্দা, স্ত্রী. [স্পর্শ+আনন্দ-আ] অপ্সরস, অপ্সরাঃ, স্বর্গবেশ্যা।

স্পর্শী, পুং. [স্পর্শ+ইন্] চর, গূঢ়পুরুষ।

স্পর্ষ্টা, পুং. [স্পৃশ্+তৃ] উপতাপমাত্র; রোগ।

স্পশ, পুং. [স্পশ্+অ] চর; অভিসর।

স্পষ্ট, ত্রি. [স্পশ্+ত] ব্যক্ত, তৎপর্য্যায়।—স্ফুট, প্রব্যক্ত, উল্বণ, উদ্রিক্ত, প্রকট।

স্পষ্টীকৃত, ত্রি. [স্পষ্ট+ঈ-কৃত] ব্যক্তীকৃত, স্পষ্টকরা।

স্পাশিত, ত্রি. [স্পশ+অ-তি] নিবারিত।

স্পৃক্, ত্রি. [স্পৃশ্+ক্বিপ] যদ্দ্বারা স্পর্শ করা যায়। [শাক।

স্পৃক্কা, স্ত্রী. [স্পৃশ্+ক+আ] পৃক্কা, পিড়িং-

স্পৃশা, স্ত্রী, [স্পৃশ্+অ-আ] ভুজঙ্গঘাতিনীবৃক্ষ, কঙ্কালিকা।

স্পৃশী, স্ত্রী. [স্পৃশ্+ ঈ] কণ্টকারী।

স্পৃশ্য, ত্রি. [স্পৃশ্+য] স্পর্শনযোগ্য।

স্পৃষ্ট, ত্রি. [স্পৃশ্+ত] কৃতস্পর্শ, স্পর্শকরা।

স্পৃষ্টাস্পৃষ্ট, ন. [স্পৃষ্ট+আস্পৃষ্ট] পরস্পর স্পর্শন ছোঁয়াছোঁয়ি।

স্পৃষ্টাপৃষ্টি, ব্য. [স্পৃষ্ট+আপৃষ্টি] পরস্পর স্পর্শন ছোঁয়াছুয়ি।

স্পৃষ্টি, স্ত্রী. [স্পৃশ্+তি] স্পর্শ, তৎপর্য্যায়। পৃক্তি, স্পর্শন।

স্পৃহণীয়, ত্রি. [স্পৃহ+অনীয়] বাঞ্ছনীয়,

স্পৃহয়ালু, ত্রি. [স্পৃহ্+আলু] স্পৃহাশীল, লোভী।
স্পৃহা, স্ত্রী. [স্পৃহ্+অ-আ] ইচ্ছা, বাঞ্ছা।
স্পৃহ্য, পুং. [স্পৃহ্+য] মাতুলুঙ্গবৃক্ষ, (ত্রি.) বাঞ্ছনীয়। [রোগ।
স্পৃষ্টা, ত্রি. [স্পৃশ্+তৃ] উপতাপকমাত্র;
স্ফট, পুং. [স্ফট্+অ] ফণা।
স্ফটা, স্ত্রী. [স্ফট+আ] ফণা।
স্ফটিক, পুং. [স্ফট+ইক] সূর্য্যকান্তমণি; স্বনামখ্যাতমণি, ফটিক, তৎপর্য্যায়।—স্ফাটিক, স্ফাটক, ভাস্বুর, স্ফাটিকোপল শালিপিষ্ট, ধৌতশিল, সিতোপল, বিমল মণি, নির্ম্মলোপল, স্বচ্ছ, স্বচ্ছমণি, অমররত্ন, নিস্তুষরত্ন, শিবপ্রিয়।
স্ফটিকপ্রভ, ত্রি. [স্ফটিক+প্রভা] স্ফটিক মণির ন্যায় স্বচ্ছ।
স্ফটিকা, স্ত্রী. [স্ফটিক+অ-আ] স্ফটিকারী।
স্ফটিকাচল, পুং. [স্ফটিক+অচল] কৈলাসপর্ব্বত।
স্ফটিকাত্মা, পুং, [স্ফটিক+আত্মন্] স্ফটিক।
স্ফটিকাদ্রিভিদ, পুং. [স্ফটিক+অদ্রি+ভিদ] কর্পূর।
স্ফটিকাভ্র, পুং. [স্ফটিক+আভ্র] কর্পূর।
স্ফটিকারি, স্ত্রী. [স্ফটিক+অরি] শ্বেতবর্ণ বণিকদ্রব্যবিশেষ, ফটকিরী।
স্ফটিকারিকা, স্ত্রী. [স্ফটিকারিক+আ] স্ফটিকারি।
স্ফটিকারী, স্ত্রী. [স্ফটিক+অরী] স্ফটিকারি।
স্ফটিকাশ্মা, পুং. [স্ফটিক+অশ্মন্] স্ফটিক মণি।
স্ফটী, স্ত্রী. [স্ফট+ঈ] শ্বেতবর্ণ বণিকদ্রব্যবিশেষ, তৎপর্য্যায়।—স্ফটিকারি, স্ফটিকী, শ্বেতা, শুভ্রা, রঙ্গদা, রঙ্গদৃঢ়া, দৃঢ়রঙ্গা, রঙ্গাঙ্গা
স্ফরণ, ন. [স্ফর+অন] স্ফুরণ, কিঞ্চিচ্চলন।
স্ফাটক, ন. [স্ফটিক+অ] স্ফটিক; (পুং.) জলবিন্দু।
স্ফাটিক, ন. [স্ফটিক+অ] স্ফটিক।
স্ফাটিকোপল, পুং. [স্ফাটিক+উপল] স্ফটিক।
স্ফাটীক, ন. [স্ফট+ঈক] স্ফটিক।
স্ফাত, ত্রি. [স্ফায়+ত] বৃদ্ধিযুক্ত।
স্ফাতি, স্ত্রী. [স্ফায়+তি] বৃদ্ধি।
স্ফার, ন. [স্ফুর্+অ] প্রচুর; (পুং.) বিকট; কণকাদির বুদ্বুদাকার; (ত্রি.) বিপুল।
স্ফারণ, ন. [স্ফর্+অন] স্ফুরণ, কিঞ্চিচ্চলন।
স্ফাল, পুং. [স্ফল্+অ] স্ফূর্ত্তি।
স্ফিক্, স্ত্রী. [স্ফিট্+ক্বিপ্] কটিপ্রোথ
স্ফিক্ঘাতনক, পুং. [স্ফিচ্+ঘাতনক] কটফল।
স্ফির, ত্রি. [স্ফায়+র] প্রচুর, অনেক।
স্ফীত, ত্রি. [স্ফায়+ত] বর্দ্ধিত, উন্নত।
স্ফুট, ত্রি. [স্ফুট্+অ] ব্যক্ত; প্রফুল্ল; শুক্ল; ভিন্ন; স্পষ্ট; ছিন্ন।
স্ফুটন, ন. [স্ফুট+অন] বিদারণ; বিকসন।
স্ফুটবন্ধনী, স্ত্রী. [স্ফুট+বন্ধন+ঈ] পারাবতপদী, নকট্কী।
স্ফুটা, স্ত্রী. [স্ফুট+আ] কটা, ফণা।
স্ফুটি, স্ত্রী. [স্ফুট্+ই] পাদস্ফোটরোগ; নির্ভিন্ন কর্কটীফল।
স্ফুটিত, ত্রি. [স্ফুট+ইত] বিকসিত; ভিন্ন পরিহাসিত; ব্যক্তীকৃত।
স্ফুটী, স্ত্রী. [স্ফুট+ঈ] পাদস্ফোট রোগ; কর্কটীফল, ফুটী।
স্ফুৎকর, পুং. [স্ফুৎ+কর] অগ্নি।
স্ফুৎকার, পুং. [স্ফুৎ+কার] ফুৎকার, ফুঁদেওয়া
স্ফুর, পুং. [স্ফুর+অ] ফলক; স্ফুরণ।
স্ফুরণ, ন. [স্ফুর+অন] কিঞ্চিচ্চলন, তৎপর্য্যায়।—স্ফুরণ, স্ফুলন, স্ফোরণ, স্ফুর, স্ফুরণা, স্ফারণ; স্ফূর্ত্তি।
স্ফুরণা, স্ত্রী. [স্ফুরণ+আ] স্ফুরণ, কিঞ্চিচ্চলন।
স্ফুরৎ, ত্রি. [স্ফুর+অৎ] কম্পনযুক্ত, স্ফূর্ত্তিবিশিষ্ট। [বিশিষ্ট।
স্ফুরিত, ত্রি. [স্ফুর্+ইত] স্ফুরণ; (ত্রি.) স্ফুরণ-
স্ফূর্জ্জক, পুং. [স্ফূর্জ্জ+ক] স্ফূর্জকবৃক্ষ।
স্ফূর্জ্জথু, পুং, [স্ফূর্জ্জ্+অথু] বজ্রপতনজনিতশব্দ।

স্ফুল, ন. [স্ফুল+অ] বস্ত্রবেশ্ম, তাঁবু।

স্ফুলণ, ন. [স্ফুল্+অন] স্ফুরণ, কম্পন।

স্ফুলিঙ্গ, ত্রি. [স্ফু+লিঙ্গ] অগ্নিকণ, ফিন্‌কী, ফিন্‌কুটী

স্ফুলিঙ্গিনী, স্ত্রী. [স্ফুলিঙ্গিন্+ঈ] অগ্নিরসপ্ত-জিহ্বান্তর্গত জিহ্বাবিশেষ।

স্ফূর্জক, পুং. [স্ফূর্জ্+অক] তিন্দুকবৃক্ষ।

স্ফূর্জথু, পুং. [স্ফূর্জ্+অথু] বজ্রপতনজনিত শব্দ, তৎপর্য্যায়।—বজ্রনিষ্পেষ, স্ফূর্জথু বিস্ফূর্জথু, বিস্ফূর্জথু, বজ্রনির্ঘোষ

স্ফূর্ত্তি, স্ত্রী. [স্ফুর্+তি] স্ফুরণ, স্পন্দন।

স্ফূর্ত্তিমান্, ত্রি. [স্ফূর্ত্তি+মৎ] পাশুপত; স্ফূর্ত্তিবিশিষ্ট।

স্ফেয়ান্, ত্রি. [স্ফির+ঈয়স্] অতিশয়।

স্ফেষ্ঠ, ত্রি. [স্ফির+ইষ্ঠ] অতিশয়।

স্ফোট, পুং. [স্ফুট্+অ] স্ফোটক, ফোড়া, (ন.) অক্ষর ব্যূহসজ্ঞা।

স্ফোটক, পুং. [স্ফুট্+অক] রোগবিশেষ, ফোড়া, তৎপর্য্যায়।—পিড়ক, গণ্ড, স্ফোট,বিস্ফোট; (স্ত্রী.) পরিহাসভেদক।

স্ফোটন, ন. [স্ফুট+অন] বিদারণ; প্রকাশন।

স্ফোটনী, স্ত্রী. [স্ফোটন+ঈ] মণিশঙ্খবেধোপকরণ যন্ত্র, ভোমরা

স্ফোটবীজক, পুং. [স্ফোট+বীজক] ভল্লাতকবৃক্ষ।

স্ফোটা, স্ত্রী. [স্ফোট+আ] সর্পফণা।

স্ফোটায়ন, পুং. [স্ফোট+অয়ন] মুনিবিশেষ, তৎপর্য্যায়।—কাক্ষীবান্।

স্ফোটিকা, স্ত্রী. [স্ফোট+ইক-আ] হাপুত্রিকা, ফোটিকা।

স্ফ্য, ন. [স্ফ+য] খড়্গাকার কাঠ।

স্ম, ব্য. শ্লোকেরপাদপূরণ।

স্ময়, পুং. [স্মি+অ] অদ্ভুত; গর্ব্ব।

স্মর, পুং. [স্মৃ+অ] কামদেব।

স্মরকূপক, পুং. [স্মর+কূপক] ভগ, যোনি।

স্মরকূপিকা, স্ত্রী. [স্মর+কূপিকা]যোনি,ভগ।

স্মরগুরু, পুং. [স্মর+গুরু] বিষ্ণু।

স্মরগৃহ. ন. [স্মর+গৃহ] যোনি, ভগ।

স্মরচ্ছত্র, ন. [স্মর+ছত্র] যোনি, ভগ।

স্মরণ, ন. [স্মৃ+অন] স্মৃতি, তৎপর্য্যায়।—আধ্যান, চিন্তা, চর্চ্চা।

স্মরণাপত্যতর্পক, পুং. [স্মরণাপত্য+তর্পক] কচ্ছপ, কেশল। [স্মর্ত্তব্য।

স্মরণীয়, ত্রি. [স্মৃ+অনীয়] স্মরণযোগ্য,

স্মরদশা, স্ত্রী. [স্মর+দশা] কামাবস্থা।

স্মরধ্বজ, ন. [স্মর+ধ্বজ] যোনি, স্ত্রীলিঙ্গ; (পুং.) বাদ্য; লিঙ্গ।

স্মরধ্বজা, স্ত্রী. [স্মর+ধ্বজ-আ] জ্যোৎস্নারাত্রি। [পত্নী।

স্মরপ্রিয়া, স্ত্রী. [স্মর+প্রিয়-আ] রতি, মদন-

স্মরবল্লভ, পুং, [স্মর+বল্লভ] অনিরুদ্ধ. ঊষাপতি। [বারযোষিৎ।

স্মরবীথিকা, স্ত্রী. [স্মর+বীথিকা] বেশ্যা,

স্মরবৃদ্ধিসংজ্ঞ, পুং. [স্মর+বৃদ্ধিসংজ্ঞ] কাম বৃদ্ধিক্ষুপ। [লিঙ্গ।

স্মরমন্দির, ন. [স্মর+মন্দির] যোনি, স্ত্রী

স্মরলেখনী, স্ত্রী. [স্মর+লেখনী] শারিকা-পক্ষী। [সখা বসন্ত।

স্মরসখ, পুং. [স্মর+সখ] চন্দ্র; কামদেবের-

স্মরস্তম্ভ, পুং. [স্মর+স্তম্ভ] উপস্থ, পুংলিঙ্গ।

স্মরস্মর্য্য, পুং. [স্মর+স্মর্য্য] গর্দ্দভ, খর, গাদা।

স্মরহর, পুং. [স্মর+হর] শিব, মহাদেব।

স্মরাগার, ন. [স্মর+আগার] ভগ, স্ত্রীলিঙ্গ

স্মরাতুর, ত্রি. [স্মর+আতুর] স্মরার্ত্ত।

স্মরাঙ্কুশ, পুং. [স্মর+অঙ্কুশ] নখ।

স্মরাম্র, পুং. [স্মর+আম্র] রাজাম্র।

স্মরারি, পুং. [স্মর+অরি] শিব, মহাদেব।

স্মরাসব, পুং. [স্মর+আসব] লালা, মুখামৃত, ।

স্মর্ত্তব্য, ত্রি. [স্মৃ+তব্য] স্মরণের উপযুক্ত।

স্মর্য্যমাণ, ত্রি. [স্মৃ+মান] স্মরণকরণ।

স্মারক, ত্রি. [স্মৃ+অক] স্মৃতিশীল, স্মরণকারক।

স্মারণ, ন. [স্মৃ+অন] স্মৃতিজনক।

স্মার্ত্ত, ত্রি. [স্মৃতি+অ] স্মৃতি সম্বন্ধীয়; স্মৃতিশাস্ত্র ব্যবসায়ী; (ন.) স্মৃতি-

স্মিত, ন. [স্মি+ত] ঈষদ্ধাস্য; (ত্রি.) বিকসিত।

স্মিতদৃক্‌, স্ত্রী. [স্মিত+দৃশ্‌] সুন্দরী স্ত্রী।

স্মৃত, ত্রি. [স্মৃ+ত] স্মৃতিবিষয়, কৃতস্মরণ।

স্মৃতি, স্ত্রী. [স্মৃ+তি] অনুভূতবিষয়, জ্ঞান; সামান্যাশ্রিত ক্রিয়াজন্য সংস্কারজন্যজ্ঞান, তৎপর্য্যায়।—চিন্তা, আধ্যান, চিন্তিয়া, রুভস, চিন্ত, আধ্যা, চিত্রিতি, ধ্যান, স্মরণ, চর্চ্চা; মন্বাদি প্রণীত শাস্ত্রবিশেষ, তৎপর্য্যায়।—ধর্ম্মসংহিতা, ধর্ম্মশাস্ত্র, সংহিতা, শ্রুতিজীবিকা।

স্মৃতিপথ, পুং. [স্মৃতি+পথ] স্মরণের বিষয়।

স্মৃতিবিরুদ্ধ, ত্রি. [স্মৃতি+বিরুদ্ধ] ধর্ম্মশাস্ত্র বিপরীত। [চিন্তাযুক্ত।

স্মৃতিমান্‌, ত্রি. [স্মৃতি+মৎ] স্মৃতিবিশিষ্ট,

স্মৃতিশাস্ত্র, ন. [স্মৃতি+শাস্ত্র] ধর্ম্মসংহিতা।

স্মৃতিহেতু, পুং. [স্মৃতি+হেতু] স্মরণের কারণ, তৎপর্য্যায়।—বাসনা, সংস্কার, ভাবনা।

স্মৃত্যপেত, ত্রি. [স্মৃতি+অপেত] স্মৃতিবিরুদ্ধ স্মৃতিশাস্ত্রের বিপরীত

স্মৃত্যুক্ত, ত্রি. [স্মৃতি+উক্ত] ধর্ম্মশাস্ত্রোক্ত।

স্মের, ত্রি. [স্মি+র] বিকসিত; ঈষৎহসনশীল।

স্মেরবিষ্কির, পুং. [স্মের+বিষ্কির] ময়ূর, কলাপী। [যুক্ত মুখ।

স্মেরানন, ন. [স্মের+আনন] ঈষৎহাস্য-

স্যদ, পুং. [স্যদ্‌+অ] বেগ, শীঘ্রতা।

স্যন্দ, পুং. [স্যন্দ+অ] স্যন্দন, ক্ষরণ।

স্যন্দন, ন. [স্যন্দ্‌+অন] ক্ষরণ; জল; গমন; (পুং.) চক্রযুক্তযুদ্ধ প্রয়োজনযান, যুদ্ধের রথ; তিনিশবৃক্ষ; জিনবিশেষ; বায়ু; (ত্রি.) শীঘ্র।

স্যন্দনদ্রুম, পুং. [স্যন্দন+দ্রুম] তিনিশবৃক্ষ।

স্যন্দনারোহ, পুং. [স্যন্দন+আরোহ] রথযোদ্ধা, রথী।

স্যন্দনি, পুং. [স্যন্দ+অনি] তিনিশবৃক্ষ।

স্যন্দনী, স্ত্রী. [স্যন্দন+ঈ] লালা, মুখামৃত, থুথু; মূত্রনাড়ী। [মৃত।

স্যান্দিনী, স্ত্রী. [স্যন্দ+ইন্‌+ঈ] লালা, মুখা-

স্যান্দী, ত্রি. [স্যন্দ্‌+ইন্‌] স্রাবক, শ্রবণকারী।

স্যন্ন, ত্রি. [স্যন্দ+ত] স্রোতজলাদি।

স্যমবীণ, ত্রি. [স্যম+বীণ] স্তুত, কৃতস্তব।

স্যমন্তক, পুং. [সামন্ত+ক] সূর্য্যকান্তমণি; মণিবিশেষ।

স্যমীক, পুং. [স্যম+ইক] বল্মীক; বৃক্ষবিশেষ; কাল, মেঘ।

স্যমীকা, স্ত্রী. [স্যমীক+আ] নীলিকা।

স্যানা, (প্রা) চতুর, চালাক।

স্যাল, পুং. [স্যো+ল] শ্যালক, শালা।

স্যাত্র, ন. [স্যো+ত্র] আহ্লাদ, হর্ষ।

স্যূত, ত্রি. [সিব+ত] সূত্রিত, তন্তুসন্তত, বোনা, তৎপর্য্যায়।—উত, উত; (পুং.) সূত্ররচিত ভাণ্ড; ধোকড়া, তৎপর্য্যায়। প্রসেব, স্যূন, স্যোন, ধৌতকট, স্যোত।

স্যূতি, স্ত্রী. [সিব+তি] সূচ্যাদিদ্বারাবস্ত্রাদি সীবন, সীবনী, সেলাই, তৎপর্য্যায়।—সেবন, সীবন, উতি, বৃতি।

স্যূন, পুং. [সিব+ন] কিরণ; সূর্য্য; স্যূত, ধুকড়ী। [কিরণ।

স্যূম, ন. [সিব+ম] জল; রশ্মি; (পুং.)

স্যোত, পুং. [সিব+ত] স্যূত, বোনা।

স্যোন, পুং. [সিব+ন] ধৌতকট, ধুকুড়ী সূর্য্য; কিরণ; (ন.) আনন্দ।

স্রংসন, ন. [স্রন্স+অন] উর্দ্ধগতদোষের অধোনয়ন। [বৃক্ষ।

স্রংসিনীফল, পুং. [স্রংসিনী+ফল] শিরীষ-

স্রংসী, পুং. [স্রন্স+ইন্‌] পীলুবৃক্ষ; (ত্রি.) অধঃপতনশীল

স্রক, স্ত্রী. [স্রজ্‌+ক্বিপ] মালা; মস্তকেঅর্পিত পুষ্পসমূহ।

স্রগ্‌, স্ত্রী. [স্রজ্‌+ক্বিপ্‌] মালা; শিরোন্যস্ত পুষ্পসমূহ।

স্রগ্বান্‌, ত্রি. [স্রজ্‌+বৎ] মাল্যবিশিষ্ট।

স্রগ্বী, ত্রি. [স্রজ্‌+বিন্‌] মাল্যবিশিষ্ট।

স্রজিষ্ঠ, ত্রি. [স্রজ্‌+ইষ্ঠ] মাল্যবিশিষ্ট।

স্রজীয়ান্‌, ত্রি. [স্রজ্‌+ঈয়স্‌] মালবিশিষ্ট।

স্রদ্ধা, পুংস্ত্রী. [স্রজ+বন্‌] প্রজাপতি; রজ্জু তন্তুপট সমূহ।

স্রদ্ধ, স্ত্রী. [সৃধ+র] বাতকর্ম্ম, মরুৎক্রিয়া।
স্রব, পুং. [স্রু+অ] স্রবণ, তৎপর্য্যায়।—স্রাব, শ্রব, প্রস্রাধ, স্রুব; নির্ঝর, তৎপর্য্যায়।—সর, সরি, উৎস, প্রস্রবণ।
স্রবণ, ন. [স্রু+অন্] মূত্র; ঘর্ম্ম; ক্ষরণ।
স্রবদ্গর্ব্ভা, স্ত্রী. [স্রবৎ+গর্ভ-আ] দৈববশহেতু পতিত গর্ব্ভা গো, তৎপর্য্যায়।—অবতোকা; পতিতগর্ব্ভামাত্র।
স্রবদ্রঙ্গ, পুং. [স্রবৎ+রঙ্গ] পণগ্রন্থি, (বাং) বাজার।
স্রবন্তী, স্ত্রী. [স্রবৎ+ঈ] নদী; গুল্মস্থান; ওষধিবিশেষ; (ত্রি.) ক্ষরণবিশিষ্ট।
স্রবা, স্ত্রী. [স্রু+অ-আ] মুর্ব্বালতা।
স্রষ্টা, পুং. [সৃজ্+তৃ] ব্রহ্মা; শিব; সৃষ্টিকর্ত্তা।
স্রস্ত, ত্রি. [স্রন্স+ত] চ্যুত, ক্ষরিত।
স্রস্তর, পুং. [স্রস্ত+র] আসন, উপবেশনার্থ আধার।
স্রাক্, বা. দ্রুত, শীঘ্র।
স্রাব, পুং. [স্রু+অ] স্রব, ক্ষরণ।
স্রাবক, ন. [স্রু+অক] মরীচ, (ত্রি.) ক্ষরক।
স্রাবণী, স্ত্রী. [স্রাবণ+ঈ] ঋদ্ধিবৃক্ষ।
স্রুক্, স্ত্রী. [স্রুচ+ক্বিপ] যজ্ঞপাত্রবিশেষ।
স্রুগ্, স্ত্রী. [স্রুচ+ক্বিপ] যজ্ঞপাত্রবিশেষ।
স্রুগ্দারু, ন. ন. [স্রুচ্+দারু] ব্যাঘ্রপাদ্বৃক্ষ। [সাজিমাটী।
স্রুঘ্নী, স্ত্রী. [স্রুঘ্ন+ঈ] স্বর্জিকাক্ষার,
স্রুত, ত্রি. [স্রু+ত] ক্ষরিতজলাদি, তৎপর্য্যায়।—স্যন্ন, রীণ, চ্যুত; স্নুত, ক্ষরিত।
স্রুতা, স্ত্রী. [স্রুত+আ] হিঙ্গুপত্রী।
স্রুব, পুং.স্ত্রী.[স্রু+অ] যজ্ঞপাত্র বিশেষ।
স্রুবা, স্ত্রী. [স্রুব+আ] শল্লকী; মুর্ব্বালতা।
স্রুবাবৃক্ষ, পুং. [স্রুবা+বৃক্ষ] বিকঙ্কতবৃক্ষ।
স্রূ, স্ত্রী. [স্রু+উ] যজ্ঞপাত্রবিশেষ; নির্ঝর।
স্রোতঃ, ন. [স্রোত+অস্] স্বাভাবিক অম্বুনিঃসরণ; বেগে জলবহন।
স্রোত, ন, [স্রু+ত] স্বাভাবিকজলনিঃসরণ।
স্রোতঈশ, পুং. [স্রোতস্+ঈশ] সমুদ্র,
স্রোতস্বতী, স্ত্রী. [স্রোতস্+বৎ-ঈ] নদী, সরিৎ। [তটিনী।
স্রোতস্বিনী, স্ত্রী. [স্রোতস্+বিন্-ঈ] নদী,
স্রোতস্য, পুং. [স্রোতস্+য] শিব; চৌর।
স্রোতোঞ্জন, ন. [স্রোতস্+অঞ্জন] যমুনার স্রোতহইতে উৎপন্ন অঞ্জন, তৎপর্য্যায়। সৌবীর, কাপোতাঞ্জন, যামুন, বারিভব, স্রোতোভাব, স্রোতনদীভব, সৌবীরসার, কপোসার, বল্মীকশীর্ষ।
স্রোতোবহা, স্ত্রী. [স্রোতস্+বহ-আ] নদী, তটিনী।
স্ব, পুং.ন. [স্ব+অ] ধন; (ত্রি.) আত্মীয়; (পুং.) জ্ঞাতি; আত্মা।
স্বক, ত্রি. [স্ব+ক] স্বীয়, আত্মীয়।
স্বকম্পন, ন. [স্ব+কম্পন] বায়ু, বাতাস।
স্বকর্ম্ম, ন. [স্ব+কর্ম্মন্] আত্মকৃতকার্য্য।
স্বকর্ম্মকৃৎ, ত্রি. [স্বকর্ম্ম+কৃৎ] নিজকার্য্যকারী।
স্বকীয়, ত্রি. [স্বক+ঈয়] স্বীয়, তৎপর্য্যায়। নিজ, আত্মীয়, স্ব।
স্বকুলক্ষয়, পুং. [স্বকুল+ক্ষয়] মৎস্য; নিজবংশনাশ; (ত্রি.) স্বকুলক্ষয়কর্ত্তা; তদ্বিশিষ্ট।
স্বকৃত, ত্রি. [স্ব+কৃত] নিজদ্বারা কৃত।
স্বগণ, পুং; [স্ব+গণ] নিজপরিবার; আত্মপক্ষ।
স্বগত, ন. [স্ব+গত] মনোগত, মনঃস্থিত; (ত্রি.) আত্মপ্রাপ্ত; আত্মীয় হইতে আগত।
স্বগৃহ, পুং. [স্ব+গৃহ] কলিকারপক্ষী; (পুং.ন.) নিজালয়।
স্বগুপ্তা, স্ত্রী. [স্ব+গুপ্ত-আ] শূকশিম্বী; লজ্জালুলতা।
স্বঙ্গ, ত্রি. [সু+অঙ্গ] সুন্দরঅঙ্গবিশিষ্ট; সিংহসংহনন; (ন.) শোভনঅবয়ব।
স্বচ্ছ, ন. [সু+অচ্ছ] নির্ম্মলোপরস; মুক্তা; (ত্রি.) রোগবিমুক্ত; শুক্ল; নির্ম্মল; (পুং.) স্ফটিক।
স্বচ্ছতা, স্ত্রী. [স্বচ্ছ+ত-আ] নির্ম্মলতা, পরি-

স্বচ্ছন্দ, ক্রি. [স্ব+ছন্দ] স্বাধীন, স্বতন্ত্র।
স্বচ্ছপত্র, ন. [স্বচ্ছ+পত্র] অভ্রক।
স্বচ্ছবালুক, ন. [স্বচ্ছ+বালুক] বিমলোপরস।
স্বচ্ছমণি, পুং. [স্বচ্ছ+মণি] স্ফাটিক।
স্বচ্ছল, (প্রা) প্রতুল; দাতা।
স্বচ্ছা, স্ত্রী. [স্বচ্ছ+আ] শ্বেতদূর্ব্বা।
স্বজ, ন. [স্ব+জন্-অ] রক্ত; (পুং.) পুত্র; স্বেদ, ঘর্ম্ম, (ত্রি.) আত্মজাত।
স্বজন, পুং. [স্ব+জন] জ্ঞাতি; আত্মীয়লোক।
স্বজা, স্ত্রী. [স্বজ+আ] কন্যা, পুত্রী।
স্বজাতি, স্ত্রী. [স্ব+জাতি] নিজবর্ণ, আপনজাতি। [শ্রে-
স্বজাতীয়, ত্রি. [স্ব+জাতীয়] স্বীয়বর্ণ, স্বশ্রেণিস্থ।
স্বজ্ঞান, ন. [স্ব+জ্ঞান] আত্মবোধ, নিজবুদ্ধি।
স্বতঃ, ব্য. [স্ব+তস্] আত্মনঃ,আপনহইতে।
স্বতন্ত্র, ত্রি. [স্ব+তন্ত্র] স্বাধীন, তৎপর্য্যায়। অপাবৃত, স্বৈরী, স্বচ্ছন্দ, নিরবগ্রহ, নির্যন্ত্রিণ, যথাকামী, নিরর্গল, নিরঙ্কুশ, স্বরুচি।
স্বত্র, পুং. [স্ব+ত্র] অন্ধ, দর্শনহীন।
স্বত্ব, ন. [স্ব+ত্ব] শাস্ত্রসম্মত যথেষ্ট বিনিয়োগেরযোগ্য; সপ্তপদার্থের অতিরিক্ত পদার্থ।
স্বত্বনিবৃত্তি, স্ত্রী. [স্বত্ব+নিবৃত্তি] স্বীয় বিষয়াদি হইতে বঞ্চিত।
স্বত্ববোধন, ন. [স্বত্ব+বোধন] স্বীয়অধিকার সপ্রমাণ।
স্বত্বব্যভিচারিত্ব, ন. [স্বত্ব+ব্যভি+চারিত্ব] স্বীয় অধিকারের, অপ্রমাণ।
স্বত্বহানি, স্ত্রী. [স্বত্ব+হানি] স্বত্বাভাব।
স্বত্বাভাব. পুং. [স্বত্ব+অভাব] স্বীয় অধিকারিত্বের অভাব।
স্বত্বাস্পদ, ন. [স্বত্ব+আস্পদ] অধিকারের বিষয়, অধিকৃত।
স্বদন, ন. [স্বদ+অন] ভক্ষণ; লেহ, চাটা।
স্বদার, পুং. [স্ব+দার] স্বস্ত্রী, স্বীয়াভার্য্যা।
স্বদারনিরত,ত্রি.[সদার+নিরত]স্বীয়ভার্য্যাতে অনুরক্ত।

স্বদিত, ত্রি, [স্বদ+ইত] কৃতভক্ষণ
স্বদেশ, পুং. [স্ব+দেশ] আপনার দেশ; জন্মস্থান।
স্বদেশী, পুং. [স্ব+দেশী] একদেশস্থ,একদেশের নিবাসী।
স্বদেশীয়, ত্রি. [স্ব+দেশীয়] একদেশে উৎপন্ন।
স্বধর্ম্ম, ন. [স্ব+ধর্ম্ম] স্বজাতিউক্ত আচার, নিজধর্ম্ম।
স্বধা, ব্য. [স্ব+ধা] পিতৃ দেবোদ্দেশে হবির্দ্দানমন্ত্র; (স্ত্রী.) দক্ষকন্যা, পিতৃগণের পত্নী; ব্রহ্মার মানসী কন্যা।
স্বধাপ্রিয়, পুং. [স্বধা+প্রিয়] পিতৃলোক; কৃষ্ণতিল; অগ্নি।
স্বধাভুক্, পুং. [স্বধা+ভুজ্] পিতৃগণ দেবতা।
স্বধিতি, পুং.স্ত্রী. [স্ব+ধিতি] কুঠার, পরশু, কুড়াল।
স্বধিতিহেতিক, পুং. [স্বধিতি+হেতিক] পরশুধারিযোদ্ধা। [ধীত।
স্বধীত, ত্রি. [সু+অধীত] উত্তমরূপে অধীত।
স্বন, পুং. [স্বন্+অ] শব্দ, ধ্বনি।
স্বনগর, ন. [স্ব+নগর] স্বদেশ।
স্বনচক্র, পুং. [স্বন+চক্র] রতিবন্ধবিশেষ।
স্বনি, পুং. [স্বন্+ই] শব্দ, ধ্বনি।
স্বনিত, ন. [স্বন্+ইত] গর্জ্জিত, মেঘশব্দ; (ত্রি.) ধ্বনিত, শব্দিত।
স্বনিতাহ্বয়, পুং. [স্বনিত+আহ্বয়] তণ্ডুলীয়।
স্বনুষ্ঠিত, ত্রি. [সু+অনুষ্ঠিত] উত্তমরূপে অনুষ্ঠিত।
স্বনোৎসাহ, পুং. [স্বন+উৎসাহ] গণ্ডক।
স্বপন, ন. [স্বপ্+অন] নিদ্রা।
স্বপক্ষ, পুং. [স্ব+পক্ষ] নিজদল, আত্মগণ।
স্বপিণ্ডা, স্ত্রী. [স্ব+পিণ্ড-আ] পিণ্ডখর্জ্জুরী।
স্বপিতিকর্ম্মা, পুং. [স্বপিতি+কর্ম্মন্] শয়নকর্ত্তা, তদ্বৈদিক পর্য্যায়।—স্বপিতি, স্বপ্ত।
স্বপ্ন, পুং. [স্বপ্+ন] নিদ্রা; প্রসুপ্ত ব্যক্তির বিজ্ঞান, দর্শন।

স্বপ্নকৃৎ, ন. [স্বপ্ন+কৃৎ] সুনিষণ্ণক, সুষনী-শাক; (ত্রি.) স্বপ্নকারক।
স্বপ্নজ, ত্রি. [স্বপ্ন+জ] নিদ্রাশীল।
স্বপ্নদোষ, পুং. [স্বপ্ন+দোষ] নিদ্রাবস্থায় রেতঃস্খলন।
স্বপ্ননিকেতন, ন. [স্বপ্ন+নিকেতন] স্বপ্নগৃহ।
স্বপ্নবৎ, ত্রি. [স্বপ্ন+বৎ] অবাস্তব, মিথ্যা।
স্বপ্নবিচারী, ত্রি. [স্বপ্ন+বিচারিন্] স্বপ্নবিচার-কর্ত্তা, শুভাশুভ স্বপ্নব্যাখ্যা কর্ত্তা।
স্ববশ, ত্রি. [স্ব+বশ] স্বাধীন, আত্মবশ।
স্ববাসিনী, স্ত্রী. [স্ব+বাসিন্-ঈ] বিবাহিত বা অবিবাহিতা পিতৃগৃহস্থিতা কন্যা, চিরিণ্টী
স্ববীজ, পুং. [স্ব+বীজ] আত্মা; (ন.) নিজ-কারণ; স্বীয়বীর্য্য
স্বভাজন, ন. [স্ব+ভাজন] আনন্দন, আহ্লাদ করণ।
স্বভাব, পুং. [স্ব+ভাব] স্বকীয়ভাব, তৎ-পর্য্যায়।—সংসিদ্ধি, প্রকৃতি, স্বরূপ, নিসর্গ, ভাব, স্বর্গ। [স্বরূপতঃ।
স্বভাবতঃ, ত্রি. [স্বভাব+তস্] প্রকৃতিবশতঃ
স্বভিন্ন, ত্রি. [স্ব+ভিন্ন] আত্মহইতে পৃথক্।
স্বভূ, পুং. [স্ব+ভূ] বিষ্ণু; ব্রহ্মা; শিব।
স্বমেক, পুং. [স্বম্+এক] সম্বৎসর।
স্বয়ং, ব্য. আত্মনা, আপনি।
স্বয়ংকৃত, ত্রি. [স্বয়ং+কৃত] আত্মকৃত।
স্বয়ংগুপ্তা, স্ত্রী. [স্বয়ং+গুপ্ত-আ] শূক-শিম্বিকা॥
স্বয়ংদত্ত, পুং. [স্বয়ং+দত্ত] দ্বাদশবিধ পুত্রা-ন্তর্গত পুত্রবিশেষ; (ন.) স্বীয়দত্ত।
স্বয়ংবরা, স্ত্রী. [স্বয়ম্+বর-আ] যে স্ত্রী আপনি পতিকে বরণ করে, তৎপর্য্যায়।—পতিং বরা, বর্য্যা।
স্বয়ংহারিকা, স্ত্রী. [স্বয়ং+হারিকা] স্ত্রী বিশেষ।
স্বয়মুপস্থিতা, স্ত্রী. [স্বয়ং+উপস্থিত-আ] স্বয়মাগতা।
স্বয়ম্প্রভ, পুং. [স্বয়ং+প্রভ] স্বপ্রকাশ; চতু-র্ব্বিংশতিভাবি জিনান্তর্গত জিনবিশেষ।
স্বয়ম্ভুব, পুং. [স্বয়ং+ভুব] আদি মনু; ব্রহ্মা।
স্বয়ম্ভুবা, স্ত্রী. [স্বয়ম্ভুব+আ] ধূম্রপত্রা।
স্বয়ম্ভূ, পুং. [স্বয়ং+ভূ] ব্রহ্মা; জিনচক্রবর্ত্তি-বিশেষ, রুদ্রতনয়; কাল; কামদেব; বিষ্ণু; শিব; মাষপর্ণী; লিঙ্গিনী।
স্বযোনি, ত্রি. [স্ব+যোনি] মাতৃসম্বন্ধীয়কুটু-ম্বাদি; (স্ত্রী.) ভগ্নী
স্বর্, ব্য. স্বর্গ; পরলোক; আকাশ; শোভন;
স্বর, পুং. [স্বৃ+অ] উদাত্তাদিত্রয়; অকারাদি বর্ণ, তন্নামান্তরাণি যথা।—অচ্, মাত্রা; তদ্বর্ণ যথা।—অ, আ, ই, ঈ, উ, ঊ, ঋ, ৠ, ঌ, ৡ, এ, ঐ, ও, ঔ, অং, অঃ।
স্বরপত্তন, ন. [স্বর+পত্তন] সামবেদ।
স্বরভঙ্গ, পুং. [স্বর+ভঙ্গ] গলরোগবিশেষ; মুনিবিশেষ।
স্বরভঙ্গী, পুং. [স্বর+ভঙ্গিন্] পক্ষিবিশেষ।
স্বরভেদ, পুং. [স্বর+ভেদ] স্বরভঙ্গরোগ।
স্বরমণ্ডলিকা, স্ত্রী. [স্বর+মণ্ডলিক-আ] বীণা-বিশেষ, সুরমণ্ডলিকা। [বাঁশী।
স্বরলাসিকা, স্ত্রী. [স্বর+লাসিকা] বংশী,
স্বরস, পুং. [স্ব+রস] শিলাপিষ্ট কল্ক; কষায় বিশেষ। [গায়ত্রী সপত্নী।
স্বরা, স্ত্রী. [স্বর+আ] ব্রহ্মার জ্যেষ্ঠাপত্নী,
স্বরাংশ, পুং. [স্বর+অংশ] সংগীত বিষয়ে স্বরের অর্দ্ধ বা একপাদ।
স্বরাট্, পুং. [স্ব+রাজ্] বেদের ছন্দোবিশেষ; ব্রহ্মা; স্বয়ংদীপ্ত।
স্বরাপগা, স্ত্রী. [স্বর+অপগা] স্বর্গঙ্গা।
স্বরালু, পুং. [স্বর+আলু] বচা, বচ।
স্বরিত, পুং. [স্বর+ইত] স্বরবিশেষ, উদাত্তা-দিত্রয়; (ত্রি.) স্বরযুক্ত।
স্বরুঃ, পুং. [স্বৃ+উস্] বজ্র, অশনি।
স্বরু, পুং. [স্বৃ+উ] বজ্র; যূপখণ্ড; বজ্র; শর; সূর্য্যরশ্মি; বৃশ্চিকবিশেষ।
স্বরুচি, ত্রি. [স্ব+রুচি] স্বতন্ত্র, (স্ত্রী.) স্বেচ্ছা।
স্বরূপ, ন. [স্ব+রূপ] স্বভাব; নিজরূপ; (ত্রি.) পণ্ডিত; মনোজ্ঞ, তৎপর্য্যায়।—প্রাপ্তরূপ, অভিরূপ।
স্বরূপতা, স্ত্রী. [স্বরূপ+ত-আ] স্বরূপত্ব,

স্বরূপযোগ্যতা, স্ত্রী. [স্বরূপ+যোগ্যতা] সাদৃশ্য; ক্ষমতা

স্বরূপাখ্যান, ন. [স্বরূপ+আখ্যান] যথার্থ কথন, প্রকৃত কথন।

স্বরেণু, স্ত্রী. [স্ব+রেণু] সূর্য্যপত্নীবিশেষ, সংজ্ঞা। [বিশেষ।

স্বরোদয়, পুং. [স্বর+উদয়] স্বরজ্ঞাপক গ্রন্থ-

স্বর্গ, পুং. [স্বর+গম্-অ] দেবতারআলয়, তৎপর্য্যায়।—স্বঃ, নাক, ত্রিদিব, ত্রিদশালয়, সুরলোক, দ্যো, দ্যৌ, ত্রিপিষ্টপ, মন্দর, অবরোহ, গৌ, রমতি, ফলোদয়, দেবলোক, স্বর্লোক, উর্দ্ধলোক, সুখাধার, সৌরিক, শক্রভুবন, দিবান।

স্বর্গগামী, ত্রি. [স্বর্গ+গামিন্] স্বর্গগমনকর্ত্তা।

স্বর্গঙ্গা, স্ত্রী. [স্বর্+গঙ্গা] মন্দাকিনী।

স্বর্গজিৎ, ত্রি. [স্বর্গ+জিৎ] স্বর্গজেতা।

স্বর্গণিকা, স্ত্রী. [স্বর্+গণিকা] স্বর্গবেশ্যা, অপ্সরা।

স্বর্গপতি, পুং. [স্বর্গ+পতি] ইন্দ্র, স্বরপতি।

স্বর্গবধূ, স্ত্রী. [স্বর্গ+বধূ] অপ্সরা, স্বর্বেশ্যা।

স্বর্গলোক, পুং. [স্বর্গ+লোক] দেবলোক।

স্বর্গভর্ত্তা, পুং. [স্বর্গ+ভর্ত্তৃ] ইন্দ্র, দেবরাজ।

স্বর্গলোকেশ, পুং. [স্বর্গলোক+ঈশ] শরীর; ইন্দ্র।

স্বর্গসরিদ্বরা, স্ত্রী. [স্বর্গ+সরিদ্বরা] গঙ্গা, মন্দাকিনী।

স্বর্গাপগা, স্ত্রী. [স্বর্গ+অপগ-আ] গঙ্গা।

স্বর্গিগিরি, পুং. [স্বর্গি+গিরি] সুমেরুপর্ব্বত।

স্বর্গিবধূ, স্ত্রী. [স্বর্গি+বধূ] অপ্সরাঃ, স্বর্বেশ্যা।

স্বর্গিরি, পুং. [স্বর+গিরি] সুমেরুপর্ব্বত।

স্বর্গী, পুং. [স্বর্গ+ইন্] দেবতা; (ত্রি.) স্বর্গগমনকর্ত্তা

স্বর্গৌকাঃ, পুং. [স্বর্গ+ওকস্] দেবতা।

স্বর্গ্য, ত্রি. [স্বর্গ+য] স্বর্গীয়, স্বর্গগত।

স্বর্জ্জিক, পুং. [স্বর্জ্জ+ইক] সর্জ্জিকাক্ষার, সাজিমাটী; যবক্ষার; সাবান্।

স্বর্জ্জিকাক্ষার, পুং. [স্বর্জ্জিকা+ক্ষার] সর্জ্জিকাক্ষার সাজিমাটী, তৎপর্য্যায়।—স্বর্জ্জিক, ক্ষার, স্বর্জ্জী, সুখোর্জ্জিক, সুবর্চ্চিক, সুবর্চ্চি, সুখবর্চ্চা; সাবান্।

স্বর্জ্জী, পুং. [স্বর্জ্জ+ইন্] স্বর্জ্জিক্ষার, সাচি-

স্বর্ণ, ন. [সু+ঋণ-অ] সুবর্ণ; ধুস্তূর; গৌর সুবর্ণশাক; নাগকেশর। [কণা।

স্বর্ণকণ, পুং. [স্বর্ণ+কণ] কণ গুগ্গুল; সুবর্ণ-

স্বর্ণকণিকা, স্ত্রী. [স্বর্ণ+কণিকা] কণককণা, সুবর্ণকণা

স্বর্ণকায়, পুং. [স্বর্ণ+কায়] গরুড়; (ত্রি.) সুবর্ণময়শরীর।

স্বর্ণকার, পুং. [স্বর্ণ+কার] জাতিবিশেষ, সেকরা, তৎপর্য্যায়।—নাড়ীন্ধম, কলাদ, রুক্মকার, কণাদ, হেমল।

স্বর্ণকৃৎ, পুং. [স্বর্ণ+কৃৎ] স্বর্ণকার, সেকরা।

স্বর্ণকেতকী, স্ত্রী. [স্বর্ণ+কেতকী] হরিদ্রাবর্ণকেতকীপুষ্প, তৎপর্য্যায়।—হেমকেতকী, কণকপ্রসবা, হৈমী, ছিন্নরুহা, বিষ্টারুহা, স্বর্ণপুষ্পী, কামদজ্জদলা।

স্বর্ণগৈরিক, ন. [স্বর্ণ+গৈরিক] সুবর্ণগৈরিক, বর্ণকৃমাটী।

স্বর্ণগ্রীবা, স্ত্রী. [স্বর্ণ+গ্রীব+আ] নাটক শৈলের পূর্ব্বভাগহইতে নিঃসৃতা নদীবিশেষ।

স্বর্ণচূড়, পুং. [স্বর্ণ+চূড়] পক্ষিবিশেষ।

স্বর্ণজ, ন. [স্বর্ণ+জ] রঙ্গ, রাং।

স্বর্ণজীবন্তী, স্ত্রী. [স্বর্ণ+জীবন্তী] বৃক্ষবিশেষ, (হিং) সোণাজীবন্ত, তৎপর্য্যায়।—হেমাহ্বা, হেমজীবন্তী, তৃণগ্রন্থি, হিমাশ্রয়া, স্বর্ণপর্ণী, সুজীবন্তী, স্বর্ণজীবা, সুপর্ণিকা, হেমপুষ্পা, স্বর্ণলতা, হেমবল্লী, হেমলতা।

স্বর্ণদী, স্ত্রী. [স্বর্+নদী] মন্দাকিনী, গঙ্গা; বৃশ্চিকালী; সিতগঙ্গা, কামাখ্যার পূর্ব্বভাগে দিক্করবাসিনীর প্রান্তেস্থিতা।

স্বর্ণদীধিতি, পুং. [স্বর্ণ+দীধিতি] অগ্নি।

স্বর্ণদ্রু, পুং. [স্বর্ণ+দ্রু] আরগ্বধ, সোঁদা-

স্বর্ণপক্ষ, পুং. [স্বর্ণ+পক্ষ] গরুড় ।
স্বর্ণপদ্মা, স্ত্রী. [স্বর্ণ+পদ্মা] স্বর্গঙ্গা, মন্দাকিনী । [হাপা ।
স্বর্ণপাঠক, ভুং. [স্বর্ণ+পাঠক] টঙ্কণ, সো-
স্বর্ণপারেবত, ন. [স্বর্ণ+পারেবত] মহাপারেবত ।
স্বর্ণপুষ্প, পুং. [স্বর্ণ+পুষ্প] আরগ্বধ, সোঁদালিগাছ ; চম্পক ।
স্বর্ণপুষ্পা, স্ত্রী. [স্বর্ণ+পুষ্প-আ] কলিকারি; স্বর্ণুলী ; সাতলা ।
স্বর্ণপুষ্পী, স্ত্রী. [স্বর্ণ+পুষ্প-ঈ] আরগ্বধবৃক্ষ; স্বর্ণকেতকী ।
স্বর্ণকলা, স্ত্রী. [স্বর্ণ+কল-আ] পীতরম্ভা ।
স্বর্ণবণিক্, পুং. [স্বর্ণ+বণিজ্] বর্ণসঙ্করজাতিবিশেষ, সোণারবেনে ।
স্বর্ণবর্ণা, স্ত্রী. [স্বর্ণ+বর্ণ-আ] হরিদ্রা ; (ত্রি.) সুবর্ণসদৃশ বর্ণযুক্তা ।
স্বর্ণবল্কল; পুং. [স্বর্ণ+বল্কল] শ্যোণাকবৃক্ষ ।
স্বর্ণবল্লী, স্ত্রী. [স্বর্ণ+বল্লী] লতাবিশেষ, তৎপর্য্যায় ।—রক্তফলা, কাকায়ু, কাকবল্লী ।
স্বর্ণবিন্দু, পুং. [স্বর্ণ+বিন্দু] বিষ্ণু; সুবর্ণকণিকা ।
স্বর্ণভৃঙ্গার, পুং. [স্বর্ণ+ভৃঙ্গার] স্বর্ণভৃঙ্গরাজ সুবর্ণকলস; সোণার গাড়ু ।
স্বর্ণমহা, স্ত্রী. [স্বর্ণ+মহ-আ] নদীবিশেষ ।
স্বর্ণমাক্ষিক, ন. [স্বর্ণ+মাক্ষিক] স্বনামখ্যাত-উপধাতু ।
স্বর্ণযূথী, স্ত্রী. [স্বর্ণ+যূথী] পীতবর্ণযূথিকা, তৎপর্য্যায় ।—হরিণী, পীতিকা, হেমপুষ্পিকা, হৈমা ।
স্বর্ণলতা, স্ত্রী. [স্বর্ণ+লতা] জ্যোতিষ্মতী ।
স্বর্ণসেফালিকা, স্ত্রী. [স্বর্ণ+সেফালিকা] আরগ্বধবৃক্ষ; পীতসেফালিকা ।
স্বর্ণক্ষীরী, স্ত্রী. [স্বর্ণ+ক্ষীরী] ওষধিবিশেষ, তৎপর্য্যায় ।—পটুপর্ণী, হৈমবতী, হিমাবতী ।
স্বর্ণাঙ্গ, পুং. [স্বর্ণ+অঙ্গ] আরগ্বধ, সোঁদালি গাছ ।

স্বর্ণুলী, স্ত্রী. [স্বর+ণুল-ঈ] ক্ষুপবিশেষ, তৎপর্য্যায় ।—হেমপুষ্পী, স্বর্ণপুষ্পা, অম্বুজা ।
স্বর্নদী, স্ত্রী. [স্বর+নদী] স্বর্গঙ্গা, মন্দাকিনী ।
স্বর্বধূ, স্ত্রী. [স্বর+বধূ] অপ্সরাঃ; স্বর্গীয়স্ত্রীমাত্র ।
স্বর্বাপী, স্ত্রী. [স্বর+বাপী] গঙ্গা ।
স্বর্বেশ্যা, স্ত্রী. [স্বর+বেশ্যা] উর্ব্বশ্যাদি-অপ্সরাঃ ।
স্বর্বৈদ্যৌ, পুং. [স্বর+বৈদ্য-ঔ] অশ্বিনীকুমারদ্বয়, তৎপর্য্যায় ।—অশ্বিনীসুতৌ, নাসত্যৌ, অশ্বিনৌ, দস্রৌ, আশ্বিনেয়ৌ ।
স্বর্ভানব, পুং. [স্বর্+ভানব] গোমেদকমণি ।
স্বর্ভানু, পুং. [স্বর+ভানু] রাহুগ্রহ ।
স্বর্ভানুসূদন, পুং. [স্বর্ভানু+সূদন] সূর্য্য ।
স্বর্যাত, ত্রি. [স্বর্+যাত] মৃত, স্বর্গপ্রাপ্ত ।
স্বর্লোক, পুং. [স্বর্+লোক] স্বর্গ ।
স্বলীন, পুং. [স্বল+ঈন] দানবিশেষ ।
স্বল্প, ত্রি. [সু+অল্প] অত্যল্প ।
স্বল্পকেশরী, পুং. [স্বল্প+কেশরিন্] কোবিদার, চমরিক ।
স্বল্পকেশী, পুং. [স্বল্প+কেশিন্] ভূতকেশ, কেশধৃক্, (ত্রি.) অত্যল্প কেশবিশিষ্ট ।
স্বল্পপত্রক, পুং. [স্বল্প+পত্রক] মধুকবিশেষ, গৌরশাক ।
স্বল্পফলা, স্ত্রী. [স্বল্প+ফল-আ] হপুষাবিশেষ, তৎপর্য্যায় ।—কচ্ছুঘ্নী, প্লীহনাশিনী, প্লীহশত্রু, বিষঘ্নী, কফঘ্নী, অপরাজিতা ।
স্ববাসিনী, স্ত্রী. [স্ব+বাসিনী] ঊঢ়া অনূঢ়া পিতৃগৃহস্থিতা কন্যা, তৎপর্য্যায় ।—চিরিণ্টী ।
স্ববীজ, পুং. [স্ব+বীজ] আত্মা; (ন.) নিজ কারণে স্বীয়বীর্য্য ।
স্বসা, স্ত্রী. [স্বসৃ+আ] ভগিনী, সহোদরা ।
স্বসৃপতি, পুং. [স্বসৃ+পতি] ভগিনীপতি আবুত্ত ।
স্বস্তি, ব্য. [সু+অস্+তি] আশীর্ব্বাদ; ক্ষেম; পুণ্যাদি, অপাপস্য ।
স্বস্তিক, পুং, ন. [স্বস্তি+ক] ধনিদিগের গৃহ

নির্ম্মিত ত্রিকোণাকার অধিবাসনদ্রব্য; চতুষ্পথ, গৃহবিশেষ; পিষ্টকবিকার; রতভালিক; জিনদিগের চতুর্ব্বিংশতি চিহ্নান্তর্গতচিহ্নবিশেষ, বসোনক।

স্বস্তিবাচন, [স্বস্তি+বাচন] মাঙ্গল্যকর্ম্মের আরম্ভকালীন মন্ত্রোচ্চারণ পূর্ব্বক তণ্ডুলবিকিরণ।

স্বস্তিমুখ, পুং. [স্বস্তি+মুখ] লেখ, ব্রাহ্মণ; (ত্রি.) স্তুতিপাঠক।

স্বস্থ, ত্রি. [স্ব+স্থা] সুস্থ, নিরুদ্বেগ।

স্বস্ত্রীয়, পুং. [স্বসৃ+ঈয়] ভাগিনেয়, ভগিনীপুত্র।

স্বস্ত্রীয়া, স্ত্রী. [স্বসৃ+ঈয়-আ] ভাগিনেয়ী; ভগিনীকন্যা। [আগত।

স্বাগত, ন. [সু+আগত] কুশলপ্রশ্ন; সুখে-

স্বাঙ্গিক, পুং. [স্বাঙ্ক+ইক] মার্দ্দঙ্গিক।

স্বাচ্ছন্দ্য, ন. [স্বচ্ছন্দ+য] স্বচ্ছন্দতা।

স্বাতন্ত্র্য, ন. [স্বতন্ত্র+য] স্বতন্ত্রতা।

স্বাতি, স্ত্রী. [সু+অ-অতি] সূর্য্যপত্নীবিশেষ; খড়্গ; (পুং.স্ত্রী.) অশ্বিন্যাদিসপ্তবিংশতি নক্ষত্রান্তর্গত পঞ্চদশনক্ষত্র।

স্বাতী, পুং.স্ত্রী. [সু+অতি-ঈ] অশ্বিন্যাদি সপ্তবিংশতিনক্ষত্রান্তর্গত পঞ্চদশনক্ষত্র।

স্বাদ, পুং. [স্বদ্+অ] রসগ্রহণ; প্রীতিকরণ।

স্বাদন, ন. [স্বাদ্+অন] প্রীতিকরণঃ, রসগ্রহণ।

স্বাদিত, ত্রি. [স্বাদ+ইত] প্রীত; আস্বাদিত।

স্বাদু, পুং. [স্বাদ্+উ] মধুররস; গুড়, জীবকৌষধি; সুগন্ধিদ্রব্য বিশেষ, তৎপর্য্যায়।—অগুরুসার, সুধূম্য, গন্ধধূমজ; (স্ত্রী.) দ্রাক্ষা; (ত্রি.) ইষ্ট, মনোজ্ঞ; মধুর, মিষ্ট।

স্বাদুকণ্টক, পুং. [স্বাদু+কণ্টক] বিকঙ্কতবৃক্ষ; গোক্ষুরক, বিকণ্টকবৃক্ষ

স্বাদুকন্দা, স্ত্রী. [স্বাদু+কন্দ+আ] বিদারী।

স্বাদুকা, স্ত্রী. [স্বাদু+ক-আ] নাগদন্তী।

স্বাদুখণ্ড, পুং. [স্বাদু+খণ্ড] গুড়; মমুরভাগ।

স্বাদুগন্ধা, স্ত্রী. [স্বাদু+গন্ধ-আ] ভূমি-

স্বাদুধন্বা, পুং. [স্বাদু+ধন্বন্] কামদেব।

স্বাদুপর্ণী, স্ত্রী. [স্বাদু+পর্ণ-ঈ] দুগ্ধিকা।

স্বাদুপাকা, স্ত্রী. [স্বাদু+পাক-আ] কাকমাচী।

স্বাদুপিণ্ডা, স্ত্রী. [স্বাদু+পিণ্ড-আ] পিণ্ডখর্জ্জূরী।

স্বাদুপুষ্প, পুং. [স্বাদু+পুষ্প] কটভী।

স্বাদুফল, ন. [স্বাদু+ফল] বদরীফল, কুল।

স্বাদুফলা, স্ত্রী. [স্বাদু+ফল-আ] কোলি, কুল।

স্বাদুমজ্জা, পুং. [স্বাদু+মজ্জন্] পর্ব্বতজাতপীলু।

স্বাদুমাংসী, স্ত্রী. [স্বাদু+মাংসী] কাকোলী।

স্বাদুমূল, ন. [স্বাদু+মূল] গর্জ্জর।

স্বাদুরসা, স্ত্রী. [স্বাদু+রস-আ] কাকোলী; আম্রাতকফল, আমড়া; মদিরা; শতাবরী; দ্রাক্ষা।

স্বাদুলতা, স্ত্রী. [স্বাদু+লতা] বিদারী।

স্বাদুশুদ্ধ, ন. [স্বাদু+শুদ্ধ] সৈন্ধবলবণ; সামুদ্রলবণ।

স্বাদ্বম্ল, পুং. [স্বাদু+অম্ল] দাড়িমবৃক্ষ।

স্বাদ্বী, স্ত্রী. [স্বাদু+ঈ] দ্রাক্ষা।

স্বাধিষ্ঠান, ন. [স্ব+অধিষ্ঠান] ষট্‌চক্রান্তর্গত দ্বিতীয়চক্র, লিঙ্গমূলস্থ, বকারাদি লান্তবর্ণযুক্ত হীরকসমপ্রভ ষড়দলপদ্ম

স্বাধীন, ত্রি. [স্ব+অধীন] স্বতন্ত্র, অপরাধীন।

স্বাধীনপতিকা, স্ত্রী. [স্বাধীন+পতিকা] নায়িকাবিশেষ।

স্বাধীনভর্তৃকা, স্ত্রী. [স্বাধীন+ভর্তৃকা] নায়িকাবিশেষ, স্বাধীনপতিকা।

স্বাধ্যায়, পুং. [স্ব+অধ্যায়] আবৃত্ত্য বেদাধ্যয়ন, তৎপর্য্যায়।—জপ, জাপ।

স্বাধ্যায়বান্, পুং. [স্বাধ্যায়+বৎ] স্বাধ্যায়বিশিষ্ট, বেদপাঠক।

স্বাধ্যায়ী, পুং. [স্বাধ্যায়+ইন্] পত্তনবণিক্; বেদপাঠক।

স্বান, পুং. [স্বন্+অ] শব্দ, ধ্বনি।

স্বান্ত, ন. [স্ব+অন্ত] মনঃ, চিত্ত; গহ্বর;

স্বাপ, পুং. [স্বপ্+অ] নিদ্রা; শয়ন; স্পর্শা, জড়তা; অজ্ঞান।

স্বাপতেয়, ন. [স্বপতি+এয়] ধন, সম্পদ।

স্বাপদ, পুং. [স্বপদ+অ] শ্বাপদ।

স্বাভাবিক, ত্রি. [স্বভাব+ইক] স্বভাবসিদ্ধ, স্বভাবত উৎপন্ন।

স্বাভিপ্রায়, পুং. [স্ব+অভিপ্রায়] নিজাভিপ্রায়।

স্বামিজঙ্ঘী, পুং. [স্বামিন্+জঙ্ঘিন্] পরশুরাম।

স্বামী, ত্রি. [স্ব+আমিন্] অধিপতি. তৎপর্য্যায়।—ঈশ্বর, পতি, ঈশিতা, অধিভূ, নায়ক, নেতা, প্রভু, পরিবৃঢ়, অধিপ, অবমতি, ঈশ, আর্য্য, পালক; (পুং.) কার্ত্তিকেয়; রাজা; বিভু; হর; হরি; গুরু; ভর্ত্তা; বাৎস্যায়ন মুনি; গরুড়; অতীত কল্পের জিনবিশেষ; পরমহংস।

স্বাম্যুপকারক, পুং. [স্বামিন্+উপকারক] অশ্ব; (ত্রি.) প্রভুরহিতকারক।

স্বায়ম্ভুব, পুং. [স্বয়ম্ভু+অ] প্রথমমনু।

স্বায়ম্ভুবমনুপিতা, পুং. [স্বায়ম্ভুব+মনু-পিতৃ] ব্রহ্মা, প্রজাপতি।

স্বায়ম্ভুবী, স্ত্রী. [স্বায়ম্ভুব+ঈ] ব্রাহ্মী।

স্বারাট্, পুং. [স্ব+রাজ্] ইন্দ্র, সুরপতি।

স্বারোচিষ, পুং. [স্বরোচিস্+অ] দ্বিতীয়মনু।

স্বার্থ, পুং. [স্ব+অর্থ] স্বীয় অভিধেয়; স্বকীয় ধন; স্বীয়বস্তু; আত্ম প্রয়োজন; স্বনিবৃত্তি; লিঙ্গার্থ বিশেষ।

স্বাস্থ্য, ন. [স্বস্থ+য] আরোগ্য; সন্তোষ।

স্বাহা, অ. [স্বদ্+আ] দেবহবির্দানমন্ত্র, তৎপর্য্যায়।—শ্রৌষট্, বৌষট্, বষট্, স্বধা; (স্ত্রী) অগ্নিভার্য্যা, দক্ষের কন্যা, তৎপর্য্যায়।—অগ্নায়ী, হুতভুক্, প্রিয়া, দ্বিঠ, অনলপ্রিয়া, বহ্নিবধূ; বৌদ্ধশক্তিবিশেষ, তৎপর্য্যায়।—তারা, মহাশ্রী, ওঙ্কারা, শ্রী, মনোরমা, তারিণী, জয়া, অনন্তা, শিবা, লোকেশ্বরাত্মজা, খদুরবাসিনী, ভদ্রা, বৈশ্যা, নীলসরস্বতী, শঙ্খিনী, মহাতারা, বসুধারা, ধনন্দদা, ত্রিলোচনা, লোচ-

স্বাহাপতি, পুং. [স্বাহা+পতি] অগ্নি, অনল।

স্বাহাপ্রিয়, পুং. [স্বাহা+প্রিয়] অগ্নি।

স্বাহাভুক্, পুং. [স্বাহা+ভুজ্] দেবতা।

স্বাক্ষপাদ, পুং. [স্বাক্ষ+পাদ] নৈয়ায়িক, ন্যায় শাস্ত্রবেত্তা।

স্বাক্ষর, পুং. [স্ব+অক্ষর] স্বীয়অক্ষর, (বাং) সহী, দস্তখত।

স্বিদৎ, অ. [স্বিদ+বিচ্] প্রশ্ন; বিতর্ক; পাদপূরণ; প্রশ্নবিষয়ে জিজ্ঞাসা।

স্বিদিত, ত্রি. [স্বিদ্+ইত] স্বেদিত, ঘর্ম্মাক্ত।

স্বিন্ন, ত্রি. [স্বিদ্+ত] ঘর্ম্মযুক্ত; পক্ক।

স্বীকরণ, ন. [স্বী+করণ] স্বীকার করণ।

স্বীকার, পুং. [স্বী+কার] অঙ্গীকার, প্রতিজ্ঞান।

স্বীয়, ত্রি. [স্ব+ঈয়] স্বকীয়, আত্মীয়।

স্বীয়া, স্ত্রী. [স্বীয়+আ] নায়িকাবিশেষ।

স্বেচ্ছা, স্ত্রী. [স্ব+ইচ্ছা] স্বকীয়েচ্ছা, তৎপর্য্যায়।—যদৃচ্ছা, স্বৈরিতা।

স্বেচ্ছামৃত্যু, পুং. [স্বেচ্ছা+মৃত্যু] ভীষ্ম; স্বকীয়েচ্ছামরণ; (ত্রি.) স্বেচ্ছামরণযুক্ত।

স্বেদ, পুং. [স্বিদ্+অ] ঘর্ম্ম; স্বেদন, ভাবরা; উষ্মা; তাপ।

স্বেদচূষক, পুং. [স্বেদ+চূষক] শীতলবায়ু।

স্বেদজ, ত্রি. [স্বেদ+জ] ঘর্ম্মহইতে জাতজন্তু, ক্রিমিদংশাদি।

স্বেদন, ন. [স্বিদ্+অন] স্বেদ, ঘর্ম্ম।

স্বেদনিকা, স্ত্রী. [স্বেদন+ইক-আ] কন্দু; ভর্জ্জনপাত্র, ভাজনাখোলা; ভর্জ্জনশালা।

স্বেদনী, স্ত্রী. [স্বেদন+ঈ] লৌহময়পাত্র, তাওয়া, লোহতা. তৎপর্য্যায়।—কন্দু, স্বেদনিকা।

স্বেদবিপ্রুট্, স্ত্রী. [স্বেদ+বিপ্রুষ্] ঘর্ম্মবিন্দু।

স্বেদমলোজ্ঝিতদেহ, পুং. [স্বেদ+মল+উজ্ঝিতদেহ] সর্ব্বকল্পীয়জিনোত্তম; স্বেদমলত্যক্তকায়; (ত্রি.) তদযুক্ত।

স্বৈর, ত্রি. [স্ব+ঈর] স্বচ্ছন্দ; মন্দ।

স্বৈরতা, স্ত্রী. [স্বৈর+ত-আ] স্বৈরিতা,

স্বৈরিণী, স্ত্রী. [স্বৈর+ইন্‌-ঈ] ব্যভিচারিণী, কুলটা; চতুঃপুরুষগামিনী।

স্বৈরিতা, স্ত্রী. [স্বৈরি+ত-আ] স্বচ্ছন্দতা, যদৃচ্ছা।

স্বৈরিন্ধ্রী, স্ত্রী. [স্বৈরিন্ধ্র+ঈ] পরবেশ্মস্থা স্ববশা শিল্পকারিণী নারী, সৈরন্ধ্রী, স্বৈরিন্ধ্রি।

স্বৈরী, ত্রি. [স্ব+ঈরিন্] স্বতন্ত্র, স্বাধীন।

স্বোপার্জ্জিত, ত্রি. [স্ব+উপার্জ্জিত] স্বয়মুপাত্ত, স্বয়মর্জ্জিত।

স্বোবশ্রীয়, ন. [স্বোবশ্র+ঈয়] কল্যাণ,শুভ, মঙ্গল। [কাইট।

স্বোরস, পুং. [স্ব+উরস] শিলাপিষ্ট কল্ক,

হ হ,হকার; ব্যঞ্জনের ত্রয়স্ত্রিংশবর্ণ; অষ্টমবর্গের চতুর্থবর্ণ; ইহার উচ্চারণ স্থানকণ্ঠ; তন্নামানি যথা।— শিব; গগণ; হংস; নাগলোক; অম্বিকাপতি; নকুলীশ, জগৎপ্রাণ; প্রাণেশ; কপিলামল; পরমাত্মা; আত্মজ; জীব; যবাক; শান্তিদ; অঙ্গন; মৃগ; ভয়োরুণা; স্থাণু; ক্রূট; কৃপা; বিরাবণ; লক্ষ্মী; মা; বিহর; শম্ভু; প্রাণশক্তি; ললাটজ; স্বকোপবারণ; শূলী; চৈতন্য; পাদপূরণ; মহালক্ষ্মী; পর; শাখোষ্ঠ; সোমমণ্ডল; শুক্র; অংশ; প্রাণ; শান্ত; অকুল; শূন্য; হাকিনী; অনন্ত; নকুলী; ববাহ; রবি; লিঙ্গ; মহাশূন্য; পরমেশ্বরী।

হ, ব্য. পাদপূরণ; সম্বোধন; বিনিগ্রহ; নিয়োগ; ক্ষেপ; কুৎসা।

হং, ব্য. ক্রোধোক্তি; অনুনয়; আকাশবীজ।

হঃ, পুং. [হন্‌+অস্] শিব; জল; শূন্য; ধারণ; মঙ্গল, গগণ; নকুশীশ; রক্ত; স্বর্গ; পাপহরণ; চন্দ্র; সকোপবারণ; শুক্ল।

হৈমন, পুং.ন. [হেমন+অ] হেমন্তঋতু; স্বর্ণজাত; হিমজাত; (পুং) মার্গশীর্ষমাস হিমকালোদ্ভব ষষ্টিকধান্য।
হৈমন্ত, ন. পুং. [হেমন্ত+অ] হেমন্তঋতু, (ত্রি.) হৈমন্তিক, হেমন্ত সম্বন্ধীয়।
হৈমন্তিক, ন. [হেমন্ত+ইক] শালিধান্য, আমনধান।
হৈমবত, ন. [হিমবৎ+অ] ভারতবর্ষ; (পুং.) বিষবিশেষ।
হৈমবতবর্ষ, ন. [হৈমবত+বর্ষ] ভারতবর্ষ।
হৈমবতী, স্ত্রী. [হিমবৎ+অ-ঈ] পার্ব্বতী; হরিতকী; স্বর্ণক্ষীরী; শ্বেতবচা; গঙ্গা; রেণুকা; কপিলদ্রাক্ষা; অতসী
হৈমমুদ্রিক, ত্রি. [হিমমুদ্রা+ইক] স্বর্ণমুদ্রা-বিশিষ্ট। [হৈমন।
হৈমল, পুং.ন. [হিমল+অ] হেমন্তঋতু,
হৈমা, স্ত্রী. [হেম+অ-আ] পীতযূথিকা, পীতযুঁই।
হৈমী, স্ত্রী. [হেম+অ-ঈ] পীতযূথিকা, পীতযুঁই।
হৈয়ঙ্গবীন, ন. [হৈয়ঙ্গব+ঈন] সদ্যজাত গোদোহোদ্ভবঘৃত; নবনীত, তৎপর্য্যায়। সরজ, মন্থজ, কলম্বুট।
হৈরিক, পুং. [হির+ইক] চৌর, তস্কর।
হৈহয়, পুং. [হিহি+অ] কার্ত্তবীর্য্যরাজা; দেশবিশেষ, (প্রা) বোম্বাই।
হৈহেয়, পুং. [হিহি+এয়] কার্ত্তবীর্য্যরাজা।
হো, ব্য সম্বোধন; আহ্বান; বিস্ময়।
হোগলা, (প্রা) দীর্ঘতৃণবিশেষ; এরকানিগ্রন্থ

হোড়, পুং. [হোড়্+অ] বহিত্র, নৌকা-বিশেষ, ভুরী, তৎপর্য্যায় ।—ভরাঞ্জ বহল, বহিত্র, বার্দ্ধট ; দক্ষিণরাঢ়ীয় কৌলিন্যরীয়হদিগে খিলগুরিপদ্ধতির অন্তর্গত পদ্ধতিবিশেষ; গৌড়দেশীয় শ্রোত্রিয় ব্রাহ্মণ উপাধিবিশেষ ।

হোড়া, পুং. [হুড়+অ] চোর, তস্কর ।

হোড়, (গ্রা) চৌরিতদ্রব্য, চোরামাল ।

হোতা, পুং. [হু+তৃ] ঋগ্বেদবেত্তা, হোমকর্ত্তা ।

হোতৃকার, পুং. [হোতৃ+কার] হোতৃপ্রকার, হোমকারিরমাত্র ।

হোত্র, ন. [হু+ত্র] হবিঃ, ঘৃত; হোম ।

হোত্রক, পুং. [হোত্র+ক] হোমকর্ত্তা, হোতা ।

হোত্রা, স্ত্রী. [হোত্র+আ] স্তুতি, স্তব ।

হোত্রী, পুং. [হোত্র+ইন্] হোতা; (স্ত্রী.) যজমানরূপশিবের মূর্ত্তি ।

হোত্রীয়, ন. [হোত্র+ঈয়] হবির্গেহ; (ত্রি.) হোত্রসম্বন্ধীয় । [যজ্ঞবিশেষ ।

হোম, পুং. [হু+ম] পঞ্চমহাযজ্ঞান্তর্গত

হোমক, পুং. [হোম+ক] হোতা, হোমকর্ত্তা ।

হোমকুণ্ড, ন. [হোম+কুণ্ড] হোমার্থকুণ্ড, তৎপর্য্যায় ।—হবনী ।

হোমধান্য, ন. [হোম+ধান্য] তিল ।

হোমধূম, পুং. [হোম+ধূম] হোমীয় অগ্নির ধূম, নিগণ । [হুত ।

হোমভস্ম, ন. [হোম+ভস্ম] হুতভস্ম, বৈ-

হোমাগ্নি, পুং. [হোম+অগ্নি] যজ্ঞবহ্নি, তৎপর্য্যায় ।—মহাজ্বাল, মহাবীর, প্রসর্গ ।

হোমি, পুং. [হোম+ই] অগ্নি; ঘৃত, জল ।

হোমী, পুং. [হোম+ইন্] হোমকর্ত্তা ।

হোম্য, ন. [হোম+য] ঘৃত; (ত্রি.) হোমীয় দ্রব্যমাত্র ।

হোরা, স্ত্রী. [হোর+আ] লগ্ন; রাশির অর্দ্ধ; রেখা; শাস্ত্রবিশেষ; চতুর্বিংশতিভাগযুক্ত অহোরাত্রের ভাগ ।

হোঁস, (গ্রা) বুদ্ধি, জ্ঞান কোষ ।

হোলক, পুং. [হুল+ক] তৃণাগ্নিতাপিত অর্দ্ধপক্ক শমীধান্য, (হিং) হোরা ।

হোলা, (গ্রা) জলাশয়, ডিলা; বৃহৎমৃৎপাত্র ।

হোলাকা, স্ত্রী. [হোলাক+আ] বসন্তোৎসব, হোলী ।

হৌ, অ. সম্বোধন; আহ্বান ।

হৌতৃক, ত্রি. [হোতৃ+ক] হোতৃসম্বন্ধীয় ।

হৌম্য, ন. [হোম+য] ঘৃত; (ত্রি.) হোমীয়-দ্রব্য ।

হৌম্যধান্য, ন. [হৌম্য+ধান্য] তিল

হ্যঃ, অ. গতদিন, গতদিবস । [সীয় ।

হ্যস্তন, ত্রি. [হ্যস্+তন] হোতব, গতদিব-

হ্যস্ত্য, ত্রি. [হ্যস্+ত্য] হ্যস্তন, গতদিবসীয় ।

হ্রণীয়া, স্ত্রী. [হ্রণ+ঈয়-আ] ব্রীড়া ।

হ্রদ, পুং. [হ্রদ্+অ] অগাধজলাশয়; কিরণ ।

হ্রদগ্রহ, পুং. [হ্রদ+গ্রহ] কুম্ভীর, কুমীর ।

হ্রদিনী, স্ত্রী. [হ্রদ+ইন্-ঈ] নদী, তটিনী ।

হ্রসিমা, পুং. [হ্রস্ব+ইমন্] হ্রস্বতা, লঘুতা ।

হ্রসিষ্ঠ, ত্রি. [হ্রস্ব+ইষ্ঠ] অতিশয় হ্রস্ব ।

হ্রসীয়ান্, ত্রি. [হ্রস্ব+ঈয়স্] অতিশয় হ্রস্ব ।

হ্রস্ব, ন. [হ্রস্+ব] পরিমাণবিশেষ; গৌর-সুবর্ণ শাক; পুষ্পকাসীস; (পুং.স্ত্রী.) প্রকৃত পুরুষ প্রমাণ হইতে ন্যূনমনুষ্য, বাউনে, তৎপর্য্যায় ।—খর্ব্ব, বামন, বামনী, নীচক, নীচ, অকর্ম্মন; (পুং.) একমাত্রবর্ণ; (ত্রি.) ক্ষুদ্রবস্তুমাত্র, তৎ-পর্য্যায় ।—বামন,ন্যঙ, নীচ,খর্ব্ব, নীচৈ, অনুচ্চ ।

হ্রস্বকুশ, পুং. [হ্রস্ব+কুশ] শ্বেতকুশ ।

হ্রস্বগর্ভ, পুং. [হ্রস্ব+গর্ভ] কুশ, কুশা ।

হ্রস্বগবেধুকা, স্ত্রী. [হ্রস্ব+গবেধুকা] নাগ-রুকী । [জাম ।

হ্রস্বজম্বু, পুং. [হ্রস্ব+জম্বু] ক্ষুদ্রজম্বু, ছোট-

হ্রস্বতণ্ডুল, পুং. [হ্রস্ব+তণ্ডুল] রাজান্ন ।

হ্রস্বদর্ভ, পুং. [হ্রস্ব+দর্ভ] শ্বেতকুশ ।

হ্রস্বদা, স্ত্রী. [হ্রস্ব+দা-আ] শল্লকী, শাজারু ।

হ্রস্বপত্রক, পুং. [হ্রস্ব+পত্রক] গিরিজাত মধুক বৃক্ষ ।

হ্রস্বপত্রিকা, স্ত্রী. [হ্রস্ব+পত্রিকা] অশ্বত্থী ।

হ্রস্বফল, পুং. [হ্রস্ব+ফল] ক্ষুদ্রফল বৃক্ষ তৎপর্য্যায় ।—ক্ষীরী, পীতসারক,পুঞ্জ মহাবরাহ, স্বর্ণগর্ভ, শীতলি, [ভিন্ন

হ্রস্বফলা, স্ত্রী. [হ্রস্ব+ফল-আ] ভূমিজম্বু।
হ্রস্বমূল, পুং. [হ্রস্ব+মূল] রক্তেক্ষু, রাঙ্গা-আক্।
হ্রস্বশাখাশিফ, পুং. [হ্রস্ব+শাখা+শিফ] ক্ষুপ, ক্ষুদ্রবৃক্ষ, ঝোপ।
হ্রস্বা, স্ত্রী. [হ্রস্ব+আ] মুদ্গপর্ণী; নাগবলা; ভূমিজম্বু; বামনী।
হ্রস্বাগ্নি, পুং. [হ্রস্ব+অগ্নি] অর্কবৃক্ষ, আকন্দ-গাছ।
হ্রস্বাঙ্গ, পুং. [হ্রস্ব+অঙ্গ] জীবক ঔষধ।
হ্রাদ, পুং. [হ্রদ+অ] শব্দ; হিরণ্যকশিপুর পুত্র।
হ্রাদিনী, স্ত্রী. [হ্রাদ+ইন্-ঈ] বিদ্যুৎ; বজ্র, নদী; শল্লকী; শক্তিবিশেষ।
হ্রাদী, স্ত্রী. ত্রি. [হ্রাদ+ইন্] শব্দবিশিষ্ট।
হ্রাস, পুং. [হ্রস+অ] শব্দ; ক্ষয়।
হ্রিণীয়া, স্ত্রী. [হ্রিণীয়+আ] লজ্জা; ঘৃণা।
হ্রিত, ত্রি. [হ্রি+ত] লজ্জিত; বিভক্ত; নীত; (ন.) অংশ।
হ্রিতি, স্ত্রী. [হ্রি+তি] হৃতি, হরণ।
হ্রিবের, ন. [হ্রি+বের] হ্রীবের, বালক, বালা।
হ্রী, স্ত্রী. [হ্রী+ক্বিপ] লজ্জা।
হ্রীকা, স্ত্রী [হ্রী+কা] ত্রাস; লজ্জা।
হ্রীকু, ত্রি. [হ্রীক+উ] লজ্জিত, সলজ্জ; (পুং.) জতুক; ত্রপু।
হ্রীজিত, ত্রি. [হ্রী+জিত] লজ্জাশীল।
হ্রীণ, ত্রি. [হ্রী+ণ] লজ্জিত, লজ্জাবিশিষ্ট।
হ্রীত, ত্রি. [হ্রী+ত] লজ্জিত।
হ্রীবের, ন. [হ্রী+বের] বালক, বালা।
হ্রীবেল, ন. [হ্রী+বেল] বালক, বালা।
হ্রীবেলক, ন. [হ্রীবেল+ক] বালক, বালা।
হ্রেষা, স্ত্রী. [হ্রেষ্+অ-আ] অশ্বের কণ্ঠহইতে বিনির্গত শব্দ। [আনন্দ।
হ্লাদ, পুং. [হ্লাদ+অ] আহ্লাদ, হর্ষ,
হ্লাদিনী, স্ত্রী. [হ্লাদ+ইন্-ঈ] বিদ্যুৎ; বজ্র; শক্তিবিশেষ।
হ্লীকা, স্ত্রী. [হ্লীক্+আ] লজ্জা, ত্রপা।
হ্লীকু, ত্রি. [হ্লীক+উ] হ্রীকু; (পুং.) জতু; ত্রপু। [কণ্ঠধ্বনি।

ৡ শেষ লকার, গৌড় দেশে ইহার উচ্চারণ ভেদ নাস্তি, কিন্তু ইহার অধোভাগে এক বিন্দু চিহ্ন মাত্র আছে বেদে ইহার উচ্চারণ স্থান জিহ্বামূল, তন্নামানি যথা।—পৃথ্বী; বিরলা; মেঘ; অনন্ত; অব্যবহাসিতা; ব্যাপিনী; শিবদা; কেতু; জগৎ সারতর; হঠ; গ্লৌ; মৃড়ানী; বেদার্থসার; নারায়ণ; জঠর; নকুলি; পীড়া; শিবেশ; অনঙ্গ-মালিনী।

ক্ষ ক্ষকার ব্যঞ্জনের চতুস্ত্রিংশবর্ণ, অষ্টনবর্গের পঞ্চমবর্ণ, এক পঞ্চাশন্মাতৃকাবর্ণের শেষ বর্ণ, তন্নামানি যথা।—কোপ; তম্বক; কাল; রুক্ষ; সম্বর্ত্তক; পর; নৃসিংহ; বিদ্যুৎ; অমায়া; মহাতেজাঃ; যুগান্তক; পরাত্মা; ক্রোধসংহার; বলান্ত; অন্ত; ত্রিপুরক, ক্ষেত্রপাল; মহাক্ষোভ; মাতৃকান্ত; অনল; ক্ষয়; মুখ; কব্যবহ; অনন্ত; কালজিহ্বা; গণেশ্বর; ছায়াপত্র; সংঘাত; মলয়শ্রী; ললাটক।
ক্ষ, পুং. [ক+ষ] সম্বর্ত্ত; রাক্ষস; নরসিংহ; বিদ্যুৎ; ক্ষেত্র; ক্ষেত্রপাল; নাশ।
ক্ষণ, পুং. [ক্ষণ্+অ] ত্রিংশৎকলা পরিমিতকাল, দশপলপরিমিত; উৎসব; নির্ব্যাপারস্থিতি; পর্ব্ব; অবসর; পরতন্ত্রত্ব; মধ্য।
ক্ষণতু, পুং. [ক্ষণ্+অ-তু] ক্ষত, ক্ষণনু।
ক্ষণদ, ন. [ক্ষণ+দ] জল; (পুং.) গণক।
ক্ষণদা, স্ত্রী. [ক্ষণ+দ-আ] রাত্রি; হরিদ্রা।
ক্ষণন, ন. [ক্ষণ্+অন] বধ, হনন।
ক্ষণনিশ্বাস, পুং. [ক্ষণ+নিশ্বাস] শিশুমার, শুশুক। [সৌদামিনী।

ক্ষণভঙ্গুর, ত্রি. [ক্ষণ+ভঙ্গুর] ক্ষণৈক-নাশ্য, ক্ষণমাত্রে ধ্বংস।
ক্ষণরামী, পুং. [ক্ষণ+রামিন্] পারাবত, পায়রা।
ক্ষণার্দ্ধ, পুং [ক্ষণ+অর্দ্ধ] অত্যল্পকাল।
ক্ষণিক, ত্রি. [ক্ষণ+ইক] ক্ষণমাত্রস্থায়ী, অল্পকালস্থিতিশীল।
ক্ষণিকা, স্ত্রী [ক্ষণিক+আ] বিদ্যুৎ, চপলা।
ক্ষণিনী, স্ত্রী. [ক্ষণ+ইন্-ঈ] রাত্রি, ক্ষণদা।
ক্ষণুয়া, (গ্রা) পাদরোগী।
ক্ষত, ন. [ক্ষণ্+ত] স্রবদ্রক্তপূযাদি. ঘা, তৎপর্য্যায়।—ব্রণ, অরু, ঈর্ম্ম, ক্ষণনু; (ত্রি.) ক্ষতবিশিষ্ট।
ক্ষতকাস, পুং. [ক্ষত+কাস] পঞ্চবিধ কাস-রোগান্তর্গত রোগবিশেষ।
ক্ষতঘ্ন, পুং. [ক্ষত+ঘ্ন] ক্ষুপবিশেষ, কুকুর-শোঁখাগাছ।
ক্ষতঘ্নী, স্ত্রী. [ক্ষত+ঘ্ন-ঈ] লাক্ষা।
ক্ষতজ, ন. [ক্ষত+জ] রক্ত; পূয, পূঁজ।
ক্ষতজতৃষ্ণা, স্ত্রী [ক্ষতজ+তৃষ্ণা] শস্ত্রাদি-ক্ষতযুক্ত ব্যক্তির পিপাসা।
ক্ষতবিধ্বংসী, পুং. [ক্ষত+বিধ্বংসিন্] বৃদ্ধ-দারবৃক্ষ।
ক্ষতব্রণ, পুং. [ক্ষত+ব্রণ] ষট্‌প্রকার ব্রণ রোগান্তর্গত ব্রণরোগবিশেষ।
ক্ষতব্রত, ত্রি [ক্ষত+ব্রত] ধ্বস্তনিয়ম, অব-কীর্ণী
ক্ষতহর, ন. [ক্ষত+হর] অগুরু।
ক্ষতি, স্ত্রী. [ক্ষণ্+তি] অপচয়, ক্ষয়।
ক্ষতোদর, পুং. [ক্ষত+উদর] উদররোগ-বিশেষ।
ক্ষত্তা, পুং. [ক্ষদ্+তৃ] সারথি; দ্বাঃস্থ; ক্ষত্রিয়ারগর্ভে বিপ্র হইতে জাত; দাসী-পুত্র; নিযুক্ত; ব্রহ্মা; বৈশ্যারগর্ভে শূদ্র হইতে জাত; মৎস্য। [ক্ষত্রিয়।
ক্ষত্র, ন. [ক্ষদ্+ত্র] শরীর; তগর; (পুং.)
ক্ষত্রবন্ধু, পুং. [ক্ষত্র+বন্ধু] নিন্দিতক্ষত্রিয়।
ক্ষত্রবৃক্ষ, পুং. [ক্ষত্র+বৃক্ষ] মুচুকুন্দ।
ক্ষত্রিয়, পুং. [ক্ষত্র+ইয়] ব্রহ্মার বাহু জাত ষিক্ত, রাজন্য, বাহুজ, বিরাট্, ক্ষত্র-দ্বিজলিঙ্গী, রাজা, নাভি, নৃপ, মূর্দ্ধক, পার্থিব, সার্ব্বভৌম।
ক্ষত্রিয়া, স্ত্রী. [ক্ষত্রিয়+আ] ক্ষত্রিয় স্ত্রী জাতি, ক্ষত্রিয়পত্নী।
ক্ষত্রিয়াণী, স্ত্রী. [ক্ষত্রিয়+আন-ঈ] ক্ষত্রিয় স্ত্রীজাতি, ক্ষত্রিয়ী।
ক্ষত্রিয়ী, স্ত্রী. [ক্ষত্রিয়+ঈ] ক্ষত্রিয়পত্নী।
ক্ষত্রী, পুং. [ক্ষত্র+ইন্]ক্ষত্রিয়জাতি।
ক্ষন্তা, ত্রি [ক্ষম্+তৃ] ক্ষমাশীল, সহিষ্ণু।
ক্ষপণ, ত্রি. [ক্ষপ+অন] নির্লজ্জ, ত্রপা-শূন্য।
ক্ষপণক, পুং. [ক্ষপণ+ক] বুদ্ধবিশেষ; সন্ন্যাসী; পাগল।
ক্ষপণ্যু, পুং. [ক্ষপণ+যু] অপরাধ, দোষ।
ক্ষপা, স্ত্রী. [ক্ষপ+আ] রাত্রি; হরিদ্রা।
ক্ষপাকর, পুং. [ক্ষপা+কর] চন্দ্র; কর্পূর।
ক্ষপাচর, পুং. [ক্ষপা+চর] রাক্ষস; নিশা-চর।
ক্ষপাট, পুং. [ক্ষপা+অট] রাক্ষস; নিশা-চর।
ক্ষপাপতি, পুং. [ক্ষপা+পতি] চন্দ্র, কর্পূর।
ক্ষব, পুং. [ক্ষু+অ] ক্ষুত, হাঁচী; রাজিকা; কাস; রাজিকাবিশেষ, তৎপর্য্যায়।—ক্ষুধাভিজননন, চপল, দীর্ঘশিম্বিক, সুকু-মার, বৃত্তবীজ, মধুর, ক্ষবক।
ক্ষবক, পু. [ক্ষব+ক] অপামার্গ, আপাং-গাছ; রাজিকা, রাইসর্ষা; ভূতাঙ্কুশ।
ক্ষবকৃৎ, স্ত্রী. [ক্ষব+কৃৎ] ছিক্কনী।
ক্ষবথু, পুং. [ক্ষু+অথু] ক্ষুত, হাঁচী; কাস; কণ্ঠকণ্ডূয়ন।
ক্ষবপত্রা, স্ত্রী. [ক্ষব+পত্র-আ] দ্রোণপুষ্প।
ক্ষবিকা, স্ত্রী. [ক্ষু+ইক-আ] বৃহতীবিশেষ, তৎপর্য্যায়।—সর্পতনু, পীততণ্ডুলা, পুত্রপ্রদা, বহুফলা, গোধিনী।
ক্ষম, ন. [ক্ষম্+অ] যুক্ত, (ত্রি.) শক্ত, তৎ-পর্য্যায়।—সহ, প্রভুষ্ণু, হিত।
ক্ষমতা, স্ত্রী. [ক্ষম+ত-আ] যোগ্যতা,

ক্ষমতাপন্ন, ত্রি. [ক্ষমতা+আপন্ন] যোগ্য, পারক, যোগ্যতাপন্ন।

ক্ষমা, স্ত্রী. [ক্ষম+আ] সহিষ্ণুতা, অপকারির অপকার না করণ; ক্ষিতি; ক্ষান্তি; রাত্রি; দুর্গা; গোপীবিশেষ; খদির।

ক্ষমাদংশ, পুং. [ক্ষমা+দংশ] শিগ্রু, শজিনাগাছ। [সহিষ্ণু।

ক্ষমাবান্, ত্রি. [ক্ষমা+বৎ] ক্ষান্তিযুক্ত,

ক্ষমিতা, ত্রি. [ক্ষম+ই-তৃ] ক্ষমাশীল, তৎপর্য্যায়।—সহিষ্ণু, সহন, ক্ষন্তা, তিতিক্ষু, ক্ষমিতা, ক্ষম, শক্ত, সহ, প্রভুষ্ণু।

ক্ষমী, ত্রি. [ক্ষমা+ইন্] ক্ষমাশীল, ক্ষমিতা।

ক্ষয, পুং. [ক্ষী+অ] নীতিবেদিদিগের ত্রিবর্গান্তর্গত প্রথমবর্গ, রাজাদিগের অষ্টমবর্গের অপচয়; লয়, তৎপর্য্যায়। সম্বর্ত্ত, প্রলয়, কল্প, কল্পান্ত; অপচয়, তৎপর্য্যায়।—ক্ষিয়া; নিলয়, তৎপর্য্যায়।—গৃহশব্দে দ্রষ্টব্য, কাসরোগবিশেষ, তৎপর্য্যায়।—যক্ষ্মা, শোষ, রাজযক্ষ্মা, রোগরাজ, গদাগ্রণী, উষ্মা, অতিরোগ, রোগাধীশ, নৃপাময়; রোগমাত্র।

ক্ষয়কাস, পুং. [ক্ষয়+কাস] ক্ষয়থু, যক্ষ্মাকাস।

ক্ষয়তরু, পুং [ক্ষয়+তরু] স্থালীবৃক্ষ।

ক্ষয়থু, পুং [ক্ষী+অথু] কাসরোগ।

ক্ষয়নাশিনী, স্ত্রী. [ক্ষয়+নাশিন্-ঈ] জীবন্তীবৃক্ষ।

ক্ষয়পক্ষ, পুং. [ক্ষয়+পক্ষ] কৃষ্ণপক্ষ।

ক্ষয়মাস, পুং. [ক্ষয়+মাস] মলমাস, অধিমাস।

ক্ষয্য, ন. [ক্ষয়+য] ক্ষয়ণীয়, ক্ষয়িতব্য, ক্ষয়যোগ্য।

ক্ষর, ন. [ক্ষর্+অ] জল; (পুং.) মেঘ; নশ্বরবস্তু।

ক্ষরণ, ন. [ক্ষর্+অন] মোচন, স্রবণ।

ক্ষরিত, ত্রি. [ক্ষর্+ই-ত] চ্যুত, গলিয়াপড়া।

ক্ষরী, পুং. [ক্ষর+ইন্] বর্ষাকাল; (ত্রি.) ক্ষরণবিশিষ্ট।

ক্ষান্ত, ত্রি. [ক্ষম্+ত] সহনশীল, তৎপর্য্যায়।—মর্ষক; (পুং.) পিতা।

ক্ষান্তি, স্ত্রী. [ক্ষম+তি] সামর্থ্য থাকিতে অপকার না করা, তৎপর্য্যায়।—তিতিক্ষা, সহিষ্ণুতা, ক্ষমা।

ক্ষান্তু, ত্রি. [ক্ষম্+তু] ক্ষমাশীল, তৎপর্য্যায়।—মর্ষক; (পুং.) পিতা।

ক্ষাম, ত্রি. [ক্ষৈ+ত] ক্ষীণ; অবল, দুর্ব্বল।

ক্ষামবতী, স্ত্রী. [ক্ষাম+বৎ-ঈ] যাগবিশেষ; ক্ষুধাতুরা স্ত্রী। [বিশেষ।

ক্ষামবতীষ্টি, স্ত্রী. [ক্ষামবতী+ইষ্টি] যাগ-

ক্ষামা, স্ত্রী. [ক্ষাম+আ] কৃশা, দুর্ব্বলা, ক্ষীণাস্ত্রী।

ক্ষামাসা, ন. [ক্ষাম+আসা] কুপথ্য, অহিতজনক আহার; কৃশবদন।

ক্ষার, ন. [ক্ষর+অ] বিড়লবণ; যবক্ষার; (পুং.) রসবিশেষ; ধূর্ত্ত; লবণ; কাচ; ভস্ম; গুড়; টঙ্কণ; সর্জ্জিক্ষার।

ক্ষারক, পুং. [ক্ষার+ক] অচিরজাতফল, জালক, জালি; পক্ষী ও মৎস্যাদিপিটক, খাঁচা; রজক।

ক্ষারতৈল, ন. [ক্ষার+তৈল] পক্কতৈলবিশেষ।

ক্ষারত্রয়, ন. [ক্ষার+ত্রয়] ত্রিবিধক্ষার, তদ্যথা।—সর্জ্জিক্ষার, যবক্ষার, টঙ্কণক্ষার।

ক্ষারদলা, স্ত্রী. [ক্ষার+দল-আ] চিল্লী; চিল।

ক্ষারদশক, ন. [ক্ষার+দশক] দশবিধক্ষার, তদ্যথা।—শিগ্রু, মূলক, পলাশ, চাক্রিক, চিত্রক, আর্দ্রক, নিম্ব, ইক্ষু, মোচিক, শৈখরিক। [বৃক্ষ।

ক্ষারদ্রু, পুং [ক্ষার+দ্রু] ঘণ্টাপাটলি

ক্ষারপত্র, পুং [ক্ষার+পত্র] বাস্তূক, বেতোশাক।

ক্ষারপত্রক, পুং. [ক্ষার+পত্রক] বাস্তূক, বেতোশাক।

ক্ষারবৃক্ষ, পুং. [ক্ষার+বৃক্ষ] মুষ্কক।

ক্ষারভূমি, পুং. [ক্ষার+ভূমি] লবণমৃত্তিকাদেশ; (স্ত্রী.) লবণভূমি।

ক্ষারমধ্য, পুং. [ক্ষার+মধ্য] অপামার্গ, আপাংগাছ।

ক্ষারমেলক, পুং. [ক্ষার+মেলক] সর্জ্জ-

ক্ষারমৃত্তিকা, স্ত্রী. [ক্ষার+মৃত্তিকা] লবণ-মৃত্তিকা, তৎপর্য্যায়।—উষ, ঊষ।
ক্ষারশ্রেষ্ঠ, ন. [ক্ষার+শ্রেষ্ঠ] বজ্রক্ষার; (পুং.) পলাশ; মুষ্কক।
ক্ষারষট্ক, ন. [ক্ষার+ষট্ক] ষড়্বিধক্ষার, যথা।—ধার,অপামার্গ, কুটজ, লাঙ্গলী, তিল, মুষ্কক।
ক্ষারসিন্ধু, পুং. [ক্ষার+সিন্ধু] লবণসমুদ্র
ক্ষারাচ্ছ, ন. [ক্ষার+অচ্ছ] সামুদ্রলবণ।
ক্ষারাষ্টক, ন. [ক্ষার+অষ্টক] অষ্ট প্রকার ক্ষার, যথা।—পলাশ, বজ্রি, শিখরি, তিন্তিড়ি, অর্ক, তিলনালজ, যবজ, সর্জ্জিকা। [বুভুক্ষা।
ক্ষারিকা, স্ত্রী. [ক্ষার+ইক-আ] ক্ষুধা,
ক্ষারিত, ত্রি. [ক্ষার+ইত] অভিশস্ত, অপবাদগ্রস্ত; স্রাবিত; ক্ষার।
ক্ষারোদ, পুং. [ক্ষার+উদ] লবণসমুদ্র।
ক্ষালন, ন. [ক্ষাল+অন] প্রক্ষালন, ধৌতকরণ।
ক্ষালিত, ত্রি. [ক্ষাল+ইত] কৃতপ্রক্ষালন, তৎপর্য্যায়।—নির্ণিক্ত, শোধিত, মৃষ্ট, ধৌত।
ক্ষিণ্ণ, ত্রি. [ক্ষিদ্+ত] দুঃখিত, ক্রুদ্ধ।
ক্ষিত, ত্রি. [ক্ষি+ত] হিংসিত।
ক্ষিতি, স্ত্রী. [ক্ষি+তি] পৃথিবী; বাস; ক্ষয়; কালবিশেষ, প্রলয়; রোচনানাম গন্ধ দ্রব্য। [ধূলা।
ক্ষিতিকণ, পুং. [ক্ষিতি+কণ] ধূলি, রজঃ,
ক্ষিতিজ, ন. [ক্ষিতি+জ] খগোলে আকাশ মধ্যে নবতি অংশান্তর তির্য্যগবৃত্ত; (পুং) ভূনাগ; মঙ্গলগ্রহ; (ত্রি.) ভূজাত।
ক্ষিতিজন্তু, পুং. [ক্ষিতি+জন্তু] ভূনাগ।
ক্ষিতিধর, পুং. [ক্ষিতি+ধর] পর্ব্বত; কূর্ম্ম; বাসুকি, দিগ্গজ।
ক্ষিতিনাগ, পুং. [ক্ষিতি+নাগ] ভূনাগ।
ক্ষিতিনাথ, পুং. [ক্ষিতি+নাথ] রাজা, পৃথ্বীপতি; বিষ্ণু। [নাথ।
ক্ষিতিপ, পুং. [ক্ষিতি+প] রাজা, ক্ষিতি-
ক্ষিতিপতি, পুং. [ক্ষিতি+পতি] রাজা. পৃথ্বীপতি।
ক্ষিতিপাল, পুং. [ক্ষিতি+পাল] রাজা, ক্ষিতিনাথ।
ক্ষিতিপালভাক্, পুং. [ক্ষিতিপাল+ভাজ্] রাজা। [মঙ্গলগ্রহ।
ক্ষিতিপুত্র, পুং. [ক্ষিতি+পুত্র] নরকরাজ;
ক্ষিতিবদরী, স্ত্রী. [ক্ষিতি+বদর-ঈ] ভূবদরী।
ক্ষিতিবর্দ্ধন, পুং. [ক্ষিতি+বর্দ্ধন] শব, মৃতদেহ; (ত্রি.) ভূমিবর্দ্ধক।
ক্ষিতিব্যুদাস, পুং. [ক্ষিতি+ব্যুদাস] গর্ত্ত, ভাঁড়সী, তহখানা।
ক্ষিতিভূৎ, পুং. [ক্ষিতি+ভৃৎ] রাজা। [গাছ।
ক্ষিতিরুহ, পুং. [ক্ষিতি+রুহ] বৃক্ষ,
ক্ষিতিক্ষম, পুং. [ক্ষিতি+ক্ষম] খদিরবৃক্ষ।
ক্ষিতীশ্বর, পুং. [ক্ষিতি+ঈশ্বর] রাজা, নৃপতি।
ক্ষিত্যদিতি, স্ত্রী. [ক্ষিতি+অদিতি] দেবকী, কৃষ্ণজননী।
ক্ষিণু, পুং. [ক্ষি+ত্নু] বায়ু, বাতাস।
ক্ষিদ্র, পুং. [ক্ষিৎ+র] রোগ; সূর্য্য; বিষাণ।
ক্ষিপ, পুং. [ক্ষিপ+অ] ক্ষেপণ, ক্ষেপকর্ত্তা।
ক্ষিপক, পুং. [ক্ষিপ্+অক] যোদ্ধা, লড়াক।
ক্ষিপকা, স্ত্রী, [ক্ষিপ+ক-আ] ক্ষেপণ।
ক্ষিপণ, ন. [ক্ষিপ্+অ] ক্ষেপণ, ক্ষিপা।
ক্ষিপণি, পুং. [ক্ষিপ+অনি] অস্ত্র; (স্ত্রী.) ক্ষেপণী, নৌকাদণ্ড, হালি; জালবিশেষ; মন্ত্র; অধ্বর্য্যু। [দণ্ড।
ক্ষিপণী, স্ত্রী. [ক্ষিপণ+ঈ] ক্ষিপণি, নৌকা-
ক্ষিপণু, পুং. [ক্ষিপ+নু] বায়ু, পবন।
ক্ষিপণ্যু, পু. [ক্ষিপ্+অন্যু] বসন্তকাল; দেহ; (ত্রি.) সুরভি।
ক্ষিপা, ত্রি. [ক্ষিপ+আ] ক্ষেপণ; রাত্রি।
ক্ষিপ্ত, ত্রি. [ক্ষিপ্+ত] নিক্ষেপকৃত বস্তু, ত্যক্ত, তৎপর্য্যায়।—নুত্ত, নুন্ন, অস্ত, নিষ্ঠ্যুত, বিদ্ধ, ঈরিত; বায়ুগ্রস্ত, ক্ষেপা।
ক্ষিপ্তা, স্ত্রী. [ক্ষিপ+ত-আ] রাত্রি, রজনী।
ক্ষিপ্ন, ত্রি, [ক্ষিপ+ন] নিরাকরিষ্ণু, নিরাকরণ শীল।
ক্ষিপ্র, ন. [ক্ষিপ্+র] শীঘ্র; (ত্রি.) তদ্যুক্ত।
ক্ষিপ্রপাকী, ত্রি. [ক্ষিপ্র+পাকিন্] গর্দ্দভাণ্ড বৃক্ষ; (ত্রি.) শীঘ্রপাকবিশিষ্ট।
ক্ষিয়া, স্ত্রী. [ক্ষি+য-আ] অপচয়।

ক্ষীজন, ন. [ক্ষীজ+অন] কীচকের ধ্বনি।
ক্ষীণ, ত্রি. [ক্ষী+ত] সূক্ষ্ম, অবল, তৎপর্য্যায়।—দুর্ব্বল, কৃশ, ক্ষাম, তনু, ছাত, তলিন, অমাংস, পেলব।
ক্ষীণপণ, ত্রি. [ক্ষীণ+পণ] নিস্ব, দরিদ্র।
ক্ষীণবান্, ত্রি. [ক্ষীণ+বৎ] ক্ষয়বিশিষ্ট।
ক্ষীণাঙ্গ, ন. [ক্ষীণ+অঙ্গ] কৃশাঙ্গ, সূক্ষ্মাঙ্গ।
ক্ষীণাষ্টকর্ম্মা, পুং. [ক্ষীণ+অষ্টন্+কর্ম্মন্] জিনবিশেষ।
ক্ষীর, ত্রি. [ক্ষীব্+অ] মত্ত, মাতওয়ালা।
ক্ষীর, ন. [ক্ষী+র] জল; দুগ্ধ; সরলদ্রব।
ক্ষীরক, পুং. [ক্ষীর+ক] ক্ষীরমোরটলতা।
ক্ষীরকঞ্চুকী, স্ত্রী. [ক্ষীর+কঞ্চুক–ঈ] ক্ষীরীশবৃক্ষ।
ক্ষীরকণ্ঠ, পুং. [ক্ষীর+কণ্ঠ] বালক, শিশু।
ক্ষীরকণ্ঠক, পুং. [ক্ষীর+কণ্ঠক] শিশু, বালক
ক্ষীরকন্দ, পুং. [ক্ষীর+কন্দ] ক্ষীরবিদারী।
ক্ষীরকন্দা, স্ত্রী. [ক্ষীর+কন্দ–আ] ক্ষীরবল্লী, কালভূমিকুষ্মাণ্ড।
ক্ষীরকাকোলিকা, স্ত্রী. [ক্ষীর+কাকোলিক-আ] ক্ষীরকাকোলী।
ক্ষীরকাকোলী, স্ত্রী. [ক্ষীর+কাকোলী] অষ্টবর্গে প্রসিদ্ধ ঔষধবিশেষ, তৎপর্য্যায়।—মহাবীরা, সুকোলী, পয়স্বিনী, ক্ষীরশুক্লা, পয়স্যা, ক্ষীরবিষাণিকা, জীববল্লী, জীবশুক্লা।
ক্ষীরকাণ্ডক, পুং. [ক্ষীর+কাণ্ডক] মুহীবৃক্ষ; অর্কবৃক্ষ। [বৃক্ষ।
ক্ষীরকাষ্ঠা, স্ত্রী. [ক্ষীর+কাষ্ঠ-আ] বটী-
ক্ষীরকীট, পুং. [ক্ষীর+কীট] দুগ্ধজাতকীট, তৎপর্য্যায়।—কালিকা।
ক্ষীরজ, ন. [ক্ষীর+জ] দধি; (ত্রি.) ক্ষীরজাত দ্রব্য।
ক্ষীরদল, পুং. [ক্ষীর+দল] অর্কবৃক্ষ, আকন্দগাছ।
ক্ষীরদ্রুম, পুং. [ক্ষীর+দ্রুম] অশ্বত্থবৃক্ষ।
ক্ষীরধেনু, স্ত্রী. [ক্ষীর+ধেনু] দানার্থক্ষীর নির্ম্মিত ধেনু।

ক্ষীরনাশ, পুং. [ক্ষীর+নাশ] শাখোটবৃক্ষ; দুগ্ধক্ষয়।
ক্ষীরনীর, ন. [ক্ষীর+নীর] আলিঙ্গন; দুগ্ধ ও জল।
ক্ষীরপর্ণী, পুং. [ক্ষীর+পর্ণিন্] অর্কবৃক্ষ।
ক্ষীরপাণ, ন. [ক্ষীর+পাণ] দুগ্ধপান; (ত্রি.) দুগ্ধপানযুক্ত দেশ।
ক্ষীরপান, ন. [ক্ষীর+পান] দুগ্ধপান; (ত্রি.) দুগ্ধপানযুক্ত দেশ।
ক্ষীরপায়ী, ত্রি. [ক্ষীর+পায়িন্] দুগ্ধপান কর্ত্তা।
ক্ষীরবল্লী, স্ত্রী. [ক্ষীর+বল্লী] ক্ষীরবিদারী, কৃষ্ণভূমিকুষ্মাণ্ড।
ক্ষীরবিকৃতি, স্ত্রী. [ক্ষীর+বিকৃতি] কুর্চ্চিকা, ক্ষীরসা; ছেনা।
ক্ষীরবিদারিকা, স্ত্রী. [ক্ষীর+বিদারিকা] ক্ষীরবিদারী, কালভূমিকুষ্মাণ্ড।
ক্ষীরবিদারী, স্ত্রী. [ক্ষীর+বিদারী] কৃষ্ণভূমি কুষ্মাণ্ড, তৎপর্য্যায় —মহাশ্বেতা, ঋক্ষগন্ধিকা, ইক্ষুগন্ধা, ইক্ষুবল্লরী, ইক্ষুবল্লী, ক্ষীরকন্দ, ক্ষীরবল্লী, পয়স্বিনী, ক্ষীরশুক্লা, ক্ষীরলতা, পয়ঃকন্দা, পয়োলতা, পয়োবিদারিকা।
ক্ষীরবিষাণিকা, স্ত্রী. [ক্ষীর+বিষাণিকা] বৃশ্চিকালী, বিছুটীলতা; ক্ষীরকাকোলী।
ক্ষীরবৃক্ষ, পুং. [ক্ষীর+বৃক্ষ] উড়ুম্বরবৃক্ষ; ক্ষীরিকা; রাজাদনী।
ক্ষীরমোরট, পুং. [ক্ষীর+মোরট] লতাবিশেষ; তৎপর্য্যায়।—সিতভ্রু, সুদল ক্ষীরক।
ক্ষীরশর, পুং. [ক্ষীর+শর] দধিযোগে পকোক্ষ দুগ্ধজাত ছানা, তৎপর্য্যায়।—আমিক্ষা, পয়স্যা; সন্তালিক।
ক্ষীরশীর্ষ, পুং. [ক্ষীর+শীর্ষ] শ্রীবাস।
ক্ষীরশুক্লা, স্ত্রী. [ক্ষীর+শুক্ল-আ] ক্ষীবিদারী; ক্ষীরকাকোলী।
ক্ষীরশুক্ল, পুং. [ক্ষীর+শুক্ল] জলকণ্টপাণিফল; রাজাদনী, ক্ষীরণী।
ক্ষীরশুক্লা, স্ত্রী. [ক্ষীর+শুক্ল-আ] শুক্লকুষ্মাণ্ড।

ক্ষীরস, পুং. [ক্ষীর+অস] ক্ষীরসার।

ক্ষীরসন্তালিকা, স্ত্রী. [ক্ষীর+সন্তালিকা] দুগ্ধ-বকারবিশেষ, সর।

ক্ষীরসমুদ্র, পুং. [ক্ষীর+সমুদ্র] দুগ্ধসাগর।

ক্ষীরসাগরসুতা, স্ত্রী. [ক্ষীর+সাগর-সুত-আ] লক্ষ্মী, ক্ষীরাব্ধিতনয়া।

ক্ষীরসার, পুং. [ক্ষীর+সার] ক্ষীরবিশেষ, (হিং.) পালজিন্নু, তৎপর্য্যায়।—ক্ষীরস।

ক্ষীরস্ফটিক, পুং. [ক্ষীর+স্ফটিক] ক্ষীরবর্ণ স্ফটিকবিশেষ।

ক্ষীরস্কন্ধ, পুং. [ক্ষীর+স্কন্ধ] দুগ্ধপাষাণ।

ক্ষীরা, স্ত্রী. [ক্ষীর+আ] কাকোলী; শসা।

ক্ষীরাব্ধি, পুং. [ক্ষীর+অব্ধি] ক্ষীরসমুদ্র।

ক্ষীরাব্ধিজ, পুং. [ক্ষীর+অব্ধিজ] চন্দ্র; (ন.) সামুদ্রলবণ; মৌক্তিক। [কমলা।

ক্ষীরাব্ধিজা, স্ত্রী. [ক্ষীরাব্ধি+জ-আ] লক্ষ্মী,

ক্ষীরাব্ধিতনয়া, স্ত্রী. [ক্ষীরাব্ধি+তনয়া] লক্ষ্মী, কমলা।

ক্ষীরাবিকা, স্ত্রী. [ক্ষীর+আবিকা] ক্ষীরাবী, দুগ্ধিকা, ক্ষীরয়া।

ক্ষীরাবী, স্ত্রী. [ক্ষীর+আব-ঈ] দুগ্ধিকা, ক্ষীরায়ি, তৎপর্য্যায়।—গ্রাহিণী, কচ্ছুরা, তাম্রমূলা, মরুদ্ভবা।

ক্ষীরাহ্ব, পুং. [ক্ষীর+আহ্ব] সরলবৃক্ষ।

ক্ষীরিকা, স্ত্রী. [ক্ষীর+ইক-আ] ক্ষীরীবৃক্ষ, ক্ষীরখর্জ্জূর, পিণ্ডখর্জ্জূর, তৎপর্য্যায়।—রাজাদন, ফলাধ্যক্ষ, রাজাতন, রাজাদন, ফল, অধ্যক্ষ, মধুকা, ক্ষীরবৃক্ষ, পলাশী, মর্কটপ্রিয়, গুরুস্কন্দ, শ্লেষ্মলা, আতপলী, বৃষা, মৌলিকাজালী, ক্ষীরীবৃক্ষ, বানরপ্রিয়, রাজন্য, প্রিয়দর্শন, দৃঢ়স্কন্ধ, কপীঠ, বরাদন, ক্ষীরী, ক্ষীরিন্; পরমান্ন।

ক্ষীরিণী, স্ত্রী. [ক্ষীর+ইন্-ঈ] বৃক্ষবিশেষ, তৎপর্য্যায়।—কাঞ্চনক্ষীরী, কর্ষণী, পাটুকর্ণিকা, তিক্তদুগ্ধা, হৈমবতী, হিমদুগ্ধা, হিমাবতী, হিমাদ্রিজা, পীতদুগ্ধা, যবচিঞ্চা, হিমোদ্ভবা, হৈমী, হিম[illegible]; বরাহক্রান্তা; কুটুম্বিনী; কাশ্মরী, দুগ্ধিকা।

ক্ষীরিবৃক্ষ, পুং. [ক্ষীরি+বৃক্ষ] ক্ষীরযু[ক্ত] পঞ্চ প্রকার বৃক্ষ, যথা।—ন্যাগ্রোধ, উড়ুম্বর, অশ্বত্থ, পারিশ, প্লক্ষপাদপ।

ক্ষীরী, পুং. [ক্ষীর+ইন্] ক্ষীরিকাবৃক্ষ; দুগ্ধিকা; স্নুহীবৃক্ষ; অর্কবৃক্ষ; রাজাদনী; দুগ্ধপাষাণ; বটবৃক্ষ; প্লক্ষবৃক্ষ; সোমলতা; স্থালীবৃক্ষ; (স্ত্রী.) ক্ষীরীবৃক্ষ।

ক্ষীরীশ, পুং. [ক্ষীরী+ঈশ] ক্ষীরকঞ্চুকী, তৎপর্য্যায়।—বরপর্ণ, সুকৃচ্ছদ, কুষ্ঠনাশন, বল্য, মূলকমূলা, খসকন্দ, কঞ্চুকী। [মান্ন।

ক্ষীরেশী, স্ত্রী. [ক্ষীরেশ+ঈ] পায়স, পর-

ক্ষীরোদ, পুং. [ক্ষীর+উদ] দুগ্ধ সমুদ্র।

ক্ষীরোদতনয়া, স্ত্রী. [ক্ষীরোদ+তনয়-আ] লক্ষ্মী, কমলা।

ক্ষীরোদতনয়াপতি, পুং. [ক্ষীরোদ+তনয়া-পতি] বিষ্ণু, নারায়ণ।

ক্ষীরোদনন্দন, পুং. [ক্ষীরোদ+নন্দন] চন্দ্র।

ক্ষু, পুং. সিংহ, কেশরী।

ক্ষুণ, পুং. [ক্ষু+ত] অরিষ্ট বৃক্ষ।

ক্ষুণ্ণ, ত্রি. [ক্ষুদ্+ত] প্রহত, চূর্ণীকৃত।

ক্ষুত, ন. [ক্ষু+ত] নাসিকাভিঘাত জন্য সশব্দ বায়ুনিঃসরণ, হাঁচী, তৎপর্য্যায়।—ক্ষুৎ, ক্ষব, ক্ষুতা, ছিক্কা, ক্ষবথু, হঞ্জি, (পুং.) ক্ষুত।

ক্ষুতক, পুং. [ক্ষুত+ক-অ] রাজিকা, রাইসর্ষা।

ক্ষুতা, স্ত্রী. [ক্ষুত+আ] ক্ষুত, হাঁচী।

ক্ষুতাভিজনন, পুং. [ক্ষুত+অভিজনন] কৃষ্ণসর্ষপ।

ক্ষুৎ, স্ত্রী. [ক্ষুত+ক্বিপ্] ক্ষুত, হাঁচী; ক্ষুধা।

ক্ষুৎকারী, স্ত্রী. [ক্ষুৎ+কার-ঈ] কঙ্কালিকা; ভুজঙ্গঘাতিনী।

ক্ষুদ্, স্ত্রী. [ক্ষুধ্+ক্বিপ্] ক্ষুধা।

ক্ষুদ, পুং. [ক্ষুদ্+অ] তণ্ডুলাদিচূর্ণ, ক্ষুদ্।

ক্ষুদ্র, পুং. [ক্ষুদ্+র] তণ্ডুলাবয়ব; ডহু; (ত্রি.) কৃপণ; অধম; ক্রূর; অল্প, দরিদ্র।

ক্ষুদ্রকণ্টকারী, স্ত্রী. [ক্ষুদ্র+কণ্টকারী] অগ্নিদমনীবৃক্ষ।

ক্ষুদ্রকণ্টকী, স্ত্রী. [ক্ষুদ্র+কণ্টক-ঈ] বৃহতী ক্ষুদ্রভণ্টাকী

ক্ষুদ্রকম্বু, পুং. [ক্ষুদ্র+কম্বু] ক্ষুদ্রশঙ্খ, তৎপর্য্যায়।—শঙ্খনখ, ক্ষুল্লক।

ক্ষুদ্রকারবেল্লী, স্ত্রী. [ক্ষুদ্র+কারবেল্ল-ঈ কারবেল্লবিশেষ, ছোটকরলা, তৎপর্য্যায় —কুড়ুহুঞ্চী, শ্রীফলিকা, প্রতিপত্রফলা, সুষবী, কারবী, বহুফলা, ক্ষুদ্রকারলিকা, কন্দফলা, উচ্ছা।

ক্ষুদ্রকারলিকা, স্ত্রী. [ক্ষুদ্র+কারলিক-আ] ক্ষুদ্রকারবেল্লী, ছোটকরলা, উচ্ছা।

ক্ষুদ্রকুলিশ, পুং. [ক্ষুদ্র+কুলিশ] বৈক্রান্তমণি।

ক্ষুদ্রকুষ্ঠ, ন. [ক্ষুদ্র+কুষ্ঠ] স্বল্পকুষ্ঠরোগ।

ক্ষুদ্রগোক্ষুরক, পুং. [ক্ষুদ্র+গোক্ষুরক] গোক্ষুর বৃক্ষবিশেষ, ছোটগোক্ষুর, (হিং.) হরচিকার, তৎপর্য্যায়।—ত্রিকণ্টক, কণ্টী, ষড়ঙ্গ, বহুকণ্টক, ক্ষুর, গোকণ্টক, কণ্টফল, পলঙ্কষা, ক্ষুদ্রক্ষুর, ভক্ষটক, স্থলশৃঙ্গাটক, বনশৃঙ্গাটক, ইক্ষুগন্ধ, স্বাদুকণ্ট।

ক্ষুদ্রঘণ্টিকা, স্ত্রী. [ক্ষুদ্র+ঘণ্টিকা] কটিভূষণবিশেষ, ঘাঘর, ঘুঙ্গুর, তৎপর্য্যায়।—কিঙ্কিণী, ক্ষুদ্রঘণ্টী, প্রতিসরা, কিঙ্কিণিকা, কঙ্কণী, কঙ্কণিকা, ক্ষুদ্রিকা, ঘর্ঘরী।

ক্ষুদ্রঘোলী, স্ত্রী. [ক্ষুদ্র+ঘোল-ঈ] চিবিল্লিকাক্ষুপ।

ক্ষুদ্রচঞ্চু, স্ত্রী. [ক্ষুদ্র+চঞ্চু] ক্ষুপবিশেষ, তৎপর্য্যায়।—চঞ্চু, চঞ্চূ, শুনকচঞ্চুকা, ত্বক্সারভেদিনী, ক্ষুদ্রা, কটুকা, কটুপত্রিকা।

ক্ষুদ্রজন্তু, পুং. [ক্ষুদ্র+জন্তু] শতপদী; স্বল্পপ্রাণিমাত্র।

ক্ষুদ্রজাতীফল, ন. [ক্ষুদ্র+জাতীফল] আমলক; জায়বিশেষ। [বৃক্ষ।

ক্ষুদ্রজীবা, স্ত্রী. [ক্ষুদ্র+জীব-আ] জীবন্তী-

ক্ষুদ্রজীর, পুং. [ক্ষুদ্র+জীর] স্বল্পজীরক, ক্ষুদিয়াজিরা।

[illegible] স্ত্রী. [illegible] [illegible]।

ক্ষুদ্রতুলসী, স্ত্রী. [ক্ষুদ্র+তুলসী] বর্ব্বরীবিশেষ, অর্জ্জক।

ক্ষুদ্রদংশিকা, স্ত্রী. [ক্ষুদ্র+দংশিকা] স্বল্পদংশক, ছোটডাঁশ।

ক্ষুদ্রদংশী, স্ত্রী. [ক্ষুদ্র+দংশ-ঈ] ক্ষুদ্রদংশিকা, ছোটডাঁশ

ক্ষুদ্রদুরালভা, স্ত্রী. [ক্ষুদ্র+দুরালভা] স্বল্পদুরালভাবৃক্ষ, তৎপর্য্যায়।—মরুস্থা, মরুসম্ভবা, বিশারদা, অজভক্ষ্যা, অজাদনী, উষ্ট্রভক্ষিকা, কষায়া, কণিহৃৎ, গ্রাহিণী, করভপ্রিয়া, করভাদনিকা।

ক্ষুদ্রদুস্পর্শা, স্ত্রী [ক্ষুদ্র+দুস্পর্শ-আ] অগ্নিদমনীবৃক্ষ

ক্ষুদ্রধাত্রী, স্ত্রী. [ক্ষুদ্র+ধাত্রী] কর্কটবৃক্ষ।

ক্ষুদ্রনাসিক, ত্রি. [ক্ষুদ্র+নাসিক] স্বল্পনাসাযুক্ত, তৎপর্য্যায়।—নঃক্ষুদ্র।

ক্ষুদ্রপত্রা, স্ত্রী. [ক্ষুদ্র+পত্র-আ] চাঙ্গেরী, চুকাপালং, রামরুলশাক।

ক্ষুদ্রপত্রী স্ত্রী. [ক্ষুদ্র+পত্র-ঈ] বচা, বচ।

ক্ষুদ্রপনস, পুং. [ক্ষুদ্র+পনস] লকুচ, ডহু; স্বল্পকণ্টাফল।

ক্ষুদ্রপর্ণ, পুং. [ক্ষুদ্র+পর্ণ] অর্জ্জক; (ত্রি.) সূক্ষ্মপত্র।

ক্ষুদ্রপাষাণভেদা, স্ত্রী. [ক্ষুদ্র+পাষাণ-ভেদ-আ] ক্ষুপবিশেষ, ক্ষুদ্রপাষাণভেদী, তৎপর্য্যায়।—চতুঃপত্রী, পার্ব্বতী, নগভূ, অশ্মকেতু, গিরিভূ, কন্দরোদ্ভবা, শৈলোদ্ভবা, গিরিজা, নগজা।

ক্ষুদ্রপিপ্পলী, স্ত্রী. [ক্ষুদ্র+পিপ্পলী] বনপিপ্পলী, বনপিপুল।

ক্ষুদ্রপোতিকা, স্ত্রী. [ক্ষুদ্র+পোতিকা] মূলপোতী।

ক্ষুদ্রফলক, পুং. [ক্ষুদ্র+ফলক] জীবনবৃক্ষ।

ক্ষুদ্রফলা, স্ত্রী. [ক্ষুদ্র+ফল-আ] ভূমিজম্বু; ইন্দ্রবারুণী; গোপাল কর্কটী; কণ্টকারী; অগ্নিদমনী।

ক্ষুদ্রবংশা, স্ত্রী. [ক্ষুদ্র+বংশ-আ] বরাহক্রান্তা।

ক্ষুদ্রবর্ব্বণা, স্ত্রী. [ক্ষুদ্র+বর্ব্বণ-আ] বরটা।

ক্ষুদ্রবল্লী, স্ত্রী. [ক্ষুদ্র+বল্লী] মূলপোতী।

ক্ষুদ্রবার্ত্তাকী, স্ত্রী. [ক্ষুদ্র+বার্ত্তাকী] বৃহতী, কণ্টকারী।
ক্ষুদ্রবার্ত্তাকিনী, স্ত্রী. [ক্ষুদ্র+বার্ত্তাকিন্-ঈ] শ্বেতকণ্টকারী
ক্ষুদ্রবুদ্ধি, স্ত্রী. [ক্ষুদ্র+বুদ্ধি] অল্পমতি; ক্রূরধী; অধমচেতন। [ছোটমুখা।
ক্ষুদ্রমুস্তা, স্ত্রী [ক্ষুদ্র+মুস্ত-আ] কশেরু, কেশুর,
ক্ষুদ্ররোগ, পুং. [ক্ষুদ্র+রোগ] স্বল্পব্যাধি।
ক্ষুদ্রশঙ্খ, পুং. [ক্ষুদ্র+শঙ্খ] স্বল্পশঙ্খজাতি, জোঙ্গড়া, তৎপর্য্যায়।—শঙ্খনখ, শঙ্খনক, ক্ষুল্লক, শম্বূক, ভয়শঙ্খক।
ক্ষুদ্রশর্করা, স্ত্রী. [ক্ষুদ্র+শর্কর-আ] যাবনালশর্করা।
ক্ষুদ্রশার্দ্দূল, পুং. [ক্ষুদ্র+শার্দ্দূল] চিত্রব্যাঘ্র, চিতেবাঘ। [বৃক্ষ।
ক্ষুদ্রশীর্ষ, পুং. [ক্ষুদ্র+শীর্ষ] ময়ূরশিখা-
ক্ষুদ্রশুক্তি, স্ত্রী. [ক্ষুদ্র+শুক্তি] জলশুক্তি, ঝিনুক। [রোগ।
ক্ষুদ্রশ্বাস, পং. [ক্ষুদ্র+শ্বাস] অল্পশ্বাস-
ক্ষুদ্রশ্বেতা, স্ত্রী. [ক্ষুদ্র+শ্বেত-আ] অর্কাদিগণান্তর্গত বৃক্ষবিশেষ।
ক্ষুদ্রশ্যামা, স্ত্রী. [ক্ষুদ্র+শ্যামা] কটভী।
ক্ষুদ্রশ্লেষ্মান্তক, পুং. [ক্ষুদ্র+শ্লেষ্মান্তক] ভূকর্বুদারক।
ক্ষুদ্রসহা, স্ত্রী. [ক্ষুদ্র+সহ-আ] মুদ্গাপর্ণী; ইন্দ্রবারুণী।
ক্ষুদ্রসুবর্ণ, ন. [ক্ষুদ্র+সুবর্ণ] রীতি।
ক্ষুদ্রহা, পুং. [ক্ষুদ্র+হন্] মহাদেব।
ক্ষুদ্রহিঙ্গুলিকা, স্ত্রী. [ক্ষুদ্র+হিঙ্গুল+ইক-আ] কণ্টকারী। [কারী।
ক্ষুদ্রহিঙ্গুলী, স্ত্রী. [ক্ষুদ্র+হিঙ্গুল+ঈ] কণ্ট-
ক্ষুদ্রা, স্ত্রী. [ক্ষুদ+র-আ] বাঙ্গা, নটী; বেশ্যা; সরঘা; কণ্টকারিকা; চাঙ্গেরিকা; হিংস্রা; মক্ষিকামাত্র; বাদরতা, গবেধুকা।
ক্ষুদ্রাগ্নিমন্থ, পুং. [ক্ষুদ্রাগ্নি+অমন্থ] দশমূলে প্রসিদ্ধবৃক্ষবিশেষ, (হিং) ছোটাগনিয়ারি, তৎপর্য্যায়।—তপন, বিজয়া, গণিকারিকা, অরণি, লঘুমন্থ, তেজোক, তনুত্বচা।
ক্ষুদ্রাঞ্জন, ন. [ক্ষুদ্র+আঞ্জন] চক্ষুরোগের ঔষধবিশেষ।
ক্ষুদ্রাণ্ডমৎস্যসংঘাত, পুং. [ক্ষুদ্র+অণ্ড+মৎস্য+সংঘাত] পোতাধান, পোনা।
ক্ষুদ্রাদি, পুং. [ক্ষুদ্র+আদি] কণ্টকারীআদি কষায়।
ক্ষুদ্রান্ত্র, ন. [ক্ষুদ্র+অন্ত্র] হৃদয়স্থিতসূক্ষ্মনাড়ী।
ক্ষুদ্রাপামার্গ, পুং. [ক্ষুদ্র+অপমার্গ] রক্তঅপামার্গ, রাঙ্গাআপাংগাছ।
ক্ষুদ্রামলক, ন. [ক্ষুদ্র+আমলক] আমলক, কাঠআমলা।
ক্ষুদ্রামলকসংজ্ঞ, পুং. [ক্ষুদ্রামলক+সংজ্ঞ] কর্কটিবৃক্ষ, কাঁকুড়গাছ।
ক্ষুদ্রাম্র, পুং. [ক্ষুদ্র+আম্র] কোষাম্র।
ক্ষুদ্রাম্লপনস, পুং. [ক্ষুদ্রাম্ল+পনস] লকুচ, ডহু।
ক্ষুদ্রাম্লা, স্ত্রী. [ক্ষুদ্র+আম্ল+আ] অম্ললোণিকা; শশাণ্ডুল।
ক্ষুদ্রাম্লিকা, স্ত্রী. [ক্ষুদ্র+আম্লিক-আ] বৃক্ষবিশেষ, (হিং) আববতি, আবতা, তৎপর্য্যায়।—চাঙ্গেরী, চুক্রাম্লা, চুক্রিকা, লোণাম্লা, চতুঃপত্রী, লোণা, বোচ়া, অম্লপত্রিকা, অম্বষ্ঠা, অম্লবতী, অম্লা, দন্তশঠা, শাখাম্লা, অম্লপত্রী।
ক্ষুদ্রিকা, স্ত্রী. [ক্ষুদ্র+ইক-আ] দংশ, ডাঁশ।
ক্ষুদ্রেঙ্গুদী, স্ত্রী. [ক্ষুদ্র+ইঙ্গুদী] যবাস।
ক্ষুদ্রের্ব্বারু, পুং. [ক্ষুদ্র+ইর্ব্বারু] গোপালকর্কটী।
ক্ষুদ্রোডুম্বরিকা, স্ত্রী. [ক্ষুদ্র+উডুম্বরিক-আ] কাকডুম্বরিকা।
ক্ষুদ্রোপোদকনাম্নী, স্ত্রী. [ক্ষুদ্র+উপোদক+নাম্ন-ঈ] মূলপোতী।
ক্ষুদ্রোপোদকী, স্ত্রী. [ক্ষুদ্র+উপোদক+ঈ] স্বল্পপূতিকাশাক, তৎপর্য্যায়।—সূক্ষ্মপত্রা, মণ্টপী।
ক্ষুদ্রোলূক, পুং. [ক্ষুদ্র+উলূক] ডুডুল।
ক্ষুধা, স্ত্রী. [ক্ষুধ+আ] ভোজনেচ্ছা; অভ্যবহারজিহীর্ষা, তৎপর্য্যায়।—অশনায়া, বুভুক্ষা, ক্ষুৎ, জিঘৎসা।

ক্ষুধাকুশল, পুং. [ক্ষুধা+কুশল] বিল্বান্তর-বৃক্ষ। [ক্ষুধার্ত্ত।
ক্ষুধাতুর, ত্রি. [ক্ষুধা+আতুর] ক্ষুধাপীড়িত,
ক্ষুধাভিজনন,ন.[ক্ষুধা+অভিজনন] রাজিকা, কৃষ্ণসর্ষপ, (ত্রি.) ক্ষুধাজনকদ্রব্যমাত্র।
ক্ষুধার্ত্ত, ত্রি. [ক্ষুধা+আর্ত্ত] ক্ষুৎপীড়িত, ক্ষুধাপীড়িত।
ক্ষুধাসাগর, পুং.[ক্ষুধা+সাগর]ঔষধবিশেষ।
ক্ষুধিত, ত্রি. [ক্ষুধা+ইত] ক্ষুধান্বিত, তৎপর্য্যায়।—বুভুক্ষিত, জিঘৎসু, আশনায়িত।
ক্ষুধুন, পুং. [ক্ষুধ্+উন] ম্লেচ্ছবিশেষ।
ক্ষুপ, পুং. [ক্ষুপ্+অ] হ্রস্বশাখাশিফ, ক্ষুদ্রবৃক্ষ; সত্যভামার গর্ভে কৃষ্ণের ঔরসজাতপুত্রবিশেষ;ইক্ষাকুরাজার পিতা; দ্বারকার পশ্চিম দিক্‌স্থিতপর্ব্বত।
ক্ষুপক, পুং. [ক্ষুপ+ক] ক্ষুপ, ক্ষুদ্রবৃক্ষ।
ক্ষুপডোডমুষ্টি, পুং, [ক্ষুপ+ডোড+মুষ্টি] বিষমুষ্টিক্ষুপ।
ক্ষুপালু, পুং. [ক্ষুপ+আলু] পানীয়ালু।
ক্ষুবরী, (প্রা) ক্ষুদ্রগৃহ; পায়রারখোপ।
ক্ষুব্ধ, ত্রি, [ক্ষুভ্+ত] মন্থানদণ্ড; ষোড়শরতিবন্ধান্তর্গত একাদশ বন্ধ; (ত্রি.) ক্ষোভবিশিষ্ট।
ক্ষুভ, পুং. [ক্ষুভ্+অ] প্রবর্ত্তক।
ক্ষুভা, স্ত্রী. [ক্ষুভ+আ] নিগ্রহ ও অনুগ্রহ কর্ত্রীদেবতা।
ক্ষুভিত, ত্রি. [ক্ষুভ+ইত] ভীত; সঞ্চলিত।
ক্ষুমা, স্ত্রী. [ক্ষুম+আ] অতসী; শণবৃক্ষ; নীলিকা লতাবিশেষ।
ক্ষুর, পুং. [ক্ষুর+অ] কোকিলাক্ষ; শফ; ছেদনদ্রব্য,নাপিতের লোমচ্ছেদক অস্ত্র; গোক্ষুর; মহাপিণ্ডীতক; শর; খট্টাদিপাদুকা, ক্ষুরা.
ক্ষুরক, পুং. [ক্ষুর+ক] তিলকবৃক্ষ; কোকিলাক্ষ; ভূতাঙ্কুশ।
ক্ষুরকর্ম্ম, ন. [ক্ষুর+কর্ম্মন্] ক্ষৌর, ক্ষুরদ্বারা কেশাদিকর্ত্তন।
ক্ষুরধার, পুং, [ক্ষুর+ধার] অস্ত্রবিশেষ।
ক্ষুরধারা, স্ত্রী. [ক্ষুর+ধার-আ] ক্ষুরেরধার।
ক্ষুরপত্র, পুং. [ক্ষুর+পত্র] শর; (ত্রি.) ক্ষুরতুল্যপর্ণযুক্ত। [পালংশাক।
ক্ষুরপত্রিকা, স্ত্রী. [ক্ষুর+পত্রিকা]পালঙ্কাশাক
ক্ষুরপা, (প্রা) তৃণচ্ছেদনের অস্ত্রবিশেষ।
ক্ষুরপ্র, পুং. [ক্ষুর+প্র] বাণবিশেষ; ক্ষুরপানামক ঘাসছেদনাস্ত্র।
ক্ষুরপ্রগ, ন.[ক্ষুরপ্র+গ] ক্ষুরপ্রাস্ত্র। [নিক।
ক্ষুরমর্দ্দী, পুং. [ক্ষুর+মর্দ্দিন্] নাপিত, প্রামা-
ক্ষুরপ্রেণ, ন. [ক্ষুর+প্রেণ] অস্ত্রবিশেষ।
ক্ষুরভাণ্ড, ন. [ক্ষুর+ভাণ্ড] ক্ষুরাধার, ভাঁড়ি।
ক্ষুরাঙ্গ,পুং.[ক্ষুর+অঙ্গ]গোক্ষুরক, গোখুরা।
ক্ষুরিকা, স্ত্রী. [ক্ষুর+ইক-আ] পালঙ্ক্যাশাক; মৃৎপাত্রবিশেষ, ক্ষুরী। [বাণ।
ক্ষুরিকাপত্র, পুং. [ক্ষুরিকা+পত্র] শর,
ক্ষুরিণী, স্ত্রী. [ক্ষর+ইন্-ঈ] বরাহক্রান্তা; নাপিত ভার্য্যা।
ক্ষুরী-ক্ষুরী, পুং.[ক্ষুর+ইন্] নাপিত; (স্ত্রী.) ছুরিকা; ক্ষুরী, মৃৎপাত্র।
ক্ষুল্ল, ত্রি. [ক্ষুদ্+ল] লঘু, অল্প; ক্ষুদ্র।
ক্ষুল্লক, ত্রি. [ক্ষুল্ল+ক] ক্ষুদ্র; স্বল্প; নীচক; কনিষ্ঠ; দরিদ্র; পামর; দুঃখিত; খল; (পুং.) ক্ষুদ্রশঙ্খ।
ক্ষুল্লসুখ, ন. [ক্ষুল্ল+সুখ] অল্পসুখ।
ক্ষুল্লতাত, পুং. [ক্ষুল্ল+তাত] পিতৃকনিষ্ঠ ভ্রাতা, খুড়া। [খুড়া
ক্ষুল্লতাতক, পুং. [ক্ষুল্ল+তাতক] পিতৃব্য,
ক্ষেত, (প্রা) ভূমি, শস্যাদি উৎপত্তির স্থান।
ক্ষেত্র, ন. [ক্ষি+ত্র] ভূমি; ক্ষেত, তৎপর্য্যায়।—বপ্র, কেদার, বলজ, নিষ্কুট, রাজিকা, পাটীর; শরীর; সিদ্ধস্থান; কলত্র; গৃহ; নগর।
ক্ষেত্রকর্কটী, স্ত্রী. [ক্ষেত্র+কর্কটী] বালুকী।
ক্ষেত্রচির্ভিটা, স্ত্রী. [ক্ষেত্র+চির্ভিট-আ] চির্ভিটাকর্কটী।
ক্ষেত্রজ, পুং. [ক্ষেত্র+জ] দ্বাদশবিধ পুত্রান্তর্গত পুত্রবিশেষ, স্বস্ত্রীতে অন্য দ্বারা জনিত পুত্র, তৎপর্য্যায়।—দেবরাদিজ।
ক্ষেত্রজা, স্ত্রী. [ক্ষেত্র+জ-আ] শ্বেতকণ্টকারী; শশাগুলী, গোমূত্রিকা; শিল্লিকা, চণিকা; স্বস্ত্রীতে অন্যদ্বারা জাতা কন্যা।

ক্ষেত্রজ্ঞ, পুং. [ক্ষেত্র+জ্ঞ] শরীরাধিদৈবত, তৎপর্য্যায়।—আত্মা, পুরুষ, সুবীজ, অন্তর্যামী, ঈশ্বর, পুদ্গল, পরসংজ্ঞক, প্রধান; বটুকভৈরব; ছেক; বিদগ্ধ; কৃষক; (ত্রি.) ক্ষেত্রদাতা। [কারী।

ক্ষেত্রদূতী, স্ত্রী. [ক্ষেত্র+দূত-ঈ] শ্বেতকণ্ট-

ক্ষেত্রদ, পুং. [ক্ষেত্র+দ] বটুকভৈরব, (ত্রি.) ক্ষেত্রদাতা।

ক্ষেত্রদেবতা, স্ত্রী. [ক্ষেত্র+দেবতা] কেদারাধিষ্ঠাত্রী, সর্পাদিরূপা।

ক্ষেত্রপ, পুং. [ক্ষেত্র+প] বটুকভৈরব; (ত্রি.) ক্ষেত্ররক্ষক। [বপ্রস্বামী।

ক্ষেত্রপতি, পুং. [ক্ষেত্র+পতি] কেদারাধিপ,

ক্ষেত্রপর্পটী, স্ত্রী. [ক্ষেত্র+পর্পটী] ক্ষুপবিশেষ, ক্ষেতপাপড়া।

ক্ষেত্রপাল, পুং. [ক্ষেত্র+পাল] দেবতাবিশেষ; ক্ষেত্ররক্ষক, কৃষক।

ক্ষেত্রপালরস, পুং. [ক্ষেত্রপাল+রস] গ্রহণীযুক্ত শোথের ঔষধ, দুগ্ধবটী।

ক্ষেত্রবিৎ, পুং. [ক্ষেত্র+বিদ্] ক্ষেত্রজ্ঞ, জীবাত্মা।

ক্ষেত্রযমানিকা, স্ত্রী. [ক্ষেত্র+যমানিকা] ক্ষেত্রজাত যমানী।

ক্ষেত্ররুহা, স্ত্রী. [ক্ষেত্র+রুহ-আ] বালুকীকর্কটী; (ত্রি.) ক্ষেত্রজাত

ক্ষেত্রলিপ্তা, স্ত্রী. [ক্ষেত্র+লিপ্ত-আ] ভূমণ্ডলের কলা।

ক্ষেত্রসম্ভব, পুং. [ক্ষেত্র+সম্ভব] চঞ্চুক্ষুপ; ভিণ্ডাক্ষুপ; (ত্রি.) ভূমিজাত।

ক্ষেত্রসম্ভূত, পুং. [ক্ষেত্র+সম্ভূত] কুন্দর; (ত্রি.) ক্ষেত্রোদ্ভব।

ক্ষেত্রসীমা, স্ত্রী. [ক্ষেত্র+সীমা] অঙ্গারতুষ বৃক্ষাদি দ্বারা চিহ্নিত ভূমি মর্য্যাদা।

ক্ষেত্রাজীব, ত্রি. [ক্ষেত্র+আজীব] কর্ষক, কৃষক।

ক্ষেত্রাধিদেবতা, স্ত্রী. [ক্ষেত্র+অধিদেবতা] তীর্থের অধিপতি দেবতা।

ক্ষেত্রাধিপ, পুং. [ক্ষেত্র+অধিপ] মেষাদি দ্বাদশ রাশির অধিপতি গ্রহগণ; ক্ষেত্রাধিষ্ঠাত্রি দেবতা।

ক্ষেত্রামলকী, স্ত্রী. [ক্ষেত্র+আমলকী] ভূমি আমলকী। [কলত্রস্বামী।

ক্ষেত্রিক, পুং. [ক্ষেত্র+ইক] ক্ষেত্রস্বামী;

ক্ষেত্রিয়, ন. [ক্ষেত্র+ইয়] ক্ষেত্রজাততৃণ; পর দেহ চিকিৎসা; (পুং.) অসাধ্যরোগ; পরদাররত।

ক্ষেত্রী, ত্রি. [ক্ষেত্র+ইন্] ক্ষেত্রবিশিষ্ট কৃষীবল; স্বামী, ভর্ত্তা।

ক্ষেত্রেক্ষু, পুং. [ক্ষেত্র+ইক্ষু] যাবনাল।

ক্ষেত্রোপেক্ষ, পুং. [ক্ষেত্র+উপেক্ষ] স্বফল্কপুত্র, অক্রূর।

ক্ষেপ, পুং. [ক্ষেপ্+অ] নিন্দা; বিক্ষেপ; লেপন; গর্ব্ব; প্রেরণ; বিলম্ব; হেলা; লঙ্ঘন; গুচ্ছ।

ক্ষেপক, ত্রি. [ক্ষেপ+অক] ক্ষেপকর্ত্তা।

ক্ষেপণ, ন. [ক্ষিপ্+অন] প্রেরণ, তৎপর্য্যায়।—ক্ষিপা; যাপন; প্রস্তরাদির দূর প্রেরণার্থ রজ্জুনির্ম্মিতশিকা, ফিঙ্গা।

ক্ষেপণি, স্ত্রী. [ক্ষেপ্+অনি] নৌকাদণ্ড, ডাঁড়; জালবিশেষ।

ক্ষেপণী, স্ত্রী. [ক্ষিপ্+অনি-ঈ] নৌকাদণ্ড, ডাঁড়; জালবিশেষ।

ক্ষেপণীয়, ত্রি. [ক্ষিপ্+অনীয়] পাষাণ; প্রক্ষেপ অস্ত্র; ক্ষেপণ যোগ্য।

ক্ষেপদিন, ন. [ক্ষেপ+দিন] অহর্গণ আনয়নার্থ স্বীয়বিংশাংশ যুত ক্ষয়নাড়ী

ক্ষেপপাত, পুং. [ক্ষেপ+পাত] গ্রহকক্ষাক্রান্তি মণ্ডলের যোগ। [ক্ষেপ।

ক্ষেপিমা, পুং. [ক্ষেপ্+ইমন্] অতিশয়

ক্ষেপিষ্ঠ, ত্রি. [ক্ষিপ্র+ইষ্ঠ] অতিশীঘ্র, ক্ষিপ্রতর। [ক্ষিপ্র।

ক্ষেপীয়ান্, ত্রি. [ক্ষিপ্র+ঈয়স্] অতিশয়

ক্ষেপ্তা, ত্রি. [ক্ষিপ্+তৃ] ক্ষেপণ কর্ত্তা।

ক্ষেম, পু. ন. [ক্ষি+মন্] কুশল; (ত্রি.) কুশলবিশিষ্ট; লব্ধরক্ষণ; মোক্ষ; (পুং.) ধর্ম্ম শাসনদ্বারা উৎপাদিত পুত্র; কলিঙ্গ দেশের রাজা; চন্দ্রবংশীয় শুচিরাজার পুত্র; লব্ধপরিপালন; চোরনামগন্ধ দ্রব্য; চণ্ডানাম ঔষধ; (ন.) প্লক্ষদ্বীপের বর্ষবিশেষ; মঠবিশেষ

ক্ষেমক, পুং. [ক্ষেম+ক] চোরনাম গন্ধদ্রব্য; পাণ্ডুবংশ জাত নিমিরাজার পুত্র; নাগবিশেষ; জনমেজয় বংশোৎপন্ন রাজবিশেষ; রাক্ষসবিশেষ।

ক্ষেমকর, ত্রি. [ক্ষেম+কর] মঙ্গলকারক।

ক্ষেমকার, ত্রি. [ক্ষেম+কার] শুভঙ্কর, মঙ্গলকর্ত্তা।

ক্ষেমকৃৎ, ত্রি. [ক্ষেম+কৃৎ] মঙ্গলকারক।

ক্ষেমঙ্কর, ত্রি. [ক্ষেমং+কর] মঙ্গলকারক, তৎপর্য্যায়।—অরিষ্টতাতি, শিবতাতি, শিবঙ্কর, ক্ষেমকর, ক্ষেমকার, মদ্রঙ্কর, শুভঙ্কর।

ক্ষেমঙ্করী, স্ত্রী. [ক্ষেমং+কর-ঈ] দেবীবিশেষ; শঙ্খচিল্লী, ভগবতীর মূর্ত্তি।

ক্ষেমগুপ্ত, পুং. [ক্ষেম+গুপ্ত] কাশ্মীরদেশের রাজাবিশেষ।

ক্ষেমজিৎ, পুং, [ক্ষেম+জিৎ] রাজাবিশেষ, ক্ষেমার্চ্চিঃ।

ক্ষেমদর্শী, পুং. [ক্ষেম+দর্শিন্] চন্দ্রবংশীয় রাজাবিশেষ, পুণ্ডরীক পুত্র।

ক্ষেমধন্বা, পুং. [ক্ষেম+ধন্বন্] সূর্য্যবংশীয় রাজাবিশেষ, পুণ্ডরীক পুত্র; সাবর্ণিনামক তৃতীয় মনু পুত্র।

ক্ষেমধর্ম্মা, পুং. [ক্ষেম+ধর্ম্মন্] রাজাবিশেষ।

ক্ষেমধূর্ত্তি, পুং. [ক্ষেম+ধূর্ত্তি] রাজাবিশেষ।

ক্ষেমবান্, ত্রি. [ক্ষেম+বৎ] মঙ্গলযুক্ত।

ক্ষেমমূর্ত্তি, পুং. [ক্ষেম+মূর্ত্তি] করূষ দেশীয় রাজাবিশেষ, ক্ষেমধূর্ত্তি।

ক্ষেমশূর, পুং, [ক্ষেম+শূর] নির্ভয় স্থানে বলপ্রকাশক। [ঙ্করী।

ক্ষেমা, স্ত্রী. [ক্ষেম+আ] কাত্যায়নী; ক্ষেম-

ক্ষেমাফলা, স্ত্রী. [ক্ষেমা+ফল-আ] উডুম্বরবৃক্ষ; ক্ষেমফলা।

ক্ষেমাধি, পুং. [ক্ষেম+অধি] মিথিলা দেশস্থ সূর্য্যবংশীয় রাজাবিশেষ।

ক্ষেম্য, ত্রি. [ক্ষেম+য] রাজাবিশেষ।

ক্ষৈণ্য, ন. [ক্ষীণ+য] ক্ষীণতা, কৃশতা।

ক্ষৈত্র, ন. [ক্ষেত্র+অ] ক্ষেত্রসমূহ, তৎপর্য্যায়। কৈদারিক, কৈদর্য্য, কৈদারক, বারট।

ক্ষৈত্রজ্ঞ, ন. [ক্ষেত্রজ্ঞ+অ] ক্ষেত্রজ্ঞের ভাব।

ক্ষৈত্রজ্ঞ্য, ন. [ক্ষেত্রজ্ঞ+য] ক্ষেত্রজ্ঞের ভাব।

ক্ষৈত্রিক, ত্রি. [ক্ষেত্র+ইক] ক্ষেত্রসম্বন্ধীয়; (পুং) কৃষক।

ক্ষৈরেয়ী, স্ত্রী. [ক্ষীর+এয়-ঈ] পরমান্ন; (ত্রি.) ক্ষীরসম্বন্ধীয়, ক্ষীরেয়ী।

ক্ষোড়, পুং. [ক্ষুড়+অ] আলান, গজবন্ধনী।

ক্ষোণি, স্ত্রী. [ক্ষ+অণি] পৃথিবী, ক্ষৌণী।

ক্ষোণী, স্ত্রী. [ক্ষ+অণি-ঈ] পৃথিবী, ক্ষিতি।

ক্ষোদ, পুং. [ক্ষুদ্+অ] চূর্ণ, গুঁড়া, রজঃ, ধূলা; পেষণ।

ক্ষোদিত, ন. [ক্ষুদ্+ইত] চূর্ণ, গুঁড়া; (ত্রি.) পেষিত; অঙ্কিত। [ক্ষুদ্রতা।

ক্ষোদিমা, পুং. [ক্ষুদ্র+ইমন্] অতিশয়

ক্ষোদিষ্ঠ, ত্রি. [ক্ষুদ্র+ইষ্ঠ] অতিশয় ক্ষুদ্র।

ক্ষোদীয়ান্, ত্রি. [ক্ষুদ্র+ইয়স্] অতিক্ষুদ্র।

ক্ষোদ্য, ত্রি. [ক্ষুদ্+য] ক্ষোদনীয়, চূর্ণীকরণীয়।

ক্ষোপা, (প্রা) কবরী, কেশবিন্যাস।

ক্ষোভ, পুং. [ক্ষুভ্+অ] ক্ষোভণ, সঞ্চলন; চিত্তচাঞ্চল্য।

ক্ষোভক, পুং, [ক্ষুভ্+অক] কামাখ্যাস্থিত পর্ব্বতবিশেষ; (ত্রি.) ক্ষোভজনক।

ক্ষোভণ, ত্রি. [ক্ষুভ্+অন] ক্ষোভজনক, সঞ্চলন কারক; (পুং.) বটুকভৈরব।

ক্ষোভিত, ত্রি. [ক্ষুভ+ইত] ক্ষুব্ধ, ক্ষোভযুক্ত, সঞ্চালিত।

ক্ষোম, ন. [ক্ষু+অ-ম] দুকূল, পট্টবস্ত্র, ক্ষৌম, (পুং.ন.) অট্ট, ক্ষৌম।

ক্ষোমক, পুং. [ক্ষোম+ক] গণহাসক।

ক্ষৌণি, স্ত্রী. [ক্ষোণি+অ] পৃথিবী, ক্ষিতি।

ক্ষৌণী, স্ত্রী. [ক্ষোণি+অ-ঈ] পৃথিবী, ক্ষিতি।

ক্ষৌণীপ্রাচীর, পুং. [ক্ষৌণী+প্রাচীর] সমুদ্র। [ক্ষিতিপাল।

ক্ষৌণীভুক্, পুং. [ক্ষৌণী+ভুজ্] রাজা,

ক্ষৌণীময়, পুং. [ক্ষৌণী+ময়] মৃণ্ময়; পৃথিবীর আশ্রয়।

ক্ষৌদ্র, ন. [ক্ষুদ্র+অ] মধু; জল; পিঙ্গলবর্ণ-ক্ষুদ্রমক্ষিকাকৃত কপিলবর্ণ মধু, (পুং.) চম্পকবৃক্ষ; বর্ণসঙ্করবিশেষ।

ক্ষৌদ্রক্য, ত্রি. [ক্ষুদ্রক+য] ক্ষুদ্র, অল্প।

ক্ষৌদ্রজ, ন. [ক্ষুদ্রজ+অ] শিক্থক, মোম; (ত্রি.) মধুজাতমাত্র

ক্ষৌদ্রধাতু, পুং. [ক্ষৌদ্র+ধাতু] মাক্ষিক, মক্ষিকাসম্বন্ধীয়।

ক্ষৌদ্রপ্রিয়, পুং. [ক্ষৌদ্র+প্রিয়] জলমধূকবৃক্ষ; (ত্রি.) মধুপ্রিয়।

ক্ষৌদ্রমেহ, পুং. [ক্ষৌদ্র+মেহ] প্রমেহ রোগ বিশেষ। [ক্ষুদ্রসম্বন্ধীয়।

ক্ষৌদ্রেয়, ন. [ক্ষুদ্র+এয়] সিক্থ, মোম; (ত্রি.)

ক্ষৌম, ত্রি. [ক্ষুমা+অ] ক্ষুমাবিকার; অট্ট; (পুং.ন.) অট্টালক, পট্টবস্ত্র, দুকূল; অতসীবস্ত্র, মাণজ বস্ত্র।

ক্ষৌমক, পুং. [ক্ষৌম+ক] চোরনাম গন্ধ দ্রব্য। [কন্থা।

ক্ষৌমী, স্ত্রী. [ক্ষৌম+ঈ] অতসী; ক্ষুমানির্ম্মিত

ক্ষৌর, ত্রি. [ক্ষুর+অ] ক্ষুরকর্ম্ম, কামান, তৎপর্য্যায়।—মুণ্ডন, ভদ্রকরণ, বপন, পরিবাপন।

ক্ষৌরপব্য, ন. [ক্ষৌর+বপ্য] ক্ষুরবজ্র তুল্য তীক্ষ্ণ দৃঢ় গৃহ।

ক্ষৌরিক, পুং. [ক্ষুর+ইক] নাপিত, প্রামাণিক।

ক্ষ্ণুত, ত্রি. [ক্ষ্ণু+ত] শাণিত, তীক্ষ্ণীকৃত।

ক্ষ্মা, স্ত্রী. [ক্ষম্+অ] পৃথিবী, অবনি।

ক্ষ্মাজ, পুং. [ক্ষ্মা+জ] মঙ্গলগ্রহ; নরকরাজা

ক্ষ্মাতল, ন. [ক্ষ্মা+তল] ভূতল, পৃথিবীমধ্য।

ক্ষ্মাধৃতি, পুং. [ক্ষ্মা+ধৃতি] কাশ্মীরদেশীয় রাজাবিশেষ।

ক্ষ্মাপ, পুং. [ক্ষ্মা+প] রাজা।

ক্ষ্মাপাল, পুং. [ক্ষ্মা+পাল] রাজা।

ক্ষ্মাভুক্, পুং. [ক্ষ্মা+ভুজ্] রাজা, ক্ষিতিভুক্।

ক্ষ্মাভৃৎ, পুং. [ক্ষ্মা+ভৃৎ] রাজা, ক্ষ্মাভুক্; পর্ব্বত। [কারী।

ক্ষ্মায়িত, ত্রি. [ক্ষ্মায়+ত] কম্পিত, কম্পন-

ক্ষ্বিণ্ণ, ত্রি. [ক্ষিদ্+ত] মুক্ত; স্নিগ্ধ।

ক্ষ্বেড, ন. [ক্ষ্বিড্+অ] লোহিত অর্কপর্ণফল; ঘোষাপুষ্প; (পুং.) ধ্বনি; কর্ণরোগ; বিষ; পীতঘোষাবৃক্ষ (ত্রি.) দুরাসদ; কুটিল।

ক্ষ্বেডা, স্ত্রী. [ক্ষ্বেড়+আ] বংশশলাকা; সিংহনাদ; কোষাতকী।

ক্ষ্বেড়িত ন. [ক্ষ্বেড়+ইত] সিংহনাদ, সিংহধ্বনি।

ক্ষ্বেলিকা, স্ত্রী. [ক্ষ্বেল্+ইকা] ক্রীড়া।

ক্ষ্বেলী, স্ত্রী. [ক্ষ্বেল+ঈ] ক্রীড়া

সমাপ্তঃ।

ধাতুমালা।

অ

অংশ–অন্শ (অংশয়তি, অংশাপয়তি) বিভাজয়তি। বিভাগ ক। অংশ, অংশক, অংশিত, অংশু, অংশু ক।

অংস–অন্স, (অংসয়তি, অংসাপয়তি) বিভাজয়তি। বিভাগ ক। অংস, অংসল।

অক্, (অকতি) বক্রগমন ক। অকন।

অগ্ (অগতি) বক্রগমন ক। অগন, অগিত।

অঘ, (অঘি, অঘয়তি) পাপ ক। অঘ।

অঙ্ক্-অন্ক্, (অঙ্কাতেতি, অঙ্কয়তি) চিহ্ন ক; গণনা ক; গমন ক। অঙ্কন, অঙ্কিত, অঙ্কুর, অঙ্কুশ, পর্য্যঙ্ক, পল্যঙ্ক।

অঙ্গ্-অন্গ্, (অঙ্গি-গতৌ অঙ্গতি, অঙ্গয়তি, অঙ্গাপয়তি) গমন ক; প্রাপ্তি; গণনা ক; চিহ্ন ক। অঙ্গন, প্রাঙ্গণ, অঙ্গনা, অঙ্গুরী।

অঙ্ঘ্-অন্ঘ, (অঙ্ঘতি-তে) গমন ক; দ্রুতগমন ক; আরম্ভ ক; নিন্দা ক। অঙ্ঘন, অঙ্ঘ্রি।

অচ্, (অচতি-তে) গমন ক; অর্চ্চনা ক; অস্পষ্ট শব্দ ক। অক্ত।

অজ, (অজ-গতৌ, অজতি) গমন ক; নিন্দা ক; ক্ষেপণ ক। সমাজ, ব্যজন, উন্নতপ্রদেশ।

অঞ্চ্-অন্চ, (অঞ্চতি-তে) অর্চ্চনা ক; গমন ক; জিজ্ঞাসা ক; অস্পষ্ট শব্দ ক; শব্দ ক (অঞ্চয়তি) ব্যক্ত ক। অঞ্চন, অঞ্চিত, উদঞ্চিত।

অঞ্জ-অন্জ্, (অনক্তি) ব্যক্ত ক; গমন ক; ম্রক্ষিত ক; (অঞ্জয়তি) দীপ্তি পা। অঞ্জলি, অঞ্জন, অঞ্জনা, অভ্যঙ্গ, ব্যক্ত।

অট্, (অট-গতৌ, অটতি) গমন ক; ভ্রমণ ক; (অটয়তি) উপেক্ষা ক, অনাদর ক। অটন, পর্য্যটন, পর্য্যটক, অটাট্যা।

অট্ট-অংট্-অদ্ট্, (অট্টতে) অতিক্রম ক; লঙ্ঘন ক; আঘাত ক; বধ ক; (অট্টয়তি) উপেক্ষা ক। অট্টন, অট্টিত।

অঠ্-অন্ঠ্, (অঠতি, অণ্ঠতে) গমন ক; প্রাপ্তি। অঠন, অঠিত, অণ্ঠন, অণ্ঠিত।

অড়্, (অডতি) উদ্যত হ; (অড়োতি) ব্যাপন ক। অড়ন, অড়িত।

অড্ড-অদ্ড্, (অড্ডতি) সংযোগ ক; মীমাংসা ক; সমাধান ক; চেষ্টা ক। অড্ডন।

অণ, (অণতি) শব্দ ক; (অণ্যতে) জীবিত থাকন। অণন, অণিত।

অৎ, (অতভি) সততগমন ক; প্রাপ্তি। অতন, আত্মা।

অদ্, (অত্তি) ভক্ষণ ক। অদন, অন্ন।

অন্, (অনতি, অন্যতে) জীবিত থাকন। প্রাণ, অপান, সমান, উদান, ব্যান।

অন্ত্, (অন্তভি) ও (অমতি-ছমাতে) বন্ধন ক। অন্ত, অন্তক।

অন্দ্, (অন্দতি) বন্ধন ক। অন্দন, অন্দিত, অন্দনীয়, অন্ন।

অন্ধ, (অন্ধয়তি, অন্ধাপয়তি) দৃষ্টিহীন হ। অন্ধ, অন্ধক।

অম্ভ্-অন্ভ্, (অম্ভতে) শব্দ ক। অম্ভস্।

অভ্র, (অভ্রতি) গমন ক; প্রাপ্তি। অভ্র দ্রবত্ব হেতু স্থিরতর মেঘ।

অম্, (অমতি) গমন ক; সেবা ক; শব্দ ক (আময়তি) পীড়াদির দুঃখ ভোগ ক। আময়।

অম্ব-অনুব,(অম্বতি-তে)গমন ক; শব্দক। অম্ব।
অয়্, (অয়তে) গমন ক। অয়ন, পলায়ন, পলায়িত।
অর্ক, (অর্কয়তি) প্রশংসা ক; স্তব ক; উপ-তপ্ত ক;। অর্ক।
অর্ঘ, (অর্ঘতি) অপকার ক; মূল্য ক; ক্রয় ক; পূজা ক। অর্ঘ, অর্ঘ্য, মহার্ঘ।
অর্চ্চ, (অর্চ্চতি-তে, অর্চ্চয়তি-তে) পূজা ক। অর্চ্চনা, অর্চ্চিত।
অর্জ্জ, (অর্জ্জতি, অর্জ্জয়তি) উপার্জ্জন ক; প্রস্তুত ক। অর্জ্জন, অর্জ্জিত।
অর্থ, (অর্থয়তি-তে, অর্থাপয়তে) যাচ্ঞাক; জিজ্ঞাসা ক; প্রার্থনা ক। অর্থ, অর্থী, প্রার্থনা।
অর্দ্দ, (অর্দ্দতি-তে, অর্দ্দয়তি-তে) যাচ্ঞা, ক; জিজ্ঞাসা ক; গমন ক; যাতনা দা। অর্দ্দ, অর্দ্দিত, জনার্দ্দন।
অর্ব্ব, (অর্ব্বতি) বধ ক; গমন ক; যাতনাদা। অর্ব্বণ, অর্ব্বিত।
অর্হ, (অর্হতি,অর্হয়তি) যোগ্য হ; পূজা ক। অর্হণ, অর্হ।
অল্, (অলতি-তে) নিবারণ ক; ভূষিত ক; যোগ্য হ। অলকা, অলঙ্কার।
অব্, (অবতি) গমন ক; ইচ্ছা ক; প্রীত ক; স্তব ক; প্রাপ্তি; প্রার্থনা ক; প্রবেশ ক; গ্রহণ ক; বধ ক; জানা; অভিলাষ ক; অনুষ্ঠান ক; তৃপ্ত হ; দীপ্তিপা; সংলগ্ন হ; বৃদ্ধি পা; সমর্থ হ; রক্ষা ক; আলিঙ্গন ক; ভাগ ক। অম্বর, অম্বু।
অবধীর, (অবধীরয়তি) অমান্য ক,অবজ্ঞা ক। অবধীরণ, অবধীরিত।
অশ্, (অশ্নুতে) সঞ্চয় ক; রাশি ক; (অশ্নাতি, অশ্নুতে) ভক্ষণক, ভোজনক। অশন, অশিত, প্রাতরাশ।
অষ্, (অষতি-তে) গমন ক; গ্রহণ ক; দীপ্তি পা। অষণ, অষিত।
অস্, (অসতি-তে)গমন ক; গ্রহণ ক;দীপ্তিপা, (অস্তি-তে) ক্ষেপণ-ক; (অস্তি) বিদ্যমান থাকা; (নির্-পূর্ব্ব) নিরস্ত ক অস্তি, স্বস্তি, অভ্যাস।
অস্ত, (অস্তয়তি) আচ্ছাদন ক।
অহ-অনুহ, (অহতি) ব্যাপন ক; (অংহতে) গমন ক; (অংহয়তি) দীপ্তি পা। অহন, অহস্কর, অংহিত।
অক্ষ্, (অক্ষতি,অক্ষোতি) ব্যাপন ক; রাশি ক। অক্ষি, অক্ষ।

আ

আঞ্ছ, (আঞ্ছতি) বিস্তার ক।
আনৃছ্, (আঞ্ছতি) দীর্ঘ হ,দীর্ঘ ক। আঞ্ছিত।
আন্দোল, (আন্দোলয়তি) দোলান। আন্দোলন, আন্দোলিত।
আপ্, (আপতি, আপয়তি, আপ্নোতি-নুতে) ব্যাপন; প্রাপ্তি। ব্যাপ্তি, সমাপ্তি, ব্যাপক।
আস্, (আস্তে) উপবেশন ক; বর্ত্তমান থাকা। অধ্যাস, অধ্যাসন, উপাসনা, আসন্ন।

ই

ই, (অয়তি) গমন ক; (উৎ-পূর্ব্ব) উদিত হ; (অতি-ই) অতিক্রম ক; (অব-ই) জ্ঞাত হ; (আ-ই) আগমন ক; (প্র-ই) মরণ; (প্রতি-ই) বিশ্বাস ক; (অধি-ই) স্মরণ ক; অধ্যায়ন ক। অত্যয়, প্রত্যয়, সমুদায়, বিপর্য্যয়, উদয়, অধ্যয়ন, অধ্যায়,অধ্যাপক
ইখ্-ইনুখ,(এখতি, ইঙ্খতি) গমন ক; প্রাপ্তি। ইখিত, এখন।
ইগ্-ইনৃগ, (ইঙ্গতি) গমন ক; সঙ্কেত ক। ইঙ্গন, ইঙ্গিত।
ইট্, (এটতি) গমন ক। এটন, ইটিত।
ইদ্-ইনৃদ্, (ইন্দতি) আধিপত্য ক। ইন্দ্র, ইন্দু, ইন্দ্রিয়।
ইন্ধ্, (ইন্ধে) দীপ্ত হ; প্রজ্জ্বলন ক। ইন্ধন।
ইব্-ইনৃব (ইন্বতি) ব্যাপন; প্রীত ক। ইন্বন, ইন্বিত।
ইভ, (ইভয়তে) রাশি ক; সঞ্চয় ক।
ইল, (ইলতি) গমন ক; শয়ন ক; (এলয়তি) ক্ষেপণ ক
ঈ, (ঈয়তি-তে) গমন ক; (ঈন্দতি) [illegible]

ক; গ্রহণ ক; (ইঙ্খাতি) পুনঃ২ করণ; (অনুপূর্ব্ব) অন্বেষণ ক। ইচ্ছা, ইচ্ছুক, অনিষ্ট, অন্বেষণ।

ঈ

ঈ, (এতি) গমন ক; ব্যাপন; ক্ষেপণ ক; ইচ্ছা ক; ভোজনক; গর্ব্বগ্রহণ ক; (ঈয়তে) গমন ক।

ঈখ-ঈন্খ, (ঈখতি, ঈঙ্খতি) গমন ক। ঈঙ্খন।

ঈজ-ঈন্জ, (ঈজতে, ঈঞ্জতি-তে) গমন ক; নিন্দা ক। ঈজন, ঈঞ্জন।

ঈড়, (ঈড়য়তি,-ঈড্টে) প্রশংসা ক; স্তব ক। ঈড়া, ঈড়িত।

ঈৎ-ঈন্ৎ, (ঈন্তি) বন্ধনক। ঈন্তন।

ঈর্, (ঈর্ত্তে) গমন ক; স্পন্দন ক; (ঈরতি, ঈরয়তি) গমন ক; ক্ষেপণ ক। প্রেরণ, ঈরণ, উদীরিত।

ঈর্ষা, (ঈর্ষ্যাতি) হিংসা ক। ঈর্ষা, ঈর্ষালু।

ঈর্ক্ষ্য, (ঈর্ক্ষ্যতি) হিংসা ক। ঈর্ক্ষা, ঈর্ক্ষিত।

ঈশ, (ঈষ্টে) প্রভুত্ব ক। ঈশ্বর, ঈশান, ঈশিতা।

ঈষ্, (ঈষতে) গমন ক; দর্শন ক; বধ ক; দান ক; (ঈষতি) উঞ্ছজীবিকা ক। প্রেষ্য, প্রেষিত।

ঈহ, (ঈহতে) চেষ্টা ক; সমীহা, নিরীহ।

ঈক্ষ, (ঈক্ষতে) দর্শন ক; (অব-পূর্ব্ব) অপেক্ষা ক; (উপ-পূর্ব্ব) উপেক্ষা ক; (পরি-পূর্ব্ব) পরিক্ষা ক। ঈক্ষণ, নিরীক্ষণ, অপেক্ষা, উপেক্ষা, অন্তরীক্ষ।

উ

উ, (উবতে) শব্দ ক।

উখ,উন্খ, (ওখতি, উঙ্খতি) গমন ক; শুষ্ক ক; ভূষিত ক। উখন, উঙ্খন।

উচ, (উচ্যতে) সমবেত ক; মিলিত ক। উচ্চ, উচিত।

উঞ্ছ, (উঞ্ছতি) জীবিকার্থ ত্যক্ত ধান্যাদি

উছ, (উচ্ছতি) বন্ধন ক; সমাপন ক; ত্যাগ ক; অতিক্রম ক। উচ্ছন

উঝ-উদ্ঝ, (উঝতি) ত্যাগ ক। উজ্ঝিত, সমুজ্ঝিত।

উঞ্ছ-উম্ছ, (উঞ্ছতি) জীবিকার্থত্যক্ত ধান্যাদি খুঁটিয়া ল। উঞ্ছ

উঠ, (ওঠতি) উপঘাত ক। ওঠন, উঠিত।

উড়, (ওড়তি) রাশি ক।

উদ্দা, (উদ্দাতি) পরিত্যাগ ক।

উদ্জ, (উজ্জতি) ঋজু ক।

উধ্রস্, (উধ্রস্নাতি, উধ্রাসয়তি) উঞ্ছজীবিকা ক; উৎক্ষেপণ ক, উধ্রসন।

উন্দ, (উনত্তি) ক্লিন্নহ, আর্দ্র হ,উ দক,সমুদ্র।

উব্জ, (উব্জতি) ঋজু হ। উব্জিত।

উভ, (উভতি) পরিপূর্ণ হ। ওভন, উভ, উভিত।

উম্ভ-উন্ভ, (উম্ভতি) পরিপূর্ণ হ। উম্ভন, উভিত।

উর, (উরতি, ওরতি) গমন ক।

উর্দ্দ, (উর্দ্দতে) পরিমাণ ক; ক্রীড়া ক; আস্বাদ ক। উর্দ্দন, উর্দ্দিত।

উর্ব্ব, (উর্ব্বতি) আঘাত ক; বধ ক। উর্ব্বণ।

উল, (উলতি, ওলতি) দগ্ধ ক।

উষ, (ওষতি) বধ ক; নষ্ট ক। উষ্ণ,উষ্ম ক।

উহ, (ওহতি) পীড়ন ক; বধ ক। ওহন, উহিত।

উক্ষ, (উক্ষতি) জলসেক ক; পরিষ্কার ক। উক্ষণ, উক্ষিত।

ঊ

ঊন, (ঊনয়তি) স্বল্প ক; খণ্ড ক; পরিমাণ ক। ঊন, ন্যূন।

ঊয়, (ঊয়ত) সীবন ক। ঊয়ন।

ঊর্জ্জ, (ঊর্জ্জয়তি) জীবিত হ; বলিষ্ঠ হ; তেজস্বী হ। ঊর্জ্জস্।

ঊর্ণু, (ঊর্ণোতি, ঊর্ণৌতি, ঊর্ণুতে) আচ্ছাদন ক। ঊর্ণা

ঊষ, (ঊষতি) পীড়া হ, রোগী হ। ঊষণ,

ঊহ, (ঊহতে) তর্ক ক; ঊহা ক। ঊহন, ঊহ্য, ঊহিত।

ঋ

ঋ, (ঋচ্ছতি) গমন ক; প্রাপ্তি; (ইয়র্ত্তি) গমন ক; (ঋণোতি) বধ ক।

ঋচ্, (ঋচতি) প্রশংসা ক; স্তব ক; আচ্ছাদন ক। ঋক্।

ঋচ্ছ, (ঋচ্ছতি) গমন ক; কঠিন হ; মূর্চ্ছাপন্ন হ। ঋর্চ্ছন।

ঋজ্, (অর্জতে) গমন ক; উপার্জ্জন ক; স্থির হ; বলিষ্ঠ হ; জীবিত থাকা; (ঋজতে, ঋঞ্জতে) ভর্জ্জন ক। অর্জ্জন, ঋজু।

ঋণ্, (অর্ণোতি, অর্ণুতে, ঋণোতি-ণুতে) গমন ক। ঋণ।

ঋৎ, (ঋতি) গমন ক; স্পর্দ্ধা ক; ঘৃণা ক; প্রভুত্ব ক। ঋতু।

ঋধ্, (ঋধ্যতি, ঋধ্নোতি) বৃদ্ধি পা। ঋদ্ধি, সমৃদ্ধি।

ঋফ্, (ঋফতি) দান ক; শ্লাঘা ক; বধ ক; যুদ্ধক। অর্ফণ।

ঋম্ফ-ঋনৃফ, (ঋম্ফতি) বধ ক; শ্লাঘা ক। ঋম্ফণ।

ঋশ, (অর্শতি) গমন ক; স্মরণ ক।

ঋষ, (অর্ষতি) গ্রহণ ক; (ঋষতি) গমন ক। ঋষি।

ঋক্ষ্, (ঋক্ষোতি) বধ ক। ঋক্ষণ, ঋক্ষ।

ৠ

ৠ, (ৠণোতি) গমন ক।

এ

এজ্, (এজতে) দীপ্তি পা; (এজতি) কম্পিত হ। জনমেজয়।

এঠ্, (এঠতে) বাধা দা; প্রতারণা ক। এঠন, এঠিত।

এধ্, (এধতে) বৃদ্ধি পা। এধস্।

এষ্, (এষতে) গমন ক। এষণ, এষিত।

ও

ওখ্, (ওখতি) শুষ্ক হ; সমর্থ হ; পর্য্যাপ্ত হ: বার্থ ক। ওখন, ওখিত।

ওজ, (ওজতি) জীবিত থাকা; সমর্থ হ। ওজস্।

ওণ, (ওণতি) অপসারণ; স্থানান্তরকরণ। ওণিত।

ওলড-ওলনৃণ্ড, (ওলণ্ডতি, ওলণ্ডয়তি) ক্ষেপণ ক। ওলণ্ডিত।

ওলনৃজ, (ওলঞ্জতি) উৎক্ষেপণ ক। ওলঞ্জিত।

ক

কক্, (ককতে) অহঙ্কার ক; চঞ্চল হ; ইচ্ছা ক; (কনৃক-কঙ্কতে) গমন ক; প্রাপ্তি। কাক, ককন।

কক্ক্, (কক্কতি) হাস্য ক। কক্কন, কক্কিত।

ককৃথ্, (ককৃথতি) হাস্যক। ককৃথন, ককৃখিত।

কক্ক, (কক্কতি) হাস্যক। কক্কন, কক্কিত।

কখ্, (কখতি) হাস্যক। কখন, কখিত।

কগ, (কগতি) করা। কগন, কগিত।

কচ্, (কচতে) বন্ধন ক; দীপ্তি পা; শব্দ ক; (কনৃচ-কঞ্চতে) বন্ধন ক, দীপ্তি পা। কুচন, কচিত, কাঞ্চন, কঞ্চুক।

কজ, (কজতি) দুঃখ কিম্বা আহ্লাদে অবিভূত হ।

কঞ্জ-কনৃজ্, (কঞ্জতি) উৎপন্ন হ। কঞ্জ, কঞ্জুক।

কট, (কটতি) আচ্ছাদন ক; বর্ষণ ক; গমনক; কষ্টেজীবিত থাকা; (কনৃট-কণ্টতি) গমন ক। কটন, কণ্টন, কণ্টক।

কঠ্, (কঠতি) দুঃখ পা; (কনৃঠ-কণ্ঠতি-তে,) কণ্ঠয়তি) উৎকণ্ঠিত হ। কঠ, কঠিত, কঠিন, কঠোর, কণ্ঠ, উৎকণ্ঠা।

কড়, (কড়তি) ভক্ষণ ক; অহঙ্কৃত হ; (কনৃড-কণ্ডতি) হৃষ্ট হ; মত্ত হ; নিস্তুষ ক; (কণ্ডয়তি) বিদীর্ণ ক; রক্ষা ক। কড়ন, কড়িত। কণ্ডন, কণ্ডিত, কণ্ডনী।

কড্ড-কদ্দ, (কড্ডতি) কঠিন হ। কড্ডন, কড্ডিত।

কণ, (কণতি) শব্দ ক; আর্ত্তনাদ ক; গমন ক; (কণয়তি) নয়ন মুদ্রিত ক। কণ, কণিত।

ধাতুমালা।

কত্থ, (কত্থতে) প্রশংসা ক; চাটুকথন; অহঙ্কার ক। কত্থন, বিকত্থন।

কত্র, (কত্রয়তি) শিথিল ক। কত্রণ, কত্রণা।

কথ, (কথয়তি) কথা কহা। কথন, কথিত।

কদ্, (কদতে) ব্যাকুল হ; রোদন ক; বিকল হ; বধ ক; আহ্বান ক; (কনৃদ-কদতি) ব্যাকুল হ ইত্যাদি। কদন, কদম্ব, কন্দন।

কন্, (কনতি) দীপ্তি পা; ইচ্ছা ক; গমন ক। কনক।

কপ-কনৃপ, (কম্পতে) কম্পন; (কপতি) চলন। কম্প, কম্পন, কম্পিত।

কব্, (কবতে) রঞ্জিত ক; স্তব ক; চিত্র ক। কবি, কবন।

কম্ব, (কম্বতি) গমন ক। কম্বন, কম্বিত।

কর্ক, (কর্কতি) হাস্য ক।

কর্ব, (কর্বতি) গমন ক।

কর্জ্জ, (কর্জ্জতি) দুঃখ দা। কর্জ্জ, কর্জ্জিত।

কর্ণ, (কর্ণয়তি, কর্ণাপয়তি) ভেদ ক; (আ-পূর্ব্ব) শ্রবণ ক। আকর্ণন, কর্ণিকা।

কর্ত্ত, (কর্ত্তয়তি, কর্ত্তাপয়তি) শিথিল ক, আল্‌গা করা।

কর্ত্র, (কর্ত্রয়তি, কর্ত্রাপয়তি) শিথিলহ, কর্ত্রণ, কর্ত্রণা।

কর্দ্দ, (কর্দ্দতি) কুৎসিতশব্দ ক; পেট্‌ডাকা। কর্দ্দন।

কর্ব্ব, (কর্ব্বতি) গমন ক; অহঙ্কার ক। কর্ব্বণ, কর্ব্বিত। প্রেরণ ক।

কল, (কলতি) শব্দ ক; (কালয়তি) ক্ষেপণ ক; প্রেরণ ক (কলয়তি) গমন ক; গণনা ক। সঙ্কলন, ব্যবকলন।

কল্ল, (কল্লতে) শব্দ ক; অব্যক্তশব্দ ক। কলন, কল্ল, কল্লোল।

কশ, (কশতি-তে) বধ ক; শাসন ক; গমন ক; শব্দ ক। কশন, বিকশন, বিকশিত।

কষ, (কষতি, কষয়তি) বধ ক; আঘাত ক; চেষ্টা ক; পরীক্ষা ক। বিলোড়ন; বিলেখন কষ্ট, কষায়, অভ্রঙ্কষ।

কস, (কসতি) গমন ক; (কনৃস-কংস্তে) গমন ক; আদেশ ক; ধ্বংস ক। বিকসিত,

কাচ, (কাচতে) দীপ্তি পা; বন্ধন ক।

কাল, (কালয়তি) সময়গণনা ক। কাল, কালী, কালিকা।

কাশ, (কাশতে) দীপ্তি পা। প্রকাশ, বিকাশ, সঙ্কাশ, নিকাশ।

কাস, (কাসতে) কুৎসিত শব্দ ক; দীপ্তি পা। কাস, কাসন।

কাঙ্ক-কানৃক্ষ, (কাঙ্ক্ষতি) ইচ্ছা ক। আকাঙ্ক্ষা, আকাঙ্ক্ষিত।

কি, (চিকেতি) জ্ঞাত হ, জানা।

কিট্, (কেটতি) গমন ক; ভীত ক।

কিৎ, (চিকিৎসতি) চিকিৎসা কৃ, রোগোপনয়ন ক; নষ্ট; ভর্ৎসনা ক; সন্দেহ ক; (চিকেতি) জানা; (কেতয়তি) বাস ইচ্ছা ক। চিকিৎসা, বিচিকিৎসা, নিকেতন, কেতু।

কিল, (কিলতি) শুক্লবর্ণ হ; ক্রীড়া ক; (কেলয়তি) ক্ষেপণ ক। কেলি।

কিঙ্ক, (কিঙ্কয়তে) বধ ক। কিঙ্কণ, কিঙ্কু।

কীট, (কীটয়তি) রঞ্জিত ক; বন্ধন ক। কীট, কীটিত।

কীল, (কীলয়তি) বদ্ধ ক। কীলক। খুঁটা।

কু, (কবতে, কৌতি, কুবতে, কুনাতি, কুনীতে) শব্দ ক; আর্ত্তনাদ ক; অব্যক্ত শব্দ ক। কবন, কুবন, কুত।

কুক, (কোকতে) গ্রহণ ক। কোক, কোকন।

কুচ, (কোচতি) উচ্চৈঃশব্দ ক; গমন ক; বিলেখন ক; সম্পৃক্ত হ; বোধ ক; সঙ্কুচিত হ; স্বচ্ছ হ; স্পর্শ ক; কুটিলহ। কুচ, সঙ্কোচ, সঙ্কুচিত।

কুজ, (কোজতি) হরণ ক; (কুঞ্জতি) অব্যক্তশব্দ ক।

কুঞ্চ-কুনৃচ, (কুঞ্চতি) গমন ক; বক্রভাবে গমন ক; কুটিল হ; সংক্ষেপ ক। সঙ্কোচ, সঙ্কুচিত, আকুঞ্চিত।

কুট, (কুটতি) কুটিল হ; বঞ্চনা ক; (কুনৃটকুণ্টতি) বোধ ক, বিহ্বল হ; (কুটয়তে, কোটয়তি) ছেদ ক; তাপিত ক। কুটিল, কুটীর।

কুট্ট, (কুট্টয়তি) ... হ; পোষণ ক।

কুট্ট, (কুট্টয়তি) ছেদ ক; বিভাগ ক; চূর্ণ ক; নিন্দা ক। কুট্টন; কুট্টিত।

কুঠ-কুন্ঠ, (কুণ্ঠয়তি) খোঁড়ান; অলস হ; বিকল হ; (কুণ্ঠয়তি) বেষ্টন ক। কুঠার, কুণ্ঠিত, বৈকুণ্ঠ

কুড, (কুড়তি) চাপল্যপ্রকাশ ক; ভোজন ক; রাশি ক; (কুন্ড-কুণ্ডতি) বিকল হ; অপটু হ; (কুণ্ডতে) দগ্ধ ক; (কুণ্ডয়তি) রক্ষা ক। কুড়ন, কুড়িত, কুণ্ডিত।

কুণ, (কুণতি) শব্দ ক; উপকার ক; (কুণয়তি) বাক্যালাপ ক, পরামর্শ ক। কুণিত।

কুৎ, (কোতভি) আচ্ছাদন ক।

কুৎস, (কুৎসয়তি-তে) নিন্দা ক; লাঞ্ছনা ক। কুৎসা, কুৎসিত

কুথ, (কুথ্যতি) দুর্গন্ধ হ; (কুথ্নাতি) দুঃখিত ক; (কুন্থ-কুন্থতি) বধ ক; আঘাত ক; ক্লেশ দা। কুন্থন।

কুদ, (কোদয়তি) মিথ্যা কহ।

কুদ্র-কুন্দ্র, (কুন্দ্রয়তি) মিথ্যা কহা। কুন্দ্রণ, কুন্দ্রিত।

কুন্থ, (কুথ্নাতি) দুঃখিত হ; লয় ক। কুন্থন, কুথিত।

কুন্স, (কুংসয়তি) দীপ্তি পা। কুংসন, কুংসিত।

কুপ, (কুপ্যতি) কুপিত হ; (কোপয়তি) দীপ্তি পা; (কুন্প-কুম্পতি, কুম্পয়তি) আচ্ছাদন ক; স্মরণ ক। কোপ, কোপন, কুম্পন।

কুব-কুন্ব, (কুম্বতি, কুম্বয়তি) আচ্ছাদন ক। কুম্বন, কুম্বিত।

কুভ-কুন্ভ, (কুম্ভয়তি) আচ্ছাদন ক। কুম্ভ।

কুমার, (কুমারয়তি) চাপল্য প্রকাশ ক। কুমার, কুমারী।

কুমাল, (কুমালয়তি) চাপল্যপ্রকাশ ক।

কুর, (কুরতি) শব্দ ক। কোরণ, কুরিত।

কুর্দ্দ-কুর্দ্দ, (কুর্দ্দতে) ক্রীড়া ক। কুর্দ্দন, কুর্দ্দিত।

কুল, (কোলতি) রাশি ক; বন্ধু হ। কুলীন, আকুল, ব্যাকুল।

কুশ, (কুশ্যতি) [illegible]

(কুন্শ-কুংশতি, কুংশয়তি) দীপ্তি পা।

কুশল, কোশল

কুষ, (কুষ্ণাতি) বহির্গত ক; ওজন ক; স্থির ক; দীপ্তিপা। নিষ্কোষ, কুষিত।

কুস, (কুস্যতি) আলিঙ্গন ক; সংলগ্ন ক; (কুন্স-কুংসতি, কুংসয়তি) দীপ্তিপা। কোসন, কুসিত, কুংসন।

কুস্ম, (কুস্ময়তি) কুহাস্য ক; কুদৃষ্টি ক। কুস্মন।

কুহ, (কুহয়তে) বিস্ময় ক; কুদৃষ্টি ক। কুহক, কুহকী।

কূ, (কুবতে, কুনাতি-নীতি) শব্দ ক; আর্ত্তনাদ ক।

কূজ, (কূজতি) শব্দ ক। কূজন, কূজিত।

কূট, (কূটয়তে) অপ্রদান ক; অপ্রসন্ন হ; (কূটয়তি) যাতনা দা; দগ্ধ ক, আহ্বান ক। কূটন, কূটিত।

কূড়, (কূড়তি) ঘনীভূত ক; ভোজন ক; প্রচরণ ক, কূড়ন।

কূণ-কূন, (কূনয়তি) সঙ্কোচ ক। কূণন।

কূপ, (কূপয়তি) দুর্ব্বল হ।

কূর্দ্দ, (কূর্দ্দতে) ক্রীড়া ক। কূর্দ্দন, কূর্দ্দিত।

কূল, (কূলতি) আচ্ছাদন ক। অনুকূল, প্রতিকূল।

কৃ, (কৃণোতি-ণুতে) বধ ক; (করোতি, কুরুতে) করা। কৃতি, অধিকার, কর্ম্ম, ক্রিয়া, করণ, কর্ত্তা ইত্যাদি।

কৃড, (কৃড়তি) স্থূল হ; ভক্ষণ ক।

কৃৎ, (কৃণতি) বেষ্টন ক; (কৃন্ততি) ছেদ ক, কর্ত্তন, কৃত্তি।

